Barcode - 4990010216477
Title - Bengal Legislative Assembly Proceedings (1972) vol.52, pt.2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1460
Publication Year - 1972
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 216477

Vol. 52—No. 2

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Fifty-second Session

( March-May, 1972 )

*(From 24th March, 1972 to 5th May, 1972)*

( The 30th March, 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 11th, 12th, 24th, 25th, 26th, 28th, 29th April, 2nd, 3rd, 4th and 5th May, 1972. )

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Vol. 52—No. 2

WEST BENGAL LEGISLATURE LIBRARY
No 21
328.B2/355A

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Fifty-second Session

( March-May, 1972 )

*(From 24th March, 1972 to 5th May, 1972)*

( The 30th March, 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 11th, 12th, 24th, 25th, 26th, 28th, 29th April, 2nd, 3rd, 4th and 5th May, 1972. )

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Superintendent, Government Printing
West Bengal, Alipore. Calcutta-27

# Government of West Bengal

**Governor**

**SHRI ANTHONY LANCELOT DIAS**

**Members of the Council of Ministers**

Shri Siddhartha Sankar Ray, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Transport, Jails, Tourism and Perliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Abdus Sattar, Minister-in-charge of Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Dr. Zainal Abedin, Minister-in-charge of Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

Shri Mrityunjoy Banerjee, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Department of Power.

Shri Tarun Kanti Ghosh, Minister-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Sankar Ghose, Minister-in-charge of Finance Department and Department of Excise.

Shri Gurupada Khan, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

Shri Sitaram Mahato, Minister-in-charge of Department of Forests and Department of Animal Husbandry and Veterinary Services (excluding Dairy Development Branch).

Shri Kashi Kanta Maitra, Minister-in-charge of Department of Food and Supplies and Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services.

Shri Arun Moitra, Minister-in-charge of Department of Co-operation and Department of Fisheries.

Dr. Gopal Das Nag, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Gyan Singh Sohanpal, Minister-in-charge of Transport, Jails an Parliamentary Affairs Branches of Home Department.

Shri Ajit Kumar Panja, Minister-in-charge of Department of Healt (excluding Rural Water Supply Branch).

Shri Santosh Kumar Roy, Minister-in-charge of Department of Relie and Welfare (including the Department of Refugee Relief an Rehabilitation and the Department of Scheduled Castes and Tribe Welfare).

Shri Bholanath Sen, Minister-in-charge of Public Works Departmen and Housing Department.

## Ministers of State

Shri Pradip Bhattacharyya, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Ananda Mohan Biswas, Minister of State for Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Shri Prafullakanti Ghosh, Minister of State-in-charge of Department of Municipal Services, Department of Panchayats and Sports Branch of Department of Education.

Dr. Md. Fazle Haque, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Denis Lakra, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Subrata Mukhopadhyay, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Gobinda Chandra Naskar, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri Ramkrishna Saraogi, Minister of State for Public Works Department and Housing Department.

Shri Atish Chandra Sinha, Minister of State for Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

## Deputy Ministers

Shrimati Amala Saren, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Gajendra Gurung, Deputy Minister for Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Suniti Chattaraj, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| *Speaker* | ... Shri Apurba Lal Majumdar. |
| *Deputy Speaker* | ... Shri Haridas Mitra. |

SECRETARIAT

| | |
|---|---|
| *Secretary* | ... Shri K. K. Moitra, M.A. (Cal.), LL.B. (London), Barrister-at-Law. |
| *Deputy Secretary* | ... Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law. |
| *Deputy Secretary* | .. Shri Dhruba Narayan Banerejee, B.A., (Hons.), LL.B. |
| *Deputy Secretary* | ... Shri Debavrata Chakravarthy, B.A. |
| *Assistant Secretary* | ... Shri Nayan Gopal Chowdhury, B.A |
| *Assistant Secretary* | ... Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| *Assistant Secretary* | ... Shri Asadur Rahman. |
| *Assistant Secretary* | ... Shri Sailendra Nath Patra. |
| *Editor of Debates* | ... Shri Amiya Kumar Dutta. |
| *Chief Reporter* | ... Shri S. K. Chatterjee, B.Com. |
| *Private Secretary to the Speaker* | Shri Panchu Gopal Chatterjee. |
| *Personal Assistant to the Secretary* | Shri Shyamal Kumar Banerjee. |
| *Section Officers* | ... Shri Asim Kumar Adhya. |
| | Shri Ganesh Chandra Das. |
| | Shri Prasantakumar Maulik, B.Sc., LL.B. |
| *English Reporters* | ... Shri Himadri Bhusan Chatterjee, B.Com. |
| | Shri Prithwish Chandra Sen Gupta. |
| | Shri Jawhar Lal Dutt, B.Com. |
| | Shri Sailendra Mohan Chakrabarti. |
| | Shrimati Subrata Sen Gupta. |

| | | |
|---|---|---|
| *English Reporters* | ... | Shri Shyamal Kumar Banerjee. |
| | | Shri Parimal Kanti Ghosh. |
| | | Shri Pulak Chandra Banerjee, B.A. |
| *Bengali Reporters* | ... | Shri Arindam Ghosh. |
| | | Shri Bimal Kanti Bera. |
| | | Shri Prafulla Kumar Ganguli, B.Com. |
| | | Shri Prabhat Chandra Bhattacharyya, B.A. |
| | | Shri Abney Golam Akbar, B.A. |
| | | Shri Manas Ranjan Das, B.Com. |
| | | Shri Jagadish Chandra Biswas, B.A. |
| | | Shri Swadhin Chatterjee. |
| | | Shri Ranjit Kumar Basu, M.A., LL.B. |
| | | Shri Tarak Nath Chatterjee. |
| | | Shri Dhirendra Nath Bera. |
| *Hindi Reporter* | ... | Shri Ram Naresh Tripathi. |
| *Caretaker* | ... | Shri Gopal Chandra Ghatak. |

**West Bengal Legislative Assembly**

**Alphabetical List of Members**

A

(1) Abdul Bari Biswas, Shri (54-Jalangi—Murshidabad)
(2) Abdur Rauf Ansari, Shri (144-Taltala--Calcutta)
(3) Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24-Parganas)
(4) Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)
(5) Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)
(6) Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)
(7) Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri (44-Suzapur—Malda)
(8) Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)
(9) Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)
(10) Anwar Ali, Shri Sk. (158-Panchla—Howrah)

B

(11) Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (SC)—24-Parganas]
(12) Bandopadhayay, Shri Shib Sankar (66-Kaliganj—Nadia)
(13) Bandyopadhyay, Shri Ajit Kumar (252-Faridpur—Burdwan)
(14) Bandyopadhyay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)
(15) Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)
(16) Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)
(17) Banerjee, Shri Ramdas (245-Kulti--Burdwan)
(18) Bapuly, Shri Satya Ranjan (115-Patharprotima—24-Parganas)
(19) Bar, Shri Ram Krishna [108-Bishnupur East (SC)—24-Parganas]
(20) Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)
(21) Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapore)
(22) Basu, Shri Chittaranjan (174-Haripal—Hooghly)
(23) Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)
(24) Bauri, Shri Durgadas [228-Raghunathpur (SC)—Purulia]
(25) Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapore)
(26) Bera, Shri Sudhir (187-Daspur—Midnapore)
(27) Besra, Shri Manik Lal [232-Raipur (ST)—Bankura]

(28) Besterwitch, Shri A.H. [13-Madarihat (ST)—Jalpaiguri]
(29) Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)
(30) Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]
(31) Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashokenagar—24-Parganas)
(32) Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)
(33) Bhattacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)
(34) Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)
(35) Bhattacharya, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)
(36) Bhattacharyya, Shri Harasankar (270-Bolpur—Birbhum)
(37) Bhattacharyya, Shri Pradip (257-Burdwan South—Burdwan)
(38) Bhowmik, Shri Kanai (190-Moyna—Midnapore)
(39) Bijali, Dr. Bhupen (105-Maheshtola—24-Parganas)
(40) Biswas, Shri Ananda Mohan [72-Hanskhali (SC)—Nadia]
(41) Biswas, Shri Kartic Chandra (65-Tehatta—Nadia)

### C

(42) Chaki, Shri Naresh Chandra (74-Ranaghat West—Nadia)
(43) Chakrabarti, Shri Biswanath (103-Behala West—24-Parganas)
(44) Chakravarty, Shri Gautam (39-Harishchandrapur—Malda)
(45) Chakravarty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)
(46) Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)
(47) Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24-Parganas)
(48) Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan) —
(49) Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)
(50) Chattaraj, Shri Suniti (274-Suri—Birbhum)
(51) Chattopadhyay, Dr. Sailendra (178-Pandua—Hooghly)
(52) Chattopadhyay, Shri Santasri (169-Uttarpara—Hooghly)
(53) Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)
(54) Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)

### D

(55) Das, Shri Barid Baran (129-Shyampukur—Calcutta)
(56) Das, Shri Bijoy (204-Pingla—Midnapore)
(57) Das, Shri Bimal (42-English Bazar—Malda)

(58) Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)
(59) Das, Shri Rajani [3-Cooch Behar West (SC)—Cooch Behar]
(60) Das, Shri Sarat [227-Para (SC)—Purulia]
(61) Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)
(62) Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South—Howrah)
(63) Das Mohapatra, Shri Kamakhyanandan (198-Contai North—Midnapore)
(64) Daulat Ali, Shri Sheikh (110-Diamond Harbour—24-Parganas)
(65) De, Shri Asamanja (73-Santipur—Nadia)
(66) Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)
(67) Dey, Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)
(68) Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)
(69) Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapore]
(70) Dolui, Shri Hari Sadhan [186-Ghatal (SC)—Midnapore]
(71) Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (SC)—Midnapore]
(72) Dutt, Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)
(73) Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)
(74) Dutta, Shri Hemanta (200-Ramnagar—Midnapore)

E

(75) Ekramul Haque Biswas, Dr. (55-Domkal—Murshidabad)

F

(76) Fazle Haque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)
(77) Fulmali, Shri Lalchand [276-Mayureswar (SC)—Birbhum]

G

(78) Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24-Parganas)
(79) Gayen, Shri Lalit Mohan [98-Baruipur (SC)—24-Parganas]
(80) Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)
(81) Ghosal, Shri Satya (185-Chandrakona—Midnapore)
(82) Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)
(83) Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)
(84) Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)

(85) Ghosh, Shri Prafullakanti (128-Cossipur—Calcutta)
(86) Ghosh, Shri Prosun Kumar (97-Joynagar—24-Parganas)
(87) Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)
(88) Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)
(89) Ghosh, Shri Tarun Kanti (85-Habra—24-Parganas)
(90) Ghosh Maulik, Shri Sunil Mohan (62-Barwan—Murshidabad)
(91) Gofurur Rahaman, Shri Md. (41-Malda—Malda)
(92) Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)
(93) Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)
(94) Goswami, Sambhu Narayan (239-Onda—Bankura)
(95) Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)
(96) Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)
(97) Gyan Singh Sohanpal, Shri (211-Kharagpur—Midnapur)

## H

(98) Habibur Rahaman, Shri (48-Jangipur—Murshidabad)
(99) Hajra, Shri Basudeb [182-Khanakul (SC)—Hooghly]
(100) Halder, Shri Birendra Nath [114-Mathurapur (SC)—24-Parganas]
(101) Halder, Shri Harendra Nath [61-Khargram (SC)—Murshidabad]
(102) Halder, Shri Kansari [99-Sonarpur (SC)—24-Parganas]
(103) Halder, Shri Manoranjan [111-Magrahat East (SC)—24-Parganas]
(104) Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)
(105) Hazra, Shri Haran [159-Sankrail (SC)—Howrah]
(106) Hembram, Shri Shital Chandra [220-Banduan (ST)—Purulia]
(107) Hembrom, Shri Benjamin [37-Gajol (ST)—Malda]
(108) Hembrom, Shri Patrash [35-Tapan (ST)—West Dinajpur]
(109) Hemram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)

## I

(110) Isore, Shri Sisir Kumar [8-Tufanjunj (SC)—Cooch Behar]

## J

(111) Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapur)
(112) Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)

## K

(113) Kar, Shri Sunil (Cooch Behar North—Cooch Behar)
(114) Karan, Shri Rabindra Nath [193-Sutahata (SC)—Midnapur]
(115) Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur—Howrah)
(116) Khan, Shri Gurupada [243-Sonamukhi (SC)—Bankura]
(117) Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)
(118) Khan Samsul Alam, Shri (201-Egra—Midnapur)
(119) Kolay, Shri Akshay Kumar (241-Katulpur—Bankura)

## L

(120) Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)
(121) Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]
(122) Lohar, Shri Gour Chandra [234-Indpur (SC)—Bankura]

## M

(123) M. Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)
(124) Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)
(125) Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapur)
(126) Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapur)
(127) Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)
(128) Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapur)
(129) Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)
(130) Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)
(131) Mahato, Shri Satadal (230-Hura—Purulia)
(132) Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)
(133) Maiti, Shri Braja Kishore (213-Narayangarh—Midnapur)
(134) Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)
(135) Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapur)
(136) Majhi, Shri Rup Sing [222-Balarampur (ST)—Purulia]
(137) Maji, Shri Saktipada [236-Gangajalghati (SC)—Bankura]
(138) Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]
(139) Majumdar, Shri Bhupati (175-Chinsurah—Hooghly)
(140) Majumdar, Shri Indrajit (102-Behala East—24-Parganas)
(141) Mal, Shri Dhanapati [278-Hassan (SC)—Birbhum]

(142) Malik, Shri Sridhar [253-Ausgram (SC)—Burdwan]
(143) Malla Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapore)
(144) Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)
(145) Mandal, Shri Jokhi Lal (43-Manikchak—Malda)
(146) Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (SC)—Murshidabad]
(147) Mandal, Shri Prabhakar [268-Ketugram (SC)—Burdwan]
(148) Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Parganas)
(149) Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)
(150) Md. Safiullah, Shri (168-Chanditala—Hooghly)
(151) Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)
(152) Medda, Shri Madan Mohan [184-Goghat (SC)—Hooghly]
(153) Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)
(154) Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas)
(155) Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)
(156) Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)
(157) Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)
(158) Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)
(159) Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)
(160) Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)
(161) Mohammad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)
(162) Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (SC)—Jalpaiguri]
(163) Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)
(164) Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)
(165) Molla Tasmatulla, Shri (89-Hasnabad—24-Parganas)
(166) Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)
(167) Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (SC)—Burdwan]
(168) Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (SC)—24-Parganas]
(169) Mondal, Shri Gopal [250-Ukhra (SC)—Burdwan]
(170) Mondal, Shri Raj Kumar [160-Uluberia North (SC)—Howrah]
(171) Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (SC)—24-Parganas]
(172) Mondol, Shri Khagendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]
(173) Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)
(174) Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)
(175) Mukhapadhya, Shri Tarapado (119-Naihati—24-Parganas)
(176) Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)
(177) Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)
(178) Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)

(179) Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)
(180) Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)
(181) Mukherjee, Shri Mrigendra (155-Shibpur—Howrah)
(182) Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)
(183) Mukherjee, Shri Shankar Lal (152-Howrah North—Howrah)
(184) Mukherjee, Shri Sibdas (70-Krishnagar West—Nadia)
(185) Mukherjee, Shri Subrata (266-Katwa—Burdwan)
(186) Mukherji, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)
(187) Mukhopadhaya, Shri Subrata (141-Ballygunge—Calcutta)
(188) Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)
(189) Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)
(190) Mundle, Shri Sudhendu (112-Magrahat West—24-Parganas)
(191) Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (ST)—Malda]

N

(192) Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)
(193) Nahar, Shri Bijoy Singh (133-Bowbazar—Calcutta)
(194) Naskar, Shri Arabinda [96-Kultali (SC)—24-Parganas]
(195) Naskar, Shri Gobinda Chandra [95-Canning (SC)—24-Parganas]
(196) Nasker, Shri Ardhendu Sekher [142-Beliaghata South (SC)-Calcutta]
(197) Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)
(198) Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)

O

(199) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta
(200) Omar Ali, Dr. (188-Panskura West—Midnapore)
(201) Oraon, Shri Prem [15-Nagrakata (ST)—Jalpaiguri]

P

(202) Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapore]
(203) Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)
(204) Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)
(205) Pania, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)

(206) Parui, Shri Mohini Mohon (109-Falta—24-Parganas)
(207) Patra, Shri Kashinath [179-Dhaniakhali (SC)—Hooghly]
(208) Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)
(209) Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)
(210) Poddar, Shri Deokinandan (131-Jorasanko—Calcutta)
(211) Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]
(212) Pramanik, Shri Monoranjan [258-Khandaghosh (SC)—Burdwan]
(213) Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]

Q

(214) Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)

R

(215) Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)
(216) Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)
(217) Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (SC)—West Dinajpur]
(218) Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum)
(219) Roy, Shri Aswini Kumar (255-Galsi—Burdwan)
(220) Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (SC)—Cooch Behar]
(221) Roy, Shri Bireswar (34-Balurghat -West Dinajpur)
(222) Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
(223) Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)
(224) Roy, Shri Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
(225) Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]
(226) Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)
(227) Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (SC)—Cooch Behar]
(228) Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (SC)—Jalpaiguri]
(229) Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)
(230) Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
(231) Roy, Shri Saroj (208-Garbeta West—Midnapur)
(232) Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)
(233) Roy Barman, Shri Khitibhusan (106-Budge Budge—24-Parganas)

S

(234) Saha, Shri Dulal [269-Nanur (SC)—Birbhum]

(235) Saha, Dwija Pada [273-Rajnagar (SC)—Birbhum]
(236) Saha, Shri Radha Raman (69-Nabadwip—Nadia)
(237) Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapur)
(238) Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)
(239) Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapur)
(240) Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)
(241) Santra, Shri Sanatan [242-Indas (SC)—Bankura]
(242) Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)
(243) Saren, Shrimati Amala [233-Ranibandh (ST)—Midnapur]
(244) Saren, Shri Dasarathi [216-Nayagram (ST)—Midnapur]
(245) Sarkar, Shri Biren [177-Balagarh (SC)—Hooghly]
(246) Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)
(247) Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)
(248) Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (SC)—Nadia]
(249) Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]
(250) Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)
(251) Sautya, Shri Basudeb (116-Kakwip—24-Parganas)
(252) Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)
(253) Sen, Shri Bholanath (254-Bhatar—Burdwan)
(254) Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)
(255) Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)
(256) Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)
(257) Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)
(258) Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)
(259) Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)
(260) Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
(261) Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)
(262) Singh, Shri Chhedi Lal (104-Garden Reach—24-Parganas)
(263) Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)
(264) Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)
(265) Singhababu, Shri Phani Bhushan (231-Taldangra—Bankura)
(266) Singh Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)
(267) Sinha, Shri Atish Chandra (60-Kandi—Murshidabad)
(268) Sinha, Shri Debendra Nath [92-Sandesh Khali (ST)—24-Parganas]
(269) Sinha, Shri Niren Chandra (40-Ratau—Malda)
(270) Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)
(271) Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)

(272) Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)

(273) Soren, Shri Jairam [219-Binpur (ST)—Midnapore]

(274) Sur, Shri Ganapati (150-Belgachia—Calcutta)

## T

(275) Ta, Shri Kashinath (256-Burdwan North—Burdwan)

(276) Talukder, Shri Rathin (137-Kalighat—Calcutta)

(277) Tewary, Shri Sudhangshu Sekhar (237-Barjora—Bankura)

(278) Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (ST)—Darjeeling]

(279) Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]

(280) Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapore]

## W

(281) Wilson-de Rozes, Shri George Albert (281-Nominated)

# Proceedings of the West Bengal Legislative Assembly assemble( under the provisions of the Constitutions of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 30t March, 1972, at 2 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 15 Ministers, Minister, who is not a Member of the Assembly, 9 Ministers of State, 3 Deput Ministers and 211 Members.

[ 2-00 to 2-10 p.m. ]

OATH OR AFFIRMATION

**Mr. Speaker :** Honourable members, if any one of you has not mad an oath or affirmation of allegiance, he may kindly do so.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : The Minister-in-charge of the Home (Police) Departmen will please make a statement on the subject of disturbance in the Tollygung Bagha Jatin Colony by anti-social elements—attention called by Shri Panka Kumar Banerjee on the 27th March, 1972.

**Shri Sidhartha Sankar Ray** : Mr. Speaker, Sir, with reference to th Calling Attention Notice given by Shri Pankaj Kumar Banerjee on the 27t March, 1972, regarding anti-social elements of the locality, Tollygunge-Bagh Jatin Colony, disturbing local peace, may I make the following statement :

On the morning of 24th March, 1972, there were reports of inter-part clashes in Bagha Jatin, Ramgarh, Vidyasagar Colony, Military Road, Naktal and adjacent places under Jadavpur police-station. Complaints were receive from Shri Prasanta Sur, Shri Dinesh Majumdar, M.L.A., and other local leader of the CPM about the aggressive movements of Congress workers. Thes complaints were promptly attended to and most of them were found to b either false or exaggerated. At about 11 a.m. a report was received from Sh Dinesh Majumdar, a CPM M.L.A , that a young supporter of the CPM had bee killed by a group of rowdies. Shri Pankaj Banerjee, a Congress M.L.A., howeve claemed that he was actually one of his polling agents and a Congress worke Ani immediate search was instituted and it was learnt that the body of Asi alias Kabi Ghosh had been thrown after murder into a pond near Ishwa Pathsala in Vidyasagar Colony. The assistance of the Fire Brigade wa requisitioned and with the help of the Fire Brigade the body of Shri Asit Ghosl was recovered from the tank at about 3 p.m.

After the elections, workers of the Congress Party, who had left CPM dominated areas like Bagha Jatin, Netaji Nagar, Pallisree, etc., have beer trying to return to their houses. Almost everywhere this is being resisted by the workers of the CPM. This has resulted in quite a few clashes. The displaced persons have, however, been assured that everything possible would

be done to facilitate their return home and to ensure the safety and securi of their stay there. A number of pickets have been posted at all strateg places with this end in view. A large number of families have also returne The process is however being complicated by the activities of a group rowdies. The Officer-in-charge of Jadavpur police-station has beed directe to take strong action aginst the rowdies who are trying to interfere with tl legitimate right of people to go back to their hearth and home or a committing excesses.

**Mr. Speaker** : The Minister-in-charge of the Home (Police) Departme will please make a statement on the subject of reported firing by the R.P. on 27th March, 1972, near Khirai Station—attention called by Shrimati Gee Mukhopadhyay and Shri Rajani Kanta Dolui on the 28th March, 1972.

**Shri Siddhartha Shankar Ray** : Mr. Speaker, Sir, in response to the notic served by Sm. Geeta Mukhopadhyay, Dr. Sk. Omar Ali and Shri Raja Kanta Dolui, honourable members of this House, calling my attention a matter of urgent public importance, viz., the incidents at Khirai Halt o the 27th March, 1972.

I beg to make the following statement :

On 27th March,1972 around noon, three "Rakshaks" of the Railway Protectio Force (Armed Wing) were resting inside a waiting shed near Khirai Passeng Halt. A few gangmen of the Railways were taking their meals and talkin among themselves in a place adjacent to the waiting shed. The "Rakshaks asked the gangmen not to disturb them while they were resting. Over th there was a quarrel between the gangmen and the "Rakshaks". In the scuff that ensued two gangmen sustained injuries. The gangmen put a red bann across the railway line and got the 45 UP train stopped at Khirai. Th injured men were put on the train and taken to the Kharagpur Railwa Hospital for treatment.

After departure of the train carrying the injured persons the gangmen wh mostly belonged to the neighbouring villages collected some men and proteste against the action of the R.P.F. At about 3 p.m. gangmen and members the public numbering about 200 started throwing stones at the R.P.F.staf Following the assault on them the R.P.F. staff opened fire as a result of whic two gangmen and a student of the Banamali Naskar College, Panskura, we killed. Seven persons were also injured by bullets. The injured persons we taken to the Government Hospital at Tamluk for treatment.

Immediately on getting information of the incident officials of the R.P. rushed to the spot. A Magistrate from Tamluk accompanied by the S.D.P.O Tamluk, and Additional Superintendent of Police, Midnapur, also arrive on the spot.

In the meantime, hearing about the use of fire arms by the R.P.F., loc villagers, gangmen and students came to Khirai in large numbers and detaine UP and DOWN trains by squatting on the track. After persuasion by th officials present obstructions on the track were removed and trains starte the plying at 7-10 p.m. A case under sections 353/332/307/337/302/34 of th Indian Penal Code was started over the incident by Kharagpur G.R.P.S. o the same day. The three "Rakshaks" were arrested and brought to Panskur P.S. Their rifles and ammunitions were also seized. The "Rakshaks" hav also been placed under suspension.

**Mr. Speaker** : I have received nine notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Irregularity in the selection of Bengal Hocky Team—from Shri Prafulla Maity.

(2) Insufficient Test Relief work in the flood-affected areas of Malda district—from Shri Jokhilal Mondal.

(3) Sanction of insufficient agricultural loan in P.S. Manikchak, district Malda—from Shri Jokhilal Mondal.

I will request the honourable members to table only one Calling Attention notice henceforth because it is not permissible to give more than one notice.

(4) Inadequate supply of irrigation water in Ghatal and Daspur of Midnapore district—from Shri Sudhir Bera.

(5) Cease work of employees in different Petrol and Diesel pumps—from Shri Kashinath Misra.

(6) Scarcity of electricity in Calcutta and outlying industrial areas—from Shri Somnath Lahiri.

(7) Closure of Krishna Glass Factory in 24-Parganas—from Shri Lalit Gayen.

(8) Rise in price of rice at Pathar Pratima, 24-Parganas, due to restriction of movement of rice—from Shri Satya Ranjan Bapuli.

(9) Amount of compensation to be paid to the land owners for excavation of Magrahat Canal—from Shri Lalit Gayen.

I have selected the notice of Shri Somnath Lahiri on the subject of scarcity of electricity in Calcutta and outlying industrial areas. Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal :** Statement will be made on the 3rd April,1972.

2-10—2-20 p.m. ]

**Mr. Speaker** : I will inform the honourable members that at the first session of each year it is usual to announce the names of members of certain committees nominated by the Chair. These are the Business Advisory Committee, the Rules Committee, the Privilege Committee, the Government Assurance Committee, and the Petition Committee. I have already announced the names of the honourable members on the panel of Chairmen. I propose to do so in a day or two in respect of other committees. There are two committees, viz., Public Accounts Committee and the Committee on the Estimates—members of which are elected by the House. The House will accordingly proceed to elect the members on the Public Accounts Committee in the manner laid down in rule 302. The House will also proceed to elect the members of the Committee on the Estimates in the manner laid down in rule 303 B. The detailed programme in regard to these Committees is being circulated to the members.

Now we pass over to the next item.

## MENTION CASES

**শ্রীঅজিত গাঙ্গুলী ঃ** অধ্যক্ষ মহাশয়, খুচরার অভাবে মানুষের যে কি দুর্ভোগ হয়েছে, বিশেষ করে চলাফেরা করার যে কি অসুবিধা হচ্ছে এবং এই দুর্ভোগ মাননীয় সদস্যরাও ভুগছেন।

আপনি লক্ষ্য করেছেন ট্রামে বাসে কোন জায়গায় খুচরা পাওয়া যায় না, টাকা ভাঙ্গাতে গেলে অপমানিত হতে হয়। এর প্রতিকার কি করা যায়। অন্তত সরকারের যে সব যানবাহন আছে— আমরা অতীতেও দেখেছি যে ট্রামে কুপন দেওয়া হত, টাকা দিয়ে কুপন কিনতে হতো। এই জিনি ষ্টেট বাসেও করা যায় এবং গভর্ণমেণ্ট কনসার্ণ যে সমস্ত আছে তাতেও চালু করা যায়। কো জিনিস খুচরা অভাবে কেনা যায় না। বিশেষ করে ওষুধ, যা নাকি মানুষের জীবন-মরণ সমস্যা ওষুধের দাম দেওয়া যায়না খুচরা অভাবে। দোকানদার বলে যে, হয় খুচরা দিয়ে নিয়ে যান না হয় রেখে যান। সেইজন্য আমি সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি বিশেষ করে সরকারি প্রতিষ্ঠানগুলিতে এবং অন্যান্য যে সমস্ত জায়গায় সম্ভব এই কুপন সিষ্টেম চালু করা প্রয়োজন ত না হলে মানুষেরা সাংঘাতিক অসুবিধায় পড়বে। এর একটা সুরাহা না করলে অনতিবিলম্বে একটা সামাজিক বিপ্লব দেখা যাবে।

**শ্রীগণেশ হাতুই:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলায় ব্যাপকভাবে বোরো এবং আই আর. এ. ধানের চাষ হয়েছে কিন্তু সেচ বিভাগের অনিয়মিত জল সরবরাহ করার ফলে ধানে প্রভূত ক্ষতি হচ্ছে। তাছাড়া সেচ বিভাগের এস.ডি.ও. এবং সেকশন্যাল অফিসার জানিয়ে দিয়েছে যে ৩১শে মার্চের পর আর জল দেওয়া হবে না। সেইজন্য আমি জানাচ্ছি যে ৩০শে এপ্রি পর্যন্ত যাতে জল সরবরাহ করা হয় তার জন্য আমি এই দিকে সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

## দৃষ্টি আকর্ষণী প্রস্তাব।

**ডঃ শেখ ওমর আলি:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা প্রয়োজনীয় বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯৭১ সালে যে বিধ্বংসী বন্যা হয়েছিল, তাতে ১৩টি জেলা ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং যে জেলাগুলি সব চেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছিল তার মধ্যে মেদিনীপুর জেলার নাম আছে। এই মেদিনীপুর জেলায় একটা বিরাট অংশে বন্যার জলে চাপের ফলে প্রচণ্ড শস্যহানি হয়েছিল। তমলুক মহকুমার উত্তরাংশে পাঁশকুড়া থানা এবং ময়ন থানায় গত ৪।৫ বছর ধরে পর পর ফসল হানি হয়েছে বন্যা এবং জলের চাপের দরুন। এর ফলে এই এলাকার মানুষের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে গেছে। বেশীর ভাগ মানুষই তাদের যা বিক্রী করার ছিল আগেই বিক্রী করে দিয়েছে এবং এখন তাদের সামান্য যে জমিজম আছে তা বিক্রী করতে চাইলেও তার জন্য খদ্দের পাওয়া যাচ্ছেনা। সেখানে এখন এই রক একটা দুর্বিষহ অবস্থা চলেছে। এই অবস্থায় সরকারের ঋণ পরিশোধ করার জন্য তাদের উপর চাপ দেওয়া হচ্ছে এবং যারা সরকারী কর্তৃপক্ষের কাছে আবেদন করেছে সময় দেবার জন্য তাদের সেই সময় দেওয়া হচ্ছে না। তারা বলেছে যে এই বোরো ধান চাষ হচ্ছে, ধান উঠলে পর শোধ দেব কিন্তু তাদের সময় দেওয়া হচ্ছে না। অনেক ক্ষেত্রে সার্টিফিকেট জারী করার কথা বলা হচ্ছে এবং কিছু কিছু জায়গায় নীলামী ইস্তাহারও জারী করা হয়েছে। সব চেয়ে মজার কথা এই যে সরকার ঘোষণা করেছিলেন যে গ্রুপ লোন মুকুব করে দেওয়া প্রয়োজন। অথচ দেখা যাচ্ছে এই গ্রুপ লোন আদায়ের জন্য নোটিশ যাচ্ছে। এই রকম অবস্থায় আপনার মাধ্যমে এই কথা বলছি যে প্রয়োজন হলে ঋণ আদায় স্থগিত করা হোক্ এবং সম্ভব হলে বিশেষ বিশেষ ক্ষেত্রে ঋণ মুকুবের ব্যবস্থা করা হোক।

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** স্যার, আমি আজকে কোন কিছু মেন্‌শন করব না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আসানসোল সহরের পানীয় জলের সমস্যার প্রতি আপনার এবং মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি

ই আসানসোল শহর এবং তার পার্শ্ববর্তী অঞ্চলকে ভারতবর্ষের রুঢ় অঞ্চল বলে বলা হয়। কিন্তু :খের বিষয় গ্রীষ্ম পড়ার সংগে সংগেই আসানসোল শহরে ব্যাপক জল সংকট দেখা দিয়েছে, রম পড়তে না পড়তেই আসানসোল শহরে এমন অবস্থা হয়েছে যে সেখানে একবেলা জল পায় তো ার এক বেলা জল পায় না। সেখানে মহীশীলা কলোনী অঞ্চলে প্রায় ১৫।২০ হাজার লোক বাস রে। সেখানে জল সরবরাহের ব্যবস্থা নাই। ইতিমধ্যেই ইঁদারাগুলি শুকিয়ে যাচ্ছে। াসানসোলে এই জল সংকট, পানীয় জলের সমস্যা বিগত ২৫ বছর ধরে চলেছে, কোন সুরাহা য়নি। আসানসোলে পানীয় জলের সমস্যার দরুন কলেরা ও তার আনুষংগিক রোগ সেখানে খো দিয়েছে। এই রোগগুলি আসানসোলের বাৎসরিক অলংকার স্বরূপ বলে প্রতিভাত। াসানসোল এবং তার পার্শ্ববর্তী গ্রামাঞ্চলের সমস্ত ইঁদারা শুকিয়ে যাচ্ছে নীচে কয়লা খনি থাকার ন্য। এই পানীয় জল অত্যন্ত আবশ্যক জিনিষ, এই পানীয় জল বিনা এক পাও আমরা চলতে ারি না। এই পানীয় জলের সমস্যার অবিলম্বে প্রতিকারের জন্য আমি সরকারকে অনুরোধ ানাচ্ছি। বিশেষতঃ আসানসোল শহর সারা ভারতবর্ষের মধ্যে একটা প্রধান সহর, এখানে প্রায় লক্ষ ১৫ হাজার লোক বাস করে। এই শহর এবং তার পার্শ্ববর্তী গ্রামাঞ্চলে যে পানীয় জলের ংকট দেখা দিয়েছে, তা মোচনের জন্য, এই সমস্যার সমাধানের জন্য আমি সরকারের নিকট নুরোধ জানাচ্ছি।

2-20—2-30 p.m. ]

**শ্রীমতী গীতা মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতা শহরের কোন না কোন ঞ্চলে প্রায়ই দেখছি বিদ্যুৎ সরবরাহ খোঁড়া হয়েছে। এর ফলে কলকারখানা চলতে চলতে বন্ধ য় যাচ্ছে, মেয়েরা রান্না করতে করতে হঠাৎ উপরের আলো নিভে যাওয়ায় নীচের আগুনে ত পোড়াচ্ছেন, বিদ্যুতে রান্না করেন যে সমস্ত ব্যাচিলাররা তাঁরা হতভম্ব, বাচ্চারা হঠাৎ কেঁদে ঠলে পিসি ভাইপোকে মারতে গিয়ে দাদাকে মারছেন। তারপর যখন আলো জ্বলছে তখন মন আলো যে চোখ খারাপ হবার দাখিল। এখন কথা হোল যে ব্যাপারটা কি? না, লোড ড। কেন লোড সেড? কি হচ্ছে? না, যথেষ্ট বিদ্যুতের সরবরাহ পাওয়া যাচ্ছে না। কালকাতা এবং তার যে বৃহত্তর এলাকা যেখানে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন রবরাহ দেন তার মোটামুটি প্রয়োজন ৫৪০ মেগা ওয়াট থেকে ৫৫০ মেগা ওয়াট। এর ধ্যে ডি. ভি. সি-র দেবার কথা ১০০ মেগা ওয়াট এবং ওয়েষ্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বার্ডের দেবার কথা ১৬০ মেগা ওয়াট। আর বাকিটা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই র্পোরেশনের করবার কথা। ডি. ভি. সি. এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কীর্তি লাপ এক কাণ্ডে হবে না সপ্তকাণ্ড লাগবে—তাই আপাততঃ সেটা মুলতুবী রাখলাম। কিন্তু াহলেও কম পড়ছে কত—না, ২৫।৩০ মেগা ওয়াটের বেশী নয়। এখন কথা হল যারা আমাদের াত্যক্ষ বিদ্যুৎ সরবরাহ করেন সেই ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন এই ২৫ থেকে ০ মেগা ওয়াটের যে উৎপাদন সেটা মেটাতে পারে কি না? তাদের ৪টি জেনারেটিং ষ্টেসনে নস্টলড ক্যাপাসিটি হচ্ছে ৪৫০ মেগা ওয়াট। তারা বর্তমানে উৎপাদন করছে ২৮০ মেগা ওয়াট। থেচ ১৯৬৭ সালে তারা কিন্তু উৎপাদন করত ৩৭০ মেগা ওয়াট। তাহলে দেখা যাচ্ছে ১৯৬৭ াল থেকে ১৯৭০ সাল এই কয়েক বছরের মধ্যে তারা তাদের উৎপাদন ৩৭০ মেগা ওয়াট থেকে ৮০ মেগা ওয়াটে নামিয়েছেন। এটা স্বাভাবিক জিনিস নয়। আমি লেম্যান, আমি তেমন কিছু বুঝি না, তবে শুনেছি তাদের যে ৪টি জেনারেটিং ষ্টেসন আছে সেখানে যদি তাঁরা াদের বয়লারগুলো মেনটেন করতেন তাহলে তাঁদের উৎপাদন এত কমত না। আর ৫০ মেগা য়াটও যদি কম হোত ডি, ভি, সি, এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কল্যাণে াতাহলেও তাঁরা মেকআপ করতে পারতেন। কিন্তু চোরা না শোনে ধর্মের কাহিনী। এর পেছনে

একটা উদেশ্য আছে। অর্থাৎ তাঁরা এর আগে রেটিং কমিটির কাছে বড় তদবির করেছিলেন যে বিদ্যুতের ডোমেস্টিক রেটটা বাড়ান হোক। কিন্তু রেটিং কমিটি তাতে রাজী হননি। তাই এবারে গজাল দিয়ে রাজী করাতে হচ্ছে। তাঁরা বলছেন তাঁদের লো কস্ট-এর যে প্রোডাকসন সেই লো কস্ট প্রোডাকসন বেশী করা যাচ্ছে না, নানা কারণে সেটা কমে যাচ্ছে এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছ থেকে তাঁদের বেশী দামে বিদ্যুৎ আনতে হচ্ছে। অর্থাৎ এই সব কথা বুঝিয়ে যদি রেটটা বাড়াতে পারেন তাহলে হরে দরে ১৪ আনা রক্ষে। এই পরিস্থিতিতে আমি মনে করি এই জিনিস স্বচ্ছন্দে প্রতিকার করা যায় যদি শ্রমিকদের উপর নির্ভর করে এই বিষয় তদন্ত কমিটি বসিয়ে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন তাঁদের ইনস্টলড ক্যাপাসিটি মত যে বিদ্যুৎ দিতে পারেন সেই বিদ্যুৎ উৎপাদনের জন্য তাঁদের উপর যথাযথ চাপ সৃষ্টি করা যায়। আমাদের সেচ এবং বিদ্যুৎ বিষয়ের মন্ত্রী মহাশয় আপাততঃ এখানে নেই, তাই আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে তাঁর কাছে অনুরোধ রাখছি যে, বৃহত্তর কোলকাতার এরকম একটি গুরুতর সমস্যা সম্পর্কে আশু সমাধান হলেও সেই সমাধান করা যায়। সেইজন্য আমি বলছি একটি তদন্ত কমিটি বসান হোক এবং ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের উপর চাপ আনুন তাঁদের ইনস্টলড ক্যাপাসিটি বাড়াবার জন্য।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় গীতা মুখোপাধ্যায় বললেন যে মন্ত্রী মহাশয়রা নেই, এটা ঠিক কথা, আমি কাল থেকে দেখবো যাতে প্রত্যেক মন্ত্রী যখন মেনশন হবে সেই সময় যেন উপস্থিত থাকেন। আমি এর জন্য ক্ষমা ভিক্ষা করছি।

**শ্রীআবদুলবারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা মেনশন করবার জন্য পার্মিশন চেয়েছিলাম, আপনি আমাকে অনুমতি দিয়েছেন, তার জন্য আপনাকে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। যে সমস্ত জেলাগুলিতে কৃষি সমবায় ব্যাঙ্কগুলো আছে এই ব্যাঙ্কগুলো মারফত যে সমস্ত চাষীরা ঋণ নিয়েছেন এমন বাংলাদেশের প্রায় শতকরা ৬৩ ভাগ হতভাগ্য চাষীদের স্বার্থ সংশ্লিষ্ট এবং ঐ ব্যাঙ্কগুলি সংশ্লিষ্ট প্রায় তিন হাজার কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল আনুমানিক পরিবার পিছু পাঁচজন করে ধরলে ১৫ হাজার লোকের জীবন নির্ভর করছে। আমি আপনার মাধ্যমে এই কথা রাখতে চাইছি যে বিগত কিছুদিন ধরে বাংলাদেশে খরা এবং বন্যা একই রকম ভাবে চলার দরুন বাংলাদেশের চাষীকুলের অবস্থা অত্যন্ত শোচনীয় এবং কৃষি সমবায় ব্যাঙ্কগুলো থেকে যে সমস্ত ঋণ তারা নিয়েছে সেই সমস্ত ঋণ তারা তার পরিশোধ করতে পারছে না। এই অবস্থা সরকারের তরফ থেকে বোধ হয় চাপ সৃষ্টি হচ্ছে যে এই সব ঋণ আদায় করার ব্যবস্থা হোক এবং তার জন্য ঐ নিচের দিকের ঐ ব্যাঙ্কের যারা কর্মচারী আছে, তাদের প্রতি একটা উৎপীড়ন চলছে ঋণ আদায় করতে না পারার জন্য। কিন্তু আসল সমস্যাটা হচ্ছে এই যে ঋণ আদায় দিতে চাষীরা অক্ষম হচ্ছে, এই ক্ষেত্রে সরকার কি করবেন? ছোট ছোট জমির যারা মালিক এই ঋণ দায়গ্রস্থ, আজকে তাদের কথা ভেবে দেখতে হবে নতুন ভাবে এবং সুষ্ঠুভাবে চিন্তা করে দেখতে হবে। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো এবং বোধ হয় এটা উচিত হবে এই কথা বলা যে এই কৃষককুল যারা সমবায় ব্যাঙ্কগুলোর মাধ্যমে ঋণ নিয়েছে, অতীতের সেই সব ঋণকে এখন আদায় বন্ধ রাখা হোক এবং দীর্ঘ মেয়াদী সূত্রে ঋণে পরিণত করে একটা ইনস্টলমেণ্ট বেঁধে দিয়ে—১০ কি ১৫ বছরের জন্য বেঁধে দিয়ে সেই ঋণ আদায়ের ব্যবস্থা করা হোক। ইতিপূর্বে গ্রুপ লোন-এর ৯ কোটি টাকা ঋণ মকুব আপনারা করেছেন, তার জন্য আমরা কৃতজ্ঞ কিন্তু এই যে কৃষককুল যারা ঋণে জর্জরিত হয়ে পড়েছে তাদের জন্য আমাদের ভেবে দেখতে হবে, আমি ঋণ মকুবের কথা বলছি না। আমি বলছি ঋণ আদায় বন্ধ রেখে দীর্ঘ মেয়াদি ঋণে পরিণত করুন। তাদেরকে আবার নতুন ভাবে ঋণ দেবার

ব্যবস্থা করা হোক। আমরা একটা কথা শুনতে পাচ্ছি, এটা কতদূর সত্য জানি না, সেই ৩ হাজার কর্মচারী যারা নাকি এই ঋণ লেনদেন করেন, তাদের এই ঋণ আদায়ের উপরই চাকরি নির্ভর করে। অতএব যা ঋণ আদায় হচ্ছে না তারজন্য সেই তিন হাজার কর্মচারীর নাকি চাকরির নিরাপত্তা বিঘ্নিত হতে চলেছে। ১৫ হাজার লোক যাদের উপর নির্ভরশীল তাদের চাকরির নিরাপত্তা বজায় রাখা দরকার। সেইজন্য আমি সরকারের কাছে অনুরোধ করবো আপনার মাধ্যমে যে এ বিষয়টা ভালোভাবে বিবেচনা করে দেখুন যাতে ঐ তিন হাজার কর্মচারীর চাকরি না যায় বা নিরাপত্তা বিঘ্নিত না হয় এবং চাষীকুল যাতে উপকৃত হয় সেইজন্য দীর্ঘমেয়াদী সূত্রে ঐ ঋণটাকে পরিণত করুন। তা ছাড়া নতুন ঋণ দেবার ব্যবস্থা করুন। আমি আশা করি এখানে মাননীয় মুখ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রী এবং সমবায় বিভাগের মন্ত্রী আছেন তাঁরা এই বিষয়ে কি করছেন আমাদের জানান এবং তা জানালে আমরা খুশী হব।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নিবেদন এই যে, যেভাবে দ্রব্য মূল্য দিনের পর দিন বেড়ে চলেছে তাতে জনসাধারণের উদ্বেগের কারণ হওয়া স্বাভাবিক। আমি মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা কেন্দ্রের প্রতিনিধি। কাল একটা চিঠিতে জানতে পারলাম যে সেখানে খাদ্য দ্রব্যের মূল্য দিনের পর দিন বেড়ে চলেছে, বিশেষ করে চালের কে, জি, দু'টাকার উপর। সেখানকার ভূমিহীন ক্ষেতমজুর এবং শ্রমিক তাদের বর্তমানে কোন কাজ নেই। তা ছাড়া উক্ত এলাকা বাগড়ী অঞ্চল। সেখানে চৈতালী ফসল ভালো হয় নি। সেইজন্য অল্প জমির মালিক এবং ক্ষেতমজুর, শ্রমিকরা তাদের যা দরকার সেই মূল্য দিয়ে তাদের দৈনন্দিন খাদ্যদ্রব্য ক্রয় করতে পারছে না। বিশেষ করে আরো জানতে পারলাম যেটা খেসারি বলে পরিচিত, অখাদ্য—গরুর খাদ্য বললেই চলে, সেই অখাদ্য খেয়ে তারা জীবনধারণ করে চলেছে।

এই অবস্থায় এবং কাপড়-চোপড়ের যে রকম মূল্য বৃদ্ধি হয়েছে—তাতে গরীব মানুষদের আর কাপড়-চোপড় কিনে লজ্জা নিবারণের ব্যবস্থা করা একটা অসম্ভব ব্যাপার হয়ে পড়েছে। এই অবস্থায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে—মন্ত্রীমণ্ডলীও এই বিধানসভার মাননীয় সদস্যদের আমি দৃষ্টি আকর্ষণ করছি—যে আমাদের সরকার বর্তমানে যে "গরিবী হটাও" প্রতিশ্রুতিতে আবদ্ধ এমতাবস্থায় অতিসত্বর যদি এই নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি প্রতিরোধ করার জন্য একটা সুনির্দিষ্ট কর্মপন্থা অনুসরণ করা না হয়, তাহলে আমার মনে হয় গরীব চাষী, ক্ষেতমজুর ও শ্রমিকরা অকালে প্রাণ হারাবে। এই কথা কয়টি বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি আন্তরিকভাবে ও আমার আসন গ্রহণ করছি।

[ 2-30 to 2-40 p.m. ]

**শ্রীচিত্তরঞ্জন বাপুলী ঃ** মাননীয় স্পীকার, স্যার, আজকে ১৯৬৯ সাল এবং ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে যে Restriction on Rice and Paddy Control Order বলে একটা বাজে আইন তৈরী করা হয়েছিল, আজও সেই restriction regarding movement of paddy and rice কেন বহাল রয়েছে বুঝতে পারি না। আমরা যারা সুন্দরবনের লোক, যারা really tiller of the soil জমি চাষ করে, তারা একটি movement করতে গেলে তাদের উপর বিরাট হামলা হচ্ছে। এর কোন যৌক্তিকতা এখনো আছে বলে আমি বিশ্বাস করি না। যারা ধান চাষ করে—rice and paddy-র real producer, তারা ধান নিয়ে আসতে গেলে দু'মণের বেশী আনতে পারবে না। কারণ নৌকা করে আনতে গেলে পুলিশে তাদের উপর হামলা করছে এবং মাশুল আদায় করে ছেড়ে দিচ্ছে। ফলে আর ঐ Rice & Paddy Control Orderটা কার্য্যকরী করা হচ্ছে না। কিন্তু সুন্দরবনের চাষীরা ধানচাল সব দূরে open market নিয়ে free movement হচ্ছে। আর স্থানীয় এলাকার ধানচালের scarcity হচ্ছে। পুলিশ বিভাগের

কর্মচারীরা গরীব চাষীদের কাছ থেকে মাশুল আদায় করছে ও ছেড়ে দিচ্ছে। সকাল থেকে সাদা পোষাক পরে পুলিশ রায়দীঘি, কাকদ্বীপ বিভিন্ন নদী পথে বসে থাকে। আজ কলকাতায় চাল আসছে বহু হাত ঘুরে, মাশুল দিয়েদিয়ে ঘাটে ঘাটে—ফলে এখানে চালের দাম বেড়ে যাচ্ছে। কিন্তু আসল চাষী যারা, real producer যারা, তারা কিছুই পাচ্ছে না। তাই আজকে আপনার মাধ্যমে আমি অবহেলিত সুন্দরবনের দুরবস্থার কথা এখানে নিবেদন করছি। আমাদের প্রাইম মিনিস্টার পণ্ডিত জওহরলাল নেহরু সুন্দরবনে যেতে চেয়েছিলেন, কিন্তু তাঁরপক্ষে সেখানে যাওয়া আর সম্ভব হয়নি। বর্তমান প্রাইম মিনিস্টার শ্রীমতী ইন্দিরা গান্ধী আমাদের রায়দীঘি গিয়েছিলেন—পরে আবার যাবেন কথা দিয়েছেন। আমি তাঁকে সুন্দরবনবাসীর তরফ থেকে একটি হরিণ শিশু উপহার দিয়েছিলাম। গত ১৯৬৭ সালের ঐ বস্তা Rice and Paddy Control Order আইনটি আর চালু না রেখে ডাষ্টবিনে ফেলে দিন। এর দ্বারা সুন্দরবনের চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং ভীষণ কষ্টের মধ্যে পড়ছে। আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি ও তাঁর দৃষ্টি আকর্ষণ করছি—ঐ পচা আইনের হাত থেকে চাষীদের রক্ষা করুন, বাঁচান।

**শ্রীশীতলচন্দ্র হেমব্রমঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সালে চুরি, ডাকাতি এবং সন্ত্রাসমূলক কাজ যে সব হতো তা প্রায়ই শহরাঞ্চলে দেখা যেত। এখন ১৯৭২ সালে আমরা দেখতে পাচ্ছি এই চুরি ডাকাতি ও সন্ত্রাসের কাজ সবই প্রায় গ্রামাঞ্চলে হচ্ছে। আমি পুরুলিয়া জেলার মানবাজারের কথা বলছি। গত রবিবার নাটা পাহাড়ীতে ভীষণ ডাকাতি হয়েছে। কলাবতি গ্রামে চারটি ঘরে ডাকাতি হয়েছে, কেষ্টপুরে বারোটা ঘরে ডাকাতি হয়েছে, জাওড়াগ্রামে এক ঘরে ডাকাতি হয়েছে, চাকুয়াতে ১১ ঘরে ডাকাতি হয়েছে। এখানকার অধিবাসীরা সকলে সাঁওতাল শ্রেণীভুক্ত। তারা অধিকাংশই গরীব শ্রেণীর মানুষ। এদের উপর যদি এইভাবে অত্যাচার চলে, তাহলে সেটা বড়ই মর্মান্তিক ব্যাপার হয়। এই চুরি ডাকাতি অবিলম্বে বন্ধ করবার কোন সুষ্ঠু ব্যবস্থা হচ্ছে না।

আজ যে সব গ্রাম এবং ঘরগুলিতে ডাকাতি হচ্ছে তারা পুরোপুরি কংগ্রেসের সমর্থক। এইটা আমার মনে হয় সন্ত্রাসবাদী রাজনৈতিক দলের কাজ, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিশির সেনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কয়েক বছর পর পর বন্যা হওয়ার ফলে নিম্ন দামোদরের যে প্লাবন হাওড়া জেলার উপর দিয়ে হয়ে যাচ্ছে, সেই সম্পর্কে আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের অর্থাৎ রিলিফ বিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে কিছু বক্তব্য রাখছি এবং সেই সংগে হাউসের সদস্যদের কাছেও আবেদন রাখছি। পর পর কয়েক বছর বন্যা হওয়ার ফলে হাওড়া জেলার উদয়নারায়ণপুর, আমতা, বাগনান এবং শ্যামপুর এই সমস্ত থানাগুলির রাস্তা ঘাট একেবারে নষ্ট হয়ে গিয়েছে। প্রতি বছর বর্ষার শেষে দেখা যায় যে এক গ্রাম থেকে অন্য গ্রামে যেতে হলে সমস্ত লোকেদের ভারা বেঁধে তার উপর দিয়ে যেতে হয়। এই যে অবস্থা এর থেকে মুক্তি পাবার জন্য সেখানকার গ্রামবাসীরা সরকারী অফিসারদের কাছে অর্থাৎ বি. ডি. ও., ডি. এম. প্রভৃতির কাছে অনেক আবেদন জানিয়েছে কিন্তু কোন ব্যবস্থাই সেখানে দেখা যাচ্ছে না। পরে আমরা ডি. এম., এ. ডি. এম., এস. ডি. ও. প্রভৃতির কাছ থেকে জানতে পেরেছি যে ঐ অঞ্চলের রাস্তার জন্য টেষ্ট রিলিফের মাধ্যমে অতি অল্প করে টাকা দেওয়া হয়েছে। তাই আজ আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি ঐ সমস্ত এলাকার জন্য আরও বেশী পরিমাণে টাকা মঞ্জুর করে রাস্তা ঘাট তৈরী করে আগামী বর্ষাকালে যে অবস্থার সৃষ্টি হবে সেই পরিস্থিতি থেকে এই অঞ্চলের মানুষকে মুক্ত করার জন্য আমি অনুরোধ রাখছি।

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমাদের আরামবাগ মহকুমার তথা হুগলী জেলার খুব জোর খবর যে আমাদের যে ফার্টিলাইজার করর্পোরেশন থেকে যে সার ডিসট্রিবিউটরের মাধ্যমে বিলি করা হয়, সেই সার ৫০ কেজির বস্তায় এবং তার দাম ৪৭ টাকা। আজকে সেই সার ৬২ টাকা দামে অর্থাৎ চড়া দামে ফাটকাবাজী হচ্ছে যার ফলে সার পাওয়া যাচ্ছে না। এই যে আই. আর. ৮ লাগিয়েছে, বন্যায় যে ব্যাপক ক্ষতি হয়েছিল যে ফসল নষ্ট হয়েছিল লক্ষ লক্ষ কোটি কোটি টাকার, সেই জায়গায় আজকে আই. আর. ৮ এর জন্য সারের যে ডিমাণ্ড তাতে সার যদি এই ভাবে ফাটকাবাজী হয় তাহলে এর ফলে চাষীরা বঞ্চিত এবং শোষিত হবে। আমরা সমাজতন্ত্রের কথা বলছি সমাজতন্ত্রের পথে এগুতে চাইছি। কিন্তু চাষীরা হচ্ছে দেশের ৮০ ভাগ মানুষ তারা যদি এই ভাবে শোষিত হয় তাহলে কি হবে? আজ যারা মোনপলি করছে তারাই এর জন্য দায়ী। আমি কয়েকটি কথা বলতে চাই যে সার ব্যবস্থা আছে সরকারের এই ব্যবস্থাকে যদি সরকার পরিবর্তন করে এই পলিসি করে যে যারা এই সার উৎপাদন করছে সেই ফার্টিলাইজার করর্পোরেশন-এর যে ডিসট্রিবুটার আছে তার মাধ্যমে সার বিক্রী না করে, যাতে চাষীরা সার কিনতে পারে তার জন্য প্রত্যেক অঞ্চলে অঞ্চলে একটা করে যদি সেল ডিপো করে দেওয়া হয় তাহলে চাষীরা সার কিনতে পারবে এবং শোষণ মুক্ত হবে।

[ 2-40—2-50 p.m. ]

সমাজতন্ত্রের যে নীতি আমাদের জাতীয় যে আদর্শ তা বাস্তবে রূপায়িত হবে এবং তার জন্য প্রতি অঞ্চলে আমাদের জেলাতে অনেক অঞ্চল আছে এবং রাজ্যে অনেক অঞ্চল আছে যেখানে এইভাবে সেল ডিপো খোলা যেতে পারে এবং তাতে হাজার হাজার বেকার যুবক কাজ পেতে পারে। আমরা জানি সঠিক অঙ্ক দিতে পারবো না তবে এই ফার্টিলাইজার করর্পোরেশনের মাধ্যমে যে ডিলাররা যে টাকা মুনাফা করে এই সমস্ত বেকার যুবকদের কাজ দিয়েও প্রভূত মুনাফা থাকবে বলে আমি মনে করি। তাই প্রস্তাব জানাছি ডিলারের মাধ্যমে সার বিলি করার ব্যাপারটা উচ্ছেদ করে যাতে সোজা চাষীরা এক একটি সেল ডিপোর মাধ্যমে সার কিনতে পারে এবং বেকার যুবকরা যাতে সেখানে সেই সেল ডিপোর মাধ্যমে কাজ পায় সেই ব্যবস্থা করার ব্যাপারে পুনর্বিবেচনা করার জন্য এই হাউসের কাছে আপনার মাধ্যমে আবেদন রাখছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ দিচ্ছি যে আপনি আমাকে আর একবার সুযোগ দিয়েছেন। আমি এমন একটা বিষয় উল্লেখ করতে চাচ্ছি যেটা খুবই গুরুতর।—এটা উল্লেখ করতে চাচ্ছি আমাদের এই আইনসভার সমস্ত সদস্যদের জন্য বিশেষ মুখ্যমন্ত্রীর জন্য। গতকাল ভদ্রেশ্বর চাঁপদানিতে একটা ঘটনা ঘটেছে। সেখানে বিড়লা পরিবারের জামাতা কুঠারী পরিবারের একটি সুতাকল আছে জি. আই. এস. কটন মিলস। কাল রাত্রি বেলায় সেই সুতা কলের মধ্যে রাত্রি ৮টার সময় পুলিশ ঢোকে—ঢুকে ইউনিয়নের সেক্রেটারী শ্রীঅমূল্য মল্লিককে এবং তিন জন শ্রমিককে গ্রেপ্তার করে। ব্যাপারটা হয়েছে এই যে সেই সুতাকলের শ্রমিকদের সম্পূর্ণ বেআইনীভাবে লে অফ করা হয়েছিল এবং সেই লে অফের প্রতিবাদ করেছিল বলে পুলিশ ঢুকলো, ঢুকে ঐ শ্রমিকদের গ্রেপ্তার করলো ইউনিয়নের সেক্রেটারী সমেত। এবং ওরই পাশে বাঁশবেড়িয়াতে উইনডো গ্লাস কারখানার মালিকরা শ্রমিকদের কাছ থেকে মজুরী না দিয়ে বেশী কাজ আদায় করবার জন্য স্পীড আপ করেছিল, কাজ বাড়াবার চেষ্টা করেছিল তাতে আপত্তি করার জন্য একজন শ্রমিককে সম্পূর্ণ বেআইনীভাবে ছাঁটাই করে। এই ব্যাপারে সেখানে আপত্তি করলে পুলিশ সেখানে ঢোকে, ঢুকে ৭ জন শ্রমিককে বেআইনী-ভাবে ডিপার্টমণ্টের বাইরে নিয়ে চলে আসে এবং তাদের চার্জসীট করে। পুলিশ তাদের বলে যে তোমাদের বেশী স্পীডে কাজ করতে হবে। তাতে তারা আপত্তি করার জন্য ৭জন শ্রমিককে পুলিশ ডিপার্টমেণ্টের বাইরে নিয়ে এসে চার্জসীট করে। অধ্যক্ষ মহাশয়, এই দুটি আমি উল্লেখ

করলাম। যদি আমাদের দেশের কিছু কিছু পুলিশের ধারণা হয়ে থাকে যে এই সরকার পুঁজিপতি ও জোতদারদের সরকার এবং ঐ সব পুঁজিপতিদের খুশী করতে হবে তাহলে আমাদের গভর্ণমেন্টের কতকগুলি দৃষ্টান্ত স্থাপন করতে হবে যে এই সরকার পুঁজিপতিদের সরকার নয়।

## LEGISLATION

### The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972

**Shri Sankar Ghose :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972.

( Secretary then read the Title of the Bill )

Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India no money out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution. During the present session the Assembly voted a Consolidated Grant in advance in respect of the estimated expenditure for a part of the financial year 1972-73 under the provision of Article 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India read with Article 206 thereof to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal. The money is required to meet the expenditure charged on the Consolidated Fund and the Grant made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Government for a part of the financial year 1972-73. The amount included in the Bill on account of the charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of the Grant so made or varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill for expenditure during a part of the financial year 1972-73 is Rs. 1,97,72,94,000. The amount includes Rs. 38,87,86,000 on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these words, I commend my motion for the acceptance of the House.

**Mr. Speaker** : I now call upon Shri Kanai Bhowmik.

[ 2-50—3-00 p.m. ]

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় আমাদের হাউসের সামনে যে বিল এনেছেন তা আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে কয়েকটি বিষয় আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের মাধ্যমে একটি নূতন দৃষ্টিভঙ্গি দেওয়া হয়েছে এবং যার মধ্যে এমপ্লয়মেন্ট বাড়ানো, কৃষির উৎপাদন বাড়ানো, বিদ্যুতের এলাকা বাড়ানো ইত্যাদি বিভিন্ন বিষয়ে বলা হয়েছে। কিন্তু সেটা নির্ভর করছে কার্যকরী করা হবে কিভাবে এবং কিভাবে সমস্ত মন্ত্রীদের দপ্তর এটা কার্যকরী করবেন বিভিন্ন বিভাগে তার উপর নির্ভর করছে আমাদের ভবিষ্যত।

ধরুন এম্পলয়মেণ্ট—এম্পলয়মেণ্টের ব্যাপারে ঠিক হয়েছে যে ৫ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করা হবে। কিন্তু এই কথা ভুলে গেলে চলবে না যে পশ্চিমবাংলার প্রায় ২৮ হাজার বেকার এম্পলয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছে। তাছাড়াও গ্রামাঞ্চলে এমন অনেক আধা বেকার আছে তারা এখন নাম লেখান নি। কাজেই এই সামান্য টাকা দিয়ে আমরা যে খুব বেশী বেকার সমস্যার সমাধান করতে পারব সেটা নিশ্চয়ই সম্ভব হবে না। কিন্তু এই টাকাটা যাতে ঠিকমত খরচ হয় সে বিষয়ে আমাদের নজর রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু ক্রাস প্রোগ্রামের কথা উল্লেখ করবো। এখানে বড় বড় করে ক্রাস প্রোগ্রামের কথা বলা হয়েছে। আসলে এটা টেষ্ট রিলিফের স্কীমের মত একটা মাটি কাটা স্কীম ছাড়া আর কিছু নয়। এতে এম্পলয়মেণ্ট দেওয়ার কোন পদ্ধতি নেই। কাজেই কিভাবে এটা মডিফাই করা যায় নিশ্চয়ই সে জিনিস আমাদের ভাবতে হবে। এটা কার্যকরী করতে গেলে এই এম্পলয়মেণ্টের জন্য রিক্রুটমেণ্টের যে পদ্ধতি বর্তমানে আছে সেটা কেবল তদ্‌বীরের উপর চলে, পক্ষপাতিত্বের উপর চলে, আমলাতন্ত্র কর্মসূচীর উপর চলে এবং এই পদ্ধতি উপর থেকে নীচ পর্যন্ত সমস্ত মানুষকে হতাশ করে দিয়েছে। সেই পদ্ধতিকে যদি বদল করা না যায়, সাধারণ লোকের বিশ্বাসের মধ্যে যদি তাকে না আনা যায় তাহলে এই যে ৫ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করার পরিকল্পনা করা হচ্ছে তার থেকে যে পরিমাণ ফল আহরণ করা দরকার, তা হবে না। এবং সেই পদ্ধতি এখন পর্যন্ত নিশ্চয়ই গড়ে ওঠে নি। আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং মন্ত্রীসভাকে বলব যে আপনাদের খুঁজে বের করতে হবে যে সমস্ত পরিবারের একজনও উপার্জনক্ষম হতে পারেনি তাদের কিভাবে প্রোভাইড করা যায় সেটা দেখতে হবে এবং তাদের আগে প্রায়রিটি দিতে হবে। আপনাদের এটাও ভেবে বের করতে হবে আমাদের দেশে যে সমস্ত মাইনরিটি কমুনিটি আছে তাদের আমরা কিভাবে এই সমস্ত বিষয়ে প্রোভাইড করতে পারি তাও দেখতে হবে। আমাদের সামান্য কয়েকদিনের অভিজ্ঞতায় দেখেছি ইতিমধ্যেই এই চাকুরী-বাকুরীর ব্যাপারে তদ্‌বীর, তাগাদা, রাইটার্স বিলডিংসের চারিধারে আরম্ভ হয়েছে, আমাদের এম. এল. এ.-দের কাছে আরম্ভ হয়েছে এবং কংগ্রেস, সি. পি. আই. প্রভৃতি বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের মধ্যে আরম্ভ হয়েছে। কাজেই এই সম্পর্কে যদি কিছু একটা ব্যবস্থা না হয় তাহলে চিরাচরিত প্রথা অনুযায়ী যেভাবে চলে আসছে সেইভাবেই চলবে। আসলে বাংলাদেশের যুব-শক্তির মধ্যে যে একটা উৎসাহ দেখা দিয়েছে সেটা খুব বেশী এগোবে না। আর একটি বিষয়ের প্রতি আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। রুরাল ইলেক্ট্রিফিকেসনের জন্য শতকরা ২৫ ভাগ বরাদ্দ করা হয়েছে এবং বলা হয়েছে যে ১০ হাজার গ্রামে আমরা ১ বছরের মধ্যে বৈদ্যুতিকরণ করবো। এই পরিকল্পনা আপনারা কিভাবে নিয়েছেন আমি জানি না, তবে এটা আপনারা একটু ভালভাবে ভেবে দেখবেন। আপনারা নিশ্চয়ই মেনশনের সময় শুনেছেন যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোং এখন বিদ্যুৎ সরবরাহ করতে পারছে না। কাজেই আপনারা এই যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার পরিকল্পনা নিয়েছেন সেই পরিকল্পনাকে স্বার্থক করার জন্য যথেষ্ট টেমপো অব ওয়ার্ক দরকার। কারণ, পশ্চিমবাংলায় প্রায় ৩৫ হাজার গ্রাম আছে এবং তার মধ্যে যদি এই ১০ হাজার গ্রামকে ইলেক্ট্রিফাই করতে হয় তাহলে ৩৫ পারসেণ্ট বাড়াতে হবে। বর্তমানে পশ্চিমবাংলায় মাত্র ৭ পারসেণ্ট ভিলেজকে বৈদ্যুতিকরণের আওতায় আনা হয়েছে। কাজেই তাকে যদি আমরা ১ বছরের মধ্যে ৩৫ পারসেণ্টে তুলতে চাই অর্থাৎ ৫ টাইমস করতে যাই তাহলে কি ধরণের কর্মপদ্ধতি দরকার সেটা আমাদের সবাইকে ভেবে দেখতে হবে। কাজেই এটা যদি আপনারা করতে পারেন তাহলে বাংলাদেশের গ্রামাঞ্চলের জনসাধারণ আপনাদের আশীর্বাদ করবে এবং মন্ত্রীসভার কাজকে যথেষ্টভাবে প্রশংসা করবে।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** ওটা এক বছরে নয়, দু বছরে, এণ্ড অব ১৯৭৩এ।

**শ্রীকানাই ভৌমিক ঃ** তাও যদি করেন এণ্ড অব ১৯৭৩তে, দুই বছরের মধ্যে ১০ হাজা গ্রামে—ফাইভ টাইমস যদি করেন নিশ্চয়ই বাংলাদেশে একটা গুরুতর পরিণতি দাঁড়াবে, এম প্লয়মেন্ট পোটেনসিয়ালিটি বাড়বে সে বিষয়ে কোন সন্দেহ নেই। সিক মিলের ক্লোজার সম্পর্কে আমাদের গভর্ণমেন্টের তরফ থেকে বায়বরাদ্দ করে এই সমস্ত মিলকে ভালো করার, সাহায্য করার কথা বলা হয়েছে। কিন্তু আমার গভীর আশংকা কেন সিক হচ্ছে তা যদি ভালো করে না বুঝে, তাকে সংশোধন না করেই টাকা ঢালা হয় তাহলে এই সমস্যার সমাধান হবে না। আপনারা ইকনমিক সার্ভে অব ইনডিয়ার, ১৯৭১-৭২ সালের রিপোর্ট দেখুন, তাতে ওয়েষ্ট বেঙ্গল সম্পর্কে মন্তব্য করা হয়েছে যে সিরিয়াস নেগলেক্ট অব ফাইনানসিয়াল এ্যারেনজমেণ্টস হচ্ছে। যার জন্য এখানে ইণ্ডাস্ট্রীয়াল ক্রাইসিস দেখা দিচ্ছে। আমি স্যার, আর একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করবো। সাধারণ ভাবে বলা হয়ে থাকে, আমাদের দেশের ভেস্‌টেড ইণ্টারেষ্ট—কায়েমী স্বার্থবাদিরা, একচেটিয়া পুঁজিপতির দল এবং যারা প্রতিক্রিয়াশীল গোষ্ঠী তারা বলে থাকেন যে বাংলাদেশে শিল্পে যে অসুবিধা হচ্ছে, শিল্প যে বন্ধ বা ক্লোজার হচ্ছে তার প্রধান কারণ হিসাবে তারা দেখাবার চেষ্টা করেন শ্রমিকদের ষ্ট্রাইক এবং ঘেরাও ইত্যাদির ঘটনা। কিন্তু এটা আদৌ সত্য নয়। স্যার, এই প্রসংগে আমি মাননীয় রাজ্যপাল মিঃ এ. এল. ডায়াসের একটি বক্তৃতার কিছু অংশ উদ্ধৃতি দিতে চাই। মিঃ ডায়াস ২২শে জানুয়ারী অল ইণ্ডিয়া ম্যানুফাকচারার্স এ্যাসোসিয়েসানে তাঁর বক্তৃতায় বলেছিলেন পশ্চিমবাংলায় শতকরা ৭০ ভাগ ক্লোজার হচ্ছে—তার কারণ হচ্ছে "Mismanagement to extract the maximum profit out of an industry with total disregard to its continued vitality and existence, the failure to replace worn out machinery and the lack of constructive approach on the part of the management in the field of industrial relations."

এটা আমাদের মাননীয় রাজ্যপালের কথা। কাজেই যাঁরা একথা তুলতে চান যে শ্রমিকরা এই সংকটের জন্য দায়ী তাঁদের কথা ঠিক নয়। আজকে এই সিক মিল বা ক্লোজার মিল যদি চালাতে হয় বা ইণ্ডাস্ট্রীতে যদি উৎসাহ আনতে হয় তাহলে অন্য জায়গায় কারণ খুঁজতে হবে। এরপরে স্যার, একটি ঘটনা আপনার সামনে উপস্থিত করবো। দার্জিলিং টি এস্টেটের যে রিপোর্ট, সেখানকার চেয়ারম্যান শ্রী এস. কে. মেহেরা যা দিয়েছেন সেই দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করবো। তিনি দার্জিলিং জেলার ৯৩টি চা বাগানের যে চিত্র হাজির করেছেন তাতে দেখা যায়, তাঁর মতে দুটি বাগান অলরেডি এ্যাবাণ্ডাণ্ড হয়েছে, দুটি অলরেডি ক্লোজড ডাউন, তিনটি প্রায় ক্লোজার হতে চলেছে, চারটি বাগানে রিসিভার নিযুক্ত হয়েছে এবং ৩৬টি এস্টেট আন ইকনমিক বলে প্রমাণিত হয়েছে। এইভাবে সমস্ত উত্তরবংগে যেখানে হাজার হাজার লোক চা বাগানে নিয়োজিত হয় সেখানে চা বাগানের সমস্যা এই। দাঁড়িয়েছে এখানে ৫ কোটি টাকা সাহায্য করলেই সমস্যার সমাধান হবে না, আমরা এই টাকা যে খরচ করবো এখানে আমাদের ভাবতে হবে যে কি ভাবে এই টাকা আমরা খরচ করবো এবং সেখানে ওয়াকার্স রিপ্রেজেনটেটিভস শ্রমিকদের অংশগ্রহণ কি ভাবে হবে এই সমস্ত জিনিষ আমাদের বিচার বিবেচনা করে দেখতে হবে এবং তারমধ্য দিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। পরিশেষে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, আমাদের অর্থমন্ত্রী মহাশয় বাজেট সম্পর্কে বলতে গিয়ে বার বার বলেছেন—নিশ্চয় বলবেন, যে আমাদের নিউ সোর্সেস চাই, টাকা চাই, টাকার দরকার। পশ্চিমবাংলার যে সমস্যা রয়েছে এবং পশ্চিমবাংলার যে উন্নয়ন দরকার তারজন্য নিশ্চয় টাকা চাই। টাকা আমাদের আছে। কোমরে বল নিয়ে, বুকে সাহস নিয়ে দাঁড়ালে দেখবেন টাকা আমাদের পশ্চিমবাংলায় আছে কিন্তু টাকা গরীবের ঘরে নেই, যারা বড় বড় একচেটিয়া পুঁজিপতি, জোতদার, মালিক তাদের কাছে টাকা আছে। তাদের উপর ট্যাক্স করার অনেক পদ্ধতি আছে এবং তাদের থেকে টাকা আদায় করা

3-00—3-10 p.m. ]

যেতে পারে। আর তা করে পশ্চিম বাংলাকে নতুন করে গড়ে তোলা যেতে পারে। আমি স্যার, একটি সাজেসান বিবেচনার জন্য রাখবো। ওয়াঞ্চু কমিটি যে রিপোর্ট দাখিল করেছেন তাতে বলেছেন যে কালো টাকা একটা প্যারালাল মার্কেট সৃষ্টি করেছে, একটা বিকল্প বাজার সৃষ্টি করেছে। তার উপর দাঁড়িয়ে সমস্ত অর্থ নৈতিক জগতকে একচেটিয়া পুঁজিপতি, চোরাকারবারীরা নানা কায়দায় তছনছ করে দিচ্ছে। তাদের শায়েস্তা করার জন্য ডিমানিটারাইজেসান করা হোক। কালো টাকা সহজে বেরুবে না, তা যদি বের করতে হয় তাহলে ডিমানিটারাইজেসান করতে হবে। এটা নিশ্চয়ই সেনট্রাল সাবজেকট। আমাদের আইন সভায় তা নিয়ে প্রস্তাব পাশ করতে পারি, কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করতে পারি যে ডিমানিটারাইজেসান করুন। অপর দিকে আমাদের রাষ্ট্রের হাতে যে সমস্ত ব্যবসা আছে সেই সমস্ত ব্যবসাতে টাকা খরচ করব, নতুন রাষ্ট্রায়ত্বের দিকে যাব। আজকে পশ্চিমবঙ্গের অর্থনীতি ব্যক্তিগত পুঁজিকে বাড়িয়ে বাড়ান যাবে না, এটা গত ২০ বছরে প্রমাণ হয়ে গেছে। ব্যক্তিগত পুঁজিকে সেই ধনতান্ত্রিক কায়দায় সাহায্য করে পশ্চিমবঙ্গের সমস্যা সমাধান করা যাবে না। আজকে রাষ্ট্রীয়করণের দিকে নিয়ে যেতে হবে। এই প্রসংগে একটা কথা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে আমাদের সরকারের হাতে যে সমস্ত ব্যবসা আছে তাতে কি রকম লস হচ্ছে দেখুন। দুগ্ধ প্রকল্পে আমাদের লস হয়েছে কোটি ১৭ লক্ষ ২২ হাজার টাকা, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্টে লস হয়েছে ৩৯ লক্ষ ৫২ হাজার টাকা, ডিম ও মুরগী প্রকল্পে লস হয়েছে ৬ লক্ষ ১৬ হাজার টাকা, ক্যালকাটা টুরিস্ট বাসে লস হয়েছে ২ লক্ষ ২৬ হাজার টাকা, টুরিস্ট লজ শান্তিনিকেতনে লস হয়েছে ১ লক্ষ ১২ হাজার টাকা, টুরিস্ট লজ দার্জিলিং-এ লস হয়েছে ১ লক্ষ ৬৭ হাজার টাকা, ওরিয়েণ্টাল গ্যাস কোং-তে লস হয়েছে ১৭ লক্ষ ৮০ হাজার টাকা। এই লস ১ বছরে হয়েছে। এই লস যদি বন্ধ করা যায় তাহলে লাভ হবে এবং এইভাবে আরো জাতীয়করণের পলিসি নিয়ে আমরা যদি নতুন নতুন এ্যাভিনিউ খুলতে পারি তাহলে চাকরি দেওয়া সম্ভব হবে এবং দেশের অর্থনীতিকে আরো বাড়ান যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি প্রস্তাব করব যে আমাদের মন্ত্রিসভা যেন নতুন উদাহরণ স্থাপন করেন তাঁদের নিজেদের ডিপার্টমেণ্টে এই লস বন্ধ করার ব্যাপারে। এই সমস্ত লসের জন্য যেসব অফিসার দায়ী তাঁদের সাসপেণ্ড করুন। যদি কোন মন্ত্রী তাঁর ডিপার্টমেণ্টে না পারেন তাহলে তিনি সেই ডিপার্টমেণ্ট ছেড়ে দিয়ে অন্য ডিপার্টমেণ্ট নিন এবং রাষ্ট্রায়াত্ব বানিজ্যে যে ক্ষতি হচ্ছে সেটা বন্ধ করুন। আমি অত্যন্ত বিনয়ের সংগে সাজেসান রাখব মুখ্যমন্ত্রী মহাশয় টুরিস্ট ডিপার্টমেণ্টের দায়িত্ব নিয়েছেন, তিনি নিজে উদাহরণ সংস্থাপন করে দেখিয়ে দিন যে এই লস বন্ধ করা যায় এবং সমস্ত মন্ত্রিসভার মধ্যে মুখ্যমন্ত্রী মহাশয় নিজে একটা আদর্শ স্থাপন করে সমস্ত মন্ত্রিসভাকে পরিচালিত করুন যাতে পশ্চিমবঙ্গে একটা নতুন ধরণের জিনিস তৈরি হতে পারে এবং পশ্চিমবঙ্গের মানুষ এই মন্ত্রিসভা প্রগতিশীল মোর্চার প্রতিভূ হিসাবে দেশকে গড়ে তুলবে এই বিশ্বাস স্থাপন করতে পারে। স্যার, এই সমস্ত জিনিস করা যায় যদি সত্যিকারে আজকে মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী সমেত অন্যান্য সমস্ত মন্ত্রী এই পরিবর্তনের দায়িত্ব গ্রহণ করেন। ১৯৫২ সাল থেকে এই আইনসভায় আসবার সৌভাগ্য আমার হয়েছে। সেদিক থেকে আমি জানি অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়, মন্ত্রীসভা বক্তৃতার সময় অনেক প্রতিশ্রুতি দেন, সুন্দর সুন্দর কথা বলেন কিন্তু পরবর্তীকালে সমালোচনা করে বলেন না যে গত-বারে কি প্রতিশ্রুতি দিয়েছিলেন, এবারে কতটা করতে পারলেন। সেজন্য আমি আশা করব এবারে সমস্ত পদ্ধতি বদলাবে, মন্ত্রিসভার কাজের পদ্ধতি বদলাবে। সর্ব্বশেষে আমি এই কথা বলব জনসাধারণ যে সমস্ত কমপ্লেণ্ট হাজির করেন সমস্ত কমপ্লেণ্টের মর্যাদা দিতে হবে। অনেক অভিযোগ আনা হয়, অভিযোগ আনা হবে, কিন্তু আইনসভায় যেসব অভিযোগ আনা হয় তার

কোন প্রতিকার হয় না। এবং সাধারণ জনসাধারণের কথা দূরের কথা সেইজন্য পাবলিকের য অভিযোগ আসে আমরা এম. এল. এ-রা যে সমস্ত অভিযোগ নিয়ে আসি সেই সমস্ত অভিযোগের পুরো মর্যাদা দিতে হবে। তাদের প্রেফারেন্সের ভিত্তিতে তদন্ত করতে হবে। শুধু অফিসারকে দিয়ে বা ডিপার্টমেন্টকে দিয়ে তদন্ত করলেই চলবে না এবং এই সমস্ত দিক থেকে একটা নতুন কাজে ষ্ট্যাণ্ডার্ড ঠিক করতে হবে। সেইজন্য আমি এখানে এই সমস্ত কথা উত্থাপন করেছি। এখানে যে বিল আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। এই বিল সত্যিকারের কার্যে যাতে পরিণত হতে পারে সেই দিকে যদি আপনারা কাজ করেন এইভাবে যদি আমাদের মন্ত্রিসভা কাজ করতে পারেন তাহলেই জনসাধারণের আশীর্বাদ পাবেন। যদি কাজ না করতে পারেন তবে সেই সংস্কৃতের কথায় বলব "পুনর্মূষিক ভব" এইটুকু বলেই এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীনারায়ণ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে আছে গত বছর যখন আমি বিধান সভায় এসেছিলাম খুব অল্প কালের জন্য। ঠিক ঐ দিকের ঐ কোনেই বসতাম। সেবার আপনি অল্প কালের জন্য আমাকে বলার সুযোগ দিয়েছিলেন। আজকে সেই এলাকা ফাঁকা আছে অর্থাৎ বিরোধী পক্ষের জায়গায়। আজকে তাঁদের দলের নেতা বিধান সভায় আসতে পারছেন না, তাঁদের দল বিধানসভা বর্জন করেছেন। আমি তাঁদের উদ্দেশ্য করে সেদিন বলেছিলাম যে আপনারা বাংলাদেশকে কোন্ দিকে টেনে নিয়ে যাচ্ছেন। আমাদের পরবর্তী যে পুরুষ তারা কি খুনে ঠাঙারে জাতি বলে ইতিহাসে স্থান পাবে? আনন্দের বিষয় পশ্চিমবাংলার চিন্তাশীল মানুষ যাঁরা দেশকে ভালবাসেন, যাঁরা নিজেরা বাঁচতে চান এবং সকলকে বাঁচিয়ে রাখতে চান তাঁরা আজকে ওদের প্রত্যাখ্যান করেছেন। আজকে এই বিধানসভায় এই যে প্রগতিশীল মোর্চা যে জনপ্রিয় সরকার গঠন করার সুযোগ পাচ্ছে, পশ্চিমবাংলার মানুষ আমাদের অকুণ্ঠ আশীর্বাদ দিয়ে পাঠিয়েছে। আজকে আমরা তারজন্য নিজেদের ধন্য মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সাথে আমি মাননীয় অর্থমন্ত্রী যে বিল পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। এই সমর্থন করে এই প্রসঙ্গে বলতে চাই যে এই বিধানসভায় আজকে আমরা এসেছি ও বিরাট সংখ্যাগরিষ্ঠ সরকার গঠন করতে পেরেছি। আমরা পশ্চিমবাংলার মানুষের কাছে কতগুলি প্রতিশ্রুতি দিয়ে এসেছি, কতকগুলি প্রতিজ্ঞাবাণী উচ্চারিত করে এসেছি, এবং সেই প্রতিজ্ঞা বা প্রতিশ্রুতি আমরা যেন ভুলে না যাই। আমি ঐ ট্রেজারি বেঞ্চের দিকে তাকিয়ে বলতে চাই, আমাদের যে জনপ্রিয় সরকার গঠিত হয়েছে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীরা আছেন আমি তাঁদের বলি যে যদিও ঐ আসন ডানলোপিলোর গদীর তবুও আমি এই আসনকে কাঁটার আসন বলি। আমরা যাঁরা বিধানসভায় এসেছি তাঁদেরও আসন কাঁটার আসন।

[ 3-10—3-20 p.m. ]

কারণ ১৯৬৭ সালের পর তৎকালীন ক্ষমতায় যাঁরা ছিলেন সেই মার্কসবাদী কম্যুনিস্ট দল এবং তাঁদের সাঙ্গপাঙ্গরা কয়েক বছর ধরে পশ্চিমবঙ্গের অর্থনীতি, শান্তি-শৃঙ্খলা এবং আমাদের জাতীয় চরিত্রকে ভেঙ্গে গুড়িয়ে দিয়ে গেছেন এবং পশ্চিমবাংলাকে ২৫ বছর পিছিয়ে দিয়ে গেছেন। সেজন্য আজ আমরা একটা অগ্নিপরীক্ষার দিকে এসেছি, কয়েকদিন ধরে বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর, বাজেটের উপর বক্তৃতা শুনছি। কিন্তু একটা জিনিষের অভাব অনুভব করছি। প্রথমেই আমাদের প্রধানমন্ত্রী এই প্রতিশ্রুতি দিয়ে এসেছেন যে আমরা যদি সরকার গঠন করতে পারি তাহলে আমরা এই দেশে সমাজবাদ আনব। কিন্তু সেই সমাজবাদের দিকে এগিয়ে যাবার যে কার্যক্রম তার অভাব এখানে দেখছি। অবশ্য অতি দ্রুত সব কিছু করা সম্ভব হবে না। কিন্তু আমাদের জনপ্রিয় সরকার কিছু কিছু নতুন নতুন কার্য্যক্রম নিয়েছেন, বেকার সমস্যা সমাধানের চেষ্টা করবেন, ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ হবে, বন্ধ শিল্প খুলবে, কিন্তু তাও মনে করি যে সমাজবাদ প্রকল্পের একটা নজীর রাখা প্রয়োজন। এই সভায় ৩০ জন বাদে আমার

সকলেই গ্রাম থেকে এসেছি। এখানে গগণচুম্বী অট্টালিকা, নিওন লাইটে আমাদের চোখ ধাঁধিয়ে যায়। এটা কিন্তু আমাদের দেশের আসল চেহারা নয়। এখানে ধনতান্ত্রিক বৈষম্য আছে, এখানে Continental Hotel, Ritz Hotel, Hindusthan Hotel-এ সমস্ত Suit ভাড়া করা আছে যার ভাড়া হয়ত দৈনিক ৫০০ টাকা করে এবং সেখানে তাদের সমস্ত guest-রা থাকে। এই শহরে লক্ষ লক্ষ টাকা বিলাস, পানীয়, রেস ইত্যাদির জন্য যে ব্যয় হয় তার কিছু ভগ্নাংশ যদি আমরা নিতে পারি তাহলে গরীব ছেলেদের পড়াতে পারি। বিনা চিকিৎসায় যে মারা যাচ্ছে তার চিকিৎসার ব্যবস্থা করতে পারি। বর্ষাকালে যার ঘরে জল পড়ে তার আচ্ছাদনের ব্যবস্থা করতে পারি এবং এর দ্বারা তাদের মুখে একটু হাসি ফুটাতে পারি। আমি একথা জোর দিয়ে বলতে পারি যে গরিবী, বেকার সমস্যা যদি দূর করতে পারি বা ৫ বছরে তার ভগ্নাংশ করতে পারি তাহলে লোকেরা আমাদের আশীর্বাদ করবে। কিন্তু সবচেয়ে বড় কথা হচ্ছে যে সমাজবাদ আনতে হবে। আজ কাগজে দেখলাম যে কেন্দ্র ঢালাও সুযোগ দিয়েছেন রাজ্যসরকারকে যে শহরের সম্পত্তির সীমা বেঁধে দিতে হবে। পশ্চিমবাংলা ইতিমধ্যে আপনার ও Deputy Speaker-এর বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচনের মধ্য দিয়ে অনেক নূতন নজীর সৃষ্টি করেছে। সুতরাং পশ্চিমবাংলার জনপ্রিয় সরকার এবং এই সভায় মাননীয় সদস্যদের কাছে আবেদন করি যে পশ্চিমবাংলা প্রথম পদক্ষেপ হিসাবে শহরের সম্পত্তির সীমা বেঁধে দিক। আপনাদের কাছে আবার বলব যে সমাজবাদ আনতেই হবে। এর কোন short-cut বা টেকনিকের প্রয়োজন নেই। কারণ শাক দিয়ে মাছ ঢাকা যাবে না। আমরা এবং আমাদের নেতৃ জনসাধারণকে যে প্রতিশ্রুতি দিয়েছি তার যদি আমরা খেলাপ করি তাহলে বাঁদিকে তাকিয়ে দেখুন জ্যোতিবাবুদের মত আমাদের ঐ রকম অবস্থা হবে।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বাজেট বিলের পরিপ্রেক্ষিতে আমি দু'একটি কথা বলতে চাই। আমি দেখছি আমাদের যে বাজেট হয়েছে তাতে আমাদের সাধারণের যেটা প্রয়োজনীয় জিনিস যেটা বর্তমানে সবচেয়ে প্রয়োজন গ্রাম বাংলার লোকের অর্থাৎ রাস্তাঘাট, যে ব্রীজ, যে ক্রসওয়ে; যে শিক্ষা, যে দৈন্য বা নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দিক থেকে আমাদের কিছুটা অবহেলা হয়েছে। আমি আমাদের পূর্তমন্ত্রীর সাথে দেখা করতে গিয়েছিলাম। সেখানে বললাম, বাঁকুড়া যে অবহেলিত হয়ে আছে আমাদের রাজগায়ে দ্বারকেশ্বর নদীর বন্যায় যে ব্রীজ নষ্ট হয়ে গিয়েছে তার ব্যাপারটা কি অবস্থায় আছে। তিনি বললেন, নিশ্চয় দেখবো, নিশ্চয় করবো, কিন্তু টাকার অভাব, টাকা কোথায়। আজ তাই স্পীকার মহাশয়, বলছি আজ যদি এই অবস্থা হয় সরকার গঠনের সঙ্গে সঙ্গে এই কাঁদুনী গাওয়া হয় তাহলে জনসাধারণ কি বলবে আমরা এসেছি গ্রাম বাংলা থেকে যাদের আশীর্বাদে। গতবারেও এসেছিলাম নির্বাচিত হয়ে ১০৫ জনের মধ্যে ছিলাম। এবারও এসেছি সকলের আশীর্বাদে। কিন্তু তাহলে কি আমরা তাদের ভাঁওতা দিচ্ছি। আজ তাদের কি বলবো? সেই গ্রাম থেকে ১০ জন প্রতিনিধি এসেছিলো, তাদের নিয়ে রাইটার্সে গেলাম। তারা হতাশ হয়ে বাড়ী চলে গেলো। এই যে খরচ হলো যে তারা এসেছিলো তাদের কি বলবো? আজ আমরা গ্রাম বাংলায় চলো প্রোগ্রাম নিচ্ছি। সেই প্রোগ্রাম সফল করে তুলতে পারলে আমাদের আসা সার্থক হবে এবং আমরা সাধারণ মানুষের আশীর্বাদ পাব। পূর্বোক্ত বক্তা বলে গেলেন আজ আমরা দেখছি বিরোধী পক্ষের আসন শূন্য, আমাদেরও সেই অবস্থা হবে। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই কথাই বলবো মন্ত্রিসভা যেন এই গ্রাম বাংলার কথা বিচার বিবেচনা করেন।

3—20—3—30 p.m. ]

আর একটি কথা আমি বলতে চাই কয়েকদিন আগে এই জিনিসটা অনেকে বলেছেন। গ্রাম

বাংলায় শিক্ষা, স্কুল ও কলেজের দুরবস্থা যদি আমরা দুর করতে না পারি তাহলে আবার অশা দেখা দেবে। তারপর বেকার সমস্যা যেরকম তীব্র আকার ধারণ করেছে এই সমস্যা দূর কর জন্য কমপ্লিট প্রোগ্রাম দরকার। শত শত ছাত্র, যুবক তারা আমাদের কাজে এগিয়ে এসে তাদেরকে যদি আমরা কাজ দিতে না পারি তা হলে আবার অশান্তি দেখা দেবে। তারপর আ একটি বিষয় বলব ক্যাশ প্রোগ্রামের কাজ কবে আরম্ভ হবে? মাননীয় স্পীকার মহাশয়, আপন মাধ্যমে বলতে চাই যিনি এই ডিপার্টমেন্টের মন্ত্রী তিনি যদি সদস্যদের সামনে কিছু বল তাহলে ভাল হয়। অন্ততঃ আমি বলতে চাই গ্রাম বাংলার জন্য যাতে গ্রামের কিছু উন্নতি আম করতে পারি সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মহ নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে নীতি সেই নীতি কার্যকরী করতে হবে। এই বলে আমি আম বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীশেখ দৌলত আলি**: মাননীয় স্পীকার মহাশয়, বাজেট সমর্থন করতে উঠে দু'একটা ব বলতে চাই। প্রারম্ভেই আমি বলতে চাই যে বাজেট আশাপ্রদ কিন্তু আশানুরূপ হয় নি। কেন আমরা যা বলেছি যে গরিবী হটাও এটা শ্লোগান হিসাবে দেখলে চলবে না, সেটা বিপ্লব হিস মনে করে যে বাজেট উপস্থিত করার দরকার ছিল ঠিক সেই ধরণের বাজেট এখানে রাখা হয়ে বলে আমি মনে কার না। সেইজন্য আমি আপনার মাধ্যমে আমার বক্তব্য রাখছি এবং প্রথমে বলেছি যে বাজেট আশাপ্রদ কিন্তু আশানুরূপ নয়। ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালের যদি বাজে দেখি তাহলে দেখব কিছু পরিমাণ টাকা বেড়েছে, সামান্য রেসিও বেড়েছে, টাকার বরাদ্দ কি পরিমাণ বেড়েছে। গতবারের বাজেটে, ১৯৭১-৭২ সালে যে অঙ্ক ছিল যা বরাদ্দ ছিল এবার আম দেখেছি কিছু বেড়েছে। যেমন আমি বলি গতবারে ২০·৩৬ লক্ষ টাকা কৃষিখাতে বরাদ্দ ছিল এবারে ২০·৭৯ লক্ষ টাকা রাখা হয়েছে। গ্রামবাংলার কৃষিখাতে যে বরাদ্দ ছিল, ১৯৭১-৭২ সা চলতি বাজেটে টাকার পরিমাণে খুব বেশী ফারাক নাই। কৃষিখাতে তাই কাজ আশানুর দেখতে পাইনি। তাহলে বলতে বাধ্য হচ্ছি গরিবী হটাও শ্লোগান যদি সত্যই বিপ্লব হিসা দেখতে চাই তাহলে তা বাস্তবে রূপায়ণ করতে হলে এই বাজেটের ব্যয় বরাদ্দ দেখে সম্যকভা এগোন যাবে বলে মনে করতে পারছি না। তার সিগন্যাল আমরা উপলব্ধি করতে পারছি না সেচের ক্ষেত্রে এবং কৃষির কথা বলতে গিয়ে আমরা বলতে চাই যে আমরা অত্যন্ত ক্ষুব্ধ। সেণ্ট্র ফিনান্স ইন্সটিটিউশন ঘোষণা করেছেন যে কলকাতা, হাওড়া এবং ২৪-পরগণা উন্নত। কিন্তু স্য আমি বলতে চাই যে দক্ষিণ ভাগ ডায়মণ্ড হারবার অঞ্চলে কোন শিল্পোদ্যোগ নাই বা কোন সরকারী প্রচেষ্টাও নাই। সেখানে কৃষি, সেচ, বিদ্যুৎ প্রভৃতির কোন পরিকল্পনা নেওয়া নাই। সেখানে যদি কিছু নতুন পরিকল্পনা গ্রহণ করা না হয় তাহলে কিছু উন্নতি হবে বলে আ মনে করি না। গতবারের বাজেটে যেখানে ২০·৩৬ ভাগ টাকা ধরা হয়েছিল তাতে যদি কিছু হয়ে থাকে তাহলে এবারে ২০·৭৯ ভাগ নিয়ে কতটুকু কাজ হবে এ নিয়ে আমার মনে সন্দেহ আ এবং এই বিষয় জানিয়ে আমি আমার উদ্বেগ বোধ করছি। সেচ ব্যবস্থাও আমাদের ওদিকে ক্ষেত্রে যেটুকু দেখেছি, সেচ বরাদ্দ বড় জোর এক কোটি টাকা বাড়িয়েছেন। কিন্তু এই এক কো টাকার বেশী টাকা নিয়েও আমরা দেখেছি যে গতবারের দারুণ বন্যায়, প্রচণ্ড বন্যায় এসব এলা যেভাবে বিধ্বস্ত হয়েছে এবং আমাদের অন্যান্য খাল বিল নালা যে সেচ সরবরাহ করতে পারে অথবা জল নিকাশের কাজ একেবারে অকেজো হয়ে গিয়েছে। গতবারে এই বরাদ্দে যদি কো কাজ না হয়ে থাকে আজকে এই এক কোটি টাকা বরাদ্দে কি আশা করতে পারি। কিন্তু সেটুকু যেকথা আমাদের এই সভায় উত্থাপিত হয়েছে, যাতে করে চূড়ান্তভাবে তার প্রয়োগ হয় এ বৈজ্ঞানিক পদ্ধতিতে তার সুষ্ঠু রূপায়ণ ঘটে সেদিকে আমি আপনার মাধ্যমে আমাদের সরকারে দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামে বৈদ্যুতিকরণের ক্ষেত্রে অনেকেই বলেছেন, শুধু আপনার মাধ্য

আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে আমাদের পশ্চিমবাংলায় ৩৮,০৪৫টি গ্রাম আছে, আমাদের গত বৎসর পর্যন্ত ২,৯১৬টি গ্রামকে বৈদ্যুতিকরণ করতে পেরেছি, ১৯৭৩ সালে আমরা বলেছি যে ১০ হাজার গ্রামকে বৈদ্যুতিকরণ করা সম্ভব হবে। গ্রামের অর্থনীতির ক্ষেত্রে আমি যেটা মনে করছি, আমি আমাদের সরকারকে সাধুবাদ জানাচ্ছি যে এখানে ২৪ পরগণা এনলিস-টেড হয়েছে, কিন্তু এই গ্রামের অর্থনীতিতে আমরা কি দেখি, গ্রামের চাষীরা তিন মাস চাষ আবাদ করে আর বাকী ৯ মাস বেকার বসে থাকে, আমাদের এলাকায় যদি তাল পাতার শিল্প গড়ে উঠে অথবা ওষুধের ছোট ছোট বাক্স বিভিন্ন গ্রামে তৈরী হয় এবং তার জন্য সরকারী সংস্থা যদি খোলা যায়, সরকারী উদ্যোগে যদি খোলা যায় তাহলে সেই গ্রামের কর্মসংস্থানের উদ্যোগে সাফল্যমণ্ডিত হতে পারে একথা আমি বলতে পারি। আর একটি কথা, আমি দেখলাম, সেটা অত্যন্ত আনন্দের কথা, অনেক দিন ধরে শুনে আসছি, আমাদের বাজেট বক্তব্যের মধ্যেও দেখলাম ডায়মণ্ডহারবারের রায়চক গ্রামে আমাদের কেন্দ্রীয় সরকারের উদ্যোগে যে মৎস্য শিকার বন্দর তৈরি হবে, আজও শুনতে পাচ্ছি তৈরী হবে, এখানে অবশ্য দেখলাম ১৯৭২-৭৩ সালের মধ্যেই তার কাজ শুরু হবে। এই আরম্ভ হবে এই কথাটা ঠিক আমি মেনে নিতে পাচ্ছি না, সেটা আরম্ভ হোক সেটাই আমাদের দাবী আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। আর একটা কথা, বেকারদের ক্ষেত্রে আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন আমাদের কিছুতেই হতাশ এবং ব্যর্থমনোরথ হতে দেবেন না। আমি ত জানি শিক্ষাখাতে আমাদের যে টাকা বরাদ্দ হয়েছে এবং যেগুলি শিক্ষা অবৈতনিক করবার পরিকল্পনা রয়েছে তাদের কাজের ক্ষেত্রে যদি প্রথম পদক্ষেপ করতে পারেন তাহলে আমার মনে হয় আজকে আমাদের যে বেকার সমস্যার তীব্রতা তা অনেকখানি হ্রাস পেতে পারে। যাই হোক আর একটা কথা এই যে বেকার সমস্যাটা কেবলমাত্র একটা ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়, আজকে সবুজ বিপ্লব বলুন, শিল্প বিপ্লব বলুন, সর্ব ক্ষেত্রেই এই বেকার সমস্যার স্তরকে যদি আমরা ভাগাভাগি করে দিতে পারি তাহলে আজকের বাজেটের মধ্যে যে বক্তব্য আমরা দেখতে পাচ্ছি তা সার্থকতা লাভ করবে। এই বলে আমি বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি এবং আপনাকে ধন্যবাদ দিচ্ছি।

**Shri Prem Oraoan :**

स्पीकर सर, १९६९ साल में इसी विधानसभा में एक प्रश्न उठा था कि मेटली नागराकाटा में एक स्वास्थ्य केन्द्र होना चाहिए। हमने इसे पेपर में भी देखा था। वंहा पर विजली बत्ती भी जाने का प्रोग्राम था किन्तु जलढाका प्रोजेक्ट से विजली बीच बीच से पार होकर सिलीगुड़ी चली गई और मेटली नागराकाटा में विजली नहीं आई। इसलिए मेरा मंत्री महोदव से निवेदन है कि मेटली में बिजली बत्ती का-ईन्तजाम जल्द से जल्द होना चाहिए। वँहा पर एक सरकारी स्कूल होना चाहिए। पानी का बन्दोबस्त होना चाहिए।

[ 3-30—3-40 ]

हमारा इलाका अभी तक पिछड़ा हुआ है। वह इलाका चाय बगान अंचल का वेसी भाग है। वंह के लोग ज्यादा करके आदिवासी हैं। इसलिए वहा के लोग कोई भाषा समझ-बूझ नहीं सकते हैं। अगर थोड़ी वहुत कुछ भाषा समझते हैं तो वह भाषा है—हिन्दी भाषा। वही भाषा वंहा के लोगों के बीच चालु है। वंहा

कीजनसंख्या करीव ५० हजार है। इसलिए मेरा कहना है कि वंहा पर हिन्दी स्कूल खोलना वहुत जरूरी है। १९६९ साल में अब यहाँ यूनाइटेड फ्रान्ट-सरकार थी, तबभी यह प्रश्न उठाया गया था किन्तु आज वह सरकार खत्म होगई है। अब यहाँ पर गणतंन्त्र मोर्चा की सरकार कायम हुई है। यह सरकार ५ वर्ष तक यहाँ पर बनी भी रहेगी। इसलिए स्पीकर महोदय, मैं सरकार से निवेदन करूंगा कि वह उस इलाके में हिन्दी स्कूल की व्यवस्था वहुत जल्द करे।

अब यह गणतांन्त्रिक मोर्चा की सरकार यहाँ पर अच्छी तरह से चलेगी। इसलिए उसे गरीब जनता के भविष्य की और ओर वंगला देश की परिस्थिति जो खराबचल रही है, उस तरफ विशेष ध्यान देना चाहिए। हमारा इलाका वहुत पिछड़ा पड़ा हुआ है। आदिवासी भाईया की हालत वहुत खराव है। इसलिए उनकी उन्नति के लिए विशेष ध्यान दिया जाना चाहिए। मैं इस सरकार से निवेदन करता है कि मेटली नागरा काटा में हिन्दी स्कूल होना चाहिए। विजली बत्ती का प्रवंधा होना चाहिए। वंहा पर सरकारी स्कूल होना चाहिए। इन सब चीजों की वहाँ के अदिवाशियों के लिए वहुत आवश्यक है।

दार्जिलिंग डिस्ट्रिक्ट में १० चाय वगान वन्द पड़े हुए है। वहाँ पर ३-४ हजार मजदुर वेकार पड़े हुए हैं। कालिंपोंग महकुमा में कुमायुं चाय वगान को मालिक ने वन्द करदिया। इससे वहां पर ८५० मजदुर वेकार वैठेह ए हैं। मैं आशा करता हुँ कि मंन्त्री मण्डली इस पर जरूर विचार करेगी।

हमारा इलाका पिछड़ा ह आ इलाका है, इसलिए हम इस विधानसभा में अच्छी तरह से वोल नहीं सकते हैं। फिरभी चेष्टा करते हैं। दार्जिलिंग में वहनों के लिए हाई स्कूल नहीं है। वंहा पर हाई स्कूल जल्द से जल्ह होना चाहिए। कालिंपोंग में सरकारी अस्पताल नहीं है—पानी का प्रबंध नहीं है। इन सब चीजों का प्रवंध वहत जल्द इस सरकार को करना चाहिए।

बंगाल में नये २ कारखाने खुलने चाहिए ताकि लोगों को काम मिला सके। किन्तु चाय वगान के मालिक लोग फैक्टरी को आधा तोड़ २ कर दुसरी जगहों परले जा रहे हैं। इससे उनको मुनाफा वेसी मिलता है। एकतरफ तो उस इलाके की जनसंख्या बढ़ रही है और दुसरी तरफ वहाँ पर मालिक लोग कारखानों को आधा करके दुसरी जगहों पर लेजा रहे हैं। इससे वहाँ पर वेकारी वढ़ती जा रही है। सरकार को इस ओर नजर देनी चाहिए।

हमारे गणतांण्त्रिक मोर्चा के मुख्य मंन्त्री श्रीसिद्धार्थ शंकर राय नागराकाटा में गतरक २० फरवरी को गये थे। वहाँ पर मिटिंग करके आये। आशा करता हूँ कि मुरक मंत्री वहाँ के लोगों के पुरब-पर्व को पूरी तरह से दुरकरेंगे।

डंकन कम्पनी नागेश्वरी चाय वगान को तोड़कर फिलकर में लेजा रही थी। मजदुरों ने उसे रोक दिया। समझ में नहीं आता कि जहां पर १७ सौ एकड़ जमीन हैं वहाँ से क्यों यह कम्पनी उस जगह परले जारही हैं, जहाँ पर ६ सौ एकड़ जमीन है। इसिलिए मजदुरों ने इसे अटका कर रखा। इस तरफ सरकार को ध्यान देना चाहिए और नये २ कल-कारखाने वहाँ पर खोलने चाहिए। ताकि वहाँ के लोगों की हालत सुधरे और वेकारीं वहाँ के लोगों के वीच से दुरहो। डूयर्स तराई इलाके से कारखाने को तोड़कर ले जाने का कोई माने ही नहीं है। मैं सरकार से निवेदन करूंगा कि सरकार इधार ध्यान दे।

१९७० साल में मेरा ऐक्सीडेण्ट हो गया था, तव से मेरा चलना-फिरना वन्द हो गया था। आव भी लकड़ी के सहारे चलता हूँ। फिरभी वहाँ की जनता ने मुझको जिताकर यहाँ भेजा है, ताकि मैं इस असेम्बली में अपने इलाके के लोगों की अवस्था को रखूं और उनकी उवस्था की उन्नति के लिए सरकार से कहूं। हमारे इलाके के लोग वहुत परेशान हैं। लोगों में बेकारी है, गरीवी है—इस ओर सरकार को जल्द से जलद ध्यान देना चाहिए।

दार्जिलिंग जिला में १० चाय वगान वन्द हैं। उनके नाम निम्नलिखित हैं।

१—इमेन गुरुगं वगान
२—रेंगून रेन्चून वगान
३—मिनारस्पिलिंग वगान
४—धोत्रे
५—कोले मैली
६—मिसिंग वगान
७—टून सुँग वगान
८—समरिंग वगान
९—वलासंग वगान
१०—मेरिन वगान

ये दस वगान वन्द हैं। सरकार की ओर से इन वगानों को खोलने का इन्तजाम होना चाहिए, क्योंकि वहाँ पर ३-४ हजार मजदुर वेकार वैठेहुए हैं—वेतड़प रहे हैं। मैं सरकार से प्रार्थना करूंगा कि वह इस ओर विशेष ध्यान दे।

इतना ही कहकर स्पीकर महोदय को धन्यवाद देकर मैं अपना वक्तव्य शेष करता हूँ।

**শ্রীসুব্রত মুখার্জী** (২নং): মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, পশ্চিমবাংলার বিধানসভায় যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল রেখেছেন আমি সেই বিলকে সমর্থন জানাচ্ছি কারণ সেই বিলের মধ্য দিয়ে আমি বুঝতে পেরেছি তাঁর কাজ করবার সদিচ্ছা আছে। এই কাজের জন্য প্রয়োজন টাকার এবং সেই টাকা আমাদের বিভিন্ন উপায়ে সংগ্রহ করা দরকার। আমি আন্তরিকভাবে অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে রাজ্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি কারণ পশ্চিমবাংলা বিরাট একটা অর্থনৈতিক ঝুঁকি গ্রহণ করেছে। এই বিষয় আমরা সকলেই ওয়াকিবহাল আছি যে, শরণার্থী সমস্যা এবং বিগত বন্যায় যে সমস্ত খয়রাতি সাহায্য করতে হয়েছে এবং রাজ্যসরকার যেভাবে সাহসিকতার সংগে, আন্তরিকতার সংগে এই সমস্যার মোকাবিলা করেছেন, বিভিন্নভাবে বিভিন্ন খাতে যেভাবে ব্যয়বরাদ্দ করেছেন তাতে করে আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। সংগে সংগে আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, টাকার জন্য ভাল কাজ যেন বন্ধ না হয়, টাকা আমাদের আছে।

[ 3-40 - 3-50 p.m. ]

গোপন পথে আমরা জানি বহু টাকা চলে যায়, সেই টাকা আমাদের খুঁজে বার করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করি কারন তিনি নিজে একজন ব্যারিষ্টার, তিনি জানেন যে বিভিন্ন বিক্রয়কর ফাঁকি দেবার জন্য কত টাকা আমাদের সরকারের হাতে আসে না। তিনি নিজে ওয়াকিবহাল আছেন যে বিভিন্ন একচেটিয়া পুঁজিপতি, মহাজন তাদের দুটো করে খাতা থাকে। সেই দু নং খাতা মারফত ব্যবসা করে তারা হাজার হাজার, লক্ষ লক্ষ কোটি কোটি টাকা সরকারকে ফাঁকি দেয়। সেই টাকা সংগ্রহ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করে বলছি যে আমরা যে স্বপ্ন দেখছি গণতান্ত্রিক সমাজবাদে পৌছাবো তারজন্য প্রথম যে পদক্ষেপ দরকার সেটা হচ্ছে এই শোষকদের ক্ষমা করা চলবে না। দেশের এই সম্প্রদায় যারা প্রতারণা করছে সরকারের সঙ্গে, তারা তো জনগণের সঙ্গেও প্রতারণা করছে। সেই একচেটিয়া পুঁজিপতি, মহাজন যারা বছরের পর বছর এইভাবে প্রতারণা করছে তাদের ক্ষেত্রে কঠোর থেকে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মারফত অর্থমন্ত্রীর দৃষ্টি অকর্ষণ করি। এই কারণে করি যে আমরা দেখতে পাচ্ছি, টাকার অভাবে বহু সরকারী শিল্পত্তোগ বন্ধ হতে চলেছে, সমবায় প্রথায় যেসব প্রতিষ্ঠান গড়ে উঠেছিল সরকারী সাহায্যের অভাবে সেই সমবায় প্রতিষ্ঠানগুলি বন্ধ হতে বসেছে। আমার নিজের কেন্দ্র কাটোয়ায় চাষীরা যৌথভাবে খাজুরদিহী সমবায় হিমঘর তৈরী করেছিল। তার কারণ সেখানে যে হিমঘর আছে তাতে বিভিন্ন ধরনের কারচুপি হয়—ওজনে কম দেওয়া হয়, তাদের উপর শোযন চালানো হয়, সেইজন্য চাষীরা যৌথ উদ্যোগে খাজুরদিহী সমবায় হিমঘর তৈরী করেছে। কিন্তু ওয়ার্কিং ক্যাপিটাল সরকারের কাছ থেকে পাওয়া গেলেও চাষীদের বছরের যে সময় খোরাক থাকে না সেই সময় ঐ ব্যক্তিগত মালিক দাদন দেন কিন্তু এই সমবায় হিমঘর দাদন দিতে পারে না। সেইজন্য সেই সমবায়-হিমঘর আজকে বন্ধ হতে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত তাই আমি বলছি গোপন পথে যেখান দিয়ে টাকা বেরিয়ে যাচ্ছে সেই লিকেজের সন্ধান করে সেটা বন্ধ করা হোক এবং একচেটিয়া পুঁজিপতিদের, মহাজনদের ক্ষেত্রে যারা বিক্রয়কর ফাঁকি দিচ্ছে তাদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রাথমিক শিক্ষার খাতে, স্বাস্থ্য খাতে অনেক টাকা ব্যয় হয়েছে এবং হবে। মাননীয় অর্থমন্ত্রীর এবং অন্যান্য দপ্তরের তরফ থেকেও ব্যয়ের অনুমোদন চাওয়া হয়েছে এবং আমরা অনুমোদন দিয়েছি কিন্তু আমরা একটা অনুরোধ করবো যে এই সরকারী অর্থের কতটা জনকল্যাণে লাগে—কারণ আজকে হাসপাতালগুলির দিকে দেখলে দেখা যাবে সরকার যে টাকা বরাদ্দ করেন জনসাধারণের মঙ্গলের জন্য সেখানে রোগীর পথ্য চরি হচ্ছে। সুতরাং ব্যয়ের পরিমান দেখে সন্তুষ্ট হলে চলবে না সেই ব্যয়ের হিসাবের কারসাজি

অংশ জনগণের কল্যানের জন্য ব্যয়িত হচ্ছে সেদিকে দৃষ্টি দিতে হবে। শিক্ষাখাতে অনেক টাকা ব্যয় হয়েছে কিন্তু আজকে স্বাধীনতার ২৪ বছর পরেও দেখা যাচ্ছে ১০।১১ মাস শিক্ষকরা মাহিনা পাচ্ছেন না, তাঁরা অভুক্ত থাকছেন। তার কারণ হচ্ছে, আমলাতন্ত্রের কুড়েমী ঢিলেমী গাফিলতির জন্য বিল যায় না। সুতরাং শুধু টাকার অঙ্ক দেখলেই হবে না সেইগুলি ঠিকমত খরচ হচ্ছে কিনা সেদিকেও নজর রাখতে হবে। সঙ্গে সঙ্গে আমি অনুরোধ করি, যেখানে অপচয় হচ্ছে সেই অপচয় বন্ধ করতে হবে। সরকারী আমলারা সরকারের দেওয়া গাড়ীতে ব্যক্তিগতভাবে পরিবারবর্গকে নিয়ে ভ্রমণে বেরোন, সরকারের পেট্রোল, সমস্ত কিছু সরকারের খরচ হচ্ছে এতে সরকারের টাকা বেরিয়ে যাচ্ছে। সুতরাং টাকা খরচও যেমন হবে সঙ্গে সঙ্গে অপচয় বন্ধ করার জন্য আপনার মারফত অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Abdul Bari Biswas :** Sir, on a point of order, দু-একদিন ধরে লক্ষ্য করছিলাম বিধানসভা একটা খুব অসুবিধাজনক অবস্থায় পড়ে গেছে। আমাদের সীটের পাশে নীচে একটা বোতাম টেপার ব্যবস্থা আছে, এই বোতাম টেপার কোন সুযোগ আমাদের হচ্ছে না। ওদিকে যাঁদের থাকবার কথা ছিল, তাঁরা আসছেন না। দু-একজন যাঁরা আছেন, তাঁদের দ্বারাও বোতাম টেপার ব্যবস্থা হচ্ছে না। এগুলোকে অচল না রেখে সচল করার ব্যবস্থা কর উচিত।

**Shri Sankar Ghose :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যগণ এই বাজেটের উপর বিভিন্ন প্রস্তাব রেখেছেন। মাননীয় সদস্য কানাই ভৌমিক, নারায়ণ ভট্টাচার্য্য, সুব্রত মুখোপাধ্যায় এবং আরো অনেকে নানা রকম প্রস্তাব এখানে রেখেছেন। আমি এই সমস্ত প্রস্তাব বিশেষ যত্নের সাথে পরীক্ষা করে দেখবো। কর ফাঁকি সম্বন্ধে, অর্থের অপচয় সম্বন্ধে এবং আরো সমস্ত প্রতিশ্রুতি আমরা দিয়েছি, সে সম্বন্ধে আপনারা আমাদের অবহিত করেছেন। তার দিকেও বিশেষ দৃষ্টি অমরা দেব।

আর একটা কথা বলতে চাই আমরা এই বাজেটে যে ব্যবস্থা করেছি, তাতে বিশেষ করে গ্রামের উন্নয়ণের জন্য আমরা ব্যবস্থা করেছি, [ এটা ] পশ্চিমবাংলায় গ্রাম বাংলাই প্রধান এবং যে সমস্ত বরাদ্দ হয়েছে গ্রামের উন্নয়ণের জন্যই বিশেষ করে হয়েছে। C. M. D. A-এর জন্য যে বরাদ্দ হয়েছে, সেটা কেবল কলকাতার জন্য নয়, সেটা হচ্ছে বিভিন্ন মিউনিসিপ্যালিটাকে নিয়ে, কলকাতা ছাড়া ২৪ পরগণা, হাওড়া, হুগলী—এই সমস্ত নিয়ে। এই C. M. D. A-র যে পরিকল্পনা, তা' ৮ মিলিয়ণ মানুষের জন্য। কলকাতার যে জনসংখ্যা সে হচ্ছে ৩ মিলিয়ন। এছাড়া আমাদের যে সমস্ত বরাদ্দ আছে তা বিশেষ করে গ্রামের জন্য। আমরা এখানে বন্যার জন্য মানুষ যারা ক্ষতিগ্রস্ত হয়েছিল বিশেষ করে দরিদ্র মানুষ। তাদের জন্য ১৯৭১-৭২ সালের বাজেটে আমরা বরাদ্দ করেছি ৩৮ কোটী ২১ লক্ষ টাকা। এই সমস্ত টাকা গ্রামের উন্নতির জন্য ব্যয়িত হবে, বিশেষ করে ওখানকার দরিদ্র মানুষের জন্য। কৃষিক্ষেত্রে আমরা যা বরাদ্দ করেছি তাও গ্রামের জন্য। কৃষিখাতে বরাদ্দ করা হয়েছে ২০ কোটী টাকার উপর, আর আমরা পাবলিক হেলথে, মেডিকেল সার্ভিসে, ফ্যামিলী প্লানিং-এ, এই সমস্ত খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে, তার বেশীর ভাগই গ্রামের জন্য। মেডিকেল সার্ভিসের জন্য আমরা ২৭ কোটী টাকার বেশী বরাদ্দ করেছি ১৯৭২-৭৩ সালে। জনস্বাস্থ্য খাতে প্রায় ১০ কোটী টাকা বরাদ্দ করা হয়েছে এই বাজেটে। ফ্যামিলী প্লানিং-এর জন্যও বেশ কিছু টাকা বরাদ্দ হয়েছে। গ্রাম বাংলার উন্নতির জন্য আরো যেটা বরাদ্দ করা হয়েছে পশুপালন বিভাগে ও সমবায় বিভাগে, এই পশুপালন বিভাগে ২ কোটী ৬৫ লক্ষ টাকা এবং সমবায় বিভাগে ৪ কোটী ৩৪ লক্ষ টাকা।

*আমাদের শিক্ষাখাতেও বিশেষ বরাদ্দ হয়েছে। ১৯৭১-৭২ সালে বরাদ্দ হয়েছে ৮২ কোটী টাক এবং পয়লা জানুয়ারী ১৯৭২ সাল থেকে ১২০০ প্রাইমারী স্কুল গ্রামের জন্য মঞ্জুরী করা হয়েছে।*

[ 3-50—4-00 p.m. ]

বর্তমান প্রাইমারী স্কুলগুলির জন্য আরও ২ হাজার অতিরিক্ত শিক্ষকের ব্যবস্থা করা হচ্ছে ও ১লা জানুয়ারী ১৯৭২ থেকে এবং নতুন প্রাইমারী স্কুলের জন্য ৪,১০০ নতুন শিক্ষকের পে তৈরী করা হচ্ছে যেটা ১লা জানুয়ারী ১৯৭২ সাল থেকে কার্য্যকরী হয়েছে। আর আমাদের সবচো বড় পরিকল্পনা হচ্ছে গ্রামে বিদ্যুৎ পৌছে দেওয়া। আমরা ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌ দিতে চাই তবে সেটা ১ বছরে নয় সেটা বলা হয়েছে ২ বছরে অর্থাৎ ১৯৭৩ সালের ভিতর আমরা ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌছে দিতে চাই এই জন্য যে তার ফলে কর্মসংস্থানের ব্যবস্থা হ আর অমাদের কৃষির উন্নতি হবে। আমাদের যেটা লক্ষ্য সেটা হচ্ছে কৃষকরা ৩টি ফসল কর পারবে এবং তাদের যে আংশিক বেকারত্ব, বছরে কেবল ৩।৪ মাস কাজ পাচ্ছে তার বদলে ১২ মা কাজ যাতে পায় তার ব্যবস্থা করতে হবে। গ্রাম থেকে শহরে কেবল মানুষ চলে যাচ্ছে সেটা যা বন্ধ করা যায় এবং গ্রামকে যাতে সমৃদ্ধ করে গড়ে তুলতে পারি তার চেষ্টা করতে হবে। আ একটা হচ্ছে গ্রামের চাকুরী ব্যবস্থার জন্য জরুরী যে সকল কাজ তা করা হচ্ছে এবং এই কর্মসূ বাংলাদেশের ১৫টি জেলায় নেওয়া হয়েছে। সেচ খাতে গ্রামের জন্য অতিরিক্ত ১৯৭২-৭৩ সালে বাজেটে ৩১ কোটি ২৬ লক্ষ টাকা আছে। আমরা এই বাজেটেও এই বিষয়ে বন্দোবস্ত কর বিশেষ করে গ্রামের দিকে লক্ষ্য রেখে। আমাদের যে অর্থ যে সম্পদ আছে এই সম্পদ দি আমরা উন্নতিমূলক গঠনমূলক কাজ করতে পারিনা, যদি না আমরা ঘাটতি বাজেট করি। প্ল্যানি কমিশনের যে রিপোর্ট দিয়েছিল সেই রিপোর্টে ফোর্থ ফাইব ইয়ার প্ল্যান সম্বন্ধে কেন্দ্রীয় সরকা যে রিপোর্ট দিয়েছিলেন তাতেও তাঁরা ঘাটতি বাজেটের কথা বলেছিলেন। ফোর্থ ফাইভ ইয়া প্ল্যানে,১৯৬৯-৭৪-এর ভিতর তাঁরা এই ডেফিসিট ফিনানসিং সম্বন্ধে যা বলেছেন, তা আমি পড়ছি

"The scheme of finance includes Rs. 850 crores for deficit financing. Wit the stipulated growth in real income during the fourth plan there is case for corresponding expansion in money supply. Deficit financing may als be necessary for further activation of the economy. The annual amount o deficit financing will have to be determined in the light of emerging trend.

দেখতে পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার শুধু ৮৫০ কোটী টাকা ডেফিসিট ফিনানসিং-এর কথ বলেছেন ফোর্থ ফাইব ইয়ার প্ল্যানিং-এ। এখানে আমরা আমাদের ১৯৭২-৭৩ সালের যে ডেফিসি ফিনানসের কথা বলেছি, ঘাটতি বাজেটের কথা বলেছি, সেটা ৫ কোটী ৪৪ লক্ষ টাকা আ আমাদের গত বছরের অর্থাৎ ১৯৭১ ৭২ সালের ঘাটতি রয়েছে সেটা প্রায় ২৩ কোটি ৫৯ লক্ষ টাক এই ২৩।।০ কোটি আর ৫।।০ কোটি আমাদের প্রায় ২৯ কোটি টাকা ডেফিসিট হচ্ছে। আমাদে এই ২৯ কোটি টাকা মোট বাজেটের মধ্যে খুব একটা বড় ঘাটতি নয় আর আমাদের লক্ষ্যবে সফল করে তুলতে হলে কর্মসংস্থানের ব্যবস্থা করতে হলে, বিশেষ করে গ্রাম অঞ্চলের অবহেলি মানুষদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হলে আমাদের আজকে এই ঘাটতি বাজেট করা ছাড়া আ কোন উপায় নেই।

কারণ আমাদের যা সম্পদ আছে এই সম্পদ দিয়ে আমরা সমস্ত গঠন মূলক কাজ করতে পারবো না। আমরা কিছু ঋণ নিয়েছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর আমরা বলেছি ১০ কোটি টাকার আরও সম্পদ করতে হবে। এই ১০ কোটি টাকার সম্পদ আমরা যে আগামী বাজেটে দাবী রাখবো সেখানে কিভাবে এই ১০ কোটি টাকা আদায় করবো সেটা বিবেচনা করবো। অনেক মাননীয় সদস্য বলেছেন নূতন কর ধার্য করতে হবে, আবার অনেক সদস্য বলেছেন নূতন

কর ধার্য না করেও চলবে। যে সমস্ত কর ফাঁকি দিচ্ছে অনাদায়ী থাকছে আমরা সেগুলি আদায় করবার চেষ্টা করবো এবং নিশ্চয়ই তার ব্যবস্থা করতে হবে। শিল্পে শান্তি অব্যাহত থাকলে এখানে যে কর এই করের মাধ্যমে আমরা আরও অধিক সম্পদ পাবো, তবে এই ১০ কোটী টাকা তোলার জন্য আমাদের কি কি ব্যবস্থা নিতে হবে সেটা আরও ভালভাবে চিন্তা করতে হবে। আমাদের এই বাংলাতে যে শান্তি আছে আশা করি সেটা অব্যাহত থাকবে। আমাদের রাজ্যপাল বলেছেন আগেও বলেছিলেন যে আমাদের এখানে যে অশান্তি আছে সেটা কেবল ঘেরাওয়ের জন্য নয়। তবে ঘেরাওয়ের যে অবস্থা ছিল তার পরিসংখ্যান আমরা দিয়েছি। ১৯৬৭ সালের ঘেরাওয়ের সংখ্যা ছিল ৮১১ তারপর ১৯৬৯ সালে তার সংখ্যা হোল ৫১৭, তারপর ১৯৭০ সালে কমে কেবল ৬০ হয়েছিল আর ১৯৭১ সালে সেটা এসে দাঁড়ালো ২০। এই যে শিল্পে শান্তি সেটা আমরা বজায় রাখতে চাই এবং সেই সঙ্গে শ্রমিকদের যেটা ন্যায্য দাবী সেটা মেনে নিতেই হবে। আমাদের উদ্দেশ্য হোল দারিদ্র বণ্টন করা নয়, আমাদের উদ্দেশ্য হোল সম্পদ বণ্টন করা। দারিদ্র বণ্টন করা সমাজতন্ত্র আমাদের সমাজতন্ত্র নয়, আমাদের সমাজতন্ত্র সম্পদ বণ্টন করা সমাজতন্ত্র। কিন্তু আজকে যদি সামাজিক ন্যায় বিচার না থাকে তাহলে শ্রমিক ও মেহনতী মানুষের কাছে আশা করতে পারবো না যে তারা সম্পদ সৃষ্টি করবে। আজকে মানুষের আশা আকাঙ্ক্ষার প্রতি বর্তমান সরকার যাঁরা করেছেন বিশেষ করে শ্রমিক কৃষক ও মেহনতী মানুষের আশা আকাঙ্ক্ষা যাতে পূর্ণ হয় সে বিষয়ে সরকার সম্পূর্ণ সচেতন। আমরা এমন অর্থনীতি গড়ে তুলতে চাই যেখানে কোন বৈষম্য না থাকে যাতে মুষ্টিমেয় মানুষের হাতে সম্পদ কেন্দ্রীভূত হয়ে না যায়, যাতে সার্বিক ভিত্তিতে উন্নতি হয় সেটা আমাদের দেখতে হবে। আমাদের পশ্চিমবাংলা খুবই পিছিয়ে আছে। শুধু পশ্চিমবাংলা কেন সারা ভারতবর্ষ, তথা সারা এশিয়া আজকে পিছিয়ে আছে। এই পরিসংখ্যাণ যদি দেখেন তাহলে দেখবেন যে সারা পৃথিবীর ২।৩ অংশ মানুষ এই এশিয়ায়, আফ্রিকায়, ল্যাটিন আমেরিকায় আছে তারা সারা পৃথিবীর আয়ের ২০ শতাংশ পাচ্ছে। ইউ, এস, এ-তে মানুষ সারা পৃথিবীর মানুষের ৬% তারা পাচ্ছে সারা পৃথিবীর আয়ের ৪০%, ইউরোপে মানুষ ২৫% পাচ্ছে সারা পৃথিবীর আয়ের ৪০%। সুতরাং ইউরোপ ও যুক্তরাষ্ট্র মিলে ৮০% আয় চলে যাচ্ছে—বাকী থাকছে ২০% এশিয়া, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার জন্য। আজকে উন্নয়ণ পরিকল্পনায় আমাদের আশা অনেক, আমাদের শিল্পে তাই শান্তি বজায় রাখতে হবে। শিল্পে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য গতবার গণতান্ত্রিক সরকার কিছু আইন পাশ করেছিল, গ্রাচুইটি আইন পাশ করেছিল। ক্লোজার যাতে না হয় তার জন্য ক্লোজার করতে গেলে ৬০ দিনের নোটিশ দিতে হবে এই আইন পাশ করেছিল। আমাদের পশ্চিমবাংলাকে গড়ে তুলতে হবে। শহরাঞ্চল ও গ্রামাঞ্চলের অর্থনৈতিক উন্নতি আমরা করতে চাই, শ্রমিক ও সাধারণ মেহনতী মানুষের আশা আকাঙ্ক্ষা আমরা পূরণ করতে চাই এবং তার জন্য যে সমস্ত প্রতিশ্রুতি আমরা দিয়েছি তা পূরণ করতে আমরা বদ্ধপরিকর। যে সমস্ত বন্ধ কারখানা আছে সেই বন্ধ কারখানা খোলার জন্য আমরা আন্তরিক চেষ্টা করবো।

[ 4-00 to 4-20 p.m. ]

আমরা দেখেছিলাম জ্যোতিবাবু কলকারখানাগুলি বন্ধ করেছিলেন, আমাদের দায়িত্ব হবে এই কলকারখানাগুলি খোলা। তার জন্য অনেক অর্থনৈতিক চিন্তা আছে। তবুও এই সমস্ত রুগ্ন কলকারখানাগুলি আমাদের খুলতে হবে। আমরা কিছুদিন পরেই সেন-র‍্যালে কারখানা খুলছি এবং আমরা আরো কতকগুলি কটনমিলস খুলেছি। আমাদের এই নতুন সরকার হিসাবে আমরা আশা করছি যে সমস্ত কলকারখানা বন্ধ হয়ে গিয়েছিল সেগুলি আমরা আবার খুলতে পারবো এবং পশ্চিমবাংলায় যে একটা অস্বাভাবিক অবস্থা হয়েছিল, শিল্পপতিরা অর্থ বিনিয়োগ

করছিলেন না, পশ্চিমবাংলা থেকে মহারাষ্ট্র, তামিলনাড়ু ও নেপালে কলকারখানাগুলি চলে যাচ্ছিল সেটা যাতে না হয়, পশ্চিমবাংলার অর্থনীতিক্ষেত্রে যে স্থান ছিল সেই স্থান যাতে আবার ফিরে আসতে পারে তার জন্য এই সরকার চেষ্টা করবে এবং তার জন্য বাংলার মানুষের কাছে সহযোগিতা কামনা করি।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2, 3, Schedule and Preamble**

The question that clauses 1, 2, 3, Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sankar Ghose** : Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[ At this stage the House was adjourned for fifteen minutes. ]

(After Adjournment)

## The West Bengal Appropriation Bill, 1972

**Shri Sankar Ghose** : Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1972,

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1972, be taken into consideration.

[ 4-20—4-30 p.m. ]

Sir, under Article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution. The West Bengal Appropriation (No. 2) Act, 1971 authorised the payment and appropriation of certain sums from and out of the Consolidated Fund of the State of West Bengal towards defraying the several charges which came and will come in course of payment during the financial year 1971-72. During the present session the Assembly voted certain further Grants for the purposes of the year 1971-72 under the provisions of Article 203 read with Article 205 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under the provisions of Article 204 read with Article 205 of the Constitution to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of all the moneys required to meet the further Grants which have been so voted by the Assembly and also to meet further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any Grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these words I commend my motion for acceptance by the House.

**শ্রীনির্মল কৃষ্ণ সিংহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটের উপর বক্তৃতার সময় বিভিন্ন বক্তার কাছ থেকে যেরকম সমালোচনা শুনেছি তাতে আমাদের এই আশা হয়েছে যে ামরা যে সমস্ত গ্রাম এবং সহরে গঠনমূলক কাজ করতে অগ্রসর হয়েছি সেগুলি ভালভাবে করতে ারব। আজকে এই হাউসে যদিও বিরোধীপক্ষ নেই তথাপি আমরা যেভাবে গঠনমূলক মালোচনা করে চলেছি এবং এই যে আত্ম সমালোচনার মনোভাব এতে আমাদের গণতন্ত্র এবং ণতান্ত্রিকভাবে চলার পথ সুগম হবে বলে আমি মনে করি। আমি নিজে একজন শিক্ষক এবং সই জন্য আমি শিক্ষা সম্বন্ধে প্রথমেই কিছু বলব। আমি গ্রামের শিক্ষক এবং শিক্ষাপ্রতিষ্ঠানের য সমস্ত দুরবস্থা আছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। অধিকাংশ স্কুলে গভর্ণমেণ্ট থেকে যে নুদান এবং ডি. এ. দেন সেটা ঠিক সময়মত পৌছায় না। এ সম্বন্ধে শিক্ষকদের দীর্ঘদিনের দাবী াছে এবং এটা যাতে ঠিক সময়মত পৌছায় সেদিকে মাননীয় শিক্ষামন্ত্রী একটু দৃষ্টি দেবেন। ামার এলাকায় আমি নিজে ঘুরে ঘুরে দেখেছি এমন অনেক স্কুলে আছে যাদের ঘরবাড়ী আছে, থেষ্ট সংখ্যক ছাত্রছাত্রী আছে কিন্তু কি কারণে জানি না অর্থানুকুল্যের অভাবেই হোক বা অন্য য কোন কারণেই হোক সেই সমস্ত স্কুল এখন মঞ্জুরী পায় নি। আমি অমলপুরের কাছে এই কম একটি স্কুল দেখেছি। সেখানে যথেষ্ট সংখ্যক ছাত্রছাত্রী আছে, তাদের ঘরবাড়ী আছে, কন্তু আজ পর্যন্ত মঞ্জুরী দেওয়া হয়নি।

এ ছাড়াও জুনিয়ার হাইস্কুল পড়ে আছে সেগুলি যাতে অবিলম্বে মঞ্জুরি পায় বা স্বীকৃতি ায় সেদিকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকৃষ্ট করছি। স্যার, আর কটি বিষয় এই শিক্ষা প্রসংগে বলা দরকার। শিক্ষকরা আজকে পেনসান পাবার যোগ্য য়েছেন এবং অনেকেই দরখাস্ত করেছেন। আমি নিজে জানি ৫।৬ বছর আগে দরখাস্ত দেওয়া য়েছে কিন্তু সেইসব পেনসানের টাকা আজও পৌছায়নি। আমি মুরারই থানার একজন শক্ষকের কথা জানি যিনি পেনসান পাব পাব করে প্রত্যাশায় বসে থেকে থেকে দেহ-রক্ষা করেছেন কিন্তু আজও পেনসানের টাকা সেখানে পৌছায়নি। আমি তাই স্যার, আপনার াধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে অবিলম্বে এক মাসের মধ্যে সমস্ত পেনসানের দরখাস্ত বা প্রয়োজনীয় কাগজপত্র যাতে তৈরী হয় বা যাতে টাকা পায় তার ব্যবস্থা করুন। এর পরে স্যার, আমি আর একটা কথা বলছি। এর আগে ১৯৬৭ সাল থেকে আরম্ভ করে ১৯৬৯-৭১ সালে যত নেতা বা মন্ত্রী গিয়েছেন আমাদের বীরভূম জেলায়। বীরভূম জেলা অনগ্রসর জেলা, যদিও সেটা অনেকে বলেন না, ধানকল দেখে মনে করেন এটা শিল্পে উন্নত জেলা, এখানে একটিমাত্র শিল্প আছে সেটা হচ্ছে আহমদপুরে ন্যাশনাল সুগার মিল। কিন্তু সেটাও আজ ৮-১০ বৎসর হল ম্যানেজমেণ্টের দুরবস্থা দুর্নীতির জন্য বন্ধ হয়ে গিয়েছে। সেটা যাতে ঠিকমত চলে সেটাই আমাদের দীর্ঘদিনের দাবী। স্যার এ সম্বন্ধে আমরা লিখিত ষ্টাটিসটিকস্‌ ফিগার সহ দরখাস্ত বিভাগীয় মন্ত্রীর কাছে দাখিল করেছি এবং এটা যাতে অবিলম্বে খোলা হয় তারজন্য ব্যবস্থা করতে বলেছি। তা ছাড়া বীরভূমে ছোট ছোট শিল্প যদি গড়া যায় তাহলে বেকার সমস্যার সমাধান করা যায়। স্যার, এই প্রসংগে একটি কথা বলব। নির্ব্বাচনের সময় একজন সুগার মিলের মালিকের সংগে দেখা করেছিলাম। চালের যে কুঁড়ো বেরোয় তার থেকে তিনি বাইপ্রোডাক্ট নিজে উদ্যোগী হয়ে বার করেছেন। তাঁর হিসাব মত এর থেকে অন্তত ৫ কোটি টাকা রোজগার হতে পারে। এ বিষয়ে পরবর্তীকালে আমি সংশ্লিস্ট মন্ত্রী মহাশয়ের কাছে সমস্ত কিছু দাখিল করবো। তারপরে স্যার, গ্রাম উন্নয়ণ সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। টাকাও নাকি প্রচুর দেওয়া হয়েছে, ইলেকট্রিফিকেসানের কথা বলা হয়েছে। বলা হয়েছে ১০ হাজার গ্রামে ইলেকট্রিক যাবে। সেখানে ইলেকট্রিক গিয়ে কোন শিল্প উদ্যোগে ব্যবহৃত হবে না,

গুটিকতক মহাজন, গ্রামের যারা জোতদার তাদের বাড়ী আলোকিত হবে এ ছাড়া কিছু হবে না যেখানে ইলেকট্রিকের তার গিয়ে পৌঁচেছে অথচ তার সংলগ্ন গ্রামে ৪টি খুঁটি দিয়ে ক্যানেল থেকে লিফট ইরিগেসান করে হাজার বিঘা জমিতে জলসেচ হতে পারে। আপনারা সে দিকে নজর দিন। আমাদের বক্তব্য হল কোন্ কোন্ গ্রামে শিল্প যাবে সেটা কর্তৃপক্ষের খেয়ালখুশির উপর ছেড়ে না দিয়ে সেখানকার যারা প্রতিনিধি আছেন এবং স্থানীয় লোক তাদের পরামর্শ নিয়ে যেন করা হয়, কারণ এগুলি হচ্ছে বলে আমি ব্যক্তিগতভাবে জানি। স্যার, সবুজ বিপ্লবের কথা বলা হয়। সবুজ বিপ্লবের কথা বলে সরকার এবং সরকারী কর্মচারীরা কৃতিত্ব নেবার চেষ্টা করেন। কিন্তু স্যার, এ বছরের কথা বলছি উচ্চ ফলনশীল ধানের যে বীজ আই. আর. এইট ইত্যাদি এসব বীজ কোথাও পাওয়া যায়নি। আমার এলাকার লোক বোলপুর এবং বর্ধমান থেকে নিয়ে এসেছে, সেগুলি সেখানে সাপ্লাই করতে পারিনি। অথচ আমরা জানি সরকারী খরচে ব্লক ডেভালপমেণ্ট অফিসের আণ্ডারে এই সমস্ত বীজ তৈরি করবার জন্য ২।৩শো বিঘা জমি আছে, লক্ষ লক্ষ টাকা খরচ হয় এবং অনেক কর্মচারীও আছেন। এই যে বীজাগার স্থাপন করে বহু জমি ও টাকা দেওয়া হয়েছে এসত্বেও কেন সেলফ সাফিসিয়েণ্ট হওয়া যাবে না? সরকার যাতে সেখান থেকে কিছু পায় এবং যাতে অতিরিক্ত খরচ করতে না হয় সে দিকে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ করছি। এর পরে সারের কথা বলব। স্যার, আমরা কেমিক্যাল সারের উপর নির্ভরশীল হয়ে পড়েছি। কেমিক্যাল সার দেবার ফলে চাষের যে ক্ষতি হয় এটা কৃষি বিভাগ না জানতে পারেন কিন্তু গ্রামের চাষীরা জানেন। গ্রামের সয়েল ক্রমশঃ শক্ত হয়ে যাচ্ছে এবং জমির উপর একটা লেয়ার পড়ে যাচ্ছে, যাতে ফসল উৎপাদন কমে যাচ্ছে। মূল সার যদি আমরা না দিই তাহলে ফসলের উৎপাদন দিনের পর দিন কমে যাবে। চাষের জন্য এবং গরুতে খাবার জন্য খোলের প্রয়োজন হয়।

[ 4-30—4-40 p.m. ]

এই খোল যাতে কম দামে চাষীরা পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। আমি জানি আমাদের ভারত সরকার চিনি শিল্পকে বাঁচাবার জন্য কোটি কোটি টাকা সাবসিডি দেন। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে বিবেচনার জন্য প্রস্তাব রাখছি যে সাবসিডি দিয়ে এই খোল যাতে চাষীরা সবচেয়ে কম দামে পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। আর সার নিয়ে দারুণ ফাটকাবাজী চলে। আমাদের ওখানে প্রচুর আলু চাষ হয়। আমি খবরের কাগজে পড়েছি জাপান, হল্যাণ্ড প্রভৃতি জায়গায় কাঠায় ৬।৭ মণ আলু হয়। আমাদের ওখানেও প্রচুর আলু হয়। অন্য সময় খোলের দাম কম থাকে কিন্তু আলু চাষের সময় ৬।৭ আনা প্রতি কে, জি, তে বেড়ে যায়। আমাদের বীরভূমে ব্লকে ব্লকে গুদাম তৈরি হয়ে গেছে. কো-অপারেটিভের মাধ্যমে সাবসিডি দিয়ে যাতে খোল কম দামে চাষীদের দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। আর একটা কথা আমি বলতে চাই সেটা হচ্ছে এই যে আমাদের বীরভূম থেকে প্রচুর পরিমাণে খড় চালান যায়। এখন খড়ের দাম একশো টাকা কাহণ হয়েছে। খড়ের অভাবে লোকে গরু বেচতে আরম্ভ করেছে। গতবার আমরা এস. ডি. ও কে বলেছিলাম যে বীরভূম থেকে যদি খড়ের চালান বন্ধ না করা যায় তাহলে গরু খাদ্যের অভাবে মারা যাবে। তিনি বললেন যে এটা আইনে আটকান যাচ্ছে না, আমি কিছু করতে পারি না। সুতরাং এ সম্বন্ধে কিছু করা যায় কিনা সেটা ভেবে দেখবেন। আমি আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে কর্মচারী দিয়ে কোন কাজ হবে না। আমরা যেসব কাজের দায়িত্ব নিয়েছি যদি প্রতিটি বিভাগে প্রতিটি জায়গায় গান্ধীজীর মত নিষ্ঠাবান চরিত্রবান কর্মচারীও রাখেন তাহলেও সেই কাজ হবে না যদি জনসাধারণের প্রতিনিধিদের দিয়ে এই সমস্ত গঠনমূলক কাজ না করান যায়। আমাদের লাভপুর

থানার অন্তর্গত মিরবাঁধ বলে একটা গ্রাম আছে, সেখানে যদি একটা স্লুইস গেট করা যায় যেটা করতে মাত্র ১৫ হাজার টাকা খরচ হতে পারে, তাহলে সেখানে প্রচুর ফসল হতে পারে। সেখানে ১ বিঘা জমির দাম ৪ হাজার টাকা। ১৫/১৬ বিঘা জমির মালিক পাকা বাড়ী করেছে। কিন্তু জলের অভাবে সেখানে ফসল হয় না। প্রফুল্ল সেন মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন তাঁকে সেখানে নিয়ে যাওয়া হয়েছিল এই আশায় যে যদি সেখানে কিছু কাজ হয়। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোন কাজ হয়নি। আরো অন্যান্য জায়গায় স্লুইস গেট করার দরকার আছে। আমাদের ওখানে কাঁদর যাকে স্টীম বলে তার উপর যদি স্লুইস গেট দিয়ে জল বেঁধে রাখা যায় তাহলে বীরভূমের বহু জায়গায় ২-৩ বার ফসল হতে পারে। লায়েকপুরে এই রকম স্লুইস গেট করার দরকার আছে। আমাদের ওখানে আর একটি সমস্যা দেখা দিয়েছে। সাঁইথিয়া থেকে কাঁদি পর্যন্ত একটা রাস্তা আছে, সেই রাস্তা বন্যায় ভেঙ্গে গিয়েছিল। ময়ূরাক্ষীতে ৪ বার বন্যা হয়ে গেছে, সেই বন্যার কবল থেকে ঐ রাস্তাটিকে বাঁচাবার জন্য ময়ূরাক্ষীর উত্তর পাড় বরাবর সাঁইথিয়া থেকে ৬৭ মাইল উঁচু বাঁধ তৈরি করা হচ্ছে। এর ফলে নদীর দক্ষিণ দিকের গ্রামগুলি ধ্বংস হয়ে যাবে এবং ফসলের ব্যাপক ক্ষতি হবে। সেজন্য আমি প্রস্তাব করছি ময়ূরাক্ষী নদীর দক্ষিণ দিক বরাবর ঠিক প্যারালাল একটা বাঁধ তৈরী করে যাতে গ্রামগুলিকে বাঁচান যায় তার ব্যবস্থা করুন। আমাদের বীরভূমে ক্ষেত মজুরের সংখ্যা বেশী। সেই সংখ্যা আরো বৃদ্ধি পেয়েছে ব্যাপক উচ্ছেদের ফলে। জমি থেকে কৃষাণকে উচ্ছেদের বিরুদ্ধে যে আইন আছে সেই আইন দ্বারা কিছু করা যায় না। যদি জোতদারদের বেঁধে জেলে পুরতে পারেন তাহলে এই উচ্ছেদ বন্ধ হতে পারে। আজকে যে লোকগুলি জমি থেকে উচ্ছেদ হয়েছে তারা অভুক্ত থাকছে।

আমি শুনছিলাম আমাদের বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের জন্য আমাদের ৫ কোটি টাকা খরচ হয়েছে। খুব ভাল কথা মহৎ কাজে করা হয়েছে। যে শস্য উৎপাদন করা হয়েছে তা রিফিউজিদের খাওয়ান হয়েছে। কিন্তু তাদের খাইয়ে আমারা কি অভুক্ত থাকবো? এরজন্য ৭২ কেন ৭২ এর ২ গুন অর্থাৎ ১৪৪ কোটী টাকা দরকার হলে খরচ করতে হবে। তা থেকে ঐ সমস্ত ক্ষেতমজুরের খাওয়ার ব্যবস্থা করতে হবে। দরকার হলে টি, আর, ওয়ার্ক এর দরকার। দরকার হলে সব জায়গায়ই টি, আর চালু করতে হবে। আমি জানি ও অনেক বন্ধু সদস্য বলেছেন যে চোরাই টাকা আছে। এই লক্ষ লক্ষ টাকা বাঁচানোর জন্য যদি চার-পাঁচ জন লোক কে গ্রেপ্তার করা দরকার হয় তা কেন করবেন না? আজ তাঁদের বাঁচাতে হবে এই দাবী আপনার সামনে আমি রাখছি। তারা অভুক্ত থাকবে আর আমরা এখানে এসে চিৎকার করবো? ঐ সব আইনের বই কি সব দিয়েছেন যা আমি এখনও নিয়ে যেতেও পারি নি। দু'দিন পরে আমি আমার জায়গায় ফিরে যাব। আমাদের কি বই-কাগজে পেট ভরবে? এই সমস্তে একদানা শস্যও বেরবে না। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে অবিলম্বে আপনি বীরভূম জেলায় টি, আর দিয়ে এই সমস্ত লোককে বাঁচান। আমি নির্ব্বাচন করতে গিয়ে দেখেছি ঐ অমরপুর এলাকায় সেখানে গত বছর দুভিক্ষের সময় তাদের কয়েকটা পরিবারকে, যারা ঐ ক্যানেলের পাড়ে থাকে, তাদের এমন অবস্থাই হয়েছিল যে খাদ্যাভাবের দরুণ যে তাদের গরু খেতে দেওয়া হয়েছিল। তারা গরু খায় না। কিন্তু পেটের জ্বালায় পচা গরুর মাংস খেয়ে তাদের ১৬ জনের মত লোকের প্রাণহানী হয়েছিল। এই ঘটনা যদি ঘটে থাকে তাহলে আমাদের সমস্তই অরণ্যে রোদন করা হচ্ছে। আজ আমাদের এই সমস্ত লোকদের খাইয়ে পরিয়ে বাঁচিয়ে রাখতে হবে। আর একটি বিষয়ের প্রতি আমি আমার বক্তব্য রাখবো। আমার এলাকায় যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় সেটা আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই। সেখানে লক্ষ লক্ষ টাকা দেওয়া হোক, সেখানে আজ রাস্তা তৈরী করা হোক। সেখানে ট্রাঙ্ক ইমপ্রুভমেণ্ট করা হোক। লোকে কাজ পায় রাস্তা উন্নয়ণের মধ্য দিয়ে। টাকার প্রশ্ন আছে জানি। আমি

দেখছিলাম তামিলনাড়ুতে গ্রাম উন্নয়ণ পরিকল্পনার জন্য সেখানে মোটর গাড়ীর উপর সারচার্জ ধার্য করা হয়েছে শতকরা ১০ টাকা হিসাবে। আমাদের কলকাতায় এবং শহরাঞ্চলে প্রচুর গাড়ী, মোটর, ট্যাক্সি আছে তাদের উপর সারচার্জ ধার্য করে গ্রামে যাতে ফিডার রোড, মেন ইত্যাদি হয় তার ব্যবস্থা আমাদের করতে হবে। আমার নির্বাচনী এলাকা হাতেড় বলে গ্রামে সেখানে রাস্তা হয়নি বলে তারা সব ভোটদানে বিরত ছিল। যদি অন্যান্য গ্রামের লোকেরা এরূপ সংগঠিত থাকতো তাহলে আমার বিশ্বাস শুধু বীরভূম কেন সমস্ত জেলার শতকরা ৫০।৬০ ভাগ ভোট আর পড়তো না। রাস্তার সমস্যা গুরুত্বপূর্ণ সমস্যা। এই সমস্যার যাতে সমাধান হয় সে বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমানিক লাল বসরা**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি প্রগতিশীল গণতান্ত্রিক সরকার যে গ্রামীণ উন্নয়ণের পরিকল্পনা গ্রহণ করেছেন তাকে আমি আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য আরম্ভ করছি। আমি বাঁকুড়া জেলার রায়পুর কেন্দ্র থেকে এসেছি। এটা আদিবাসী সংরক্ষিত আসন। এই থেকেই বোঝা যায় যে এটা আদিবাসী অধ্যুসিত ও সমস্যা জর্জরিত এলাকা। আমি এখানে শুধু আদিবাসী সমস্যার কথাই উল্লেখ করছিনা সমস্ত সমস্যার কথাও বলছি। এই সমস্যাগুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা হল অন্যতম।

[ 4-40—4-50 p.m. ]

জেলা সদর শহর বাঁকুড়ায় বিভিন্ন লোককে কার্য উপলক্ষে বাসে করে আসতে হয়। কিন্তু মাঝখানে কংসাবতী নদীর জন্য এই যোগাযোগ বিঘ্নিত হচ্ছে। বর্ষার সময় এই বাস যোগাযোগ প্রায় বন্ধই থাকে। বর্ষার সময় নৌকার দ্বারা যেতে হয়। কিন্তু কোন কারণে যদি দেরী হয় তাহলে বাস পাওয়া যায় না এবং তারজন্য বহুলোকের বহু ক্ষতি হয়। এই অসুবিধার কথা সরকাবের দৃষ্টি আকর্ষণ করায় চিলতোড় ও রায়পুরের উপর সেতু নির্মাণের কাজ ১৯৬৫ সালে আরম্ভ হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত তা শেষ হয় নি। বর্ষাকাল বাদে অন্যান্য সময়েও নদী পরাপার হওয়া সম্ভব নয়। কারণ এর উপর যে চড়াগুলি আছে তাতে অনেক সময় ২০০।২৫০ টনের লরী বা ট্রাক চলতে পারে না বলে মাঝখানে তাকে unload করতে হয়। এই করার জন্য এক শ্রেণীর পোশাদার লোক সৃষ্টি হয়েছে, তারা গাড়ী খালি করে তা টেনে নিয়ে যায়। সেজন্য সেখানে ছোট ছোট সমস্ত ছেলেরা আছে তারা বড়লোক ডেকে নিয়ে আসে এবং ১০।১৫ টাকার বিনিময় এই কাজ করা হয়। ওখানকার প্রতিনিধি হিসাবে আমি মন্ত্রীমহাশয়ের কাছে একটা বলার সুযোগ পেয়েছি বলে আমি আনন্দিত। আমাদের ওখানে আর একটা বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা। শিক্ষিত ও আধা শিক্ষিত ছেলেদের মধ্যে এই সমস্যা খুব বেশী। আমি আগেই বলেছি আমাদের জেলা অনগ্রসর জেলা। সেখানকার অধিকাংশ লোক ক্ষেত মজুর। কিন্তু বছরের অধিকাংশ সময় সেখানে কাজ পাওয়া যায় না। সেজন্য চাষীরা মরশুম বাদে অন্যান্য সময়ে হুগলী বর্ধমানে কাজের জন্য চলে আসে। শিক্ষিত ছেলের সংখ্যাও অনেক বেশী। শহরাঞ্চলে চাকরীর কোন আশা নেই। গ্রামাঞ্চলের স্কুলে temporary কাজ পায়, কিংবা Deputation vacancy কাজ পায়। এই বেকার সমস্যা সমাধানের জন্য যে সমস্ত forest by product পাওয়া যায় তা নিয়ে সেখানে ক্ষুদ্র শিল্প করা প্রয়োজন। এ ছাড়া তৈলবীজ জাতীয় মহুয়া ফল, নিমফল ইত্যাদি যা পাওয়া যায় তা নিয়ে রাসায়নিক পদার্থ তৈরী করার জন্য ক্ষুদ্রশিল্প করা প্রয়োজন। এই ক্ষুদ্রশিল্প করে কলকারখানা চালু করার জন্য ১ ফসলা জমিকে দোফসলা করার জন্য বৈদ্যুতিকরণ করা প্রয়োজন। সেজন্য বৈদ্যুতিকরণের ক্ষেত্রের উপর গুরুত্ব আরোপ করতে অনুরোধ করছি। তৃতীয় হল, আমাদের ওখানে চিকিৎসার উপর অভাব। ঐ অঞ্চলে একমাত্র নির্ভরযোগ্য হাসপাতাল হচ্ছে সারেঙ্গা খ্রীষ্টীয় সেবা নিকেতন। কিন্তু ঐ কংসাবতী নদীর জন্য ১নং রায়পুর ব্লক থেকে সেখানে রুগীকে ডুলি করে বয়ে নিয়ে গিয়ে চিকিৎসা করান অসম্ভব-বিশেষ

করে delivery case-এ খুব অসুবিধা হয়। এই কারণে আমার থানাবাসীর কাছ থেকে বিভিন্ন জায়গায় স্বাস্থকেন্দ্র উন্নয়ণের একটা দাবী তারা আমার কাছে দিয়েছেন আমি সেটা এই সভায় উপস্থাপিত করছি। উচ্চশিক্ষা অর্থাৎ কলেজীয় শিক্ষার অভাব অনুভূত হচ্ছে। সারেংএ একটা সাব অফিস আছে। তার অনেক ব্রাঞ্চ অফিস আছে। সেখানে সেভিংস্ ব্যাংক, পোষ্টাল অর্ডার, ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট সব পাওয়া যায়। কিন্তু একটা অভাব আছে সেটা টেলিগ্রামের। তার কোন ব্যবস্থা নাই। আমার মনে হয় সেখানে একটা টেলিগ্রামের অফিস করলে অনেক সমস্যার সমাধান হয়।

**শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রগতিশীল অর্থমন্ত্রী গ্রাম বাংলার উন্নয়ণের জন্য যে আশার বাণী শুনিয়েছেন এবং বাজেটে গ্রাম বাংলার জন্য যে প্রভিসন রেখেছেন তাতে মোটামুটি আশান্বিত। কিন্তু দুঃখের বিষয় গত ২৪বছরে আমাদের অনেকে আশার বাণী শুনিয়েছে কিন্তু গ্রাম বাংলায় যাঁরা আছেন তাঁরা অন্ধকারে আছেন, আলোর রেখা আমাদের কাছে এসে পৌছায়নি। আমি যে কেন্দ্রের নির্বাচিত প্রতিনিধি সেই কেন্দ্রে ১৬৪ গ্রাম আছে। আপনারা শুনলে আশ্চর্য্য হবেন এবং অনেক সদস্য আশ্চর্য্য হবেন যে আজ পর্যন্ত একটাও হেলথ সেণ্টার হয় নি। তিন লক্ষ লোকের বাস এবং উদ্বাস্তু উপনগরীতে বাস করি সেটা ডাঃ বিধান চন্দ্র রায় করে করেছিলেন এবং সেখানে প্রায় এক লক্ষ উদ্বাস্তু বাস করেন। একটা বয়েজ হোম ৪।৫ লক্ষ টাকা ব্যয় করেছিলেন, কিন্তু পড়ে আছে। আমরা বারবার বলেছিলাম অন্তত একটা স্বাস্থ্যকেন্দ্র খুলুন। কিন্তু বারবার আশ্বাস দেওয়া হয়েছে এবং বারবার তা ব্যর্থ হয়েছে। তাই যখন আশ্বাস শুনি তখন মনে হয় যে, সমস্ত আশ্বাস বাণী শুনিয়েছেন তা পক্ষপাতিত্বের জন্য হোক বা আমলাতন্ত্রের লালফিতার জন্যই হোক সেই প্রগতিশীল কাজ নাও হতে পারে। আমরা হয়ত নির্বাচন কেন্দ্রে গিয়ে বলবো অর্থমন্ত্রী যে সব প্রগতিশীল কাজের কথা বলেছেন অর্থাৎ গ্রামে বৈদ্যুতিকরণের কাজ, রাস্তাঘাটের ব্যবস্থার কথা, স্বাস্থ্য কেন্দ্রের কথা, টিউবওয়েলের কথা। কিন্তু এই জিনিষ বাস্তবে রূপায়িত হবে কিনা সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে। কারণ আমরা পাড়া-গাঁয়ের মানুষ দীর্ঘদিন পড়ে পড়ে মার খেতে খেতে একটা সন্দেহ সঞ্চারিত হচ্ছে। আজকে দীর্ঘ-দিন ধরে তারা অবহেলিত। আমাদের কংগ্রেস সরকার যে সুব্যবস্থার প্রতিশ্রুতি রেখেছেন সেই বক্তব্যে অনুপ্রাণিত হয়ে অর্থমন্ত্রীর বক্তব্যকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বলছি মাননীয় অর্থ-মন্ত্রী আপনি দয়া করে ডাঃ রায় যে উপনগরী তৈরী করেছিলেন, সেতো লুপ্তপ্রায়, একটা রাস্তাও মেরামত হয়নি, ২০ বছরে কোন উন্নয়নমূলক কাজ হলো না। একটা স্পিনিং মিল আছে। মাননীয় আনডারটেকিং মিনিষ্টার এখানে এখন নেই। এই স্পিনিং মিল তৈরী করা হয়েছিল উদ্বাস্তুদের কাজ দেওয়ার জন্য। প্রথম বছরে কয়েক লক্ষ টাকা লাভও করে। কিন্তু আমলা-তান্ত্রিক সুযোগ্য পরিচালনার জন্য প্রত্যেক বছর লাভের জায়গায় এখন ১০।১৫ লক্ষ টাকা লোকসান হচ্ছে। ইউনিয়ন কর্তৃপক্ষ যখন মাল পাচার হয় তখন দেখিয়ে দিয়েছিলেন। ওয়েস্টেড কটনের সাথে ভাল সুতো পাচার হয়ে যাচ্ছে। ইউনিয়ন কর্তৃপক্ষ দেখিয়ে দেওয়া সত্ত্বেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। এইভাবে গভর্ণমেণ্ট আনডারটেকিংএ কোনটায় ২ কোটি কোনটায় ৫ কোটি কোনটায় বা লক্ষ লক্ষ টাকা লোকসান হচ্ছে।

[ 4-50—5 p.m. ]

সেজন্য অর্থমন্ত্রীকে অনুরোধ জানাই যাতে এফিসিয়েণ্ট ম্যানেজমেণ্ট হয় তার দিকে লক্ষ্য রাখুন এবং যে সমস্ত সেক্রেটারী যাঁরা এই সমস্ত কাজ দেখাশুনা করছেন তাঁদের সঙ্গে ব্যক্তিত্ব নিয়ে কথা বলবেন, তাঁদের কথায় সায় না দিয়ে আপনারা নিজেদের ব্যক্তিত্ব নিয়ে দৃঢ় পদক্ষেপে জনজীবনের কল্যাণ সাধন করার চেষ্টা করুন এবং সেই অঞ্চলের প্রতিনিধিদের সঙ্গে, সেই অঞ্চলের

গিয়ে পৌঁচেছে কিনা এবং সেখানে ঠিকমত ব্যয় হচ্ছে কিনা এবং কাজ হচ্ছে কিনা। এই আশা নিয়ে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং আশা করি আপনারা যে আশা ব্যক্ত করেছেন সেই আশা গ্রামাঞ্চলে আগামী দিনে বিধানসভায় আসবার যদি সুযোগ পাই তাহলে তা কতখানি কার্যকরী হয়েছে সেইভাবে আমার বক্তব্য রাখব।

**শ্রীসুকুমার ব্যানার্জী**: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের অর্থমন্ত্রী ওয়েস্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েসান বিল যা এখানে এনেছেন তাকে আমি সমর্থন করছি। অর্থ বরাদ্দ সম্পর্কে এই সভা .কান ঢিলেমী বা কোন কার্পণ্য করে নাই এবং বিভিন্ন খাতে যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেই অর্থ যদিও প্রয়োজনের তুলনায় উপযুক্ত নয় তবুও এই কথা বলতে পারি যে আমাদের অর্থমন্ত্রীর এই বিলে এমন কিছু কিছু সুনির্দিষ্ট কর্মসূচী আছে যার দ্বারা সত্যই পশ্চিম বাংলার জনগণের কল্যাণ করা সম্ভবপর। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় প্রশ্ন সেখানে নয়, প্রশ্ন সেখানে এই যে টাকা শিক্ষা খাতে বা কৃষি খাতে বা শিল্প উন্নয়ন খাতে বা বেকার সমস্যা সমাধানের জন্য ব্যয় করা হচ্ছে তা যথাযত ব্যয় হচ্ছে কিনা সেদিকে লক্ষ্য রাখা দরকার। আজকে প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন সংবাদপত্রে দেখছিলাম, আজকে তিনি বলেছেন শিল্প উন্নয়ন, শিক্ষা সমস্যা এবং গ্রামাঞ্চলে চিকিৎসার অপ্রতুলতা এবং ঢিলেমী তাঁকে ভাবিয়ে তুলেছে। সত্যিই ঠিক তাই। এবং তাই এই যে সমস্ত সমস্যা আছে তার মোকাবেলা করার জন্য সুনির্দিষ্ট বাস্তব সমস্ত কর্মসূচী প্রয়োজন। গত ২৫ বছর ধরে এই বিধান সভায় অনেক জন কল্যান মূলক আইন হয়েছে, কিন্তু সেটা বাস্তবে রূপায়িত হয়নি বলেই জনগনের এত দুঃখ এত দুর্দশা। সমাজতন্ত্র এবং অন্যান্য যে সমস্ত কথা রাজনৈতিক শাস্ত্রে ব্যবহৃত হয় সুদূর বাংলা দেশের পল্লী অঞ্চলে সেই বাউড়ি পাড়া, বাগদি পাড়া, সাঁওতাল পাড়া, তাদের কাছে এর কোন অর্থ নেই। তারা ভূগর্ভ রেলও বোঝে না, তারা হেলিকপ্টারও বোঝে না, তারা চায় একটু নুন আর ভাত। তাই যে সমস্ত পরিকল্পনা, যে সমস্ত কল্যাণের কথা বলা হচ্ছে তা যদি জন-জীবনে সকল স্তরে পৌঁছে না দেওয়া যায়, যদি মাঝপথে সরকারী কর্মচারীদের অসাধুতা এবং অকর্মণ্যতার জন্য পরিকল্পনা নষ্ট হয়ে যায়, যদি বরাদ্দ টাকা ফেরত চলে যায়, তার চেয়ে পরিতাপের বিষয়, লজ্জার বিষয়, অগৌরবের বিষয় আর কিছু হতে পারে না। তাই আমি বলছি অনেক বিল তৈরী হয়েছে, এই বিধান সভায় অনেক আইন তৈরী হয়েছে কিন্তু সেই আইন যদি কাগজের বোঝা হয় এবং সংগে সংগে যে সমস্ত পরিকল্পনার ফিরিস্তি হয়েছে সেই ফিরিস্তি যদি পশ্চিমবাংলার সুদূর গ্রামের সবচেয়ে দরিদ্রতম লোকের কাছে না পৌঁছায় তাহলে সমস্ত কিছু ব্যর্থ হতে বাধ্য। তাই আমি বলছি যে টাকা কৃষি খাতে এবং স্বাস্থ্য খাতে খরচ করার কথা বলা হয়েছে তাতে আমরা সন্তুষ্ট এবং বলা হয়েছে যে এপ্রিল মাস থেকেই হাসপাতালে রোগী পিছু ৮ আনা পথ্য বাড়ান হবে কিন্তু পশ্চিমবাংলার অধিকাংশ স্বাস্থ্য কেন্দ্রে ও হাসপাতালে আমরা কি দেখি—দেখি যে রোগীর পথ্যে আরশুলা, টিক্-টিকি, আবর্জনা রয়েছে, আর চুরি করে রোগীর পথ্য খাচ্ছে হাসপাতালের অসাধু সরকারী কর্মচারীরা।

[ 5-00—5-10 p.m. ]

হাসপাতালে কি দেখি, সেখানে ডাক্তার নেই, চিকিৎসা হয়না রোগীদের। সুতরাং এই যে গলদ এই গলদ আমাদের দূর করতে হবে। শিক্ষা খাতে যে কথা বলা হয়েছে, বৈপ্লবিক না হলেও নিশ্চয়ই তা অভিনন্দন যোগ্য। কিন্তু আমরা ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক যে শিক্ষা ব্যবস্থা সেই শিক্ষা ব্যবস্থা সম্পর্কে কিছু আশার বাণী শুনবার জন্য ব্যগ্র হয়েছিলাম কিন্তু যদি না হয়ে থাকে তাহলে দুঃখের কিছু নেই, পরে হবে। আমরা পশ্চিমবাংলার সার্বিক কল্যানের জন্য আইন রচনা করছি, আমরা অর্থ বরাদ্দ করছি কিন্তু আমাদের পশ্চিমবঙ্গের শিল্পের যে অবস্থা, অর্থ নৈতিক অবস্থা এত দুর্দশাগ্রস্ত যে ভারতবর্ষে অন্য কোন রাজ্যে নাই। ডাঃ বিধান চন্দ্র রায় কল্যাণের স্বপ্নে ষ্টেট ট্রানসপোর্ট কর্পোরেশন, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, দুর্গাপুর প্রজেক্ট তৈরী করলেন পশ্চিমবঙ্গের

সমস্ত অর্থনীতিকে কেন্দ্রীভূত করে। কিন্তু কি দেখছি আজকে, পশ্চিমবঙ্গে প্রতিটা ক্ষেত্রে দেউলিয়া অবস্থায় পৌচেছে। দুর্গাপুর প্রজেক্টে উৎপাদন হয় না, লোকসান যায়। আর দেখছি কি, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অবস্থাও ঠিক তাই। তাই আমি বলছিলাম হরিয়ানা সরকার যে ব্যবস্থা করেছে, প্রতিটা জেলা স্তরে, প্রতিটা মহকুমা স্তরে, ব্লক স্তরে সরকার যে নির্দেশ দিয়েছেন, সরকার আদেশ দিয়েছেন যে এই সময়ের মধ্যে কাজ শেষ করতে হবে। যে জেলা শাসক, যে মহকুমা শাসক, ব্লক অফিসার সেই কাজগুলি করবে তাকে পুরস্কৃত করা হবে। না করতে পারে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে। আমি এইগুলি পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রীদের কাছে, উপাধ্যক্ষ মহাশয়,আপনার মাধ্যমে রাখছি যেন এখানেও তাঁরা সেই ব্যবস্থা প্রবর্তন করেন। তাই আমি বলতে চাই, আইন জনগনের জন্য আইনের জন্য জনগন নয়, বিধান সভা জনগনের জন্য বিধান সভার জন্য জনগন নয়, মন্ত্রীমণ্ডলী জনগনের জন্য মন্ত্রীমণ্ডলীর জন্য জনগন নয়। ঠিক তাই আমি আজকে বলছি অর্থনৈতিক খাতে যে ব্যয় বরাদ্ধ করা হয়েছে তার বাস্তব রূপায়ন প্রয়োজন। আজকে আমরা দেখছি যে দুর্গাপুর প্রজেক্ট মার খাচ্ছে, মার খাচ্ছে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, মার খাচ্ছে ষ্টেট ট্রান্সপোর্ট করপোরেশন, আজকে ষ্টেট বাস চলে না। দুর্গাপুর ইসপাত কারখানায় লোকসান হয় অথচ দুর্গাপুর ইসপাত কারখানার পাশেই বার্ণপুর ইস্পাত চুল্লী, প্রাইভেট সেকটার, সেখানে মুনাফা হয়। তাই আমি বলছিলাম স্পীকার মহাশয়,আজকে এর বাস্তব রূপায়ণ প্রয়োজন। সরকারী অফিসারদের সর্বস্তরে বলে দেওয়া প্রয়োজন পশ্চিমবঙ্গের কর কল্যাণ আর এক মিনিটের জন্যেও থামতে পারে না, এই সময়ের মধ্যে করতে হবে। যে করতে পারবে সে পুরস্কৃত হবে, না করতে পারলে শাস্তি বিধান করা হবে, এর কোন ক্ষমা নেই। এই কয়েকটি কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানী পাল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা না বলে পারছিনা। মন্ত্রী মহাশয়ের ইচ্ছা ছিল তিনি চেয়েছিলেন যে পশ্চিমবাংলার সামগ্রিক উন্নতি হোক, পশ্চিমবাংলার সব বেকার চাকরি পাক, কৃষির উন্নতি হোক, পশ্চিমবাংলার শ্রমিকদের উন্নতি হোক। এটা তিনি চেয়েছিলন, এটা তাঁর মনে ছিল তা বুঝতে পারি। এইজন্য কৃষি খাতে ব্যয় বরাদ্দ বাড়িয়ে ১৭ কোটি থেকে ২০ কোটি করেছেন কিন্তু সমস্যা যা তাতে তিন কোটি টাকা বাড়িয়ে এই সমস্যার সমাধান করা যায়না। কিছুক্ষণ আগে আমার এক বন্ধুবর বললেন যে বাড়াচ্ছেন তিনি কিন্তু প্রয়োজনের তুলনায় তা কতটুকু। একটা ডেভালপিং কান্ট্রিতে ডেফিসিট বাজেট থাকবে তার তা না হলে ওয়েল্‌থ জেনারেট করতে পারবেনা। সম্পদ যদি না বাড়াতে পারেন তাহলে বেকার সমস্যার সমাধান করবেন কি করে। আমাদের আত্মবিশ্বাস নেই, এই বাজেট দেখে একটা কথা বারবার মনে হচ্ছে যে আমাদের আত্মবিশ্বাসের কিছুটা অভাববোধ আছে। তার কারণ হল সরকারী প্রচেষ্টায় যতগুলি কারখানা যতগুলি উদ্যোগ সব জায়গায় কোটি কোটি টাকা লোকসান। আমরা যে জনসাধারণের কাছে টাকা চাইবো, বলবো যে বেকার সমস্যার সমাধান করবো, কৃষির উন্নতি করবো, জল সেচ করবো, কলকারখানা গড়ে তুলবো, তোমরা টাকা দাও। তারা ভাববে কাদের কাছে টাকা দেবো। যে সমস্ত সরকারী পরিচালনায় কলকারখানা রয়েছে, ষ্টেট বাস ইত্যাদি রয়েছে, যাতে তারা হাত দিয়েছেন লোকসান হয়েছে। কয়েকদিন আগে আমি খবরের কাগজে দেখলাম মাত্র ইট তৈরির একটা কারখানা ছাড়া প্রত্যেক জায়গায় লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা লোকসান হচ্ছে।

জনসাধারণের যদি ভরসা থাকে যে লোকসান হবেনা, আমরা সম্পদ তৈরী করতে পারব, হাত তুলে জনসাধারণ এগিয়ে আসবে, এই টাকায় ওয়েল্‌থ জেনারেট হবে, টাকা আমরা ফেরৎ দিতে পারব, তাদের ছেলেমেয়েদের চাকরি হবে, পশ্চিমবাংলায় উন্নতি হবে। টাকার অভাব

আমাদের কেন থাকবে? এই যে আজকে আমাদের পরিকল্পনার অভাব হচ্ছে তার কারণ হচ্ছে আমাদের আত্মবিশ্বাস নাই। আমাদের নিজেদের সন্দেহ আছে যে আমরা পশ্চিমবাংলা সমস্যার সমাধান করতে গেলে সে কাজে আমরা পরিপূর্ণভাবে সফল হব কিনা। আমরা যাঁ নির্ভর করি সেই আমলাদের উপর যারা দীর্ঘদিন ধরে ইন্‌এফিসিয়েন্ট ওয়েতে কাজ করছে, যার দীর্ঘসূত্রী, নানা রকম দুর্নীতিতে যুক্ত, যারা দেশের সম্পদ তৈরীর কাজে না লেগে, নিজেদে সমস্ত প্রচেষ্টা নিয়োজিত করেছে নিজের সামাজিক উন্নতির জন্য, পারিবারিক উন্নতির জন্য, কেব নিজের পদোন্নতির জন্যই সমস্ত প্রচেষ্টা এবং পাওয়ার বায় করেছে, তাহলে কিছু হবেনা। আজকে আমাদের দেখতে হবে যে এ জিনিষ আর চলতে পারেনা। আজ পশ্চিমবাংলা এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে যে আজকে যদি আমরা সমস্যার সমাধান করতে না পারি তাহলে জনসাধারণ বিশেষ করে পশ্চিমবাংলার যুবকরা আর সহ্য করবেনা। আমার এ সম্বন্ধে বিসদ্‌ভাবে বলার সময় নাই, আমি তাই যে এলাকা থেকে এসেছি, সেই এলাকা সম্বন্ধে কিছু বলছি।

আমি উত্তর বাংলা থেকে এসেছি। উত্তর বাংলার উন্নয়নের কথা আগেও বলেছি, অনেক বার বলা হয়েছে। কিন্তু উত্তর বাংলার উন্নয়নের জন্য বাজেটে কোন প্রভিশন হয়নি। তিস্তা প্রকল্পে সামান্য কিছু টাকা ফেলে দেওয়া হয়েছে। তিস্তা, জলঢাকা, কালচিনি নদীগুলির উন্নতি যদি সম্ভব না হয় তাহলে উত্তর বাংলার উন্নতি সম্ভব হতে পারেনা। আজকে দেশের যদি উন্নতি করতে হয় তাহলে কতকগুলি বেসিক জিনিষ দরকার। উত্তর বাংলার বেসিক ষ্ট্রাকচার বলতে সংযোগ ব্যবস্থা এবং কৃষির উন্নতি প্রয়োজন। সেখানে যদি কৃষিভিত্তিক ইন্‌ডাষ্ট্রী গড়ে তোলা না যায় কৃষিজীবীদের এম্‌প্লয়মেণ্ট হতে পারেনা। আর বিদ্যুত যদি না থাকে কলকাখানা গড়ে উঠতে পারেনা। যদি যোগাযোগ ব্যবস্থা না হয় তাহলে যে ফসল উৎপন্ন হবে সেগুলি মার্কেটিং করতে পারব না। আজকে কৃষকরা সেখানে যে ফসল ফলাবে—লাউ, কুমড়ো, আলু সেগুলির যদি সংরক্ষণ ব্যবস্থা না হয়, এই আলু কুমড়ো, লাউ চার আনার জিনিষ চার পয়সার বিক্রী করতে হবে। সারাদিন চাষী খেটে যে ফসল ফলাবে তার দাম পাবেনা।

উত্তর বাংলা চা বাগান অঞ্চল বলে বলা হয়ে থাকে। উত্তর বাংলার চা বাগানের উন্নতির অংশ পুজিপতি ছাড়া সাধারণ লোক পায়না। চা বাগানের শ্রমিকদের জন্য আইন করেছেন অনেক—প্ল্যাণ্টেশন লেবার ওয়েলফেয়ার এ্যাক্ট এই রকম নানা রকম আইন করা হয়েছে, কিন্তু তার অধিকাংশই চালু হয়নি। চা বাগানে ষ্ট্যান্‌ডিং অর্ডার বলে একটা জিনিষ আছে, সেখানে কোন শ্রমিক যদি ইন্‌টক্‌সিকেটেড্ হয়ে যায়, তাহলে তাকে ডিস্‌মিস্ করা হবে। কিন্তু চা বাগানের মালিক যদি মদ খেয়ে চুর হয়ে আসে, দেশী মদ নয়, বাইরে থেকে আমদানী করা মদ খেয়ে চুর হয়েও যদি আসে, তাহলেও সে এই ষ্ট্যান্‌ডিং অর্ডারের আওতায় আসেনা। তাকে ডিস্‌মিস্ করা যায়না। চা বাগানের শ্রমিক আজকে যদি এক মুঠো চা নিয়ে যায় তার বাড়ীতে খাওয়ার জন্য, তাহলে তার চাকরি যায়, তাকে চার্জশীট দেওয়া হয়, তাকে ডিস্‌মিস্ করা হয়। কিন্তু মালিক আণ্ডার ইন্‌ভয়েস করে লাভবান হয়, তাহালে কিছু হয়না। সেখানে হাউসিং স্কীম রয়েছে, যে সমস্ত খড়ের ঘর আছে, গরু পোষার জন্যও সেগুলি উপযোগী নয়, আইনে আছে সেই ঘরগুলি সব পাকা করতে হবে।

সেই আইন হবার পর ১৫ বছর কেটে গেছে অথচ থার্টি পারসেণ্ট বাগানে এখনও পর্যন্ত পাকা ঘর হয়নি এবং তারজন্য গভর্ণমেণ্ট কোন এ্যাকসন—ও নিচ্ছেনা। এ্যাকসন নেবার বেলায় দেখছি কেবল শ্রমিকরা। আমার বক্তব্য হচ্ছে একটা সামাজিক স্তরে এরকম প্রভেদ কেন থাকবে? একজন ম্যানেজারের ইন্‌সপেক্সন বাংলো যদি দেখেন তাহলে দেখবেন সেটি একটি অমরাবতী পুরী। এইসব বাংলো আমাদের গভর্ণর হাউসকেও হার মানিয়েছে। সেখানে

এয়ার কণ্ডিসনের ব্যবস্থা রয়েছে, মোমের আলো দেওয়া হলঘর যেখানে ডান্স হয়। এরই পাশে দেখবেন সম্পদ সৃষ্টিকারী শ্রমিকের বাড়ী সেখানে থাকার জায়গা নেই, বৃষ্টি হলে জল পড়ে। আজকে যে শ্রমিক সম্পদ তৈরী করে তার অবস্থা হচ্ছে এই, অথচ আমরা বলছি শ্রমিক কল্যাণ করছি। শ্রমিকের যেটা বেশি প্রয়োজন সেটা মেটাবার ব্যবস্থা নেই, তার স্বাস্থ্যের ব্যবস্থা নেই, তার রিক্রিয়েশন, তার ওয়েজেজ অর্থাৎ যেগুলি তার প্রয়োজন তার কোন কিছুরই ব্যবস্থা নেই। একজন শ্রমিক তো আর মেসিন নয়। একটা মেসিনকে গ্রিজিং করতে হয়, তাকে রেষ্ট দিতে হয়। কাজেই একজন শ্রমিককে গ্রিজিং দিতে হলে তাকে মেডিকেল ফেসিলিটি দিতে হবে, তার এডুকেশনের ব্যবস্থা করতে হবে। আমরা অনেক আইন করেছি কিন্তু তা ইমপ্লিমেনটেড হয়নি। মালিকদের ক্ষেত্রে প্রসিকিউসনের ব্যবস্থা আছে ৫০ টাকা থেকে ২০০ টাকা পর্যন্ত ফাইনের ব্যবস্থা আছে, কিন্তু তাতে কিছু হয়না। আমরা প্রভিডেন্ট ফাণ্ডের ক্ষেত্রে আইন করেছি। কিন্তু আপনারা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন চা-বাগানের মালিকরা লক্ষ লক্ষ টাকা ওয়ার্কার্সের পোর্সন যেটা তারা ডিডাক্ট করেছে সেটা জমা দেয়নি। কিন্তু তাদের পি, ডি, এ্যাক্ট, পি, ভি, এ্যাক্ট বা এম আই এস্ এ তে ধরা হচ্ছেনা। আমরা কেস্ দিয়েছি কিন্তু কিছু হয়নি। এমনও দেখা গেছে লোক মারা গেছে অথচ প্রভিডেন্ট ফাণ্ডের টাকা পাওয়া যায়নি। এরকম সামাজিক প্রভেদ যদি থাকে তাহলে এইসব শ্রমিকরা বলবে সমাজবাদ ভাঁওতা। আমরা শ্রীমতী ইন্দিরা গান্ধীর কথা বলে ভোট নিয়েছি কাজেই আমাদের এইসব দিকে লক্ষ্য রাখতে হবে। আমি এই হাউসে কয়দিন ধরে শুনছি আমার বন্ধুদের কথা, আমাদের মন্ত্রী মহাশয়দের কথা যে, আমরা সমাজবাদের শপথ নিয়েছি। কাজেই বলছি সরকার যেন নিশ্চেষ্ট হয়ে বসে না থাকেন, সমাজবাদের মাধ্যমে আমাদের এইসব করতে হবে। তারপর আমাদের জলের ব্যবস্থা করতে হবে। আমার কন্সটিটিউএন্সীতে বানাহাট বলে একটা জায়গা আছে সেখানে জলের ব্যবস্থা নেই এবং শুনলে অবাক হবেন সেখানে এক ভাঁড় জলের দাম ৮ আনা। মানুষ তৃষ্ণায় জল পায়না, আগুন লাগলে জল পাওয়া যাচ্ছেনা এরকম অবস্থা চলছে। এই সামাজিক প্রভেদ আমাদের দূর করতে হবে এবং সেইজন্য সিনসিয়ারিটি নিয়ে, সেই ভিউ পয়েণ্ট নিয়ে আমাদের শক্ত হাতে এগিয়ে যেতে হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীআবদুস্ সত্তার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের অর্থমন্ত্রী মহাশয় য বিল এনেছেন সেই বিলকে সমর্থন করে আমি ২।১ টি কথা আপনার সামনে রাখব। আমরা গত ২০শে মার্চ তারিখে এখানে এসেছি এবং আজকে হোল মাসের ৩০ তারিখ অর্থাৎ ১০ দিন হোল আমরা এখানে এসেছি। এই ১০ দিনে আমরা সব কিছু করব কিংবা সব হয়ে যাবে একথা বলছিনা এবং সে সম্ভাবনাও নেই। অনেক মাননীয় সদস্য তাঁদের এলাকার কথা বিভিন্নভাবে ব্যক্ত করেছেন এবং কলিং এ্যাটেনসনের মাধ্যমেও বলেছেন। আমি নিজে কৃষিমন্ত্রী এবং তার সঙ্গে মোটামুটি সেচ ব্যবস্থাও আমার দপ্তরে আছে। Calling attention এর মাধ্যমে মোটামুটি কেউ জল পাচ্ছেনা, কেউ সার পাচ্ছেনা, এই অভিযোগ এসেছে, আমিও দপ্তরে খবর নিয়েছি এবং খবর নেবার পরে দেখেছি সত্যই যা দরকার তা আমরা দিতে পারিনি। কেন দিতে পারিনি তার একটা কারণ আমি আপনাদের সামনে দেবো, তবে এটুকু বলছি যে আমাদের achievements in agriculture এত বাধা বিপত্তি সত্ত্বেও কিছু করেছে। আপনারা জানেন গত বছর বন্যায় প্রায় ১৪টি জেলার মধ্যে ১০টি জেলা ভেসে গিয়েছিল। তার মধ্যে সবচেয়ে বড় affected জেলা হচ্ছে মালদহ, মুর্শীদাবাদ, নদীয়া, হাওড়া, মেদিনীপুর, বর্দ্ধমানের আংশিক, বীরভূমের আংশিক এবং আরও কয়েকটি জেলায় হয়েছিল। তবে সবচেয়ে বেশী affected জেলা হচ্ছে মালদহ, মুর্শীদাবাদ, এবং নদীয়া। আপনারা জানেন এর ফলে আমাদের ফসল প্রায় নষ্ট হয়ে গেছে 8.2 lakh tonnes। এই বন্যার ফলে আমাদের target মোটামুটি

Wheat এবং Boro Cultivation-এর মাধ্যমে বাড়াবার চেষ্টা করেছি। আমাদের এই পশ্চিম-বাংলার গত Census অনুসারে লোকসংখ্যা ৪ কোটি ৪৪ লক্ষে এসে দাঁড়িয়েছে। আমরা যদি প্রত্যেকটি ব্যক্তিকে ১৬ ounce per head per day দিই তাহলে আমাদের দরকার হচ্ছে 80.5 lakh tonnes অর্থাৎ ৮০ লক্ষ ৫ হাজার টন cereals। আমাদের পরপর ১৯৬৯-৭০ সালে, ১৯৭০-৭১ সালে, ১৯৭১-৭২ সালে এই তিন বছর কোন জায়গায় drought, কোন জায়গায় flood হয়েছে। তবে আমাদের যেটা target ১৯৭১-৭২ সালে ছিল ৭৫ lakh tonnes of wheat, we have achieved that. আমাদের 4th Five Year Plan-এর সময় target হচ্ছে 85 lakh tonnes আমরা সেদিকে অগ্রসর হচ্ছি এবং আপনারা দেখবেন, ১৯৬৭-৬৮ সালে আমাদের wheat cultivation with high yielding variety ছিল ৭৭ হাজার একর সেখানে ১৯৭০-৭১ সালে ৯ লক্ষ একরে wheat cultivation হচ্ছে এবং Boro ধানের ব্যাপারে ১৯৬৮-৬৯ সালে ১ লক্ষ ২৬ হাজার একর জমি ছিল, সেখানে ১৯৭০-৭১ সালে ১৪ লক্ষ একর জমিতে বোরো ধান with high yielding variety cultivation-এর আওতায় নিয়ে এসেছি। মোটামুটি ছুটো জিনিস যদি হয় তাহলে আমি বলছি আমরা self sufficiency'র দিকে এগিয়ে যেতে পারবো। আমাদের Irrigation এর দরকার এবং fertilisers এর দরকার। এই Fertilisers এর ইতিহাস মোটামুটি ছুঃখজনক। এই কারণে যে indegenous fertilisers যেটা আমাদের দেশে সেটা হচ্ছে আমাদের পশ্চিমবাংলায় কোন Factory নেই।

তাই পশ্চিমবাংলায় ফার্টিলাইজার সব বাহিরে থেকে আনতে হচ্ছে। বাহিরে থেকে অর্থাৎ যেটা ফরেন থেকে ইম্পোর্ট করতে হয়, তার পরিমাণও খুব যথেষ্ট নয়। এর উপর পশ্চিমবাংলার বাইরে থেকে যে সমস্ত ফার্টিলাইজার আনতে হচ্ছে, সেটা আনতে গেলে যে ওয়াগন দরকার, তাও ঠিকমত যথেষ্ট পাওয়া যাচ্ছে না। বিভিন্নরকম ভাবে বাধা বিপত্তি আমাদের সামনে আসছে। তবুও যে ফার্টিলাইজারটা আমরা দিয়েছি সে সম্বন্ধে কয়েকটা তথ্য আপনাদের সামনে দিচ্ছি। তা থেকে দেখা যাবে 1970-71 Fartilizers Netrogenous যেটা দিয়েছি তার পরিমাণ 46,675 tonnes যেটা 1971-72 তে up to জানুয়ারী '৭২তে হয়েছে 47,092 tonnes. আর 1972-73 আমাদের টার্গেট হচ্ছে 90,000 tonnes. এটা আমরা সামনের বছরের জন্য রাখছি। আপনাদের phosphetic যেটা 1970-71-তে দিয়েছি, 12,392 to nnesup to January '71-72এ আরো বেশী। আর আমাদের টার্গেট হচ্ছে 1972-73 সালে ৩৫ হাজার টোন্স। পটাশ যেটা ১৬,৫৭৯ টোন্স। আর জানুয়ারী পর্য্যন্ত যেটা হচ্ছে ১৮,৫৪২ টোন্স। এই বছর 1972-73 এর জন্য আমরা টার্গেট রাখছি ৩০ হাজার টোন্স। এখন এগুলি রাখা সত্বেও There are difficulties. আমি বুঝতে পারছি- আজকে C.M.D.A.র জন্য অনেক টাকা খরচ করা হচ্ছে। অবশ্য কলকাতার জন্য খরচ করা দরকারও আছে। কিন্তু এটাও ঠিক আমি মন্ত্রী হিসাবে বলছি গ্রাম বাংলার অর্থনৈতিক কাঠামোকে আমরা যদি পরিবর্তন করতে না পারি, গ্রাম বাংলার অবস্থা যদি ফিরিয়ে আনতে না পারি আজ শতকরা ৮০ কি ৯০ জন লোক যাদের এখনো খাওয়া পরার ব্যবস্থা আমরা করতে পারি নাই ভাল ভাবে, সেই ব্যবস্থা যদি আমরা না করতে পারি, যদি কেবল সমস্ত দেশকে পঙ্গু রেখে মুখে রক্ত জমাই, তাহলে বিশেষ কিছু লাভ হবে না। তাই আমি বলছি কলকাতার দিকে যেমন আমাদের লক্ষ্য থাকবে, তার সঙ্গে সঙ্গে ডেভেলপমেন্টের কাজ যে সমস্ত জেলায় আমরা এখনো করতে পারি নাই, সেই সমস্ত জেলায়ও আমাদের কাজ ত্বরান্বিত করতে হবে। সাধারণ মানুষ, গরীব চাষী, গরীব শ্রমিক তারা অনেক আশা করে আজকে আমাদের এখানে পাঠিয়েছে, যারা এতদিন শুধু বড় বড় কথা বলেছিল গরীবের জন্য তারা দু-দু বার যুক্তফ্রন্ট সরকার গঠন করেও গরীবের জন্য কিছু করে নাই, কেবল হিংসার রাজনীতি দেশে আমদানী করেছিল, তার ফলে সাধারণ মানুষ বিশ্বাস করেছিল আমরাও কিছু করতে পারবো না।

' আমরা তাদের বলেছিলাম তোমরা স্থায়ী সরকার আমাদের দাও, দেশের শান্তি ফিরে হুক। আমরা নিশ্চয়ই গরীব লোকের জন্য কিছু করতে পারবো। আজকে তাই গণতান্ত্রিক জবাদের কথা আমরা বারবার বলে আসছি, এখনো বলছি। কিন্তু আজকে একথা ঠিক জবাদের কথা যখন বলছি আজকে তাই কেবল মন্ত্রীদেরই দায়িত্ব নয়, আজকে দায়িত্ব সমস্ত সের। সমস্ত সভ্যদের যাঁরা প্রতিশ্রুতি দিয়ে এসেছেন সেই প্রতিশ্রুতি পালন করা সকল সভ্যেরও জকে কর্তব্য কেবলমাত্র মন্ত্রীমণ্ডলীর নয়। আমি বলছি যদি কোন মন্ত্রী সেই সমাজবাদের থেকে বিচ্যুত হচ্ছেন দেখা যায়, যদি দেখা যায় যেকথা জনগণকে বলে এসেছেন তা থেকে সরে ছন, আমি বলবো সে সম্বন্ধে সমালোচনার অধিকার প্রত্যেক সদস্যেরও থাকবে। বিরোধী ার দু একজন ছাড়া আর সকলে তো এখানে আসা বন্ধ করে দিয়েছেন। কাজেই এখন সে য়িত্বও আপনাদের পালন করা দরকার।

20—5-30 p.m.]

আমি আপনার কাছে এইটুকু বলব যে, এর আগে ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী আমি দুবার াাম। আমি দেখেছি আইন পাশ করা হয়েছে প্রগ্রেসিভ আইন, আইন পাশ করার পরেও া গিয়েছে এই আইনকে ফাঁকি দিচ্ছে অনেকে। যারা সমাজবাদী কথা বলে, যারা বড় বড় া বলে সেই সমস্ত লোককেও দেখা গিয়েছে সেই আইনকে ফাঁকি দেবার চেষ্টা করছে। জকে সব চেয়ে বড় বিপদ যখন আপনি ল্যাণ্ড রিফর্ম এ্যাকট পাশ করিয়ে ভাবলেন যে সব জমি া আসবে, গরীবের হয়ে যাবে, তখন তারা হাইকোর্টে কেস করে দেবে। আরও অনেকে ছে যারা জমি লুকিয়ে রেখেছে কৃষকের নামে-আত্মীয় স্বজনের নামে। তারা কেবল লুকিয়ে খছে তাই নয় তারা আমাদের কর্মচারীদের সাহায্য নিয়ে এই কাজ করছে। কর্মচারীরা দের এইসব জমি লুকিয়ে রাখার ব্যাপারে সাহায্য করে। তারা কর্মচারীদের টাকা পয়সা য় এই ব্যবস্থা করেছে। যখন এই ৭ নম্বর ফর্ম দাখিলের আইন হয় তখন দেখা গিয়েছে তারা কোর্টে গিয়ে বন্ধ করে দিয়েছে। ৭ নম্বর ফর্ম যেটা ফেমিলি ভিত্তিক দাখিল করতে হবে াও আজকে বানচাল হতে চলেছে, হাইকোর্টে কেস করার ফলে। তবে আপনাকে াচ্ছি আমি কিছুক্ষণ আগে জানতে পারলাম সেটা নাকি ভেকেট হয়ে গিয়েছে। তাই আমি ছি আমাদের মুখ্যমন্ত্রীও বলেছেন, যারা আইনকে ফাঁকি দেবে আর জমি লুকিয়ে রাখবে তার আইন আছে, পেনাল ক্লজ আছে। আমি জানি কিন্তু এই পেনাল ক্লজে কিছু হবে না। ই তাদের মিসা করে আটকে রাখতে হবে। সেই আটক রাখার ব্যবস্থা যদি না হয় তাহলে মার মনে হয় তারা আইনকে ফাঁকি দেবে। আজকে আমি বলব শ্রমিক ভাইদের সম্বন্ধে ঐ কলকারখানা বন্ধ হয়ে যাবে অমুক হয়ে যাবে ইত্যাদি বলে যদি তাদের ঠকান হয় বা তাদের ভিডেণ্ট ফাণ্ড ফাঁকি দেওয়া হয় তাহলে আমি মনে করি আমরা অনেক প্রগ্রেসিভ আইন রছি এবং এই আইন করার পরেও যদি এমপ্লয়াররা শ্রমিকদের দ্রারিদ্রের সুযোগে দেখা যায় দের ফাঁকি দেবার চেষ্টা করছে, সে ক্ষেত্রেও ঐ আইন প্রয়োগ করা হবে তাতে কোন দ্বিধা করা া না। আজকে অনেকে অনেক বড় বড় কথা বলেছেন কিন্তু আমরা যেটা করতে চাইছি া করব, এইটুকু আমি আশ্বাস দিতে পারি। তবে আমি জানি এইটা বিরাট সমস্যা আজকে, বেকার সমস্যা হাজার হাজার ছেলের। আমরা যে কোরে পারি কলকারখানা করে হোক ন করে হোক আমরা চাকরীর ব্যবস্থা যদি না করতে পারি তাহলে জানবেন এই সমস্ত ছেলেরা, পনি এম, এল, এ কি আমি মন্ত্রী হয়ে বসে থাকব আর তারা তাকিয়ে দেখবে, তা দেখবে না। ই জন্য আমাদের কিছু কনক্রিট প্রপোজাল নিতে হবে এবং এগিয়ে যেতে হবে। আজকে চেয়ে সুখের কথা যে সেনট্রাল গভর্ণমেণ্ট, কেন্দ্রীয় সরকার এগিয়ে এসেছে। আজকে আমরা মে ইলেকট্রিফিকেশন করতে পারব বলে ১০ হাজার গ্রামের পরিকল্পনা নিয়েছি। আমার

বিশ্বাস যে এই দুই বছরের মধ্যে এইটা আমরা করব। এই কথা আমি বলেছি আমা মুখ্যমন্ত্রী বলেছেন এবং আমাদের অর্থমন্ত্রীও বলেছেন। এই ১০ হাজার গ্রামে যদি বিদ্যু সরবরাহ করতে পারি তাহলে আমার বিশ্বাস যে বেকার সমস্যার কথা বলছি এর দ্বারা আম সেই সমস্যার অনেকটা সমাধান করতে পারব।

তার সঙ্গে কৃষির দিক থেকে আমি বলবো যে পাম্প সেটই বলুন আর লিফ্‌ট ইরিগেসন বলুন তা ডিজেলে চালাবার জন্য চাষে অনেক খরচ হচ্ছে। চাষের খরচ করে তাদের যা থাকে তাতে তাদের পোষাচ্ছে না। আজকে মালটিপল ক্রপ একাধিক ফসল ফলাতে গেলে সেচে প্রয়োজন এবং সেখানে খরচ বেশ হচ্ছে। তাই গ্রামে ইলেকট্রিফিকেসন ছড়িয়ে দিতে হবে সেটা নির্ভর করছে বিদ্যুৎ সরবরাহের উপর। আমি আশা করি পশ্চিমবাংলা আগেকার রূ নিয়ে এগিয়ে যাবে। একদিন পশ্চিমবাংলা অন্য প্রদেশকে পথ দেখিয়েছে সেই পশ্চিমবাংলা অবস্থা আজকে সবার পিছে যে ছিল পাইওনিয়ার। এর চেয়ে দুঃখের কথা আর কিছু হ পারে না একথা আমাদের মুখ্যমন্ত্রীও বলেছেন। পাওয়ারের জন্য, ষ্টেট প্ল্যানের জন্য যুক্তফ্র আমলে টাকা ছিল ৮ কোটি ৯৪ লক্ষ টাকা ১৯৭২-৭৩ সালে সেখানে ১৯ কোটি টা দেওয়া হয়েছে। এইভাবে প্রত্যেক আইটেমে দেখবেন যেমন হেলথে যুক্তফ্রণ্ট আমলে ছিল ২ কোটি ৩৮ লক্ষ টাকা সেটা এবারের বাজেটে হয়েছে ৪১ কোটি ৩৫ লক্ষ টাকা। এডুকেশনে দেখবে ৬৪ কোটি ৭৪ লক্ষ টাকার জায়গায় ৮৯ কোটি টাকা ধরা হয়েছে, তারা কেবল বড় বড় ক বলেছেন। এইভাবে আমরা অগ্রসর হবার চেষ্টা করছি। এতে অনেক বাধা বিপত্তি আসবে আমি বলবো যে আমাদের যদি আন্তরিকতা থাকে যদি সততা থাকে যদি আমরা মনে করি যে, টাকা আছে তাতে আমরা কাজ করবো তাহলে নিশ্চয়ই কাজ হবে। আমি গ্রামের মানুষ গ্রা ঘুরেছি। আমরা দেখেছি যে ডিসট্রেসড পিপলসদের রিলিফ দেবার জন্য যে ষ্টেট রিলিফ দেওয় হোত সেখানে হিসাব নিয়ে দেখবেন আমি মন্ত্রী হিসাবে বলছি সেখানে দুর্নীতির কারণে ষ্টে রিলিফের জন্য যদি ১২ আনা দেওয়া হয় সেখানে ৪ আনা কাজ হয়। গ্রামে গ্রামে, ব্লকে ব্লকে দেখে এসেছি কাউকে যদি লোন দেওয়া হয় যেটা অতি অল্প টাকা হয়তো মাত্র ৫০ টাকা সেখানে অসৎ কর্মচারী যারা আছে, অনেক অসৎ গ্রাম সেবক আছে তাদের ১০।৫ টাকা ভাগ দিতে হয় এই দুর্নীতির মূলচ্ছেদ করতে হবে। মন্ত্রীরা রাইটার্স বিল্‌ডিংয়ে বসে সব মূলচ্ছেদ করতে পারবে না। আমি প্রত্যেকটি সদস্যকে বলবো যদি কোন কর্মচারীর এই দুর্নীতি দেখেন চাষী বা গরীব লোককে ঠকাচ্ছে বা অসাধু উপায়ে ঘুষ খাচ্ছে তাহলে সে যে কেউই হোক না কেন এই জিনিসের প্রতিকার নিশ্চয়ই আমরা করবো। আমাদের প্রশাসনকে দুর্নীতিমুক্ত করতেই হবে। আমরা মন্ত্রী হয়ে যদি দেখি কোন মন্ত্রী দুর্নীতির আশ্রয় নিয়েছে বা কোন সভ্য দুর্নীতির আশ্রয় নিয়েছে এই রকম অভিযোগ আসে, অবশ্য অভিযোগ এলেই সত্য হবে এমন নয় মিথ্যাও হতে পারে তাহলে নিশ্চয়ই আমরা তা দেখবো। আমাদের সেক্রেটারীরা যদি অসৎ হয় তাহলে নিম্নকর্মচারী নিশ্চয়ই অসৎ হবে। এই দুর্নীতি যদি দূর করতে হয় তাহলে আমি বলবো প্রশাসনকে দুর্নীতিমুক্ত করতে হবে। আমাদের মুখ্যমন্ত্রীও এ বিষয়ে বারবার বলেছেন যে প্রশাসনকে আমরা দুর্নীতিমুক্ত করবো। তা না হলে আমরা যত বড় কাজ করার ইচ্ছা করি না কেন সমাজবাদের কথা বলি না কেন এই সমাজবাদে আমরা এগিয়ে যেতে পারবো না।

**[5-30—5-40 p.m.]**

এই সঙ্কল্প নিয়ে এসেছি। আজকে সেই পথে যদি কেউ বাধা দেয়, সে যেই হোক না কেন, সে যত বড় অফিসার হোক না কেন আমি বলবো তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে কুণ্ঠাবোধ করবো না। আপনাদের আমি বলছি, আজকে আমাদের আত্মসমালোচনা করতে হবে।

াজকে দেখতে হবে আমরা ঠিক আছি কিনা, কারণ আমরা যদি ঠিক না থাকি তাহলে আমরা াদের নিয়ে কাজ করবো তাদের কাছেও সেই জিনিস আশা করতে পারবো না। আমাদের র্থমন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন সেই বাজেট আমরা ২০ তারিখে আসার ৪ দিন পরে হয়েছে। র্ণাঙ্গ বাজেট পরে আসবে তখন নিশ্চয়ই আলোচনা করে সব দিক বিচার বিবেচনা করে রাখবো বং সেই বাজেট হবে পিপল্‌স বাজেট এবং যেখানে দুঃখী মানুষ, গরীব মানুষ, খেটে খাওয়া ানুষ, শ্রমিকের জন্য, গ্রামের অধাহারে যারা আছে তাদের প্রতি নিশ্চয়ই আমরা লক্ষ্য রাখবো ই প্রতিশ্রুতি দিয়ে এসেছি। আমি আরো বলছি গত বন্যায় অনেকের ঘরবাড়ী পড়ে গেছে, খেছি লোক ঘর করতে পারেনি। হাউস বিলডিংস গ্রাণ্ট নিয়ে যে টাকা রেখেছে তার মধ্যে নীতি ঢুকেছে। আজকে সেই হাউস বিল্‌ডিং গ্রাণ্ট নিয়ে এবং অন্যান্য অনেক ব্যাপার নিয়ে র্থাৎ কৃষি লোন, হাউস বিলডিং গ্রাণ্ট, গ্রুপ লোন বিভিন্ন দিক থেকে আজকে চাষীদের ত্যিকারের দুর্বিসহ অবস্থা। আমি কৃষিমন্ত্রী হিসাবে বলছি কৃষির ব্যাপারে, সেচের ব্যাপারে ত্যিকারের যদি আমার ডিপাটমেণ্টের কোন রকম গাফিলতি থাকে তাহলে নিশ্চয়ই আমার ষ্ট আকর্ষণ করবেন। সেচ এবং সীড-এর ব্যাপারে অনেক সময় দেখা যায় যে সেই সীড রকার যেটা সাপ্লাই দেয় সেটা ঠিক সময় মত পৌছায় না। আবার যখন বি, ডি, ও অফিসে য় সেখান থেকে আবার ঠিক সময়ে ডিষ্ট্রিবিউশান হয় না এবং তার ফলে দেখা যায় অনেক ময় যে, গরীব চাষী বীজ না পাবার ফলে কষ্ট ভোগ করে ফসল হয় না। আমি কৃষিমন্ত্রী হিসাবে াপনাদের বলছি অবশ্য আর একটি দপ্তর আমার হাতে আছে যেটা লোকের দরকার, সেটা হচ্ছে ল সরবরাহ। আমি অনেক গ্রামে ঘুরি এবং তার ফলে আমার অভিজ্ঞতা হয়েছে, আমি দেখেছি অনেক জায়গায় টিউবওয়েল নাই যেখানে আছে সেটা খারাপ হয়ে আছে। টিউবওয়েলের আইনকানুন এখানে আছে তাতে আমার মনে হয় একটা টিউবওয়েল খারাপ হলে সাব-াসিষ্ট্যাণ্ট ইনজিনিয়ার জেলার কোন হেড কোয়াটারে থাকেন তাকে খবর দেয়, তারপর সেখান াকে মেটিরিয়াল নিয়ে আসে, এই রকম বিভিন্নভাবে এমন একটা অবস্থার সৃষ্টি হয় যে একটা উবওয়েল খারাপ হলে ভাল করার কোন রাস্তা থাকেনা। আমি আপনাদের সামনে বলছি যে ামি একটা কমিটি ব্লক লেভেলে করার কথা ঠিক করেছি। সেই ব্লক লেভেল কমিটি তারা াখানে বি, ডি, ও চেয়ারম্যান হিসাবে থাকবেন। প্রত্যেকটি অঞ্চল থেকে লোক নিয়ে করার লে যদি কোন টিউবওয়েল খারাপ হয় তাহলে রিপোর্ট করবেন সপ্তাহের মধ্যে যাতে ভাল হয় সেই কম নির্দেশ থাকবে এবং প্রত্যেক ব্লক লেভেলে একজন করে সাব-এ্যাসিষ্ট্যাণ্ট ইনজিনিয়ার যাতে কে তার জন্য ডিপার্টমেণ্টকে নির্দেশ অলরেডি দিয়েছি। আপনারা অনেকে বলেছেন যে ত ফ্লাডের ফলে ফসল নষ্ট হয়ে গেছে তবুও নাকি কৃষি লোন আদায় হয়েছে। আমি আপনাদের কথা বলতে চাই, আমি অর্থমন্ত্রীর সঙ্গে কিছুক্ষণ আগেও আলোচনা করছিলাম, এটা ঠিক যে মস্ত জায়গায় ডুবে গেছে ফসল পায়নি তাদের পক্ষে কৃষি লোন, যেটা গ্রুপ লোন সেটা রাইট অফ রা হয়েছে কিন্তু ক্যাটেল পারচেজ লোন কিম্বা অন্যান্য কৃষি লোন যেটা সেটা লাগবে। তবে সমস্ত জায়গা ডুবে গেছে, যে সমস্ত এরিয়া ভেসে গেছে ফসল হয়নি সেখানকার আমার কাছে ভিযোগ আছে তাদের বিরুদ্ধে সার্টিফিকেট হচ্ছে।

আমি ডিপার্টমেণ্টে খোঁজ নেব, আপনারা আমাকে জানাবেন। যদি সেইরকম অবস্থা হয় সত্যিকারে জায়গা ভেসে গেছে, ফসল হয়নি, তাহলে পরবর্তী ফসল পর্যন্ত এই কৃষি লোন াদায় করা যাতে বন্ধ থাকে সেই চেষ্টা আমি করবো এই কথা আপনাদের বলছি। অনেকে লছেন আদায় হচ্ছে, কিন্তু আমি সেটা জানি না। তবে আমি আপনাদের এটুকু বলছি যাদের মি নেই তারা যেন এই সুবিধা না নেন। আমি বলছি বলে আপনারা সকলে চলে আসবেন, ন্তু সঙ্গে সঙ্গে এটাও মনে রাখবেন যে এরিয়া ডুবে গেছে, যাদের ফসল নষ্ট হয়ে গেছে তাদের

কথাই বলবেন এবং সেখানকার কৃষি লোন যাতে আগামী ফসল না ওঠা পর্যন্ত আদায় করা বন্ধ থাকে তার চেষ্টা আমি করবো। তাই আমি সকল সভ্যদের বলব যেহেতু আপনি একটি জায়ার প্রতিনিধি, আপনার জমি নেই অথচ আপনি চলে এলেন, এটা যেন না হয়। কাজেই আপনাকেও এই বিচার বিবেচনা করতে হবে। কেননা, এই সরকারকে এ্যাডমিনিষ্ট্রেসনতো চালাতে হবে, আপনাদের অনেক বেতন লাগছে, আমাদেরও অনেক বেতন লাগছে, এসবই তো দিতে হবে। কাজেই এইসব যদি না আসে তাহলে আমরাও বেকার হয়ে থাকবো। সেই জন্য বলছি যে আপনারা সেটা বিচার বিবেচনা করবেন এবং আপনারা যে সমস্ত কেস্ দেবেন সেগুলি যেন সত্যিকারের কেস্ হয়। আমি আর বেশী সময় নেব না। আপনারা যে সমস্ত বক্তব্য এখানে রেখেছেন সে বিষয়ে আমাদের অর্থমন্ত্রী তাঁর বক্তব্য রাখবেন। তবে আমি আপনাদের এইটুকু আশ্বাস দিচ্ছি যে আপনারা যে সমস্ত অভাব অভিযোগের কথা রেখেছেন সেগুলিকে আমরা যতদুর পারি দূর করবার চেষ্টা করবো। আগামী পাঁচ বছরের মধ্যে বর্তমানের এই ক্ষত-বিক্ষত রূপ থেকে আমাদের পশ্চিমবাংলাকে দাঁড় করাতেই হবে। আমাদের গ্রামের বেকার দুঃখী ভাইরা আজকে আমাদের দিকে তাকিয়ে আছে যে তাদের জন্য আমরা কতটুকু কি করছি সেটা দেখার জন্য এবং আমাদের এমনভাবে কাজ করতে হবে যাতে দুঃখী ভাইদের দুঃখ ঘুচে যাবে। সব পারব যদি বলি তাহলে সেটা বেশী বলা হবে। বর্তমান অবস্থায় আমরা তাদের জন্য যাতে কিছু করতে পারি এই সঙ্কল্প ও আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীশঙ্কর ঘোষ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আজকে সাপ্লিমেণ্টারি গ্রাণ্টের জন্য যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছি তাতে দেখছি ১৯৭১-৭২ সালে জুলাই-এ পার্লামেণ্টে কেন্দ্রীয় অর্থমন্ত্রী চৌহান এই বাজেট পেশ করেছিলেন এবং সেই বাজেটের পরে যে অধিক অর্থ ব্যয় হয়েছে তারই জন্য আমরা আজকে এই সাপ্লিমেণ্টারি গ্রাণ্টের প্রস্তাব নিয়ে হাউসের কাছে এসেছি এবং এ্যাপ্রোপ্রিয়েশন বিল আমরা রেখেছি। আপনারা বাজেটের পরিসংখ্যাণগুলি নিশ্চয়ই দেখেছেন। জুলাই ১৯৭১ সালে রেভিনিউ রিসিপ্টতে পার্লামেণ্টে যে বাজেট পেশ করা হয়েছিল তাতে ৩৬৬ কোটি টাকা বরাদ্দ ছিল। কিন্তু আজকে আমরা যে রিভাইস্ড বাজেট দিচ্ছি তাতে রেভিনিউ রিসিপ্ট হচ্ছে ৪৫১ কোটি টাকা অর্থাৎ প্রায় ১০০ কোটি টাকার মত বেশী। কারণ, আমি একটু ছোট্ট ভাবে বলতে চাই এইজন্য যে কেন্দ্রীয় অর্থমন্ত্রী ১৯৭১-৭২ সালের বাজেট যখন পার্লামেণ্টে দিয়েছিলেন তখন ওপার বাংলা থেকে যে সমস্ত উদ্বাস্তু ভায়েরা এসেছিলেন তাদের জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ করেছিলেন।

[5-40—5-50 p.m.]

আপনারা জানেন শেষপর্য্যন্ত প্রায় এক কোটি উদ্বাস্তু ওপার বাংলা থেকে এসেছিলেন এবং বেশীর ভাগ উদ্বাস্তু এই পশ্চিমবাংলায় ছিলেন। উদ্বাস্তুদের খাতে আমাদের শেষ পর্য্যন্ত যেটা খরচ হয়েছে সেই ৫০ কোটি টাকা ছাড়াও ৭৩ কোটি টাকা খরচ হয়েছে। এই ৭৩ কোটি টাকা, আমরা দেখতে পাচ্ছি প্রায় ১শো কোটি টাকা রেভিনিউ রিসিপ্টে বেশী, যে বিষয়ে সাপ্লিমেণ্টারী গ্রাণ্ট আপনাদের কাছে চাইছি তার ভেতরে ৭৩ কোটি টাকা বাংলাদেশের উদ্বাস্তুদের জন্য। কেন্দ্রীয় অর্থমন্ত্রী যে ৫০ কোটি টাকা ধরেছিলেন তারচেয়ে আরও ৭৩ কোটি টাকা ১৯৭১-৭২ সালে বাংলাদেশের উদ্বাস্তুদের জন্য খরচ হয়েছে। তবে এই পুরো খরচটা কেন্দ্রীয় সরকার বহন করেছেন। এই ৭৩ কোটি টাকা যেটা বেশী খরচ হয়েছে সেটা রাজ্যসরকার বহন করেননি, এটা কেন্দ্রীয় সরকার বহন করছেন। আর একশো কোটি টাকা রেভিনিউ রিসিপ্টে বেশী হয়েছে এই ৭৩ কোটি টাকা ছাড়া যে খাতে এই খরচ বেড়েছে সেটা হচ্ছে রিলিফ খাতে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী যখন পার্লামেণ্টে ১৯৭১-৭২ সালের বাজেট পেশ করেছিলেন তখন রিলিফ বন্যাত্রাণ খাতে পশ্চিমবাংলায় যে বন্যা হয়েছিল, এই বন্যাত্রাণ খাতে তিনি ৪ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। সেই ৪ কোটি টাকার বরাদ্দ থেকে আজকে যা খরচ দাঁড়িয়েছে, পশ্চিমবাংলার

বন্যাদুর্গত মানুষের জন্য, গ্রামের গরীব মানুষের জন্য সেটা গিয়ে দাঁড়িয়েছে ৩৮ কোটি ২ ৭ লক্ষ টাকায়। এই রিলিফ এক্সপেণ্ডিচার বন্যাত্রাণ খাতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী ৪ কোটি টাকা ধরেছিলেন আর খরচ হয়েছে ৩৮ কোটি ২৭ লক্ষ টাকা, ৩৪ কোটি ২৭ লক্ষ টাকা বেশী খরচ হয়েছে। এই দুটি প্রধান কারণ, যে কারণে আমাদের সাপ্লিমেণ্টারী এষ্টিমেট দিতে হচ্ছে এবং সে বিষয়ে এপ্রোপ্রিয়েসান বিল আনতে হচ্ছে। তারপরে তৃতীয় যে কারণে খরচ বেড়েছে সেটা হচ্ছে আমরা ডিয়ারনেস এ্যালাউয়েনস বাবদ কেন্দ্রীয় সরকারের যে রেট সেটা আমরা চালু করেছি ১লা অক্টোবর ১৯৭১ সাল থেকে। সেটা চালু করার ফলে ১৯৭১।৭২ সালে আমাদের ২কোটি ১০ লক্ষ টাকা অধিক খরচ হয়েছে এবং তার জন্য এখানে বরাদ্দ করা হয়েছে। সেই সাপ্লিমেণ্টারী গ্রাণ্ট এই হাউসের কাছে উপস্থাপিত করা হচ্ছে। চতুর্থতঃ যে কারণে আমাদের খরচ বেড়েছে সেটা হচ্ছে শিল্পোন্নয়ণ ও অর্থনৈতিক উন্নয়ণের জন্য। কেন্দ্রীয় অর্থমন্ত্রী জুলাই ১৯৭১ সালে পার্লামেণ্টে যে বাজেট পেশ করেছিলেন তার চেয়ে অতিরিক্ত ৯৪ লক্ষ টাকা পরিকল্পনা ও গঠনমূলক কাজের জন্য এই বাজেটে বরাদ্দ করা হয়েছে। যে বাজেট পেশ করছি ১৯৭২-৭৩ সালের তাতে যে এ্যাপেণ্ডিক্স দিয়েছি তাতে আপনারা দেখেছেন রেভিনিউ রিসিপ্ট খাতে জুলাই ১৯৭১ সালে যেটা কেন্দ্রীয় অর্থমন্ত্রী দিয়েছিলেন তার চেয়ে প্রায় ১০০ কোটি টাকা কি তার চেয়ে কিছু কম বেড়েছে রিসিপ্টের খাতে। এক্সপেণ্ডিচার খাতে ছিল, জুলাই ১৯৭১ সালে যেটা দিয়েছিলেন ৩৮৫ কোটি টাকা, এটা এখন দাঁড়িয়ে গিয়েছে ৪৯২ কোটিতে। এই খরচ বিশেষত ওপার বাংলার উদ্বাস্তদের জন্য যে ৭৩ কোটি টাকা, বন্যাত্রাণের জন্য ৩৮ কোটি টাকা, ডি. এ ২ কোটি টাকা এবং অর্থনৈতিক ও গ্রামের উন্নয়ণের জন্য ১ কোটি টাকা এইসব মিলে এই খরচটা আমাদের বেড়েছে। এই খরচটা বাড়ার কারণ সম্বন্ধে বলা দরকার। আর একটা বিষয়ে বলতে চাই সেটা হল ১৯৭১-৭২ সালে যে সাপ্লিমেণ্টারি গ্রাণ্ট চাচ্ছি এবং যে বাজেট আমরা পেশ করেছি সেটা আমাদের এমপ্লয়মেণ্ট এবং ডেভেলপমেণ্ট ওরিয়েণ্টেশন, গঠনমূলক কাজের জন্য, কর্মসংস্থানের জন্য করেছি। দেশ গঠনের কাজে আমরা খরচ অনেক বাড়িয়েছি। আমি এখানে কতকগুলি পরিসংখ্যাণ দিচ্ছি। কৃষিখাতে ১৯৬৯ সালে খরচ ছিল ১৭৷৷ কোটি টাকা, আর ১৯৭১-৭২ সালের যে সাপ্লিমেণ্টারি বাজেট তাতে খরচ হয়েছে ২০ কোটি ৩৬ লক্ষ টাকা। প্রায় ৩ কোটি টাকা কৃষিখাতে বেশী খরচ করেছি ১৯৬৯ সাল থেকে। আর ১৯৬৯ সালে ইরিগেশান্, মাল্টিপার্পাস রিভার স্কীমে ছিল প্রায় ২৪ কোটি টাকা, সেটাতে আমরা ৬ কোটি টাকা বাড়িয়েছি, ১৯৭১-৭২ সালে সেটা ৩০ কোটি টাকাতে এসেছে। পশুপালন, দুগ্ধ সরবরাহের জন্য আমরা ১ কোটি টাকা বাড়িয়েছি। ১৯৬৯ সালে যেটা ১২ কোটি টাকা ছিল সেটা আজকে ১৩ কোটি টাকা হয়েছে। সবচেয়ে বেশী বাড়িয়েছি শিক্ষাখাতে। ১৯৬৯ সালে শিক্ষাখাতে ছিল প্রায় ৬০ কোটি টাকা, সেটা ১৯৭১-৭২ সালে ৮২ কোটি টাকায় দাঁড়িয়েছে, ২২ কোটি টাকা শিক্ষাখাতে বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্যখাতে আমরা ৮ কোটি টাকা বাড়িয়েছি। ১৯৬৯ সালে ৩১ কোটি টাকা ছিল সেটা এখন ৩৯ কোটি টাকা হয়েছে। আর খুব বড় রকম বাড়ান হয়েছে বিদ্যুৎখাতে। ১৯৬৯ সালে এই খাতে ছিল ১১ কোটি টাকা, ১৯৭১-৭২ সালে সেটা দাঁড়িয়েছে ১৭ কোটি টাকায়। এছাড়া আর একটা কথা বলতে চাই সেটা হল কেন্দ্রের কাছ থেকে আমরা যে ঋণগুলি নিচ্ছি, আমরা যে ঘাটতি বাজেট দিচ্ছি সেই ঘাটতির অনেকটা ঘাটতি কেন্দ্র থেকে ঋণ নিয়ে। কেন্দ্র থেকে যে ঋণ নিচ্ছি সেই বিষয়ে একটা সমস্যা আছে। প্লানিং কমিশান ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান সম্বন্ধে বলেছিলেন যে কেন্দ্র ২২১ কোটি টাকা আমাদের দেবে। কিন্তু আমরা কেন্দ্র থেকে যে ঋণ নিয়েছি এবং ঋণটা আমাদের পরিশোধ করতে হচ্ছে কিছু কিছু, আর তার সুদও দিতে হচ্ছে, সেই আসল ও সুদ নিয়ে আমাদের এখন পরিশোধ করতে হবে প্রায় ৩শো কোটি টাকা। এই একটা বিরাট দায়িত্ব আমাদের মাথায় রয়েছে। এটা পশ্চিমবঙ্গের বিশেষ সমস্যা নয়, এটা সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সমস্যা। কারণ পরিসংখ্যাণে দেখা যায় যে ১৯৫১-৫২ সালে ভারতবর্ষে

হিমাচল প্রদেশ ছাড়া বিভিন্ন রাজ্যের ঋণ ছিল ২৩৯ কোটি টাকা, সেই ঋণ বেড়ে ৮ হাজার ৭ শত ৫৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। আমরা এইজন্য প্রস্তাব করেছি যে নতুন ফাইনান্স কমিশান হবে তা কেন্দ্রের কাছে আমরা কিভাবে ঋণ পরিশোধ করব তার পুনর্বিন্যাসের একটা প্রস্তাব রাখবে। এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিশান এর ভেতর যে কথা বলেছেন আমরা আশা করব কেন্দ্রের কাছে ঋণ পরিশোধের ব্যাপারে একটা পুনর্বিন্যাস হবে। মাননীয় সদস্যরা অনেকেই বলেছেন আমরা উন্নয়ণমূলক খাতে, গঠনমূলক খাতে অনেক অর্থ বরাদ্দ করেছি কিন্তু আমাদের দেখতে হবে এই টাকা সত্যই যাতে ঠিকভাবে খরচ হয়, যে বিদ্যুৎ আমরা গ্রামে পৌছে দিচ্ছি সেটা যাতে জোতদারের ঘরে না গিয়ে কৃষকের ঘরে যায়। সেজন্য আমরা প্রস্তাব রেখেছি যে অর্থ বরাদ্দ করা হচ্ছে সেটা যাতে ঠিকমত খরচ হয় সেদিকে লক্ষ্য রাখা হবে, যে বিদ্যুৎ দিচ্ছি সেটা যাতে কৃষকের ঘরে পৌছে সেটা দেখা হবে এবং এই সমস্ত প্রকল্পগুলি যাতে রূপায়িত হতে পারে, বাস্তবায়িত হতে পারে, এর ভেতরে যাতে দুর্নীতি আসতে না পারে সেই বিষয়ে সরকার সচেতন হবেন। এই বিষয়ে বিধান-সভার যাঁরা সদস্য আছেন তাঁদের সহযোগিতা কামনা করছি।

[5-50—5-55 p.m.]

যেখানে দুর্নীতির অভিযোগ আছে, সে সমস্ত উন্নয়ণমূলক প্রকল্প আছে সেখানে ঠিকমত টাকা খরচ হচ্ছে কিনা সেটা দেখা সরকারেরও দায়িত্ব এবং আশা করবো বিধানসভার সদস্যগণও সর্ব্বতোভাবে সমর্থন জানাবেন সরকারকে। যেখানে অপচয় হচ্ছে, যেখানে দুর্নীতি হচ্ছে সে বিষয় সরকারের দৃষ্টি আকর্ষণ করলে আমরা সে বিষয় যথাযথ ব্যবস্থা নিশ্চয়ই নোব। আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে দুর্নীতির বিরুদ্ধে আমাদের লড়তে হবে। আমাদের একটা সুস্থ পরিচ্ছন্ন প্রশাসন স্থাপন করতে হবে। এটা সমস্ত মন্ত্রীদের দায়িত্ব—সরকারের দায়িত্ব। যেখানে দুর্নীতি আছে তার বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। এবং উন্নয়ণমূলক খাতে যে সমস্ত ব্যয়-বরাদ্দ করছি, এই দুর্নীতি এবং অপচয়ের বিরুদ্ধে যদি ব্যবস্থা না নিতে পারি তাহলে এর প্রকৃত যে সুযোগ বা উপকার ঐ সাধারণ গ্রামের মানুষের, কৃষকের, মেহনতী মানুষের কাছে তা পৌছবে না। সেই জন্য এই বিষয়ে সকলের সহযোগীতা কামনা করছি। আর সহরাঞ্চলে ও শিল্প ক্ষেত্রে সরকার প্রতিশ্রুতি দিয়েছে। শ্রমিকদের প্রফিডেণ্ট ফাণ্ড যে সমস্ত মিল মালিকরা বা যে সমস্ত কর্তৃপক্ষ প্রফিডেণ্ট ফাণ্ড দিচ্ছেন না, এমপ্লয়ীস্ স্টেট ইনসিওরেন্স-এর টাকা দিচ্ছে না, সরকার তাদের বিষয়ে কঠোর মনোভাব নেবেন। দরকার হলে "মিসার" আশ্রয় নেবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি যে ১৯৭১-৭২ সালের বাজেট রেখেছিলাম তা পাশ হয়ে গেছে। আপনারা তাকে ভোট দিয়ে সমর্থন জানিয়েছেন। আজকে এ্যাপ্রোপ্রিয়েশান বিল দিয়েছি এবং এই বিলের সমর্থন কামনা করছি।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Appropriation Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2, 3, Schedule and Preamble

The question that clauses 1, 2, 3, Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sankar Ghose** : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was the put and agreed to.

### Extension of Service of Refugee Camp Attendants

**Shri Siddhartha Sankar Ray** : Mr. Speaker, Sir, may I with your permission

make a statement with regard to the Camp Staff i.e. the persons who had assisted us by working in camps which were set up for the refugees. The Camp staff Includes Commandants, Assistant Commandants, Camp Assistants and others. Their services are expiring to-morrow, the 31st March, 1972. The number of people affected is 12 thousand. Now, Sir, it is absolutely essential that their services should be retained for some time for the purpose of finalising the accounts with regard to the expenditure made in the various camps, and it appears that without all these staff final accounting will be impossible.

We had discussed this and, in fact, wrote to the Central Government and wanted extension for a period of two months up to the 31st May, 1972. As you know, Sir, the Central Government bears the entire expenditure for the salaries of the Camp staff. Since the matter was urgent and since we had very little time—the Central Government naturally will take some time to come to a final decision and I am very happy to inform the House that both Shri Khadilkar, the Refugee Rehabilitation Minister as well as Shri Chavan the Finance Minister, have agreed to deal with this matter sympathetically, and since no decision has yet come to us, we have to take a decision today on our own, because otherwise all these 12,000 people will become unemployed from tomorrow. Under the circumstances and having regard to the fact that the services of these camp attendants or members of the camp staff are absolutely necessary for finalising the terms, we are, pending the final approval of the Central Government, extending the period of service for the time being up to 30th April, 1972, that is, for the period of one month. I hope and trust, that in a day or two we shall get the final approval of the Central Government and then we shall make an announcement extending the services of the camp staff u pto the 31st May, 1972. As the House is aware we are committed to absorb the members of the staff later on into Government service and in fact we have to put them on a priority list, that is to say, as and when vacancies occur, we shall offer jobs to the members of the camp staff but that will take some time. Therefore, for the time being we are extending, as I said, their services till the 30th April, 1972 and, I repeat, that we hope and trust that the final decision of the Central Government will be made known to us and we shall be able to extend the period till the 31st May, 1972. I thank you, Sir, for having allowed me to make the statement. As the matter is extremely urgent we cannot make any delay in making this statement because if this decision is not announced by today, the District Magistrates in various districts will not be able to inform the various members of the staff that their services are being kept on for some time.

**Mr. Speaker** : The House stands adjourned till 1-00 p.m. on Monday, the 3rd April, 1972.

## Adjournment

The House was accordingly adjourned at 5-58 p.m. till 1-00 p.m. on Monday, the 3rd April, 1972, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitutions of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 3rd April, 1972, at 1 p.m.

### PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 15 Ministers, 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 3 Deputy Ministers and 183 Members.

### OATH OR AFFIRMATION

[ 1 to 1.10 p.m. ]

**Mr. Speaker** : Hon'ble Members, if any of you has not yet made an oath or affirmation of allegiance, he may kindly do so.

( There was none to take oath )

### STARRED QUESTIONS
### TO WHICH ORAL ANSWERS WERE GIVEN.

**Mr. Speaker** : Starred question Nos. 1 and 2 are on the same subject and may be taken up together.

**Shri Aswini Roy** : Sir, on a point of privilege. এখনও পর্যন্ত *১ ও *২ নম্বর কোশ্চেনের উত্তর দেওয়া হয়নি টেবিলে। তবুও আমি প্রশ্ন তুলছি।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়** ঃ স্যার, আমি উত্থাপন করছি আমার প্রশ্ন।

**শ্রীতরুণকান্তি ঘোষ** ঃ মন্ত্রী মহাশয় মুর্শিদাবাদ গিয়েছিলেন, এখনও পর্যন্ত এসে পৌছান নি। এটা কিছুক্ষণের জন্য পোসপোণ্ড থাক।

**মিঃ স্পীকার** ঃ ঠিক আছে এই প্রশ্ন দুটো কিছুক্ষণ পরে হবে। We may pass on to the next question.

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়** ঃ এগুলো খুব important question যেন বাদ না যায়।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়** ঃ আমি একটা মুহূর্তের জন্যও বলছি না যে এটা হবে না। প্রত্যেক প্রশ্নই জরুরী। Health-এর কোশ্চেনগুলো হয়ে গেলে এটা হবে। যদি অধ্যক্ষ মহাশয় অনুমতি দেন।

### প্রাইমারি ও সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫১) **শ্রীকানাই ভৌমিক** ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার সমস্ত ব্লকে অন্তত একটি প্রাথমিক ও দুইটি সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের যে পরিকল্পনা ছিল তাহার কাজ এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে ;

(খ) ঐ পরিকল্পনানুসারে যে সমস্ত নূতন প্রাথমিক ও সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র মঞ্জুর করা হইয়াছিল তাহাদের মধ্যে কোন্ ব্লকে কয়টি মঞ্জুর হইয়াছে ;

(গ) পশ্চিমবাংলায় কোন্ কোন্ ব্লকে এখনও কোন প্রাইমারি ও সাবসিডিয়ারি স্বাস্থ্য-কেন্দ্র নাই; এবং

(ঘ) প্রস্তাবিত পরিকল্পনাগুলি এখনও কার্যকরী না হওয়ার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ**

(ক) পশ্চিমবাংলায় ৩৩৫টি ডেভেলপ্‌মেণ্ট ব্লক আছে। ইহার মধ্যে ২৪৪টি ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে। সম্প্রতি অন্য ৩৪টি ব্লকে উপস্বাস্থ্যকেন্দ্রকে উন্নীত করিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার আদেশ দেওয়া হইয়াছে। অন্য ৩৭টি ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের আদেশ দেওয়া হইয়াছে। আরও ৭টি ব্লকে উপস্বাস্থ্যকেন্দ্রকে উন্নীত করিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

এ পর্যন্ত বিভিন্ন ব্লকে ৫৬১টি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে। ইহার মধ্যে ১২৩টি কেন্দ্র প্রতি ব্লকে দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনার বহির্ভূত। ইহা ছাড়া ৫০টি উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য মঞ্জুর করা হইয়াছে।

(খ) ১৯৭১-৭২ সালে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হইয়াছে তাহার তালিকা সংশ্লিষ্ট করা হইল। ( পরিশিষ্ট ১ )

(গ) যে সমস্ত ব্লকে প্রাইমারি অথবা সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র নাই তাহার তালিকা সংশ্লিষ্ট করা হইল। ( পরিশিষ্ট ২ )

ঘ) ঐ সমস্ত ব্লকে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করার উপযুক্ত জমি না পাওয়াই প্রধান কারণ। সংশ্লিষ্ট জেলা ম্যাজিষ্ট্রেট,চীপ মেডিক্যাল অফিসার অফ্ হেল্‌থ এবং ব্লক ডেভলপমেণ্ট অফিসারদিগকে উপযুক্ত জমি সংগ্রহের জন্য অনুরোধ করা হইয়াছে। স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উপযুক্ত স্থান নির্ব্বাচনের পরেই নির্মাণকার্য মঞ্জুর করা হইবে।

## পরিশিষ্ট—১

১৯৭১-৭২ সালে প্রতি ব্লকে একটি প্রাথমিক ও দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন পরিকল্পনার অন্তর্ভূক্ত যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য্য মঞ্জুর করা হইয়াছে তাহার তালিকা

| জেলার নাম | ব্লকের নাম | স্বাস্থ্যকেন্দ্রের নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| মেদিনীপুর | কাঁথি (৩) | (১) ঝরিয়া পুথ্‌রী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| „ | খড়গপুর (২) | (২) চেঙ্গুয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| „ | ঘাটাল | (৩) বীরসিংহ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| „ | শালবনী | (৪) গোদাপিয়াসাল উপস্বাস্থ্যকেন্দ্র। |
| „ | কেশপুর | (৫) মহাবনী উপস্বাস্থ্যকেন্দ্র। |
| „ | তমলুক (১) | (৬) পূর্ব্বমুখা উপস্বাস্থ্যকেন্দ্র। |

| জেলার নাম | ব্লকের নাম | স্বাস্থ্যকেন্দ্রের নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| বর্ধমান | সতীনন্দী | (৭) ভুড়ি উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | গলসী (১) | (৮) ভরতপুর উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | গলসী (১) | (৯) আদ্রাঘটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| " | ফরিদপুর-লাউডা | (১০) অঙ্গদপুর উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | জামুরিয়া (২) | (১১) বাহাদুরপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| মুর্শিদাবাদ | ফরাক্কা | (১২) কেন্দুয়া উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | ভগবানগোলা (১) | (১৩) ওপারওরাহার উপস্বাস্থ্যকেন্দ্র। |
| পশ্চিম দিনাজপুর | গোয়ালপুখুর (২) | (১৪) তড়িয়াল উপস্বাস্থ্যকেন্দ্র। |
| পুরুলিয়া | জয়পুর | (১৫) বড়গ্রাম উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | পুরুলিয়া (২) | (১৬) কুশতাউর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| " | বড়বাজার | (১৭) বামনডিহা উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | শানতুরী | (১৮) বালিতোড়া উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | পুরুলিয়া (১) | (১৯) পিচাশী উপস্বাস্থ্যকেন্দ্র। |
| বাঁকুড়া | বাঁকুড়া (১) | (২০) কেঞ্জাকুড়া উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | রায়পুর (২) | (২১) ছোটসারেঙ্গা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| ২৪-পরগণা | সন্দেশখালী (৩) ( গোসাবা ) | (২২) দক্ষিণ রাধানগর উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | ডায়মণ্ডহারবার (১) | (২৩) বেড়াদ্রোন উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | ক্যানিং (২) | (২৪) মঠেরদীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| " | কাকদ্বীপ (১) | (২৫) রামচন্দ্রনগর উপস্বাস্থ্যকেন্দ্র। |
| " | বজবজ (২) | (২৬) মুচিসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। |
| " | বাসন্তি | (২৭) মহেশপুর উপস্বাস্থ্যকেন্দ্র। |

## পরিশিষ্ট—২

(ক) যে সমস্ত ব্লকে কোনও প্রাথমিক অথবা সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র নাই অথবা কোনও স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ মঞ্জুর হয় নাই তাহাদের তালিকা—মোট—১১।

| জেলার নাম | | ব্লকের নাম |
|---|---|---|
| বর্ধমান | ... | (১) হীরাপুর |
| | | (২) অণ্ডাল |
| | | (৩) সালানপুর |
| | | (৪) বরবানী |
| | | (৫) আসানসোল |
| | | (৬) জামুরিয়া ( এক ) |
| মুর্শিদাবাদ | ... | (১) রঘুনাথগঞ্জ ( দুই ) |
| | | (২) রাণীনগর ( এক ) |

| জেলার নাম | | ব্লকের নাম |
|---|---|---|
| মুর্শিদাবাদ | ... | (৩) রাণীনগর ( দুই ) |
| ২৪-পরগণা | ... | (১) মগরাহাট ( এক ) |
| | | (২) মহেশতলা মেটিয়াবুরুজ। |

(খ) যে সমস্ত ব্লকে কোনও প্রাথমিক অথবা সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র নাই কিন্তু প্রাথমিক অথবা সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ মঞ্জুর করা হইয়াছে তাহাদের তালিকা—মোট ১৮।

| জেলার নাম | | ব্লকের নাম |
|---|---|---|
| বাঁকুড়া | .. | রায়পুর ( দুই ) |
| বীরভূম | ... | সিউড়ী ( এক ) |
| বর্ধমান | .. | জামুরিয়া ( দুই ) |
| হুগলী | .. | শ্রীরামপুর-উত্তরপাড়া |
| হাওড়া | .. | সাঁকরাইল |
| জলপাইগুড়ি | ... | মাদারীহাট |
| মেদিনীপুর | .. | (১) ময়না |
| | | (২) মোহনপুর |
| | | (৩) মহিষাদল ( এক ) |
| | | (৪) নন্দীগ্রাম ( তিন ) |
| | | (৫) গড়বেতা ( দুই ) |
| মুর্শিদাবাদ | .. | (১) সমসেরগঞ্জ |
| | | (২) ভগবানগোলা ( এক ) |
| মালদহ | . | মালদহ |
| পুরুলিয়া | .. | পুরুলিয়া ( এক ) |
| ২৪-পরগণা | ... | (১) জয়নগর ( এক ) |
| | | (২) ক্যানিং ( দুই ) |
| পশ্চিমদিনাজপুর | | গোয়ালপুখুর ( দুই ) |

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীকানাই ভৌমিক:** মন্ত্রিমহাশয় কি জানেন যে স্বাস্থ্যকেন্দ্রগুলি মঞ্জুর করা সত্ত্বেও হয়নি তার প্রধান কারণ যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকায় এখন স্বাস্থ্যকেন্দ্রগুলি হওয়া সম্ভব নয় কারণ মেটিরিয়ালের দাম বেড়ে যাওয়ার জন্য টেণ্ডার কল করলেও কেউ টেণ্ডার দিচ্ছে না।

**শ্রীঅজিত কুমার পাঁজা:** এই রকম সংবাদ আমার কাছে এখনও আসে নি।

**শ্রীকানাই ভৌমিক:** এই খবর দেওয়া হলে, এর তদন্ত করে বলবেন কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** খবর আপনার কাছ থেকে যখন এসেছে তখন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই তদন্ত করা হবে।

**শ্রীসরোজ রায়:** এখানে পড়ে মন্ত্রিমহাশয় বললেন যে কোন কোন ব্লকে স্বাস্থ্যকেন্দ্র খোলোর ব্যবস্থা করেছেন। গড়বেতার দুই নম্বর ব্লকের ব্যাপারে বলেছেন যে স্বাস্থ্যকেন্দ্র মঞ্জুর হয়ে গিয়েছে। এক বৎসর হয়ে গেল কিন্তু কাজ আরম্ভ হয়নি, কবে এই কাজ সুরু হবে।

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমার কাছে যে সংবাদ আছে তাতে এই রকম কোন কমপ্লেন পাইনি। যদি নির্দিষ্ট কোন অভিযোগ আপনার থাকে তাহলে আমি নিশ্চই তদন্ত করে দেখবো।

**শ্রীসরোজ রায় ঃ** এখানে ৩নং ব্লকে হাসপাতাল করা হবে কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে যে সংবাদ আছে তাতে কেন এখনও হয়নি বলেছি কিন্তু সেখানে ৩টি ব্লক থাকা সত্ত্বেও ৩নং ব্লকে কেন হয়নি তা বলতে পারছি না। আমার কাছে নিশ্চিত প্রশ্ন রাখা হলে আমি সেই সম্বন্ধে খবর নেবো এবং এই হাউসকে জানাবো।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেসমস্ত ব্লকে টাকা মঞ্জুর করা সত্ত্বেও এখনো পর্যন্ত হয়নি সেগুলি কতদিনের মধ্যে করবার ব্যবস্থা করবেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমার উত্তরে বলেছি যেসমস্ত টাকা মঞ্জুর সত্ত্বেও হয়নি তার প্রধান কারণ হচ্ছে জায়গা সঠিক মত পাওয়া যায়নি। যদি নির্দিষ্ট কোন বা কোন্ কোন্ জায়গায় হয়নি তার নাম করে বলে দিলে সে সম্বন্ধে খোঁজ নিয়ে জানাবো।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে হাসপাতালগুলির কথা বললেন, ২৪-পরগণার কোন উল্লেখ নেই। তার মানে কি এই যে উত্তর ২৪-পরগণায় প্রাথমিক বা সাবসিডিয়ারি হাসপাতালের কোন প্রয়োজন নেই ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** উত্তর ২৪-পরগণার কথা বলতে পারি না তবে এখানে ২৪-পরগণার ৬টি নাম বলেছি।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** উত্তর ও দক্ষিণ অঞ্চলে আছে, যে নামগুলি করলেন তা সবই বারাসত, বসিরহাট, বনগাঁ ইত্যাদি কিন্তু দক্ষিণেও হাসপাতালের অনেক প্রয়োজন আছে অথচ তার কোন উল্লেখ নেই, এদিকে করার মন্ত্রিমহাশয়ের কি কোন পরিকল্পনা আছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** মাননীয় সদস্য মহাশয় যতক্ষণ না কোন নির্দিষ্ট জায়গা দেখাচ্ছেন, আমি তাঁর প্রশ্নের উত্তরটা এই ভাবে দিচ্ছি। যতক্ষণ সারাদেশে সরকার হাসপাতাল না দিতে পারেন বা মেডিকেল ইউনিট না দিতে পারেন, প্রতি ব্লকে প্রাইমারি হেলথ সেণ্টার এবং সাবসিডিয়ারি হেলথ সেণ্টার খোলার কথা আছে। কোন একটা পার্টিকুলার ব্লকের কথা জানতে চাইলে সেটার খবর নিয়ে এখানে দিতে পারি।

**শ্রীঅশ্বিনী কুমার রায় ঃ** আপনি উত্তরের (খ)-এর পরিশিষ্টে যে তালিকা দিয়েছেন, সেখানে তিনটি জায়গায় স্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি রেজিষ্ট্রি করেছেন বলে সংবাদ আছে, তাহলে কি এটাকে প্রকল্প বলে ধরে নেব এবং কোন কিছু নির্মাণ হয়নি এটাই ধরে নেব ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমি যখন উত্তর দিয়েছিলাম তখন নিশ্চয়ই লক্ষ্য করেছিলেন সেই উত্তরে ছিল সেই সমস্ত নির্মাণকার্য্য মঞ্জুর করা হয়েছে। সুতরাং স্যাংশন হয়েছে, তৈরী হওয়ার কাজের কথা চলছে, এখনও তৈরী হয়নি।

**শ্রীসরোজ কাঁড়ার ঃ** হাওড়া জেলার উদয়নারায়ণপুর ব্লকে কোন কাজ এখন পর্য্যন্ত সুরু হয়নি, এটার কি কারণ মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** কাগজপত্র দেখে বলতে হবে নির্দিষ্ট জায়গার নাম করলে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যে সমস্ত ব্লকে জায়গার অভাবে হেলথ সেণ্টার করতে পাচ্ছেন না —যদি এই রকম অভাব দেখা দেয়, সরকার কি নিজস্ব টাকা দিয়ে জায়গা কিনে হাসপাতাল তৈরী করার জন্য কোন প্রচেষ্টা এই সমস্ত ব্লকে নিচ্ছেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** জনসাধারণের কাছ থেকেযে সমস্ত অভূতপূর্ব সাড়া পাওয়া গয়েছিল তাতে বেশীর ভাগ জমিই সরকারকে দান হিসাবে দিয়েছিল, সেজন্য আমরা জমি কিনে। ভাড়া নিয়ে তৈরী করার প্রশ্ন বিবেচনা করিনি। তবে যদি দেখা যায় কোন জায়গা পাওয়া াচ্ছে না, সেখান থেকে কোন সাড়া পাওয়া যাচ্ছে না, তবে নিশ্চয়ই বিবেচনা করা হবে।

**শ্রীতৃপ্তিময় আইচ ঃ** হীরাপুর ব্লকে হেলথ সেণ্টার খোলার কথা দীর্ঘদিন ধরে আছে, সেখানে কেশ্বরী এলেকায় সাবসিডিয়ারি হেলথ সেণ্টার খোলার কথা আছে, সেখানকার বাসিন্দাদের তকরা ৯০ জনই উদ্বাস্তু, কাজেই চিকিৎসাকেন্দ্র অত্যন্ত প্রয়োজন এটা বলতে পারি, সেখানে কিৎসাকেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য সরকার কতদূর এগিয়েছেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** হীরাপুর বলে আপনি একটা নির্দিষ্ট জায়গার নাম করলেন, াগজপত্র দেখে সেটার উত্তর দিতে পারি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** সরকারের কাছে যদি এই রকম তথ্য এনে দেওয়া যায় যে কোন ায়গায় জমি কিনতে পারেনি বলে সেখানে হেলথ সেণ্টার হয়নি, গত ২২ বছরে সে যোগ্যতা ায়নি আমার জেলায় যেসমস্ত এই রকম এলাকা আছে, সেই সমস্ত এলাকায় এবারে জমি কনবার জন্য কি সরকার চেষ্টা করবেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা** ২২ বছরে হয়নি বললেন, আমরা তো ২২ দিনই সময় এখনও াইনি, এ সম্বন্ধে দেখে বলতে পারি।

## Ganja Firms

*4. (Admitted question No. *91.) **Shri Md. Idrish Ali :** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) the number of private excise (Ganja) firms in West Bengal at present ;

(b) the total annual income of the Government from these firms ; and

(c) if there is any machinery to supervise the activities of these firms by the State Government and if so, what are they ?

1-20—1-30 p.m.]

**Shri Sankar Ghose**

(a) 2 (two).

(b) The total annual income of the Government for the year 1970-71 from the sale of Ganja was Rs. 25,98,451.

(c) Yes. The private firms are supervised by the district Excise administration headed by the Additional District Magistrate who is advised and assisted by the Superintendent of Excise. During the cultivation and harvesting seasons, additional supervisory staff are posted in the field under the direct control of an Inspector of Excise. This special supervisory staff consist of a nnmber of Sub-Inspectors of Excise, Assistant Sub-Inspectors of Excise and Excise Constables according to local necessity.

**শ্রীঅশ্বিনী কুমার রায় ঃ** এই যে আপনি বললেন প্রাইভেট ফার্ম আছে, এই দুটির লোকেসন কাথায় বলতে পারেন কি ?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** একটি ফার্ম হচ্ছে মুর্শিদাবাদে এবং আর একটি হচ্ছে ওয়েষ্ট দিনাজপুরে।

**শ্রীএকরামুল হক বিশ্বাস ঃ** মুর্শিদাবাদে যে ফার্ম আছে সেটা কত বিঘার উপর আ
জানাবেন কি ?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** মুর্শিদাবাদে যেটা রয়েছে সেটার কাল্টিভেসন এরিয়া ছিল ১২ এক
১৯৭১-৭২ সালে।

## আবড়াডিহি মৌজায় সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪।) **শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশ
অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী থানার আবড়াডিহি মৌজায় একটি সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার প্রতিষ্ঠার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ঐ হেল্‌থ সেণ্টারের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীআবদুস সাত্তার** এই প্রশ্নের উত্তর দেবার ব্যাপারে আমি সময় চাচ্ছি।

**Mr. Speaker :** The Hon'ble Minister is asking for time.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় ঃ** মাননীয় সদস্য, বিশ্বনাথবাবু দেখছি মনোযোগ দিচ্ছেন না এবং শ্রীমতী গীতা মুখার্জীর প্রশ্ন কালকের তাও পোসপণ্ড হয়ে যাচ্ছে।

**শ্রীমতী গীতা মুখার্জী ঃ** আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় স্ত্রীদের অধিকার সম্বন্ধে যে বোধ দেখালেন তাতে আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তবে আমি বিধানসভার সদস্য হিসেবে প্রশ্ন দিয়েছিলাম, স্ত্রী হিসেবে নয়।

**মিঃ স্পীকার ঃ** আমি আপনাদের জানাচ্ছি যে, কোশ্চেন নাম্বার ওয়ান, টু এ্যাণ্ড ফাইভের রিপ্লাই আমার কাছে এখনও এসে পৌছায়নি। মন্ত্রিমহাশয়দের জানাচ্ছি কোশ্চেনের একটি কপি আমার অফিসে আগে পাঠিয়ে দেবেন নাহলে অসুবিধা হয়। এ্যানসার অব কোশ্চেন নাম্বার এইট্ আমার অফিস এখনও রিসিভ করেনি। যেগুলি রিসিভ করেনি সেগুলি টেক আপ করা সম্ভবপর হচ্ছে না এবং সেগুলি হোল ওয়ান্, টু, ফাইভ্ এ্যাণ্ড এইট্।

**শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** এই যে সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার করার জন্য পরিকল্পনা করা হয়েছে, এটা কে এবং কারা সাইট সিলেকশন করছেন এবং ওখানে যে সাইট সিলেকশন করা হয়েছিল ব্লক পরিষদ থেকে ওটা বাদ কি করে গেল ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের সঙ্গে ঐ সাপ্লিমেণ্টারী উঠছে কি ?

**শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** আমি জানতে চাই যে ওখানে তিনি সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার করার কথা চিন্তা করবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা** এটার সম্বন্ধে উত্তর হচ্ছে যে সরকারের বর্তমান নীতি অনুযায়ী প্রতি ব্লক-এ ১০টি শয্যাযুক্ত একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুটি শয্যাযুক্ত দুটি করে উপস্বাস্থ্যকেন্দ্র থাকে। মেদিনীপুর জেলার শালবনী ব্লকে তিনটি স্বাস্থ্যকেন্দ্র থাকবে। (১) শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ২০টি শয্যাযুক্ত হাসপাতাল চালু রয়েছে। পীড়াকাটা উপস্বাস্থ্যকেন্দ্র, গদাম্নিশাল

উপস্বাস্থ্যকেন্দ্রে, এই দুটি উপস্বাস্থ্যকেন্দ্র রয়েছে এবং আরও দুটি নির্মাণ করা হচ্ছে, কাজেই অতিরিক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন সুযোগ নেই।

## আসানসোল শিল্পাঞ্চলে পানীয় জল সরবরাহ

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪।) **শ্রীনিরঞ্জন ডিহিদার:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শিল্পাঞ্চলের গ্রামগুলিতে পানীয় জল সরবরাহের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, তাহা কি এবং কবে নাগাদ উহার কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** (ক) হ্যাঁ।

(খ) এই পরিকল্পনা অনুসারে প্রতিদিন ১ কোটি ৫ লক্ষ গ্যালন জল ৫ লক্ষ ৩৫ হাজার অধিবাসীকে সরবরাহ করা যাইবে।

**শ্রীনিরঞ্জনডিহিদার:** কবে নাগাদ এই পরিকল্পনা কার্য্যকরী করা হবে এবং এখন ওখানকার কোন অন্তবর্তিকালীন জল সরবরাহ ব্যবস্থা কিছু আছে কি না ?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** এই প্রশ্নের উত্তরটা একটু বড় হয়ে যাবে সেই জন্য আমি আপনার অনুমতি নিয়ে বলছি। আসানসোল শিল্পাঞ্চল এবং রাণীগঞ্জে জলকষ্ট দূর করবার জন্য সরকার ১৯৬৫ সালে একটা ব্যাপক জল সরবরাহ পরিকল্পনা তৈরী করেন। পরিকল্পনায় আনুমানিক খরচ ৭ কোটি ৭০ লক্ষ টাকা। এই ৭ কোটি ৭০ লক্ষ টাকার প্রথম পরিকল্পনাটা তিন ভাগে ভাগ করা হয়েছে। যথা প্রথম পর্বে আনুমানিক ৩ কোটি ৫৪ লক্ষ টাকা খরচ, এই পর্বে মাইথন বাঁধ-এর জলাশয় হইতে জল সরবরাহ করা হবে। দ্বিতীয় পর্বে আনুমানিক ৩ কোটি ২৮ লক্ষ, জল সরবরাহের উৎস দামোদর নদ। তৃতীয় পর্ব আনুমানিক খরচ ৯১ লক্ষ টাকা, জল সরবরাহের উৎস অজয় নদী। কেবল মাত্র একটা পর্বের জন্য অর্থ সংকুলান করা সম্ভবপর হয়েছে। প্রথম পর্বটা ১৯৬৭ সালে আরম্ভ করা হয়। এই পর্বে ২১৭টি গ্রামে এবং ৪৮টি কয়লা খনিতে ৫ লক্ষ ৩৫ হাজার লোকের জন্য। এই পর্বের কাজ প্রায় সমাপ্ত করবার পর বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু হলে, যন্ত্রপাতি চালু করা যাবে এবং জল সরবরাহ করা সম্ভবপর হবে।

এই বিদ্যুৎ সরবরাহের জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষৎ State Electricity Board আর দামোদর ভ্যালি কর্পোরেশনকে ইতিমধ্যে তাগিদ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট বিবরণীতে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পর্বের কাজের বিশদ বিবরণ পাওয়া যাবে।

[1-30—1-40 p. m.]

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** কতদিনের মধ্যে ঐ কাজ সমাপ্ত হবে বলে আপনি আশা করেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** কাজ প্রায় সমাপ্ত।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** আপনার প্রথম পর্বের কাজ ১৯৬৭ সালে যখন আরম্ভ হয়েছিল তখন কি ঐ কাজ কতদিনে সমাপ্ত হবে, এমন কোন লক্ষ্য মাত্রা নির্ধারিত ছিল কি ?

**Mr. Speaker :** Already answered.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** নো স্যার, ১৯৬৭ সালে যে কাজ আরম্ভ হলো তার সমাপ্তি টার্গেট্ ডেট্ কোন কাল পর্যন্ত ছিল ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** সেই টার্গেট্ পিরিয়ড কি দেওয়া হয়েছিল, তা কাগজপত্র দেখে আমাকে বলতে হবে। এখনই বলা সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যদি দেখা যায় টার্গেট্ পিরিয়ডের মধ্যে কাজ সমাপ্ত করা সম্ভব হয় নাই, তাহলে কি মন্ত্রিমহাশয় তার জন্য যে দায়ী, তার শাস্তির ব্যবস্থা করবেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** প্রথম দোষ আদৌ হয়েছে কি না তাই দেখা দরকার। তারপরে অন্য কথা।

**শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় ঃ** এই পরিকল্পনা গ্রহণ করবার সময় দায় কতছিল, আর এখন তা কত দাঁড়িয়েছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** নোটিশ চাই।

**শ্রীঅশ্বিনী কুমার রায় ঃ** মাইথন, দামোদর ও অজয়—এই তিনটি থেকে কত পরিমাণ জল সংগ্রহ করতে পারবেন বলে টার্গেট রয়েছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আপনি যখন সঠিক অঙ্ক চাচ্ছেন, তখন এর জন্য নোটিশ প্রয়োজন।

**শ্রীঅশ্বিনী কুমার রায় ঃ** এর জন্য নোটিশের প্রয়োজন হয় না, যেখানে তিনটা খোজ রয়েছে।

**মিঃ স্পীকার ঃ** এখানে প্রশ্ন রয়েছে—Specially আসানসোল শিল্পাঞ্চলের গ্রামগুলিতে পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি, এবং থাকিলে, তাহা কি এবং কবে নাগাদ উহার কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়, এই কোশ্চেনের উপর ঐ ধরনের প্রশ্ন ওঠে না, যদি আপনি জানতে চান—তাহলে নোটিশ চাইতেই হবে।

**শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় ঃ** এই জল সরবরাহের পরিকল্পনার প্রথম পর্য্যায়ের কাজ আসানসোল, রাণীগঞ্জ coal field অঞ্চলে—১৯৭২ সাল পর্যন্ত হয়েছে কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আমার উত্তরটা একটু লক্ষ্য করে শুনলে বুঝতে পারতেন। আমি যে তিনটী খোজের কথা বলেছি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্য্যায় সম্বন্ধে যে উত্তর দিয়েছি তাতেই আপনার উত্তরটা পাবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** প্রথম, দ্বিতীয় ও তৃতীয় খোজের কাজ সমাপ্ত করতে কতদিন লেগেছিল, তার টার্গেট পিরিয়ডটা বলবেন ?

**মিঃ স্পীকার ঃ** তিনি তো আগেই বলেছেন।

**শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় তিনটী খোজ সম্বন্ধে যে কথা বলেছেন, তার মধ্যে কোথাও ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে এক গ্যালন জল কোথাও সরবরাহ হয়েছে বলে উল্লেখ নাই। তাহলে, এটা কি সত্য এতদিনে এক গ্যালন জল সাপ্লাই হয় নাই ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** সংশ্লিষ্ট বিবরণী দেখলে in details সব জানতে পারবেন। আপনি উত্তর দেবার সময় ঠিক লক্ষ্য করেন নাই। সময় কম বলে আমি ছোট ছোট করে উত্তর দিয়েছি।

**শ্রীকানাই ভৌমিক** ঃ আপনার ঐ পরিকল্পনা থেকে এক গ্যালন জলও পাওয়া যাচ্ছে ক না বলুন।

**শ্রীঅজিত কুমার পাঁজা** ঃ আপনি আমার উত্তরগুলি ঠিকমত শুনছেন না। আমি আগেই ত্তর দিয়েছি—২১৭টি গ্রামে ও ৪৮টি কয়লাখনিতে প্রত্যহ ৫ লক্ষ ৩৫ হাজার লোকের জন্য কোটি ৫ লক্ষ গ্যালন জল সরবরাহ করা যাবে। এই পর্বের প্রথম পর্য্যায়ের কাজ সমাপ্ত প্রায়। তরাং কোন একটা particular জায়গা সম্বন্ধে জিজ্ঞাসা করলে আমাকে সব খোঁজ নিয়ে নাতে হবে।

**শ্রীঅশ্বিনী রায়** ঃ আসানসোল টাউনে কত জল সরবরাহ করা হয়, এই তথ্য আপনার কাছে ছে কি ?

**Mr. Speaker** : Already answered.

**Mr. Speaker** : Answer to question No. 8 not yet received. It is ld over.

### ডায়মণ্ডহারবার সদর হাসপাতাল

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩।) **শ্রীশেখ দৌলত আলি** ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি ডায়মণ্ডহারবার সদর হাসপাতালটি কবে নাগাদ নূতন ভবনে নান্তরিত করা ( শিফ্‌ট ) হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীঅজিত কুমার পাঁজা** ঃ ৩।৪ মাসের মধ্যে ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতালটি নূতন নে স্থানান্তরিত করা সত্বর হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীশেখ দৌলত আলী** ঃ ৩।৪ মাসের মধ্যে এইটা করা যাবে আপনি বললেন। এখন কি মরা তার কোন লক্ষণ দেখতে পাচ্ছি ? আপনি যদি জানেন, দয়া করে আমাদের জানাবেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা** ঃ এর মধ্যে ছাট করে আমি উত্তর দিয়েছি। বিশদভাবে জানা গেলে শ্চয়ই সংশ্লিষ্ট ফাইল আপনারা দেখতে পারেন। ডায়মণ্ডহারবারের নতুন মহকুমা হাসপাতালে । সরবরাহের জন্য একটা পরিকল্পনা করা হয়েছে। ২৪শে জানুয়ারী, ১৯৭২ তারিখে অর্থ-ভাগের অনুমোদনের জন্য পাঠান হয়েছে। অর্থ বিভাগের ২৮শে ফেব্রুয়ারী, ১৯৭২ সালের থ্য জানতে পারা গিয়েছে এবং সেই ফাইল ১০ই মার্চ, ১৯৭২ সালে আবার অর্থ বিভাগে ঠান হয়েছে। ইতিমধ্যে ৮টি নলকূপ বসাবার জন্য অনুরোধ করা হয়েছে। এই নলকূপগুলি লে নতুন ভবনে ১৮টি শয্যাবিশিষ্ট হাসপাতালটি স্থাপিত করা সম্ভব।

### Lalbagh Subdivisional Hospital

*10. (Admitted question No. *125.) **Shri Md. Idris Ali** : Will the inister-in-charge of the Health Department be pleased to state—

(a) the progress made for setting up of Lalbagh Subdivisional Hospital ;

(b) if the said Hospital has been sanctioned and if so, when construction will commence ;

(c) the number of Primary Health Centres at present in the Murshidabad district ;

(d) if it is a fact that a good number of Health Centres in Murshidabad district are running without Doctors ; and

(e) if so—

(i) the number of such Health Centres ;

(ii) reasons for the same ; and

(iii) what actions the Government propose to take in this regard ?

**Shri Ajit Kumar Panja :**

(a) and (b) The construction of a new Sadar Hospital at Lalbagh w sanctioned at an estimated cost of Rs. 33,76,500 in May, 1971.

The P.W. Department have been requested to expedite tl constructional works.

(c) 18.

(d) and (e) (i) Three Subsidiary Health Centres out of 58 Health Centr are now without Doctors.

(e) (ii) and (iii) Reluctance on the part of Doctors to serve in the rur areas is the main reason for the same. Government is trying to recrui new doctors for which Public Service Commission has been requested.

[ 1-40—1-45 p.m. ]

**Shri Mohammad Idris Ali :** Will the Hon'ble Minister be pleased to stat how long these centres are running without doctors ?

**Shri Ajit Kumar Panja :** From my notes in the file I find the answer a follows :

It cannot be denied that considerable number of subsidiary health centre in the State are remaining without Medical Officers as doctors in general ar reluctant to serve in the rural areas. Facilities for higher studies are also give to them but the position has not been appreciably improved. Honourabl member will please note that the time gap which he has asked for, i.e.,how lon those centres are without doctors, cannot be ascertained from the file. I wi certainly enquire and inform this House accordingly.

**Shri Gangadhar Pramanick :** Will the Hon'ble Minister be pleased to stat what steps he desires to taken regarding those doctors who are reluctant to tak up the duties assigned to them ?

**Shri Ajit Kumar Panja :** Mr. Speaker, Sir, at this moment, the question, think, does not arise.

### গ্রামাঞ্চলে মশার উপদ্রব

*11. (Short Notice) (Admitted question No. *52.)

**শ্রীসরোজ রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে গ্রামাঞ্চলে—

(১) মশার উপদ্রব বৃদ্ধি পাইয়াছে এবং ম্যালেরিয়া রোগের প্রকোপ বৃদ্ধি পাইতেছে এবং

(২) মেদিনীপুর জেলার গড়বেতা সহর ও গ্রামাঞ্চলে মশার উপদ্রবের ফলে বহু ব্যক্তি রোগগ্রস্থ হইয়া পড়িয়াছেন ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :**

(ক) (১) বৎসরের এই সময়ে সর্বত্র মশার উপদ্রব বৃদ্ধি পায় ইহা সরকার অবগত আছে তবে এই মশাগুলি ম্যালেরিয়া জীবাণুবাহী নহে। ইহা সত্য নহে যে সর্ব ম্যালেরিয়া রোগের প্রকোপ বৃদ্ধি পাইতেছে। ম্যালেরিয়া রোগ কিছু কি স্থানে পূর্বের মত দেখা দিয়াছে।

(২) এইরূপ কোনও সংবাদ সরকার জানেন না।

(খ) ম্যালেরিয়া নিবারণকল্পে Malaria Eradication Programme অনুযায়ী সংশ্লিষ্ট অঞ্চলে অধিবাসীগণের গৃহে ও গবাদি পশুর গোয়ালে D. D. T. ছড়ান হইতেছে। রোগাক্রান্ত ব্যাক্তির রক্ত পরীক্ষা করিয়া ঔষধ প্রদান প্রভৃতি ব্যবস্থা করা হইতেছে।

.-40—1-50 p.m.]

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জবাব দিলেন যে প্রতি বছর এই রকম সময়ে মশার দ্ধি হয়। তিনি কি খবর রাখেন গড়বেতা সহরে এবং মেটাবাড়ী গ্রামে জনৈক ক্ষেতমজুর দীর্ঘ দিন শার উপদ্রবে ঘুমাতে না পারার জন্য আত্মহত্যা করতে গিয়েছিল গ্রামবাসী তাকে বাঁচিয়েছেন?

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** এই রকম কোন খবর সরকারের কাছে নেই।

**শ্রীসরোজ রায়ঃ** এ বছর বিশেষ করে বহু ক্ষেতমজুরকে দৈনদিন রুজিরোজগার করবার জন্য রা দিন কাজ করে মশার জন্য সারারাত জেগে কাটাতে হচ্ছে এবং এর ফলে তার রুজি-জগার করতে পারছে না রাত জাগার ফলে মশার জন্য—এ খবর কি তিনি রাখেন?

**Mr. Speaker :** Does not arise

**শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে পল্লী অঞ্চলে মশা মারার জন্য কর্মচারী নিয়োগ করা হোত সেই রকম কর্মচারী মশা মারার জন্য নিয়োগ করার ব্যবস্থা করা ব কি?

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** পূর্বে যে ব্যবস্থা ছিল সেই সমস্ত সরকার বিবেচনা করছেন এবং শ্চিতভাবে আধুনিক নিয়ম অনুযায়ী যে রকম ব্যবস্থা প্রয়োজন সরকার নিশ্চয়ই নেবেন।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে শহরাঞ্চলে মশা মারার জন্য কারের কোন ব্যবস্থা নেই। সেজন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না?

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** শহরাঞ্চলের চেয়ে গ্রামের দিকে বেশী জোর দেওয়া হয়েছে, তবে রের কথা নিশ্চয়ই ভাবা হবে।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে কলকাতা এবং প্রতি রে এখন মশার উপদ্রবে সাধারণ লোকের বাস করা দুর্বিসহ হয়ে উঠেছে।

**Mr. Speaker :** The question does not arise. This question relates to dnapore district.

### মালদহ জেলায় কান্তরকা ও মুচিয়া এলাকায় স্বাস্থ্যকেন্দ্র

*12. (Short Notice) (Admitted question No. *63.)

**শ্রীরবীন্দ্রনাথ মুর্মুঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য মালদহ জেলার (১) হবিবপুর থানা আদিবাসী-প্রধান কান্তরকা অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের জন্য ৪ বৎসর পূর্বে জমি রেজিষ্ট্রারী করা হওয়া সত্বেও অদ্যাবধি উক্ত স্বাস্থ্যকেন্দ্র খোলা হয় নাই; এবং

(২) মুচিয়া অঞ্চলে স্বাস্থ্যকন্দ্রের জন্য জমি দান করিতে চাওয়া সত্বেও সরকারীভাবে স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন ব্যবস্থা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ঐ দুই অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র খোলার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'ক' এর ১ এবং ২এর উত্তর একসঙ্গে ওয়া সুবিধাজনক বলে আমি একসঙ্গে দেবার অনুমতি চাইছি। 'ক' এর ১ এবং ২এর কান্তরকা

অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি দান করার প্রস্তাব ১৯৬৭ সালে পাওয়া গিয়েছিলো। মুচি অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি দান করবার প্রস্তাব ১৯৬৫ সালে করা হয়েছিল। কান্তর ও মুচিয়া অঞ্চলে হবিবপুর ব্লকের অন্তর্ভূক্ত কিন্তু হবিবপুর ব্লকে ইতিমধ্যে একটি প্রাথমিক এ দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হওয়ায় ঐ দুইটি প্রস্তাব গ্রহণ করা হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীরবীন্দ্রনাথ মুর্মু:** মাননীয় মন্ত্রিমহাশয়, ৪ বৎসর পূর্বে স্বাস্থ্যকেন্দ্র রেজিষ্ট্রী হয়েছে এখন পর্য্যন্ত কাজ সুরু হয় নাই কেন আমি জানতে পারি কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** এর কারণ সংশ্লিষ্ট কাগজ থেকে যা দেখছি,সরকারের বর্তমান নীতি অনুযায়ী প্রতি ব্লকে ১০টি শয্যাযুক্ত একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ২টি করে উপস্বাস্থ্যকেন্দ্র, ২টি করে প্রসূতি শয্যা থাকবে। মালদহ জেলা হবিবপুর ব্লকে ইতিমধ্যেই বুলবুলচণ্ডীতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং বাহাদুরপুর, বৈদ্যপুরে ১০টি শয্যাযুক্ত একটি, ঋষিপুরে ২টি শয্যাযুক্ত আর একটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হচ্ছে। রাজ্যে বহু ব্লকে এখন সর্বনিম্ন স্চী অনুসারে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভব হয়নি বলে ঐ ব্লকের অন্তর্গত অতিরিক্ত স্বাস্থ্যকেন্দ্র এখন খোলা সম্ভব নয়।

[ 1-50—2 p.m. ]

**শ্রীকানাই ভৌমিক:** ঐ উপস্বাস্থ্যকেন্দ্র দুটি কোন্ সালে হয়েছে?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** ঠিক তারিখ জানতে গেলে আমায় পরে উত্তর দিতে হবে।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, ঐ কান্তরকা ও মুচিয়া অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের জন্য যে সালে জমি দেওয়া হয়েছিল তারপর এই দুটি স্বাস্থ্যকেন্দ্র হয়েছে?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** আমি তো বলছি প্রথমে আমাকে ডেট দেখতে হবে এবং তারপরে আমি বলতে পারব।

**শ্রীকানাই ভৌমিক:** ঐ দুটি অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের জন্য আগে জমি পাবার পরেও এই অঞ্চলে ব্যয়বরাদ্দ করা হয়েছে এবং এটা যাতে পুনর্বিবেচনা করা হয় সেটা কি মন্ত্রিমহাশয় দেখবেন?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** এটা সম্বন্ধে কোন কিছু আশ্বাস দেওয়া এখনই সম্ভব নয় যতক্ষণ পর্য্যন্ত না আমি কাগজপত্র দেখছি এবং এর জন্য নোটিশ দরকার হবে।

**শ্রীগৌতম চক্রবর্তী:** মশা মারবার জন্য ডি. ডি. টি. এবং ফ্লিটের যে ব্যবস্থা করা হয়েছে তা সত্বেও মশার উপদ্রব কমেনি। কাজেই যে সমস্ত ব্যক্তি মশার হাত থেকে বাঁচতে পারছেন না, তাদের জন্য আপনি কি মশারীর ব্যবস্থা করে দেবেন?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** অধ্যক্ষ মহাশয়, এর উত্তর তো হয়ে গেছে?

**Mr. Speaker:** Question hour is over. Starred questions 1 and 2 will be taken up tomorrow specially and I will request the Hon'ble Minister to supply copies of answers to the office earlier. I would like to draw the attention of the Hon'ble Minister concerned to Rule 56 which says that answers to questions which Ministers propose to give in the House shall not be release for publication until the answers have actually been given on the floor of the House or laid on the Table.

**শ্রীনিতাইপদ সরকার:** স্যার, আমার ৫ নম্বর কোশ্চেনের কি হল?

**মিঃ স্পীকার:** ৫ এবং ৮ নম্বর প্রশ্নের এ্যানসার এখন পাইনি, রুল ৫৬ অনুসারে এখন বোধ হয় রেডি হয় নি, তাই হেলড ওভার রইল এবং ষ্টারড কোশ্চেন ১ এণ্ড ২ উইল বি টেকেন আপ টু-মরো।

**শ্রীনিতাইপদ সরকার:** কবে হবে স্যার?

**Mr. Speaker :** That will be taken up on the next rotational day fixed for ;he particular Department.

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker** : Hon'ble Minister-in-charge of Labour Department will now )lease make a statement on the subject of hunger strike by workers of two ollieries in Ondal police station—attention called by Shri Ramdas Banerjee on he 29th March, 1972.

**Dr. Gopal Das Nag :** In reply to the calling attention notice given by ;hri Ramdas Banerjee regarding Samla Group of Collieries, I would like to nform the House that a charter of demand was submitted on behalf of the !olliery Mazdoor Congress to the management of Samla Group of Collieries in ŀaniganj belt. On 15th March, 1972, the Vice-President and the Assistant ;ecretary of the Colliery Mazdoor Congress resorted to hunger-strike at the ›remises of Samla Group of Collieries. From 25th March, 1972, a section of the ‹orkers also joined the hunger-strike and a few of them squatted in the pits of ;amla and Chatrishganda. On 30th March, 1972 Labour Minister, Government ›f West Bengal, held a discussion with the Secretary of the Firm, managing the ıbove collieries and Shri Ramdas Banerjee, M.L.A., President of the Mazdoor ;ongress in the presence of Regional Labour Commissioner (Central), Calcutta. ⱡ few of the pressing demands were sorted out and settled. The remaining lemands were referred to conciliation to be taken up by Regional Labour ;ommissioner (Central), Assansol. The hunger-strike has been called off with ;ffect from 31st March, 1972.

**Mr Speaker** : The Hon'ble Minister-in-charge of the Irrigation and Power )epartment will please make a statement on the subject of scarcity of electricity n Calcutta and outlying industrial areas—attention called by Shri Somnath ،ahiri on the 30th March, 1972.

**Shri Abul Barkat Atwal Ghani Khan Chowdhury** : Mr. Speaker, Sir, with ·eference to Calling Attention notice given by Shri Somnath Lahiri on 30th ⱱarch, 1972, I would like to make the following statement :—

The present demand for electric power in Calcutta industrial area during ,he evening peak hours is 540 M.W. Normally this is met by : (a) bulk supply 'rom S.E.B./D.P.L. system from Bandel Thermal Power Station—160 M.W., b) Bulk supply by D.V.C. to C.E.S.C.—95 MW, (c) Calcutta Electric Supply's ›wn generation—285 MW. Recently for a number of days load is being shed n Calcutta industrial area during the evening peak hours as well as occasionally ıt day time as the three power generation systems had not been in a position ;o generate up to the required level due to the reasons that defects in the gene- 'ating plants at the Durgapur Station of the D.P.L and Waria and Chanrapura Thermal Stations of D.V.C. were detected. The D.P.L. took 3/4 days to rectify ;he defects but the D.V.C. could not restore the plants in good condition for ;eneration at the normal level even now. Additionally, copper conductors or )ne of the circuits of the transmission line connecting Durgapur with Bandel were stolen. The West Bengal State Electricity Board took some time to restore the circuit which was done at 1700 hours on the 29th March. The supply from D.P.L. had increased gradually but the D.V.C. would not be able to supply full quantum up to the 4th of April. The Calcutta Electric Supply Corporation has been generating at normal level and has been asked to put in service their stand-by sets as many as possible so that they can make addition to relieve the load shedding. It is regrettable that due to plant defects beyond

the control of the management, Calcutta could not be supplied with its required quantity of power. The Government have taken steps to run 4 sets at Durgapur Power Station of the D.P.L. and asked the S.E.B. to run all the 4 sets temporarily to overcome the difficulty. These measures will consume a few days before being put into full operation. It is expected that normal supply would be restored and load shedding done away with by the end of first week of April. Attempts will, however, be made to restore the normal supply earlier, if possible. It may be mentioned that in order to avoid these contingencies in future, the C.E.S.C. has been asked to explore the possibility of installing a number of gas turbine sets in their sub-stations so that the shortfall in power supply during the peak hours can be adequately met by such gas turbine sets. Their report is being awaited.

**Mr. Speaker:** I have received 8 notices of Calling Attention on the following subjects, namely :—

1. Withdrawal of criminal cases against certain peasants and transfer of lands from Forest Department to the Land Revenue Department for their distribution to the landless cultivators—from Shri Saroj Roy.
2. Scarcity of drinking water in the municipal area, Assansol, district Burdwan—from Shri Niranjan Dihidar and Shri Aswini Roy.
3. To take action on Kheya Kunti Project—from Bhawani Prosad Sinha Roy.
4. Non-using of State language Bengali in Government Administration—from Shri Nitaipada Sarkar.
5. Financial inability of unaided Secondary School teachers—from Shri Basudev Sautya.
6. Trade on smuggled ration articles from Kalighat and Chetla sidings—from Dr. Kanai Lal Sarkar.
7. Recovery of bullets made in Pakistan from Begopara at Ranaghat—from Shri Naresh Chandra Chaki. and
8. Attack on Shri Rupsing Maji, M.L.A. and Shri Sarat Chandra Das, M.L.A. in Railway Compartment of Howrah-Chakradharpur Passenger on 31th March, 1972—from Shri Abdul Bari Biswas.

[ 2—2-10 p.m. ]

I have selected the notice of, Shri Abdul Bari Biswas on the subject of attack on Shri Rupsing Maji, M.L.A., and Shri Sarat Chandra Das, M.L.A. in Railway Compartment of Howrah-Chakradharpur Passenger on 31th March, 1972, at Garbeta Railway Station.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

**Shri Siddhartha Shankar Ray**: Day after to morrow, Sir.

## MENTION CASES

**শ্রীভবানী প্রসাদ সিংহরায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ১৯৭১ সালের বন্যার পর তদানীন্তন সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বন্যায় ভেঙ্গেপড়া মানুষের ঘর তৈরী করে দেবেন, তাদের গৃহ নির্মাণের জন্য অনুদান মঞ্জুর করবেন। আমার কেন্দ্র পোলবা ব্লকে ২ লক্ষ ৬০ হাজার টাকা দেবার প্রতিশ্রুতি

দেওয়া ছিল কিন্তু আমি যতদূর জানি সেখানে ৩০।৩৫ হাজার টাকার বেশী সেই অনুদান দেওয়া হয়নি এবং বাকি সমস্ত গৃহহারা মানুষ সেখানে রয়েছে। আমি আপনার মাধ্যমে এই অনুরোধ মন্ত্রিমহোদয়কে করতে পারি কি কবে নাগাদ এবং অবিলম্বে কি না এই অনুদান সরকার থেকে মঞ্জুর করা হবে ?

**শ্রীনিরঞ্জন দিহিদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আসানসোল কয়লাখনি অঞ্চলে আজ থেকে হাঙ্গার-ষ্ট্রাইক সুরু হয়েছে মেন ধেমো কোলিয়ারীতে। আগামী ৭ তারিখ থেকে বেনালী কোলিয়ারীতে অনির্দিষ্টকালের জন্য অনশন ধর্মঘট হতে চলেছে। আগামী ১৮ তারিখ থেকে আরো অন্যান্য কোলিয়ারী অনশন ধর্মঘটের দিকে চলেছে। এই ধর্মঘটের কারণ হচ্ছে দীর্ঘদিন ধরে কয়লাখনির মালিকরা শ্রমিকদের বকেয়া বেতন প্রায় ১ কোটি টাকার মত দিচ্ছে না। যেসমস্ত কয়লাখনিগুলি বন্ধ রাখা হয়েছে সেখানে প্রায় ১০ হাজার কর্মী বেকার হয়ে গেছে। কয়লাখনি অঞ্চল মালিকদের অত্যাচারের ব্যাভিচারের পীঠস্থান হয়ে দাঁড়িয়েছে। এই সমস্ত ঘটনা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রিমণ্ডলীর গোচরে আনা হয়েছে কিন্তু কোন প্রতিকার হয়নি। অনশন ধর্মঘটী শ্রমিকরা দাবি করেছে অনতিবিলম্বে তাদের বকেয়া বেতন দেওয়ার জন্য এবং যেসমস্ত মালিক তাদের বকেয়া বেতন দেওয়ার বিরুদ্ধে তাদের বিরুদ্ধে সক্রিয় পদক্ষেপ নেওয়ার জন্য মেনটেন্যান্স অব ইণ্টারন্যাল সিকিউরিটি এ্যাক্টে গ্রেফতার করা হোক। বন্ধ কয়লাখনিগুলি খোলার জন্য এন. সি. ডি. সি. কিছু পদক্ষেপ নিয়েছিলেন কিন্তু তার কোন প্রতিবিধান হয়নি। অতি শীঘ্র এই ব্যাপারে যদি কোন পদক্ষেপ না নেওয়া হয় তাহলে আসালসোল শিল্পাঞ্চলে ব্যাপক অনশন ধর্মঘট দেখা দেবে। সেজন্য অতি শীঘ্র পদক্ষেপ নেওয়ার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুধীর বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিষের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি অমৃতবাজার পত্রিকায় একটা খবর বেরিয়েছে যে ৩১ শে মার্চ তারিখে যাতে বলা হয়েছে যে রাজশাহী বর্ডার দিয়ে আরো অনেক উদ্বাস্ত পশ্চিম বাংলায় এসেছে। আপনি জানেন যে এই উদ্বাস্ত আগমনের ফলে আমাদের অর্থনৈতিক অবস্থা বিপর্যস্ত হয়েছিল, এবং সেই উদ্বাস্ত আগমনের যে মূল কারণ সেটা হচ্ছে বাংলাদেশের মুক্তি সংগ্রাম। আমরা নিশ্চিন্ত ছিলাম যে এরপর আর এই সমস্যার উদ্ভব হবে না। কিন্তু আমাদের আশঙ্কা হচ্ছে যে প্রতিক্রিয়াশীল লোকেরা এ বাংলায় এবং ঐ বাংলায় কাজ করে যাচ্ছে ও অসামাজিক ব্যক্তিরা তার সুযোগ নিয়ে নানা প্রকার বিপদ ঘটাবার চেষ্টা করছে। তার ফলে আন্তর্জাতিকচক্র জাতীয় নিরাপত্তায়ও নানারকম বিঘ্ন এসে হাজির হয়। আমি আপনার মাধ্যমে সরকার ও ভারত সরকারের দৃষ্টি এ ব্যাপারে আকর্ষণ করছি যে, এই উদ্বাস্ত আগমনের ব্যাপারে ব্যাপক তদন্ত হোক এবং তদন্ত করে কোথায় এই প্রতিক্রিয়াশীল শক্তি আমাদের এপার বাংলায় কি ভাবে কাজ করছে তা দেখা হোক। যাতে এই প্রতিক্রিয়াশীল শক্তি এবং অসামাজিক ব্যক্তিগুলি আরো বেশী সক্রিয় হতে না পারে সে দিকে সতর্ক দৃষ্টি রাখা হোক। ভারত সরকারকে অনুরোধ করবো যে এই ব্যাপারে তাঁরা যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসত্য রঞ্জন ভাদুড়ী ঃ** মাননীয় স্পীকার, স্যার, আজকে আমাদের গ্রাম বাংলায় লর্ড ক্লাইভের আমলে একটা রাস্তা স্যাংশান হয়েছিল সেটা হচ্ছে ঘোড়াদল রাস্তা মথুরাপুর থানা পর্যন্ত। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সে রাস্তা হয়নি। তারজন্য আজকে সবচেয়ে দুঃখের কথা পাথর-প্রতিমায় দুটি রাস্তা, সেখানে যে ইট পড়েছিল তা সব চুরি হয়ে গেল। আমি জানি না এই রাস্তা কবে হবে। ছোটবেলায় শুনতাম যে কথা এখনও শুনছি সেই কথা, যে রাস্তা হবে—কিন্তু তা হয়নি। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে পাথরপ্রতিমা থেকে ঐ সুন্দরবন অঞ্চলে কোন রাস্তা

নেই। সেখানে দুটা রাস্তা হরিপুর—১৮ নং রায়পুর ভোলা রাস্তা তার কথা বলতে চাই। সুন্দরবনের সঙ্গে কলকাতার একটা যোগসূত্র রচনা করতে চাই। মাননীয় বিভাগীয় মন্ত্রী নিশ্চয়ই এটা করবেন যেন অবিলম্বে সেই সব রাস্তাগুলি গ্রহণ করা হয়। রাস্তা না থাকায় আমি আজ খবর পেলাম যে সাপে কেটেছে তাকে আনতে গিয়ে মারা গেছে। নৌকায় করে আনতে দুদিন লাগে। আজ সেখানে রাস্তা হবে না আর কলকাতার আশে পাশে যখন যাই তখন দেখি যে কি বিরাট রাস্তা। আমার লজ্জা করে—আমরা সেখান থেকে জিতে এলাম মাত্র ৫৫ মাইল দূরে অথচ সেখানে রাস্তা নেই রোগী আনা যায় না। আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে বলবো যেন মথুরাপুর ঘোড়াদল, পাথরপ্রতিমার রাস্তা অবিলম্বে গ্রহণ করা হয় যাতে ঐ সব সাপে কাটা লোকেদের চিকিৎসার জন্য আনা যায়।

**শ্রীললিতমোহন গায়েন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭০ সাল থেকে বারুইপুর, যাদবপুরে কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরী বন্ধ হয়ে আছে। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে ঐ বারুইপুর ও যাদবপুরে যে ১২০০ ও ৭০০ শ্রমিক যারা আজ মরতে বসেছে তাদের দিকে একটু নজর দিন। যেসমস্ত খেটে খাওয়া মানুষ আজ বসে আছে তাদের বাঁচাবার জন্য একটা প্রস্তাব দিয়েছি। আপনি যদি সেটা বিবেচনা করেন তাহলে বারুইপুর ও যাদবপুরের লোকেরা কৃতজ্ঞ থাকবে। প্রস্তাবটা হচ্ছে এই যে আপনি যদি বলেন যে অন্ততঃ তাদের সংসার খরচের জন্য কিছু কিছু টাকা দেবো তাহলে আমি আপনার কাছে চিরকৃতজ্ঞ থাকবো।

[ 2-10—2-20 p.m. ]

**শ্রীশঙ্কর দাস পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যখন বহরমপুর থেকে আসি তখন যেন ষ্টেশনে কতকগুলি ছেলেকে দেখলাম ঘুরে বেড়াচ্ছে। তারা হচ্ছে সব বহরমপুরের যে Central State Welfare Home আছে তারই ছেলে। কিন্তু ওখানে নিয়ম হচ্ছে যে ১৮ বছর বয়স হলে আর রাখা হয় না। আমার কথা হচ্ছে যে ঐ State Welfare Home-এ দুঃস্থ ছেলেদের রাখার ব্যবস্থা। ১৮ বছর বয়স হলে তাদের যদি আর রাখা না হয় তাহলে তারা উচ্ছৃঙ্খল হয়ে যাবে। তাই সরকারের কাছে আমার প্রস্তাব হচ্ছে যে যতক্ষণ না কোন অর্থকরী সাহায্য সরকার থেকে তারা পাচ্ছে ততক্ষণ এদের Central State Welfare Home-এ রাখার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রীএক্রামুল হক বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অত্যন্ত গুরুত্বপূর্ণ করুণ চিত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি মুর্শিদাবাদ জেলার ডোমকল কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। আপনি জানেন বিগত বর্ষায় কৃষকদের সমস্ত হালের বলদ মারা গেছে। এর ফলে চাষীরা ভাবছে যে তারা কি ভাবে চাষাবাদ করবে। সরকারের তরফ থেকে আমাদের জেলায় সামান্যতম C. P. Loan গেছে কিন্তু তা যে সাগরে বিন্দুমাত্র। আমি তাই সংশ্লিষ্ট মন্ত্রী এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে emergency basis-এ কৃষকদের ৭ দিনের মধ্যে Loan-র ব্যবস্থা করা হয় তা না হলে সামনে বৈশাখীতে যে আবাদ হবে তা ভীষণভাবে বিধ্বস্ত হয়ে যাবে এবং Grow More Food Scheme সাফল্যমণ্ডিত হবে না। সেজন্য এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশু Loan-এর ব্যবস্থা করবার জন্য অনুরোধ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে একটা জিনিষ ঘটছে—যা নিয়ে আগে একদিন একটু উল্লেখ হয়েছিল—সে সম্বন্ধে একটু বলতে চাই। বিড়লার যেসমস্ত হেড অফিস কোলকাতায় ছিল যা তারা এখান থেকে স্থানান্তরিত করে অন্য জায়গায় নিয়ে গিয়েছিল একটা চুক্তি বলে তারা কয়েকটা অফিস খুলছে। আজ যে ঘটনা ঘটছে সেটা হচ্ছে বেশীর ভাগ

কর্মচারীকে বাদ দিয়ে তারা কয়েকটা অফিস খুলছে। যাদের বাদ দিয়ে খুলছে তাদের কোনnotice দেওয়া হয়নি। অর্থাৎ তাদের discharge না dismiss করা হোল তা বলেনি। আগে একটা general notice দিয়েছিল সমস্ত তুলে নিয়ে যাচ্ছি বলে সমস্ত discharge. কিন্তু এখন যে কয়েকটা খুলছে তারজন্য কিছু লোককে রাখছে। বাকী লোককে রাখছে না। এ সম্বন্ধে তারা কোন notice দেয়নি। স্বভাবতঃই এই সমস্ত কর্মচারীরা তা হতে বাধা দেবে এবং তাতে শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হবে। সেই শান্তি-শৃংখলা রক্ষার জন্য সরকার কিছু step নেবেন এবং তা যদি নেন তাহলে সেটা বিড়লার স্বপক্ষে যাবে এবং তাহলেই ভীষণ গণ্ডগোল হবে। সেজন্য আমি বলতে চাই যে মুখ্যমন্ত্রী ও শ্রমমন্ত্রী Union-এর লোকেদের ডেকে, বিড়লাদের ডেকে ব্যাপারটার একটা মীমাংসা করতে পারেন, তাহলে গভর্ণমেণ্ট থেকে এ বিষয়ে কঠোর ব্যবস্থা অবলম্বন করা উচিৎ যাতে তারা এরকম না করতে পারে এবং এ নিয়ে কোন গোলমাল যাতে বেঁধে না যায়।

## অকেজো টিউবওয়েল সম্পর্কে দৃষ্টি আকর্ষণ

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভয়ঙ্কর গরমে যখন পানীয় জলের অভাবে মানুষ ছটফট করে তখন সামনে যে টিউবওয়েল দেখা গেলো সেইটা টিপলে যখন ঘ্যাঁচ করে উঠে তখন সাধারণতঃ মর্মন্তুদ আওয়াজ বলেই মনে হয়। আমার কেন্দ্রে এই রকম আছে। এই রকম পরিস্থিতিতে বিগত ১৭ই তারিখে রেডিওতে ঘোষণা শুনলাম প্রায় রবীন্দ্রনাথের ভাষায়, "এসো এসো তৃষা মুরতি"। আমাদের মাননীয় মন্ত্রী সাত্তার সাহেব নাকি মুর্শিদাবাদে বলেছেন যদি কোথাও ভাঙ্গা টিউবওয়েল খুঁজে পাওয়া যায় এবং সরকারের নোটিশে আনা যায় তাহলে সাত দিনের মধ্যে টিউবওয়েল সারানো হবে। আমি ময়ুর নয়, তবে হতে ইচ্ছে হচ্ছে। আমি বিশ্বাস করি এটা আমার একার নয় সকল সদস্যের। এই রকম যদি হয় তাহলে নিশ্চয় সেটা মুর্শিদাবাদে হবে না সারা পশ্চিমবাংলায়ই হবে। এটা যদি হয় তাহলে আমার বিশ্বাস হাউসের সকল সদস্যই সাত্তার সাহেবকে আশীর্বাদ করবেন।

**শ্রীআব্দুস সাত্তারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সভ্যা শ্রীমতী গীতা মুখার্জি যে কথা বলেছেন সেটা কেবল মুর্শিদাবাদের জন্য বলিনি। যুক্তফ্রন্ট আমলে যা হয়নি আমরা নিশ্চয় তা করবো—এটা আমার আশা এবং বিশ্বাস। আমি বলি আপনি যেমন গ্রামে ঘোরেন, আমিও তেমনি ঘুরে থাকি। যে ভাঙ্গা টিউবওয়েল বা খারাপ টিউবওয়েলের কথা বলছেন একবার খারাপ হলে আর ভালো হয় না। এতে দেশের লোকের সত্যি টিউবওয়েল সম্বন্ধে খারাপ ধারণা হয়। যে টিউবওয়েল খারাপ হয়ে যাবে তা আর ভালো হবে না। আমি হিসাব নিয়েছিলাম ন' হাজারেরও বেশি প্রায় ১০ হাজারের মতো টিউবওয়েল খারাপ হয়ে আছে। আমি তাই বলেছি ডিপার্টমেণ্টে। কিন্তু অসুবিধা হচ্ছে কে টিউবওয়েলের মালিক তার ঠিক নেই। মেকানিক আবার বি.ডি.ও.-র আণ্ডারে নয়। তার উপরে একজন সাব-এ্যাসিস্ট্যাণ্ট এঞ্জিনিয়ার আছেন, আর জেলায় আছেন এ্যাসিস্ট্যাণ্ট এঞ্জিনিয়ার। কোন পার্টসের দরকার হলে করেসপণ্ডেন্স করতে হবে কল্যাণীতে কিংবা কলকাতায়। আমি মোটামুটিভাবে ঠিক করেছি যে পলিসি হিসাবে ক্যাবিনেটে তুলবো প্রত্যেক ব্লক লেভেলে একটা ব্লক লেভেল ওয়াটার সাপ্লাই কমিটি থাকবে, বি. ডি. ও. উইল বি.........(ইং) এবং প্রত্যেক ব্লকে একজন করে সাব-এ্যাসিষ্ট্যাণ্ট এঞ্জিনিয়ারকে পোষ্ট করা হবে। আমাদের যে সংখ্যা আছে তাতে দিতে পারবো। কেউ কোন রিপোর্ট টিউবয়েল খারাপ হয়েছে বলে করলে সাত দিনের মধ্যে ভাল করতে হবে। না দিলে, দে উইল...এই নিয়ম আমি করতে যাচ্ছি। এটা উপরমহলে যাবার জন্য করতে চাইছি না। আমি এটা প্রত্যেক জেলার জন্য বলেছি। আমরা ক্যাবিনেটে সিদ্ধান্ত নিশ্চয়ই গ্রহণ করবো। সেই কমিটিতে

প্রত্যেক অঞ্চল থেকে একজন করে থাকবেন এবং ওই কমিটির সদস্যদের কাছে রিপোর্ট করলেও চলবে।

আর একটি কথা বলছি আমরা আমাদের বর্তমান সিস্টেম একটা টিউবওয়েল বসাবার জন্য ১২টা পাইপ লাগে। আপনাদের মেদিনীপুরে হয়ত ১০।১২টা লাগতে পারে কিন্তু অনেক জায়গায় ৫।৬টাতে হয়ে যায়। এখন এই ১২টা পাইপ অনেক সময় প্রয়োজন হয় না এবং এই বসানোর জন্য সরকারী খরচ—আমরা যখন প্রাইভেটে বসাই তখন অর্ধেক টাকাতেই টিউবওয়েল বসে যায়। এখন আমরা একটা কমিটির উপর দায়িত্ব দেব, যদি দেখা যায় সরকারী খরচে ২০০ টাকায় হয় তাহলে কমিটি যদি কোন কনট্রাক্টর পায় যে তার অর্ধেকেই হয়ে যাচ্ছে তাহলে সেই কমিটির অধিকার থাকবে সেই টিউবওয়েল বসাবার জন্য সেই কনট্রাক্টরের মারফৎ অর্থাৎ যেখানে ১২টি টিউবওয়েল পাইপ আছে সেখানে যদি দেখা যায় যে ৬।৭টা বসে আরো পাইপ বসাতে পারি তাহলে সেখানে আরো টিউবওয়েল বসবে—এইভাবে টিউবওয়েলের সংখ্যাও বাড়বে এবং ব্লক লেভেলে আমরা কমিটি করে সেই কমিটির মাধ্যমে আমরা করতে চাচ্ছি এবং বি. ডি. ও. উইল বি হেল্ড রেসপনসিব্ল। আরো ওয়াটার সাপ্লাই যে সমস্ত টিউবওয়েল আছে এবং রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম আছে, ডেভেলপমেণ্টের আণ্ডারে যেসব স্কীম আছে, এই সমস্তগুলিকে এক জায়গায় নিয়ে আসতে চাচ্ছি, যাতে কেউ কারো ঘাড়ে দোষ চাপাতে না পারে এবং এইভাবে সিস্টেম করা আমাদের ইচ্ছা আছে। এবং এইভাবে অলরেডি ডিপার্টমেণ্টকে আমরা বলেছি এবং এটাকে ক্যাবিনেটে আমরা দেব। মুখ্যমন্ত্রীর সঙ্গে আলাপ আলোচনা করে এই সিদ্ধান্ত নিয়েছি। তিনিও এগ্রি করেছেন। আশাকরি এটা আমরা করতে পারব।

[2-20—2-30 p.m.]

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই ব্যাপারটা খাদ্যমন্ত্রীর নজরে আনছি এবং সমগ্র ক্যাবিনেটেরও নজরে আনতে চাই। মেদিনীপুর জেলায় গড়বেতা থানায় মার্চ মাসের প্রথম দিকে এক টাকা তিরিশ পয়সা চালের দর ছিল। সেখানে এখন ১ টাকা ৮০ পয়সা হয়েছে এবং ইনটিরিয়ার গ্রামে যেখানে চাল ওজন দরে বিক্রি হয় না, মাপে বিক্রি হত, যেখানে জোতদাররা এবং ধনী কৃষকরা চাল বিক্রি করত, সেখানে এখন ২ টাকার উপর চালের দর হয়ে গেছে। আমি মাননীয় খাদ্যমন্ত্রীর আর একটা দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এই চালগুলি সব ঘাটালে চালান হয়ে যাচ্ছে অথচ সেই চালগুলি বন্ধ করবার জন্য সরকার কোন ব্যবস্থা করছেন না। ঘাটাল থেকে চাল জেলার বাইরে চলে যাচ্ছে। এখন যা অবস্থা হয়েছে কতকগুলি ইনটিরিয়ার গ্রামে লোকে চাল পাচ্ছে না, প্রধানতঃ যারা চাল কিনে খায় তারা চাল পাচ্ছে না, অন্য জিনিষ সিদ্ধ করে খাচ্ছে। সুতরাং সমস্ত কাজের উপর টপ প্রাইওরিটি দিয়ে প্রতি গ্রামে ন্যায্য মূল্যের দোকান খোলা হোক এবং গ্রামের যাতে মজুত চাল বাইরে না যেতে পারে তার ব্যবস্থা করা আশু প্রয়োজন। কারণ ঐ থানা থেকে ঘাটালের দিকে চাল চলে যাচ্ছে। সেটা যাতে সরকারী ব্যবস্থায় আনা হয়, চাল যাতে বাইরে না যায় সেদিকে সরকারের অবিলম্বে নজর দেওয়া উচিত, তা না হলে ওখানে অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হবে। মন্ত্রিমহাশয়কে এদিকে নজর দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিষয়ের প্রতি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হল যে, আপনি হয়ত জানেন, নদীয়া জেলায় বগুলা শ্রীকৃষ্ণ কলেজ বলে একটি কলেজ গেদে সীমান্তে আছে। এটা আপনি অবগত আছেন যে, এই বগুলা কলেজ নিয়ে দীর্ঘদিন নানা গণ্ডগোল হৈ চৈ ঘটে গিয়েছে অতীতে এবং অধ্যক্ষ মহাশয়, আপনি স্মরণ করতে পারেন যে এই হাউসে, এই বিধানসভায়, তদানীন্তন শিক্ষামন্ত্রী শ্রীসিদ্ধার্থ

শঙ্কর রায় এবং অন্যতম সদস্য শ্রীচারুমিহির সরকারের সঙ্গে এই বগুলা কলেজ নিয়ে প্রায়ই গণ্ডগোলের সূত্রপাত হতো এই হাউসের মধ্যে। এই বগুলা কলেজ নিয়ে বহুবার প্রশ্ন তোলা হয়েছে। এই কলেজের অব্যবস্থা দূর করার জন্য বহুবার দাবী করা হয়েছে। কিন্তু আজ পর্য্যন্ত এই অব্যবস্থা দূর হয়নি। এখানে যিনি এ্যাডমিনিষ্ট্রেটার ছিলেন তিনি সি. পি. এম.-এর বশম্বদ ছিলেন এবং তিনি কয়েকজনকে চাকরী দিয়েছেন এবং কয়েকজনকে চার্জসিট দিয়েছেন। এখন এই এ্যাডমিনিষ্ট্রেটার ভদ্রলোক চলে যাবেন শুনছি এবং তার বদলে কমিটি হবে। এখানে দীর্ঘদিন কোন অধ্যক্ষ নেই। একটা কলেজ চলছে, সেখানে অধিকাংশই অনুন্নত তপশীলভুক্ত এলাকার ছাত্র, সেখানে কোন অধ্যক্ষ নেই, একজন ভদ্রলোককে চার্জ দেওয়া হয়েছে কিন্তু তিনি অধ্যক্ষ হতে পারেন না এবং অধ্যক্ষ হওয়ার মত তার কোন কোয়ালিফিকেশন নেই, তাকে চার্জ দিয়ে দীর্ঘদিন ধরে চালানো হচ্ছে। এখন শুনতে পাচ্ছি যে ক্যালকাটা ইউনিভার্সিটি একটা কমিটি করতে যাচ্ছেন এবং সেই কমিটির সম্পাদকের দায়িত্ব যিনি এই অব্যবস্থার মূল নায়ক, যিনি সি. পি. এম.-এর সঙ্গে চলেন সেই মৃত্যুঞ্জয়বাবুকেই সম্পাদকের পদে বসিয়ে নূতন কমিটি করতে যাচ্ছেন। আমাদের দাবী হচ্ছে এই এ্যাডমিনিষ্ট্রেটারকে সরিয়ে নূতন কমিটি হোক। যে অধ্যক্ষের চার্জে আছে, যিনি এই অব্যবস্থার নায়ক, সি. পি. এম.-এর সঙ্গে চলেন, ছাত্রদের উপর, শিক্ষকদের উপর নানারকম অত্যাচার চালিয়েছেন সেই মৃত্যুঞ্জয়বাবুকে যেন অধ্যক্ষর পদে বা সম্পাদকের পদে কোনরকমেই বসান না হয়। তাই দাবী জানাচ্ছি যে এই কলেজে ৯০ ভাগ তপশীল ছাত্ররা পড়ে, এই কলেজকে সরকার গ্রহণ করুন। সরকার গ্রহণ করে তার নেতৃত্বে, সরকারী পরিচালনায় এই কলেজ পরিচালনা করুন এবং সমস্ত অব্যবস্থা দূর করে যাতে এই কলেজটা সুন্দরভাবে গড়ে উঠে সেই ব্যবস্থা করা হোক। এই দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## Discussion on Governor's Address

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি সেই ধন্যবাদ দেবার প্রস্তাবকে সমর্থন করে দু'একটা কথা বলতে চাই। প্রথমেই দেখবেন, স্পীকার মহাশয়, এই যে রাজ্যপাল ভাষণ পড়লেন তাতে বেদনার সঙ্গে উল্লেখ করতে হয় যে রাজ্যপালকে যারা খবর দেয় যার ভিত্তিতে তাঁর ভাষণ রচনা করেন তাতে বন্যা সম্বন্ধে কিছু কথা বলা আছে, কিন্তু আশ্চর্য হয়ে দেখলাম যে ২৪ পরগণার কোন উল্লেখ নাই। আমি বুঝতে পারি না, স্পীকার মহাশয়, আপনার যে কেন্দ্র সেই কেন্দ্রকে বলা যায় ওয়ার্স এ্যাফেকটেড, বাগদা বলে কোন বস্তু ছিল না, বন্যার ফলে গেদে মহকুমা থেকে আরম্ভ করে হাসনাবাদ-এর খবর খবরের কাগজে পড়েছেন কিন্তু সেই ২৪-পরগণার কোন উল্লেখ নেই। তাঁর কর্মচারীরা রাইটার্স বিল্ডিং শোভা করে বসে থাকে, তাঁরা রাজ্যপালকে কি সংবাদ সরবরাহ করে তা বুঝতে পারিনা। যাই হোক আমি তাঁর ভাষণের মূল বস্তু পড়ছিলাম। দেখলাম তিনি লিখেছেন পশ্চিমবঙ্গকে সমৃদ্ধিশালী করে তোলার জন্য সরকার কৃতসংকল্প। আমাদের কৃতসংকল্পই হওয়া উচিত।

[2-30—2-40 p.m.]

কিন্তু অধ্যক্ষ মহাশয়, পৃথিবীর মধ্যে কোন দেশ, শুধু পশ্চিমবাংলার কথাই নয়, সমৃদ্ধ কি সমৃদ্ধ নয় সেটা বিবেচিত হবে এটা ভেবে যে সেই দেশের লোক পেট ভরে খেতে পাচ্ছে কি না। তা যদি পায় তাহলে আমরা বিশ্বাস করতে পারি যে তাদের আনুসঙ্গিক সংস্কৃতি এবং ভাবধারা গড়ে উঠে। রাজ্যপালের ভাষণ যদি আপনি পড়েন তো আশ্চর্য্য হয়ে যাবেন, কেননা আমাদের দেশে

যে খাদ্য সমস্যা বলে কিছু আছে এবং তার যে প্রতিকার করতে হবে বা সে সম্বন্ধে আমাদের কিছু চিন্তা করতে হবে এবং সে সম্বন্ধে আমাদের সরকার যে একটা পরিকল্পনা রচনা করবেন, সে সম্পর্কে কোন উল্লেখ কি তাঁর ভাষণের মধ্যে আছে? কোথাও কোন উল্লেখ আমি দেখতে পেলাম না। অধ্যক্ষ মহোদয়, আজকে মেনশনের মধ্যেও আপনি শুনতে পেলেন যে খাদ্যের দাম বেড়ে যাচ্ছে। প্রতি বছর পশ্চিমবাংলার জনসাধারণের সামনে এসে একটা জিনিষ দাঁড়াচ্ছে এই যে পিরিয়ড যাচ্ছে মানুষ কোথায় যাবে। নানারকম সমস্যা সংকুল অবস্থার মধ্যে পড়ে আমরা প্রথমেই চিন্তা করি আমরা কি খাব। এই খাদ্যের ব্যাপারে যদি কোন কিছু ভেবেচিন্তে দেখতে হয় তাহলে আমরা যে নির্বাচিত হয়ে এসেছি, জনসাধারণ যে আমাদের নির্বাচিত করে প্রতিনিধিত্ব করতে পাঠিয়েছে, তাতে তারা একটা ম্যানডেট আমাদের দিয়েছে, একটা নির্দেশ দিয়েছে, তাদের সেই নির্দেশকে যদি কার্য্যকরী করতে হয়, সফল করতে হয়, তাহলে তাদের যে সুর তাদের যে মনোভাব, অভিব্যক্তি সেটা গোটা ভাষণের মধ্য দিয়ে বেরিয়ে আসা উচিত। কিন্তু ইট ইজ ল্যাকিং এই ভাষণের মধ্যে, অর্থাৎ তার পরিচয় আমরা এতে পাচ্ছি না। এটা একটা দুঃখের কথা, সে বিষয়ে সন্দেহ নেই। এ সম্বন্ধে ভেবে দেখতে হবে।

অধ্যক্ষ মহোদয়, আমি খাদ্যের উপরই আপনার মাধ্যমে এই হাউসকে দুই একটা কথা বলতে চাই। আমার পাশে বসে আছেন প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, এই খাদ্য নিয়ে এই হাউসে বহু বাক্‌বিতণ্ডা তিনি বুনেছেন। এই খাদ্য নিয়ে যদি আমাদের ভাবতে হয়, জনসাধারণের ম্যাণ্ডেটের কথা যদি আমাদের চিন্তা করতে হয় তাহলে এই বিষয়ে তিনটি ভাগে বিবেচনা করার প্রয়োজন আছে। প্রথমেই ধরুন যে কোন সংসারের ন্যায় সামনে যে বাজেট আমাদের আসছে তাতে আয় ব্যয়ের কথা বলা দরকার। খাদ্যের ব্যাপারে আয় কি আছে? খাদ্য সংগ্রহ না হলে কোন সরকারই কোন ব্যবস্থা করতে পারেন না। তাহলেই প্রকিওরমেণ্টের কথা তুলতে হয়। প্রকিওরমেণ্টের কথা যদি বিবেচনা করতে হয় তাহলে প্রথম প্রশ্ন আছে কেন্দ্র এই সম্পর্কে বিবেচনা করে যে আইন রচনা করেছিলেন সেই এসেন্‌শিয়াল কমোডিটিজ্ এ্যাক্টের কথা। এই আইনে যে ব্যবস্থা রয়েছে তাতে এই আইনের আমূল সংশোধনের প্রয়োজন। এই আইনের ধারাগুলিকে ঢেলে সাজাতে না পারলে কোন কাজ হবে না। কারণ এতে যে ধারা-উপধারা রয়েছে তা একেবারে ডিফেক্টে ভরা। আর এরই সুযোগ নিয়ে আমলারা নানারকম খেলা খেলছে, এরই সুযোগ নিয়ে এফ.সি.আই. গ্যাঁড়াকল এসে জুটেছে,আমাদের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে, এরই সুযোগ নিয়ে দেশে চোরাকারবারীরা জন্মগ্রহণ করেছে এবং এই আইনের ফাঁক দিয়ে নানারকম দুষ্কার্য্য করে চলেছে। সেজন্য আমরা দেখি এই এসেনশিয়েল এ্যাক্টে যে ধান কেনা হয় বা যে চাল সংগ্রহ করা হয়, তাতে এই সমস্ত এফ.সি.আই. বলুন আর মিল ওয়ালারই বলুন নানারকম কারসাজি করে থাকে। এতে বোধহয় তিন চারটি ধারা আছে, আমার ঠিক মনে নাই, এতে বলা আছে ধান কেনা হবে কি ভিত্তিতে।

বলা হয়েছে যে এগ্রিড প্রাইস্ ঠিক হবে। এটা ঠিক কথা যে এগ্রিড প্রাইস্ মারফৎ হতে পারে। অর্থাৎ একটা নির্ধারিত মিলের সঙ্গে কথাবার্তা বলা হোল যে এই দরে তাদের ধান দেবে। অথবা কনট্রোল্ড প্রাইস্। গভর্ণমেণ্ট একটা ঘোষণা করলেন যে, এই প্রাইসে আমরা ধান কিনব, এই প্রাইসে আমাদের ধান দিতে হবে, অথবা বললেন যে মার্কেট প্রাইস্ যেটা চলছে তার ৩ মাসের একটা গড় ঠিক করতে হবে। এই ৩টি অবস্থা মিলে এক এক সময় এক এক রকম খেলা চলছে। অর্থাৎ আমরা দেখছি এক এক সময় যিনি অফিসার হয়ে বসছেন তিনি বলছেন যে এগ্রিড দরে কেনা হোক। এখন কথা হোল কিনবেন কি করে? জনসাধারণ যারা বিক্রি করে এবং যারা কিনবে তাদের মধ্যে যদি একটা কো-অর্ডিনেশন না থাকে তাহলে সংগ্রহ বানচাল হবার উপক্রম।

আমাদের খাদ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, পশ্চিমবাংলার মানুষকে খাওয়াবার জন্য এবারে তিনি এত লক্ষ মণ চাল সংগ্রহ করবেন। কিন্তু সংগ্রহের যে অবস্থা তাতে আমরা দেখছি মূলতঃ ডি. পি. এজেণ্ট অথবা মিলের উপর নির্ভর করতে হচ্ছে এবং এক এক সময় এক এক রকম অবস্থা চলছে। কিন্তু কৃষক আসলে যে ধান সাপ্লাই করবে তার কাছে কি আছে? সে কোথায় ধান দেবে এবং ধানের মূল্য যে পাবে তার গ্যারাণ্টি কোথায়? এর কোন ব্যবস্থা কিন্তু ল-এর মধ্যে নেই। আমাদের রুলস্ করা হয়, নিয়ম করা হয় কিন্তু তার মধ্যে কিছু পাওয়া যাচ্ছেনা। আমরা কি দেখছি? আমরা দেখছি মাথা নীচু করে ওই মিলের কাছে, এফ. সি. আই-র মাতব্বরদের কাছে তাদের যেতে হচ্ছে এবং তারা যা বলছে তার উপর নির্ভর করতে হচ্ছে। দেশ আমাদের, সরকার আমাদের কাজেই কৃষক যে উৎপাদন করে তার উপর আমাদের একটা দায়িত্ব আছে। কিন্তু দুঃখের বিষয় এরকম চেতনাবোধ কোথাও সৃষ্টি হচ্ছে না। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এক এক জায়গায় কেন্দ্র করা হয়েছে যেখানে কৃষক ধান নিয়ে আসবে। কিন্তু আমরা দেখছি সেখানে কিছু আড়কাঠি জন্মেছে এবং তারা বলছে এই ধানে ধুলো, এই ধানে রস বেশী ইত্যাদি ইত্যাদি। এরা সমাজের লোকের দুঃখ, কষ্ট বোঝে না। আপনি মিলগুলোতে গেলে দেখতে পাবেন দেয়ার ইজ ডেফিনিট ডাইরেকটিভ অর্থাৎ রস বলতে এফ. সি. আই-র মাতব্বরদের উপর নির্ভর করে না। ধান যখন ওঠে তখন সেটা যে পরিমাণ ভিজে থাকে সেটা যত সময় যায় ততই সেটা কমে। কিন্তু আমরা দেখছি অগ্রহায়ণ মাসে যে ধান নিচ্ছে মাঘ মাসে গিয়েও সেখানে রসের কথা বলা হচ্ছে। অথাৎ যদি দেড় মণ ওজন থাকে তাহলে তাকে কেটে ১ মণ ১০ সের করা হচ্ছে। আমরা দেখছি রুলস্ যেটা আছে ইট ইজ নট এ্যাপ্লায়েড এবং এই জিনিষ চেক আপ করবার অর্থাৎ যাকে বলে রোখা তারও কোন ব্যবস্থা সরকার থেকে করা হয়নি। এটা না করতে পারলে দুর্নীতি বন্ধ করতে পারবেন না। ধুলো দেখিয়ে তাদের কাছ থেকে দাম কমাবার আপ্রাণ চেষ্টা এফ. সি. আই-র লোকেরা করে থাকেন। তারপর বিভিন্ন জেলার বাজার দর লক্ষ্য করলে বোঝা যাবে তাদের রেট এক করে দেওয়া হয়েছে। এ সম্বন্ধে আমাদের ভাবা দরকার।

[2-40—2-50 p.m.]

যাহোক আমি সংগ্রহের ব্যাপারে বিবেচনা করবার জন্য বলছি। এখন কথা হচ্ছে ডিষ্ট্রিবিউশনের ব্যাপারে— এখানে খাদ্যমন্ত্রী উপস্থিত নেই, আমি আপনার মাধ্যমে এই হাউসকে বলতে চাই এবং সকলেই আমার সংগে এক মত হবেন যে কলকাতা এবং কলকাতার বাইরে যেখানে ফুল রেশনিং আছে সেখানে পার ক্যাপিটা রেশন কার্ড আছে অথচ মফঃস্বলে ফ্যামিলি পিছু রেশন কার্ড-এর ব্যবস্থা যার জন্য গ্রামের লোক সপ্তাহের নির্ধারিত চাল একবারে নিতে পারে না। গ্রামের যারা জনমজুর এক সপ্তাহের মাল তোলা তাদের পক্ষে অত্যন্ত কঠিন। সেইজন্য ই হাউসকে ঠিক করতে হবে যে মাসের মধ্যে পশ্চিমবাংলার সর্বত্র মাথাপিছু কার্ড চালু করা র ফলে জনখাটা গরীব মানুষ তাদের মাল তুলে নিতে পারে তাদের সুবিধা মত। তা না করতে রলে এর কোন সুরাহা হবে না। যুক্তফ্রণ্টের আমলেও আমরা এই কথা বলেছিলাম। ফিসাররা কি বলেন—কি করে যে এরা অফিসার হলেন আমি জানি না, তারা বলেন যে এতে াকি প্রচুর খরচ। যেখানে কোটি কোটি টাকা খরচ হয় সেখানে কতকগুলো রেশন কার্ড করে াইগুলো বিলি করবার জন্য নাকি প্রচুর খরচ হবে। এবং কি ভয়ঙ্কর মাথাব্যথা তাঁদের যে এই সব রলে নাকি হিসাব পাওয়া যায় না। কিন্তু স্যার ফল্‌স রেশন কার্ড করে লক্ষ লক্ষ মণ চাল যে াচুর হয়ে যায় রাস্তায় এই ফ্যামিলি ভিত্তিক রেশন কার্ডের জন্য, এখন একে বন্ধ করতে হবে। ই সেশনের পরে মে. মাসের মধ্যে যাঁরা গ্রামাঞ্চলে থাকেন তাঁদের প্রত্যেকের মাথাপিছু কার্ড

করতে হবে তার ফলে দুর্নীতি অনেক পরিমাণে কমবার সম্ভাবনা আছে। দ্বিতীয় কথা হচ্ছে মফঃস্বলে এই রেশনসপে আমরা দেখেছি—আপনারা এখানে যারা মফঃস্বলের প্রতিনিধি আছেন তাঁরাও জানেন এবং তাঁরাও এই দুর্নীতি ধরার চেষ্টা করেছেন– রেশনসপের মালিক যারা, তারা গভর্ণমেণ্ট এমপ্লয়ি নয় বা গভর্ণমেণ্ট এজেণ্ট নয় এবং ফুড এজেণ্টও নয়, তাদের চুরি ধরে শাস্তি দেবার কোন ক্ষমতা গভর্ণমেণ্টের নেই—এসেনশিয়্যাল কমডিটিজ এ্যাক্টে কোন প্রভিশন নেই, এরা অর্ডিনারি বিজিনেসম্যান অব দি সোসাইটি, এরা গভর্ণমেণ্টের কাছে টাকা দিয়ে চাল বা গম তুলে নিয়ে যায় এই পর্য্যন্ত। আপনি ফল্‌স রেশন কার্ড বলুন—এরা মাল দোকানে নিয়ে যাবার আগেই বেচে দিয়েছে। আপনি একটা লোককেও দেখাতে পারবেন পশ্চিমবাংলায় যে খাদ্য চুরির ব্যাপারে কোন শাস্তি হয়েছে বিকজ দে আর অর্ডিনারী গভর্ণমেণ্ট এজেণ্ট ? না হয়নি, কারণ তারা এমপ্লয়ি নয়। সেইজন্য আমি মনে করি যে এমন প্রভিশন করতে হবে যাতে গভর্ণমেণ্ট এজেণ্ট প্রতিপন্ন হতে পারে, তাহলেই এটা করা সম্ভব হবে। আর একটা কথা, আমাদের মুখ্যমন্ত্রী এখন, তিনি যখন আইনসভার সদস্য ছিলেন অতীতে এবং মন্ত্রী ছিলেন, তখন তিনি বলেছিলেন—তিনি এখন উপস্থিত নেই, তাঁরই প্রস্তাব আমি এখানে উল্লেখ করে বলতে চাই যে একটা কম্পলেণ্ট কমিটি—অজয়বাবু এখানে বসে আছেন, তিনি বলতে পারবেন আপনারা কেবিনেটে বসে স্থির করেছিলেন এবং সব মন্ত্রীদের জুড়ে দিয়েছিলেন যে কমপ্লেণ্ট কমিটি হবে এবং তাতে অপরাধীদের এনে একতরফা বিচার করবার অধিকার থাকবে, এইসমস্ত দুর্নীতিপরায়ন অফিসার থেকে আরম্ভ করে নিচের স্তর পর্য্যন্ত, এই ব্যবস্থা প্রবর্তন ছাড়া আর কোন পথ আছে বলে আমার মনে হয় না। সেইজন্য আমি মুখ্যমন্ত্রী তদানীন্তন মন্ত্রীসভার সদস্য থাকাকালীন যে প্রস্তাব রেখেছিলেন তিনি একটা বিলও তৈরী করেছিলেন, আপনারও মনে আছে স্পীকার মহাশয়, কারণ সেইসময় আপনিও এখানে ছিলেন, সেই বিলের ড্রাফ্‌ট ডাঃ রায়ের কাছে দিয়েছিলেন, সেই প্রস্তাব এখন কোথায় গেল ? সেই প্রস্তাব আজকে এনে যদি খাদ্য সম্পর্কে কিছু করতে হয় তাহলে এই বিধানসভার সদস্যদের নিয়ে—যারা খোঁজ করে এনে দেবেন সেটা এক্সপার্টি বিচার হয়ে যাবে, আইনের কোন ধার ধারবার কথাই উঠবে না, তাহলে সেই সমস্ত শয়তানদের টিট করা যাবে। আমার শেষ কথা হচ্ছে এ্যাড্‌মিনিষ্ট্রেশন সম্বন্ধে।

খাদ্য সম্বন্ধে যদি কিছু করতে হয়, একটু তাড়াতাড়ি করতে হবে। এই কিছুক্ষণ আগে শুনলাম ডাক্তার নিয়ে গণ্ডগোল, হাসপাতাল আছে, ওষুধ আছে, রোগী আছে, কিন্তু চিকিৎসা হয় না। কারণ এর মধ্যে কোন co-ordination নাই। এই co-ordination যদি না আনতে পারি ও সুষ্ঠু ব্যবস্থাপনা যদি পরস্পরের মধ্যে না করতে পারি, তাহলে এই খাদ্য নিয়ে শুধু ভাষণ দিয়ে কোন কাজ হবে না। বর্তমান মুখ্যমন্ত্রী সেইকালে যে উক্তি করেছিলেন, তাই একটু বলি, তাহলো এই food administration is morrally unsound, economically fraught with grave dangers, constitutionally unproper and psychologically disastrous,

এই অবস্থায় খাদ্য ব্যবস্থা এসে দাঁড়িয়ে আছে। সেইজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলি—এটাকে একটা Comprehensive Scheme-এর মধ্যে নিয়ে আসুন। সেই প্রস্তাব আমি রাখছি। দেশের মানুষ ভোট দিয়ে আজ আমাদের একটা mandate দিয়েছেন যাতে তাঁদের জন্য আমরা কিছু কাজের কাজ করতে পারি। শুধু ঘরে বসে বাঁচাও বলে কান্নাকাটি করলে চলবে না। খাদ্য বিতরণের জন্য একটা সুষ্ঠু ব্যবস্থা অবিলম্বে হোক—এই আশাকরে রাজ্যপালের ভাষণকে আমি সমর্থন করছি।

**Shri Asamanja De :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মহামান্য রাজ্যপাল কর্তৃক প্রদত্ত মনোজ্ঞ ভাষণের উপর এই সভায় যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে, এই সভার একজন

ন্স্য হিসেবে প্রথমে আমি তাঁকে স্বাগত ও সমর্থন জানাই। আমি স্বাগত জানাই এই কারণে মহামান্য রাজ্যপাল তাঁর সরকারের পক্ষ থেকে সমাজের দ্রুত অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক ায়বিচার প্রতিষ্ঠার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন বলে। আমি সমর্থন জানাই তার কারণ হচ্ছে ই সম্প্রতিকালে পাকিস্তানের সঙ্গে যুদ্ধে বিধ্বস্ত দুঃস্থ পরিবারগুলির ক্ষতিপূরণ, আমাদের ননীয় রাজ্যপাল জনগণের এই আলখেল্লা পরে মেকি মৌরসীপাট্টা নিয়ে মৌখিক সহানুভূতি নিয়ে ক্ষান্ত থাকেন নাই, তিনি তাদের অর্থনৈতিক জীবনে স্থায়ী পুনর্বসতি প্রতিষ্ঠার জন্য ৮ জার একর বাস্তুজমি ও ৪ লক্ষ একর কৃষিজমি বরাদ্দ করেছেন। আমি এই প্রস্তাবকে ভিনন্দিত করছি। তার কারণ হচ্ছে অর্থনীতির ছাত্র হিসেবে আমি জানি প্রফেসর রোষ্টর যায় যে কোন একটা দেশের অর্থনৈতিক উন্নয়নের স্তরকে, উন্নয়নের কারণকে সুনিশ্চিত করতে লে take of stage থেকে maturity stage-এ উন্নত করতে গেলে শস্য উৎপাদনের ক্ষেত্রে রুত্ব দেওয়া দরকার; শিল্পোন্নয়নের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া দরকার; বেকারী সমাধানের উপর রুত্ব দেওয়া দরকার। আমাদের মাননীয় রাজ্যপাল এই প্রস্তাবাবলীর উপর গুরুত্ব দিয়ে এই ke of stage থেকে maturity stage-এ পৌছিবার উপর গুরুত্ব দিয়েছেন। আর সব চেয়ে ঃ কথা আমি এই প্রস্তাবকে সমর্থন করি, তার কারণ এই পশ্চিমবঙ্গের মত ভগ্ন অর্থনৈতিক ঠামোকে বাঁচাতে গেলে কেবলমাত্র উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা করলেই চলবে না, সমাজের রা দুষ্মন কালোবাজারী, ফাটকাবাজের দল, যারা হিংস্র লোলুপ নেকড়ের মত শ্যেনদৃষ্টি নিয়ে নের পর দিন বাজার থেকে দ্রব্যসামগ্রী উধাও করে দিয়ে কৃত্রিম অভাব সৃষ্টি করে নিত্য য়োজনীয় সামগ্রীর দামকে আকাশচুম্বী করে সাধারণ মানুষের নাগালের বাইরে নিয়ে গিয়ে জার হাজার মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলছে তাদের বিরুদ্ধে মহামান্য রাজ্যপাল তাঁর যণে শাস্তিমূলক ব্যবস্থা নেবেন বলে ঘোষণা করেছেন। তাই তাঁকে অভিনন্দন জানাই।

তবে মাননীয় স্পীকার মহাশয়, আমি এই ভাষণের একটা অসমাপ্ত দিকের কথা এখানে ল্লখ না করে পারছি না। মাননীয় রাজ্যপাল তাঁর রাজ্যে শান্ত ও সুস্থ জীবনবোধ প্রতিষ্ঠিত য়েছে বলে দাবী করেছেন। কিন্তু আমি নদীয়া জেলার যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি— ই শান্তিপুর কেন্দ্রের কথা বলতে পারি—সেখানে খুব বিরাট ও ব্যাপকভাবে উগ্রপন্থীদের গুবলীলা চলেছে, এবং খুন জখম ও সন্ত্রাসের রাজত্ব, একটা দৈনন্দিন নিত্যনৈমিত্তিক ঘটনা য় দাঁড়িয়েছে।

মাননীয় স্পীকার স্যার, আপনি খবরের কাগজে দেখেছেন কি না জানি না, যদি দেখে থাকেন ামি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, গত ২৫শে মার্চ তারিখে ন্তিপুর থানার কদমপুর গ্রামে এইভাবে কয়েকজন উগ্রপন্থী যুবক পুলিশের কাছ থেকে ছিনতাই রা রাইফেল নিয়ে সশস্ত্র অবস্থায় পুকুরের মাছ লুট করতে গিয়ে যখন গ্রামবাসীরা বলিষ্ঠ মনোভঙ্গী য়ে তার প্রতিরোধে এগিয়ে যায়, তখন ঐ উগ্রপন্থী যুবকেরা রাইফেল থেকে গুলি ছুড়ে একজনকে হত করে। আমি দেখেছি শান্তিপুরের চেহারা হচ্ছে এই সহর থেকে গ্রামে গিয়ে আজ স্ত উগ্রপন্থী যুবকেরা আশ্রয় নিয়েছে এবং তার ফলশ্রুতি হিসেবে আমরা লক্ষ্য করছি আজ াম্যজীবন বিধ্বস্ত হয়ে পড়ছে; বিপর্য্যস্ত হয়ে পড়ছে এবং লুঠ-দাঙ্গা, মানুষ খুন, চুরি-ডাকাতি ী যেন একটা নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে।

[-50—3 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমণ্ডলীর কাছে নিবেদন করতে ই যে, এমন কিছু ব্যবস্থা অবিলম্বে গৃহিত হোক যাতে মহামান্য রাজ্যপালের প্রদত্ত ভাষণের সঙ্গে

সামঞ্জস্য থাকে এবং যার ফলে শান্তিপুরের মানুষের সুষ্ঠু জীবনবোধ সম্পূর্ণভাবে পুনঃপ্রতিষ্ঠীত হতে পারে। আমি আজ যে কথা বলতে চাই, সেটা হচ্ছে এই পশ্চিমবঙ্গে সব চেয়ে বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা, নিশ্চয়ই এই বেকার সমস্যার সমাধানের জন্য কিছুটা গুরুত্ব রাজ্যপালের ভাষণে দেওয়া হয়েছে। কিন্তু আমরা এমন কিছু পরিবেশ স্থষ্টির কথা সেই ভাষণে দেখতে পাই না যে আমাদের লক্ষ লক্ষ ছেলেরা, ভাইয়েরা চাকুরীর উমেদারী ছেড়ে স্বনির্ভরশীল এবং স্বাবলম্বী হতে পারে। আমি এই ধরনের প্রস্তাব মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীমণ্ডলীর কাছে পেশ করতে চাই। আমরা দেখেছি যে পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষকদের মনিঅর্ডারের মাধ্যমে যে মাইনে দেওযা হয়ে থাকে তার বাবদ ক্ষতি প্রায় ৫০ লক্ষ টাকা। আমি বলতে চাই যে এই ধরনের মনিঅর্ডারের মাধ্যমে মাইনে দেওয়া পদ্ধতি যদি বন্ধ করেন এবং গ্রামে গ্রামে আমরা যদি ৪ জন করে বেকার ছেলেকে এই মাইনে দেওয়ার কাজে নিযুক্ত করতে পারি তাহলে আজকে মহামান্য রাজ্যপাল, সরকার, পশ্চিমবাংলার মানুষ যে বেকার সমস্যার জন্য আপ্রাণ চেষ্টা করছেন, সেই সমাধান আংশিকভাবে হতে পারে। আর যেটা বড় কথা আমি বলতে চাই যে আজকে শ্রমপ্রকার পদ্ধতিতে উৎপাদন কার্য্য পরিচালনা করে বেকার সমস্যার সমাধানের জন্য আজকে সমাজের যে অগ্নিগর্ভ সমস্যা সেই মুদ্রাস্ফিতিকে প্রতিরোধ করতে গেলে ভোগগত সামগ্রীর উৎপাদন ব্যবস্থার প্রয়োজন। আজকে অর্থনৈতিক শক্তির বিকেন্দ্রীকরণের মাধ্যমে সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা প্রয়োজন। আজকে ব্যায়ভার লাঘবের উদ্দেশ্যে কুটির শিল্পের উপর গুরুত্ব দেওয়া প্রয়োজন, কিন্তু আমরা লক্ষ্য করেছি অত্যন্ত দুঃখের সঙ্গে যে, কুটির শিল্পের উপর গুরুত্ব দেওয়া হয় নাই। অথচ যে কেন্দ্র থেকে আমি বিধানসভায় আসবার সুযোগ পেয়েছি সেই শান্তিপুরের অর্থনৈতিক কাঠামো আপনারা সকলেই জানেন যে তন্তুশিল্পের উপর নির্ভরশীল এবং দেখেছেন যে সেখানে সুতার দাম বেড়ে গিয়েছে। আমরা দেখেছি সেখানে কোন বিচার নেই, আমরা দেখেছি সেখানে ন্যয্যমূল্যে তন্তুবায়িরা বিক্রি করার সুযোগ পান না। তার ফলে সেখানকার অর্থনৈতিক অবস্থা অত্যন্ত খারাপ। গভর্ণমেণ্ট পারচেজ সেণ্টারের মাধ্যমে যদি বিক্রি করা যায়, ন্যায্যমূল্যে যদি তারা সুতা পায় এবং ন্যায্যমূল্যে কাপড় বিক্রি করতে পারলে তারা শোষণের হাত থেকে, অত্যাচারের হাত থেকে, লাঞ্ছনার হাত থেকে নিজেদের নিষ্কৃতি দিয়ে সুষ্ঠু পথে জীবনকে পরিচালনা করতে পারে। আর যে কথা শিক্ষক হিসাবে আমার বলা প্রয়োজন, মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন অর্থনৈতিক শিক্ষাব্যবস্থার কথা। বলেছেন পরীক্ষা ব্যবস্থার সংস্কারের কথা, অত্যন্ত দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে, আমরা দেখেছি পরীক্ষার্থীদের কি অবস্থা। আজকে মফঃস্বলের কি অবস্থা। শান্তিপুরের ছেলেকে নবদ্বীপ কলেজে গিয়ে পরীক্ষা দিতে হবে। নবদ্বীপের ছেলেদের বলেছেন যে করিমপুর গিয়ে পরীক্ষা দিতে হবে। কিন্তু সেখানে কোন যোগাযোগ ব্যবস্থা নেই। আমাদের ভাইরা অত্যন্ত গরীব, অন্যথানে গিয়ে তাদের থাকবার সামর্থ নেই। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এইটুকু বলব যে দুঃস্থ পরীক্ষার্থীদের কথা চিন্তা করে যেন অবিলম্বে এই সেণ্টার চেঞ্জের যে নির্দেশ সরকার তরফ থেকে গিয়েছে, তা রহিত করে দুঃস্থ ছেলেদের বাঁচান। আর সব চেয়ে বড় কথা ঐ মার্কসবাদী কমিউনিষ্টরা নির্বাচন প্রসঙ্গে যা বলছে সেই প্রসঙ্গে আমি বলতে চাই যে ইন্দীরা গান্ধীর নেতৃত্বে সারা ভারতবর্ষে যুব সমাজের একটা আশা, উন্মাদনার, অনুপ্রেরণার তুফান উঠেছে, মরুভূমিতে ঝড় উঠলে উটপাখী বালির মধ্যে মুখ গুজে ঝড়ের থেকে অব্যাহতি পাবার জন্য যেমন চেষ্টা করে সেই রকম আজকে বাংলাদেশের এই ঝড়ে সি. পি. এম. এবং তার বামপন্থী ফ্রণ্টের নেতৃবৃন্দ ভাবছে উট পাখীর মত তারাও অব্যাহতি পাবে। কিন্তু তারা ১০টি সিটে নেমে গিয়েছে, এটা কোন কারচুপি নয়, এটা বৈজ্ঞানিক সত্য, এটাকে মেনে নিন। আমি সেইজন্য ভগবানের কাছে প্রার্থনা করব তাঁদের শুভ বুদ্ধির উদ্ঘাটন হোক, তাঁরা

বিলম্বে হলেও আসুন বিধানসভায় অংশ নিন। ক্ষুদ্র তাঁরা যতই হোক আমরা সকলের সাহায্য চাই এবং গঠনমূলক কাজে আত্মনিয়োগ করি এবং পশ্চিমবাংলাকে বাঁচাই। এত দিনে গোখেলে যে কথা বলেছিলেন সেই হোয়াট বেঙ্গল থিঙ্কস টু ডে ইণ্ডিয়া উইল থিঙ্ক টু-মরো, গোখেলের এই বাণীকে বাস্তবে রূপায়িত করে পশ্চিমবাংলার সম্মান, ইজ্জত, মর্য্যাদা ও সংস্কৃতিকে রক্ষা করব সেই শপথ আজকে আমরা গ্রহণ করব এই বলে স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I would request honourable members to have respect for the red light. I have with me 27 names of speakers. I shall call all of them but each speaker has been allotted only five minutes' time. If a single member takes away ten minutes, it will be impossible to finish our business within time. Since the speech of the last speaker was his maiden speech, I have not interfered with it but I would again request all honourable members to have some respect for the red light.

**শ্রীতৃপ্তিময় আইচ** ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন আমি তাঁকে ধন্যবাদ ও স্বাগত জানাচ্ছি। তবে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ আরো বাস্তাব দৃষ্টিভঙ্গীসম্পন্ন হবে বলে আশা করেছিলাম। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বাংলাদেশের কথা অত্যন্ত সুন্দরভাবে রেখেছেন।

রাজ্যপাল মহাশয় বলেছেন যে পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার উন্নতি হয়েছে এ বিষয়ে আমি তাঁর সাথে একমত। পশ্চিমবঙ্গে সি. পি. এম.-এর রাজত্বে খুন, লুঠতরাজ ও সন্ত্রাস সৃষ্টি হয়েছিল, স্কুল কলেজে ও কলকারখানায় অশান্তির সৃষ্টি হয়েছিল। মানুষ এই সন্ত্রাসের হাত থেকে অব্যাহতি পাবার জন্য ব্যস্ত হয়ে পড়েছিল, কারণ মানুষ দুটো কম খেয়ে বেঁচে থাকতে পারেন কিন্তু প্রতিক্ষণে মৃত্যুর আশঙ্কা নিয়ে বাঁচতে পারে না। এটা অত্যন্ত আশার কথা যে আজ আবার স্কুলেকলেজে, কলকারখানায় শান্তি ফিরে এসেছে, মানুষের মনে আত্মবিশ্বাস ফিরে এসেছে।

মাননীয় রাজ্যপাল মহাশয় যে বেকার সমস্যা সমাধানের কথা বলেছেন, আমি মনে করি এটা অত্যন্ত নেতিবাচক ভাষণ। পশ্চিমবঙ্গে বেকার সমস্যা একটা গুরুত্বপূর্ণ সমস্যা। আমরা নির্বাচনের আগে জনসাধারণকে বলে এসেছি গরীবী হটাও-এর কথা, এই শ্লোগান আমরা দিয়েছিলাম এবং রাজ্যপাল মহাশয়ও এই কথা বার বার প্রয়োগ করেছেন তাঁর ভাষণে কিন্তু কি করে বা কি সূত্রে এটা করা যাবে তার সার্থক রূপ এখানে নাই। শিল্পের ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির প্রয়োজন আছে তিনি বলেছেন কিন্তু সঙ্গে সঙ্গে সরকারকে দেখতে হবে যে, কোথাও শ্রমিকদের ওপর জুলুম বা অত্যাচার হচ্ছে কি না। আমার নির্বাচনী এলকায় দুটি কারখানা আছে, একটি আই. এস্. ডবলিউ. অপরটি ইস্‌কো। সেখানে কর্তৃপক্ষ মনে করছেন যে আবার পুরানো কংগ্রেস ফিরে এসেছে অতএব যা খুশী তাই করা যাবে। আই. এস. ডবলিউ কারখানার একটি প্লান্টে ৭৫ জন কর্মীর মধ্যে ৫৪ জনকে চার্জ্জসীট দিয়েছেন। এই বিষয়ে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে গ্রামে স্কুল স্থাপনের কথা বলা হয়েছে। কিন্তু যেসব স্কুল বর্ত্তমান আছে সেগুলোর দুরবস্থা ও উন্নতি সাধনের কথা বলা হয়নি। আমার এলাকায় যেসব স্কুল আছে, যেগুলো নামমাত্র স্কুল সেখানের স্কুলে জানালা, দরজা এমনকি কোন শিক্ষকও নেই। এগুলোর দিকে আজকে নজর দিতে হবে। গ্রাম বাংলার শিক্ষা ব্যবস্থার উন্নতির কথা আজকের দিনে চিন্তা করতে হবে। এটা আশার কথা যে রাজ্যপাল মহাশয়ের

ভাষণে গ্রামে বৈদ্যুতিকরণের কথা বলেছেন। কিন্তু আমি দেখেছি যে আজকে গ্রামের অনেক জায়গায় ইলেট্রিক পোষ্ট গেছে, তারও লাগানো হয়েছে কিন্তু স্যার, আপনি শুনে আশ্চর্য্য হবেন যে আজ ৫/৭ বৎসর হ'ল আজও কারেণ্ট দেওয়া হয়নি। ইস্কো, আই. এস. ডবলিউ এলকায় অবস্থিত শহর আলোয় ঝলমল করছে কিন্তু তারই পাশে গ্রামগুলো অন্ধকারে নিমজ্জিত। গ্রামের লোকেরা ইলেট্রিক পোষ্ট দেখে আলোর আশা করেছিলেন কিন্তু তাঁদের আশা আজও বাস্তবে রূপায়িত হ'ল না। তাই আমি সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই যে, এই সরকার যত শীঘ্র পারেন এই সমস্ত গ্রামে আলোর ব্যবস্থা করুন॥

মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে কোথাও অসাধু ব্যবসায়ীদের সম্বন্ধে কিছু বলা হয়নি। যেসব অসাধু ব্যবসায়ী শিশুখাদ্যে ভেজাল মেশাচ্ছে, যেসব অসাধু ব্যবসায়ী নিত্য প্রয়োজনীয় দ্রব্য নিয়ে ফাটকাবাজী করে তাদের সম্বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার কথা কোন উল্লেখ নেই। আমি আশা করেছিলাম যে তাঁর ভাষণের মধ্যে এই কথার উল্লেখ থাকবে।

আজকে যে এলাকা থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি সেই হীরাপুর এলাকায় বহু গ্রাম আছে যেখানে কোন রাস্তাঘাট নেই। রাস্তাঘাট না থাকায় সাধারণ মানুষের চলাফেরা করা অসম্ভব হয়ে উঠেছে। গ্রামে যদি আগুন লাগে বা ডাকাতি হয়, তাহলে দমকল বা পুলিশের গাড়ী রাস্তার অভাবে উপযুক্ত সময়ে সেখানে যেতে পারে না। আজকে এই জনপ্রিয় সরকারকে মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে অনুরোধ করবো যাতে যত শীঘ্র সম্ভব এই গ্রাম বাংলার রাস্তাঘাটগুলো মেরামত করা হয় এবং যেখানে প্রয়োজন নূতন রাস্তা তৈরী করা হয়।

[3—3-25 p. m. including adjourment.]

আজকে ভূমিহীন কৃষকদের ভূমি দেওয়া হবে বলে বলা হয়েছে, কিন্তু দেখা যায় যে উপযুক্ত সময়ে প্রকৃত ভূমিহীন কৃষকরা সাহায্য পাচ্ছেন না। যে ঋণ দেওয়া হয় সে ঋণের টাকা জমা দিলে দেখা যায় যে দরিদ্র কৃষকদের জে. এল. আর. ও. অফিস থেকে কোন রসিদ দেওয়া হয় না। কিন্তু দরিদ্র নিরীহ কৃষকেরা রসিদের দাবী করে না কারণ তারা ভয় পায় যে পরবর্তী কালে তারা সাহায্য পাবে না। এইভাবে ভাঁওতা দিয়ে তাদের ঠকানো হয়েছে। তাই আমি, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, শিল্পাঞ্চল অত্যন্ত গরমাঞ্চল। গরমকালে সেখানে জলের অভাবে জীবন প্রায় অতিষ্ঠ হয়ে পড়ে তাই যথাশীঘ্র সম্ভব সরকারী ব্যবস্থাতেই হোক বা কোম্পানীর মাধ্যমেই হোক গ্রাম ও শহরাঞ্চলের মানুষের কাছে পর্য্যাপ্ত পরিমাণ জল সরবরাহ করা হোক। এই কথা বলে আমি মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীরবীন্দ্রনাথ বেরা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালকে স্বাগত জানিয়ে আমি আপনার মাধ্যমে সামান্য একটি বক্তব্য রাখতে চাই। গতবারে বিধানসভায় যখন এলাম তখন অপরদিকের বিরোধীদলের দলনেতা প্রতিদিন সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতেন। তিনি বলেছিলেন যে প্রতি মুহূর্তে যদি অনাস্থা প্রস্তাব আনা যেত তাহলে তিনি তাই আনতেন। কিন্তু তাঁর কথা কি বিধানসভার ভিতরে, কি বিধানসভার বাইরে কেউ শোনেনি। ১৯৭১ সালে যখন Parliament-এ নির্বাচন হল, যখন অন্যান্য দলগুলি ভয়ানকভাবে হারলো Parliament-এ তখন মহাজোটের অংশীদার কিছু কিছু দল বলেছিলো যে চাইনিজ ইঙ্ক-এর কারচুপি ব্যালট পেপারে হয়েছে তাদের কথাও শোনেনি। আজকে মার্কসবাদী কমিউনিষ্টরা এবং তাদের সঙ্গে আরো কিছু কিছু দল পত্রিকায় দেখবেন কারচুপির কথা পশ্চিমবাংলায় বলেছেন। কিন্তু একদিকে আমরা দেখেছি বর্তমান সরকার তাদের আসনে বসবার পর সারা

পশ্চিমবাংলায় আবার সাড়া জেগেছে। যেটা অন্যান্য সদস্যরা বলেছেন, আমিও আবার বলবো সেটা হচ্ছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি। এই দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে সারা পশ্চিমবাংলায় সাড়া পড়ে গেছে। আজকে এই দ্রব্যমূল্য রোধ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন সুনির্দিষ্ট প্রস্তাব নেই এটা আমরা দেখতে পাচ্ছি। বহু সদস্য এই সম্পর্কে তাঁদের বক্তব্য রেখেছেন কিন্তু আমাদের মন্ত্রীমণ্ডলী এ সম্পর্কে কি পদক্ষেপ নিয়েছেন সে সম্পর্কে আমরা কিছু জানি না। আমার বক্তব্য হচ্ছে আমরা যারা গ্রাম বাংলায় থাকি এই মন্ত্রীসভা থেকে অর্থাৎ কলকাতায় যে মন্ত্রীসভা অধিষ্ঠিত তার নিয়ন্ত্রনে যে প্রশাসন বিভাগ আছে তার থেকে অনেক দূরে গ্রামবাংলা। সেখানে বহু ঘটনা নিত্য ঘটছে। সেখানে পুলিশ প্রশাসনের মধ্যে ঘটনা ঘটছে, সরকারী কর্মচারীদের মধ্যে বহু ঘটনা ঘটছে এবং যারা কালোবাজারী, যারা মুনাফাখোর তারা দিনের পর দিন জিনিষের দাম বাড়িয়ে চলেছে।

এইসব রোধের জন্য যে প্রশাসন আছে তারা কিছু কাজ করছে না। আমরা যারা গ্রামাঞ্চলে থাকি শহরের সঙ্গে কোন যোগাযোগ থাকে না। তাই আমার বক্তব্য হচ্ছে আমাদের সরকার যেন ব্লক লেবেলে, থানা লেবেলে, মহকুমা লেবেলে বা জেলা স্তরে একটা এ্যাডমিনিষ্ট্রেটিভ কমিটি গঠনের কথা বিবেচনা করেন এবং এই কমিটির মধ্যে পুলিশ বিভাগের লোক, বিভিন্ন উন্নয়নমূলক বিভাগের লোক এবং জনগণের পক্ষ থেকে নির্বাচিত প্রতিনিধিরা যদি থাকেন তাহলে এইসব সম্পর্কে দ্রুত একটা ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং এই প্রশাসন বিভাগের উপর এমন ক্ষমতা দেওয়া থাকবে যে তাঁদের রিপোর্ট অনুযায়ী মহাকরণে যে মন্ত্রীমণ্ডলী অধিষ্ঠিত আছেন এবং তাঁদের নিয়ন্ত্রনে যেসব উচ্চপদস্থ অফিসার আছেন তাঁরা দ্রুত অপরাধী অফিসার, সরকারী কর্মচারী, প্রশাসনের মধ্যে পুলিশের যেসব অপরাধী কর্মচারী আছেন, কালোবাজারী, মুনাফাখোর, সমাজ-বিরোধী যেসব লোক রয়েছে তাদের বিরুদ্ধে যদি দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে পারেন তাহলে এইসব সমস্যার নিশ্চয়ই নিরশন হবে। আমি ডেবরা থেকে নির্বাচিত হয়ে এসেছি। আপনারা সবাই জানেন এই ডেবরা কেন্দ্রটি নকশালদের মুক্ত এলাকা বলে ঘোষিত হয়েছিল। ১৯৭১ সাল থেকে আমরা আবার এটাকে মুক্ত করে নিয়েছি। আমরা এই কারণে মুক্ত করতে পেরেছি যে সেইসময় সরকার এই এলাকাটির উপর বিশেষভাবে নজর দিয়েছিলেন। এখানে অনেক আদিবাসী আছেন এবং তাঁরা নিশ্চয়ই জানেন যে সেখানে নকশালদের লিডার যাঁরা ছিলেন তাঁরা খুব উচ্চ শিক্ষিত লিডার ছিলেন এবং তারা এইসব গরীব খেটে খাওয়া মানুষদের প্ররোচিত করে এইসমস্ত হত্যাকাণ্ডে লিপ্ত করেছিলেন। সেইসমস্ত এলাকার লোকদের সরকার উন্নতির জন্য চেষ্টা করতে আরম্ভ করলেন এবং তখন সেইসব এলাকার লোকরা আবার ঘুরে গেল। আমরা এইভাবে সেই এলাকাটি মুক্ত করলাম। ডেবরায় যে সমস্ত উন্নয়নমূলক কাজ করা হচ্ছিল বর্তমানে সরকার আবার সেগুলি সমস্তই তুলে নিয়েছেন। এই কথা বলে আমি স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The House stands adjourned for 15 minutes.

( At this stage the House was accordingly adjourned for 15 minutes. )

**( After adjournment )**

[ 3-25—3-35 p.m. ]

**শ্রীসরোজ রায় ঃ** স্পীকার মহাশয়, ভাঙ্গাহাটে আমি একটি কথা বলবার জন্য আপনার অনুমতি নিচ্ছি। এখানে যে চায়ের ক্যান্টিনটি নির্মিত হয়েছে সেখানে লাইন দিয়েও চা পাওয়া

যায় না। প্রতি কাপ চায়ের দাম ২৫ পয়সা। আপনি একটি ভাল চীপ ক্যান্টিন করবার ব্যবস্থা করুন যাতে আমরা ঠিক সময় মত সস্তায় চা পেতে পারি। এটা একটা বিরাট প্রবলেম হয়ে দাঁড়িয়েছে।

**মিঃ স্পীকার ঃ** মিঃ রায়, আমিও তাই ভাবছি যে আপনাদের কয়েকজন মেম্বারের উপর এই দায়িত্বটা দেব এবং আপনারা এটা ম্যানেজ করবেন। আপনারা এর মধ্যে থাকলে সুবিধা হবে। কারণ যাকেই এর দায়িত্ব দেওয়া হয় তারা ঠিকভাবে এটা ম্যানেজ করতে পারে না বলে আমার কাছে প্রতি বছরই কম্পলেন আসে। আপনাদের মধ্যে চা সম্বন্ধে যাঁদের ভাল অভিজ্ঞতা আছে এবং এইসব ক্যাটারিং-এ যাঁদের অভিজ্ঞতা আছে সেই রকম ৪।৬।৮ জনকে নিয়ে একটা ভাল ক্যান্টিন পরিচালনার ব্যবস্থা করুন, এতে সকলেরই সুবিধা হবে।

**শ্রীসরোজ রায় ঃ** স্পীকার মহাশয়, আপনার নেতৃত্বে জনা কয়েক মহিলার উপর এই ভারটি দিয়ে দিন।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মহিলাদের উপর কেন? ঘরেও চালিয়ে যাবেন আবার বাহিরেও চালাবেন?

### Business Advisory Committee

**Mr. Speaker :** In accordance with the provisions of rule 284 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I nominate the following members of the Assembly to form the Business Advisory Committee :—

1. Shri Gyan Singh Sohanpal,
2. Shri Barid Baran Das,
3. Shri Pankaj Kumar Banerjee,
4. Shri Sk. Daulat Ali,
5. Shri Tuhin Kumar Samanta,
6. Shrimati Ila Mitra,
7. Shri Ajit Kumar Basu,
8. Shri Prodyot Kumar Mahanti,

and shall include the Speaker, who shall be the Chairman of the Committee.

### Committee on Rules

**Mr. Speaker :** In accordance with the provisions of rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the Committee on Rules which shall consist of the following members of the Assembly, namely:—

1. Shri Sailen Chatterjee,
2. Shri Bimal Paik,
3. Shri Haji Sajjad Hossain,
4. Shri Kanti Chatterjee,
5. Shri Abtabuddin Ahmed,
6. Shri Ajit Bose,
7. Sk. Ali Anser,
8. Shri Keshab Bhattacharjee,

and shall include the Speaker, who shall be the Chairman of the Committee.

### Committee of Privileges

**Mr. Speaker**: In accordance with the provisions of rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Committee of Privileges :—

1. Shri Bhawani Paul,
2. Shri Laksmi Kanta Bose,
3. Shri Saradindu Samanta,
4. Shri Chandi Pada Mitra,
5. Shri Krishna Kumar Shukla,
6. Shri Kanai Bhowmik,
7. Dr. A.M.O. Ghani,
8. Shri Nanda Lal Gurung,
9. Shri Haridas Mitra—Deputy Speaker and in terms of

proviso to rule 255(1) of these rules, I appoint Shri Haridas Mitra, Deputy Speaker, to be the Chairman of the Committee.

### Committee on Petitions

**Mr. Speaker**: In accordance with the provisions of rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the Committee on Petitions which shall consist of the following members, namely :—

1. Shri Narayan Bhattacharya,
2. Shri Probodh Kumar Singha Roy,
3. Shri Gautam Chakraborty,
4. Shri Sankar Das Paul,
5. Shri Saktipada Maji,
6. Shri Sisir Kumar Isore,
7. Shri Somendra Nath Mitra,
8. Shri Mrigendra Mukherjee,
9. Shri Md. Safiulla,
10. Shri Braja Kishore Maiti,
11. Shri Satadal Mahato,
12. Shri Prodyut Kumar Mahanti.,

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have appointed Shri Narayan Bhattacharya to be the Chairman of the Committee on Petitions.

### Committee on Government Assurance

**Mr. Speaker**: In accordance with the provisions of rule 307(B)(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative

Assembly, I nominate the Committee on Government Assurance which shall consist of the following members of the Assembly, namely : —

1. Shri Jyotirmoy Mojumdar,
2. Shri Bireswar Roy,
3. Shri Mahbubul Haque,
4. Shri Krishna Pada Roy,
5. Shri Abdul Bari Biswas,
6. Shri Gangadhar Pramanick,
7. Shri Bhupal Chandra Panda,
8. Shri Prodyut Kumar Mahanti.

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have appointed Shri Abdul Bari Biswas to be the Chairman of the Committee on Government Assurance.

### Discuss on Governor's Address

**Mr. Speaker :** Now, I call upon Shri Satya Ghosal.

**শ্রীসত্য ঘোষাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার নতুন সদস্য হিসাবে কিছু বলতে গিয়ে এবং মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাতে গিয়ে আমার একটি কথা মনে পড়ছে। স্যার, আপনি জানেন, ১৮১২ সালের ২৭শে ফেব্রুয়ারী ইংল্যাণ্ডে হাউস অব লর্ডসে রোমান্টিক কবি লর্ড বায়রন যে কথা বলেছিলেন সেই কথা। তিনি বলেছিলেন "আপনারা এইসব লোককে বলেন অজ্ঞ, এইসব লোককে বলেন বেপরোয়া, এইসব লোককে বলেন উচ্ছৃঙ্খল কিন্তু আপনারা কি এদের সম্পর্কে সম্পূর্ণ অবহিত আছেন? তা যদি না থাকেন তাহলে আপনাদের স্মরণ করিয়ে দেওয়া উচিৎ যে এরাই আমাদের জন্য ক্ষেতে খামারে কাজ করে, এরাই আমাদের জন্য প্রয়োজনীয় সকল জিনিষ তৈরী করে দেয়, এরাই আমাদের নৌবাহিনীতে, সৈন্যবাহিনীতে সৈন্য হয়ে নাম লেখায়, আমাদের দেশকে রক্ষা করে। যদি এদের সম্পর্কে আমরা অবহিত না থাকি তাহলে একদিন এরা আমাদের সম্পর্কেও অবহিত না থেকে আমাদের ফেলে দিতে পারে"। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গ্রামবাংলা থেকে এসেছি এবং যেখানকার মানুষের প্রতিনিধি রূপে শহর কোলকাতার এই বিধানসাভায় আসবার সুযোগ পেয়েছি সেখানে আসবার পথে দাঁড়িয়ে আমার তো একথাই মনে হয়েছে যে কি অপরিসীম ঐশ্বর্য, কি অনন্ত কারাগার এখানে সঞ্চিত রয়েছে। সেইজন্য রাজ্যপালের ভাষণ পড়তে গিয়ে আমার একথাই মনে হয়েছে যে এতে আছে অনেক কথা কিন্তু কোথায় যেন একটা ফাঁক রয়ে গিয়েছে। সেই ফাঁক হল এই মানুষদের সম্পর্কে যারা রোমান্টিক উত্তেজনায় মাতাল, যারা হুজুগে জনতা, যারা রচনা করেছিল ১৯৬৭ সাল, যারা রচনা করেছিল ১৯৬৯ সাল, যার ফলে এসেছে ১৯৭১ সাল, যার ফলে এসেছে ১৯৭২ সাল।

আমরা যদি এদের সম্পর্কে অবহিত না থাকি তাহলে আমরা যেহেতু জানি চোখের জল ফেলে এরা নিয়ত কাঁদে, সুতরাং এদের হাসিগুলো মুখস্থ করা নয়, যে হেসে আমাদের ওরা অভ্যর্থনা জানিয়েছে সেই চোখে আবার আগুন দেখা দেবে। ফলে আমাদের এতদিনকার লালনে লালিত ভাবধারা পুড়ে ছাই হয়ে যাবে। সেকথা আমার রাজ্যপালের ভাষণ পড়ে কেন মনে হয়েছে তা আপনাদের কাছে আমি বলতে চাই এবং বলার আগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা মাত্র কথা বলে সুরু করতে চাই যেহেতু আমার পাশে একটা দিক বড় ফাঁকা লাগছে এবং তাঁরা যাতে এই

হাউসে এসে এখানকার ডেলিবারেসানে তাঁদের ন্যায়সঙ্গত অংশ নেন তারজন্য মাননীয় রাজ্যপাল আশা প্রকাশ করেছেন। আমি বলি সেই আশা প্রকাশের দরকার কি? এদের যে আসতে বলা হয়েছে এরা তো আসতে পারবে না। কারণ, আপনি তো জানেন মাননীয় অধ্যক্ষ মহোদয়, এদের বয়স হল ৮ বছর। কারণ, এদের জন্ম হয়েছে ১৯৬৪ সালে। কাজেই কচি সংসদে লালিমা পাল যেমন, ব্র্যাকেটে পুং লিখে নিজেকে পুরুষ বলে পরিচয় দিতেন, তেমনি এরা ব্র্যাকেটে মার্কসবাদী লিখে নিজেদের বিপ্লবী বলে পরিচয় দেন। কেননা এরা তো জানেন যে ১৯৬৪ সালে এদের জন্ম হয়েছে। সুতরাং আজ ১৯৭২ সালে এদের বয়স মাত্র ৮ বছর। সুতরাং শিশু-সুলভ চাপল্য ছাড়া এদের আর কিছু করার নেই। কাজেই বাইরে থেকে এরা আমাদের জোচ্চরের আড্ডাখানা বলতে পারেন এবং আমরা এদের বলতে পারি 'অমৃতং বাল ভাষিতম্'—ছোট ছেলে যা বলে তাই শোভা পায়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা আসেন নি বটে আমরা তো এসেছি। এসেছি সেই সব গ্রামগুলি থেকে, যে গ্রামের ঘরগুলি গত বছর ঝড়ে, বন্যায় ভেঙ্গে গেছে। মাননীয় রাজ্যপাল তাদের সম্পর্কে কয়েক কোটি টাকা বরাদ্দের কথা বলেছেন। আমি হিসাব কম বুঝি। আমি যে কেন্দ্র থেকে এসেছি সেখানে এমন অনেক মানুষ আছে যাদের ঘর পড়ে গেছে কিন্তু তারা বাড়ী তৈরী করবার জন্য কোন লোন বা গ্রাণ্ট পায় নি। আমি জানি এমন অনেক মানুষ আছে যাদের বাড়ী তৈরী করবার জন্য মাত্র ১০ টাকা করে দেওয়া হয়েছে। আমি ওখানকার বি. ডি. ও-র কাছ থেকে লিষ্ট নিয়েছিলাম, তাতে দেখেছি কাউকে দেওয়া হয়েছে ১০ টাকা, কাউকে দেওয়া হয়েছে ১৫ টাকা। আমি জানি না ১০।১৫ টাকায় কি বাড়ী তৈরি হতে পারে এবং যে সব বাড়ী গতবারে ঝড় ও বন্যায় ভেঙ্গে গেছে তারা ১০।১৫ টাকায় কি করে বাড়ী তৈরী করবে। আমি তো উল্টো ক । ভাবি যে এইরকম ভাবে বাড়ী তৈরী করবার জন্য টাকা না দিয়ে তাদের বাড়ী তৈরী করে দেওয়া যায় না। এমন অনেক লোক আছে, যারা বাড়ী তৈরী করবার জন্য হাহাকার করছে, চারপাশে ঘুরে বেড়াচ্ছে, কোন্ দুয়ারে ধর্ণা দিতে হবে জানে না, কোথায় কি রকম ভাবে ক'মন তেল মাখাতে হবে তারা জানে না। তারা চারপাশে চেয়ে রয়েছে কতক্ষণে উপর তলার সরকারী অঙ্গুলী ছাপিয়ে কিছুটা করুণাধারা তাদের জন্য ঝরে পড়বে যা দিয়ে তাদের ঘরগুলি আবার তৈরী হতে পারে। এরা তা বুঝে উঠতে পারছে না, সেখানে অসুবিধা আছে। রাজ্যপালের ভাষণে এই সম্পর্কে বাস্তব কথা থাকলে এই সমস্ত বাস্তব অসুবিধা হত না। রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলার কথা আছে এবং বলা হয়েছে আইন-শৃঙ্খলার সাবস্ট্যান্সিয়াল উন্নতি হয়েছে। নিশ্চয়ই শরিকী সংঘর্ষ কিছু কমেছে, খুন-জখম কিছু কমেছে। কিন্তু গ্রামাঞ্চলের দিকে তাকালে আমরা কি দেখতে পাই, সেখানে তেমনি থমথমে ভাব অবস্থা রয়েছে। আমার কেন্দ্রে এমন অনেক লোক আছে যারা একটা বিশেষ রাজনৈতিক দলের লেবেল গায়ে এঁটে বিশিষ্ট সমাজবিরোধী হওয়া সত্ত্বেও তাঁদের দলে ঠাঁই পেয়েছিলেন, সেই সমাজবিরোধীরা বহাল তবিয়তে লোককে ভয় দেখিয়ে ঘুরে বেড়াচ্ছে। এমনভাবে ঘুরে বেড়াচ্ছে যে আপনারা শুনলে অবাক হয়ে যাবেন। মিঃ স্পীকার, স্যার। তাদের মধ্যে কেউ স্কুলের শিক্ষক, কেউ স্কুলের ম্যানেজিং কমিটির সেক্রেটারী, তাদের নামে গ্রেপ্তারী পরোয়ানা আছে, পুলিশ তাদের খুঁজে পায় না। ম্যানেজিং কমিটির সেক্রেটারীকে কেন খুঁজে পায় না, বিদ্যালয়ে যিনি শিক্ষকতা করেন তাঁকে কেন খুঁজে পায় না তা আমার বোধগম্য হয় না। আমি যদি এখানে এই কথা বলি তাহলে ঐ ভদ্রলোকরা বলবেন হয়ত আমি ওঁদের গ্রেপ্তার করাবার জন্য বিধানসভায় ওকালতি করছি। আমি ওকালতি করতে চাইনা, আমি শুধু বলতে চাই আইন-শৃঙ্খলার ব্যাপারে যে সাবস্ট্যান্সিয়াল উন্নতির কথা বলা হয়েছে সে সম্বন্ধে দু' একটা উদাহরণ দিচ্ছি। আমি জানি অনেক জায়গায় চুরি ডাকাতি অনেক বেড়েছে। আমি জানি গ্রামাঞ্চলে অনেকে পুলিশকে ভয়ের চোখে দেখে, এখনও থানায় যেতে লোকে ভয় করে, সাহস করে না। সাধারণ লোক তো

দূরের কথা আমরা যারা বিধানসভার প্রতিনিধি, আমাদের মধ্যে অনেকে যারা হয়ত এখন প্রতিনিধি হয়েছেন, কিংবা রাজনৈতিক ক্ষেত্রে যারা অনেকখানি পরিচিত নন তাঁরাও থানায় গেলে সেভাবে পাত্তা পান না। থানার দারোগা হচ্ছে নতুন ষ্টার, আর এইসব প্রতিনিধিরা হচ্ছেন তাঁর চারপাশে ঘূর্ণায়মান নক্ষত্র। এই হচ্ছে আমার বাস্তব অভিজ্ঞতা। এই প্রসঙ্গে আমি খানিকটা বৃহত্তর ক্ষেত্রের কথা উল্লেখ করতে চাই। আইন-শৃঙ্খলার কথা যখন উঠেছে তখন আমাদের তোলা উচিত নয়, আমাদের প্রতিবেশী বাংলাদেশ মুক্ত হয়ে যাবার পর এই জায়গায় দাঁড়িয়ে আন্তর্জাতিক গোয়েন্দাচক্র সি. আই. এ. এজেণ্টদের যা ঘৃণ্য চক্রান্তের জাল প্রসারিত হচ্ছে আমরা কি সে সম্পর্কে ওয়াকিবহাল? তারা না পারে এমন কোন কাজ নেই। আমাদের নিচের মহল থেকে উপর মহল পর্যন্ত এমন কি কেন্দ্রীয় সরকারের লেভেল পর্যন্ত এদের চক্রান্ত জাল প্রসারিত এবং এই বিষয়ে আমরা সচেতন আছি বলে, রাজ্যপালের ভাষণ পড়ে মনে হয় না। আমি বেশী উদাহরণ দেব না, আমার সময় কম, আমি মাত্র একটি উদাহরণ দিতে পারি সেই উদাহরণ পবিত্র জায়গা, শিক্ষাক্ষেত্র থেকে দেওয়া যাক।

[ 3-35—3-45 p.m. ]

শিক্ষাক্ষেত্রে আমেরিকান সাম্রাজ্যবাদ এইভাবে কাজ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমেরিকান সাম্রাজ্যবাদের তরফ থেকে কিভাবে চক্রান্ত করা হয়। অনেকে জানে না এইখানেই একটি নিখিলভারত লিটারেরি এজেন্সী করা হয়েছে। এরূপ অনেক জিনিষ করা হয়েছে যার ভেতর দিয়ে সাহায্য করেন বা দেন। এশিয়া ফাউণ্ডেশান—ঐ ফাউণ্ডেশান হল নোন সি. আই. এ. ফিনান্সড অরগানাইজেশান—এটা আমরা সকলে জানি। তারা এসব প্রতিষ্ঠানে টাকা দেয়। আমরা এও জানি যে ভারত সরকার এশিয়া ফাউণ্ডেশানের কাজকর্ম নিষিদ্ধ করে দিয়েছেন। তবুও ভারত সরকারের Adult education directorate দপ্তর থেকে টাকা লিটারসি অর্গানাইজেশানকে ফাইনান্সড করে। যে এশিয়া ফাউণ্ডেশান হল সি. আই. এর financed। এই সব জিনিষ ঘটেছে। আমরা কি এ বিষয়ে যথায় হুঁসিয়ার আছি। শিক্ষা সম্বন্ধে আমি বড় কোন কথা বলবো না, কারন অনেকে বলবেন, অনেক শিক্ষাবিদ আছেন। শিক্ষা সম্পর্কে বলা হয়েছে যে নূতন বোর্ড হবে, নূতন পরীক্ষা ব্যবস্থা হবে। আমি জানিনা সে পরীক্ষা ব্যবস্থায় গণ টোকাটুকি হবে কি না। কারন আমি প্রাইমারি, সেকেণ্ডারি পরীক্ষার সময় যা দেখেছি সে জিনিষ বন্ধ হবে কিনা জানি না। আমি জানি না প্রাইমারী ছাত্রদের জন্য যে বইয়ের ব্যবসা চলে তা বন্ধ হবে কি না। আমি এ জানি যে, যে বই এর দাম বাজারে বারো আনা, এক টাকা তা ফিপটি পারসেণ্ট কমিশন দিয়ে তিন চার টাকা দামে সেই বই কেনা বন্ধ হবে কি না। সেই কমিশনের টাকায় দার্জিলিং ভ্রমণ বন্ধ হবে কি না? গ্রাম বাংলায় আমরা এ জিনিষ দেখি। আমি তাই আর একটা জিনিষের দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে অশিক্ষার কথা। আমরা দেখেছি যে ১৯৭১ সালে এখানে অশিক্ষিত লোকের সংখ্যা যত ১৯৫১ সালে ভারতবর্ষের লোকসংখ্যা ছিল ততটা। ভারতবর্ষে ১৯৫১ সালে মোট লোকসংখ্যা ছিল ৩৬ কোটি। ১৯৭১ সালে আমাদের দেশে অশিক্ষিত লোকের সংখ্যা ৩৮ কোটি। এর মধ্যে মেয়েদের সংখ্যা আরো বেশী। সুতরাং এটা বলতে চাই যে, যতই শিক্ষা সম্পর্কে বলতে চাইনা কেন লিটারেসির ব্যাপারে যদি নজর না থাকে তাহলে বাস্তবে যা দাঁড়াবে তা হল এই অসংখ্য অশিক্ষিত লোকের কাছে হবে সাম্য অর্থহীন। অসংখ্য অশিক্ষিত লোকের কাছে হবে 'তমসো মা জ্যোতির্গময়ো'। সেটা হবে অর্থহীন। সুতরাং এটা বাজে কথা কিনা বলতে চাই না গণতান্ত্রিক দৃষ্টি নিয়ে বলতে চাই। যে ব্যবস্থা থাকা উচিৎ সেটা হচ্ছে যে মিনিমাম্ লিটারেসি টার্গেট থাকা উচিৎ—সেটা আমরা পূরণ করতে চাই। তা না হলে কোন দিনই আমরা এগিয়ে নিয়ে যেতে

পারব না। অন্ততঃ ইকনমিক্ ডায়নাসিজম্ ক্ষেত্রে যে গতিশীলতার কথা বলি যে গতিশীলতা প্রধানমন্ত্রীর নেতৃত্বে করতে চাই, তা আমরা করতে পারব না। বড় বড় শিক্ষাবিদরা বলেন দি বেস লাইন অফ্ ফরটি পারসেন্ট লিটারেসি ইজ এসেনসিয়াল। একটা দেশে ফরটি পারসেন্ট লিটারেসি অন্ততঃ থাকা দরকার। যদি তা না থাকে তাহলে পিপলস্ এরজন্য ইকনমিক ডায়নামিজম্ হতে পারবে না। অন্যান্য দেশের লোকেরাও এই কথা বলেন। সুতরাং এ বিষয়ে রাজ্যপালের ভাষণে ইঙ্গিত আছে সেটা জেনে আশ্বস্ত হতে পারতাম যে, অর্থনৈতিক ক্ষেত্রে গতিশীলতা সঞ্চার করতে পারবো। এই অর্থনৈতিক ক্ষেত্রে গতিশীলতা সঞ্চার করতে গেলে রাজ্যপালের ভাষণে যে উল্লেখ দেখছি তাতে আশ্চর্য্য হয়েছি এবং ভাল লেগেছে। রাজ্যপালের ভাষণ ভাল লেগেছে এই জন্য যে, তিনি আশা করেছেন শিল্প সম্পর্কে ও কৃষি সম্পর্কে অগ্রগতি হবে। কিন্তু আশ্চর্য্য সেটি মাত্র দু একটি তথ্য আপনার মাধ্যমে উপস্থিত করতে চাই যেটা এখানে বলা হয়েছে। আমাদের দেশে শিল্প কি দিয়ে তৈরী হয়? রাজ্যপাল বলেছেন যে প্রত্যয় দেখা দিয়েছে। কিসের প্রত্যয়। এখানে শিল্পের পা দুটি কাদা দিয়ে তৈরী অর্থাৎ ফিট অফ ক্লে। কিন্তু কাঁচা মালের জন্যই সব নির্ভর করতে হয়। কাঁচা মাল যদি ঠিক মত দাম না পায় তাহলে হবেনা। আমাদের দেশে এই কথা সকলকে স্বীকার করতেই হবে যে শিল্পের অগ্রগতি কৃষি ছাড়া হয় না। সুতরাং কৃষি এবং শিল্প দুটোকে মিলিয়ে যাতে টেক অফ ষ্টেজ করতে পারি। যেটা আমি বলতে চাই যে আমাদের সরকার ও কেন্দ্রীয় সরকারের পঞ্চম অর্থ মঞ্জুরী কমিশন এর কাছে যে রিপোর্ট দিয়েছেন, সেটা আমি উল্লেখ করতে চাই। তারা নিজেরাই লিখেছেন West Bengal is industrially developed with a decadent agricultural sector, অথচ মাননীয় অধ্যক্ষ মহোদয় তাঁরা নিশ্চয়ই জানেন যে ইণ্ডাষ্ট্রিয়ালাইজেসান্ যদি করতে হয়, ইট্ রিকোয়ারস্ মর্ডানাইজেসান্ অফ এগরিকালচার এবং conversely modernisation of agriculture requires industialisation। সুতরাং সেখানে সরকারের নিজস্ব কথা এই সেখানে রাজ্যপালের ভাষণে যে টেক্ অফ ষ্টেজের কথা বলা হয়েছে সেটা দেখে আশ্চর্য্য লাগে। আমি একটা পরিসংখ্যাণ দিচ্ছি। ধরুন কৃষি উৎপাদনের জন্য যে ৬০ লক্ষ একর জমি আছে দেশে তার মধ্যে ৩২ লক্ষ একর জমিতে বা ২০ পারসেন্ট সেচের ব্যবস্থা আছে। একে আমি একটা টেক্ অফ ষ্টেজ বলব। গ্রামে বৈদ্যুতিকরণের ব্যর্থতার কথা অনেকে বলেছেন ও আমরা অনেকে স্বীকার করেছিলাম যে গ্রামে বিদ্যুৎ সঞ্চার করার কথা যা বলা হয়েছে, গ্রামের অধিকাংশ পাম্প সেট আজও কার্য্যকরী হয় নি।

এটাকে কি কৃষিতে take off stage বলব। রাসায়নিক সার ব্যবহারের ক্ষেত্রে যদি হিসাব করে দেখি তাহলে দেখব যে পাঞ্জাবে যেখানে প্রতি হেক্টর পিছু ৩৩ কেজি সার ব্যবহার হয়-All India figure যেখানে ১১ কেজি, সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে মাত্র ৭·৬৪ কেজি ব্যবহার হয়। সুতরাং আমি চিন্তা করতে পারি না যে কৃষিতে take off stage দেখা দিয়েছেন। সেজন্য গ্রাম বাংলার দিকে দৃষ্টি দেওয়া দরকার। গ্রামে সবুজ বিপ্লব হয় নি। সুতরাং বলব কৃষি ক্ষেত্রে ব্যাপক অগ্রগতি সম্ভব হয় নি যা না হলে আমাদের সমস্ত অর্থনীতির বুনিয়াদ ধ্বসে পড়বে। ঠিক সেদিক থেকে বৈদ্যুতিকের ক্ষেত্রেও তাই। রাজ্যপাল ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণের কথা বলেছেন। এটা খুব আনন্দের কথা। কিন্তু যদি কোন target fixed না করা হয় তাহলে যে কি হবে তা বলতে পারি না কারণ বলা হচ্ছে ১৯৭৫ সালে হবে, কিন্তু তাতেও সন্দেহ আছে। কারণ এতদিন ধরে দেখছি বলেই এটা বলছি। এবার আমি শিল্প সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। রাজ্যপাল মাননীয়া প্রধানমন্ত্রীর উদ্ধৃতি দিয়ে বলেছেন যে আপাততঃ moratorium অর্থাৎ strike বন্ধ হওয়া দরকার। নিশ্চয় দেশের অগ্রগতির জন্য তা করা দরকার। ধর্মঘটের জন্য শিল্পের যদি

ক্ষতি হয় তা হলে ধর্মঘট বন্ধ করা উচিত। আপনি জানেন শিল্পের ক্ষেত্রে মহারাষ্ট্রকে আমরা প্রথম স্থান ছেড়ে দিয়েছি। পশ্চিমবাংলার স্থান দ্বিতীয় আছে। এ বিষয়ে মহারাষ্ট্রের সঙ্গে একটা তুলনা করে দেখা যাক এবং আমি এবিষয়ে কয়েক বছরের হিসাব দিচ্ছি। ১৯৬৫ সালে মহারাষ্ট্রে যেখানে শিল্প বিরোধের সংখ্যা ছিল ৫৪৬, সেখানে পশ্চিমবঙ্গে ছিল ২৩৮; ১৯৬৬ সালে যেখানে মহারাষ্ট্রে ছিল ৮১০, তখন এখানে ছিল ২৮৪; ১৯৬৭ সালে এই সংখ্যা যথাক্রমে ৭২১ এবং ৪৫৭; ১৯৬৮ সালে এই সংখ্যা সেখানে ছিল ৬৭৬, এখানে ছিল ৪৮০; ১৯৬৯ সালে মহারাষ্ট্রে ছিল ৬৪৭, এখানে ছিল ৩৯২ এবং ১৯৭০ সালে এই সংখ্যা যথাক্রমে হল ৫৩৩ এবং ৪০৮। এই যদি শ্রমিক বিরোধের সংখ্যা হয় তাহলে আমি বলব মহারাষ্ট্রে ক্ষতি আরও বেশী হোত এবং মহারাষ্ট্র কোনদিনই শিল্পক্ষেত্রে প্রথম স্থান নিতে পারত না। সুতরাং Stagnation বা recession একমাত্র কারণ নয়। এবং শ্রমিকদের ধর্মঘট থেকে বিরত করতে পারলেই আমরা উন্নতি করতে পারব তাও নয়। শ্রমিক আন্দোলন যাঁরা করেন তাঁরা এ বিষয়ে আরও ভাল বলতে পারবেন। কিন্তু আমি এ বিষয়ে বলতে চাই যে এ বিষয়ে একটা মৌলিক দৃষ্টিভঙ্গী দরকার। Industryতে কাঁচামালের ভীষণ দরকার। কিন্তু এই কাঁচামালের কোন সমতা নেই। যেমন মহারাষ্ট্র থেকে আমাদের বেশী দামে তুলো আনতে হয় বলে এখানে কাপড়ের দাম চড়া, পশ্চিমবাংলাকে ইস্পাত, লোহা ইত্যাদি খুব চড়া দামে কিনতে হয়। এমন কি এমন সব জায়গায় লোহা, ইস্পাত দেওয়া হয়েছে যারা এটা consume করতে পারে না, Black market এ বিক্রি করে দেয়। রাজ্যসরকারকে বা এখানকার শিল্পগুলিকে black market থেকে চড়া দামে এইসব জিনিষ কিনতে হচ্ছে। সুতরাং কাঁচামালের এই অসমতা, এরজন্য আমাদের ভুগতে হচ্ছে। আমি C.P.M. এর কথা বলতে চাইনা যে বাংলা একটা কেন্দ্রের উপনিবেশ, কারণ তা যদি বলতে হয় তাহলে সারা ভারতবর্ষকে টুকরো টুকরো করে দিতে হয়। কিন্তু একথা ঠিক যে কিছুটা অবিচার পশ্চিমবাংলা পাচ্ছে এবং এ বিষয় আমাদের বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। আর একটা গুরুত্বপূর্ণ বিষয় আমি উল্লেখ করছি যে কথাটা রাজ্যপালের ভাষণে নেই। শিল্পের অনগ্রসরতার প্রধান কারণ হচ্ছে বিদেশী পুঁজির একচেটিয়া প্রভাব। বহু বিদেশী পুঁজিতে দেশী লোকজনকে Director করে নিয়েছে। Companyতে Director করে নিয়েছে, তাদের কিছু কিছু Share দিয়েছে। কিন্তু এই দেশী ও বিদেশী পুঁজির একচেটিয়া গতি যদি না আমরা বন্ধ করতে পারি তাহলে আমরা কিছু করতে পারব না। Electric-এর কথা উঠেছে। এই Electric Supply Corporation নেবার কথা ছিল ১৯৭০ সালের ১লা জানুয়ারী।

**[ 3-45—3-55 p.m. ]**

কিন্তু সময়মত নোটিশ দেওয়া হয় নি। তাই ১৯৭০ সালে আমরা করতে পারলাম না, কাজেই ১৯৮০ সাল পর্য্যন্ত চলবে। তার ফলে বছরে ১৫ কোটি টাকা করে আগামী ১০ বছরে ১৫০ কোটি টাকা করবে। আমাদের নীতি ঠিক করতে হবে। এই ব্যাপারে সরকার অনিচ্ছুক। প্রাইভেট ইণ্ডাষ্ট্রিসগুলো সরকারের হাতে আনার ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই। আমরা যদি এটা না করতে পারি তাহলে কিছুতেই টেক অফ ষ্টেজে আনতে পারবো না। অনগ্রসরতায় পিছিয়ে পড়া দেশকে এগিয়ে নিয়ে যেতে পারবো না। ভারতের সামনে আজ সংকট। আমরা যদি ওই লোকগুলোকে কিছু করতে না পারি, যারা আমাদের ভোট দিয়ে এখানে পাঠিয়েছে, যারা আমাদের সামনে দিয়ে হেঁটে বেড়ায়, তাদের দেখে মনে হবে এখানকার আশ্চর্য্য সমারোহে আমরা বন্দী। যাদের মৃত্যুর মত বিবর্ণ কঙ্কালসার দেহ, যাদের বুকের শ্মশানে পাঁজরের চিতা জ্বলে, হাহাকার করে অন্নের দেবতা,তাদের যদি মুক্তি দিতে চাই তাহলে এসব করতে

বে। তাহলেই আমরা বোবাকে ভাষা দিতে পারবো, খোঁড়াকে পা দিতে পারবো। তবেই ারব দিতে বোবাকে ধ্বনি আর খোঁড়াকে দ্রুত ছন্দ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। আমি আজকে একটা ালিং এ্যাটেনশান দিয়েছিলাম এবং আমি কৃতজ্ঞ যে আপনি সেটা এ্যাকসেপ্ট করেছেন। আমি ই মাত্র খবর পেলাম যে আমাদের আর একজন এম.এল.এ আসছিলেন তিনি এ্যাটাকড হয়েছেন। ার নাম শ্রীনৃসিংহ মণ্ডল। কামরায় ঢুকে ঘড়ি ছিনিয়ে নিয়ে গিয়েছে। ব্যাগ এ্যাণ্ড ব্যাগেজেস নয়ে গিয়েছে। এটা লালবাগ কোর্ট রেলওয়ে ষ্টেশনে হয়েছে। রিভলভার দিয়ে গুলি করেছে। নষ্ট্যান্ট ডেথ হয়ে যেতো। বিভিন্ন জায়গায় সিরিয়াসলি ইনজিওর্ড করা হচ্ছে। Miscreant nder the pursuation of the Youth Congress boys, একজন মিসক্রিয়েন্ট ধরা পড়েছে। এই । গুরুতর অবস্থা হয়েছে দেশে তাতে রেলে যাওয়া যাবে না। আজকাল রাত্রে রেলে যাওয়া যায় । আমাদের নিরাপত্তার ব্যবস্থা আপনার কাছ থেকে চাইছি। এর কি কোন প্রতিকার নেই? াপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনাকে অনুরোধ করছি যাতে াপনি বিষয়টা দেখেন। এই রকম হলে কি করে বাড়ী যাবে এবং বাড়ী থেকে আসবে?

**Mr. Speaker :** I would like to draw the attention of the Hon'ble Chief linister to this grave matter and convey the sentiment of the honourable iembers to him that they want protection which they can reasonably expect, s members of this House, from the Government.

I hope Mr. Mandal is quite safe now.

**Shri Abdul Bari Biswas :** Yes, Sir, he is quite safe.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** স্যার, আমাদের শুধু সদস্যদের জীবনের নিরাপত্তার ব্যাপারে প্রতিশ্রুতি চাইছি না তার চেয়ে বড় কথা রাত্রে যে সমস্ত যাত্রী ট্রেনে যাতায়াত করেন তাদের ীবনেরও প্রতিশ্রুতি দেওয়া দরকার।

**Mr. Speaker :** As I have told you, I will draw the attention of the Hon'ble hief Minister to the sentiment of the House. The members must get protection om the Government. It is a concern of the whole House and I would request ie Hon'ble Chief Minister to look into the matter seriously.

**শ্রীগৌতম চক্রবর্ত্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল বিধান সভার মাধ্যমে শ্চিমবাংলার মানুষের সামনে রেখেছেন সেই বক্তব্যকে আমি স্বাগত এবং সাথে সাথে ধন্যবাদ ানাচ্ছি। তাঁর বক্তব্য, যে বক্তব্য তিনি বাংলাদেশের মানুষের কাছে রেখেছেন সেই বক্তব্যের র্মসূচী রূপায়ণের আগে আমি তীব্র সমালোচনা করা উচিত বলে মনে করি না। কিন্তু তকগুলি ব্যাপারের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসের অধিকাংশ সদস্য বকারদের চাকরি দেবেন, বাংলাদেশে বেকারত্ব ঘোচাবেন, বাংলাদেশে গরিবী হটাও, বাংলাদেশে মাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে এই সমস্ত কথা বিভিন্ন মানুষের কাছে তাঁরা প্রাতিশ্রুতি রেখে এখানে পস্থিত হয়েছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছিলাম বাংলাদেশের এই যে বিরাট মস্যা সে সম্বন্ধে বাংলাদেশের মানুষের জন্য কি করে উদ্ধার করবেন সে সম্বন্ধে কিছু রাজ্যপালের াষণের মধ্যে তিনি উল্লেখ করেন নি। সাথে সাথে আর একটা জিনিষের প্রতি এখানকার াননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে বর্ত্তমান ভারতবর্ষে যে ভাষা সাম্রাজ্যবাদ চলেছে, আমাদের দেশ থেকে ইংরেজরা চলে গিয়েছে কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি যে এখন [illegible] এবং তাদের [illegible] করা হচ্ছে।

আমরা দেখতে পাচ্ছি যে বহু শিক্ষিত বেকার আছে যারা ভালভাবে ইংরেজী বলতে পারে না, যাদের অনেক জ্ঞান আছে, নিজেদের মাতৃভাষায় নিজেদের জ্ঞানকে পরিস্ফুট করেন, শুধুমাত্র ইংরেজী ভাষা না জানার জন্য ভাল সরকারী চাকরী পায় না। বাংলাদেশের বিভিন্ন স্কুল কলেজে শিক্ষকতার সুযোগ পায় না। আমরা আশা করছিলাম যে রাজ্যপালের ভাষণের মধ্যে সেই সমস্ত শিক্ষিত বেকারদের কথা বলা থাকবে কিন্তু তার কিছুই উল্লেখ দেখতে পেলাম না। সাথেসাথে আর একটা জিনিষ মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি বাংলাদেশের যে সমস্ত শিক্ষকসমাজ আছেন যাদের নৈতিক মান আজ পর্যন্ত তাদের সামাজিক স্বীকৃতি দেওয়া হচ্ছে না। দীর্ঘদিন ধরে আমাদের ভারতবর্ষের এই শিক্ষকসমাজ যাঁরা বিভিন্ন আইনজ্ঞদের লেখাপড়া আলোকে নিয়ে এসেছেন সেই সমস্ত শিক্ষকসমাজ-এর তাদের সামাজিক স্বীকৃত দেওয়া সম্বন্ধে রাজ্যপাল-এর ভাষণে কিছুই দেখতে পাচ্ছি না। আমি আরও লক্ষ্য করছি সমাজের ন্যায়দণ্ড এবং শিক্ষিতসমাজ গড়ে তোলবার জন্য যাঁরা নিজেদের জীবন বলি দিয়েছেন,সেই সমস্ত শিক্ষকদের সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কিছুই নেই। আমি অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই শুধু পেটের রুটি বড় কথা নয় সামাজিক স্বীকৃতি দেওয়া হল কি না সেটাই বড় কথা বলে আমি মনে করি। আমি বলছি না প্রত্যেক শিক্ষকদের ১হাজার টাকা মাহিনা দেওয়া হউক।কিন্তু আমি চেয়েছিলাম সমাজের যে সমস্ত শিক্ষক যাঁরা দীর্ঘদিন ধরে অন্যায়ভাবে মানুষের কাছ থেকে শুধু মাত্র লাঞ্ছনা পেয়েছেন, মানুষের কাছ থেকে ঘৃণা পেয়েছেন তারা নৈতিকমান সামাজিক মান পাবে। আমরা এখানে যারা এসেছি তারা সকলেই গান্ধীজীর আদর্শে বিশ্বাস করি। এবং বাংলাদেশে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে তাঁরাও গান্ধীজীর কথা বলেন। গান্ধীজী বলতেন গ্রামের উন্নতি করলে তবে শহরের উন্নতি হবে। গ্রাম কি ভাবে উন্নতি হতে পারে গ্রামের সাধারণ মানুষের কি ভাবে উন্নতি হতে পারে এবং গ্রামের মানুষকে দীর্ঘদিন ধরে সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়ে আছে তাদের কিভাবে উন্নতি হতে পারে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কিছু মাত্র উল্লেখ নাই। তাই আমি আশা করছি আগামী দিনে রাজ্যপালের ভাষণ আমাদের কাছে আসবে এই হাউসে সেই সময় গ্রাম বাংলার যে সমস্ত দীন-দরিদ্র নির্যাতিত মানুষ তাদের সম্বন্ধেও রাজ্যপালের ভাষণে বিশেষ ভাবে উল্লেখ থাকবে এই আশা নিয়ে আমি বিদায় নিচ্ছি।

[3-55—4-05 P.m.]

**শ্রীঅরবিন্দ নস্কর** ঃ মাননীয় বিধানসভার অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে এবং ধন্যবাদ সূচক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আজকে কিছু বক্তব্য রাখতে চাই। সেটা হল, এই সুন্দরবন অঞ্চল অবহেলিত, নিঃপেষিত, শোষিত মানুষের প্রতিনিধি হিসাবে, আজ বিধান সভার সদস্য হিসাবে সেই সমস্ত শ্রকিক, কৃষক, চাষীদের সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে যে আভাষ দিয়েছেন, যে বক্তব্য রেখেছেন সত্যিই হতাশ হয়ে পড়েছি। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে কৃষি উৎপাদনের ক্ষেত্রে যে অগ্রগতির কথা রেখেছেন সেটা কেবলমাত্র তাঁর আত্মপ্রসাদ ছাড়া আর কিছুই নয়। তার কারন হল আজকে চাষীরা বাজারে সস্তা দরে সার পায় না, অছাড়া হাইড্রোইলেকট্রিসিটির দ্বারা সেচ ব্যবস্থার মাধ্যমে যাতে তারা চাষ করতে পারে তার কোন আভাস রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি না। তাছাড়া রাজ্যপালের ভাষণের মধ্যে যে জিনিসটা লক্ষ্য করলাম সে সম্বন্ধে প্রত্যেকটি সদস্যকে জানাতে চাই, তথা পশ্চিমবঙ্গের মন্ত্রীমণ্ডলীকে জানাতে চাই সেটা হল যে পশ্চিমবাংলায় কোন সারের কারখানা নেই। আজকে কৃষক ভাইদের আর্শীবাদ নিয়ে এখানে হাজির হয়েছি আগামী দিনে তাদের জন্য কিছু করেছি এটা মুখে না বলে সুন্দরবনের কৃষকদের যদি কোন উন্নতি করতে পারি তাহলে বিগত দিনে যে বড় ঝঞ্ঝা এবং বামপন্থীদলের কটু রাজনীতি যা চলেছিল আগামী দিনে তাদের আর

আসবার সম্ভবনা থাকবে না। তাছাড়া মাহামান্য রাজ্যপালের ভাষণে লক্ষ্য করেছি যা তা হল ২৪ পরগণায় অনেক জল নিকাশী প্রকল্প হাতে নিয়েছেন কিন্তু ফুলদানী অর্থাৎ আমি যে অঞ্চল থেকে এসেছি সেই সুন্দরবন অঞ্চলে আজকে জল নিকাশের কোন ব্যবস্থা করা হয় নি। অথচ কয়েক লক্ষ একর জমি এর উপর নির্ভরশীল। মগরা বা ডুগ্গায় যেটা সেটা সুন্দরবন অঞ্চলের মধ্যে পড়ে। মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে যে সমবায় কৃষিঋণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি যে এই কৃষিঋণের উপর গুরুত্ব দেওয়া হয় নি এবং এই সমস্ত ঋণের অভাবেই চাষীরা চাষ করতে পারে না। কিন্তু সরকার থেকে সমবায় কৃষিঋণের মাধ্যমে যদি সাহায্য করা যায় তাহলে সেই সাহায্যের বিনিময়ে তাদের উন্নতি হতে পারে। কিন্তু অত্যন্ত দুঃখ জনক যে রাজ্যপালের ভাষণে এই কৃষিঋণের কোন আভাস দেখতে পাচ্ছি না। তাছাড়া সমবায় কৃষিঋণ সম্বন্ধে আপনার মাধ্যমে মহামান্য মন্ত্রী, সভ্য এবং কৃষিমন্ত্রীকে জানাতে চাই যে, এই সমবায় কৃষিঋণের টাকা যা দেওয়া হয়েছে চাষীদের সেই টাকা আদায় করার জন্য সরকারের তরফ থেকে যে দাবী সৃষ্টি করা হচ্ছে যার ফলে তারা ব্যস্ত হয়ে আমাদের এই এম.এল.এ. হোষ্টেলে সুন্দরবন অঞ্চল থেকে ছুটে আসছে এবং বলছে যে সরকারী কর্মচারীদের জুলুম চলছে। আমরা একথা বলিনা যে সরকার এই সমবায় ঋণ মুকুব করুন, আমরা বলি যে,যে সমবায় ঋণ দেওয়া হয়েছে তা দীর্ঘমেয়াদী সূত্রে আদায় করা হোক। ১০।১২ বছরের জন্য এই ঋণ দেওয়া হোক এবং তাদের এই সমবায় ঋণের মাধ্যমে চাষ করার সুযোগ দেওয়া হোক।

মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে উত্তরবংগের উন্নয়ন পরিকল্পনার জন্য একটা পূর্ণাঙ্গ পর্ষৎ গঠন করা হয়েছে, আমি স্বাগত জানাচ্ছি যে অনুরূপভাবে দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের অবহেলিত এলাকার জন্য উন্নয়ন পর্ষৎ গঠন করা হোক। এছাড়া কৃষকদের উন্নতির জন্য বহু আইন করা হয়েছে, জমি থেকে ভাগচাষীদের উচ্ছেদ করা চলবে না, তার জন্য আমি স্বাগত জানাচ্ছি মহামান্য রাজ্যপালকে। কিন্তু এই যে আইন করা হয়েছে সেটা বাস্তবে কতটা রূপায়িত হচ্ছে, কতটা কার্যকরী হচ্ছে এবং আমলারা এতে কতটা সহায়ক হচ্ছে সেটা দেখতে হবে। সেজন্য আমি মহামান্য রাজ্যপাল এবং মন্ত্রীমণ্ডলীর কাছে আবেদন রাখছি।

সব শেষে আমি আমাদের মধ্যবিত্ত শ্রেণী সম্পর্কে কিছু বলতে চাই। এ বিষয়ে আমাদের মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে কোন উল্লেখ নাই। দিনের পর দিন এই মধ্যবিত্ত সমাজ শোষণের পথে চলেছে এবং ক্রমশঃ এরা অপাংক্তেয় হয়ে পড়েছে, এদের প্রতি সরকারের লক্ষ্য দেওয়া কর্তব্য। সেজন্য আমার দলের সরকারের কাছে, বাংলাদেশে যে প্রগতিশীল সরকার গঠিত হয়েছে, সেই সরকারের কাছে এই আবেদন রাখছি তাঁরা যেন এদের ভবিষ্যৎ পথ উজ্জ্বল করে তোলেন। এই আশা ও আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দেমাতরম্।

**শ্রীভবানীশঙ্কর মুখার্জী**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মারফত আমাদের মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাচ্ছি এবং তার উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে অভিবাদন করছি। আমার যে ধারণা সেটা হচ্ছে রাজ্যপালের ভাষণ সরকারের সারা বছরের কর্মসূচী, তারই একটা ইঙ্গিত। তার মধ্যে দেখলাম অনেক বিষয়ের উল্লেখ আছে কিন্তু বিশেষ করে স্বাস্থ্য চর্চা এবং খেলাধূলা সম্পর্কে মাত্র একটা কথাই আছে। এই খেলাধূলা এবং স্বাস্থ্য কেন দরকার তার একটু পুরানো ইতিহাস এখানে জানাতে চাই। অনেক সভ্য হয়ত জানেন যে ১০০ বছর আগে বাঙ্গালী পুরুষের সাধারণ উচ্চতা ছিল সাড়ে ছ'ফুট এবং মেয়েদের উচ্চতা ছিল সাড়ে পাঁচ ফুট। অনেক রকম রোগ এবং খাদ্য শস্যের বহুবিধ গোলমালে—

ভেজাল ইত্যাদি থাকার দরুণ এবং নিয়মিত এবং পরিমিত খাদ্যের অভাব এবং দুষ্প্রাপ্যতার দরুণ স্বাস্থ্যের এইরূপ হানি ঘটেছে। আজকে আপনারা সকলেই জানেন পশ্চিমবঙ্গে পুরুষদের স্বাস্থ্য কত ভগ্ন।

[4-5—4-15 p.m.]

সেই জন্য আমি একটা প্রোগ্রামের কথা বলতে চাই যে প্রোগ্রামের দ্বারা পৃথিবীর ইতিহাসে একটা যুগ পাল্টেছে। স্বাস্থ্য ছাড়া কিছুই হয় না এবং আপনারা অনেকেই জানেন সো কল মুভমেণ্ট অব ইউরোপের কথা। পৃথিবীর অনেক জায়গায় বিশেষ করে স্পেন, পর্তুগাল, ফ্রান্স, ইংল্যাণ্ড, হাঙ্গেরী এবং এমন কি রাশিয়ায় এই সো কল মুভমেণ্ট করা হয়েছে এবং সেই সো কল মুভমেণ্ট-এর মাধ্যমে দেখা গেছে স্বাস্থ্য এবং নিয়ম শৃঙ্খলা সমস্ত মানুষের মধ্যে এসেছে। আমি যে প্ল্যান-এর কথা বলছি সেটা হচ্ছে ট্রাঙ্গুলার মুভমেণ্ট-ত্রিমুখী অভিযান। এই অভিযানের ভেতরেতে থাকবেন কারা? প্রথমে থাকবেন শিক্ষক, তারপর থাকবেন অভিভাবক এবং তারপর থাকবেন লিডার্স অব দি ক্লাব। লিডার্স অব দি ক্লাব কোথা থেকে আসবেন? এতো হঠাৎ গজাবে না। সেই জন্য এখনই আমাদের দেশে ফিজিক্যাল এডুকেশন ইউনিভার্সিটি করা দরকার, যেটা প্রায় প্রতিটি বড় দেশে আছে। আমাদের দেশে লেখাপড়ার ইউনিভার্সিটি আছে, কিন্তু ফিজিক্যাল এডুকেশন ইউনিভার্সিটি না থাকলে ক্লাব লিডার্স জন্মাবেনা। এটা যদি না থাকে তাহলে মানুষ তৈরী করবার যে সংযোগ সেটা কোথাথেকে আসবে? এই ট্রাঙ্গুলার মুভমেণ্টের কথা যা বললাম সে সম্বন্ধে ডিটেল্‌স বলার সুবিধা যদি কোন দিন আমার হয় অর্থাত আমাকে যদি সে সম্বন্ধে বলার চান্স দেওয়া হয় তাহলে আমি হাউসের সামনে তা রাখব, আমার কাছে তৈরী আছে। এই ট্রাঙ্গুলার মুভমেণ্ট সম্বন্ধে এবং ফিজিক্যাল এডুকেসন ইউনিভার্সিটি গড়া সম্বন্ধে আপনারা সংশ্লিষ্ট জায়গায় ব্যবস্থা করবেন, একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীএকরামউল হক বিশ্বাস**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে বিতর্ক হচ্ছে তাতে অংশ গ্রহণ করে এই ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে, তাকে সর্বান্তঃকরণে এবং নীতিগতভাবে সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি বক্তব্য এখানে রাখতে চাই। প্রসঙ্গতঃ একটি কথা আমার স্মরণে আছে এবং সেটি ১৯৬৯ সালের কথা। আমি তখন এই হাউসের সদস্য ছিলাম বিরোধীপক্ষের, আমি শুনেছি মার্কসিষ্ট পার্টির একজন মাননীয় সদস্য আমাদের বিদ্রূপ আকারে বলেছিলেন এবং মাননীয় স্পীকার মহাশয়কে অনুরোধ জানিয়েছিলেন যে ঐ ৫৫ জন ভূতকে বঙ্গোপসাগরে দাহ করে দেওয়া হোক। আজকে দেখছি এই হাউসে তাঁদের আসন শূন্য। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আজকে আপনার মাধ্যমে অনুরূপভাবে নয়, আর একটু বাড়িয়ে বলতে চাই যে, আজকে যাদের পশ্চিম-বাংলার মানুষ ডাষ্টবিনে ছুড়ে ফেলে দিয়েছে তাঁরা যেন এই হাউসে চিরদিনের তরে অনুপস্থিত না থাকেন, আমাদের কাছ থেকে তাঁদের চন্দ্রলোকে পাঠিয়ে দেওয়া হোক। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে কয়দিন ধরে গভর্ণর্স এ্যাড্রেসের উপর যে বিতর্ক চলেছে তাতে একটি সুর এই হাউসে প্রতিধ্বনিত হচ্ছে এবং অনেক মাননীয় সদস্য একটি প্রতিচ্ছবি তুলে ধরতে চেয়েছেন। আমিও তাঁদের সুরের সঙ্গে সুর মিলিয়ে বলতে চাই যে গভর্ণরের ভাষণে সি. এম. ডি.-এর কথা আছে কিন্তু ৮০টি গ্রাম যা নিয়ে পশ্চিমবাংলা গঠিত সে সম্বন্ধে কোন সুচিন্তিত বক্তব্য না রাখার জন্য আমরা হতাশ এবং চিন্তিত হয়ে পড়ছি। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেটা হচ্ছে মুর্শীদাবাদ জেলার ডোমকল এলাকা

থেকে, সেখানকার চিত্র তুলে ধরলে দেখা যাবে এক দুর্ভিক্ষের করাল ছায়া এবং এক বিভীষিকাময় এবং তার বর্ণনা করলে চোখে জল আসে। আপনারা জানেন যে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ আছে মুর্শিদাবাদ জেলা একটা বন্যা প্লাবিত জেলা বলে ঘোষণা করা হয়েছে। সেখানে আজ পর্যান্ত কোন সি পি. লোনের ব্যবস্থা করা হয় নি। টি. আর.-জি. আর. আজ পর্য্যন্ত সুষ্ঠু ভাবে সকল লোকের কাছে পৌছায় নি। দ্রব্যমূল্য দ্রুতগতিতে উর্ধগামী হয়ে চলেছে। আমি কয়েকদিন আগে খাদ্যমন্ত্রীকে এই বিষয়ে অনুরোধ করেছিলাম, তিনি বলেছিলেন শীঘ্র এর ব্যবস্থা করা হবে, আমি ফিরে এসে দেখলাম তার কিছুই ব্যবস্থা করা হয় নি। তাছাড়া ঐ এলাকা, গ্রামবাংলার কৃষক আজকে কি করবে ভেবে পাচ্ছে না তার কারণ বিগত বর্ষায় তাদের হালের বলদ ভেসে গেছে বা মারা গেছে, তারা এই বৈশাখ মাসের পর কিভাবে ঐ সব হাল, বলদ আবার নতুন ভাবে কিনবে সেই কথা চিন্তা করে বিমূঢ়ের মত বসে রয়েছে। তাই আমি অনুরোধ রাখছি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে যাতে সাতদিনের মধ্যে কৃষকদের জন্য জরুরী ভিত্তিতে সি. পি. লোনের ব্যবস্থা করা হয়। সেই সংগে সংগে যাতে কৃষক-শ্রমিকদের জন্য টি. আর. এবং জি. আর. এর ব্যবস্থা করা হয় সেদিকে লক্ষ্য দিতে বলছি। আমার এলাকায় যে সমস্ত রাস্তাঘাট আছে সেই সমস্ত রাস্তা বিগত বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে, মেরামত করার ব্যবস্থা আজ পর্য্যন্ত হয় নি। অনুরূপভাবে আমরা আজকে ফসল ফলাবার চেষ্টা করছি। কিন্তু বিগত ২৫ বছর ধরে ঐ এলাকা বাগড়ী অঞ্চল হওয়া সত্বেও অত্যন্ত অবহেলিত অবস্থায় পড়ে রয়েছে। তাই আমি অনুরোধ করবো সেচ এবং বিদ্যুৎ সরবরাহ মন্ত্রিমহাশয়ের কাছে যে কয়েকটি স্থানের নাম করছি যেমন গরীবপুর স্লুইশ গেট, শিবনগর স্লুইশ গেট, কুশাবাড়ীয়া রিভার পাম্প, চারুনগর স্লুইশ গেট, বড় কিনা; ষড়ে নদী খণন এই কয়টি দিয়ে জল সরবরাহ করলে আমাদের এলাকার প্রভুত উন্নতি হতে পারে, সেই ভরসা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

**শ্রীগঙ্গাধর প্রামাণিক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা জিনিষের বিষয়ে মন্ত্রীমণ্ডলীকে সাবধান করে দিতে চাই। গ্রামের এগ্রিকালচার সম্পর্কে যে উন্নয়নের ব্যবস্থা রাজ্যপালের ভাষণের মধ্যে আছে সেটা খুব আশাপ্রদ কিন্তু আমরা দেখেছি যে সমস্ত এক ফসলী এলাকা আছে সেই এক ফসলী এলাকাতে দুটো ফসল কি তিনটে ফসল করতে গেলে যে সমস্ত সাহায্যের দরকার তার ভেতর পাম্পিং সেট দরকার কিন্তু সেই পাম্পিং সেটের যে ব্যবস্থা এগ্রো ইণ্ডাসট্রিজের মধ্য দিয়ে আসে সেই পাম্পিং সেট বাছাই করার জন্য এগ্রিকালচার ম্যানুয়ালে কতকগুলি আইন কানুন আছে। ১৯৬৯ সালে যখন যুক্তফ্রণ্ট সরকার আসেন সেই সময় সেই ম্যানুয়ালে যে সমস্ত নির্দেশ আছে তারা সেগুলি অমান্য করে নানাবিধ কোম্পানীকে য়্যাপ্রুভ করে এবং সেই অবস্থা এখনও চলে আসছে এবং তাতে দেখা যায় সাবষ্ট্যাণ্ডার্ড বহু পাম্প গ্রামদেশে বিতরণের ব্যবস্থা আছে। এই সমস্ত সাবষ্ট্যাণ্ডার্ড পাম্প এবং তার কোন সার্ভিসের ব্যবস্থা বাংলাদেশে না থাকার জন্য এই সমস্ত সাবষ্ট্যাণ্ডার্ড পাম্পগুলি খারাপ হয়ে গেলে তার পার্টস রিপ্লেস করার কোন ব্যবস্থা এই সমস্ত কোম্পানীদের থাকে না। এই অবস্থা এখনও পর্য্যন্ত চলছে। উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন যে এবারে প্রায় এক কোটি টাকার অর্ডার ডিষ্ট্রীবিউসন হয়েছে কিন্তু বাংলাদেশের যে সমস্ত ম্যানুফ্যাকচারার আছে তারা মাত্র ২০ লক্ষ টাকার অর্ডার পেয়েছে, বাকী সমস্ত অর্ডার পেয়েছে বাংলাদেশের বাহিরে যে সমস্ত কোম্পানী আছে তারা এবং বেশীর ভাগ কোম্পানীর এখানে কোন সার্ভিসের ব্যবস্থা নেই। আজকে গ্রামের চাষীদের এই পাম্প ব্যবস্থা নিয়ে যদি এইভাবে নাকানি-চোপানি খেতে হয় তাহলে গ্রামে কৃষির উন্নতি সম্পূর্ণরূপে ব্যাহত হবে। তাই আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করে বলতে চাই যে ম্যানুয়ালে যে সমস্ত কথা আছে সেই রকমভাবে পরিচালিত হয়ে যদি এই সমস্ত পাম্পগুলির বাছাই-এর ব্যবস্থা করেন তাহলে গ্রামদেশের পক্ষে একটা উপকার হবে। গ্রামের চাষীদের যদি অবস্থার উন্নতি করতে হয় তাহলে আমাদের জল নিকাশ এবং জলসেচের যে সমস্ত ব্যবস্থা আছে এগুলির আরো ইমপ্রুভড কণ্ডিসন করার দরকার আছে। আমরা জানি রাজ্যপালের ভাষণের ভেতর আছে যে সুন্দরবন এলাকায় কিছু কিছু স্লুইস গেট এবং ইরিগেসনের ব্যবস্থা হয়েছে কিন্তু যে পরিমাণ স্লুইস গেট এবং অন্যান্য ব্যবস্থা দরকার চাষের উন্নতির জন্য তা এত কম যে এতে সুন্দরবনের আদৌ কোন উপকার হবে না এবং চাষীদের অবস্থা ক্রমশঃ খারাপ হয়ে যাবে। ইলেকট্রিসিটি যে রকমভাবে সুন্দরবন এলাকায় বিস্তৃত হচ্ছে তা আরো হওয়া উচিত। বহু জায়গায় পোষ্ট লাগানো হয়েছে, তারও কিছু কিছু লাগানো হয়েছে কিন্তু জানিনা কারেণ্ট কবে আসবে। এই অবস্থা বেশী দিন চললে যেরকমভাবে গত ২।৩ বছর সুন্দরবনের অবস্থা হয়েছে সুন্দরবনের চাষীদের অবস্থা সম্পূর্ণরূপে ভেঙ্গে পড়বে, আমি জানিনা তারা ভিক্ষার ঝুলি নিয়ে বাইরে বেরুবে কি না। আর একটা জিনিস হচ্ছে এক ফসলী সুন্দরবনে যে সমস্ত চাষী আছে তারা তিন মাস কি চার মাস কাজ করে বাকী আট মাস তাদের কোন কাজ থাকে না, তাদের কোন কর্মসংস্থানের ব্যবস্থা রাজ্যপালের ভাষণের ভেতর নেই এরজন্য আমি অত্যন্ত দুঃখিত। তাদের একটা ব্যবস্থা করার নির্দেশ থাকা উচিৎ ছিল। তারপরে সেখানে কর্ডনিং ব্যবস্থা থাকার জন্য যে সমস্ত গরীব চাষী তাদের ধান নিয়ে কলে ভাঙ্গাতে যায় বা হাটে বেচতে যায় পুলিশের হাতে তারা নাকানি চোপানি খায়। আমার মনে হয় এই সমস্ত জায়গা থেকে কর্ডনিং ব্যবস্থা তুলে না নিলে চাষীদের অবস্থা অত্যন্ত সঙ্গীণ হবে। তারপরে আমি মন্ত্রীমণ্ডলীর কাছে অনুরোধ করব এই সমস্ত এলাকায় কলেজের ব্যবস্থা করার জন্য। তার কারণ হচ্ছে যে সমস্ত ছেলেমেয়ে হাই স্কুল থেকে পাশ করে, তাদের কলেজে পড়তে হলে বাইরে যেতে হয় কিন্তু তাদের আর্থিক অনটনের জন্য এটা সম্ভব হয় না। তাই সুন্দরবনে এখানে একটা কলেজের ব্যবস্থা করার দরকার আছে। আর একটা জিনিস সুন্দরবনে একটা হাই পাওয়ার্ড ডেভেলপমেণ্ট বোর্ড হওয়া দরকার। বহুদিন ধরে সুন্দরবনে ডেভেলপমেণ্ট বোর্ড যখন মন্ত্রিসভা আসে হয় এবং এই বোর্ড কোন কাজকর্ম করে না। সেইজন্য সুন্দরবন সম্পর্কে কথা বলতে হলে সুন্দরবনের ব্যাপক উন্নতি করতে হলে সেখানে একটা হাইপাওয়ার্ড বোর্ড দরকার। আপনার মাধ্যমে আমি অনুরোধ করব মন্ত্রীমণ্ডলীকে এই বিষয়ে নজর দেবার জন্য। আর একটা কথা বলতে চাই গ্রামাঞ্চলে সমস্ত ডিপার্টমেণ্ট যা কাজ করে তাদের ভেতর সংযোগ রক্ষার কোন ব্যবস্থা নেই। আমার মনে হয় মন্ত্রীমণ্ডলী এটা ভেবে দেখবেন যে ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটকে আরো ক্ষমতা দেয়া যায় কি না। যদি তাঁরা এই সমস্ত সংযোগ রক্ষার ব্যবস্থা করেন তাহলে বহু কাজ অল্প সময়ের মধ্যে এবং মানুষকে হয়রানি না করে করা সম্ভব হয়। আর একটা কথা বলতে চাই সরকারের যে সমস্ত কাজ হয় আজকে ইনফর্মেশন এবং পাবলিক রিলেসান ডিপার্টমেণ্ট তাঁরা যদি আরো মনোযোগ দেন তাহলে এই সমস্ত কাজ যেগুলি সরকার করেন গ্রামের মানুষ এবং বহুদূরের মানুষ তা জানতে পারে এবং কমিউনিষ্ট পার্টি এবং অন্যান্য যাঁরা আছেন, যাঁরা সরকারের বিপক্ষে এবং যাঁরা সরকারের ভার না দেখতে পেয়ে অনবরত নিন্দা করেন তাঁরা তা করতে পারেন না। কাজেই এগুলি করা দরকার টু কমব্যাট দোজ পাওয়ার্স—এই কথা বলে আমি শেষ করছি।

**ডাঃ মোতাহার হোসেন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে জানাচ্ছি এবং তার উপর আনীত স্বাগত ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি কিন্তু বড়ই দুঃখের বিষয় রাজ্যপালের ভাষণে বীরভূম জেলার কোন সমস্যার উল্লেখ নাই, বা সমাধানের কোন প্রতিশ্রুতি নাই। অথচ কিছুদিন আগেও রোজ এই বীরভূম জেলা কলিকাতার দৈনিক সংবাদপত্র-

গুলির প্রথম পাতার সংবাদ ছিল। প্রথম পাতা খুললেই দেখতে পাওয়া যেত বীরভূমে হিংসার রাজনীতি, বীরভূমে খুন-জখম, বীরভূমে রাইফেল ছিনতাই, বীরভূমে বন্দুক ছিনতাই। সেখানে হাট বাজার প্রায় বন্ধ, সন্ধা ৫টা বাজলেই সেখানকার দোকানপাট বন্ধ করে দিতে হয়েছে। সেখানকার জনজীবন একেবারে স্তব্ধ হয়ে গিয়েছিল। কিন্তু এই বীরভূম যেটা একটা উদবেগের জেলা, সেই জেলা সম্বন্ধে রাজ্যপালের ভাষণের মধ্যে কোন কথা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় না এই সকল হিংসার রাজনীতির পিছনে শুধু মাত্র রাজনৈতিক কারণ আছে। এর পিছনে কেবল রাজনৈতিক কারণ নাই, এর পিছনে সামাজিক কারণ আছে, অর্থনৈতিক কারণ আছে। আমার মনে হয় না কোন সরকার কোনদিন এই বীরভূমের জন্য, তার সমস্যার জন্য চিন্তা করেছেন বা সমস্যার সমাধানের কথা চিন্তা করেছেন। এই জেলা দিনের পর দিন অবহেলিত হয়েছে এবং যার ফলে হিংসার রাজনীতি দানা বাঁধতে পেরেছে তথাপি আগে থাকতে প্রশাসন যন্ত্র অথবা সরকার পক্ষ থেকে সাবধানতা অবলম্বন করা হয় নাই। আমার মনে হয় রাজ্যপালের ভাষণে এই সব কথার উল্লেখ থাকা উচিত ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্ন যে বীরভূম কি চিরকাল অবহেলিত থাকবে? বীরভূমের কথা কি কোন সরকার চিন্তা করবেন না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত বছর যখন রিফিউজি ক্যাম্পে হাজার হাজার ছেলেকে নিয়োগ করা হয়, তখন আমাদের বীরভূমের কোন ছেলেকে নেওয়া হয় নাই। তাহলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা কি জানাব যে বীরভূম জেলায় বেকার নেই, না কি বীরভূম জেলা পশ্চিমবঙ্গের মানচিত্রের বাইরে? আমি বলতে চাই যে আমার কেন্দ্র পশ্চিমবঙ্গের শেষ কেন্দ্র অর্থাৎ ২৮০নং কেন্দ্র থেকে আমি নির্বাচিত হয়েছি। তাই ব্যাঙ্গ করে আমাদের লোকে বলে যে আমাদের সরকার পক্ষ থেকে ১/২নং করে সিরিয়ালি টাকা দেওয়া হয় যার ফলে আমাদের ২৮০নং-এ টাকা এসে পৌছায় না। আমি আর একটি কথা বলতে চাই যে আজকে ২৫ বছরে আমরা কি পেয়েছি? আমরা কৃষিক্ষেত্রে দেখেছি যে আমাদের মোট ১২টি অঞ্চলের মধ্যে ২টি অঞ্চলের মাত্র কয়েকটি মৌজায় কৃষিসেচ ব্যবস্থা আছে। অথচ সেচের ডেভেলাপমেন্টের দ্বারা বাঁধ করে স্লুইস গেট করে অতিসহজেই জমিতে প্রয়োজনীয় সেচ ব্যবস্থা করা যায়। ইলেকট্রিসিটি সম্বন্ধে বলব আমাদের এলাকায় ২৫০টি গ্রাম আছে, তার মধ্যে একটি গ্রামে মাত্র ইলেকট্রিক গিয়েছে। শিক্ষা ক্ষেত্র সম্বন্ধে বলতে গিয়ে আমি বলব এই ক্ষেত্রেও সেই একই অবস্থা, অবহেলা দেখতে পাওয়া যাচ্ছে যেখানে আমাদের থানায় ১লক্ষ ৭৫হাজার মত পপুলেশন,সেখানে লিটারেট সংখ্যা ৩০হাজারের মত অর্থাৎ শতকরা ১৭ ভাগ। যোগাযোগ ব্যবস্থার কথা বলতে গেলে বলতে হয় সেখানে আজ পর্যন্ত প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গৃহীত বোলপুর থেকে রাজগাঁ রাস্তাটি সম্পূর্ণ হয় নি। আর আজকে রকেটের যুগে সেখানে আর যে সব কাঁচা রাস্তা আছে সে রাস্তায় গরুর গাড়ী পর্যন্ত উল্টে যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যকেন্দ্র সম্বন্ধে বলতে গেলে সেখানে গভর্ণমেন্টের প্রতিশ্রুতি আছে প্রাইমারী হেলথ সেণ্টার এবং সাবসীডারি হেলথ সেণ্টার সম্বন্ধে, তাও সেখানে আজ পর্যন্ত সে প্রতিশ্রুতি পালিত হয় নি।

4-25—4-35 p.m. ]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পানীয় জলের অবস্থা সেই রকম—পানীয় জলের প্রচুর অভাব অথচ আমাদের রামপুরহাট এলাকাকে কলেরা এণ্ডেমিক বলে ঘোষণা করতে হয়েছে। তাই আমরা আমাদের অঞ্চলের যেখানেই যাই সেখানেই ঐ একই চীৎকার একই প্রস্তাব যে আমরা আপনাদের চালাম, আপনারা বীরভূমকে বাঁচান। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর কাছে সেই থাই প্রতিধ্বনিত করতে চাই যে আপনারা বীরভূমকে বাঁচান, তাকে উপেক্ষা করবেন না। খানে একটা বীরভূম ডেভেলাপমেণ্ট বোর্ড গঠন করুন। করে তার মাধ্যমে বেকার সমস্যা ও

অন্যান্য যে দারুণ সমস্যা আছে তা সমাধান করুন। পরিশেষে আমি বলতে চাই যে আমাদের এলাকায় যে খেটে খাওয়া মানুষ রয়েছে তাদের হাতে কোন কাজ নাই—তারা আজকে জীবনের শেষ পর্যায়ে এসে পড়েছে। তাই আমি রিলিফমন্ত্রীকে বলতে চাই যে সেখানে অনাহারে মৃত্যুর সংবাদ বের হওয়ার পূর্বে ব্যাপক ভাবে ষ্টেট রিলিফ চালু করা হোক। প্রত্যেক অঞ্চলে five percent to ten percent G.R. Loan দেওয়া হোক। গত বর্ষায় ও বন্যায় যে সমস্ত ঘরবাড়ী নষ্ট হয়ে গেছে অথচ এখনও হাউস বিল্ডিংস গ্রাণ্ট পায় নি এবং এখনও টেণ্টে বাস করছে তাদেরকে খুব শীঘ্রই হাউস বিল্ডিংস গ্রাণ্ট দেওয়া হোক যাতে করে বর্ষার আগেই তারা মাথা গোঁজার স্থান করে নিতে পারে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীবিমল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। সবচেয়ে বেদনা, ব্যথা ও ক্ষোভের বিষয় যে নির্বাচনে কারচুপির অভিযোগ এনে পার্লামেণ্টের যে রীতি-নীতি তা ভঙ্গ করছেন জ্যোতিবাবু এবং তাঁর দল। তাঁরা এই এসেম্বলীকে বর্জন করেছেন। এই প্রসঙ্গে আমার একটা গল্প মনে পড়ছে। একজন ভাগবত উপাসক ঋষি প্রতিদিন ভোরে গঙ্গায় স্নান করতে যান। একদিন তিনি দেখেন যে নদীর অপর পারে আর একজন স্নান করছেন। এই দেখে তিনি ভাবলেন যে এতো সকালে যিনি স্নান করছেন তিনি আরও কত না বড় উপাসক এবং তিনি তাঁকে প্রণাম জানালেন মনে মনে। অপর দিকে যে স্নান করছিল সে রাতে বেশ একটা দাঁও মেরে নদীতে এসে গায়ের ধূলো-বালি সাফ করছিল। সে অপর দিকে ঐ সাধুকে দেখে মনে করলো এতো সকালে স্নান করছে নিশ্চয়ই আমার চেয়ে বড় দাঁও মেরেছে। ঠিক দেখুন আজকে ১৯৭০ সালে তারা ১১২ আসন দখল করেছিল। কিন্তু আজকে তারা দারুণভাবে প্রত্যাখ্যাত হয়েছে। তাই তারা ঐ রকম চিন্তা করছে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা আজকে প্রমাণ হয়ে গেছে যে বাংলাদেশের মানুষ আজকে একটা প্রগতিশীল স্থায়ী সরকার গঠন করতে চাই—তাই তারা এমনভাবে নির্বাচন করেছে। আমাদের উপর একটা গুরুদায়িত্ব এসে পড়েছে। আজকে আমাদের সামনে যে কর্মকাণ্ড এসে পড়েছে তাকে যদি আমরা সফল করতে পারি তবে ইতিহাস আমাদের পক্ষে থাকবে। আর তা যদি না পারি তাহলে যেমনভাবে বাংলাদেশের মানুষ ওদের বর্জন করেছে আমাদেরকেও তা থেকে রেহাই দেবে না। তাই আমি এই সতর্কবাণী উচ্চারণ করতে চাই যে সঠিকভাবে আমরা যদি আজকে না চলি তাহলে আমাদের জন্য ভয়াবহ অবস্থা অপেক্ষা করছে। আমি উত্তরবঙ্গের মানুষ, আমি জানি যে সেখানে গত ২৫ বছরে কোন সেচের ব্যবস্থা কোন রকম বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা হয় নি, ভূমি সংস্কার হয় নি। উত্তরবঙ্গের মানুষ আজকে শুকনো পাতার মত ঝরে পড়ে আছে—তারা আজকে কু-সংস্কারের মধ্যে পড়ে আছে একথা রাজ্যপালের ভাষণে উচ্চারণ করতে হয়েছে। আজকে বন্যায় যে সমস্ত জেলায় ভয়াবহ অব·া হয়েছিল মালদা তার মধ্যে অন্যতম এবং সেখানে সর্বাধিক ক্ষতি হয়েছে।

আমি স্মরণ করিয়ে দিতে চাই যে মালদহ জেলায় দ্বিতীয়বার-এর বন্যায় যেটা ১৯৬৯ সালে হয়েছে সেই বন্যার বিপর্যয়ের হাত থেকে মানুষ অব্যাহতি না পেতে পেতে আবার ১৯৭০ সালের ভয়ানক বন্যা আমরা লক্ষ্য করেছি। সেদিন ভাঙ্গনের তীরে দাঁড়িয়ে মানুষ জীবনের বিরুদ্ধে কি ভাবে সংগ্রাম করেছে, মৃত্যুর বিরুদ্ধে মানুষ জীবনের স্বপক্ষে সংগ্রাম করেছে সেটা আমরা প্রত্যক্ষ করেছি। কিন্তু এটা অত্যন্ত দুঃখের, বেদনার এবং ক্ষোভের, যখন এই রকম একটা প্রাকৃতিক বিপর্যয় এসেছে, ওপার বাংলা থেকে শরণার্থীরা আসছে তখন সরকারী কর্মচারীদের একটা অংশ উল্লাসে ফেটে পড়ে—যেন ডাকাত ডাকাতি করে এসে লুটের বখরা ভাগ করার সময় তাদের চোখ জ্বলজ্বল করে, তেমনিভাবে দেখেছি যে সরকারী কর্মচারীদের এক অংশ রিলিফের কাজের সময়

তাদের চোখ জ্বলজ্বল করতে থাকে। সাধারণ মানুষ যখন এই রকম ভাবে বিপর্যস্ত হয়ে যায় তখন তাদের মধ্যে কেন এই রকম উল্লাস, যেন একটা উচ্ছ্বাস দেখা যায় সেটা পরবর্তীকালে আমি বুঝতে পারলাম। আপনারা হয়ত এ কথা জানেন যে রিলিফের সময় মানুষের জন্য যে সাহায্য গেছে বন্যার সময়ে সেই সাহায্যের টাকার অঙ্কের দিক থেকে, পরিসংখ্যানের দিক থেকে হয়ত অত্যন্ত বেশী। কিন্তু এ কথা আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, মাননীয় প্রফুল্ল সেন মহাশয়ও এখানে একদিন অনেক পরিসংখ্যান দিতেন কিন্তু সেই পরিসংখ্যাতে মানুষের পেট ভরেনি মানুষ সেই পরিসংখ্যা থেকে যা পেয়েছিলো তার হিসাব-নিকাশ করে তাদের আগামীদিনের যাত্রাপথকে সীমিত করতে চেয়েছিলো। আজকে হয়ত আমাদের টাকার অঙ্কের কথা শোনান হবে যে অনেক টাকা পেয়েছে, কিন্তু বাস্তবক্ষেত্রে আমরা যারা বন্যাপীড়িত অঞ্চলের মানুষ, আমরা কি দেখেছি? আমরা নির্বাচনের সময় গ্রামে গ্রামে গিয়ে দেখেছি বন্যার কারণে মানুষ টেন্টের তলায় একটুখানি জায়গার মধ্যে পড়ে আছে এবং এই প্রচণ্ড খরার মধ্যে, যখন রৌদ্রের উত্তাপে মানুষ বাঁচতে পারে না তখন তার মধ্যে তারা বাস করছে। প্রতিটি জায়গায় মানুষের এই এক চিত্র আমরা দেখেছি। তাই আজকে আমরা জেনেছি যে নীচের তলার মানুষ সেই হাউস বিল্ডিং গ্রাণ্ট-এর নামে কি পেয়েছে। তারা যা পেয়েছে তার পরিমাণ কোথাও ২০ টাকা আবার কোথাও ৩০ টাকা মাত্র। আমি একটা গ্রামের কথা উল্লেখ করে বলতে পারি বালিচক থানার কলচন গ্রাম বলে একটা জায়গা আছে সেখানে মানুষ ৭ টাকা করে পেয়েছে। আজকে যে মানুষ ভাঙ্গণের মুখোমুখি এসে দাঁড়িয়েছে তার কাছে এই টাকা পরিসংখ্যাণের বিষয়বস্ত এবং তার চেয়ে বড় কথা হচ্ছে যে এই টাকা বাঞ্ছিত জনেরা পান না, পান অবাঞ্ছিত জনেরা। এই টাকা বণ্টনের সময় আমরা দারুণ অব্যবস্থা লক্ষ্য করেছি। এ কথা অত্যন্ত পরিষ্কারভাবে বলছি যে ১৯৭০ সালে আগষ্টে যে আউস উঠেছিল তারপর ১৯৭২ সাল পর্যন্ত মালদহ জেলায় ফসল হয়নি। অথচ আমি দেখে এসেছি আসার সময় যে ধান ৩৩ টাকা মণ বিক্রয় হয়েছিলো সেই ধান আজকে ৪২ টাকা মন হয়েছে। মানুষের চোখে আবার আতঙ্কের ছায়া দেখা দিয়েছে, মানুষ আতঙ্কিত হয়ে পড়ছে। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যা বলেছেন যে রেশনের দোকানের মারফৎ পর্যাপ্ত পরিমাণ সরবরাহ করা হবে, কিন্তু মানুষের ক্রয় ক্ষমতা কোথায়। আজকে পর্যাপ্ত পরিমাণ সরবরাহ করলেও আমি জানি যে মানুষ তা কিনতে পারবে না ফলে ওরা সেই জিনিষ পাচার করে দেবে, বে-আইনীভাবে বিক্রয় করে দেবে। আমি এ কথা বলছি তার কারণ আমার কাছে একটা সুস্পষ্ট রিপোর্ট আছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে কালিয়াচক থানার ৩ নম্বর ব্লকের একটা গ্রামে ডিলারকে দেওয়া হয়েছিল, রেশনের দোকানের মাধ্যমে বিক্রয়ের জন্য ৮ কুইণ্টাল চিনি, ৩১ কুইণ্টাল চাল, ৭ কুইণ্টাল গম ও ৩৫ কুইণ্টাল আটা। চীফ ইন্সপেক্টর যে রিপোর্ট দিয়েছেন তাতে দেখা যায় যে,সব মালটা পাচার করে দিয়েছে। রেশনের দোকানের মাধ্যমে এক ফোঁটা জিনিষও দেয় নি। বন্যাকৃত মানুষের ভাগ্য নিয়ে এইভাবে ছিনি-মিনি খেলার ইতিহাস আমি জানি না। একদিন বন্যার সময় নৌকা করে যখন আমি যাচ্ছি আমার সঙ্গে মালদহ জেলার একজন পদস্থ অফিসারও ছিলেন। চারিদিকে বন্যায় ভেসে গেছে, মানুষের ঘরবাড়ী পড়ে গেছে, হঠাৎ দেখি গাছের উপর একটা মানুষ বসে আছে। আমাদের দেখতে পেয়ে আর্তঃস্বরে চিৎকার করে উঠলেন এবং গাছ থেকে নেমে এলেন এবং তিনি আমাদের বললেন আমি ২ রাত্রি এই গাছের উপর কাটিয়েছি। গাছের উপরে আর একটা সাপ ঝুলছিল ও ঘুমোচ্ছে গাছের উপরে আমিও ঘুমোচ্ছি। আমি বললাম, আপনার ভয় করে নি? সে উত্তরে বললো, ভয় করবে কি সাপ নির্জীব নিশ্চুপ হয়ে গেছে বন্যার ভয়াবহতা দেখে। তার অবস্থা দেখে আমি অফিসারকে বললাম, দেখুন সাপও বন্যার ভয়াবহতা দেখে হিংস্রতা ভুলে গিয়ে নিস্তেজ হয়ে গেছে, মানুষকে কামড়াতে চাইছে না। আপনাদের সরকারী কর্মচারীদের এক

অংশ এখনও এই রকম সুযোগ পেলে মানুষকে ছোবল মেরে দেবে, কত বড় নির্দয় এরা। তিনি বললেন, আপনি একটু বাড়িয়ে বলছেন কোন স্পেসিফিক চার্জ দেন নি।

[4-35—4-45 p.m.]

আমরা অনেক অভিযোগ এনেছি তার কোন প্রতিকার হয় নি। আমরা প্রত্যেকটি ক্যাম্পের কথা জানি। কালিয়াচক অঞ্চলের একটি ক্যাম্প ইন্‌চার্জ তিনি বুধবার গেছেন। দীর্ঘদিন ধরে মানুষ ক্ষুধার জ্বালায় চীৎকার করেছে, তবু খেতে পায় নি। বৃহস্পতিবার, শুক্রবারও তিনি জান নি। শনিবার আমরা যখন সেই ক্যাম্পের দিকে এগোচ্ছি হঠাৎ হয়ত তিনি খবর পেয়েছেন তাই এক ঘণ্টা আগে ক্যাম্পে এসেছেন। আমি দেখলাম তিনি আমাদের কাছে তারিফ পাবার জন্য লুঙ্গি এবং গামছা নিয়ে নদীর জলে নেমে গেছেন। তিনি আমাদের দেখে বললেন বিমলবাবু আমি দেখে দেখে আর সহ্য করতে পারছি না, তাই নিজেই লুঙ্গি গামছা পরে জলে নেমে গেছি। আমি বললাম আপনি হয়ত ভাল কাজ করছেন, এরপরে হয়ত জনসাধারণ আপনাকে লুঙ্গি খুলে নিয়ে আণ্ডারওয়ার পরিয়ে ছাড়বে। এই সমস্ত জিনিস আজকে প্রতিটি অঞ্চল ঘুরে ঘুরে দেখলাম। এর সঙ্গে আমি একটি কথা বলতে চাই যে আমাদের মালদহ জেলায় গঙ্গা নদীর ভাঙ্গণ আছে এবং সেই ভাঙণে হাজার হাজার বিঘা জমি জলের তলায় চলে গেছে। ৪॥৵৫ হাজার বিঘা জমির একমাত্র ফসল জলে চলে গেছে। তাদের আজকে বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা নেই যাতে করে মানুষগুলি আবার দাঁড়াতে পারবে। কালিয়াচকে পঞ্চাননপুর বলে একটা জায়গা আছে সেখানে গঙ্গা নদীর প্রচণ্ড ভাঙনের ফলে চেনাই যায় নি, হবিবপুরের সেই অবস্থা হয়েছে এবং সেকানকার ২৫ হাজার মানুষ আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। তারা কিভাবে আবার ঘর বাঁধবে সে কথা তারা জানে না, এমনি অনিশ্চিতের মধ্যে তারা আজকে বাস করছে। আজকে আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি ভাদোই ফসল বুনবার যে সুযোগ তাদের ছিল সেজন্য। তাদের বীজ সরবরাহ করা কিম্বা বীজের জন্য লোন দেওয়া ইত্যাদি ব্যবস্থা এই সরকার এখন পর্যন্ত করেন নি। আমাদের সরকারের প্রচারের ফলে অনেক কৃষক স্যালো টিউবয়েল কিনতে চেয়েছিলেন। কিন্তু স্যালো টিউবয়েল কেনার জন্য তাদের ওয়ার্কিং ক্যাপিটালের যে লোন দরকার সেটা আজকে ব্যাঙ্ক দিচ্ছে না। কেন না, তাদের সেই পুরানো লোনই পর্যন্ত পেমেণ্ট হয় নি। তার ফলে আজকে তারা নতুন করে ফসল ফলাতে হয়ত পারবে না। কাজেই আমাদের যে উদ্দেশ্য আছে সেটা আজকে ব্যর্থ হয়ে যাবে যদি তারা লোন না পায়। এবং নতুন করে তাদের আবার দুর্ভিক্ষের সামনে আসতে হবে। প্রকৃত পক্ষে মালদহ জেলায় একটা দুঃখের অবস্থা বিরাজ করছে। গাজোল থানায় মানুষ দিন মজুর খাটছে। ১২ আনা করে তারা রোজ গুনেছে, কিন্তু পাচ্ছে ২৫ পয়সা করে এবং তাই নিয়ে তারা খাটছে। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যে প্রতিদিন তারা বি. ডি. ও. অফিস ঘেরাও করছে। আমি শুনেছি গত বৃহস্পতিবার দিন তারা ষ্টেট রিলিফের দাবীতে ধর্ণা দিয়েছে এবং ঐ একই দাবীতে মানিকচক থানাও ঘেরাও হয়েছিল। এই প্রচণ্ড রৌদ্রে মানুষ আজকে ৪।৫ মাইল দূর থেকে এসে দাবী আদায় করবার জন্য বি. ডি. ও. অফিসগুলি ঘেরাও করছে। তাই আমি বলতে চাই এই দুঃখী মানুষগুলি এই প্রচণ্ড শীতেও পলিথিনের তাঁবুর মধ্যে রাত কাটিয়েছে হাউস বিল্ডিং লোন পর্যন্ত এখন পায়নি এবং যে মানুষগুলি এই পলিথিনের টেণ্টের মধ্যে রাত কাটিয়েছে তাদের কাছে যখন আমরা নির্বাচনের সময় গেছি তখন দেখেছি কি অফুরন্ত ভালবাসা নিয়ে আমাদের সমর্থন করেছে। একটি মাত্র জায়গার কথা আমি বলতে পারি যেটা সত্যিকারে একটি গরীব মুসলমান প্রধান অঞ্চল, যেখানকার বেশীর ভাগ মানুষ খাবার জ্বালায় আজকে মাত্র ২৫ টাকা ট্রাক্টারের কাছ থেকে দান পেয়ে উত্তরপ্রদেশ বা লক্ষ্ণৌ বা কলকাতার কাছে মাটি কাটতে চলে আসছে। আজকে সেই গ্রামাঞ্চলের মুসলমান

ভাইরা পল্লী অঞ্চলের ভাইরা যারা আজকে পেটের জ্বালায় বাহিরে মাটি কাটতে ছুটে যাচ্ছে সেখানকার ১১০টি মুসলমান মহিলা রোজা রেখেছিল এবং তারা নাকি আল্লার কাছে মানত করেছিল যে আমাকে কেউ হারাতে পারবে না। আমি ভাবতে পারছি না যে কি তাদের গভীর ভালবাসা, জানি না আমরা তাদের কি প্রতিদান দেব। আমরা তাদের অনেক প্রতিশ্রুতি দিয়ে এই নির্বাচনে জিতেছি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ করে বলতে চাই আজকে মালদহের মানুষের জীবনে যে কি দুবিসহ দুঃখ নেমে এসেছে, এত যোগ্য ভালবাসার প্রতিদান হয়ত আমরা দিতে পারব না ঠিক, কিন্তু যাতে অন্ততঃ খানিকটা লাঘব করতে পারি তার চেষ্টা করতে হবে, যাতে আমরা তাদের কাছে বিশ্বাসঘাতক বলে প্রমাণিত না হই তার ব্যবস্থা করতেই হবে। আমি যখন গ্রামে গ্রামে ঘুরছিলাম তখন দেখছিলাম একটি কাঠুরিয়া কাঠ কাটছে, আর একটি ছেলে বোঝা তৈরী করছে। কত রুগ্ন, কত দুর্বল, তার চেহারার মধ্যেই সেটা ফুটে উঠেছে। আমি জিজ্ঞাসা করলাম ঐ ছেলেটি কি কাঠুরিয়ার ছেলে? ও একাজ করছে কেন? তারা বলল ও এই পলিথিনের টেণ্টে থাকে। সেদিন ওর ভাইটা মারা গেছে বিনা চিকিৎসায়। কদিন ধরে এই ছেলেটা অসুখে পড়ে ভুগছিল, আজকে একটু ভাল আছে তাই বাড়ী থেকে বেরিয়ে এসেছে। এই কাঠ কাটার পয়সা নিয়ে যাবে তবেই ছেলেটার জন্য কিছু কিনে দেবে। আমি তো দেখে অবাক হয়ে গেলাম। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শুনেছি মানুষ আজকে চাঁদ থেকে পাড়ি দিয়ে শুক্রগ্রহের বুকে পাড়ি দিতে চলেছে, আমরা সভ্য, উন্নতকামী মানুষ, আমাদের অনেক অগ্রগতি হয়েছে, কিন্তু আমরা যখন এইসব কথা শুনি তখন মনে হয় সমগ্র পৃথিবীটাকে ভেঙে চুরমার করে দিই, মিথ্যা আমাদের এই সভ্যতা, মিথ্যা আমাদের এই আত্ম-সন্তুষ্টিকে ভেঙে টুকরো টুকরো করে দিতে ইচ্ছা করে। আমি জানতে চাই কার পাপে এই বৈষম্য সৃষ্টি হয়েছে, সারা জীবন ধরে আমরা শুধু এই প্রাণেরই উত্তর খুঁজে চলেছি।

কিন্তু সে তো অন্য কথা। আজকে শুধু একথা বিনীতভাবে বলতে চাই যে নির্বাচনের সময় যে দৃশ্য, যে অবস্থা মানুষের দেখে এসেছি তার চেয়ে আরো খারাপ অবস্থা চলেছে। আজকে সেখানে চালের দাম বেড়েছে, মানুষের ক্রয়ক্ষমতা চলে গিয়েছে। আজকে যদি ব্যাপক হারে টেষ্ট রিলিফের ব্যবস্থা না করা যায়, জি. আর. এর. ব্যবস্থা করা না যায় এবং ব্যাংক থেকে ওয়ার্কিং ক্যাপিটাল না দেওয়া যায় তাহলে আগামীদিনে যে ভয়াবহ দুর্ভিক্ষ নামবে তাতে মালদহ জেলার মানুষের দুর্গতির সীমা থাকবে না। তাই আজকে রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে গিয়ে এই আশাই করবো যে নিঃসন্দেহে আমাদের কর্মকাণ্ড এই সমস্ত গরীব, দুস্থ মানুষের কষ্ট কিঞ্চিত লাঘব করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীরজনীকান্ত দলুই**: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল বলেছেন যে উত্তরবংগ বন্যানিয়ন্ত্রন কমিশন গঠিত হয়েছে এবং সেখানে বিভিন্ন রকম পরিকল্পনা গ্রহণ করে উত্তরবংগের মানুষদের জন্য যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে তারা বিশেষভাবে উপকৃত হচ্ছেন। আমাদের মেদিনীপুর, হুগলী, হাওড়ার সম্বন্ধে কোনরকম বক্তব্য রাখা হয় নি। আমার আবেদন আপনার মাধ্যমে যে আমাদের মেদিনীপুর, হাওড়া এবং হুগলী জেলা নিয়ে সাদার্ণ বেঙ্গল ফ্লাড কনট্রোল কমিশন গঠন করা হোক, যার ফলে হাওড়া, হুগলী এবং মেদিনীপুর জেলার বন্যা দুর্গত লোকেরা বিশেষভাবে উপকৃত হবেন। এই তিনটি জেলায় বছরের পর বছর বন্যা হচ্ছে এবং সেখানকার মানুষ দুর্দাশাগ্রস্ত হচ্ছেন। বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে যাতে তারা উপকৃত হতে পারেন সেইজন্য মন্ত্রীমণ্ডলির কাছে অনুরোধ করে বলছি অবিলম্বে সাদার্ণ বেঙ্গল

ফ্লাড কন্‌ট্রোল কমিশন গঠন করা হোক এবং মেদিনীপুর, হাওড়া, হুগলী এই তিনটি জেলা সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করা হোক। স্যার, আমরা জানি স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় সল্টলেক সম্বন্ধে পরিকল্পনা গ্রহণ করেছিলেন। সেই লবণ হ্রদে লিজ হোল্ডারসরা টাকা জমা দেওয়া সত্ত্বেও তাদেরকে প্লট এ্যালটমেন্ট করা হচ্ছে না। তাছাড়া সেখানে রোড্‌স, স্যানিটেসান, ইলেকট্রি-ফিকেসানের কোনরকম উন্নয়ন করা হয়নি। এ সম্বন্ধে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষন করছি এবং বলছি যে গভর্ণারের এড্রেসে এ সম্বন্ধে বক্তব্য না থাকায় আমরা দুঃখিত। আনএপ্লয়মেণ্ট সম্বন্ধে মাননীয় রাজ্যপাল কোনরকম বক্তব্য রাখেন নি। এ সম্বন্ধে কয়েকটি সাজেসান রাখবো। প্রথম হচ্ছে, সরকারী কর্মচারীদের রিটায়ারমেণ্টের বয়স যেন ৫৫তেই রাখা হয় এবং তাদের যেন ৫৫ বছর বয়সের পর এক্সটেনসান দেওয়া না হয়। তা যদি করা হয় তাহলে আমরা অনেক বেকার যুবককে কাজ দিতে পারবো। দ্বিতীয়তঃ হচ্ছে, ওভারটাইম বন্ধ করতে হবে এবং তা করলে অনেক বেকার যুবকের কর্মসংস্থানের সুযোগ হবে। তা ছাড়া ব্যাংক এবং পোষ্ট অফিসে যদি দুটি করে শিফ্‌ট—সকাল থেকে ২টা পর্য্যন্ত এবং ২টা থেকে রাত্রি ৭৷৮টা পর্য্যন্ত, করা যায় তাহলেও অনেক বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়। তারপর স্যার, মেদিনীপুরের হলদিয়া বন্দর সম্পর্কে আমরা অনেক কথা শুনেছি। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রীও কিছুদিন আগে বলেছিলেন যে হলদিবাতে এক লক্ষ বেকারের কর্মসংস্থান হবে। আমি সে সম্পর্কে বিশেষ দৃষ্টি দেবার জন্য অনুরোধ রাখছি। তারপরে প্রাইমারী স্কুলে অনেক ভেকেন্‌সী রয়েছে। সেইসব ভেকেন্‌সী পূর্ণ করা হলে আমরা ছেলেদের সুযোগ দিতে পারি এবং তার মাধ্যমে শিক্ষিত বেকারদের কর্মসংস্থান হতে পারে বা তাদের আমরা এবজভ করতে পারি। ক্ষুদ্র এবং কুটির শিল্পের মাধ্যমে বেকার সমস্যার সমাধানের কথা আমরা শুনেছি। এই প্রসঙ্গে মন্ত্রীসভার কাছে আমার বক্তব্য হচ্ছে, এটা যেন কথার কথা না হয়। কারণ অবিলম্বে ক্ষুদ্র এবং কুটির শিল্পের ব্যবস্থা যদি আমরা প্রতি গ্রামে করতে পারি তাহলে বেকার সমস্যার অনেকটা আমরা সমাধান করতে পারবো। এর পরে যেটা বলতে চাই সেটা হচ্ছে, আপনি জানেন স্যার, বাংলাদেশের শরণার্থীদের জন্য অনেকগুলি শিবির তৈরি করা হয়েছিল। শরনার্থীরা বাংলাদেশে ফিরে যাওয়ায় শিবিরগুলি এখন পড়ে রয়েছে। এই প্রসঙ্গে মন্ত্রীসভার কাছে আমার সাজেসান, যে সমস্ত গৃহহীন লোক আমাদের দেশে রয়েছেন—গৃহহীনদের কথা আমার বন্ধুরা অনেকেই বলেছেন, সেই সমস্ত গৃহহীনরা যাতে এই সমস্ত শিবিরে আশ্রয় পায় তার ব্যবস্থা করা হোক। সেখানে তাদের আশ্রয় দিয়ে এবং কিছু কিছু কুটিরশিল্প গড়ে তাদের যদি কাজকম দেওয়া যায় তাহলে আমার মনে হয় লক্ষ লক্ষ লোকের আশ্রয়ের ব্যবস্থা আমরা করতে পারবো। স্যার, মেদিনীপুরের ঘাটাল মহকুমা অত্যন্ত অবহেলিত মহকুমা। সেখানে বছরের পর বছর বন্যা হচ্ছে। সেখানে ফ্লাড কন্‌ট্রোল স্কীম নামে একটা স্কীম করা হয়েছিল কিন্তু সেই স্কীম আজ পর্য্যন্ত কার্যকরী হয় নি। এই স্কীমটি ১০ বছর আগে তৈরি হয়েছিল। তাই মন্ত্রীসভার কাছে আমার সাজেশান, দুর্গত ঘাটালের জন্য চিন্তা করুন, ফ্লাড কন্‌ট্রোল স্কীমটি চালু করার ব্যবস্থা করুণ। আর একটি আবেদন, যে সমস্ত জমি জবরদখল করা হয়েছে—যে সমস্ত জমি সিলিং-এর মধ্যে ছিল সেই সমস্ত জমি জোর করে আমরা দেখেছি কয়েক বছর আগে দখল করা হয়েছে। সেই সমস্ত জমি এখন কিভাবে চাষ করা হবে বা জমির মালিকরা কিভাবে সেই জমি ফেরৎ পাবেন সে দিকে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুণ। এই বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**শ্রীমহবুবুল হক:** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে

ন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে স্বাগত জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমি গ্রামের ছেলে। মাননীয় রাজ্যপালের ভাষণে গ্রামবাংলার কথা অনেক আছে। সেখানে অনেক গৃহহীনদের বাস্তু জমি দেবার কথা বলা হয়েছে, যারা ভূমিহীন, তাদের ভূমি দেবার কথা বলা হয়েছে এবং যারা জোতদার-জমিদার তাদের জমির সিলিং কমিয়ে তাদের ইকনমি সিলিং-এ নামানোর কথা বলা হয়েছে।

এতে আমি খুব আনন্দিত হয়েছি। কিন্তু তার সাথে সাথে আমি দেখছি যে, যারা জমিদার শ্রেণীর যারা কৃষকের রক্ত শোষণ করছে তাদের সম্পত্তির সীমা বেঁধে দেওয়া হয়েছে, তাতে সত্যই লোকের উপকার হবে, তাতে সত্যই আনন্দিত হয়েছি। সেইসব জমিদার শ্রেণীর লোক যাদের হাজার হাজার বিঘা জমি ছিল, যাদের সম্পত্তি সীমা আজকে বেঁধে দেওয়া হয়েছে তারা যদি আজকে পরিবার পরিকল্পনা না করেন, তাদের যদি ৭১৮টি করে ছেলেমেয়ে হয় তাহলে পরবর্তী সময়ে যখন তাদের ৭১৮ বিঘা জমি দাঁড়াবে তখন তাদের সাধারণ লোকের সঙ্গে সমানভাবে অন্ন ভাগ করে খেতে হবে। আমি মাননীয় রাজ্যপালের ভাষণ ভালভাবে পড়েছি, তাতে একটা কথা বলা হয়েছে যে শহরাঞ্চলের সম্পত্তির সর্বোচ্চ সীমা নির্ধারণ করে কেন্দ্র যাতে যথোচিত আইন প্রণয়ন করেন সেজন্য সরকার ব্যবস্থা গ্রহণ করবেন। আমি এজন্য খুব দুঃখিত হয়েছি কারণ, যে গ্রামের কথা বলা হয়েছে সেই গ্রামের সম্পত্তির সীমা যদি বেঁধে দেওয়া হয়ে থাকে আর শহরের সম্পত্তির সীমা যদি অনতিবিলম্বে না বেঁধে দেওয়া যায় তাহলে খুবই দুঃখের কারণ। কারণ আজকে জমির কালোবাজারীর অভাব নেই, অসাধু লোকের অভাব নেই। আমি সেজন্য রাজ্যপালের ভাষণ দেখে হতাশ হয়েছি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আইনসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি যে, শহরের সম্পত্তির সীমা বেধে দেওয়া হোক। মাননীয় রাজ্যপালের ভাষণে ২৬ নম্বর প্যারাগ্রাফে বলা হয়েছে আমার সরকার মুসলমান, তপশীলভুক্ত জাতি, তপশীলী উপজাতি ও অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায় এবং অনুন্নত শ্রেণীগুলির সর্বাঙ্গীণ উন্নয়নের জন্য কার্যকর ব্যবস্থা অবলম্বন করবেন। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, স্বাধীনতার ২৪ বছর পরে সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার সংরক্ষণের কথা বলতে হচ্ছে। এর চেয়ে দুঃখের কথা আর কিছু হতে পারে না। আমরা জানি আমাদের রাষ্ট্র ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, এখানে তপশীলী ও অনুন্নত শ্রেণীর অধিকার সংরক্ষণ করতে হবে। কিন্তু আগেই এই সমস্যার সমাধান হওয়া উচিত ছিল, তা হয় নি। সেজন্য আমি মাননীয় রাজ্যপালের ভাষণ পড়ে হতাশ হয়েছি। আমি কয়েকদিন ধরেই লক্ষ করছি যে প্রত্যেক জায়গার নির্বাচিত এম. এল. এ., তাদের জায়গার তপশীল ও আদিবাসীদের কথা, তাদের অভাব অভিযোগের কথা বলেছেন। সবচেয়ে বড় কথা যে আমরা যদি কয়েক বছরের রাজ্যপালের ভাষণ দেখি তাহলে এই একই কথা দেখবো। আমার কাছে গত বছরের ভাষণ আছে আমি তা দেখেছি। সব জায়গায় সংখ্যালঘুদের অধিকার সংরক্ষণের কথা বলা হয়েছে। গত বছরেও রাজ্যপালের ভাষণে এই ধরণের একই কথা বলেছিলেন। এতদিন ধরেও যদি অধিকার সংরক্ষণের কথা বলি এর চেয়ে আশ্চর্য্যের আর কি আছে। এরপর আমি মুসলমানদের অধিকারের আর একটি কথা অর্থাৎ শিক্ষার কথা বলব। ওয়েষ্ট বেঙ্গল মাদ্রাসা এডুকেশন বোর্ড বলে একটা বোর্ড আছে। যেটা মাদ্রাসা ফাইন্যাল ও যেটা ইকুইভ্যালেণ্ট টু স্কুল ফাইনাল। ১৯৪৯ সালে এটি গঠিত হয় প্রভিনসিয়াল মাদ্রাসা এডুকেশন বোর্ড বলে। তখন দশ কি বারটা মাদ্রাসা ছিল যা নিয়ে এটা গঠিত হয়েছিল। কিন্তু এখন চারশো পঞ্চাশটা মাদ্রাসা হয়েছে। কিন্তু সেই মাদ্রাসা বোর্ডই কাজ করছে। সেখানে কেরাণী নেই যে বোর্ডের ক্ষমতায় পরীক্ষা হয়, স্কুল ফাইনালের মত পরীক্ষা হয় ও সেখানে ফিস দিতে হয়। কিন্তু ঐ পরীক্ষা কেউ দিতে গেলে আশ্চর্য্য হবেন যে সেখানে

সাইক্লোষ্টাইল করা প্রশ্নপত্র দেওয়া হয়। অন্ত অফিসে যে প্রশ্নপত্র যাবে বা অন্য মাদ্রাসায় যে প্রশ্নপত্র যাবে তার ডাকের ফিস দেবার পয়সা তাদের নেই। অনেক সময় খবর মুখে মুখে দিতে হয়। সেখানে আলাদা রেজিষ্টারের পথ নেই। ক্যালকাটা মাদ্রাসার যিনি প্রিন্সিপ্যাল তাঁকেই রেজিষ্টারের পদ দেওয়া হয়েছে। তাঁকে মাত্র ভাতা দেওয়া হয় পঞ্চাশ টাকা। অথচ তাঁর উপর কত গুরুদায়িত্ব আছে। এইভাবে অসৎ উপার্জনের চেষ্টা সেখানে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণে যে সংখ্যালঘুদের অধিকার সংরক্ষণের কথা বলা হয়েছে তা দেখে আমি হতাশ হয়েছি। উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে, আমি আশা করবো অনতিবিলম্বে এই সমস্যার সমাধান হবে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্। জয় হিন্দ।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় রাজ্যপাল তাঁর ভাষণে বেকারী, দারিদ্র ও ক্ষুধার বিরুদ্ধে যে জেহাদের ডাক দিয়েছেন তাকে স্বাগত জানাই, সবুজ বিপ্লব ও শ্রমিক কল্যাণে তাঁর বক্তব্যের জন্য জানাই ধন্যবাদ। অন্যায়, অত্যাচার, হিংসা ও সন্ত্রাসের হাত থেকে রক্ষা করবার যে প্রতিশ্রুতি দিয়েছেন তার জন্য তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

তবে এই কথা বলতে একটুও দ্বিধা নাই যে তাঁর বক্তব্যে আমাদের মন ভরে ওঠেনি। আমরা নূতন কোন সুর শুনতে পাইনি। আজ বিধানসভার ভিতরে ও বাইরে সারা দেশে যে ভাবনা, চেতনা, যে প্রাণের জোয়ার দেখেছি তার বিন্দুমাত্র প্রতিফলন তাঁর ভাষণে নেই। আজ এ কথা স্মরণ করতে হবে যে, অগণিত দেশবাসীর সঙ্গে সঙ্গে লক্ষ লক্ষ সুস্থ্য সবল যুবক মনে প্রাণে বিশ্বাস করেন যে, তাঁদের সামনে যে অনিশ্চয়তার অন্ধকার জমে আছে-যে অন্ধকার ওই বেকারী, দারিদ্র, ক্ষুধা ও অভাবের মূর্ত প্রকাশ-তাথেকে তাঁদের এই সরকার রক্ষা করবেন, তাঁদের প্রিয়জনের মুখে হাঁসি ফোটাবেন। সেই বিশ্বাসে অনেক রক্ত তাঁরা দিয়েছেন। অনেক প্রাণ অকালে ঝরে গেছে। আজ যদি সে বিশ্বাসের যোগ্য মর্য্যাদা দিতে না পারি, যদি এই সব তাজা সবুজ প্রাণপ্রবাহকে নূতন জীবনের পথে, বাঁচার পথে চালিত করতে না পারি তাহলে তারা অতীতের মত চরম হতাশায় বন্ধ দুয়ারে মাথা খুঁড়ে গুমরে গুমরে কেঁদে মরবে না।

[ 4-55—5-05 p.m. ]

তারা প্রচণ্ড দাহ জ্বালা ও আক্রোশ নিয়ে আমাদের উপরে ঝাঁপিয়ে পড়বে। তাই রাজ্যপালের ভাষণের শেষের দিকে এদের সমস্যা সম্বন্ধে যে গতানুগতিক কথা বলেছেন তারজন্য দুঃখবোধ করি। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে বিনীত অনুরোধ করছি যে তাঁরা স্বচ্ছ দৃষ্টিভঙ্গী নিয়ে বলিষ্ঠ পদক্ষেপ সামনের দিকে এগিয়ে যান এবং সমস্ত শক্তি দিয়ে এই সমস্যার সমাধান করুন তাহলে সমস্ত দেশের মানুষ আপনাদের শুভেচ্ছা জানাবে। এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীনীলকমল সরকারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে আমার নির্বাচনী এলাকার কথা বলতে চাই। আমার নির্বাচনী এলাকা নাকাশী পাড়ায় শতকরা ৮০ ভাগ কৃষক গত বর্ষায় বানে ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে বর্ষার পর সেখানে গো-মড়ক লাগে এবং সমস্ত গরু বাছুর মারা গেছে। আজ পর্য্যন্ত সরকার থেকে কোন গরু খরিদের লোনের সাহায্য পাওয়া যায় নি। বাড়ীঘর করার জন্য মানুষ দরখাস্ত করেছিল—সরকারী পর্য্যায় থেকে তাদের কাছথেকে দরখাস্ত চাওয়া হয়েছিল। কিন্তু ২।৪ জনকে ১৫ থেকে ২০ টাকা পর্যন্ত সাহায্য দেওয়া হয়েছে। এছাড়া বাকী কোনরকম সাহায্য তারা পায়নি। এই অবস্থায় আমরা যখন নির্বাচনে গিয়েছিলাম তখন আমরা নির্বাচনী ইস্তাহারে একথা ঘোষণা করেছিলাম যে দেশের মধ্যে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে

আনব, মোটা ভাত কাপড়ের ব্যবস্থা করব, দেশ থেকে গরীবি হটাব। এইসব বলায় মানুষ অনেক আশা নিয়ে আমাদের সমর্থন করে। কিন্তু পরবর্তী পর্য্যায়ে আমাদের যা কার্যকলাপ তারা এ পর্যন্ত পাচ্ছে তাতে তারা মর্মাহত হচ্ছে। এই নির্বাচনের সময় বিভিন্ন গ্রামে গিয়ে দেখেছি যে, সাধারণ মানুষ আমাদের ডাকে ছেঁড়া কাঁথা গায়ে দিয়ে, গামছা পরে আমাদের ভোট দিয়েছে। সুতরাং তাদের জন্য যদি করতে না পারি, তাহলে একদিক থেকে তাদের কাছে বিশ্বাসভঙ্গের অপরাধী হব, অন্যদিক থেকে তারা আমাদের ঘৃণা করবে। সাথে সাথে আমাদের এলাকা ১৩টি অঞ্চলে বিভক্ত। তার ভিতরে দুটি অঞ্চলে এমনই অবস্থা হয়েছে যে সরকারী উদ্যোগে একবার একটি অঞ্চলে সারিগঙ্গা বিভক্ত করে রেখেছিল সেখানে কোন রকম একটা বাঁধ দিয়ে যাতায়াত হতো। সেই বাঁধ উন্নত করার জন্য সরকার থেকে সেটা ভেঙ্গে দেওয়া হয়েছে। কিন্তু আজ ৭।৮ বছর হলো সে বাঁধ যেমন অবস্থায় ছিলো তেমনি অবস্থাই রয়ে গিয়েছে। সেখানে গরু, মহিষ শুধু নয় মানুষ পর্য্যন্ত মৃত্যুমুখে পতিত হয়েছে। আজ পর্য্যন্ত বহু আবেদন নিবেদন করেও তার কোন সংস্কার হয় নি। আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সদস্যদের বলবো অত্যন্ত দ্রুততার সহিত সে কাজগুলো যেন সম্পন্ন হয়। বিশেষ করে আমাদের ওখানে প্লাবনে এমন অবস্থা হয়েছিলো যে কোন বীজ নেই। আমাদের এলাকায় কোন বীজ নেই। আর কিছুদিন পরে চাষ আবাদের কাজ আরম্ভ হয়ে যাবে। অত্যন্ত দ্রুততার সঙ্গে যদি বীজের ব্যবস্থা করতে না পারি তাহলে কৃষককুল এমন একটা অবস্থায় পড়বে যে চাষ আবাদের অসুবিধা হবে এবং ভবিষ্যত অন্ধকার হয়ে পড়বে। আমি আর আমার বক্তব্যের মধ্যে বেশী কিছু বলতে চাই না। গরীবী হঠানোর যে কথা বলেছি, দু'মুঠো ভাত কাপড়ের যে কথা বলেছি, সেটা যেন আমরা মোটামুটিভাবে পূরণের চেষ্টা করি। তা নাহলে বিপুলভাবে আশীর্বাদ করে যাঁরা আমাদের বিধানসভায় পাঠিয়েছেন তাঁরা যেন আবার আমাদের দুর্ভাগ্যে পতিত না করেন। এই কথা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সমর্থন করে আস্থা রেখে ক'টি গভীরভাবে যে ব্যথা পেয়েছি সেগুলো বলার প্রয়োজনবোধ করছি। আমি যেখান থেকে নির্বাচিত হয়ে এসেছি সেটা একটি উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চল, আমি একটি উদ্বাস্তু ছেলে। অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে রাজ্যপালের ভাষণকে দেখতে চেয়েছিলাম। ভেবেছিলাম মার খাওয়া, সর্বহারা মানুষের কথা সরকার চিন্তা করছেন। কিন্তু যখন ভাষণ শুনলাম রাজ্যপালের এবং তারপর পুস্তকটা হাতে এলো অত্যন্ত লজ্জাজনকভাবে দেখলাম সমস্ত উদ্বাস্তু সমস্যাকে অবহেলা করে একটি মাত্র বয়ানে তাকে শেষ করা হয়েছে। সেখানে বলা হলো, 'উদ্বাস্তুদের যে সমস্ত সমস্যার সমাধান এখনও হয়নি সেগুলো আমার সরকার কর্তৃক যথোচিত বিবেচিত হবে'। কিন্তু ব্যক্তিগত ভাবে দেখেছি ২৫ বছর আগে যখন ভারতের প্রথম গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, তখন প্রধানমন্ত্রী পরলোকগত জওহরলাল নেহেরু বলেছিলেন উদ্বাস্তু সমস্যায় যুদ্ধকালীন পরিস্থিতির মতো ব্যবস্থা নেবো। তারপর দেখেছি দিনের পর দিন কেটে গিয়েছে, বড় হয়েছি, সমস্যা বুঝবার চেষ্টা করেছি, উদ্বাস্তু মা-ভাই-বোনেরা অত্যাচারিত হয়েছে। আমি পরিষ্কারভাবে সরকারকে বলে দিতে চাই ওই একটা বয়ানের মধ্যে কাজ শেষ করলে চলবে না, আপনারা সুস্পষ্টভাবে নীতি ঘোষণা করতে চান কিনা? এর আগে সরকার নামপত্র দিয়েছিলেন, অর্পণনামা। আমি সে অর্পণনামার গুরুত্ব দিতে চাই না। সেটা দলিল নয়, প্রমাণ স্বরূপ নয়,সেটা হস্তান্তরযোগ্য নয়। আজকে যখন ২৫ বছর পরে লোকে মারা যাচ্ছে, দীর্ঘ ২৫ বছর কাটা বাঁশ দিয়ে বা সামান্য কিছু দিয়ে সীমানা সংরক্ষণের চেষ্টা করে আসছিল, মৃত্যুর দিন পর্য্যন্ত ভবিষ্যৎ বংশধরদের সেখানে কিছু করতে পারবেন কিনা জানলেন না, বুঝলেন না, তার ভবিষ্যৎ উপলব্ধি করতে পারলেন না। তাই আশা করেছিলাম আমাদের যে সরকার

বিপুলভাবে এখানে এসেছেন তাঁরা সমস্যাটা প্রকৃতভাবে উপলব্ধি করে প্রত্যেকে যাতে স্বস্তি পায় তাঁরা তা ঘোষণা করবেন। কিন্তু তা করা হয় নি। আমি সরকারের কাছে তাই বলতে চাই অবিলম্বে জমির মালিকানা উদ্বাস্তুদের হাতে দেওয়া হোক। দ্বিতীয়তঃ, আর একটি কথা শুনতে পাই যে জমির জন্য নাকি কমপেনসেসান দিতে হবে। আমার মনে হয় আমাদের পবিত্র সংবিধানের ২৫তম সংশোধনের ফলে সরকার তা না দিতেও পারেন। এ ব্যাপারে সরকারকে জমির মালিকদের সঙ্গে মোকাবিলা করতে হবে। আমার সর্বহারা উদ্বাস্তুদের একটা পয়সা দেওয়ার ক্ষমতা নেই, এক পয়সাও দিতে পারবে না।

[5-5—5-15 p.m.]

তৃতীয়তঃ এখন এমন জায়গা আছে পরিত্যক্ত মুসলমান বাড়ীগুলির ভেতরে যেখানে আমাদের সর্বহারা মার খাওয়া ভাইরা দিনের পর দিন মাথা গুজে বাঁচবার চেষ্টা করছেন কিন্তু সরকার থেকে সে জমিগুলি এখনো এ্যাকোয়ার করা হয় নি। এখনও সরকার থেকে অর্পণপত্র দেওয়া হয় নি। কাজেই আমি আশা করেছিলাম সরকার হয়তো সেই সমস্যা মূল্যায়ণ করবার চেষ্টা করবেন। সত্যিকথা বলতে কি আমার এই তরুণ জীবনে যেদিন প্রথম এসেছিলাম ভেবেছিলাম উদ্বাস্তু মানুষের আশা-আকাঙ্ক্ষা মূর্ত হয়ে উঠবে, এই আশা আমার ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আরেকটা জিনিষ আমার খুব খারাপ লেগেছে যে, আমরা দেখেছি নকসাল আন্দোলনের সময় অনেক ছেলেকে পুলিশ গ্রেপ্তার করে জেলের ভিতর নিয়ে গেছে কিন্তু সেখানকার জেলের কর্মচারীদের কাজের ফলেই হোক কিংবা কিছু সংখ্যক পুলিশ কর্মচারীর বেয়াদপির ফলেই হোক সেই ছেলেগুলিকে জেলের ভিতর পিটিয়ে পিটিয়ে মারা হয়েছে এবং তাদের নামে দুর্নাম রটানোর চেষ্টা করা হয়েছে। আমাদের এই সমাজের একটা অংশ তারা, তাদের সংশোধন করানো উচিৎ—কিন্তু তাদের জেলের ভিতর পিটিয়ে মারা হয়েছে। আশা করেছিলাম আমাদের গণতান্ত্রিক সরকার এই সমস্ত পুলিশি তৎপরতা তথাকথিত তৎপরতার বিরুদ্ধে সুস্পষ্ঠ বলিষ্ঠ নীতি ঘোষণা করবেন কিন্তু তা আমাদের সরকার করেন নি। চতুর্থ কথা আমার যুবক হিসাবে খুব খারাপ লেগেছে যেটা হচ্ছে যে রিহাবিলিটেশন ডির্পাটমেণ্ট থেকে খসড়া রচনা করা হয়েছিল গণতান্ত্রিক সরকারের পক্ষ থেকে যে, ওপার বাংলার লোকদের বাঁচানোর জন্য যুবকরা কাজ পেয়েছে। প্রায় ১৩ হাজার লোকের হাতে এ্যাপয়েণ্টমেণ্ট লেটার দেওয়া হয়েছিল কিন্তু তাদের যোগদান করতে দেওয়া হয় নি। আমাদের সেই ১৩ হাজার ভাইদের জীবনে সর্বপ্রথম এ্যাপয়েণ্টমেণ্ট লেটার তারা পেয়েছিলেন কিন্তু তারা চাকুরীর সাধ বা চাকুরীর খাতায় সই করে মাসান্তে মাইনে পাবার স্বাদ তাঁরা পান নি। এই ১৩ হাজার মানুষের সম্বন্ধে আমাদের সরকার কি চিন্তা করছেন সেই আশা নিয়ে তাকিয়ে ছিলুম কিন্তু তা ব্যর্থ হয়েছে। শেষে আমি একটা কথা বলে আমার বক্ত' শষ করবো যে বিগত রক্তাক্ত রাজনীতির আমলে আমার বাংলার অনেক ছেলে শহীদ হয়েছে। এখানে কংগ্রেস আছে, সি. পি. এম. আছে, ফরওয়াড´ব্লক আছে, সি. পি. আই আছে কিন্তু আমার সরকারের উচিৎ ছিল শহীদদের পরিবারবর্গের কিছু ক্ষতিপূরণ দেওয়া, তার কারণ হচ্ছে ত রা যে কোন রাজনৈতিক আন্দোলনের সাথী হল না কেন তাঁরা ভুল পথে চলেছিলেন তাদের নেতৃত্বের বিফলতার জন্য মৃত্যুমুখে পতিত হয়েছে কিন্তু সেই শহীদ পরিবারদের প্রতি সরকারের একটা কর্তব্য ছিল, তাদের উচিৎ ছিল পরিবারবর্গের কিছু ক্ষতিপূরণ করে সেই মার খাওয়া সর্বস্বহারা মানুষগুলি সন্তানহারা জননীদের সম্মুখে একটা সাময়িকভাবে আশার আলোক সৃষ্টি করা যায় তার চেষ্টা করা। মাননীয় রাজ্যপালের ভাষণে যে বৈপ্লবিক চিন্তাধারা রেখেছেন সেই বক্তব্যকে আমরা সশ্রদ্ধ শ্রদ্ধা জানাই। আমরা আশা করি এর ফলে আমাদের বাংলা সুজলা সুফলা শস্য শ্যামলা করে গড়ে তুলতে পারবো এবং এগুলির দিকে লক্ষ্য রেখে আমরা এগুতে পারবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ। বন্দেমাতরম্‌।

**শ্রীমোহিনীমোহন পাড়ুই :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে এসেছে তাকে সমর্থন করে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। রাজ্যপাল তাঁর ভাষণে ২৪ পরগণা জেলাকে আর্থিক দিক দিয়ে উন্নত বলে ঘোষণা করেছেন। আমি দক্ষিণ ২৪ পরগণার প্রতিনিধি হিসাবে জানাই যে বিশেষ করে ডায়মণ্ডহারবার মহকুমার ফলতা থানা চির অবহেলিত এবং সুন্দরবন অঞ্চল প্রধানতঃ কৃষির উপর নির্ভরশীল। এখানে—সেখানে একটি শিল্প বলে কিছু নাই। তিনি কি করে বললেন যে ২৪ পরগণা জেলা আর্থিক দিয়ে উন্নত। তাই রাজ্যপালের ভাষণে আমি গভীর ক্ষোভ এবং বেদনা বোধ করছি।

সুন্দরবন এলাকা কৃষি প্রধান অংশ কিন্তু সেখানকার কৃষির উন্নতির জন্য যে সেচ ব্যবস্থার দরকার রয়েছে তার দিকে আজ পর্যন্ত নজর দেওয়া হয় নি। এই এলাকায় এবং আমার পাশে ডায়মণ্ডহারবার এলাকায় অনেকদিন থেকে ওখানে একটা নিকাশী খাল রয়েছে, বলরামপুর খাল, সেটা সংস্কার করার কথা আছে কিন্তু আজ পর্যন্ত সেই খাল সংস্কার করা হয় নি এবং এই একটা খালের উপর দুটি থানা, ফলতা এবং ডায়মণ্ডহারবাররে কৃষির ও কৃষকের ভবিষ্যৎ নির্ভর করে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর কাছে নিবেদন করছি যে, এই ফলতা এবং ডাময়ণ্ডহারবার কৃষককুলের জন্য যেন এই নিকাশী খাল সংস্কার করা হয়। দ্বিতীয়তঃ, ফলতা এলাকা একমাত্র নির্ভর করছে কৃষির উপর। সেখানে যদি ডিপ টিউবওয়েল তৈরী করা যায় তাহলে আমাদের যে বেকার সমস্যা আছে সেই বেকার সমস্যার সমাধান করবে, এবং আমরা যে গরীবি হটাও প্রতিশ্রুতি দিয়েছি তাহলে সেখানে কৃষক ও কৃষি-শ্রমিক তারা সারা বৎসর কাজ পেতে পারবে এবং সেখানে যদি আমরা ইলেকট্রিফিকেশন করি এবং কুটিরশিল্প তার সঙ্গে করতে পারি তাহলে বহু বেকার যুবকভাই কাজ করতে পারবে। এইটি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর কাছে আবেদন জানাচ্ছি। শিক্ষা সম্পর্কে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বেশী কিছু বলেন নি তাই আমি ক্ষুদ্ধ। আমাদের বর্তমানে যে শিক্ষা সেই শিক্ষার বাস্তবের সঙ্গে সম্পর্ক নেই বলা চলে। তাই আপনার মাধ্যমে অনুবোধ করব, মাননীয় মন্ত্রীমণ্ডলীর কাছে আমাদের এখানে যে শিক্ষা ব্যবস্থা আছে সেই শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। শিক্ষকদের সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন বক্তব্য নেই। আমরা বলি যে শিক্ষকরাই জাতির জনক। কিন্তু তাদের সামাজিক মর্যাদা আজকে যেতে বসেছে। শুধু তাই নয় তাঁদের ব্যক্তিগত দৈনন্দিন জীবনধারা আজ দুর্বিসহ দেখতে পাচ্ছি। সরকার থেকে যে অনুদান দেওয়া হয় সেটাও সময় মত তাঁরা পান না। বিদ্যালয়ের যে বেতন সেই বেতনও তাঁরা পান না ফলে তাঁদের আর্থিক দুর্দশার সম্মুখীন হতে হচ্ছে। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, শিক্ষকদের দিকে যেন সুনজর দেওয়া হয়। স্বাস্থ্য সম্পর্কে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন আমার সরকার জনস্বাস্থ্য সম্পর্কে সচেতন। এটা খুবই দুঃখের কথা যে ফলতা থেকে প্রতিনিধি হিসাবে আমি এখানে এসেছি কিন্তু আজ পর্যন্ত এখানে একটা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র হয় নি। একটি মাত্র সাবসিডিয়ারি হেলথ সেণ্টার আছে, সেটাও আমি নিজে গিয়ে দেখে এসেছি, আজ পর্যন্ত সেখানে ইলেকট্রিক পোষ্ট গিয়েছে কিন্তু ইলেকট্রিফিকেশন হয় নি। ল্যাট্রিনের অবস্থাও সেই মান্ধাতা আমলের। আমি তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন এই স্বাস্থ্যকেন্দ্রের উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীভবানী পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ সমর্থন করতে গিয়ে আমি উত্তরবাংলা সম্পর্কে কয়েকটি কথা বলবো। রাজ্যপালের ভাষণে উত্তরবঙ্গের উন্নয়নের কথা বিশেষ বলা নেই। প্রথমতঃ উত্তরবাংলা সম্পর্কে কি করণীয় এবং কি ধরণের কর্মপন্থা নিয়ে

উত্তরবাংলার উন্নয়ন,উত্তরবাংলার সমস্যার সমাধান হতে পারে এই ধরণের উক্তি নাথাকায় দুঃখিত। আমি এই সম্বন্ধে বিশেষ করে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার কাছে এই প্রশ্ন রাখতে চাই যে উত্তরবাংলার উন্নয়ন কতখানি বেশী। উত্তরবাংলায় যে সমস্ত সমস্যা তা হল উত্তরবাংলায় যে পাঁচটি জেলা তাতে ৬০লক্ষ লোক আছে। বাংলা দেশের জনসংখ্যা ৪কোটি, তারমধ্যে কলকাতাকে বাদ দিলে প্রায় ৩ কোটি ৬০লক্ষ লোকসংখ্যা হবে।

[ 5-15—5-25 p.m. ]

পশ্চিমবাংলার সমস্ত জনসংখ্যার প্রায় ৬ ভাগের এক ভাগ বাস করে উত্তরবাংলায় এবং তারা ওয়েলথ জেনারেট করে কৃষিভিত্তিক এবং ইণ্ডাস্ট্রীয়েল ওয়েলথ প্রায় ১৪০০ কোটি টাকা। আর এই ইণ্ডাস্ট্রীয়েল ওয়েলথ বাদ দিলে সেটা দাঁড়ায় ১০ থেকে ১১ কোটি টাকা এবং এই টাকা উত্তরবাংলার লোকেরা যারা সারা পশ্চিমবাংলার প্রায় ৬ ভাগের এক ভাগ, তারাই জেনারেট করে থাকে। কৃষিভিত্তিক যে সমস্ত শিল্প আছে যেমন পাট, চা, তামাক এবং কাঠ ইত্যাদি এসব থেকে ওয়েলথ সেখানে জেনারেট হয় ৩৫০ কোটি টাকার মত, অর্থাৎ সমস্ত পশ্চিমবাংলার ৬ ভাগের এক ভাগ লোক, পাঁচ ভাগের এক ভাগ ওয়েলথ জেনারেট করে। এখন আসুন সারা পশ্চিমবাংলার যে তিনটি প্ল্যান পিরিয়ডে খরচ হয়েছে সেই খরচের সঙ্গে পশ্চিমবাংলার অন্যান্য জেলার সঙ্গে উত্তরবাংলার পাঁচটি জেলার খরচের যে রেশিও সেটা দেখি। সেই তিনটি প্ল্যানে খরচ হয়েছে ৬৮৭কোটি টাকা এবং কলকাতা কর্পোরেশন বাদ দিলে সেটা দাঁড়ায় ৬০০কোটি টাকা। পশ্চিমবাংলার অন্যান্য জেলার জন্য যেখানে খরচ হয়েছে ৬০০কোটি টাকা, সেখানে নর্থবেঙ্গলের পাঁচটি জেলার জন্য খরচ হয়েছে ১৫কোটি টাকা। এখন পার ক্যাপিটা হিসাবে যদি দেখি তাহলে দেখা যাবে পশ্চিমবাংলার অন্যান্য জেলার জন্য খরচ হয়েছে ২০০ টাকা আর উত্তর বাংলার জন্য পার ক্যাপিটা খরচ হয়েছে ২৫ টাকা, এই রেশিও দাঁড়াচ্ছে ৮:১, আমি পশ্চিমবাংলার অন্যান্য জেলাগুলিকে হিংসা করছি না। আমি এটাই বুঝিয়ে দিতে চাইছি যে সারা পশ্চিমবাংলায়ই সমস্যা আছে এবং সেই সমস্যা কম নয়, এবং সাথে সাথে উত্তরবাংলার পাঁচটি জেলার যে সমস্যা, সেটাও আমাদের বুঝতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে এটাই রাখতে চাইছি যে সমস্যার সমাধান আমাদের করতে হবে, জনসাধারণকে আমরা সে কথাই বলে এসেছি। সেই সমস্যা কতখানি গভীরতর আমি সেটাই বুঝাতে চাইছি এবং সেজন্যই উত্তরবাংলার জেলাগুলিকে বাদ দিয়ে অন্যান্য জেলাগুলির জন্য কত খরচের রেশিও, ইন্‌কামের রেশিও এবং পপুলেশনের রেশিও সেটা আপনার সামনে রেখেছি। এখন প্রশ্ন হচ্ছে কেন উত্তরবাংলার সমস্যা সমাধান সম্ভব হয় নি। আমরা সারা পশ্চিমবাংলার সমস্যা সমাধানের জন্য যে টাকা পেয়েছি তার তুলনায় কাজ করেছি অনেক কম। উত্তরবাংলায় চা শিল্প ছাড়া আর কোন শিল্প নাই। উত্তরবাংলায় যখন এই চা-শিল্প স্থাপিত হয় তখন আমাদের দেশের লোক কোন লীডারশিপ নেন নি। ব্রিটিশরাই এই চা-শিল্প স্থাপন করেছিল এবং তাদের নিজেদের ইণ্টারেষ্টেই। তাই উত্তর-বাংলার লোকের সেই চা বাগানে চাকুরি হয় নি। চা বাগানে যদি যাওয়া যায় তাহলে দেখা যাবে এই চা বাগানের অধিকাংশ কর্মচারী শতকরা ৯৫ জনই এসেছে পশ্চিমবাংলার বাইরে থেকে, এখন অবশ্য তারা পশ্চিমবাংলারই লোক হয়ে গিয়েছে। উত্তরবাংলার রাজবংশী, মেঝ ইত্যাদি যে সমস্ত অরিজিন্যাল বাসিন্দা আছে তাদের চা বাগানে চাকুরি নাই, তাই তাদের সমস্যা রয়েছে। উত্তরবাংলার গ্রামে ছোট শিল্পও গড়ে উঠে নি, যদি সেখানে কৃষিভিত্তিক শিল্প গড়ে উঠত তাহলে সেখানে লোক কাজ পেত। ফলে সেখানে স্কুল মাষ্টারী এবং বি. ডি. ও অফিসে দুই একজন কেরাণী এবং চৌকিদারের পোষ্টে কয়েকজন লোক ছাড়া উত্তরবাংলার

শিক্ষিত এবং অর্ধ শিক্ষিত লোকের কোন চাকুরি হয় নি। এই অবস্থায় উত্তরবাংলার কৃষিভিত্তিক ইণ্ডাস্ট্রি গড়ে তুলতে না পারলে সমস্যা সমাধানের কোন উপায় দেখি না। উত্তরবাংলায় প্রচুর কয়লা, ডোলোমাইট এবং অন্যান্য বিভিন্ন ধরণের শিল্প সম্পদ আছে, সেগুলির যদি যথোপযুক্ত ব্যবহার করা যায় তাহলে ইণ্ডাস্ট্রি গড়া যায়। পাটকাঠি, নানা রকম ঘাস, সফট উড সেখানে পাওয়া যায়। সেগুলি দ্বারা আমরা সেখানে কাগজ তৈরী করতে পারি। কাগজের মিল সেখানে হতে পারে। জুট মিল হতে পারে এবং তাতে করে উত্তরবাংলার লোকের সমস্যা সমাধান আমরা কিছুটা করতে পারি। আমি সরকারকে বলি যে উত্তর বাংলার সমস্যার সমাধানের জন্য এগিয়ে আসুন। উত্তরবাংলার ক্রমবর্ধমান সমস্যার জন্য সেখানে অসন্তোষ দেখা দিয়েছে আর এই ক্রমবধমান অসন্তোষ প্রকাশ পেয়েছিল নকশালবাড়ীতে, যেটা পরে সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছিল। এই নকশালবাড়ী উত্তরবাংলায়ই অবস্থিত। তাই আপনার মাধ্যমে আমাদের নেতা এবং মন্ত্রিসভাকে বিশেষ করে স্মরণ করিয়ে দিতে চাই যে তাঁরা যেন উত্তর-বাংলার সমস্যাকে ছোট করে না দেখেন এবং এর সমাধানের জন্য তাঁরা যেন সর্বতোভাবে এগিয়ে আসেন। জয় হিন্দ।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। স্বাগত সত্যিই জানাচ্ছি কারণ বাংলাদেশের মানুষ আমাদের আশীর্বাদ করে এখানে পাঠিয়েছেন, আমরা সরকার তৈরী করেছি এবং সেই সরকার অনেক কিছু কাজ করবার পরিকল্পনা গ্রহণ করেছেন। তবে এই স্বাগত জানাবার মধ্য দিয়ে আমি একথাটা ভুলতে পারছি না যে, গ্রামের কৃষক এখনও অভুক্ত অবস্থায় রয়েছে, কুপার্স ক্যাম্প এবং অন্যান্য জায়গার উদ্বাস্তুরা আজ ১৫ বছর ধরে পুনর্বাসনের আশায় নরককুণ্ডের ভেতর পড়ে রয়েছে। আমি ভুলতে পারছি না সেই সব বেকার যুবকদের কথা যারা এখনও চাকুরী পায় নি। আমি ভুলতে পারছি না এইসব দুঃখ-দুর্দশা এবং দুর্গতির কথা, দৈন্যের কথা এবং বন্যার পর আমলাদের মাধ্যমে কৃষকের দুর্গতির কথা। আমরা দেখেছি বন্যার পর আমলাদের মাধ্যমে কৃষকের দুর্গতি বেড়েছে, কমেনি। বন্যার পর একজন কৃষককে যদি ১০।১৫ টাকা ঘর নির্মাণের জন্য সাহায্য দেওয়া হয় তাহলে সেটা উপহাস ছাড়া আর কিছু নয়। কাজেই আমি তাদের কথা কিছুতেই ভুলতে পারছি না। আগেকার দিনে যে কংগ্রেস নেতৃত্ব ছিল তাদের এই শ্রমিক, কৃষক এবং বেকার যুবকরা বুঝিয়ে দিয়েছিল যে তাঁরা যেভাবে চলছেন সেইভাবে চললে বে না। তারপর যুক্তফ্রন্টের মধ্য দিয়ে যে প্রত্যাশা ছিল তাতেও দেখছি সব কিছুর অপমৃত্যু টেছে। যুবক এবং কৃষক এদের মাধ্যমে কিছুই হয় নি। আজকে এমনও ঘটে গ্রামের কৃষক-ধূ তার ছেলেমেয়েদের মুখে অন্ন দিতে না পেরে রেলে গলা দিয়ে মরে, বেকার যুবক গলায় ড়ি দিয়ে মরেছে। আজকে এমনও ঘটে কৃষক তার ছেলেমেয়েদের ভরণ-পোষণ করতে না পেরে নিরুদ্দেশ হয়েছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে আজকে আমাদের প্রধানমন্ত্রী 'গরিবী হঠাও' এই য শ্লোগান দিয়েছেন এটা শ্লোগান হিসেবে থাকলেই চলবে না। আমার মন্ত্রীমণ্ডলীর কাছে বিনীত অনুরোধ হচ্ছে আপনারা যে কর্মসূচী রেখেছেন তাতে আপনারা একটা সময়সীমা বেঁধে দিন যে ৬ মাসের মধ্যে আমরা এই কাজ করব, ১ বছরের মধ্যে আমরা এত যুবককে কাজ দেব। টা করলে আমার মনে হয় বাংলাদেশের মানুষ যারা আমাদের আশীর্বাদ করে এখানে পাঠিয়েছে, জার হাজার যুবক যারা পরিশ্রম করে আমাদের এখানে পাঠিয়েছে, তাদের সাহায্যে আমরা ধাপে পে এগিয়ে যেতে পারব। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবাংলায় বহু দ্বাস্তু এসেছে এবং এই উদ্বাস্তুদের জন্য অনেক কিছু করা হয়েছে। পি. সি. সেন এবং ডাঃ রায়ের মেয় অনেক কিছু পরিকল্পনা গৃহীত হয়েছে একথা শুনেছি। কিন্তু আজও পর্যন্ত আমাদের

নদীয়ায় যেখানে বেশীরভাগ উদ্বাস্তু বাস করে তাদের যা অবস্থা তা দেখলে অবাক হয়ে যাই।

বেশীর ভাগ মানুষ ভিক্ষা বৃত্তির উপর নির্ভরশীল। যাবেন তাহেরপুর, কুপার্স ক্যাম্পে, যাবেন গয়েসপুরে, যাবেন কুপার্স ক্যাম্পের আরবান কলোনীগুলোতে সেখানে দেখবেন যে কাজ নেই, চাকরী নেই। তারা কাজের ধান্ধায় ঘুরে মরছে এবং মেয়ে, বুড়োরা ভিক্ষাবৃত্তি করে বেড়াচ্ছে. এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। কিন্তু এই যে রাজ্যপালের ভাষণ—আমাদের একজন তরুণ বন্ধু বলেছেন যে উদ্বাস্তুদের সম্বন্ধে এক লাইন দু লাইন দায়সারা কিছু বলা হয়েছে সত্য, কিন্তু উদ্বাস্তুদের সম্পর্কে আজকে অনেক কিছু ভাবতে হবে। যদি কেউ ভাবেন যে এটা বকেয়া সমস্যা এবং উদ্বাস্তুর পুনর্বাসন ব্যবস্থা হয়ে গেছে আমি তার সঙ্গে একমত নই। কারণ, উদ্বাস্তু পুনর্বাসন আজকে বকেয়া সমস্যা নয়। কিছু টাকা দিয়ে দু' একখানা ঘর দিয়ে পুনর্বসতি করা হয়েছে ঠিকই, কিন্তু অর্থ নৈতিক পুনর্বাসনের ব্যবস্থা আজও করা হয় নি। এবং যদি তা না হয় তাহলে যাদের পুনর্বাসন দেওয়া হচ্ছে তারা কাজের ধান্ধায় বা অন্যান্য কাজের ধান্ধায় ঘুরতে বাধ্য হবে এবং তারা ভিখারীতে পরিণত হবে যদি তাদের অর্থ নৈতিক পুনর্বাসন না হয়। আমি আর একটি বিষয়ের উল্লেখ করবো আমাদের শ্রদ্ধেয় এন. সি. চ্যাটার্জি মারা গিয়েছেন, তাঁর নেতৃত্বে যে রিভিয়ু কমিটি হয়েছিল সেই রিভিয়ু কমিটি আমাদের দেশে ঘুরে ঘুরে সমস্ত কলোনীগুলো দেখে এসেছেন, সমস্ত ক্যাম্প ঘুরে দেখেছেন এবং তাঁরা বিজ্ঞের মত রেকমেণ্ডেসন দিয়েছেন এবং সেই রেকমেণ্ডেসন যাতে কার্যকরী হয় সেজন্য সরকার যেন সচেষ্ট হন। আমরা যুক্তফ্রন্ট সরকারের মধ্যে ছিলাম এবং তখন এই কথা আমরা বারে বারে বলেছি এবং তখনকার মন্ত্রী তরুণ সেনগুপ্ত মহাশয় কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলনের কথা বলেছিলেন কিন্তু কাজ কিছুই হয় নি। আজকে আমাদের মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীমণ্ডলীকে বলব যে আমরা আজকে আন্দোলনের কথা বলছি না, আমরা বলছি সহানুভূতি এবং আন্তরিকতার সঙ্গে উদ্বাস্তুদের সম্বন্ধে একটু অনুধাবন করুন। আমাদের অনুরোধ রিভিয়ু কমিটি যে সুপারিশ করেছেন সেগুলি কার্যকরী করুন। এই প্রসঙ্গে আমার কেন্দ্রের মধ্যে কুপার্স ক্যাম্প সম্বন্ধে বলছি—মুখ্যমন্ত্রী মহাশয়কে আহ্বান জানাব তিনি গিয়ে দেখে আসবেন এবং সাংবাদিক বন্ধুরা যারা এখানে আছেন তাঁরা গিয়ে দেখে আসবেন যে সেখানে কি রকম নরককুণ্ডে পরিণত হয়েছে। সেখানে মানুষের বাস করার মত অবস্থা নেই, রাস্তা, পায়খানা নেই এবং হাসপাতাল যা আছে সেটা একটা প্রহসন ছাড়া আর কিছুই নয়। ঘরে ঘরে টি. বি. রোগীরা পড়ে রয়েছে, প্রায় এক হাজার ফ্যামিলি যাদের ডোল বন্ধ করে দেওয়া হয়েছে ১৯৫৫ সাল থেকে আজকে তারা ভিখারীতে পরিণত হয়েছে। এই ডোল বন্ধ পরিবারের বেশীরভাগ মানুষ আজকে টি. বি. রোগে ভুগছে। এই ক্যাম্পের যে ঘরগুলি রয়েছে যদি রাতে শুয়ে থাকেন তাহলে আকাশের চাঁদ দেখা যাবে। যে কোন দিন আসবেন রাতে শুয়ে আকাশের চাঁদ দেখবেন। সেই উদ্বাস্তুদের ঘরগুলোর মধ্যে এবং যে সমস্ত গুদামগুলো ছিল, সেইগুলো অনেক পুরানো আমলের, সেই গুদামের টিনগুলো এমন পুরানো হয়ে গেছে যে সেইগুলো আর বসবাসের উপযুক্ত কিছুই নেই, হাসপাতালেরও সেই অবস্থা। এই উদ্বাস্তুরা যে মানুষ এবং তাদের যে মানুষের মত বাঁচার অধিকার আছে এটা যেন কেউ স্বীকার করতে চায় না। তাই আমি মন্ত্রীমণ্ডলীর কাছে দাবী করতে চাই যে, এই কুপার্স ক্যাম্প সম্পর্কে আমাদের রিভিয়ু কমিটি যা সুপারিশ করেছে, সেই সুপারিশ আপনারা গ্রহণ করুন এবং সেই কুপার্স-ক্যাম্পকে আপনারা একটা শিল্প উপনগরীতে পরিণত করবার চেষ্টা করুন। স্বর্গত ডাঃ বিধান চন্দ্র রায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা নেতাদের কাছে লিখিতভাবে, বুকলেট আকারে সেই অনুসারে এই কুপার্স ক্যাম্পকে পুর্ব প্রতিশ্রুতি অনুসারে তা পালন করার

চেষ্টা করুন। এটা যদি করেন তাহলে এই এলাকার ১০ হাজার উদ্বাস্তুর পুনর্বাসন হয় এবং তাছাড়া আরও বহু ফ্যামিলি—প্রায় ৮০০ ফ্যামিলির পুনর্বাসন ইতিমধ্যেই হয়েছে, সেখানে আরও পুনর্বাসন হতে পারে, কারণ পাশে আরো জায়গা আছে। সেইগুলি ইতিমধ্যে রিভিয়ু কমিটি বলেছে যে, The Committee are constrained to put on record that the situation found in the cooper's-campsite is most distressing and demands immediate attention of the Government. এটা রিভিয়ুকমিটির রিপোর্ট এবং তাঁরা আরও বলেছেন—The Committee recommended that the township of about ten thousand people to begin with should be properly developed with provision for water supply, drainage, atrines, educational facilities, market, shopping centres, playground etc.

এইভাবে এই সমস্ত টাউনশিপ্ করবার জন্য পরিকল্পনা দিয়েছেন। আর. আই. সি. কারখানা লবার জন্যও তাঁরা বলেছেন, যে একশো একর জমি রয়েছে সেখানে সিরামিক ফ্যাক্টরীর দাম ইত্যাদি করার পরিকল্পনা করা হয়েছে বটে, কিন্তু সেখানে কিছুই করা হচ্ছে না। সখানে একটা পেপার মিল Started হবে বলে ঠিক হয়েছিল, তারা দু-তিন লক্ষ টাকা মেরে নয়ে চলে গেছে। সেখানে উদ্বাস্তুদের কোন চাকরীর ব্যবস্থা হল না। রিমাউন্ট পেপার মিল কা নিয়েছেন সেখানে কারখানা খোলবার জন্য। তা না খুলে টাকা মেরে চলে গেছে। খানে নদীয়া পেপার মিল লিমিটেড কোম্পানী বলে একটা কোম্পানী তাকে কিনে নিয়ে তুনভাবে কারখানা খুলবার জন্য বলছে। রিভিয়ু কমিটি সুপারিশ করেছেন এগুলো করা রকার। এই রিভিয়ু কমিটির সুপারিশমত আপনারা যদি এগুলো করেন তাহলে ভাল হয়। াহলে ঐ এলাকার উদ্বাস্তু পরিবারগুলো আপনাদের দু' হাত তুলে আশীর্বাদ করবে। আপনি ানেন স্যার, এর আগে যে সব যুবক বামপন্থী রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন, তারা এবার জার হাজার উদ্বাস্তু যুবক আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সঙ্গে কাজ করেছে তাদের স্যার কথাও আজ আমাদের ভারতে হবে; তাই আমি Suggestion দেব ঐ রিভিয়ু কমিটির পোর্ট আপনারা কার্য্যকরী করুন। আপনাদের আরো একটা কাজ করতে হবে—জবরদখল লোনীগুলিকে অবিলম্বে স্বীকৃতি দিতে হবে। আর একটা দাবী করছি যেসমস্ত উদ্বাস্তু রিবারকে জমি দেওয়া হয়েছে কিন্তু আজও তাদের দলিল দেওয়া হয় নাই এই উদ্বাস্তুদের ন যদি আপনাদের আসন সুপ্রতিষ্ঠিত করতে হয়, তাহলে যে জমি তাদের দেওয়া হয়েছে সেই মির স্বত্ব, জমির পাট্টা তাদের দিয়ে দেওয়া হোক। তাহলে পরে হাজার হাজার উদ্বাস্তুর মনে জে একটা দাগ কেটে যাবে। কীর্তিনগর জবরদখল কলোনীকে স্বীকৃতি দেওয়া হোক, এবং পার্সক্যাম্পের হাজার খানেক ডোল বন্ধ পরিবারকে আর শাস্তি দেবেন না, তাদের জন্য াল চালু করুন। আর কুপার্সক্যাম্পকে শিল্পনগরী হিসেবে গড়ে তুলুন। তাহেরপুর, য়শপুর ইত্যাদি কলোনীগুলির পাশে শিল্পস্থাপনের ব্যবস্থা করুন। কল্যানীকে আরো pansion করুন যাতে সেখানে আরো উদ্বাস্তু বেকারের চাকরীর ব্যবস্থা করা যায়—টা দেখুন।

এছাড়া আর একটা কথা বলবো সারা বাংলাদেশের যে সমস্ত বেকার যুবক আমাদের পেছনে স জড়ো হয়েছিল, তাদের কথাও এই সঙ্গে ভাবতে হবে। আজকে বাংলাদেশে বেকার সমস্যা টা ভয়াবহ আকার ধারণ করেছে। আমাদের বাংলাদেশে বেকারের সংখ্যা প্রায় ২০ লক্ষ হাজার। এর মধ্যে গ্রামের বেকারও রয়েছে। আরো কত নাম লেখাতে পারে নি তারা কাজ বার সুযোগ পায় না। এই যে বেকার বাহিনী বাংলাদেশে রয়েছে যারা অনেকে সি. পি. এমের ক পঙ্গপালের মত ছুটে ছিল। নকশালবাড়ীর আন্দোলন করে তারা ভেবেছিল তাড়াতাড়ি জ হবে—তাও যখন হলো না—তখন তারা এখন আমাদের পেছনে মনে প্রাণে এসে দাঁড়িয়েছে।

আমি মন্ত্রীমণ্ডলীকে বলবো বাংলাদেশের এই বেকার বাহিনী যারা আমাদের নির্বাচনের সময় আমাদের জন্য খেটেছে, চেষ্টা করেছে, আজ তাদের উন্নতির জন্য সময় সীমা বেঁধে দিতে হবে। যাতে বেকারদের কর্মসংস্থান হতে পারে, তারজন্য আমরা পরিকল্পনা করতে পারি। আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন আগামী এক বছরের মধ্যে দশ হাজার গ্রাম বৈদ্যুতিকরণ করবেন। তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। এই সময় সীমা নির্দিষ্ট থাকা দরকার। এই যে দশহাজার গ্রাম বৈদ্যুতিকরণ করবেন—

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** ১৯৭৩ সালের ডিসেম্বরের মধ্যে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মুখ্যমন্ত্রী বলছেন ১৯৭৩ সালের ডিসেম্বরের মধ্যে এই দশ হাজার গ্রামে বৈদ্যুতিকরণের কাজ শেষ হবে। তিনি এই যে সময় সীমা বেঁধে দিয়ে ঘোষণা করেছেন এ জন্য তাঁকে অভিনন্দন জানাই। এই দশ হাজার গ্রামে কম পক্ষে দশটা করে স্যালো টিউবওয়েলে যাতে বিদ্যুৎ যায় তার ব্যবস্থা করুন। কৃষকরা সহজে তাদের জমি জলসেচ করে অধিক ফসল ফলাতে সমর্থ হবেন। এই স্যালো টিউবওয়েলে বিদ্যুৎ সরবরাহ হলে গ্রাম বাংলার কৃষকরা বেঁচে যাবে। এই প্রসঙ্গে একটা কথা উল্লেখ করছি। আমার এলাকায় বর্ণগুড়িয়া গ্রামে পান্নালাল দাসগুপ্তের নেতৃত্বে সেখানে টেগর সোসাইটি ও ইউ. বি. আই.-এর সহায়তায় একটা স্যালো টিউবওয়েল বসান হয়েছে। আজ সেখানকার চাষীরা জলসেচ করে জমিতে সুন্দর গম ফলাচ্ছে, ফসল তৈরী করছে।

[ 5-35 – 5-45 p.m. ]

সেখানে যদি আমরা স্যালোটিউবওয়েল দিতে পারি, কারেন্ট সাপ্লাই করতে পারি তাহলে আমার ধারণা কৃষকরা ৩।৪টি করে ফসল ফলাতে পারে, তারা অনেক রোজগার করতে পারে। আমরা এখানে বলছি ১০ হাজার গ্রামে বিদ্যুত পৌছে দিব। ১০ হাজার গ্রামে যদি ২।৫ জন করে কর্মচারী নিয়োগ করা হয় তাহলে প্রায় ২০ হাজারের উপর লোক নিযুক্ত করা হবে। তার পর আমি বলছি যে আমাদের অনেক প্রাথমিক বিদ্যালয় চলছে অথচ তারা অনুমোদন পায় না বা অনুমোদন দেওয়া হয় না। ১৫শ জায়গায় আরোও ১৫শ বিদ্যালয় দেবার কথা আমি দাবি করছি এবং সেই ১৫শতে ৪ জন করে লোক নিয়োগ করলে এই ১৫শ বিদ্যালয়ে প্রায় ৬ হাজার শিক্ষক নিযুক্ত হতে পারবে এবং জুনিয়র হাইস্কুল চলছে প্রায় হাজার খানেক এবং সেখানে ৫জন করে যদি গড়ে শিক্ষক নিযুক্ত হন তাহলে সেখানেও সেই জুনিয়র হাইস্কুলের মধ্যেও অনেক বেকারের চাকুরী হবে। হলদিয়া প্রকল্পের কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ইতিপূর্বে অনেকবার ঘোষণা করেছেন যে সেখানকার কাজ ত্বরান্বিত করলে, সথানে প্রায় ১ লক্ষ থেকে ২ লক্ষ বেকারের চাকুরীর সংস্থান হবে। বোদরা তৈল শোধনাগারের কাজ, দ্বিতীয় হাওড়া ব্রীজ, পাতাল রেল, সি. এম. ডি. এ দুর্গাপুর, কল্যাণী, শিলিগুড়ী প্রভৃতি এলাকায় সম্প্রসারণ শিল্পায়ন যদি আমরা করি তাহলে এখানেও হাজার হাজার বেকার যুবক কাজ পেতে পারে। তাই আমি আমাদের মন্ত্রীমণ্ডলীর কাছে বলছি এই বেকার ভাইদের এই সৃষ্টিশীল যুবকদের যদি কাজে লাগাতে না পারি তাহলে আমাদের সব স্বপ্ন ব্যর্থ হয়ে যাবে। এর আগে আমি যুক্তফ্রন্টের এম. এল. এ ছিলাম তখন আমি যুক্তফ্রন্টের মাধ্যমে অনেক স্বপ্ন দেখেছি যে অনেক কিছু করবো। কিন্তু হতাশ হয়ে ছিলাম, হতাশাই আমার একমাত্র সম্বল হয়েছিল। এই মন্ত্রীমণ্ডলীকে বলবো যে আবার আমাদের ৫।৬ বছর পরে এই কথাই বলতে না হয় যে আমরা হতাশ হয়েছি, হতাশাই আমাদের একমাত্র সম্বল হয়েছে। আমাদের একমাত্র সমস্যা হচ্ছে বেকার সমস্যা, এই সমস্যার সমাধানের জন্য সুনির্দিষ্ট সময় সীমা বেঁধে দিতে হবে। আমি যুব সংগঠনের প্রতিনিধি, আমাদের যুব সংগঠন আছে, এবং ছাত্র ফেডারেশন আছে এবং ঐদিকের

ংগ্রেসেরও যুব কংগ্রেস এবং ছাত্র পরিষদ আছে। এই যুব সংগঠনের পক্ষ থেকে আমি বলতে ারি আমরা বেকার ভাইদের কাজ দেবার জন্য এবং জনগণকে যাতে কাজ দেওয়া হয় তার ন্য আমরা আন্দোলন গড়ে তুলবো। আমরা এখনও সমর্থন করছি এই আশা নিয়ে যে এক বছর দু'বছরের মধ্যে কাজ দেওয়া হবে। এরপর আমি বলবো এবং আগেও বলেছি আমাদের গ্রামের কৃষকরা ১৫।২০ টাকা করে ফ্লাড গ্রাণ্ট পেয়েছে অথচ কিছু কিছু ভাগ্যবান ব্যক্তি ৪০০।৫০০ টাকা করে ঋণ পেয়েছে বি. ডি. ও অফিস থেকে, সেখানে তারা ৫ টাকা ঘুষ দিলেই নাকি যদি বাড়ী পড়ে গিয়ে না থাক বা কোন ক্ষতি না হয়ে থাকে তাহলেও ঋণ পেয়ে যাবে। সত্যিকারের কৃষক, সত্যিকারের দুঃস্থ যেসব কৃষকরা, যাদের গরু মরে গিয়েছে, যার হাল চালাবার মত অবস্থা নয়, যার ঘর পড়ে গিয়েছে সেখানে তারা ফ্লাড গ্রাণ্ট বা ঋণ পায় না এই অবস্থা হচ্ছে আজকের। এই বর্তমান অর্থনৈতিক অবস্থায় কৃষকদের মেরুদণ্ড ভেঙ্গে গিয়েছে। যার ১০ বছর আগে ১০ বিঘা জমি ছিল সে সেই ১০ বিঘা জমি বন্ধক দিয়ে বিক্রি করে ক্ষেত মজুরী করেছে। গ্রামের শতকরা ৬০ ভাগ কৃষক ক্ষেত মজুরে রূপায়িত হয়েছে। তাদের যদি চাঙ্গা করে তুলতে হয় তাহলে এই যে বাজার সৃষ্টি হয়েছে এবং এই ধনপতিরা যে অবস্থার সৃষ্টি করেছে সেটা রোধ করতে হবে। তারা সাঁকের করাত হয়ে বসে আছে যেতে আসতে কাটে। গরীব চাষী যখন বাজারে তার শস্য নিয়ে যাচ্ছে সেখানে সে ঠিকমত দাম পায় না। ১৬ আনার জিনিসকে ১০ আনায় কিনে নিচ্ছে। আবার তারা যখন তাদের পণ্য কিনতে যাচ্ছে, কাপড়, তেল, নুন ইত্যাদি তখন সেই সব জিনিস ১৬ আনার জায়গায় ১৮ আনা, ২২ আনায় কিনতে হয়। অর্থাৎ তারা কেনার সময় ঠকে আবার বেচার সময় ঠকে। তারা গরীব হয়ে হয়ে এমন জায়গায় এসেছে যে তার চেয়ে আর গরীব হওয়া যায় না, এই বার তাদের মরতে হবে তা না হলে অন্য পথ অবলম্বন করতে হবে। আজকে আমাদের দেশে কৃষি অর্থনীতি একেবারে ভেঙ্গে চুরমার হয়ে গেছে। আদিবাসীদের দিকে তাকিয়ে দেখুন—তারা আজকে ঘরের মধ্যে কুঁকড়ে পড়ে আছে। বনের বুনো আলু, কচু, ঘেঁচু ইত্যাদি খেয়ে বেঁচে আছে, তাদের কোন কাজ নাই—তারা কাজ করতে পারছে না। এই অবস্থায় কি বিশেষ ব্যবস্থা গ্রহণ করবেন কি উন্নয়নের ব্যবস্থা করবেন ভাবুন। এখানে আমাদের সহযোগিতা চান আমরা নিশ্চয়ই সহযোগিতা করবো। এবং শেষ করার আগে আমি আর কয়েকটি কথা বলবো। জমির শেষ সীমা বেঁধে দিয়ে গরীব কৃষকদের মধ্যে জমি বণ্টন করে দিলেই হবে। বেআইনী আটক জমি উদ্ধার করার ব্যাপারে ঐ সমস্ত বড় বড় লোক যে সমস্ত হাইকোর্টে কেস করেছে-তাদের সেই রুজু করা মামলা যাতে তাড়াতাড়ি সমাধা হয় তার ব্যবস্থা করতে হবে। অনেক দীর্ঘ মেয়াদী ঋণ বর্গাদার ও গরীব কৃষককে দিতে হবে। যেখানে লক্ষ লক্ষ টাকা ঋণ মালিকদের আমরা দিতে পারি সেখানে কৃষককে কেন দিতে পারবো না। এটা আমাদের দিতে হবে। ক্ষেত মজুরদের জন্য প্রত্যেক বি. ডি. ওতে একটা প্যানেল করতে হবে। এবং সেখানে সর্বনিম্ন মজুরী বেঁধে দিতে হবে। কারণ তারা বছরে ছয় মাস কাজ একেবারে পায় না। তাদের সেই কাজের ব্যবস্থা করতে হবে। আজকে ক্ষেত মজুররা যদি কাজ না পায় তাহলে তারা মরে যাবে। তিন একর পর্যন্ত কৃষকের জমির খাজনা ছাড় দিতে হবে। ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ করে আরও গ্রামে বৈদ্যুতিকরণের কথা ভাবতে হবে। অর্থাৎ সামগ্রিকভাবে কৃষকদের কিভাবে কি করা যায় সে কথা স্থির ভাবে চিন্তা করতে হবে। আজকে ব্যাঙ্কের মাধ্যমে যে ঋণ দেবার ব্যবস্থা সেখানে কৃষকরা ব্যাঙ্ক থেকে ঠিকমত পাচ্ছে না। সেখানে ঘুষ ইত্যাদি লোক চায়, নানা রকম অসৎ উপায় সেখানে দেখতে পাওয়া যায়। অন্য দিকে যারা একটু সংগতিপন্ন, একটু কথাবার্তা বলতে পারে তারা সব টাকা আত্মসাত করছে। প্রকৃত সাধারণ কৃষকের কাছে কি ফ্লাড রিলিফের ঋণ, কি কৃষি ঋণ বাবদ যে টাকা সে টাকা তারা

পাচ্ছে না। "গরীবি হটাও" নীতি যদি আন্তরিকভাবে সার্থক করতে হয় তাহলে যে কৃষকের কেউ নেই, যে উদ্বাস্তুর কেউ নেই তাদের সমস্যা সমাধান করুন এই কথা আমি আপনার মাধ্যমে বলে রাজ্যপালের ভাষণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীললিত গায়েন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি স্বাগত জানাচ্ছি। আমি এই বিধানসভায় সম্পূর্ণ নবাগত একেবারে অর্বাচীন। আমি দেশকে ভালবাসি আর ততোধিক ভালবাসি দেশের মানুষকে। তাই আজকে তাঁদের আশীর্বাদ নিয়ে আমি এই বিধানসভায় নির্বাচিত হয়েছি।

[ 5-45—5-55 p.m. ]

আমাদের আশা ছিল যে, আমরা বিধানসভায় এসে দেখব বিরোধী পক্ষ তারা একসঙ্গে আমাদের সঙ্গে সমানতালে পাল্লা দিয়ে চলেছেন। অত্যন্ত দুঃখের কথা যে আজ তাঁরা জনসাধারণের রায়কে হেয় করে বিধানসভা বয়কট করেছেন। আমি মনে করি আমাদের যে সরকার, জনতার সরকার এই সরকারের; কাছে অনুরোধ করব যে এই সমস্ত বিশ্বাসঘাতকতা যাঁরা করেছেন, যাঁরা জনতার সাথে বিশ্বাসঘাতকতা করেছেন তাঁদের বিচার হওয়া প্রয়োজন আছে। সেদিন আমি শুনেছিলাম আমাদেরই এক বন্ধু, এই বিধানসভার সদস্য হিসাবে তিনি বলেছিলেন যে, "আমরা প্রস্তুত আছি, যদি তারা বিধানসভার আরো কিছু সিট দাবী করে তাহলে আমরা তা ছেড়ে দিয়ে তাদের সুযোগ করে দেব," আমি তার সঙ্গে একমত নই। আমি মনে করি বিধানসভায় আমরা যখন নির্বাচিত হয়েছি এবং জনতার রায়েই নির্বাচিত হয়েছি তখন সেই জনতার রায় মাথা পেতে নিয়ে আমরা এসেছি। যেসমস্ত C. P. M. বন্ধুরা নির্বাচিত হবার পরেও আজকে বিধানসভা বয়কট করেছেন, আমি মনে করি, আমার মতে যেসব যুবক আছেন তাদের উচিৎ হবে ঐ সমস্ত C. P. M. বন্ধুদের বাড়ী থেকে ধরে নিয়ে জোর করে বিরোধীপক্ষে বসিয়ে দেই। যাই হোক আজকে কয়েকটি সমস্যার কথা আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। উগ্রপন্থীদের আবির্ভাবের অনেক কথা আমরা শুনেছি, নকশালদের কথাও শুনেছি। আমি আমাদের সরকারের কাছে অনুরোধ করব ১৯৬৭ সালে হঠাৎ এই যে উগ্রপন্থীদের আগমন এবং ১৯৭১ সালে হঠাৎ আবার গা ঢাকার কারণ আমাদের সরকারের বের করার প্রয়োজন আছে, সেজন্য আমি অনুরোধ করছি যে একটা তদন্ত কমিটি গঠন করুন। আমরা দেখতে পাই যে রাজ্যপালের ভাষণে যে সমস্ত প্রস্তাব রয়েছে সেই প্রস্তাবের মধ্যে পুলিশি যন্ত্রকে একটু দেখান হয়েছে। আমি মনে করি পুলিশের বিরুদ্ধে আমাদের যে অভিযোগ এই অভিযোগ অনেকদিন থেকেই শুনছি এবং এই অভিযোগ আমাদের চিরদিনই থাকবে। পুলিশের মধ্যে একটা বিরাট পরিবর্তন লক্ষ্য করেছি, সেই ঘটনা মাননীয় মুখ্যমন্ত্রীকে না জানিয়ে পারছি না এবং তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন আগে ২৪-পরগণা থানার ভারপ্রাপ্ত অফিসার মহাশয় যখন কোন একটা Bus accident case-এ একটা বাসকে আটক করলেন ঠিক সেইসময় তাঁদের কর্মচারীরা বাসের জামীন দেবার জন্য গিয়েছিলেন, অত্যন্ত দুঃখের বিষয় সেখানে সেই সমস্ত কর্মচারীর কাছে দাবী করা হয়েছিল যে এক হাজার টাকা দিলে জামীন দিতে পারি। অত্যন্ত আনন্দের কথা যে পুলিশি যন্ত্রের একটু পরিবর্তন হয়েছে এইজন্য বলব, আমি যখন বিধানসভার সদস্য হিসাবে আমার প্যাডে একটা চিঠি লিখে দিয়েছিলাম তখন তিনি একটু consider করে সেখানে ৬ শত টাকা রেট করলেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, এই সমস্ত ব্যাপার—এই রকমভাবে পুলিশি যন্ত্রকে হেয় করার চেষ্টা সেটা আমাদের তরফ থেকে না হোক, অন্য তরফ থেকে করা হয়েছে, এটা আর একটা কারণ।

আমাদের যে সমস্ত চাষযোগ্য জমি আছে সেই সব চাষযোগ্য জমিকে এক ফসলা থেকে দুই ফসলা করার প্রয়োজন আছে, সেই সব জমিকে যাতে উর্ব্বর করা যায় এবং উর্ব্বর করার জন্য কয়েকটি প্রস্তাব আপনার কাছে রাখছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সোনারপুর ও ভাঙ্গরথানার মধ্যে তপসিয়া অঞ্চল থেকে আরম্ভ করে কুলটির মধ্যে একটা ময়লা খাল আছে। সেই ময়লা খালে আমরা দেখতে পাই যে তার আসে-পাশে যে সমস্ত জমি আছে বা ভেড়ী আছে সেই সমস্ত ভেড়ীতে এই খালের জল ছিটিয়ে দেবার পরে প্রচুর মাছ উৎপন্ন হয়েছে এবং এক ফসলি জমিকে দুই ফসলি করার বেশ কিছু সুবিধা আছে। আমি মনে করি সোনারপুর অঞ্চলে এই সব ময়লা জল যদি ছিটিয়ে দেওয়া হয়, তাহলে চাষ আরো ভাল হবে এবং সেই জন্য আমি, আমাদের সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

বারুইপুর থানায় যে সমস্ত সমস্যা রয়েছে, সেই সমস্ত সমস্যার কথা বলতে গেলে আজকে অনেক সময় লাগবে। তাই আমি কয়েকটি সমস্যার কথা আপনার মাধ্যমে আমাদের সরকারের কাছে রাখতে চাই। সাউথ গড়িয়া অঞ্চলে পলিটিক্যাল সাফারারসদের জন্য একটি আবাস নির্মাণ করা হয়েছে, সেখানে তাঁরা থাকেন। সেখানে যদি একটি হাসপাতাল করা যায়, তাহলে সেখানকার প্রায় ২০ হাজার লোক উপকৃত হবেন। আমি স্বাস্থ্যমন্ত্রিমহাশয়ের কাছে এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**Shri Satya Narayan Singha :**

**आदरणीय उपाध्यक्ष महोदय, राज्यपाल महोदयने सदन के सामने जो भाषण रखा है, मैं उसका स्वागत करता हूँ—अभिनन्टन करता हूं। मैं भाटपाड़ा श्रमिक इलाके से चुनकर आया हूँ, जहाँ के मजदुर वर्गकारुक बार तिरेगे भन्डे को देखकर सर झुक जाता है— वन्देमातरम का नारा सुनकर वे जान देने को तयार हो जाते है। मैं उस इलाके कर प्रतिनिधि होकर यहाँ आया हूं, जोमि खास करके श्रमिक इलाका है। इसलिए मैं मिल मालिकों के अत्याचार के विरुद्ध इस सदन में कुछ बातें कहना चाहता हुँ। खासकरके जब कोई मिल मालिक श्रमिकों के उपर अत्याचार करता हैं, तो मजदुर अपने हक-हकुक के लिए लड़ता है। और अपने हक-हकुक के लिए मालिक के सामने दावा रखता है। उस समय वह लेवर कमिश्नर के सामने जाता है। लेकिन मिल-मालिक जब अपने पक्ष की बात देखता है। तभी लेकर कमिश्नर के आफिस में जाना है। अगर मिल मालिक देखता है कि मजदुर की ज्यादा से ज्यादा दबाया जा सकता है, तो लेवर कमिश्नर के आफिस में हजारों चिट्ठी देने पर भी नहीं जाता है। आज तक ऐसा कोई कानून नहीं है, जिसके दारा मिल मालिक को वाध्य किया जा सके। इस तरह से लेवर—मजदुर बेकार हो जाता है—तबाह हो जाता है-भिखारी हो जाता है। और वह अपना कोई दावी वसूल नहीं कर पाता है। इसलिए उपाध्यक्ष महोदय। आपके द्वारा लेकर मिनिस्टर-श्रम मंन्त्री का ध्यान इस ओर आकर्षित करना चाहता हूँ कि ऐसा कोई कानून बनावें, जिससे मिल मालिक का वाध्य होकर एल० सी० के**

दफतर में जाना पड़े। आजर ऐसा कोई कानून नहीं बनाया गया तो मजदुरों का सर्वनाश हो जायगा।

एक वात की तरफ और ध्यान आकर्षित करना चाहता हूँ, वह यह है कि मजदूर अपनी गाढ़ी कमाई का पैसा देकर-चन्दा देकर ई० एस० आई० में जमा करता है ताकि अगर वह कभी विमार पड़े या उसका ऐक्सीडेण्ट हो जाय तो उसको इसके जरिए राहत मिले किन्तु वड़े दुख की वात है कि पैसा जमा करने के वावजुद भी दफतर मे चिट्ठी आती है कि तुम्हारा पैसा जमा नहीं है। लाचार होकर मजदूर थक कर बैठ जाता है। और इस तरह से मजदूरों का ई० एस० आई० का रुपया लाखों करोड़ों की संख्या में मिल मालिक हजम करजाते हैं। मिल मालिकों के द्वारा मजदूरों के साथ न्याय संगत व्यवहार हो और मिल मालिक मजदूरों के हक को दें, इसके लिए मैं गवर्नमेन्ट से अनुरोध करता हूं। जो मिल मालिक मजदुरों की गाढ़ी कमाई को हड़ जाते हैं, उनको अपराधी के कटघरे में लाकर खड़ा करना चाहिए ताकि उनको मालूम हो जाय कि यह गणतंन्त्र राज्य है—यह लुटेरों का राज्य नही है। अव यहाँ जुल्म नहीं चलेगा।

वड़े दुख की वात हैं कि जूट मिलों और दुसरे कारखानों में ए० वी० और सी० सिफ्ट चलता है लेकिन जव कोई मजदूर जख्मी हो जाता है या उसका ऐक्सीडेण्ट हो जाता है तो हमारे इलाके में कोई एम्बुलेन्स गाड़ी नहीं है, जिससे कि वह अस्पाताल लो जाया जाय। मालिकों की ओर से एम्बुलेन्स गाढ़ी का कोई भी प्रबंध नहीं है। मजदूर मशीन चलाकर, अपना पसीना वहा कर मालिक के लिए धन इकट्ठा करता है, किन्तु उसका ऐक्सीडेन्ट होने पर उसके लिए गाड़ी का इन्तजाम नहीं रहता है। इस तरह से जव कभी सीरीएस ऐक्सीडेण्ट हो जाता हैं, तव मजदूर तड़प २ कर आपना प्राणत्याग देता हैं। मालिकों की ओर से एक भी एम्बुलेन्स का प्रबंध नहीं रहता है, जहाँ मजदुर रात-दिन परिश्रम करके काम करता है। लेकिन वहीं पर मालिकों के कुत्तों तक के लिए टैक्सी या गाड़ी दी जाती है। उनकी आया को चढ़ने के लिए, घूमने के लिए वड़ी वड़ी कारें दी जाती हैं। यह हमारे देश के लिए एक वड़ी कलंक की वात है—यह देश के लिए सर्वनाश की वात है।

उपाध्यक्ष महोदय, मैं आज आपका ध्यान एकवात की ओर आकर्षित करना चाहता हूं, वह यह है कि मजदुर जिस लाइन के अन्दर रहता है—जिस कुटिर कोभीतर रहता है, उसे आज भी कुली लाइन के रूप में पुकारा जाता है। यह कुली लाइन वृटिश साम्राज्य वादकी देन है। उस जमाने में इसे कुली लाइन के नाम से पुकारा जाता था लेकिन वड़े दुख-की वात है कि आज जवकि हमारा देश एक स्वाधीन देश

है। तब भी हमारे देश के ही रहने वालों को मिल मालिक कुली शब्द से संबोधित, करते हैं। मैं इस ओर आपका ध्यान आकर्षित करता हुं और माननीय मंन्त्री महोदय से निवेदन करता हुँ कि यह जो अपराध मूलक शब्द है—लांछित शब्द है—कलंक भरा शब्द है उसे फौरन हटाने का बन्दोबस्त करें। उनके साथ भी मानवता का व्यवहार किया जाय उनके सामने एक आदर्श का नमूना रखवा जाया।

एक बात की ओर और भी ध्यान आकर्षित करना चाहता हूँ, वह है प्रविडेण्टफण्ड की बात। मजदूर अपनी गाढ़ी कमाई का पैसा प्रभिडेण्टफण्ड में जमा करता है और देश को खुशहाल बनाने के लिए खून—पशीना बहाता है। लेकिन मिल मालिक गवर्नमेण्ट की आँखों में धूल झोंक कर मजदुर को धोखा देकर उसका पैसा हड़प जाता हैं। मजदुर केवल तड़प कर रह जाता हैं। मै श्रम मंन्त्री से दरखास्त करूंगा कि वे इस ओर नजर दें।

देखा जाता है कि मिल मालिक फैक्टरियों में-कारखानों में जेसे हिन्दुस्थान लीभर फैक्टरी-बैठरी कारखाना में कण्ट्राटर-ठेकेदार नियुक्त कर रखा हैं। ये कण्ट्राटर-ठेकेदार मजदुरों को डेढ़रुपया—दो रुपया दई रुपया मजदुरी देकर ५श काम करवाते हैं और अपना लाभ उठाते हैं। इस तरह से मजदूरों का सर्वनाश करते हैं—मजदूरों का सत्यानाश करते हैं। अब भी यह प्रथा चालू है। मैं लेबर मिनिस्टर का ध्यान आकर्षित करता हुँ कि मजदूरों के साथ जो अन्याय आज हो रहा है, वह अब बन्द होना चाहिए। इसतरह की पोसिी अब स्वतंन्त्र भारत में नहीं चलनी चाहिए।

मैं जिस इलाके का प्रतिनिधि हुं, वहाँ पर एक भी कालेज नहीं है। आपके माध्यम से शिक्षा मंन्त्री से निवेदन करूंगा कि वहाँ पर एक कालेज जल्द से जल्द बनाया जाया उस इलाके में २१ मिलें हैं। वहाँ के मजदूर और उनके परिवावर्ग बमेशा कांग्रेस को समर्थन देते आये हैं। लेकिन बड़े दुरव की बात है कि आज तक वहाँ पर एक भी कालेज स्थापित नही हुआ। वहाँ के मजदुरों के बच्चों को पढ़ने के लिए काफी तकलीक उठानी पड़ती है। इसलिए शिक्षा मंन्त्री से निवेदन करूंगा कि वहाँ पर एक कालेज की स्थापता जल्द से जल्द करने की कृपा करें।

[ 5-55—6-05 p.m. ]

मुझे कहना तो बहुत कुछ था किन्तु समयाभाव के कारण नहीं कहया रहा हुँ फिर एक बात और कहना चाहता हूं। हमारी सरकार ने पश्चिम बंगाल के १० हजार ग्रामों में दिसम्बर १८७३ तक बिजली लगाने की परिकल्पना हाथ में ली है। लेकिन जहाँ पर बिजली लगी लगाई हुई है वहाँ पर दिन-रातमें तीन-तीन-चार-चार

बार बिजली बन्द हो जाती है। इससे जनता को तकलीफ होती है और उत्पादन का भी ह्रास होता हैं। इसलिए बिजली लगाने के अलावा जहाँ पर बिजली लगी लगाई हुई है, उसको सुचारुरुप से चलाने के लिए कोई ठोस इन्तजाम की लिए। ताकि देश का और जनता का भला हो। मैं विभागीय मंन्त्री महोदय से निवेदन करूंगा कि वे इस बदू इन्तजामी की ओर ध्यान दें।

यही कह कर, राज्यपाल महोदय के भाषण क उपर जो धन्यवाद प्रस्ताव इस सदन के सामने रखा गया हैं, मैं उसका समर्थन करता हूँ।

**শ্রীহরেন্দ্রলাল হালদারঃ** মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি আপনার মাধ্যমে আমাদের এই প্রিয় মন্ত্রিসভার কাছে কয়েকটি প্রস্তাব রাখতে চাই। স্যার, আপনি নিশ্চয় অবগত আছেন যে বিগত ভয়াবহ বন্যার পর—মাননীয় রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম ৭ হাজার ৯শো বর্গ মাইল জায়গা যা বানে ভেসে যাচ্ছে সেই ভাসা একটা অংশ থেকে আজকে আমি বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছি। কিন্তু স্যার, বাংলাদেশের নিরন্ন মানুষের দুর্ভাগ্য এই যে কেন্দ্রীয় তথা সরকারী বাজেটে যে ঋণ মঞ্জুর করা হয়েছিল বাংলাদেশের সাধারণ মানুষের জন্য, তাদের হাউস বিল্ডিং গ্রাণ্ট লোন, দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কিন্তু আজ পর্য্যন্ত কেন দেওয়া হচ্ছে না তা আমি বুঝতে পারছি না। তাই আপনার মাধ্যমে স্যার, আমি বলতে চাই যে আজকে দরিদ্র মানুষকে যদি বাঁচাতে হয়, সাধারণ মানুষকে যদি বাঁচাতে হয় বা গ্রামের মানুষকে যদি বাঁচাতে হয় তাহলে তাদের দিকে দৃষ্টি দিতে হবে। স্যার, রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম যে দপ্তরগুলির উন্নতি হয়েছে। কিন্তু আমি দপ্তরখানায় গিয়ে দেখেছি সেখানে উল্টোরথ পড়া হচ্ছে। তাহলে কি আমি বলব দপ্তরখানার উন্নতি হয়েছে, কাজের উন্নতি হয়েছে?

আজকে তাই আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে দিনের পর দিন যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে এর যদি আশু প্রতিকার না হয় তাহলে আমার মনে হচ্ছে বাংলাদেশের বুকে যে কালোবাজারী, মুনাফাখোরী, মজুতদারীর প্রাদুর্ভাব দেখা দিয়েছে যেটা বিগত কংগ্রেস শাসনে দেখা দিয়েছিল তারই পুনরাবৃত্তি হবে। যুক্তফ্রন্ট যখন একক সংখ্যা গরিষ্ঠ হয়ে উঠল তখন কলকাতার বাজারে, মফঃস্বল বাজারে বড় বড় জোতদাররা ভীত সন্ত্রস্ত হয়ে উঠেছিল। আজকে বলিষ্ঠ সংখ্যা গরিষ্ঠ সরকার এসেছে, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে জানাতে চাই যেসব কালোবাজারী; মুনাফাখোরী আছে তাদের গ্রেপ্তার করতে হবে। আমি এবারে অন্য সমস্যার দিকে যাব। স্যার, আপনি অবগত আছেন যে কাঁন্দি মহকুমা বন্যা বিধ্বস্ত অঞ্চল। কাঁন্দি মহকুমাকে বন্যার হাত থেকে বাঁচাবার জন্য মান সিং রিপোর্ট করা হয়েছিল, আজ পর্যন্ত সেই রিপোর্ট লাল ফিতার বাঁধনে আটকে আছে কি না জানি না। কাঁন্দি সাব-ডিভিসানের আশপাশে যেসব এলাকা আছে সেই এলাকাগুলিকে বন্যার হাত থেকে বাঁচাতে হলে মান সিং রিপোর্টকে আশু কার্যকরী করা প্রয়োজন। আমি খড়গ্রাম থানা এলাকা থেকে এসেছি, সেই ৮০ মাইল দীর্ঘ এলাকা বন্যা বিধ্বস্ত হয়েছিল। সেখানে যদি একমাত্র বালসা বাঁধ দেওয়া হত তাহলে কাঁন্দি মহকুমার ঐ ৮০ মাইল দীর্ঘ কৃষি এলাকা বন্যার হাত থেকে বাঁচত। আমাদের কাঁন্দি সাব-ডিভিসান বন্যা বিধ্বস্ত অঞ্চল অথচ সেখানে কর্ডনিং আছে। কিন্তু পাশের এলাকায় দেখেছি কর্ডনিং নেই। এর ফলে আমাদের দেশের সাধারণ মানুষ অসৎ হয়ে উঠেছে। পাশের এলাকায় যেখানে ১৩০ টাকা দরে চাল বিক্রি হয় সেখানে আমার এলাকায় আরো বেশি দরে চাল বিক্রি হয়। আমি সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করতে চাই যে কর্ডনিং

যদি করতে হয় তাহলে গোটা বাংলাদেশের বর্ডারে বর্ডারে কর্ডনিং করা হোক, আর না হয় জেলা ভিত্তিক করা হোক। স্যার, আপনি লক্ষ্য করে দেখবেন কৃষি বিষয়ে কৃষকদের যেসব গ্রুপ লোন দেওয়া হয়েছিল, বিগত বন্যার জন্য সেইসব লোন মুকুব করা হয়েছে। কিন্তু আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি, যুক্তফ্রন্টের আমল থেকে আমাদের পশ্চিমবাংলার মৎসজীবী ভাইদের জন্য যেসব লোন দেওয়া হয়েছিল সেইসব লোন মুকুব করা হয় নি। আমি সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই কৃষির উপর যেমন গুরুত্ব দেওয়া হয়েছে, কুটির শিল্পের উপর যেমন গুরুত্ব দেওয়া হয়েছে, তেমনি মৎস চাষের উপর যেন গুরুত্ব দেওয়া হয়।

পরিশেষে আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে অকুণ্ঠ সমর্থন জানিয়ে আপনাকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের উৎসাহব্যঞ্জক ভাষণকে আমি স্বাগত জানাচ্ছি এবং এই ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব গৃহীত হয়েছে তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে কাঁন্দি সর্বনাশা বন্যায় সর্বাধিক ক্ষতিগ্রস্ত। বন্যা বিধ্বস্ত বলে যে সমস্ত জেলার নাম ঘোষিত হয়েছিল মুর্শিদাবাদ জেলা তার অন্যতম এবং সেই জেলার ৫১নং ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের নির্বাচিত প্রতিনিধি। ঐ এলাকার শতকরা ৯৫টি থানা কাঁচা বাড়ী বন্যায় ধ্বংস হয়ে গেছে। যারা গৃহ নির্মাণ অনুদান পাওয়ায় যোগ্য তারা পায় নি। আজ পর্য্যন্ত ভগবানগোলার ১নং ব্লক এক পয়সাও পায়নি, ২নং ব্লক যেটা পেয়েছে, সেটা সমুদ্রে বারিবিন্দুবং। আমি নিজে দেখে এসেছি এখনও ঐ এলাকার লোক গাছের তলায় কিংবা অন্য বাড়ীতে কিংবা তাঁবুর তলায় থাকছে, আর আমরা তাদের প্রতিনিধি নির্বাচিত হয়ে শীততাপ নিয়ন্ত্রিত ঘরে বসে আলোচনা করছি।

[ 6-05—6-15 p.m. ]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই বন্যা বিধ্বস্ত অঞ্চল সম্বন্ধে। এখানে গরু-বাছুর সব নষ্ট হয়ে গেছে। যার ফলে সেখানে সি. পি. লোন তাতে কৃষকেরা যে টাকা পায় তাও অতি নগণ্য-সমুদ্রে জল বিন্দুর মত। কৃষি-লোন বা কৃষি ঋণ যা পেয়েছে তাও অতি নগণ্য। এইভাবে তারা ক্ষতিগ্রস্ত হয়েছে। বাগড়ি অঞ্চলে সেখানে এইসব ব্যবস্থা থাকা উচিত ছিল কিন্তু তা নেই। ভগবানগোলা অঞ্চলে যে ডিপ টিউবওয়েল বা রিভার পাম্পের ব্যবস্থা তা হয় নি। বৈদ্যুতিকরণের কাজ আজও হয় নি। কতকগুলি স্যালো টিউবওয়েল যা আছে তা আঙ্গুল দিয়ে গোণা যায়। এই অবস্থায় আজ সেখানে চৈতালি ফসল হচ্ছে না। ভগবানগোলা ও কান্তিনগর অঞ্চলে ঐ বিল সংস্কার করে খাল কাটিয়ে যদি জল নিকাশের ব্যবস্থা করা হয় তাহলে আরো ৫ হাজার বিঘা জমিতে আরো ফসল হবে। অপরদিকে এইভাবে মহাম্মদপুর, বানেশ্বর, চুলকাটি পর্য্যন্ত যদি সেচের ব্যবস্থা হয় তাহলে ১০ হাজার বিঘা জমিতে ফসল হবে। আজ সেই অঞ্চলের লোকেরা ক্ষতিগ্রস্ত ও দুর্দশায় জর্জরিত। ১৩৩৮ সালের খাজনা আদায়ের হিড়িকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, ঐ বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার খাজনা মুকুব করা হোক। আমি দেখতে পাচ্ছি যে আজকে চাষীর ছেলেরা শিক্ষার জন্য যে মাহিনা দিতে হয় তা তারা দিতে পাচ্ছে না। সরকারী ও বেসরকারী লোকেরা মাধ্যমিক শিক্ষা অবধি সুযোগ সুবিধা পাচ্ছে কিন্তু শ্রমিক ও চাষীর ছেলেরা তা পাচ্ছে না। এই বৈষম্যমূলক আচরণ, এটার আশা করেছিলাম উল্লেখ থাকবে কিন্তু তা না পেয়ে হতাশ হয়েছি। উপাধ্যক্ষ মহাশয়, সংখ্যা লঘুদের কথা বললে জনসঙ্ঘ ও প্রগেশিভ মুসলীম লীগ যে কথা বলে বিভেদ সৃষ্টি করা হয়েছে সে সম্বন্ধে আমি বলতে চাই যে এই সংখ্যা-লঘু বা সংখ্যাগুরু ভুলে গিয়ে আমরা ধর্মনিরপেক্ষ সমাজবাদের উপর প্রতিষ্ঠিত ভারতীয় নাগরিক

হিসাবে যে অধিকার সেই অধিকার আমরা চাই। রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পেয়েছি যে মুসলমানদের উন্নতির কথা আছে। উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমণ্ডলীর কাছে বলতে চাই যে এই সংখ্যালঘু এবং সংখ্যাগুরু এসব ভুলে গিয়ে ভবিষ্যৎ ভারতীয় নাগরিক হিসাবে ধর্মনিরপেক্ষ সমাজবাদের প্রয়োজনের উপরে আমাদের এ বনিয়াদ গঠিত হয়েছে। সংখ্যালঘু হিসাবে তাঁদের যে সমস্ত সুযোগ সুবিধা তা যেন তাঁরা পান এবং বিভেদ ভুলে গিয়ে সকল ভারতীয় এইভাবে যেন কাজ করেন। আমি রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় ভারত।

**শ্রীশরদিন্দু সামন্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্যের প্রারম্ভে রাজ্যপালের ভাষণকে স্বাগত ও সমর্থন করছি। কিন্তু দুঃখের সঙ্গে এটা বলতে চাই যে রাজ্যপালের ভাষণের তৃতীয় পৃষ্ঠায় পশ্চিমবাংলার যে বিরাট প্রকল্পে সারা পশ্চিমবাংলা তাকিয়ে আছে সে সম্পর্কে কেবলমাত্র একটা লাইনে বলা হয়েছে যে "হলদিয়া প্রকল্পের চারিদিকে উপনগরী স্থাপন"। এই নির্বাচনের পূর্বে বা ১৯৬৭ সাল থেকে শুনে আসছিল হলদিয়ায় ১ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। সেখানে কি হচ্ছে, না হচ্ছে মন্ত্রীমণ্ডলী নিশ্চয়ই তা জানেন এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে অবহিত আছেন। কিন্তু তথাপি আমি কতকগুলি জিনিষের দিকে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে যে সমস্ত সরকারী বা Port কর্মচারী কাজ করছেন তাঁরা অত্যন্ত দুর্নীতিপরায়ণ। সেখানে যে একটা Employment Exchange আছে সেটা একটা হাস্যকর। এই প্রকল্পের জন্য স্থানীয় অধিবাসিরা ভীষণ ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা নেই, আছে কোলকাতার লোকের। এটা শুনলে অবাক হয়ে যাবেন যে এমন সমস্ত সরকারী কর্মচারী আছেন যাঁরা নিজেদের উদ্বাস্তু সাজিয়ে নিজের ছেলের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। এ বিষয়ে যদি একটা তদন্ত করেন তাহলে সমস্ত জিনিষ পরিষ্কার হবে। রাজ্যপালের ভাষণে একটা জিনিষের উল্লেখ নেই সেটা হচ্ছে পশ্চিমবাংলায় অধিকাংশ গ্রামের মানুষ কিভাবে বেঁচে আছে সেই কথা। আমার এলাকার মানুষেরা দু'বেলা খেতে পায় না, এবং ভাত তো দূরের কথা আটা তারা কিনতে পারছে না। সেখানকার রাস্তাগুলি ১৫।২০ বছর ধরে সংস্কার হয় না। রাস্তায় একমুঠো মাটি ফেলা হয় না। পশ্চিমবাংলায় এমন কোন গ্রাম আছে, যেথানে ১।২ হাত পর্যন্ত জলে ঢেউ খেলে। এ বিষয়ে আমি ভারপ্রাপ্ত মন্ত্রি-মহাশয়ের কাছে একটা দরখাস্ত করায় একজন আমলা থানায় বললেন যে ওঁকে কেন বলছেন আগে আমাদের বলবেন। এটা অত্যন্ত দুঃখের কথা। এই সমস্ত আমলাদের যদি এখন না দেখা হয় তাহলে কাজকর্ম ভালভাবে হবে না। আমরা দেখেছি গ্রামাঞ্চলে নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম অনেক বেড়ে যাচ্ছে, কালোবাজারী চলছে। সহরে পুলিশ এর ব্যবস্থা করতে পারে, কিন্তু গ্রামাঞ্চলে কালোবাজারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার কথা রাজ্যপালের ভাষণে থাকা উচিৎ ছিল। আইন করে এই সমস্তের check করতে হবে। গ্রামাঞ্চলের মানুষ ঠিকমত খেতে পায় না, পরণে কাপড় নেই, শিক্ষাব্যবস্থা নেই। স্বাধীনতা লাভের পর সেখানে কয়েকটা প্রাইমারী স্কুল করে যা কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। তাই বলছি সেখানে যদি ক্ষুদ্রশিল্প ও খাদিশিল্প আরম্ভ করা যায় তাহলে অনেক শিক্ষিত ও অর্দ্ধশিক্ষিতের কর্মসংস্থান হবে। আমি এইটুকু বলব যে শুধুমাত্র ভূমি সমস্যার সমাধান করে গ্রামের মানুষের সমস্যার সমাধান করা যায় না। জমির শিলিং কমিয়ে আনা হয়েছে কিন্তু যেভাবে জনসংখ্যা বাড়ছে তাতে জমি দিয়ে সমস্যার সমাধান করা যাবে না। সেখানে যদি কর্মসংস্থান করতে হয় তাহলে এক ফসলা জমিকে দোফসলা করতে হবে। Deep tubewell ও বিদ্যুতের ব্যবস্থা করতে হবে। এসব যদি চিন্তা না করি তাহলে গ্রামের মানুষ আমাদের যেভাবে সমর্থন করেছে তাদের আশা যদি কিছুটা পূরণ না হয় তাহলে গ্রামের মানুষের সমর্থন আমরা পাব না। আমি সকলের শেষে বক্তব্য রাখতে গিয়ে এই অনুরোধ

রাখছি হলদিয়ায় যে কর্মসংস্থানের কথা আছে তা মেদিনীপুর জেলা এবং সেখানকার উদ্বাস্তুদের কর্মসংস্থানের যেন ব্যবস্থা হয়। কারণ তা না হলে পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থান থেকে গিয়ে লোকেরা চাকরী করবে আর সেখানকার লোকেরা কর্মহীন হয়ে থাকবে এটা যেন না হয়। জয় হিন্দ।

[6-15—6-25 p.m.]

**শ্রীশক্তিপদ মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৪শে মার্চ মহামান্য রাজ্যপাল এই বিধানসভায় যে বক্তব্য রেখেছেন এবং তার পরিপ্রেক্ষিতে অভিনন্দন তাঁকে যে জানান হয়েছে আমি তাকে স্বাগত জানাচ্ছি এবং সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে সমালোচনা না করে পারছি না। এই পশ্চিমবাংলায় যেখানে সার্বিক উন্নয়নের কথা চিন্তা করা হয়েছে, মহামান্য রাজ্যপালের বক্তব্যের মধ্যে বাঁকুড়া জেলার কথা মোটেই উল্লেখ নেই। এখানে অনেক সাংবাদিক বন্ধুরা রয়েছেন তাঁদের দৃষ্টিও বাকুড়া জেলার দিকে চাই। আমাদের বাকুড়া জেলা চির অবহেলিত এবং চির উপেক্ষিত। তাঁরা যেন বাকুড়া এবং পুরুলিয়া জেলার কথা মাঝে মাঝে লেখেন এবং সরকারও দৃষ্টি রাখেন। ড়ুস্তর কঙ্করময় যে বাঁকুড়া বিশেষ করে উত্তর বাকুড়া যেখানে এক ফসলী জমি আছে তা দু'ফসলী করতে হবে। এই কাজটা করতে পারলে তাহলে কিছুটা সমস্যার সমাধান হবে। ১৯৭২ সালে প্রগতিশীল গণতান্ত্রিক ফ্রন্টের যে সাফল্য এর এক দিকে যেমন রয়েছে ইন্দিরা গান্ধীর আদর্শের প্রতি বিশেষ বিশ্বাস, তেমনি অপরদিকে আছে যুব এবং ছাত্র সমাজের বিরাট অবদান। তারা বিরাট সম্ভাবনাকে সামনে রেখে এই যুক্তিতে এগিয়ে এসেছিল এই প্রগতিশীল গণতান্ত্রিক ফ্রন্টকে সমর্থন করার জন্য। তাই এই সাফল্য এসেছে। তারা আশা করেছে এই সরকার ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সরকার, পশ্চিম বাংলার মানুষকে একটা স্থায়ী কিছু করে দেবে। তাদের যে বেকারত্ব, তাদের যে সমস্যা অর্থাৎ পশ্চিমবাংলার যে প্রকট সমস্যা এই সমস্যার একটা মোকাবিলা হবে। আমি একজন সাধারণ নাগরিক হিসাবে এবং যুবক হিসাবে আশা করেছিলাম মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে একটা নির্দেশ একটা পরিষ্কার রূপরেখা থাকবে। কিন্তু কিছু নেই। পরিষ্কার করে কিছু বলা হয় নি। এখানে বেকার সমস্যার সমাধান হবে এবং গরীবি হঠাও সফল করার জন্য কাজে নামবো বা কি করে, কবে থেকে সেগুলো কিভাবে সমাধান করা হবে—সেসব কথা নেই। উত্তর বাঁকুড়ার যে সমস্যা রয়েছে তার সমাধান করতে গেলে দামোদর নদ যা বর্ধমান এবং বাকুড়া জেলাকে পৃথক করে রেখেছে তাকে লিফট পাম্পিং মেশিন দিয়ে যদি কিছু দূরে নিয়ে যাওয়া যায় তাহলে কিছু সমস্যার সমাধান হতে পারে। আমাদের ওখানে সেচব্যবস্থার উন্নতি করতে হবে। যে সমস্ত ছোট নদী আছে তাকে বাঁধন দিয়ে, রিজার্ভার দিয়ে রাখতে পারি তাহলে কিছু লোক সেচ ব্যবস্থার মাধ্যমে কাজ করতে পারে। আমি দুর্ভাগ্যবশতঃ গতবারে নির্বাচিত হতে পারি নি। লোকে বলেছে দীর্ঘ ২৫ বছরে কংগ্রেস কি করেছে? আমি এই অবস্থার জবাব দিতে পারি নি। এবার অবশ্য বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়েছে। কিন্তু জনগণ তাঁদের আশীর্বাদ ঠিক পৌছে দিয়েছেন।

আমরা উত্তর দিয়েছিলাম অন্ততঃ সামান্য যাতায়াতের ব্যবস্থা যাতে হয় তারজন্য আমরা নিশ্চয় চেষ্টা করব। আমাদের হাসপাতালের যাতায়াতের পথে যেটুকু অসুবিধা হচ্ছে ভবিষ্যতে যাতে না হয় সেদিকে নজর দেব। হাসপাতালের কথা উল্লেখ করতে গিয়ে একটা কথা বলতে চাই যে হাসপাতালগুলিতে আজকে প্রহসনের ব্যাপার দাঁড়িয়েছে। হাসপাতালগুলিতে আজকে চরম দুর্নীতি চলছে, সেখানে যে সমস্ত গাড়ী দেওয়া হয় সেগুলিকে স্ফূর্তি চরিতার্থ করবার জন্য ব্যবস্থা করা হয় এবং সেখানকার কর্মচারীরা বিভিন্ন জায়গায় বেড়াবার জন্য তা ব্যবহার করে।

হাসপাতালের জন্য যা-যা করণীয় তা করা দরকার এবং রোগীদের প্রতি যদি বিশেষ নজর দেওয়া না হয়, ঐ রোগীরা যেভাবে দিন কাটাচ্ছে সেদিকে যদি নজর দেওয়া না হয় তাহলে কিছুই হবে না। এরপর অনেক সমস্যা সম্বন্ধে এবং রাজ্যপালের ভাষণ নিয়ে অনেক আলোচনা হয়েছে, আমি আর তারমধ্যে যাব না, এটুকু আমি বলতে পারি যাতে সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের দিকে নজর দেওয়া হয় সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমনোরঞ্জন হালদার**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ২৪শে মার্চ আমাদের স্বনামধন্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ এখানে দিয়েছেন সেই ভাষণকে স্বাগত জানিয়ে আমি আমার কিছু বক্তব্য আপনার মাধ্যমে এই হাউসের মাননীয় সদস্যদের কাছে পৌছে দিতে চাই। প্রথম বক্তব্য হচ্ছে আমাদের স্বনামধন্য রাজ্যপাল মহাশয় তিনি তাঁর ভাষণে বলেছেন প্রশাসনে আজকে অনেক উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। আমি একটা স্পেসিফিক এক্জাম্পল সেট করব, মাননীয় সদস্যদের এবং মন্ত্রিমহাশয়ের কাছে পৌছে সেটা দিতে চাই। আজ প্রশাসন জোরদার হয়েছে অস্বীকার করব না কিন্তু উল্লেখযোগ্যভাবে উন্নতি হয়েছে সেটা বলা যায় না। আমি মগরাহাট পূর্ব কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। আমি দেখেছি ওয়াগন ব্রেকারদের ভয়ে তৎকালীন কর্মচারীরা যাঁরা পুলিশে কাজ করেন তাঁরা সেখানে ঠিকমত কাজ করতে পারেন নি, ঠিকমত পাহারা দিতে পারেন নি। তাই সরকার থেকে যখন এম.আর ওখানে পাঠানো হয়েছে তখন এই ওয়াগন ব্রেকাররা ওয়াগন ব্রেক করে মাল লুঠ করে নিয়ে গেছে। মগরাহাট পূর্ব কেন্দ্রের দুঃস্থ জনসাধারণ সেই এম.আর থেকে বঞ্চিত হয়েছে। আমি বি. ডি. ওর কাছে খবর নিয়ে দেখেছি যারা পুলিশে কাজ করে তারা অযোগ্য এবং দুর্নীতিপরায়ণ, যার ফলে এম. আর এসে পৌছায় না। তাই আমাদের এলাকার যারা বাসিন্দা, তারা খাদ্যাভাবে ভুগছে। বর্তমানে আপনি জানেন যে চালের দাম অত্যন্ত বেড়ে যাচ্ছে, এম. আর যদি ঠিকমত না পায় অর্থাৎ রেশন যদি ঠিকমত না পায় তাহলে তাদের জীবনধারণ করা অসম্ভব হয়ে পড়বে। এরপর যে বক্তব্য আমি রাখছি সেটা হচ্ছে যে ২৪ পরগণাকে বন্যা বিধ্বস্ত এলাকা বলে ঘোষণা করা হয় নি। আমরা মনে করি সরকার যে সমস্ত কর্মচারী রেখেছিলেন তাঁরা যথাযথ তদন্ত না করে এবং তাঁদের অযোগ্যতার ফলেই ২৪ পরগণাকে বন্যা বিধ্বস্ত বলে ঘোষিত করা হয় নি।

[ 6-25—6-35 p.m. ]

তারা ঠিকমত দেখে নি যে সত্যিই ২৪ পরগণা বন্যার দ্বারা বিধ্বস্ত হয়েছে কিনা, আমি আপনার মাধ্যমে এই কথা বলি যে আমি মগরাহাটের বাসিন্দা এবং এর আশেপাশের কেন্দ্র থেকে ১৬ জন এখানে হাজির হয়েছি, এখানে প্রত্যেকটি কেন্দ্রে তাদের এলাকায় প্রায় শতকরা ৯০ ভাগ গ্রাম বন্যার দ্বারা বিধ্বস্ত হয়েছিল কিন্তু সরকারী আমলা যাঁরা আছেন তাঁরা তদন্ত করেন নি, তদন্ত না করেই রিপোর্ট দিয়েছিলেন যে ২৪ পরগণা বন্যার দ্বারা বিধ্বস্ত হয় নি। তাই সরকার বাহাদুর এটাকে বন্যা বিধ্বস্ত এলাকা বলে ঘোষণা করেন নি। যাইহোক আমি মগরাহাটের পূর্বকেন্দ্র তথা ২৪ পরগণার বিভিন্ন অঞ্চলে গিয়ে দেখেছি যে বন্যায় বিধ্বস্ত হবার ফলে সেখানে যে অবস্থা হয়েছে, সেখানকার চাষ না থাকার জন্য সেখানে এখন কৃষকদের বাড়ীতে চাষের ধান নেই। তাই আপনার মাধ্যমে সরকারের কাছে আমার বক্তব্য রাখছি যে আগামী যে ফসল হবে সেই ফসল হওয়ার পূর্ব পর্যন্ত যথারীতি জি. আর বা জেনারেল রিলিফের ব্যবস্থা করেন এবং তারজন্য বি. ডি. ও. এবং এস. ডি. ওর হাতে একটা মোটা টাকার বরাদ্দ করে রাখেন সেই বক্তব্য রাখছি। এর পর যে বক্তব্য রাখছি তা হচ্ছে শিক্ষা দপ্তরের কথা। শিক্ষা সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই বলতে হয় ডি. আই, এবং ডি. পি. আই অফিসের যারা সরকারী কর্মচারী

তাদের কাজের গাফিলতির জন্ম আমাদের দেশের শিক্ষা ব্যবস্থার মধ্যে হতাশার স্বষ্টি করেছে। এটা আমি তাদেরই দায়ী করছি যাঁরা ডি. পি. আই এবং ডি. আই অফিসের অফিসাররা আছেন তাঁদের। তাঁদের অযোগ্যতার ফলে শিক্ষাক্ষেত্রে এই অবস্থা হয়েছে। আজকে পাড়াগ্রামের একটা কলেজের প্রিন্সিপ্যালকে যদি কোন একটি বিল পাশ করাতে হয় তাঁকে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকতে হয় এবং ৫।৬ দিন ঘোরার পর হয়ত বিলটা পাশ করতে পারেন না। তাছাড়া ঠিক সময় শিক্ষকরা মাইনে পান না, যার ফলে শিক্ষাক্ষেত্রে এই অবস্থার স্বষ্টি হয়েছে। আমি এটা দেখেছি, আমি নিজে একটি কলেজের অধ্যাপক ছিলাম এবং দেখেছি যে প্রফেসররা ঠিক সময় বেতন পান না। ইউ. জি. সি. স্কীমও সেখানে চালু করা হয় নি। আমি একটি স্কুলের সঙ্গেও জড়িত আছি, আমি দেখেছি যে বহু মাস তাদের টিচারদেব মাইনে বন্ধ হয়ে থাকে। তারা যদি মাইনে ঠিক সময় পায় এবং তাদের এই দুরাবস্থা যদি দূর করা যায় তাহলে তারা নিশ্চয়ই ছাত্রদের ভাল করে শিক্ষা দেবে এবং উপযুক্ত শিক্ষা দিয়ে ছাত্রদের আদর্শ নাগরিক করে গড়ে তুলতে পারবে। এরপর আমার বক্তব্য হচ্ছে যে রাজ্যপাল বলেছেন যে শ্রমিকদের উপযুক্ত মর্যাদা দেওয়া হবে। কিন্তু আমি পাড়াগ্রামের ছেলে, মগরার পূর্বকেন্দ্রে আমি দেখেছি যে এখানে এক শ্রেণীর শ্রমিক আছে যে শ্রমিকদের কথা অনেকেই জানেন না। এরা বিড়ি শ্রমিক। এই বিড়ি শ্রমিক ভাইদের যে অবস্থা সেই অবস্থার কথা আমি ইলেকশনের সময় বিভিন্ন এলাকায় গিয়ে তাদের কাছে শুনেছি। গত তিন বৎসরে মগরার পূর্বকেন্দ্র থেকে সি. পি. এম. প্রার্থী জয়লাভ করেছে, একমাত্র তাদের অস্ত্র ছিল এই সব বিড়ি শ্রমিকরা। সেখানে প্রায় ৫ থেকে ১০ হাজার বিড়ি শ্রমিক ভাইরা আছে এদের ভোটের দ্বারাই সি. পি. এম. প্রার্থী জয়লাভ করতো। কিন্তু এবারে তারা আমাকে কথা দিয়েছিল, যদি আপনি আমাদের শ্রমিক ইউনিয়নকে রেজিষ্ট্রি করিয়ে দিতে পারেন যার মাধ্যমে তারা তাদের বক্তব্য সরকারের কাছে তার মাধ্যমে রাখতে পারে, এই কথা তারা ইলেকশনের সময় আমাকে অনুরোধ করেছিল। তাই আমি বিধানসভার সদস্য হিসাবে, মগরা কেন্দ্রের বাসিন্দা হিসাবে এবং দক্ষিণ ২৪ পরগণার সদস্য হিসাবে আমি আপনার মাধ্যমে সরকারের কাছে এই বার্তা পৌঁছে দিতে চাই যে অনতিবিলম্বে এই বিড়ি শ্রমিকদের ইউনিয়নকে রেজেষ্ট্রি করে নেওয়া হোক যার মাধ্যমে তারা তাদের বক্তব্য সরকারের কাছে রাখতে পারে। সবশেষে বক্তব্য মাননীয় রাজ্যপাল পঞ্চায়েত সম্পর্কে স্পষ্টতঃ নির্দেশ কিছু দেন নি। এর আশু পরিবর্তন আছে বলে মনে করি। এই সব ব্যবস্থা আপনি করবেন এই কথা বলে সব শেষে রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানিয়ে এবং আপনাকে কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্ত রাজ্যপালের ভাষণের প্রতি যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আছে তাকে আন্তরিকভাবে সমর্থন করে দু'চারটি কথা আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রাখতে চাই। আপনাদের যে মন্ত্রিসভা গঠিত হয়েছে তারা বাংলাদেশের উন্নতি ও প্রগতি এবং বাংলাদেশের কোথায় কি সমস্যা আছে সে সম্বন্ধে মহামান্ত রাজ্যপালের ভাষণে ইঙ্গিত আছে, বর্তমান মন্ত্রিসভার সদিচ্ছার অভাব নেই। কিন্তু আমার আশঙ্কা আছে যে আমাদের মন্ত্রিমহোদয়দের উপর এত রকমের প্রেসার আছে যাতে আমার মনে হচ্ছে আগে পাঠান সম্রাটদের যেমন অনেক বেগম থাকতো এবং বহু বেগমের সঙ্গে দেখা সাক্ষাত না হলেও তাদের ছেলেগুলো হতো সেইরকম এত অফিসার নিয়ে তাঁরা কোথায় কি করছেন তাতে বুঝতে তাঁরা পারেন না।

এ ব্যাপারে আমি কতকগুলি উদাহরণ আপনার সামনে রাখতে চাই। পুরুলিয়া

জেলার ইন্টিরিয়ারে যে বেকার সমস্যা আছে, সেই সমস্যা সমাধানের জন্য যে কতদূর কার্য্যকরী প্রচেষ্টা হবে, সেটা বুঝতে পাচ্ছি না। আমি পুরুলিয়া জেলার লোক, আমাদের পুরুলিয়া জেলা বাংলাদেশের মধ্যে সব চাইতে অনগ্রসর, উপেক্ষিত এবং অবহেলিত জেলা, সেখানে কোন কিছুই কাজ হচ্ছে না। আমরা আগে বিহারে ছিলাম ১৯৫৬ সালে, নভেম্বর মাসে বাংলাদেশে এসেছি। আমরা মনে করেছিলাম বাংলাদেশে অনেক জ্ঞানী-বিজ্ঞ সুপণ্ডিত লোক আছেন, তাঁদের সাহচর্যে নিশ্চয়ই আমাদের পুরুলিয়া জেলার অনেক উন্নতি হবে এবং প্রগতি হবে কিন্তু আমাদের ওখানে কিছুই হয় নি, আমরা যে তিমিরে ছিলাম সেই তিমিরেই আছি। একটা উদাহরণ দিচ্ছি— এক জায়গায় এক সাধু বসেছিলেন। তাঁকে একদিন এক রাজপুত্র গিয়ে প্রণাম করলে তিনি বললেন, তুমি অনেক দিন বেঁচে থাক তোমার এথা আছে ওথা নাই, খাচ্ছ দাচ্ছ তুমি সুখে থাক। এর পর আর একজন লোক গিয়ে তাঁকে প্রণাম করলেন, সেই লোকটি খুব ধার্মিক, নিষ্ঠাবান, জিতেন্দ্রিয়, তাকে বললেন তুমি জলদী মর তোমার ওথা আছে এথা যাও—অর্থাৎ তোমার নাই। আর একজন সরল গ্রামবাসী সাধুকে প্রণাম করায় জায়গা হেথায় নাই, হোথায়ও নাই, এ ধারেও নাই ওধারেও নাই। আমাদের পুরুলিয়ার অবস্থাও তাই। বেশী দিনের কথা নয়। একটা উদাহরণ আপনার কাছে রাখছি। গত নির্বাচনের আগে সেখানে কয়েকটি সয়েল কন্‌জার্ভেটারের পদ খালি হয়, আমরা চেষ্টা করেছিলাম যাতে সেখানকার স্থানীয় লোক কিছু চাকুরি পায়, আমরা খুঁজতে লাগলাম, যিনি অফিসার তিনি বললেন যে তদ্‌বির যদি করতে পারেন তো নিতে পারি। আমরা বিভিন্ন মন্ত্রীদের ধরে ৬টি ভ্যাকেন্সী করলাম। কিন্তু সেখানে যে অফিসার আছেন তিনি করলেন কি জলপাইগুড়ি থেকে ৬টি ভ্যাকান্সীতে ৬ জন লোক পাঠিয়ে দিলেন ট্রান্সফার করে, আর ভ্যাকান্সী দেখান হল জলপাইগুড়িতে। তারপর ডি. আই অফিসে রিসেণ্টলী ৫টি কেরাণীর পোষ্টে লোক নেবার কথা। চীফ সেক্রেটারীর সার্কুলার আছে যে যাঁরা সেন্সাসে ছিলেন, সেই ছাঁটাই লোকদের সেই পদে নিতে হবে। সেই জায়গায় রাইটার্স বিল্ডিংস থেকে ২৪ পরগণার ৪ জনকে পাঠিয়ে দিলেন আর একজনকে নিলেন পুরুলিয়া থেকে, যাতে বলতে পারেন যে একজনকে নিয়েছেন পুরুরিয়া থেকে। সেখানে ২০টি ব্লক আছে, সেই ব্লকের এক একটিতে একজন করে ওভারসীয়ার আছে এবং সেই ২০ জনের ১৭ জনই কলকাতা এবং তাঁর সুবার্বন এরিয়ার লোক, মাত্র বাকী তিনটিতে আছে পুরুলিয়ার লোক। অথচ সেখানে ৩০০ জন ওভারসীয়ার পাশ করে বসে আছেন, তারপর আই. টি আই. পাশ ছেলে হাজার হাজার সেখানে রয়েছে, পুরুলিয়ার রঘুনাথপুর, ঝালদা আই. আই. টি তে বহুলোক পাশ করে বসে আছে যাদের পাম্প মেরামতের কাজে লাগান যায় ব্লকে-ব্লকে। তারপর রিসেণ্টলী আর একটা ঘটনা ঘটেছে ডিসেম্বর মাসে প্রত্যেক ব্লকে একজন করে ফিজিক্যাল অর্গানাইজার নেবার কথা হল। ১৪ তারিখে যেদিন ভোট গুণতি হয় সেদিন তাড়াতাড়ি করে যে অফিসার এ্যাপয়েণ্টিং অথরিটি, তিনটি ছেলেকে এ্যাপয়েন্টমেণ্ট করলেন। তিনি হুগলী জেলার লোক, এই ছেলে তিনটিও হুগলী জেলার। অথচ সেখানকার কোয়ালিফায়েড ছেলে ইণ্টারভিউ দিলেন কিন্তু তাঁদের নিলেন না।

[ 6-35—6-45 p.m. ]

আমাদের পুরুলিয়া জেলার পপুলেসন ১৬ লক্ষ ১০ হাজার। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আজকে ৬ বছর যাবৎ আমাদের পুরুলিয়া জেলার একটি ছেলেও মেডিকেলে যেতে পারে নি। তাহলে কি আমরা বুঝব পুরুলিয়ার ছেলেরা কখনও ডাক্তার হবে না? আমাদের জয়নাল আবেদিন সাহেব সহানুভূতি সম্পন্ন ছিলেন, তিনি বলেছিলেন বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের ফার্স্ট ইয়ারে যে ৩টি পোষ্ট আছে এগুলি পুরুলিয়া জেলার ছেলেদের দেবেন। তার

কিছুদিন পর আমরা ডিজল্‌ভ হয়ে গেলাম, মন্ত্রীরাও চলে গেলেন। তারপর দেখা গেল প্রিন্সিপ্যাল, মেডিকেল কলেজ তাঁর এক ভাইপো ছিলেন ডেণ্টাল কলেজে তাকে ওখানে লাগিয়ে দিলেন। তারপর দেখা গেল সাউথ ইস্টার্ণ রেলওয়ের চিফ মেডিকেল অফিসারের পি. এ যিনি থাকেন বরাহনগরে তাঁর একটা ছেলে ছিল ভেটিনারি কলেজে তাকে একটা পোস্ট দেওয়া হোল। তারপর আবার দেখা গেল মেডিকেল কলেজের একজন প্রফেসর যিনি মেডিকেল বোর্ডের একজন মেম্বার তার ভাইয়ের ছেলে যিনি ছিলেন ডেণ্টাল কলেজে তাকে সেখানে নেওয়া হোল। এই অবস্থা যদি চলে তাহলে আমাদের বুঝতে হবে যে, পুরুলিয়া জেলার একটি ছেলেও ডাক্তার হতে পারবে না। সাধারণতঃ ফরটিফাইভ, ফিফটিফাইভ পারসেণ্ট মার্ক থাকলে এ্যাডমিশন হয়। কিন্তু আমি আপনাদের কাছে উদাহরণস্বরূপ রাখছি ১টি ছেলের সেভেণ্টি পারসেণ্ট মার্ক ছিল এবং তাকে ভর্তি করাবার ব্যাপারে আমরা এ্যাপয়েণ্টিং অথরিটির কাছে যত্ন করতে বাকী রাখিনি কিন্তু কিছুতেই তার এ্যাডমিশন হোল না। তাহলে কি আমরা বুঝব আমাদের পুরুলিয়া জেলার ছেলেরা কেউ কখনও ডাক্তার হবে না? এর চেয়ে দুর্ভাগ্যের কথা আর কি আছে। আমার বলার সময় আর নেই, সময় পেলে পুরুলিয়া জেলার অনেক কথা আমি রাখব। আমি চিফহুইপ মহাশয়কে কৃতজ্ঞতা জানাই কারণ বহু ট্রাই করে তিনি আজকে আমাকে বলবার সুযোগ দিয়েছেন। আমি আপনার মাধ্যমে তাঁকে কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশতদল মাহাতো:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু'একটি কথা আমি বলতে চাই। আমি পুরুলিয়া জেলা থেকে এসেছি এই বিধানসভায়। রাজ্যপালের ভাষণে পুরুলিয়ার নাম উল্লেখ করা হয়েছে, কিন্তু বিস্তারিত কর্মসূচীর কথা নেই। আমি বিশেষ করে এই প্রসঙ্গে পুরুলিয়ার ভূমিহীনদের কথা এবং জমির পারিবারিক সীমা সম্বন্ধে দু-একটা কথা বলব। পুরুলিয়া সম্পূর্ণ অনুন্নত এবং পশ্চাদপদ জেলা। পশ্চিমবাংলার অন্যান্য জেলার সঙ্গে যদি পুরুলিয়ার তুলনা করি তাহলে দেখব এখানে যখন ঝরা ওখানে তখন খরা। পশ্চিমবাংলার অন্যান্য জেলায় যখন দেখি শস্য-শ্যামলা বিস্তীর্ণ শস্যক্ষেত্র তখন আমাদের ওখানে দেখি ধূলিধূসরিত বিস্তীর্ণ মাঠ। আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই অনুন্নত এবং পশ্চাদপদ জেলাকে পশ্চিমবাংলার অন্যান্য জেলার সঙ্গে যে একইভাবে রাখা হয়েছে এটা অত্যন্ত দুঃখের কথা। এখানে একটিমাত্র ফসল জন্মে এবং সেই ফসল জন্মাবার ক্ষেত্রেও দেখছি আমাদের সম্পূর্ণ আকাশের দিকে তাকিয়ে থাকতে হয় অর্থাৎ বিধাতা যদি আমাদের উপর কৃপাদৃষ্টি রাখেন তাহলেই ফসল পাব, নতুবা আমাদের দুর্ভিক্ষের কবলে পড়তে হবে। এবারে আমি জমির পারিবারিক সীমা সম্বন্ধে কিছু বলব। জমির পারিবারিক সীমা নির্ধারণ করা হয়েছে কিন্তু আমরা দেখছি উদ্বৃত্ত জমি বাদে যে জমি থাকছে সেই জমির গুণ পশ্চিম-বাংলার অন্যান্য জেলা থেকে ভিন্ন।

যেমন উদাহরণ স্বরূপ আমি বলি যে পশ্চিমবাংলার অন্য জেলাগুলিতে একই পর্য্যায়ের জমি দেখতে পাওয়া যায় বা গুণ এবং প্রকৃতি একই রকম কিন্তু আমাদের ঐ জেলাতে আলাদা। যেমন বহাল রয়েছে, কাঙ্গালী রয়েছে, বাজ রয়েছে, ডাঙ্গা গড়া রয়েছে, এই সমস্ত বিভিন্ন শ্রেণীতে আমাদের জমি বিভক্ত। তাছাড়া জমি হচ্ছে সম্পূর্ণ প্রস্তর এবং কঙ্করময়। সেই জন্য আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে দার্জিলিং জেলার জন্য যেমন সিলিং থেকে বাদ দেওয়া হয়েছে, সেই রকম আমাদের জেলাকেও যেন এই সিলিং-এর আওতা থেকে বাদ দেওয়া হয়। আমার আর একটা প্রস্তাব হচ্ছে রাজ্যপালের ভাষণে দেখলাম যে এক হাজার

মকে বৈদ্যুতীকরণ করা হবে, আমাদের জেলাতে কটা গ্রামে করা হবে সে সম্বন্ধে বিস্তারিত সুচী নেই। কিন্তু আমি বলবো বৈদ্যুতিক পাখা এবং আলোর জন্য আমরা বিদ্যুৎ চাই না, দাদের গ্রামে যাদের পরনে কাপড় নেই, গ্রামবাসীদের খাবার সংস্থান নেই, সেখানে আমরা ত একটা ফসল ফলছে, দুটো ফসল ফলিয়ে তুলতে পারি বৈদ্যুতিক পাম্পের সাহায্যে, এটা মি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলতে চাই স্বাস্থ্য গাগ সম্পর্কে। অবশ্য আপনারা সকলে জানেন না যে পুরুলিয়াতে কুষ্ঠ রোগের বিশেষ প্রকোপ ছে। কিন্তু কুষ্ঠ রোগীদের চিকিৎসা ব্যবস্থা সম্যকভাবে পুরুলিয়াতে নেই। যদিও পুরুলিয়ায় টা হাসপাতাল আছে কিন্তু পুরুলিয়া জেলার মফঃস্বলে যাতে এই কুষ্ঠ রোগের স্বাস্থ্যকেন্দ্র লা হয় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। চতুর্থতঃ আর একটা কথা তে চাই যে বাস্তবিক আমার পূর্বে আমার বন্ধুও বলেছেন পুরুলিয়া জেলা থেকে সাধারণতঃ যে ন্ত অধস্তন কর্মচারীদের নিয়োগের জন্য ইণ্টারভিউ দিতে হয় তাদের কলিকাতার রাইটার্স ল্ডিংসে নিয়ে আসা হয়। আমি অনুরোধ করব যে অন্ততঃ অধস্তন কর্মচারীদের ইণ্টারভিউ- জন্য কলকাতায় ডাকা উচিত নয়, কারণ তারা পথঘাট জানে না এবং কলকাতা সম্বন্ধে তাদের ক ধারণা থাকে না, অফিস কোথায় তাও তারা খুঁজে পায় না। সেজন্য উচ্চস্তরের কর্মচারী । রয়েছে তাদের আপনারা এখানে ডাকতে পারেন কিন্তু অধস্তন কর্মচারীদের যাতে সেই দাতেই ইণ্টারভিউ হয়, সেই ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। সর্বশেষে রাজ্যপালের াণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য করছি।

**শ্রীপঞ্চানন সিনহা**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মহামান্য রাজ্যপাল যে মনোজ্ঞ ণ এই সভায় রেখেছেন এবং তার সমর্থনে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এই সভায় আনীত হয়েছে আমি আন্তরিকভাবে সমর্থন করি। কিন্তু তা সত্ত্বেও কতকগুলি ত্রুটি বিচ্যুতি যা ভাষণের মধ্যে য করেছি তার কথা খুব সংক্ষেপে আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর কাছে না রেখে পাচ্ছি না। মরা সুন্দরবন এলাকার মানুষ, সুন্দরবনের নাম শুনতে হয়ত খুব সুন্দর এবং অনেকেই সুন্দরবন র্কে আকৃষ্ট হন। কিন্তু খুব আক্ষেপের কথা, খুব দুঃখের কথা যে চির অবহেলিত এই সুন্দরবন বহমান কাল ধরে যাকে আমরা অনেক সময় বলতাম সমগ্র বাংলাদেশের শস্যভাণ্ডার বা পশ্চিম- লার শস্যভাণ্ডার তার উন্নয়নের যে প্রয়োজনীয়তা একটু রয়েছে, তার উন্নয়নের বিশেষ যে টা গুরুত্ব আমাদের জাতীয় জীবনে রয়েছে, এর উল্লেখ পর্যন্ত রাজ্যপালের ভাষণে আমরা থাও দেখতে পেলাম না। গত বছর আমাদের কোয়ালিশন সরকারের আমলে তখনও রবন এলাকার বাসন্তী কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এই হাউসে এসেছিলাম, সেই সময় জ্যপালের যে ভাষণ সেই ভাষণের মধ্যে পুরুলিয়া, হলদিয়া এবং উত্তরবঙ্গের সঙ্গে সঙ্গে সুন্দরবনের ন করা হবে অন্ততঃ এই শুভ ইচ্ছার কথা পরিষ্কারভাবে উল্লিখিত ছিল। আমরা হতবাক যাচ্ছি, আমাদের নূতন সরকার যখন নূতন আশা ভরসা নিয়ে অসংখ্য কোটি কোটি মানুষের য যে একটা নূতন প্রেরণা, অভূতপূর্ব একটা উৎসাহের সঞ্চার করতে পেরেছে তখন আমরা রবনের অধিবাসীরা ঐ অনুল্লেখের কারণে বিক্ষুব্ধ হয়েছি।

45—6-53 p.m. ]

তখন সুন্দরবনের অধিবাসী আমরা অত্যন্ত ক্ষুব্ধ হয়েছি, অত্যন্ত মর্মাহত হয়েছি এবং জদেরকে অত্যন্ত অপমানিত বোধ করেছি। আজকে এই ব্যথা-বেদনা আপনার মাধ্যমে ান মন্ত্রীমণ্ডলীকে বিশেষ করে মুখ্যমন্ত্রীর কাছে পৌছে দিতে চাই।

ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে সুন্দরবন ডেভেলপমেণ্ট বোর্ড বলে একটা বোর্ড তৈরী হয়েছে। তখন তার কার্যাকলাপ আমরা দেখেছি, কয়েকটা নারকেল চারা লাগিয়েই শেষ। চারাগুলির যত্নের কোন ব্যবস্থা হল না—অযত্নে তা শুকিয়ে মারা গেল। এতেই সুন্দরবন উন্নয়ন হয়ে গেল। তারপর যুক্তফ্রণ্ট এলো, কোয়ালিশন সরকার এলো কেউই সময় পান নাই, সুন্দরবনকে সুন্দর করতে। অবশেষে আজ এক মজবুত সরকার এসেছে। সুন্দরবনের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যান্ত ১৫।১৬টি নির্বাচন কেন্দ্র আছে এর মধ্যে এক সাগর কেন্দ্র ছাড়া আর সমস্ত কেন্দ্রেই এবার কংগ্রেসের পতাকা উড্ডান। হিঙ্গলগঞ্জ আমার মোর্চার শরিক সি. পি. আই-র দখলে। এরই প্রতিদান কি সুন্দরবনবাসীরা এইভাবে পেল। সুন্দরবনের উন্নয়ন বিষয়ে মামুলী সদিচ্ছার কথা পর্য্যন্ত এই ভাষণে উল্লেখ থাকলো না। এই ত্রুটি সম্বন্ধে মন্ত্রীমণ্ডলী অবহিত হোন।

সুন্দরবন সমস্যা একটা জাতীয় সমস্যারূপে পরিগণিত হোক। রাজ্যসরকার যেন কেন্দ্রীয় সরকারকে সেই ভাবে উদ্বুদ্ধ করেন।

আমি বাসন্তী কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। যেখানে ২৫ বছরের মধ্যে একটি হেলথসেণ্টারও স্থাপিত হয় নাই। আমার নির্বাচন কেন্দ্রের মধ্যে দুটি ব্লক রয়েছে। সেখানে একটিও প্রাইমারী হেলথ সেণ্টার বা সাবসিডিয়ারী হেলথ সেণ্টার নাই। আগামী ৫ বছরের মধ্যে যেন ৬টি প্রাইমারী হেলথ সেণ্টার ও ৪টি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার স্থাপনের ব্যবস্থা হয়। বাস্তবে না হলেও যেন কাগজপত্রে তার মঞ্জুরীর ব্যবস্থাটুকু হয়।

আমরা একটি জিনিস ভাবতে পারি না—আমার এলাকা কলকাতা থেকে মাত্র ২৮।৩০ মাইল দূর। যেখানে আজও পানীয় জলের কোন সুব্যবস্থা নাই। যেখানে কোন Agriculture farm নাই, বিদ্যুৎ নাই, এমন কি সেচ বলে কোন ব্যবস্থা নাই। সেই এলাকার মানুষের ঘরে নিত্য ব্যবহার্য্য জিনিষ বলতে যা বুঝি তাও প্রয়োজন মাফিক কিছুই নাই। আমার বেশ মনে পড়ছে গত বৎসর কোয়ালিশন সরকারের আমলে সুন্দরবনে Starvation ছিল ঘরে ঘরে। এক হাজার—শতজন মানুষও খয়রাতি সাহায্য পাচ্ছিল না। আমাদের তৎকালীন রিলিফ মন্ত্রী যিনি, এখন পশুপালন বিভাগের মন্ত্রী শ্রীসীতারাম মাহাতো তিনি অনেক দূর পর্য্যন্ত আমার এলাকায় আমার সঙ্গে গিয়েছিলেন interior-এর দিকে যেখানে কোন মন্ত্রী দূরের কথা একজন এম. এল. এ. কখনো সেখানে যান নাই। তিনি দেখেছেন, সেখানকার সব দরিদ্র আদিবাসী মধ্যবিত্ত মানুষ সব দলে দলে এসে মাঠে মাঠে খাদ্যের সন্ধানে যেন হুমড়ি খেয়ে পড়েছিল। উনি তাদের দুর্দশা স্বচক্ষে দেখলেন, কি খেয়ে তারা বাচে। ঘাসের মত এক রকম গাছের মূল যার স্থানীয় নাম চুঁচকো, তারা খেয়ে জীবন ধারণ করে। সেই চুঁচকোর মূল তিনি সঙ্গে করে নিয়ে এসে রাইটাস বিলডিংসের আমলাদের দেখিয়েছিলেন। তারপর কিছুকালের জন্য গরীবরা কিছু বেশী খয়রাতি সাহায্য পেয়েছিল। আমরা 5·/. জি. আর. তখন পেয়েছিলাম, যা আমরা দীর্ঘকাল পাই নাই। আজও সেই ভয়াবহ অবস্থা সেখানে চলেছে। আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি।

ল এণ্ড অর্ডার ইস্যুর উপর গর্ববোধ রাজ্যপালের ভাষণে পাই। অবশ্য শহরে সন্ত্রাসের রাজত্ব খতম হয়েছে ঠিকই। কিন্তু আমাদের সুন্দরবনের বিভিন্ন এলাকায় বাসন্তী, নফরগঞ্জ, ঝাড়খালি রিজার্ভফরেষ্ট সংলগ্ন কলোনী ইত্যাদি জায়গায় শহর থেকে উগ্রপন্থীরা তাড়া খেয়ে গিয়ে আশ্রয় নিয়েছে। আমি তিন দিন ইতিমধ্যে সেখানে ঘুরে এসেছি—সেখানে নানারকম আওয়াজ শুনেছি, ভূ-কম্পন অনুভব করেছি, সীমান্ত এলাকায় explosion-এর শব্দ, high dynamite-এর শব্দ আমরা প্রায়ই শুনতে পাচ্ছি। থানার পুলিশ দুর্গমতার কারণে সকল সময় সে সব জায়গায় পৌছাতেও ঠিক সময়ে পারেন না। বে-আইনি

**অস্ত্রের ছড়াছড়ি, ঐ সুন্দরবন এলাকায়।** যেখানে ডাকাতি, যেখানে চুরি, যেখানে দিনের পর দিন **দলবদ্ধভাবে** চলছিল, ঠিক আগের মত না হলেও সেই জিনিষ এখনও চলছে। এখানে কলিকাতা মহানগরী থেকে সন্ত্রাসকে নিশ্চিহ্ন করতে পারলেও, ঐ সব ইনটিরিয়র জায়গা থেকে এখনও তা নিশ্চিহ্ন করতে পারেন নি। আমি স্যার, আর একটা কথা বলব যে, আমাদের মন্ত্রীমণ্ডলী চিকিৎসা, স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি ব্যাপারে অনেক সুযোগ সুবিধার আশ্বাস দেন, কিন্তু আমরা সুন্দরবনের অধিবাসীরা সবক্ষেত্রেই বঞ্চিত হই। তাই আমি আপনার মাধ্যমে সেখানকার প্রতিনিধি হিসাবে আবেদন জানাচ্ছি যে, তাঁরা যেন এই বিষয়ে একটু সদয় এবং সহৃদয় হন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আর একটা কথা এইমাত্র মনে পড়েছে, সেটা হচ্ছে এই যে আমাদের জেলায় চাষের গরু-মোষ ইত্যাদি পাইকারী হারে মরছে, সেখানে একজন ভেটেরিনারী ষ্টাফ আছে কিন্তু কার্যক্ষেত্রে তাদের পাওয়া যায় না। সেখানে লোকেদের জিজ্ঞাসা করলে, বলে বাবু ভেটেরিনারী অফিস আছে, সাইনবোর্ড ঝুলছে কিন্তু সেখানে লোক নেই। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পশুপালন মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যে, সুন্দরবনের চাষের জন্য গরু, মোষ না থাকলে, সেখানে ট্রাক্টর নিয়ে গেলেও চাষ করা সম্ভব হবে না। এই বিষয়ে কিছু এমারজেন্সী ব্যবস্থা করবেন। এই কথা বলে আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker** : The House stands adjourned till 1 p.m. on the 4th April, 1972.

## Adjournment

The House was accordingly adjourned at 6-53 p.m. till 1 p.m. on Tuesday, the 4th April, 1972, at she Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the th April, 197 , at 1 p.m.

PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 14 Ministers, Minister who is not member of the Assembly, 9 Ministers of State 3 Deputy Ministers and 209 Members.

[ 1-00—1-10 p.m. ]

**শ্রীগৌতম চক্রবর্তী :** মিঃ স্পীকার, স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার—ভারতবর্ষের গ্রাম বাংলায় যেখানে সমাজতন্ত্রের কথা বলা হচ্ছে সেই গ্রাম বাংলায় যে সমস্ত গরীব মানুষ আছে তাদের কথা মাননীয় সদস্যদের সামনে, মন্ত্রিমহোদয়দের সামনে, যেসব সদস্যরা বলবেন, তাদের দুরবস্থার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই গণতান্ত্রিক সরকারের উপর মাননীয় সদস্যদের আস্থা আছে কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, যে সমস্ত সদস্য গ্রাম বাংলার বিভিন্ন প্রান্ত থেকে এসেছেন তাদের দুরবস্থা যদি আপনি নিজের চোখে দেখেন তাহলে নিশ্চয় আপনার চোখ দিয়ে জল পড়বে। এখানে অনেক সদস্য আছেন যাঁদের জামার ঠিক থাকে না। বিভিন্ন চোর, ছ্যাঁচোর যারা ঘুরে বেড়াচ্ছে তাতে তাদের টাকা,পয়সা,জামা,বই সব হারাচ্ছে তাদের একটা টেবিল নাই, চেয়ার নাই— একটা ঘরে সাত, আট জন সদস্য থাকেন। এ অবস্থায় গ্রামবাংলার কথা তারা নিশ্চয় চিন্তা করতে পারবে না। তাই আমি সদস্যদের পক্ষ থেকে অনুরোধ করছি এবং অধ্যক্ষ মহাশয় আপনাকেও অনুরোধ করছি এই সমস্ত সদস্যদের দিকে আপনি দৃষ্টি দিন। মন্ত্রি-মহোদয়রা যাঁরা আছেন তাঁদের জন্য সুন্দর ফ্লাট-এর ব্যবস্থা করা হচ্ছে। এখানে যে সমস্ত সদস্যরা উপস্থিত আছেন আমাদের মন্ত্রিসভার উপর সম্পূর্ণ আস্থা রেখে তাঁদেরকে বলছি যে যাঁরা গ্রাম বাংলার কথা বলবেন, দরিদ্র মানুষের কথা বলবেম তাঁদের দিকে আপনারা দৃষ্টি দিন। আমি বিশ্বাস করি না ভারতবর্ষের কোন রাজ্যে আছে কিনা যেখানে এম. এল. এ-রা এই রকম অবস্থায় থাকেন।

**Mr. Speaker :** Of course there is no point of order in it. আপনি যে বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করলেন এবং এ বিষয়ে পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রী আছেন ও অন্যান্য

মন্ত্রিসভার সদস্যরাও আছেন তাঁদের আমি দৃষ্টি আকর্ষণ করছি। অনেক সদস্য আমার কাছেও বলেছেন তাঁদের থাকবার অসুবিধার কথা। একথা অবশ্যই ঠিক। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় মাননীয় সদস্যদের এ্যাকমডেসনের জন্য, থাকার জন্য সরকার তরফ থেকে কোয়ার্টারের বন্দোবস্ত আছে। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় সে রকম কোন ব্যবস্থা নাই। আমাদের পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের যিনি চার্জে আছেন তিনি আমাকে আশ্বাস দিয়েছেন, কথা দিয়েছেন-- তিনিও ডেইলি প্যাসেঞ্জার হিসাবে খড়্গপুর থেকে আসছেন ডেইলি। এই হাউসের সভ্য অনেকে আছেন যাঁরা গ্রাম বাংলা থেকে আসছেন। হোটেলে এ্যাকমডেসন নাই। তাঁদের এখানে কাজ করতে হয় প্রাকটিক্যালি। সেজন্য তাঁদের নিশ্চিন্ত মনে থাকবার ব্যবস্থা করা উচিত। সেজন্য আমি আপনার কথা আর একবার স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি নিশ্চয় এ বিষয়ে চিন্তা করছেন। এই অসুবিধা দীর্ঘ দিনের। তিনি এ বিষয়ে নজর দেবেন এবং যা বিহিত ব্যবস্থা হওয়া উচিত তা তিনি নিশ্চয়ই করবেন আশা করছি। আমার তরফ থেকে তাঁকে অনুরোধ করছি আমার সদস্যদের যে অসুবিধা সেদিকে দৃষ্টি দিয়ে যতগুলি রেসিডেন্সের দরকার তা করে দিন। আমি আশা করি তিনি এ দিকে নিশ্চয় নজর দেবেন।

**শ্রীআনন্দগোপাল মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, এই বিধানসভার একজন পুরাতন সদস্য হিসাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনার পূর্বে যিনি স্পীকার ছিলেন বা তাঁর পূর্বে যিনি ছিলেন বহুবার এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। যদি আপনি বিধানসভার সদস্যদের অবগত করাতেন যে কবে নাগাদ সরকারের কাছ থেকে একটা সুনির্দিষ্ট ব্যবস্থা কি হতে পারে জেনে তিনি জানাতেন কারণ রাইট অব প্রিভিলেজ বা কাষ্টোডিয়ান হচ্ছেন আপনি কাজেই আপনি জানাতে পারবেন তাহলে আমরা একান্ত বাধিত হতাম।

**মিঃ স্পীকার:** এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত নেই। Parlimentary Affairs-এর যিনি মন্ত্রী তিনি আছেন তাঁরা যেন এটা চিন্তা করে দুই-এক দিনের মধ্যে হাউসকে জানান তাহলে হাউসের সদস্যগণ উপকৃত হবেন এবং আমিও উপকৃত হব। Parliamentary Affairs-এর মন্ত্রী এবং অন্যান্য মন্ত্রী যাঁরা আছেন তাদের আমি সেই অনুরোধ করছি। তাঁরা বসে চিন্তা করে এই সম্পর্কে অন্যান্য সদস্যদের যদি বিহিত করেন এবং এইটুকু আশ্বাস দেন তাহলে সকলে খুসী হবেন; একথা আপনাদের তরফ থেকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়দের কাছে করছি।

**শ্রীনরেশ চাকী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই কেন না আমি পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি যে মাননীয় মন্ত্রীদের গাড়ী আছে তারা ভালভাবে যাতায়াত করতে পারেন। কিন্তু যেসব সদস্যরা দূরদূরান্ত থেকে আসেন এবং কলকাতার দুর্বিসহ যানবাহনের ফলে তাদের জীবন দুর্বিসহ হয়ে উঠছে, এদের যাতায়াতের জন্য সুনির্দিষ্ট ব্যবস্থা করতে পারলে আমার মনে হয় অনেক সদস্যেরই সুবিধা হয়। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন না যাতায়াত করার জন্য মাননীয় সদস্যরা Taxi পান না, Taxi driver-রা যেতে রাজী হয় না। যাব শিয়ালদা নিয়ে যায় খিদিরপুর। বাসে, ট্রামে বাদুড় ঝোলার মত জীবনের ঝুকি নিয়ে সকলে চলছে। কাজেই এই বিষয়ে যাতে একটা ব্যবস্থা নেওয়া হয় সেজন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী (১):** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় কিছু কিছু সদস্য তাদের অসুবিধার কথা বলেছেন। আমি নিজেও ব্যক্তিগতভাবে জানি কারণ আমি গতবারেও M. L. A. ছিলাম খুব অসহায় অবস্থায় থাকতে হয়। সেখানে থাকবার ব্যবস্থা শুধু M. L. A. নয় অন্য সাধারণ মানুষও সেখানে থাকতে পারে কিনা সন্দেহ, কাজেই মন্ত্রিসভার পক্ষ থেকে এটার ব্যবস্থা করা

চিত। কারণ আমি জানি ভারতবর্ষের এমন কি কাশ্মীরের মত ছোট ছোট রাজ্যে M. L. A.-র থাকা এবং তাদের বিভিন্ন রকম পড়াশোনার ইত্যাদির সুযোগ-সুবিধা আছে, একমাত্র পশ্চিম-ঙ্গ এখনও সেই ব্যবস্থা করা হয়নি। গত বছর একটা সান্ত্বনা ছিল যে Stable Ministry হবে না তরাং Stable থাকার ব্যবস্থা না হয় না হল। কিন্তু এ বছর Stable Ministry হয়েছে বলে মার ধারণা। সুতরাং সেই ব্যবস্থা হাওয়া উচিৎ। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে-লাম এবং একটা অনুরোধ করেছিলাম অন্ততঃপক্ষে ২টি জিনিষ করা হোক। ১টি হচ্ছে থাকার াবস্থা,অপরটি হচ্ছে বহু দরিদ্র M.L.A. আছে যাঁরা এত পয়সা দিয়ে ওখানে থাকতে পারে না। খানে এমন অনেকে আছেন যাঁরা সরাসরি ছাত্রজীবন থেকে এখানে অংশ গ্রহণ করেছেন, ভাবতঃই প্রতিদিন ১৫ টাকা করে খরচ করার মত অবস্থা তাদের নেই। আমি স্পীকারের ধ্যমে অনুরোধ করছি যে এই ডিপার্টমেন্টের মন্ত্রিমহাশয় এই ব্যাপারে যেন দৃষ্টি দেন এবং ানকার ভাড়া যেন কমিয়ে দেন, যদি free করতে পারেন তাহলে ভাল হয়, তা না হলে অন্তত: মিয়ে দেবার ব্যবস্থা করুন।

দ্বিতীয়তঃ আমি অত্যন্ত দুঃখিত যে ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত মন্ত্রী এখানে নেই, কিছু সদস্য লেন মন্ত্রীদের থাকার ব্যবস্থা কিছু বেশী বেশী হয়েছে। সেটা আমি জানি না তবে রাষ্ট্রমন্ত্রীদের ানে থাকার ব্যবস্থা হয়েছে সেখানে কোন মন্ত্রী থাকতে পারে না, পাখী থাকতে পারে। ছোট ছোট ২।৩ খানি কামরা দেওয়া হয়েছে, সুতরাং তাদের ব্যবস্থা যথেষ্ট হয়নি বলাই বাঞ্ছনীয় াদের আলাদা কোন ব্যবস্থা হয়েছে বলে জানি না তবে রাষ্ট্রমন্ত্রীদের যে হয়নি এ ব্যাপারে নিশ্চিত।

**Mr. Speaker:** The Hon'ble Minister-in charge of the Dept. is making a tement just on the point.

-10—1-20 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, আমি গতকাল একটি ত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং আজকে আবার প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বিধানসভার মাননীয় সদস্যরা রাত্রিবেলা ট্রেনযোগে যাতায়াত করেন তখন তাদের উপর এ্যাটাক করা হচ্ছে এবং আমি গতকাল কলিং টেনসনের মাধ্যমে মন্ত্রীসভা তথা সরকারের দৃষ্টি এবিষয়ে আকর্ষণ করেছি।

**মিঃ স্পীকারঃ** এ বিষয়টা আগে শেষ হয়ে যাক তারপরে আপনি বলবেন।

**শ্রীসুধীর চন্দ্র বেরাঃ** মিঃ স্পীকার, স্যার, ঐ ব্যাপারে আমারও একটা বক্তব্য আছে।

**মিঃ স্পীকারঃ** Mr. Bera, please take your seat

**Shri Gyan Singh Sohanpal:** Mr. Speaker, Sir, I share the views pressed by the honourable Members of this House on this subject. In fact u are aware, Sir, that I am also a victim of the same sufferings. Government fully aware of the difficulties. It is really unfortunate that after so many ars of independence we have not been able to provide suitable accommodation the hohourable Members. The matter is receiving serious attention of the vernment and we let the House know soon.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্যার, আমার পয়েন্ট অব অর্ডারটা আগে শুনুন, তারপরে আপনি বলবেন। আমার পয়েন্ট অব অর্ডারটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার এবং সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভা তথা হাউসের সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি।

**Mr. Speaker :** Mr. Biswas you are a senior Member of this House. According to rule you have to give a notice to raise any matter. If you have anything to say, regarding privilege please table a privilege motion which I will consider.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** অধ্যক্ষ মহোদয়, আজকের কর্মসূচীতে অগ্রসর হবার আগে আমি আইনসভার সদস্যদের একটি অধিকারগত ছোট্ট প্রশ্ন আপনার কাছে রাখছি। স্যার, আপনি জানেন এবং বোধ হয় সমস্ত সদস্যদেরও এটা জানা আছে যে নিয়ম আছে আইনসভা যখন চলবে মন্ত্রীরা তখন কোন গুরুত্বপূর্ণ পলিসি ষ্টেটমেণ্ট, সরকারের নীতি সম্বন্ধে কোন গুরুত্বপূর্ণ ঘোষণা আইনসভার সদস্যদের সামনে না করে বাহিরে করবেন না। হয়ত অনেকের এটা খেয়াল নেই। কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে যে আইনসভা চলাকালীন মন্ত্রীরা গুরুত্বপূর্ণ পলিসি সংক্রান্ত ব্যাপার বাহিরে ঘোষণা করছেন। কাগজে এটা আমাদের পড়তে হচ্ছে এবং ঠিক রাখছেন না ভুল রাখছেন সেটা আমরা বুঝতে পারছি না। আমি এটা কোন অভিযোগ হিসাবে তুলছি না, আপনার মারফতে এটা শুধু মন্ত্রীদের স্মরণ করিয়ে দিচ্ছি যে আইনসভা যত ক্ষণ চলবে ততক্ষণ পলিসি সংক্রান্ত কোন গুরুত্বপূর্ণ ঘোষণা আইনসভার সামনে না করে বাহির করবেন না।

**মিঃ স্পীকার ঃ** মিঃ মুখার্জি আপনি যেটা পয়েন্ট আউট করেছেন সেটাই নিয়ম এবং নিশ্চয়ই মন্ত্রীসভার সদস্যদের বিধানসভা চলাকালীন যদি তাঁদের পলিসি ষ্টেটমেণ্ট করতে হয় তাহলে আমাদের হাউসের মাননীয় সভা যাঁরা আছেন তাঁরাই সেটা প্রথম শুনবার অধিকারী এবং এখানেই সেটার এ্যানাউন্সমেণ্ট হবে এবং এই নিয়মই অনুসৃত হয়ে এসেছে এবং এটাই হওয়া দরকার। আমার মনে হয় মন্ত্রীমণ্ডলী এবিষয়ে সজাগ দৃষ্টি দেবেন।

## OATH OR AFFIRMATION

**Mr. Speaker :** Hon'ble Members, if any of you who have not yet made an oath or affirmation of Allegiance, may kindly do so.

## STARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

### শিক্ষাব্যবস্থার পরিবর্তন

*১৩ (অনুমোদিতপ্রশ্ন নং *৭)। **শ্রীঅশ্বিনী রায় ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও কলেজ স্তরে শিক্ষাব্যবস্থা ও পদ্ধতি ( এডুকেশনাল রিফর্মস ) পরিবর্তনের ( সংস্কার ) কথা সরকার বিবেচনা করিতেছেন ; এবং

( খ ) সত্য হইলে, এ বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ**

( ক ) এই সম্বন্ধে সরকার এখনই কিছু বিবেচনা করছেন না।

( খ ) প্রশ্ন উঠে না।

**শ্রী অশ্বিনী রায়ঃ** বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এ নিয়ে ছাত্রদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ, বিশৃঙ্খলা আছে এবং পরীক্ষা ব্যবস্থায় এই যে বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে এটা সম্বন্ধে আপনি কি কিছু বিবেচনা করছেন না এবং এটা আর্জেন্সী হিসাবে,জরুরী হিসাবে তাড়াতাড়ি বিবেচনা করবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ**—বিবেচনা করবার জন্য সবরকম প্রস্তুতি নেওয়া হচ্ছে এবং যথাসম্ভব শীঘ্র বিবেচনা করা হবে।

**শ্রী অশ্বিনী রায়ঃ** উচ্চ মাধ্যমিক পরীক্ষাগুলির ব্যাপারে যতদূর জানি যে এই ব্যবস্থাপনার ভেতরে অধিকাংশ শিক্ষক গার্ড দেবার ক্ষেত্রে তাদের অস্বীকৃতির কথা জানিয়েছেন। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত শিক্ষক বা যাঁরা গার্ড দেবেন পরীক্ষাগুলি ভালোভাবে চালাবার জন্য তার জন্য কি সরকার চিন্তা করে কোন ব্যবস্থা গ্রহণ করছেন ?

**শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** এ বিষয়টা সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী অশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্পর্কে কি বিস্তারিত বলতে পারেন? কারণ তা পারলে আমরা খুশি হব।

**Mr. Speaker** : The question need not be answered.

**শ্রী নিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি কি অবগত আছেন যে পরীক্ষাগুলিতে গণ-টোকাটুকি আরম্ভ হয়েছে ?

**Mr. Speaker :** That question does not arise.

**শ্রী পরেশচন্দ্র গোস্বামীঃ** ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস-চানসেলার সম্প্রতি মাধ্যমিক শিক্ষার ষ্ট্রাকচার সম্বন্ধে একটা পরিবর্তনের কথা বলেছেন এবং আমাদের এডুকেশান সেক্রেটারী মহাশয় এই মর্মে এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত করে মাধ্যমিক শিক্ষাকে ১১ স্তর থেকে ১০ স্তরে নিয়ে আসবার সুপারিশ করেছেন, এটা মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি ?

**শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** এ বিষয়ে এখনও সিদ্ধান্ত হয়নি, বিষয়টা বিবেচনাধীন আছে।

## জেলে সংঘর্ষে নিহত ও আহত বন্দীর সংখ্যা

*১৪ ( অনুমোদিত প্রশ্ন নং *১১ )। **শ্রীনিতাইপদ সরকারঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দুই বৎসরে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে কারারক্ষী-কয়েদী ও কয়েদী-কয়েদী সংঘর্ষে কতজন বিচারাধীন বন্দী নিহত ও কতজন আহত হইয়াছেন ;

(খ) কোন্ কোন্ জেলে এরূপ ঘটনা ঘটিয়াছে ;

(গ) কোন্ কোন্ সংঘর্ষের ঘটনার জন্য তদন্ত কমিশন গঠন করা হইয়াছে ; এবং

(ঘ) উহাদের মধ্যে কতগুলি কমিশন এ পর্যন্ত রিপোর্ট দাখিল করিয়াছেন ?

**Shri Gyan Singh Sohanpal :** (a) Total number killed—41. Total number injured--400.

(b) Midnapore, Berhampore, Dum Dum and Alipore Central Jail, Presidency Jail, Asansol Special Jail, Alipore Special Jail, Suri District Jail, Purulia District Jail and Hooghly District Jail.

(c) Commissions of Inquiry were set up in respect of incidents in the Alipore Central Jail and Asansol Special Jail.

(d) Both the aforesaid Commissions have since submitted their reports.

**শ্রীনিতাইপদ সরকার :** নিহত এবং আহতের সংখ্যা ৪০০ বলেছেন। মাননীয় মন্ত্রি-মহাশয় কি জানাবেন এর মধ্যে কতজন নিহত এবং কতজন আহত হয়েছেন ?

**শ্রীজ্ঞানসিং সোহানপাল ঃ** সেটা বলা হয়েছে।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বিভিন্ন জেলে সংঘর্ষে যাঁরা নিহত হয়েছেন তাঁরা সকলেই কি নকশালপন্থী বলে পরিচিত ?

**শ্রীজ্ঞানসিং সোহানপাল :** অনেক রকম আছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, নকশালপন্থী ছাড়া কোন সাধারণ কয়েদী নিহত হয়েছেন কি না ?

**Mr. Speaker :** The answer is there.

**শ্রীলক্ষীকান্ত বসু ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাঁরা নিহত হয়েছেন তারজন্য কোন ক্ষতিপূরণ সরকার দিয়েছেন কি না ?

**শ্রীজ্ঞানসিং সোহানপাল ঃ** না।

**শ্রীলক্ষীকান্ত বসু ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ক্ষতিপূরণ দেওয়া সরকারের কর্তব্যের মধ্যে কি না ?

**Mr. Speaker :** That question does not arise.

## কাঁথি মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহ

*১৫ ( অনুমোদিত প্রশ্ন নং *১৯ )। **শ্রীসুধীরচন্দ্র দাশ ঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) কাঁথি মহকুমায় এ বছরের বন্যায় কোন্ কোন্ ব্লকে কতগুলি গৃহ বিধ্বস্ত হইয়াছে ;

(খ) এই বিধ্বস্ত গৃহগুলি নির্মাণের জন্য কোন্ কোন্ ব্লকে কত টাকা অনুদান ও ঋণ বাবদ দেওয়া হইয়াছে ;

(গ) ইহা কি সত্য যে, বন্যায় বিধ্বস্ত বহু গৃহের মালিক এখনও কোন অনুদান পায় নাই ; এবং

(ঘ) সত্য হইলে--

(১) কোন্ ব্লকে কতগুলি ক্ষেত্রে এইরূপ হইয়াছে,

(২) ইহার কারণ কি, এবং

(৩) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ**

**(ক) ও (খ)** একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) ও (ঘ) বন্যাবিধ্বস্ত গৃহাদি সংস্কারের জন্য প্রয়োজন অনুপাতে আর্থিক অপ্রতুলতার জন্য কিছু সংখ্যক ব্যক্তিকে অনুদান দেওয়া সম্ভব হয় নাই,রাজ্যসরকার এ বিষয়ে সম্পূর্ণ সচেতন আছেন এবং ইতিপূর্ব্বেই অধিকতর সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। সময়ের অভাবে ব্লক ভিত্তিক তথ্য এখনও সংগ্রহ করা সম্ভব হয় নাই।

শ্রীসুধীরচন্দ্র দাস, এম. এল. এ. কর্তৃক উত্থাপিত *১৯নং বিধানসভা প্রশ্নের (ক) ও (খ) অনুচ্ছেদে বর্ণিত বিবরণী

| ব্লকের নাম | বন্যায় বিধ্বস্ত গৃহের সংখ্যা | গৃহনির্মাণ অনুদান | গৃহনির্মাণ ঋণ |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| কাঁথি—১ | ৪২০০ | ৪৭,৫৬০ | ৬০,০০০ |
| কাঁথি—২ | ৩৭০০ | ২২,৭১০ | ১৪,০০০ |
| কাঁথি—৩ | ৩৪৮০ | ৩৬,১৮৫ | ৩৩,০০০ |
| এগ্রা—১ | ৯৫০ | ১০,১২৫ | ১৬,০০০ |
| এগ্রা—২ | ৪৯০০ | ৬৬,৭৮৫ | ২০,০০০ |
| রামনগর—১ | ১০০০ | ১৫,৭৯৫ | ২১,০০০ |
| রামনগর—২ | ২০৩০ | ১৪,২৩৫ | ২১,০০০ |
| ভগবানপুর—১ | ২৫০৮ | ২৮,৩৬০ | ৩২,০০০ |
| ভগবানপুর—২ | ১৮০০ | ২১,০৫০ | ২৩,০০০ |
| পটাশপুর— | ১৭০০ | ২২,৯৩৪ | ৩৫,০৫০ |
| খেজুরি— | ১৩৩০ | ১৪,৮৫৫ | ২০,০০০ |

[ 1.20—1-30 p. m. ]

**শ্রীসুধীরচন্দ্র দাস:** এই যে অনুদান এবং ঋণ যেটা দেওয়া হয়েছে যাদের ঘর মাটির ঢিপির উপর বসে আছে অথচ একেবারে ভাঙ্গে নাই এইরকম বহু লোক পেয়েছেন এইরকম সংবাদ মাননীয় মন্ত্রিমহাশয় পেয়েছেন কি?

**শ্রীসন্তোষকুমার রায়:** এ সম্বন্ধে সরকারের কাছে কোন তথ্য নাই। তবে মাননীয় সদস্য যদি জানান তাহলে এ সম্বন্ধে নিশ্চয়ই তদন্ত করা হবে।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** যে সমস্ত ঘর বিধ্বস্ত হয়েছে সরকার অর্থাভাবে তাদের ক্ষতি পূরণ দিতে পারেন নি, না অন্য কোন কারণে?

**শ্রীসন্তোষকুমার রায়:** এর আগে প্রশ্নের জবাবে বলেছি যে পরিমাণ অর্থের প্রয়োজন সেই পরিমাণ অর্থ পাওয়া যায়নি বলে সবাইকে সাহায্য বা ঋণ দেওয়া যায়নি। কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করা হয়েছে অধিকতর অর্থ সাহায্যের জন্য।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** সরকার কি অবগত আছেন যে সমস্ত গ্রামে বন্যায় ঘর বিধ্বস্ত হয়েছে তাদের লিষ্ট এখনও হয় নি?

**মিঃ স্পীকার:** This question does not arise.

**শ্রীসুধীরচন্দ্র দাস :** মাননীয় মন্ত্রিমহাশয় আশ্বাস দিলেন যে ওঁরা তদন্ত করে দেখবেন। আমরা সফর করে দেখেছি এই রকম গুরুতর অন্যায় করা হয়েছে যে যাদের ঘর ভেঙ্গে গেছে তারা পায়নি, যাদের ঘর ভাঙ্গেনি তারা পেয়েছে। এইগুলি তদন্ত করে এরজন্য যারা দায়ী তাদের শাস্তি দেওয়ার জন্য সরকার অগ্রসর হবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় সদস্যগণ বোধ হয় জানেন যে আমাদের সরকারের নীতি হল দুর্নীতি দূর করা। সুতরাং এ সম্বন্ধে যদি কোন উল্লেখ করতে পারেন এবং যদি প্রমাণিত হয় তাহলে নিশ্চয়ই তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে।

**শ্রীআনন্দগোপাল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই ঘর তৈরির জন্য ঋণ বা সাহায্য আবেদন করবার কতদিন পরে দেওয়া হয়েছে এবং সেই পিরিয়ডের মধ্যে যারা যেমন করে হোক একটা চালা টাঙিয়ে নিয়েছিল সেই কারণে তাদের কোন সাহায্য দেওয়া হয়নি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** এ প্রশ্ন উঠে না, এখানে প্রশ্ন করা হয়েছে কাঁথি সম্বন্ধে।

**শ্রীআনন্দগোপাল মুখার্জী ঃ** এই কাঁথির ব্যাপার। আবেদন করবার কতদিন পরে সাহায্য দেওয়া হয়েছে এবং সেই পিরিয়ডের মধ্যে যারা মাথার উপর একটা চালা টাঙিয়ে ছিল তারা পায়নি একথা সত্য কিনা ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** আবেদন করার সংগে সংগেই পায়না। ওখানকার স্থানীয় কর্তৃপক্ষ এগুলি তদন্ত করে এখানে জানালে মঞ্জুর হবে। আমি আগেই বলেছি যত টাকার প্রয়োজন সেই টাকার মঞ্জুরী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে না পেলে সবার আবেদন স্থানীয় কর্তৃপক্ষ বিবেচনা করতে পারেন না।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই প্রসঙ্গে বিভিন্ন জনকে বিভিন্ন রকম সাহায্যের পরিমাণ দেওয়া হয়েছে এবং এটা কেন হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** বিভিন্ন লোককে বিভিন্ন সাহায্যের পরিমাণ দেওয়ার কারণ যর যেটা বিধ্বস্ত হয়েছে তার ক্ষতির পরিমাণ অনুযায়ী। ক্ষতির পরিমাণ কম হলে কম দেওয়া হয়েছে, ক্ষতির পরিমাণ বেশী হলে বেশী দেওয়া হয়েছে।

## মৎস্য বন্দর

*১৬ (অনুমোদিত প্রশ্ন নং *৯৪)। **শ্রীশেক দৌদল আলি :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ডায়মণ্ড হারবার থানার অন্তর্গত 'রায়চকে প্রস্তাবিত মৎস্য বন্দরের কাজ কবে থেকে শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীঅরুনকুমার মৈত্র ঃ**

কাজটি ভারত সরকারের পক্ষে কলিকাতা বন্দর কর্তৃপক্ষ করিবেন। এ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুযায়ী নির্মাণ কার্য সুরু করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হইয়াছে এবং শীঘ্রই নির্মাণ কার্য সুরু হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীশেখ দৌলত আলি :** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই সম্পর্কে বিস্তারিত তথ্য জানাবেন--- এই প্রকল্পের ব্যাপারে ?

**শ্রীঅরুণকুমার মৈত্র :** এই প্রকল্পটি হল বে-সরকারী উদ্যোগে গভীর সমুদ্রে মাছ ধবার প্রকল্প। ভারত সরকারের সমুদ্রে জাহাজ চলাচল, মাছ ধরা আইস বার্জ কোলড ষ্টোরেজ ইত্যাদির সুবিধাদেবার জন্য প্রকল্পে ভারত সরকার এতে ১ কোটি ৫১ লক্ষ টাকা মঞ্জুরী দিয়েছেন। তাতে এই মৎস্য বন্দরের নির্মাণ কার্য হবে। কলকাতার পোর্ট কমিশানার কর্তৃপক্ষ এই সমস্ত ফিজিং প্ল্যান্ট, ফিস মিল প্ল্যান্ট মঞ্জুরী ইত্যাদি ভারত সরকারের কাছ থেকে পান নি। এগুলি ভারত সরকারের পক্ষ থেকে করবার চেষ্টা চলছে।

## রবীন্দ্র সদন, বহরমপুর

* ১৭ (অনুমোদিত প্রশ্ন নং *২৫)। **শ্রীশংকরদাস পাল :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহার অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) বহরমপুরে রবীন্দ্র সদনের নির্মাণকার্য বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) কবে নাগাদ উহা শেষ হইবার কথা ছিল ;

(গ) দেরী হইয়া থাকিলে উহার কারণ কি ; এবং

(ঘ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) ছাদ ব্যতীত বহরমপুর রবীন্দ্র ভবনের সমস্ত অংশেরই নির্মাণ কার্য সম্পন্ন হয়েছে।

(খ) শেষ হবার কোন নির্দিষ্ট সময় ছিল না। তবে টেক্নিক্যাল কোন অসুবিধা না থাকলে বহু পূর্বেই নির্মাণ কার্য শেষ হয়ে যেত।

(গ) যে ঠিকাদারগণ নির্মাণ কার্যের জন্য নিযুক্ত হয়েছিলেন ও তাঁরা ছাদের ষ্টীল ফ্রেম লাগাতে অক্ষম হওয়ায়, তাঁদের জমা টাকা (earnest money) বাজেয়াপ্ত করা হয়েছে। তারপর আর কোন ঠিকাদারই এই কাজ নিতে সাহস করে নি। এ বিষয়ে পূর্ত বিভাগের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

(ঘ) পূর্ত বিভাগের কর্তৃপক্ষকে মার্টিন বার্ণ বা অনুরূপ কোন সংস্থার সঙ্গে যোগাযোগ করার অনুরোধ করা হয়েছে।

## বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় টেষ্ট রিলিফ

*১৮ (অনুমোদিত প্রশ্ন নং *৬৪) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত লোকেদের সাহায্য জন্য সরকার টেষ্ট রিলিফের কোন ব্যবস্থা করিয়াছেন কি না ; এবং

(খ) করিয়া থাকিলে তাহা কি রকম ?

**শ্রীসন্তোষকুমার রায় :**

(ক) যথা সম্ভব করা হইয়াছে ও হইতেছে।

(খ) রাস্তা মেরামত ও নির্মাণ, ভেড়ী-বাঁধ বড়ো-বাঁধ মেরামত ও নির্মাণ ও স্কুল গৃহ নির্মাণ ও মেরামত, ছোট-ছোট খাল সংস্কার ইত্যাদি ইত্যাদি।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যথাসম্ভব করা হইয়াছে এবং হইতেছে এটা কি ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** যথাসম্ভব মানে আমরা যে অর্থগত বছর মঞ্জুর করেছি টেষ্ট রিলিফ বাবদ মেদিনীপুর জেলায় সেই কাজ সম্পূর্ণ হয় নি। সেই জন্য বলছি যে যেখানে যা প্রয়োজন সেই কাজ যথাসম্ভব করা হচ্ছে।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই কথা জানেন যে এই একই সময়ের মধ্যে ১৯৬৯—৭০-এ যখন রেজশক খাঁ মন্ত্রী ছিলেন এই একই সময়ের মধ্যে তাঁরা যথাসম্ভব এটা বর্তমানে করা হয়েছে তার ১০গুণ বলে বিবেচনা করেছিলেন এবং তার দশ গুণ করা ইতিমধ্যে হয়ে গিয়েছিল।

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** এই সমন্ধে আমি নিশ্চয়ই তথ্য সংগ্রহ করবো আগের মন্ত্রীরা কি চিন্তা করে গেছেন, তা জানার।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** এটা কি আশা করতে পারি যে এই বিবেচনা বর্তমানে যথা সম্ভব এই ধারণার আমূল পরিবর্তন করবেন এবং ঐ বিধ্বস্ত অবস্থার কথা বিবেচনা করে সত্যকারের যথাসাধ্য ব্যবস্থা করবেন ঐ মেদিনীপুর অঞ্চলে ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** এই কথা বলতে পারি যে মন্ত্রিসভা ত্রাণ ব্যবস্থা সম্পর্কে অতি শীঘ্র একটি সিদ্ধান্ত নেবেন। এই আশাও আপনাদের দিতে পারি যে মন্ত্রিসভা দুঃস্থ মানুষের কথা চিন্তা করেই যথাসম্ভব ত্রাণ ব্যবস্থা করবেন।

[1-30—1-40 p.m.]

**শ্রীকানাইলাল ভৌমিকঃ** গত বছর যত টাকা বরাদ্দ করা হয়েছিল সে টাকা খরচ হয়নি। সেজন্য যথা সম্ভব কাজ হয়েছে বলে ধরে নিয়েছেন। এটা যেহেতু খরচ হয়নি বলে ধরে নিয়েছেন, না প্রয়োজন মত হয়েছে বলে ধরে নিয়েছেন ?

**শ্রীসন্তোষ রায়ঃ** আমার কাছে যে তথ্য আছে তাতে সবগুলি Scheme করা সম্ভব বলে স্থানীয় কর্তৃপক্ষ মনে করছেন সেসব Scheme চালু করা হয়েছিল। সেজন্য বলছি যে পরিমাণ অর্থ বরাদ্দ ছিল তা ব্যয়িত হয়নি এবং সেই কারণেই বলেছি যত শীঘ্র সম্ভব T. R.-এর কাজ ঐ এলাকায় করা হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** এটা কি জানেন যে came-এর গমের অভাবে T. R.-এর কাজ সেখানে হচ্ছে না ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** আপনার বক্তব্যের সঙ্গে আমি সম্পূর্ণ একমত হতে পারছি না। কারণ মেদিনীপুর জেলা সম্বন্ধে আগেই বলেছি যে পরিমাণ বরাদ্দ ছিল তা সম্পূর্ণ ব্যয়িত হয়নি। সুতরাং গমের অভাবে ব্যয়িত হয়নি একথা মনে করছি না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** T. R.-এর ব্যাপারে D. M.-এর কাছে গেলে তাঁরা একথা বলল না গম নেই বলে সব জায়গায় sanction হয়ে কাজ বন্ধ হয়ে আছে। লোকে T. R.-এ কাজ পাচ্ছে না। সেজন্য বলছি বরাদ্দ করা হয়েছে খরচ হয়নি এ কথাটা একটু তলিয়ে দেখবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় :** এ বিষয়ে নিশ্চয় অনুসন্ধান করব। তবে পরবর্তী যে প্রশ্ন আছে তার জবাব পেলে অনেক তথ্য জানতে পারবেন।

## বন্যাবিধ্বস্ত এলাকায় টেষ্ট রিলিফ

*১৯ (অনুমোদিত প্রশ্ন নং *৭৬)। **শ্রীসুধীরচন্দ্র দাশ :** ত্রাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) মেদিনীপুর জেলায় গত বছর বন্যায় বিধ্বস্ত কোন্ কোন্ মহকুমায় টেষ্ট রিলিফের কাজ চালু হইয়াছে ;

(খ) এ পর্যন্ত কোন্ কোন্ মহকুমায় কত টাকা টেষ্ট রিলিফের জন্য খরচ হইয়াছে ;

(গ) মেদিনীপুর জেলায় টেষ্ট রিলিফের কার্যের জন্য এ পর্যন্ত কত টাকা মঞ্জুর করা হইয়াছে এবং

(ঘ) ঐ সকল বন্যাবিধ্বস্ত এলাকায় টেষ্ট রিলিফের কার্য কতদিন পর্যন্ত চালু রাখা হইবে ?

**শ্রীসন্তোষকুমার রায় :**

(ক) সদর উত্তর ও দক্ষিণ, তমলুক, ঘাটাল ও কাঁথি মহকুমা।

(খ) (১) সদর উত্তর ৩,৬৪,০০০ টাকা ও সমমূল্যের "কেয়ারের" গম।

(২) সদর দক্ষিণ ৩,৩০,০০০ টাকা ও সমমূল্যের "কেয়ারের" গম।

(৩) কাঁথি ৪,৪০,০০০ টাকা ও সমমূল্যের "কেয়ারের" গম।

(৪) তমলুক ৪,৫১,০০০ টাকা ও সমমূল্যের "কেয়ারের" গম।

(৫) ঘাটাল ৩,৫৫,৯৮০ টাকা ও সমমূল্যের "কেয়ারের" গম।

(গ) মোট ২২,০০,০০০ টাকা ও সমমূল্যের "কেয়ারের" গম মঞ্জুর করা হইয়াছে।

(ঘ) বর্ষার আগে পর্যন্ত স্থানীয় প্রয়োজনে যত দিন চালু রাখা দরকার হবে।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** যতদিন সম্ভব চালু রাখা সম্ভব হবে এই যে বললেন তাহলে টাকার ব্যবস্থা কি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে এটা চালু রাখার জন্য এই আশ্বাস কি দিতে পারেন ?

**শ্রীসন্তোষকুমার রায় :** আমি আগেই বলেছি আমরা দুঃস্থ মানুষদের এবং আমাদের সীমিত অর্থ বরাদ্দের কথা চিন্তা করে সমস্ত ত্রাণ ব্যবস্থা সম্বন্ধে মন্ত্রিসভা শীঘ্র একটা সিদ্ধান্ত নেবেন। তবে এটুকু বলতে পারি যে সত্যিকারের দুঃস্থ মানুষ যদি না খেয়ে থাকেন তাহলে তাঁদের কাজ দেবার ব্যবস্থা এই সরকার নিশ্চয় করবেন।

**শ্রীআবদুলবারি বিশ্বাস :** T. R. Scheme-এর কাজ প্রথমে অঞ্চল পঞ্চায়েৎ থেকে ব্লক অফিস, ব্লক অফিস থেকে Sub.-Divisional Office-এ যাবে। এইভাবে ৩।৪টি দরজা দিয়ে পাশ করাতে গিয়ে অনেক T. R. Scheme-এর কাজ feasibility থাকা সত্ত্বেও মঞ্জুর করার কাজে দেরী হওয়ায় অনেক ক্ষতি হয় এটা কি স্বীকার করেন ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিজে পশ্চিমবাংলার গ্রামাঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি। এই পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে ত্রাণ ব্যবস্থার যে সমস্ত ক্রটি আছে আমরা সেই সমস্ত দূর করবার কথা চিন্তা করছি। টেষ্ট রিলিফের ব্যাপারে যে সমস্ত অসুবিধা আছে সেই সব অসুবিধা যাতে না ঘটতে পারে তারজন্য সরকার চিন্তা করছেন। সিদ্ধান্ত ঠিক হয়ে গেলে সদস্যদের অবগতির জন্য ত্রাণ ব্যবস্থা কিভাবে কার্য্যকরী হবে সেই পরিকল্পনা পেশ করবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মন্ত্রিমহাশয়কে অনুরোধ করি তিন চারটে দরজা পাশ করিয়ে রিলিফ মঞ্জুরীর যে ব্যবস্থা আছে তা বদলে ব্লক ডেভেলপমেণ্ট অফিসারকে টাকা দিয়ে এবং স্কীম গ্রহণ এবং মঞ্জুরীর ক্ষমতা এবং শক্তি তাদের হাতে দেবেন কি?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** আমার দপ্তর সেই সম্পর্কে পর্য্যালোচন করছেন। আমরা যে সমস্ত অসুবিধা দেখেছি তা দূর করার জন্য যে সমস্ত ব্যবস্থা নেবো সেগুলো সদস্যদের অবগতির জন্য পেশ করবো।

**শ্রীমতী ইলা মিত্রঃ** সংশ্লিষ্ট মন্ত্রী যখন বলেছেন রিলিফের ব্যাপারে ক্রটি আছে আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই সম্প্রতি আমি মালদহ গিয়েছিলাম। সেখানে হাউস বিলডিংস লোন একটা লোকও পায়নি এবং একটা লোকও কাপড় পাইনি, বন্যার জন্য যে কাপড় দেওয়া হয়েছিল। অনেকগুলো গ্রামে আমি ঘুরে ঘুরে দেখে এসেছি। মন্ত্রিমহাশয় কি একটু তদন্ত করে দেখেবেন যে কেন একটা লোকও এইসব পেলো না?

**Mr. Speaker.:** The question does not arise.

### Persons connected with anti-social activities detained in jails

*20. (Admitted question No. *90;) **Shri Md. Idris Ali:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the number of persons etained in connection with anti-social activities during 1971-72 upto 24th March, 1972 (district-wise), and

(b) the number of deaths in jail from amongst them during the said period?

**Shri Gyan Singh Sohanpal:**

(a) 6821

**A statement showing the district-wise break-up is laid on the table.**

(b) 24 (twenty four)

Statemeut showing the number of persons detained under che P. V. A. Act and MISA during 1971-72 upto 24th March, 1972 (district-wise).

| District. | No. of dersons detained. |
|---|---|
| 24-Parganas | 700 |
| Howrah | 427 |
| Nadia | 160 |
| Murshidabad | 176 |
| Bnrdwan | 931 |
| Birbhum | 274 |
| Bankura | 98 |
| Midnapore | 109 |
| Hooghly | 797 |
| Purulia | 42 |
| Jalpaiguri | 159 |
| Darjeeling | 90 |
| West Dinajpur | 90 |
| Malda | 120 |
| Cooch Behar | 113 |
| Caluctta | 2538 |
| Total | 6821 |

**Shri Mohammad Idris Ali :** Will the Hon'ble Minister-in-Charge be pleased to state what are the reasons of such deaths ?

**Shri Gyan Singh Sohanpal :** I require notice.

**Mr. Speaker :** Questions Nos 21 and 22 are held over.

## জবরদখল কলোনীতে জমির স্বত্বদান

*২৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৮৩ )। **শ্রীসোমনাথ লাহিড়ী :** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জবরদখল বাস্তহারা কলোনিগুলিতে বসবাসকারী পরিবারদের জমির স্বত্বদান সম্পর্কে সরকার কোন সিদ্ধান্ত লইয়াছেন কি ; এবং

(খ) সিদ্ধান্ত লইয়া থাকিলে তাহার বিশদ বিবরণ জানাইবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় :** (ক) বৈধকরণ যোগ্য জবরদখল কলোনীগুলির ক্ষেত্রে জমির স্বত্বদানের সিদ্ধান্ত হইয়াছে ;

(খ) যে সকল প্রকৃত উদ্বাস্তু পরিবার ১৯৫০ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে জবরদখল কলোনীতে বসতি স্থাপন করিয়াছেন আপাততঃ তাঁহাদিগকে জমির স্বত্বদানের সিদ্ধান্ত লওয়া হইয়াছে। উক্ত নিরিখে পশ্চিমবঙ্গের ১৪৯টি জবরদখল কলোনী বৈধকরণ যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে।

জবরদখল কলোনীর ভূমি অধিগ্রহণ ও উন্নয়নের আনুপাতিক ব্যয় মূল্য হিসাবে জমা দিলে জমির স্বত্বদানের ব্যবস্থা আছে। অবশ্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন সংক্রান্ত ব্যয় ৩১শে মার্চ, ১৯৬৪ তারিখের মধ্যে নির্বাহিত হইয়া থাকিলে জবরদখলকারীর পক্ষে দেয় মূল্যের কিছু অংশ মুকুব করার ব্যবস্থা হইতেছে।

জমির স্বত্বলাভের জন্য প্রতিটি পরিবারকে সরকারের নিকট স্বতন্ত্রভাবে আবেদন করিতে হয়।

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীসোমনাথ লাহিড়ী :** আপনাদের নীতিটা কি ? সরকারী বা আধাসরকারী জমির জবরদখল সম্বন্ধে প্রযোজ্য হবে কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় :** আমার যতদূর মনে হচ্ছে যে সমস্ত বেসরকারী জবরদখল কলোনী সেই ব্যাপারেই সিদ্ধান্ত হয়েছে।

**শ্রীসোমনাথ লাহিড়ী :** সরকারী আধাসরকারী বা পাবলিক বডিস জমি জবরদখল করার সম্বন্ধে কোন সিদ্ধান্ত নেবার কথা বিবেচনা করছেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় :** আমরা পশ্চিমবাংলার যেসমস্ত পুরাতন উদ্বাস্তু যে বাড়ীতে আছে তাদের স্বত্ব দেবার বিষয়টা পর্যালোচনা করে দেখছি এবং শীঘ্রই বিষয়টা বিবেচনার করবার জন্য মন্ত্রিসভার কাছে উপস্থিত করবো তারপর আপনাদের কাছে পেশ করবো।

**শ্রীসোমনাথ লাহিড়ী :** জমির অধিগ্রহণ-এর ব্যয়ের কথা বলেছেন। কিভাবে তার সাব্যস্ত করবেন ?

**শ্রীসন্তোষ রায় :** এটা পুরানো আইন। ল্যাণ্ড আকুইজিসন কালেকটার যে ভ্যালু ঠিক করবে।

**শ্রীসোমনাথ লাহিড়ী :** সংবিধান সংশোধন করে যে নতুন অ্যাক্ট গৃহীত হয়েছে সম্প্রতি পার্লামেণ্টে যার দ্বারা অধিগ্রহণের খরচা সম্বন্ধে মার্কেট ভ্যালু হতে পারে আবার নাও হতে পারে আপনারা কি এখানে সেই রকম কোন আইনের কথা ভাবছেন খরচা কমানোর জন্য ?

**শ্রীসন্তোষ রায় :** আমি এর আগেই বলেছি যে সমস্ত উদ্বাস্তুদের বাস্তু জমির উরি স্বত্ব দেবার বিষয়টি আমরা পর্যালোচনা করে দেখছি তার মধ্যে সংবিধান সংশোধনের বিষয়টাও বিবেচনা করা হচ্ছে।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী:** ১৯৫০ সালের আগে তাদের স্বত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কতগুলি স্বত্ব দান করা হয়েছে?

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় সদস্য আমার বক্তব্য নিশ্চয় বুঝতে পেরেছেন যে এই বিষয়টা কেন্দ্রীয় সরকার আগে করতেন যা নির্দেশ ছিল সেই ব্যবস্থাই গ্রহণ করা হয়েছিল আমি আজকে সেই উওরটাই দিয়েছি। আমাদের নতুন সরকার সকল উদ্বাস্তুদের বসত জমি প্রভৃতি সমস্ত বিষয়টা পর্যালোচনা করে দেখছি এবং এ সম্বন্ধে আমরা যে সিদ্ধান্ত নেব এবং আপনাদের জানাবো

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী:** ১৪৯টি বৈধকরণ হয়েছে বলে আপনি বলেছেন। কি বেসিসে?

**শ্রীসন্তোষ কুমার রায়:** যাঁরা ১৯৬০ সালের ৩১ শে ডিসেম্বরের মধ্যে জবরদখল কলোণীতে বস্তি স্থাপন করছেন তাঁদেরই কেন্দ্রীয় সরকার বৈধকরণ করেছেন।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী:** বাদবাকী উদ্বাস্তুদের বিষয় আপনারা কি চিন্তা করছেন?

**শ্রীসন্তোষ কুমার রায়:** আমি বলেছি যে সরকার সমস্ত বিষয়টি পর্যালোচনা করে দেখছেন সে সিদ্ধান্ত গৃহীত হলেই আপনাদের কাছে পেশ করবো।

**ডাঃ কানাইলাল সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের নিউ আলিপুরএ সাহাপুর, দুর্গাপুর, মাঝেরহাট এবং আমাদের সাহাপুরের কাছে ৮৫ নং ডেভালমেণ্টের নুতন উদ্বাস্তু কলোনী এই চারটি উদ্বাস্তু কলোনী এল, আই, সি, এর জমির উপর রয়েছে। আবার এল. আই. সি-এর আগে কোন কোন পার্টির কাছে তা বিক্রি করেছে, তাদের বায়না নেওয়া আছে কারো কাছে ২৫ পাসেণ্ট, কারো কাছে ৫০ পাসেণ্ট। সেখানে উদ্বাস্তুরা আছে প্রায় ১৯৪৮ সাল থেকে। তাদের আলো নেই, তাদের পায়খানা করার বন্দোবস্ত নেই, তারা মাটিতে গর্ত করে পায়খানা করে। তাদের পাশেই নিউ আলিপুর কলেজ আছে যার ফলে ওখানে ভীষণ একটি অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হয়েছে। এখানে যখন যখন সি এম ডি এ নুতন করে পায়খানা করছে তখন এখানেও সেই রকম পায়খানা করার পার্মিশন দেবেন কি?

**Mr. Speaker:** The question does not arise.

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতি অনুদান

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭)। **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) ইহা কি সত্য যে সরকার পশ্চিমবঙ্গের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতি অনুদান পরিকল্পনার অন্তর্ভুক্ত করিতে ইচ্ছুক; এবং

(খ) সত্য হইলে—

(১) কতদিনের মধ্যে বিদ্যালয়গুলিতে ঘাটতি অনুদান পৌছাবার সম্ভাবনা, এবং

(২) কোন্ সাল পর্যন্ত স্বীকৃত বিদ্যালয়গুলিকে এই অনুদানের আওতায় আনা হইবে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ**

(ক) সরকার এই সম্বন্ধে এখনও কিছু সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

(খ)—(১) এবং (২)---এখন প্রশ্ন উঠে না।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি, আমাদের মুখ্যমন্ত্রী মহাশ কিছু দিন আগে অনশনব্রত প্রধান শিক্ষকদের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং এখাে এই উত্তরের ফলে সেই প্রতিশ্রুতি ভঙ্গ হল না কি

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** আমি বোধ হয়, ৫ খানে, কথাটি ব্যবহার করেছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** প্রতিশ্রুতি যখন দিয়েছি তখন রাখতে হবে। আমরা যে প্রতিশ্রু দিই তা রাখি।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রথমে তিনি এবং পরে মুখ মন্ত্রী মহাশয়, দু'জন উপর যা দিলেন তাতে বললেন যে প্রতিশ্রুতি যা দেওয়া হয়েছে তা রাখা হবে এই বৎসরের বাজেটে এরজন্য কত টাকা ধরা হবে?

**শ্রীসির্দ্ধার্থশঙ্কর রায় ঃ** কেন্দ্রীয় সরকারের সংগে এই বিষয়ে কথা হচ্ছে। কেন্দ্রীয় সরকা টাকা দিচ্ছেন। আপনি যদি আমার প্রতিশ্রুতি পড়েন তাহলে দেখবেন সেখানে লেখা আছে যে এর জন্য একটা আইন পাশ করতে হবে যে আইনটায় আমরা বলে দেবো যে এই টাকাটা যে সমস্ত স্কুলে দেওয়া হবে তারা এই টাকাটা নিয়ে যা তা না করতে পারে আরজন্য এই আইনট পরে এই বিধান সভায় এনে পাশ করাবো। এবং পাশ করাবার পর তারা টাকা পাবে।

**শ্রীহরশঙ্কর ভট্টচার্য :** খ (২) কোন সাল পর্যন্ত স্বীকৃত বিদ্যালয়গুলি এই অনুদানে আওতায় আসবে, আশা করবো কি সমস্ত বিদ্যালয়গুলিই পাবে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সকলকেই দেওয়া হবে আশা করা যেতে পারে।

### বন্যায় ক্ষতিগ্রস্ত বনগাঁ মহাকুমার কৃষিঋণ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪)। **শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** ত্রাণ ও সমাজকল্যা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী গত ১৯৭১ সালের বন্যায় বনগা মহকুমায় ব্যাপক শস্যহানি হওয়ার পরিপ্রেক্ষিতে সার ও বীজ খরিদের জন্য সরকার এ পযন্ত কত টাকা মঞ্জু করেছেন;

(খ) এই টাকার মধ্যে কত টাকা এ পর্যন্ত বিলি করা হয়েছে;

গ) উক্ত মহকুমায় কোন্ থানার কোন্ ব্লকে মোট কত টাকা বিলি হয়েছে, এবং

(ঘ) ঐ টাকা বিলির পদ্ধতি কি?

**শ্রীসন্তোষকুমার রায় :**

(ক) গত ১৯৭১ সালের বন্যায় বনগাঁ মহকুমার শস্যহানির পরিপ্রেক্ষিতে শস্যবীজ খরিদে জন্য সরকার মোট তিনলক্ষ টাকা মঞ্জুর করিয়াছেন।

(খ) মোট তিনলক্ষ টাকাই বিলি করা হইয়াছে।

(গ) উক্ত টাকার মধ্যে এই মহকুমার তিনটি থানা ব্লকে নিম্নলিখিত টাকা বিলি করা হইয়াছে।

(১) বনগাঁ থানা ব্লক—১,২৬,০০০·০০

(২) বাগদা থানা ব্লক—৯২,০০০·০০

(৩) গাইঘাটা থানা ব্লক—৮২,০০০·০০

(ঘ) ১৮৮৪ সালের কৃষিঋণ সংক্রান্ত আইন অনুযায়ী এইটিকে বিলি করা হইয়া থাকে।

[ 1-50—2 p.m. ]

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** আপনি এই যে বললেন তিন লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে, কত শস্য ক্ষতি হয়েছে তার কোন হিসাব বলতে পারেন কি?

**শ্রীসন্তোষ কুমার রায়:** এই প্রসঙ্গে এই প্রশ্ন উঠে না বলে এ তথ্য নাই।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** বীজ দেওয়া হয় অমনি নয়, ফসলের যে ক্ষতি হয়েছে তা পূরণ করার জন্য, সরকারী দপ্তর কি কোন হিসাব দেয়নি কত ক্ষতি হয়েছে, কি বীজ দরকার?

**শ্রীসন্তোষ কুমার রায়:** এই অভিযোগ উঠে না, এই বীজ হচ্ছে আগামী দিনে চাষ করার জন্য, আগেকার দিনে কি ক্ষতি হয়েছে সে প্রশ্ন উঠে না।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** এই যে টাকা বিলি পদ্ধতির কথা হচ্ছে এই আইন হচ্ছে লোন নিতে হলে লোনের জন্য বণ্ড দেওয়ার প্রশ্ন আছে, খাজনা শোধ করতে হবে। মাননীয় মন্ত্রি-মহাশয় জানেন কি আজ তিন বছর ধরে এই মহকুমা বন্যাবিধ্বস্ত হচ্ছে, আগের বছর গেছে খরা, তাই খাজনা পরিশোধ করে ঋণ পাওয়া কৃষকের পক্ষে সম্ভব কি?

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় সদস্য যে ঋণের বিষয়ে বলছেন, আমি আগেই বলেছি যে ১৮৮৪ সালের কৃষি ঋণ আইন অনুযায়ী সেটা বণ্টন করা হয়, এদের গ্রুপ লোন দেওয়ার নিয়ম।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** তাহলে কি এটাই বুঝবো যে সার এবং বীজ গ্রুপ লোন হিসাবে পাওয়া যায়?

**শ্রীসন্তোষ কুমার রায়:** এখানে যে টাকা দেওয়া হয়েছে তা বীজ কিনবার জন্য, এটা এই নিয়ম অনুযায়ীই দেওয়া হয়েছে।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** যদি এই হিসাবেই দেওয়া হয়ে থাকে তাহলে আপনি কি জানেন একজন চাষী ৫০ টাকার বেশী গ্রুপ লোন পায়না? তাহলে যে চাষীর বেশী জমি নষ্ট হয়েছে তার সম্পর্কে কি ব্যবস্থা নেবেন বলবেন কি?

**শ্রীসন্তোষ কুমার রায়:** স্যার সম্পর্কে প্রশ্ন করলে কৃষি দপ্তরে করতে হবে, ত্রাণ দপ্তর থেকে ঋণ, সাহায্য খুব বেশী দেওয়া হয়না, যা দেওয়া হয় সেটা ইমার্জেন্সী রিলিফ হিসাবে। আপনার প্রশ্নে দেখছি সার এবং বীজ দুটো সম্বন্ধেই আছে, সারের ব্যাপার আমার দপ্তর থেকে হয় না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বন্যাবিধ্বস্ত ছোট ছোট চাষীদের আজকে ধান বোনার জন্য প্রস্তুত হওয়া প্রয়োজন, কিন্তু আজকে আমার যা খবর তাতে আমার এলাকায় ৪০ কে জি ধানের মূল্য ৯০ টাকায় উঠেছে, এই অবস্থায় ছোট ছোট চাষীদের জন্য ১৮৮৪ সালের আইন অনুযায়ী ঋণ-সারের কি ব্যবস্থা করা যাবে?

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় সদস্য বোধ হয় আমার কথা ঠিক বুঝতে পারেননি। আমার বিভাগ হচ্ছে জরুরী অবস্থায় ত্রাণ ব্যবস্থা করার জন্য, কৃষি সংক্রান্ত সাহায্য যদি চান তাহলে

মাননীয় কৃষিমন্ত্রীর কাছে প্রশ্ন করবেন। আমি জরুরী অবস্থায় জন্য যে ত্রাণ ব্যবস্থা সেটা দেখি। যে আইন, সেই আইনেই এই ঋণ দেওয়া হয়েছিল ইর্মাজেন্সী রিলিফ হিসাবে।

**মি: স্পীকার:** আপনার প্রশ্ন দেখছি ফার্টিলাইজার সম্পর্কে। ফার্টিলাইজার সম্পর্কে এগ্রিকালচার মিনিষ্টার এর কাছে প্রশ্ন করতে হবে, ফার্টিলাইজার সম্পর্কিত প্রশ্নের অংশের উত্তর এগ্রিকালচার মিনিষ্টার দেবেন, আমি সেটা পাঠিয়ে দিচ্ছি ফর হিজ রিপোর্ট।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এটা ১৮৮৪ সালের আইন, এত দিনের আইন আমাদের এখনও অনুসরণ করতে হচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয় এই আইন নূতন করে ঢেলে সাজবেন কি না? এই আইন তো সেনচুরি হতে চলেছে, গোল্ডেন জুবিলী বলা যায়।

**শ্রীসন্তোষ কুমার রায়:** ইংরেজ আমলের ভাল আইনতো আমরা ছাড়িনি যদি তা কোন ত্রুটি না থাকে।

**Mr. Speaker :** Starred question No. 26 is held over

**Shri Santosh Kumar Roy** : অল্প সময়ের মধ্যে দিয়েছিল বলে আমার বিভাগ এটা উপস্থাপিত করেনি, যদি অনুমোদন করেন তো আমি বলি।

**Mr. Speaker :** No, it is held over because I have not received answer to this question.

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে অনুদান

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯)। **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতির ভিত্তিতে অনুদান মঞ্জুর করা হইতেছে কি না; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কোন বৎসর হইতে ইহা কার্যকরী হইতেছে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:**

(ক) কতগুলি বিদ্যালয়কে মঞ্জুর করা হইতেছে, বাকীগুলোকে নয়।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীনিতাইপদ সরকার:** আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন তা রাখা হবে। অথচ আপনি বলছেন নয়। আমার প্রশ্ন হচ্ছে তাহলে আপনাদের কি কোন পরিকল্পনা নেই তাদের সাহায্য করবার?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** প্রশ্ন ভবিষ্যৎ সম্বন্ধে নয়, বর্তমান সম্বন্ধে এবং উত্তর বর্তমান সম্বন্ধেই দেওয়া হয়েছে।

**শ্রীনিতাইপদ সরকার:** যে সমস্ত বিদ্যালয়গুলির এরিয়ার পাওনা ছিল সেগুলি কি দিয়ে দেওয়া হয়েছে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** এরিয়ার মাইনে দেওয়া হয় নি, দেবার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীনিতাই পদ সরকার:** এরিয়ার না দেবার ফলে শিক্ষকরা মাইনে পান না। কাজেই এই এরিয়ার তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করবেন কিনা?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** নিশ্চয়ই করব এবং করা হচ্ছে।

## সরকারী ত্রাণ সাহায্যদানের পদ্ধতি

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬)। **শ্রীশঙ্করদাস পাল:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ত্রাণ সাহায্যদানের বর্তমান হার বাড়াইবার কোন পরিকল্পনার কথা সরকার চিন্তা করিতেছেন কি, এবং

(খ) করিয়া থাকিলে পরিমাণ কত ?

**শ্রীসন্তোষকুমার রায়:** (ক) ও (খ) হ্যাঁ, খয়রাতি সাহায্যের হার বৃদ্ধির বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীশঙ্করদাস পাল:** বিবেচনাধীন আছে মানে এটা কতদিন থাকবে জানাবেন কি ? এটা ইমিডিয়েট হওয়া দরকার।

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে খয়রাতি সাহায্য দেবার পরিমাণ হাজারে ২ জন। সমস্ত বিষয়টি মন্ত্রিসভা পর্যালোচনা করে দেখছেন এবং অতি শীঘ্র আমরা আপনাদের জানাব। এর পরিমাণ বৃদ্ধি করবার কথা চিন্তা করছি।

## রামগোপালপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯)। **শ্রীঅশ্বিনী রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার গলসী থানার রামগোপালপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের গ্রন্থাগার ও বিজ্ঞান পরীক্ষাগার পুড়িয়া গিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) আনুমানিক ক্ষতি, এবং

(২) ক্ষতিপূরণের জন্য সরকার কোন ব্যবস্থা করিয়া থাকিলে তাহা কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** (ক) বর্ধমান জেলার মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শকের বিবরণী হইতে জানা গিয়াছে যে বিদ্যালয়টির আসবাবপত্র উগ্রপন্থীদের দ্বারা ক্ষতিগ্রস্থ হইয়াছে।

(খ) (১) জেলা পরিদর্শকের বিবরণী হইতে জানা গিয়াছে ক্ষতির পরিমাণ আনুমানিক ৮,২২০ টাকা।

(২) উক্ত বিদ্যালয়ের ক্ষতিপূরণের ব্যবস্থা গত আথিক বৎসরে অর্থাভাবের জন্য সম্ভব হয় নাই।

**শ্রীঅশ্বিনী রায়:** ১৯৭২ সালে সম্ভবপর হয়নি। আমার প্রশ্ন হচ্ছে ১৯৭২-৭৩ সালে গরীব স্কুলকে ক্ষতিপূরণ করা সম্ভবপর হবে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** পুরোটা না হলেও কিছু সম্ভব হবে।

**শ্রীনিতাইপদ সরকার:** মন্ত্রিমহাশয় জানেন যে বাংলাদেশের বহু বিদ্যালয়ে এরকম ঘটনা ঘটেছে। আমার প্রশ্ন হচ্ছে সেই সমস্ত ক্ষেত্রে সাহায্য দেবার কথা মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** নিশ্চয়ই করা হবে।

**শ্রীকানাই ভৌমিক :** মন্ত্রিমহাশয় বললেন বিদ্যালয়ের পরিদর্শক বলেছেন যে, নকশালপন্থীরা পুড়িয়েছে। এটা তো হোম ডিপার্টমেণ্টের ব্যাপার। উনি কি করে জানলেন যে নকশালপন্থীরা পুড়িয়েছে ?

( নো রিপ্লাই )

[ 2-00—2-10 p.m. ]

## পাঁশকুড়ায় টেষ্ট রিলিফ স্কীম

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৮১)। **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁশকুড়া ২নং ব্লকে ১৯৭১-৭২ সালে ২৫শে মার্চ পর্যন্ত কয়টি টেষ্ট রিলিফ স্কীম মঞ্জুর হয়েছে ;

(খ) ঐ ব্লকে ১৯৬৮-৬৯ সালে কয়টি টেষ্ট রিলিফের স্কীম মঞ্জুর করা হয়েছিল , এবং

(গ) এই ব্লকে টেষ্ট রিলিফের কাজ আরও জোরদার করবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**শ্রীসন্তোষকুমার রায় :** (ক), (খ) এবং (গ) : এতো অল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নি।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** মাননীয় স্পীকার মহাশয়, তথ্য যখন সংগ্রহ করা হয়নি, তখন মন্ত্রিমহাশয়কে অবগত করা যেতে পারে যে ১৯৬৯-৭০ সালে ঐ ব্লকে ৪৮টি স্কীম হয়েছিল এবং আজকের দিন পর্যন্ত ঐ ব্লকে মাত্র ৮টি স্কীম হয়েছে।

**শ্রীসন্তোষকুমার রায় :** আমি এ সম্বন্ধে নিশ্চয়ই খোঁজ করে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এবং আমি ইতিপূর্বে যে কথা বলেছিলাম যে এই ফোর টায়ার সিসটেমই বিলম্বের কারণ ?

**শ্রীসন্তোষকুমার রায় :** এই সম্বন্ধে আমি আগেই বলেছি যে সমস্ত বিষয়টা আমরা দেখছি কিভাবে কি করা যায় ?

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় স্পীকার মহাশয়, বাকী কোশ্চেনগুলো যে বাদ যাচ্ছে সেইগুলো কি হবে ?

**Mr. Speaker :** Answers will be laid down as ordinary unstarred questions.

## বেসরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের বেতন

*38. (Short Notice) (Admitted question No. *39.)

**শ্রীনিতাইপদ সরকার :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বে-সরকারী উচ্চ বিদ্যালয়গুলির শিক্ষক ও শিক্ষাকর্মিবৃন্দ—

(১) নিয়মিতভাবে এবং

(২) সরকারী নির্ধারিত স্কেলে বেতন পান না ;

(খ) সত্য হইলে, উহার কারণ কি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**Minister-in-charge Education Department :**

(ক) (১) এবং (২) বেসকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মিবৃন্দের বেতন সংশ্লিষ্ট ারিচালক সমিতি দিয়া থাকেন এবং নিয়মিতভাবে বেতন দেওয়া তাঁহাদের দায়িত্ব। এরূপ অভিযোগ আছে যে অনেক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দ নিয়মিতভাবে বেতন পা . এবং এই অভিযোগ অনেক ক্ষেত্রেই সত্য।

যে সমস্ত উচ্চ বিদ্যালয় সম্পুর্ণ ঘাটতি ভিত্তিক অনুদান পাইয়া থাকে তাহাদের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দ সরকারী নির্ধারিত স্কেল পান।

যে সমস্ত উচ্চ বিদ্যালয় থেকে অনুদান (লাম্প গ্রাণ্ট) পাইয়া থাকে এবং যে সমস্ত বিদ্যালয় নর্বাহ অনুদান (aintenance grant) পায় না সেই সমস্ত অনেক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীন্দ সরকারী নির্ধারিত স্কেলে বেতন পান না।

(খ) যে সমস্ত উচ্চ বিদ্যালয় সম্পুর্ণ ঘাটতি ভিত্তিক অনুদান পাইয়া থাকে তাহাদের শিক্ষক ও শক্ষাকর্মীবৃন্দকে নিয়মিতভাবে বেতন দিতে হইলে,

(১) যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বেতন দেয় তাহাদের বেতন নিয়মিতভাবে আদায় করা প্রয়োজন বং

:) নিয়মিতভাবে সরকারী অনুদান পাওয়া প্রয়োজন। অনেক স্কুলে ছাত্র-ছাত্রীদের বেতননিয়মিতাবে আদায় হয় না। অনুদান বৎসরে ৩ বার দেওয়া হয়। প্রথম কিস্তির অনুদান মে বা জুন সে দেওয়া হয়। দ্বিতীয় কিস্তির অনুদান সেপ্টেম্বর বা অক্টোবর মাসে দেওয়া হয়। তৃতীয় ও শেষ কিস্তিব অনুদান ফেব্রুয়ারী বা মার্চ মাসে দেওয়া হয়। প্রয়োজনীয় অর্থ পাইতে বিলম্ব ওয়ায় প্রথম কিস্তির অনুদান দিতে বিলম্ব ঘটে।

অনেক স্থলে ছাত্র-ছাত্রীদের বেতন নিয়মিতভাবে আদায় হয় না। প্রথম কিস্তির অনুদান াইতে কিছু বিলম্ব হয়। প্রধানতঃ এই দুইটি কারণের জন্যই অনেক ঘাটতি-ভিত্তিক সাহায্য প্রাপ্ত চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দ নিয়মিতভাবে বেতন পান না। অবশ্য বৎসর শেষ হবার র্বে তাঁহারা সম্পূর্ণ বেতন পাইয়া থাকেন।

যে সমস্ত বিদ্যালয় থোক্ অনুদান পাইয়া থাকে এবং যে সমস্ত বিদ্যালয় নির্বাহ অনুদান maintenance grant ) পায় না সে সমস্ত বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দের নিয়মিতভাবে তন না পাওয়ার প্রধান কারণ হইল যে ছাত্র-ছাত্রীদের বেতন নিয়মিতভাবে আদায় হয় না। ই সমস্ত বিদ্যালয়ের কর্তৃপক্ষ আর্থিক অস্বচ্ছলতার জন্য শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দকে সরকারী র্ধারিত স্কেলে বেতন দিতে পারেন না।

(গ) বিগত আর্থিক বৎসর পর্যন্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুদান শিক্ষাধিকর্তার দপ্তর লকাতা হইতে বিভিন্ন বিদ্যালয়ে পাঠান হইত। ইহাতে অনুদান প্রদানে কিছু বিলম্ব হইত।

যাহাতে অনুদান প্রদান ত্বরান্বিত করা যায় সে জন্য প্রত্যেক জেলায় মাধ্যমিক শাখার জন্য একটি জেলা বিদ্যালয় পরিদর্শকের পদ সৃষ্টি করা হইয়াছে। বর্তমান আর্থিক বৎসর হইতে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুদান জেলা বিদ্যালয়ের পরিদর্শকের অফিস হইতে দেওয়া হইবে। আশা করা যায় এই ব্যবস্থাতে অনুদান প্রদান ত্বরান্বিত হইবে। নিয়মিতভাবে বেতন দিতে হইলে ছাত্র-ছাত্রীদের বেতনও নিয়মিতভাবে আদায় হওয়া প্রয়োজন। এই সম্বন্ধে পরিচালক সমিতিরও সচেষ্ট হইতে হইবে।

**শ্রীনিতাই পদ সরকার :** মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি যে রাজ্যপাল শ্রীশান্তি স্বরূপ ধাওয়ান মহাশয়—আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে মাসের পয়লা তারিখে বা প্রথম সপ্তাহের মধ্যে বে-সরকারী উচ্চ বিদ্যালয়গুলির শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দ সরকারী ট্রেজারীর মাধ্যমে তাদের বেতনের টাকা দেওয়ার ব্যবস্থা করা সম্পর্কে তিনি বিবেচনা করবেন—এটা সত্য কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** আমি এইরকম প্রতিশ্রুতির কথা শুনেছি।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি তিনি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দের দুর্দশার কথা চিন্তা করে আগামী দিনে সরকারের দেওয়া টাকা অন্ততঃ প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে সরকারী ট্রেজারীর মাধ্যমে দেবার কথা বিবেচনা করছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** ঠিক ঐভাবে মাসের প্রথম দিনে বা প্রথম সপ্তাহের মধ্যে দেওয়া সম্ভবপর নয়। তবে যাতে নিয়মিতভাবে দেওয়া যায় তার জন্য সচেষ্ট হব।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রিমহোদয় জানেন কি কেরালা সরকার বে-সরকারী বিদ্যালয়ের শিক্ষকদের ট্রেজারীর মাধ্যমে বেতন দিচ্ছেন এবং তাঁরাও নিয়মিত তাঁদের বেতন পাচ্ছেন এ ঘটনা সত্য কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** কেরালা সরকার যা করেছেন ভাল কাজই করেছেন। আমাদেরও ঐ রকম চেষ্টা করা উচিত।

**শ্রীনিতাইপদ সরকার :** আপনার এই রকম প্রচেষ্টা কত দিনের মধ্যে ফলপ্রসু হবে বলে আমরা আশা করতে পারি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** ঠিক দিন ক্ষণ তারিখ বলা মুসকিল তবে যত শীঘ্র সম্ভব করা হবে।

**শ্রীআনন্দগোপাল মুখার্জি :** এই যে ব্যবস্থা, ব্যবস্থায় আপনার মাসের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহ পর্যন্ত D. I. থেকে আরম্ভ করে সমস্ত গভর্ণমেণ্ট মেসিনারীকে Education Deptt. এর ঐ অনুদানের Pay disbursement করতে ব্যস্ত থাকতে হয়, অথচ সেই টাকা সময়মত পাওয়া যায় না— এই ব্যবস্থা সম্বন্ধে আপনি কোন আশু সিদ্ধান্ত নেবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** এতদিনের গলদ একদিনে দূর করা যাবেনা। তবে এ সম্বন্ধে নিশ্চয়ই খুব গুরুত্ব দিয়ে আমি ব্যবস্থা করবো।

**শ্রীআনন্দগোপাল মুখার্জী :** এটাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ডিপার্টমেন্টের সব বাধা দূর করে একটা স্থায়ী ও পাকাপাকি ব্যবস্থা করবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** নিশ্চয়ই তা করবার কথা বিবেচনা করবো।

**শ্রীপ্রকাশচন্দ্র গোস্বামী :** প্রত্যেক মাসে শিক্ষক-শিক্ষিকাদের কাছে টাকা পৌছিবার প্রধান বণ্টন বিতরণ কেন্দ্রই প্রধান সমস্যা। কলকাতা থেকে টাকা পাঠাবার অসুবিধার কথা যা শুনছি তাতে সরকার পরিকল্পনা করছেন জেলায় জেলায় বিতরণ কেন্দ্র সরিয়ে বি-কেন্দ্রীকরণ করা হচ্ছে। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় আমাদের একটু অবহিত করবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** একটা ত্বরান্বিত করতে গেলে সরকারী বিতরণ কেন্দ্র বিকেন্দ্রীকরণ করতে হবে সন্দেহ নাই। নিশ্চয়ই সেই রকম একটি ব্যবস্থা অবলম্বনের কথা যত শীঘ্র সম্ভব চিন্তা করা হচ্ছে।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রিমহাশয়, কি জানাবেন যে স্কুল বা কলেজে তিন মাস বা ছয় মাসের জন্য টাকা অগ্রিম পাঠিয়ে দিলে তারা প্রতিমাসে বেতন নিয়মিত পেতে পারেন ? এবং এই বন্দোবস্ত তিনি করবেন কি ?

[ 2-10—2-20 p.m. ]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** অগ্রিম পাঠাবার কতগুলি অসুবিধা আছে এবং সেগুলি এখানে আলোচনা করা এখন সম্ভব নয়। ফাইনানসিয়াল এবং টেকনিক্যাল কতগুলি অসুবিধা আছে।

**শ্রীসরোজ কাঁড়ার :** মাননীয় মন্ত্রিমহাশয়, জানেন কি বিল ক্যাস করতে গিয়ে, ব্যাংকে গিয়ে শিক্ষক মহাশয়দের টাকা ঘুষ দিয়ে টাকা আনতে হয় ? এই রকম লজ্জাকর ব্যাপারে, মন্ত্রি-মহাশয়ের মতামত কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** এই রকম কোন অভিযোগ আমার কাছে আসে নি।

**মহঃ ইদ্রিস আলী :** মাননীয় মন্ত্রিমহাশয়, কি জানাবেন যে স্কুলে রেগুলার মাইনে হচ্ছে না, পেমেণ্ট হচ্ছে না ইত্যাদি সম্বন্ধে অনেক কিছু শুনলাম কিন্তু আজকাল স্কুলে ক্লাস হয় না, ক্লাসে পড়াশুনা হয় না—যাতে সেই কাজ হয় তার জন্য কি চিন্তা করছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** মাননীয় সদস্য এটি একটি অত্যন্ত গুরুত্বপুর্ণ বিষয়ে বলেছেন এবং আমি এই বিষয়ে চিন্তা করছি।

**শ্রীআনন্দগোপাল মুখার্জী :** এ্যারাইসিং আউট অফ দি প্রিভিয়াস এ্যানসার আপনি বললেন যে খুব সিরিয়াসলি চিন্তা করছেন। আমি আপনাকে অনুরোধ করতে পারি কি, যাতে এই বেতনের টাকা প্রতি মাসে নির্ধারিত সময়ে দেওয়া যায় তার জন্য আমরা যদি একটা কমিটি করে, এক্সপাট কমিটি করি, এবং তাদের সিদ্ধান্ত নেওয়া হয় তাহলে আমাদের একটা গুরুত্বপুর্ণ সমস্যার সুষ্ঠু, সমাধান হয়। এই বিষয় কি চিন্তা করবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সাধারণতঃ মাধ্যমিক বিদ্যালয়গুলির পরিচালনা এবং বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে কমিটি গঠনের কথা সরকার চিন্তা করছেন। তবে এই রকম পদ্ধতির কোন সিদ্ধান্ত করা হয় নি।

**শ্রীবলাইলাল সেঠ :** একই বিদ্যালয়ে দুই রকম বেতন দেওয়া হয়, যেমন হাই স্কুলের অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষকদের দেওয়া হয় ডেফিজিট গ্র্যাণ্ট আর নাইন টেন পর্যন্ত যে সব শিক্ষকদের কার্যে নিয়োগ করা হয় সিনিয়ার বেসিক স্কুলে তারা ঠিক মত বেতন পান না অথচ এখানে হাজার টাকা

করে যে গ্র্যান্ট দেবার কথা ছিল, আমি নিজে ভুক্তভোগী, তাঁরা একটি পয়সা পর্যন্ত পান না। অথচ আমরা বলেছিলাম যে ডিসেম্বর মাস পর্যন্ত সমস্ত শিক্ষকদের বকেয়া বেতন মিটিয়ে দেওয়া হবে। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি এই রকম একই স্কুলে একই যোগ্যতা সত্ত্বেও দুই রকম বেতন পান? যদি জেনে থাকেন তাহলে তার জন্য কি ব্যবস্থা অবলম্বন করবেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** মাননীয় সদস্য এতো তাড়াতাড়ি প্রশ্ন করলেন যে সবটা বুঝতে পারলাম না। তবে যেটুকু বুঝতে পেরেছি তাতে মনে হচ্ছে কোন কোন বিদ্যালয়ে বিভিন্ন স্কেল প্রচলিত আছে। আমার বক্তব্য হোল যেসব বিদ্যালয়ে সরকারী অনুদান দেওয়া হয় সেখানে যেসব স্কেলে বেতন দেওয়া উচিত সেইভাবে দেওয়া হয়—তবু যদি ঐ রকম হয়ে থাকে তার জন্য সরকার দায়ী নয়।

**শ্রীমতী নূরুন্নেশা সাত্তার :** স্কুল কলেজে যে দুর্নীতি চলছে—সেখানে যে টোকাটুকির ব্যাপার চলছে সেটা বন্ধ করার জন্য শিক্ষামন্ত্রী কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** মাননীয় সদস্য যা বল্লেন—টোকাটুকি বন্ধ করা শক্ত সরকারের পক্ষে। সে যাই হোক বন্ধ যাতে হয় সে বিষয়ে সরকার বিবেচনা করবেন।

**শ্রীশরতচন্দ্র দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে যাতে শিক্ষকরা নিয়মিত বেতন পান তার জন্য ডি আই পদ বাদে আর একটা পদের সৃষ্টি করছেন। আমাদের পুরুলিয়া জেলায় সে পদে কোন লোক যায় নি। মূল একজন যে ডি আই ছিলেন তিনিও নাই। তিনি কি অবগত আছেন যে আমাদের পুরুলিয়া জেলায় কোন ডি আই নাই?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** এ বিষয়ে অনুসন্ধান করে দেখবো।

**Mr. Speaker :** Now the Held Over Question starred questions Nos. 1 & 2, Starred Qustion No. 1 is from Shri Aswini Roy and the Starred Question No. 2 is from Shrimati Geeta Mukhopadhyay. Both the questions are on the same subject and may be taken together.

## HELD OVER STARRED QUESTIONS

(To which oral answers were given).

### রাসায়নিক সারের দরবৃদ্ধি

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রীঅশ্বিনী রায় :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রাসায়নিক সারের দর বর্তমানে অত্যধিক বৃদ্ধি পাইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) দরবৃদ্ধির কারণ কি, এবং

(২) সরকারের তরফ হইতে ইহা রোধের জন্য কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**ইউরিয়া সারের মূল্যবৃদ্ধি ও দুষ্প্রাপ্যতা**

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৬২।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্তমানে পশ্চিমবঙ্গে—

(১) ইউরিয়া সারের দাম বৃদ্ধি পেয়েছে,

(২) বহু জায়গায় এই সার পাওয়া যাচ্ছে না; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রীআব্দুস সাত্তার:**

(ক) (১) কেন্দ্রীয় সরকার গত ১৭ই মার্চ হইতে ইউরিয়া সারের মূল্য বৃদ্ধি করিয়াছেন। সামগ্রিকভাবে ইউরিয়া সারের ঘাটতি থাকায় কোন কোন স্থানে নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে এই সার বিক্রয়ের সম্ভাবনা সম্বন্ধে সরকার অবগত আছেন।

(ক) (২) ও খ (১) (২) বিদেশ হইতে আমদানির অসুবিধা ও ওয়াগনের অভাবের ফলে সাধারণভাবে পশ্চিমবঙ্গে গত কয়েক মাস যাবৎ ইউরিয়া সারের অভাব দেখা দিয়েছে। প্রয়োজন অনুযায়ী সার সরবরাহের জন্য কেন্দ্রীয় সরকারকে বারংবার অনুরোধ করা হইয়াছে। ইহা ব্যতীত পরিবহণের জন্য ওয়াগনের অভাব সত্ত্বেও যতদুর সম্ভব দেশজ ইউরিয়া সার অন্যান্য প্রদেশের কারখানা হইতে আনার ব্যবস্থা করা হইয়াছে। সম্প্রতি ভারতের বিভিন্ন বন্দরে কতকগুলি জাহাজ ইউরিয়া সার লইয়া আসিয়া পৌছাইয়াছে এই সকল জাহাজ হইতে ইউরিয়া সার রাজ্যের বিভিন্ন জেলায় ওয়াগনে ও লরিতে সত্বর লইয়া যাইবার ব্যবস্থা করা হইয়াছে এবং হইতেছে।

সম্প্রতি কেন্দ্রীয় কৃষিমন্ত্রী মহাশয়কে ১৫ই এপ্রিল, ১৯৭২-এর মধ্যে অন্যূন আরও ১০,০০০ টন ইউরিয়া সার এই রাজ্যে পাঠাইবার অনুরোধ করা হইয়াছে। বর্তমানে সার সরবরাহ পরিস্থিতি উন্নতির দিকে। মনে হয় বিভিন্ন জায়গায় বর্তমানে যেটুকু অভাব আছে উল্লিখিত সরকারী ব্যবস্থা সমূহের ফলে মোটামুটিভাবে দুর করা সম্ভব হইবে।

সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা উচ্চ মূল্যে ইউরিয়া সার বিক্রয় করা সার নিয়ন্ত্রণ আদেশ ১৯৫৭ [Fertiliser (Control) Order, 1957] অনুযায়ী দণ্ডনীয় অপরাধ। এ সম্বন্ধে বিহিত ব্যবস্থা গ্রহনের জন্য বিভাগীয় আঞ্চলিক আধিকারীক ও পুলিশের উপর প্রয়োজনীয় ক্ষমতা দেওয়া আছে, তাঁহারা এই সকল বে-আইনী কাজের উপর নজর রাখেন ও সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে উল্লিখিত আদেশবলে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন। এ ছাড়া মহাকরণের কৃষি বিভাগে কোন সুনিদিষ্ট অভিযোগ আসিলে স্থানীয় জেলা কর্তৃপক্ষকে যথোপযুক্ত ব্যবস্থা লইবার জন্য নির্দেশ দেওয়া হয়।

[2-20—2-30 p.m.]

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আপনি বললেন যে ১৭ই মার্চের পর থেকে কেন্দ্রীয় সরকার দর বাড়াবার জন্য সারের দর বৃদ্ধি পেয়েছে। আমার Supplimentary হচ্ছে ১৭ই মার্চের আগে পাইকারী দর কত ছিল এবং খুচরো দর কত ছিলো এবং ১৭ই মার্চের পরে কেন্দ্রীয় সরকার যখন বাড়ালো তখন পাইকারী ও খুচরো দর কত নির্দ্দিষ্ট থাকবে বলুন?

**শ্রীআবদুস সাত্তার :** ১৭ই মার্চের আগের কথা আমার পক্ষে বলা সম্ভব নয়। ১৭-৩-৭২ তারিখের পর যে Excise duty বসেছে fertiliser-এর উপর সেটা ৫% অর্থাৎ মোটামুটি তার ফলে Fertiliser-এর উপরে দর বৃদ্ধি পেয়েছে ৫% ফলে এখানে বিভিন্ন সারের মূল্য বিভিন্ন রকম—তার ফলে যেটা Vary করে বৃদ্ধি পেয়েছে সেটা ২০ টাকা থেকে ৩৬ টাকা পার টন।

**শ্রীঅশ্বিনী রায় :** এই বৃদ্ধিটা দেখতে পাচ্ছি ৫%-এর বেশী, এটা Control করবার কোন ব্যবস্থা নিয়েছেন কিনা অর্থাৎ আপনি যেটা বললেন যে ২০ টাকা থেকে ৩৬ টাকা। আমার কাছে যে তথ্য আছে সেটা আরো বেশী। বাজারে যেটা বিক্রয় হচ্ছে তাহলো ঐ যে Tav ৫% ধার্য্য করে দরটা যেটা বাড়া উচিৎ তার উপরে এত বেশী দর বাড়লো কেন সেটা নিয়ন্ত্রণের জন্য কোন ব্যবস্থা হয়েছে কিনা ?

**শ্রীআবদুস সাত্তার :** যে সমস্ত সার—সেটাতো Control Rate-এ বিক্রয় হয় এবং সেটা agency অর্থাৎ Fertiliser Corporation তাদের যে agency আছে তাদের মারফত এটা বিলি করা হয়। Contror Rate-এর বাইরে যেটা বাজারে হচ্ছে সেটা মোটামুটি আমার কাছে খবর এসেছে তার জন্য আইনে বিধান আছে, Fertiliser Act, 1957-এ সেই অনুযায়ী বিধান আছে। কিন্তু এই যে ৫% মধ্যে দর Vary করে তার কারণ হচ্ছে এই সারগুলি Per Tonn ঠিক এক দর নয়, যেমন Ammonium Sulphate সেটা Per টন হচ্ছে ৫০৫ টাকা, তার উপর tax ধরে নিয়ে Ceilng Price যেটায় Fertiliser যেটা বিক্রি করতে পারে সেটা হচ্ছে ৫৬০ টাকা, এটা Government rate এবং Ammonium Sulphate সেটা ৫৬০ টাকা। ইউরিয়া যেটা ৪৬% আছে সেটার দর হচ্ছে ৯৫৯ টাকা, আর যেটা ৪৫% আছে সেটার দর হচ্ছে ৯৪০ টাকা। যেটার দাম বেশী তার উপর ৫% ধরায় এই ভ্যারিটা হচ্ছে।

**শ্রীঅশ্বিনী রায় :** আমার বক্তব্য হচ্ছে এই যে পারসেন্টেজটা ঠিক করছেন সেই দরে বিক্রী হচ্ছে না, আরো বেশী দরে বিক্রী হচ্ছে। কাজেই সেটা কন্ট্রোল করবার কি ব্যবস্থা আপনারা করেছেন ?

**শ্রীআবদুস সাত্তার :** আমি তার উত্তরে বলছি এই বেশী দরে বিক্রী হওয়াটা অপরাধ এবং তারজন্য শাস্তি বিধান আওতার মধ্যে সে পড়েছে। এটা আমি আমার উত্তরের মধ্যেই বলে দিয়েছি। কাজেই সেজন্য আর প্রশ্ন উঠে না।

**শ্রীঅশ্বিনী রায় :** আপনি 'খ' (২) তে বলেছেন সমস্ত ব্যবস্থা হয়েছে। এর আগে তো লোকে চাষ করেছে তাই সাপ্লাই-এর প্রয়োজন এবং তারজন্য ডিম্যাণ্ড বেড়ে গেছে। কাজই এই ডিষ্ট্রিবিউসনের আপনাদের মেশিনারি কি করছে সেটা আমাদের বলবেন কি এবং তারজন্য আপনারা কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীআবদুস সাত্তার :** আইন অনুযায়ী যে ব্যবস্থা গ্রহণ করা দরকার আমরা নিশ্চয়ই সেই ব্যবস্থা গ্রহণ করবো এবং আপনাদের যদি সেরকম কোন অভিযোগ থাকে আমার কাছে পাঠাবেন আমি সেই অনুসারে ব্যবস্থা নেব।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** আপনি প্রশ্নের উত্তর যা দিয়েছেন তার মধ্যে প্রথমেই দেখলাম যে কেন্দ্রীয় সরকার ট্যাক্স করেছেন ১৭ তারিখ থেকে দাম বৃদ্ধির উল্লেখে। আপনি কি অবগত আছেন যে ৫ই ফেব্রুয়ারী তারিখে যখন কেন্দ্রীয় সরকার ট্যাক্সের কথা বিবেচনা করেন নি,

এই রকম পরিস্থিতিতে তৎকালীন রাজ্যপালের শাসনের সময় ইউরিয়া সারের অস্থায়ী দাম বৃদ্ধির কথা এবং আপনি কি ফাইল খুঁজে দেখছেন সেই সময় আমাদের তরফ থেকে এতে আপত্তি করে বলা হয়েছিল ?

**শ্রীআবদুল সাত্তার :** ব্যাপারটা হচ্ছে কেন্দ্রীয় সরকার এই সারের উপর ফ্রম টাইম টু টাইম ট্যাক্স ধার্য্য করেছেন। বর্তমানে যেটা বেড়েছে আমি বলছি তার আর আগেই সেটা ছিল। আপনি নোটিশ দিলে সমস্ত কিছু জানাবো।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** আপনি যে উত্তর দিয়েছেন তাতে আপনি দেখিয়েছেন ইউরিয়া সারের টন প্রতি রেট হচ্ছে ৯৬০ টাকার বেশী নয় শক্তি অনুসারে এবং সেটাই হচ্ছে মূল দাম। তার উপর ২ হচ্ছে আপনাদের গভর্ণমেন্টের ট্যাক্স রেট এবং তারপর ৫ হচ্ছে কেন্দ্রীয় সরকারের ট্যাক্স রেট। এই যে কেন্দ্রীয় সরকারের ট্যাক্স রেট এটা তো তখন হয়নি। সেই সময় আমরা রাজ্যপালের কাছে একটা রিপ্রেজেনটেসন দিই এবং তখন উল্লেখ করা হয়েছিল যে ১ টাকার জায়গায় ১·৫০ করে পার কিলো ইউরিয়া সারের দাম উঠেছে। তখন তো এই ট্যাক্স হয়নি। তাহলে সেই দামটা কি করে এই সব ব্যাখ্যায় দ্বারা কাভার্ড হচ্ছে মন্ত্রিমহাশয় সেটা একটু জানাবেন কি ?

**শ্রীআবদুল সাত্তার :** আমাদের যে প্রাইসটা আছে অর্থাৎ সেটা ইণ্ডিয়া গভর্ণমেণ্টের প্রাইস এবং এই ইউরিয়ায় যেটা ৪৬ আছে সেটার দাম হচ্ছে ৮৭৯ টাকা এবং পরে এ্যাডিশন্যাল হাফ পারসেণ্ট সেলস ট্যাক্স প্ল্যাস টু পারসেণ্ট সারচার্জ এবং তার উপর যেটা সেটা হচ্ছে ৪·৫০ পয়সা আর রেটেবল পোরসান অব দি ডিষ্ট্রীবিউসন সেটা হচ্ছে ৮ টাকা কাজেই এই সব নিয়ে হচ্ছে ৮৯১·৪৯ পয়সা এরপরে একটা মারজিন আছে। কাজেই এই সেলিং প্রাইস অব দি ডিপার্টমেণ্ট টু দি ডিষ্ট্রীবিউটরস এটা, হচ্ছে ৮৯১.৪৯ টাকা। কিন্তু সেলিং প্রাইস পার টন হচ্ছে ৯৫৯ টাকা। কাজেই আগে যেটা ছিল তারপরে নতুন ট্যাক্স যেটা ধার্য্য হয়েছে সেটাতে বেশী বৃদ্ধি পেয়েছে।

[2-30—2-40 p. m.]

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় যে হিসাব দিলেন সেই অনুযারী আমি ধরে নিলাম ৯শো আর ট্যাক্স মিলে ১১শো, তাতেও কিলো ১·১০ পয়সা হওয়া উচিত সমস্ত ব্যালেন্স মাঝখানে ধরেই। কিন্তু তা সত্ত্বেও ১·৫০ হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, ফার্টিলাইজার কর্পোরেশনের সেলস অফিসে বিভিন্ন জায়গায় টন প্রতি ১০০ টাকা করে টেবিলের তলা দিয়ে দেবার জন্য চার্জ করা হচ্ছে ?

**শ্রীআবদুস সাত্তার :** এবিষয়ে নোটিশ দিলে আমি দেখবো।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি. এই ঘটনার পরেও যে সমস্ত আপনাদের পাইকারী এবং খুচরা ব্যবসাদার আছেন—ওরা টেবিলের তলা দিয়ে আর এরা একেবারে উপর দিয়ে যে একসট্রা ধরছেন তাতে ১·৫০ হচ্ছে। এর পরিবর্তে কোন জনপ্রতিনিধি মারফত সরাসরি বিক্রি করার বা ডিসট্রিবিউসান করার কোন ব্যবস্থার কথা বিবেচনা করবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় সভ্যদের আমি অনুরোধ করবো যে এরকম কোন অভিগোগ থাকলে আপনারা দেবেন। যদি স্পেসিফিক দেন তাহলে এনকোয়ারী করে দেখার ব্যবস্থা করবো এবং তা করে ব্যবস্থা অবলম্বন করবো।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** শুধু নির্দিষ্ট অভিযোগের ব্যাপার নয়। একটা ব্যবস্থা দাঁড়িয়েছে সেই ব্যবস্থার বিরুদ্ধে আপনার পাল্টা কার্যকরী ব্যবস্থা কি হতে পারে বণ্টনের ব্যাপারে সেই প্রশ্নটা সম্পর্কে আপনি যুক্তিসংগত কিছু বিবেচনা করছেন কি ?

**শ্রীআবদুস সাত্তার :** আমরা মাত্র কয়েকদিন হল এসেছি। ডিসট্রিবিউসানের বর্তমানে যে সিসটেম আছে আমি বুঝতে পারছি যে বিভিন্ন জায়গায় যা না মূল্য তারচেয়ে বেশী নিচ্ছে, এটা আমি অস্বীকার করছি না, স্বীকার করছি সেটা বন্ধ করার জন্য একটা করে উপদেষ্টা কমিটি ব্লকে রাখা উচিত। প্রতি ব্লকে যাতে একটা করে উপদেষ্টা কমিটি থাকে, এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কমিটি থাকে তাতে বেসরকারী লোকও থাকবে এবং সেই কমিটি এইসব অভিযোগ বা কোন অন্যায় বা চোরাকারবারী যাতে না হয় সেটা দেখবে। তাদের সেই ব্যাপারে ক্ষমতা দেবার ইচ্ছা আমার আছে। তবে সেটা আমি ক্যাবিনেটে প্লেস করবো এবং তারপরে ফাইনাল সিদ্ধান্ত নেব। আর বর্তমানে যে ভাবে ডিসট্রিবিউসান হচ্ছে তাতে ব্যক্তিগতভাবে আমি স্যাটিসফায়েড নই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় একথা স্বীকার করেছেন যে ইউরিয়া সারের ব্যাপারে নানা জায়গা থেকে খবর আসছে যে দর বেশী নেওয়া হচ্ছে যাকে এক কথায় কালো-বাজারী বলা চলে। তিনি কি এ খবর রাখেন যে কোলকাতা বন্দরে যেখানে ইউরিয়া সার ডিসচার্জ হয় হয় সেই জায়গা থেকেই—শুধু কাগজে ফার্টিলাইজার কর্পোরেশনের সংগে লেনদেন হয়, কালোবাজারে বেশ কিছু টাকা নিয়ে চলে যাচ্ছে এবং আপনার যে দপ্তর রাইটার্স বিল্ডিং এ আছে সেখানকার বড় বড় অফিসাররাও এরমধ্যে আছেন ?

**শ্রীআসদুল সাত্তার :** এই প্রশ্নের উত্তর আমি আগেই দিয়েছি যে কালোবাজারী আছে আমার কাছে খবর এসেছে। ফার্টিলাইজার যেটা সরবরাহ করা হয় সেটা কম। সেটার সুযোগ নিয়ে অনেকে কালোবাজারী কারবার করেছেন। এখন এরমধ্যে কোন অফিসার জড়িত আছেন সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়। তবে আপনারা যদি সেই অফিসারের বিরুদ্ধে কোন রকম অভিযোগ দিতে পারেন আমি বলছি সেই অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে। তা ছাড়া ফার্টিলাইজার কনট্রোল অর্ডার, ১৯৫৭ আছে। যদি কেউ এই আইন ভংগ করে বেশী দাম নেয় তাহলে তার শাস্তির বিধান আছে। মাননীয় সভ্যদের আবার বলছি আপনাদের যদি কোন অভিযোগ থাকে তাহলে সেগুলি দিন এনকোয়ারী করে ব্যবস্থা অবলম্বন করা হবে।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বর্ধমান জেলার এগ্রিকালচার বিভাগ হইতে কলকাতা বন্দরে ডেলিভারি নিতে এসে ৫০ খানা লরি ফেরত গিয়েছে।

**শ্রীআবদুস সাত্তার :** এই রকম কোন সংবাদ আমার জানা নেই।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ইউরিয়া সারের অভাবে বর্ধমান জেলার লক্ষ লক্ষ বিঘা ধান জমি নষ্ট হচ্ছে ?

**শ্রীআবদুস সাত্তার**: শুধু বর্ধমান জেলা কেন প্রায় জেলায় ইউরিয়া সারের অভাবে রয়েছে এবং সেখানে যাতে সার পাঠান হয় তার ব্যবস্থা করেছি এবং কয়েকটা জাহাজ অলরেডি এসেছে এবং সেগুলি পাঠাবার ব্যবস্থা করেছি।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক**: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ফার্টিলাইজার কণ্টোল অর্ডার অনুযায়ী কতজন অসাধু ব্যবসায়ী যারা কৃত্রিম অভাব সৃষ্টি করছে তাদের গ্রেপ্তার করা হয়েছে?

**Mr. Speaker:** The question does not arise.

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়**: মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার বক্তব্য হচ্ছে এই যে সার বিতরণের ব্যবস্থা রয়েছে এই ব্যবস্থাটা পরিবর্তন করে, ডিষ্ট্রীবিউটরদের উচ্ছেদ করে প্রত্যেক অঞ্চলে সরকার থেকে সেল ডিপো করে যে সমস্ত বেকার যুবক আছে তাদের মারফত সার বিতরণ করার জন্য তাদের কর্মে নিয়োগ করে চাষীদের শোষণের হাত থেকে বাঁচাবেন কি?

**শ্রীআবদুস সাত্তার**: আপনি যেটা দৃষ্টি আকর্ষণ করেছেন সেটা সাজেসান আকারে পাঠান, আমি এগজামিন করে দেখব এবং যদি ভাল হয় তাহলে বিবেচনা করব।

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়**: আমি আবার বলছি যে এই ডিষ্ট্রিবিউসান ব্যবস্থাটা পরিবর্তন করে ডিষ্ট্রিবিউটরদের উচ্ছেদ করে প্রত্যেক অঞ্চলে সেল ডিপো করে সেখানে বেকার যুবকদের কর্মে নিয়োগ করে সোজাসুজি চাষীদের কাছে সার ডিষ্ট্রীবিউসান করার ব্যবস্থা করুন।

(নো রিপ্লাই)

## আদিবাসী ও তফসিলী ছাত্রছাত্রীদের হোস্টেল ভাতা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬।) **শ্রীরবীন্দ্রনাথ বেরা**: তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার আদিবাসী ও তফসিলী ছাত্রছাত্রীদের হোস্টেল ভাতা বাবদ গত বছরের যে টাকা এখনো বাকি আছে তা কবে নাগাদ পাওয়া যাবে এবং তার পরিমাণ কত; এবং

(খ) ঐ জেলার আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের হোস্টেল ভাতার টাকার পরিমাণ বাড়ানোর কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে তাহা কত?

Minister-in-charge for Tribal and Scheduled castes Dett.. (ক) মঞ্জুরীকৃত কোটার অন্তর্ভুক্ত কোন ছাত্র-ছাত্রীর হোষ্টেল ভাতা বাবদ কিছু বাকী নাই।

(খ) না।

## বন্যায় ক্ষতিগ্রস্ত বনগ্রাম থানায় গৃহনির্মাণ ঋণদান

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫)। **শ্রীঅজিত কুমার গাঙ্গুলী**: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী গত ১৯৭১ সালের বন্যায় বনগ্রাম থানার অন্তর্গত গ্রামবাসীদের মোট কতগুলি বাসগৃহ ভূমিস্যাৎ হয়েছে;

(খ) ঐ বাসগৃহের সংখ্যা নিরূপণে সরকারী পর্যায়ে তদন্ত কার্য শেষ হয়েছে কিনা এবং হইলে কিভাবে তদন্ত করা হয়েছে এবং তার কাজ কবে শেষ হয়েছে; এবং

(গ) এ পর্যন্ত কত পরিবার গৃহনির্মাণ বাবদ সাহায্য পেয়েছেন এবং সাহায্যের জন্য নিম্নতম ও উচ্চতম কত টাকা হিসাবে দেওয়া হয়েছে?

**Minister-in-charge for Relief and Social Welfare Department :**

(ক) (খ) ও (গ) এত অল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নাই।

## উদ্বাস্তু শিবিরে নগদ সাহায্য বন্ধ

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২।) **শ্রীনিতাইপদ সরকার:** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুপার্স সহ বিভিন্ন ক্যাম্পে বর্তমানে ডোল বন্ধ করিয়া দেওয়া হইয়াছে এরূপ পরিবারের সংখ্যা কত; এবং

(খ) উক্ত পরিবারগুলির দুরবস্থার কথা বিবেচনা করিয়া সরকার পুনরায় ঐরূপ ডোল চালু করার বিষয় চিন্তা করিতেছেন কিনা?

**Minister-in-charge for Refuge Relief and Rehabilitation Department :**

(ক) কুপার্সের ৬২৩টি পরিবার সহ মোট ৭,৬২৮;

(খ) একমাত্র বিশেষ ক্ষেত্রে বিবেচনা করা হইতেছে।

## বর্ধমান জেলায় টেষ্ট রিলিফ

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫।) **শ্রীঅশ্বিনী রায়:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় ১৯৭১-৭২ সালের পরীক্ষামূলক ত্রাণকার্যের (টেষ্টরিলিফ) কোনও তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে, ১৯৭১-৭২ সালে গলসী থানার আদরাহাটি গোহ গ্রাম অঞ্চলের মহড়া গড়ম্ব রাস্তার জন্য মোট বরাদ্দের এবং ২০ শে মার্চ পর্যন্ত ব্যয়ের পরিমাণ?

**Minister-in-charge for Relief and Social Welfare Department :**

(ক) ও (খ) এত অল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নি।

## বন্যাবিধ্বস্ত মেদিনীপুর জেলায় গৃহনির্মানঋণ

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭।) **শ্রীসুধীরচন্দ্র দাশ:** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গত বছরের বন্যাবিধ্বস্ত গৃহগুলির মেরামত ও পুনর্নির্মাণের জন্য কত টাকা ঋণ বাবদ মঞ্জুরী দেওয়া হইয়াছে;

(খ) এ পর্যন্ত কোন্ কোন্ মহাকুমায় ঐ বাবদ কত টাকা বিতরণ করা হইয়াছে ;

(ঘ) মঞ্জুর করা হইয়া থাকিলে ঐ টাকার পরিমাণ কত , এবং কোন্ কোন্ মহকুমায় কত টাকা বিতরণ করা হইয়াছে ?

**Minister-in-charge for Relief and Sociol Welfare Department :**

(ক) আট লক্ষ টাকা ।

(খ), (গ) ও (ঘ) : এতো অল্পসময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নি ।

## ডেবরা ও পিংলা থানায় টেষ্ট রিলিফ

*৩৬ । (অনুমোদিত প্রশ্ন নং *১১০ ।) **শ্রীরবীন্দ্রনাথ বেরা :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালের এ পর্যন্ত মেদিনীপুর জেলায় ডেবরা ও পিংলা থানায় কতগুলি টেষ্ট রিলিফ স্কীম মঞ্জুর করার জন্য সরকার দরখাস্ত পেয়েছেন ;

(খ) তন্মধ্যে এ পর্যন্ত ডেবরা এবং পিংলার জন্য কয়টি স্কীম মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) বাকিগুলি কবে নাগাদ মঞ্জুর করা হবে বলে আশা করা যায় ?

**Minister-in-charge for Relief and Social Welfare D eptt. :**

(ক), (খ) এবং (গ) এতো অল্প সময়ের মধ্যে সংশ্লিষ্ট ব্লক দুটির প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা ম্ভব হয় নি ।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr Speaker :** I have received 8 notices of Calling Attention on the following ubjects, namely :

(1) Closure of some big industries in Howrah district—from Shri Mrigendra Iukherjee ;

(2) Violation of the"Gentlemen's Agreement" by the management of Bengal 'lour Mill at Shibpur, Howrah, resulting in closure of the Mill—from Shri Santi Kumar Das Gupta ;

(3) Unauthorised occupation of Government lands during 1967-72—from hri Pradyot Kumar Mahanti ;

(4) Scarcity of motor accessories, particularly, tyres and tubes—from Shri swini Roy ;

(5) Scarcity of drinking water at Anara and Chirka in Purulia district—from hri Sarat Chandra Das ;

(6) Closure of Bidi factories in Bankura district—from Shri Kashinath Misra ;

(7) Students' strike in Kalyani University—from Shri Netaipada Sarkar ; and

(8) Hunger strike by two thousand workers of Demo Main Colliery in sansol sub-division—from Shri Aswini Roy.

I have selected the notice of Shri Aswini Roy on the subject of hunger-strike y two thousand workers of Demo Main Colliery in Asansol subdivision.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject day, if possible, or give a date for the same.

**Dr. Gopal Das Nag :** Statement will be made on Friday next.

## MENTION CASES

[2-40—2-50 p.m. ]

**Mr Speaker** : I have received notices under rule 351 from 27 honourble members of this House for mentioning some facts in order to draw the attention of the Ministers concerned. I have allowed all of them but I would request the honourable members to co-operat with me from the next day. I think not more than 10 mention cases should be allowed from tomorrow. If any notice is given to me under rule 351 that must,given one hour earlier, that means, within 12 noon, but the notice which will be given after that may not be accepted under rule 351. I will select only ten out the total notices filed by 12 noon.

**Shri Biswanath Mukherjee** : Sir, is it one or two days before or one the same day ?

**Mr. Speaker** . On the same day.

**শ্রীঅরবিন্দ নস্কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন অধিবেশনে যোগ দিতে আসছিলাম তখন শুনলাম যে ২৪-পরগণা জেলার কুলতলি ব্লকের অধীনে মহাপিঠ, বৈকুণ্ঠপুর অঞ্চলের মধ্যে বিনোদপুর গ্রামে যথাক্রমে সনাতন শাসমল ও মোক্ষদা শাসমল না খেতে পেয়ে বিষ খেয়ে আত্মহত্যা করেছে। বর্তমানে তাদের চারটি নাবালক সন্তান বড়ই বিপদের সম্মুখীন। আমি এই বিষয়ে রিলিফ মন্ত্রিমহাশয়ের ও মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যাতে এই বিষয়টি দেখেন ও এই অসহায় নাবালকরা যাতে বাঁচতে পারে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২রা এপ্রিল অমৃতবাজার পত্রিকায় বেরিয়েছে, "The Minister of State for Home (Police), Mr. Subrata Mukherjee said on Saturday that the policemen and Home Guards who had carried out their duty with boldness during the height of the Naxalite movement would be given cash rewards and some of them would be promoted. Mr. Mukherjee also said that trade union leaders who completely ignored their task of boosting the production might be arrested under the MISA like the employers who misused the provident fund dues of the workers". মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটামাত্র পত্রিকায় বেরিয়েছে। আপনার মারফত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তিনি এ বিষয়ে পরিষ্কার করে দেবেন শ্রমিকদের মজুরের প্রাপ্ত যে প্রভিডেণ্ট ফাণ্ড তার কাছে জমা থাকে সেটা চুরি করলে বা বে-আইনী খরচ করলে তারজন্য তাকে মিসায় গ্রেপ্তার করার ব্যবস্থা করা হবে। যদি ট্রেড ইউনিয়ন লিডার উৎপাদনের ব্যাপারে বা কাজে গাফলতি করছে এরূপ কোন কাজে ট্রেড ইউনিয়ন লিডারকে বিচারে গ্রেপ্তার করে রাখা হবে। মিসার আলোচনা অন্যত্র হবে এখানে আমি তা আনছি না। এই সংবাদ সমস্ত ট্রেড ইউনিয়ন মহলে চাঞ্চল্য সৃষ্টি করেছে। ট্রেড ইউনিয়ন আন্দোলনের অধিকার উৎপাদন বৃদ্ধি ইত্যাদি সবই দেশের আইন-কানুন অনুসারে, ট্রেড ইউনিয়নের অধিকার—তার মধ্যে থেকে কেউ যদি উৎপাদন ব্যাহত করে তারজন্য তাকে মিসায় ধরা হবে, ঐ ট্রেড ইউনিয়ান লিডারদেব এরকম একটা কথা মন্ত্রি-মহাশয় বলেছেন বলে বিশ্বাস করি না, কিন্তু যেহেতু অমৃতবাজার পত্রিকায় বেরিয়েছে তাই উল্লেখ করলাম। মন্ত্রিমহাশয় এ বিষয়ে ক্লারিফিকেসান করে দেবেন।

**শ্রীগণেশচন্দ্র হাটুই** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাওড়া এবং হুগলী জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করছি। ১৯৭১ সালের ১লা জানুয়ারী থেকে হাওড়া-আমতা এবং

হাওড়া-শিয়াখালা Light Railway-এর ধর্মঘট হওয়ার ফলে এটা বন্ধ হয়ে যায়। এই রেলপথগুলি চালু করার ব্যাপারে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে। গতকাল খবর পেলাম ঐ লাইনের telegraph-এর তার ও যন্ত্রাংশগুলি সরিয়ে নেওয়া হচ্ছে। অথচ মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন ঐ রেলপথগুলি চালু করা হবে। এর take up করার ব্যাপারে যেখানে রাজ্যসরকার চিন্তা করছেন সেখানে ঐ telegraph-এর তার এবং যন্ত্রাংশ সরানোর ব্যাপারে আমি মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বিশ্বনাথবাবু যে প্রসঙ্গ উত্থাপন করেছেন তাতে আমি জানি না কোথা থেকে তিনি এরকম একটা ধারণা পেয়েছেন। আমি শুধু এটুকু জানাচ্ছি যে production-এর একটা target সরকার ঠিক করতে চান তারজন্য MISA আইনের সাহায্যের কোন দরকার নেই। Relief undertaking Act যা আছে তাতে provision আছে যে সরকারী উদ্যোগগুলির ক্ষেত্রে সরকার production-এর target বাধ্যতা-মূলকভাবে বেঁধে দিতে পারেন এবং সেই অনুযায়ী বেতন ও অন্যান্য বোনাসের হার সংশোধিত আকারে বেঁধে দিতে পারেন। আমরা সকলেই চাই production বৃদ্ধি হোক। গত ৫ বছরে সরকারী এবং বে-সরকারী শিল্প ক্ষেত্রে production-এর হার যে নিম্নগতি হয়েছে সে বিষয়ে দ্বিমত নেই। এ বিষয়ে সকলেই একমত যে পশ্চিমবাংলায় শিল্প ক্ষেত্রে উন্নতি যদি চাই তাহলে production-এর হার বাড়াতে হবে এবং উৎপাদিতের মান বাড়াতে হবে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে ১৯৬৭ সালের পর থেকে কেন্দ্রীয় ও রাজ্যসরকার পরিচালিত উদ্যোগগুলি যে লাভ করত সেগুলিতে ক্রমাগত উৎপাদনের হার কমে যাবার ফলে আজ একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারী উদ্যোগগুলির মধ্যে বিশেষ করে ইস্পাত ক্ষেত্রে যদি উৎপাদনের নির্দিষ্ট হার বজায় না রাখা যায় তাহলে অন্যান্য শিল্পগুলি বাচতে পারে না। এই ইস্পাতের অভাবের জন্য বে-সরকারী ইঞ্জিনিয়ারিং শিল্পগুলির অবস্থাও শোচনীয় হয়েছে। রাজ্যপাল ভাষণে আবেদন করেছেন দরকার হলে সরকারকে কিছু কিছু mandate দিতে হবে। কিছু কিছু আইনের আশ্রয় নিতে হতে পারে তবে—তারজন্য MISA-র দরকার হবে না। Relief Undertaking Act-এ provision আছে সরকার production target ঠিক করে দিতে পারে। আমরা যেমন trade union আন্দোলনের প্রয়োজনীয়তা স্বীকার করছি। Trade union-এর নেতারাও এর প্রয়োজনীয়তা স্বীকার করেছেন এবং production-এর একটা নির্দিষ্ট হার আমরা বজায় রাখব এই শর্তে কারখানাগুলি খুলছে। এরজন্য MISA-র দরকার নেই। Trade union আন্দোলন আমরা কোন আইনের দ্বারা খর্ব করব না, বরং অত্যন্ত মর্যাদার সঙ্গে আমরা এটাকে স্বীকার করব এবং এই অধিকারকে আরও বাড়িয়ে দেবার চেষ্টা করব। কিন্তু এই অধিকার যাঁরা প্রয়োগ করবেন তাদের ক্ষেত্রেও নিশ্চয় এটুকুন আশা করব যে তাঁরা দায়িত্ব সহকারে পশ্চিমবাংলায় বর্তমানের প্রয়োজনের কথা স্মরণ করে এই trade union আন্দোলন এমনভাবে পরিচালিত করবেন না যাতে শিল্প ক্ষতিগ্রস্ত হবে।

[ 2-50—3-00 p.m. ]

জাতীয় স্বার্থ সম্পূর্নরূপে ব্যাহত হয়—এইটুকু বিশেষ করে বিশ্বনাথবাবুকে বলি। আর যে প্রসঙ্গে স্বরাষ্ট্রবিভাগের রাষ্ট্রমন্ত্রী বলেছেন শনিবার, উনি এই কথাই বলেছিলেন যে ট্রেড ইউনিয়ন আন্দোলনের নেতারা গণতান্ত্রিক বিধান অনুযায়ী ট্রেড ইউনিয়ন আন্দোলন পরিচালনা করবেন বা জাতীয় স্বার্থের দিকে তাকাবেন এটাই সকলে আশা করে। অর্থাৎ ট্রেড ইউনিয়নের নামে

দেশের শিল্পগুলোকে স্যাবোটেজ করা, জাতীয় প্রয়োজনকে অস্বীকার করা, শ্রমিকদের বৃহত্তর স্বার্থের দিকে নজর না রেখে নিজেদের প্রয়োজনে কলকারখানা বন্ধ করবার চেষ্টা করবেন তাদের সম্পর্কে অনুরূপ ব্যবস্থার কথা সরকার ভবিষ্যতে চিন্তা করবেন যদি আমাদের প্রচেষ্টা বা রাজ্যপালের আবেদনে কোন ফল না হয়। উনি কোনদিন একথা বলেন নি একটা ট্রেট ইউনিয়ন আন্দোলন যেটা সাংবিধানিক মর্য্যাদায় প্রতিষ্ঠিত যাতে এই আইনসভার সদস্যরা এবং মন্ত্রিসভার অনেক সদস্যই দীর্ঘদিন ধরে জড়িত সেজন্য কোন আইনের ব্যবস্থা নেওয়ার কথা। আমার মনে হয় বিশ্বনাথবাবুর ভুল ধারণা আমি দূর করতে পেরেছি।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন সেই সংবাদের ভিত্তি করে আমি উত্তর দিচ্ছি না। কিন্তু যাতে বিষয়টা পরিষ্কার হয়ে যায় তারজন্য আবেদন জানাচ্ছি। মিসায় ট্রেড ইউনিয়ন আন্দোলন যাঁরা করেন তাঁদের গ্রেপ্তার করা হবে একথা কোন সদস্য বা কোন মন্ত্রী বলতে পারেন বলে আমি নিজে বিশ্বাস করি না। তবে আলোচনার সময় একটা জিনিষ চিন্তা করা প্রয়োজন। লে-অফ, লক-আউট, ক্লোজার-এর বিরুদ্ধে যখন আমরা এগিয়ে যাচ্ছি এবং বিভিন্ন রকম শাস্তিমূলক ব্যবস্থা যখন গ্রহণ করতে চলেছি তখন এই ব্যাপারে আমাদের চিন্তার দরকার আছে। মিসার কথা আমি বলি নি, কারণ মিসার কথা বললে আমি নিজে ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত, আমি নিজেও তার পর্য্যায়ে হয়ত পড়ে যেতে পারি। লে-অফ, লক-আউট, ক্লোজার ইত্যাদি হচ্ছে এবং উৎপাদন হচ্ছে না, ব্যাহত হচ্ছে, অর্থ নৈতিক অবস্থা আরও অবক্ষয়ের দিকে চলে যাচ্ছে। যার মূলে কিছু কিছু ট্রেট ইউনিয়ন লীডার আছেন যারা কোরাপটেড। আমি সবাইকে মিন করছি না। আমি বলছি যারা প্রোগ্রেসিভ ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট ব্যাহত করছে তাদের কথা। এমন অনেক কারখানা আছে যেখানে উৎপাদন মাসিক ১৮শো পিস ছিলো তাকে নামিয়ে আনা হয়েছে ট্রেড ইউনিয়ন আন্দোলনের নেতাদের নিজেদের স্বার্থে ম্যানেজমেণ্টে অংশ নেবার জন্য ছশো পিসে। এইরকমভাবে বিভিন্ন জায়গায় মালিকদের বাধ্য করা হয়েছে লে-অফ, লক-আউট, ক্লোজারে। এইসব ট্রেড ইউনিয়ন লীডাররা ম্যানেজমেণ্টকে বাধ্য করেছে আর, আর, সির ঢাকার জন্য গভর্ণমেণ্টের কাছে ধর্ণা দিতে। ট্রেড ইউনিয়ন যাতে ব্যবসায় পরিণত না হয় এবং ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট সম্পর্কে মানুষের মনে যাতে অসৎ লোকেরা সব এই করে এইরকম মনোভাব না থাকে তারজন্য একটা আবহাওয়া সৃষ্টি করা দরকার। আজকে বাংলাদেশে শ্রমিকদের মনের মধ্যে অল্পে হলেও নিউক্লিয়াস হলেও ধারণা হয়ে আছে যে ট্রেড ইউনিয়ন করা মানে বড়লোক হবো, ভালো খাবো, ভালো পরবো। আজকে এদেরই সরিয়ে নিয়ে আসতে হবে। সুস্থ পথে ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট করাকে যারা ব্যাহত করছে তাদের সম্বন্ধে ভাবা হোক। কিভাবে ভাবা হবে সেটা আপনারা সকলেই ভাববেন। মিসা সম্বন্ধে আমি কোন মন্তব্য করিনি, এখনও করছি না।

**শ্রীওমর আলি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বহু আলোচিত বিষয় এখানে আমি উপস্থিত করছি। একটু আগে মন্ত্রিমহাশয় এই প্রসঙ্গে উত্তর দিয়েছেন টেস্ট রিলিফ-এর দুরবস্থার কথা—আমি এই প্রসঙ্গেই আমার বক্তব্য রাখছি। আমার মেদিনীপুর জেলা দারুণভাবে বিধ্বস্ত হয়েছে সে খবর আপনাদের সকলেরই জানা আছে। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি তা হচ্ছে মেদিনীপুর জেলার পাঁশকুড়া অঞ্চল থেকে। গত ৫।৬ বছর ধরে বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বন্যায় একদিকে যেমন ফসলের হানি হয়েছে শুধু তাই নয় সঙ্গে সঙ্গে ভেরী বাঁধের প্রচুর সংখ্যায় ক্ষতি হয়েছে। এই বাঁধগুলি ক্ষতি হবার ফলে শুধু যে চাষবাসের ক্ষতি হয়েছে তা নয় গ্রাম্য

যাতায়াত ব্যবস্থারও ক্ষতি হয়েছে। টেষ্ট রিলিফ ছাড়া আর কোন উপায় নাই, সেইজন্য আমি ত্রাণমন্ত্রিমহাশয়ের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে মন্ত্রিমহাশয় একটা ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটো জিনিসের উপর আপনার কাছে নোটিশ দিয়েছিলাম। একটা হচ্ছে বেহালায় ইন্‌ডিয়া ইলেক্‌ট্রিক ওয়ার্কস্ আর একটা হচ্ছে বেহালায় ইণ্ডিয়া ফ্যান। স্যার, ১৯৬৮ সাল থেকে এই ফ্যান কোম্পানী বন্ধ হয়ে আছে। কেন্দ্রীয় সরকার এর পরিচালনা ভার নিয়েছিলেন কিন্তু স্যার,এই কোম্পানী এখনও বন্ধ হয়ে আছে এখানে প্রায় ২ হাজারের মতো শ্রমিক কাজ করতো যার ফলে তারা এখন বেকার হয়ে আছে। এই শ্রমিকদের মধ্যে কেউ কেউ আত্মহত্যা করেছে, কেউ কেউ পাগল হয়ে গেছে। আমি আশা করছি সরকারী উদ্যোগে এই কোম্পানীকে আবার চালু করবার জন্য যেন সরকারের কর্মসূচীতে গ্রহণ করা হয়। এই ২ হাজার কর্মচারীর পোষ্য প্রায় ১০ হাজার লোক আজ অনাহারে দিন কাটাচ্ছে, তাহলে তারা বেঁচে যেতে পারে।

[3-00—3-10 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার বাংলায় আমরা যারা বাস করি আমরা অধিকাংশই বাঙালী, আমাদের ওপার বাংলায় বাংলা ভাষাকে যেভাবে মর্যাদা দেওয়া হচ্ছে তাতে আমরা আনন্দিত কিন্তু তার সঙ্গে সঙ্গে এপার বাংলায়, আমাদের বাংলা দেশে মাতৃভাষার মাধ্যমে সব কিছু সরকারী কাজকর্ম চলবে এই ধরনের সরকারী ঘোষণা থাকা সত্বেও অধ্যক্ষ মহাশয়, বিধানসভায়,সরকারী কাজকর্ম এবং অন্যান্য জায়গায় মাতৃভাষায় কাজকর্ম হচ্ছে না। এই বিষয় বিধানসভা ভবনে বহুবার বহু মাননীয় সদস্য আবেদন করেছেন, সরকারও বহুবার বহু ভাবে প্রতিশ্রুতি দিয়েছেন তা সত্বেও আজ পর্যন্ত এই ব্যবস্থা হয়নি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে সরকার '৬৪ সালে একটি মাতৃভাষা কমিশন নিয়োগ করেছিলেন। সেই কমিশন আজ পর্যন্ত ২০ লক্ষ টাকা খরচ করেছেন বলে আমরা সংবাদপত্রের মাধ্যমে জানতে পেরেছি। এই কমিশনে সাড়ে তিন হাজারি, দু হাজারি মনসবদার সব আছেন, এত লক্ষ টাকা খরচ করা হয়েছে কিন্তু একটি আইনের খসড়াও মাতৃভাষায় রূপায়িত হয়নি। মাসে ১৪ হাজার টাকা অফিসারের পিছনে ব্যয় হয় কিন্তু যাঁরা অনুবাদ করবেন তাঁদের মাত্র তিন জনকে রাখা হয়েছে মাত্র পনের শত টাকা ব্যয় করে। এখানে যাঁরা সত্যিকারের কাজ করবেন তাদের নিয়োগ করা হয়নি অথচ মোটা টাকার আমলা দিয়ে মাতৃভাষা চালু করার তদারকি করা হচ্ছে। এখানে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা আছেন, আপনিও অধ্যক্ষ মহাশয় আছেন, আমি সকলের কাছে আবেদন জানাই অবিলম্বে সময় সীমা নির্ধারণ করে কবে নাগাদ এই বিধান সভায় ও সরকারী কাজ কর্মে চালু হবে তা ঠিক করার দাবী রেখে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার :** এটা যখন বিতর্ক হবে তখন এই পয়েণ্ট ভাল করে বলবেন। মেনশনের সময় পলিসি ম্যাটার না বলাই ভাল।

**শ্রীবিমল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মালদহ জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করবার জন্য নোটিশ দিয়েছি। আমি মালদহ জেলার যে নির্বাচন ক্ষেত্র থেকে নির্বাচিত হয়েছি সেখানে ষ্টেট ফিলেটার-এ একটা মেশিন যেটা ষ্ট্যাণ্ডার্ড সিল্ক তৈরী করার ক্ষেত্রে একটা ইউনিক মেশিন যার জুড়ি সারা ভারতবর্ষে নেই, সারা ভারতবর্ষে এই জাতীয় মেশিন নেই। আজকে এখানকার শ্রমিকরা গত দু'মাসের উপর ধর্মঘট করে আছে। এককালে সেখানে সত্যিই

র-মেটিরিয়ালের অভাব ছিল কিন্তু এখন সেখানে র-মেটিরিয়ালের অভাব নেই। আজকে সেখানে শ্রমিকরা, সেখানে যে ফ্যাক্টরি এ্যাক্ট বা যেসব লেবার ল আছে সেগুলি তাদের ক্ষেত্রে প্রয়োগ করা হচ্ছে না। সেই দাবী নিয়ে তারা আজ আড়াই মাস ধর্মঘট করে আছে এবং এটা অবর্ণনীয় দুরবস্থার মধ্যে পড়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীতপন চ্যাটার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ সি, পি, এম, এর দলিল যেটা আমার হস্তগত হয়েছে সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এর ফটোষ্ট্যাট কপি আমার কাছে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী ক্ষেত্র পানিহাটি এবং তার পারিপার্শ্বিক এলাকায় বিগত কয়েক বৎসর যাবৎ সন্ত্রাসবাদী মার্কসবাদী কমুনিষ্ট পার্টির এক ক্যানটনমেণ্টে পরিণত হয়েছিল। সি, পি, এম এর এই সন্ত্রাস ও সমস্ত খুনী রাজনীতির প্রামাণ্য দলিলসহ আপনার মাধ্যমে এই বিধানসভায় আমি সংক্ষেপে কিছু নিবেদন করতে চাই। সি, পি, এম এর একটা গোপন সভার সিদ্ধান্ত :—অদ্য উপস্থিত উপরিলিখিত এলাকাভিত্তিক কমরেডদের রিপোর্ট পাঠ হইল। উপস্থিত কমরেডদের সংখ্যা ৩৯ জন। বিস্তারিত ও যার আলোচনান্তে দেখা যাবে কালক্রমে দেশবন্ধু বিদ্যাপীঠ বালিকা বিভাগ, সুনীলকীর্ণ বিদ্যায়তন, ভুবনেশ্বরী রামকৃষ্ণ সারদাশ্রম, ভোলা নবোদয় ইনষ্টিটিউসন, শতদল বালিকা বিদ্যালয়, কর্মদক্ষ চন্দ্রচুর এবং মহাজাতি স্কুল সাম্রাজ্যবাদী চিরশত্রু কংগ্রেস এবং লেজুর পি, এস, পি, এবং ডাংগে পন্থীদের কিছু কিছু নেপথ্য হস্তক্ষেপে-এর প্রয়োগের অধিকার দিয়েছে। সিদ্ধান্ত :—পানিহাটি এলাকায় আর এদের বরদাস্ত করা যাবে না। প্রধান শিক্ষক বিকাশ সেনকে কমরেড গোপাল ভট্টাচার্যের অনুমত্যানুসারে অন্তরালে স্থান দিতেই হবে। তার স্ত্রী প্রধান শিক্ষিকা মীরা সেনকে যে কোন প্রকারে নিঃশর্ত রিলিজ করতেই হবে। শান্তিবাবুকে বাঁচাতেই হবে। জরুরী সিদ্ধান্ত নিম্ন লোকগুলি আমাদের মার্কসবাদী দলের প্রধান শত্রু, এদের ক্ষমা নেই। প্রতি এলাকায় এদের গতিবিধির উপর কমরেডদের দৃষ্টি রেখে রাজনৈতিক গুম করা চাই।

**মিঃ স্পীকার :** মিঃ চ্যাটার্জী ওটা কি পাঠ করছেন?

এই যে দলিল সমস্ত পাওয়া গেছে তার থেকে আমার বক্তব্য বলছি। এই সমস্ত রাজনৈতিক দলিল।

**মিঃ স্পীকার :** এই সমস্ত টেবিলে দিয়ে দিন, সমস্ত মেম্বাররা পাঠ করে নেবেন।

(**ভয়েস :** এইগুলি একটু পড়ে দিলেই ভাল, আমরা তাহলে জানতে পারি। জনগণও জানতে পারে)

**শ্রীতপন চ্যাটার্জি :** তাহলে কি পড়ে দেব?

**Mr. Speaker :** That may be laid on the table জিষ্টটা মুখে বলে দিন।

**শ্রীতপন চ্যাটার্জি :** পানিহাটি থেকে বিগত ২০ বছরের মধ্যে কোন কংগ্রেস কর্মী নির্বাচিত হয়ে আসতে পারেনি, সেটা এমনই একটা দুর্গম দুর্গ ছিল ওদের। সেখানে কমসে কম ১০০ জন কংগ্রেসের তরুণ কর্মী এবং যুবক নিহত হয়েছে, ৫০ জন তরুণ যুবক এখন পঙ্গু হয়ে আছে। এ ছাড়া বহু ঘর বাড়ী দোকান তারা জ্বালিয়েছে, পুড়িয়েছে। ইছাপুর গান শেল ফ্যাক্টরী থেকে রাইফেল ছিনতাই করে নিয়ে সেই রাইফেল দিয়ে এসে আক্রমণ চালিয়েছে, এই রাইফেল খড়দা থানায় আছে। আজ পর্য্যন্ত তার তদন্ত হয়নি। সি পি. এম-এর গুণ্ডাবাহিনী মানুষকে এক পাড়া থেকে আর এক পাড়ায় যেতে দিত না, ফলে কেউ নিমন্ত্রণ খেতে আসতে পারত না। পুলিশ

পর্যন্ত এদের হাতের মুঠোয় করে ফেলেছিল। বঙ্গোদয় কটন মিলের সমস্ত কারখানাগুলিকে বন্ধ করে সেগুলি অস্ত্রাগারে পরিণত করে ফেলেছিল, আজকে সেই সমস্ত ক্যাণ্টনমেণ্টে উদ্ধার হচ্ছে। তাছাড়া পানিহাটি পৌরসভাকে তারা দুর্নীতি এবং অপশাসনের দুর্গে পরিণত করেছিল। তার ফলে আমরা ডেপুটেশনে গিয়েছিলাম রাজ্যপালের কাছে ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে তদানীন্তন রাজ্যপাল ডায়াস পৌর আইনের ৬৭ (ক) ধারা মতে সেই পৌরসভাকে বাতিল করে দিলেন। তিন তিনটি তদন্ত হল কিন্তু কিছু সরকারী আমলার জন্য সেই সভা বাতিল হল না, এক দিকে সরকারী আমলা এবং অপর দিকে সি পি এম-এর লোক চক্রান্ত করে আমাদের বিপদে ফেলেছে। এই ঘটনা অত্যন্ত জরুরী। আমি এ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন জানাচ্ছি।

**শ্রীশিবপদ ভট্টাচার্য্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে কিছু অধিবাসীর দুর্দশার কথা বলব যারা বন্যায় প্লাবিত হয়নি কিন্তু যারা প্রতি বছর বর্ষা দ্বারা প্লাবিত হয়। সুতরাং তারা লোকচক্ষুর অন্তরালেই থেকে যায়। এই অধিবাসীরা দমদম কেন্দ্রের মধ্যে এবং পাশেই বাস করে। বীলকান্দা, গরুই মাঠকল, দুর্গানগর, পর্বতডাঙা, উত্তর ও দক্ষিণ রবীন্দ্র নগর এবং বদিয়াপাড়া অঞ্চল প্রতি বছর আমরা জানি কি অবস্থায় পড়ে। এই এলাকাগুলির চারিদিকে মিউনিসিপ্যালিটি রয়েছে কিন্তু এই এলাকাগুলির অধিকাংশই এখন পর্যন্ত গ্রাম পঞ্চায়েতের মধ্যে রয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই বর্ষা এসে যাবে। বর্ষা এসে গেলে পর যে অসুবিধা হয় সেটা হচ্ছে কলকাতা এবং অন্যান্য মিউনিসিপ্যালিটি থেকে যে ময়লাগুলি ফেলা হয় তা এই এলাকার মধ্যে এসে পড়ে, ফলে এখানে একটা অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয়। এইজন্য প্রতি বছর প্রায় ৫০ হাজার লোক অধ্যুষিত এই অঞ্চলের ১০০ জন শিশু প্রতি বছর মারা যায়। এই অঞ্চলের জল নিকাশের একটা ব্যবস্থা অবিলম্বে করা দরকার। এই এলাকায় যে খাল রয়েছে, সোনাই খাল, তার উৎপত্তি স্থান হল বড়তলী বিল, আর শেষ হয়েছে বাগজোলা খালে। এই বাগজোলা খালের যদি সরকার অবিলম্বে সংস্কার সাধন না করেন তাহলে ৭০ হাজার অধিবাসী প্রতি বছর বিপন্ন হবে, এবারেও বন্যা আসবে। স্যার আপনি আসেন বনগাঁ থেকে, দমদম ষ্টেশন পার হলে পর, দমদম থেকে বিরাটি পর্যন্ত যে জায়গা ট্রেন লাইনের বাঁদিকে, সেখানে কিছু লোক জলার মধ্যে বাস করে।

[3-10—3-30 p.m.]

আমি সেখানকার অধিবাসীদের কথা আপনার মাধ্যমে বলছি এবং মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি অবিলম্বে এই সোনাই খাল সংস্কার করার ব্যবস্থা করুন এবং এই এলাকার অধিবাসীরা যাতে সি, এম, ডি, এ-র মধ্যে এসে রাস্তাঘাট পায় এবং মানুষের মত বাস করতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রীবাসুদেব হাজরা:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই এবং সেটা হোল যে সমস্ত পুরুষ মাধ্যমিক শিক্ষক মেয়েদের স্কুলে শিক্ষকতা করেন। তাঁদের প্রতি এরকম নাকি নির্দেশ আছে যে, যে কোন মুহূর্তে তাঁদের চাকুরী চলে যেতে পারে? এরকম কথা আমাদের খানাকুল গ্রামের হেলান গার্লস স্কুলের দুই জন আমাকে বলেছেন। যেখানে আমাদের সরকার গরিবী হঠাও ব্যবস্থা করেছেন, বেকারত্ব দূরীকরণের ব্যবস্থা করেছেন সেখানে যদি কর্মরত এবং দায়িত্বপূর্ণ মাধ্যমিক গরীব

শিক্ষকদের যে কোন মুহূর্তে চাকুরী চলে যায় তাহলে সেটা সাংঘাতিক কথা। এটা যাতে না হয় তার ব্যবস্থা করুন এবং সরকার এরকম নির্দেশ দিন যে, যে সমস্ত পুরুষ শিক্ষক মেয়েদের স্কুলে কাজ করছেন তাঁদের চাকুরী যাবে না এবং নূতন করে পুরুষ শিক্ষক মেয়েদের স্কুলে নেওয়া যাবে। এই ব্যবস্থা যদি করেন তাহলে গরীব এই সমস্ত শিক্ষকদের ভাল হবে। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহোদয়ের কাছে আবেদন রাখছি যে আপনি তাড়াতাড়ি এরকম নির্দেশ জারি করুন যে সমস্ত পুরুষ মাধ্যমিক শিক্ষক মেয়েদের স্কুলে চাকুরী করেন তাঁরা ওই গার্লস স্কুলেই চাকুরী করতে পারবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে বাঁকুড়া জেলার একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখছি। আজকে কয়দিন ধরে বাঁকুড়ায় চালের দর বৃদ্ধির পথে এবং দাম প্রায় এক টাকা ৪০ পয়সার মত হয়েছে। অন্যান্য জিনিসপত্রের মধ্যে চিনি এবং সর্ষের তেলের দরও বাড়ছে। কয়েকদিন আগে বেলোতোরে চাল পাওয়া যায়নি এবং তার ফলে সেখানকার জনসাধারণ কষ্ট পেয়েছে। কাজেই বাঁকুড়ায় চালের দরের একটা সীমা যাতে নির্ধারিত করা হয় এবং এম. আর-এ যাতে চাল পাওয়া যায় ঠিকমত সেই ব্যবস্থা করবার জন্য আমি আপনার কাছে অনুরোধ রাখছি।

**শ্রীঅজিত বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে অকাল বৃষ্টিতে হুগলী জেলায় আলুর চূড়ান্ত ক্ষতি হয়েছে এবং আলু চাষীর সর্বনাশ হতে যেটুকু বাকী ছিল কোল্ড ষ্টোরেজের মালিকরা এবারে তা করেছেন। অবস্থা হচ্ছে তাঁরা নিয়ম করেছেন অল্প আলু যারা রাখবে অর্থাৎ পাঁচ কুইণ্টালের মত রাখবে তাদের চার্জ দিতে হবে মণ করা চৌদ্দ টাকা কয়েক পয়সা এবং যাঁরা ব্যবসা করবার জন্য ৪০০।৫০০ মণ রাখবে তাদের চার্জ দিতে হবে আট টাকা কয়েক পয়সা। সাধারণতঃ যারা আলু রাখেন তাঁরা হচ্ছে চাষী—তাঁরা বীজ আলু রাখেন এবং যাঁরা বেশী আলু রাখেন তাঁরা হচ্ছেন ব্যবসাদার। কাজেই ব্যবসাদারেরা ওখানে মণকরা ভাড়ার সুবিধা পাবেন এবং চাষী যাঁরা বীজ আলু রাখবেন তাঁদের উপর অবিচার হবে এটা কোন দেশী ব্যবস্থা বুঝতে পারছি না। আমরা আপত্তি করেছি, প্রতিবাদ করেছি কিন্তু কোন ফল হয়নি। এই প্রসঙ্গে যেটা বলতে চাই সেটা হচ্ছে যে সম্প্রতি কোল্ড ষ্টোরেজে আলুর উপর সরকার ঠিক করেছেন যে প্রত্যেক রিসিটের জন্য ১·৫০ পয়সা করে ষ্টাম্প ডিউটি নেবেন। যাঁরা পাঁচ কেজি আলু রাখছেন বা পাঁচ মণ আলু রাখছেন তাঁদের কাছ থেকে সরকার ১·১০ পয়সা ষ্টাম্প ডিউটির টাকা আদায় করবেন এবং যাঁরা পাঁচ হাজার মণ রাখছেন তাদের কাছ থেকেও সরকার ১·১০ পয়সা ষ্ট্যাম্প ডিউটি আদায় করবেন। অর্থাৎ সরকার কোল্ড ষ্টোরেজের লোকেদের মত চাষীদের ক্ষেত্রে এবং ছোট ব্যবসায়ীদের ক্ষেত্রে অন্যায় করতে যাচ্ছে। কাজেই কোল্ড ষ্টোরেজকে মোটামুটিভাবে রাষ্ট্রীয়করণ না করলে এই মালিকদের অত্যাচার থেকে আলু চাষীদের বাঁচানো যাবে না। আমি কৃষি মন্ত্রীকে অনুরোধ করছি এই কোল্ড ষ্টোরেজের মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন এবং সরকারের ষ্ট্যাম্পের ক্ষেত্রে যে অসামঞ্জস্যতা—যে জুলুম চলছে ছোট ছোট ব্যবসায়ীদের ক্ষেত্রে এবং আলু চাষীদের ক্ষেত্রে তার প্রতিকার করবেন, এই আশা করছি।

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হুগলী জেলার একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মারফত সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হুগলী এবং হাওড়া নিয়ে নিম্ন দামোদর উপত্যকা পরিকল্পনা কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত হয়েছে এবং কাজ হচ্ছে কিন্তু এর সঙ্গে সংশ্লিষ্ট থেয়ামতী বেসিন, এই বেসিনের পরিকল্পনা যা সরকার গত ১৮

বছর ধরে করবেন বলে প্রতিশ্রুতি দিয়ে আসছেন, তা এখনও পর্যন্ত করে উঠতে পারেন নি। গত ডেমোক্রাটিক কোয়ালিশন সরকারের আমলে একটু কাজ শুরু হয়েছিল, সেই কাজটা জানি না কেন বন্ধ হয়ে গেল। কারণ হুগলী জেলা সদর এবং চন্দননগর মহকুমার ১৬টি থানায় এই পরিকল্পনাটা না হওয়ার দরুণ প্রতি বছর বন্যার কবলে পড়ে এবং লক্ষ লক্ষ মানুষ দুর্গতির মধ্যে এবং এই এলাকা চরম অর্থ নৈতিক বিপর্যয়ের মধ্যে পড়ছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে এই আর্থিক বছরের মধ্যে এই খেয়ামতি বেসিন পরিকল্পনাটা গ্রহণ করা হোক এবং কার্যকরী করা হোক।

**Mr. Speaker**: I would request all the honourable members to be as brief as possible. I have called only 13 names, still there are 14 members to be called If each member speaks for two or three minutes it will take about another half an hour. So I would again request them to be very brief.

**শ্রীসেখ দৌলত আলি**: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ১৯৭২ সালের ১৫ই জানুয়ারীর শিক্ষাদপ্তরের থেকে প্রকাশিত একটা সার্কুলারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই সার্কুলারে দেখা যায় যে একই বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে জুনিয়ার এবং সিনিয়ার সেকশন ভাগ করা হচ্ছে এবং এই ব্যাপারে শিক্ষা জগতে একটা যে বৈষম্য আনবে এটা আমরা মনে করছি।

[3-20—3-30 p.m.]

আর একটা ব্যাপার যে নতুন নিয়োগের ক্ষেত্রে ফাইভ থেকে এইট পর্যন্ত শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পাস গ্র্যাজুয়েট ছাড়া নেওয়া হবে না। অনার্স গ্র্যাজুয়েট যদি নেওয়া হয়, তাহলে তাদের বেতন দেওয়া হবে না। অতএব শিক্ষা উন্নয়নের ব্যাপারে যেমন চিন্তা করছেন, তেমনি শিক্ষকদের নিজেদের কোয়ালিফিকেশন বাড়ানোর প্রবনতা ও এমনি করে চেক দেওয়ার জন্য চেষ্টা করছেন। এটা শিক্ষামন্ত্রীর কাছে রাখছি।

**Mr Speaker**: Mr. Daulat Ali, neither of the cases is urgent or immediate It should not be mentioned under rule 351. I now call upon Shri Niranjan Dehidar.

**শ্রীনিরঞ্জন ডিহিদার**: মাননীয় স্পীকার, স্যার, আমি আজকে এইমাত্র খবর পেলাম যে Keshoram Spun Pipe & Foundry—যেটা হুগলী জেলায় অবস্থিত বাঁশবেড়িয়ায় সেখানে মালিক বিড়লাগোষ্ঠী ও সি, পি, এম-রা ষড়যন্ত্র করে A. I. T. U. C-র ৫।৬ জন শ্রমিককে মেরে গুরুতরভাবে আহত করেছে। সি-আর-পি ঘটনাস্থলে গিয়েও নীরব দর্শক হয়ে দাঁড়িয়ে আছে। মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে এই সম্বন্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। আর একটা কথা বিড়লা ও সি-পি-এমের এই অশুভ আঁতাত যেন শিল্পাঞ্চলে আবার অশান্তির আগুন জ্বালাবার সুযোগ না পায় সেটা যেন মন্ত্রিমহাশয় দেখেন।

**শ্রীহরশংকর ভট্টাচার্য**: মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রী ও বন্ধমিলখোলা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বার দিনে বারোটা মিল কলকারখানা খোলা হয়েছে, সেটা খুব ভালই। কিন্তু বীরভূম জেলার একটি মাত্র কারখানা আমেদপুরের সুগার মিল সেই সুগার মিল খোলবার জন্য কোন ব্যবস্থাই সরকার এখনো করছেন না। এ সম্বন্ধে সরকারকে বহুবার বলা সত্ত্বেও কোন অগ্রগতি হয় নাই। এই সুগার মিলটি

খুললে পরে দু-হাজার লোকের চাকরী হয় এবং বছরে গভর্ণমেণ্টের ২৪ লক্ষ টাকা রেভেনিউ আদায় হয়। আজ এই চিনি সংকটের দিনে দু-লক্ষ টন চিনিও বছরে সেখানে তৈরী হতে পারে। তাছাড়া আরো কিছু আনুষঙ্গিক শিল্পও সেখানে হয়। এ সম্বন্ধে অনেক অনুরোধ উপরোধ আমরা করেছি, তবু এখনো এই চিনিকলটি খোলার কোন ব্যবস্থা হয়নি। শুনেছি ডি. বি. সেনগুপ্ত বলে একজন Sugar Technologist আছেন, তার সঙ্গে Industry Ministry-র জনৈক I. A. S. Officer some Mr. Bose-এর ঝগড়া হয়। তাঁর সঙ্গে কি ঝগড়া তা আমরা বুঝি না, আমি শুধু জানতে চাই এই আমলাতন্ত্রের ঝগড়ার ফলে আমাদের জেলার একমাত্র চিনি শিল্পের কারখানাটি বন্ধ হয়ে আছে। মন্ত্রিমহাশয়রা কেউ এই ব্যাপারে অগ্রসর হয়ে কিছু বলছেন না দেখে আমাদের একটু আশ্চর্য্য লাগছে।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ষ্টেটসম্যান কাগজে দেখবেন স্বাভাবিকভাবে সোৎসাহে ঘোষণা করা হয়েছে Indo-Japanese Industries Ltd-কোম্পানী পশ্চিমবঙ্গে দশ মাস কারখানাটি বন্ধ থাকার পর খোলা হল। এটি খোলার জন্য Industrial Reconstructin Corporation of India সাড়ে চার লাখ টাকা তাদের লোন দিয়েছে এবং ব্যাংক ইত্যাদি থেকেও তাঁরা লোন জোগাড় করেছেন। আগামী বছর তাঁরা ৩০ লক্ষ টাকার পণ্য উৎপাদন করতে পারবেন। ভালকথা, কিন্তু পরবর্তী সংবাদটা দুঃখের। মিল খোলার জন্য ব্যবস্থা হলো। সেই খোলার ঠিক মুখে যারা শ্রমিক আগে ছিলেন না এমন বেশ কয়েক-জন তরুন তাঁরা গিয়ে ঐ কারখানায় দাবী করলেন যে শ্রমিকরা কাজ করছেন ১৬২ জন, তাদের বদলে এই নতুন লোকজনকে অগ্রাধিকার দিতে হবে। ফলত: গভর্ণমেণ্টের এত প্রচেষ্টা ইত্যাদি সত্ত্বেও এই Indo-Japanes Industries Ltd কোম্পানীটি শোনা যাচ্ছে নাকি আগামীকাল থেকে আর খুলতে পারছে না। আমি এ সম্বন্ধে শিল্পমন্ত্রী এবং Youth Service নামে যে দপ্তর তার exact কি কাজ জানি না, তাছাড়া যুব সমাজের দৃষ্টি আকর্ষণ করছি। যুবকরা অবশ্য কাজ চায়।

**শ্রীসুধীর চন্দ্র বেরাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপুর্ণ ঘটনার উপর মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এখানে যে ফিলিপস কোম্পানী আছে, আমরা বিশ্বস্ত সূত্রে খবর পেয়েছি যে তারা তাদের সমস্ত কারখানা বাংলাদেশের বাইরে কানপুরে নিয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারখানায় ২০ হাজার কর্মচারী কাজ করে এবং ভিতরে ভিতরে এই কারখানাকে সরিয়ে নিয়ে যাবার ব্যবস্থা সম্পূর্ণ এবং সরিয়ে নিয়ে যাবার ফলে এই কর্মচারীরা বেকার হয়ে যাবে। আজকে আমাদের বাংলাদেশের সবচেয়ে বড় যে সমস্যা সেই বেকার সমস্যার সমাধানের জন্য যখন নতুন নতুন কলকারখানা স্থাপনের প্রয়োজন এবং যখন আমরা আমাদের সরকারের কাছ থেকে প্রতিশ্রুতি পেয়েছিলাম যে আমাদের এখান থেকে কোন কারণেই কলকারখানা বাইরে যাবে না তখন যদি এই ফিলিপস কারখানাকে বাইরে নিয়ে যাওয়া হয় তাহলে বাংলাদেশের স্বার্থ ক্ষুন্ন হবে চাকুরীর অসুবিধা হবে। এই বিষয়ে সরকারকে অনুসন্ধান করবার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রীললিত গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খেলা-ধুলা বিভাগের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে কিছু বক্তব্য রাখতে চাই। যখন খেলাধুলার উন্নতির জন্য শহরের দিকে নজর দেওয়া হচ্ছে তখন ঠিক সেই রকম মফঃস্বলের দিকে নজর দেওয়া হচ্ছে না। তাই আমি বলতে চাই যে মফঃস্বলের ছেলেরা যাতে ভালভাবে খেলা-ধুলা করতে পারে তার জন্য যেন সেই দিকে নজর দেওয়া হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার সামনে সুন্দরবন এলাকার কয়েকটি গুরুত্বপুর্ণ ঘটনা যা ঘটেছে তা রাখতে চাই।

**মিঃ স্পীকার :** একটা ঘটনা বলুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** আমি বলছি কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে যে সমস্ত ঋণ দেওয়া হয়েছে, সেই ঋণ তারা শোধ করতে পারে না, তার ফলে মথুরাপুর, পাথরপ্রতিমা প্রভৃতি বিভিন্ন থানার পুলিশরা ডিসট্রেস ওয়ারেন্ট নিয়ে গ্রামের চাষীদের বাড়ী গিয়ে তাদের ছাগল, হাঁস, মুরগী সব ধরে নিয়ে যায়। তারা যখন লোন নিয়েছিল তখন শোধ করতে পারবে ভেবেই নিয়েছিল। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে যুক্তফ্রণ্টের সময় ইনক্লাব জিন্দাবাদ দেনা-পাওনা শোধবাদ এই নীতিতে বিশ্বাস করে তারা ঋণ করেছিল এখন তারা আর সেই ঋণ শোধ করতে পারে না। তারা যুক্তফ্রণ্টকে ভোট দিয়েছে তার তারপর তাদের ঋণ দেওয়া হয় নি। তাই যুক্তফ্রণ্টের সময় থেকে সুন্দরবন এলাকায় ৪।৫ বছর চাষ হচ্ছে না এবং যার ফলে চাষীরা অত্যন্ত ঋণে পড়ে গিয়েছে যা শোধ করতে পারে না। এর ফলে দেখা গিয়েছে যে কো-অপারেটিভ ব্যাংক এর টাকা শোধ করতে পারে না। এই কো-অপারেটিভ ব্যাংকের সুদের হার শতকরা ২-৫০ টাকা। তাদের আগে শতকরা ৭ টাকা সুদের উপর দিতে হতো শতকরা ১০ টাকা সুদের উপর দেয়। সেখানে শতকরা ২·৫০টাকা সুদের হারের উপর ৩০০০ এাম্পলই রয়েছে এবং তারা এই ২·৫০টাকা সুদের উপর বেঁচে আছে। তাই আজকে বিভাগীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে এই সুন্দরবন এলাকায় যে লোন দেওয়া হয়েছে এইটি কে নানতমপক্ষে ১০ বছরের একটা কিস্তীবন্ধ করে দেওয়া হোক এবং সেই কো-অপারেটিভ ব্যাঙ্কের কর্মচারীদের সাবসিডিয়ারী দেওয়া হোক এবং তাদের আনএমপ্লয়মেণ্টের হাত থেকে বাঁচান হোক।

**শ্রীকানাই ভৌমিক :** অন এ পয়েণ্ট অভ প্রিভিলেজ স্যার, মাননীয় সদস্য বললেন যে যুক্তফ্রণ্টের আমলে কো-অপারেটিভ সোসাইটি থেকে ঋণ দেওয়ার ব্যাপারে যে কথা বলা হয়েছিল সেটাকে ভুলভাবে তিনি এখানে উথাপন করেছেন। প্রথমে কো-অপারেটিভ বিভাগের যুক্তফ্রণ্টের আমলে শ্রীমতী রেণু চক্রবর্তি মিনিস্টার ছিলেন, তারপরে শ্রীবিশ্বনাথ মুখার্জী ছিলেনকিছু দিন, তারপর আমি ছিলাম। আমরা কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট থেকে ঋণের ব্যাপারে কখনও এই কথা বলি নি যে, ঋণ নিলে ঋণ শোধ দিতে হবে না। এটা কো-অপারেটিভ বিভাগের সমস্ত দপ্তর ঘাটলেই পাওয়া যাবে। আমরা উলটে হেণ্ডবিল দিয়েছিলাম যে যদি কো-অপারেটিভ মুভমেণ্ট বাড়াতে হয় তাহলে ঋণ নিতে হবে এবং দিতে হবে এবং এর ফলে আমরা বলতে পারি যে বাংলাদেশের কো-অপারেটিভ মুভমেণ্ট, কো-অপারেটিভ বিভাগ থেকে ঋণ দেওয়ার ফলে অনেকটা জোরদার হয়েছে। এবং বাংলাদেশের কো-অপারেটিভ মুভমেণ্ট অনেকখানি জোরদার হয়েছিল। এখানে মাননীয় সদস্য যে ঘটনাটি বললেন সেটা ঠিক নয় বা তিনি প্রিভিলেজ হিসাবে যেকথা বল্লেন সেটা ঠিক নয়।

[ 3-30—3-40 p.m. ]

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় স্পীকার মহাশয়, আমার কাছে কাগজ রয়েছে যাতে ছাপানো রয়েছে তাতে বলা হয়েছে ইনক্লাব জিন্দাবাদ দেনা-পাওনা শোধবাদ। এইভাবে, স্যার, আমার এলাকাতে এস, ইউ, সি, পার্টি অনেক ভোট পেয়েছে। সেইজন্য আমি বলেছি।

**মিঃ স্পীকার :** কে কি শ্লোগান দিল না দিল তাতে কিছু হয় না — যুক্তফ্রন্ট সরকারের কি কথা ছিল হি ওয়াজ ......

উনি বলেছেন আমি ছিলাম এই রকম পলিসি ছিল না—গভর্ণমেণ্ট ডিসিসনে এইরকম কথা ছিল না। বাইরে কে কি শ্লোগান দিয়েছে তাতে যুক্তফ্রন্ট গভর্নমেণ্টের উপর তার রিফ্লেকসন হয় না। আমি বলতে চাচ্ছি উনি ওনার যে বক্তব্য বলেছেন তাতে একটা শ্লোগানের কথা উল্লেখ করেছেন। এতে কোন সিরিয়াসনেস আসে না। গভর্ণমেণ্ট পলিসি ছিল একথা উনি বলছেন না।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক :** এটাতে কোন পয়েণ্ট অব প্রিভিলেজ আসে না।

**মি: স্পীকার :** এটা পয়েণ্ট অব প্রিভিলেজ বলে কি আমি মেনে নিয়েছি কিংবা কি কিছু করেছি? আপনি ও রকম বলছেন কেন?

**শ্রীহবিবুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি—সেখানকার দুটি করুণ ঘটনার ব্যাপারে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতা প্রাপ্তির পর থেকে মুর্শিদাবাদে পদ্মা ক্রমশ ভেঙ্গে ভেঙ্গে চলে আসছে। এবং তারজন্য বহু পরিবারকে ক্ষতিগ্রস্ত হতে হয়েছে। আমি ১৯৬৯ সালের জুলাই মাস থেকে ১৯৭১ সালের জুন মাস পর্যন্ত একটা সংখ্যা দিচ্ছি যে এই পদ্মার ভাঙ্গনে প্রায় সাড়ে এগারটি মহকুমা ক্ষতিগ্রস্ত হয়েছে। এবং এই সব জায়গায় যেসব অধিবাসীরা ছিল তারা আজকে সহায়-সম্পদহীন হয়েছে। রাস্তাঘাটের অবস্থা খুবই খারাপ এবং মানুষ সেখানে অমানুষের মত বসবাস করছে। আজকে পশ্চিমবঙ্গ সরকার সীমাবদ্ধ সম্পদ নিয়ে যে সব পরিকল্পনা করছেন তাতে মুর্শিদাবাদের এই দীর্ঘদিনের সমস্যা সমাধান করবার জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পদ্মার ভাঙ্গন বন্ধ করার জন্য একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করেন।

**শ্রীদেবেন্দ্রনাথ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সরকারে প্রতিষ্ঠিত হওয়ায় জনসাধারণ উল্লসিত হইয়াছিল। কিন্তু কতিপয় সরকারী কর্মচারীদের গাত্রদাহ হইয়াছে। বিশেষ করে বামপন্থী ফ্রণ্টের কর্মচারীরা সুযোগ বুঝিয়া জনসাধারনকে কিরূপ হয়রানি ও শাস্তি দিতেছে তাহার নজির আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়গণের গোচরে আনা উচিত বলে মনে করছি। অধ্যক্ষ মহোদয়, পশ্চিম দিনাজপুর হেমেতাবাদ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে গত ২৯।৩।৭২ তারিখ রাত্রিতে এবং ৩০।৩।৭২ তারিখে রোগীদের কোন খাবার বা ঔষধ দেওয়া হয় নাই। উক্ত কেন্দ্রের ডাক্তার রোগীদের বলেছেন বাড়ী থেকে খাবার আনিয়ে খেতে হবে বর্তমান সরকার এই নিয়ম করেছেন। আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নিকট সঠিক তথ্য জানবার আশা করি।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি গুরুত্বপূর্ণ বিষয় আমাদের এই আইনসভার কাছে বলে। Esplanade East-এ N.V.F-এর রমীরা আজ এক মাস ধরে অবস্থান করছে তাদের কতকগুলি দাবী-দাওয়ার ভিত্তিতে। এরা অনেকবার সরকারের কাছে জানিয়েছে, যুক্তফ্রণ্টের আমল থেকে আরম্ভ করে Democratic Coalition Government-এর সময়ে তারা যেসব দাবী উত্থাপন করেছিলো তার কোন প্রতিকার হয়নি বরং তাদের ছাটাই করা হয়েছে। এদের গ্রাম থেকে ডেকে আনা হয় সরকারের যখন প্রয়োজন পড়ে সেই সমস্ত যুবক যারা পুলিসের Auxilary বাহিনী হিসাবে ও জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী হিসাবে তাদের যে দাবীদাওয়া তাই নিয়ে অবস্থান করে আছেন। আমি আপনার

মাধ্যমে সেই সমস্ত অস্থায়ী কর্মীদের এবং যারা অবস্থান করে আছেন তাদের দাবী দাওয়ার প্রতি দৃষ্টি দেবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলী বিশেষকরে মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রী এবং বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা কেন্দ্র জিয়াগঞ্জ খড়িবোনা নামে অভিহিত একটা জেলাপরিষদে রাস্তা আছে সেই রাস্তাটি কঁাচা এবং এই রাস্তা ঐ এলাকার জনজীবনের গুরুত্বপূর্ণ রাস্তা। ঐ রাস্তা বর্ষার সময় দেখেছি হাঁটু জলে, কোমর জল থাকে—যে কয়েকটা Culvert আছে সেগুলি ভগ্নপ্রায়। এই রাস্তা দিয়ে কিছু দিন আগে থেকে যোগাযোগ করেছি কর্তৃপক্ষের সঙ্গে এবং P.W.D.Works-এর প্রায় ১০ লাখ টাকার Estimate হয়েছিল সেটাতে তারা বলেছিলো আমাদেক Fund নেই জেলা পরিষদ করবে। আবার জেলা পরিষদ বললেন আমাদের fund নেই এই রকম অবস্থায় দাঁড়িয়েছে। কিন্তু এই রাস্তাটা পাকা করা দরকার। তাই বলছি জনসাধারণের অবর্ণনীয় দুর্দশা দূর করতে হলে, জনসাধারণ আশা করেন ভগবানগোলায় যদি সরকার কিছু করে দেন তাহলে সর্বপ্রথম ঐ খড়িবোনা, জিয়াগঞ্জে, রানিতলা জেলা পরিষদের রাস্তাটি পিচ রোড করে দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি এবং সেই বক্তব্য আপনার কাছে রাখছি।

**শ্রীঠাকুরদাস মাহাতো:** মাননীয় স্পীকার মহাশয়, আমি মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী থানার ৮ নম্বর অঞ্চলে গোদামৌলি গ্রামের একটি ঘটনার বিষয় আপনার কাছে উল্লেখ করছি। গত ২৭-৩-৭২ তারিখে বেলা বারোটা একটার সময় পার্শ্ববর্তী শেওড়া গ্রামে ২০।২৫ জন C P M দলভুক্ত লোক জাল নিয়ে গোদামৌলিতে একটা পুকুর লুট করার জন্য যায়। গোদামৌলি গ্রামের কয়েকজন লোক এসে তাতে আপত্তি জানায় এবং বলে একটা মাত্র পুকুর এবং অন্যের পুকুরে অন্যায়ভাবে কেন মাছ ধরতে এসেছেন। তখন ওরা জাল নিয়ে চলে যায় এবং গ্রাম থেকে আরো লোকজন নিয়ে সশস্ত্র অবস্থায় এসে গ্রাম আক্রমণ করে। গোদামৌলির লোকেরা বাধা দেবার জন্য এগিয়ে আসে তখন তাদের মধ্যে একটা খণ্ড যুদ্ধ হয়। তার ফলে গোদামৌলি গ্রামের দুইজন গ্রামবাসী গুরুতররূপে আহত হয় এবং তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুঃখের বিষয় পুলিশ কর্তৃপক্ষ এই ব্যাপারে একটা কদর্য Roll Play করছে। আমি ঘটনাস্থলে গিয়েছিলাম, এবং শালবনী থানার O C-এর সঙ্গে দেখা করেছিলাম এবং আলোচনা করে জানলাম তারা C. I. এবং D. S. P. Midnapore, C.P M-এর সঙ্গে ষড়যন্ত্র করে যারা আক্রান্ত হয়েছে তাদের যাতে arrest করা হয় সেজন্য একটা তালিকা তারা O. C-র কাছে পাঠিয়েছেন। আজকে নির্বাচনের পর বিরাট সংখ্যা আইনসভায় এসেছি এবং দেশের কথা চিন্তা করছি যেটা আমরা প্রথমে প্রতিশ্রুতি দিয়েছিলাম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ যে শান্তির পরিবেশ গড়ে উঠবে এখানে সুপরিকল্পিতভাবে C. P. M-এর গুণ্ডাবাহিনী গ্রামে গিয়ে সন্ত্রাস চালাচ্ছে। আমার মনে হয় শহর থেকে পালিয়ে তারা গ্রামে গিয়ে আশ্রয় নিয়েছে এবং গ্রামে এইসব চক্রান্ত করছে। তাই, আমি মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই ব্যাপারে একটি ব্যবস্থা গ্রহণ করুণ।

[3-40—3-50 p.m. ]

**শ্রীপঞ্চানন সিনহা:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সুন্দরবনের যন্ত্রণাময়ী জীবনযাত্রার এক উদ্বেগজনক পরিস্থিতির বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

প্রায় গত এক মাস ধরে সুন্দরবনের এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত বসন্ত রোগ মহামারী রূপে দেখা দিয়েছে এবং কোন কোন গ্রাম থেকে মানুষ প্রাণে বাঁচবার ভয়ে পালিয়ে যাচ্ছে। আমি গত শনিবার এবং রবিবার আমার নির্বাচনী কেন্দ্র বাসন্তী এলাকার ষোলটি অঞ্চলে ঘুরে ঘুরে দেখে এসেছি। আমাদের বর্তমান বিজ্ঞান জগতে সংক্রামক ব্যাধির প্রিভেনটিভ সাইড এবং কিউরেটিভ সাইড এই দুটি দিক থাকার কথা, কিন্তু এখানে তার কোনটিই নেই। একটি গ্রামের কথা আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার সামনে উল্লেখ করছি। ভাঙ্গনখালি গ্রামটি ক্যানিং-এর দুই নম্বর ব্লকের মধ্যে অবস্থিত, কিন্তু বাসন্তী থানা এলাকার মধ্যে পড়ে। সেখানে একটি ছোট্ট পাড়ার মধ্যে তের জন বসন্ত রোগে মারা গেছে সেদিন এবং এই তের জনের মধ্যে দশ জনের বয়স হচ্ছে এক মাস থেকে সুরু করে তিন বছরের মধ্যে হবে। এখানে কোন টিকাওয়ালার সন্ধান পাওয়া যায় না, এই হচ্ছে গ্রামের লোকের অভিযোগ। স্পীকার মহাশয়, ঐ এলাকার দুটি ব্লকে আজ পর্যন্ত প্রাইমারী অথবা সাবসিডিয়ারি কোন হেলথ সেন্টারই স্থাপিত হয়নি. এমনকি হেলথ অফিসও ঐ এলাকার কোন জায়গায় নেই। স্যানিটারি ইনসপেকটরের অফিসও আমার এলাকার কোন কোন জায়গা থেকে ৩০ মাইল দূরে অবস্থিত। কাজেই সুন্দরবনের এই সব নদীনালা পেরিয়ে ৩০ মাইল দূরে গিয়ে খবর দেওয়া সব সময় সম্ভব হয় না। যাই হোক আমি নিজে গিয়ে খবর দিয়েছি, কিন্তু অবস্থার কোন উন্নতি হয়নি। আমি যখন আজ সকাল বেলা বাড়ী থেকে বেরিয়েছি তখন পর্যন্ত দেখেছি অবস্থার কোন উন্নতি হয়নি। বিগত ১৫ বছরের মধ্যে বসন্ত রোগে এই রকম প্রাণহানির সংখ্যা আর কখনও দেখা যায় নি। আমি আটটি অঞ্চলের মধ্যে যেটুকু খবর পেয়েছি তাতে দেখা যাচ্ছে ৪৯ জন বসন্ত রোগী এতাবৎ মারা গেছে এবং তার মধ্যে একটি অঞ্চলে (কাঁঠালবেড়িয়া) মৃত্যুর সংখ্যা হচ্ছে সতের জন। এর মধ্যে বেশীর ভাগই হচ্ছে প্রাইমারী কেস অর্থাৎ যাদের আদৌ কোন টিকা দেওয়া হয়নি। কাজেই এবিষয়ে স্বাস্থ্য দপ্তর একটু গুরুত্ব দিয়ে এখুনি মোবাইল ইউনিট পাঠাবার ব্যবস্থা করুন এবং শুধু ভ্যাকসিনেসন নয় যাতে সেখানে কিউরেটিভ ব্যবস্থা থাকে তারও ব্যবস্থা করুন। সেগ্রিগেশন হচ্ছে প্রথম কথা—সংক্রামক রোগী থেকে অন্যান্যদের পৃথক করে রাখা দরকার, সেজন্য বাড়ী থেকে সরিয়ে আনা দরকার। আপনারা সবাই জানেন গ্রামাঞ্চলের শতকরা ৯৫টি টিউবয়েল আজকে অকেজো হয়ে রয়েছে এবং এর থেকে সুন্দরবনও বাদ যায় নি। সেখানেও ঐ একই অবস্থা হয়েছে। কাজেই তারা পুকুরের জল খায় সেই জলেই আবার রোগীর কাপড়-চোপড় ধোয় এবং সেখানে সভ্য সমাজের স্বাস্থ্য বিধি সংক্রান্ত কোন আলো আজ পর্যন্ত প্রবেশ করে নি। আমাদের এই মন্ত্রিসভা নতুন উদ্যমে কাজ আরম্ভ করেছেন। কাজেই যে আশা নিয়ে আজকে কংগ্রেসকে ভোট দিয়ে সুন্দরবনের দুঃস্থ মানুষ জিতিয়েছে আমরা নিশ্চয়ই সেই আশা পুরণ করবার চেষ্টা করবো এবং এর যথেষ্ট মর্যাদা আমরা দেব।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি থেকে একটি টেলিগ্রাম এসেছে সেটি ইংরাজীতে লেখা এবং আমি তা এখানে পড়ে দিচ্ছি।

"Standing crops and huts of backward tribal cultivators forcibly destroyed by Estates Manager with CRPs help from vested khas land Jalpigari North Bengel Poor people solicit protection and justice" আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়কে বলতে চাই যে এই ধরনের গরীব চাষীদের ফসল জোর করে তুলে নেওয়া হয়েছে এবং তাদের বাড়ীঘরগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে এ সম্বন্ধে তাঁরা একটু দেখবেন এবং অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

## First Report of the Business Advisory Committee

The Chairman (Mr Speaker) : I beg to present the First Report of the Business Advisory Committee which at its meeting held on the 3rd April, 1972, in my Chamber considered the question of allocation of dates and time for disposal of Legislative Business and recommended as follows :

| | | |
|---|---|---|
| Thursday, 6. 4. 72 and Friday, 7 4.72 | | The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing) 6 hours |
| Monday, 10.4 72 | (1) | The West Bengal Requisitioned Land (Continuance of Powers (Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing) one and half hours. |
| | (2) | The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill 1972 (Introduction, Consideration and Passing) one and half hours. |
| Tuesday, 11.4.72 | | The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972 (Introduction, Consideration and Passing) 3 hours. |
| Wednesday, 12.4.72 | | The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing) .. 3 hours. |

There will be no sitting of the Assembly during the period 13 4 72 to 24.4.72. The Minister for Parliamentary Affairs may kindly move his motion.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that the First Report of the Business Advisory Committee presented this day before the Assembly be agreed to by the House

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, খবরের কাগজেও ইতিমধ্যে আমরা দেখতে পেলাম যে আমাদের বিধানসভার অধিবেশন নাকি ১২ তারিখ পর্য্যন্ত চলার সম্ভাবনা আছে। আপনার ঘরে বিজনেস এ্যাডভাইসরী কমিটির যে মিটিং হয়েছে আমার বিশ্বাস সেখানের যে সিদ্ধান্ত সেটা হাউসের অবগতির আগে বাইরের খবরের কাগজে দেওয়াটা আমাদের যে অধিকার সেই অধিকার খর্ব করা হয়। সেটার দিকে আপনাকে একটু নজর দিতে বলছি।

**Mr. Speaker :** Mr. Bari, I think the report is palpably false. কারণ ১২ তারিখে সাইন ডাই এ্যাডজর্ন হচ্ছে না। ২৪।৪।৭২-এ আবার হাউস চালু থাকছে। এটা প্রেস কোনরকমভাবে সারমাইজ করেন, প্রিজামসান করেন সেটা আলাদা কথা। আপনি যে অভিযোগ এনেছেন আমি সেই অভিযোগ সম্পর্কে এনকোয়ারী করে দেখবো। এইগুলি এখানে এই হাউসে এডপ্ট হবার আগে বাইরে যাওয়া উচিত নয়। তবুও মাননীয় সদস্য যখন এটা আমার দৃষ্টিতে এনেছেন তখন I will look into the matter I take it that the motion is adopted.

## LAYING OF ORDINANCES

### The Calcutta Municipal (Amendment) Ordinance, 1972.

**Shri Gyan Sing Sohanpal :** With your permission, Sir, I beg to lay before

the Assembly the Calcutta Municipal (Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No. I of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Improvement Laws (Amendment) Ordinance, 1972.

**Shri Gyan Singh Sohanpal :** With your permission, Sir, I beg to lay before the Assembly the West Bengal Improvement Laws (Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No. II of 1972). under Article 213 (2) (a) of the Constitution of India.

[ 3-50—4-10 p.m. including adjournment ]

The Calcutta Municipal Second Amendment) Ordinance, 1972

**Shri Gyan Singh Sohanpal :** With your permission, Sir, I beg to lay before the Assembly the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No. III of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Ordinance, 1972

**Shri Gurupada Khan :** Sir, I beg to lay before the Assembly the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No.IV of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Relief Undertakings (Special Provision) Ordinance, 1972

**Dr. Gopal Das Nag** : Sir, I beg to lay before the Assembly the West Bengal Relief Undertakings (Special Provisions) Ordinance 1972 (West Bengal Ordinance No. V of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Ordinance, 1972

**Shri Gurupada Khan :** Sir, I beg to lay before the Assembly the West Bengal Requisitioned Land Continuance of Powers) (Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No. VI of 1972), under Article 213 (2) (a of the Constitution of India,

The Calcutta Metropolitan Development Authority Ordinance, 1972

**Shri Subrata Mukhopadhaya** : Sir, I beg to lay before the Assembly the Calcutta Metropolitan Development Authority Ordinance, 1972 (West Bengal Ordinance No.VII of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

**Mr. Speaker** Mr. Mukherjee, I give you the permission to lay the Ordinance but you must say with your permission to lay it.

**Shri Subrata Mnkhopadhyay** : Sorry, Sir.

The West Bengal Maintenance of Public Order Ordinance, 1972

**Dr. Md. Fazle Haque** : With your permission, Sir, I beg to lay before the Assembly the West Bengal Maintenance of Public Order Ordinance, 1972 (West Bengal Ordinance No. VIII of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1972

**Shri Gurupada Khan** Sir, I beg to lay before the Assembly the West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1972 (West Bengal Ordinance No. IX of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Ordinance, 1972

**Shri Subrata Mukhopadhaya**: With your permission, Sir, I beg to lay before the Assembly the West Bengal Slum Areas (Improvement and Clearance) Ordinance, 1972 (West Bengal Ordinance No. X of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India.

The Taxes on Entry of Goods in to Calcutta Metropolitan Area Ordinance, 1972

**Shri Sankar Ghose**: Sir, I beg to lay before the Assembly the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Ordinance, 1972 (West Bengal Ordinance No XI of 1972), under Article 213 (2) (a) of the Constitution of India

(At this stage the House was adjourned for 15 minutes

[ 4-10—4-20 p.m ]

**After Adjournment**

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রীপ্রফুল্লচন্দ্র সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের অভিভাষণের উপর যে সংশোধনী প্রস্তাব এসেছে, যে সংশোধনী প্রস্তাব মাননীয় প্রভোৎ মাহান্তি এনেছেন তাকে আমি সমর্থন করছি। মহামান্য রাজ্যপালের ভাষণে অনেক আশার সঞ্চার হয়েছে, আবার অনেকে নিরাশ হয়েছে। আশার সঞ্চার হয়েছে এইজন্য যে বর্তমানে যে সরকার গঠিত হয়েছে রাজ্যপালের ভাষায় বলি তারা মানসিক মেনডেট পেয়েছে বিপুল সংখ্যাগরিষ্ঠতা পেয়ে। এই হাউসে অনেক দিন ধরে কোন সরকার এত সংখ্যাগরিষ্ঠতা পায় নি। আশঙ্কা হচ্ছে এইজন্য যে বিরোধী কেউ নেই—বিরোধী দল বলে কেউ নেই। আর যা আছে তাদের অনুবীক্ষণ যন্ত্র দিয়ে দেখতে হয় সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের আবশ্যক নিশ্চয়ই আছে। যে সমস্ত দেশে সংসদীয় গণতন্ত্র সার্থক হয়েছে সেখানে মূলত দুটি দল থাকে সমান সমান। সংসদীয় গণতন্ত্রের কথা হচ্ছে একটা দলের উপর লোক যদি বিরক্ত হয় তাহলে আর একটা দলের উপর যাতে লোক শাসন পরিচালনা দিতে পারে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে বিরোধী দলকে সম্পূর্ণরূপে রক্ষা করা ও তাদের সুযোগ-সুবিধা ও মর্যাদা দেওয়া হবে। এখানে সুযোগ-সুবিধা ও মর্যাদার কথা উঠতে পারে না। আমাদের পশ্চিমবাংলায় এরূপ রাজনৈতিক পরিবর্তনের বিষয় যদি সাধারণভাবে পর্য্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে যে পূর্বে যে বিরোধী দল ছিল সত্য বলতে কি তারা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করতেন না।

আপনি জানেন যে ১৯৬৭ সালে যখন প্রথম **U**. F. Government প্রতিষ্ঠিত হয় এবং ১৯৬৯ সালে যখন দ্বিতীয় U. F. Government প্রতিষ্ঠিত হয় তারা তখন তারা এক বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে এসেছিল। ১৯৬৯ সালে ২৮০টি আসনের মধ্যে ২১৮টি আসন পেয়েছিল এবং দেশের মধ্যে একটা বিপুল উৎসাহ ও আশার সঞ্চার হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় সে সময় যুক্তফ্রণ্টে যে কটা দল ছিল তাঁরা অনেকে সংসদীয় গণতন্ত্র বিশ্বাস করতেন না এবং তদানীন্তন মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখার্জি অনেক দুঃখ ও বেদনার সঙ্গে এই মন্ত্রিসভাকে শুধু অসভ্য বলে ধারণা হয়ে বর্বর সরকার বলেছিলেন। আজ তার একটি প্রতিক্রিয়াস্বরূপ আমরা দেখতে পাচ্ছি যে এখানে বিরোধী দলের অস্তিত্ব নেই। আজ C. P. I কে নিয়ে P. D. A যে মোর্চা গঠিত হয়েছে তাতে এই দুটি দল বহু

আসন পেয়েছেন। তবে আশঙ্কার বিষয় এটা যে C. P. I. সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করেন কি না সেটা চিন্তার বিষয়। আমি সেদিন শুনলাম আমার বন্ধু শ্রীবিশ্বনাথ মুখার্জি C. P. I. নেতা বললেন যে বিরোধীদল নেই তা কি হয়েছে, এসব বুর্জোয়া ব্যাপার। কিন্তু আমরা যারা Parliamentary democracy-কে বিশ্বাস করি তাতে আমরা মনে করি বিরোধী দল থাকা উচিৎ তা না হলে সংসদীয় গণতন্ত্র টিকবে না। আজ আমাদের অনেকের মনে সন্দেহ হচ্ছে যে এই যে নির্বাচন হয়ে গেল তাতে কোন কারচুপি হয়েছে কি না? কেউ কেউ বলেছেন C. P. M. বিপুলভাবে পরাজিত হয়েছে এবং তাঁদের যে মোর্চা তা মাত্র ২০টি আসন পেয়েছেন। তাঁরা কিন্তু বলছেন যে ২৮০টি নির্বাচন কেন্দ্রের মধ্যে ২০০টি কেন্দ্রেই কারচুপি হয়েছে। কিন্তু আমি তা বিশ্বাস করি না। ২০০টি আসনে কারচুপি হয় নি। কারচুপি যে এই নির্বাচনে হয়েছে তা নয় এর আগের আগে নির্বাচনেও হয়েছে। কারচুপি নানা রকমের হতে পারে। C. P. M. যখন পশ্চিমবাংলায় সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছিল তারাও কোন কোন জায়গায়—১৫।১৬টি কেন্দ্রে—তারাও লোককে ভয় দেখিয়েছে। Polling agent-কে বসতে দেয়নি। False vote কোন কোন কেন্দ্রে ক্ষেত্রে আগেও দেওয়া হয়েছে এবং এখনও দেওয়া হয়েছে। তবে আমি যতদূর খবর পেয়েছি তাতে ৪৫ থেকে ৫০টি আসনে কারচুপি হয়েছে এবং নানানভাবে কারচুপি হয়েছে। আমি C. P. M.-এর হয়ে। do not hold any brief for them. কোন কোন নির্বাচনী ক্ষেত্রে ভোটের সংখ্যা যদি দেখেন তাহলে আপনি স্তম্ভিত হবেন।

[ 4-20—4-30 p.m. ]

কালনা নির্বাচন কেন্দ্রের কথা ধরুন। সেখানে সি, পি, এমের খুব প্রভাব ছিল। সেখানে সি, পি, এম প্রার্থী মাত্র ৯ শো ভোট পেয়েছেন। এটা বিশ্বাসযোগ্য কি? কে না বলবে সেখানে কারচুপি হয়েছে? কত ধরণের কারচুপি হয়েছে। সেখানে নির্বাচনের আগে কিছু হত্যাকাণ্ড হয়েছে, ত্রাস সৃষ্টি করা হয়েছে, সন্ত্রাস সৃষ্টি করা হয়েছে এবং নির্বাচনের সময় দেখা গেলো সি, পি, এম প্রার্থী মাত্র নয়শো ভোট পেয়েছেন। যে কোন লোক বিশ্বাস করে যে সেখানে কোন না কোন প্রকার কারচুপি হয়েছে, নিশ্চয় হয়েছে। আমি আরও উদাহরণ দিতে পারি। কিন্তু সময় নষ্ট করবো না। দু-একটা কথা বলবো। দমদম নির্বাচন কেন্দ্রে মোট ভোটার সংখ্যা এক লক্ষ ৪৭ হাজার। এক লক্ষ সাত হাজার ভোট দিয়েছে। এই এক লক্ষ সাত হাজার লোক সেই সকাল সাতটা থেকে বিকেল পাচটা পর্যন্ত ভোট দিয়েছেন তা নয়। অনুসন্ধান যদি করেন তাহলে দেখতে পারবেন ভোট গ্রহণ পর মাত্র কয়েক ঘণ্টায় শেষ হযে গিয়েছে। এই কয়েক ঘণ্টার মধ্যে এক লক্ষ সাত হাজার লোক ভোট দিয়েছে এবং সেখানে মাত্র দু-হাজার ভোট নাকচ হয়েছে। আর একটা কেন্দ্রের কথা বললে আপনি স্তম্ভিত হয়ে যাবেন। সেটা হচ্ছে কামারহাটি নির্বাচন কেন্দ্র। ভোটার সংখ্যা এক লক্ষ ২৬ হাজার। বেশী লোক ভোট দেয় নি। মাত্র ৬৯ হাজার লোক ভোট দিয়েছে। বলুন তো কত ভোট সেখানে ক্যানসেল হয়েছে? ১৯ হাজার ভোট সেখানে ক্যানসেল হয়েছে। আমি যতদূর খবর পেয়েছি তাতে জানি ১৬ হাজার ভোট পত্রে দুটো করে ছাপ দেওয়া হয়েছে। কল্পনা করুন ভারতবর্ষের কোন জায়গায় আমাদের পশ্চিমবাংলায় তা তবু শতকরা ৩৩ ভাগ লোকের অক্ষর জ্ঞান আছে কিন্তু যেখানে তাও নেই যেমন বিহার যেখানে আরও বেশী লোক নিরক্ষর সেখানেও কি এমন কোন কেন্দ্র পাবেন যেখানে ৬৯ হাজারের মধ্যে ১৯ হাজার ভোট ক্যানসেল হয়েছে, তার ১৬ হাজারে দুটো করে ছাপ। আর যেটা তিন

হাজার সেটা ঠিক। ক্যানসেল তিন হাজার হতে পারে, দু হাজার হতে পারে, দেড় হাজার হ পারে, চার হাজার ভোট হতে পারে। চার হাজার ভোট নাকচ খুব কম কেন্দ্রেই হয়। অ দু একটা কথা বলবো। নোয়াপাড়া নির্বাচন কেন্দ্রে এক লক্ষ ২৯ হাজার ভোট সেখানে ৭৭ হাজ ভোট দিলো এবং খুব অল্প সময়ের মধ্যেই ভোট গ্রহণের কাজ শেষ হলো। অনুসন্ধান কর এমন বহু কেন্দ্র পাবেন যেখানে এম,এ, পাস, পি, এইচ-ডি, অধ্যাপক, বিদ্যালয়ের শিক্ষক তঁ টিপসই করেছেন। কিন্তু তাঁরা টিপসই দেবেন কেন? আমি জানি কসবা অঞ্চলে ১৩টা পো বুথে দু ঘণ্টার মধ্যে সব ভোট দেওয়া শেষ। যখন সব লোকে ভোট দেওয়ার জন্য দাঁড়িয়ে আ লাইনে তখন যারা ছাপ দিয়েছে তারা বলছে আপনার দাঁড়িয়ে রোদে কেন কষ্ট করছেন আপন যাকে ভোট দেবেন আমরা তাকে ভোট দিয়ে দিয়েছি। অনুগ্রহ করে বাড়ী যান। এই সব কে পূর্ব থেকে পরিকল্পনা করা হয়েছে। ভোট সব দিয়ে দেওয়া হয়েছে। এই রকম বহুজায়গ ঘটেছে। আমি বলছি না যে ২৮০টি কেন্দ্রেই হয়েছে, আমি জানি ২০০টি কেন্দ্রে হয় নি ১০ কেন্দ্রে ও হয় নি, তবে ৪০ থেকে ৫০টি কেন্দ্রে হয়েছে এবং এর নিশ্চয়ই তদন্ত করা দরকার। রকম যদি চলে তাহলে সংসদীয় গণতন্ত্র একটা প্রহসনে পরিণত হবে। একটা কল্পনা করুন দ্বিত বিশ্বযুদ্ধে চার্চিল সাহেবের নেতৃত্বে ইংরাজরা জয়লাভ করেছিল তবে যুদ্ধ শেষ হতে না হতেই ইষ্ট ফ্রণ্টে তখন যুদ্ধ চলেছে, ওয়েষ্টার্ণ ফ্রণ্টে কেবল শেষ হয়েছে, চার্চিল সাহেব নির্বাচনে নামলে চার্চিল সাহেব তখন প্রধানমন্ত্রী, তাঁর দল থেকে পোষ্টার দেওয়া হল হু ওন দি ওয়ার, ভিক্টরি কা হবে, তার নীচে চার্চিল সাহেবের ছবি দেওয়া হল, ভিক্ট্রির নীচে লেখা হল ভোট কনজারভেটিভ আর লেবার পার্টি বল্লো তুমি যুদ্ধে জিতেছো। তারাও সেই রকম পোষ্টার দিল, হু ওন দি ওয় তার নীচে তিনটি মৃত সৈনিকের ছবি—একটা ছবি আর্মির, একটা ছবি নেভির, আর একটা ছ এয়ার ফোর্সের, হু ওন দি ওয়ার, তিনটি মৃত সৈনিকের ছবি—ভোট ফর লেবার পার্টি। মানন অধ্যক্ষ মহাশয়, চার্চিলের মত মহান নেতা, বিশ্ববিখ্যাত নেতা, দুর্জয় সাহসী নেতা যিনি গভ দেশপ্রেমের পরিচয় দিয়েছিলেন সেই কনজারভেটিভ পার্টির নেতা যিনি সদ্য সদ্য যুদ্ধে জিতেছে সেখানেও ভোটের সময় কারচুপি হয় নি। সংসদীয় গণতন্ত্রে কারো মনে কোন সন্দেহ একটুকু থাকা উচিত নয়। সুতরাং ২৮০টি কারচুপির কথা নয়, ১০০ টির কথা নয়, যদি একটাও সেখা কারচুপি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই এখানে তদন্ত করা দরকার। আগে মাননীয় সদস্য বিশ্বন মুখার্জী বলেছেন বিরোধী দলের কোন দরকার নেই। এই রকম যদি হয় তাহলে একদলে শাসন হবে যা রাশিয়ায়, চায়নায় আছে, একদলের শাসন অন্যান্য কমিউনিষ্ট দেশে আছে কিন্তু সংসদীয় গণতন্ত্রে যাঁরা বিশ্বাস করেন গণতন্ত্রে যাঁরা বিশ্বাসী একদলের শাসনকে তাঁ বিশ্বাস করেন না। হয়ত বহু দল থাকতে পারে, মূলতঃ দুটি দল থাকবে যে দুটি দলের উপ দেশবাসী নির্ভর করতে পারবে। যেমন দুটো লাইনে ষ্টীম ইঞ্জিন চলে, দুটো লাইনই শব নির্ভরযোগ্য হওয়া উচিত। সেইজন্য বলছি প্রধানতঃ দুটি দল থাকা উচিৎ, তাহলে পরে সংসদী গণতন্ত্র সার্থক হতে পারে। আজকে আমাদের দেশে মস্তবড় আশঙ্কা সঙ্গে সঙ্গে আনন্দের কথা যে যাঁদের হাতে ক্ষমতা আছে তাঁদের নিরংকুশ বিপুল সংখ্যাগরিষ্ঠতা আছে যাকে ব ম্যাসিভ ম্যানডেট তাঁরা পেয়েছেন। খুব ভাল কথা লোকের মনে খুব আশা হবে। আমি ১ বছর এই হাউসে বসেছি, আমার তো সব সময়ই তো বিরোধীদলের সঙ্গে তর্ক করতে সময় চ যেত, এমন কি একদল ছিল যারা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস রাখতো না, এমন বিরোধীদল যদি দে যায় যে সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করে সেই বিরোধীদল সরকারকে সাহায্য করে, পুষ্ট করে তারা কনস্ট্রাকটিভ সমালোচনা করে কনষ্ট্রাকটিভ ক্রিটিসিজ্‌ম করে কারণ তারা জানে তারা ক্ষমতায় আসতে পারে।

[ 4-30—4-40 p.m. ]

তারা সরকার যখন গ্রহণ করবেন ভাঙ্গবার জন্য করবেন না। সি, পি, এম যেমন করেছিল বা যুক্তফ্রন্টের বিভিন্ন শরিক যেমন করেছিল সেই রকম তারা করবেন না। আজকে সেইজন্য আমাদের দেশের সামনে একটা মস্ত বড় আশংকার কথা হলো গণতন্ত্র টিকবে কি টিকবে না। আমি পূর্বে যখন বিভিন্ন জায়গায় নির্বাচনী সভায় গিয়েছি আমি নির্বাচনী সভায় বক্তব্য দেবার পর শেষ কথা বলতাম, হে ভগবান, আমাদের দেশে আরও একটা সর্ব ভারতীয় দল করো নেতৃত্ব সম্পন্ন, তাদের নির্দিষ্ট কর্মসূচী থাকবে এবং সর্বভারতীয় হওয়া চাই যদি কংগ্রেস না পারে তারা যেন ভালোভাবে এই দায়িত্ব গ্রহণ করে সাহায্য করতে পারেন। আজকে আমি সেইজন্য আপনার কাছে বলছি আমার বন্ধু শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন যে একটা অনুসন্ধান করা দরকার, সেই অনুসন্ধান করবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করবো। এতে ভয় করার কিছু নেই, রিগ্‌ড ইলেকশন কারচুপি হয়নি এটা বললে হবে না। লোকের মনে সন্দেহ আছে আমি আপনার কাছে যে সমস্ত কথা বললাম তাতে আপনারও মনে সন্দেহের উদ্রেক হবে তাইতো নিশ্চয়ই কোথাও কারচুপি হয়েছে গোলযোগ হয়েছে এর অনুসন্ধান করা দরকার, তদন্ত করা দরকার। আমাদের মনে নিশ্চয়ই আশার সঞ্চার হয়েছে যে আমাদের দুঃখ-দুর্দশা থাকবে না, আমাদের বেকার সমস্যা দূর হবে। কি করে যে দূর হবে মহামান্য রাজ্যপাল মহোদয় বলেন নি। আমাদের পশ্চিমবাংলায় নাকি ২৮ লক্ষ বেকার—১৭ লক্ষ হচ্ছে ঐ গ্রামাঞ্চলের কৃষকদের মধ্যে তার ১১ লক্ষ হচ্ছে নাকি শহরের মধ্যে। আমাদের যে লাইভ রেজিষ্টার আছে তাতে যে নাম আছে, পশ্চিমবংগের বেকার যারা এমপ্লয়মেন্ট একবেঞ্চে নাম লিপিবদ্ধ করেছেন তাদের সংখ্যা প্রায় নয় লক্ষ—আট লক্ষ ৬৩ হাজারের মত। ভারতবর্ষে যত রাজ্য আছে তার মধ্যে সব চেয়ে বেশী। আমাদের তো লোক সংখ্যা এখন চার কোটি ৪৪ লক্ষ এর মত, আর ঐ উত্তরপ্রদেশের লোক সংখ্যা এখন প্রায় নয় কোটি। লাইভ রেজিষ্টারে যে নাম আছে উত্তর প্রদেশে, তাদের সংখ্যা পাচ লক্ষ কয়েক হাজার এর মত। আর পশ্চিমবাংলায় লোক সংখ্যা উত্তর প্রদেশের চেয়ে অর্ধেক তুলনায় তাতে লাইভ রেজিষ্টারএ বেকার সংখ্যা ৮ লক্ষ ৬৩ হাজারের মত। কি করে হবে? একটা ন্যাশনাল স্যামপেল সার্ভে বেরিয়েছিল ১৯৭০ সালে তাতে বলা হয়েছে ভারতবর্ষের প্রায় ২৪ কোটি লোক আধ পেটা খেতে পায় না। অর্থাৎ আমাদের মোটামুটি বেঁচে থাকবার জন্য অন্ততঃ দু হাজার ২০০ ক্যালরি লাগে তাহলে ২৪ কোটী লোক আছে যারা ভারতবর্ষের এক হাজার থেকে ১৫০০ মত ক্যালরি খায়, তা আমাদের পশ্চিমবঙ্গে সেই হিসাব অনুপাতে, প্রপোরশনেটলি, পশ্চিমবংগে এক কোটির উপর লোক আছে যারা এই এক হাজার থেকে ১৫০০ ক্যালরি পায়, আধপেটা বা পৌনে এক পেটা খেয়ে থাকে। কি করে তাদের সমস্যার সমাধান হবে জানি না। ঐ লাইভ রেজিষ্টারে আট লক্ষ ৬৩ হাজার লোকের নাম আছে তাকেই বা কি করে চাকুরী দেওয়া হবে। আমাদের পশ্চিমবঙ্গে ঠিক স্বাধীনতার আগে যত অরগানাইজড ফ্যাক্টরী আছে তার কর্মীর সংখ্যা ছিল ছয় লক্ষ ৪০ হাজারের মত। বাড়তে বাড়তে সেটা দাড়ালো আট লক্ষের মত। যুক্তফ্রন্টের দৌলতে কমে কমে সেটা দাড়ালো সাত লক্ষের মত। এবং এখনো বহু ফ্যাক্টরী বন্ধ, বহু মিল বন্ধ, যারা কাজ করতো তাদের কাজ নাই। তাদের কর্মসংস্থান হবে কি করে জানি না। এই আট লক্ষ লোকের কিভাবে হবে? কিন্তু মাননীয় রাজ্যপাল মহাশয় বলেছেন যে গরিবী হঠাবেন, সেটা কিছু নয়। এই গরিবী হঠাবার কি মানে আমার জানা নাই। এই গরিবী হঠাবার মানে কি এই যে এক হাজার ক্যালরীর জায়গায় দেড় হাজার ক্যালরী কি দু হাজার ক্যালরী যদি খেতে পায় তাহলেই

গরিবী হঠান হবে, তাতে তিনি ক্ষান্ত হননি, তিনি আরও জোর কথা শুনিয়েছেন—পূর্ণ আর্থিক স্বরাজ। ৫৪ বছর ধরে রাশিয়ায় মহান বিপ্লব ঘটে গেল, পূর্ণ আর্থিক স্বরাজ হয়েছে কি? কমিউনিজমে হয়েছে কি? চায়নায় তো হয়নি। পূর্ণ আর্থিক স্বরাজ কি করে হবে, তার ইঙ্গিত আমরা পাইনি। মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় এবং মন্ত্রিমণ্ডলী নিশ্চয়ই বলবেন রাজ্যপাল আর্থিক স্বরাজ বলতে কি বোঝেন। নির্বাচনের সময় আমার সুযোগ হয়েছিল বহু গ্রামে যাবার। আমি ৩৩ দিনে ৫০০ মাইল হেঁটেছি। বহু গ্রামে গিয়েছি, প্রত্যেক পল্লীতে গিয়েছি। পল্লীতে গিয়ে যে অবস্থা দেখেছি তা বলতে পারি। আমার আরামবাগ মহকুমায় পর পর তিনটি বন্যা হয়েছে। ১৯৭১ সালে ভীষণ বন্যা হয়েছিল। আমি অনেক গ্রামে গিয়েছি, সেখানে শুনেছি, তারা বলেছে —আমরা সরকারের কাছ থেকে কেউ বলেছে ২৬ টাকা পেয়েছি, কেউ বলেছে সাত টাকা পেয়েছি, দেখুননা আমাদের ঘরের চালে খড় নেই, ২৬ টাকা কেন, ৬০ টাকা কেন, ২০০ টাকা পেলেও চালে খড় দিতে পারব না। কারণ এখন এক কাহন খড়ের দাম ৯৫ টাকা থেকে ১১০ টাকা, কি করে ছাইব। পল্লীতে গিয়েছি, তারা বলেছে ভোট চাইতে এসেছেন, দেখুন না পাঁচ বছর ধরে এই নলকূপে পানীয় জল আসছে না, সেই গ্রামের মেয়েরা বলেছে দু মাইল দূর থেকে পানীয় জল আনতে হয়, রাস্তাঘাটের কথা তো বাদই দিলাম। বহু লোক, মাননীয় রাজ্যপাল বলেছেন এক কোটি ১০ লক্ষ লোক ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, জমির ফসল নষ্ট হয়েছে, বালি পতিত হয়েছে। সেই বালি তুলতে পারবেন কিনা জানিনা, গরিবী হঠাও তো দূরের কথা, আর পূর্ণ স্বরাজ তো স্বপ্ন। এই যে বন্যা পীড়িত গ্রামের লোকেরা, শুধু আরামবাগ মহকুমায় নয়, অন্যান্য মহকুমার এক কোটি দশ লক্ষ লোক চার কোটি ৪৪ লক্ষ লোকের মধ্যে, এদের চালে খড় উঠবে কি? এই যে পল্লীতে পল্লীতে যে সব পানীয় জলের নলকূপ বন্ধ হয়ে আছে সেগুলি মেরামত হবে কি? পুনঃপ্রোথিত হবে কি? অবশ্য কাল শুনলাম মাননীয় কৃষিমন্ত্রী বললেন —আমরা সব ব্যবস্থা করে ফেলেছি। কত টাকা কত নলকূপ মেরামত করবেন, কোথায় নলকূপ দরকার তার হিসাব কোথায়? কত লোকের বাড়ীতে খড় নাই তার হিসাব কোথায়? যখন মুখ্যমন্ত্রী ছিলেন বিধান চন্দ্র রায়, তখন ১৯৫৬ সালে একবার বন্যা হয়েছিল এবং ১৯৫৯ সালে আর একবার। আমরা তখন দেখলাম মাটির ঘর হলে পর প্রত্যেক বাড়ীই নষ্ট হয়ে যাবে। তাই একটা স্কীম করা হয়েছিল—বিল্ড ইওর ওন হাউস, আমাদের ইচ্ছা ছিল গোটা বাংলা দেশে তিন লক্ষ লোক বাড়ী করবে, মাত্র ২৪ হাজার লোক বাড়ী করতে পেরেছিল। নিজের হাতে ইট গড়েছে, তখন সরকার থেকে কয়লা দেওয়া হল। ইট যখন পাকা হল তখন পাকা ঘর তৈরী করার জন্য সরকার থেকে কিছু টাকা সাহায্য করা হল। এই রকম করে ২২ কি ২৪ হাজার করা হয়েছিল। আমাদের টার্গেট ছিল তিন লক্ষ, হয়েছে তার মধ্যে ২২ হাজার, কিছুই নয়। পূর্ণ আর্থিক স্বরাজ তো বড় কথা, গরিবী হঠাও তো বড় কথা, যদি এই স্কীম গ্রহণ করেন তো লোককে দিয়ে ইট তৈরী করাবেন।

[ 4-40—4-50 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই পশ্চিমবাংলায় এখন তো বহু ইট তৈরী হচ্ছে। এই ব্যাপারে আমি একটা হিসেব দিচ্ছি। স্বাধীনতার আগে এখানে যত ইট তৈরী হোত এখন তার চেয়ে দেড়শ গুণ বেশী ইট তৈরী হচ্ছে। আমি কোন প্রাদেশিকতার কথা বলছিনা, আমি বলছি যে সমস্ত শ্রমিক এই ইট তৈরী করে হুগলী, হাওড়া এবং চব্বিশ পরগণায় তারা সমস্তই বাইরে থেকে আসে ইট তৈরী করতে। এই যে বিল্ড ইওর ওন হাউস স্কীম রয়েছে তাতে তোমাকে আমরা

সাহায্য করব, তোমার একটা পাকা ঘর হোক এবং তুমিই ইট তৈরী কর। ভবিষ্যতে তারা ইট তৈরী করবে এরকমভাবে যদি আমরা করে দেই তাহলে যেকথা রাজ্যপাল তাঁর ভাষণে বলেছে তার কিছুটা অংশ নিশ্চয়ই আমরা পুরণ করতে পারব। আজকে আমাদের দেশে এমন সমস্ত তাতে কেউ জোর করে বলতে পারবে না যে রাতারাতি কিছু করব আমরা সকলেই বলছি সমাজতন্ত্র। সমাজতন্ত্র মানে কি? একটা কথা আছে সোসালিজম ইজ এ ক্যাপ হুইচ্ ফিটস্ এভরিবডি। আমার মাথায়ও রাখতে পারবে, আপনার মাথায়ও রাখতে পারবে, জ্ঞান সিং সোহনপালের মাথায়ও রাখতে পারবে। কাজেই সোসালিজম-এর ব্যাখ্যা কেউ করতে পারে না। আমরা বলছি সোসালিজম নয়, ডেমোক্রেটিক সোসালিজম—মারাত্মক ব্যাপার। ডেমোক্রেটিক সোসালিজম ভাল, কিন্তু আগে ডেমোক্রেসী চাই। ডেমোক্রেসী রাখতে হলে নিশ্চয়ই সংসদীয় গণতন্ত্রে কোনরকম কারচুপি যাতে নির্বাচনে না হয় তারজন্য কঠোর দৃষ্টি রাখতে হবে। একথা বলে আমি প্রদ্যোৎ মহান্তি মহাশয় যে সংশোধনী দিয়েছেন তাকে সমর্থন করছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় স্পীকার মহাশয়, আমি রাজ্যপালের ভাষণ সমর্থন করে বলছি যে, ওই ভাষণে পশ্চিমবাংলার শিল্প এবং শ্রমিক বর্তমানে যে সংকটময় অবস্থায় আছে তা যথাযথভাবে ফুটে ওঠেনি। বেকারের সংখ্যা ২৮ লক্ষ বলা হয়েছে, কিন্তু বস্তুতপক্ষে এই বেকারের সংখ্যা পশ্চিমবাংলায় আরও অনেক বেশী। ১৯৬০ সাল থেকে বস্তুতপক্ষে এখানে নূতন কোন কর্মসংস্থান হয়নি। বিগত দশ বছরে যখন মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ এবং অন্ধ্র প্রভৃতি জায়গায় সরকার পরিচালনাধীন কারখানা গড়ে উঠেছে তখন আমাদের এই পশ্চিমবাংলায় একটি কারখানাও গড়ে ওঠেনি। টেক্সটাইল, জুট, মাইনিং এবং টি ইত্যাদিতে নিয়োজিত শ্রমিকের সংখ্যা আগে ছিল নয় লক্ষ এবং আজকে তা দাঁড়িয়েছে সাত লক্ষ। সারা দেশের এমপ্লয়মেণ্ট একচেঞ্জগুলি থেকে পশ্চিমবাংলার এমপ্লয়মেণ্ট একচেঞ্জে নাম রেজিষ্ট্রি বেশী হয়েছে অথচ কর্মসংস্থান হয়েছে কম। ডালহাউসি স্কোয়ারের মর্কেন্টাইল অফিসে গত দশ বছরে নূতন লোক রিক্রুট করা হয়নি। এরকম যদি চলে তাহলে ওই ফতেপুর সিক্রি যেমন কবরের সাক্ষী বহন করছে এই মার্কেনটাইল ফার্মগুলোও তেমনি কবরের সাক্ষী বহন করে চলবে। আমরা দেখছি একটার পর একটা অফিস উঠে যাচ্ছে এবং তার ফলে মধ্যবিত্ত শিক্ষিত সমাজ আজ অন্ধকারে এসে দাঁড়িয়েছে। এসো, ক্যালটেক্স, বার্মাশেল প্রভৃতি কোম্পানীগুলিতে সারা ভারতবর্ষে যেখানে আট হাজার শ্রমিক কাজ করে সেখানে বাংলাদেশে মাত্র ১৭০০ শ্রমিক কাজ করে।

Computerisation এবং কনট্রাক্ট সিসটেম চালু করার ফলে আজ এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। ছাটাই এবং বেকারী চলছে, এই বেকার সমস্যা আরও বাড়ছে। ইতিমধ্যে বিভিন্ন কোম্পানীগুলো তাদের অফিস বাইরে স্থানান্তরিত করার চেষ্টা করছে। যেমন বলা যেতে পারে মেসার্স কে. সি. থাপার, ক্যালটেক্স, সেথিয়া ব্রাদার্স, আই. সি. আই. এ্যাণ্ড বিড়লা। কিন্তু তাদের বিরুদ্ধে কোন প্রয়োজনীয় ব্যবস্থার কোন ইঙ্গিত নেই। বিভিন্ন শিল্পপতি বাংলাদেশের বাইরে তাদের শিল্প স্থানান্তরের চেষ্টা করছে এবং বাংলাদেশের অভ্যন্তরে যে সমস্ত শিল্প তাদের রয়েছে সেখানে উৎপাদন সংকুচিত করছে। অন্যদিকে বলা যেতে পারে যেমন জয়া কারখানা অন্ধ্রে করেছে, সেখানে উৎপাদন বাড়ছে এবং এইরকম একটা কৌশলের মধ্য দিয়ে আস্তে আস্তে এই প্রদেশ থেকে শিল্প স্থানান্তরের বন্দোবস্ত করা হচ্ছে। এই রাজ্যে সিমেন-এর অবস্থাও একই। ১৯৭০ সালে সিমেনের সংখ্যা ছিল ৭ হাজার ৬ শত আজকে সেখানে ১৯৭২ সালে তার সংখ্যা এসে দাঁড়িয়েছে ৬ হাজার ৫২০, কিন্তু ঠিক সেই সময় বম্বেতে ১৯৭০ সালে

সিমেন-এর সংখ্যা ছিল ১৮ হাজার ৩০৩, আজ এসে দাঁড়িয়েছে ১৯ হাজার ৩৩। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকারের ত্রুটিপূর্ণ লাইসেন্সিংও এই অবস্থার জন্য অনেক দায়ী। একটা উদাহরণ দিলে দেখা যাবে যে ফিলিপ্স কোম্পানী পুনাতে কারখানা খোলার জন্য লাইসেন্স চাইলো সেই লাইসেন্স তারা পেল কিন্তু বাংলাদেশে যখন তাদের কারখানা সম্প্রসারিত করার জন্য লাইসেন্স চাইলো, সেই লাইসেন্স তাদের অনুমোদন করা হোল না। হলো না এই সর্তে—তাদের বলা হোল যে কারখানা তোমরা সম্প্রসারিত করতে পার কিন্তু উৎপাদনের শতকরা ৪০ ভাগ বাইরে রপ্তানী করতে হবে, যেটা সম্পূর্ণ অবাস্তব। ফলে তাদের এই এক্সপ্যানশন স্কীম বন্ধ করে দিতে হলো। এই রাজ্যে সিক ইণ্ডাষ্ট্রিগুলোকে বাঁচাবার জন্য আই. আর সি. যে সংস্থা গড়ে উঠেছে তারা আশা রেখেছিল যে এই সিক ইণ্ডাষ্ট্রিগুলোকে কিছুটা রক্ষা করা যাবে কিন্তু তাদের পরিচালন ব্যবস্থা যা রয়েছে, সেই ব্যবস্থা অত্যন্ত ত্রুটিপূর্ণ। তাই আমি জিজ্ঞাসা করতে চাই যে এতে বিড়লাদের প্রতিনিধি রাখার কি দরকার ছিল এবং সেই সমস্ত সিক ইণ্ডাষ্ট্রির প্রতিনিধিদের রাখার কি এত দরকার ছিল? আমি আবেদন করবো ঐ আই. আর. সি.-কে পুনরায় ঢেলে সাজানোর জন্য ব্যবস্থা করুন। তাহলে কিছু সাহায্য হতে পারে। ইতিমধ্যে একটা জিনিস লক্ষ্য করা গেছে যে বাঙ্গালী শিল্পপতিরা ক্রমে ক্রমে বাংলাদেশের শিল্প জগৎ থেকে বিদায় নিচ্ছে। বন্ধ কারখানাগুলোর প্রভাব সব চালু কারখানার উপর পড়েছে এবং তারা আজকে একটা সংকটের সামনে এসে দাঁড়িয়েছে। আমার কাছে খবর আছে ইতিমধ্যে বিড়লারা এই কলকাতা শহরে কিছু কিছু এই ধরনের মাঝারী শিল্পপতিদের কাছে যোরা ফেরা করছে সেই সমস্ত কারখানা খরিদ করার জন্য। আজ শিল্পে এই যে সংকট দেখা দিয়েছে এটা শুধুমাত্র এই বললেই শেষ হবে না, আমরা দেখেছি যে শিল্পে কাঁচামালের যে সরবরাহ এবং আনুসঙ্গিক যে সরঞ্জাম-এর সরবরাহ তার অব্যবস্থা এবং তার মূল্য বেড়ে যাবার ফলে শিল্পোৎপন্ন দ্রব্যের দাম বেড়েছে। অন্যদিকে ওয়াগান সাপ্লাই-এর ত্রুটিপূর্ণ ব্যবস্থা থাকার ফলে বিভিন্ন শিল্পে আজকে তার পরিচালনার পথ ব্যাহত হচ্ছে। এই সম্পর্কে সবচেয়ে হার্ডহিট বলা যেতে পারে ইঞ্জিনিয়ারিং ইনডাস্ট্রি এবং ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রি যা একদিন বাংলাদেশে একটা গৌরবের স্থান অর্জন করেছিল সেই ইঞ্জিনিয়ারিং ইণ্ডাষ্ট্রী আজকে মরণের পথে প্রায়। এই সঙ্কট থেকে মুক্তির জন্য কিন্তু মালিক শ্রেণী—অনেকেই বলছেন যে প্রডাকশন চাই, কিন্তু তারা উৎপাদন চান না, প্রডাকশন বৃদ্ধির কথা তাদের বক্তব্য নয়, তারা বলেন প্রডাকটিভিটি বাড়াবার জন্য। অর্থাৎ কাজের বোঝা বাড়ানো এবং পয়সা না দেওয়া। এই তো মাত্র সেদিন যে সেন র‍্যালে কারখানা খোলা হলো—যে শ্রমিকরা ছিল তাদের সংখ্যা দিয়ে আগে যা উৎপাদন করা যেত তার থেকে অনেক বেশী উৎপাদন দিতে তারা রাজী ছিল। কিন্তু সরাসরি মালিকরা এই কথা বললেন যে বেশী উৎপাদন আমরা চাই না এবং মাথাপিছু উৎপাদনের হার বাড়াতে হবে এবং তার ফলে আগে যা মোট উৎপাদন ছিল তাই নেওয়া হবে এবং এইভাবে সারপ্লাস করতে হবে। এটা একমাত্র সেন র‍্যালে কারখানাতেই নয় সমস্ত কারখানাগুলোতে আজকে একই নীতি চলছে। আমরা চাই উৎপাদন বাড়ুক, আমি চাই এই কারখানাগুলোর উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হোক কিন্তু এই কথা ঠিক যে উৎপাদন বাড়াবার নাম করে কাজের বোঝা বাড়ানো, অর্থাৎ বিনামূল্যে কাজের বোঝা বাড়ানো এটা শ্রমিক জীবনে দুর্দশা ডেকে আনবে।

[ 4·50—5·00 p.m. ]

উৎপাদন বাড়াতে শ্রমিকরা সব সময় চায়। বার্নপুরের I. S. W. কারখানার শ্রমিকরা

সেখানে উৎপাদন বাড়াতে চায়। তারা বার বার বলেছে আমরা উৎপাদন বাড়াতে চাই। কিন্তু তা কি করে হবে? কারণ মালিকরা বলে—অর্ডার নাই।

আমাদের কয়লাখনির শ্রমিকরা উৎপাদন বাড়াতে রাজী, তারা উৎপাদন বাড়িয়েছেও। কিন্তু তার পরে দেখা গেল বহু কয়লার খনি বন্ধ হয়ে গেছে। কয়লা খনি বন্ধ হয়ে যাবার ফলে প্রায় দশ হাজার কয়লাখনি শ্রমিক এক দুঃসহ সংকটময় জীবন-যাপন করছে। সুতরাং সংকট অন্য জায়গায়। সংকট হচ্ছে বাজারের সংকট, সংকট হচ্ছে মানুষের ক্রয় ক্ষমতা কমে যাবার সংকট। মাননীয় রাজ্যপাল মালিক ও শ্রমিকদের কাছে আবেদন করেছেন– তোমরা লক্-আউট করো না, হরতাল করো না। আজকে পশ্চিমবঙ্গের সমস্যা হরতাল নয়। রাজ্যপালের ভাষণে Bengal Chambers of Commerce-এর সভায় তিনি বলেছেন ৫২০টি কারখানা বন্ধ হয়ে আছে। তার মধ্যে শতকরা ৭০টি কারখানা মালিকপক্ষ unilaterally বন্ধ করে দিয়েছেন। তারজন্য সেখানে তো কোন হরতাল ছিল না, উৎপাদন ব্যাহত হবার কোন সংকট ছিল না। এই পশ্চিমবাংলার সমস্যা কিন্তু হরতাল নয়, উৎপাদন বাড়ানো নয়, এখানে সমস্যা হচ্ছে বাজারের সমস্যা, মানুষের ক্রয় ক্ষমতা বাড়ানোর সমস্যা। যদি উত্তরোত্তর বেকার সমস্যা বৃদ্ধি পেতে থাকে, তাহলে মানুষের ক্রয় ক্ষমতা বাড়তে পারে না। যে সমস্ত কারখানায় মানুষের নিত্য ব্যবহার্য্য দ্রব্যসামগ্রী উৎপাদন হয়, তারা সেই সব জিনিষ বিক্রী করবার বাজার পায় না। এই যে তাদের উৎপন্ন জিনিষের যথোচিত বাজার নাই, বিক্রী হতে পারে না, এই মূল সংকট আমাদের সামনে রয়েছে। কিছুদিন আগে মাননীয় লেবার মিনিষ্টারের সঙ্গে দুর্গাপুর এক সভায় গিয়েছিলাম। সেখানকার মালিক-পক্ষও সেখানে উপস্থিত ছিলেন। তাদের সঙ্গে আলোচনায় একটা জিনিষ পরিষ্কার হয়ে পড়লো যে শ্রমিকরা চান উৎপাদন বাড়াতে, উৎপাদন ব্যাহত হবার জন্য শ্রমিকরা দায়ী নন, দায়ী হচ্ছে সেখানকার কর্তৃপক্ষের মধ্যে দলাদলি, ঝগড়া। ট্রেড ইউনিয়নকেও এক ধরনের Provocation দেওয়া হয়েছিল। এইরকম provocation যেমন এক জায়গায় একটা fixed principle ছিল, সেখানে হঠাৎ বিশেষ একদলের চাপে পড়ে, Job evaluation করা হলো, সেই মুহূর্তে অন্য জায়গায়ও বিক্ষোভ সুরু হয়ে গেল। ট্রেড ইউনিয়ন নেতাদেরও দূরদর্শিতার অভাব ছিল। মালিকপক্ষ অর্থাৎ অফিসাররা—এই কারখানা কার—এই যে দৃষ্টিভঙ্গীর অভাব এটা যে জাতীয় সম্পত্তি, এটা তারা মনে করে না, তার ফলে সেখানে সঙ্কট। দুর্গাপুরে উৎপাদন বাড়ানো কঠিন কিছু নয়, যদি দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করা হয়, যারা সেখানে রয়েছে, তাদের মনে করতে হবে এটা আমাদের জাতীয় সম্পত্তি। আমরা যদি মনের দিক দিয়ে দলের দিক দিয়ে এই ন্যায্য দায়িত্ব মেনে না নেই তাহলে উৎপাদন ব্যাহত হতে বাধ্য। এই জিনিষ সেদিন আলোচনার মাধ্যমে পরিষ্কার হয়ে গিয়েছে। আজ একটা ফ্যাশান হয়ে দাঁড়িয়েছে বলা হয় যে বিভিন্ন জায়গায় উৎপাদন হলনা কেন? না তা শ্রমিকের দোষ। উৎপাদনের quality খারাপ হলো কেন? তা শ্রমিকের দোষ। তাহলে এত সমস্ত টেকনিসিয়ান ও managerial Staff-এর কাজটা কি? তারা ওদের Production-এর System দেখলেন quality দেখলেন অথচ তাদের কি কিছু করবার ছিল না? এই ফ্যাশানটা না বদলালে সত্যি সত্যি উৎপাদন বা Production বাড়ানো যাবে না, quality-ও উন্নত করা যাবে না। এই উৎপাদন ব্যাহত হবার ও quality ব্যাহত হওয়ার আরও কারণ হিসেবে বলা যেতে পারে বিগতদিনে সি.পি.এম. যে রাজনীতি অনুসরণ করেছিল যার ফলে শ্রমিক অঞ্চলে একটা দারুণ বিভিষিকার সৃষ্টি হয়। শ্রমিকে শ্রমিকে যে ভ্রাতৃত্ববোধ তা ধ্বংস হয়ে যায়, Production System ধ্বংস হয়ে যায়। তার পরিণামে Production ও quality ব্যাহত হয়েছে পশ্চিমবঙ্গের অধিকাংশ কারখানায়। সি. পি. এমের সন্ত্রাস কারখানার শ্রমিকদের মধ্যে

ঐক্য বোধ নষ্ট করে দেয় যার ফলে flow type of production যেখানে আছে সেই কারখানায় উৎপাদন যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছে। কারখানার ভেতরে যদি গণতান্ত্রিক আবহাওয়া থাকে, তাহলে শ্রমিকরাও ভালভাবে কাজ করতে পারে উৎপাদন বাড়াতে পারে। একজন কবির কবিত্ব বা কাব্যরস তিনি ভালভাবে পরিস্ফুটিত করতে পারেন না, যদি স্বাভাবিক পরিবেশের সৃষ্টি না হয়। সেইরকম অনুকূল পরিবেশ না হলে শ্রমিকরাও তাদের উৎপাদন বা সৃষ্টি বাড়াতে পারে না। quality ও quantity বাড়াতে পারে না, volume বাড়াতে পারে না। সুতরাং এই অবস্থা থেকে আজ আমাদের পশ্চিমবঙ্গকে বেরিয়ে আসতে হলে তার জন্য কতগুলি ব্যবস্থা গ্রহণ করা দরকার রয়েছে। এই ব্যবস্থাগুলি হল শিল্প অঞ্চলে একটা ট্রেড ইউনিয়ন দরকার গণতান্ত্রিক পথে। আমি আর শুধুমাত্র একটা কথা বলব যে উৎপাদন বাড়াও বললেই উৎপাদন বাড়ে না বা কতগুলি সম্ভাবনামূলক ব্যবস্থা নিলেই উৎপাদন বাড়ে না। উৎপাদন বাড়ে একটা সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করলে পরে এবং শ্রমিকদের গুণাগুণের উপর। রাজ্যপালের ভাষণে এক জায়গায় বলেছেন যে সহযোগিতার হাত প্রসারিত হবে শ্রমিক এবং মালিকদের মধ্যে। আমরা এই কথা বলব যে ১২০টা কারখানা বন্ধ হল, মালিকরা বন্ধ করে দিল কিন্তু সেই মালিকদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হল না। এইটা দেখেছি আমরা যে স্টেট ইনসিয়োরেন্স স্কিমের টাকা জমা দেয় না বা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা দেয় না, তার বিরুদ্ধে বিল এনেছেন। কিন্তু কি আইন আছে ঐ কয়লা খনিতে যে সব শ্রমিকরা মাসের পর মাস অভুক্ত রয়েছে তাদের জন্য বা ঐ কয়লা খনির মালিকের বিরুদ্ধে। শ্রমিকদের স্বার্থ বৃদ্ধির কথা বলা হয়েছে কিন্তু এই সবের আমরা কি করতে পারছি? দেশে পেমেণ্ট অফ ওয়েজেস এ্যাকট, ইনডাসট্রিয়াল ডিসপুটস এ্যাকট, ওয়ার্কস মেন্স কমপেনসেসন এ্যাকট প্রভৃতি আইনগুলি সুষ্ঠুভাবে যতক্ষণ না করা হয় ততক্ষণ শ্রমিকদের স্বার্থ বিঘ্ন হবেই। তাই আমি আবেদন জানাচ্ছি এইগুলির দিকে নজর দিতে। আজ পর্যন্ত দেখা গিয়েছে যে কয়লা খনিগুলিতে বেতন বোর্ডের রায় দিল কিন্তু সেই রায় অনুযায়ী শ্রমিকরা বেতন পেল না অথচ মালিকরা পরম নিশ্চিন্তে জীবন, যাপন করছে। শ্রমিকরা যদি তার বিরুদ্ধে কিছু বলতে যায় তাহলে তাদের কয়লা খনি থেকে বার করে দিয়ে তাদের বদলে অন্য শ্রমিক নিযুক্ত করছে। অন্যদিকে ইনজিনিয়ারিং ইনডাসট্রিজগুলিতেও বেতন বোর্ডের রায় বেরিয়েছে কিন্তু সেখানে রায় মানে নি আজও পর্যন্ত। মালিকদের বিরুদ্ধে বাধ্যতামূলকভাবে আইন করা উচিত এবং তা না করলে আমাদের বাধ্য হয়ে শ্রমিকদের প্রভোকেশন দিতে হবে মালিকদের বিরুদ্ধে আন্দোলন করবার জন্য; এই বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে এবং শ্রমিকের স্বার্থের সাথে এটা দারুণভাবে জড়িত। বিগত ১৯৬৭ সালের পর বলা যেতে পারে যে রাজ্যে শ্রমিকদের কোন রকম উন্নতি হয় নি। বরং তাদের বিরুদ্ধে লক আউট, ক্লোজার এবং কাজে ছাঁটাই দেখা দিয়েছে। এই রাজ্যে শ্রমিকদের আজ পর্যন্ত বাসস্থানের কোন ব্যবস্থা নেই। সাবসিডারি ইনডাসট্রিয়াল হাউসিং স্কিম দ্বারা কোয়াটারস করার কথা ছিল। কিন্তু বিভিন্ন মালিকরা বলেছিলেন যে এইটা তাদের দায়িত্ব নয় এইটা সরকারের করার কথা। আমি এই কথা বলব যে তার ফলে তাদের বছরের পর বছর ঘর মেলে নি।

[ 5-00—5-10 p.m. ]

তারা সেখানে শুয়োর ভেড়ার মত অসহায় অবস্থায় জীবন-যাপন করছে। এই অবস্থায় যদি তাদের বলা হয় যে তোমাদের জাতীয় স্বার্থে উৎপাদন বৃদ্ধি করতে হবে কোয়ালিটি বৃদ্ধি করতে হবে তাহলে

সেটা কাজে আসবে না। আজকে মালিকরা যা করছে তার বিরুদ্ধে কোন ব্যবস্থা হয় নি। ই এস আই স্কীম হয়েছে কিছু কিছু জায়গায় এবং যেখানে চালু হয়েছে তা সঠিকভাবে চালু করা হয় নি। বহু শ্রমিক আজকে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। এই অবস্থায় তারা বাস করছে। আজকে যে যে কারখানা এখনও বন্ধ রয়েছে সেই কারখানা অতি শীঘ্র যাতে খোলা যায় এমন ব্যবস্থা করা হোক। তাতে শ্রমিকদের স্বার্থ সংরক্ষিত হবে। আজকে যে হারে কারখানা খোলা হচ্ছে তাতে পাঁচ বছর লেগে যাবে সমস্ত কারখানা খুলতে। কিন্তু এই পাঁচ বছর শ্রমিকরা চুপ করে বসে থাকবে না। তাই মন্ত্রিমণ্ডলীকে বলবো কান্ডারী হুঁসিয়ার। আজকে শ্রমিক বাঁচলে দেশ বাঁচবে, শিল্প বাঁচবে পশ্চিমবাংলা বাঁচবে এবং আমরাও তাতে উপকৃত হবো। তাই আমাদের অতি দ্রুত গতিতে আগিয়ে যেতে হবে। আমি আর একটা কথা আরও বলবে যে ঐ কয়লাখনি মালিকদের কাছে প্রায় ২০ কোটি টাকার রয়েলটি পড়ে রয়েছে আদায় হয় নি। আমি বলবো যে কেন তাদের এখনও গ্রেপ্তার করা হয় নি। এটা করলে এ টাকায় প্রায় পাঁচ হাজার লোকের কর্মসংস্থান হতে পারতো। সেই ব্যবস্থার কথা আজকে এই সরকারকে ভাবতে হবে। রাণীগঞ্জ কয়লাখনিগুলিকে আজকে জাতীয়করণ করার প্রয়োজন আছে, আসানসোল ফিল্ড-এ মালিকরা যে অবস্থা করেছে তাতে জাতীয় সম্পদ বহু নষ্ট হচ্ছে। সেদিকে সরকারকে নজর দিতে অনুরোধ করছি। পরিশেষে আমি সরকারকে এই সংকটকালে আবেদন করবো যে আইন করা হোক যাতে ট্রেড ইউনিয়ন অধিকার গণতান্ত্রিকভাবে চালু রয়। এ আই টি ইউ, সি; আই এন, টি,ইউ সি, এইচ এম এস এদের অধিকার যাতে রক্ষিত হয় সেব ব্যবস্থা করুন। শিল্পাঞ্চলে যে সন্ত্রাস সৃষ্টি হয়েছিল যে ইউনিয়ন দখল করা সুরু হয়েছিল সেখানে আসুন আমরা সেই সন্ত্রাস দূর করে শ্রমিক শ্রেণীর স্বার্থে আমরা ঐক্যবদ্ধ হয়ে সেখানে নূতন আবহাওয়া সৃষ্টি করি; তাহলে পশ্চিমবঙ্গে শ্রমিক বাঁচবে, শিল্প বাঁচবে এবং শ্রমিক শ্রেণীকে বাঁচাতে আমরা পারবো।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আমি একটা কথা বলবো—আজকে খুব লম্বা লিষ্ট আছে। অতএব ঠিক পাঁচ মিনিট করে বলুন; এর বেশী বলবেন না। আলো জ্বালার সঙ্গে সঙ্গে দয়া করে বসে পড়বেন।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি মাত্র পাঁচ মিনিট সময় ধার্য করেছেন। আপনার আদেশ এই বিধানসভায় মানতেই হবে। কিন্তু কিছুক্ষণ আগে বিরোধী কংগ্রেসের নেতা মাননীয় শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মহাশয় যে বক্তৃতা এখানে রেখেছেন যে আবহাওয়া তিনি সৃষ্টি করেছেন—একজন প্রবীন রাজনীতিজ্ঞ হিসাবে সকলেই তাঁকে শ্রদ্ধা করেন আমিও করি সে সম্বন্ধে দু একটা কথা না বলে পারা যায় না। অনেকেরই বিশ্বাস যে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন চিরকাল সত্য কথা বলেন ন্যায্য কথা বলেন। তিনি অনেক যুক্তি তথ্য সন্নিবেশিত করে বলেছেন যে বিগত নির্বাচনে নাকি ভোটের কারচুপি হয়েছে যা সি, পি, এম-রাও বলেন তিনি তা সমর্থন করে গেছেন। এতে আমার সেই মহাভারতের কথা মনে পড়ে। ভীষ্ম অন্যায় জেনেও অন্যায়কে সমর্থন করতে বাধ্য হয়েছিলেন তাই তাঁকে কুরু বংশের পরিণতি দেখতে হয়েছিল। অন্যায় জেনেও যারা ন্যায় করছে তাদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করতে হয়েছিল। আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের ঐ প্রধান নেতা প্রফুল্ল সেন মহাশয়ের পরিণতি দেখে সেই মহাভারতের কথা মনে হয়. তার প্রতি অসীম করুণা হয়, আজকে একথা তিনি বলেছেন বহু বক্তৃতায়। তার সঙ্গে অনেক সভা করেছি, তাঁকে সংসদীয় গণতন্ত্রের কথা বলতে দেখেছি এবং তিনি বলেছিলেন সংসদীয় গণতন্ত্রে হিংস্রতার স্থান নেই। পশ্চিমবঙ্গের মানুষ এই সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করে। যাদের

গণতন্ত্রে বিশ্বাস নেই, যারা হিংস্রতার রাজনীতিতে বিশ্বাসী সেই CPM-কে বর্জন করেছে, সেই খুণী রাজনীতিকে বাংলাদেশের মানুষ মাটি থেকে উচ্ছেদ করেছে। এই পশ্চিমবঙ্গের মানুষ, যারা গণতন্ত্রে বিশ্বাস করে তাদের রায়কে অমর্য্যাদা করছে। এই প্রসঙ্গে মনে পড়ে ওপার বাংলার বঙ্গবন্ধু মুজিবর রহমানের নেতৃত্বে শতকরা ৯৮ ভাগ ভোট তার দল পেয়েছিলো। মনে নেই ? ইয়াহিয়া-ভুট্টো চক্রান্তের কথা এবং পরিণতির কথা। আমরা জানি, পরিণতিতে রক্তক্ষয়ী সংগ্রাম হয়েছিল। বিশ্বের বুক থেকে সামরিক চক্র, সেই ইয়াহিয়া চক্রান্ত কোথায় হারিয়ে গেল, ইতিহাসের পাতায়, ইতিহাসের আস্তাকুঁড়ে তাদের স্থান হল। আজকে পশ্চিমবাংলার মানুষ যে ঐতিহাসিক রায় প্রদান করেছেন, ইন্দীরা গান্ধীর নেতৃত্বে যে ভোট হয়েছিলো, গণতন্ত্রে বিশ্বাসী মানুষের রায় তারা মানতে পারছে না। তাদের স্মরণ করিয়ে দিতে চাই, চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিতে চাই, এই ইয়াহিয়া-ভূট্টো চক্রান্তের দিকে বাংলাদেশের ইতিহাসে যাদের নাম মুছে গিয়েছিলো, সোনার বাংলা—

সাগর যাহার বন্দনা রচে শত তরঙ্গ ভঙ্গে,
আমরা বাঙ্গালী বাস করি সেই বাঞ্ছিত ভূমি বঙ্গে।

সেই বাংলাদেশকে ইতিহাসে নুতন করে সৃষ্টি করার মাধ্যমে, নুতন করে মর্য্যাদা দেবার মাধ্যমে, স্বাধীন করার মাধ্যমে শ্রীমতী ইন্দীরা গান্ধী যার ইমেজ তৈরী করলেন আজকে পশ্চিমবাংলার মানুষ তাকে জয়যুক্ত করেছেন। কার্য্যক্ষেত্রে সেই হিংস্র CPM কোথায় হারিয়ে গেল। আমরা জানি কালনার কথা, জ্যোতি বাবু নাদন ঘাটের কথা বলেন। গত ২৭শে ফেব্রুয়ারী, আমার নবদ্বীপের বাড়ি যখন আক্রান্ত হয় বোমা,পাইপগান, হাই Explosive বোম্ব নিয়ে সম্পূর্ণ সাঁইবাড়ী করে দেবার উপক্রম হয়েছিল। সেটা হয়ত আপনারা সকলে জানেন। সেটা সন্ত্রাস হয়নি। আজকে সন্ত্রাসের উচ্ছেদ করার জন্য হাজার হাজার গণতন্ত্রে বিশ্বাসী মানুষ যখন CPM-এর কবর খুড়লো এই দেশে, তখন সোচ্চার হয়ে কারচুপির কথা বলে জনগণের অমর্য্যাদা করার যে প্রচেষ্টা মাননীয় প্রফুল্ল সেন মহাশয় করেছেন তাকে এই প্রচেষ্টা থেকে বিরত হতে বলি এবং জ্যোতিবাবুর ইতিহাসের শিক্ষা যেন আমরা গ্রহণ করতে পারি। মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন পশ্চিমবাংলার মানুষের আশা-আকাঙ্খাকে রূপ দেবার জন্য আমরা তাকে স্বাগত জানাই এবং সঙ্গে সঙ্গে একথা বলি—স্যার লাল, নিল বাতির জন্য আমি খুব অস্বস্তি বোধ করছি এবং এতে আমার বলার অসুবিধা হচ্ছে। সারা পশ্চিমবাংলার মানুষ আমাদের দিকে তাকিয়ে আছে রাজ্যপালের ভাষণের উপর ২।১টি কথা বলবার অনুমতি চাইছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** পাচ মিনিটের জায়গায় সাত মিনিট হয়ে গেছে আজ প্রায় ৪৩ জন বক্তা আছেন সেজন্য কেউ বেশী বললে আমার পক্ষে সময় দেওয়া অসুবিধা হবে।

[ 5-10—5-20 p.m. ]

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** আমি আর একটি কথা বলতে চাই যে আমরা সমাজতন্ত্র কায়েম করবো এবং গরিবী আমরা হঠাবো। এই সমাজতন্ত্রকে রূপায়িত করতে গেলে যে মানুষ দরকার সেই মানুষ উৎপন্ন হচ্ছে দেশের শিক্ষা কেন্দ্রে এবং সেই বিদ্যালয়ের যে পাঠ্যক্রম এবং যে শিক্ষা ব্যবস্থা আজকে চালু রয়েছে তার আমূল পরিবর্তন দরকার। ১০০ বছর আগে যে শিক্ষা ব্যবস্থা চালু হয়েছিল সেই শিক্ষা ব্যবস্থাই এখন আছে এবং বর্তমানের এই পরিবর্তিত সমাজ ব্যবস্থার মধ্যে

যদি আমরা সাধারণ মানুষের আশা-আকাঙ্খাকে রূপ দেবার চেষ্টা করি, নূতন সমাজ ব্যবস্থা গড়ে তোলবার চেষ্টা করি তাহলে আদের প্রথম দরকার শিক্ষা ব্যবস্থার সংস্কার সাধন করা। এবং এরপর আছে আমলাতন্ত্র। স্যার, আপনি জানেন কিছুদিন আগে একটি সারকুলার বেরিয়েছিল তাতে দেখা যাচ্ছে শিক্ষা ব্যবস্থার ভিতর একটা স্যাবোটেজিং-এর অবস্থা এসে গেছে। আমরা বলছি গরিবী হঠাবো এবং কর্মসংস্থান এনে দেব। পশ্চিমবাংলায় ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে এবং প্রায় দশ হাজার মাধ্যমিক বিদ্যালয় আছে। যেভাবেই হোক কর্মসংস্থানের জন্য একটি নূতন সারকুলার জারি করেছেন এবং আমরাও এমপ্লয়মেণ্ট অপারচুনিটিজ চাইছি। সেই অনুসারে আমরা যদি ৪০টি ছাত্রের পিছনে একজন করে শিক্ষক রাখতে পারি এবং সেকেণ্ডারী বিদ্যালয়ে ৩০ জন ছাত্রের পিছনে একজন করে শিক্ষক রাখতে পারি তাহলে এখুনি মাধ্যমিক ও প্রাথমিক মিলিয়ে নূতন এক লক্ষ শিক্ষকের এমপ্লয়মেণ্টের ব্যবস্থা করে দিতে পারি।

**মিঃ ডেপুটি স্পীকার:** আপনি এখুনি শেষ করুন, কারণ আরো অনেকে বলবেন। আমি উপাধ্যক্ষ মহোদয়ের নির্দেশ অনুযায়ী আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রীবারিদ বরণ দাস:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি এই পবিত্র বিধানসভায় অন্যান্য শ্রদ্ধেয় সদস্যদের মত আমি নূতন এসেছি। মূলধন কম, তাই বেশী কথা হয়ত এই পাঁচ মিনিটের মধ্যে বলতে পারব না। আমি রাজনৈতিক রঙ্গমঞ্চে নতুন এসেছি এবং আমার এই ছোট্ট দৃষ্টিভঙ্গী দিয়ে নির্বাচনের পূর্বেকার এবং তারপরের অবস্থা বিশ্লেষণ করবার শক্তি যদিও আমার নেই তবুও আমি রাজ্যপালের ভাষণ মন দিয়ে পড়ছিলাম এবং এই ভাষণ যে আশাব্যঞ্জক ও উৎসাহজনক সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। তবুও তার মাঝে এমন কতকগুলি কথা আছে যা আমার মত তরুণ ছেলেদেরও কিছু ভাবিয়ে তোলে। তাঁর ভাষণ পড়তে গিয়ে দেখলাম তিনি শিক্ষার কথা বলেছেন, সম্প্রতি রাজ্যে আইন-শৃঙ্খলার যে যথেষ্ট উন্নতি হয়েছে সে সম্বন্ধেও বলেছেন। তিনি বলছেন, "সুখের কথা এই যে সম্প্রতি রাজ্যের আইন শৃঙ্খলার পরিস্থিতিতে যথেষ্ট উন্নতি হয়েছে। প্রায় এক বৎসর আগে এই পরিস্থিতি যথেষ্ট উদ্বেগ সৃষ্টি করেছিল। উগ্রপন্থীদের হিংসাত্মক কার্যকলাপ এবং সেই সঙ্গে সমাজ বিরোধীদের কার্যকলাপ যথেষ্ঠ সংখ্যায় ঘটত। এর সঙ্গে আবার যুক্ত হয়েছিল বাংলাদেশ থেকে আগত বহুসংখ্যক শরণার্থী সমাগমের সমস্যা। আন্তর্দলীয় সংঘর্ষ এবং আন্তঃইউনিয়ন প্রতিদ্বন্দ্বিতার ঘটনাও অনেক ছিল। আমার সরকার বিশৃঙ্খলা দমন ও শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য কার্যকরী ব্যবস্থা নিয়েছিলেন। এইসব ব্যবস্থার মধ্যে ছিল পুলিস কর্তৃক দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ এবং পশ্চিমবঙ্গ (হিংসাত্মক কার্যকলাপ নিরোধ) আইন অনুসারে সমাজবিরোধী ও হিংসাশ্রয়ীদের আটক রাখা ও জনজীবনের শৃঙ্খলা ও রাষ্ট্রের নিরাপত্তার সংরক্ষণের পক্ষে ক্ষতিকারক কার্যাদি দমনের জন্য আভ্যন্তরীণ নিরাপত্তা আইন প্রয়োগ জনগণের সক্রিয় অংশগ্রহণে প্রতিরোধ বাহিনী গঠন, দুটি নতুন সশস্ত্র পুলিশ বাহিনী গঠন, কতকগুলি তদন্ত কেন্দ্র ও ফাঁড়ি স্থাপন এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসাধন। পুলিস বাহিনীর আধুনিকীকরণের দিকেও উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। গত কিছুদিন যাবৎ যে বৈশিষ্ট্য চোখে পড়ছে সেটা হল এই যে, আইন ও শৃঙ্খলা রক্ষার ব্যাপারে পুলিস যথেষ্টভাবে জনগণের কাছ থেকে ক্রমবর্ধমান সহযোগিতা পাচ্ছেন। এ কথা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে, রাজ্য সরকার যখনই প্রয়োজন হয়েছে তখনই অসামরিক প্রশাসনের জন্য সামরিক বাহিনীর সাহায্য যথা-সম্ভব দ্রুত পেয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি

১৯৭১ সালের নির্বাচনেও এই কেন্দ্র কোন প্রতিনিধি পায় নি। ১৯৭১ সালের উপনির্বাচনের সময় আর একটি কেন্দ্রে নির্বাচন হয়েছিল সেটা হচ্ছে দমদম কেন্দ্র। কিন্তু শ্যামপুকুর কেন্দ্রে কোন নির্বাচন হয় নি। কারণ, তখন আমরা শ্রদ্ধেয় জননেতা শ্রীহেমন্ত কুমার বসু আততায়ীর হাতে নিহত হলেন এবং তারপরে আমরা শ্রীঅজিত কুমার বিশ্বাসকে হারালাম। এই বছর নির্বাচিত হবার পরে আমি আমার নির্বাচন কেন্দ্রে প্রবেশ করে শ্রদ্ধেয় জননেতার স্মৃতির উদ্দেশ্যে শহীদ বেদীতে মালা দিলাম। কিন্তু সেই নেতার খুনীকে আজও কি পুলিশ তার কিনারা করতে পেরেছেন? এক বছর পেরিয়ে গেলে হেমন্তদাকে হত্যা করা হয়েছে কিন্তু খুনীকে আজও খুঁজে পাওয়া গেল না। তাই আমি মন্ত্রিমণ্ডলীকে বলব যে হেমন্তদার হত্যাকারী কংগ্রেস নয়, তার প্রমাণ আমাদের দলের বিজয় এবং হেমন্তদার হত্যাকারী কারা আপনারা সেটা খুঁজে বের করুন এবং তাদের আদালতের সামনে হাজির করে শাস্তি দেবার ব্যবস্থা করুন। আজকে নির্বাচনের পর বাংলার মাটিতে অনেক নতুন স্বপ্ন এসেছে, সেটা বাস্তবে রূপায়িত করার জন্য আকাশছোঁয়া প্রতিশ্রুতি দিয়ে ২১৬টি আসন নিয়ে বাংলা দেশের মানুষকে নতুন প্রতিশ্রুতি দিয়ে আমরা এসেছি। তাই আমি বিশ্বাস করি যোগ্য নেতৃত্বের হাতে সরকারের দায়িত্ব গিয়েছে এবং সেই সরকার আমাদের আশা-আকাঙ্খাকে বাস্তবে রূপায়িত করবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এর আগে মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন যে নির্বাচনে কারচুপি হয়েছে। নির্বাচনী রঙ্গ মঞ্চে আবার বলছি আমি নতুন। কাজেই নির্বাচনে কোথায় কারচুপি হয়েছে আমি জানিনা। কিন্তু একটি জিনিস, শুধু আমার নয় বিরোধীপক্ষে যাঁরা আছেন তাঁদের জীবনেও ঘটেছে—আমার জীবনে নতুন ঘটেছে, আমি নির্বাচিত হবার পর যখন আমার কেন্দ্রে গিয়েছিলাম আমি দেখেছিলাম অলিতে গলিতে বাঙ্গালী সাবেকী প্রথায়, সাবেকী কায়দায় আমার মা বোনেরা কি করেছিলেন। আমি যখন অলিতে গলিতে গিয়েছিলাম নির্বাচিত প্রতিনিধি হিসাবে তখন আমি দেখেছিলাম আমাদের মা বোনেরা উলুধ্বনি দিয়েছিলেন, শাঁক বাজিয়েছিলেন. আমাকে চন্দনের ফোঁটা দিয়েছিলেন। আমি দেখেছিলাম বাড়ীর বয়োজ্যেষ্ঠা মহিলা বেরিয়ে এসে নিজের হাতে আমাকে মিষ্টান্ন খাইয়েছিলেন এবং মাথায় ধানদূর্বা দিয়ে আশীর্বাদ করে বলেছিলেন, এগিয়ে যাও, বড় হও, দেশের জন্য কিছু কর। কাজেই নির্বাচনে কারচুপি কোথায় হয়েছে আমি জানি না। আজকে তাই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কাছে জানতে ইচ্ছা করে এ জিনিষ দেখেছেন কিনা আর যদি কারচুপি হয়ে থাকে তাহলে অলিতে গলিতে মায়ের উলুধ্বনিও কারচুপি, কারচুপি যদি হয়ে থাকে অলিতে গলিতে মায়ের আশীর্বাদও কারচুপি, যেভাবে আমাদের বাঙ্গালী প্রথায় অভ্যর্থনা করা হয়েছিল তাও কারচুপি। আজকে একটা রাজনৈতিক দল যদি ঔদ্ধত্যের চরম সীমায় পৌছায়, তার অবস্থা দেখে মনে হচ্ছে আজকে কোন রাজনৈতিক দল নিশ্চিহ্ন হয়ে যাবার কোন কারণ যদি থাকে তো সেই কারণ ঘটেছে। আমাদের সরকারে আমরা যারা কংগ্রেসের পবিত্র শিবিরে জমায়েত হয়েছি, আমরা যারা যুবক, আমাদের কাছে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি শত্রু নয়, আমাদের কাছে নকশালপন্থী, আর, এস, পি, শত্রু নয়, আমাদের কাছে শত্রু হিসাবে চিহ্নিত হয়েছে বেকারী ও গরিবী। বেকারী ও গরিবীর বিরুদ্ধে লড়তে হলে আমার বিশ্বাস প্রত্যেকটি রাজনৈতিক দলের মধ্যে যে একনিষ্ঠ কর্মীর সমাবেশ আছে সেই কর্মীদের সাথে নিতে হবে, নতুন বাংলাদেশকে গড়ে তোলার জন্য এগুতে হবে। ওপার বাংলায় শেখ সাহেব ৭।। কোটি বাঙ্গালীকে নিয়ে নতুন বাংলা গড়বার স্বপ্ন বাস্তবে রূপায়িত করছেন, এপার বাংলায় আমরা নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে নতুন চিন্তা নিয়ে নতুন বাংলা গড়ে তুলতে চাই। আজকে তাই প্রয়োজন আছে বিপ্লবের কবির, প্রয়োজন আছে নাট্যকারের, প্রয়োজন আছে শিল্পীর, খেলোয়াড়ের।

আমরা যারা রাজনীতি করি বা আমরা যারা রাজনৈতিক মঞ্চে এসেছি আমাদের কাছে রাজনীতি স্বপ্ন নয়, আমাদের কাছে পেশা বা নেশা নয়, রাজনীতি আমাদের জীবনের একটা অঙ্গ—পার্ট অব আওয়ার লাইফ। আমরা সব কিছুর সঙ্গে বেইমানী করতে পারি কিন্তু আমাদের জীবনের সঙ্গে আমরা বেইমানী করতে পারি না। তাই বিশ্বাস করি প্রত্যেকটি যুবকের সম্মিলিত শক্তি বাংলার মাটিতে নতুন বিপ্লব ঘটাবে এবং গণতান্ত্রিক পথেই সেই বিপ্লব আসবে। তারপরে স্যার, গত এক বছর ধরে যে সন্ত্রাসবাদী রাজনীতি চলছিল তাকে বিশ্লেষণ করে অনেকে বলেছেন এ রাজনীতির পেছনে বেকারী আছে। কিন্তু আমি বলছি বেকারী নেই। এই রাজনীতির পেছনে ছিল একদল স্বার্থান্বেষী মানুষ যারা বেকারীকে একটি মাত্র কারণ নয়, অন্যতম কারণ হিসাবে চিহ্নিত করে বাংলাদেশের মাটিতে সন্ত্রাসবাদী রাজনীতি চালিয়ে বামপন্থী প্রতিক্রিয়াশীল রাজনীতি চালিয়েছিলেন, যার জন্য মধ্যপন্থী আন্দোলন বানচাল হয়েছিল। কিন্তু বাংলার লক্ষ লক্ষ বেকার যুবকের কথা আমাদের মন্ত্রিমণ্ডলী যদি না বলেন তাহলে আগামীদিনে যে আন্দোলন আসবে সে আন্দোলনের একমাত্র কারণ হবে বেকারী যে বেকারী হতাশা পুঞ্জীভূত রাগের অভিব্যক্তি। তা পুলিশের লাঠি বা গুলি দিয়ে হটানো যাবে না। তাই ভবিষ্যতে আন্দোলন যদি আসে সে আন্দোলনকে থামানের জন্য আমাদের মন্ত্রীমণ্ডলিকে সজাগ হতে হবে, নতুন চিন্তা নিয়ে এগুতে হবে। আমাদের মন্ত্রিমণ্ডলী যদি লক্ষ লক্ষ বেকার যুবকের কথা না বলেন তাহলে বাংলার এই পবিত্র বিধানসভায় আমরা যে কয়জন যুবক জমায়েত হয়েছি, যাদের তেজ আছে, ভাষা আছে, এখানে বিরোধী আসন শুন্য হলেও এই সরকারী আসন থেকে তীব্র বিরোধিতা গড়ে তুলতে আমরা এক বিন্দু পেছ পা হব না। মাননীয় সভাপাল মহাশয়, আপনি আমাকে সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা উৎসাহব্যাঞ্জক, আশা ব্যাঞ্জক সেজন্য তাঁকেও ধন্যবাদ জানাচ্ছি। পরিশেষে বলছি, মাননীয় সদস্যদের কাছে সংহতি প্রকাশ করলাম, ভবিষ্যতে সংগ্রামের শপথ নিলাম। জয়হিন্দ।

[ 5-20—5-30 p.m. ]

**শ্রীঅমলেশচন্দ্র জানা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে উদ্বোধনী ভাষণ রেখেছেন আমি তাকে স্বাগত জানাই এবং আন্তরিক পরিপূর্ণ সমর্থন জানাই। আজকে পশ্চিমবাংলার ক্ষেতে খামারে; কলকারখানায়, স্কুল-কলেজে অফিস-আদালতে; সর্বত্র যে একটা হতাশা; নৈরাশ্য; নৈরাজ্যের সৃষ্টি হয়েছে আমাদের এই নতুন সরকার, নতুন নেতৃত্ব, পশ্চিম বাংলার মানুষকে সেই হতাশা থেকে টেনে এনে সুখী এবং সমৃদ্ধির খাতে নিয়ে যেতে পারবে বলে আমি বিশ্বাস করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে কয়েকটি প্রস্তাব রাখতে চাই। আপনি যেমন জানেন আমরাও তেমনি জানি স্বাধীনতার পরে ভারতবর্ষ থেকে দেশীয় রাজ্যের বিলোপ ঘটেছে, জমিদারি প্রথার উচ্ছেদ ঘটেছে, কিন্তু আপনি বোধ হয় একটা খবর রাখেন না স্বাধীনতার পরে আমাদের এই পশ্চিমবাংলায় আর একটা নতুন জমিদার শ্রেণীর উদ্ভব হয়েছে সেটা হচ্ছে কন্ট্রাকটর ক্লাস। বছর বছর এই সরকারের পক্ষ থেকে যে বিরাট বিরাট অঙ্কের বাজেট বরাদ্দ হয় তার কতটুকু পশ্চিমবাংলার মানুষের স্বার্থে ব্যবহৃত হয় সে সম্পর্কে আমাদের যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। তাই আমি মন্ত্রিসভার কাছে অত্যন্ত বিনীত-ভাবে একটা আবেদন রাখতে চাই সেটা হচ্ছে ব্লক স্তরে এমনকি অঞ্চল স্তরেও একটা করে জনপ্রিয় কমিটি যেন গঠন করা হয় যে জনপ্রিয় কমিটি সরকারী প্রকল্পগুলি তদারক করবেন এবং সরকারের

শেষ পয়সাটি পর্যন্ত জনস্বার্থে ব্যবহৃত হচ্ছে কিনা লক্ষ্য রাখবেন। আমার পরবর্তী প্রস্তাব হচ্ছে ব্লক ডেভেলপমেণ্ট অফিসারদের ক্ষমতা বৃদ্ধি করা হোক। ইংরাজ আমলের ঔপনিবেশিক প্রশাসনের সংস্কার সাধিত হয়নি। আজকে কোন একটা সরকারী কাজ করতে গেলে বি, ডি, ও, জানাবেন এস, ডি, ও-কে ; এস, ডি, ও, জানাবেন ডি, এম-কে এবং ডি, এম, জানাবেন লাল বাড়ীতে। এইভাবে সরকারী কাজ চলতে পারে না এবং এইভাবে জনসাধারণের কল্যাণমূলক কাজ তাড়াতাড়ি রূপায়িত হতে পারে না। যেমন ঘরে আগুন লাগলে কলসী কেনার ক্ষমতা বি, ডি, ও-র নেই, তিনি জানাবেন এস, ডি, ও-কে, এস, ডি, ও, জানাবেন ডি, এম-কে এবং তারপর কলসী কেনার অনুমোদন যখন আসবে তখন ঘরের আগুন আর নিভবে না। তাই মন্ত্রিসভার কাছে বলতে চাই প্রশাসনিক ব্যবস্থার আমূল সংস্কার হওয়া আজকে একান্ত প্রয়োজন হয়েছে। চাকুরির ক্ষেত্রে আমি একটা প্রস্তাব রাখতে চাই। চাকরির ক্ষেত্রে পরিবারভিত্তিক প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে অগ্রধিকার দেওয়া হোক, যেমন ধরুন, কোন পরিবারে চাকুরি আছে আবার শিক্ষিত বেকারও আছে, সেই পরিবার অপেক্ষা যে পরিবারে চাকুরি নেই অথচ শিক্ষিত বেকার আছে সেই পরিবারকে অগ্রাধিকার দেওয়া হোক। তাছাড়া, অন্যান্য আয়, যেমন জমিজমা থেকে আয়, ব্যবসা-বাণিজ্য থেকে আয়, ঘরভাড়া থেকে আয়, এইসব মূল্যায়ন করে সরকারী চাকুরী দেওয়া হোক। গ্রামে ব্যাপক কুটির শিল্পের সম্প্রসারণ ঘটান যাতে অশিক্ষিত বেকাররা চাকুরি পেতে পারে এবং সবচেয়ে বড় দুঃখের কথা স্বাধীনতার পরে আমার মনে হয় একটা শ্রেণীর প্রতি সরকার নজর দেন নি সেটা হচ্ছে ক্ষেত মজুরদের সম্পর্কে। তাদের আজ পর্যন্ত নির্দিষ্ট হারে মজুরী বা বেতন দেওয়া হয় না, ফলে তাদের বছরে অধিকাংশ দিন অনশনে অর্ধাশনে কাটাতে হয়। ক্ষেত মজুরদের মজুরী নির্ধারিত করা হোক। আর একটা বিষয় হচ্ছে অবিলম্বে ষ্টেট প্ল্যানিং কমিশন করা হোক। দিল্লী থেকে রাজ্যে রাজ্যে প্ল্যানিং করে কোন লাভ হবে না। ষ্টেট প্ল্যানিং কমিশন শুধু নয়, ডিষ্ট্রিক্ট প্ল্যানিং কমিশান, ব্লক প্ল্যানিং কমিশন করা দরকার এমন একটা রাষ্ট্রীয় আদেশ থাকা একান্ত প্রয়োজন এবং এই প্ল্যানিং কমিশন বুদ্ধিজীবী, কৃতী, জ্ঞানী, গুণী এবং জনসাধারণের সহযোগিতা নেওয়া হোক। আজকে সবচেয়ে বড় কথা হচ্ছে সরকারী উদ্যোগের প্রতি মানুষ বিশ্বাস হারিয়ে ফেলেছে। একটা কথা শুনি যে সরকারের ১৮ মাসে বছর হয়, এই ধারণা অমূলক নয়। আজকে বাংলাদেশে যেসব সরকারী প্রকল্প চালু হয়েছে সেগুলি কবে শেষ হবে তার কোন ঠিক ঠিকানা নেই। তার একটা পরিষ্কার নির্দেশ থাকা দরকার। যে কর্মসূচী নেওয়া হয়েছে সেটা এই সময়ের মধ্যে শেষ করতে হবে এই রকম একটা নির্দেশ থাকা একান্ত প্রয়োজনীয় বলে মনে করছি এবং এখানে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী নুরুন্নেসা সাত্তার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে আমার বক্তব্য রাখবার সময় দিয়েছেন সেজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই। আমি যে গ্রাম থেকে এসেছি বর্ধমান জেলার সবচেয়ে নিকৃষ্টতম গ্রাম সেই পূর্বস্থলী কেন্দ্র থেকে আমি এসেছি। সেখানে রাস্তাঘাট নেই। গঙ্গা, খড়ি, ব্রাহ্মনী প্রভৃতি নদীগুলির বন্যার প্লাবনের স্থানে স্থানে গ্রামগুলি মুছে ধুয়ে নিয়ে গেছে। আমি ভোট-এর সময় দেখেছি যে তাদের কারো কারো ঘরের চাল নেই, কারুর ঘরে খড় নেই, কেউ বা পাট কাটি দিয়ে কোন রকমে আটকে রেখেছে। তাদের পরনে শতছিন্ন বস্ত্র। আমরা তাদের কাছে ভোটের জন্য গেছি, তাদের দুঃখের কথা বলেছে কিন্তু তারা তবুও ভোটে নিরাশ করে নি। আমি তাদের বলেছি যে আমরা কংগ্রেস থেকে এসেছি চিহ্ন আমাদের গাই-বাছুর। তারা বলেছে গত বছর আমরা কমিউনিষ্টদের ভোট দিয়েছি কিন্তু এবার আর নয় আপনাদের এবং কংগ্রেসকেই ভোট দেবো। তাদের সেখানে রাস্তাঘাট নেই পায়ে হাঁটা

রাস্তা তাও ভাল নয়। সেই সব রাস্তা আমাদের করতে হবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তাঁরা গ্রামের দিকে যেন বিশেষ দৃষ্টি দিন। যদি আমরা পল্লীগ্রামের উন্নতি করতে না পারি তাহলে কিছুই কোন উপকারই তাদের জন্য করতে পারবো না। ক্ষেত খামারের মানুষ যারা তাদের দিকে আমাদের নজর দিতে হবে। খাদ্যের সুরাহা করতে হলে এই কৃষকদের দিকে নজর দিতে হবে তাদের উন্নতির চেষ্টা করতে হবে। কৃষির উন্নতির যেটা একান্ত দরকার, তা হল চাই ভাল সার, উন্নত ধরনের বীজ। এই সার ও বীজ তাদের দিতে হবে ও উৎপাদন যাতে অধিক পরিমাণে হয়—সেদিকে নজর দিতে হবে। সমভাবে বণ্টন যাতে হয় তার ব্যবস্থা করতে হবে। দরিদ্র কৃষক যাতে টাকা পায়— সে যাতে লোনের টাকা পায় সেদিকে আমাদের নজর দিতে হবে। এখানে বর্তমানে কৃষকের খাজনা মুকুবের কথা উঠেছে। তাতে তাদের সুবিধা হবে, তারা বাচবে। সবচেয়ে আর একটি গুরুত্বপূর্ণ সমস্যা হচ্ছে বেকার সমস্যা। লক্ষ লক্ষ বেকার যুবক আজ আমাদের পাশে এসে দাঁড়িয়ে আছেন। তাদের আজকে সুষ্ঠু কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। তাদের যত শীঘ্র কাজে নিয়োজিত করতে পারি ততই ভাল,আমাদের বেকার সমস্যার সমাধানের পক্ষ হবে দ্রুত পদক্ষেপ।

5-30 5-40 p m. ]

সজন্য বলতে চাই যে সুষ্ঠু পরিষ্কার কোন রাস্তা আমরা দেখতে পাচ্ছি না। বন্ধ কারখানা খুলতে আরম্ভ করেছে জেনে মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি এবং আরও কারখানা যাতে খোলে সেদিকে দৃষ্টি দেবেন। এছাড়া নূতন নূতন কর্মসংস্থানের মাধ্যমে শিক্ষিত অর্ধশিক্ষিত এবং অল্পশিক্ষিতদের কাজের ব্যবস্থা করতে হবে। শুধু তাই নয় গ্রামাঞ্চলে এই শ্রেণীর কর্মসংস্থান আগে করা দরকার। যুবকদের মধ্যে আজ যে হতাশা দেখা দিয়েছে এবং যার জন্য অনেক যুবক যে বিপথে যাচ্ছে, তাদের কাজের ব্যবস্থা আগে করতে হবে। নকশাল ইত্যাদি যাই বলুন না কেন, তাঁরা এইভাবে যে বিপথে যাচ্ছে তারজন্য তাদের চেয়ে দায়ী হচ্ছেন আমাদের পরিচালকগণ। বর্তমানে মহিলাও অনেক বেকার আছেন। তাঁরা অনেক পরিশ্রম করতে পারেন। অনেক বিধবা যাঁরা খুব পরিশ্রমশীলা তারা তাঁদের বাবা, মা, ভাইয়ের গলগ্রহ হয়ে আছেন। তাঁদের যেন কুটির শিল্পের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। কারণ এঁরা যেন সমাজে অবহেলিত না থাকেন। আজ চারিদিকে নাই, নাই -কর্ম নেই, খাদ্য নেই, বস্ত্র নেই, এবং এই house-এর সময়ও নেই। ৫ মিনিটের মধ্যে এই তীব্র সমস্যা সম্বন্ধে খুব বেশী বলা সম্ভব নয়। তবে এটুকুন বলতে চাই যে এই নূতন মন্ত্রিসভা—যুবক ও বয়স্কদের নিয়ে যা গঠিত, যদি সৎ ও ভালভাবে দেশের জনসাধারণের সেবা করার চেষ্টা করেন তাহলে দেশের মানুষের উপকার হবেই। ১২ দিনে কিছু করা যায় না। কিন্তু সবুজ বিপ্লব করতে গেলে, গরিবী হটাতে গেলে আরও কয়েকটা বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার। সমাজে আমাদের যেটা ক্ষত রোগের মত দাঁড়িয়ে আছে সেই কালোবাজারীকে আজ শক্ত হাতে দমন করতে হবে। আর একটা হচ্ছে ভেজাল ঔষধে যে ভেজাল চলছে, খাদ্যে যে ভেজাল সেদিকেও মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুস্থ সমাজ ব্যবস্থা, সুস্থ জীবনযাত্রা যদি আনতেই হয় তাহলে এগুলির দিকে দৃষ্টি দিতে হবে। আর একটা কথা আছে কর্মতৎপরতা। প্রত্যেকটি বিভাগের সরকারী কর্মচারীরা আছেন। কিন্তু ১৮ মাসে বছর না করে, যাতে তাঁরা ঠিক সময়ে কাজ করেন সেদিকে দৃষ্টি দেবেন। B. D. O.-এ ঋণ বণ্টন ঠিক সময়ে হয় না। তাঁরা যাতে কাজে তৎপর হন

মাধ্যমে আমরা এখানে এসেছি তাদের সঙ্গে সহযোগিতা যেন আমরা রক্ষা করতে পারি ও তাঁদের কাজ করতে অর্থাৎ যেখানে একটাও বাতি নেই সেখানে ১০টা বাতি যেন না জ্বালি, যেখানে একটাও বাতি জ্বলেনি সেখানে আগে নূতন রাস্তা যেন তৈরী করতে পারি—এতে মজুরদের কর্মসংস্থানের যেন ব্যবস্থা হয়। এইসব কর্মের মাধ্যমে এসব দিকে আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যপালের ভাষণের উপর পরিষ্কার যদিও, কিছু না পেয়েছি তাহলে আমি বলব আমাদের এখানে এক কোটি লোককে আশ্রয় দেওয়ার জন্য যে আথিক ক্ষতি হয়েছে, মোটামুটি যেগুলি তিনি দিয়েছেন সেগুলিকে মন্ত্রিমণ্ডলী যদি সাফল্যমণ্ডিত করার চেষ্টা করেন তাহলে ভবিষ্যতে আমরা একটা সুস্থ ভাল রাষ্ট্র এবং সংগঠন তৈরী করে জনসাধারণের সেবা করতে পারব। এটুকুন বলে আমি শেষ করছি। জয়হিন্দ।

**Shri Deoki Nandan Poddar :**

माननीय उपाध्यक्ष महोदय, राज्यपाल के भाषण को समर्थन करते हुए, मैं २-४ बातें अपने क्षेत्र की मंत्री मन्डल के सामने आपके माध्यम से रखना चाहता हूँ। राज्यपाल महोदय ने अपने भाषण में कारपोरेशन को गवर्नमेंट ने ले लिया इसका उल्लेख किया है मगर कारपोरेशन के द्वारा बस्तियों के उद्धार के लिए या बस्ती वासियों के उत्थान के लिए क्या किया जायगा या उसके लिए क्या प्लानिंग मंत्री मन्डल की हैं, उसके बारे में एक भी शब्द राज्यपाल महोदय के भाषण में कहीं भी नहीं दिया गया, यह बड़े ही दुख की बात है।

एक तरफ तो हम नारा लगाते हैं-गरीबी हटाओ—एक तरफ हम नारा लगाते हैं समाजतंन्त्र की व्यवस्था की। मगर कलकत्ता जैसे महानगरी में जहां एक बहुत बड़ी जनसंख्या बस्तियों मे रहती हैं, उन बस्तियों में रहना तो बड़ा ही दूभर है, रात गुजारना एक बड़ा प्रब्लम हो जाता है। निर्वाचन के मौके पर मुझे अपने क्षेत्र में बाजार मौके पर उन बस्तियों में जाने का मौका लगा रहता है।

उपाध्यक्ष महोदय, आपके माध्यम से निवेदन करूंगा मंत्री मंन्डल से व मुख्य मन्त्री महोदय से कि वे अगर कभी बस्ति को न देखें हों तो कम से कम एक बार बस्तियों का निरीक्षण अवश्य करें। और बस्तियों का निरीक्षण करने के बाद खुद सोचें कि वे जो स्वप्न देख रहे हैं, एक नयी पढ़ी का-एल नये पथ पर चलने की, उस नयी पढ़ी के निर्माण के लिए, उस पीढ़ी को गन्दगी की नर्दमा से निकालने के लिए क्या सोच रहे हैं ? आजतक उन गन्दी बस्तियों में वास करने वाले गुमराह हो होते रहे हैं।

बहुत से लोग जो यहां निर्वाचित होकर आये हैं, विशेष कर कलकत्ता से निर्वाचित

हूए हैं, उन्होंने इन वस्तियों में रहने वालों की दुर्दशा को देखा है। माननीय सदस्य श्रीरउफ अन्सारी साहब जो खुद वस्ती के रहने वाले हैं, वे वस्ती की स्थिति के बारे में मुझसे ज्यादा प्रकाश डाल सकते हैं।

१९६८ में संयुक्त मोर्चा सरकार के वक्त टीका टेनेन्सी विल के उपर वस्ती की उन्नति के वारे में मैंने कुछ वातें कहीं थी। और आज में देखता हूँ कि हमारी सरकार ने-हमारे मंत्री मन्डल ने राज्यपाल के भाषण में कोई भी उल्लेख वस्ती के उत्थान के लिए नहीं किया हैं। करोड़ों रुपया जब सरकार फाइनेन्सिएल इन्स्टिटयुशन के द्वारा वाट रही है- वैंकों के मार्फत, लाइफ इन्सोरेन्स के मार्फत दिलवा रही है, तो क्यों नहीं सरकार एक स्कीम अपने हाथ में लेती है, जिसके द्वारा लाइफ इन्सीरेन्स करपोरेशन इन वस्तियों का सुन्दर ढंग से निर्मान करे। और जो भाड़ा ठीका टेनेन्ट को मिलता है, वही भाड़ा लाइफ इन्सोरेन्स कारपोरेशन अदाई करे या वैंक अदाई करेया फाइनेन्सिएल इन्स्टिटयूशन अदाई करे। अगर गवर्नमेन्ट ऐसा वन्दोवस्त करवो है तो वस्ती वासियों को राहत मिलेगी और ठीका टेनेन्ट जो वस्ती वासियों का शोषण करता आ रहा है, उससे उनको छुटकारा मिल जायगा। ठीका टेनेन्ट खुद खाजना खा जाता है, न तो पेसा जमीन्दार को मिलता हैं और न तो कारपोरेशन को ही मिलता है।

[ 1-20—1-30 p. m. ]

मैं मंन्त्री मण्डल से व मुख्य मंन्त्री से विशेष कर अनुरोध करूंगा कि वे अगर वस्तियों का उद्धार करना चाहते हैं—वस्ती वासियों का उत्थान करना चाहते है तो सरकार के मारफत इस चीज को आगे वढ़ावें। किसी आफिसर के रिपोर्ट पर ही या कागज-कलम पर निर्भरन रह कर खुद वस्ती वासियों के जीवन के वारे में सोचें। करोड़ों रूपया लाइफ इन्सोरेन्स कारपोरेशन के द्वारा उधार दिया जाता है। साउथ कलकत्ता सेन्ट्रल कलकत्ता में विल्डिंग वनाने के लिए। अगर इसके द्वारा वस्ती वासियों के उद्धार के लिए वस्तियों में विल्डिंग वनाने लिए रुपया खर्च किया जाय तो वास्तव में हमावे देश में समाजवाद सच्चे रूप में आ सकता है और वस्ती वासी सुख का अनुभव कर सकते हैं। समाज वाद का रूपया सरकार लाइफ इन्सोरेन्स कारपोरेशन के द्वारा करोड़ पतियों को दिलवाती है—फाइनेन्सिएल इन्स्टिटयूशन ने

दिलवाती है, मकान वनाने के लिए, म टी स्टोरीड विल्डिंग वनाने के लिए। मगर वस्ती के उत्थान के लिए नहीं दिया जाता है।

सरकार चाहे कांग्रेस की हो, चाहे सरकार संयुक्त मोर्चे की हो, या कोई और पार्टी की सरकार हो, वस्ती के उद्धार के लिए अव सोचना पड़ेगा। खाली वातें करने से कुछ नहीं होने का है। आज तक किसी की नजर इस समस्या की ओर नहीं गई। मैं आशा करता हूँ कि मुख्य मंन्त्री इस समस्या की ओर विशेष रुप से ध्यान देंगे। और वस्ती वासियों का उद्धार कर सकेंगे। वहुत वड़ा जनता का अंश क्ष्यन जो इनगन्दी वस्तियों में रहता है-जिसमें भारत की भावी पीढ़ी निवास करती है, अगर मुख्य मंन्त्री इनका उद्धार कर सकेंगे तो वहुत वड़ी सफलता प्राप्त करलेंगे।

इन शब्दों के साथ मैं राज्यपाल के भाषण का स्वागत करता हूँ।

**শ্রীঅজিত বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে ও দুটো বিষয়ে এখানে উল্লেখ করতে বাধ্য হচ্ছি, তার মধ্যে একটা বিষয় হচ্ছে গত নির্বাচনে আমরা যে সম্বন্ধে পশ্চিমবাংলার মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে বেকারত্ব দূর করা। আজকে এ্যাসেম্বলীর সেসন বেশ কয়েকদিন ধরে চলে গেল, আরো কয়েকটা দিন বাকী আছে, ইতিমধ্যে আমাদের বিধানসভার অনেক সদস্য যাঁরা নিজের কেন্দ্রে একবার অন্ততঃ ঘুরে আসার সুযোগ পেয়েছেন তাদের সবাইয়ের সামনে একটা প্রশ্ন তুলে ধরেছেন সেখানকার বেকার যুবকরা। প্রত্যেকদিন রেডিও নিউজ তারা শুনছে, সকালবেলা প্রতিটি কাগজ উল্টেপাল্টে তারা দেখছে যে সরকার অন্ততঃ তাদের জন্য কিছু বাস্তবসম্মত প্রস্তাব নিচ্ছে কি না। রাজ্যপালের ভাষণে বেকারী দূর করবার কথা বলা হয়েছে কিন্তু তার বিজ্ঞানসম্মত কোন ছবি আজ পর্যন্ত আমরা পাই নি।

এই মন্ত্রিসভার উপর সম্পূর্ণ আস্থা রেখে, সম্পূর্ণ আস্থা আমার আছে, কিন্তু একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে আমলাতন্ত্রের ষড়যন্ত্রের কাছে তাঁরা যেন আত্মসমর্পণ না করেন। একটা হুঁশিয়ার সভার কাছে আমি দেব, আমলাতন্ত্রের ষড়যন্ত্র আরম্ভ হয়ে গেছে। একদিকে আমরা বেকারদের স্তোক দিচ্ছি আমরা তোমাদের চাকরী দেব, ভরনপোষণের সুযোগ করে দেব, অন্যদিকে যেসব আই. সি. এস., আই. এ. এস অফিসাররা রিটায়ার করে যাচ্ছেন তাঁদের পুনর্বাসন দেবার ব্যবস্থা চলছে ষড়যন্ত্র করে। গত ১২ই নভেম্বর, ১৯৭১ সালে রাজ্যপাল বিভিন্ন পত্রিকার মাধ্যমে বলেছেন যে যাঁরা রিটায়ার করবেন তাঁদের আর কোনরকম রিয়্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে না। কিন্তু এই মন্ত্রিসভার অগোচরে বিভিন্ন রিটায়ার্ড অফিসাররা, আই. সি. এস., আই. এ. এস অফিসারদের অত্যন্ত কায়দার সঙ্গে, অত্যন্ত স্পর্ধার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি তাঁদের পুনর্বাসন দেবার ব্যবস্থা হচ্ছে। আমি একজন অফিসারের কথা এখানে বলছি, ডেপুটি স্পীকার মহাশয়, যদি আপনি চান ভূরি ভূরি প্রমাণ আমি দেব যে অত্যন্ত কায়দা করে তাঁদের পুনর্বাসন দেওয়া হচ্ছে। একজন মিঃ ডি. জি. মুখার্জী, যিনি রিটায়ার করেছেন, চীফ ইঞ্জিনীয়ার, ইরিগেসন এ্যাণ্ড ওয়াটার ওয়েজ থেকে ইন ১৯৬০ সালে তাঁকে নর্থ বেঙ্গলের ফ্লাড কণ্ট্রোল বোর্ডে য়্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে চেয়ারম্যান হিসাবে। এই সেম ডিপার্টমেন্টেই এইরকম রিটায়ার্ড আই. এ. এস.,

আই. সি. এস.-দের অফিসারদের টেকনিসিয়ান বা এক্সপার্ট হিসাবে নিয়োগ করা হচ্ছে। এর ফলে আগামী দিনে যাদের প্রমোশন পাওয়ার সুযোগ ছিল বা উচিত ছিল তাদের প্রমোশন একদিকে বন্ধ করছেন এবং তারা না পাওয়ায় অন্যদিকে যে নূতন ভ্যাকেন্সী হত যে ভ্যাকেন্সীগুলিতে নূতন ছেলেরা য়্যাবসর্ভড হতে পারত সেই পথও তাঁরা রোধ করছেন। আমি আপনার মারফৎ অনুরোধ জানাচ্ছি মন্ত্রিসভার কাছে যে এই অধিবেশন শেষ হবার আগে আপনারা এই সভার কাছে পরিষ্কার একটা চিত্র দেবার চেষ্টা করুন যে আগামী দিনে এই বেকারদের জন্য কি ব্যবস্থা করছেন। সভা শেষ হয়ে যাবে, আমরা কেন্দ্রে কেন্দ্রে ফিরে যাব, তাদের কাছে আমাদের জবাবদিহি করতে হবে যে তাদের জন্য আমরা কি করতে পেরেছি। এই আই. সি. এস., আই. এ. এস. অফিসাররা একটা নকশা তৈরী করে দেবেন. সেই নকশা যেন মন্ত্রিসভা সংবাদপত্রের মারফৎ আমাদের না জানান। আমরা এখানে জেনে যেতে চাই মন্ত্রিমহাশয়রা তাদের জন্য কি প্রস্তাব রাখছেন। সঙ্গে সঙ্গে যে কথা বলছিলাম, শিক্ষা দপ্তর, আপনার মারফৎ শিক্ষামন্ত্রি মহাশয়কে অনুরোধ করছি, যে শিক্ষাদপ্তরে নূতন করে ষড়যন্ত্র আরম্ভ হয়ে গেছে। আগে ব্যবস্থা ছিল যে, যেসব গ্র্যাজুয়েট ছেলেরা, আর্টস, সায়েন্স এ্যাণ্ড কমার্স তারা বিনা ট্রেনিং এই শিক্ষকতার চাকরি পেত। এই মন্ত্রিসভা গঠিত হবার আগে শিক্ষাসচিব একটি সার্কুলার পাঠিয়ে বলেছেন যে পাঁচ বছর ট্রেনিং না নিলে, এই বি. টি. ট্রেনিং না নিলে তারা নাকি চাকরি পবে না। এটা কোন ধরনের ব্যবস্থা ? এটা কি বেকারীত্ব দূর করার ব্যবস্থা ? অন্যদিকে আর একটা সার্কুলার দেওয়া হয়েছে যে মিনিমাম ৫ বছর শিক্ষকতার এক্সপিরিয়েন্স না থাকলে তাকে নাকি বি. টি. ট্রেনিং নিতে দেওয়া হবে না। কেন এই ব্যবস্থা করা হয়েছে ? সরকারী কর্মচারীরা দু-এক বৎসর পর যখন কনফার্মড হয়ে যান তারা যদি ইনক্রিমেণ্ট পেতে পারেন তাহলে শিক্ষকরা তাদের নির্দিষ্ট থাকা সত্ত্বেও তারা কেন ইনক্রিমেণ্ট পাবেন না কেন বি টি. ট্রেনিং থাকা সত্ত্বেও চাকরী পাবেন না এটা আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই। সঙ্গে সঙ্গে আমি আপনার মারফৎ মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে এই দুটি সার্কুলার অতি সত্বর উইথড্র করে নিন, তা নাহলে বিভিন্ন বেকারদের মধ্যে, যুবকদের মধ্যে বিক্ষোভের দানা বেঁধে উঠবে। জয়হিন্দ।

[ 5-50—6-00 p.m. ]

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তী** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ সমর্থন করে পশ্চিমবাংলার শিক্ষাজগতে যে ক্রমবর্ধমান নৈরাজ্য সমগ্র শিক্ষা জগতে যে দুরবস্থা, সে সম্পর্কে দু'চার কথা না বলে পাচ্ছিনা। রাজ্যপালের ভাষণে শিক্ষা সম্পর্কে যে উল্লেখ আছে, তা অত্যন্ত ভাসাভাসা। আমরা সুস্পষ্ট এবং নির্দিষ্ট বক্তব্য আশা করেছিলাম এই ব্যাপারে কিন্তু নিরাশ হয়েছি। আপনার, স্যার, মনে আছে যে তিন বছর আগে থেকে একদল ছাত্র শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ করেছিল—এই শিক্ষা ব্যবস্থা নিপাত যাক বলে ধ্বনি তুলেছিল, সেই বিদ্রোহ অনেকের কাছে বালখিল্যের মত মনে হয়েছিল কিন্তু তাতে আমরা অনেকে ক্ষতিগ্রস্ত হলেও সেই বিদ্রোহের পিছনে যে খানিকটা ন্যায্য বিক্ষোভ ছিল তা অস্বীকার করবার উপায় নাই। আমাদের দেশে যে শিক্ষা ব্যবস্থা প্রচলিত আছে তার কোন লক্ষ্য নাই, কোন পারস্পেকটিভ নাই, বৃটিশ আমলের শিক্ষা ব্যবস্থাকেই মোটামুটি চুণকাম করে চলেছে। কিন্তু সেই শিক্ষা ব্যবস্থাকে আধুনিকীকরণ করতে হবে বলে আমরা প্রতিশ্রুতিবদ্ধ, এই শিক্ষা ব্যবস্থা যে চলতে পারে না এ বিষয়ে কোন সন্দেহ নাই। এখন প্রয়োজন হল একটা সুপরিকল্পিত এবং সুচিন্তিত শিক্ষা নীতি এবং সেই শিক্ষা নীতিই আমরা শিক্ষামন্ত্রী এবং রাজ্যপালের ভাষণে আশা করেছিলাম। শিক্ষার

ষ্ট্রাক্‌চার কি হবে এবং পশ্চিমবাংলার ক্ষেত্রে তা কেমন হবে, এখন পর্যন্ত তা স্থিরীকৃত হল না। এই সম্পর্কে নানা মুনির নানা মত, নানা কমিশন বসিয়েছেন, নানা মাতব্বর নানা মত প্রকাশ করেছেন। এগার বছরের স্কুল নিয়ে যে পরীক্ষা নিরীক্ষা হল সেটা আজকে প্রমাণ হয়ে গেছে যে এগার বছরের স্কুল নিয়ে এক্সপেরিমেন্ট আজ ব্যর্থ হয়েছে। কলেজী শিক্ষায় থ্রী ইয়ার ডিগ্রী কোর্স চালু করা হল, সেটাও ব্যর্থ হয়েছে। প্রাক-বিশ্ববিদ্যালয় বা পি. ইউ কোর্সে যে চার মাসের পড়াশুনার ব্যবস্থা চলে আসছিল সেটাতে যে ছেলেমেয়েরা কিছু শিখতে পারেনা সেকথা বিশ্ব-বিদ্যালয় মহলের বহু পণ্ডিত এমন কি ভাইস চ্যান্সেলার পর্যন্ত বলেছেন—এই শিক্ষা সম্পর্কে কোন ষ্ট্রাকৃচার তৈরী হয়নি, গোটা শিক্ষা ব্যবস্থা একটা বিপর্যয়ের মধ্যে পড়েছে। আমি সরকারের কাছে দাবী করছি যে সরকার এ বছরই কমিশন কমিটি গঠন করুন, করে এই শিক্ষা ব্যবস্থার ষ্ট্রাকৃচার কি হবে সেটা সম্বন্ধে সিদ্ধান্ত করুন এবং এই সঙ্গে আমি দাবী করছি যে পুরানো দিনের বিশ্ববিদ্যালয়ের রিকমেণ্ডেড দশম ক্লাসের বিদ্যালয় এবং দু'বছরের ইণ্টারমিডিয়েট এবং দু'বছরের ডিগ্রী কোর্স চালু করুন—দরকার হলে অনার্স আর এক বছর বাড়িয়ে দেওয়া যেতে পারে।

আমাদের দেশ কৃষিপ্রধান দেশ। আমরা মেজরিটি ক্ষেত্রে ভূমি সংস্কার করব বলে প্রতিশ্রুতি-বদ্ধ। এই কৃষি ব্যবস্থার উন্নতির জন্য আমরা গ্রামাঞ্চলে হায়ার সেকেণ্ডারী স্কুলে এগ্রিকাল্‌চারাল স্ট্রীম খুলেছি কিন্তু তাতে কতটুকু উন্নতি হয়েছে? কল্যাণীতে এগ্রিকাল্‌চারাল ইউনির্ভাসিটি করা হয়েছে তাতে চাষীর কাছে আমরা কোন উন্নত ধরণের কৃষি বিদ্যা উপস্থিত করতে পেরেছি? এই সমস্তই ব্যর্থ হয়ে গেছে বলে আমার ধারণা। কাজেই সরকারের কাছে আমার দাবী আগামী দিনে শিক্ষা ব্যবস্থার মধ্যে উন্নত কৃষি বিদ্যা যাতে গ্রামে চাষের কাজে লাগে সে ব্যবস্থা করবেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার সব চেয়ে দুঃখের কথা আমাদের দেশ ভারতবর্ষে আজও ৩৮ কোটি লোক নিরক্ষর, এদের কোন অক্ষর জ্ঞান নেই। আমি একটা প্রতিবেদনে দেখেছি পশ্চিমবাংলায় এই নিরক্ষরদের সংখ্যা প্রায় দু'কোটির মত। সংবিধানে যে ডাইরেক্‌টিভ প্রিন্সিপল ছিল, তাকে অমান্য করা হয়েছে। পশ্চিমবাংলার সাক্ষর জ্ঞানের সংখ্যা ক্রমান্বয়ে নীচে নেমে যাচ্ছে। শুনেছি কেন্দ্র থেকে নাকি এখন টাকা দেওয়া হচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে? গ্রামাঞ্চলে বহু প্রাইমারী স্কুল অনুমোদনের অপেক্ষায় আছে, অথচ এই ব্যাপারে সরকারের উদ্যোগ নাই। এই যে পশ্চিমবাংলার অক্ষর জ্ঞান দিনের পর দিন কমে যাচ্ছে এটা অত্যন্ত দুঃখের কথা।

তারপর এ্যাডাল্ট এডুকেসনের ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে এই এ্যাডাল্ট এডুকেসনের জন্য যদি কিছু না করা যায় তাহলে পশ্চিমবাংলার নিরক্ষরতা দুর হবেনা। কিন্তু আমরা দেখছি এই এ্যাডাল্ট এডুকেসনের ক্ষেত্রে সরকারের উদ্যোগ সীমাবদ্ধ। একটা ডিপার্টমেণ্ট আছে বটে কিন্তু তার কিছু করে না এবং আগে দু-একটা জায়গায় সামান্য টাকা যা দিতো সেটা এখন বন্ধ হয়ে গেছে। আমাদের শিক্ষা দপ্তরও এই বয়স্ক শিক্ষার ব্যাপারে চুপচাপ। পশ্চিমবঙ্গ নিরক্ষরতা দূরীকরণ সমিতি এবং বেঙ্গল সোসাল সার্ভিস লীগ এই ব্যাপারে কাজ করছে—এঁদের সাহায্য করা উচিৎ। আমি দাবী করছি অবিলম্বে এই মন্ত্রিসভা বয়স্ক শিক্ষার ক্ষেত্রে নির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করুন যাতে করে আমরা নিরক্ষরতা রাক্ষসীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করতে পারি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ছাত্ররাই দেশকে পুনর্গঠণ করতে পারে। এই ছাত্ররা লড়াই করছে এবং অল ইণ্ডিয়া স্টুডেণ্টস্ ফেডারেসন দাবী করেছে যে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে এবং কলেজ পরিচালনার ক্ষেত্রে ছাত্রদের অধিকার দিতে হবে, তাদের গভার্নিং বডিতে যাবার অধিকার দিতে হবে। ছাত্র

পরিষদও সেই দাবী সমর্থন করছে। আমি দাবী করছি আপনারা অবিলম্বে আইন প্রনয়ন করুন যাতে কোলকাতা বিশ্ববিদ্যালয়ে এবং পশ্চিমবাংলার অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এবং কলেজের গভর্নিং বডিতে ছাত্ররা যেতে পারে, ছাত্ররা কলেজ পরিচালনায় অংশ গ্রহণ করতে পারে। কেরালা সরকার এরকম একটা আইন প্রনয়ণ করতে যাচ্ছেন। আমাদের এখানেও যদি সেই রকম ব্যবস্থা না হয় তাহলে শিক্ষা ব্যবস্থায় যে জড়তা আছে তা দূর হবে না। আমি দাবী করব ছাত্ররা যাতে শিক্ষা পরিচালনায় অংশ গ্রহণ করতে পারে সেইরকম আইন এবং বিধি এই সেসনেই আপনারা আনুন। তারপর আমার বক্তব্য হচ্ছে ছাত্রদের সামাজিক পুনর্গঠনের কাজে আনার উদ্যোগ করা সরকার এবং সেই দিকে সরকারী পরিকল্পনা করা দরকার। এই জিনিস করলে দেশে অনেক কাজ হবে। ছাত্রদের যদি আমরা জাতীয় কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করতে না পারি তাহলে তারা উগ্রপন্থী হবে। কেরালায় তাঁরা এই জিনিস করেছেন অর্থাৎ দশ লক্ষ ছাত্রকে তাঁরা এইভাবে কাজে লাগাবেন। পশ্চিমবাংলায়ও আপনারা এরকম একটা নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করুন যাতে কলেজের ছাত্রদের জাতীয় পুনর্গঠণের কাজে লাগান যায়। তারপর, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন ছাত্ররা কি অবস্থায় মধ্যে লেখাপড়া করে। কয়েক বছর আগে বিশ্ব-বিদ্যালয় একটা এনকোয়ারী কমিটি তৈরী করেছিল যাঁরা বলেছেন ৭০ ভাগ ছাত্রের পড়ার জায়গা নেই এরকম একটা অবস্থার মধ্যে ছাত্ররা লেখাপড়া করছে। আজকে স্কুল এবং কলেজের ছাত্রদের স্বাস্থ্যের উন্নয়ন এবং স্বাস্থ্য পরীক্ষা করবার কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি এবং এই ব্যাপারে সরকারের উদ্যোগও নেই। কোলকাতায় যেমন ডে স্টুডেন্টস্ হোম আছে মফঃস্বলেও তেমনি ডে স্টুডেন্টস্ হোম করন যেখানে কলেজের উচু ক্লাশের ছেলেরা কম পয়সায় টিফিন খেতে পারবে। এই সঙ্গে সঙ্গে আমি টেক্সট বুক লাইব্রেরী করার দাবীও মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এবারে আমি শিক্ষকদের অবস্থা সম্পর্কে কিছু বলব। আজকে বিধানসভায় শিক্ষকদের অবস্থা সম্পর্কে বহু প্রশ্ন হয়েছে দেখলাম। আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি আর কিছু পারুন বা না পারুন, মাইনে বাড়াতে পারুন বা না পারুন অন্ততঃ মাসের ১লা তারিখে যাতে শিক্ষকরা তাঁদের মাইনে পান তার ব্যবস্থা করুন। এই ব্যবস্থা যদি আপনারা করতে পারেন তাহলে বাংলাদের মানুষ দু'হাত তুলে আপনাদের আশীর্বাদ করবে এবং একটা ভাল কাজ করেছেন একথা বলবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যদি গ্রামে পোষ্ট অফিসে যান তাহলে দেখবেন দিনের পর দিন প্রাথমিক শিক্ষকরা পোষ্ট অফিসে গিয়ে ধর্ণা দিচ্ছে। মাসের ১০।১৫।২০ তারিখ চলে যাচ্ছে তবুও তাদের মাইনে আসছে না। তাঁদের মুদির কাছে, পাওনাদারদের কাছে মাথা নীচু করে থাকতে হচ্ছে। এক মাস পার হয়ে যায় তাঁদের মাইনে আসে না, গ্রামের প্রাথমিক শিক্ষকরা ২।৩মাস অন্তর মাইনে পান এরকম অবস্থা চলছে। আমি প্রশ্ন করছি মন্ত্রিমহাশয়রা যদি মাসের ১লা তারিখ মাইনে পান, শিক্ষা সচিব যাঁর মাইনে আড়াই হাজার টাকা তিনি যদি মাসের ১লা তারিখ মাইনে পান তাহলে এই দরিদ্র শিক্ষককুল যাঁরা ৭০/৭৫ টাকা মাইনে পান তাঁরা কেন মাসের ১লা তারিখ মাইনে পাবেন না? এই জিনিস আর কতদিন চলবে সেকথা আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে শিক্ষমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই।

[6-00—6-10 p.m.]

[illegible]

বর্তমানে জাতীয়করণ করা হয়েছে-এমন কি একটা ব্যবস্থা করা যায় না, বিশেষ করে মফঃস্বল শহরে অনেকগুলো ব্যাঙ্কের ব্রাঞ্চ আছে,সেই ব্যাঙ্কগুলোকে সরকার ড্রাফট দিয়ে দেবেন এবং সেই ড্রাফট ভাঙ্গিয়ে শিক্ষককুল অথবা হেডমাষ্টার মহাশয় অথবা স্কুলে সেকরেটারী, তারা টাকা তুলে নিয়ে গিয়ে মাইনে দিয়ে দেবেন। সরকারী ট্রেজারীতে যে দীর্ঘসূত্রতা, যে অনাস্থিক পরিবেশ সেখান থেকে মাইনে পাবার হাত থেকে শিক্ষকরা-এই নিগ্রহ থেকে বাঁচতে পারেন এমন একটা ব্যবস্থা করতে পারা যায় কি না, আপনারা বিচার করে দেখবেন। এই বিষয়টা আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে দাবী রাখছি। প্রাইভেট কলেজগুলোর অবস্থা কি? কলকাতার প্রাইভেট কলেজগুলোর কথা আপনাদের মনে আছে, ডাঃ বিধান চন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন ফিলিপ্স কমিটি কলকাতাতে এসেছিলেন এবং তারা ঠিক করেছিলেন যে বড় বড় কলেজ, যেগুলো কলকাতায় আছে, যেমন বঙ্গবাসী, সুরেন্দ্রনাথ, সিটি কলেজ ইত্যাদি। এই কলেজগুলোর ছাত্র সংখ্যা দেড় হাজার কমিয়ে দেওয়া হবে এবং তার ফলে কলেজগুলোতে যে ঘাটতি দেখা দেবে সেই ঘাটতি সরকার পূরণ করে দেবেন। আপনারা জানেন ছাত্রদের আন্দোলনের ফলে কলকাতার বড় বড় কলেজগুলো ছাত্র ফি মোটেই বাড়াতে পারেনি এবং সরকার সেই প্রতিশ্রুতি দিয়েছিলেন ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে কিন্তু আজ পর্যন্ত এই সমস্ত কলেজগুলো ছাত্র সংখ্যা কমিয়ে দেবার দরুণ কতটা পরিমাণ ঘাটতি পাবেন তার কোন নির্দিষ্ট টাকা সরকার ঠিক করে দিলেন না এবং এ্যাডহক গ্রাণ্ট চলেছে বছরের পর বছর, যার ফলে বড় বড় এই কলেজগুলোতে ৩।৪।৫ মাস মাইনে পেতে শিক্ষকদের দেরী হয়। আমিও এই রকম একটা কলেজের শিক্ষক। আমরা দেখেছি যে প্রত্যেক বছর এপ্রিল, মে, জুন মাস, এই রকম সময়ে টাকা পেতে কষ্ট হয়, আমাদের শিক্ষকরা মাইনে পান না, এই সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া এই প্রাইভেট কলেজগুলোর শিক্ষকরা গভর্ণমেণ্টের ইউ, জি, সি, খাতে যে টাকা পান, ডি,এ,পান - আমরা হিসাব করে দেখেছি যে ১২ মাসের মাইনে আমরা ২২ টা ইনষ্টলমেণ্টে পাই, এবং এই অবস্থা কি দীর্ঘকাল ধরে চলবে? যা আমরা মাইনে পাবো তা মাসের প্রথমে পাওয়া যাবে না এবং সারা বছরে ২২ ভাগে ভাগ করে মাইনে পাবো, এই রকম একটা অসহনীয় অবস্থা দীর্ঘকাল ধরে কোন সভ্য দেশে চলতে পারে বলে আমরা মনে করি না। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। পেনশন স্কীম ট্রীপল বেনিফিটের দাবী শিক্ষকরা দীর্ঘকাল ধরে করছেন। পেনশন স্কিম চালু হয়েছে মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে এবং প্রাইমারী শিক্ষকদের ক্ষেত্রে, কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি খবর নিয়ে দেখবেন চার বছর, পাঁচ বছর রিটায়ার করে গেছেন এমন শিক্ষক আজও রয়েছেন যাঁরা এক পয়সাও এখন পর্যন্ত পাননি। পশ্চিমবাংলার কোন শিক্ষক আজ পর্যন্ত পেনশন স্কীমের সুবিধা পাবার অধিকারী হন নি। এই পেনশন স্কিম সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে তার কোন অফিস তৈরী হয় নি, টেবিল চেয়ার বসেনি। এই হচ্ছে পশ্চিমবাংলার অবস্থা, সেই জন্য আমি দাবী করছি যে এই ব্যাপারে সরকার শীঘ্র ব্যবস্থা করুন যাতে শিক্ষকরা রিটায়ার করে যাবার পর পেনশন ভোগ করতে পারেন। তারা কি মারা গেলে এই পেনশন স্কীম চালু হবে এই কথাটা আমি জিজ্ঞাসা করতে চাই আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে। এবং মন্ত্রিমণ্ডলী এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করবেন বলে আমি বিশ্বাস করি। কলেজ কর্মচারী যাঁরা কলকাতার কলেজগুলোতে চাকরী করেন, স্পনসর্ড কলেজগুলোতে চাকরী করেন তাঁদের অবস্থা খুবই খারাপ। শিক্ষকদের বড় সংগঠন আছে, শিক্ষকরা দাবী করেন—আমরা দাবী করি শিক্ষকদের জন্য, অনেক সময় সরকার মুখে ভাল কথা বলেন, এই বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু কলেজে আর একটা শ্রেণী আছে যার অশিক্ষক কর্মচারী তাদের অবস্থা অত্যন্ত খারাপ। আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন এই কল-

কাতায় সুরেন্দ্রনাথ কলেজে একজন বেয়ারা ২০ টাকা থেকে ৪০ টাকা বেসিক পে। তারা ২০ টাকায় শুরু করে এবং ৪০ টাকায় শেষ করে, এই হচ্ছে কলকাতায় সুরেন্দ্রনাথের মত একটা বড় কলেজের ব্যবস্থা। কলেজ কর্মচারীদের মাইনে বৃদ্ধির ব্যাপারটা সরকার পে-কমিশনের অন্তর্ভুক্ত করেছিলেন কিন্তু বিস্ময়ের ব্যাপার এখনও পর্য্যন্ত সেই ব্যাপারে কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন করছি এই দুঃস্থ এবং দরিদ্র কলেজ কর্মচারী যাঁরা আছেন তাঁদের মাইনে এত সামান্য যে তাঁরা প্রায় অনাহারে থাকে। কলকাতার কলেজগুলোতে বা অন্যান্য কলেজগুলোতে যারা চাকরী করে তাদের বেতনের ব্যাপারটা অন্তত তাঁরা যাতে সরকারী কর্মচারীদের সমহারে বেতন পান এমন একটা ব্যবস্থা আপনারা করে দিন। কারিগরী শিক্ষার অবস্থাও সেই রকম। পশ্চিমবাংলায় একমাত্র আসানসোল পলিটেকনিক ছাড়া প্রায় সমস্ত পলিটেকনিকগুলো গভর্ণমেণ্ট স্পনসর্ড, এই নিয়ে তাঁরা আন্দোলন করেছিলেন—দামোদরণ কমিশন হয়েছিল, প্রফেসর দামোদরনের নেতৃত্বে তারা রেকমনডেশন করেছেন সমস্ত পলিটেকনিগুলোকে সরকার নিয়ে নিন এবং এই পলিটেকনিকগুলোকে সাহায্য করতে সরকারের এক কোটি টাকা খরচ হয়। কেন্দ্রীয় সরকার বলেছেন পলিটেকনিকগুলো পশ্চিমবঙ্গ সরকার নিয়ে নিল যে উদ্বৃত্ত টাকা লাগবে তা তারা দেবেন। কিন্তু আজ পর্য্যন্ত এই ব্যাপারে কোন সুরাহা হয় নি। এইজন্য আমি সরকারের কাছে দাবী করছি যে পলিটেকনিকগুলো রয়েছে—যে কারিগরী শিক্ষার মধ্য দিয়ে শিল্পোন্নয়নের সঙ্গে সঙ্গে তাদের শিক্ষার মানকে আমরা ঘোরাতে পারি শিল্পোন্নয়নের সঙ্গে সঙ্গতি রাখতে পারি, এই পলিটেকনিকগুলোকে সরকার গ্রহণ করে নিন, এই কয়টি কথা বলে আমি মোটামুটি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলার কথা বলা হয়েছে। কিন্তু আমার জেলার সীমান্তবর্তী এলাকার শান্তি-শৃঙ্খলার কথা এর মধ্যে কিছু বলা হয় নাই। আমি নদীয়া জেলার তেহট্ট থানার নির্বাচন কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। আমার জেলা হচ্ছে একটা বর্ডার ডিষ্ট্রিক্ট বা সীমান্ত জেলা। আমার জেলার পাঁচটি থানা নিয়ে আমার নির্বাচন কেন্দ্র। সেগুলো হলো—করিমপুর, তেহট্ট, হাঁসখালি, কেষ্টগঞ্জও—। আমি সেখানে দেখেছি, আগে প্রায়ই ঐ অঞ্চলে রাত্রিতে ডাকাতি হতো। সেখানকার জনসাধারণ আমাদের জানাতেন যে ওখানে regular রাত্রিতে প্রতিদিনই চুরি ডাকাতি হচ্ছে—এরজন্য কী ব্যবস্থা করা যায়? তখন আমরা নির্বাচনের আগে বলেছি, আগে নির্বাচন হয়ে যাক—তারপর আমাদের সব কিছু দেখবার ও করবার সুযোগ হবে, যাতে আপনাদের কোন অসুবিধা না হয়। চুরি ডাকাতি বন্ধ, শান্তি-শৃঙ্খলা ফিরে আসে, তারজন্য যথাযথ ব্যবস্থা আমরা করবো। আমাদের তেহট্ট থানায় বহু পাচার করা মাল ধরা পড়েছে। এক শ্রেণীর লোক, অসাধু ব্যবসাদার, দিনের পর দিন মালপত্র পাচার করে নিয়ে গিয়ে বাংলাদেশে বিক্রী করছে। তার ফলে, কেরোসিন, চিনি, কাপড়, চাল ইত্যাদির দর দিনে দিনে বাড়তে আরম্ভ করেছে। এছাড়া, বাংলাদেশ থেকে প্রচুর পরিমাণে বে-আইনী অস্ত্র-শস্ত্র আমার সীমান্তবর্তী জেলাতে পাচার হয়ে আসার জন্য, প্রতিদিন রাত্রিতে regular ডাকাতি হচ্ছে। কিছুদিন আগে আমার এক কর্মী সি. পি. এমের বে-আইনী অস্ত্রের আঘাতে নিহত হয়েছে। আমি এই সম্পর্কে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে আমাদের ওখানে পুনরায় শান্তি-শৃঙ্খলা অবিলম্বে প্রতিষ্ঠিত হয়।

আমি যে থানা থেকে নির্বাচিত হয়েছি সেটা কৃষিপ্রধান এলাকা. সেখানে কিছু কিছু deep tubewell হয়েছে বটে, কিন্তু তা থেকে নিয়মিত জল সরবরাহ পাওয়া যায় না, বিদ্যুতের অভাবে। রাজ্যপাল তাঁর ভাষণে গ্রামে গ্রামে বৈদ্যুতিকরণের কথা বলেছেন। কিন্তু এই বৈদ্যুতিকরণ কত দিনে হবে, তা বুঝতে পারছি না। গ্রামে গ্রামে যদি এই বৈদ্যুতিকরণ করা যায়, তাহলে এই deep tubewell-এর মাধ্যমে প্রচুর জল চাষের জমিতে নিয়মিতভাবে সরবরাহ করা যাবে। ফলে ফসল বাড়বে, কৃষকদেরও অবস্থার উন্নতি হবে। তাছাড়া হাসপাতাল ও অন্যান্য যেসমস্ত জনকল্যানমূলক প্রতিষ্ঠান আছে, তারও এই বৈদ্যুতিকরণের দ্বারা উন্নতি করা সম্ভব হবে। কুটীর-শিল্পের মাধ্যমেও জনগণের অবস্থার উন্নতি করা যাবে। ১৯৫৭ সালে আমার থানায় একটা স্বাস্থ্যকেন্দ্র শ্যামনগরে Sanction হয়েছে। কিন্তু আজও মঞ্জুরীকৃত সেই স্বাস্থ্যকেন্দ্রটা শ্যামনগরে প্রতিষ্ঠিত হয় নাই। আমি এই সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তাঁর কাছে আবেদন করছি, যাতে সেই স্বাস্থ্যকেন্দ্রটি তাড়াতাড়ি ওখানে স্থাপিত হয় সেই ব্যবস্থা যেন তিনি সত্বর করেন।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলায় একমাত্র ডাল ও চিনি কল হচ্ছে রামনগরে। এই রামনগর সুগার মিলের আট হাজার একর জমি আছে, যেখানে ইক্ষু চাষ হয়। গত দু-তিন বছর যাবৎ সেখানে আখ চাষের পরিবর্তে মালিক ধান ও পাট চাষ করছে। তার ফলে এই কারখানার জন্য প্রয়োজনীয় ইক্ষু পাওয়া যাচ্ছে না, প্রয়োজনের তুলনায় খুব কম ইক্ষু পাওয়া যাচ্ছে। মালিক রামনগরের Capital রাজস্থানে নিয়ে সেখানে একটা ডালডার ফ্যাক্টরী তৈরী করেছে। আজকে সেই সুগার মিলটি উঠে যাবার মত অবস্থা হয়েছে।

কর্মচারীরা মাইনা পায় না, ২।৩ মাস তাদের মাইনে বাকি। তাছাড়া এখানে যে চাষীরা ইক্ষু বিক্রি করছে, তারা সেই ইক্ষুর দাম পায় না। ঐখানে যে রিয়েল প্রপার্টি আছে সেগুলি বিক্রি করে তারা রাজস্থানের ডালডা ফ্যাক্টরীতে নিয়োগ করছে। আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অনুরোধ করছি যে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেমন উত্তরপ্রদেশে চিনি কল রাষ্ট্রীয়করণ করা হয়েছে সেইরকম রামনগর সুগার মিলকেও রাষ্ট্রীয়করণ করা হোক। জয়হিন্দ।

**শ্রীবিমল পাইক:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি রাজ্যপালের ভাষণকে শুধু ধন্যবাদ জানাতে আসি নি, আমি আমার অন্তর দিয়ে অভিনন্দন জানাতে এসেছি। রাজ্যপাল তাঁর ভাষণের মাঝখানে ভূমি সংস্কার আইনকে ত্বরান্বিত করার একটা আশা দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইটা জানেন যে এই ভূমিসংস্কার আইনকে উপলক্ষ করে পশ্চিমবাংলায় ব্যাপক বিপ্লব হয়ে গিয়েছে, কত মারামারি হানাহানি হয়ে গিয়েছে সেদিনও। এবং পরে ১৯৬৭ এই ভূমি সংস্কারকে কেন্দ্র করে হরেকৃষ্ণ কোঙার মহাশয় নকশালবাড়ী থেকে বিপ্লব ঘটাবার চেষ্টা করে-ছিলেন। আজকে রাজ্যপালের ভাষণে সেই আশার ভাব ফুটে উঠেছে। আজকে বর্গাদারদের ভাগ্য নিয়ন্ত্রিত হচ্ছে, জমির উৎপন্ন ফসলের ৭৫ ভাগ পাবে বর্গাদাররা। বর্গাদারকে কোন কারণেই জমি থেকে উচ্ছেদ করা চলবে না, সেখান থেকে ফেলে দেওয়া চলবে না। যেখানে মাত্র তিনটি কারণ ছিল যে কোন বর্গাদার যদি কোন আইনকে লঙ্ঘন করে থাকে তাহলে তাকে উচ্ছেদ করা হবে বা সেখানে কোন বোনাফাইড রিকোয়ারমেণ্ট যদি থাকে তাহলে সেখান থেকে উচ্ছেদ করা হবে। অথচ এই হরেকৃষ্ণ কোঙার সেখানে, নকশালবাড়ীতে সেই আতঙ্ক সৃষ্টি করেছিলেন যে সেখানে বর্গাদারদের উচ্ছেদ করা হচ্ছে। প্রকৃতপক্ষে সেখানে কোন বর্গাদারকে উচ্ছেদ করা হয় নি অথচ তিনি সেখানে বিপ্লব সৃষ্টি করেছিলেন। এবং তিনি এই কথা দেশে দেশে ছড়াতে গিয়েছিলেন

যে সেখানে জোতদাররা বর্গাদারদের উচ্ছেদ করছে। এর ফলে জোতদাররা এর বিরুদ্ধে অনেকে কেস করল, অনেক কেস হল কিন্তু জোতদারদের বিরুদ্ধে বর্গাদাররা। অতএব সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি কারণ আমি জানি যে ল্যাণ্ড রিফর্ম একজিকিউসন কেসে ভাগচাষীদের আপীল করে বছরের পর বছর ফেলে রেখেছে। বিশেষ করে এমন অনেক ঘটনা আছে যেখানে বেনামী করে জমি রেখে দিয়েছে। সেখানে আইনের প্রশ্ন আছে যাতে এ, ডি, ও বা জে, এল, আর, ও,- দের পক্ষে বিচার করা সম্ভব নয়। এই এস, ডি, ও বা জে, এল, আর, ও যাঁরা রয়েছেন যতক্ষণ পর্যন্ত ঐ ল্যাণ্ড রিফর্মে যে সমস্ত ত্রুটিবিচ্যুতি রয়েছে তা দব করা না হয় ততক্ষণ তাঁরা সুবিচার করতে পারবেন না। এ বিষয়ে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই সব ত্রুটি না সরালে দেশের লোকের প্রভূত ক্ষতি হতে পারে। সি, পি, এম, কিছু বর্গাদারের উন্নতি সাধন করবার চেষ্টা করেছিলেন কিন্তু সেখানে আইন এমনভাবে রয়েছে যাতে তা প্রবর্তন করবার চেষ্টা করেও কিছু করা সম্ভব হয় নি। একটা ফ্যামেলি সিলিং ঠিক করা হয়েছে যে ১৭ বিঘার বেশী জমি রাখা রাখা যাবে না তাহলে সেখানে সেই বর্গাদারকে উচ্ছেদ করা যাবে। এটা আমাদের সরকার করেছে। এর চেয়ে বেশী কি সি, পি, এম ভেবেছিল – তারা কখনও চিন্তা করতে পারে নি তাই আমি বলবো যে আমাদের মুখ্যমন্ত্রী যতই বলুন না কেন, ঐ বিরোধী দলকে আসন গ্রহণ করবার জন্য যতই আহ্বান করুন না কেন তারা আসবে না। কারণ আমরা জানি তারা যা চেয়েছিল তার চেয় বেশী ব্যবস্থা আমরা এখানে করতে পেরেছি। আমার বক্তব্য আরও অনেক কিছু ছিল কিন্তু সময়ের অভাবে আমি এখানেই ইতি করছি।

**শ্রীভূপেন বিজলী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বপ্রথমে আমি মহামান্য রাজ্যপালের অভিভাষণকে সমর্থন জানাই। আমি যেমন আশা রাখি তেমন আনন্দ পাই সুখ অনুভব করি আবার অনেক ক্ষেত্রে বেদনাও পাই আশঙ্কিত হয়ে পড়ি কিছু কিছু বক্তব্য দেখে তাঁর ভাষণে যেগুলি থাকলে খুব ভাল হোত। যেমন পঞ্চায়েৎ ব্যবস্থার কথা। আমি আহ্বান জানাই এই পরিকল্পনাকে। পঞ্চায়েৎ যখন প্রতিষ্ঠিত হয় তখন প্রচার করা হয়েছিল যে পঞ্চায়েতের মাধ্যমে শাসন ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে আনা হবে। কিন্তু তার বদলে পঞ্চায়েৎ ব্যবস্থার সম্পূর্ণভাবে মূলচ্ছেদ হয়ে গেল। আমি চিকিৎসক হিসাবে দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে চিকিৎসা পদ্ধতিতে আয়ুর্বেদ ও হোমিওপ্যাথি ইত্যাদির যে উন্নতি করা হবে তার কিছু দেখি নি। আজকে কবিরাজ মহাশয়রা ও হোমিওপ্যাথরা যেভাবে অবহেলিত হয়ে আছে তাতে তারা আবার নূতন করে পুষ্ট হয়ে উঠবে তার কোন ব্যবস্থা দেখি নি। তাই অত্যন্ত ব্যথা পাই। আমি দুঃখের সঙ্গে অনুভব করেছি যে হাজার হাজার মানুষ বেকার হয়ে আমাদের দিকে তাকিয়ে আছে প্রতিদিনই তাদের প্রশ্ন এসেম্বলীতে আমাদের জন্য কিছু করলেন। আমার মহেশতলা থানায় বহু বেকার আমাকে বলে যে চাকুরীর ব্যাপারে বিধানসভায় কি বক্তব্য রাখলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই আবেদন রাখি মাননীয় রাজ্যপালের ভাষণে বেকার ভাইদের যদি চাকুরীর সুষ্ঠ পরিকল্পনা কিছু থাকতো তাহলে খুশী হতাম। আমার সময় কম তাই আমাকে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে হবে। আমাদের মহেশতলা নির্বাচনী এলাকা কলকাতা থেকে ১৫ মিনিটের পথ। স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে এই ২৫ বছর স্বাধীনতার পর সেখানে একটিও গঠনমূলক কাজ হয় নি। স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে এই মহেশতলা এলাকাতে কিছু কিছু ইনডাষ্ট্রি গড়ে উঠছে। কিন্তু সেখানে স্থানীয় লোক স্থান পায় নি—সেখানে ইমপোর্টেড লোক এসে কাজ করছে। স্যার আপনি অবাক হয়ে যাবেন যে সেখানে ২১ বর্গমাইল কৃষি এলাকা, সেখানে ৮।৯ হাজার

একর কৃষির জমি আছে কৃষির সেচের কোন ব্যবস্থা নাই। আমরা দেখেছি যে সেখানে কৃষি ভাইরা কোন রকম কৃষি সাহায্য পায় না।

[ 6-20—6-30 p.m. ]

সাধারণভাবে দেখলে দেখা যাবে যে মহেশতলা এরিয়া সম্পূর্ণভাবে ইণ্ডাষ্ট্রিয়াল এলাকা, এখানে কোন অভাব নেই, এখানে কোন অসুবিধা নেই সম্পূর্ণভাবে মহেশতলা অধিবাসীরা উন্নত অবস্থায় বাস করছে। আমি বিনয়ের সংগে, বিনীতভাবে জানাতে চাই যে এই মহেশতলা একটা অনুন্নত জায়গা যেখানে দু'লক্ষ লোক বাস করছে সেখানে মাত্র ৮০টি টিউবয়েল এবং ৭০টি প্রাইমারী স্কুল আছে। সেজন্য এই হাউসের কাছে আমার একান্ত আবেদন, সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন করছি এই ব্যাপারে খোঁজখবর নিয়ে যাতে সুষ্ঠ একটা সমাধান হয় সেই ব্যবস্থা গ্রহণ করুন। আমার এলাকা হচ্ছে দর্জিকুল এলাকা। এখানে লোক সংখ্যার প্রায় ৩০ ভাগ দর্জি, যেটা শুধু পশ্চিমবঙ্গের সমস্যা নয়, সারা ভারতবর্ষের সমস্যা। এই দর্জিকুলের জন্য কোন ব্যবস্থা নেই, তারা দিনের পর দিন অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে। তারা শিল্পী, কি তারা শ্রমিক? তাদের ন্যায্য অধিকার কি, কিভাবে বাঁচতে পারে, তারা কিভাবে চলতে পারে তার কোন ব্যবস্থা নেই। আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যাতে তাদের একটা ভাল ব্যবস্থা করা হয়। আবো একটা অনুরোধ জানাই যেখানে ৮ হাজার একর কৃষি জমি অথচ কৃষির উন্নতির তেমন ব্যবস্থা নেই। আমি মনে করি সারা বৎসরে জল সেচের ব্যবস্থা সেখানে হতে পারে এবং সেই ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে সমস্ত পরিকল্পনা, যে সমস্ত বক্তব্য আমরা শুনেছি যদি সুন্দরভাবে তার তদারকীর ব্যবস্থা না করা হয় তবে এই পরিকল্পনা ব্যাহত হবে। তাই আমি একান্তভাবে আবেদন রাখতে চাই সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের নিকট বা আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর নিকট প্রতিটি নীচু স্তর থেকে উঁচু স্তর পর্যন্ত একটা তদন্ত কমিটি গঠন করে যাতে সুষ্ঠভাবে সমস্ত পরিকল্পনা উচ্চ ক্ষমতাসম্পন্ন তদারকির সাহায্যে সমাধান হয় তার ব্যবস্থা করবেন। এই কথা বলে মাননীয় রাজ্যপালের অভিভাষণকে আবার ধন্যবাদ জানিয়ে আসন গ্রহণ করছি। বন্দেমাতরম, জয়হিন্দ।

**শ্রীমহম্মদ সফিউল্লা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব এসেছে তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং তাঁর মনোজ্ঞ ভাষণের জন্য অভিনন্দন জানাচ্ছি এবং অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে বন্যা সমস্যার কথা বলা আছে এবং ১৩টি জেলায় যে ভয়ানক বন্যা হয়েছিলো বিশেষ করে ১৯৭১ সালে সে সমস্ত কথাও ভাষণের মধ্যে আছে এবং কিছু কিছু জায়গায় সমস্যা সমাধানের কথাও আছে। কিন্তু আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে হুগলী ও হাওড়া জেলার ব্যাপারে সমস্যা সমাধানের কথা কোন সুস্পষ্ট ইঙ্গিত নেই। যদিও একটা সামান্য কথা অস্পষ্টভাবে বলা আছে—নিম্ন দামোদর পরিকল্পনার কাজ করা হচ্ছে। কিন্তু আমি আশা করে ছিলাম যে এই ব্যাপারে খানিকটা অন্তত সুস্পষ্টভাবে এই ভাষণের মধ্যে থাকবে। সেটা না থাকার জন্য আমি দুঃখিত। আমি যে অঞ্চল থেকে এসেছি হুগলী জেলার চণ্ডীতলা একটা অত্যন্ত বৃহৎ অঞ্চল। এই অঞ্চলে নির্বাচিত প্রতিনিধি এবারেই এই কংগ্রেস থেকে পেয়েছে। এর আগে যেমন কংগ্রেসের কোন নির্বাচিত প্রতিনিধি হয়নি তেমনি এই অঞ্চলে কোন ডেভেলপমেন্টের কাজও হয়নি। এই অঞ্চল অন্যায় সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত অঞ্চল। এর দুটি জায়গা—এক হচ্ছে ডানকুনি তৎসংলগ্ন পাঁচঘরা এবং কাপাসাড়িয়া অঞ্চল। এই অঞ্চলে কতকগুলি গ্রাম, প্রায় ৮।১০টি গ্রাম

অত্যন্ত ক্ষতিগ্রস্ত এবং বিধ্বস্ত হয়েছে। দ্বিতীয়তঃ ভগবতীপুর অঞ্চলে কয়েকটি গ্রাম বিশেষ করে কানাইডাঙ্গা ও ভাড়ুয়া—এই দু'টি গ্রামে নিম্ন শ্রেণীর হিন্দু ও মুসলমান বাস করে এবং তারা অত্যন্ত গরীব। এই অঞ্চলের গ্রামগুলি ১৯৭১ সালে বন্যায় বিধ্বস্ত হয়েছে এবং এখনও সেই রকম অবস্থায় আছে। আর একটা অঞ্চল আছে কুমের মোড়া। এই অঞ্চলে বিস্তৃতভাবে বন্যায় প্লাবিত হয়েছে। এই যে বন্যার সমস্যা এবং তার প্রতিকারের কথা বলা হয়েছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের নিকট আবেদন জানাচ্ছি যে অন্ততপক্ষে তাদের একটা প্রতিকারের ব্যবস্থা ইমিডিয়েট করা হয়। আর দু-এক মাসের মধ্যেই বর্ষা নামবে। আমার এরিয়ার হাজার হাজার লোক রোজ আমার কাছে জানতে ছুটে আসছে যে এই বন্যা সম্বন্ধে আমি হাউসে কিছু আলোচনা করছি কিনা এবং এ সম্বন্ধে আমাদের মন্ত্রিসভা কি প্রতিশ্রুতি দিচ্ছেন সেটা আমি জানতে চাই। এই বন্যা রোধ সম্পর্কে যে পরিকল্পনা নেওয়া হয়েছে এবং যার জন্য আজকে নিম্ন দামোদর সংস্কারের কাজ চলছে, সেই কাজ কত দূর অগ্রসর হয়েছে এবং আগামী বর্ষায় আমরা এর দ্বারা উপকৃত হব কিনা সেটা জানতে চাই। এরপর আমি নেক্সট ট্রপিক্সে আসছি। রাজ্যপালের ভাষণে দেখছি আইন-শৃঙ্খলার উন্নতি হয়েছে বলে একটা আত্মতুষ্টির মনোভাব আছে। পল্লীগ্রামের লোক হিসাবে আমার অভিজ্ঞতায় আমি বলতে পারি যে এর জন্য পুলিশের কোন ক্রেডিট নেই। জনসাধারণ এবং আমাদের হাজার হাজার ছেলে মিলে আমরা এই প্রতিরোধ গড়ে তুলেছিলাম বলেই আজকে আইন-শৃঙ্খলা পরিস্থিতির কিছুটা উন্নতির লক্ষণ দেখা যাচ্ছে। জনসাধারণ পুলিশকে সর্বতোভাবে সাহায্য করতে উৎসুক আছে, কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি যে পুলিশ জনসাধারণকে সাহায্য করছে না বা জনসাধারণ পুলিশের সাহায্য পাচ্ছে না। নেক্সট হচ্ছে আমার এলাকায় সি, পি, এম, বন্ধুরা যথেষ্ট সাম্প্রদায়িকতার বিষ ছড়িয়েছেন। তারা হিন্দু ভাইদের কানে কানে এক কথা বলছেন, আবার মুসলমান ভাইদের কানে কানে অন্য আর এক কথা বলছেন। কাজেই আমাদের এই সাম্প্রদায়িকতার মূলোৎপাটন করতে হবে এবং আমাদের সরকার যদি এ কাজ করতে না পারেন তাহলে সমূহ ক্ষতি হবে বলে আমি মনে করি। এরপর আমি কুটির শিল্পের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই ক্ষুদ্র ও কুটির শিল্প সম্বন্ধে রাজ্যপালের ভাষণে মাত্র একটি ছোট্ট লাইনে কিছু বলা আছে। আমাদের পল্লীগ্রামে কুটির শিল্পই হচ্ছে একমাত্র শিল্প, যেমন তাঁত শিল্প। এই শিল্পের অভাব হচ্ছে মূলধন ও সূতো। এখন এই শিল্পে সূতো পাওয়া যাচ্ছে না। দ্বিতীয় হচ্ছে তালা বা হুইল শিল্প। এই শিল্পেও বহু লোক নিযুক্ত আছেন এবং এর মেটিরিয়্যালের যথেষ্ট অভাব আছে। তারপর হচ্ছে মৃৎশিল্প। এটাও খুব ঐতিহ্যপূর্ণ শিল্প। বর্তমানে এটা ধ্বংসের মুখে। তাছাড়া বেত ও বাঁশের শিল্পও আছে। এই শিল্পের জন্য কাঁচা বেতের অভাব আছে এবং বর্তমানে বাংলাদেশ স্বাধীন হওয়াতে আমরা হয়ত এখন এই বেত আমদানী করতে পারব। এরজন্যও প্রচুর মূলধন প্রয়োজন। কাজেই এই সব বেত, বাঁশের শিল্পের প্রতি যথেষ্ট গুরুত্ব দেওয়া উচিৎ ছিল বলে আমি মনে করি এবং এটা একটা আলাদা প্যারাগ্রাফের মধ্যে থাকলে ভাল হত। এরপর আমি পরিবহন সমস্যা সম্পর্কে কিছু বলতে চাই। এ সম্বন্ধে বলতে গেলে প্রথমেই মার্টিন লাইন রেলওয়ের কথা বলতে হয়। এই রেল সম্বন্ধে ইতিমধ্যেই এই সভায় আলোচনা হয়েছে এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীও এ ব্যাপারে আশ্বাস দিয়েছেন। এই ট্রেনে দৈনিক আমার এলাকার ৩০।৪০ হাজার লোক যাতায়াত করত। তারা আজকে জানতে চাইছে যে সরকার কতদিনের মধ্যে এটা চালু করবার ব্যবস্থা করবেন। সেই জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে তিনি যেন এবিষয়ে একটা সুস্পষ্ট বক্তব্য রাখেন। উপসংহারে আমি শিক্ষা সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। এই শিক্ষা ব্যাপারে যথেষ্ট দুর্নীতি আছে। এ সম্বন্ধে আমি একটি কথা বলছি বিগত নির্বাচনের আগে মাননীয় মুখ্য-

মন্ত্রিমহাশয় আমার নির্বাচনী এলাকায় একটি সভা করতে গিয়েছিলেন। সেই সভায় যখন তিনি বক্তৃতা করছিলেন তখন স্কুলের হেড মাষ্টার মহাশয়ও সেই সভাতে এসেছিলেন এবং তিনি ছেলেদের ছুটি দিয়ে এসেছিলেন। স্কুল বন্ধ হওয়া সত্ত্বেও তিনজন মাষ্টার মহাশয় সেই ছেলেদের বন্ধ করে রেখেছিলেন এবং তাদের উদ্দেশ্য ছিল এই সভা বন্ধ করে দেবেন। তারা সি, পি, এম, মাইনডেড লিডার ছিলেন। উপসংহারে আমি, বলি আজকে গ্রামের উপর গুরুত্ব দেওয়া উচিৎ। আজকে আমাদের এই প্রস্তাব নেওয়া উচিৎ যে "গো ব্যাক টু ভিলেজ।" সেইজন্য আমি বলছি গ্রামের দিকে যদি আমরা নজর দিই তাহলে আমাদের প্রভূত উপকার হবে। এই বলে আমি রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরোজকুমার কাঁড়ার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব সমর্থন করতে গিয়ে প্রথমেই আমি বলতে চাই যে 'গরিবী হঠাও' আন্দোলনকে আমরা সফল করতে প্রতিজ্ঞাবদ্ধ। কিন্তু আজকে বিধানসভার বাহিরে শিয়ালদহ ষ্টেশনের কাছে হকারদের উপর নিপীড়ন চালানো হয়েছে পুলিশ দিয়ে এটা আমরা দেখতে পাচ্ছি। সেই হকারদের আজকে তাদের দোকান থেকে তুলে দেওয়া হয়েছে এবং তাদের সমস্ত কিছু নষ্ট করে দেওয়া হয়েছে এবং কয়েকজনকে লাঠি দিয়ে পেটানো হয়েছে। এই দিয়েই বোঝা যাচ্ছে যে গরিবী হঠানোর নামে কি সৃষ্টি হয়েছে। তাই আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি যদি এই জাতীয় হকারসদের তুলে দিতে চান তাহলে তার আগে যেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা করেন।

[6-30—6-40 p m.]

তারপরে আমি বলতে চাই বিভাগীয় মন্ত্রীর কাছে যে আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই উদয়নারায়ণপুর এলাকা আমার মনে হয় পশ্চিমবঙ্গের সবচেয়ে অবহেলিত এলাকা। সেই এলাকায় কোন রেল চলে না, বাস চলার মত কোন রাস্তা আজ পর্যন্ত তৈরী হয় নি। সেখান থেকে এই কোলকাতায় আসতে আমাদের ছয় ঘণ্টা সময় লাগে। যে ছয় ঘণ্টা সময়ের মধ্যে অন্যেরা হাজার মাইল ঘুরে আসা যায়, সেই ছয় ঘণ্টায় আমরা ৩০ মাইল দূরে এই কোলকাতায় আসি। তারপরে ওখানে থানা স্বাস্থ্যকেন্দ্র নেই। আমরা বহু আবেদন নিবেদন করেছি এমন কি কংগ্রেস মন্ত্রিসভার কাছ থেকে মঞ্জুরিও পেয়েছিলাম কিন্তু কাজ সুরু হয়নি। উদয়নারায়ণপুর থানায় স্বাস্থ্যকেন্দ্রের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া বিভিন্ন জায়গার জন্য বিভিন্ন উন্নয়ন পর্ষদ গঠন করা হচ্ছে। স্যার, আপনি জানেন, উদয়নারায়ণপুরে বিগত দশ বছর মধ্যে সাত বছর বন্যা হয়েছে। এ বছরও যে বন্যা হয়েছিল তাতে আমরা তিন মাস জলবন্দী ছিলাম। আমার প্রস্তাব হচ্ছে অন্যান্য জায়গার মত উদয়নারায়ণপুর, কল্যানপুর এবং খানাকুল কেন্দ্র নিয়ে একটি বিশেষ উন্নয়ন পর্ষদ গঠণ করা হোক। আমরা দেখি প্রতি বছর মুণ্ডেশ্বরীর পশ্চিম এবং দামোদরের পূর্ব দিক ডুবে যায়। এই এলাকার মানুষের দুর্গতি মোচনের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া উচিত। কারন সেখানকার মানুষের কাছে অনেক আশা, অনেক প্রত্যাশা দিয়ে আমরা নির্বাচিত হয়ে এসেছি। তা যদি না করা হয় তাহলে সেই এলাকার লোকেরা ভয়ঙ্কর রূপ ধারণ করবে এবং একদিন এমন হয়ে উঠতে পারে যে তাতে সারা পশ্চিমবাংলার শান্তি বিঘ্নিত হতে পারে। তাই প্রথম থেকেই আমাদের সজাগ ও সতর্ক হওয়া প্রয়োজন। আর একটি বিষয়ে

স্যার, আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিগত দশ বছর আগে ব্যাতাই বন্দর—আমতা থেকে পুল নির্মাণের কথা ছিল কিন্তু আজ পর্যন্ত এই পুল নির্মাণের তোড়জোড় হয় নি। এ বিষয়ে সত্বর উপযুক্ত ব্যবস্থা করার জন্য বলছি। কারণ এক লক্ষ কুড়ি হাজার মানুষ এখানে বাস করেন এবং এদের দামোদরের এপারে আসার কোন ব্যবস্থা নেই। সেখানে খেয়া পার হতে দেড় ঘণ্টা সময় লাগে। স্যার, আপনি জানেন, গরীবি হটাও আন্দোলনের কথা বলা হয়েছে। সেই গরীবী হটাও আন্দোলনকে যদি সফল করতে হয় তাহলে আমাদের ঐ অবহেলিত এলাকার সামগ্রিক কল্যাণের কথা চিন্তা করতে হবে। তারপরে স্যার, কাগজে দেখেছি তিন একর পর্যন্ত জমির খাজনা রেহাই দেবার কথা বলা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত এ বিষয়ে কোন সুষ্ঠু সরকারী নীতি নেই। হাজার হাজার মানুষ যখন আমাদের কাছে আসে তখন আমরা তাদের সুস্পষ্টভাবে কোন জবাব দিতে পারি না। তাই এই সভায় আমি প্রস্তাব রাখতে চাই যে এসম্পর্কে সরকারী সিদ্ধান্ত সুষ্ঠভাবে ঘোষণা করা হোক। তারপরে স্যার, আমার এলাকায় যে কর্ডনিং চেক পোষ্ট আছে সেখান দিয়ে এক মণ ধান আনতে গেলে পুলিশকে চার টাকা দিতে হয় হাওড়ায় আসার জন্য। সেখানে হাজার হাজার টাকা পুলিশের লোকেরা মাসের পর মাস উপায় করে চলেছে। আমার মনে হয় পুলিশ বা সরকারী কর্মচারীদের যদি সেখান থেকে তাড়িয়েও দেওয়া যায় তাহলেও তারা সেখান থেকে যাবে না বা তাদের যদি মাহিনা না দেওয়া হয় তাহলেও তারা সেই কর্ডনিং চেক পোষ্টে থাকার জন্য প্রার্থনা জানাবে। এই বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি এবিষয়ে যেন সত্বর ব্যবস্থা অবলম্বন করা হয়। এ ছাড়া আর একটি কথা হচ্ছে, আমাদের উদয়নারায়ণপুর এলাকার জমি তিন ফসলী জমি। সেখানে বন্যার জন্য বা বর্ষার সময় ফসল হয় না। সেখানে ব্যাপক হারে অগভীর নলকূপ এবং গভীর নলকূপের সুযোগ-সুবিধা করা দরকার। এছাড়া ঐ এলাকায় জন্য যাতে নতুন কোন শিল্প সৃষ্টি করা যায় সেদিকে লক্ষ্য দিতে হবে। ঐ এলাকায় শিল্পের প্রচুর সম্ভাবনা আছে, সেই শিল্পের মাধ্যমে ঐ এলাকার বেকার যুবকদের অন্ন সংস্থানের ব্যবস্থা করা যেতে পারে। এই প্রসংগে আমি মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে কলকাতা শহরে এবং অন্যান্য শহরে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ করে দেওয়া, সেখানে বেকার ছেলেরা তাদের নাম লেখায় এবং তাদের চাকরি পাওয়ার সম্ভাবনা আছে। আমি প্রস্তাব রাখছি ঐ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের অফিসারদের মাঝে মাঝে গ্রামের দিকে পাঠান হোক এবং তাঁরা সেখানে গিয়ে বেকার যুবকদের নামের তালিকা প্রস্তুত করুন এবং সেই গ্রামের ছেলেদের যাতে চাকরির ব্যবস্থা হয় তার চেষ্টা করুন। তা না হলে শহরের ছেলেরা চাকরির সুযোগ পাবে, অন্যান্য এলাকার ছেলেরা সেই সুযোগ থেকে বঞ্চিত হবে। সেজন্য আমার দাবি হচ্ছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের একটা শাখা যেন গ্রামে গ্রামে ঘুরে বেড়ান এবং বেকারদের তালিকাভুক্ত করেন এবং তাদের চাকরির সুযোগ সৃষ্টি করে দেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআফতাবউদ্দীন মণ্ডল** : মিঃ ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করেছি। মনের মাঝখানে কোথায় যেন একটা খটকা লাগছে। ২৪ বছর পরে আজকে যে অর্থনৈতিক বুনিয়াদকে সুদৃঢ় করার স্বপ্ন আমরা দেখেছি, সুদূর গ্রাম বাংলা থেকে আমরা যারা নবীনরা সবেমাত্র বিধান সভায় নির্বাচিত হয়ে এসেছি, এই নতুন পরিবেশের সংগে যারা এখনও ঠিক সম্পূর্ণ খাপ খাইয়ে নিতে পারি নি মাঝে মাঝে মনে সন্দেহ লাগে আইনের মারপ্যাচে আর গাড়ীবাড়ী সমাজবাদের মধ্যে আমরা ঐ গরীবী হঠাও শ্লোগান ভুলে যাব না তো এই মুহূর্তে এখানে দাঁড়িয়ে সেই জিনিসটা

ভাবছি। আমি শুধু আমার কন্সটিটিউয়েন্সির কথা বলব না, বলব সারা বাংলাদেশের কথা প্রিয় মুনসির ভাষায় এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন যিনি নির্বাচনী বক্তৃতা করতে গিয়ে মাঝে মাঝে বলতেন আমার কন্সটিটিউয়েন্সি নাকি ভারতবর্ষের বাইরে, এমন একটা কন্সটিটিউয়েন্সি যেখানে বাসে গেলে পেট ব্যথা হয় আর ট্যাক্সিতে গেলে রাস্তায় চাকা বার্স্ট হয়ে যায়। এমন একটা কন্সটিটিউয়েন্সির মাঝখান থেকে আমি এখানে নির্বাচিত হয়ে এসেছি। তাই আমার কন্সটিটিউয়েন্সির মানুষরা স্বভাবত কারণে এই সন্দেহ পোষণ করছে যে এবারে কাজ হবে তো। আমরা কয়েক বছরের ইতিহাস যদি পর্যালোচনা করি তাহলে দেখব উন্নয়নমূলক কাজ যেটুকু হয়েছে সেটুকু সাধারণ মানুষের কাছে গিয়ে পৌছাতে পারে নি, বন্যার প্রকোপ থেকে রক্ষা পেতে পারে নি, নিম্ন দামোদরের সর্বনাশা বন্যায় আমাদের সমস্ত কিছু ধুলিস্যাৎ হয়ে গেছে। আজ যখন এই এয়ার কণ্ডিসান ঘরে গদি আঁটা চেয়ারে বসে বলছি তখন আমার মনে পড়ছে আমার এলাকার সেই দুঃস্থ মানুষগুলির কথা যারা এখনও সবনাশা বন্যার কবল থেকে মুক্ত হতে পারে নি এবং সেই সর্বনাশা বন্যার হাত থেকে রেহাই না পেয়ে বাধে বাস করছে। আগামী বর্ষায় কি হবে কে জানে। এখানে দাঁড়িয়ে যে প্রতিশ্রুতি আমরা দিয়েছি, এখানে দাঁড়িয়ে মাননীয় রাজ্যপাল যে কথা আমাদের সামনে তুলে ধরেছেন তার মধ্য থেকে একটা জিনিস কিন্তু আমরা পাইনি সেটা হচ্ছে সাধারণ মানুষের জন্য আমরা কতখানি চিন্তা করেছি, সাধারণ মানুষের আমরা কতখানি উপকারে লাগতে পেরেছি। আজকে সেই জিনিস চিন্তা করার দরকার হয়ে পড়েছে যে মার্টিন রেলওয়ে কি আবার খুলবে, হাওড়ার জনজীবন কি আবার ফিরে আসবে, হাওড়া-আমতার মধ্যে কি আবার নতুন করে প্রাণের সঞ্চার ফিরে আসবে, নিম্ন দামোদরের বন্যার হাত থেকে বাংলাদেশের মানুষ বিশেষ করে আমতা এলাকার মানুষ এবং হাওড়া জেলার নিচু এলাকার মানুষ সত্যিকারে বাঁচতে পারবে। এই সম্বন্ধে আমাদের মনে আজ সন্দেহ জেগেছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে এবং মাননীয় রাজ্যপাল মহাশয়ের কাছে আমার আবেদন নিম্ন দামোদর প্রকল্প যে তাঁরা সুরু করেছেন তবুও সন্দেহ জাগে আগামী বর্ষার মধ্যে ঐ প্রকল্প শেষ হবে তো? তা যদি না হয় তাহলে কি আবার আমাদের ঐ সর্বনাশা বন্যার কবলে যেতে হবে? এখানে মাননীয় অজয়বাবু এবং ভূপতি মজুমদার মহাশয় বসে আছেন, তাঁরা জানেন এমন একটা মাঠ আমাদের এলাকায় আছে যাকে কেঁদুয়া মাঠ বলে সেই মাঠের সমস্যা সমাধান করতে পারলে হাওড়া জেলার ৬ মাসের খাদ্য সমস্যার সমাধান হতে পারত। সেই মাঠের সমস্যা সমাধানের জন্য অজয়বাবু, ভূপতি বাবু বার বার চেষ্টা করেছেন কিন্তু সব স্কীম ফেলিওর। গত ২০ বছরের ইতিহাস খুলে দেখলে দেখা যাবে একবারও ঐ মাঠে ফসল ফলে নি। এতবড় একটা মাঠ যেটা হাওড়া জেলার মানুষকে ৬ মাস ফসল দিয়ে বাঁচিয়ে রাখতে পারত সেই মাঠের সমস্যা সমাধান হয় না, আজো ঠিক সেখানে সমান সমস্যা বসে আছে, আজো সেই মাঠে এক ছটাক ফসল ফলে নি। সুতরাং আমার এলাকার মানুষের মনে সন্দেহ জাগে এবারে সমস্যা সমাধান হবে তো, এই সমস্যার সমাধান নিশ্চিৎ আসবে তো। আমরা অনেক আশা করে আছি কংগ্রেসের কাছে। জ্যোতিবাবু থেকে হরেকৃষ্ণ কোঙার এবং বর্তমানে তাঁদের এজেন্ট প্রফুল্ল সেন মহাশয় যাই বলুন না কেন যে আমরা কারচুপি করে জিতে এসেছি কারচুপি যদি কোথাও হয়ে থাকে তাহলে সেই কারচুপি নিশ্চয়ই বাংলাদেশের মানুষ করেছে। ১৯৬৯ সালে এত বিপুল জয়ের পর মার্কসবাদী কমিউনিষ্ট পাটি বাংলাদেশের মানুষকে যা দিয়েছিল সেটা কিন্তু বাংলাদেশের মানুষ কোনদিন কল্পনা করে নি। অনেক আশা, অনেক ভরসা নিয়ে যারা ভোট দিয়েছিল তাদের তাঁরা দিয়েছেন সেই খুনের রাজনীতি। বাংলা দেশের অলিতে-গলিতে এখনও তপ্ত নিশ্বাস আমরা অনুভব করছি। তাই বাংলাদেশের মানুষ আজ তার প্রতিশোধ কড়ায় গণ্ডায় মিলিয়ে নিয়েছে। আর জ্যোতিবাবু যতই বলুন না কেন যে

কারচুপি হয়েছে, কারচুপি আমরা করি নি, বাংলাদেশের মানুষ তাঁদের ঠকিয়েছে। কারণ, অনেক ঠকানোর পরে শেষ সম্বল যেটুকু ছিল সবটুকু সম্বলকে উজাড় করে দিয়ে কংগ্রেসকে প্রতিষ্ঠীত করেছে বাংলাদেশের মানুষ এখানে, মার্কসবাদী জাল থেকে বেরিয়ে এসে বাংলাদেশের মানুষ নতুন করে বাচতে চেয়েছে কংগ্রেসের ছত্রছায়ায়।

[6-40—6-50 p.m.]

তাই আমাদের অতীতের কংগ্রেসের কথা ভুললে চলবে না, সি, পি; এম, এর কথা ভুললে চলবে না। আমাদের আজ নুতন করে ভাবতে হবে কংগ্রেসের কাছ থেকে কতটা পাব, এইটা বললে হবে না তাদের দুঃখ দুর্দশার কথা ভাবতে হবে। আর একটা জিনিষ আমাদের কাছে পরিস্কার হয়ে গেছে যেটা প্রতি পদে পদে বাধা লাগে যে কথা মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে আমলারা পর্যন্ত সকলেই বলেছেন। আমি যাতায়াতের পথে অনেক দেখেছি এবং এখানে দেখছি যে একটা সিডিউল কাষ্ট সার্টিফিকেট বার করতে সময় লাগে আড়াই মাস। আমি এও দেখেছি যে স্কুলের টিচার হায়ার সেকেণ্ডারী একজামিনেসানের খাতা দেখার চেকের টাকা সাত আট মাসেও পান না। আমি ধমক দেবার পর এও দেখছি মাত্র পনের মিনিটের মধ্যে সেই দীর্ঘ সাত আট মাসে যেকাজ হয়নি সেই কাজ হয়েছে। আজকে এই আমলাদের হাতে আমরা পড়েছি তাই আমাদের অনেক দুঃখ ভোগ করতে হবে। এই আমলারা কি সরকারকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে? আজ হাজার হাজার বেকার ছেলে আমাদের দিকে তাকিয়ে আছে তাদের মুখে কি আমরা হাসি ফোটাতে পারবো। এই বেকার যুবকদের বাঁচার যে পথ অর্থাৎ তাদের যে চাকুরী তা যদি আমরা দিতে না পারি তাহলে আমরা যে নুতন সমাজ প্রতিষ্ঠার কথা বলেছি যে, বিপ্লবের কথা বলছি তা হবে না। আমরা জানি যে বিপ্লব মেকীবিপ্লব হবে। আমরা মেকী বিপ্লবে যেতে চাইনা। যদি দেখি আমরা আগামী দিনে এই সরকার গঠনমূলক কাজ করছেন না তা হলে সেই বারিদার কথাই বলি আমরা যে ১২৫টি যুবক আছি যারা লক্ষ লক্ষ মনুসের প্রতিনিধি হিসাবে দাঁড়িয়েছি তারা এই সরকারকে চ্যালেঞ্জ বলব না—অনুবোধ রাখলাম এই কথা জানিয়ে গেলাম যদি আগামী দিনের এই আমলাদের হাত থেকে আমরা বাচতে না পারি, যদি আগামী দিনে ঐ হাওড়া জেলার নিম্ন এলাকার কেঁদুয়া এলাকায় আরম্ভ করে দামোদর পর্যন্ত যদি করতে না পারি, যদি মার্টিন রেল চালু করে জীবনযাত্রা স্বাভাবিক করতে না পারি তা হলে আমাদের সেই বিপ্লবের পথে এগিয়ে দেবে আমরা যেখানে সমাজবাদ প্রতিষ্টা করতেছি। আমরা গাড়ী বাড়ী চাই না, আমরা এয়ার কণ্ডিসান ঘরে বসে নুতন স্বপ্ন দেখতে চাই না আমরা সমাজবাদের জন্য সেইটাই আমরা চাই আমরা চাষী রমণীর পরনের কাপড় ভাল করতে চাই, চাষী পরিবারের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা,শ্রমিক সমাজের মর্যাদা প্রতিষ্ঠা করা। এইসব যদি করতে না পারি তা হলে আগামী দিনের ভারতবষের যে নুতন ইতিহাস সৃষ্টি করতে যাই না কেন তা ব্যাহত হবে। এবং আমরা এই যুবকেরা সম্পূর্ণ আশাহত হয়ে যে বিপ্লবের পথে আমরা আশা নিয়ে এসেছিলাম তা নষ্ট হয়ে যাবে। আমি এই রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্।

**শ্রীসুধাংশু ভট্টাচার্য্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে রাজ্যপালের ভাষণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। এই ভাষণকে স্বাগত জানাই এজন্য যে অনেক বুকভরা আশা নিয়ে এই সরকারের প্রতি তারা সমর্থন জানিয়েছেন। ভবিষ্যতের অনেক আশা-আকাঙ্ক্ষায় মানুষ আজ ভোট দিয়েছে, আর সেই আশা-আকাঙ্ক্ষার কথা রাজ্যপালের ভাষণে মূর্ত হয়ে উঠেছে। সেইজন্য আমি এই ভাষণকে আন্তরিক ধন্যবাদ জানাতে চাই। একটা কথা বলবো

যে সরকারী আমলাদের কথা এখানে অনেকে বলেছেন তাদের ব্যর্থতার কথা বলেছেন। মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালও উল্লেখ করেছেন যে, আমরা ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ করবো। কিন্তু একটা কথা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাতে চাই ঐ State Electricity Board-এর কর্মচারীদের সম্বন্ধে। গত কয়েকদিন আগে আমার বন্ধু ও আমি গিয়েছিলাম তাঁদের কাছে একটা দরখাস্ত নিয়ে। আমি যে কেন্দ্র থেকে এসেছি সে কেন্দ্র বাগনানে বৈদ্যুতিকরণ করা হোক বলে। তারা ধমকের সুরে বললেন যে তোমাদের সিদ্ধার্থ রায় বলুন বা তোমাদের রাজ্যপাল বলুন না কেন এটা utopian, এটা অসম্ভব ব্যাপার। আমি সে কথা বিভাগীয় মন্ত্রিমহাশয়কে জানিয়েছি যে এর একটা ব্যবস্থা হোক। আমি তার নাম উল্লেখ করতে চাই P. R. O. Anil Banerjee। আমি যে একটা কথা বলতে চাই যে যুক্তফ্রন্টের আমলে যিনি মন্ত্রী ছিলেন বিশ্বনাথ মুখার্জী তার আমলে Irrigation Department-এ কিছু deep tubewell করা হয়েছিল। আমি দুঃখের সঙ্গে জানাতে চাই যে State Electricity Board-এর কল্যাণে সেগুলি আজও energise করা হয় নি। সেখানে আজও বৈদ্যুতিকরণ করা সম্ভব হয় নি। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যেটা Immediately করা দরকার সেটা হল Irrigation Department-এর সঙ্গে Agro-Irrigation-কে নিয়ে যদি একটা State level-এ যদি Board তৈরী করতে না পারি তাহলে এটা ব্যর্থ হবে।

আজকে deep tubewell-গুলি সমস্ত মাঠে পড়ে আছে—সেই deep tubewell-গুলি আজ পর্যন্ত energise করা হয় নি। এদিকে আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে যে আমরা যারা যুবক তারা প্রাদেশিকতা রোগে ভুগছি না। কিন্তু আজ বাঙ্গালী ছেলে চাকরী পাচ্ছে না। Managing agency প্রথা বিলোপ হয়েছে। সমাজবাদের প্রথায় নিশ্চয় এটা একটা শুভ লক্ষণ। কিন্তু কিছু কিছু concern যেগুলোকে অ-বাঙ্গালীরা কুক্ষিগত করে রেখেছে সেখানে কি না হচ্ছে। যেমন Andrew yulo-Co. সেটা বিক্রি হয়ে গেছে। বজবাজারে Amalgamate Mills Ltd এটা কিনে নিয়েছে। সেই বজবাজার Amalgamate Mills Ltd-এ ১ হাজার লোক নেওয়া হল, কিন্তু তার মধ্যে মাত্র ১০০ জন বাঙ্গালী। এইরকম একটা চক্রান্ত চলছে। এটা প্রদেশিকতার কথা নয়, justice আমরা চাচ্ছি সরকারের কাছে। আর একটা কথা বলব Jute Corporation of India সম্বন্ধে। বাংলাদেশ স্বাধীন হবার পর এই Jute Corporation of India প্রচুর লোক নেওয়া হয়েছে। তার পদ্ধতি হচ্ছে বম্বে, মাদ্রাজ থেকে deputation এখানে লোক পাঠান হয়েছে,কিন্তু এখানকার লোক নেওয়া হয় নি। এই কথা আমি মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি। আমি নিম্ন দামোদর এলাকার লোক। এই নিম্ন দামোদর কাটা সুরু হয়েছে। এরজন্য আমাদের দামোদরের আশেপাশের বহু কৃষকের জমি যা recorded land সেই recorded land বহুতর কল্যাণের ক্ষেত্রে নেওয়া হবে ঠিক, কিন্তু আমি একথা বলব বিভাগীয় মন্ত্রিমহাশয়কে যে তাদের যেন উপযুক্ত Compensation দেওয়া হয়। আমি মনে করি চৌরঙ্গী এলাকা ছাড়া বোধ হয় বাংলাদেশের সমস্ত গ্রামই সম্পূর্ণরূপে অনুন্নত। আমাদের একদিকে দামোদর, অন্যদিকে রূপনারায়ণ। এর মাঝখানে যদি একটা industry করতে পারি তাহলে অনেক কল্যাণ করতে পারব। ফুলেশ্বরের আর কোন industry নেই। কিন্তু একটা যদি industry করতে পারি—তাহলে পর অনেক সুযোগ আছে। এর পাশেই বম্বে-মাদ্রাজ রোড রয়েছে। আমি তাই আবেদন করছি বাগনানের কাছাকাছি যেন একটা industry করা হয—অর্থাৎ দামোদর ও রূপনারায়ণের সংযোগস্থলে। গ্রামাঞ্চলে যদি industry না করতে পারি তাহলে বেকার যুবকরা যারা বহু আশা-আকাঙ্ক্ষা নিয়ে আমাদের দিকে তাকিয়ে আছে, তাদের

সেই আশা-আকাঙ্ক্ষাকে, স্বপ্নকে আমরা সফল করতে পারব না এবং আমারাও তারজন্য ব্যর্থ হব। জয়হিন্দ।

**শ্রীঅহিন্দ্র মিশ্র**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আপনার মাধ্যমে আমি কয়েকটা কথা রাখতে চাই। আমরা সমাজতন্ত্রের লক্ষ্যে পৌছাবার প্রতিশ্রুতি ঘোষণা করেছি। কিন্তু রাজ্যপালের ভাষণে সমাজতন্ত্র করার উল্লেখ দেখতে পাই নি। আমাদের এই দরিদ্র রাজ্যে কোন দৃঢ় অর্থনৈতিক বুনিয়াদের ভিত্তি তৈরী করে সমাজতন্ত্রের লক্ষ্যে পৌছাব সে সম্বন্ধে একটা সুস্পষ্ট ঘোষণা চাই। বিশেষ করে রাজ্যপালের ভাষণে এটা প্রত্যাশা করা অন্যায় হবে না। আমি আগেই বলেছি একটা শক্ত অর্থনৈতিক বুনিয়াদ তৈরী করে এগুতে গেলে আমাদের কথা অনেক কম হবে। কাজ হবে বেশী। এখন যে নূতন চেতনার উন্মেষ ঘটেছে, যে নূতন অর্থনৈতিক স্বপ্ন সাধারণ মানুষের মনে হয়েছে আজ থেকে তার সুরু হওয়া দরকার।

[ 6-50—7-00 p.m. ]

আর সমাজতন্ত্রের লক্ষ্যে পৌছতে গেলে যে অসাম্য, অন্যায় এবং অবিচারগুলো এতদিন চলে এসেছে তার প্রতিবিধান হওয়া দরকার, তার প্রতিকার হওয়া বাঞ্ছনীয়। আমি সংক্ষেপে অল্প কথায় উদাহরণ তুলে ধরতে চাইছি। সেটা হলো এই যে জেলাগুলোর ক্ষেত্রে যেভাবে বণ্টন করা হয় কৃষি, শিক্ষা, শিল্প, স্বাস্থ্য ক্ষেত্রে সেখানে কোন কোন ক্ষেত্রে দেখা যাচ্ছে যে গত ২৫ বছর ধরে এক একটা জেলা তার ন্যায়সঙ্গত প্রাপ্য থেকে বঞ্চিত হয়েছে। মেদিনীপুর জেলার কথা বলি। ১৯২১ সালের বিপ্লবী মেদিনীপুর, ১৯৩২ সালের আইন অমান্য আন্দোলনের মেদিনীপুর, ১৯৪২ সালের আগষ্ট আন্দোলনের মেদিনীপুর, স্বাধীনতার আন্দোলনের পুরোধা মেদিনীপুর, বাংলার হলদিয়া মেদিনীপুর, তার জনসংখ্যা ৫০ লক্ষের বেশী অথচ সেই বিরাট জেলার লক্ষ লক্ষ মানুষ বিপর্যস্ত। তার শিল্প নেই, কৃষি ব্যবস্থা অনুন্নত, অথচ আমরা সমাজতন্ত্রের পথে চলেছি। রাস্তাঘাটের ক্ষেত্রে এই মেদিনীপুর জেলা ভীষণভাবে বঞ্চিত হয়েছে। আমি যতদূর জানি যখন সারাদেশে রাস্তাঘাটের ১ : ২৬ বেশী থাকে তখন পশ্চিমবঙ্গের এই বৃহত্তম জেলার স্থান সর্বনিম্ন। তারপর শিল্পের ক্ষেত্রে হলদিয়া নিয়ে এই জেলা তার শিক্ষিত, অশিক্ষিত, অর্ধশিক্ষিত বেকার, ষ্টুডেন্ট এ্যাণ্ড নন-ষ্টুডেন্ট ইউথ, পেজেন্ট ইউথ—তাদের মধ্যে যে স্বপ্ন গড়ে উঠেছিল তা ভেঙ্গে যাচ্ছে। আজকে হলদিয়া নিয়ে সে স্বপ্ন সার্থক হবে কি না সাধারণ মানুষের মনে একটা হতাশা গড়ে উঠছে। এটা অস্বীকার করতে পারছি না। কৃষির উন্নতির জন্য কাঁসাই থেকে যে জল পাই তা অত্যন্ত ইনসাফিসিয়েন্ট, অত্যন্ত নগণ্য। আজকে ডিপ টিউবওয়েল দিয়ে এবং গ্রাম বৈদ্যুতিকরণের স্বপ্ন কথা বলা হচ্ছে। কৃষির উন্নতির কথা বলা হচ্ছে। কিন্তু তা নিয়ে কি অসাম্য এবং অবিচার করা হয়েছে পশ্চিমবাংলার এই জেলাটির প্রতি। যেখানে হুগলীতে ছিল ১৬৫টা, ২৪-পরগণায় ১৭৫টার বেশী ডিপ টিউবওয়েল ছিল, যেখানে বর্ধমানে প্রচুর জল থাকা সত্ত্বেও ১৫০টার বেশী, মুর্শিদাবাদে ২৫০টার বেশী, নদীয়ায় ৪৬৫ সেখানে মেদিনীপুর জেলা পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তর জেলা মাত্র ৯৮টি ডিপ টিউবওয়েল পেয়েছে। এই অসাম্য চলবে আর সমাজতন্ত্রের কথা বলা হবে কখনই হতে পারে না। আমি আগেও বলেছি এই অসাম্য, অবিচার নয় সমাজতন্ত্রের পথে যদি আমাদের সরকার চলতেই চান তবে কি শিল্প, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি ক্ষেত্রে মেদিনীপুর জেলা যে-কোন জেলা থেকে পিছিয়ে দয়া করে দেখুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কোন রিজিওন্যাল আউটলুক নিয়ে বলছি না। কোন জেলায় অবিচার হলে সে বিষয়ে

বলবার অধিকার নিশ্চয় আছে। এই অসাম্য চলবে আর সমাজতন্ত্রের কথা বলা হবে এ হতে পারে না। তাই বিচার দাবী করবো। জনসংখ্যা অনুসারে তার মানুষের জন্য এবং সেইমত ব্যবস্থা দাবী করবো। আমি আগেও বলেছি এখনই বলছি আজ কম কথা বলা এবং বেশী কাজ করার সময়। তাই এই কটি কথা বলে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাই তবে আমি এই প্রসঙ্গে কয়েকটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি প্রথমতঃ বলতে চাচ্ছি যে আজকে যে কথাই আমরা বলি না কেন যে প্রতিশ্রুতি আমরা দিই তাকে কার্যকরী করতে গেলে তাদের মাধ্যমে আমরা কার্যকরী করব সেটার যদি পরিবর্তন না করতে পারি তাহলে আমার মনে হয় এই পাঁচ বছরে আমরা আলোচনা করেই আমাদের কাজ শেষ করতে হবে। আমি যে কথা বলতে চাচ্ছি প্রশাসনের কথা। আজকে যদি পশ্চিমবাংলার কোন সমস্যা থাকে সেটা প্রশাসনের সমস্যা। আমি দু'একটি উদাহরণ দেব, বিস্তারিত আলোচনা করার সময় আমার নেই। আমার কাছে তালিকা আছে। ইতিপূর্বে মাননীয় সদস্য অজিত বন্দ্যোপাধ্যায় মহাশয় ইরিগেসন ডিপার্টমেন্টের এক জনের নাম করেছেন, তিনি রিটায়ার করেছেন কিন্তু এখনও বহাল তবিয়তে কাজ করছেন। আমার কাছে শত শত তালিকা আছে নতুন যারা কর্মে ইচ্ছুক তাদের পথ আসলে নেপোটিজম্ ফেভারিটিজিমের মধ্যে দিয়ে আমাদের এই প্রশাসন যন্ত্রকে শেষ করে দিচ্ছে। আমি বলতে চাই সেচ বিভাগে এখনও রিটায়ার্ড লোকদের বিভিন্ন কাজে নিযুক্ত করা হচ্ছে। সেচ বিভাগের একজন উর্ধতন সরকারী আমলা ছিলেন যিনি পশ্চিমবাংলার জলনিকাশী সমস্যা, সেচের সমস্যা সম্বন্ধে কিছুই করেন নি। আমি এই সম্বন্ধে এখন বিস্তারিত আলোচনা করতে চাচ্ছি না। আমি প্রশাসনের দিক থেকে আপনার মাধ্যমে একটা নিবেদন করতে চাই যে আমি হুগলী জেলার একজন অফিসারের কথা জানি যিনি এখন রাইটার্স বিল্ডিংসে আশ্রয় পেয়েছেন তার দৌলতে বেসিক স্কুল বোর্ড ঠিক আমাদের সরকার তৈরী হবার কয়েক দিন আগে ৩২ জনকে রুরাল প্রাইমারী এডুকেসন এ্যাক্ট-এ কাজ দেওয়া হয়েছে, সেখানে গ্রামীন যেসব শিক্ষিত যুবক আছে তাদের চাকরী পাওয়ার যারা হকদার কিন্তু গ্রামের ছেলেদের বঞ্চিত করে শহরের থেকেএই সব ছেলেদের নিয়ে যাওয়া হয়েছে। রাজনৈতিক দিক থেকে বিচার করে তাদের নেওয়া হয়েছে, এই রকম ব্যক্তি হোম ডিপার্টমেন্টে এসে হাজির হয়েছেন। হোম সেক্রেটারীর কাছাকাছি এখন তিনি আছেন। আরও একটি বিষয়ে নিবেদন করে এখানে আমি শেষ করবো। আজকে কি ধরনের ঘুণ ধরেছে সমস্ত ডিপার্টমেন্টে। শুধু হুগলী জেলার কথা বলতে পারি সারা পশ্চিমবাংলার অবস্থাও ভয়াবহ। বিধানসভা বসবার আগে আমি বিভিন্ন সরকারী অফিসে যাচ্ছি, দশটা থেকে এগারটার মধ্যে শতকরা ১০।১৫ জনও অফিসে হাজির হয় না। এমন কি সেই দপ্তরের ভারপ্রাপ্ত যিনি কর্মচারী তাঁরও একই অবস্থা। এই রকম ঘটনা ঘটতে দেওয়া চলতে পারে না। অন্য কথা বলব না, দুর্নীতি ঘুষ, ইত্যাদি তো আছেই। এই বিষয়ে অনেক আলোচনা এখানে হয়েছে, আমি আর বিশেষ কিছু বলতে চাই না। রাজ্যপালের ভাষণের উপর আর একটি জিনিসের প্রতি আমি সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি সেটা হচ্ছে আজকে গ্রামে স্থানীয় প্রশাসন,স্বায়ত্ব-শাসন পঞ্চায়েত রাজকে ভিত্তি করেই রয়েছে। সেই পঞ্চায়েত ব্যবস্থাকে ১৯৬৭ সাল থেকে একরকম বিকল করে রেখে দেওয়া হয়েছে। এই পঞ্চায়েতী ব্যবস্থা না থাকার জন্য পশ্চিমবাংলার গ্রামের উন্নয়নমূলক কাজগুলি আমলাদের হাতে কানাগলিতে মাথা খুঁড়ে মরছে তার বিস্তারিত বিবরণের মধ্যে যাচ্ছি না। আমি

বলতে চাচ্ছি পঞ্চায়েৎ বিভাগ আইনের আমূল সংস্কার করে সমষ্টি উন্নয়নের সঙ্গে তার সংযোগ করে পঞ্চায়েতী রাজকে সুপ্রতিষ্ঠিত করা দরকার। তা না হলে গ্রামের উন্নয়নের কথা যতই বলি না কেন গত পাঁচ বছরে যা হয়ে আসছে তারাই পুনরাবৃত্তি হবে, গ্রামের মানুষ স্থানীয় উন্নয়ন কাজের সুযোগ পাবেন।

[ 7-00—7-10 p.m. ]

আমার এই প্রসঙ্গে একটা স্কীম আছে সেটা আপনার মাধ্যমে রাখতে চাই। সেটা হচ্ছে আজকে এই প্রশাসনিক অবস্থা যে হারে চলছে তাতে প্রত্যেক জেলায় নির্বাচিত বিধানসভার প্রতিনিধি নিয়ে তদারকি দল করা উচিত। সেই সুযোগ যদি তাঁরা না পায় তাহলে আমাদের সরকার অপ্রিয় হয়ে উঠবে এই কথা বলতে বাধ্য হচ্ছি। পরিশেষে আর একটি কথা বলেই শেষ করছি। সি এম ডি এর দ্বারা বৃহত্তর কলকাতার উন্নতি হোক আমরা চাই। পশ্চিমবাংলায় কলকাতায় ৮০ লক্ষ লোকের বাস, এই বৃহত্তর কলকাতার সঙ্গে সঙ্গে নিবেদন করবো এই সি এম ডি এর মধ্যেও গ্রামাঞ্চলের কিছু কিছু অংশ আছে। আমরা দেখছি যে মিউনিসিপ্যালিটিগুলির মধ্যে দিয়েও লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। যায় কোথায় জানি না। ইতিপূর্বে এ নিয়ে আলোচনা হয়ে গিয়েছে, শুনলাম মিউনিসিপ্যাল কর্মচারীদের বেতন দিতেই বেশীর ভাগ ব্যয় হয়ে যায়। আমার বক্তব্য হচ্ছে গ্রামাঞ্চল যেগুলি সি এম ডি এর মধ্যে আছে সেগুলিও যেন মিউনিসিপ্যালিটির মত টাকা পায় এখানেও যেন এর উন্নতিমূলক কার্যসূচীতে সমানভাবে টাকা পায় এই বক্তব্যের দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীসন্তোষকুমার মণ্ডল**: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে স্বাগত জানিয়ে আমি দু' একটি বক্তব্য রাখবো চাই। তিনি যে সমস্ত সমস্যা ছিল সেই সমস্ত সমস্যার কিছু কিছু সমাধান হয়েছে, সব যে সমাধান হয়নি, সেটা নিজেই স্বীকার করে নিয়েছেন এবং যে সমস্যাগুলি আছে সেই সমস্যাগুলির গুরু দায়িত্ব আমাদের নূতন মন্ত্রিসভার উপর ন্যস্ত করেছেন, তারা যে করবে সেটা তিনি বলেছেন। আমি শুনলাম এখানে শিল্প ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে, বিভিন্ন জায়গায় অনেক উন্নতির কথা বলা হয়েছে। যে সমস্ত জায়গায় আরো বিভিন্ন সমস্যা আছে সেই সমস্যা সমাধানের কথাও বলা হয়েছে কিন্তু সেখানে যে আসল সমস্যা সেই সমস্যাকে বেশীকরে তুলে ধরা হয়নি বলে মনে করছি। সেটা হল বাংলাদেশ কৃষি প্রধান অঞ্চল, সেখানে যদি কৃষকদের উন্নতি না হয় তাহলে আমার মনে হয় সারা বাংলাদেশের উন্নতি হবে না। কারণ অর্থনৈতিক কাঠামোর উপর এই যে কৃষি ব্যবস্থা সেটা অনেকখানি চাপ সৃষ্টি করে। এখানে দেখতে পাচ্ছি যে বাংলার অধিকাংশ কৃষক তারা অত্যন্ত গরীব, অত্যন্ত দুরবস্থার মধ্যে বাস করে। দেখলাম গ্রামে বিদ্যুতের ব্যবস্থা শীঘ্রই চালু করা হবে। কিন্তু গ্রামে যখন যাবো, দেখবো কি, হয়ত একটা গ্রামে দু'শত ঘর আছে তার মধ্যে মাত্র পাঁচটি ঘরে আলো জ্বলছে, বাকীগুলিতে আলো জ্বলছে না। গ্রামে প্রাথমিক স্কুল আছে এবং চার পাঁচটি গ্রাম নিয়ে একটি হাই স্কুল তৈরী করা হয়েছে, সেখানে কি দেখি, স্কুলে ছাত্র নেই। তাদের অভাব অনটন আছে। স্কুলে পাঠাবার মত তাদের অবস্থা নেই, পরন্তু স্কুলের বেতন দেবে তার সঙ্গতি নেই।

যে সমস্ত কৃষক আছে অর্থাৎ যে সমস্ত নিম্ন মধ্যবিত্ত লোক ক্ষেতে খামারে কাজ করে তাদের উন্নতির দিকে আমাদের বর্তমান সরকার বিশেষভাবে দৃষ্টি দেবেন। এখানে দেখা যায় গ্রামে সব রকম ব্যবস্থাই হয়েছে, হেল্‌থ সেণ্টার আছে কিন্তু সেখানে ঔষধ নাই। বোধ হয় তলে তলে পাচার হয়ে যাচ্ছে। ব্লক উন্নয়ন সংস্থা আছে, কিন্তু সেখানে কোন কাজই হচ্ছে না। ব্লকে কোন উন্নয়ন-

মূলক কাজ হচ্ছে না। অথচ সমস্ত কিছুই বর্ত্তমান আছে, এটাই গ্রামে গিয়ে দেখতে পাচ্ছি। এদের কথা কেউ বলে না, গ্রামের অসংখ্য দরিদ্র মানুষ, ভূমিহীন মানুষ যারা, তাদের জন্য চিন্তা করতে হবে। যারা আমাদের খাওয়াচ্ছে পরাচ্ছে, তাদের জন্য কি হল? আজকে শিল্পে উৎপাদন হচ্ছে, বিদ্যুতের আলো জ্বলছে, সমস্ত রকম উন্নতি দেখা গেলেও যারা আমাদের বাঁচিয়ে রাখছে, সেই সমস্ত গ্রামের লোক যদি কোন দিন বিদ্রোহ করে বসে তাহলে আমাদের সমাজ ব্যবস্থা ধ্বসে পড়বে। সেজন্য আমি আবেদন জানাই যে এই যে কৃষককুল ক্ষেত মজুর এদের দিকে দৃষ্টি দেওয়া কর্ত্তব্য। ডেপুটি স্পীকার মহাশয়, একটা জিনিষ—আমার এলাকা ২৪-পরগণার সুন্দরবন অঞ্চল। সেটা অনুন্নত এলাকা হলেও সেটাকে অনুন্নত বলে ঘোষণা করা হয় নি। আমি দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার অন্যান্য উন্নত জেলার সঙ্গে ২৪-পরগণা এবং হাওড়া জেলাকেও উন্নত পর্যায়ে ফেলা হয়েছে। তাই আমি এখানে ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মারফৎ সরকারের কাছে আবেদন জানাই যে ২৪-পরগণার কিছু কিছু গ্রামাঞ্চলকে অনুন্নত বলে ঘোষণা করা হোক।

**শ্রী শামসুল আলম খান:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণকে আমি স্বাগত জানিয়ে আমার বক্তব্য রাখছি। মহামান্য রাজ্যপালের ভাষণে ভীষণ বন্যায় যে দেশ ক্ষতিগ্রস্ত হয়েছে সেটা স্বীকার করে নেওয়া হয়েছে কিন্তু তার নিরসনের জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়নি। মেদিনীপুর জেলার এগরায় উপর্যুপরি বন্যায় অত্যন্ত অনুক্লিষ্ট অবস্থায় পড়েছে, এ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করলেও এই বন্যা উত্তর পরিস্থিতিতেও বন্যা নিরসনের কোন উপায় নির্ধারণ করেন নি। সেখানে মানুষ মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। শ্রমের বিনিময়ে বা অর্থের বিনিময়ে সেখানে খাবার জন্য দুটো গম বা চাল পাচ্ছে না। সেখানে ত্রাণব্যবস্থায় রাস্তার কাজও কিছু হয় নি। এটা অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা যে লোক আজ মরণের পথে চলেছে এগিয়ে। আজকে কাঁথি মহকুমার জন্য এক লক্ষ কুড়ি হাজারের মত টাকা থাকলেও সেখানে গম বা কোন খাদ্য দেওয়া হচ্ছে না এবং টেষ্ট রিলিফের ব্যবস্থাও এখন পর্যন্ত সঠিকভাবে চালু হয় নি। কোন কোন জায়গায় সামান্য চালু হয়েছে।

তারপরের কথা হচ্ছে—আমাদের ওখানে রাস্তাঘাটের অত্যন্ত দুরবস্থা। এত অসুবিধা যে সেখানে কোন জায়গায় কোন গোলমাল হলেও প্রশাসন যন্ত্র ঠিকমত কাজ করতে পারে না।

[ 7-10—7-20 p.m, ]

এগ্রার জনসাধারণ অনেকেই পীচের রাস্তা থেকে ২২।২৫ কিলোমিটার হাটতে হয়। ত্রাণের ব্যবস্থা রয়েছে কিন্তু যে সমস্ত মডিফাইড রেশন বা জিনিস গিয়ে সেখানে পৌছায় এবং সরকার তারজন্য যে ভাড়া দেন তাতে ওখানকার ডিলারদের হয় না। সেইজন্য তারা জনসাধারণের উপর কালোবাজারী ক'রে, লেভি ক'রে এটা আদায় করে এবং জনসাধারণ এগুলি না দিলে এম. আর-এর জিনিস গিয়ে পৌছায়না। অত্যন্ত সুখের খবর যে হলদিয়াতে এমপ্লয়মেণ্ট একচেঞ্জ করা হয়েছে। কিন্তু পল্লীগ্রামের যে সমস্ত ছেলেমেয়েরা রয়েছে তাদের সেখানে যাতায়াতের ব্যবস্থা না থাকার ফলে তারা সেখানকার খবর রাখতে পারে না। সেখানে যাওয়া অত্যন্ত ব্যয়বহুল, কাজেই বেকারদের সেখানে নাম রেজিষ্ট্রী করার ব্যবস্থা হচ্ছে না। সেইজন্য আমি প্রস্তাব করছি কাঁথীতে এমপ্লয়মেণ্ট একচেঞ্জের একটা সাব-অফিস করা হোক। পাড়াগাঁয়ে খবরের কাগজের সুবিধা না থাকার ফলে সব সময় খবররাখবরও পাওয়া যায় না। কাজেই আমি প্রস্তাব করছি বি, ডি, ও-র মাধ্যমে বা যে-সমস্ত জনসংযোগকারী অফিস আছে তাদের মাধ্যমে কোথায় কত বেকার রয়েছে

তার প্রচার হওয়া আবশ্যক। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের অতন্দ্র প্রহরী হিসেবে আখ্যা দিয়েছেন এবং আমরাও অতন্দ্র প্রহরী হিসেবে প্রহর গণনা করছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে সত্যিকারের বেকার সমস্যার সমাধান হবে কিনা সেকথা আমরা আজও পর্যন্ত বুঝতে পারছি না এবং কিভাবে এই বেকার যুবকদের চাকুরী দেওয়া হবে সেটাও বুঝতে পারছি না। আমরা একটা জিনিস উপলব্ধি করছি যে, বিভিন্ন ক্ষেত্রে কোলকাতা বা শহরাঞ্চল থেকে চাকুরীর ফিরিস্তি চলে যাচ্ছে। আমাদের পাড়াগাঁয়ের ছেলেরা কিন্তু চাকুরী পাচ্ছেনা। সেইজন্য আমি বলছি জেলাওয়ারী চাকুরীর এ্যালটমেণ্ট থাকা দরকার। এই চাকুরী মেরিট অনুসারে হবে এবং চাকুরীর যে ভাগ থাকবে সেখানে যদি কেউ কম্পিটিসনে না পারে তাহলে তার হবে না। যাহোক, আমার শেষ বক্তব্য হচ্ছে চাকুরীর ক্ষেত্রে ডিষ্ট্রিক্টওয়াইজ্ কোটা থাকা উচিত।

**শ্রীসুধাংশুশেখর তেওয়ারী :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাচ্ছি। কিন্তু অত্যন্ত বেদনার সঙ্গে জানাচ্ছি যে, রাজ্যপালের ভাষণে বাঁকুড়া জেলার উন্নতির ব্যাপারে কোন স্থান নেই। বাকুড়া জেলা অত্যন্ত অনুন্নত জেলা এবং দুঃখপীড়িত, বন্যাকবলিত জেলা। কাজেই আমি এই জেলার স্বাভাবিক উন্নতির জন্য আপনার মধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ জানাচ্ছি। বাঁকুড়া জেলার সেচ ব্যবস্থা সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে দামোদর নদী থেকে যদি লিফ্‌ট ইরিগেসন করা যায় তাহলে বহু জমিতে সেচের ব্যবস্থা হয়। তাছাড়া জোড়োবাধ যদি কার্যে পরিণত করা যায় তাহলেও সেচের ব্যবস্থা হয়। বাঁকুড়া জেলায় যেমন খরা থাকে তেমনি আবার দামোদর নদীর মাধ্যমে কয়েকটি অঞ্চল জলে প্লাবিত হয়। এক ফোটা জলের জন্য বাঁকুড়া জেলায় হাহাকার ওঠে এবং ট্রাকে করে যেখানে পানীয় জল সরবরাহ করতে হয় সেখানে আবার ওই একই সময় দেখি কয়েকটি অঞ্চল জল প্লাবিত হয়। সেইজন্য বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করবো। বাঁকুড়া জেলা দুর্গাপুরের কাছাকাছি জেলা এবং আমি যে অঞ্চল থেকে দুর্গাপুরের বেকার যুবকদের চাকরীর সুযোগের জন্য চেষ্টা করে থাকি। কিন্তু আমি সব সময় হতাশ হয়ে ফিরে এসেছি। বাঁকুড়া জেলার ছেলেদের চাকরী দুর্গাপুরে হয় না। সেখানে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ রয়েছে দুর্গাপুরে বেকার যুবকদের চাকরীর জন্য, নাম রেজিস্ট্রী করার জন্য এবং গরীব যুবকদের সেখানে নাম রেজিষ্ট্রি করার জন্য হয়রানি হতে হয়, তারজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করবো যাতে দুর্গাপুরের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের একটা শাখা যেন এই বড়জোড়াতে করা হয় এবং বাঁকুড়া জেলার বেকার যুবকদের চাকরী এবং নাম রেজিস্ট্রীকরণের জন্য সুযোগ সুবিধা দেওয়া হয়। আমরা দুর্গাপুর থেকে হিংসার রাজনীতি, খুনোখুনি রাজনীতি মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির গুণ্ডামির রাজনীতি। যে বাঁকুড়া জেলা পূর্বে শান্তিপ্রিয় জেলা ছিল সেই জেলা দুর্গাপুরের কাছ থেকে শিক্ষা লাভ করেছে, তাই আমি আপনার কাছে অনুরোধ করবো এই বাঁকুড়া জেলার সার্বিক উন্নতি জন্য সেচের ব্যবস্থা, বেকারত্ব দুরীকরণের জন্য বাঁকুড়া জেলার এবং উত্তর বাঁকুড়ায় শিল্পের ব্যবস্থা এবং বৃহৎ শিল্পের ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ জানাবো। পশ্চিমবাংলায় স্কুটার কারখানা হবার যে সম্ভাবনা আছে, তা বাঁকুড়া জেলাকে অগ্রাধিকার দিয়ে এবং বড়জোড়া থানাতে যাতে স্কুটার কারখানা স্থাপন করা যায় তার জন্য যথেষ্ট জমি বা র-মেটিরিয়াল্‌স বা রিসোর্সেস আছে সেই সমস্ত দিক দিয়ে যাতে বড়জোড়াকে অগ্রাধিকার দেওয়া হয় তারজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ জানাবো। বাঁকুড়া জেলার উত্তর বাঁকুড়ায় একটা মহাবিদ্যালয় স্থাপনের জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর নিকট অনুরোধ জানাবো। বাঁকুড়া জেলায় রাস্তাঘাট এবং চিকিৎসার জন্য যে সমস্ত

হাসপাতাল আছে, তা অন্যান্য জেলার তুলনায় অতি নগণ্য, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ জানাবো যাতো বাঁকুড়া জেলায় চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা করা হয় এবং রাস্তাঘাট যোগাযোগের জন্য করতে পারা যায়—বিভিন্ন জায়গায় রাস্তাঘাট করার জন্য আপনার নিকট অনুরোধ জানাবো। অবশেষে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীগৌরচন্দ্র লোহার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে সমর্থন জানাচ্ছি। এই ভাষণের মধ্যে যে আশার আলো রয়েছে, এর ভেতরে যে কর্মসূচী রয়েছে, এর যদি যথাযথ রূপায়ণ হয় তাহলে সত্যই সোনার বাংলায় পরিণত হবে। আমি একটা দুস্থ জেলা বাকুড়া জেলার দক্ষিণাংশে এক তপশিলী কেন্দ্র ইন্দপুর থেকে নির্বাচিত হয়ে এসেছি। এই এলাকায় অধিকাংশই তপশীল সম্প্রাদায়ভুক্ত এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত। এদের কোন কর্মসংস্থানের ব্যবস্থা নেই। বছরের মধ্যে প্রায় ছ'মাস বর্ধমান জেলায় গিয়ে কাজ খুজতে হয়, আমি আপনার মাধ্যমে জনোবো যাতে ঐ জেলায় সার্বিক উন্নতি সাধন হয়। এখানে কোন শিল্প নেই, বিদ্যুতের ব্যবস্থা নেই, জলসেচের কোন ব্যবস্থা নেই, ইন্দপুরের এক মাইল দূরের মধ্যে একটা প্রকল্প আছে কংসাবতী প্রকল্প।

[ 7-20—7-30 p.m. ]

কিন্তু দুঃখের বিষয় এই প্রকল্প হতে আমাদের এই ইন্দপুর এলাকা এক ফোঁটাও জল পায় না। ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখার্জি মহাশয় আমাদের এলাকায় গিয়েছিলেন এবং প্রায়ই তিনি সেখানে যেতেন। তিনি গিয়ে ঘোষণা করে এসেছিলেন ঐ এলাকায় ইঁদপুর মেন ক্যানেলের উপর কতকগুলি lift irrigaticn-এর ব্যবস্থা করবেন। কিন্তু আমি রাইটার্স বিল্ডিংসে গিয়ে খবর নিয়ে জানতে পেলাম সে রকম কোন পরিকল্পনা নাই।

তারপর আমাদের ওখানকার মস্তবড় দুঃখ-দুর্দশা হলো রাস্তার। ইঁদপুর হতে মানবাজার রোড অত্যন্ত পুরানো রাস্তা। ইঁদপুর বেলুড় রোড সেটাও খুব পুরানো রাস্তা-১৯৬৯ সালে PWD মাধ্যমে সেই রাস্তাটার সংস্কার করা হবে, পীচ রোড করা হবে বলে শুনেছিলাম। কিন্তু আজ পর্যন্ত এ বিষয় ব্যবস্থাই অবলম্বন করা হয় নাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই যেন এই দুঃস্থ এলাকার যাতায়াতের সুবিধার জন্য এই দুটো পুরানো রাস্তা অবিলম্বে সংস্কার করার ব্যবস্থা হয়।

তারপর আমাদের চিকিৎসার কোন সুব্যবস্থা ওখানে নাই। আমার কেন্দ্রে যে প্রাইমারী হেলথ সেণ্টার আছে, সেখানে দু'জন ডাক্তার আছে সত্য, কিন্তু কোনরকম ঔষধ নাই, কেবলমাত্র অ্যালকালি মিকচার ছাড়া। রোগীদের কাছ থেকে প্রায়ই শুনি চিকিৎসার জন্য বিভিন্ন রকম ওষুধ বাইরে থেকে কিনে আনতে হয়। এই দুঃস্থ এলাকার অধিবাসীদের যদি চিকিৎসার সুবন্দোবস্ত না হয়, তাহলে স্যার, আপনি বুঝতে পারছেন এই অনগ্রসর এলাকা বাঁকুড়া জেলার একটা অবহেলিত এলাকা ইঁদপুর, সেখানকার দরিদ্র অধিবাসীরা কিভাবে বসবাস করতে পারে। দুটো Subsidiary Health সেণ্টার Sanction হয়েছে। একটার নির্মাণ কার্য গত ১৯৭০ সালে শেষ হয়েছে বটে, কিন্তু অদ্যাবধি সেখানে কোন ডাক্তার দেওয়ার ব্যবস্থা হয় নাই। এর কারণ কি? আর একটা Subsidiary হেলথ সেণ্টারের নির্মাণ কার্য এখনো আরম্ভ হয় নাই।

আমরা শুনি পল্লী অঞ্চলে ডাক্তাররা নাকি যেতে চাইছেন না। তাহলে আমি জিজ্ঞাসা করতে চাই এই ডাক্তাররা কেন পল্লীঅঞ্চলে যেতে চাচ্ছেন না? কেন তাদের ডাক্তারী পড়ার Chance দেওয়া হয়েছে? তারা নিশ্চয়ই পল্লীঅঞ্চলের ছেলে নয়, সহরাঞ্চলের ছেলে। তাই আমি দাবী রাখবো পল্লীঅঞ্চলের বেশীর ভাগ ছেলে যাতে MBBS পড়ার সুযোগ পায়, তার ব্যবস্থা যেন সরকার করেন। আমি সময়াভাবে আর বিস্তারিতভাবে কিছু বলতে এখন চাচ্ছি না। শুধু আমি কতকগুলি দাবী সরকারের কাছে রেখে আমার বক্তব্য শেষ করবো।

আমাদের বাঁকুড়া জেলার পশ্চিমাংশের গরীব শিক্ষকরা যাতে সহজে বি. টি পড়বার সুযোগ আয়, তারজন্য ওখানে একটা বি টি কলেজ স্থাপনের দাবী জানাচ্ছি। কংসাবতীর একটা গভীর ক্যানেল—আমাদের ইঁদপুরের মধ্য দিয়ে চলে গেছে। সেখানে যাতে Lift irrigatihn এর ব্যবস্থা হয় তারজন্য সরকারকে আমি অনুরোধ করছি। আর বিদ্যুৎ সরবরাহ যেন অবিলম্বে আমাদের ওখানে যায় সে দাবীও আমি এখানে রাখছি। ওখানে শিল্প প্রতিষ্ঠান খুলে যেন বেকার সমস্যার সমাধান করা হয়। আর TR-এর কাজ যেন ওখানে ছয় মাস হয় তাহলে দরিদ্র মানুষদের ছ'মাসের জন্য বাইবে গিয়ে কাজ করতে হবে না। এজন্য আমি সনির্বন্ধ অনুরোধ মন্ত্রিমহাশয়কে করছি।

তারপর আমাদের ওখানকার একটি দুর্নিতির কথা এখানে উল্লেখ না করে পারছি না। সেটা হলো পুলিসের ঘুষ নিবার দুর্নীতি। পুলিশ একদল ঘুষ খেয়ে অন্য দলের বিরুদ্ধে ১০৭ ধারার মামলা দেয়। আবার বিরোধীপক্ষকে কোর্টে পাঠিয়ে অপর পক্ষের বিরুদ্ধে ১০৭ ধারায় মামলা আনে। পুলিশ দু-পক্ষ থেকেই এই সম্পর্কে ঘুষ আদায় করে। এইভাবে ঘুষ যাতে পুলিশ না আদায় করতে পারে তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাই। সবশেষে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন ও অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীইন্দ্রজিৎ মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন এবং তার প্রতি যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং ধন্যবাদ জানিযে আমি দু-একটি কথা বলছি, মাননীয় রাজ্যপাল শিক্ষাব্যবস্থা সম্বন্ধে অনেক কিছু বলেছেন। কিন্তু আমাদের শিক্ষা ব্যবস্থার যারা ভিত সেই প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে কিছুই বলেন নি। তাই আপনার মাধ্যমে আমি বলতে চাই যে আমাদের যারা প্রাথমিক শিক্ষক আছেন তারা সরকারের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চাইতেও কম মাইনে পান। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে তিনি যেন এই ব্যাপারে একটু দৃষ্টী দেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা কথা আপনার মাধ্যমে আমি বলতে চাই যে, ১৯৫২ সাল থেকে যে নির্বাচন হচ্ছে, এর আগে কখনও আমাদের বাস্তুহারারা আমার মনে হয় কংগ্রেসের প্রতি এত সমর্থন জানাতে আসে নি। এইবার আসার কারণ হচ্ছে আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধী তাদের সম্বন্ধে যে কথা বলেছেন এবং বিশেষ করে আমরা দেখেছি যে আমাদের মহান নেত্রীর যা কথা সেই কাজ এবং তারাও সেই দেখেই কংগ্রেসকে পুরোপুরি সমর্থন করেছে। আমি তাই তাদের প্রতি দৃটি দেবার জন্য আমাদের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেটা এই হাউস থেকে মাত্র ৫.৬ মাইল দূরে অবস্থিত, কিন্তু সেই অঞ্চলে গেলে আপনি বুঝতেই পারবেন না যে আপনি রাজধানীর এত কাছে আছেন, এটা হচ্ছে বেহালা। এই বেহালা বাংলাদেশের মধ্যে সব চেয়ে বড় মিউনিসিপালিটি কিন্তু সবচেয়ে অবহেলিত। বেহালা মিউনিসি-

পানিটির লোক সংখ্যা হচ্ছে ৮ লক্ষ কিন্তু সেখানে একটা হাসপাতালও আজ পর্যন্ত হয়নি। আমাদের যদি কোন রোগী আসে তাহলে তাকে পাঠাতে হয় ভাংগর হাসপাতালে না হয় পি, জি, হাসপাতালে। আর একটা হাসপাতাল তৈরী নিয়ে কথা হচ্ছে কিন্তু তার কাজ এত ধীরভাবে চলেছে যে আমাদের আরও দুটো নির্বাচন করতে হবে ঐ হাসপাতালে রোগী পাঠাতে গেলে। তাই আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব ঐ হাসপাতালটার কাজ তাড়াতাড়ি আরম্ভ করার জন্য। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগনেশ হাটুই:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলব, প্রথমেই আমি দু-একটি কথার উল্লেখ করতে চাই। রাজ্যপালের ভাষণে সেচের ক্ষেত্রে যে গভীর এবং অগভীর নলকূপের মাধ্যমে সবুজ বিপ্লব এর কথা বলা হয়েছে, সেই সব বিপ্লবকে কার্যকরী করতে হলে জল নিকাশের সুষ্ঠু ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। বন্যা প্রতিরোধের জন্য নিম্ন দামোদর পরিকল্পনায় আমাদের থানা এলাকায় যে ভাবে খাল খনন করা হয়েছে তাতে বন্যা প্রতিরোধ করা তো দূরের কথা এই এলাকায় এমন কি আরও কিছু এলাকায় জলপ্লাবন হবে। গত তিন বছর পর পর আমাদের এলাকায় বন্যা হয়েছে, এবং এই বন্যার ফলে চাষীকুলের অবস্থা অত্যন্ত শোচনীয়। এই অবস্থায় তাদের পক্ষে খাজনা দেওয়া সম্ভব নয়। সেইজন্য তাদের যাতে খাজনা মকুব করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গীপাড়া থানা এলাকায় বহু তাঁত শিল্পী আছে এবং সারা পশ্চিমবাংলাতেও আরও অনেক তন্তুবায় শিল্পী আছেন যাদের একমাত্র জীবিকা হোল তাঁত বোনা। এদের মূলধন কিছু নেই জমি জায়গাও কিছু নেই। ধনী জোতদার মুনাফাখোর ব্যবসায়ীরা তাদের শোষণ করে। ঐ সমস্ত ব্যবসায়ীরা এই সমস্ত গরীব মেহনতী মানুষদের সুতা সরবরাহ করে এবং তারাই তাদের সেই বোনা কাপড় কেনে। এবং একটি কাপড়ের জন্য তারা মজুরী পায় মাত্র ৩ টাকা। অথচ সেই কাপড় বুনতে তাদের সময় লাগে সকাল ৬টা থেকে রাত ৮টা। তাই সরকার যদি সরকার থেকে ঋণ দেয় বা সুতা সরবরাহ করে এবং সেখানে কো-অপারেটিভের মাধ্যমে সেই কাপড় কেনার ব্যবস্থা করেন তাহলে ঐ মেহনতী গরীব তন্তুবায় শিল্পীরা ঐ ধনীদের হাত থেকে রেহাই পেতে পারে। আমাদের এলাকায় মৃৎ শিল্পের বিশেষ ব্যবস্থা আছে এই মৃৎ শিল্পের দিকে সরকারের বিশেষ নজর দেওয়া উচিত। আমি আশা করি সরকার এ বিষয়ে বিশেষ নজর দেবেন। রাজ্যপালের ভাষণে মৃৎ শিল্পের কথা বলা হয়েছে। বর্তমানে শিক্ষা ক্ষেত্রে "টিচার ও পিউপিল" যে সম্পর্ক আছে তাতে উদ্বিগ্ন হবার যথেষ্ট কারণ আছে।

[ 7-30—7-40 p.m. ]

আমি আশা করবো এই শিক্ষা ব্যবস্থাকে পুনর্গঠিত করে যাতে শিক্ষা চাকুরীমুখী না হয়ে উৎপাদন মুখী হয়ে উঠে তার জন্য আমাদের সরকার যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করবেন। তা না হলে আমাদের শিক্ষা ব্যবস্থা চরম বিপর্যয়ের মধ্যে এসে দাঁড়াবে। আজকে দেখতে পাওয়া যাচ্ছে প্রাথমিক স্কুলে শিক্ষার কোন উন্নতি নাই। যদি তার মান উন্নত করতে হয় তাহলে আজকে যেখানে ৪০ জন ছাত্রের জন্য একটি করে শিক্ষক আছে সেখানে ২০ জন ছাত্রের জন্য একটি করে শিক্ষক নেওয়ার ব্যবস্থা করতে হবে। তাহলে শিক্ষার মান নিশ্চয়ই উন্নত হবে এবং এতে অনেক বেকার ছেলেদের চাকুরীও হবে এটা আমি আশা করি। আজকে গ্রাম পঞ্চায়েতের অবস্থা অত্যন্ত শোচনীয়। এই সমস্ত গ্রাম পঞ্চায়েত ১০ বছর আগে নির্বাচিত হয়েছে। হয়তো অঞ্চল প্রধান রেজিগনেসন সাবমিট করেছে কিংবা অধ্যক্ষ রেজিগনেসন সাবমিট করেছে—সেখানে

কোনই ব্যবস্থা হয়নি এবং গ্রামের কাজও সুষ্ঠুভাবে করা যাচ্ছে না। আজকে অঞ্চল পঞ্চায়েতে নির্বাচন করা খুবই প্রয়োজন। আজকে অঞ্চল পঞ্চায়েতে কর বাবদ যে টাকা আদায় হয় তাতে গ্রামের উন্নয়ন করা তো দূরের কথা চৌকিদারদের বেতন হয় না। আজকে যদি সরকার এই গ্রাম পঞ্চায়েতের হাতে বেশী টাকা অনুদান দেওয়ার ব্যবস্থা করেন তাহলে গ্রামে উন্নয়নমূলক কাজ করা সম্ভব হবে। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবামদেব সত্য**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাই। কিন্তু একটি বিষয়ে আমি হতাশ হয়েছি যে কথা আমার পূর্ববর্তী বক্তা শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় উল্লেখ করে গেছেন যে সুন্দরবন এলাকার কথা। মাননীয় রাজ্যপালের ভাষণে এই এলাকার কথা বিশেষ উল্লেখ না থাকার জন্য আমার হতাশা বৃদ্ধি করেছে। আজকে সুন্দরবনের লক্ষ লক্ষ মানুষের অভাব অভিযোগের কথা বিশেষভাবে চিন্তা করতে হবে। আজকে সেখানকার মানুষ অত্যন্ত দীনভাবে বসবাস করছে। তাদের পেটে অন্ন নাই। আজকে সুন্দরবনে ধান গত কয়েক বছর দেখা যাচ্ছে যে ঠিকমত উৎপাদন হচ্ছে না। সুন্দরবনের বাঁধ-বাউণ্ডারীগুলি হচ্ছে একমাত্র জীবন, সেই বাঁধ বাউণ্ডারীগুলি সুরক্ষিত নয়। আজকে খাল খনন করার যথেষ্ট প্রয়োজন আছে, স্লুইস গেট করার প্রয়োজন আছে কিন্তু আমরা দেখেছি এই সুন্দরবনে বিপুল সম্ভাবনা রয়েছে। এই সুন্দরবনের বাঁধ-বাউণ্ডারীগুলি যদি মেরামত করা যায়, খাল খনন করার ব্যবস্থা করা যায়, স্লুইস গেট-এর ব্যবস্থা করা যায় তাহলে আমরা দেখবো যে এই সুন্দরবনে আজকে ফলন বাড়বে। তাছাড়া আরো অনেক সম্ভাবনা আছে, লবণ কারখানা করা যায়, শুটকী মাসের কারবার করা যায় এবং Cair Industry-র ব্যবস্থা করা যায়, এ ছাড়া আরো অনেক কিছুর ব্যবস্থা করা যায়। আজকে প্রস্তাব করছি এই সুন্দরবনের কাকদ্বীপে একটা হলদিয়ার পরিপূরক শিল্পায়নে পরিণত করলে সুন্দরবনের মানুষের উন্নতি করা যায়। সুন্দরবনের কাকদ্বীপ এলাকা থেকে আমি নির্বাচিত হয়েছি। আমি দেখতে পাচ্ছি কাকদ্বীপ কেন্দ্র প্রায় ৭০ মাইল লম্বা কিন্তু সেখানে যাতায়াতের কোন ব্যবস্থা নেই, পায়ে হেটে নির্বাচনী প্রচার করতে হয় সুন্দরবনের অর্থনৈতিক উন্নয়ণ করবো এই প্রতিশ্রুতি দিয়ে এসেছি। কিন্তু আমি নির্বাচনের পর কি দেখেছি? নির্বাচনের ফল বেরুতে না বেরুতে, মন্ত্রিসভার শপথ অনুষ্ঠান শেষ হতে না হতে আমি দেখছি ধান চালের দাম বাড়ছে, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বাড়ছে, সারের দাম বাড়ছে, কেরোসিন তেল বাজারে পাওয়া যাচ্ছে না। কংগ্রেসকে আজকে বিপুলভাবে জনগণ আশীর্বাদ করলো। এটাই কি সেই আশীর্বাদের ফলশ্রুতি। তাই আমি আপনার কাছে দাবী করছি সুন্দরবনের লক্ষ লক্ষ মানুষের কথা বিশেষভাবে ভাবতে হবে, এবং তার উন্নয়নের ব্যবস্থা করতে হবে। আজকে কেন্দ্রে যেমন পশ্চিমবঙ্গ বিষয়ক দপ্তর খোলা হয়েছিলো এবং সেই দপ্তরে ভারপ্রাপ্ত মন্ত্রী হয়েছিলেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তেমনি করে পশ্চিমবঙ্গের প্রশাসনে সুন্দবরন বিষয়ক দপ্তর করা যায় এবং তার দায়-দায়িত্বের জন্য একজন মন্ত্রী যদি নিযুক্ত করা যায় তাহলে সুন্দরবনের এই সমস্ত অবহেলিত মানুষের উপকার করা যাবে। সুন্দরবনের ব্যাপক এলাকায় আমরা লক্ষ্য করছি যে যথেষ্ট হাসপাতালের অভাব রয়েছে। সাপের কামড়ে মানুষ আজও মরছে। দেশ আজ ২৫ বছর হল স্বাধীন হয়েছে এখনও কি আমাদের এই সমস্ত কথা শুনতে হবে। এই সমস্ত দরিদ্র, অবহেলিত মানুষের কথা আজ ভাবতে হবে। গ্রাম বাংলার দরিদ্র মানুষ চায় তারা মোটা ভাত, মোটা কাপড়, তারা গাড়ীবাড়ীর খোঁজখবর রাখে না তাদের কথা আজকে ভাবতে হবে। যদি

সুন্দরবন এলাকার একটা দপ্তর খোলা যায় এবং তার উন্নয়নের জন্য যদি আমরা চিন্তা করে তাহলে বাস্তবিক উপকৃত হবে বলে মনে করি, আজকে এই বিধানসভায় যে প্রস্তাব এবং যে বক্তব্য রেখেছি আশাকরি সেই প্রস্তাব ও বক্তব্য কার্যকরী হবে। বিধানসভায় প্রস্তাব এবং বক্তব্য রাখার পর যদি আমরা তার positive উত্তর না পাই, যদি তা বাস্তবে রূপায়িত না হয় তাহলে বিধানসভায় বক্তব্য রাখার সুযোগ পেয়ে আমরা নিজেকে ধন্য মনে করছি তা ব্যার্থতায় পর্যবসতি হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ উৎসাহব্যাঞ্জক এবং আশাব্যাঞ্জক তাতে আমার সন্দেহ নেই। আজকে তাঁর ভাষণকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব এসেছে তা আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীররীন্দ্রনাথ মুর্মু ঃ**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং সমবেত সদস্যবৃন্দ, রাজ পাল যে ভাষণ দিয়েছেন তার মধ্যে দু-একটি কথার অর্থ স্পষ্ট হয়ে উঠে নি। আদিবাসী ও তফসিলী সম্প্রদায়গুলি যে সংরক্ষিত অগ্রাধিকার পেত তা ভাষণে ভালভাবে উল্লেখ করা হয় নি। এজন্য দেখা যাচ্ছে ইতিমধ্যে জমিবণ্টন ব্যবস্থায় যে অধিকার তারা পেয়ে আসছিল, তা আর পাচ্ছে না। সরকার বাস্তজমি কিংবা একটি বাড়ীর জন্য যে পাঁচ কাঠা জায়গা ঘোষণা করেছেন তা তারা পাচ্ছে না ফলে আদিবাসীরা এখনও এদিকে-ওদিকে যাযাবরের মত বাস করছে। এজন্য আমি বলি যে, রাজ্যপালের ভাষণে স্পষ্টতা একেবারে নেই। এসঙ্গে আরো বলি, পূর্বে সাঁওতালদের যে সমস্ত জমি ছিল, জোতদার ও জমিদাররা বে-আইনীভাবে দেনার দায়ে কিংবা খাজনার দায়ে নানারকম ফন্দি করে সেগুলি খাস করে নিয়েছে এবং সাঁওতালদের জমি দখল করেছে। আজ এই সরকার যদি এগুলি সংশোধনের ব্যবস্থা না করেন, একটি তদন্ত কমিটি নিয়োগ না করেন, তাহলে আদিবাসী সম্প্রদায়ের উন্নতি কোনরকমেই আর হতে পারে না। এজন্যই রাজ্যপালের ভাষণে এটা স্পষ্টভাবে বলা উচিত ছিল।

পানীয় জল বহু জায়গায় এখনও সরবরাহ হয় না অর্থাৎ দু-এক মাইল দূরের পুকুর দীঘি থেকে পানীয় জল আনা হয়। বি, ডি, ও-র কাছে দরখাস্ত করেও কোনরূপ ব্যবস্থা হয় না। আদিবাসী কল্যান বিভাগের অফিসাররা এখন পর্যন্ত জেলায় পানীয় জলের জন্য নলকূপ বসান নি। এরকম প্রচুর অসুবিধা আছে। এজন্য সরকারের পক্ষ থেকে এ সমস্ত জায়গায় কোন রকম ব্যবস্থা করা হোক। দ্বিতীয় কথা চাকুরী। চাকুরীর জন্য যে সংরক্ষিত আসনের ব্যবস্থা আছে তা বাড়াতে হবে। এছাড়া কোন প্রার্থী নিয়োগ না করা পর্যন্ত সে জায়গা খালি রাখতে হবে এবং এ সঙ্গে সঙ্গে উপযুক্ত প্রার্থী যে সমস্ত জায়গায় আছে সে সমস্ত জায়গায় জানান হোক, এমন কি ওয়েল-ফেয়ার ডিপার্টমেন্ট থেকে এ সমস্ত স্থানে উপযুক্ত প্রার্থী নিয়োগ করা হোক। এর পর স্টাইপেণ্ড। কোন কোন ট্রাইবাল ওয়েলফেয়ার অফিসারের নিকট দরখাস্ত দিয়েও স্টাইপেণ্ড পাওয়া যায় না। স্কুলে ষ্টাইপেণ্ড খুব কম পরিমাণে দেওয়া হয়। আদিবাসী ছেলেরা যেন এই ষ্টাইপেণ্ড ঠিকমত পায় তার ব্যবস্থা করতে হবে আর না হলে এর ফলে একটা আন্দোলন দেখা দিতে পারে। আমি বলি নকসালরা একটা ভুল পথে ছিল। এই নকশাল আন্দোলন আদিবাসীদের মধ্যে কাজ করেছে। শিক্ষিত সমাজ আজ তা ভুলে গেছে কিন্তু আদিবাসীদের মধ্যে তা গভীরভাবে প্রবেশ করেছে। এটা একটা অভাবনীয় ব্যাপার। আমি বলি যদি এসমস্ত সমস্যা এ সমস্ত অসুবিধা দূর করা না হয়, তাহলে ভুল করা হবে। পরবর্তীকালে এটা ছাত্র সমাজের কাছে চলে যাচ্ছে। আজ যদি এই আদিবাসীদের সমস্যা দূর করা না হয়, তাহলে যুবসমাজ চাকুরী এবং অন্যান্য সমস্যায় পড়ে ভুল পথে এগিয়ে যাবে এবং তারা এক হয়ে এক বড় বিপ্লব ঘটাবে। এজন্য আমি বলি যে, অবিলম্বে এদের সমস্ত অসুবিধা সরকার থেকে দূর করা হোক। আদিবাসী এবং অন্যান্য অ-

আদিবাসীদের জন্যও করা হোক। এই আমার বক্তব্য। অধ্যক্ষ, উপাধ্যক্ষ মহাশয়কে নমস্কার জানিয়ে আজ আমার ভাষণ শেষ করলাম।

**শ্রীশ্যামসুদ্দিন আহমেদ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলছি। স্যার, আমি বিশেষকরে মালদহজেলা সম্বন্ধে আমার বক্তব্য রাখবো। মালদহ জেলায় বিগত বন্যার পর যে অবস্থা চলেছে সেই অবস্থায় যদি আমরা প্রতিকারের চিন্তা না করি অর্থাৎ সমগ্র কৃষকসমাজ, শ্রমিকসমাজ ও অন্যান্য সমাজ এই বন্যার বলি হয়ে যে অবস্থার ভেতরে দিন কাটাচ্ছে তাতে সরকারী সাহায্য যে গিয়েছে তা আমরা অস্বীকার করছি না। কিন্তু বর্তমানে যে অবস্থা চলেছে তাতে যদি কৃষকদের আরো সি, পি, লোন, গ্রুপ লোন, সিড লোন এবং আরো অন্যান্য লোন যা কিছু প্রয়োজন তা যদি না দেওয়া হয় তাহলে সামনে যে দিন আসছে সেদিনগুলি বড় চরম দিন। তাই আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের নিকট আমি আবেদন রাখছি যে মালদহ জেলা সম্বন্ধে এই অবস্থার পরিপ্রেক্ষিতে তারা যেন চিন্তা করে দেখেন। দ্বিতীয় কথা আবহমানকাল থেকে আমরা দেখে আসছি ছোট্ট একটা জিনিষ যেটা আমরা বলে আসছি টি, আর, স্কীম। কিন্তু আমার মনে হয় উপস্থিত সভ্য যাঁরা আছেন তাঁরা সকলেই জানেন, টি, আর স্কীমে যে গম বরাদ্দ হয় সেই গমগুলি যদি রাস্তায় ফেলে দেওয়া হত তাহলে সব রাস্তা হয়ে যেত। টি, আর, স্কীমের উদ্দেশ্য লোককে কাজের মাধ্যমে সাহায্য করা। আমার এই প্রসঙ্গে বক্তব্য হচ্ছে যে যদি এটা ঢেলে সাজানো হয় তাহলে আমরা লোককে কাজও দিতে পারি এবং কিছু কাজও হতে পারে। অর্থাৎ এই পে-মাষ্টার মোহরার এই যে পদ্ধতি এই পদ্ধতির আমুল পরিবর্তন করে যদি যেখানে যে স্কীম সেখানের লোককে লেবার বা কার্যে নিযুক্ত করি . .

[7-50—8-00 p.m. ]

অন্য পদ্ধতি হচ্ছে পে-মাষ্টার, মোহরার ইত্যাদির মধ্যে যে কোন্দল রয়েছে সেটা আমরা সভ্যরা অনেকে জেনেও চুপ করে বসে আছি কেন এটা আমি বুঝতে পারছি না। এই ব্যবস্থার আমূল সংস্কার আইনের মাধ্যমে হোক যেভাবেই হোক যদি না করা যায় তাহলে যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা মানুষের কাজের জন্য খরচ করছি সেই টাকা কোন গর্তে চলে যাবে বুঝতে পারব না। সেজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়কে অনুরোধ করব আবহমানকাল ধরে যে নিয়ম চলে আসছে সেই নিয়মের পরিবর্তন করে একটা উপযোগী ব্যবস্থা গ্রহণ করুন। আজকে আমরা চিৎকার করছি যে আমাদের রাস্তা ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। এজন্য বড় বড় স্কীম হচ্ছে অথচ রাস্তা যে তিমিরে সেই তিমিরে রয়ে গেছে, কিন্তু গমগুলি কোন গর্তে ঢুকে যাচ্ছে তা বুঝতে পারা যাচ্ছে না। সেজন্য আমি প্রস্তাব রাখছি টি, আর, এর যে নিয়ম কানুন আছে সেগুলির আমুল পরিবর্তন করে স্থানীয় লোককে নিযুক্ত করুন এবং সুষ্ঠুভাবে লোকে যাতে কাজ পায় তার ব্যবস্থা করুন। আমার এলাকা ফরাক্কা প্রোজেক্টের নিকটে। আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে সরকারের কাছে জানাতে চাই যে ফারাক্কা লেফট ব্যাংক, হিন্দুস্থান কনষ্ট্রাকসান কোম্পানী এতদিন করছি, কিন্তু সেই কোম্পানীর কাজ শেষ হয়ে যাওয়ার ফলে হাজার হাজার শ্রমিক সমাজকে বেকার হয়ে আছে এবং তারা হ'ল স্থানীয় বেকার। এই বেকারত্বের ফলে চুরি ডাকাতি অনেক বেড়ে গেছে। তাই আমি প্রস্তাব রাখছি সেখানে যদি একটা ইণ্ডাষ্ট্রি বা অন্য কিছু প্রকল্প নওয়া হয় তাহলে ঐ বেকারগুলি কাজ পেতে পারে। আমি আরো প্রস্তাব রাখছি সেখানে যদি একটা ইলেকট্রিক পাওয়ার সাব-সেণ্টার করা হয় তাহলে আমার এলাকা বিশেষ উপকৃত হয়। এই বক্তব্য রেখে মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশীতলচন্দ্র হেমব্রাম**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণকে আমি আন্তরিক অভিনন্দন জানাই। মহামান্য রাজ্যপালের ভাষণে একটা আকর্ষণীয় বাণী দেখা যাচ্ছে সেটা হচ্ছে 'গরীবী হঠাও'। এই গরীবী হঠাও শুনে গ্রাম বাংলার মানুষ, খেটে খাওয়া মানুষ নেচে উঠছে। কিন্তু তাদের সেই আশা এবং বিশ্বাসকে আমাদের সরকার কার্যে রূপায়িত করতে পারবেন কিনা বলতে পারছি না তবে আমি এটুকু বলব যতক্ষণ না সরকারের কর্মধারার রূপ পালটাচ্ছে ততক্ষণ এই গরীবী হঠাও আন্দোলন সফল হবে না। শহরের মানুষ আর গ্রামের মানুষের মধ্যে যে ব্যবধান এই ব্যবধান কিন্তু আকাশ পাতালের ব্যবধান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শহরে শতকরা ৩০ জন মানুষের বাস এবং গ্রাম বাংলায় শতকরা ৭০ জন মানুষের বাস। কিন্তু সেই ৩০ জন মানুষের জন্য উন্নত ধরণের স্কুল কলেজ, উন্নত ধরণের হাসপাতাল, ঘরবাড়ী, খাওয়া দাওয়ার ব্যবস্থা আছে কিন্তু গ্রাম বাংলার মানুষের ক্ষেত্রে ওগুলি সবই বিপরীত, তার ঘরদোর ভাল নয়, ফাটা দেওয়াল, মাটির ঘর, খড়ের চাল, তারা অনাহারে অর্ধাহারে দিন যাপন করছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সরকার যদি মহান নেত্রী ইন্দিরা গান্ধীর গরীবী হটাও বাণী সফল করতে চান, তাহলে আমি বলবো গণতান্ত্রিক প্রগতিশীল সরকারের প্রথম কাজ হবে গ্রামাঞ্চলে এগিয়ে যাওয়া, সেই ৭০ জন মানুষের সামনে দাঁড়িয়ে, তাদের হাতে হাত মিলিয়ে নেওয়া, তাঁদের বিভিন্ন অসুবিধার পর্যবেক্ষণ করা, যথাসাধ্য সমাধানের পথ বেছে নেওয়া। তাই যদি করতে হয় তাহলে আমার আশা ও বিশ্বাস মহান নেত্রী ইন্দিরা গান্ধীর এই মহান বাণী গরীবী হটাও অক্ষরে অক্ষরে পালন করা হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণে আছে, তপশীলী উপজাতীর সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য সরকার সচেষ্ট থাকবেন। তাই আমি সংরক্ষিত আসনের প্রতিনিধি হিসাবে, আপনার মাধ্যমে সরকারের ও তপশীলী উপজাতির ভারপ্রাপ্ত মন্ত্রীর কতকগুলি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ভারত স্বাধীন হবার পর পঁচিশ বছর অতিক্রান্ত হতে চলেছে। আদিবাসীদের অনগ্রসরতার কথা চিন্তা করে জাতীয় সরকার সংবিধানের বিশেষ সুবিধা প্রদানের স্বীকৃতি দিয়েছেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায় আদিবাসীদের যে অনুপাতে উন্নতি হওয়া দরকার, সে অনুপাতে তাদের উন্নতি হয়নি বলে মনে করি।

(১) শিক্ষা ক্ষেত্রে দেখা যায়—১৯৬১ খৃষ্টাব্দের আদম সুমারি অনুসারে মাত্র ৬০·৫৫ শতাংশ আদিবাসী সম্প্রদায় স্বাক্ষর, বাকি ৯৩·৪৫ শতাংশ নিরক্ষর, স্বাক্ষর আদিবাসীদের মধ্যে ৪·৮৫ শতাংশ শিক্ষার স্তর বিহীন পর্যায়ের, ১·৬০ শতাংশ প্রাথমিক শিক্ষা স্তরের এবং ০·১০ শতাংশ উচ্চ শিক্ষাস্তরের। শিক্ষা বিস্তারের উদ্দেশ্য আদিবাসীদের জন্য প্রভূত সরকারী অর্থব্যয় হলেও শিক্ষাক্ষেত্রে পশ্চিম বাংলার আদিবাসীদের সমস্যা এক বিরাট সমস্যা রূপেই প্রতীয়মান হয়।

(ক) তাই আমি মনে করি এদের মধ্যে শিক্ষা প্রসার ত্বরান্বিত করতে হলে আদিবাসী অধ্যুষিত এলাকায় সরকারী অর্থে অবৈতনিক আবাসিক স্কুল ও কলেজ স্থাপন করতে হবে। এই সব প্রতিষ্ঠানে সংখ্যাগরিষ্ঠ আদিবাসীর মাতৃভাষায় শিক্ষা ব্যবস্থা প্রবর্ত্তন করতে হবে।

(খ) যতদিন আদিবাসীর জন্য অবৈতনিক আবাসিক স্কুল কলেজ প্রতিষ্ঠীত না হয় ততদিন ছাত্র-ছাত্রীদের সরকারী সাহায্য প্রদানের কোটা সিষ্টেম সব রকম পূর্বের ন্যায় সমগ্র আদিবাসী ছাত্র-ছাত্রীকে সাহায্য দিতে হবে।

(গ) ছাত্র-ছাত্রীদের স্কুল কলেজে ভর্ত্তির পরই অন্ততঃ একের তিন অংশ সরকারী সাহায্য অগ্রিম দেবার ব্যবস্থা করতে হবে। প্রাথমিক শিক্ষাস্তরে সংখ্যাগরিষ্ঠ আদিবাসীদের ভাষা সাঁওতালী বাংলা হরফে অচিরে চালু করতে হবে। সরকার কর্ত্তৃক খাসজমি আদিবাসীদের মধ্যে বণ্টনের

জন্য অগ্রাধিকার দিতে হবে। আদিবাসী অধ্যুষিত এলাকায় ক্ষুদ্রায়তন সেচ প্রকল্প খালের উপর ছোট ছোট বাঁধ ও অগভীর কূপ নির্মাণ করে সেচের সুব্যবস্থা অচিরে করতে হবে। কৃষি ঋণ দান সহজ কিস্তিতে চালু করতে হবে। স্কুল কলেজ শিক্ষাপ্রাপ্ত আদিবাসী যুবক যুবতীদের সরকারী ও আধা সরকারী প্রতিষ্ঠানে সারক্ষিত পদে উপযুক্ত চাকুরিতে যথাযথ নিয়োগ করার ব্যবস্থা করতে হবে। পশু চাষ, লাক্ষা চাষ ইত্যাদিতে আদিবাসীদের বিশেষ শিক্ষা প্রদান করে তাঁদের জন্য সমবায় প্রথায় ব্যবস্থা গ্রহণ করতে সরকারকে অগ্রণী হওয়া দরকার। উৎপন্ন দ্রব্য সমগ্রীর বিক্রয় কেন্দ্র গড়ে তোলার জন্য সরকারকে সচেষ্ট হতে হবে। আদিবাসী কল্যাণ বিভাগে সর্বস্তরে উপযুক্ত আদিবাসীদেরই নিয়োগের ব্যবস্থা করতে হবে। আদিবাসী ছাত্র-ছাত্রীদের কারিগরী শিক্ষা প্রদান করে যথোপযুক্ত যন্ত্রপাতি তাঁদের সহজ কিস্তিতে সরকারকে সচেষ্ট হতে হবে। সরকারী চাকুরীতে সংরক্ষণের হার পাঁচ পারসেন্ট থেকে সাড়ে সাত পারসেন্ট করতে হবে। সামরিক ও আরক্ষ বাহিনীতে আদিবাসীদের নিয়োগের ব্যাপারে সরকারী নিয়ম কানুন শিথিল করে ব্যাপক হারে তাঁদের নিয়োগ করার জন্য সরকারকে তৎপর হতে হবে। আদিবাসী অধ্যুষিত এলাকায় আদিবাসীদের সুচিকিৎসার জন্য দুতিনটি গ্রাম পিছু প্রাথমিক ও সাবস্বাস্থ্য কেন্দ্র অবশ্যই গড়ে তুলতে হবে। অন্যথায় তাঁদের স্বাস্থ্যরক্ষা আদৌ সম্ভব হবে না বলেই আমার বিশ্বাস। আদিবাসীদের জাতীয় উৎসব বিশেষ করে বাহা উৎসব (সালুই) ও বন্দনায় উৎসব (বাঁধনা) উপলক্ষে সরকারী ছুটির দিন ঘোষণা করতে হবে। মধ্য কলকাতায় আদিবাসীদের জন্য সরকারী অর্থে-সাংস্কৃতিক কেন্দ্র আদিবাসী ভবন অচিরে চালু করার ব্যবস্থা করতে হবে। হাওড়া, হুগলী, ও বর্ধমান জেলায় যে সব আদিবাসী ৩০।৪০ বৎসর ধরে বসবাস করছেন, সে সব জমি তাঁদের নামে রেকর্ডভুক্ত করতে হবে। আমার আশা ও বিশ্বাস সরকার যদি এই সব কাজে সক্রিয় অংশ গ্রহণ করেন তাহলে নিশ্চয়ই আদিবাসী ভাইরা মানুষের মত মানুষ হতে পারে, নতুবা তাঁদের উন্নতি হবে বলে আমি আশা করতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণকে আবার ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ!

[8-00—8-10 p.m.]

**শ্রীরামকৃষ্ণ ধর**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটা বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলা কৃষিপ্রধান স্থান। কিন্তু কৃষির উন্নতি, সমবায় এবং তপশিলী সম্প্রদায়ের উন্নতির সুস্পষ্ট কোন কথা এই ভাষণে নেই। আমি বিষ্ণুপুর পূর্বকেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। এই কেন্দ্র বেহালার South Suburban Municipality-র দক্ষিণে। সেখান থেকে সুরু করে সদর মহকুমার দক্ষিণ কেন্দ্র পর্যন্ত অবস্থিত। এটা কোলকাতার কাছে অবস্থিত অত্যন্ত অনুন্নত, সংরক্ষিত এবং তপশিলী সম্প্রদায় অধুষিত অঞ্চল। যাঁরা ঠাকুরপুকুর পেরিয়ে ডায়মণ্ডহারবার গেছেন তাঁরা জানেন যে এই বিস্তীর্ণ এলাকা জলে ডুবে থাকে। এখানে জল নিষ্কাষণের কোন ব্যাবস্থা নেই। এখানে টালিজ নালা দিয়ে জল বেরুবার একটিমাত্র রাস্তা। এই জল নিষ্কাষণ হয় ২২ মাইল দূরে ডায়মণ্ডহারবার স্লুইস গেটের পথে। এই জল নিষ্কাষণ প্রকল্প মগরাহাট পশ্চিম প্রকল্প নামে অভিহিত। আমরা রাজ্যপালের ভাষণে দেখেছি ২৪-পরগণা জেলায় কয়েকটা জল নিষ্কাষণ প্রকল্পের কাজে হাত দেওয়া হয়েছে—এর মধ্যে মগরাহাট পূর্ব প্রকল্প আছে। কিন্তু মাঝেরহাট পশ্চিম প্রকল্প যার জন্য কেন্দ্র থেকে এক কোটিরও বেশী টাকা অনুমোদন করা আছে তখন এটা কেন গ্রহণ করা হল না তা বুঝতে পারছি না। সামান্য বর্ষায় সমগ্র এলাকাটি জলে প্লাবিত হয়ে

থাকে। এই এলাকায় যে কি ভয়াবহ রূপ হয় তা কেন্দ্রীয় সেচমন্ত্রী ডাঃ কে. এল. রাও দেখে গেছেন এবং বিগত coalition মন্ত্রিসভার সেচমন্ত্রী A. B Ghani Khan Chowdhury-কে ১২ই মে, আমি নিজে সমস্ত এলাকা দেখিয়েছি এবং তিনি আশ্বাস দিয়েছিলেন এই কাজ November মাসে সুরু হবে। কিন্তু এই কাজ কেন আজ পর্যন্ত গ্রহণ করা হয় নি বা কবে হবে তা জানি না। সেজন্য বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, যেন অবিলম্বে এই মগরাহাট পশ্চিম প্রকল্পের কাজ যা কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত তা যেন গ্রহণ করা হয়। কারণ কোলকাতার কাছে থাকা সত্ত্বেও এই এলাকা বর্ষার সময় জলমগ্ন হয়ে থাকে। এই এলাকায় তপশীলী সম্প্রদায় যারা বাস করে তারা যাতে শান্তি-শৃঙ্খলার সঙ্গে ভালভাবে চাষবাস করতে পারে তার ব্যাবস্থা যাতে অবিলম্বে গ্রহণ করে সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যপালের ভাষণে আইন শৃঙ্খলা উন্নতির কথা বলা হয়েছে। আমি এই প্রসঙ্গে একটিমাত্র দৃষ্টান্ত দিয়ে আইন শৃঙ্খলা যাদের হাতে আছে সেই পুলিশ বিভাগের অবহেলা কতখানি তার উল্লেখ করছি। বিগত coalition সরকারের সময় আমি ঐ কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছিলাম। আমি যখন পশ্চিম পুঁটিয়ারী থেকে কোলকাতায় আসছিলাম তখন আমার সঙ্গে দেহরক্ষী পুলিশ ছিল। আমি সে সময় বেলা দশটা সাড়ে দশটার সময়ে কয়েকজন আততায়ীর দ্বারা আক্রান্ত হই। যে সমস্ত যুবকেরা আমাকে আক্রমণ করেছিল তারা পুলিশের কাছে রিভলভার ছিনিয়ে নিয়েছিল এবং গুরুতররূপে তাকে আহত করেছিল। আমি টালিগঞ্জ ফাঁড়িতে পালিয়ে আশ্রয় নিয়েছিলাম। আমি থানায় বলি যারা আমাকে আক্রমণ করেছিল তাদের পরিচয় আমি জানি না, কিন্তু তাদের দেখলে আমি সনাক্ত করতে পারি। আজ নয় মাস হল জানি না তাদের কেউ গ্রেপ্তার হয়েছে কি না। অথবা আমাকে দেখিয়ে সনাক্তকরণের কোন ব্যবস্থা হয় নি। সেজন্য বলতে চাই এই পুলিশের যারা কর্মকর্তা তাদের অবহেলায় এই শান্তি-শৃঙ্খলা যে কোন সময়ে বিঘ্নিত হতে পারে। সুতরাং তাদের দ্বারা যাতে শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত না হয় সেদিকে দৃষ্টি রাখা উচিৎ। পরিশেষে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমি শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীফণীভূষণ সিংবাবুঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত ২৪শে মাচ ১৯৭২ তারিখের রাজ্যপালের ভাষণকে স্বাগত ও সমর্থন জানিয়ে আপনাদের মাধ্যমে কয়েকটা প্রস্তাব মন্ত্রিসভার কাছে রাখছি। আমাদের বাঁকুড়া জেলা পিছিয়ে থাকায় এই জেলার উন্নতিকল্পে আমরা কয়েকটা দাবী আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। আমরা ৮ই নভেম্বর রাজ্যপালের কাছে বাঁকুড়া জেলাবাসীদের পক্ষ থেকে একটা লিখিতভাবে দাবী পত্র দিই। কিন্তু দুঃখের বিষয় বাঁকুড়া জেলায় আজ পর্যন্ত কোন শিল্প স্থাপন বা সামান্যতম কোন উন্নয়নমূলক কাজ আরম্ভ করা হয় নি। সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ যে অনতিবিলম্বে এই জেলায় শিল্প স্থাপনের ব্যবস্থা করে বেকার সমস্যা দূরীকরণ করুন। স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন যে বাঁকুড়া জেলায় চিকিৎসার অভাবে বহু গ্রামের বহু মানুষ অকালে মারা যাচ্ছে। কিন্তু সেখানে ১৯৬৬ সাল থেকে একটি হাসপাতাল স্থাপন করেও সেখানে কোন ডাক্তার বা ওষুধপত্রের ব্যবস্থা নেই। গ্রামবাংলার মানুষ যাতে সুচিকিৎসা পায় তার ব্যবস্থা করুন। আরও জানাই যে বাঁকুড়া জেলায় কৃষকসম্প্রদায় তারা সুখে শান্তিতে থাকতে চায় এবং তাদের একমাত্র দাবী হচ্ছে যে দুবেলা দুমুঠো অন্ন এবং একটু নুন।

[ 8-10—8-20 p.m. ]

আমাদের বাঁকুড়া জেলার উত্তর অংশে দামোদর প্রকল্প আছে। দক্ষিণ অংশে কংশাবতী প্রকল্প

আছে কিন্তু বহু জায়গায় চ্যানেলের ব্যবস্থা নাই। জলসেচের জন্য চাষীদেয় বহু কষ্ট ভোগ করতে হয় এবং মন্ত্রিমহাশয়ের কাছে আমি অনুরোধ করবো আগামী বর্ষার আগে অর্থাৎ মরশুমের পূর্বে যেখানে জলসেচের ব্যবস্থা আদৌ-গড়ে উঠতে পারেনি তার ব্যবস্থা যেন মন্ত্রিমহাশয় করেন। আর একটি প্রস্তাব আমি এখানে রাখছি মন্ত্রিমহাশয়ের কাছে যে আমাদের জেলা বৈদ্যুতিকরণের ব্যাপারে সব জেলা অপেক্ষা পিছিয়ে আছে এবং যারজন্য বিভিন্ন শিল্প স্থাপন কৃষি উন্নতি এবং সেচের উন্নতির কাজ ব্যহত হচ্ছে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো অনতিবিলম্বে বৈদ্যুতিকরণের ব্যবস্থা বাকুড়া জেলায় করে কি কৃষি ক্ষেত্রে, কি চিকিৎসা ক্ষেত্রে, কি শিল্প স্থাপনের ক্ষেত্রে, যাতে উন্নতি করা যায় তার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমি অনুরোধ রাখছি। বাকুড়া জেলাবাসী বিভিন্ন দিক থেকে দীর্ঘ ২৫ বছর ধরে অবহেলিত বিশেষ করে কৃষক সমাজ সারাদিন পরিশ্রম করে মাথার ঘাম পায়ে ফেলেও কৃষকরা তাদের উৎপন্ন ফসল ঠিকমত ফলালেও বাজারে তারা ন্যায্য দর পান না। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো যে বাকুড়া জেলায় ক্ষেতমজুর, খেটে খাওয়া মানুষ শতকরা ৭০ ভাগ। বছরে তারা তিন মাস কাজ পান বাকী সময় তাদের অনাহারে অর্ধাহারে দিন কাটাতে হয়। আর একটি কথা বলতে পারি এ বৎসর অতি বৃষ্টির ফলে বহু লোক গৃহহীন হয়ে গেছে বহু স্কুল-বাড়ী ঘর ধ্বসে পড়েছে। সেইসব স্কুলের ছাত্রদের গাছের তলায় বসে পড়াশুনা করতে হচ্ছে। আর যারা গৃহহীন হয়েছে তাদের রৌদ্র মাথায় করে বাস করতে হচ্ছে। এইসব গৃহহীনদের গৃহগুলি মেরামত করবার জন্য এবং স্কুলবাড়ীগুলি মেরামত করবার জন্য মন্ত্রিমহাশয় যেন বিশেষ দৃষ্টি দেন। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহরিসাধন দলুই :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণকে আমি সম্পূর্ণ সমর্থন করে আমি আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। কিন্তু আমি আমার অঞ্চলের কয়েকটা সমস্যা সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাই। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি সেটা বন্যা বিধ্বস্ত তফসীলি অঞ্চল। আমার নির্বাচনের কেন্দ্র হচ্ছে ঘাঁটাল। দীর্ঘ কুড়ি বৎসর পরে এই কেন্দ্র থেকে কংগ্রেস মনোনীত প্রার্থী নির্বাচিত হয়েছে তারজন্য আমি গৌরবান্বিত বোধ করছি। এখানকার সবচেয়ে বড় সমস্যা হল শিলাবতী নদী, কেঠো নদী, এবং কংসাবতী নদীর বন্যায় দীর্ঘ দশ বৎসর ধরে বিধবস্ত হচ্ছে এবং ক্ষতিগ্রস্থ হচ্ছে। বন্যা প্রতিরোধের বিষয় মাননীয় রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেছেন কিন্তু ঘাটালের শীলাবতী, কেঠো এবং কংসাবতীর বন্যা কি করে প্রতিরোধ করা যায় সে সম্বন্ধে কিছুই বলেন নি। এখানে যদি যাওয়া যায় তাহলে দেখতে পাওয়া যাবে যে, যেখানে বাঁধ ভেঙ্গে গেছে সেখানে শুধু বালির পাহাড় রাজপুতনার মরুভূমির মত ধু-ধু করছে। তারপর সেখানে পানীয় জলের কোন ব্যবস্থা নাই চাষবাস কিছুই হচ্ছে না।

কারণ বালীতে সমস্ত জমি একেবারে মজে গেছে। এই জমিগুলি উদ্ধার করে সংস্কার করা না হলে কোনমতেই কাজ করা যাবে না। এইদিকে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই অঞ্চলগুলিতে বালি সরিয়ে ভূমি সংস্কার করা ব্যবস্থা করেন। এই অঞ্চলগুলি হচ্ছে খাসবাড়, ইরপালা, সুলতানপু এবং শ্রীরামপুর কুবিবাট। এই কয়েকটি অঞ্চলের ঘর বাড়ীর অস্তিত্ব প্রায় নেই, মানুষও প্রায় নিরন্ন, পরিশ্রম করার মত কাজও সেখানে কিছু নেই। তাই ঐ অঞ্চলে ব্যাপকভাবে টেষ্ট রিলিফের কাজ এবং আরো বাঁধ বাঁধার কাজ দেওয়া দরকার। এই বাঁধ বাঁধার কাজের জন্য বারবার বি, ডি, ও, মহাশয়কে বলা হয়েছে, তিনি বলেছেন বিভাগের কাছ থেকে

কোন টাকা আসে না। এই সম্বন্ধে আমি ত্রাণ মন্ত্রিমহাশয়ের কাছে গিয়েছিলাম,তিনি বলেছিলেন টাকা পাঠিয়েছি, আপনারা অনুসন্ধান করুন, অনুসন্ধান করলে আপনাদের কাজের সুরাহা হবে। দ্বিতীয়তঃ আপনার মাধ্যমে জানাচ্ছি যে ঘাঁটালের এই ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলির জন্য বিগত দশ কুড়ি বছর ধরে কংগ্রেসের প্রতিনিধি না থাকায় কোন কাজ হয় নি। ঘাঁটাল থেকে যে সমস্ত প্রতিনিধি এসেছেন তাঁরা ঘাঁটাল-এর জন্য কোন কাজ করেন নি। তাই আমি আজকে ঐ অঞ্চল সম্বন্ধে বলতে পারায় এবং প্রতিনিধিত্ব করতে পারায় নিজেকে ধন্য মনে করছি। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করবার জন্য অনুরোধ করছি। ওখানে প্রাইমারী স্কুল যেটা বিদ্যাসাগরের মহাশয়ের থানা এই ঘাঁটাল এবং বেশীরভাগই এখানে তপশীল জাতির বাস, এই বৎসর যেসব স্কুল এ্যালট করা হয়েছে, মেদিনীপুর ডিসট্রিক্টে মাত্র ৮৫টি, অন্য জেলার তুলনায় কম, কিন্তু এই ঘাঁটালের ভাগে একটা স্কুলও পড়ে নি? সেইজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করব যে আগামী এ্যালটমেণ্টে যেন এই তপশীলী এলাকার জন্য বেশী করে স্কুল দেওয়া হয়। আর মাধ্যমিক স্কুলগুলি যেগুলি ১৯৬৬ সালা থেকে মঞ্জুরী পেয়েছে সেগুলিতে নর্মাল ভেকেন্সীতে নয়টি মাত্র টিচার দেয় কিন্তু এখন সেখানে বেকার সমস্যার সমাধানের জন্য এমন কতকগুলি সমস্যা উঠেছে যে সেই স্কুলগুলির কর্তৃপক্ষকে প্রায় ডোনেসন দিয়ে অনেক শিক্ষক নিয়োগ করে রাখতে হয়েছে। সেখানে যে কতকগুলি পোষ্ট আছে সে সম্বন্ধে কারো ধারণা নেই কিন্তু ডোনেসন দিয়ে সেখানে এই সব পোষ্ট দেওয়া হচ্ছে কিন্তু এই পোষ্টগুলি যখন মঞ্জুরীর জন্য যায় তখন তা দেওয়া হয় না। সেজন্য আমি বলছি যে নর্মালভাবে যে পোষ্টগুলি আছে সেগুলি ঠিকমত রেখে এবং সেগুলিকে যদি Defecit (ঘাটতি ব্যয়-পূরণ) স্কুলের আওতার মধ্যে আনা যায় তাহলে স্কুলগুলির অনেক সমস্যার সমাধান হয়ে যাবে। আর রাস্তাঘাট, ঘাঁটাল অঞ্চলে প্রায় পাকা রাস্তা নেই, একটি রাস্তা যেটা ঘাঁটাল-মেদিনীপুর, চন্দ্রকোণা রোড, আর একটা পাঁশকুড়া রাস্তা আছে। অনেক বার পাকা রাস্তার জন্য সরকারের কাছে আবেদন নিবেদন করা হয়েছে কিন্তু তার কোন সাড়া পাওয়া যাচ্ছে না। আমি সেইদিকে আপনার মাধ্যমে অনুরোধ রাখছি যে তিনি ওখানে যেন বেশ কিছু পাকা রাস্তার তৈরী করার ব্যবস্থা করেন। পরিশেষে রাজ্যপালের ভাষণকে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীতারাপদ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত এবং সমর্থন জানাচ্ছি। সেই সঙ্গে আমি আপনার মাধ্যমে কয়েকটি প্রস্তাব পরবর্তীকালে রাজ্যপালের ভাষণে যাতে স্থান পায় সেই অনুরোধ রাখছি। প্রথমে গ্রামাঞ্চলে যে কৃষি মজুররা আছে তাদের সরকারী সাহায্যে গৃহ নির্মাণের ব্যবস্থা করা। এর কারণ আমি মনে করি এবং আপনার মাধমে এটা জানাচ্ছি যে গ্রামে কৃষি মজুররা অত্যন্ত দরিদ্র এবং তাদের মাসে ৫-২০ দিন কাজ মেলে। তাতে করে তাদের যে আর্থিক অবস্থা তাতে তাদের প্রায় অর্ধাহারে দিন কাটাচ্ছে। এই অবস্থায় তাদের ঘর করার কোন সংগতি থাকে না এবং অধিকাংশ লোকেই গৃহহীন অবস্থায় থাকে। সেজন্য আমি মনে করি সরকার থেকে যদি তাদের সাহায্যের ব্যবস্থা থাকে তাহলে অনেক ভাল হবে। সেজন্য আপনার মাধ্যমে পরবর্তী কালে রাজ্যপালের ভাষণের মধ্যে যাতে এই বিষয়টা স্থান পায় সেই অনুরোধ রাখছি।

[ 8-20—8-30 p.m. ]

আমার দ্বিতীয় কথা কথা হল—গ্রামে এবং সহরে প্রাইমারী স্কুল আছে। কিন্তু সেই স্কুলগুলির

ঘর নাই এবং যে ঘর আছে সেই ঘরও ভাল নয়। সেজন্য আমি অনুরোধ রাখছি যদি সরকারী সাহায্যে কিংবা সরকার জনসাধারণের নিকট থেকে সাহায্য গ্রহণ করে একই ধরণের সমস্ত স্কুলগুলি করতে পারেন তো ভাল হয়। কেননা অনেক স্কুলে দেখা গিয়েছে সেখানে ঘর একটু ভাল, কোনটির আবার ঘর নাই, একেবারে চালা। শিক্ষা সংস্কারের ব্যাপারে প্রাইমারী স্কুলে সরকার যদি একই ধরণের বিল্ডিং করেন এবং সেইভাবে ব্যবস্থা নেন, তাহলে আমার মনে হয় ভাল হবে।

আর একটা কথা সহরে যে সমস্ত প্রাইমারী স্কুল আছে, সেগুলি সরকার এখনও গ্রহণ করেনি, সেগুলি অবিলম্বে সরকার গ্রহণ করলে ভাল হয়। কারণ এই স্কুলগুলিতে যে কমিটি আছে, তাতে দেখা গিয়েছে, কমিটি টাকা পয়সা সরকার থেকে নেয়, নিয়ে টিচার নিয়োগ করে এবং সেই টাকার মাধ্যমে টিচার কেনাবেচা চলে। সেজন্য সরকার এখনি হস্তক্ষেপ করে সেই স্কুলগুলি নিয়ে নিন, আর তা নইলে সেই কমিটিগুলিকে বাতিল করে দিন।

ভূমি সংস্কার-এর কথা বলা হয়েছে, আমি এই ভূমি সংস্কারকে স্বাগত জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি একটা কথা বলছি—গ্রামের দিকে দেখতে পাচ্ছি যার শক্তি বেশী সেই জমি দখল করে নিচ্ছে। সরকার থেকে যদি জমির সীমানা নির্দিষ্ট করে দেন, সেই রকম ব্যবস্থা করেন তো ভাল হবে বলে আমি মনে করি।

পরিশেষে আমি রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে আন্তরিক সমর্থন ও ধন্যবাদ জানাচ্ছি। এই ভাষণে আমাদের পশ্চিমবাংলায় যে সমস্যাগুলি আছে সেগুলির উপলব্ধির একটা প্রয়াস পাওয়া হয়েছে এবং সেই সমস্যাগুলি কিভাবে সমাধান করা যায় তার জন্য দরদ দিয়ে একটা চেষ্টাও তার মধ্যে সংস্থান পেয়েছে। এ'জন্য আমি রাজ্য-পালের ভাষণকে সমর্থন জানাই। এখানে সব চেয়ে বড় কথা এই যে পশ্চিমবাংলার বেকার সমস্যার কথা এতে বলা হয়েছে ও বেকার সমস্যা সমাধান সম্বন্ধেও অনেক কিছু বলা হয়েছে। কিন্তু কিসের কারণে পশ্চিমবাংলায় এই বেকার সমস্যা এই সম্বন্ধে আমার মনে হয় বিশেষ বিশ্লেষণ হয় নি। এই সম্বন্ধে বিশ্লেষণ করতে গেলে অনেক সময় যাবে। যে তিনটি কথা বিশেষভাবে বলা দরকার সেই তিনটি কথা আমি বলতে চাই এবং সেটা হচ্ছে পশ্চিমবাংলা একটি ছোট প্রদেশ এবং এখানকার যে জনসংখ্যা অর্থাৎ যাকে বলে ডেনসিটি অব পপুলেসন সেটা অত্যন্ত বেশী। এখানকার মানুষ বেশীর ভাগ শিল্প ও ব্যবসার চেয়ে চাকুরীর উপর নির্ভর করে। আমরা আগে দেখেছি আমাদের এই পশ্চিমবাংলার শিক্ষিত মানুষ ভারতবর্ষের সমস্ত জায়গায় চাকুরী পেত। কিন্তু আজকে দুঃখের কথা পশ্চিমবাংলার মানুষকে পশ্চিমবাংলার বাইরে বিহার, উড়িষ্যা এবং মধ্যপ্রদেশে যোগ্যতা থাকলেও চাকুরীর সুযোগ দেওয়া হচ্ছে না। এঁদের নকশালপন্থী বলে বিদায় করা হচ্ছে এবং যারা চাকুরী করছে তাদেরও বাধ্য করা হচ্ছে চাকুরী ছেড়ে দিতে। এটা অত্যন্ত দুঃখের কথা। আমি আশা করি আমাদের মন্ত্রিমণ্ডলী অন্যান্য রাজ্যে যেখানে কংগ্রেসী শাসন রয়েছে—আজকে বেশীরভাগ জায়গাতেই কংগ্রেসী শাসন রয়েছে সেখানে যাতে আমাদের ছেলেরা চাকুরী পান, যাঁরা উপযুক্ত হবেন তাঁরা যাতে চাকুরী পান তার ব্যবস্থা করবেন এবং এই ব্যবস্থা যদি হয় তাহলে এর একটা সমাধান হতে পারে। আমার দ্বিতীয় কথা হচ্ছে বৃটিশ যুগে আমাদের দেশে যে সমস্ত কলকারখানা স্থাপিত হয়েছিল তাতে আমরা দেখেছি বৃটিশরা আমাদের দেশের মানুষকে পছন্দ করতেন না, তাঁরা বাইরে থেকে মজুর নিয়ে আসতেন।

আমি খড়্গপুরে দেখেছি ম্যাডরাসি কমিউনিটির লোকেরা কারখানায় বংশ পরম্পরায় কাজ করে যাচ্ছে। অথচ আমাদের ওই এলাকায় বহু আদিবাসী রয়েছে যারা কাজকর্মের দিক থেকে অনুন্নত নয়, কায়িক শ্রমের দিক থেকেও পিছিয়ে নেই কিন্তু তাদের কোন সুযোগ দেওয়া হচ্ছেনা। এর ফলে গ্রামাঞ্চলে বেকার সমস্যা অত্যন্ত প্রকট হয়ে উঠেছে। তারপর পশ্চিমবাংলায় দেখছি মনোপলিস্ট ইনডাসট্রি রয়েছে এবং বেশীরভাগ ক্ষেত্রে দেখছি তারা এই দেশীয় নয়। ছোট ছোট কল কারখানাগুলোকে যে সুযোগ দেওয়া হয় সেটা আমাদের দেশের মানুষের চেয়ে বাইরের মানুষ তারাই বেশী পায়। যেমন, বিড়লার হিন্দ মোটর কারখানা। এনসিলিয়ারী ইনডাষ্ট্রি অর্থাৎ ছোট ছোট কারখানা থেকে যে সমস্ত মাল নেওয়া হয় সেখানে বেশীরভাগ ক্ষেত্রেই দেখেছি আমাদের দেশের যে সমস্ত ছোট ছোট কলকালখানা আছে তাদের অর্ডার না দিয়ে যারা বাইরের লোক তাদের সেই সুযোগ দেওয়া হচ্ছে। আর একটা জিনিস দেখছি চাকুরীর ক্ষেত্র সংকুচিত হবার ফলে কিছু কিছু মানুষ ব্যবসা বাণিজ্য করতে চায়। কিন্তু অন্যান্য প্রভিন্স-এর মানুষ এই পশ্চিমবাংলায় কাজকর্মের ব্যাপারে মনোপলি করে রাখার ফলে সেই সমস্ত জায়গায় আমাদের লোকদের এনকারেজ করা হচ্ছে না, তাদের দাবিয়ে রাখার চেষ্টা করা হচ্ছে। এই অবস্থা যদি দূর করা না যায় তাহলে বেকার সমস্যা প্রকট হবে। আমি যে জায়গা থেকে এসেছি সেটা পশ্চিম বাংলার সবচেয়ে অনগ্রসর এলাকা। সেখানে দারিদ্র্য আছে, অভাব-অনটন আছে এবং সেচ ব্যবস্থাও নাই। এই সমস্ত এলাকার দিকে আমাদের বিশেষভাবে নজর নিতে হবে। এই নজর যদি আমরা না দেই তাহলে যেভাবে নকশাল মুভমেণ্ট দেখা দিয়েছিল বা এখানকার কিছুটা অংশ উড়িষ্যা প্রভিন্সে যাবার চেষ্টা হয়েছিল বা পরবর্তীকালে যে ঝাড়খণ্ড মুভমেণ্ট হয়েছিল সেই রকম একটা বড় রকমের আন্দোলন নিকট ভবিষ্যতে হতে পারে। আমি মনে করি এই জিনিস হতে দেওয়া উচিৎ নয়। সময়ের অল্পতার জন্যে অন্য ব্যাপারে কিছু বলা গেল না। যাইহোক আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[ 8-30—8-40 p.m. ]

**শ্রীহেমন্ত দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-সূচক প্রস্তাব উপস্থাপিত হয়েছে, তাকে সমর্থন জানিয়ে আমি আরও দু'একটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল সমস্যা কণ্টকিত পশ্চিমবঙ্গের বিভিন্ন সমস্যার সুষ্ঠু সমাধানের জন্য ব্যাপক কথাই বলেছে। কিন্তু আমি যে অঞ্চল থেকে আসছি, পশ্চিমবঙ্গের সুদূর প্রত্যন্ত প্রদেশ দীঘা রামনগর থেকে। এই রামনগরে সমুদ্রের তীরে লবণ উৎপাদনের যে বিরাট সম্ভাবনা রয়েছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। তিনি পশ্চিমবঙ্গের অর্থনৈতিক উন্নতি করবার জন্য, বিভিন্ন শিল্পের উন্নতির জন্য বিভিন্ন পন্থা বার করেছেন। এইকথা সত্য কিন্তু লবণ শিল্প যে একটা বিরাট শিল্প এবং পশ্চিমবঙ্গের সমুদ্রতীরে এই লবণ উৎপাদনের যে বিরাট সম্ভাবনা রয়েছে সেই সম্ভাবনার কথা ঘুর্ণাক্ষরে উল্লেখ করেন নি। এটা অত্যন্ত দুঃখের বিষয় বলতে হবে। এই লবণ উৎপাদনকে কেন্দ্র করে কংগ্রেসের সত্যাগ্রহ আন্দোলন হয়েছিল। সেটা হয়েছিল কাঁথি মহকুমার রামনগর থানার পিছাবনীর উপর। সেখানে আমাদের প্রাচীন প্রবীন কর্মী ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ, সুরেশ চন্দ্র মুখার্জী এবং আরও অনেকে সেখানে গিয়েছিলেন এবং সেই লবণ সত্যাগ্রহকে সাকসেসফুল করার জন্য চেষ্টা করেছিলেন। এখনও সেখানে ছেলেরা ছড়া কাটে "ঝাড়েশ্বরে ধান পুড়ে যায়"...।

আমি এই কথা বলছি এইজন্য যে লবণ, যেটা আমাদের অত্যন্ত দরকারী জিনিস, যেটা মাদ্রাজ থেকে আমদানী করতে হয়, তার একটা বিরাট সম্ভাবনা রয়েছে এখানে, একে তুলে ধরা উচিৎ। কাঁথি তথা রামনগরে যে বিস্তৃত লবণ ক্ষেত্র আছে, সেখানে প্রায় সাড়ে সাত হাজার একর জমি আছে। এই লবণ ক্ষেত্রে গ্রেট বেঙ্গল সল্ট ফ্যাক্টরী এবং বেঙ্গল সল্ট ফ্যাক্টরী, এই দুটো সল্ট কোম্পানী কাজ করছে। এই দুটোয় মিলে দু হাজার একর জমি লবণ উৎপাদন কাজে লেগেছে। বেঙ্গল সল্ট ফ্যাক্টরী, এটাকে উদ্বোধন করবার জন্য আমাদের আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় প্রথমে গিয়েছিলেন, তিনি তো এই শিল্পের পথিকৃৎ ছিলেন। তিনি এই রামনগরে—তখন পাকা রাস্তা ছিল না—তাঁর পায়ের ধুলো সেখানে পড়েছিল। আজকে সেখানে সেই বিস্তৃত ক্ষেত্রকে যদিলবণ উৎপাদনের কাজে লাগানো যায় তাহলে সেখানে আমাদের জাতীয় সম্পদ লবণ বাড়বে, আমরা যেটা অন্য জায়গা থেকে আমদানি করছি, সেটা আমরা পাবো, অধিকন্তু এই বিস্তৃতক্ষেত্র যখন কার্যে রূপায়িত হবে, তখন অনেক বেকার যুবকের কর্মসংস্থান হবে, এটা জোর গলায় বলা যেতে পারে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে, এই সমস্যা তুলে ধরেছি। কারণ এটা দীর্ঘদিন কেন উপেক্ষিত হয়ে আছে, কেন এটা কাজে লাগানো হচ্ছে না—এটা সত্যই আশ্চর্য্যের ব্যাপার বলে বলতে হবে। আর একটা বিষয় বলতে চাই সেটা হচ্ছে—আমি কালকে Radio-তে শুনলাম, আকাশবানী থেকে প্রচার করা হয়েছে, রাজ্যপালের ভাষণের উপর যেসমস্ত মন্তব্য করা হয়েছে, তাতে নিজ নিজ এলাকার কথা বলা হয়েছে, আমিও নিজ এলাকার কথা যদিও বলছি, কিন্তু এর নিচে একটা সার্বিক পটভূমি আছে। দীঘা—যেটা পর্য্যটন কেন্দ্র হিসাবে তুলে ধরা হয়েছে, সেই দীঘার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে বিন্দুমাত্র উল্লেখ নেই। আমাদের পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গের রূপকার, ডাঃ রায় তিনি কল্যাণী এবং দীঘাকে তাঁর আনন্দদুলালী হিসাবে মনে করতেন। এবং কল্যাণীকে যেভাবে গড়ে তোলা হয়েছে, দীঘাকে সেইভাবে পর্য্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলবার চেষ্টা করেছিলেন, আমি শুনেছি তাঁর মৃত্যুর কিছুক্ষণ পূর্বেও তিনি দীঘার ম্যাপের উপর কলম চালিয়েছেন এবং দীঘাকে কিভাবে নূতন পর্য্যায়ে গঠন করা যাবে সেই কথা চিন্তা করেছেন। দীঘাতে সব সমেত প্রায় এগার শত একর জমি গ্রহণ করা হয়েছে এবং তাতে প্রায় ১২ লক্ষ টাকা খরচ করা হয়েছে। কিন্তু সেটা পর্য্যটন কেন্দ্র হিসাবে দীর্ঘ ১৫।১৭ বছরের মধ্যেও গড়ে তোলবার চেষ্টা করা হচ্ছে না। আমরা দেখছি কয়েকটি মাত্র বাড়ী দাঁড়িয়ে আছে এবং যাঁরা পর্যটন করতে যান তাঁদের সংখ্যা এত বেশী যে তাতে স্থান সঙ্কুলান হয় না, যাঁরা পেয়েছেন তাঁরা জানেন কয়েকটা মাত্র বাড়ী ছাড়া আর কিছুই নেই, সেখানে থাকার ব্যবস্থা পর্য্যন্ত না থাকায়, রাস্তায়, গাছতলায় বা Reception Centre-এ রাত কাটিয়ে বাড়ী ফিরে আসতে হয়। আমাদের খড়্গপুর দিয়ে ঘুরে যেতে হবে। কোলাঘাটের উপর যখন রূপনারায়ণ নদের ব্রীজ হয়নাই, তখন যে পর্য্যটক সংখ্যা ছিল, এখন ঐ ব্রীজ হবার ফলে সেই সংখ্যা এখন অনেক বেড়ে গেছে। এখন উত্তরোত্তর দেখবো হলদিয়া নদীর উপর নরঘাটে এবং কালীনগরে ব্রীজ হবার ফলে ১৫৪ মাইল দুরত্বের মধ্যে ৫০ মাইল কমে গেছে—দীঘা যাবার পথ—কাজেই এখন পর্য্যটকের সংখ্যা আরো অনেক বাড়বে। এই দীঘাকে যদি ভালকরে পর্য্যটন কেন্দ্ররূপে গড়ে তোলা যায়, যেটা তোলা হচ্ছে, তাহলে অনেক সুযোগ-সুবিধা হবে। সেখানে অনেক জায়গা-জমি নেওয়া হয়েছে। সেখানে যে ৪০টি প্লট বিক্রি হয়েছে, সেই প্লটের দাম শতকরা ৫০ ভাগ দাম কমান দরকার। যেগুলি কম পরিমাণের প্লট আছে, তা ৩৩৩ টাকা থেকে ১৩০০ টাকা বিঘা বিক্রি হয়। বেশীদামে জমি অনেকে কিনছে না। সেখানে বাড়ী তৈরীর জন্য কেউ যাচ্ছেন না। সেখানকার উন্নয়ণ যত শীঘ্র হওয়া দরকার, তা হচ্ছে না। তার কাঠার দাম কমিয়ে attractive করা উচিত।

সেখানে Birla Industrial and Technical Museum করবার চেষ্টা করছেন। অথচ সেখানে তাঁরা জমি পাচ্ছেন না। অথচ কি একটা সোসাইটি সেই জমি নিয়ে নিচ্ছেন। দীঘাকে attractive করে তৈরী করলে অনেক foreign exchange earn করা যেতে পারে—বিদেশী পর্যটক মারফৎ।

তারপর ডুব্বা বেসিনের কথা একটু বলছি। এখানে খাল কাটার একটা পরিকল্পনার কথা সেচমন্ত্রী পাকাপাকি বলে এসেছেন, তা কাটা হবে। এর ফলে যে সমস্ত পরিবার উৎখাত হবে, তাদের পুনর্বাসনের চেষ্টা করবার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি। তারজন্য রামনগরে ব্রীফফিল্ডের যে ৮২ একর জায়গা নেওয়া হয়েছে, সেই ব্রীক ফিল্ড ঐ সমস্ত উৎখাত পরিবারদের পুনর্বাসনের জন্য দেওয়া হোক। ৮।১০ দিনের মধ্যে সেই টাকা দেওয়া হোক।

মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে আমি আন্তরিক ধন্যবাদ ও সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

**ডাঃ সেখ ওমর আলি :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি এই আলোচনার অবতারণা করছি। রাজ্যপালের ভাষণ প্রকৃতপক্ষে সরকারের কর্মনীতিগত ঘোষণা বলে এর উপর অনেক গুরুত্ব দিয়ে আলোচনা হওয়া উচিত। গত কয়েক দিনের বিতর্কে অনেক মাননীয় সদস্য, এই আলোচনায় অংশ গ্রহণ করেছেন এবং নিজ নিজ দৃষ্টিকোণ থেকে রাজ্যপালের ভাষণকে সমালোচনা বা সমর্থন ইত্যাদি করেছেন। এই বার বার বিধানসভায় বিরোধীদল বলে আমরা যাদের বুঝি, সি. পি. এম. তারা উপস্থিত নেই। তারা থাকলে এই ভাষণের উপর যে আলোচনা হ'তো, তার প্রকৃতি হ'তো নিশ্চয়ই ভিন্ন। কারণ গতবার আমরা দেখেছি, C. P. M. সমালোচনার জন্যই সমালোচনা করেন। বিরোধিতার জন্যই বিরোধিতা করেন। তাই যখন গত ডেমোক্রাটিক কোয়ালিশন সরকার ১৪৪ ধারার নিরবিচ্ছিন্ন প্রয়োগের বিরুদ্ধে সিদ্ধান্ত নিয়েছেন এবং, বিধানসভার প্রস্তাব উঠেছিল, তখন সি. পি. এম. দলের পক্ষ থেকে তার বিরোধিতা করা হয়েছিল। কিন্তু ভারতের কমুনিষ্ট পার্টি—সমালোচনার জন্য সমালোচনা এই নীতিতে যেমন বিশ্বাস করেন না, তেমনি ত্রুটি-বিচ্যুতি কিছু থাকলে ঐক্যের খাতিরে তাকে এড়িয়ে যাওয়া হবে—একথাও কোনদিন তাঁরা বলেন নি।

[ 8-40—8-50 p.m. ]

আমরা গঠনমূলক সমালোচনা করতে চাই। কারণ পশ্চিমবাংলার জনসাধারণ বিপুল সমর্থন দিয়ে যে সরকারকে গড়ে দিয়েছেন,আমরা চাই সেই সরকার জনগণের আশা-আকাঙ্ক্ষা পালন করুক এবং আমরা চাই এই সরকার সফল হোক। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, গত কয়েক বছরে আমাদের দেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন হয়েছে যে পরিবর্তনের সূত্র ধরে আমরা পরস্পরের কাছে আসতে পেরেছি, যদিও আমাদের মধ্যে আদর্শগত রাজনীতিগত বিরোধ আছে। এই ধরণের মত বিরোধ থাকা সত্বেও আমরা অতীতে এক সঙ্গে চলেছি। ১৯৬৭ সালে; ১৯৬৯ সালে এবং ১৯৭১ সালে এইভাবে আমরা একসঙ্গে চলেছিলাম। বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে যে নতুন সম্ভাবনা আজকে দেখা দিয়েছে অতীতে এই সম্ভাবনা আর কখনও ছিল না। পরিবর্তিত পরিস্থিতিতে আজ আমরা যদি কোন কর্মসূচী গ্রহণ করি তাহলে তা অনেক অংশে কার্য্যকরী করা সম্ভব হবে। এই সম্ভাবনার পিছনে দীর্ঘ ২৫ বছর ধরে চাষী, মজুর, মধ্যবিত্তের

সংগ্রামের ইতিহাস আছে। অবশ্য এই কথা অনস্বীকার্য যে ভারত-সোভিয়েত-মৈত্রী এবং সাম্রাজ্যবাদ বিশেষ করে আমেরিকান সাম্রাজ্যবাদের পরাজয় ঘটিয়ে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের আত্মপ্রকাশ এই সম্ভাবনাকে অনেক দূরে এগিয়ে নিয়ে গিয়েছে, পরবর্তী রাজনীতিক পরিস্থিতিকে উপলব্ধি করে রচিত যে কর্মসূচী—সেই কর্মসূচীকেই পশ্চিমবাংলার মানুষ ঐকান্তিকভাবে সমর্থন করে একটা স্থায়ী সরকার গড়বার সম্ভাবনাকে সফল করে তুলেছে। এখন আমাদের দায়িত্ব হল কর্মসূচীকে সঠিকভাবে কার্যকর করা। আমরা জানি একে কার্যকরী করতে গেলে অনেক বাধা আসবে এবং অনেক সমস্যাকে অতিক্রম করতে হবে। অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, জনগণের পক্ষে কোন কর্মসূচীকে রূপায়িত করবার ক্ষেত্রে আমলাতন্ত্র প্রবল বাধা সৃষ্টি করে এবং শাসকদলের অভ্যন্তরে আত্মগোপন করে থাকা কায়েমী স্বার্থবাদীরা ভিতর থেকে এর বিরুদ্ধে কৌশলে চক্রান্ত চালিয়ে যায়। পরিস্থিতির পরিবর্তন ঘটেছে বলে এখন আর এরকম হবে না। এরকম আশা করলে তা ভুল হবে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কর্মসূচীকে রূপায়িত করবার জন্য অনেক আইন হবে—নিয়মাবলী হবে। এই নিয়মাবলীতে অনেক ত্রুটি থাকবে, আবার সেই ত্রুটির সংশোধনও হবে। কিন্তু আমি বলতে চাই যে, আইন করলেই তা কাযকরী হবে—প্রশাসন যন্ত্র কার্যকরী করবে অতীতের অভিজ্ঞতায় একথা প্রমাণিত হয় না। প্রশাসনিক সংস্কার এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ করার সঙ্গে সঙ্গে যদি গণ-উদ্যোগকে উৎসাহিত করা না হয় তাহলে ঐ আইন-কানুন ও নিয়মাবলী ছাপার অক্ষরে বন্দী হয়ে থাকবে—তা কার্যকরী হবে না। এই প্রসঙ্গে ১৯৫৩ সালে এবং ১৯৫৫ সালে ভূমি সম্পর্কিত আইনের কথা আমি বলবো, আমি মনে করি গণ-উদ্যোগের অভাবে শুধু প্রশাসন যন্ত্র দিয়ে এই আইন চালু করার চেষ্টা হয়েছিল বলে তা মাঠে মারা গেছে। সেই আইনে ত্রুটি ছিল এবং সেই ত্রুটি ইচ্ছা করেই রাখা হয়েছিল কায়েমী স্বার্থবাদীদের সাহায্য করবার জন্য। কিন্তু এই কারণেই যে কেবল অঘটন ঘটেছে তা নয়, আইনকে কাযকরী করতে গিয়ে প্রচুর জমি মালিকদের হাতে গেছে। কারণ গণ-উদ্যোগ এবং যে কৃষক আন্দোলন হয়েছিল তাকে উৎসাহিত করার বদলে তাকে পিষে মারবার চেষ্টা হয়েছে। ১৯৬৬ সালের সরকারী হিসাবে দেখা গেছে যে আইনের ফাঁক দিয়ে প্রভূত অনাবাদী ও আবাদী জমি প্রায় ৭ লক্ষ ৭৬ হাজার ৬ শত একর বৃহৎ মালিকরা বেনাম করে রেখেছিল—এর বাইরে ফলের বাগান, মেছোঘেরী এইসব ছিল। আমাদের দেশে যে সংবিধান ছিল, সেই সংবিধান অবশ্য এখন সংশোধিত হয়েছে। আগে হয় নি, সেই আগেকার সংবিধানের ফলে এইসব করা সম্ভব হয়েছে। ৭০ হাজার একর জমির জন্য ১০৫৮টি সিভিল রুল হাইকোর্ট থেকে জারী হয়েছে। জেলা জজ মুনসেফদের কাছে ইনজাংসন প্রার্থনা করে দেড় লক্ষ একর জমি আটকে রেখে দেওয়া হয়েছে, এটা ১৯৬৯ সালের হিসাব। এখানকার অবস্থা আরও করুণ। আমি খবরের কাগজে দেখেছি যে হাজার হাজার একর জমি সরকারে ন্যস্ত হচ্ছে, রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে যে মাসে ৪ হাজার একর জমি সরকারে ন্যস্ত হয়। কিন্তু সেই ন্যস্ত জমি কি কৃষকদের মধ্যে বণ্টন করা যাচ্ছে? যাচ্ছে না। তার প্রধান কারণ হোল বেশীর ভাগ জমি ঐ সিভিল রুল ইনজাংসন ইত্যাদি করে আটকে রেখে দেওয়া হচ্ছে। তাই আমি বলতে চাই যে এই হোল আইন এবং এই হোল সরকারী প্রশাসন যন্ত্র। বিপুল জমি উদ্ধার করেও ভূমিহীনদের হাতে তুলে দিতে পারা যাচ্ছে না। এটা সম্ভব নয় কারণ গণ-উদ্যোগ ছাড়া এ কাজ কখনও সম্ভব নয়। ১৯৭১ সালে ভূমিসংস্কার আইনের যে সংস্কার বা সংশোধন করা হোল তার

মধ্যেও ত্রুটি-বিচ্যুতি আছে। তবে তুলনামূলকভাবে এই আইন যে অনেকটা ভাল সে বিষয়ে কোন সন্দেহ নেই।

[ 8-50—9-00 p.m. ]

মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে এই আইনকে কার্যকরী করার কথা উল্লেখ করেছেন। কিন্তু কিভাবে তা কার্যকরী হবে সে বিষয়ে কিছু বলেন নি। যদি আইনের শাসনের নামে শুধু প্রশাসন যন্ত্রকে দিয়ে এই আইন কার্যকরী করার ব্যবস্থা করা হয় তাহলে অতীতে আইনের ভাগ্যে যে দুরবস্থা ঘটেছে এই আইনের ভাগ্যেও সেই দুরবস্থা ঘটবে। আজকে যখন সংবিধান সংশোধিত হয়েছে এবং জাতীয় আন্তর্জাতিক রাজনৈতিক ক্ষেত্রে নূতন শক্তির সমাবেশ ঘটছে তখন আমরা নিশ্চয়ই বাড়তি জমির মালিকদের Court-এ যাবার রাস্তা বন্ধ করতে পারি, নিশ্চয়ই জমির tribunal গঠন করতে পারি যে tribunal-এ সরকারের জনসাধারণের এবং কৃষকদের ক্ষেত মজুরদের সংগঠনের প্রতিনিধি থাকতে পারবেন এবং এরা আলোচনা করে ভূমি সম্পর্কে বিরোধ নিষ্পত্তি করবেন এবং এইভাবে ভূমিসংস্কার দ্রুত কার্য্যকরী করা সম্ভব হবে। যাই হোক, আমি সরকারকে অনুরোধ করবো যে রাজ্যপালের ভাষণের মধ্যে এ সম্পর্কে যে অসম্পূর্ণতা আছে তা তাঁরা দূর করবেন এবং এই ভাষণের মধ্যে যে উৎসাহব্যাঞ্জক কথা বলা আছে, যেভাবে কর্মসূচীর কথা বলা আছে, তাকে আরও দৃঢ়ভাবে, আরো প্রত্যয়িতভাবে কার্য্যকরী করবেন। আমি আশা করি এবং সেই আশা রেখে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআনন্দগোপাল রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য আরম্ভ করছি। একদা যে বীরভূম জেলা শান্ত ছিল সেই বীরভূম জেলায় যে অশান্ত আগুন জ্বলে উঠেছিল, রাজ্যপালের ভাষণে কিছুটা শান্ত হয়েছে বটে কিন্তু স্থায়ী শান্তি স্থাপনের জন্য সরকারকে চিন্তা করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। বীরভূম জেলায় বেকারের সমস্যা প্রচুর। সরকারী উদ্যোগে একমাত্র চিনি কল, আমেদাবাদ চিনি মিল বন্ধ হয়ে আছে। সেটা খোলা অবিলম্বে দরকার। আর একটি বিষয় বলবো, যেখানে কুটিরশিল্পের সমস্যা দেখা দিয়েছে। পাতিপাড়া, রাসয়া, বৃষ্টিপুর, তাঁতিয়াতে কুটিরশিল্পের যে সমস্যা সেটা সমাধান করতে হবে। সরকারী উদ্যোগে কৃষিকে ঋণ বা সাহায্য দিয়ে কুটিরশিল্পকে জোরদার করতে হবে এবং এতে বেকার সমস্যার সমাধান হবে। বীরভূম জেলা কৃষিপ্রধান এলাকা অথচ দুবরাজপুর, খয়রাসোল, নারায়ণপুর, মাসরা অঞ্চলে আজ পর্যন্ত জলসরবরাহের ব্যবস্থা করা হয় নি। দুবরাজপুরে একটা হিংগলবাঁধ, মাসার বাঁধ এবং নারায়ণপুরে এবং মাসার অঞ্চলে বিদ্যুৎ সাহায্য দিয়ে জলসরবরাহ করে চাষের উন্নতি করার জন্য আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি। বীরভূম জেলার রাস্তার অবস্থা এত কদর্য্য যে বর্ষার প্রারম্ভে আশ্বিন-কার্ত্তিক মাসে মানুষের হেঁটে চলা দূরের কথা, যানবাহন চলাচল দূরের কথা, সেখানে মানুষ হেটে যেতে পারে না। বোলপুর, রাজগড় রোড যে সর্ববৃহৎ রাস্তা, বীরভূমের যে কদর্য্য রাস্তা, মোল্লারপুর থেকে আমুন পর্যন্ত মুর্শিদাবাদ এবং বীরভূমের যে রাস্তা যোগাযোগ করার জন্য সেটা অযোগ্য হয়ে পড়ে আছে। এই রাস্তা দু,টির সংস্কার অবিলম্বে চাই। বীরভূমের অতিবৃষ্টি এবং বন্যার ফলে যে দুরবস্থার কালো ছায়া দেখা দিয়েছে অবিলম্বে T.R. এবং G.R.চালু করে দুঃস্থ পরিবারদের

রক্ষার ব্যবস্থা করতে সরকারকে দৃষ্টি দিতে বলছি। সর্বশেষে মহামান্য রাজ্যপালের প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমদনমোহন মিত্রা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪।৩।৭২ তারিখে আমাদের মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ আশাব্যাঞ্জক ভাষণ হয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে দু'একটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণে আমরা দেখেছি তিনি বৃহত্তর কলকাতা অঞ্চল এবং শহরের উন্নতির কথা বলেছেন। কিন্তু আমি এখানে অত্যন্ত আশাহত যে গ্রাম-বাংলার উন্নতির কথা তিনি কিন্তু বলেন নি বা সুস্পষ্ট করে বলার চেষ্টাও করেন নি। তাই যারা গ্রাম বাংলা থেকে এসেছি তারা নিশ্চয়ই মনে মনে দুঃখ পাচ্ছি। যে দেশে শতকরা ৭০ ভাগ মানুষ কৃষিজীবীর উপর নির্ভরশীল তাদের কথা সুস্পষ্টভাবে বলা হয়নি। তাই মনে করি কৃষিকার্যের উন্নতি করতে হলে প্রথমে জলসেচের কথা মনে পড়ে। আমি আরামবাগ মহকুমার গোঘাট থেকে এসেছি। সেখানে আমরা দেখেছি যে দারকেশ্বর নদী আছে তার পূর্ব তীরে অর্থাৎ আরামবাগ এলাকায় মাইলে তিনটি করে রিভার লিফ্‌ট আছে। কিন্তু গো-ঘাট থানায় অর্থাৎ পশ্চিমতীরে কোনরকম রিভার লিফটের ব্যবস্থা করা হয়নি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে আমাদের ঐ থানায় রিভার লিফট-এর ব্যবস্থা করা করা হয়। শুধু তাই নয়, আমাদের বাংলাদেশে যদি কৃষিজীবীর উপর লক্ষ্য রাখা হয় তাহলে যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে যেমন গো-ঘাট থানার মধ্য দিয়ে এসেছে কংসাবতী পরিকল্পনা তাতে আমরা দেখেছি অত্যন্ত দুঃখজনক ব্যাপার। যে গো-ঘাট থানাতে কয়েকটি অঞ্চল ছাড়া, দু-তিনটি অঞ্চল ছাড়া কোন দিন বন্যা বন্যায় প্লাবিত হ'ত না আজকে ক্যানাল আসার ফলে সারা গো-ঘাট থানা প্লাবিত হতে চলেছে। আমি দেখেছি বর্ষাকালে যখন অজস্র বৃষ্টি হয় তখন সেই ক্যানাল দিয়ে প্রচুর জল যায় এবং বন্যা অঞ্চলগুলি বিধ্বস্ত হয়ে যায়। আর যখন মরুভূমির মত খা খা করে আমাদের অঞ্চলে তখন আমরা দেখেছি সেই ক্যানেলের জল দেওয়া যায় না। অর্থাৎ ক্যানেলে যে উপকার হত সারা গ্রাম বাংলার মানুষ তারা তা চিন্তা করতে পারে না। যদি এই সমস্ত ক্যানেলে জুন মাস, মে মাসের শেষ পর্যন্ত জল দেওয়া না যায় তাহলে আমার মনে হয় এই রকম পরিকল্পনা রেখে কৃষিজীবীদের সমস্যা বাড়িয়ে দেবার ব্যবস্থা না করাই ভাল। আর একটা কথা আমি বলবো। যাঁরা পাড়াগাঁ থেকে এসেছেন তাঁরাও অনেকে বলবেন। যাদের রুধীর শ্রাবে মনুষ্য জাতির এই উন্নতি, যারা দিন-রাত্রি মাথার ঘাম পায়ে ফেলে মাঠে ঘাটে কাজ করছে, দেহের রক্ত জল করে,রোদে পুড়ে, জলে ভিজে এই বাংলাদেশের মানুষের খাবার জোগাচ্ছে, সেই কৃষিজীবী সেই কৃষির সমস্যার কথা ঠিক বলা হয়নি। আমি দেখেছি শিল্পক্ষেত্রে যারা শ্রমজীবী রয়েছেন তাদের গ্র্যাচুইটির কথা বলা হয়েছে, তাদের হাউস বিল্ডিং-এর কথা বলা হয়েছে। কিন্তু বাংলাদেশের সেই কৃষিজীবী, যারা দিন রাত্রি খেটে মানুষের খাবার যোগাচ্ছে তাদের উন্নতির কথা বলা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিমহাশয়ের কিছু বক্তব্য রাখতে চাই যাতে আমাদের এই কৃষিজীবীদের উন্নতির জন্য কৃষি সাহায্যের সময় বাদে হারভেষ্টিং বাদে অন্যান্য সময় বৎসরের যখন তারা বসে থাকে সেই সময়ে তাদের ব্যবস্থা করে দেওয়া উচিৎ এবং তাদের বাড়ীঘর তৈরী করার জন্য চেষ্টা করা দরকার।

[ 9-00—9-10 p.m. ]

**শ্রীসুনীলমোহন ঘোষ মল্লিক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের

উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তা আন্তরিকভাবে সমর্থন করে দু'একটি কথা বলছি। উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয়েছে এবং সেখানে বিভিন্ন পরিকল্পনা রূপায়িত হতে চলেছে। কিন্তু আপনি জানেন,—অবশ্য এই ভাষণে, মুর্শিদাবাদ, মালদহ প্রভৃতি জেলায় গত বন্যার কথার উল্লেখ আছে। আপনি জানেন, মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় ১৯৫৬ সালে যে বন্যা হয়েছিল সেই বন্যার ভয়াবহতা এত বেশী হয়েছিল যে সেই সময় পণ্ডিত জওহরলাল নেহেরু হেলিকপ্টারে করে তা পরিদর্শন করেছিলেন। তারপরে ১৯৫৯ সালে যখন বন্যা হয়েছিল তখন মহামান্য রাজ্যপালিকা পদ্মজা নাইডু সেখানে গিয়েছিলেন। তা ছাড়া ১৯৬৬, ১৯৬৮, ১৯৭০ এবং ১৯৭১ সালে এই কান্দী মহকুমা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু স্থায়ীভাবে সমস্যা সমাধানের জন্য কোন পরিকল্পনা হয়নি। শুধু জি. আর দিয়ে সাময়িক উপকার হয় কিন্তু স্থায়ী কোন উপকার হয় না। কাজেই এই বন্যা পীড়িত চাষীদের কথা ভাবা সরকারের উচিত বলে আমি মনে করি। গত কয়েক বছরের বন্যায় দেখা যাচ্ছে আউস এবং আমন ধানের আশা কম, সেজন্য বিকল্প ব্যবস্থা হিসাবে আই, আর, (এইট) বা বোরো ধানের দরকার। তবে সেজন্য দরকার জলের। সেই জলের ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। তাছাড়া এবারের বন্যায় যে ক্ষতি হয়েছে সেই তুলনায় এবারে যে ঋণ বা সাহায্য গিয়েছে তা কিছুই নয়। অবশ্য চার মাস ধরে সরকার জি, আর, দিয়েছেন ঠিক কিন্তু যাদের ঘর ভেঙ্গে গিয়েছে আজ পর্যন্ত তারা ঘর মেরামত করতে পারে নি। এ দিকে আবার বর্ষা আসছে, কাজেই তাদের কথা বিবেচনা করার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা, যাদের তেরপল দেওয়া হয়েছে তারা ঠিক সাহায্য পেল না অথচ যাদের ঘর খুব বেশী ভাঙ্গেনি অর্থাৎ তেরপল পাই নি তারা পেয়েছে। তাছাড়া এই তেরপলগুলি প্লাসটিকের, এগুলি বেশীদিন থাকবে না। গত কয়েক বছর বন্যা হয়েছে, আবার বর্ষা আসছে তাই আমাদের ভাবনা হচ্ছে। তাই সরকারের কাছে আমার অনুরোধ এই সমস্যার আশু সমাধান করুন। এই বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে আন্তরিক সমর্থন জানিয়ে আমি কয়েকটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। ভাষণের ছয় নম্বর অনুচ্ছেদে বন্যার উল্লেখ রয়েছে এবং সেই সময়ে যে সাহায্য দেওয়া হয়েছিল তারও উল্লেখ আছে। সেই সাহায্য প্রয়োজনের তুলনায় খুব কম হলেও সে সম্পর্কে আমার বিশেষ বক্তব্য নেই, তবে আর একটা কথা বলেছেন যে আমাদের বন্যাগ্রস্ত লোকদের ক্ষতিপূরণের জন্য ৬৬.৯১ কোটি টাকা ধরা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার ৩১.৯১ কোটি টাকা দেওয়ার জন্য স্বীকৃতি দিয়েছেন, বাকি ৩৫ ৪০ কোটি টাকা কোথা থেকে দেওয়া হবে কি হবে না এর কোন ইঙ্গিত এই ভাষণে নেই। এই সম্পর্কে একটা হিসাব দিয়ে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার লোক সংখ্যা হচ্ছে সাত লক্ষ ৩৭ হাজার ৫৯৪, এর মধ্যে বিগত বিধ্বংসী বন্যায় প্রায় ছয় লক্ষ লোক বন্যার কবলে পড়েছিল এবং ক্ষতির পরিমাণ কমপক্ষে আমরা অনুমান করেছিলাম চার কোটি টাকা। তার মধ্যে গৃহ নির্মাণ সাহায্যের জন্য মাত্র ১৪ লক্ষ টাকা চাওয়া হয়েছিল কিন্তু আজ পর্যন্ত দেওয়া হয়েছে চার লক্ষ ৪৩ হাজার ২৭৫ টাকা মাত্র। ঋণ হিসাবে চাওয়া হয়েছিল ১১ লক্ষ টাকা, তার মধ্যে মাত্র দেওয়া হয়েছে দু'লক্ষ ৬০ হাজার টাকা। গত বন্যার পর যখন আমরা ত্রাণকার্য করতে নৌকায় করে পাড়ায় পাড়ায় ঘুরি তখন সেই সাধারণ মানুষের মর্মান্তিক দুঃখ

এখনও আমার চোখের সামনে ভেসে আসছে। আমাদের মন্ত্রিমণ্ডলীর অন্যতম সদস্য মাননী: আবদুস সাত্তার সাহেবকে নিয়ে যখন নৌকা করে বন্যার সময় ঘুরি তখন নিশ্চয়ই তিনি বহু পরিবারকে দেখেছেন জলমগ্ন প্রায় ঘরের চুড়োর উপরে মা ছেড়ে ছাতার নিচে চার-পাঁচটা ছেলে মেয়েকে নিয়ে নিজে কিভাবে কষ্টে রোদ বৃষ্টির মধ্যে দিনের পর দিন কাটিয়েছেন। তারপর এল নির্বাচন। নির্বাচনের সময় আমাদের মুর্শিদাবাদের প্রতিটি কংগ্রেস প্রার্থীকে একটি সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। নিরীহ সাধারণ মানুষ জানতে চেয়েছিলেন যে আমরা গৃহ নির্মাণের জন্য সাহায্য পাব কিনা। আমরা তার সদুত্তর দিতে পারিনি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন নির্বাচনী প্রচার কার্যে ফেব্রুয়ারীর মাঝামাঝি সময়ে মুর্শিদাবাদে যান তখন আমরা সমস্ত প্রার্থী মিলিত হয়ে আমাদের জেলা কংগ্রেস কমিটির মাধ্যমে তাঁকে অনুরোধ জানিয়েছিলাম যে আমাদের এই বন্যাপীড়িত দুস্থ লোকেদের গৃহ নির্মাণের সাহায্য অনতিবিলম্বে দেওয়া হোক, নচেৎ আমাদের নির্বাচনী প্রচার ব্যাহত হচ্ছে। আমরা জেলা কমিটির মাধ্যমে আশা পেয়েছিলাম এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তখন জেলা ম্যাজিষ্ট্রেটকে টাকা দেওয়ার জন্য চাপ দিয়েছিলেন। সেই ভরসা নিয়ে আমরা তাদের আশ্বাস দিয়েছিলাম যে নিশ্চয়ই তোমরা টাকা পাবে এবং মাননীয় মন্ত্রী আবদুস সাত্তার এতদূর পর্যন্ত তাদের আশ্বাস দিয়েছিলেন, তিনি তাঁর কনস্টিটিউয়েন্সির লোকদের নির্বাচনী প্রচারের সময় বলেছিলেন, যে সমস্ত দুস্থ হাজার হাজার পরিবার পদ্মার ভাঙ্গনে নিরাশ্রয় হয়ে রাস্তার উপর এবং সরকারী খাস জমির উপর বসবাস করছেন বর্তমান সরকারী আইন অনুসারে আন-অথরাইজড অকুপায়ার হিসাবে তারা কেবল জি,আর, ছাড়া অন্য কোনরকম সাহায্য পাচ্ছেন না। আমরা সরকারে আসতে পারলে এই আইনকে সংশোধন করে দিয়ে প্রতিটি দুস্থ পরিবার যাতে গৃহ নির্মাণ সাহায্য পান তার ব্যবস্থা করব। এই রকম আমরা স্বীকৃতি দিয়েছি। আজকে বেশ কিছু দিন হল আমাদের মন্ত্রিমণ্ডলী গঠিত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সরকারীভাবে কোন ঘোষণা হল না যে সেই নিরীহ দুস্থ বন্যাপীড়িত পরিবারগুলিকে গৃহ নির্মাণের সাহায্য দেওয়া হবে কিনা। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি যে কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করে, এই পরিস্থিতিকে তাদের বুঝিয়ে এই দুস্থ পরিবারগুলিকে নির্বাচনী প্রচারের সময় যে প্রতিশ্রুতি, আশ্বাস দিয়েছি সেই প্রতিটি লোক যাতে গৃহ নির্মাণের সাহায্য পান তারজন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন। চাপ সৃষ্টি করবেন এই জন্য যে আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে গরীবী হঠাও শ্লোগান দিয়েছেন সেই শ্লোগানের উপর আস্থা রেখেই এই নিরীহ জনসাধারণ বর্তমান সরকারকে ভোট দিয়ে সংখ্যা গরিষ্ঠের আসনে বসিয়েছেন। আজকে যদি আমরা এই প্রতিশ্রুতি রক্ষা করতে না পারি, তাদের যদি গৃহ নির্মাণের জন্য নিম্নতম সাহায্য টুকু দিতে না পারি তাহলে এদের আশীর্বাদই অভিশাপরূপে দেখা দেবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪-৩-৭২ তারিখে পশ্চিমবাংলার এই পবিত্র বিধানসভায় মাননীয় রাজ্যপাল মাননীয় সদস্যগণের উপস্থিতিতে যে উৎকৃষ্ট ভাষণ প্রদান করেছিলেন সেই উৎকৃষ্ট ভাষণের পরিপ্রেক্ষিতে আমি একটা ধন্যবাদসূচক প্রস্তাব উপস্থাপন করেছিলাম কিন্তু মাননীয় সদস্য শ্রীপ্রদ্যোৎ মহান্তি সে বক্তব্যের বিরোধিতা করে কতকগুলি সংশোধনী প্রস্তাব সংযোজনের প্রস্তাব এনেছিলেন। তিনি প্রথমে বলেছিলেন যে ইহা অতি দুঃখের কথা যে, রাজ্যপালের ভাষণে স্বীকার করা হয়নি যে হুগলী জেলার আরামবাগ মহকুমায় ১৯৭১সালের জুলাই মাসের বন্যাগ্রস্ত জনগণের কর্মসংস্থানের এবং ত্রাণকার্য প্রয়োজন মত করা হয়নি। প্রত্যুত্তর দিতে

গিয়ে এই কথা বলতে বাধ্য হচ্ছি যে তাঁর এই ভাষণ চরম অসত্যে পরিপূর্ণ পিণ্ডস্বরূপ, যা পশ্চিমবাংলার চার কোটি ৪০ লক্ষ গণদেবতাকে বিভ্রান্ত করবার জন্য উদ্দেশ্যপ্রণোদিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল তাঁর ছয় নম্বর অধ্যায়ে বলেছেন যে পশ্চিমবাংলার বন্যাবিধ্বস্ত ১৩টি জেলায় যে ক্ষতি হয়েছিল এবং তার মধ্যে সর্বাধিক ক্ষতি হয়েছিল মুর্শিদাবাদ, নদীয়া,হাওড়া, বর্ধমান, নদীয়া, মালদহ এবং মেদিনীপুর—এই রাজ্যের মোট ভূখণ্ডের শতকরা ২৫ ভাগেরও বেশী এবং এক কোটি দশ লক্ষ লোক, বেশী অধিবাসী-সমন্বিত প্রায় ১৯০০ বর্গমাল এলাকা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছিল। শস্যাদি ও বাসগৃহের ব্যাপক ক্ষতি হয়েছিল এবং ১৫৩ জন মানুষের প্রাণহানি ঘটেছিল। বন্যাগ্রস্ত কর্মক্ষম জনগণের কর্মসংস্থানের জন্য ত্রাণকার্য শুরু করা হয়েছিল। এর জন্য রাজ্য সরকারের অনুমিত প্রয়োজন হল ৬৮·৯১ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার বন্যাত্রাণ ও পুনর্বাসন ব্যবস্থায় কেন্দ্রীয় সাহায্য হিসাবে সর্বোচ্চ ব্যয়ের পরিমাণ ৩১·৫১ কোটি টাকা নির্দিষ্ট করেছেন এবং এর মধ্যে ৯·৩৫ কোটি টাকা ঋণ হিসাবে মঞ্জুর করা হয়েছে।

[ 9-10—9-20 p.m. ]

হুগলী জেলায় ভারতীয় জোয়ানদের ত্রাণকার্যে লাগানো হয়েছিল, বোরো ধান, আই, আর (এইট), গম এবং তুলা চাষের জন্য সাধ্যমত ব্যাপক সাহায্য করা হয়েছে। বন্যাগ্রস্ত কর্মক্ষম মানুষের গৃহ নির্মাণের জন্য সাহায্য দেওয়া হয়েছে, তাদের সাজ-সরঞ্জাম কেনবার জন্য সাহায্য দেওয়া হয়েছে ও বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় খাজনা মকুব করা হয়েছে, সেখানকার স্কুলের ছাত্র-ছাত্রীদের মাহিনা মকুব করা হয়েছে। সুতরাং মাননীয় সদস্য প্রদ্যোত মহান্তি মহাশয় যে অভিযোগ উত্থাপন করেছেন তা অসত্যে পরিপূর্ণ এবং বিভ্রান্তিকর তাই নয়, এটা উদ্দেশ্যপ্রণোদিত। তিনি দ্বিতীয় অভিযোগ করেছেন যে ইহা অনস্বীকার্য যে, "গরীবী হঠাও" আন্দোলনের ফলে গরীবকেই হঠান হচ্ছে এবং গরীবী ক্রমবর্দ্ধমান হয়ে দেখা দিচ্ছে। "গরীবী হঠাও"-এর নামে প্রশাসনিক ব্যয়ভার এবং নানাপ্রকার প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষ করভার বাড়ানো যাচ্ছে। "গরীবী হঠাও" আন্দোলন একটা নূতন ধরণের নিপীড়নের অস্ত্র সরকার হাতে নিয়েছেন, প্রসঙ্গক্রমে বলতে গিয়ে এই কথা এখানে বলতে বাধ্য হচ্ছি যে ভারতবর্ষে সর্বপ্রথমে রাজতন্ত্র প্রতিষ্ঠিত ছিল এবং সেই রাজতন্ত্র তার ব্যাঘ্রচর্ম খুলে বিলীন হয়ে গেছে, এসেছে সামন্ততন্ত্রে। সেই সামন্ততন্ত্র নিঃশেষ হয়ে গেছে, তারপর এসেছে জমিদারতন্ত্র যে জমিদারতন্ত্রের জন্য পার্লামেন্টের আইনের মাধ্যমে গণতন্ত্রের মাধ্যমে তার শেষ খোলসটুকু নষ্ট হয়ে গেছে। তারপর আমরা গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠার শপথ গ্রহণ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের জমির সীমা নির্ধারিত ছিল ব্যক্তিগতভাবে ৭৫ বিঘা, পরবর্তীকালে এই জমির সীমা কমিয়ে পার্লামেন্টে আইনের মাধ্যমে সেচ এলাকায় ৩৭ বিঘা ও অসেচ এলাকায় ৫২ বিঘা করা হয়েছে। এবং এই প্রক্রিয়ার ফলে এখনও পর্যন্ত প্রাপ্য জমি চার লক্ষ একর কৃষি জমি বণ্টন করা হয়েছে, ৬০ হাজার গৃহহীন কৃষক পরিবারকে ও প্রতি মাসে মাসে এর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। শহরের সম্পত্তির সীমা নির্ধারণের জন্য আইন আসছে, গরীব ভাগচাষী যাতে তার ন্যায্য উৎপাদিত ফসল পায় কোথাও ৭৫ ভাগ কোথাও বা ৬০ ভাগ যা পাচ্ছে সেটা আমরা দেখছি। তাদের যাতে ভাল বীজ এবং সারের ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা আমরা করছি। সুতরাং গরীবী হঠাও আন্দোলনের ভিত্তি প্রস্তর স্থাপিত হচ্ছে। প্রত্যক্ষ কর এবং অপ্রত্যক্ষ করের প্রস্তাব সরকার এখনও করেন নি, তবে ভারতের প্রাক্তন নৃপতি-

বর্গ এবং মাননীয় সদস্য প্রদ্যোত মহান্তির চিন্তাধারায় যেহেতু তারা গরীব তাদের বিশেষ সুযোগ সুবিধা এবং ভাতা বিলোপ করা হচ্ছে। গরীবী হঠাও আন্দোলনকে বাস্তবে রূপায়িত করবার জন্যই এই ধরণের কাজ করা হচ্ছে। একচেটিয়া ব্যবসা, ব্যাঙ্ক-বীমা জাতীয়করণ করা হয়েছে এবং বিভিন্ন কোলিয়ারী যেখানে শ্রমিকদের শোষণ করা হয় সেই শোষণ বন্ধ করার জন্য গরীব শ্রমিকদের স্বার্থের জন্য কোলিয়ারী জাতীয়করণ করা হয়েছে। ঠিক সেই কারণে ধনতন্ত্রকামী পুঁজিবাদী অর্থনীতির প্রতিভূ মাননীয় সদস্য প্রদ্যোত মহান্তি মহাশয়ের সেই গরীব হঠানো হচ্ছে। এই ধরণের গরীবদের প্রক্রিয়াকে বন্ধ করবার জন্য সরকার আজ প্রতিশ্রুতিবদ্ধ। সুতরাং এই শ্রেণীর শোষণকারী গরীবদের হঠানোর জন্য আমরা কাজ করে যাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি তাঁর পাঁচ নম্বর অনুচ্ছেদে বলেছেন ইহা আজ সর্বজনবিদিত যে, গত নির্বাচনে ব্যাপকভাবে দুর্নীতির আশ্রয় গ্রহণকরা হয়েছে এবং ইহা একটি সাজানো নির্বাচনেররূপ নিয়েছে। এই নির্বাচনের ফলাফলকে জনগণের বিরাট রায় বলা চলে না। বিরোধী দলের প্রায় বিলুপ্তি গণতন্ত্রকে দুর্বল করে ফ্যাসীবাদের সূচনা করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের এই যে সংশোধনী এই সংশোধনী উপস্থিত করবার সময় বিরোধীদলের অনুপস্থিতির জন্য দুঃখ প্রকাশ করেছিলেন কিন্তু আমি দুঃখের কারণ আছে বলে মনে করি না, কারন আজকে সি, পি, এমের নির্বাচিত সদস্যগণ কিম্বা জ্যোতিহীন জ্যোতিবাবু বা বৈষ্ণব ধর্মাবলম্বী হরেকৃষ্ণবাবু যদি এখানে উপস্থিত থাকতেন বা তারা বাইরে থেকে যেকথা উচ্চারণ করছেন আজকে এখানে বসে ঠিক সেই সব কথায় মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তির মুখেও আমরা শুনছি। তিনি সি, পি, এমের সাল এজেন্সী নিয়ে যখন বসেছেন তখন তার মুখ থেকে বা তার কণ্ঠ থেকে এই একই শব্দের পদধ্বনি যে শুনতে পাব এটা স্বাভাবিক। সুতরাং আমাদের দুঃখ পাবার কিছু নেই। দুঃখ আমাদের গণদেবতা অর্থাৎ যারা তাদের আট বা ৩২ ভোটের ব্যবধানে জরী করেছেন। আজকে তাদের এই দুঃখ আন্তরিক। তারা যদি নির্বাচনের আগে সেই গণদেবতাকে বলতেন যে আমরা নির্বাচনে সংখ্যা-গরিষ্ঠতা না পেয়ে বিধানসভায় অংশ গ্রহণ করব না। ঠিক তেমনি ভারতবর্ষের পবিত্র সংবিধানে এরূপ নেই যেখানে বিধানসভার পথ বন্ধ করা হয়েছে, কণ্ঠ রুদ্ধ করা হয়েছে বা ফ্যাসীবাদের পথ প্রশস্ত করা হয়েছে। তাই যে সমস্ত অঞ্চল-এর মানুষ সি, পি, এম, প্রার্থীদের নির্বাচিত করেছেন সেই গণদেবতাদের কাছে বিধানসভা থেকে অনুরোধ জানাচ্ছি যে তাঁরা নিজেদের এলাকার উন্নয়নের জন্য নির্বাচিত সদস্যদের উপর এরূপ চাপ সৃষ্টি করুন যে জনমতের কাছে যেন তারা নতি স্বীকার করতে বাধ্য হয়। আপনাদের দায়িত্ব যাঁরা অমান্য করেছেন তাঁদের চিনে রাখুন। ১৯৬৯ সালে কংগ্রেস মাত্র ৫৫টি আসন পেয়েছিল। তখনও কিন্তু কংগ্রেস জনমতকে অগ্রাহ্য করে নি। বিধানসভা বয়কট করে নি। তাঁরা প্রথমে বললেন .৮টি নির্বাচন কেন্দ্রের নির্বাচন অবৈধ হয়েছে। এক রাত্রির ব্যবধানে সেটা বেড়ে গেলো। তাই মাননীয় সদস্যের সংশোধনী প্রস্তাব গ্রহণীয় হতে পারে না। উপরন্তু নির্বাচনে যদি সত্যি কারচুপি হয়ে থাকে তাহলে গণতান্ত্রিক মোরচা বহির্ভূত সদস্য শ্রীপ্রদ্যোৎ মহান্তি বা শ্রদ্ধেয় প্রফুল্ল চন্দ্র সেন তাঁরা কিভাবে জয়যুক্ত হলেন। এটা ভেবে দেখার কথা। আমি মন্ত্রীদের অত্যন্ত সচেতন থাকার জন্য অনুরোধ জানাচ্ছি। আর অনুরোধ জানাচ্ছি একদা করুণ কণ্ঠে যাঁরা আর্তনাদ করেছিলেন "আমরা কোথায় আছি" সেই আনন্দ বাজার পত্রিকা গোষ্টিকে, অনুরোধ রাখছি যুগান্তর পত্রিকার কণ্ঠরুদ্ধ করবার জন্য গাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছিল তাঁদেরকে, দীর্ঘদিন যে পত্রিকার সাহসী পদক্ষেপকে রুদ্ধ করে রাখা হয়েছিল সেই বসুমতীকে এবং অন্যান্য পত্র-পত্রিকাকে অর্থাৎ দৈনিক পত্র-পত্রিকাকে গঠণমূলক, সৃষ্টিমূলক সমালোচনা করে বিরোধীপক্ষের ভূমিকা গ্রহণের অনুরোধ জানাচ্ছি। সুষ্ঠ গণতান্ত্রিক পথে এই সরকার এগোতে চান। মাননীয় সদস্য নিজের নাম প্রচারের জন্য উদ্দেশ্যপ্রণোদিত-

ভাবে যে বিভ্রান্তিকর বক্তব্য রেখেছিলেন বা সংশোধনী এনেছিলেন সেটা গ্রহণ করা যেতে পারে না।

পরিশেষে, বেকার সমস্যার সমাধানের জন্য রাজ্যপালের ভাষণে সুষ্ঠ পরিকল্পনা নেই এই জাতীয় বক্তব্য কেউ কেউ রেখেছেন। রাজ্যপালের ভাষণ পরিকল্পনার খসড়া নয়, কারণ ভূমিকাটাই সমস্ত গ্রন্থ নয়। রাজ্যপালের ভাষণে থাকবে সুগভীর নির্দেশ। ষ্টেডিয়াম তৈরীর কথা মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, পাতাল রেল তৈরীর কথা ঘোষণা করেছেন। এই সমস্ত কিছুর মাধ্যমে বেকার সমস্যার নিরূপণের একটা ইঙ্গিত সরকার ইতিমধ্যেই দিয়েছেন। তাই আমাদের শ্রীপ্রদ্যোৎ মহান্তি যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছিলেন সেগুলো পরিপূর্ণ অগ্রাহ্য করছি এবং মহামান্য রাজ্যপালের বক্তব্যে যে ধন্যবাদ সূচকপ্রস্তাব পড়েছিলাম তা আশা করি প্রতিটি সদস্য একমত হয়ে গ্রহণ করবেন।

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা বড়তলা পশ্চিমবাংলার মানুষকে প্রণাম জানিয়ে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানাই। অনেক সভ্য এখানে তাঁদের বক্তব্য রেখেছেন যে রাজ্যপালের ভাষণে স্বাস্থ্য দপ্তর ও পরিবার পরিকল্পনা এই সম্বন্ধে মাত্র দু'টি বা তিনটি লাইনে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা নিশ্চিত আজকে আমাদের অনেকে অনেক কথা বলেছেন, অনেক লিখেছেন, গত তিন মাস ধরে নির্বাচনের মধ্য দিয়ে সারা পশ্চিমবাংলার মানুষের কাছে বক্তৃতা, কথাবার্তা অনেক দিয়েছেন।

[ 9-20—9-30 p.m. ]

ছোট কথা আছে। কিন্তু নিশ্চিতভাবে দেখা যায় যে ঐ যে দু'টি লাইন রাজ্যপালের ভাষণের মধ্যে আছে তার মধ্যে পশ্চিমবাংলার মানুষের কাছে স্বাস্থ্য দপ্তরের কি কি কাজ এবং সেই কাজ কি করে করা হবে তার মধ্যে বিশেষভাবে প্রকাশিত আছে। আমরা অনেক কথা বলেছিলাম তার মধ্যে গ্রাম-বাংলার মানুষের কাছে আমরা চেয়েছিলাম স্থায়ী সরকার। এখনও দেওয়ালে দেওয়ালে গ্রাম-বাংলার সব জায়গায় দেখা যাবে আমাদের লেখা চাই স্থায়ী সরকার। পশ্চিমবাংলার মানুষ তা মঞ্জুর করেছেন। তাঁরা এমন সরকার দিয়েছেন যা সারা পৃথিবী খুঁজে দেখলে দেখা যাবে ওপার বাংলার মুজিবের ছাড়া আর কোথাও নেই। ভিক্ষা চেয়েছিলাম মানুষের কাছে আমরা স্থায়ী সরকার চাই। তাঁরা তা দিয়েছেন। দ্বিতীয় কথা আমরা বলেছিলাম পরিষ্কার-পরিচ্ছন্ন, দুর্নীতি-মুক্ত, প্রশাসন ব্যবস্থা। দায়িত্ব কাদের? দায়িত্ব এখন আমাদের প্রতিটি সভ্যের যাঁরা সারা পশ্চিমবাংলার মা-বোন, মেহনতী মানুষ, শ্রমিকদের আশীর্বাদ নিয়ে এগিয়ে এসেছেন। তৃতীয়, বেকার সমস্যা দূর করতে হবে। দায়িত্ব আমাদের; কারণ আমরা স্থায়ী সরকার পেয়েছি। দ্বিতীয় এবং তৃতীয় দুই দায়িত্বই আমাদের। চতুর্থ যে প্রতিজ্ঞা আমরা রেখেছি —আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যেটা আমাদের শিখিয়েছেন প্রতিজ্ঞা যখন করা হয় তখন তা পালন করতে হয়। তাই সোনার পশ্চিমবাংলা আমাদের গড়তে হবে। আমি আইনের ছাত্র ছিলাম। High Court-এ practice করতাম। আমি জানি জজ সাহেবকে শুধু মুখের কথা বললে চলে না। আমরা এটা জানি মাননীয় সদস্য যাঁরা এসেছেন পশ্চিমবাংলার মানুষের কাছ

থেকে তারা মুখের কথা নিশ্চয় শুনবেন না। তাই কাজের নজীর দেখাতে হবে পশ্চিমবাংলা মানুষের কাছে। ১৯৬৭ সালে High Court থেকে যখন ফিরছিলাম ট্রাম থেকে মা-বোন, শ্রমিক মাষ্টার-মহাশয়দের নামান হল বলা হল লাল সেলাম আবীর মাখান হল। ভাবছিলা পশ্চিমবাংলার মানুষ যখন রায় দিয়েছে তাঁরা রায় দেবেন না। ভাবছিলাম এমন নূতন জিনি দেখছি আমাদের মাঝখানে তাতে পশ্চিমবাংলার মানুষ এতদিন যা চেয়েছিলেন তাই হবে শহীদ মিনারের তলা থেকে আরম্ভ করে শ্যামবাজারের নেতাজীর মূর্ত্তির পা পর্যন্ত চারিদিকে আবী লাগান হয়েছে। কিন্তু ২।৩ দিন পরে আমার এলাকায় পশ্চিমবাংলার প্রথম শহীদ হল ১৮ বছরে ছেলে দীপক সরকার। বটতলা কেন্দ্রে কৈলাস বোস ষ্ট্রিট এবং বিধান সরণীর মোড়ে সকাল ৮টার সময় খুন হল। ছেলেরা এসে আমায় বলল একটা দীপক সরকার গেছে, কিন্তু হিংসার বদলে হিংসা, খুনের বদলে খুন চাই। আমি তাদের বললাম না। তাতে অনেকে রাগ করল। তারপর কিছু দিন পরে তারা আমাকে ছোট একটা মন্ত্র দিয়ে বলে গেল দীপক সরকারের রক্তে গণতন্ত্রের দাবী হোক সোচ্চার। সেটা হলো ১১ই মার্চ ৯৭২ সাল। দ্বিতীয় নজীর ১৯৬৯ সালে। পশ্চিমবাংলার মানুষ ঠিক করলো কবরে যাচ্ছেন, কবর দিতে বলছেন। কবরে গেলেন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি যারা আজ এখানে নেই। ১৯৬৭ সালে কবর দিতে বললেন, ১৯৬৯ সালে কবর দিতে বললেন, আবার ১৯৭১ সালে কবর দিতে বললেন। পরপর তিনবার কবর দিতে বলেছেন। আজকে আপনারা তাকিয়ে দেখুন তাঁদের যেখানে বসবার জায়গা সেখানে কাঠের কফিনের মতো পরপর সাজানো রয়েছে। কবরে আছেন কারা, কবরে আছেন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সদস্য নয়, কবরে আছেন হিংসার রাজনীতিতে যাঁরা বিশ্বাস করতেন, যাঁরা বিশ্বাস করতেন খুনে খুনীর উপরে তাঁরা। যুবক, তরুণ, ভাই,যাঁরা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সভ্য, যুবক যাঁরা, তরুণ যাঁরা যাঁরা, তাদের হাতে রিভলবার, বোমা, ষ্টেনগান তুলে দিতেন সেই রাজনীতিতে যাঁরা বিশ্বাস করেন তাঁদের কফিন আজ ওখানে সাজান রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবাক হয়ে যাই দেখে যে নেতারা, জ্যোতিবাবু, হরেকৃষ্ণ কোঙার মহাশয়, যাঁরা ঐখানে বসে থাকতেন, আঙ্গুল দেখিয়ে দেখিয়ে আমায় প্রশ্ন রেখেছিলেন, গতবারে বলেছিলেন, বিচার মন্ত্রিমহাশয় ঐ দুইজন সদস্যকে যতক্ষণ না আনা হচ্ছে যাঁদের পিছনে সারা পশ্চিমবঙ্গের মানুষ আছে তাহলে এখানে কাজ হতে দেবেন না। হাত গুটিয়ে নেমে এসেছিলেন তাঁরা, দলে ভারী আছেন, মারামারি করে মাননীয় অধ্যক্ষের যে নির্বাচন ছিল সেটাই বানচাল করে দিতে চেয়েছিলেন। বলেছিলাম সেদিন নতুন এসেছিলাম, তখন বিশ্বাস করেছিলাম তাই বলেছিলাম যে জ্যোতিবাবু আপনাকে যে দড়ি দিয়ে হরেকৃষ্ণবাবু টানছেন সে দড়ি রক্তাক্ত। পশ্চিমবাংলার মানুষের আশীর্বাদের যে কথা বলেছিলাম আজ সেটা প্রমাণিত হয়েছে। আজকে জ্যোতিবাবুও নেই, হরেকৃষ্ণবাবুও নেই, তাঁদের দলের কেউ নেই অনেক কথা বলেছিলেন সেদিন। আজকে আশ্চর্য হয়ে গেলেও আমাদের শ্রদ্ধেয়, বিশেষ শ্রদ্ধেয় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় তিনি বললেন যে কারচুপি হয়েছে। অবাক হয়ে যাই তিনি কি ভুলে গেছেন আমার এলাকায় সংগঠন কংগ্রেসের একজনকে দাঁড় করানো হলো, আমাকে ফোন করে তাঁরা বললেন —আমি নিজে জিজ্ঞাসা না করা সত্বেও যে এটা একটা নীতির লড়াই, আমার সঙ্গে লড়াই হবে। দেখলাম কি জানেন ? দেখলাম ঐ সংগঠন কংগ্রেসের নাম করে যাঁরা নির্বাচনের জন্য ঘরে ঘরে ঘুরছেন, যাঁরা বুথে বুথে বসে রইলেন তাঁরা ঐ মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সভ্য। তাঁরা দুটো করে পোলিং এজেন্ট পাঠিয়ে দিলেন চক্রান্ত করে, আর আজ উনি কারচুপির কথা বলেছেন। আজ মনে পড়ছে না ১৯৬৭ সালে বীরেশ্বর ঘোষ মহাশয় যিনি বাঁকুড়া থেকে ইলেক্টেড হতে পারেন

নি তিনি আমাদের এখানে সিদ্ধেশ্বর মিত্র মহাশয়ের ইলেকশন চ্যালেঞ্জ করেছিলেন ১৯৬৭ সালে হাইকোর্টে পিটিশন করেছিলেন। একটা নয়, পর পর পিটিশন করেছিলেন আজ তাঁরা এগিয়ে আসছেন না কেন? ১৯৬৯ সালে স্বর্গীয় নেপালবাবু তাঁর বিরুদ্ধে মামলা করেছিলেন কে? ঐ মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির হরপ্রসাদ বাবু। মনে নেই পিটিশন করেছিলেন, শুধু পিটিশন নয় আপনারা সকলেই জানেন যে তিনি হাইকোর্টে জিতেছিলেন কারণ ছিল ঐ কারচুপি। যদিও সুপ্রীম কোর্টে আপিল করার পর নেপালবাবু আবার জিতেছিলেন এবং এই বিধানসভায় ফিরে আসার অনুমতি পেয়েছিলেন। ১৯৬৭ নয়, ১৯৬৯ নয়, ১৯৭১ সালে প্রশান্ত সুর মহাশয় মার্ক্সবাদী কমিউনিষ্ট পার্টির সদস্য তিনি শ্রদ্ধেয় হীরেণ মুখার্জীর বিরুদ্ধে মামলা করেছিলেন কেন না কারচুপি হয়েছে। হাইকোর্ট আছে, আদালত আছে, বিচারপতি বসে আছেন, তুলো একটা মামলা করে দেখান। সেদিন মামলা চলেছিল দেড় মাস ধরে, দিনের পর দিন জনসাধারণের পয়সা কড়ি কিভাবে অপব্যয় করতে হয় তারা সেদিন চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিয়েছিলেন। তাঁরা দেড় মাস ধরে মামলা করেছিলেন, নানান সাক্ষী এনে মামলা করে যাচ্ছিলেন। এই মামলা ১৯৬৭, ১৯৬৯, ১৯৭১ সালে হয়েছে, ১৯৭২ সালে কি দোষ করল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কারচুপি কিছু নয়। দেখা গেছে নির্বাচনের যখন ফলাফল বেরোতে লাগল তখন তারা বললেন দুইদিন পরে গণনাতে কেউ যাবেন না। কারণ আর কিছুই নয়, ঐ যে যুবক ভায়েরা যাদের হাতে তারা বোমা তুলে দিয়েছিলেন, যাদের হাতে রিভলবার তুলে দিয়েছিলেন, যাদের হাতে স্টেনগান তুলে দিয়েছিলেন, তারা আজ বিদ্রোহী। তারা বিদ্রোহ করেছে তাঁদের বিরুদ্ধে। তাই তাঁরা কাউন্টিং এজেন্ট হতে চান নি, তাই কাউকে তাঁরা পাঠান নি। তাঁরা আসবেন কোনমুখে?

[ 9-30 - 9-40 p.m. ]

এখানে আসবেন কোনমুখে? এলাকাতে এলাকাতে খুন হয়েছে, এলাকাতে এলাকাতে প্রাণ হারিয়েছে, পশ্চিমবঙ্গের মায়ের কোল খালি করে চলে গেছে ঐ সমস্ত নেতাদের জন্য। যাঁরা বলেছিলেন বোমা হাতে নিয়ে, রিভলবার হাতে নিয়ে খুন কর গিয়ে কংগ্রেসসেবীদের, খুন কর গিয়ে মাষ্টার মহাশয়দের, বলেছিলেন শ্রমিকদের ভাইদের—যারা গলায় লাল রুমাল বাঁধবে না তাদের। বলেন নি? এইকথা বলেছিলেন তাই আজ ঐ যুবক ছেলেরা বিদ্রোহী, বিদ্রোহী হয়ে ঘুরে বেড়াচ্ছে তারা। আশ্চর্য্য হয়ে যাই, নির্বাচনের মধ্যে যুবক বন্ধুদের, কিভাবে কাজ করতে দেখেছি ঐ মার্কসবাদী সদস্যদের? খেতে পায় নি হয়ত, তবু কাজ করে গেছেন, নিষ্ঠার সঙ্গে কাজ করে গেছেন। অন্যদিকে নেতাদের ছেলেরা কেউ পড়ছেন বিলাতে, ভালকরে লেখাপড়া করছেন। তাদের হাতে তো বন্দুক তুলে দেওয়া হয় নি, তাদের মায়েদের তো কোল খালি হচ্ছে না। অন্যদিকে তাদের নেতারা বসে আছেন জমিজমা নিয়ে বর্ধমানে। কৈ সেখানে তো কিছু হচ্ছে না, আশ্চর্য্য হয়ে যাই যিনি গর্বিত হয়েছিলেন মৃগনয়না দেবীর চোখের জল, মলয়, প্রণব জিতেনের খুন দেখে গর্বিত হয়েছিলেন, তাদের পশ্চিমবাংলার মানুষ আজ সরিয়ে দিয়েছে। এটাই হচ্ছে আমাদের ভারতবর্ষের, পশ্চিমবঙ্গের ইতিহাসের কথা, অধ্যক্ষ মহাশয়, যেখানেই বিশ্বাসঘাতকতা, যেখানে কাপুরুষতা, যেখানেই জনসাধারণকে নিয়ে খেলা চলে সেখানেই জনসাধারণের পরিষ্কার বক্তব্য থাকে, তাদের রায় বেরিয়ে যায়, তাদের জনসাধারণ দূর করে দেয়। তাই আজ যখন তারা এই সংসদে নাই তখন আমাদের নেতা বলেছিলেন দায়িত্ব আমাদের প্রচুর। নিশ্চিত দায়িত্ব প্রচুর। আপনাদের জনসাধারণের আশীর্বাদে স্বাস্থ্য দপ্তর আমার উপর। যেদিন থেকে কাজ

করছি আজ অবধি মাত্র ১১ দিন কাজ করে চমকে উঠেছি। শুনলে অবাক হয়ে যাবেন যে কিভাবে আমাদের কাজ করতে হয়। আমি চাইছি প্রতিটি সৈন্য সেনাপতির মত নিজেদের এলাকা আগলে রাখুন। যেখানে যা ঘটনা দেখবেন, আপনারা যদি অন্যায় দেখেন, আপনারা যদি স্মলপক্স বা কলেরার খবর পান, নিশ্চিতভাবে আমাকে সরাসরি এসে জানান। আমি জানি এরমধ্যে অনেক লোক এখনও লুকিয়ে আছেন। ঐ যে যারা বাইরে থেকে রুমানিয়া, ইংলণ্ডে যাচ্ছেন বলে চিৎকার করছেন তাঁদের তাঁবেদার লোক এখনও লুকিয়ে আছেন। খবর পাঠাচ্ছেন না আমাদের কাছে কোথায় কি ঘটে যাচ্ছে। জনসাধারণের সরকারকে, পশ্চিমবাংলার মানুষের সরকারকে বিপর্যস্ত করবার চেষ্টা বানচাল করে দিতে হবে। বলে দিই তাদের পরিষ্কারভাবে যে সৈনিকের মত কাজ করুন। এলাকার এলাকার খবর ঘুরে ঘুরে রাখুন এবং যার যা দায়িত্ব নিশ্চিতভাবে পালন করে যান। কারণ স্বাস্থ্য দপ্তর আপনারা জানেন যে বিশেষভাবে এমন একটি দপ্তর যার কাজ আপনারা যদি আমার সঙ্গে না নেন, একসঙ্গে হাতে হাত না মিলিয়ে কাজ করেন, পশ্চিম-বা লার মানুষ, মেহনতী মানুষ, গ্রামের গরীব ছেলেরা গ্রামের মা-বোন যারা কষ্ট পাচ্ছেন তাদের কাছে যদি আপনারা ছড়িয়ে না পড়েন, তাহলে তো আমার কাছে সবখবর আসবে না। আমি বলি না সরকারী কর্মচারীদের মধ্যেই গলদ আছে। আমি জানি যে তাদের মধ্যে এখনও অনেকে আছেন যাঁরা চেয়েছিলেন স্থায়ী সরকার তা নাহলে অত্যাচারীত হ'ত। ট্রান্সফার হ'তেন হয়ত। একমাস দুমাসের মধ্যে, সেই ফাইলও দেখতে পাচ্ছি, তিনি হয়ত তাদের হয়ে কাজ করেন নি, তাকে ট্রান্সফার করা হচ্ছে। মেদিনীপুর থেকে দার্জিলিং সাত দিনের মধ্যে, দার্জিলিং থেকে কোন্নগর, কোন্নগর থেকে আবার পাঠিয়ে দেওয়া হচ্ছে মেদিনীপুর--এইভাবে ঘোরানো হচ্ছে, তাঁরা চাইছেন বিশ্বাস, কনফিডেন্স। সেই কনফিডেন্স আমরা নিশ্চয়ই আনব। আমরা আনব, আমরা কাজ করাব তাদের দিয়ে, তবে আমি চাচ্ছি আপনারা আপনাদের এলাকার সেনাপতির মত ভার নিন। আজকে অবাক হয়ে যাবেন ১১০০ গাড়ী আছে স্বাস্থ্য দপ্তরের, তার মধ্যে ২২৮টি এ্যাম্বুলেন্স খারাপ হয়ে পড়ে আছে কতদিন সেই ঠিকানা এখনও আমি বের করতে পারি নি। আর একটা জিনিস আপনার মাধ্যমে আমি জানাতে চাচ্ছি, বিশেষ অনুরোধ, অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলার মানুষের কাছে অনুরোধ, আমাদের যাঁরা শ্রদ্ধেয় শিক্ষক মহাশয়েরা রয়েছেন নানা কাজের ভার নিয়ে, শ্রদ্ধেয় চিকিৎসকেরা রয়েছেন তাঁরা জ্ঞানী— আমি জানি তাঁরা অনেক বিদ্বান, কিন্তু একটা তাঁদের কাছে যে রাইটার্স বিল্ডিং-এ কোন আমলা, কোন সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারীর কাছে এ্যাসীস্টট্যান্ট তাঁরা মাথা নত করবেন না। পরিষ্কার বক্তব্য এই মাথা যদি তাঁরা করেন তাহলে আমার পক্ষে তো কিছু করা সম্ভব নয়। অধ্যক্ষ মহাশয়, আমি চাচ্ছি, পরিষ্কার পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা করতে গেলে প্রতিটি মানুষ এগিয়ে অস্থেন, বিশেষ করে এগিয়ে আসুন যাঁরা রোগীকে প্রাণ দেন, রোগীকে বাঁচান, যাঁরা পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষের স্বাস্থ্যের ভার নিয়ে আছেন তাঁরা। অধ্যক্ষ মহাশয়, আমি নিজে ডাক্তার নই, কিন্তু একটা জিনিস এই সংসদে বলে দিতে পারি আমি যেখানে ছিলাম সেখানে বিচার হত।

আমি পরিশেষে বলতেচাই আমি এখানে যতদিন আছি সুবিচার করে যাব। পশ্চিমবাংলার মানুষ, যেখানে দুর্নীতি আছে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিন, আপনারা যাঁরা এম. এল.-এ আছেন, আপনাদের বলছি, আপনারা যাদ সেই দুর্নীতি আঙ্গুল দিয়ে দেখিয়ে না দেন তাহলে আমি আপনাদেরও দোষী করব, যেখানে দুর্নীতি আছে সেখানেই চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিন, মামাই হোক আর দাদাই হোন, দুর্নীতি দেখিয়ে দিন। নইলে শুধু মিছামিছি কথাই আমরা বলে যাব, পাঁচ বছর শুধু কথা বলে যাব এবং তা যদি হয়—ঐ যে সিটগুলি খালি দেখছেন, তারাও

শুধু কথাই বলেছিল, তার জন্যই তাঁদের এই অবস্থা হয়েছে—আমাদেরও এই দশা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিশেষ অনুরোধ সারা বাংলার মানুষের কাছে, বিশেষতঃ শ্রদ্ধেয় মানুষের কাছে, অন্ততঃ দু'মাসের জন্য তাঁরা কোন ট্রান্সফারের জন্য, এঁকে ওখানে দিন ওঁকে ওখানে দিন, এই অনুরোধ রাখবেন না। কেন একথা বলছি? ধরুন কোন একজন শ্রদ্ধেয় মানুষ বললেন ওঁকে ট্রান্সফার করে ওখানে দিন। আপনারা জানেন যে ট্রান্সফার সেটা হল একটা চেইন ট্রান্সফার। একজন ডাক্তার গেলেন অন্য জায়গায়, তাঁর জায়গায় কে আসবেন, সেখানে কি অবস্থা হবে? আমাদের প্রশাসন ব্যবস্থা পরিষ্কার পরিচ্ছন্ন কি না সেটা আমি এখনও জানি না। ধরুন তিনি চলে গেলেন, সেখানে যে আর একজন ডাক্তার আসবেনই তার গ্যারান্টি কোথায়? ধরুন সেখানে কোন ডাক্তার পেলাম না। সেই অবস্থায় সেখানে একজন মা তিনি হয়ত অমনিতেই মারা যেতেন, কিন্তু ডাক্তার না থাকার ফলে মারা গেলেন, তখন এই যে অভিশাপ পড়বে, ভগবানের সেই অভিশাপে, পশ্চিমবাংলার মানুষের অভিশাপে, আমরা একদিনও টিকতে পারব না। যেখানে অবিচার দেখবেন, নিশ্চিতভাবে জানাবেন। আমি মাননীয় সভ্যদের কাছে, পশ্চিমবাংলার মানুষের কাছে এই অনুরোধ রাখছি। আমি তাদের পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই যে কাজ নিশ্চিত হবে, কোনরকম অন্যায় আমরা বরদাস্ত করব না। আমাদের মুষড়ে পড়ার কিছু নাই, কারণ পথ আমাদের গণতন্ত্র, লক্ষ্য আমাদের সমাজতন্ত্র, মন্ত্র আমাদের বন্দেমাতরম্, নেত্রী আমাদের শ্রীমতী ইন্দিরা গান্ধী আর প্রতিটি মা। জয়হিন্দ।

**শ্রীভোলানাথ সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে শুধুমাত্র দুই-একটি কথা বলছি। আজ অনেক রাতও হয়েছে। মাননীয় সদস্যদের অনেকে এখানে রাস্তার কথা বলেছেন। আমি তাঁদের এটাই জানাব যে রাস্তার অভাব সম্বন্ধে আমি সচেতন আছি, আমি নিজেও ভুক্তভোগী। আমি দাঁড়িয়েছিলাম বর্ধমানের ভাতার অঞ্চল থেকে, বর্ধমানের সুদূর পল্লীতে রাস্তা যে কি জিনিষ, সেটা আমার জানা আছে। কিন্তু অর্থ আমাদের সীমিত, সবাই জানেন, তার মধ্যে চেষ্টা করবো এবং রাস্তা যতদূর ভালভাবে করা যায় ততদূর করে যাব। সেজন্য সব আমলাদের সাহায্য যদি নিতে হয়, আপনাদের সাহায্য নিতে হয়, যে কোন লোককে সাহায্য নিতে হয়, তা নেওয়া হবে এবং যতদূর সম্ভব চেষ্টা করবো প্রত্যেক জেলায় অন্ততঃ কিছু কিছু রাস্তা যাতে হয়, যাতে আপনারা প্রত্যেকের কনষ্টিটিউয়েন্সীর লোকদের কাছে বলতে পারেন যে রাস্তার কিছু কাজ আমরা করেছি ইলেকশনের পরে।

দ্বিতীয় কথা হচ্ছে খণ্ডকোষের মাননীয় সদস্য মনোরঞ্জন প্রামাণিক মহাশয় বলেছেন, একটা পুলের কথা, সদরঘাট ব্রিজের কথা। বহুদিন ধরে বহু কথা হয়েছে। এমন কি আমি যখন বর্ধমানে গিয়েছিলাম সেখানেও আমি প্রশ্ন করেছি, সেজন্য কিছু খবর সংগ্রহ করেছি। সে সম্বন্ধে আমি একটু বলতে চাই। এটা ইংরাজীতে লেখা আছে, আমি একটু পড়ে দিচ্ছি, সময় বেশী লাগবে না।

"Construction of a bridge over the river Damodar at Sadarghat has been under active consideration of Government for quite some time past. Reports indicate that the proposal was mooted as far back as in the year 1935 when foundation-stone was laid by the then Governor of West Bengal, Shri John Anderson.

Planned road development started with the commencement of the First Five-Year Plan in 1951. During the first three plans, stress was laid on construction of Trunk Road, District Road, roads in the border areas and a number of arterial roads with a view to making available for the use of community as

many miles of roads as possible within available funds. The idea was to bridge the gaps at river crossing gradually after a broad net work of roads was laid.

[ 9-40—9-50 p.m. ]

In the outline of the Fourth Plan the State Government made a provision for construction of 14 major bridges at a total cost estimate of Rs. 6 crores within an expected plan outlay of Rs. 42 crores. A bridge over the Damodar at Sadarghat was one amongst those 14 bridges and high priority was assigned to the scheme. The Fourth Plan allocation for road development has, however, been slashed down to Rs. 14.52 crores. As a result, the scope for taking up new road and bridge schemes has been severely restricted almost the entire allocation being required for the continuing schemes of the previous plan The Sadarghat Bridge which is estimated to cost about Rs. 1·50 crores has been left out of the 4th plan. It is possible to construct this big bridge out of the depleted plan fund. Incidentally, it may be mentioned that the demand for this bridge has been persistent. So this Government is now examining the question of approaching the Union Government for Central assistance out of its scheme for development of roads of inter-State or economic importance according to its revised pattern of hundred per cent loan assistance.

আমি আপনাদের একথা বলে দিতে চাই যে এ সম্বন্ধে চেষ্টা চলছে এবং চলবে, আপনারা ব্যস্ত হবেন না। আমি সদরঘাটের অবস্থা জানি। (একজন মাননীয় সদস্য : ৪০ বছর পূর্ণ হোক) আমরা তার আগেই চেষ্টা করব যাতে কিছু করা যায়। এর আগে চেষ্টা কিছু হয় নি। গভর্ণমেণ্টের একটা প্ল্যান আছে যাকে বলে .. ..... ..

I am conscious that there is economic importance with regard to this bridge and I shall take up this matter, if possible, with the appropriate authorities for the purpose of obtaining the loan, if necessary, and for the purpose, if necessary, of creating a bridge on toll basis, and I hope to be able to succeed at least before the five-year term expires. Thank you, Sir.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাত্রি অনেক হয়েছে, তাই আমি আমার বক্তব্য যত সংক্ষিপ্ত করতে পারব তার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা আমাদের সকলেরই স্বীকার করতে হবে যে, আজকে যে বিধানসভার কাছে আমরা আমাদের বক্তব্য রাখছি সেটা একটি প্রাণবন্ত এবং জীবন্ত বিধানসভা। রাত্রি পৌনে দশটা পর্য্যন্ত একের পর এক মাননীয় সদস্য বক্তৃতা করেছেন, রাজ্যপালের ভাষণের উপর আমাকে নিয়ে ১১৯ জন বক্তা বক্তৃতা দিয়েছেন এবং আজকে ৪৫ জন মাননীয় সদস্য তাঁদের বিভিন্ন বক্তব্য এই বিধানসভায় রেখেছেন। আজকে আমাদের এই বিধানসভা যে প্রাণবন্ত এবং জীবন্ত তার কারণ হচ্ছে এখানে অনেক যুবকভাই এসেছেন। তাঁরা এসে দেখিয়ে দিয়েছেন ঘণ্টার পর ঘণ্টা কিভাবে আমরা কাজ করতে পারি। আজকে দেখছি ৯টা বাজতে না বাজতে সকলের ঘুম পাচ্ছে না এবং এমন কি বিশ্বনাথবাবুকেও দেখছি নূতন করে যুবক হয়েছেন। এটি একটি শুভ লক্ষণ। আমি অনেকের বক্তৃতা এখানে বসে শুনেছি এবং অনেকের বক্তৃতা আমার ঘরে বসে লাউড স্পীকারের মাধ্যমে শুনেছি। আমি আপনার কাছে ক্ষমা প্রার্থণা করছি কারণ সব সময় আমি এখানে থাকতে পারিনি কাজের তাড়নায়। আমি প্রত্যেকের বক্তৃতা শোনার চেষ্টা করছি এবং দেখেছি এই সমস্ত বক্তৃতাতে যে সমস্যাগুলি রাখা হয়েছে সেগুলি অত্যন্ত জরুরী সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় এখানে নেই। আমি তাঁকে অনুসরণ করে হিসেব দিচ্ছি না—আমি মনে মনে একটা হিসেব করছিলাম যে, যে সমস্ত ন্যূনতম দাবী রাখা হয়েছে সেগুলি যদি এক বছরে করা যায় তাহলে এক হাজার কোটি টাকা লাগে।

কারণ পশ্চিমবঙ্গের সমস্ত মহকুমারই সমস্যাগুলো তুলে রাখা হয়েছে, একদিক থেকে ভালই হয়েছে, আমরা সকলে জানতে পারলাম যে প্রত্যেক মহকুমাতে কি কি সমস্যা আছে এবং সেই সমস্যা সম্বন্ধে আমাদের নিশ্চয়ই চিন্তা করতে হবে। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, তিনি এই সভায় এখন নেই। তিনি আমাদের শুনিয়ে দিয়েছেন, সতর্ক করে দিয়েছেন, যে তিনি গ্রামবাংলায় ঘুরে ঘুরে দেখেছেন, কি ভয়ানক দুর্দ্দশা, তিনি দেখেছেন ত মানুষের জীবন সমস্যায় পরিপূর্ণ। তিনি পাঁচশ মাইল হেঁটেছেন তেত্রিশ দিনে এবং সেই তেত্রিশ দিনে দেখেছেন সেই মানুষের কি দুর্দ্দশা। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এখানে নেই, থাকলে বলতাম কুড়ি বছরে যেটা করতে পারলেন না, আমরা কি কুড়ি দিনে এই সমস্যার সমাধান করে দেবো? আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি পশ্চিমবাংলার সমস্যা এত হয়ে থাকে, আজ যদি পশ্চিমবাংলার অবস্থা এত গুরুত্বপূর্ণ হয়ে থাকে, তারজন্য কুড়ি বছর ধরে যাঁরা শাসন করলেন, তাঁদের কি এই বিষয়ে সামান্য দায়িত্বও নেই? আজকে তাই প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে বলবো—তাঁকে আমি নিশ্চয়ই ভক্তি করি, শ্রদ্ধা করি, কিন্তু আশা করি স্মরণ রাখবেন যে তিনিও মন্ত্রী ছিলেন কুড়ি বছর ধরে এই পশ্চিম-বাংলার এবং তাঁর আমলেও অনেক সমস্যার সমাধান হয় নি। আমরা অবশ্য চেষ্টা করলে—আমি বলছি না যে সমস্যা নেই তিনি যা বলেছেন ঠিক কথা, সমস্যা আছে কিন্তু সেইগুলো সমাধান করতে হবে। তিনি আরও বললেন যে গণতন্ত্রকে বাঁচিয়ে রাখার দরকার, তিনি জানেন যে, তাঁর বক্তৃতাটা আমার কাছে আছে—সংসদীয় গণতন্ত্রে বিরোধীদলের আবশ্যকতা নিশ্চয়ই আছে, যে-সমস্ত দেশে সংসদীয় গণতন্ত্র সার্থক হয়েছে সেখানে মূলতঃ দু'টি দল থাকে সমান সমান। তিনি বললেন যে বিরোধী দলকে শ্রদ্ধা করতে হবে, সম্মান দেখাতে হবে, ভক্তি করতে হবে। আমরা বিরোধী দলকে শ্রদ্ধা দেখাতে চেয়েছিলাম, বিরোধীদলের যে স্থান পাওয়া উচিত, যে অধিকার পাওয়া উচিত সেটা দিতে চেয়েছিলাম। আমরা প্রস্তাব করেছিলাম যে শ্রদ্ধেয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় Public Accounts Committee-র Chairman হোন, কালকে পর্য্যন্ত আমি এই কথা বলেছি, কিন্তু দুঃখের বিষয় তিনি সেটা হতে রাজী হলেন না। আজকে তাঁরা বলেছেন যে তিনি chairman হবেন না। বিরোধী দলের একজন মাননীয় সদস্য হওয়া সত্ত্বেও তিনি যদি আমাদের সঙ্গে Co-operation না করেন তবে কি করে তিনি সঙ্গে সঙ্গে বলতে পারেন যে বিরোধী দলকে আমরা কোন সম্মান দিচ্ছি না? বিরোধী দলকে আমরা নিশ্চয়ই সম্মান দেখাবো, বিরোধী দলের যে অধিকার আছে সেই অধিকার অক্ষুণ্ণ থাকবে, এই বিষয়ে কারোর কোন ভয় পাবার কারণ নেই। যে কুড়ি জন সদস্য বামপন্থী ফ্রন্টে ছিলেন তাঁদের বলেছিলাম House-এ আসুন—আর বলবো না ত। তাঁরা বিবেচনা করবেন, তাঁরা আসেন নি তারজন্য আমরা দুঃখিত, কিন্তু আমরা তারজন্য অসহায় বোধ করছি না। তাঁদের ছাড়াই আমরা চলতে পারবো, এবং বেশ ভালভাবে চলবো, এই বিষয়ে কোন সন্দেহ নাই। মাননীয় প্রদ্যোৎ মহান্তি মহাশয়, তিনি প্রথমে বিরোধিতা করেছিলেন, যে প্রস্তাবটা আলোচিত হচ্ছে, তার সম্বন্ধে তিনি বললেন যে আমরা মারাত্মক ভুল করেছি। ইন্দিরা গান্ধীর নাম কেন রাজ্যপালের বক্তৃতায় উল্লেখ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মনে করি ভারতবর্ষের মানুষ মনে করে যে শ্রীমতী গান্ধী ভারতবর্ষকে বলিষ্ঠ নেতৃত্ব দিয়েছেন, ভারতবর্ষের লোক মনে করে, পশ্চিমবঙ্গের লোক মনে করে যে শ্রীমতী গান্ধী একটা নূতন পথে দেশকে নিয়ে যাবার জন্য মানুষকে আহ্বান জানিয়েছেন। তাই তার নাম করায় রাজ্যপালের কি দোষ হলো সেটা আমি ঠিক বুঝতে পারছি না। কংগ্রেস সংগঠন দলের সদস্যদের কাছে ইন্দিরা গান্ধীর নাম করলে, তাঁরা যেন কেমন করতে আরম্ভ করেন। আমি জানি না কেন এই রকম করেন। তাঁরা আরও বললেন যে কারচুপি করা হয়েছে নির্বাচনে, প্রফুল্লচন্দ্র সেন মহাশয়

বললেন চল্লিশ/পঞ্চাশটি কেন্দ্রে হয়েছে, দুশোটি কেন্দ্রে হয়েছে, সেটা বাজে কথা সে সম্বন্ধে আমার বন্ধু অজিত পাঁজা একটু আগে বলেছেন, এতো অনুসন্ধান হতে পারে, এর তদন্ত হতে পারে যদি হাইকোর্টে মামলা করা হয়। অজিত পাঁজা মহাশয় যেমন মামলা করেছেন, আমিও তেমনি মামলা করেছি, আমার স্মরণ আছে এই সভাতে শ্রীসুধীর রায় চৌধুরী মহাশয় এবং কংগ্রেসের নির্মল দে পরাজিত হয়েছেন, তিনি মামলা করেছিলেন এবং মামলায় জয়লাভ করেছিলেন এবং তারপর সুধীর রায় চৌধুরী মহাশয় এখানে সদস্য হয়ে এসেছিলেন উপনির্বাচনে। আর একটা মামলা করে ছিলাম আমার স্মরণ আছে। বলাই দাস মহাপাত্র বলে একজন সদস্য ছিলেন, ত্রৈলোক্য নাথ প্রধান জয়ী হয়েছিলেন—বলাই দাস মহাপাত্র P. S. P. ছিলেন এবং মামলায় জয়ী হয়েছিলেন বলে ত্রৈলক্য নাথ প্রধান মহাশয়ের নিবাচন বাতিল, হয়ে গিয়েছিল শুধু তাই নয়,

[ 9-50—10-00 p-m. ]

সেই নির্বাচনী মামলার রায় বেরুল, বলাইলাল দাস মহাপাত্রকে নির্বাচিত বলে ঘোষণা করে। এই রকম আরো অনেক নজীর আছে। প্রত্যেক প্রদেশে এই নির্বাচনী মামলা হয়েছে, শুধুমাত্র এই ভারতবর্ষেই নয়, ইংল্যাণ্ডেও হয়েছে, প্রত্যেক দেশে হয়েছে। নির্বাচনী মামলা হয়, যেখানে যেখানে ভুল হয়ে থাকে। আমি বলছি না ভুল হয়েছে, আমি বলছি না হয়েছে। তবে এই সম্পর্কিত মামলার জন্য হাইকোর্টের দরজা খোলা আছে, একটা পদ্ধতি খোলা আছে। হাইকোর্টে বিচারপতি প্রয়োজন হলে এ ব্যাপারে তদন্ত করবেন। এতে আপত্তির কিছু থাকতে পারে না। এ অন্যায় হতে পারে না। কে দোষী তার বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য হাইকোর্টে ব্যবস্থা আছে। সেই সুযোগ তাঁরা না নিয়ে শুধু কারচুপি হয়েছে বলে চীৎকার করলে কোন ফল কিছু হবে না। তাঁরা প্রকৃতপক্ষে চান না যে কোন তদন্ত হোক্। কেবল মানুষকে বিভ্রান্ত করবার জন্য ঐ চীৎকার তাঁরা করছে। সেই বিভ্রান্ত করবার ইচ্ছা তাঁদের আছে—তাছাড়া আর কিছু নাই।

মাননীয় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন আর একটা তথ্য বের করেছেন, সি.পি. আই গণতন্ত্র মানে না, ভাল কথা! কিন্তু তাঁর বক্তৃতা দেখে মনে হচ্ছে, একদিক বলছেন সি.পি. আই. গণতন্ত্র মানে না, আবার অন্যদিকে indirectly মেনে নিয়েছেন, সি. পি. আই. গণতন্ত্র মানে। তাঁর বক্তৃতা পড়ে দেখেছি জ্যোতিবাবু বাইরে যা বলছেন, উনি বিধান সভার ভেতরে এসে জ্যোতিবাবুরই বক্তব্য এখানে রেখে গেলেন। এ যেন বাইবেলের একটা ভয়েস শুনছি, গলা হয়ত প্রফুল্ল সেন মশায়ের, কিন্তু বক্তব্য, হাত জ্যোতিবাবুর। যা হয়েছে, ভালই হয়েছে। তারজন্য প্রফুল্ল সেন মহাশয়কে কোনরকম ভক্তি করছি না, শ্রদ্ধা করছি না, তা মোটেই নয়। তিনি তাঁর বক্তব্য রেখেছেন আমরা শুনেছি। যদি মনে হয় ভুল আছে, তাঁরা চেষ্টা করবেন বক্তব্যের মাধ্যমে। ওঁরা ভুল করতে পারেন, আমরাও ভুল করতে পারি। জনসাধারণ বিচার করবেন, কে বা কারা আসলে ভুল করেছে।

আজ যে সমস্ত সমস্যার কথা মাননীয় সদস্যদের বক্তৃতার মাধ্যমে এখানে উত্থাপিত হয়েছে, তার প্রত্যেকটি সম্বন্ধে আমি এখন বলবো না। তবে ও সম্বন্ধে সাধারণভাবে আমি মনে করি দু-চারটি কথা বলার দরকার আছে। যে সমস্ত যুবককে মিসা বা P.V.A.-তে আটক করা হয়েছে, তাদের সম্বন্ধে কোন কোন মাননীয় সদস্য, এখানে বক্তব্য রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মোটেই ভাল লাগছে না ১৭ বছর, ১৮, ২০, ২২, ২৪, ২৫ বছর বয়সের ছেলেদের ধরে জেলে আটকে রাখি। কেউ তা পছন্দ করতে পারে না। আমিও চাচ্ছি না—তাদের জেলে আটকে রাখি। যতটুকু সম্ভব আমি তাদের ছেড়ে দিতে চাই। তাই প্রত্যেক ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট্

এখন খুব চেষ্টা করছেন যে সমস্ত যুবক ছাত্র যাঁরা আছেন জেলে—তাদের পিতা-মাতা অভিভাবক-দের সঙ্গে কথাবার্তা বলতে। তাঁরা যদি গ্যারাণ্টী দেন, তাঁরা যদি বলেন আমার পুত্রের বা আমার ওয়ার্ডের দায়িত্ব আমরা নিচ্ছি, আমরা তাদের সম্বন্ধে আণ্ডারটেকিং দিচ্ছি যে তারা সদ্ভাবে সৎপথে চলবে, আর হিংসার রাজনীতি অবলম্বন করবে না, বোমা পিস্তলের পথ অনুসরণ করবে না, ইতিমধ্যে কেউ কেউ এমন গ্যারাণ্টী দিচ্ছেন, তাদের আমরা ছেড়ে দিয়েছি—, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের সুপারিশক্রমে আমি ছেড়ে দিয়েছি তাঁদের। কিন্তু যাদের মিসা বা পি-ভি-এতে ধরা হয়েছে যাদের বিরুদ্ধে ওয়াগন ভাঙ্গার, কপারের তার কাটার, টেলিফোনের তার কাটার অভিযোগ ইত্যাদি আছে, যারা anti-social কাজকর্ম করেছে, তাদের ছাড়বার প্রশ্ন উঠতে পারে না, তারা যে কাজ করেছে তা সমাজ বিরোধী কাজ, তাদের সে কাজ দেশের স্বার্থের বিরুদ্ধে কাজ; তাদের কোনমতেই ক্ষমা করা যেতে পারে না।

যে সমস্ত যুবক বিভ্রান্ত হওয়ার ফলে বিপথে গিয়েছে, তাদের সৎপথে নিয়ে আসবার জন্য নিশ্চয়ই আমরা চেষ্টা করব। কিন্তু যারা ফল জেনে শুনে গুণ্ডামী করেছে, ওযাগান ব্রেকারস,থিভস, রিসিভার অফ স্টোলেন প্রপাটিজ ইত্যাদি তাদের সম্বন্ধে এখানে কোন প্রশ্ন ওঠে না। আর একটা গুরুতর সমস্যার কথা যেটা রাখা হয়েছে, সেটা হচ্ছে বেকার সমস্যা। এই বেকার সমস্যা নিয়ে আমরা সকলে অত্যন্ত চিন্তিত। আমাদের যে সকল সরকারী সংগঠন আছে সেই সংগঠনের সূত্রে যাতে চাকুরী মানুষকে দেওয়া যেতে পারে চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের প্রায় সাড়ে বারো হাজার কর্মী আছে যারা শিবির কর্মী বলে পরিচিত। যে শরণার্থী ভাইরা এসেছিলেন বাংলাদেশ থেকে তাদের সেবা করার জন্য এরা নিযুক্ত হয়েছিল। এখন শরণার্থী ভাইরা চলে গিয়েছে এইটা খুব সুখের বিষয়, কিন্তু এই সাড়ে বারো হাজার শিবির কর্মীর একটা ব্যবস্থা করতে হবে। আমরা ৩১শে মে পর্যন্ত তাদের চাকুরীর মেয়াদ বাড়িয়ে দিয়েছি কিন্তু তারপর তাদের একটা ব্যবস্থা করতে হবে। তাই আমি এই সিদ্ধান্ত নিয়েছি যে, সরকারের যত চাকুরী খালি হবে, সর্বপ্রথমে আমরা তাদের চাকুরী দেব, এই সাড়ে বারো হাজার ভাইদের যারা শিবির কর্মী বলে পরিচিত। আর যারা সেনসাস এমপ্লয়ী ছিলেন তাঁদেরও চাকুরী চলে গিয়েছে, সেনসাস অপারেশান শেষ হয়ে গিয়েছে, তাঁদেরও চাকুরী দিতে হবে। তাই যেখানে যেখানে চাকুরী খালি হবে সেখানে সেখানে তাদের নিযুক্ত করা হবে। এই যে শিবির কর্মচারী-দের দু'মাস একসটেনসান দেওয়া হল এর জন্য সরকারের একুশ লক্ষ টাকা মাসে খরচ হবে, এই খরচটা যত কমে ততই ভাল। তাই যেমন যেমন চাকুরী খালি হবে শিবির কর্মচারী ভাইদের এবং সেনসাস এমপ্লয়ীদের প্রথমে আমরা প্রায়োরিটি দেবো। কিন্তু এতে দু-একটা হয়ত এক্সেপশন থাকবে যেমন আজকে মালদার ডিসট্রিক্ট মেজিসট্রেট এর কাছ থেকে টেলিগ্রাম এসেছে যে সেখানে একজন নিম্নতম সরকারী কর্মচারী হঠাৎ হাটফেল করে মারা গিয়েছে। তার পরিবারে একটিমাত্র পুত্র ছাড়া উপযুক্ত আর কেউ নেই, এই পরিবারের জন্য কি করা যায়, তারা না খেয়ে মারা যাবে। এই রকম ওয়ান পারসেণ্ট, টু পারসেণ্ট হয়ত একসেপশন হতে পারে। শিবির কর্মচারী বা সেনসাস এমপ্লয়ীদের কিন্তু এতেই হবে না, অন্য যায়গায় চাকুরী দিতে হবে, বন্ধ কলকারখানা খুলতে হবে। আপনি জানেন যে, আমাদের শ্রমমন্ত্রী কতগুলি কারখানা খুলে দিয়েছেন। আবার অন্যদিকে আমাদের ইনডাসট্রিয়াল ডেভেলপমেণ্ট, তারও চেষ্টা করতে হবে। এবং এখানে খানিকটা আশার সংবাদ আছে, খানিক আশাপ্রদ ঘটনা ঘটে গিয়েছে, যেটা আপনার মাধ্যমে জানিয়ে দিচ্ছি। গত সাড়ে তিন মাসের ভিতর গত ডিসেম্বর মাসের পর থেকে টোটাল এ্যামাউণ্ট

অফ ইনভেস্টমেণ্ট পশ্চিমবাংলা করতে যাচ্ছে নিউ ইনডাসট্রিয়াল ইউনিটগুলিতে ১০ কোটি ৬৪ লক্ষ টাকা এবং টোটাল নাম্বার অফ রিকোয়েস্টস রিসিভ ফ্রম ইনটেনডিং ইনভেসটরস বাই দি ইনডাসট্রিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশন হচ্ছে ২১। আমাদের যিনি বাণিজ্য মন্ত্রী আছেন শিল্প বাণিজ্য মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ মহাশয়, তিনি এইগুলি ভাল করে দেখছেন এবং তিনি সমস্ত চেম্বার অফ কর্মাসএর কাছে পত্র দিয়েছেন এবং তাদের সংগে আলোচনা করছেন কিভাবে আমাদের এখানে আরও কালকারখানা খোলা যায়। কেবল যে পুরানো কল-কারখানা খুলতে হবে তাই নয় নতুন কলকারখানা খুলতে হবে। হলদিয়া প্রকল্প আছে, দুর্গাপুর আছে, দুর্গাপুরের উৎপাদন বাড়াবার একটা প্রস্তাব আছে। অতএব এগুলি যাতে কার্যকরী করা হয় সেদিকে আমাদের দৃষ্টি থাকবে। তবে একটা কথা মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে বলতে চাই যে, আমাদের সমাজের যে পরিবর্তন আসছে, এবং সেই পরিবর্তন আনতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। সমাজে যে বিপ্লব আমরা আনতে যাচ্ছি, নতুন সমাজ যা গড়তে যাচ্ছি সেই সমাজে এই চাকুরী বাকুরীর ব্যাপারটা, এমপ্লয়মেণ্টের যে কনসেপ্ট সেটা আমাদের বদলে দিতে হবে।

[ 10—10-18 p.m. ]

কেবলমাত্র কলমে লেখার কেরানীর চাকুরী আগে যেমন হোত সেই রকম হতে পারবে না, কেবল কেরানীর চাকুরী যদি দিতে হয় তাহলে আমরা কোন দিনই বেকার সমস্যার সমাধান করতে পারবো না সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা যে নূতন সমাজ করতে চাচ্ছি সেখানে যারা হাতে কাজ করে তাদের বসাতে হবে সেখানে তাদের যোগ্য সম্মান যোগ্য স্থান বা অধিকার দিতে হবে। আমি হাওড়া ব্রীজ সম্বন্ধে কিছুক্ষণ পরেই বলবো। সেখানে যেসব আণ্ডারগ্রাউণ্ড বা যে সমস্ত ইঞ্জিনিয়ারিং কাজ আরম্ভ হবে তাদের সেখানে কাজ দিতে হবে। আজকে এমপ্লয়মেণ্ট কনসেপ্ট বদলাতে হবে। সেখানে আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক সদস্যর কাছে সাহায্য চাইবো। এবং আমার কতকগুলি আইডিয়া আছে সেগুলি আমি আমার মন্ত্রিসভার কাছে রাখবো এবং আমি যা করতে চাই তাতে তারা যদি ঠিকমত খাটতে পারে তাহলে নিশ্চয় উন্নতি হবে। আমাদের গভর্ণমেণ্ট এমপ্লয়া রাইটার্স বিলডিংসে যাঁরা কাজ করেন তাঁদের জন্য যে রকম মিডল ক্লাস হাউসিং স্কীম আছে ঠিক সেই রকম যাঁরা হাতে কাজ করবেন, এই হাওড়া ব্রীজ তৈরী করবেন, আণ্ডারগ্রাউণ্ডে কাজ করবেন, তাঁদেরও সেইরকম সম্মান-সুযোগ দিয়ে সেইরকম ব্যবস্থা তাঁদের জন্যও করতে হবে। আজকে হাতে কাজ করাটা অত্যন্ত যে প্রয়োজন সেটা আমাদের প্রত্যেককেই পরিষ্কারভাবে বুঝিয়ে দিতে হবে। তারজন্য আমাদের সমাজে যে পরিবর্তন আনা দরকার সেই পরিবর্তন আনতে হবে। তা না হলে সমাজতন্ত্র দেশে আসবে না। এবং আমরা যে সমাজে বিপ্লব আনতে চাচ্ছি সে বিপ্লব আনতে পারবো না—বেকার সমস্যার সমাধান তো করতেই পারবো না। লক্ষ লক্ষ মানুষ বেকার হয়েছে, সেই বেকারত্বের গ্লানি আমরা কোন দিন মুছে দিতে পারবো না। যদি বলি ক্লার্ক এ্যাপয়েণ্ট করবো, তারা অফিসে বসে টেবিলে বসে কাজ করবে—তাদের কাজ দিতে হবে—তা আমরা দিতে পারবো না। অন্য চাকুরীর দিকে যেতে হবে—কনসেপ্ট বদলাতে হবে। তারজন্য আমি প্রত্যেকটি সদস্যের সমর্থন ও সাহায্য চাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া ব্রীজ সম্বন্ধে সোমনাথবাবু কতকগুলি কথা বলেছেন। এই হাওড়া ব্রীজ সম্বন্ধে দুই পক্ষের অনেক কথা বলার আছে। এক পক্ষ বলছেন—ইঞ্জিনিয়ারিং প্রজেক্ট অব ইণ্ডিয়া যেটা পাবলিক সেক্টর আণ্ডারটেকিং তাদেরকে কনট্রাক্ট দেওয়া

উচিত। আর এক পক্ষ বলছেন ভাগীরথী ব্রীজ কনট্রাকসন প্রাইভেট লিমিটেড তাদেরকে দেওয়া উচিত। ইঞ্জিনিয়ারিং প্রজেক্ট অব ইণ্ডিয়া হচ্ছে পাবলিক সেক্টর কনসার্ণ গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া আণ্ডারটেকিং আর ভাগীরথী ব্রীজ কনট্রাকসন প্রাইভেট লিমিটেড এটা হচ্ছে কনসটিয়াম যাতে আছে ব্রেথওয়েট জেশপ এণ্ড বার্ণ। আপনারা জানেন যে ব্রেথওয়েট ও জেশপ সরকারী পরিচালনায় চালিত এবং আপনি জানেন স্যার, এদেব কারখানাগুলি সবই পশ্চিমবাংলায়। আমরা এ বিষয়ে জানতে পেরেছি মন্ত্রিসভা গঠনের পর ফাইল দেখে যা আমি আপমার মাধ্যমে সদস্যদের সামনে রাখছি যে তিনটি জিনিসের উপর ভিত্তি করে পশ্চিমবঙ্গ সরকার তথা গভর্ণর সিদ্ধান্ত নিয়েছেন। একটি হচ্ছে Reliable and tested type of construction, ২নং হচ্ছে maximum utilisation of local resources and man power এবং৩নং হচ্ছে minimum cost and foreign exchange commitment. এই তিনটির উপব ভিত্তি করে তিনি সিদ্ধান্ত রাখতে গিয়ে দেখেছেন যে ব্রীজ কনট্রাক্ট Bhagirathi Bridge Construction –কে দেওয়া উচিত। তারা চাচ্ছে রিভিটেড ব্রীজ কবতে হাওড়া ব্রীজ যে রকম আছে। আর Enginering Project of India তারা চাচ্ছে করতে ওয়েলডেড ব্রীজ করতে। এখন ওয়েলডেড ব্রীজ ভারতবর্ষের কোথায়ও নেই—এখানে যদি করে তাহলে এটা হবে প্রথম— আর রিভিটেড ব্রীজ চতুর্দিকে আছে। তার জন্য ক্যালকাটা পোর্ট কমিশনার্সের মতামত চাওয়া হয়েছিল এবং ঐ ক্যালকাটা পোর্ট কমিশনার্সের technical and administrative personnel তাঁরা বলেছেন যে রিভিটেড ব্রীজ হওয়া উচিত। ভাগীরথী ব্রীজ কনস্ট্রাকসন কোম্পানীর মাধ্যমে এটা হওয়া উচিত এবং তারপরেও রেলওয়ে ইঞ্জিনিয়ারদের ওপিনিয়ন চাওয়া হয়েছিল। কেন না, তাঁরা ভারতবর্ষের অনেক ব্রীজ তৈরী করেছেন এবং তাঁরা বলেছেন রিভেটেড ব্রীজ করা উচিত, অন্য ব্রীজ করা উচিত নয়। তারই জন্য এই রিলায়বেল এণ্ড টেষ্টেড টাইপ অব কনসট্রাকসন-এর পরীক্ষা হয়েছে এবং এই রিলায়বেল এণ্ড টেষ্টেড টাইপ অব কনস্টাকসনেনর পরীক্ষা থেকে দেখা যাচ্ছে যে রিভেটেড ব্রীজ এখানে করলেই ভাল হয, ওয়েলডেড ব্রীজ করা উচিত নয। তাবপব ম্যাকসিমাম ইউটিলাইজেসন অব লোকাল রিসোর্সেস এণ্ড ম্যান পাওয়ার, এতে দেখা যাচ্ছে যে রিভেটেড ব্রীজ কবলে ভাগীরথী ব্রীজ কনষ্ট্রাকসন কোম্পানীর যতগুলি কনসটিটিউয়েন্টস আছে তার বেশীরভাগ কারখানাই এখানে অবস্থিত। তাই ওরা ব্রীজ করলে এখানকার যথেষ্ট সংখ্যক মানুষ চাকুরী পাবে. যদি অন্য কোম্পানী অর্থাৎ ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস অব ইণ্ডিয়া করে তাহলে এখানকার মানুষ যথেষ্ট সংখ্যায় চাকুরী পাবে না। তৃতীয়তঃ যদি ইঞ্জিনিযারিং প্রোজেক্টস অব ইণ্ডিয়া এই ব্রীজ করে তাহলে দেখা যাচ্ছে High tensile steel of rivettable quality is on the production schedule in India. This will mean a saving in foreign exchange to the tune of 2 09 Cores. Otherwise we would be required to import 10 thousand tonnes of weldable quantity of high tensile steel অন দি টোটাল কষ্ট এই রিভিটেবল ব্রীজ করার জন্য দেখা যাচ্ছে ৩ কোটি ১১লক্ষ টাকা ফরেন এক্সচেঞ্জ আমাদের বাঁচবে। এখন রিভিটেড ব্রীজ করার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং ভাগীরথী ব্রীজ কনসষ্ট্রাকসন প্রাইভেট লিমিটেড এই ব্রীজ করবে এবং তার টোটাল কনট্রাক্ট প্রাইস হচ্ছে ১৬কেটি ৭লক্ষ টাকা, আর কনষ্ট্রাকসন অব এ্যাপ্রোচ রোড-এর ইণ্টারচেঞ্জ করা হয়েছে সেটা করবে ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস অব ইণ্ডিয়া এবং তাদের কনট্রাক্টের মূল্য হচ্ছে ১২ কোটি ২২ লক্ষ টাকা। অর্থাৎ এই ব্রীজ করবে ভাগীরথী ব্রীজ কনসস্ট্রাকসন ঐ কোম্পানী, আর রাস্তা, এ্যাপ্রোচ রোড ইত্যাদি অন্যান্য কাজগুলি করবে ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস অব ইণ্ডিয়া এবং এই দুইটি কোম্পানীর হাতে কাজ করার দায়িত্ব দেওয়া হয়েছে। তিনটি কারণে এই ভাগীরথী ব্রীজ কনসষ্ট্রাকসন কোম্পানীকে সরকার ঠিক করেছিলেন আমরা আসার পূর্বেই। তিনটির এক

নম্বর হল রিভেটেড ব্রীজ হওয়া উচিত এবং এতে পোর্ট কমিশনারস, রেলওয়ে ইঞ্জিনিয়ারসরাও মত দিয়েছেন যে রিভেটিড ব্রীজ ছাড়া ছাড়া অন্য কোন ব্রীজ হওয়া উচিত নয়। তু' নম্বর হচ্ছে এতে খরচ কম হবে এবং বৈদেশিক মুদ্রাও অনেক বাঁচবে। তৃতীয় নম্বর হচ্ছে পশ্চিমবাংলার ছেলেরা অনেক বেশী পরিমাণে চাকুরী পাবে যদি রিভেটেড ব্রীজ হয়। কারণ বার্ণ পেয়েট এণ্ড জেসপ এই তিনটি কোম্পানীর কারখানা পশ্চিমবাংলাতেই আছে। মাননীয় বন্ধু সোমনাথ লাহিড়ী মহাশয় এখানে নেই, আশা করি তিনি এটা মেনে নেবেন যে এই তিনটি ঠিক সঙ্গত কারণেই এদের কণ্ট্রাক্ট দেওয়া হয়েছে। আমি একটি কথা এখানে বলব যে মতামত দুটি থাকতে পারে কিন্তু অভিযোগ থাকা উচিত নয়, যদি সত্যি সত্যিই কোন দুর্নীতি না থেকে থাকে। এখানে গভর্ণর সিদ্ধান্ত নিয়েছেন, মুখ্য সচিব সিদ্ধান্ত নিয়েছেন, কাজেই দুর্নীতির আর কোন প্রশ্নই আসে না। কারণ, একদিকে পাবলিক সেকটর কোম্পানী, ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস অব ইণ্ডিয়া আর অন্য দিকে আছে ভাগীরথী ব্রীজ কনসট্রাকসন কোম্পানী এবং যার বেশীরভাগ কাজই করছে ব্রেথওয়েট, জেসপ কোম্পানী। কাজেই এই পাবলিক সেকটর আর পাবলিক সেকটরের মধ্যে যেখানে মারামারি হচ্ছে সেখানে দুর্নীতির কোন প্রশ্নই আসে না। তাছাড়া ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস অব ইণ্ডিয়া একটি পাবলিক সেকটর কোম্পানীও বটে এবং তার যে সমস্ত যেন সাব কণ্ট্রাকটর আছে তার মধ্যে বেশীর ভাগই হচ্ছে পাবলিক সেকটর কোম্পানী যেমন এলকিন্স কোম্পানী। মতামত হয়ত আমাদের আলাদা হতে পারে, কিন্তু তু'দিক থেকে সোমনাথবাবু হয়ত নিশ্চয়ই চেষ্টা করেছিলেন যে পশ্চিমবঙ্গের যাতে কিছু সুবিধা হয় সেটা দেখতে এবং আমরাও পশ্চিমবঙ্গের মানুষের যাতে কিছু সুবিধা হয়, বেশী চাকুরী-বাকুরী পায় সেইজন্য দেখছি। কাজেই এখানে বিরোধের কিছু নেই। আমরা দেখছি রিভেটেড ব্রীজ হচ্ছে হাওড়া ব্রীজ এবং টেষ্ট অব টাইম সেটা স্যাটিসফাই করেছে আমাদের এবং তারজন্যই রিভেটেড ব্রীজ দরকার। তারপরে আমরা দেখছি এতে আমাদের তিন কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ বাঁচবে যদি রিভিটেড ব্রীজ হয়। তাই আমরা বলছি রিভেটেড ব্রীজই হোক। তাই পাবলিক সেকটর আণ্ডারটেকিং যেটা সেটা হচ্ছে এ্যাপ্রোচ রোড এবং অন্যান্য ইণ্টারচেঞ্জের কাজ। রাজ্যপালের ভাষণের মধ্যে স্ট্রাইক আর লক-আউট মরেটোরিয়ামের যে কথা ছিল সে সম্বন্ধে বিশ্বনাথবাবু একটি কথা বলেছেন। আমি শুধু এইটুকু পরিষ্কার করে দিতে চাই যে তিনি হয়ত ভুল বুঝেছেন—আমরা ষ্ট্রাইক বে-আইনী ঘোষণা করতে চাচ্ছি না এবং এ সম্বন্ধে আমরা কোন আইন আনতে চাচ্ছি না যাতে ষ্ট্রাইক বে-আইনী ঘোষণা করা হয়। পশ্চিমবঙ্গের বর্তমান অর্থ নৈতিক অবস্থার কথা বিবেচনা করে আমরা শুধু শ্রমিক ভাই এবং মালিকদের কাছে আবেদন করতে চাচ্ছি যে ষ্ট্রাইক, লক-আউট অন্ততঃ ২।৩ বছরের জন্য মরেটোরিয়াম করুন। এই আবেদন আমাদের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী করেছেন এবং সেইজন্য আমরা আমাদের রাজ্যপালের ভাষণের মাধ্যমে করতে চাইছি পশ্চিমবঙ্গের শ্রমিকভাই, মালিকদের কাছে। এতে এক মুহূর্তের জন্যও আমরা শ্রমিকদের স্বার্থ খর্ব করতে চাই নি এবং আমরা দাবী করতে চাইনি যে ষ্ট্রাইক একটা হাতিয়ার নয়, নিশ্চয়ই হাতিয়ার। এখানে যে কোন ট্রেড ইউনিয়ন মুভমেণ্টের সমর্থকই থাকুন তাঁদের আমি বলছি যে আমিও ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট বিশ্বাস করি। আমি কোন দিনও বলব না যে ষ্ট্রাইক বে-আইনী অধিকার, ষ্ট্রাইক করার অধিকার একটি মূল্যবান অধিকার। কিন্তু পশ্চিমবঙ্গের বর্তমান অর্থ নৈতিক দিকটি লক্ষ্য করে নিশ্চয়ই শ্রমিকভাই ও মালিকদের কাছে আবেদন করতে পারি যে ষ্ট্রাইক এবং লক-আউট অন্ততঃ সাময়িকভাবে বন্ধ করে ২।৩ বছরের জন্য একটা মরেটোরিয়াম করুন। আমি আর বেশী সময় নেব না, দশটা বেজে গেছে। এখানে আরো অনেক বক্তা অনেক কিছু বিষয়ে বলেছেন সেগুলি আমি খুব মনোযোগ সহকারে শুনেছি এবং অনেক নোটও করেছি। প্রকৃতপক্ষে,

দেখা যাচ্ছে মাননীয় সদস্যগণ পশ্চিমবঙ্গের সমস্যা সম্বন্ধে খুবই সচেতন আছেন এবং এজন্য আমি খুব গর্বিত যে পশ্চিমবংগের মানুষ এই বিধানসভায় যাঁদের নির্বাচিত করে পাঠিয়েছেন তাঁরা নিজেদের দায়িত্ব সম্বন্ধে যথেষ্ট সচেতন আছেন এবং অত্যন্ত দায়িত্বের সঙ্গে তাঁরা অনেক সমস্যার কথা এই বিধানসভার সামনে রেখেছেন। আমরা অনেক প্রশ্নের সম্মুখীন হয়েছি এবং যে প্রশ্নগুলি করেছেন সেগুলি যথার্থ প্রশ্ন এবং সেই সমস্ত প্রশ্নের উত্তর আমাদের নিশ্চয়ই খুঁজে বের করতে হবে। কারণ, আমরা জানি যে আমাদের দায়িত্ব অনেক এবং আজকে পশ্চিমবাংলার মানুষ আমাদের কাছ থেকে অনেক কিছু আশা করেন এটাও আমরা জানি। তাঁরা অনেক আশা করে আমাদের এখানে নির্বাচিত করে পাঠিয়েছেন এবং আমাদের এই মোর্চাকে জয়যুক্ত করেছেন এবং যথেষ্ট সংখ্যক সদস্যদের নির্বাচিত করে এই বিধানসভায় পাঠিয়েছেন। তাঁরা আশা করেন নির্বাচনের সময় আমরা যে-সমস্ত প্রতিশ্রুতি দিয়েছি সেগুলি পালন করবো। আমি এই কথা বলতে চাই যে প্রত্যেকটি প্রতিশ্রুতি পালনের জন্য আমরা অহরহ কাজ করে যাব। পশ্চিমবাংলার মানুষ এটা জানেন যে একদিনে সমস্ত সমস্যার সমাধান হতে পারে না এবং এটা বেশ ভাল করেই বোঝেন যে একদিন, ছয় মাস, এক বছর বা দুই বছরের মধ্যে সকল সমস্যার সমাধান হতে পারে না। কিন্তু তাঁরা এটা চান যে আমরা আন্তরিকতার সঙ্গে এই সমস্যার সমাধান করতে সমস্তক্ষণ চেষ্টা চালিয়ে যাচ্ছি। তাঁরা চান দুর্নীতিমুক্ত একটি প্রশাসন ব্যবস্থা, তাঁরা চান শিক্ষাব্যবস্থার একটা আমূল পরিবর্তন হোক এবং এবং তাঁরা এটাও চান যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি হোক, ভূমি সংস্কার আইন যেটা হয়েছে সেটা ঠিকমত যেন প্রয়োগ করা হয়। অনেক লোক হয়ত ভুল করে বলছেন আবার সেই পুরানো কংগ্রেস সরকারই ফিরে এসেছে। এই ভেবে বর্গাদারদের যেন উচ্ছেদ না করা হয় এবং ইতিমধ্যেই এ'বিষয়ে কিছু কিছু খবর আমার কাছে এসেছে। আমি মাননীয় সদস্যদের এই প্রতিশ্রুতি দিতে পারি যে যেখানে যেখানে আমি খবর পাব ভূমিহীন কিম্বা অন্য কেউ ১৩ বছর ধরে তাঁরা সেই জমিতে ছিলেন কিন্তু এখন আবার নতুন সরকার হবার পরে তাঁদের সেখান থেকে উচ্ছেদ করে দেওয়া হচ্ছে জোর করে, নিশ্চয়ই সরকারের তরফ থেকে সেই ব্যবস্থা করা হবে, উচ্ছেদ বন্ধ করা হবে এবং যদি কাউকে উচ্ছেদ করা হয় তাহলে তাঁকে আবার সেখানে ফিরিয়ে আনা হবে, এই কথা আমি জোরের সঙ্গে এই বিধানসভার সামনে বলে যাচ্ছি। তাঁরা চান কলকাতায় বর্তমানে সি, এম, ডি, এ-র যে কাজ হচ্ছে সেটা ঠিক মত করা হোক, তাঁরা চান দেশের একটা সামগ্রিক উন্নতির জন্য আমরা চেষ্টা করি এবং আমরা নিশ্চয়ই সেই চেষ্টা করবো। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের তরফ থেকে পশ্চিমবঙ্গের মানুষদের আবার ধন্যবাদ জানাচ্ছি আমাদের এই রকমভাবে বিপুল সমর্থন জানানোর জন্য এবং আমাদের উপর তাঁরা যে বিশ্বাস দেখিয়েছেন, যে আশীর্বাদ দিয়ে আমাদের এখানে পাঠিয়েছেন সেই আশীর্বাদের যোগ্য মর্য্যাদা দেবার চেষ্টা আমরা নিশ্চয়ই করবো। আমি এই কথা বলে যেসমস্ত সংশোধণী এসেছে সেগুলির বিরোধিতা করে যে প্রস্তাব মঙ্গলকোটের সদস্য শ্রীজ্যোতির্ময় মজুমদার মহাশয় এনেছেন এবং হরিশচন্দ্রপুরের সদস্য শ্রীগৌতম চক্রবর্তী মহাশয় সমর্থন করেছেন, সেই প্রস্তাবের সমর্থনে আমি আমার বক্তব্য রাখলাম।

**Mr. Speaker :** The discussion on the motion of thanks is over. I therefore put to vote all the amendments except amendments 2 and 3 which have not been moved.

The motion of Shri Ajit Kumar Basu (Singh) that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে, ভূমিসংস্কার আইন ও নিয়মসমূহ কার্যকরী করিবার প্রয়োজনে যে সুনির্দিষ্ট উপায় অবশ্য গ্রহণীয় সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই।

কিন্তু দুঃখের বিষয় যে, গ্রামাঞ্চলে ক্ষেতমজুরদের অর্থনৈতিক ও সামাজিক দুরবস্থা ও তাহাদের উন্নতি বিধানের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই—was then put and lost.

The motion of Shri Keshab Chandra Bhattacharya that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

(১) সন্ত্রাসবাদী দ্বারা নির্মমভাবে নিহত ব্যক্তিদের জন্য দুঃখ বা সমবেদনা বা পরিবারের আর্থিক মঞ্জুরীর কোন কথা;

(২) বাংলাদেশের বৃহত্তম জেলা চব্বিশ-পরগণাকে দুটি ভাগে ভাগ করার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল সে সম্বন্ধে কোন বক্তব্য;

(৩) চব্বিশ-পরগণার বিভিন্ন গ্রামের উন্নয়নমূলক কর্মসূচী সম্বন্ধে কোন কথা;

(৪) শরণার্থী শিবিরের কর্মচারীদের বিকল্প নিয়োগের;

(৫) গ্রামীণ বেকারদের কর্মে নিযুক্তি সম্বন্ধে;

(৬) অশোকনগর ও হাবড়া কেন্দ্রের উদ্বাস্তু পুনর্বাসনের এবং বিভিন্ন উন্নয়নের;

(৭) গ্রামের ক্ষয়িষ্ণু কৃষক সম্প্রদায়ের ঋণ মকুব সম্বন্ধে;

(৮) গ্রামের মধ্যে চিকিৎসাকেন্দ্র, রাস্তাঘাট ও সেচ বিদ্যুতের;

(৯) গত কয়েক বৎসরে খরা ও প্রবল বন্যায় যেসমস্ত কৃষক, মেহনতী, দরিদ্র মানুষ জীবনের শেষ পর্যায়ে পৌছেছেন তাঁদের বাঁচানোর জন্য ষ্টেট রিলিফ, জি, আর, গৃহনির্মাণ, গো-ঋণ ও অন্যান্য কৃষি-ঋণ সম্বন্ধে; এবং

(১০) শিক্ষাকে জাতীয়করণ সম্বন্ধে রাজ্যপালের ভাষণে সুস্পষ্ট বক্তব্য নাই।

**was then put and lost.**

The motion of Shri Pradyot Kumar Mahanti that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

(ক) ইহা অতি দুঃখের কথা যে রাজ্যপালের ভাষণে স্বীকার করা হয় নাই যে, হুগলী জেলার আরামবাগ মহকুমায় ১৯৭১ সালের জুলাই মাসের বন্যাগ্রস্ত কর্মক্ষম জনগণের কর্মসংস্থান এবং ত্রাণকার্য প্রয়োজনমত করা হয় নি ;

(খ) ইহা অনস্বীকার্য যে, "গরীবী হঠাও" আন্দোলনের ফলে গরীবকেই হঠান হচ্ছে এবং গরীবী ক্রমবর্ধমান হয়ে দেখা দিচ্ছে। "গরীবী হঠাও"-এর নামে প্রশাসনিক ব্যয়ভার এবং নানাপ্রকার প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষ করভার বাড়ানো হচ্ছে। "গরীবী হঠাও" আন্দোলন একটা নূতন ধরনের নিপীড়নের অস্ত্র সরকার হাতে নিয়েছেন ;

(গ) ইহা আজ সর্বজনবিদিত যে, গত নির্বাচনে ব্যাপকভাবে দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হয়েছে এবং ইহা একটি সাজানো নির্বাচনের রূপ নিয়েছে। এই নির্বাচনের ফলাফলকে জনগণের বিরাট রায় বলা চলে না। বিরোধী দলের প্রায় বিলুপ্তি গণতন্ত্রকে দুর্বল করে ফ্যাসীবাদের সূচনা করবে ;

(ঘ) আইন-শৃঙ্খলার পরিস্থিতিতে যথেষ্ট উন্নতি হয়েছে বলে যা দাবী করা হয়েছে তাহা অমূলক। আত্মতুষ্টি দেশকে বিপদের মুখে এগিয়ে দেবে ; এবং

(ঙ) ভাষণের একাধিক অনুচ্ছেদে প্রধানমন্ত্রীর কথা উল্লেখ করা গণতন্ত্র বিরোধী মনোভাবের পরিচয় দিচ্ছে। ব্যক্তির প্রাধান্য সুস্থ গণতন্ত্রের পরিপন্থী।

was then put and lost.

**Mr. Speaker :** I now put the main motion of thanks to vote.

The motion of Shri Jyotirmoy Mojumdar that রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠান হউক—

"পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৪শে মার্চ, ১৯৭২ তারিখের অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে আশাব্যঞ্জক এবং উৎকৃষ্ট ভাষণ প্রদান করিয়াছেন তজ্জন্য আমরা এই সভার সদস্যগণ তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।"

—was then put and agreed to.

**Mr. Speaker :** The House stands adjourned till 1 p.m. tomorrow, the 5th day of April, 1972.

## Adjournment

The House was accordinglv adjourned at 10-18 p. m. till 1 p. m. on Wednesday, the 5th April, 1972, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 5th April, 1972, at 1 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 14 Ministers, 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 3 Deputy Ministers and 218 Members.

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

[ 1—1-10 p.m. ]

**Mr. Speaker** : Hon'ble Members, if any one has not yet made an oath or affirmation of allegiance, he may kindly do so.

(There was none to take oath)

**শ্রীঅশ্বিনী রায়** : মিঃ স্পীকার, স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। কয়েকদিন ধরে দেখা যাচ্ছে সময় মত জবাবটা লাইব্রেরি টেবিলে রাখা হয় না। এ সম্পর্কে আপনি যদি একটু দৃষ্টি দেন তাহলে আমাদের পক্ষে প্রশ্ন নিয়ে আলোচনা করবার সুবিধা হয়।

**Starred Questions**

**(to which oral answers were given)**

**সেনর‍্যালে কারখানা**

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার আসানসোল মহকুমায় সেনর‍্যালে (সাইকেল) কারখানাটি বন্ধ আছে,

(খ) সত্য হইলে মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ সময় হইতে কাজ বন্ধ আছে,

(২) বন্ধের কারণ,

(৩) ক্ষতিগ্রস্ত শ্রমিকের সংখ্যা ; এবং

(গ) উক্ত কারখানাটি খোলার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**ডাঃ গোপালদাস নাগ** : স্যার, প্রশ্নটা হল—ইহা কি সত্য যে বর্ধমান জেলার আসানসোল মহকুমায় সেনর‍্যালে (সাইকেল) কারখানাটি···

**Mr. Speaker** : Dr. Nag, as mentioned by Shri Roy, the answer to this question as I understand, has not yet been supplied to my office.

**Dr. Gopal Das Nag :** It has been supplied, Sir.

**Mr. Speaker :** Yes, I think, it has been supplied only a few minutes before.

**ডাঃ গোপাল দাস নাগ ঃ**

(ক) গত ৩০শে মার্চ ১৯৭২ সাল পর্যন্ত ছিল। ৩১শে মার্চ হইতে পুনরায় চালু হইয়াছে।

(খ) (১) গত ২৯শে মার্চ, ১৯৭১ হইতে ৩০শে মার্চ, ১৯৭২ পর্যন্ত বন্ধ ছিল।

(২) পরিচালন ব্যবস্থার ব্যর্থতার ফলে ক্রমান্বয়ে কোম্পানীর আর্থিক ক্ষতি হইতেছিল।

(৩) ৩,৫০০।

(গ) ক্রমাগত আলাপ আলোচনার মাধ্যমে কারখানাটি খোলাবার চেষ্টা চলিতেছিল। অবশেষে শ্রমমন্ত্রীর হস্তক্ষেপের ফলে ব্যাপারটি ২৭শে মার্চ, ১৯৭২ তারিখে চুক্তি মোতাবেকে নিষ্পত্তি হইয়া গিয়াছে। গত ৩১শে মার্চ, ১৯৭২ তারিখ হইতে কারখানাটি চালু ( পর্যায়ক্রমে ) চালু হইয়াছে। আই. আর. সি. আই. ১কোটি ১০ লক্ষ টাকার অর্থ সাহায্য এবং পরিচালনার আংশিক দায়িত্ব গ্রহণ করিয়াছে।

**শ্রীঅশ্বিনী রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে পরিচালন ব্যবস্থার জন্য কারখানাটি বন্ধ থাকল তাহলে যেদিন থেকে বন্ধ আছে এই সময়ের মধ্যে শ্রমিকদের যে ক্ষতি, কারখানা খোলার সময়ে সেই ক্ষতিপূরণের কোন কিছু ব্যবস্থা হয়েছে কি ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** একটা ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে এই কারখানাটি খোলা হয়েছে। সেই চুক্তিতে শ্রমিকদের দীর্ঘ ১ বছর কাজের যে সুবিধা ছিল না তারজন্য কোন আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা হয়নি সেটা শ্রমিক পক্ষ থেকে যে তিনটি ইউনিয়ন হাজির ছিল তাঁরা মেনে নিয়েছেন।

**শ্রীঅশ্বিনী রায় ঃ** এই যে ৩ হাজার ৫ শো শ্রমিক এরা সকলেই কি কাজ পাবেন ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** নিশ্চয়ই পাবেন।

**শ্রীঅশ্বিনী রায় ঃ** এদের যে সমস্ত এমিনিটিজ ছিল, অর্থাৎ ঐ তিন হাজার পাঁচশত শ্রমিক যে যে এমিনিটিস পেত তা কি তারা এখন পাবে ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** সারভিস কণ্ডিসন একই থাকবে।

**শ্রীনিরঞ্জন ডিহিডার ঃ** যেসমস্ত পরিচালকবৃন্দ এই বন্ধের জন্য দায়ী ছিল তাদের সরাবার কোন ব্যবস্থা হয়েছে কি ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** আমি উত্তরে আগেই বলেছি যে বর্তমান যে নূতন ব্যবস্থায় কারখানা খোলা হল তাতে পুরাতন কর্তৃপক্ষের হাতে কারখানা পরিচালনার পুরাপুরি দায়িত্ব নেই। আই. আর. সি. আই, যাঁরা এই অর্থ সাহায্য দিয়েছেন তাঁরা পরিচালনার আংশিক দায়িত্ব নিয়েছেন এবং প্রয়োজন মত টাকা দিচ্ছেন। সেটা ইকুইটি শেয়ারের ৫১ ভাগ পরিবর্তিত করে নিয়ে পুরোপুরি দায়িত্ব নিতে পারবেন।

**শ্রীহরশংকর ভট্টাচার্য্য ঃ** তাদের অংশ গ্রহণের ব্যবস্থা হচ্ছে কি ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** না। আই. আর. সি. আই-এর যে স্কীম তাতে শ্রমিকদের পার্টিসিপেশানের বা অংশ গ্রহণের কথা ছিল না।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** সেনর‍্যালের কল্যাণীতে যে কারখানা ছিল সেন পণ্ডিত সেটা কি খোলার ব্যবস্থা করা হয়েছে ?

**ডঃ গোপালদাস নাগ :** একই সঙ্গে সেন পণ্ডিত ইণ্ডাষ্ট্রী, এনসিলিয়ারি ইণ্ডাষ্ট্রী ও সেন পণ্ডিত কনসার্ণ সেখানে সবশুদ্ধ এক হাজার লোক কাজ করতো তা ঐ একই দিনে খোলা হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** আমি উত্তর চেয়েছিলাম শুধু কাঁথি বেসিন কথা—কাঁথি মহকুমার কোন কোন এলাকায় এ বছর বন্যায় বিধ্বস্ত হয়েছে—সেটাই আমি জানতে চেয়েছিলাম।

**Mr. Speaker** : May I tell the Hon'ble Minister that the answer that has been supplied to me does not tally with the answer that is being read out by the Hhn'ble Minister.

## কাঁথি মহকুমায় বন্যার প্রকোপরোধে ব্যবস্থা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬।) **শ্রীসুধীরচন্দ্র দাস :** সেচ এবং বিদ্যুৎ বিভাগ মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার কোন্ কোন্ এলাকা এ বছর বন্যায় বিধ্বস্ত হইয়াছে ;

(খ) এই অঞ্চলে বন্যার প্রকোপ হ্রাস করিবার উদ্দেশ্যে সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন ?

**শ্রীআবুল বরকত আতাল গনি খান চৌধুরী :**

(ক) গত বছরে নদীর বন্যায় কাঁথি অঞ্চলের কোন বাঁধ বা নদীর জলোচ্ছাসের দরুন বিধ্বস্ত হয় নাই। কিন্তু অত্যধিক বৃষ্টি এবং সেই সঙ্গে নদীতে জলোচ্ছাসের দরুণ কাঁথির কোন কোন নিম্ন অংশ নিকাশী ব্যবস্থার অপ্রতুলতার জন্য কিছুটা জলমগ্ন হইয়াছিল।

(খ) বৃষ্টিতে জমা জল অপসারনের জন্য ইতিমধ্যেই কাঁথি বেসিন পরিকল্পনার প্রথম পর্যায় কার্যকরী করা হইয়াছে এবং ইহাতে ভাল ফল পাওয়া গিয়াছে। আরও সুফল লাভের জন্য কাঁথি বেসিন প্রকল্পের দ্বিতীয় পর্যায় তৈরী ও অনুমোদিত হইয়াছে। উহার আনুমানিক ব্যয় হইবে ৪১·৮৩ লক্ষ টাকা।

পরিকল্পনা খাতে এই টাকার সঙ্কলন করিতে পারিলেই প্রকল্পের কাজ আরম্ভ করা যাইবে।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** আমি উত্তর চেয়েছিলাম শুধু কাঁথি বেসিন কথা—কাঁথি মহকুমায় কোন্ কোন্ এলাকায় এ বছর বন্যায় বিধ্বস্ত হয়েছে- সেটাই আমি জানতে চেয়েছিলাম।

**Mr. Speaker** : May I tell Hon'ble Minister that the answer that has been supplied to me does not tally with the answer that is being read out by the Hon'ble Minister.

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীসুধীর চন্দ্র দাস :** কাঁথি মহকুমার ডুবদা বেসিন ১২ চৌকী বেসিন-এর ভগবানপুরের উত্তরাংশ বৃষ্টির জলে বিধ্বস্ত হওয়ার জলনিকাশী হয়নি এটা কি জানেন ?

**শ্রীআবুল বরকৎ আতোয়ান গনি চৌধুরী :** কাঁথি সম্বন্ধে ২টা phase-এ কাজ করা হচ্ছে —1st phase complete হয়েছে এবং 2nd phase-টা technical কমিটি examine করছে। কিন্তু আমাদের সে পরিমাণ টাকা না থাকায় আমরা এখন কাজ আরম্ভ করতে পারছি না।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** কাঁথি থানার মধ্যে কাঁথি বেসিন মানে কাঁথি মহকুমার সমস্ত এলাকা

নিয়ে কাঁথি বেসিন পরিকল্পনা গ্রহণ করা হয় নি। সেজন্য বারোচৌকা Scheme আলাদা নেওয়া হয়েছে এবং দুবদা বেসিনও আলাদা। সুতরাং কাঁথি মহকুমা একটা comprechensive answer নয়। কিন্তু আপনি কি জানেন কাঁথি মহকুমার বিভিন্ন এলাকা যে জল প্লাবিত হয়েছে তার কি ব্যবস্থা করেছেন ?

**শ্রীআবুল বরকত আতোয়ান গনি চৌধুরী** : আমাদের উপস্থিত দুবদা বেসিন Scheme আছে এটার কাজ আরম্ভ করছি। আর বড়চৌকা বেসিন Scheme বলে যে একটা আছে সেটা almost realy আর Bhakta Scheme সেটা under investigation.

**শ্রীসুধীরচন্দ্র দাস** : টাকার অভাবের জন্য কাঁথি বেসিনের দ্বিতীয় পর্যায়ে কাজ আরম্ভ .তে পারেন নি। কিন্তু কেন্দ্রীয় সরকার মেদিনীপুর জেলার বন্যা নিয়ন্ত্রণের জন্য কোন টাকা .র করেছেন কি ?

**শ্রীআবুল বরকত আতোয়ান গনি চৌধুরী** : দুবদা বেসিন scheme-এর টাকা আমরা .ছি। তবে Central Govt থেকে Specialy Contai-এর জন্য কোন টাকা মঞ্জুর করেছেন ; জানতে চাইলে জানাব।

## চা রপ্তানি

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১২০।) **শ্রীলক্ষ্মীকান্ত বসু** : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসামের সমস্ত চা গৌহাটী থেকে কলকাতা বন্দরের মাধ্যমে রপ্তানি হইত, কিন্তু গত দুই বৎসর ধরিয়া ঐ চা সোজা মহারাষ্ট্রের কান্দলা বন্দরে চলিয়া যাইতেছে ;

(খ) সত্য হইলে ইহার কারণ কি ;

(গ) পূর্বের ন্যায় কলিকাতা বন্দর হইতে চায়ের রপ্তানি চালু করিবার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি ; এবং

(ঘ) ব্যবস্থা করিয়া থাকিলে কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীতরুণকান্তি ঘোষ** :

(ক) হ্যাঁ।

(খ) প্রধান কারণ কলকাতা ডক্ এবং চায়ের গুদাম গুলিতে অনিশ্চিত শ্রমিক পরিস্থিতি। ইহা ছাড়া অন্যান্য কারণ হইল। (১) কান্দলা দিয়া রপ্তানি করিলে সময় কম লাগে। (২) কলকাতার প্রবেশ শুল্ক এড়ান যায়। এবং (৩) কান্দলা প্রায় মুক্ত বন্দর হওয়াতে বন্দর শুল্ক এড়ান যায়।

(গ) হ্যাঁ।

(ঘ) কলিকাতা বন্দর হইতে রপ্তানীযোগ্য চায়ের উপর কলিকাতা প্রবেশ শুল্ক (Calcutta Entry Tax) রদ করার

এবং/অথবা

পশ্চিমবঙ্গ হইয়া অন্য রাজ্যে রপ্তানীকৃত চায়ের উপর পরিবহন কর (Carriage Tax) আরোপ করার প্রশ্নগুলি সরকারের অর্থ বিভাগের বিবেচনাধীন আছে।

**শ্রীলক্ষীকান্ত বসু**ঃ গৌহাটি থেকে কোলকাতা পর্যন্ত রেল বিভাগ যে শুল্ক চায়ের জন্য বহন করতে দিত সেই এক পরিমাণ শুল্কে গৌহাটি থেকে কান্দালা পর্যন্ত মাল বহন করে দিচ্ছে, এর উদ্দেশ্য কি ?

**শ্রীতরুণকান্তি ঘোষ**ঃ সেটা খবর নিয়ে জানাব।

**শ্রীলক্ষীকান্ত বসু**ঃ রেলদপ্তর এই ব্যবহারের তারতম্য হেতু কোলকাতা বন্দর যে উপেক্ষিত হচ্ছে এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

**শ্রীতরুণকান্তি ঘোষ**ঃ আপনি যে কথা বলছেন যে Rly.-এর advantage পেয়ে থাকে সেটা নিয়ে আমি Rly.-মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করব।

## গভীর নলকূপ

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪০।) **নিতাইপদ সরকার**ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি গভীর নলকূপ আছে ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত নলকূপগুলির মধ্যে কয়েকটির সরঞ্জামাদি চুরির ঘটনা ঘটিয়াছে ;

(গ) সত্য হইলে কতগুলি ক্ষেত্রে এরূপ ঘটনা ঘটিয়াছে ; এবং

(ঘ) বৈদ্যুতিক গোলযোগের জন্য উক্ত নলকূপগুলির মধ্যে কতগুলির কাজ বন্ধ আছে ?

**শ্রীআবদুস সত্তার**ঃ

(ক) ১৭৫৭টি।

(খ) হ্যাঁ।

(গ) ১০৯টি ক্ষেত্রে।

(ঘ) কোনও নলকূপের কাজ বন্ধ নেই। তবে বিদ্যুৎ সরবরাহ সাধারণতঃ অব্যাহত না থাকাতে ২৪ পরগণা, নদীয়া, হাওড়া ও মালদহ জেলায় নলকূপের কাজ বিঘ্নিত হয়।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ ভবিষ্যতে যাতে চুরি না যায় তার ব্যবস্থার কথা চিন্তা করেছেন কি ?

**শ্রীআবদুস সাত্তার**ঃ আমাদের ব্যবস্থাতো আছে তবু চুরি হচ্ছে। ভবিষ্যতে যাতে না চুরি যায় সে সম্পর্কে কোন সাজেশান থাকলে আমার কাছে দিলে খুশী হবো।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ আমরা জানি যে একজন অপারেটার এবং একজন সহকারী অপারেটার সেখানে থাকে। তারা রাত্রে কেউ থাকে না। তারজন্য চুরি যায়। এই চুরি বন্ধের ব্যবস্থা করতে পারবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার**ঃ অপারেটার যারা তাদের থাকবার জায়গা আছে। তারা যদি না থাকে তাহলে তাদের নামটা দেবেন ব্যবস্থা করবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ যে ১০৯টি ক্ষেত্রে এইসব ঘটনা ঘটেছে সেগুলোর ক্ষেত্রে সরকার কি আইনমাফিক ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীআবদুস সাত্তার**ঃ প্রত্যেকটি ক্ষেত্রে থানায় জানান হয়েছে। তারপর ইনভেষ্টিগেশান হয়। বেশীরভাগ ক্ষেত্রে জানা যায় নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এই সমস্ত ডিপ টিউবওয়েলের ক্ষেত্রে একজনও ডব্লিউ. টি. এ বা অপারেটার এমন লোকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

**শ্রীআবদুস সাত্তার :** আমার জানা নেই। যদি মাননীয় সদস্য দেন তাহলে ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রীঅশ্বিনী রায় :** এই ১৭৫৭টা নলকূপের মধ্যে কতকগুলোতে বিদ্যুৎ সরবরাহ না করার জন্য এখনও সংস্থায়ীভাবে বন্ধ আছে।

**শ্রীআবদুস সাত্তার :** নোটিশ চাই।

**শ্রীঅশ্বিনী রায় :** ১৭৫৭ টার মধ্যে কতকগুলো বন্ধ আছে বিদ্যুৎ সরবরাহ দেওয়া হয়নি বলে।

**শ্রীআবদুস সাত্তার :** বিদ্যুৎ সরবরাহ কখনও কখনও বন্ধ হয়ে যায় বলে বন্ধ হয়। কিন্তু এগুলো ইলেকট্রিফায়েড করা হয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** ১০৯টি চুরির ঘটনার মধ্যে ডাব্লিউ. টি. এ অপারেটার এবং সমাজবিরোধীরা জড়িত কিনা—এই সম্পর্কে তদন্ত কমিশন করবেন কি বা তদন্ত করে দেখবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার :** এইসব চুরি মাঝে মাঝে হয়। এই বিষয়ে যারা বেনিফিসিয়ারী তাদের নিয়ে একটা কমিটি করা হয়েছে। ডিসষ্ট্রিক্ট Magistrate মালদহ রিপোর্টে বলেছেন এই যে টিউবওয়েল চুরি করা হয়েছে অবিলম্বে রিপ্লেস করার কথা বলবো। আমাদের মোটামুটি ঠিক করা হয়েছে এই সমস্ত বেণীফিসিয়ারীরা তাদের কাছ থেকে এ্যাসিওরেন্স পেলে ভাল হয়। আর কি কারণে চুরি করেছে সেটা চোরকে জিজ্ঞাসা করতে হয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** আমাদের মুর্শিদাবাদ জেলার ছ' ঘরিতে একটা টিউবওয়েল কনট্রাক্টর তার টাকা পেমেণ্ট না হওয়ার কারণে ওই ডিপ টিউবওয়েলের সমস্ত সাজসরঞ্জাম নিয়ে পালিয়ে গিয়েছে—সেকথা আপনার জানা আছে কি ?

**শ্রীআবদুস সাত্তার :** না, জানা নেই।

[ 1-20—1-30 p.m. ]

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল :** আপনি যে ইনফরমেশন দিলেন যে চুরির মালের হদিশ পাওয়া যাচ্ছে না তাহলে কি ভাবে ঘরে চুরি হচ্ছে ?

**Mr. Speaker :** This question does not arise.

**শ্রীপরেশনাথ গোস্বামী :** এই যে ডিপ টিউবওয়েল তাতে জলের চাহিদা মেটানো যাচ্ছেনা সেইজন্য আমি বলছি যে ডবল সিফট-এ যদি কাজ করানো যায় তাহলে স্থানীয় বেকারদের কাজও দেয়া যাবে আর জলের সমস্যাও মিটবে।

**Mr. Speaker :** This question does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** আপনি বলেছেন ১৭৫৭টি ডিপ টিউবওয়েলের মধ্যে ১০৯টি অচল হয়ে পড়ে আছে এগুলি কি কোন রাজনৈতিক কারণে অচল হয়ে পড়ে আছে তার অনুসন্ধান করবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার :** আপনি আমার উত্তরটা বুঝতে পারেন নি। ১০৯টি অচল হয়ে

ছিল তার মধ্যে অনেকগুলি যান্ত্রিক খারাপ হয়েছিল এবং ট্রান্সফরমার রিপ্লেস করা হয়েছে এবং সেগুলি এখন সচল আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নটা বুঝতে পারেন নি। এই যে ডিপ টিউবওয়েলগুলি অচল হয়ে যাচ্ছে এর সঙ্গে কি কোন রাজনৈতিক দলের সম্বন্ধ আছে, সেটা তদন্ত করে দেখবেন কি?

**শ্রীআবদুস সাত্তার:** আমার পক্ষে সেটা বলা সম্ভব নয়। রাজনৈতিক কারণের জন্য অনেক সময় অনেক দুঃখজনক ঘটনা ঘটে—সেটা এখানে আমার পক্ষে বলা সম্ভব নয়।

## পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট লঙ্ঘনকারীদের বিরুদ্ধে সরকারী ব্যবস্থা

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫।) **শ্রীনিরঞ্জন ডিহিদার:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলের যে সমস্ত খনি-মালিক দীর্ঘদিন যাবত পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট লঙ্ঘন করিয়া শ্রমিকদের প্রাপ্য বেতন হইতে বঞ্চিত করিয়া রাখিয়াছেন, তাহাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**ডাঃ গোপাল দাস নাগ:** কয়লাখনি শ্রমিক সম্পর্কে বেতন প্রদান আইনের ধারা সমূহ কার্যকরী দায়িত্ব ভারত সরকারের রাণীগঞ্জ ও আসানসোল এলাকার যে সকল কয়লাখনির মালিক শ্রমিকদের প্রাপ্য বেতন প্রদান করে নাই, তাহাদের নাম শ্রমদপ্তরে লিখিতভাবে জানাইলে ভারত সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইবে।

জেলাশাসক এবং কেন্দ্রীয় সরকারের আসানসোল বিভাগের রিজিওন্যাল লেবার কমিশনার-এর মাধ্যমেও করা হইবে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** পেমেণ্ট অব ওয়েজেস্ অ্যাক্ট লঙ্ঘন করার ফলে কতজন শ্রমিক ক্ষতিগ্রস্থ হয়েছেন তার হিসাব দিতে পারবেন কি?

**ডাঃ গোপালদাস নাগ:** রিজিওন্যাল কমিশনার অফিস থেকে আমি যে লিষ্ট পেয়েছি তাতে ৬১ জন ডিফলটিং হয়েছে। পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করছি।

**শ্রীসেখ দৌলত আলী:** মন্ত্রীমহাশয় এই খালটার ব্যাপারে যদি সময়সীমা না বেঁধে দিতে পারেন তাহলে একটা অস্বস্তিকর অবস্থায় আমাদের ফেলা হবে, সেইজন্য অনুরোধ করবো একটা সময়সীমা বেঁধে দিন এবং যত তাড়াতাড়ি পারেন ব্যবস্থা করুন।

**Mr. Speaker:** This is not a supplementary question. This is a request for action.

## বলরামপুর খাল খনন

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬।) **শ্রীশেখ দৌলত আলী:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ফলতা ও ডায়মণ্ডহারবার থানার মধ্য দিয়া প্রবাহিত বলরামপুর খাল খণনের কাজ কবে থেকে সুরু হবে বলিয়া আশা করা যায়?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী:** ফলতা জলনিকাশী পরিকল্পনাটি (বলরামপুর খাল খননের কাজ ইহার অন্তর্গত) বর্তমানে কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশনের

পরীক্ষাধীনে আছে। উহার আনুমানিক ব্যয় ৩৬ লক্ষ ৯৫ হাজার টাকা। কাজটি কবে আরম্ভ হইবে সে সম্বন্ধে সঠিক এখন কিছু বলা যায় না।

## মগরাহাট পশ্চিমের খাল খনন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮।) **শ্রীরামকৃষ্ণ বর:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মগরাহাট পশ্চিমের খাল খণনের কাজ কবে শুরু হবে বলিয়া আশা করা যায়; এবং

(খ) এই খাল কিভাবে খনন করার বিষয় সরকার চিন্তা করিতেছেন ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী:**

(ক) পশ্চিম মগরাহাট জলনিকাশী পরিকল্পনাটি বর্তমানে কেন্দ্রীয় জল বিদ্যুৎ কমিশনের বিবেচনাধীন আছে, উহার অনুমানিক ব্যয় প্রায় দেড় কোটি টাকা। এই কাজটি কবে আরম্ভ হইবে সে সম্বন্ধে সঠিক কিছু বলা এখন সম্ভব নহে।

(খ) খালটি বিস্তৃততর এবং গভীরতর করা এবং তৎসহিত পরিদর্শনোপযোগী রাস্তা, সেতু ও রেগুলেটার নির্মাণ।

**শ্রীরামকৃষ্ণ বর:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বিগত ১২ই মে আপনি যখন ঐ এলাকায় সফরে গিয়েছিলেন, এলাকা দেখে আশ্বাস দিয়েছিলেন যে নভেম্বরেই এই প্রকল্পের কাজ শুরু করে দেওয়া হবে। কিন্তু করা হল না কেন এই তথ্য জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গণি খান চৌধুরী:** মাননীয় সদস্য ভাল করেই জানেন যে, তারপরেই আমাদের গভর্ণমেন্ট চলে গেল, করবো কি করে ?

**শ্রীরামকৃষ্ণ বর:** এই প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক ১ কোটি ৩৪ লক্ষ টাকা মঞ্জুর হযে আছে। এই প্রকল্প সব চেয়ে আগে হওয়া দরকার, তা না করে মগরাহাট প্রকল্পের কাজ আগে শুরু করা হযেছে। যে কাজটা আগে করা উচিত ছিল সেটা করা হয় নি কেন ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী:** বুঝতে পারলাম না, আবার বলুন।

**শ্রীরামকৃষ্ণ বর:** এই যে প্রকল্প যেটা পুরানো খাল মগরাহাট জল নিকাশ হতো, সেই পুরানো খালটা সংস্কার না করিয়ে মগরাহাট পূর্ব প্রকল্পটার কাজ সুরু করা হয়েছে। এখানে এই পশ্চিম মগরাহাট প্রকল্পর কাজ আগে সুরু হওয়া উচিত।

**Mr. Speaker:** This is a matter of opinion.

**শ্রীমনোরঞ্জন হালদার:** এই মগরাহাট স্কীমটার আসল নাম কি জানাবেন ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী:** আমরা যেটা আরম্ভ করেছি সেটা হচ্ছে ইষ্ট মগরাহাট স্কীম। আর ওয়েষ্টের সেটা কনসিডার করতে হবে, তার টেকনিক্যাল সাইডটা কনসিডার করতে হবে, টাকা পয়সার ব্যাপারটাও কনসিডার করতে হবে।

**শ্রীমনোরঞ্জন হালদার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে কাজটা সুরু হয়েছে তারজন্য এই বৎসরে কত টাকা ধার্য করা হয়েছে ?

**Mr. Speaker.:** The question does not arise.

**শ্রীললিত গায়েন:** যেসমস্ত জমির উপর দিয়ে এই খাল যাবে সেইসমস্ত জমির একর প্রতি কত টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে বলে মন্ত্রিমহাশয় চিন্তা করছেন ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী**ঃ ল্যাণ্ড একুইজিশন এ্যাক্ট-এ যা আছে সেই ল্যাণ্ড এ্যাকুইজিশন এ্যাক্ট অনুসারেই গভর্ণমেণ্ট স্যাংশন করবেন।

**মিঃ স্পীকার**ঃ এটা ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টেএর ব্যাপার।

**শ্রীললিত গায়েন**ঃ এতে কত টাকা লাগবে বলতে পারেন?

**Mr. Speaker**: It is under the consideration of the Government of India. The Honb'le Minister may not know the facts.

## ডেবরা থানায় খাল সংস্কার

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭।) **শ্রীরবীন্দ্রনাথ বেরা**ঃ সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বন্যা নিয়ন্ত্রণের জন্য মেদিনীপুর জেলার ডেবরা থানার অধীন—

(ক) ভোঁসড়া খাল;

(খ) টাবাগেড়িয়া জলনিকাশী এবং

(গ) ক্ষিরাই খাল সংস্কার পরিকল্পনাগুলির কাজ কবে নাগাদ সুরু হবে এবং প্রথম পর্যায়ে কত টাকার কাজ করার পরিকল্পনা আছে?

[ 1-30—1-40 p.m. ]

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী**ঃ

(ক) ভোঁসড়া খাল প্রকল্পের জন্য স্বল্পমেয়াদী প্রকল্প প্রস্তুত করা হইতেছে। দীর্ঘ মেয়াদী প্রকল্পের অনুসন্ধান কার্য চলিতেছে।

(খ) ও (গ) বর্ত্তমানে কোন প্রস্তাব নাই।

**শ্রীরজনীকান্ত দলুই**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ডেবরার জন্য কত টাকার স্কীম তৈরী করেছেন?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খান চৌধুরী**ঃ সেটা এখন বলতে পারি না, টেকনিক্যাল কন্সিডারেসনের জন্য পাঠাচ্ছি, এলে ফিনানসিয়াল কি লাগবে না লাগবে ঠিক করা হবে।

**শ্রীরজনীকান্ত দলুই**ঃ খালের কাজ কবে আরম্ভ হবে জানাবেন কি?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খান চৌধুরী**ঃ টেকনিক্যাল ক্লিয়ারেন্স পেলে বলতে পারি।

## বেকার সমস্যা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **শ্রীলক্ষ্মীকান্ত বসু**ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বেকার সমস্যা সমাধানের জন্য বর্তমান সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করার চিন্তা করিতেছেন এবং কবে নাগাদ উহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**ডাঃ গোপাল দাস নাগ**ঃ প্রশ্নটি সরকারের ভবিষ্যত নীতি সম্পর্কে।

বর্তমানে বন্ধ শিল্পসংস্থাগুলি খোলা, দুর্বল শিল্প প্রতিষ্ঠানগুলিকে চালু রাখার চেষ্টা করা, নতুন

শিল্প সৃষ্টির জন্য ঘোষিত ১৫ দফা কর্মসূচী অনুযায়ী সাহায্য দেওয়া, গ্রামীন অর্থনীতিকে উন্নত করিবার জন্য ব্যাপক বৈদ্যুতিকরণ ও জরুরী গ্রামীন কর্মসূচী প্রকল্প রূপায়ণ প্রভৃতি কাজগুলি করিবার চেষ্টা হইতেছে। তাছাড়া দ্বিতীয় হাওড়া ব্রীজ, ভূগর্ভ রেলপথ, সি. এম. ডি. এ. এবং হলদিয়া প্রকল্প সমূহের রূপায়ণের মাধ্যমেও অনেক কর্মসংস্থান সৃষ্টি হইবে আশা করা যায়। অন্যান্য আরও কিভাবে কর্মসংস্থান বৃদ্ধি করা যায় তাহারও সমীক্ষা চলিতেছে।

**শ্রীলক্ষীকান্ত বসু:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, মুখ্যমন্ত্রী মহাশয় যখন গত বছর পশ্চিমবাংলার দায়িত্ব নিয়ে আসেন, সেই সময় তিনি ঘোষণা করেছিলেন যে এক বছরে এক লক্ষ বেকারের চাকুরীর ব্যবস্থা করবেন, সেই ঘোষণা অনুযায়ী আজ পর্যন্ত কতজনকে কাজ দেওয়া হয়েছে, জানাবেন কি ?

**Dr. Gopal Das Nag:** Am I supposed to give the answer to this question ?

**Mr, Speaker:** Mr. Bose please put the supplementary in a better way. Then it can be answered. The present question dose not arise.

**শ্রীলক্ষীকান্ত বসু:** হাওড়া ব্রীজ ডেভেলপমেন্টের ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি নূতন করে রিটায়ার্ড লোককে কর্মে নিযুক্ত করা হয়েছে, তাহলে কি করে নূতন এমপ্লয়মেণ্ট হবে মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Mr. Speaker:** Mr. Bose this question also does not arise. It is a policy matter of the Government.

**শ্রীনিতাইপদ সরকার:** যেসমস্ত কলকারখানায় এবং অফিস আদালতে ওভারটাইম চলেছে, সেগুলি বন্ধ করে দিয়ে সেইস্থানে অতিরিক্ত শ্রমিক নিয়োগের কথা মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ:** বিবেচনা করছি।

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত:** শিক্ষিত বেকার ছেলেদের অটোরিক্সা নিয়ে তাতে নিয়োগ করবার সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

**ডাঃ গোপালদাস নাগ:** এই প্রস্তাব যদি মাননীয় সদস্য মহাশয় আমাদের কাছে পাঠান নিশ্চয়ই আমরা বিবেচনা করে দেখব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, মুর্শিদাবাদ জেলায় ফারাক্কায় একটা ইণ্ডাষ্ট্রিয়াল ষ্টেট তৈরী করে সেখানে শিল্প এবং কারখানা খুলে বেকার সমস্যার সমাধান এবং উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করবেন কি না ?

**ডাঃ গোপাল দাস নাগ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন আসে না এবং আমিও উত্তর দেবার অধিকারী নই।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারের ইণ্ডাষ্ট্রিয়াল ল' অনুযায়ী একজন শ্রমিক ৩ মাসে কয়ঘণ্টা ওভার টাইম করতে পারে ? আমি যতদূর জানি এই নীতি লংঘন করে একজন শ্রমিক ৩ মাসে ৪০০ ঘণ্টা ওভারটাইম করছে। আমি জানতে চাই এটা বন্ধ করবার কোন পরিকল্পনা শ্রম বিভাগের আছে কি না ?

**মিঃ স্পীকার:** মিঃ মজুমদার, দ্যাট কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ক্লোজার আইন লংঘন করবার জন্য কয়জন মালিককে শাস্তি দেওয়া হয়েছে ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আসার পর দেখেছি ক্লোজার নোটিশ দেওয়া সত্বেও একটি কারখানা বন্ধ হয়ে গেছে এবং সরকার সেক্ষেত্রে কোন ব্যবস্থা অবলম্বন করেন নি। তখন অবশ্য পশ্চিমবাংলায় কোন নির্বাচিত মন্ত্রিসভা ছিল না। আমি ৭ দিনের মধ্যে ২টি নোটিশ পেয়েছি এবং আমি সেটা পরীক্ষা করছি। যদি কোন কারখানার পরিচালকবৃন্দ বিনা নোটিশে কারখানা বন্ধ করে তাহলে যে শাস্তির ব্যবস্থা আছে অর্থাৎ ৫ হাজার টাকা ফাইন অথবা ৬ মাস জেল, সেই ব্যবস্থা আমরা নিশ্চয়ই করব।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, অশিক্ষিত এবং আনট্রেণ্ড আন্সকিল্ড লেবার যারা আছে তাদের বেকার সমস্যার সমাধানের কোন পরিকল্পনা আছে কিনা ?

**Mr. Speaker :** This question is too far away from the main question. Disallowed.

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জি :** আমাদের ওখানে একটা কারখানা আছে সেখানে শ্রমিকদের ১৩ জনকে পাটনা, দিল্লী ইত্যাদি জায়গায় বদলী করে দিয়েছে, যদিও তাদের মাইনে ৯০ টাকা। এইভাবে যে মালিকরা তাদের স্বার্থসিদ্ধির জন্য সরকারী নীতিকে বৃদ্ধাংগুষ্ঠ দেখাচ্ছে, এ বিষয়ে আমি এখানে আগেও সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি, মাননীয় মন্ত্রিমহাশয় কি চিন্তা করছেন, বলবেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** কোন কারখানা ক্লোজারের ব্যাপারে ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্ট আছে—যেসমস্ত কারখানায় ২০ জনের কম শ্রমিক আছে, তার উপর সে আইন প্রযোজ্য হয় না। এখন ২০ জনের কম শ্রমিক আছে এমন কোন কারখানা যদি বন্ধ হয়ে যায়, সেই খবর সরকারের কাছে পৌছায় না, কাজেই কোন কারখানা বন্ধ হয়ে গেছে সেই খবর যদি বিস্তারিতভাবে দেন, ইনডাষ্ট্রীয়াল ডিসপিউট এ্যাক্টের আওতায় পড়ে, তো ভাল, নইলে কি করা যায় সেটা বিবেচনা করে দেখবো।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জি :** কারখানা কোন নোটিশ না দিয়ে রাতারাতি বন্ধ করে দিয়েছে, আমি বলেছিলাম যে ক্লোজার এ্যাক্টে মালিককে গ্রেপ্তার করা হোক, এই সম্বন্ধে শ্রমদপ্তর এবং সরকার-এর কি নীতি সেটা ঘোষণা করবেন কি ?

**Mr. Speaker :** This question does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা ব্যারেজে অনেক কর্মচারী এবং শ্রমিক এতদিন ধরে কাজে নিযুক্ত ছিল। কিন্তু ওই ফারাক্কা ব্যারেজের কাজ সমাপ্ত হতে চলেছে বলে অনেক কর্ম্মচারী এবং শ্রমিক যারা ওথনে কাজ করত তারা ছাঁটাই হতে চলেছে। আমার প্রশ্ন হচ্ছে এইসমস্ত কর্মীদের কর্মে রাখার জন্য কোন ব্যবস্থা করবেন কি না ?

**মিঃ স্পীকার :** দিস কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

## পানাগড় শাখা ক্যানেল হইতে রবিশস্যের জন্য জল সরবরাহ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২।) **শ্রীঅশ্বিনী রায় :** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর উপত্যকা কর্পোরেশন এলাকায় পানাগড় শাখা (ডি.ভি.সি.) ক্যানেল হইতে বর্তমান বৎসরে রবিশস্যের জন্য জল সরবরাহের কোনও প্রস্তাব আছে কি ; এবং

(খ) থাকিলে—(১) কোন্ সময় হইতে ইহা কার্যকরী হইবে, এবং (২) সম্ভাব্য কত একর জমিতে জল সরবরাহ করা হইবে ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** :

(ক) না।

(খ) ১, ২, এই প্রশ্ন উঠে না।

**শ্রীঅশ্বিনী রায়** : রবি ফসলের জন্য কোন রকম প্রকল্প নেই বললেন। আমার প্রশ্ন হচ্ছে পানাগড় ব্রাঞ্চ ক্যানেল দিয়ে আমন ফসলের জন্য কত একর জমিতে জল সরবরাহ করা হয় ?

**Mr. Speaker** : I think, Hon'ble Minister is not posted with all those facts because the question relates only to the Rabi Crops

**শ্রীঅশ্বিনী রায়** : আপনি বললেন কোন প্রকল্প নেই। আমার প্রশ্ন হচ্ছে গভর্নমেণ্ট যখন ওই ক্যানেল দিয়ে জল সরবরাহ করেন এবং ডাবল্ ক্রপিং করবার উদ্দেশ্য সরকারের আছে তখন কেন ওই ক্যানেল দিয়ে রবিশস্যের জন্য জল সরবরাহ করা হবে না ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** : এটা ওই ডিজাইনের নয়, এটা করা যায় না।

## কাঁথি বেসিন পরিকল্পনা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭।) **শ্রীসুধীরচন্দ্র দাস** : সেচ এবং বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের কার্যের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে,

(খ) সরকার কি অবগত আছেন এই পরিকল্পনা রূপায়িত না হওয়ায় এ বছরও বিরাট এলাকার ফসল নষ্ট হইয়াছে ; এবং

(গ) অবগত থাকিলে এই পরিকল্পনার কার্য অবিলম্বে আরম্ভ করার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** :

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের জন্য ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে কোন টাকা বরাদ্দ হয় নাই।

(খ) হ্যাঁ, রূপায়িত হইলে এ সমস্যা সমাধান হইবে।

(গ) সরকার এই পরিকল্পনা রূপায়িত করতে খুবই আগ্রহী কিন্তু টাকার অভাবে এখনও আরম্ভ করা সম্ভব হয় নাই।

**Mr. Speaker :** I think no supplementary question arises out of this answer.

## আড়খিষমায় নদী হইতে জলসেচ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৪১।) **শ্রীনিতাইপদ সরকার** : সেচ ও বিদ্যুৎ বিভাগের

মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি নদীয়া জেলার রানাঘাট থানার আড়খিষমাতে চূর্নী নদী হইতে জলসেচের জন্য যে পরিকল্পনা করা হইয়াছিল তাহা বর্তমানে কি পর্যায়ে আছে ?

[1-40—1-50 p.m.]

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** : নদীয়া জেলার চূর্নী নদী হইতে জলসেচের জন্য সেচ ও জলপথ দপ্তরে এ পর্যন্ত কোন পরিকল্পনা তৈরী করা হয় নাই।

**শ্রীনিতাইপদ সরকার** : আমরা জানি যে চূর্নী নদীতে রানাঘাট থানার অধীন আড়খিষমাতে এই ধরনের নদী থেকে পাম্প দিয়ে খালের মধ্য দিয়ে জল সেচের জন্য একটা প্রকল্প গ্রহণ করা হয় এবং দীর্ঘদিন ধরে এই প্রকল্পের জন্য কাজ সম্পূর্ণ হয়ে পড়ে রয়েছে এবং জলসেচের কোন ব্যবস্থা হচ্ছে না। বিগত দু'-তুবার আমি প্রশ্ন করেছি এবং তাতে মন্ত্রিমহাশয়রা জবাব দিয়েছেন যে, এই ক্যানেলের মধ্য দিয়ে যাতে জল সেচ করা যায় তার ব্যবস্থা করা হবে, আর এখন মন্ত্রিমহাশয় বলছেন যে এই রকম কোন প্রকল্প নেই ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** : আপনি জানেন না আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টের কাজের ভারটা, সেইজন্য আমাকে এটা প্রশ্ন করেছেন, এটা প্রশ্ন করা উচিত ছিল এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর মিনিষ্টারকে।

**শ্রীনিতাইপদ সরকার** : তাহলে প্রশ্নটা সেই ডিপার্টমেণ্টে পাঠানো উচিত ছিল, আমি তো সেচ বিভাগের মন্ত্রী বলে উল্লেখ করে দিয়েছি।

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** : আসল ব্যাপার হচ্ছে ইরিগেশনের কতকগুলো কাজ, যেগুলো আমরা বলে থাকি টেকনিক্যালি মাইনর ইরিগেশন, সেইগুলো এগ্রিকালচার ডিপার্টমেন্ট করেন এবং যেগুলো মেজর ব্যাপার সেইগুলো আমরা করি, এই কোশ্চেনটা পাঠানো উচিত ছিল এগ্রিকালচার ডিপার্টমেণ্টে।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : এই যে মন্ত্রিমহাশয় বললেন, যে এটা মাইনর ইরিগেশন, কিন্তু আমরা জানি এটা মাইনর ইরিগেশন নয় এবং এটা ঐ মন্ত্রীদের দপ্তরের অধীন, কেননা সেই খাল দীর্ঘ কয়েক মাইল ধরে কাটা হয়েছে এবং প্রায় এক কোটি টাকার মত খরচ করা হয়েছে এবং বিদেশ থেকে বহু যন্ত্রপাতি এনে প্রায় ৪০ লক্ষ টাকার যন্ত্রপাতি সেখানে বসানো হয়েছে। সুতরাং মন্ত্রিমহাশয়ের দপ্তরেরই এবং আমরা জানতে চাই এই এক কোটি টাকা খরচ হওয়া সত্ত্বেও সেইসব খাল কেন চালু হয় নি এবং সেইজন্য এইসব এলাকাতে ডিপটিউবওয়েল বসেনি এবং চাষীদের দুর্দশা আজ চরমে উঠেছে, মন্ত্রিমহাশয় এই বিষয়ে নির্দিষ্টভাবে জবাব দেবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** : আমাকে যে প্রশ্ন করা হয়েছে আমি তার উত্তর দিয়েছি, তার বেশী কিছু বলতে পারবো না।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : আপনি বলছেন এটা আপনার দপ্তর নয়, কিন্তু আমি যতদূর জানি এটা আপনারই দপ্তর।

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** : আমি বলছি যে আমার ডিপার্টমেণ্টে এইরকম কিছু নেই—আমি ডিপার্টমেণ্টাল মিনিষ্টার, আমি বলছি আমার ডিপার্টমেণ্টে এই রকম কিছু নেই।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি** : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে আপনার ডিপার্টমেণ্টে মাইনর

ইরিগেশনও আছে এবং এগ্রিকালচার ডিপার্টমেণ্টেও মাইনর ইরিগেশন আছে এবং আপনার ডিপার্টমেণ্ট-এর মাইনর ইরিগেশন বেশীর ভাগ নিত, তারা এখন কিছু কিছু নেয়। এগ্রিকালচার এই স্কীমটা আপনার ডিপার্টমেণ্টে গৃহীত হয়েছে ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** ঃ এই কোশ্চেনে যে কথাটা বলা হয়েছে —নদীয়া জেলার চুর্নী নদীতে · ইত্যাদি, এটা আমার ডিপার্টমেণ্টের ব্যাপার নয়।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি** ঃ এখানে যে প্রশ্ন ছিল সেই প্রশ্নে যা আছে সেটা লিফ্‌ট ইরিগেশন নয়, দ্বিতীয়তঃ মন্ত্রিমহাশয় কি এটা অবগত আছেন যে লিফটের ব্যাপারে এই ডিপার্টমেণ্টের সঙ্গে এগ্রিকালচার ডিপার্টমেণ্টের একটা কো-অর্ডিনেশন আছে যে, আপনার ডিপার্টমেণ্ট থেকে একটা স্কীম করলে তারা তা থেকে লিফ্‌টের স্কীম যোগ করতে পারে ?

**মিঃ স্পীকার** ঃ আমার মনে হয় এই হাউসের মাননীয় অনেক সদস্য ঠিক কোন্‌ মন্ত্রীর জুরিসডিকশনে পড়ছে সেটা বুঝতে পারছেন না, সেইজন্য অনেক অসুবিধার সম্মুখীন হচ্ছেন। যেমন অনেক সময় আমরা জানি স্মল ইরিগেশন, লিফ্‌ট ইরিগেশন, এগ্রিকালচারের কিন্তু আবার ডিপ-টিউবওয়েল, সেও এগ্রিকালচারের সঙ্গে থাকে, এক একবার এক এক রকম চেঞ্জ হয়ে যায়। যুক্তফ্রণ্টের মন্ত্রীদের আমলে একরকম ছিল, আপনাদের সময় কি রকম হয়েছে সেই বিষয়ে হাউসের অধিকাংশ সদস্যদের কাছে জিনিষটা পরিষ্কার নেই, সেইজন্য কোন্‌ বিষয়গুলি কার দপ্তরে রয়েছে সেটা বলে দেওয়া দরকার।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের অনুমতি নিয়ে এবং আপনার অনুমতি নিয়ে আমি বলতে চাচ্ছি এই ব্যাপারে কোন একটা গোলমাল থাকা উচিত নয়। প্রশ্ন যখন উঠেছে, তখন সেটা কোন্‌ দপ্তরের একটু আলোচনা করলেই তা পরিষ্কার হয়ে যাবে। মাননীয় বিশ্বনাথবাবু সেচমন্ত্রী ছিলেন, তিনি বলছেন এটা সেচদপ্তরের ব্যাপার, আবার এদিকে মাননীয় সেচমন্ত্রী বলছেন অন্য দপ্তরের। এখন যে দপ্তরেরই থাক, তার সুযোগ আমরা গ্রহণ করব না। আমরা কাল এর উত্তর দেব। কাল সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রী দুজনে বসে আলোচনা করে ঠিক করে এই প্রশ্ন সম্বন্ধে একটা ষ্টেটমেণ্ট ওঁদের একজন দেবেন।

( হর্ষধ্বনি। )

## মানকর গ্রামের বৈদ্যুতিকীকরণ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪।) **শ্রীঅশ্বিনী রায়** ঃ সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় বুদবুদ থানার মানকর অঞ্চলে মানকর গ্রামের বৈদ্যুতিকীকরণের কাজ বর্তমানে কোন্‌ পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় এবং উক্ত গ্রামে বৈদ্যুতিকীকরণের কাজে বিলম্বের কারণ কি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী** ঃ

(ক) বর্ধমান জেলার বুদবুদ থানার অন্তর্গত মানকর মৌজার ( জে. এল. নং ৩৭ ) বৈদ্যুতিকরণের কাজ ইতিমধ্যেই শেষ হইয়া গিয়াছে এবং ১৯৭০ সালের ২রা সেপ্টেম্বর উক্ত স্থানে বিদ্যুৎ সরবরাহ চালু করা হইয়াছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই যে আপনি (ক) প্রশ্নের জবাবে বললেন যে কাজ ইতিমধ্যে শেষ হয়ে গেছে--এই শেষ হওয়ার মানে কি এটা বুঝতে হবে যে রাস্তায় একটা লাইটপোষ্ট নিয়ে গেলেই কাজ শেষ হলো, না, ঐ গ্রামে যে রাস্তা আছে, সেই রাস্তাগুলোর সমস্ত চাহিদা পূরণ করলেই তবে কাজ শেষ হয় ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরীঃ** বর্ধমানের ঐ বুদবুদ থানার মানকর গ্রামের জন্য যে স্কীম আমরা নীন করি—সেটা we have completed. এর বেশী যদি কোন information আপনি চান, তাহলে নোটীশ দিলে উত্তর দেব।

## বেহুলা নদীর জল নিষ্কাশনে খাল খনন

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং*২১।) **শ্রীসুধীর চন্দ্র দাসঃ** গত ২৮শে সেপ্টেম্বর ১৯৬৬ তারিখে প্রদত্ত অ-তারকিত ২২১ নং (অনুমোদিত প্রশ্ন নং ৩০২৫) প্রশ্নোত্তরের (গ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ ও বিদ্যুৎ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অন্য কোন জল নিষ্কাশনের খাল খনন করিবার জন্য যে অনুসন্ধান কার্য চলিতেছিল তাহা শেষ হইয়াছে কিনা ;

(খ) অনুসন্ধান শেষ হইয়া থাকিলে তাহার ফলাফল কি ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত অঞ্চলের জল নিষ্কাশনের ব্যবস্থা করিবার জন্য সরকার নির্দেশ দিয়াছিলেন ; এবং

(ঘ) সত্য হইলে, কি ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়াছেন এবং কবে নাগাদ উহার কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরীঃ**

(ক) একটি বিকল্প নিকাশী খাল সম্পর্কে অনুসন্ধান কার্য এখনও শেষ হয় নাই।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন ওঠে না।

(গ) বেহুলা অববাহিকার সন্তোষজনক নিষ্কাশনের উদ্দেশ্যে একটি ব্যাপক প্রকল্প গঠনের সম্ভাবনা সম্পর্কে অনুসন্ধান কার্য চালাইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(ঘ) অনুসন্ধান কার্য চলিতেছে। অনুসন্ধান কার্য সমাপ্ত হইলে প্রকল্পের পরবর্তী কার্যধারা গৃহীত হইবে।

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন—ঐ জল নিকাশী খাল কাটাবার জন্য ১৯৬৮ সালে আপনার দপ্তর থেকে একটা চিঠি গিয়েছে যে এটা মঞ্জুর করা হয়েছে এবং খালটা কাটা হবে। গত বছরও লোকজন পৌছেছিল, District Magistrateও টেণ্ডার নোটীশ দিয়েছিলেন। তারপর এ সম্বন্ধে অনুসন্ধানের কাজ চলছে—একথা আপনি আজ বলছেন কেন ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরীঃ** আমার কাছে যে কাগজপত্র আছে তা থেকে আমি একথাই বলতে পারি এখনও পর্যন্ত এটা Technical consideration-এর পর্য্যায়ে আছে।

[1-50—2-00 p.m.]

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** তাহলে কি আপনি এই বিষয়টা দেখবেন? আমাদের কাছে টেণ্ডার নোটীশ এবং চিঠিপত্র আছে।

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** আমি দেখব ব্যাপারটা।

## ফরাক্কা ব্যারেজের প্রয়োজনীয় জল

*54. ( Short Notice ) (Admitted question No. *80.)

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায় ঃ** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কা ব্যারেজের যথাযথ পরিকল্পিত কাজের জন্য কত জল প্রয়োজন ;

(খ) বর্তমানে কত জল পাওয়া যায় ; এবং

(গ) গঙ্গা-কাবেরী সংযোগ প্রস্তাব কার্যকরী হলে প্রয়োজনীয় জল পাওয়া যাবে কি না?

**Mr. Speaker :** I understand that the answer to question No. 54 of Shrimati Geeta Mukherjee has not been received by my office. So it cannot be taken up.

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায় ঃ** আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম, উনি জবাবটা দিচ্ছেন।

**Mr. Speaker :** Mr. Chowdhury, are you ready with the answer ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** ইয়েস।

**Mr. Speaker :** A copy of the answer is to be laid on the table first.

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায় ঃ** উনি উত্তর তৈরী করে নিয়ে এসেছেন।

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** কলিকাতা বন্দরকে কার্যক্রম করিতে গেলে…

**Mr. Speaker :** The convention is that the answer is to be laid on the table first.

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ** স্যার, আপনি যদি বলতে বলেন তাহলে উনি বলতে পারেন।

**মিঃ স্পীকার ঃ** কিন্তু আমি বলছি যে প্রশ্নের উত্তর প্রসিডিংসে আমাদের লিপিবদ্ধ হবে সুতরাং এইটা টেবিলে লেইড ডাউন না করলে ইট উইল বি ডিফিকাল্ট টু মেক ইট এ পার্ট অফ দি প্রসিডিংস।

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ** আনসার ফাইলটা স্যার, এদের কাছে দেওয়া যায়, আমরা অতীতে দিয়েছি, এরা নোট করে নেবেন।

**Mr. Speaker :** I am allowing the question this time. But hence forth, I make a request that, a copy of the answer must be laid on the table before the question is answered.

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী :**

(ক) কলিকাতা বন্দরকে কার্যক্ষম রাখিতে গেলে ন্যূনপক্ষে ৪০,০০০ কিউসেক জলের প্রয়োজন।

(খ) বর্তমান সময়ে, অর্থাৎ ফরাক্কা প্রকল্পের ফলাফল বাদ দিলেও, সব ঋতুতে সমান জল পাওয়া যায় না, শীতকালে কার্যতঃ কোন জলই পাওয়া যায় না, অপরপক্ষে বর্ষা ঋতুতে প্রাপ্ত জলের পরিমাণ প্রায় ৮০,০০০ কিউসেক।

(গ) গঙ্গা-কাবেরী সংযোগ পরিকল্পনার বিশদ বিবরণ জানা নাই।

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে শীতকালে জল পাওয়া যায় না আর বর্ষাকালে ৮০,০০০ কিউসেক জল পাওয়া যাচ্ছে। বর্ষাকালের জন্য নিশ্চয়ই পরিকল্পনাটা নয় সারা বছরের জন্য পরিকল্পনাটা।

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ফরাক্কার এমনিতেই যখন অবস্থাটা গোলমেলে, তারপর আবার উত্তরপ্রদেশের ঘাগরা এবং আত্রেয়া নদীর জল দেওয়ার জন্য প্রজেক্ট এ্যাসিষ্ট বলে যে পরিকল্পনা হচ্ছে সেই পরিকল্পনা সংক্রান্ত ব্যাপারে ফরাক্কার জল পাওয়ার আশঙ্কা দেখা দেবে এই মনে করে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মানে বিভিন্ন সময়ে বিভিন্ন মুখ্যমন্ত্রী এই হাউসে উপস্থিত শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় তিন বার, রাজ্যপাল ধর্মবীর মহাশয় একবার, রাজ্যপাল ধাওয়ান মহাশয় একবার, রাজ্যপাল ডায়াস মহাশয় একবার এবং সেচমন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় একবার ইত্যাদি কেন্দ্রীয় সেচ বিভাগের কাছে বার বার এই প্রজেক্ট সম্পর্কে খবরাখবর জানতে চেয়েছিলেন। এবং আমাদের সেচ মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ও গত বারে কেন্দ্রীয় সেচ বিভাগে বার বার এই প্রজেক্ট সম্বন্ধে খবর জানতে চেয়েছেন -কিন্তু আজ পর্যন্ত এ বিষয়ে পশ্চিমবঙ্গ জবাব পান নি—মন্ত্রিমহাশয় এ বিষয়ে অবগত আছেন কি?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী :** ব্যাপারটি হাইলি টেকনিক্যাল তাই এখনই উত্তর দেওয়া সম্ভব নয়। পরে সময় মত উত্তর দেবো।

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায় :** ব্যাপারটি যতই টেকনিক্যাল হোক না কেন যখন ফরাক্কায় কম পড়ছে এবং প্রজেক্ট এ্যাসিষ্টেন্ট টানা নেই তার উপর গঙ্গা-কাবেরী হবার পর যা ক্ষমতা হবে—শুধু বর্ষাকালে নয়—তাতে যে এক্সেস জল যাবে আর বাকী সময়ে থ্রেটেনড্ থাকছে জল পাচ্ছে না এই অবস্থাতে ফরাক্কা জল পাবার পরও কেন এই রকম হবে—এটা যতই টেকনিক্যাল হোক না কেন যে-কোন লে-ম্যান এটা বলতে পারবে।

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী :** আমি আপনার কনসার্ণ এ্যাপ্রিসিয়েট করি কিন্তু এতো টেকনিক্যাল যে আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায় :** এটা টেকনিক্যাল হলেও এই রকম অবস্থায় যেখানে এতগুলি রাজ্য জড়িত ফরাক্কার সঙ্গে—আমাদের সি. এম. ডি. এ. জড়িত, কলকাতা জড়িত সেখানে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে এই ব্যাপারে ভারতের অন্যান্য যে রাজ্য রয়েছে তাদের সবাই মিলে সমস্ত পরিকল্পনার ব্যাপারে একটা হাইপাওয়ার উচ্চ ক্ষমতা সম্পন্ন একটা কমিশন করার, যাতে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি থাকবে এবং সেখানে যে টেকনিক্যাল অবস্থা রয়েছে তাকে কার্যকরী করার যাতে সিদ্ধান্ত করা হয় মুখ্যমন্ত্রী নিজে এবং মন্ত্রীমণ্ডলী আমাদের ভারত সরকারের কাছে এটা আনবেন এটা আশা করতে পারি কি?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী:** আমি এবং আমার চীফ মিনিষ্টার ও আদার কলিগস আমাদের খুব কনসার্ণ আছে—এ ব্যাপারটা আমরা দেখবো।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত:** ফরাক্কা পরিকল্পনায় মোটামুটি কলকাতার জন্য শীতকালে জল পাচ্ছে না এবং তাতে কলকাতা উন্নয়নের কার্য হচ্ছে না। যাতে শীতকালে জল পাওয়া যায় তারজন্য সরকার এ বিষয়ে বিশেষ মনোযোগ দেবেন কিনা তা জানতে চাই?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী:** এর উত্তর তো দিলাম—আপনি বোধ হয় শোনেন নি।

## বন্ধ কলকারখানা

*53. (Short Notice) (Admitted question No. *38.)

**শ্রীনিতাইপদ সরকার:** বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বন্ধ কলকারখানার সংখ্যা কত;

(খ) কত শ্রমিক কারখানা বন্ধের ফলে বেকার হইয়া পড়িয়াছেন; এবং

(গ) বন্ধ কলকারখানা চালু করিবার জন্য সরকার কি কি পরিকল্পনার বিষয় বিবেচনা করিতেছেন?

**ডাঃ গোপালদাস নাগ:**

(ক) সাময়িকভাবে বন্ধ ১৬১টি, এছাড়া পাকাপাকিভাবে বন্ধ ৩০২টি।

(খ) সাময়িকভাবে বন্ধের জন্য ১৪,৯৬৯ জন এবং পাকাপাকিভাবে বন্ধের জন্য ২৫,৫১৩ জন।

(গ) শিল্পবিরোধ আইন অনুসারে দ্বি-পাক্ষিক ও ত্রি-পাক্ষিক আলাপ আলোচনার মাধ্যমে বন্ধ কারখানাগুলি চালু করিবার জন্য সাফল্যের সঙ্গে চেষ্টা করা হইতেছে। হাইকোর্টের অনুমোদন লইয়া রাজ্যসরকারের অর্থ সাহায্যে একটি বন্ধ সুতাকল খোলা হইয়াছে, এবং আরও তিনটি বন্ধ সুতাকল পরিচালনার ভার ভারত সরকার ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের মাধ্যমে নিয়াছেন। অন্যান্য কয়েকটি বিচারাধীন আছে। দুটি ইঞ্জিনিয়ারিং শিল্প প্রতিষ্ঠানও গত বৎসর কেন্দ্রীয় সরকার হাতে নিয়াছেন এবং অপর কয়েকটি বিচারাধীন আছে। আই. আর. সি. আই-এর অর্থসাহায্যেও ১৪টি বন্ধ প্রতিষ্ঠান খোলা হইয়াছে এবং এই ধরনের প্রচেষ্টা জোর চলিতেছে এবং চলিবে।

[2-00—2-10 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কতকগুলি স্থায়ীভাবে বন্ধ এবং কতকগুলি অস্থায়ীভাবে বন্ধ। এখানে অস্থায়ীভাবে যেগুলি বন্ধ সেগুলি তাড়াতাড়ি খোলার ব্যবস্থা যাতে করা যায় সে বিষয়ে মন্ত্রিমহাশয় কিছু ভাবছেন কিনা?

**ডাঃ গোপালদাস নাগ:** এই যে Division এটা খুব Arbitrary. Department-এর মতে এদের এই ক্লোজারটা, Closure এদের স্থায়ী-অস্থায়ী হওয়া উচিত নয়। যেসমস্ত Closure Case-এ

শ্রমিকদের দেনা পাওনা চুক্তি করে নিয়ে requisition-এর জন্য, wind up-এর জন্য notice না দেওয়া হচ্ছে সেগুলিকে এরা temporary closure বলেন। Industrial Dispute Act অনুযায়ী closureটা closure, এখানে permanent বা temporary কিছু হয় না। আর এখন arbitrary division করছে এজন্য যেগুলিতে শ্রমিকদের সব মিটমাট করে দিয়ে কারখানা windup করার ব্যবস্থা হচ্ছে, যন্ত্রপাতি বিক্রয় করে দেওয়া হচ্ছে, সেগুলিকে আমরা ধরে নিয়েছি permanent, সেগুলি খোলা অনেক শক্ত। সেগুলি Practically নূতন করে reconstruct করতে হয়। আর যেগুলিকে শ্রমিকদের সম্বন্ধ চুকে যায়নি মেসিনারী ঠিক আছে কোন অনিবার্য কারণে management তখন আইনের সুযোগ নিয়ে বন্ধ করে দিয়েছে সেগুলি আমরা ধরেছি temporary nature of closure, সেগুলি সহজে revive করা যাবে।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেসমস্ত কারখানার মালিক শালিসী বা আলাপ আলোচনার মধ্য দিয়ে সরকারের অনুরোধ থাকা সত্ত্বেও কারখানা খুলবেন না সেক্ষেত্রে সরকার তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করতে পারবেন?

**ডাঃ গোপালদাস নাগ:** Industrial Development Regulation Act বলে একটা আইন আছে। সেই আইনটার পরিচালনার দায়ীত্ব কেন্দ্রীয় সরকারের। সেই আইনের অধিকার বলে কেন্দ্রীয় সরকার যে-কোন বন্ধ কারখানা বা যে শিল্প sick বলে মনে হবে সেখানে নিজেদের initiative নিয়ে অনুসন্ধান করাতে পারবেন এবং প্রয়োজন হলে সেই প্রতিষ্ঠানের পরিচালনার দায়ীত্ব গ্রহণ করতে পারবেন। এই আইন সংশোধন হয়েছে। এই সংশোধনের বলে যে-কোন কারখানা কেবল মাত্র যদি ৩ মাস বন্ধ থাকে ভারত সরকার কোন রকম অনুসন্ধান না করে এই কারখানার পরিচালনার দায়ীত্ব গ্রহণ করতে পারবেন। দুঃখীত, এই আইন বলে কোন রকম কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা বা অধিকার প্রাদেশিক কোন সরকারকে দেওয়া হয় নি।

**শ্রীনিতাইপদ সরকার:** যেসমস্ত শ্রমিক এই কারখানা বন্ধের জন্য বেকার হয়ে আছেন তাদের সরকার থেকে কোন relief দেবার ব্যবস্থা আছে কিনা, সেটা কি মন্ত্রিমহাশয় জানাবেন?

**ডাঃ গোপালদাস নাগ:** কি ধরনের relief-এর কথা মাননীয় সদস্য মহাশয় বলছেন এটা না বললে ঠিক উত্তর দেওয়া সম্ভব নয়।

**শ্রীনিতাইপদ সরকার:** গ্রামের দুস্থদের জন্য G. R.-এর ব্যবস্থা আছে, শহরে যেসমস্ত কারখানা বন্ধ আছে, যেসমস্ত শ্রমিকরা একেবারে না খেয়ে আছে তাদের জন্য সরকার কি ধরনের সাহায্য করতে পারেন। ধরুন যে কোন একটা মাসিক ভাতা বা অন্যরকম কোন সাহায্য দিতে পারেন। তাই আমি জানতে চাইছি, সরকার কি ধরনের সাহায্য এবং বিবেচনা করিতে পারেন?

**ডাঃ গোপালদাস নাগ:** আমি তো মাসিক একশত টাকা ভাতা চাইতে পারি। কাজেই সেটাতো সরকারের উপর নির্ভর করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় মাননীয় সদস্য মহাশয়, ব্যাপারটা গুলিয়ে ফেলেছেন, যে G.R.-এর কথা তিনি বলছেন সেটা permanent disability থাকলে অর্থাৎ Permanent liability of the State, State কিন্তু লোক যারা কাজ করে উপার্জন করতে পারবে না ভগবানের অভিশাপে তাদের ভরণপোষণের দায়ীত্ব আংশিক গ্রহণের জন্য G.R.-এর ব্যবস্থা আছে। আর ঠিক closed industryতে হাজার হাজার শ্রমিক বেকার আছে তাদের G. R. দিয়ে বাঁচিয়ে রাখা সম্ভব নয়। তাদের বিকল্প কাজের ব্যবস্থা

করা যেতে পারে। ঐ কারখানাগুলি দ্রুত খুলে তাদের পুনরায় কাজে নিয়োগ করা ছাড়া আর অন্য কোনরকম relief দেওয়া সম্ভব নয়।

**শ্রীনিতাইপদ সরকারঃ** আমার প্রশ্ন হচ্ছে স্থায়ীভাবে যারা দুস্থদের মধ্যে পড়ছে, এই দুস্থদের কথা সরকার যদি অবগত থাকেন তাহলে এই দুস্থ শ্রমিকদের কিছু relief-এর কথা সরকার বিবেচনা করছেন কিনা ?

**ডাঃ গোপালদাস নাগঃ** কোন উত্তর নাই।

**শ্রীনিরঞ্জন ডিহিদারঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, বন্ধ অস্থায়ী এবং স্থায়ী যে কারখানাগুলি এখন আছে তা খুলতে আনুমানিক কতদিন সময় লাগবে বলবেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা টাইম বাউণ্ড প্রোগ্রাম বলে বলা খুব শক্ত। কারণ, প্রত্যেকটি কেসকে তার নিজের মেরিট অনুযায়ী বিচার করতে হয়, তার জন্য অনেক অসুবিধা আছে। তাছাড়া আমি আগেই বলেছি যে পশ্চিমবঙ্গ সরকারের এই কারখানাগুলি আবার নতুন করে খুলে পরিচালনা করার ক্ষমতা নেই, অত অর্থ সামর্থও নেই এবং এই কারখানাগুলি পরিচালনা করবার মত উপযুক্ত লোকবলও নেই। তাই আমরা অত্যন্ত হ্যান্‌ডিক্যাপ্টের মধ্যে কাজ সুরু করেছি। আসতে আসতে আমরা যদি ক্ষমতার অধিকারী হই বা উপযুক্ত পরিমাণে অর্থ সংগ্রহ করতে পারি এবং প্রয়োজনমত লোকের ব্যবস্থা যদি আমরা করতে পারি তাহলে দ্রুত কাজটি করা যাবে। কিন্তু বর্তমানে এত দ্রুত করা যাচ্ছে না।

**শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ** এ্যারাইজিং আউট অব দিস এ্যানসার—মন্ত্রিমহাশয় বললেন এই কারখানাগুলি খোলার ব্যাপারে উপযুক্ত দক্ষ লোকের অভাব আছে। কোন্ ক্যাটিগোরির দক্ষ লোক কত লাগবে সে সম্বন্ধে সরকার কি কোন সঠিক তথ্য নির্ধারণ করেছেন এবং করে থাকলে সেই তথ্যগুলি কি হাউসকে জানাবেন ?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই তথ্য সংগ্রহ করা এবং একটি প্রকল্প করার প্রশ্ন তখনই উঠবে যখন আমরা ঠিক বুঝতে পারবো যে কতগুলি সংস্থার দায়িত্ব সরকারকে নিতে হবে এবং কি ধরনের সংস্থার দায়িত্ব সরকারকে নিতে হবে। কাজেই এই রকমের একটা তথ্য এখনই হাউসের সামনে আমার পক্ষে দেওয়া সম্ভব নয়।

**শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ** তাহলে কোন্ তথ্যের ভিত্তিতে মাননীয় মন্ত্রিমহাশয় বিশেষ কারণের মধ্যে একটি কারণ মনে করছেন যে দক্ষ শ্রমিকের অভাবে, কারখানাগুলি খোলা যাচ্ছে না, সেটা বলবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় সদস্য নিজেও জানেন এটাই তথ্যের ভিত্তি যা আমি পুরানো অভিজ্ঞতার ভিত্তিতে বলেছি।

**শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ** যদি সত্যিই উপযুক্ত দক্ষ শ্রমিকের অভাব হয়ে থাকে বলে মনে হয় তাহলেও বাংলাদেশে অন্ততঃ এই দক্ষ কর্মীর অভাব হবে না অতীতের অভিজ্ঞতা থেকে মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই বুঝতে পারবেন। কাজেই মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই রকম কোন হিসাব, পরীক্ষা-নিরীক্ষা বা তথ্য সংগৃহীত হয়েছে ?

**ডাঃ গোপালদাস নাগঃ** পরীক্ষা-নিরীক্ষা চলেছে, তথ্য সংগৃহীত হচ্ছে। চূড়ান্ত কোন ব্যবস্থা অবলম্বন করার আগে এটা বলতে পারব না।

**শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ** এমপ্লয়মেণ্ট মার্কেটে এই রকম বহু বিষয়ে দক্ষ কর্মী অনেক

আছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই রকম কত হাজার দক্ষ কর্মী কাজের জন্য অপেক্ষা করছে ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** দক্ষ, অদক্ষ বলা যাবে না। তবে এম্পপ্লয়মেন্টের যে লেটেষ্ট ফিগার আমরা পেয়েছি তাতে বলতে পারি যে প্রায় ৮ লক্ষ হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** বিড়ি শিল্প পশ্চিমবাংলার একটি গুরুত্বপূর্ণ শিল্প। এই বিড়ি শিল্পের মালিকরা শ্রমিক স্বার্থ বিরোধী নীতি নিয়ে তাদের যদি কোন কাজ না দেয় এবং ছাঁটাই করে তাহলে তো বেকারত্ব আরও বাড়তে বাধ্য এবং সেই ভাবেই বিড়ি শিল্পে ক্রমাগত বেকারী বেড়ে যাচ্ছে। কাজেই মালিকের ঐ অনমনীয়সুলভ মনোভাবের বিরুদ্ধে শ্রম-স্বার্থ বিরোধী কার্যকলাপ প্রশমনের জন্য সরকারী নিয়ন্ত্রণাধীনে বিড়ি তৈরী করার কোন কারখানা খোলার পরিকল্পনা সরকারের আছে কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রশ্নটি ঠিক বুঝি না। যদি উনি এই প্রশ্ন করে থাকেন যে সরকারী সেক্টরে কোন বড় আকারে বিড়ি কারখানা খোলার কথা সরকার ভাবছেন কিনা—তাহলে আমি বলব এটা আমার জানা নেই। আর যদি উনি বলেন যে বিড়ি শ্রমিকদের সম্বন্ধে সরকার কি চিন্তা করছেন—তাহলে আমি জানাবো যে বিড়ি শ্রমিকদের জন্য কয়েকবছর আগে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট অনুযায়ী ন্যূনতম বেতন বা মজুরী কি হওয়া উচিত সেটা ধার্য্য করে দেওয়া হয়েছিল। কিন্তু ন্যূনতম বেতন বা মজুরীর হার পশ্চিমবাংলা সরকার ধার্য্য করে দেবার পরেও অধিকাংশ ক্ষেত্রে বিড়ি শ্রমিক এবং সংশ্লিষ্ট মালিক কর্তৃপক্ষ মিলে একটি গোপন চুক্তি অনুযায়ী কম বেতনহার নিয়ে এবং কম বেতনহার দিয়ে কারখানাগুলি চালু করে রেখেছেন। কাজেই যেখানে ঐ শ্রমিকরা ধার্য্য বেতন অনুযায়ী বেতন দেবার দাবী করেছেন বা আন্দোলন করেছেন সেখানেই কারখানাগুলি বন্ধ হয়ে গেছে।

বিড়ি কারখানাগুলি এবং বিড়ি শ্রমিকরা কেউই খুব সুন্দরভাবে সংগঠিত নয়। আমি গত বছর অল্প কয়েকদিনের জন্য বাঁকুড়া জেলা এবং পুরুলিয়া জেলায় গিয়ে এই বিড়ি শ্রমিকদের সম্বন্ধে যে অনুসন্ধান করেছিলাম তাতে আমার অভিজ্ঞতা খুব ভালো নয়। আমরা নতুন করে এই বিষয়টা আবার বিবেচনা করবো এবং পরবর্তীকালে বিশেষভাবে এই ব্যাপারে মাননীয় সদস্যদের কাছে আলোকপাত করবো।

[2-10—2-20 p.m.]

**শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ** মুর্শিদাবাদে ৭০ হাজারের বেশী বিড়ি শ্রমিক রয়েছে, ঝালদায় এরকম বেশ কয়েক হাজার বিড়ি শ্রমিক রয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে বিড়ি শ্রমিকরা তাদের মালিকের অত্যাচারে বেশ একটা অকয়ার্ড পজিসনে রয়েছে। মিনিমাম ওয়েজেস এ্যাক্ট আজ পর্য্যন্ত কোন বিড়ি শ্রমিকের জন্য পশ্চিমবাংলায় কোন জেলায় প্রযোজ্য হয়েছে কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় সদস্য বোধহয় আমার কথাটা মনোযোগ দিয়ে শোনেন নি। মিনিমাম ওয়েজেস এ্যাক্ট প্রযোজ্য নয়, মিনিমাম ওয়েজের যে আইন সেই আইন অনুযায়ী একটা এ্যাওয়ার্ড হয়েছিল এবং সেই এ্যাওয়ার্ড আজও চালু আছে। মাননীয় সদস্যরা যদি চান তাহলে জোর করে বা বাধ্যতামূলক ভাবে বেতন হার ধার্য করা যায়। কিন্তু তার তিক্ত ফল আমি দেখেছি বাঁকুড়া জেলায় গিয়ে। সেখানে সবচেয়ে বড় যে বিড়ি কারখানা যার প্রচুর বিক্রি ২২২ বিড়ি, সেই বিড়ি কারখানা বন্ধ হয়ে গিয়েছিল। ওখানে যেটুকু খবর পেয়েছি,

৪ টাকা ৫০ পয়সার উপর যেখানে নিম্নতম বেতন ধার্য করা হয়েছে সেখানে ১ টাকা ৫০ পয়সা মজুরি নিয়ে বাড়ীতে বসে এক শ্রেণীর শ্রমিক বিড়ি বেঁধে দেয়। তার ফলে সমস্ত ব্যাপারটা বানচাল হয়ে যাচ্ছে। সুতরাং আমরা যদি বিড়ি শ্রমিক এবং বিড়ি কারখানার মালিকদের সংগঠিত করতে না পারি এবং উপযুক্ত সাহায্য ও সহযোগিতার নিশ্চিত আশ্বাস দিতে না পারি অর্থাৎ নতুন ফুটিং-এ যদি এই ইণ্ডাষ্ট্রিকে না নিয়ে যাওয়া যায় তাহলে যে ন্যূনতম বেতনহার আমরা ধার্য করে দিয়েছি পশ্চিমবাংলা সরকারের পক্ষ থেকে তা কোন অবস্থাতেই না শ্রমিকপক্ষ না মালিকপক্ষ মানতে পারছেন না।

**শ্রীকৃষ্ণ কুমার শুক্লা ঃ** বিড়ি শ্রমিকদের সম্বন্ধে মাননীয় শ্রমমন্ত্রী হাউসকে জানালেন যে নিম্নতম যে দর ধার্য করা হয়েছে সেটা মালিক এবং শ্রমিকপক্ষ মানছেন না। মাননীয় শ্রমমন্ত্রী কি একথা মনে করছেন না যে আমাদের দেশের বেকারত্বের সুযোগ নিয়ে মালিকরা শ্রমিকদের এইভাবে ঠকাচ্ছে এবং যখন একটা ন্যূনতম দর ধার্য করা হয়েছে তখন সেই দরকে সরকারপক্ষ থেকে বিধিবদ্ধভাবে চালু করার দরকার আছে?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেউ কাউকে ঠকাচ্ছে কিনা আমি জানিনা তবে এটা ধ্রুব সত্য, আমি মাননীয় সদস্যের সঙ্গে একমত যে দেশের বেকার সমস্যার সুযোগ নিয়ে এবং শ্রমজীবী মানুষের অর্থনৈতিক দুরবস্থার সুযোগ নিয়ে এই ধরনের পরিস্থিতি ঘটে যাচ্ছে। কিন্তু এই পরিস্থিতির মোকাবিলা শুধু ঐ নিম্নতম বেতনহার জোর করে ধার্য করলেই করা যাবে না আরো অন্য দিকে যে সমস্যা রয়েছে সেই সমস্যারও মোকাবিলা করতে হবে। সরকারী প্রচেষ্টায় বা প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে নিম্নতম বেতনহার যেমন আমরা অন্যান্য অর্গানাইজড ইণ্ডাষ্ট্রিতে ধার্য করি এবং ইন্সপেক্টর নিয়োগ করে বা পুলিশ এ্যাকসন নিয়ে করি সেটা এখানে করলে বোধ হয় ভালো হবে না এর আর একটা দিক যেটা আছে সেটা দেখতে হবে।

**শ্রীকিঙ্কর মাহাতো ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পশ্চিমবাংলার কোন জিলায় বিড়ি শিল্প ও বিড়ি শ্রমিক বেশী এবং ঐ শ্রমিকদের জন্য অন্যান্য কারখানার শ্রমিকদের মত একই রকম ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করছেন কি না?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** যদিও এ প্রশ্ন আসে না তবুও মাননীয় সদস্যকে জানাচ্ছি যে মুর্শিদাবাদ, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাতে এই বিড়ি শ্রমিকের সংখ্যা সবচেয়ে বেশী। মুশকিল হচ্ছে, পাশেই বিহার প্রদেশ সেখানে একটা ন্যূনতম মজুরির হার বিড়ি শ্রমিকদের জন্য করেছেন বিহার সরকার। সেই হার এবং পশ্চিমবাংলার যে মজুরীর হার এই দুটি হারের মধ্যে এক টাকার বেশী তফাৎ। সেটা একটা কারণ। কিন্তু আমরা পশ্চিমবাংলায় ঐ বিহারের কারখানায় প্রস্তুত করা বিড়ির আমদানি বন্ধ করতে পারি না। এর ফলে সস্তায় মজুরী দিয়ে যে বিড়ি বিহারের বর্ডার অঞ্চলে তৈরি হচ্ছে সেগুলি পশ্চিমবাংলায় ঢোকায় এখানে যারা বেশি মজুরী দিয়ে বিড়ি করছেন তাদের ব্যবসায় ক্ষতি হচ্ছে। বিশেষ করে পুরুলিয়া জেলার গ্রামের লোকদের দেখেছি সেখানে পরিবার ভিত্তিক বিড়ি তৈরি করে, তারা মহাজনের কাছ থেকে মসলা এবং পাতা নিয়ে গিয়ে বাড়ীতে বসে বিড়ি বেঁধে দেয় এবং কেউ ১৷৷০ টাকা মজুরী নেয়, কেউ ২ টাকা মজুরী নেয় হাজারে। এই ধরনের শ্রমিকদের নিয়ন্ত্রণ করার ক্ষমতা নেই। তারা যে কাজ করছে তার ফল উল্টো হয়ে যাচ্ছে। কারখানায় বসে যে ভাইরা কাজ করত তাদের কাজের মান এবং হারের মান কমে যাচ্ছে এইরকম একটা বিশৃঙ্খল অবস্থার জন্য, বিড়ি শ্রমিকদের জন্য যে ন্যূনতম বেতন হার চালু করা হয়েছিল সেটা বাঞ্চাল হয়ে যাচ্ছে। সেজন্য বর্তমান সরকারকে এই বিষয়ে নতুন করে চিন্তা করতে হবে। সেজন্য সংশ্লিষ্ট যেসব জায়গায় বিড়ি শ্রমিক-মালিক এখনও আছে সেইসব

জায়গায় সদস্যদের কাছে আবেদন করছি তাঁরা যে সাজেসান দিচ্ছেন তাঁরা যদি সাহায্য করেন তাহলে যাতে শ্রমিকদের কল্যাণ হয়, ব্যবসা যাতে উঠে না যায় বিহারের সঙ্গে প্রতিযোগিতায় দাঁড়িয়ে থাকতে পারে তার ব্যবস্থা করা যেতে পারে।

**শ্রীকুমারদিপ্তী সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যেসমস্ত মালিক মিনিমাম ওয়েজেস এ্যাওয়ার্ড মানছেন না তাঁরা যাতে সেই এ্যাওয়ার্ড মানেন তার জন্য সরকার থেকে কি কোন ব্যবস্থা অবলম্বন করা হবে ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় সদস্য কোন্ শ্রেণী মালিকের কথা বলছেন, তিনি যদি বিড়ি মালিকের কথা বলেন তাহলে বলব বিড়ি কারখানার মালিকরা কারখানা চালাচ্ছেন না, কারখানা তুলে দিচ্ছেন, তাঁদের বিরুদ্ধে কি এ্যাক্‌সান নেব ?

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যেভাবে উত্তর দিচ্ছেন তাতে আমরা খুব সুখী, কারণ তিনি হাউসকে আলোকপাত করছেন। একটা কথা আমি জানতে চাই বিড়ি শ্রমিক যারা, তারা আজকে অত্যন্ত অসুবিধার মধ্যে পড়েছে, যদি সরকারী নিয়ন্ত্রনাধীনে বিকল্প সংস্থা না থাকে তাহলে বিড়ির যারা মালিক তাদের কনট্রোল করা এত সোজা জিনিষ নয়। একথা সকলেই জানেন যে নতুন বাংলাদেশ হয়েছে, আমি লে-ম্যান, আমার ধারণা বাংলাদেশে বিড়ি সরবরাহ করার একটা মস্ত বড় সুযোগ পশ্চিমবঙ্গ সরকার তথা ভারত সরকারের আছে। সারা ভারতবর্ষে বিড়ির দর নিয়ে বিড়ি শ্রমিকদের একটা সুষ্ঠু এবং সঙ্ঘবদ্ধ মজুরী এবং দর চালু করে সরকারের নিজের নিয়ন্ত্রণে কারখানা খুলে বাংলাদেশ ও অন্যান্য জায়গায় বিড়ি সরবরাহ করার কথা চিন্তা করছেন কি না ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** যে প্রশ্ন মাননীয় সদস্য তুলেছেন সবটা আমার এক্তিয়ারভুক্ত নয়। বেতন হার ধার্য করে দিতে পারি কিন্তু বিড়ি শিল্প বাঁচানোর দায়িত্ব আমার নয়। সেজন্য ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের ভারপ্রাপ্ত যিনি মন্ত্রী তাঁর কাছে পাঠাতে হবে এবং ভারত সরকারের কাছে পাঠাতে হবে। বাইরের যেসব অঞ্চল থেকে সস্তা মূল্যের বিড়ি আনা হচ্ছে সেখানে একটা প্রোটেকসানের ব্যবস্থা করা এটা একটা কমপ্লেক্স প্রবলেম। সেজন্য যেসব মাননীয় সদস্যদের কনস্টিটিউয়েন্সী বিড়ি শিল্পভুক্ত তাঁদের মতামত লিখিতভাবে দিলে নিশ্চয়ই মন্ত্রিসভা এই বিষয়ে বিবেচনা করবেন।

## Unstarred Questions

(To which written answers were laid on the table)

### নূতন প্রাথমিক বিদ্যালয়

১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭১-৭২ সালে পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী দেওয়া হইয়াছে ?

**The Minister for Education :**

একটি জেলাওয়ারী তালিকা নিম্নে উপস্থাপিত হইল :

| জেলা | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | মোট |
|---|---|---|---|
| কলিকাতা | — | ২৫ | ২৫ |

| জেলা | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | মোট |
|---|---|---|---|
| হুগলী | ৯৫ | ১৫ | ১১০ |
| হাওড়া | ৭০ | ২৩ | ৯৩ |
| বর্ধমান | ২৬০ | ৫ | ২৬৫ |
| বাঁকুড়া | ৫০ | — | ৫০ |
| বীরভূম | ৬৫ | ৮ | ৭৩ |
| মেদিনীপুর | ৮৫ | ১৭ | ১০২ |
| ২৪-পরগণা | ৩১০ | ১০২ | ৪১২ |
| নদীয়া | ৯৫ | ২৯ | ১২৪ |
| মুর্শিদাবাদ | ৩৪০ | ৯ | ৩৪৯ |
| মালদহ | ১৫০ | ৫ | ১৫৫ |
| পশ্চিম দিনাজপুর | ৯০ | ৬ | ৯৬ |
| কোচবিহার | ১২০ | ১ | ১২১ |
| দার্জিলিং | ৫০ | ৬ | ৫৬ |
| জলপাইগুড়ি | ১৭৫ | ১৫ | ১৯০ |
| পুরুলিয়া | ৪৫ | ৯ | ১১৩ |
| | +৫৯ | | |
| | ২,০৫৯ | ২৭৫ | ২,৩৩৪ |

## পুর্বানুখা সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র

২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬।) **শ্রীকানাই ভৌমিক**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক ১নং ব্লকে পূর্বানুখা সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে উক্ত স্বাস্থ্যকেন্দ্র চালু করার জন্য সরকার হইতে কি ব্যবস্থা করা হইয়াছে ?

**The Minister for Health** :

(ক) হ্যাঁ।

(খ) নির্মাণকার্য মঞ্জুর করিয়া মেদিনীপুরের সংশ্লিষ্ট ইঞ্জিনীয়ারকে উহা সত্বর আরম্ভ করিতে বলা হইয়াছে।

## ময়না ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭।) **শ্রীকানাই ভৌমিক**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ময়না ব্লকে যে একটি প্রাইমারী ও দুইটি সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কথা ছিল তাহাদের কাজ এখনও আরম্ভ না হওয়ার কারণ কি ; এবং

(খ) এ স্বাস্থ্যকেন্দ্রগুলি স্থাপনের কাজ কবে নাগাদ আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health :**

(ক) ও (খ) মেদিনীপুর জেলার অন্তর্গত ময়না ব্লকে ৩০-৮-৬৯ তারিখে রামচন্দ্রপুর মৌজায় একটি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার নির্মাণ মঞ্জুর করা হইয়াছে। পরে ২-১১-৭০ তারিখে গড়সাফৎ মৌজায় একটি প্রাইমারী হেলথ সেণ্টার ও আড়ংকিয়ারানা মৌজায় একটি সাবসিডিয়ারী হেলথ সেণ্টার নির্মাণ মঞ্জুর করা হইয়াছে। পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের উপর এই নির্মাণ কার্যের ভার অর্পিত হইয়াছে। ঐ বিভাগের সংশ্লিষ্ট বাস্তুকারকে নির্মাণ কার্য ত্বরান্বিত করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

## নন্দীগ্রাম ব্লকে প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮।) **শ্রীভূপাল চন্দ্র পাণ্ডা**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নন্দীগ্রাম ব্লকে এখনও কোন প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র না খোলার কারণ কি;

(খ) কবে নাগাদ উক্ত ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খোলা হইবে বলিয়া আশা করা যায়;

(গ) সরকার কি অবগত আছেন যে, যে অস্থায়ী এ, জি, হাসপাতালটি বর্তমানে ওখানে রহিয়াছে তাহাতে দীর্ঘদিন যাবৎ কোন ডাক্তার নাই; এবং

(ঘ) অবগত থাকিলে, ডাক্তার না থাকার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health :**

(ক) নন্দীগ্রাম থানা তিনটি ব্লকে বিভক্ত। নন্দীগ্রাম ১নং এবং নন্দীগ্রাম ২নং ব্লকে যথাক্রমে মহম্মদপুর (১০ শয্যা) এবং রিয়াপাড়া (২০ শয্যা) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। নন্দীগ্রাম ৩নং ব্লকে এখন কোন স্বাস্থ্যকেন্দ্র চালু নাই। তবে এই ব্লকে এরাসাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০ শয্যা) এবং গোখুরি এবং বড়ঘুনী মৌজায় একটি করিয়া উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য মঞ্জুর করা হইয়াছে। পূর্ত বিভাগের সংশ্লিষ্ট ইঞ্জিনীয়ারকে নির্মাণ কার্য ত্বরান্বিত করিতে বলা হইয়াছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে। নির্মাণ কার্য শেষ হইলেই উহা খোলা হইবে।

(গ) ও (ঘ) সাধারণত পল্লী অঞ্চলে ডাক্তারেরা চাকুরি করিতে আগ্রহী নহেন। এইজন্য বহু পদ এখন খালি আছে। পাবলিক সারভিস কমিশনের মাধ্যমে ডাক্তার নিযুক্ত করিবার ব্যবস্থা করা হইতেছে।

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker :** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of attack on Shri Rupsingh Majhi, M.L.A., and Shri Sarat Chandra Das, M.L.A., in Railway compartment of

Howrah-Chakradharpur Passenger on 31st March, 1972, attention called by Shri Abdul Bari Biswas on the 3rd April, 1972.

[2-20—2-30 p.m.]

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, on the 30th March, 1972, Shri Sarat Chandra Das, a member of this House and Shri Rupsingh Majhi, anather member of this House—both from the District of Purulia—were travelling by the 315UP Howrah-Adra-Chakradharpur Passenger in a first-class coupe from Howrah Railway Station. They had locked the coupe from inside. Around 2-30 a.m. on the 30th March, on being awakened by the noise of Vendors and Hawkers at Garbeta Rly. Station, they saw the door of the coupe was open and that their belongings were missing. They immediately rushed out of the coupe and saw a man going out in the corridor of the carriage with their bags. Both of them chased and caught hold of the man on the platform. Simultencously, one Railway Protection Force (Rakhshak), who was on duty on the platform, and three other passengers, including the Officer-in-charge of the Bankura G.R.P.S., who was travelling by the same train, came to the spot. While chasing the accused Shri Sarat Chandra Das sustained minor injury on his foot. He was later given first-aid at Bankura Railway Station. All the stolen properties were recovered from the possession of the accused. All the properties were made over to the M.L As on Jimma-nama. The Officer in-charge of the G.R.P.S. took charge of the accused and obtained a written complaint from Shri Rupsingh Majhi, M.L.A. A case was started and it was registered at Bankura G.R.P.S. Case No. 6, dated 31st March, 1972, u/s 457, 480 and 411 of the I.P.C. On enquiry it transpired that there was no railway attendant in the said bogey and the door of the coupe being defective could be opened easily by the accused. The attention of the Railway authorities is being drawn to this. The investigation of the case is proceeding.

**Mr. Speaker :** I have received 11 notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Acute scarcity of drinking water in P.S. Indas from—Shri Kashinath Misra ;

(2) Lack of proper Medical Aid in Primary Health Centre in Mugberia Assembly Constituency from—Shri Prasanta Kumar Sahoo ;

(3) Black-marketing in rice in Taldangra Constituency and recommendation for increase of Sugar Ration in that area from—Shri Phanibhusan Singhababu ;

4) Arrest of Bengalee leaders from Dhanbad Railwaymen's Congress Conference from—Shri Pradyot Kumar Mahanti ;

(5) Employment in the R.I.C. Ceramic Factory in Nadia District from—Shri Nitaipada Sarkar ;

(6) Gherao of Commissioner and Chairman of Khardah Municipality on 4th April, 1972 from—Shrimati Ila Mitra ;

(7) Murder of one Shri Bhupati Das at Bankinagar within Ranaghat P.S. on 3rd April, 1972 from—Shri Naresh Chandra Chaki ;

(8) Damage to the Silk Industry in West Bengal from—Shri Harendranath Halder ;

(9) Comprehensive plan for the discharge of water from waterlogging area in Murshidabad District from—Shri Abdul Bari Biswas ;

(10) Want of Doctors in Chandrapur Subsidiary Health Centre in Natwa P.S. from—Shri Subrata Mukherjee (No. 2) ; and

(11) Incident in Bengal Flour Mill, Shibpur, Howrah, on 4th April, 1972, which led to the arrest of a number of workers, including trade union leader, from—Shri Santi Kumar Das Gupta.

I have selected the notice of Shri Santi Kumar Das Gupta on the subject of incident in Bengal Flour Mill, Shibpur, Howrah, on 4th April, 1972, leading to the arrest of a number of workers, including Trade Union Leader.

The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

**Dr. Gopal Das Nag** : Statement will be made on the 10th next.

## MENTION CASES

**Mr. Speaker** : Now, Mention Cases. I would call upon Shri Biswanath Mukherjee.

**শ্রীলক্ষীকান্ত বসু** : স্যার, আমি একটা জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজ সকালবেলা টালিগঞ্জ থানা অঞ্চলে ঐ থানায় ২ জন অফিসারকে সঙ্গে নিয়ে আমি একটা চোরাই পেট্রোলের কারবারের সন্ধানে যাই এবং কেওড়াতলা রোডের একটা পুরানো বাড়ী থেকে বহু চোরাই Petrol উদ্ধার করি।

**Mr. Speaker** : I would request you to give notice under rule 351 before you mention any matter. Please take your seat. Shri Biswanath Mukherjee may please speak.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ঘটনার কথা বলব সেটা খুব গুরুতর এবং তার যদি কোন প্রতিকার না হয় তাহলে অবস্থা আরও গুরুতর হবে। কাল খড়দহ Municipality-র কমিশনাররা ঘেরাও হয়েছিলেন এবং রাত ৯টা থেকে ২-৩০ মিনিট পর্যন্ত ঘেরাও হয়েছিলেন চেয়ারম্যান। এই ঘেরাও করছেন সেখানকার প্রাথমিক শিক্ষক সমিতি। এর নেতৃত্ব করছেন স্থানীয় কংগ্রেসীরা এবং যুব কংগ্রেসের নেতারা। ১৩ তারিখ থেকে সেখানে একটা লাগাতার ধর্মঘট চলছে। এ বিষয়ে প্রতিকারের প্রার্থনা করে Municipality-র Chairman গত ৩০শে মার্চ তারিখে শিক্ষামন্ত্রীকে একটা চিঠি দিয়েছিলেন এবং তার copy সমস্ত officer-কে দিয়েছিলেন। কিন্তু এর কোন প্রতিকার না হওয়ায় এই development হয়েছে। যাঁরা ঘেরাও করছেন তাঁরা অনেক অশ্লীল মন্তব্য করছেন যা আমার পক্ষে এখানে বলা উচিৎ নয়। তাঁরা ভয় দেখিয়েছেন এবং নোটিশ দিয়েছেন যে যদি ২৪ ঘণ্টার মধ্যে তাঁদের দাবী না মানা হয় তাহলে আজ রাত্রি থেকে শুধু যে ঘেরাও হবে তাই নয় আরও বাড়তি কিছু হতে পারে। ঘটনাটা হচ্ছে যে Municipal আইন অনুসারে কিছু শিক্ষক আছেন যাঁরা Municipality-র কাছ থেকে মাইনে এবং L. S. G. Deptt থেকে D. A. পান। অপর দিকে ১৯৬৩ সালের আইন অনুসারে Municipality-র প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক যে আইন হয়েছিল সেটা সেখানে প্রয়োগ করা হয়েছে। এ বিষয়ে সরকারের সঙ্গে একটা চুক্তি হয় যে সেই আইন অনুসারে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করতে গেলে যত শিক্ষক লাগবে তাঁদের ব্যাপারে

গভর্ণমেন্টের যে হার সেই হারে তাঁরা মাইনে ও ভাতা পাবেন এবং শতকরা ২ টাকা হারে যে Cess Municipality আদায় করবে সেটা ছাড়া যা দরকার হবে সেটা গভর্ণমেণ্ট দেবে। এইভাবে দু রকমের শিক্ষক আছেন। ১৯৬৩ সালের ব্যবস্থা অনুসারে নিযুক্ত শিক্ষকরা ১৯৬৭ সালে C.P.M.-এর নেতৃত্বে একটা আন্দোলন আরম্ভ করেছিলেন যে তাঁদের সরকারী হারে মাইনে দিতে হবে যেটা Municipality-র হারের চেয়ে ৩ গুণ বেশী এবং D. A. Municipality-র হারের চেয়ে একটু বেশী ও সরকারের হারের চেয়ে কম। সুতরাং D. A. ইত্যাদি Municipality-র হারে এবং মাইনে ইত্যাদি যা কিছু সুযোগ-সুবিধা সরকারী হারে দিতে হবে। স্বাভাবিকভাবে তাঁরা বলেন আমরা পাচ্ছি না। গভর্ণমেণ্ট আইন অনুসারে যা নির্দিষ্ট হয়েছিল তা দিচ্ছেন এবং L. S. G.-র যা দেয় তাঁরা তা দিচ্ছেন। তা সত্ত্বেও C. P. M. ১৯৭১ সালে লাগাতার আন্দোলন করেন, ঘেরাও ইত্যাদি করেন। গত সেপ্টেম্বর মাসে সেখানকার শিক্ষক সমিতির একজন নেতা যিনি Syndicate পন্থী বলে পরিচিত তিনি নেতা হিসাবে এই আন্দোলন করেন এবং চেয়ারম্যান, কমিশনার ইত্যাদি ঘেরাও হবার পর তাঁরা একটা Ad Hoc Grant দেবার কথা বলেন। সেই চুক্তিতে সই করা হয়, যে সমস্ত Outstanding Demand Municipality-র সঙ্গে যা কিছু ছিল মিটে গেল। এই ব্যাপারে একটা printed hand bill বিলি করা হয়। অথচ মার্চ মাসে তাঁরা আবার সেখানকার কংগ্রেস এবং যুব-কংগ্রেসের নেতৃত্বে অনশন ধর্মঘট করেন। ১৩ই তারিখ থেকে এই ধর্মঘট আরম্ভ করেছেন, Threat করছেন, নানা রকম কথাবার্তাও বলেছিল।

এখানে আমি এইটুকু উল্লেখ করছি এইজন্য যে স্বভাবতঃই গুরুতর আকার ধারণ করতে পারে যদি গভর্ণমেণ্ট হস্তক্ষেপ না করেন। শিক্ষা বিভাগের এবং এল, এস, জি, বিভাগের মন্ত্রীরা যদি তৎপরতার সঙ্গে হস্তক্ষেপ না করেন তাহলে হয়ত গুরুতর আকার ধারণ করতে পারে। যুব কংগ্রেস এবং নব কংগ্রেসের যাঁরা এম, এল, এ, এখানে আছেন তাঁরা যদি এ ব্যাপারে হস্তক্ষেপ না করেন তাহলে খুব তিক্ত অবস্থায় চলে যেতে পারে এবং এই রকম ঘটনা অনেক মিউনিসিপ্যালিটিতে হতে পারে।

[2-30—2-40 p.m.]

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু যেটা বললেন বিধানসভার সদস্যদের জ্ঞাতার্থে আমি বলছি আমাদের সরকার বে-আইনী ঘেরাও সমর্থন করেন না। বিশ্বনাথবাবু বলার সঙ্গে সঙ্গে আমি রাষ্ট্রমন্ত্রী ডঃ ফজলুল হককে নির্দেশ দিয়েছি যে I. G. Police কে খোঁজ নিয়ে দেখতে ব্যাপারটা কি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়ার শিবপুর কেন্দ্রে দুটো শিল্প প্রতিষ্ঠান আছে। সে দুটো হল রেমণ্ড ইঞ্জিনীয়ারিং ওয়ার্কাস্ এবং আরতী কটন মিল। আরও কারখানা আছে। কিন্তু এই দুটি কারখানা গত চার বছর যাবৎ বন্ধ হয়ে পড়ে আছে এবং রেমণ্ড ১৯৬৮ সালের ২৮শে ফেব্রুয়ারী বন্ধ হয়েছে এবং তাতে সাত শো লোক কাজ করতো এবং তার মধ্যে চারজন আত্মহত্যা করেছে এবং ১১ জন ষ্টারভেসানে মারা গিয়েছে। তারপর বাকি যারা রয়েছে তাদের মধ্যে অনেকে বেকার অবস্থায় অনেক জায়গায় সমাজ বিরোধী কাজে লিপ্ত রয়েছে। আর একটা হচ্ছে আরতী কটন মিল। সরকারের সিদ্ধান্ত হল ১৯৭২ সালের ৩১শে মার্চের মধ্যে কাপড়ের কল খোলা হবে। কিন্তু পরবর্তীকালে দেখা যাচ্ছে ১৯৭২ সালের ৩১শে মার্চের মধ্যে আরতী কটন মিল খোলার কোন রকম ব্যবস্থা হয় নি। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করছি এই দুটো কারখানায় বিশেষ দৃষ্টি দিতে। আরতী কটন মিলে ১১৬৪ জন কাজ করতো। ২৯শে জুন Officer of the Textile Commissioner যে রিপোর্ট পাঠায়, সেই রিপোর্টের ভিত্তিতে শ্রী এল, এন, মিশ্র একটা কনফারেন্স ডাকেন। সেই কনফারেন্সে

সিদ্ধান্ত হয় যে ৬টা কাপড়ের কল খোলা হবে সরকারী তত্বাবধানে এবং ১৯৭২ সালের ৩১শে মার্চের মধ্যে। সংবাদপত্রে, রেডিওতে বার বার ঘোষণা করা হল এটা করা হবে। কিন্তু আজ পর্য্যন্ত এই সম্পর্কে ব্যবস্থা নেওয়া হয় নি। এই দুটি শিল্প প্রতিষ্ঠান সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআফতাবউদ্দিন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত তিন বছরে বার বার বন্যায় আমার এলাকায় বিশেষ করে হওড়া জেলার উলুবেড়িয়া সাবডিভিসন সম্পূর্ণ বিধ্বস্ত। গত বছরের বন্যার পর এখানকার উর্ধতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের ফলে কর্তৃপক্ষের আশ্বাসের ভিত্তিতে আমাদের এলাকার আমতা থানায় বোরো এবং আই-আর-এইট-এর চাষ হয়েছে। উর্ধতন কর্তৃপক্ষ আশ্বাস দিয়েছিলেন যে জল পাওয়া যাবে। কিন্তু দুর্ভাগ্যের কথা, দুঃখের কথা যে ফসল ফলনের মুখে এসে পড়েছে, কিন্তু পাওয়া যায় নি। গতকাল বলেছি এবং আজও বলছি কাঁদুয়ামাটিতে এক ছটাকও জল নেই। সমস্ত মাটি ফেটে চৌচির হয়ে গিয়েছে। আমি হাওড়া, হুগলীর অনেক জায়গায় অফিসারদের দ্বারে দ্বারে ঘুরেছি। জাংগী পাড়ায় গিয়েছি। কিন্তু কোন ফল হয় নি। তিন বার পর পর বন্যার ফলে অর্থনৈতিক অবস্থা ভাঙ্গার মুখে এসে পড়েছে, লোকেরা দুর্ভাগ্যের মুখে পড়েছে। তার উপর যদি এইবারের ফসল নষ্ট হয়ে যায় তাহলে আর কিছু থাকবে না। তাই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে ডি. ভি. সির কাছ থেকে জলের ব্যবস্থা করে মানুষগুলোকে বাঁচান।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, গত ২০. ১. ৭১ সালে বাঁকুড়ায় ২২২নং বিড়ি কারখানাটা ক্লোজার হয়ে আছে। ঐ কারখানায় ৬০০ শ্রমিক কাজ করে, আর কণ্ট্রাক্ট বেসিসে আরো ৬০০, এই মোট ১২০০ শ্রমিক কারখানাটি বন্ধ হবার জন্য অনাহারে দিন কাটাচ্ছে। এছাড়া কয়েকদিন আগে আমি শুনেছি কয়েকজন শ্রমিক অনাহারে মৃত্যুমুখে পতিত হয়েছে। বিগত কোয়ালিশন মন্ত্রিসভার মন্ত্রিমণ্ডলীর মন্ত্রিরা বাঁকুড়ায় গিয়ে চেষ্টা করেছিলেন কিন্তু তাতে বিশেষ কিছু ফল হয় নি। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে মন্ত্রিমহাশয় এই বিড়ি কারখানাটা খোলার চেষ্টা করেন। বাকুড়ায় এমনিতে কোন শিল্প নাই। এই কুটিরশিল্প বিড়ির কারখানাটি যদি খোলার ব্যবস্থা না করেন তাহলে এখানকার এই ১২০০ শ্রমিক অনাহারে মারা যাবে। এই অনাহার থেকে তাদের রক্ষা করুন এবং যত তাড়াতাড়ি সম্ভব কারখানাটি খোলার চেষ্টা করুন। এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফৎ মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এই ঘটনা প্রতি।

The Paschim Banga Kara Rakhshak Samity is dominated by a particular political party. The Samity acts on the instigation of this political party-Communist Party of India (Marxist)-and is primarily responsible for the series of regular clashes inside jails. The Jail authorities, for reasons best known to them, alone appear to be reluctant or unwilling to take appropriate disciplinary action against the leaders of this Samity although sufficient evidence has been furnished to the Government to prove their complicity in the Jail clashes. The Minister should look into the matter. Clashes in Jail, and the resultant death and injuries cause grave concern to the relatives of the prisoners and detenues. A firm action by the Government is therefore essential to prevent such Jail clashes.

**ডাঃ কানাইলাল সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়কে অনুরোধ জানাই যে আমার এলাকা দক্ষিণ কলিকাতায় আলিপুর, সেখানে দারুণ জলকষ্ট আরম্ভ হয়েছে যার ফলে সেখানকার মানুষ অত্যন্ত জলকষ্ট পাচ্ছে। আমার এলাকা কলকাতা শহরের শেষ প্রান্তে থাকায় টালা, পলতার জল পাই না আবার টালা, পলতার জলের চাপ এত কমে গিয়েছে যার ফলে ভীষণ জল কষ্ট হয়েছে। আমার এলাকায় ছ'টা জায়েণ্ট ডিপ টিউবওয়েল আছে তার মধ্যে একটি ডিপ টিউবওয়েলের পাম্প ছিঁড়ে পড়ে গেছে, আজ ১৫ দিন ধরে সেখানে একটা লরির সাহায্যে জল সরবরাহ করা হয়ে থাকে কিন্তু তাতে সমস্যার সমাধান হচ্ছে না। আমি সংশ্লিষ্ট ওয়াটার ওয়ার্কস ডিপার্টমেণ্ট এবং কর্পোরেশনের কাছে আর একটি লরি দেবার জন্য অনুরোধ জানিয়েছিলাম কিন্তু তাঁরা দিতে পারেন নি। তাছাড়া আরো তিনটি জায়েণ্ট ডিপ টিউবওয়েল দ্বারিক ঘোষ লেন এবং দুর্গাপুর লেন ও শ্যামবোস রোডের তিনটে টিউবওয়েলের জলের চাপ কমে গিয়েছে যার ফলে ওখানেও জলকষ্ট আরম্ভ হয়ে গিয়েছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাই যে এই জলকষ্ট দূর করার জন্য পাইপ লাইনগুলি কেটে পরিষ্কার করা হোক। আরও ছোট ছোট নলকূপ বসানোর পরিকল্পনা মন্ত্রিমহাশয় নিয়েছেন। কলকাতা শহরে ৫০০টি নলকূপ বসানো হবে এইরকম পরিকল্পনা নেওয়া হয়েছে। যতদিন না সেগুলি হয় ততদিন যেন লরির সাহায্যে বন্দোবস্তের জন্য মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন। মাননীয় মন্ত্রিমহাশয়কে আরেকটি জিনিষের প্রতি দৃষ্টি দিতে অনুরোধ করি যে টালা ও পলতার জল নিয়ে আসার জন্য যে পরিকল্পনা তিনি করেছেন সেটা এত শ্লথ গতিতে চলেছে তা যাতে তাড়ানাড়ি শেষ হয়ে যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। কয়েকটি খবর আপনার মারফৎ মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি। জল সরবরাহের উন্নতির জন্য চেতলা মিউনিসিপ্যালিটি স্কীমে ১৯৬৮ সালে একটি গভীর নলকূপ বসান হয়েছিল কিন্তু সেটা এখনও চালু হয় নি যার ফলে জলকষ্ট নিবারণ হতে পারে নি। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো যেটা ১৯৬৮ সালে বসান হয়েছে সেটা যেন শীঘ্র চালু করা হয়।

[2-40—2-50 p.m.]

**শ্রীপ্রদ্যুতকুমার মহান্তিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীমণ্ডলীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আপনারা জানেন ১৯৬৬ সালের পর থেকে, পাঁচ বছর হয়ে গেল, ১৯৭২ সাল পর্যন্ত আমরা দেখেছি যে, যেসমস্ত সরকারী রাস্তা ছিল, যেসমস্ত সরকারী প্রতিষ্ঠানের জমি ছিল যার কম্পাউণ্ড ওয়াল নেই, সেইসব রাস্তার ধারে যেটুকু পিচ আছে সেটুকু বাদ দিয়ে সমস্ত জায়গা দলে দলে অধিকার করে নিচ্ছে লোকেরা। একটি করে রাস্তা হচ্ছে আর আমরা দেখছি যে সেখানে একটার পর একটা বাড়ী উঠে যাচ্ছে। ১৯৬৬ সালের আগে এইরকম যে জমি দখল হতো না তা নয় কিন্তু তখন লোকের মনে ভয় ছিল এবং যে আইন ছিল সেই আইনের দ্বারা এদের প্রতিহত করা যেতো। কিন্তু ১৯৬৬ সালের পর থেকে এই ১৯৭২ সাল, এর মধ্যে আমরা দেখছি যে যখন পারছে সরকারী জমি দখল করে নিচ্ছে। এই দখলের বিরুদ্ধে কোনরকম প্রতিকার করা হয় না। যেসমস্ত অফিসাররা সেখানে আছে তাদের যোগসাজসে, তাদের কনাইভেন্সে হচ্ছে, আবার কোথাও রাজনৈতিক দল তার পিছনে আছে যার ফলে অফিসাররা কোন এ্যাকশন বা ব্যবস্থা তাদের বিরুদ্ধে নিতে পারে না। আমি এইভাবে দেখতে পাচ্ছি যে যেসমস্ত জমি অঞ্চল পঞ্চায়েতের ছিল, গ্রাম পঞ্চায়েতের ছিল, জেলা পরিষদের ছিল, সরকারের এই নিষ্ক্রিয়তার জন্যই এইসমস্ত জমি বেদখল হয়ে যাচ্ছে। অতএব আজকে সরকারের যদি কোন আইন থাকে তাহলে সেই আইন প্রয়োগ করা দরকার, আর যদি আইন না থাকে তাহলে তা তৈরী করা দরকার এবং সেই আইনের দ্বারা পুনরায় দখল করবার

চেষ্টা না করলে ভবিষ্যতে আর কখনও সরকারের যেসমস্ত সম্প্রসারণশীল পরিকল্পনা আছে সেই পরিকল্পনা করতে পারবেন না। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি এইদিকে আকর্ষণ করছি যাতে তাঁরা এই বিষয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্ব বিষয়ের মেনশন এখানে করতে চাই এবং আপনি আমাকে যে সময় দিয়েছেন তার জন্য আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। আমি যে গুরুত্বপূর্ণ বিষয়টি বলতে চাই সেটা হল ঐ বস্তাপচা খাদ্য বিভাগের কথা। গোটা বাংলাদেশের কথা, স্যার, ১৯৬১ সালে প্রথম রেশনকার্ড দেওয়া হয়, ১৯৭১ সালে সেনসাস হয়েছে, আপনিও আপনার নির্বাচনী এলাকায় ঘুরে দেখেছেন, ২৮০ জন সদস্যও এইভাবে ঘুরে দেখেছেন যে প্রায় বাড়ীতেই রেশনকার্ড নেই, কারো হারিয়ে গিয়েছে, ডুপ্লিকেট কার্ডের ব্যবস্থা হয় নি। নূতন কার্ডের যে ডি. পি. লিষ্ট তা দিলে পরেও তার কোন সুরাহা হয় না সরকারী দপ্তর থেকে। ১৯৬১ সাল থেকে এই সমস্ত গ্রামের অজ্ঞ, অশিক্ষিত রিসিপেণ্টস বা রেশন রিসিপেণ্টস তাদের এম. আর. ডিলারদের কাছে কার্ড গচ্ছিত রাখে এবং তারজন্য একটা খাতা তৈরী করে এম. আর. ডিলাররা রাত্রির অন্ধকারে এইসব রেশনকার্ডকে ইস্যু দেখিয়ে মণের পর মণ মাল চুরি করে কালোবাজারে বিক্রি করে দেয়। যাদের রেশন কার্ডে এই মাল ইস্যু হচ্ছে সেই রেশন কার্ড হোল্ডাররা আজকে খাদ্যাভাবে কষ্ট পাচ্ছে। আজকে এই একটা অস্বাভাবিক অবস্থা গোটা বাংলাদেশ জুড়ে চলছে। এই ১১ বছরের পচা রেশনকার্ডগুলির একটা সংশোধনের ব্যবস্থা করার জন্য আমি তাই আপনার মাধ্যমে জানাতে চাই এই যে খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় পচাখাদ্য উদ্ধার করতে গিয়ে গোডাউনগুলি বন্ধ করছেন।

খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয়তো আজকে অনেক পচাখাদ্য উদ্ধার করছেন, গোডাউন বন্ধ করেছেন এবং সেইজন্য তিনি আমাদের প্রশংসা পাচ্ছেন। খবরের কাগজেও এই সম্বন্ধে লেখা হয়। আমি স্যার, আপনার মাধ্যমে তাঁকে একথা বলতে চাই এই যে ১১ বছরের বস্তাপচার কথা সেটা বন্ধ করে দিন। রেশন কার্ডের যে ব্যবস্থা ছিল সেটা বন্ধ করে দিয়ে নতুন করে ডি. পি. লিষ্টের ব্যবস্থা করুন এবং মাল চোরাইযের হাত থেকে, ব্ল্যাক মার্কেটিং-এর হাত থেকে দেশের মানুষকে বাঁচান। মুর্শিদাবাদে একটা এলাকা যেখানে ১১ হাজার পপুলেশন, কিন্তু সেখানে ১৯ হাজার রেশন কার্ড দেওয়া হয়েছে। অথচ তারই পাশে আর এটা এলাকাতে লোকে কার্ডের অভাবে রেশন পাচ্ছেন না। এই যে সরকারী কর্মচারীদের শৈথিল্য এবং বদান্যতা এটা বন্ধ হওয়া উচিত এবং নতুন করে রেশন কার্ড দেবার ব্যবস্থা অবলম্বন করা হোক এটাই আমি বলব।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়টা বিধান-সভায় উল্লেখ করতে চাই আমি মনে করি সেটাই আজকের সভায় গুরুত্বপূর্ণ বিষয়। মাননীয় স্পীকার মহাশয়, আসানসোলে নিউ ঘুস্কি কলিয়ারীর আয়তন ১ হাজার ৪০০ বিঘা। সেখানে শ্রমিক কাজ করে ৪ হাজার ৩৭ জন এবং কয়লা উৎপন্ন হয় ৬ হাজার টন। সেখানে শ্রমিক এবং মালিকের বিরোধের জন্য শ্রমিকদের বেতন এবং বোনাস বাবদ ৫ লক্ষ ৫০ হাজার টাকা আদায় হচ্ছে না, সরকারের রয়াল্‌টি, সেলস ট্যাক্স, পি. এফ. কণ্ট্রিবিউসন বাবদ ৬ লক্ষ টাকা মালিক দিচ্ছে না। সেখানে অবস্থা এমন হয়েছে যে শ্রমিকের ২টি শিশু-সন্তান না খেতে পেয়ে মারা গেছে। ৫ জন মহিলা শ্রমিকের অবস্থা খুবই খারাপ এবং ১০ জন শ্রমিক মরণের মুখে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বারংবার ঘোষণা করা হয়েছে মালিক যদি পি. এফ-এর টাকা ফাঁকি দেয়, রয়াল্‌টি ফাঁকি দেয়, শ্রমিকদের বেতন না দেয় সেই মালিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

অবলম্বন করে মিসা আইনে গ্রেপ্তার করা হবে। নিউ ঘুস্কি গ্রুপ অব কলিয়ারিজ-এর কাছে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা বাবদ পাওনা হয়েছে শ্রমিকদের ৬৫ লক্ষ টাকা এবং পশ্চিমবঙ্গ সরকারের রয়্যাল্টি বাবদ পাওনা হয়েছে ৪৫ লক্ষ টাকা। এই নন-পেমেণ্টের জন্য পশ্চিমবঙ্গ সরকার তাদের বিরুদ্ধে মামলা করেছিল এবং সেই মামলায় মালিকের জরিমানা হয়েছে মাত্র ২০০ টাকা। এটাই নাকি আইনের সবচেয়ে বড় শাস্তি। ঘুস্কি কলিয়ারীর যে অবস্থা চলেছে এই অবস্থার প্রতিবিধানের জন্য মালিককে মিসা আইনে গ্রেপ্তার করে অন্ততঃপক্ষে শ্রমিকদের মনে যদি আশা ভরসা সৃষ্টি করতে না পারা যায় তাহলে পশ্চিমবঙ্গের অবস্থা অত্যন্ত দুর্বিসহ হয়ে উঠবে। তাই আমি মন্ত্রিসভাকে অনুরোধ করছি যে, অবিলম্বে উক্ত মালিককে যথাযোগ্য শাস্তি দেবার জন্য ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই হাউসে যে জিনিসটি উত্থাপন করতে চাইছি সারা বাংলাদেশে সেটি ঘটছে। বিশেষ করে গড়বেতা এবং কেশপুর এলাকায় গত মার্চ মাসের প্রথম এবং শেষের দিকে প্রচুর শিলা বৃষ্টি হবার দরুন রবিশস্য এবং আলুর বিরাট চাষ একেবারে নষ্ট হয়ে গেছে। এর ফলে সেখানকার মানুষের যে অবস্থা হয়েছে তাতে তাদের খাবারেরই সংস্থান নেই। তাছাড়া, সাধারণ কৃষকের যে দুরবস্থা হয়েছে তাতে লোকের বাড়ীতে কাজ করে যে জীবিকার সংস্থান করত সেই কাজও না থাকায় ক্ষেত-মজুররা আজকে তীব্র সঙ্কট অবস্থায় পড়েছে। কাজেই স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় অর্থাৎ কৃষিমন্ত্রী এবং রিলিফ মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তাঁরা এই দুরবস্থার দরুণ সেই এলাকায় ফার্টিলাইজার লোন বা ক্যাটেল পাচেজ লোনের টাকা আদায় যেন স্থগিত রাখেন।

কিছুদিনের জন্য যদি লোন আদায় স্থগিত রাখা হয় এবং সেই সঙ্গে সঙ্গে ক্ষেতমজুর যারা কাজ পাচ্ছে না তাদের যদি কাজ দেবার ব্যবস্থা হয় এবং ব্যাপকভাবে টেষ্ট রিলিফ দেওয়া হয় তাহলে খুব ভাল হয়। আজকে ক্ষেত মজুররা চরম দুরবস্থার মধ্যে এসেছে, তাদের কাজের এবং খাওয়ার ব্যবস্থা নেই। কাজেই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি তাদের লোন আদায় স্থগিত রাখা হোক এবং টেষ্ট রিলিফের ব্যবস্থা করা হোক।

[2-50—3-00 p.m.]

**শ্রীলক্ষ্মীকান্ত বসু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সকাল বেলায় আমার কন্সষ্টিটিউয়েন্সী টালিগঞ্জ অঞ্চলের একটি জায়গায় ব্যাপক চোরাই মালের কারবার হয় এই সংবাদ পেয়ে থানার ২ জন অফিসার সঙ্গে নিয়ে আমি ঘটনাস্থলে যাই এবং সেখানে গিয়ে দেখি গাড়ী দাঁড় করিয়ে পেট্রোল ঢেলে ড্রামে ভর্তি করা হচ্ছে এবং সেগুলি অনন্ত্র বিক্রি করা হয়। আমার অঞ্চলে আমি আর একটি এরকম ধরনের কারবার ধরেছিলাম এবং পুলিশ পিকেট বসিয়ে সেই কারবার বন্ধ করতে হয়। আজকে যাকে গ্রেপ্তার করা হয়েছে তার বিবৃতি আমি নিজের কানে শুনেছি। তিনি নাম করে বলেছেন কোলকাতা পুলিশের কয়েকজন উর্ধতন অফিসারের নির্দেশে এই ঘটনা চলে এবং তাঁরা প্রতি মাসে নিয়মিতভাবে এই লাভ থেকে মাসহারা পেয়ে থাকেন। আমি অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করবার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, নতুবা কেসটি পাল্টে যাবে বলে আশঙ্কা করছি।

**Laying of Reports**

Tenth Annual Report on the working and affairs of the Durgapur Projects Ltd. for the year 1970-71.

**Dr. Zainal Abedin :** Sir, in compliance with the provisions of section 619 (a) of the Indian Companies Act, 1956, I beg to lay on the table the Tenth Annual Report on the working and affairs of the Durgapur Projects Ltd. for the year 1970 71, for the information of the honourable members of the House.

Eighth Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Ltd. for the year 1970-71.

**Dr. Zainal Abedin :** Sir, in compliance with the provisions of section 619(a) of the Indian Companies Act, 1956, I beg to lay on the table the Eighth Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Ltd. for the year 1970-71, for the information of the honourable members of the House.

**Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971.**

**Shri Gyan Singh Sohonpal :** Sir, I beg to move that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof, proposed to be made by the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971, as passed by the two Houses of Parliament.

Sir, you are aware that the Constitution (Twenty-fifth Amendment) Bill., 1971, was passed by both Houses of Parliament by majority of the total membership of each House and by a majority of not less than two-thirds of the members present and voting. A question has arisen whether before the Bill is presented to the President for his assent the amendments proposed by the Bill requires a ratification by the State Lagislatures under the proviso to Article 368 of the Constitution.

The contention may be put forward with that terms in which the Article 31(c) is framed deprives the court of part of their jurisdiction and, therefore, that Article required such ratification. Government takes the view that such ratification is not necessary. However, with a view to avoiding difficulties that may possibly arise and out of abundant caution Government has decided to refer the Bill for ratification to State Legislatures under the proviso of Article 368 of the Constitution. Therefore, I beg to move the following Resolution for ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971.

That this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof, proposed to be made by the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971, as passed by the two Houses of Parliament.

**Mr. Speaker :** Shri Siddhartha Shankar Ray may now speak.

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, I understand the proceedings have to be sent to Parliament as early as possible and as such as far as possible the speeches in this House today should be made in English, and in view of the difficulties with regard to translation and so on it would be better if as many speeches as possible are made in English. I, therefore, seek your permission to speak in English.

Sir, I had no idea when I spoke in support of the Bill in the end of July last year in the Lok Sabha that I would have to be the principal speaker in the West Bengal Assembly ratifying the amendments which are passed by the Lok Sabha. But I must say I am very happy that I have had this opportunity for what we are doing today is really redeeming a pledge and honouring a promise. When we went to the polls last year we were faced with three difficulties—difficulties which had arisen because of certain judgments of the Supreme Court. In the first place, in our view Article 31 had been wrongly interpreted by the Supreme Court. The Supreme Court in interpreting the word "compensation" had said that compensation meant full market value. Our Party did not agree with this interpretation of the Supreme Court. This was a serious difficulty placed in the way of our introducing welfare measures for, if we had to pay full market value for all land acquired, and for every price of property acquired, however rich the owner of the land or property may have been, it would have placed the Government in grave difficulties and many measures required for the welfare of the people could not have been undertaken in times of serious financial difficulties.

The second difficulty which we felt was that as a result of the GOLAKNATH CASE Parliament was debarred from amending the CHAPTER on Fundamental Rights Our Party did not agree with the interpretation of the Supreme Court in this case either.

The third difficulty which was felt by us was created by the judgment of the Superme Court in Privy Purse Abolition Case

[3-00—3-10 p.m.]

It was felt that the Parliament should have the power to abolish Privy Purse as a result of which it was felt that we should do away completely with the Articles in the Constitution which guarantee the payment of Privy Purses to the erstwhile rules in India. Therefore, Sir, our leader and Prime Minister as well as our Party made three promises to the people of India before the mid-term poll last year : firstly, the power of Parliament to amend Chapter III of the Constitution dealing with Fundamental Rights would be restored ; secondly, the interpretation put by the Supreme Court on the word 'compensation' in Article 31 would be rectified and thirdly, the provision with regard to payment of Privy Purse and the continuance of princely privileges in the Constitution would be done away with As a result of this, Sir, three Bills were introduced in the Parliament. The first was for the purpose of restoring the power to amend the Chapter on Fundamental Rights. This was the 24th Amendment. It was passed in the first session of the new Parliament. That amendment went for ratification, but since this Assembly was not there we did not have the opportunity of ratifying that amendment. In any case, the requisite number of States have retified that amendment as a result of which the question of our ratification does not arise. That Bill has come into law. The Constitution today stands amended giving full power to amend the Chapter on the Fundamental Rights. The second amendment was the present one whereby the judgment of the Supreme Court relating to the word 'compensation' was dealt with and the effect of those judgments nullified. This also in our view did not really require ratification but in this amending Bill, as all honourable members, Sir, will notice that we have completely taken away the jurisdiction of Courts to challenge legislation of certain kinds. It was felt that it may be contended that the Article 226 was also to be impliedly amended and as a result it was thought that we should for greater safety and by way of abundant precaution have this amending Bill ratified by

the various Assemblies and in Article 368 of the Constitution it provides that such amendment shall also require to be ratified by the Legislatures of not less than one half of the States by resolutions to that effect passed by those Legislatures. The third amendment to the Constitution which did away with the provisions of the Privy Purse, Sir, has been passed and that did not deal with any of the entrenched provisions in the Constitution, as a result of which no ratification was necessary. So, we are concerned here, Sir, only with the second amendment, that is to say, the present amendment which we are dealing with today, the 25th Amendment, by which we are seeking to effect forthwith, firstly, Sir, the deletion of the word 'compensation' from Article 31 of the Constitution and in place of the word 'compensation' we are having the word 'amount'. Secondly, Sir, the directive principles laid down in Articles 39(b) and (c) of the Constitution are being implemented. Sir, you know that Articles 39 (b) and (c) which form part of the directive principles of the Constitution lay down that ' the State shall, in particular, direct its policy towards securing···(b) that the ownership and control of the material resources of the community are so distributed as best to subserve the common good and (c) that the operation of the economic system does not result in the concentration of wealth and means of production to the common detriment". These two directive principles are being implemented and we are providing in this Bill that any legislation passed by any of the Legislature which seeks to implement these directive principles, that is to say, to implement the principle that ownership and control of material resources of the community are so distributed as best to subserve the common good and which sees to it that the operation of economic system does not result in the concentration of wealth and means of production to the common detriment, cannot be challenged on any grounds whatsoever before any court of law including the Supreme Court. It is a revolutionary step no doubt. But we feel, Sir, that it is absolutely necessary. You will remember, Sir, that prior to the last mid-term election, in so far as the Congress Party was concerned, one of its main cries was that the onward march of 50 crores of people cannot be stopped by the courts of law. For the purpose of what we had put into action and for the purpose of seeing that what we had felt was put into action this legislation on the amendment of the Constitution was placed before the House.

The third thing which is being done is that if Article 31 was satisfied by any legislation a challenge to that legislation under Article 19 of the Constitution will not lie. And, lastly, Sir, as I have already mentioned, the jurisdiction of the courts with regard to certain matters is being taken away. Now, Sir, why do we have to bring this Bill ? Why this amendment ? For this purpose, Sir, I would have to place before the House a little bit of our constitutional history for showing conclusively that whatever we have done is just, whatever we have done is proper, whatever we have done is absolutely necessary in the best interest of the nation. Sir, I go a little further and I say this that what we have done by bringing this 25th Amendment is to place the Constitution on the same footing as our Constituent Assembly wanted to put it. What had happened is this that the members of the Constituent Assembly had made it clear what article should mean what and what power the courts should have for the purpose of going into the question of compensation. The Constituent Assembly was very clear and I shall immediately prove that to the hilt. But unfortunately, for us a few Supreme Court judgments gave interpretation to Article 31 which our Constitutional fathers who wers the children of our revolution had never envisaged, as a result of which what we are trying to do is to see to it that

the Constitution is put back on the same pedestal on which it was put by our Constituent Assembly. Article 31 came into being - in fact it was Article 24 of the draft Constitution dealing with the power of the State to acquire property on payment of compensation and so on and so forth. Pandit Jawaharlal Nehru, on the 10th September, 1949 said in the Constituent Assembly, "This clause says that the law should provide for compensation for the property and should either fix the amount of compensation, or specify the principles on which or the manner in which the compensation is to be determined. The law should do it. Parliament should do it. There is no reference in this to any judiciary coming into the picture. Much thought has been given to it and there has been much debate as to where the judiciary in. Eminent lawyers have told us that on a proper construction of this clause, normally speaking, the judiciary should not and dose not come in." I am actually reading the exact words of Pandit Jawaharlal Nehru.

[3-10—3-20 p.m.]

Parliament fixes either the compensation itself or the principles governing the compensation, and they should not be challenged. So far as we are concerned, we, who are connected with the Congress, shall give effect to that pledge naturally, completely, a hundred per cent., and no legal subtlety and no change is going to come in our way. That is quite clear. We will honour our pledges within limits. No judge and no Supreme Court can make itself a third chamber. No Supreme Court and no judiciary can sit in judgment over the sovereign will of Parliament, rapresenting the will of the entire community. It is obvious that no court, no system of judiciary can function in the nature of a Third House, as a kind of House for correction. So, it is important that within this limitation, the judiciary should function. It was with this intention that Article 31 came into consideration, that is to say, the State will have the power to acquire property for a public purpose and by paying the compensation which was to be fixed up by the Parliament and Parliament alone and into which the Judges would not at all enter. The question of the quantum of compensation, the question of the adequacy of compensation was not a question to be determined by any court of law but by Parliament and the Legislature. Unfortunately, Sir, inspite of Pandit Jawaharlal Nehru's pledge and also of many other pledges made by many brilliant and learned Members of the House to the same effect, the Supreme Court, on the 11th December, 1953, in Bela Banerjee's Case suddenly devided and I quote the Supreme Court judgment,—"While it is true that the Legislature is given the discretionary power of laying down the principles which should govern the determination of the amount to be given to the owner for the property appropriated, such principles must ensure that what is determined as payable must be compensation that is a just equivalent of what the owner has been deprived of". Suddenly, on the 11th December, 1953, we had this judgment from the Supreme Court which said that the compensation must be the just equivalent of what the owner has been deprived of, or, in other words, compensation must be market value—a concept which was foreign in Article 31 and a concept which our constitutional fathers wanted to keep out from the four corners of the Constitution. Therefore, Sir, our Parliament had no other option but to bring forward the Constitution (Fourth Amendment) Bill to make the position absolutely clear and while moving this Bill for the purpose of sending it to the Joint Committee, Pandit Jawaharlal Nehru, on the 14th March, 1955, said,—and I again quote him word for word —"If I may say so, with all respect to the judiciary, they do not decide about high political, social or economic or other questions. It is for Parliament to decide. The ultimate authority to lay down what political or social or economic law we

should have, is Parliament and Parliament alone. It is not the function of the judiciary to do that. Now it so happens, as I just said, there are some people here, many Members, who themselves participated in drawing up that Constitution in the Constituent Assembly and they naturally have their own opinion as to what was meant by the Constitution as drawn up. It was my privilege, in fact, to move this article or the corresponding one, before the Constituent Assembly and I gave expression to my views as to what it meant fairly clearly then. And therefore, we have come to this House, to Parliament, now to change the wording to give effect to what was clearly meant then. The object of the amendments I am placing before this House is to clarify this matter, to make it in precise language perfectly clear so that the decision of this Parliament might not be challenged in regard to these matters in the court of law. Now I had thought when we passed this Article in the Constituent Assembly, that we had made it perfectly clear that Parliament would fix either the quantum of or the rules governing compensation and after that there would be no challenge at all. Well, instead of that, it has been challenged and, if fact, challenged effectively."

Pandit Jawaharlal Nehru was rather sorry that the judiciary had paid no heed whatsoever to the real intention of the Constituent Assembly and had trespassed into the field in which they had no right to enter. The matter went to the Joint Committee and on the 31st March, 1955, the Joint Committee reported, "The Committee feels that although in all cases falling within this proposed clause (2) of Article 31 compensation should be provided, the quantum of compensation should be left to be determined by the Legislature and it should not be open to the courts to go into the question of whether the compensation provided in the law is adequate or not. Accordingly a provision that the law shall not be called in question in any court on the ground that the compensation provided by it is not adequate, has been added at the end of Clause 2." So, it was added that courts would not go into the question of compensation and the question of adequacy of compensation was expressly taken away from the jurisdiction of the court. In moving this Bill then as it came before the Parliament from the Joint Committee, Pandit Jawaharlal Nehru on the 11th April, 1955 made it quite clear and I quote his words—"Remember this that the sole major change is to make one thing clear which I submitted on the last occasion and was clear to us at the time this Constitution was framed ; that is to say, according to the Constitution, as put forward before the Constituent Assembly and as it emerged from the Constituent Assembly, the quantum of compensation or the principles governing compensation would be decided by the Legislature. This was made perfectly clear".

The amendments were passed and for 9 years no court ever thought of saying that they had jurisdiction into the adequacy of compensation. But then Sir, India had forgotten that there was a Judge by the name of Mr. Subba Rao. Sir, I had in the Lok Sabha said this, and I do say so here and now that ordinarily—I would not, no honourable Member here would say anything with regard to any particular Judge—we respect Judges, we want to place judiciary on the highest pedestal. But when a Judge of the Supreme Court like Mr. Justice Subba Rao resigns his office as Chief Justice to become a candidate of Swatantra Party, a candidate for the office of the President of India, he becomes a politician and it is our right and duty to criticise and expose him to show that he had tried as a Judge to impose upon the people of India a social philosophy which did not belong to any political party but to the Swatantra Party and Jana Sangh Party. That is exactly what Mr. Justice Subba Rao has done, and that is the charge which I fairly and

squarely level against Mr. Justice Subba Rao. Not only that, Sir, after having been defeated in the Presidential election which he fought, as you all know as a Swatantra Party candidate, became out in the open prior to the last election— I do not think, he will show his face now when the election results are out and when the people have clearly indicated their political views—at any rate, Sir, prior to the election—he was holding meetings, addressing, lecturing and propagating the views which were the views of the Swatantra and the Jana Sangh Parties. But this Mr. Justice Subba Rao, while a Suprime Court Judge, on the 5th October, 1964, in Bela Banerjee's case criticised the amended Article and disclosed that he accepted the meaning of the expression of "Compensation and Principles" as defined in this court in Mrs Bela Banerjee's case. Sir, after Pandit Jawaharlal Nehru's specific statement we do not accept the observation of the Supreme Court, we do not accept what the Supreme Court accepted in Bela Banerjee's case. Mr. Justice Subba Rao criticised the amendment, disclosed and accepted the meaning of expression 'Compensation and Principles' as defined in Mrs Bela Banerjee's case. It may be recalled that this court in the said case defined the scope of the said expressions and then stated whether the principles laid down taking into account all the elements which made up the true value of the property appropriated and excluding matters which are to be neglected is a justiceable issue to be adjudicated by the court. Under the amended article, the law fixing the amount of compensation or laying down the principles governing the said fixation cannot be questioned in any court on the ground that the compensation provided by that law was inadequate. If the definiti n of 'compensation' and the question of justiceability are kept distinct, much of the cloud raised will be dispelled. Sir, the cloud was in the mind of the Judge and not in the minds of the Members of Parliament or in the mind of the people.

[3-20—3-30 p.m.]

He raised a cloud and then he said, "If Parliament intended to enable the Legislature making such a law without providing for compensation so defined, it would have used such other expressions like price, consideration, etc.". We have done precisely the same thing. To prevent the courts from in any way going into the question, we have done away with the word "compensation" and put in the word "amount". Whatever amount be fixed for taking a property, that is going to be final and nobody can challenge it, not even the Supreme Court can challenge it. Sir, on the 5th September, 1966, we had the Metal Corporation Case and there Mr. Justice Subba Rao went a step further. He said, compensation must be a just equivalent or it should be the market price of the property taken, But fortunately for us, on the 13th January, 1969, in Shantilal's case, the Supreme Court over-ruled Mr. Justice Subba Rao's judgement in the Metal Corporation case and in so far as Mr. Justice Subba Rao's judgement in Vajravelu's case was concerned, it said that the observations there were purely obiter and need not be taken into account. So the position was that after Shantilal's case, the matter was again corrected and compensation could not be a matter for the courts to go into - certainly the market price was not to be paid for any property taken by the State. This went on for a few months until the Chief Justice Mr. Hidayatulla and Mr. Justice Shah—Mr. Justics Shah and another Judge after having retired, have now started lecturing to the public delivered the Bank Nationalisation case and in the Bank Nationalisation Case they again went back on the judgement in Shantilal's case and said that compensation must mean market price. Sir, no Parliament, no body of responsible men could possibly tolerate such a confusion in the State law in so far as the giving of compensation is concerned. Sir, what is this concept of compensation ? Has it any relevance to the 99 per cent. of

the people of India who are without any property whatsoever, and afterwards when it is said that market value or compensation has to be paid, what is really implied by such a statement ? Four generations ago someone might have purchased a bit of forest land in Durgapur and left it uncared for, not spending a single pice over the land that he purchased ; four generations ago his great, great-great grandfather had purchased the land, then the land was inherited by his great great grandfather, then by his great grandfather and then by his father and then he inherited it. Not one member of his family has ever spent a pice on that land, but because of society, because of social changes vast amounts are invested with the taxpayers' money in Durgapur as a result of which the price of land goes up, as a result of which the market value of the property goes up—the market value of the property goes up not because of any action on the part of the land owner, he had done nothing whatsoever to improve his land, he had done nothing whatsoever to deserve the increase in the price of land. But as a result of the Government coming, as a result of social changes coming, vast improvements are made—electricity is started, roads are built, canals are dug, a steel plant is erected, prices of land go up—and then he will say, "Ah, the market value of my property has gone up and therefore if the Government wants this land, Government must pay the market price." Is there any logic behind this ? Let us face this proposition. Can a man be allowed to profit for something which he had not done, for something which the people have done, for something which has been done with the people's money—development works which have been done as a result of taxes collected from the people of India ? Can an individual be allowed to profit because of this ?

That was the point—why should there be market value ? Of course, Government will not be unreasonable. Government will certainly be as reasonable. as possible. Government represents the views of the people. In a democracy it is the people who form a Government and, obviously, the Government of today will be gided by the wishes of the people. Government will certainly not be unreasonable, but whatever is fixed by the Parliament or a Legislature, again, consisting of the representatives of the people must be taken as final and nobody can go into it. That is the first thing which is being attempted. We are, (a) trying to put back into the Constitution what our Constituent Assembly have said, (b) doing away with what Supreme Court had, if I may say so, incorrectly tried to import into our Constitution. The Supreme Court— Mr Justice Subba Rao and some of the Learned Judges have tried to import something totally foreign into our Constitution, a conception which our Constituent Assembly did not accept. So, that is the first thing which we are trying to do today.

The second thing which we are trying to do, and I am very happy in so far as this aspect of the matter is concerned, is that we are trying to implement the two directive principles of the Constitution which I have just read—Article 39 (b) and (c). Sir, there is a personal note in so far as this matter is concerned because in this very House, standing there where my friend sits today, I had made a speech while resigning from the Congress Ministry on the 24th March, 1958 and, while making the speech I had said, Sir, I had joined the Congress Party and the administration taking it for granted and fully relying on the numerous assertions and avowals made from time to time by a number of our leaders that they were determined to bring about a new era, a new state of affairs, a new social order which will usher in a classless society and truly socialist State, a State where the ownership and control of the material resources of the community will be so distributed as to best subserve the common good, where the operation of the economic system will not result in

the concentration of wealth and the means of production in the hands of a few. My complaint was that the Congress did not try to implement at that time these two provisions of our directive principles of the Constitution. Sir I am very happy that today I am able to support a Bill moved by the Congress Party, support a Bill passed by the Congress Party with its huge majority in the Parliament which has implemented those two provisions of the directive principles of the Constitution about which I had complained on the 24th March, 1958. So, in so far as I am concerned, on a purely personal note—I know, a person ought not to take a personal note, personal matters should not come in here but I cannot forget that day, I cannot possibly forget that day, I cannot possibly forget that this was one of the principal reasons that many of us were fighting for at that time. Therefore, Sir, I am very happy that today we have a Bill before the House which we shall ratify, which Bill will incorporate as one of its Articles, after Article 31 certain provisions which would make Article 39 (b) and (c) effective, operative and those two Articles are being implemented.

Sir, the other thing about which I am happy is that if any law is passed by us in this House implementing Article 39 (b) and (c), no court will have jurisdiction to go into the constitutional validity of that particular Act.

And, lastly, Sir, in so far as we are concemed, a great responsibility has been placed on us as a result of this amendment.

[ 3-30—3-50 p.m. including adjournment. ]

I hope, Sir, whenever we pass legislation in future, after this amendment becomes Law—it will soon become Law and I have been given to understand by the Central Government that in a month's time this will become Law and aftar a month they will pass legislation—we shall have tremendous power. I hope and trust that we should exercise those powers wisely, exercise those powers with abundant precaution, exercise thoso powers in a responsible manner and exercise those powers in a reasonable manner. Great responsibility now rests on us because of this change in the Constitution, and I have no doubt whatsoever that we shall altogether try to be worthy of the responsibllity that the people of India, by amending the Constitution, in placing on us today.

Thank you.

( At this stage the House was adjourned for 15 minutes )

( *After Adjournment.* )

**Mr. Speaker :** Shri Biswanath Mukherjee may now speak.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** স্যার, বাংলায় বলব, না, ইংরাজীতে বলব ?

**Mr. Speaker :** As has been requested by tho Chief Minister, you may, if possible, make your speech in English.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** কিন্তু স্যার, যাঁরা বাংলায় বলতে চান তাঁদের বাংলায় বলার অধিকার থাকা উচিত, ইংরাজীতে সেটা অনুবাদ হয়ে তাড়াতাড়ি যেতে পারে ।

**Mr. Speaker :** It will be convenient if you speak in English but there is no bar if you speak in Bengali. If any member desires to speak in Bengali he has got the liberty to do so.

**Shri Biswanath Mukherjee :** Sir, I support the resolution readily and wholeheartedly which has been moved by Shri Gyan Singh Sohanpal, our

Minister for Parliamentary Affairs, and I do not think there is any necessity to justify the Constitution ( Twenty-fifth Amendment ) Bill which has been passed by both Houses of Parliament with more than two-third majority. I do not think it necessary to justify because this was a long-standing crying need of the country, of our economy, and the people of our country were demanding the amendment of the Constitution. All the progressive forces—whether inside Congress or outside Congress—were demanding for a long time that the Constitution must be amended in order to make it clear that the Government can nationalise big properties without being forced to pay market value as compensation, because that condition had made it absolutely impossible for the Government to nationalise big concerns and big properties which were absolutely necessary for the economic progress of the country, for a turn to the left in the progress of the country, This has been promised by the Congress Party before the last mid-term poll and this was the demand of several other progressive parties, including our Party, before the Election campeign.

[3-50—4-00 p.m.]

We are all happy that this Amendment has been passed. It was opposed by a handfull of top vested interest in industry, trade, agriculture, etc. It was opposed by a few reactionary politicians who are nothing but lackeys of foreign and native monopoly capital, of the native Princes, of big landlords and big profiteering business. In the last mid-term poll the Syndicate Congress, Swatantra Party, the Jana Sangh had tried to frighten the people and told them that if the Congress and other progressives were returned to Parliament or elected to the Parliament then they would take away the right to property. They had tried to frighten the small land-owners who are millions in our country, the small land-owners owning few acres of land, small businessmen, small factory owners by saying that land would be expropriated by this Government if you support these parties. They had tried to mislead the people. They knew that if this amendment was passed and enforced, it would be applied not against millions of small property-owners but against the sharks—financial sharks, industrial magnates, the Princes and large landlords who suck the blood of the people, who flourish on the toil and sweat of the people and who stands in the way of the country's progress ; but they were squarly dealt with by our people—they were thoroughly and completely defeated and the verdict of crores of the people of our country was so clear that there is no necessity to justify the amendment which followed later. But, Sir, I have two points to make. The first is this amendment by itself cannot take away our country too far. This amendment is an instrument. The instrument must be used for the sake of progress of the couutry. We have passed it in the Parliament. Both Houses have passed this amendment with adequate majority. We are now called upon here to approve of it and we shall approve of it. There is no doubt of it, but the question is if this instrument is forged what we will do with this instrument. We cannot go on waiting for months and months, years and years to find suitability of every case. The Chief Minister has said that it has to be dealt with great responsibility and caution and all that Now what is our responsibility ? Is our responsibility only to the big financiers and industrial magnates and the princess and the landlords or are we responsible to the people of our country ? Are we responsible to the common people, to the masses to the toilers, to the general public who have been waiting for many many years for progressive turn, for progressive development in the economy so that the economy can flourish as well as exploitation can be reduced and the lot of the common people can improve. So the question is when I stand to support this amendment I do insist that the powers that be, the authorities in power, should speedily use this weapon for the purpose for which this weapon is forged.

Sir, the monopolies in our country are happily and merrily still going on wi the loot, with their super profiteering, with their sabotage of our economy a with their brutal exploitation of the toilers of our country. This cannot permitted. We cannot go on pledging ourselves to socialism. We cann go on shouting that we want socialism, we want to bring about socialism a at the same time prevaricate, wait, and delay in applying one of these weapo which has been forged for the purpose of dealing with these financial magnat and industrial magnates, etc. Therefore, we urge upon the Government of Inc as well as the State Government within their power that this amendment the Constitution must be used. It must be shown to the people of India a to the world that we mean business. We do not pass anything merely for t sake of passing or for the sake of getting approval of the people but we me business. It is high time that profiteering stops. Our Governmesnt of Ind and the Parliament recently imposed some taxes on daily necessaries of tl people. As far as I am concerned I am against tax on kerosene ; I am again tax on certain other very important daily necessaries both for cansumpti as well as for production purposes. But the attention of the G vernment mu have been drawn to the faot that immediately with the imposition of this lev or this tax the prices of these goods went up considerable—much beyond tl tax which was imposed. How this is possible ? If the Government remai silent, if the government does not do anything about it then what the pe p would think. It is the profit business from the top which starts this profiteerin in everything. Super profit is being looted in various ways, and with the shor time at my disposal in this House, I am not going to enumerate them. It i known to all. But it is high time that we take steps. We must break th powers of the monopolists. Why the country should be in the grif of a fe monopolists, in the grif of only 75 to 100 houses out of 55 crores of the people We are saying that we are socialists, we are pledging ourselves to socialism So, their grip over our country must be broken. Those important and bi industries must be nationalised. The big business also should be nationalise andthis is also applicable in regard to land. For example, in our State it i good that Land Reforms Act has been amended in favour of the peasants But even now, within the ceiling here in our State the so-called fisheries hav n t been included within the purview of the law. These must be included In the name of fisheries thousands and thousands of tenants, the raiyats an bargadars had been thrown out. Cultivable lands had been inundated wit Corporation water or saline water and turned into fisheries. Quite a large par of these lands still produce rice. Yet, in the name of fisheries these have bee kept. If these are taken over under the Land Reforms Amendment which ma come then what compensation have we to pay ?

[ 4-00—4-10 p.m. ]

So both in regard to land and peasants and in regard to industry, the big landed powers and the capitalists – in the jute industry, for example, with which West Bengal is very directly concerned, the jute magnates exploited the wokers, peasants, Government, public—everybody, and made money. Why the jute industry should not be nationalised ? Why are we not taking advantage of these amendments to do that ? I am mentioning, Sir, with your permission that as a party in the Progressive Democratic Alliance, which has won a thumping victory in the last Assembly Election, we issued a statement in which we said that the jute industry should be nationalised. Now, while supporting this amendment I am urging upon the Central Government to take immediate steps, to have power under this provision and I call upon the State Government also to take necessary steps wherever and whenever necessary. Caution is necessary so that this law is not applied anywhere unjustly, that we

do not do what is unjust and what is injustice, that we do not apply this to those peasants who have got only two to four acres of land, that their land is not taken under this law for the purpose of constructing roads or building canals or building hospitals, that is taken over under the laws of acquisition or requisition for which we pay the market value and that poor people are not affected, the small land-owners are not affected. Then where comes the question of caution ? It comes in economic necessity and in urgent necessity. Caution is necessary but much more necessary is speed, much more necessary is courage, much more necessary is alertness and awareness on our part of the poor state of economy that our country has been passing through for such a long time. We cannot go on like this for ever.

Sir, my second point is this that there is a history of this amendment and that is naturally instructive.

Sir, when promise was given by the Congress Party under the leadership of Shrimati Indira Gandhi, the right reactionary elements openly opposed this move but the socalled leaders of the C. P. I. (M) and like minded parties told the voters and the people that this was a bluff and that they would not, if elected, pass such an amendment of the Constitution. When this Constitution ( Amendment ) Bill came before the Parliament, our C. P. I. (M) friends were in great distress. They were happy with the amendments against which they were campaigning but for which we were campaigning as also the progressive Congressmen were campaigning. Their politics was that when such an amendment has been moved by the Congress Party, they would be forced to support it and could not oppose it. Now, Sir, just two days before the Bill was to be discussed in the Parliament, certain amendments were moved by the Central Government. Fortunately I was in Delhi at that time—our Central Executive Committee was meeting there and I was present at that meeting. Suddenly a leader of our Parliamentary group was running with the amendments of the Bill—the Government amendments and what were the amendments ? There were three amendments. The first one was that even under this amendment of the Constitution if a law is to be passed, then two-thirds majority will be necessary both in Parliament as well as in the State Assemblies. This was a most reactionary thing, most dangerous thing because our present Constitution does not require two-thirds majority for passing any law—it requires two-thirds majority for amending the Constitution, it does not require two-thirds majority for passing any law. But for an amendment to the amendment which was brought it was said that two-thirds majority was a must for passing any law under this enabling amendment of the Constitution. Secondly, there was another amendment to the amendment. It said that no one can challenge in the courts the question of adequacy of payment of compensation or the adequacy of application of these directive principles—whether these directive principles have been adequately applied in this case or not cannot be questioned in any court of law. All lawyers gave their opinion that this means that one can go to the court of law by saying that this law which has been passed by this Assembly or the Parliament does not at all apply to the directive principles of the Constitution. Thirdly, there was another amendment regarding the educational institutions of minorities. The minorities were not definitely the Marwaris of West Bengal, they may be minorities somewhere else in some other States and this could not apply to them but they would get the market value. Now, Sir, the C.P.I.(M) was very happy. They said that the Congress Party had backed out from their promises, had backed out from their Bill. But the C. P. I, (M) was again in distress because within two days there was storm inside

and outside the Congress Party. Our party was told that if we withdraw the amendment it would virtually nullify the entire amendment which we have voted and for passing it in the Lok Sabha two-thirds majority will be required. But in the Rajya Sabha we have not that majority. We were told that the Syndicate had agreed to support this. Then we told the Congress leaders point blank that if you want to pass the amendment that would not brighten your image, that would only darken your image. But we were happy that within two days, under the pressure of progressive elements, fair-minded people and democratic people inside the Congress, Government withdrew their support to the Bill and they finally moved the Bill as it was originally drafted. Again the C.P.I(M) was in distress. They were not prepared for this because the C.P.I(M) failed to understand the process of political development which is taking place in our country, because the C P.I(M) failed to understand the meaning or the significance of this new Congress. What is happening inside the country and inside the Congress is definitely a go towards a radical progress and the new Congress Ministers, that is, the Syndicators were not prepared for anything like this, they were not prepared for this Bill, for if the Bill would come for voting, they would have to support this. When the amendment came, they were very happy and when this amendment was withdrawn they were again very happy but we had wholeheartedly and readily supported the Bill as it was originally moved because all amendments were not immediately withdrawn.

Sir, I would like to make another point here regarding the educational institutions. The C.P I(M) did not understand that the New Congress after expelling the reactionary elements from it is moving towards progress and that is why they have been slanderous. They have been saying that we are tailing the Congress. We are not tailing the Congress, we are supporting the progressive move of the Congress because that had been demanded by us and by all other progressive elements outside the Congress. That is the demand of the people.

[4-10—4-20 p.m.]

And if the Congress moves towards progress, should we oppose it ? At the same time I would like to draw the attention of our members and our people to another fact that just because this concept has come from the Congress, it should not be taken for granted for the Congress would necessarily move consistently along a progressive line. This particular incident will show the Congress moved a Bill on correct lines but under the pressure of conservative elements inside and outside the party they backed out and moved certain amendments which would nullify the whole thing but then again under the pressure of progressive elements within the party they again soon withdrew the amendments. This had happened within two days. To me those two days were so instructive that I felt that not only the C P.I(M) should learn but also all progressive elements inside the Congress should learn that it is quite possible that under the pressure of conservative elements, under the pressure of reactionary elements, under the pressure of vested interests, the Congress could also back out from their promises or hesitate to go forward, and the progressive elements should always be watchful, should always be conscious that they should use their influence every time when there is hesitation or when under pressure of conservative and reactionary elements the Government hesitate to go forward or even turn back. It is the duty of all progressive forces inside and outside the Congress to see to it that this does not happen and that the march forward towards progress continues.

Sir, which these remaks I heartily and readily support this resolution and I do believe that this House with overwhelming majority or perhaps with unanimity will pass this resolution tabled by Shri Gyan Singh Sohonpal.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইংরাজী বলার অত বড় অভ্যাস আমার নাই কাজেই বাংলা বলবো। আশাকরি বাংলায় বলার পার্মিশন আপনি দেবেন। যে রেজিলিউশন মাননীয় মন্ত্রী জ্ঞান সিং সোহন পাল মহাশয় মুভ করেছেন সেই রেজিলিউশন আমরা ঠিক কি ভাষায় সমর্থন করবো সে ভাষা খুঁজে পাওয়া মুস্কিল। এটা লোকসভা ও রাজ্যসভায়, দুই সভাতেই গৃহীত হয়েছে এবং আমরা আজকে এখানে একটু আলোচনা করার জন্য, এখানে এই বিষয়ের উপর, যে সুযোগ পাচ্ছি খুব সামান্য দুই একটা কথা তার উপরে রাখবো। এইরকম ধরনের রেজিলিউশন গোটা ভারতবর্ষের মানুষের বহুদিনের আকাঙ্খিত বিষয়বস্তু ছিল। এই রেজিলিউশনে গোটা দেশের মানুষ আশা করেছিল যে দেশের সমস্ত আইন প্রনয়ণ হবে যা দিয়ে সাধারণ মানুষের কল্যাণ হবে, একচেটিয়া পুঁজিবাদী মালিকানা, যাদের হাত থেকে দেশকে রক্ষা করা যাবে, এই প্রসঙ্গে আমি দুই একটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। যখন লোকসভায় রাজন্যভাতা বিলোপ বিল এসেছিল, যখন লোকসভায় ব্যাঙ্ক জাতীয়করণের জন্য আইন এসেছিল সেই দিনটার কথা আজকে আমাদের স্মরণ করতে হবে। আপনি স্যার, জানেন এই বিল দুইটি নিয়ে লোকসভায়, আমাদের গোটা ভারতবর্ষের মানুষ, দিনের পর দিন খবরের কাগজে হেড লাইন দিয়ে লেখা হোত যে রাজন্যভাতা বিলোপ বিল এসেছে। আজকে গোটা ভারতবর্ষের চিত্র যদি আপনি দেখেন তাহলে দেখবেন মানুষ, কয়েকটি রাজা মহারাজা, নবাব, যা ভাতা পেত তা তাদের স্বার্থে বিলোপ করা হলো। আজকে অধিকাংশ মানুষ দুইবেলা খেতে পায় না। আজকে আমরা সাধারণ মানুষের সার্বিক কল্যাণের জন্য তাদের আর্থিক পুনবাসন করে দিতে পারিনি। এই যেখানে অবস্থা, ঠিক তেমনি সময়ে ভারতবর্ষের বুকে এক শ্রেণীর মানুষ যারা একদিন রাজা মহারাজা ছিল, নবাব বাহাদুর ছিল, তাদেরকে গরীব সাধারণ মানুষের দেয় ট্যাক্স থেকে ভাতা দেওয়া আর হবে কি হবে না এই নিয়ে নানা আলোচনা হচ্ছিল। আজকে আমরা গর্বিত যে এ নিয়ে আর কোন সংশয়ের স্থান নাই, এই রাজা মহারাজাদের, নবাব বাহাদুরদের আর পোষার কোন প্রশ্ন নাই। যে দেশের মানুষ দুবেলা খাবার সংগ্রহ করতে পারে না, যে দেশের মানুষকে অন্নের গ্যারান্টি দিতে পারিনি, যে দেশের শ্রমিক সাধারণকে পুনবাসন দিতে পারিনি, সেই দেশের মানুষের প্রদত্ত রেভিনিউ থেকে, ট্যাক্স থেকে যে ভাতা দিতে হত, তা দিয়ে এই রাজা মহারাজা এবং নবাব বাহাদুররা হাতি পুষত, উট পুষত এবং এইসবের জন্য তারা হাজার হাজার টাকা লক্ষ লক্ষ টাকা খরচ করত। শুধু তাই নয়, নিজের দেশের বাড়ী ছেড়ে বিলাতে গিয়ে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা বিলাস-ব্যসনে খরচ করত। এই অবস্থা চলতে দেওয়া যায় না। এই একচেটিয়া পুঁজিপতি উঠিয়ে দেবার জন্য যখন ব্যাঙ্ক জাতীয়করণ বিল আসলো এবং তারি আগে এই রাজা মহারাজা এবং নবাব বাহাদুরদের ভাতা ও তাদের খেতাব উঠিয়ে দেবার জন্য বিল আসলো রাজ্যসভায় তখন আমাদের তথাকথিত প্রগতিশীল দৃষ্টিভঙ্গীর যাঁরা গর্ব করেন, সেইদল বিশেষ করে সি. পি. আই (এম) দলের অরুণ প্রকাশ চ্যাটার্জী ভোট দানে বিরত ছিলেন, আজকে অবশ্য তিনি আর পার্লামেন্টের সদস্য নাই। সৈয়দ বদরুদুজ্জা সাহেব নির্বাচিত হয়ে আসেন আমাদের গ্রাম বাংলা থেকে, তাঁর নিজের যেখানে বাড়ী সেখান থেকে নির্বাচিত হতে পারেন না, তিনি নির্বাচিত হন আমার যে এলাকা লোকসভার কনষ্টিটিউয়েন্সীর মধ্যে পড়ে সেখান থেকে, আমার কনষ্টিটিউয়েন্সীর গরীব মেহনতি মানুষের কাছে

যে প্রতিশ্রুতি দিয়ে ভোট পেয়ে আসলেন কার্য্যকালে দেখলাম লোকসভায় কোন অদৃশ্য হস্তক্ষেপে সেদিন যখন রাজা মহারাজাদের ভাতা বিলোপ বিল আসলো, ব্যাঙ্ক জাতীয়করণ বিল আসলো, তিনি তার বিরে ধিতা করলেন। পরবর্ত্তীকালে আমরা আরও কি দেখলাম ? আপনারা সকলেই জানেন যে আম'দের প্রিয় প্রধানমন্ত্রী মাননীয়া শ্রীমতী ইন্দিরা গান্ধীকে এই বিলকে কেন্দ্র করেই পার্লামেন্টকে ভে ঃ দিতে হল। তারপর মিড-টার্ম পোল হল। স্যার, সেদিনকার কথা আমার আজও মনে পড়ে এই জনসঙ্ঘ, স্বতন্ত্র পার্টি এবং আদি কংগ্রেস মিলে তারা প্রগতিশীল মোর্চা গঠন করল। এই মহাজোটকে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যে কংগ্রেস দল প্রগতিশীল কাজ করে চলে, তার বিরুদ্ধে লড়তে গিয়ে নির্মূল হতে হল, সেই মহাজোটকে অকাল মৃত্যুবরণ করতে হল। ফলে স্বতন্ত্র পার্টি, জনসঙ্ঘ এবং আদি কংগ্রেসকে আস্তে আস্তে সাধারণ মানুষ পেছনে ফেলে দিল। তারা ভেবেছিল সাড়ে ৫৭ কোটি মানুষ তাদের দিকে আছে, কিন্তু নির্বাচনের রায় যখন বেরুল তাতে লোকসভার যে আসন সংখ্যা তার অধিকাংশ আসনেই অর্থাৎ দুই তৃতীয়াংশের বেশী আসনে ইন্দিরা গান্ধীর যে কংগ্রেস দল জয়ী হল, সাধারণ মানুষ তার পক্ষে রায় দিল।

[ 4-20—4-30 p.m. ]

স্যার, আজকে মানুষ কি চেয়েছে ? আজকে মানুষ এই জিনিষই চেয়েছে যে, আর একচেটিয়া পুঁজিপতিদের খপ্পরে পড়া উচিত নয়। ব্যাঙ্ক যারা একচেটিয়া ব্যবসা করে, সাধারণ মানুষের স্বার্থ জলাঞ্জলি দেয়, যারা সাধারণ মানুষের জন্য শতকরা ১০ ভাগ টাকা বিনিয়োগ করব বলে বেশীর ভাগ টাকাই যারা বড় বড় মালিক তাদের দিকে বিনিযোগ করে তাদের দিকে রায় যায়নি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এই বিলে এক্সট্রা টাইম দেওয়া যাবে না, কারণ আজকেই এটাকে ফিনিস করতে হবে। আপনি আপনার বক্তব্য তাড়াতাড়ি শেষ করুন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমি শেষ করছি। স্যার, আজকে যে ব্যবস্থা রয়েছে তার প্রকৃত রূপায়ণ চাই। অতীতে এই বিধানসভায় এবং লোকসভায় বহু আইন রচিত হয়েছে, কিন্তু সেই আইনগুলির যাকে বলে ইম্পালিমেনটেসন, যাকে বলে প্রকৃত রূপায়ণ সেখানে দেখা গেছে শৈথিল্য, সেখানে দেখা গেছে সময় ক্ষেপন করা হয়েছে। আজকে জাতীয় স্বার্থের দিকে তাকিয়ে, সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ, মেহনতি মানুষের দিকে তাকিয়ে, কৃষকের দিকে তাকিয়ে, যারা অল্প জমির মালিক, যারা খেতে পায় না তাদের দিকে তাকিয়ে তাদের জন্য প্রচুর উন্নয়ন করা দরকার। আজকে যে আইন সংশোধন করা হচ্ছে তাতে আমি যে শুধু আশা করব তা নয়, এটা সুনিশ্চিত যে এই আইনের মধ্য দিয়ে সারা ভারতবর্ষের শ্রমিক, ক্ষেতমজুর, মেহনতি মানুষের কল্যাণ হবে এবং সাবিকভাবে এর রূপায়ণ করে সারা ভারতবর্ষের মানুষের কল্যাণ সাধিত হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই রেজলিউশন সমর্থন করছি।

**শ্রীসত্য ঘোষাল ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলকে সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি এবং তারজন্য মাত্র কয়েকটি কথা বলব। এখানে ইংরেজীতে বলা হয়েছে, কিন্তু আমি ইচ্ছে করেই বাংলায় বলছি। ভুল ইংরেজীতে অথবা বলতে বলতে আটকে যাবে এরকমভাবে বলা হয়ত অসম্ভব নয়। কিন্তু আমি মনে করি বাংলাদেশের বিধানসভায় বাংলাতে বলাই স্বাভাবিক এবং আমি সেটা প্রতিষ্ঠিত করতে চাই এবং সেইজন্য আমি আপনার অনুমতি চাচ্ছি। আমি এই বিল সমর্থন করছি এই দৃষ্টিভঙ্গী নিয়ে নয় যে দৃষ্টিভঙ্গী নিয়ে বিলের বিরোধীরা বিলের বিরোধিতা করেছিলেন। অর্থাৎ স্বতন্ত্র এবং জনসঙ্ঘ এই বিলের বিরোধিতা করবার সময় বিখ্যাত বিপ্লবী মাৎসিনির একটা বক্তৃতা কোট করেছিলেন এবং তাতে বলেছিলেন, Great resolutions are works not so much of force rather of principle, not by

bayonets, but by ideals. অর্থাৎ তাঁরা এটাকে ওই রকম একটা মহাবিপ্লব কাণ্ডকারখানা মনে করে আতঙ্কিত হয়ে সোরগোল তুলেছিলেন, যাতে করে এই এ্যামেণ্ডিং বিল পাশ হতে না পারে। সুতরাং আমি সেই দৃষ্টিভঙ্গি নিয়ে সমর্থন করছি না। যেহেতু আমি কমিউনিষ্ট, উল্টো দিক থেকে বলবো বিলটা বিরাট বিপ্লবী বলে একে সমর্থন করছি, সেই দৃষ্টিভঙ্গি আমার নয়। আমি এই বিল সমর্থন করছি সম্পূর্ণ অন্য কারণে। স্বতন্ত্র এবং জনসঙ্ঘ বলেছিলেন যে, Congress and Communists are out to destroy our constitution. কংগ্রেস এবং কমিউনিষ্টরা মিলে আমাদের সংবিধানকে ধ্বংস করে দিতে চায় সেইজন্য নাকি এই সংশোধনী আনা হয়েছে। আমি উল্টো দিক থেকে একে সমর্থন করছি। অর্থাৎ কংগ্রেস এবং কমিউনিষ্টরা মিলে সংবিধানকে তার সত্যিকারের পথে পরিচালিত করতে চায়, সংবিধানকে আরও সার্থক করতে চায়, সংবিধানে যা বলেছে তাকে সার্থকভাবে রূপায়িত করতে চায় এবং সেইজন্যই আমি এই এ্যামেণ্ডমেণ্টকে সমর্থন করছি। এই এ্যামেণ্ডমেণ্টকে সমর্থন করার ব্যাপারে দৃষ্টিভঙ্গী হোল এই যে, আমরা একটা গুরুত্ব দিতে চাচ্ছি, আমরা প্রাইমেসী দিতে চাচ্ছি ডাইরেকটিভ প্রিন্সিপলস্কে। অর্থাৎ সংবিধানে আমাদের যেসমস্ত ডাইরেক্টিভ প্রিন্সিপলস্ আছে সেগুলিকে গুরুত্ব দেওয়া, তাকে প্রধান ভূমিকা ছেড়ে দেওয়া। প্রাইমেসী কার উপর ডাইরেক্টিভ প্রিন্সিপলসের উপর না, ফাণ্ডামেণ্টাল রাইটসের উপর, অর্থাৎ মৌলিক অধিকারের উপর। মাননায় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন মৌলিক অধিকার হোল ষ্ট্যাটিক, সেটা দাঁড়িয়ে থাকে একটা জায়গায়, সেটা হোল জড় পদার্থের মত। আর যাকে বলে ডাইরেকটিভ প্রিন্সিপল সেটা আমাদের ডাইরেকসন দেয়, গতি দেয়, সমাজকে একটা দিকে চালাতে চায়, আমাদের একটা নির্দিষ্ট পথে পৌছে দিতে চায়। এটা হোল ডায়নামিক—গতিশীল। সুতরাং এটা স্বাভাবিক যাঁরা প্রগতিতে বিশ্বাস করেন, যাঁরা গতিশীলতায় বিশ্বাস করেন তাঁরা সকলেই এটাকে সমর্থন করবেন। যদি মৌলিক অধিকার মানুষের কল্যাণের পক্ষে বাধা হয়ে দাড়ায় তাহলে কল্যাণকে গুরুত্ব দিয়ে মৌলিক অধিকারকে এ্যামেণ্ড করব এটাই স্বাভাবিক। সেই দৃষ্টিভঙ্গিতেই মৌলিক অধিকারকে এ্যামেণ্ড করে কল্যাণের পথে নিয়ে যাচ্ছে বলে একে আমি সমর্থন করছি।

এই সম্পর্কে আমাদের পুরাণে আছে, কারে সমর্থন করতে হয়—যা বহুজনহিতায়, যা বহুজন সুখায়। সুতরাং বহুজনের কল্যাণে যা লাগে, ওয়েলফেয়ারের জন্য যা লাগে, তাকে সমর্থন আমরা করি। আমাদের পুরাণে একটা গল্প আছে, বিন্ধ্যপর্বত মাথা উঁচু করে বাধা হয়ে দাঁড়িয়েছিল, পূণ্যার্থীরা এবং শিক্ষার্থীরা দাক্ষিণাত্যে যেতে পারতেন না, বিন্ধ্যপর্বত প্রতিবন্ধক, সুতরাং অগস্ত্য মুনির স্মরণ নেওয়া হল, অগস্ত্য মুনি আসলেন এবং বিন্ধ্যপর্বতের মাথা নুইয়ে দিলেন, তারপর পূণ্যার্থীরা এবং বিদ্যার্থীরা দাক্ষিণাত্যে যেতে পারলেন। ঠিক সেইরকম ভাবে সমস্ত ফাণ্ডামেণ্টাল রাইটস যা প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়ে আছে বিন্ধ্যপর্বতের মত, সেই বাধার বিন্ধ্যাচলকে আমাদের অপসারণ করতে হবে, সেই দৃষ্টিভঙ্গি নিয়ে ঐ বাধার বিন্ধ্যাচলকে অপসারণ করবার জন্য আমাদের সমাজ জীবনের ঐ ডাইরেকটিভ প্রিন্সিপ্‌ল্‌সকে, গতিকে চালিত করবার জন্য এই বিলকে আমরা সমর্থন করবো। এই সূত্রে আমি আরও দু'একটি কথা বলতে চাই। এর সঙ্গে সোস্যালিজমের কোন সম্পর্ক আছে এই কথা মনে করবার কোন কারণ নেই, কারণ আমরা জানি প্রতিক্রিয়াশীলদের তরফ থেকে, সিণ্ডিকেটের তরফ থেকে, স্বতন্ত্র পার্টির তরফ থেকে শ্রীমতি ইন্দিরা গান্ধীকে জোয়ান অব আর্কের সঙ্গে তুলনা করা হচ্ছে, ইন্দিরা গান্ধীকে কম্যুনিষ্ট বলা হচ্ছে। যেন তিনি কম্যুনিষ্ট বলে এই কাজটা করছেন। এর সঙ্গে কম্যুনিজম-এর

কোন ব্যাপার নেই। কম্যুনিজম মানে হ'ল সামাজিক ব্যাপারে সমস্ত উৎপাদন শক্তি মিন্স অব প্রোডাকসনের উপর সামাজিক মালিকানা, সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা কিন্তু সমর্থন করছি না। এর সঙ্গে তার কোন সম্পর্ক নেই। এর সঙ্গে সম্পর্ক শুধু এইটুকু, প্রপার্টিটা নেওয়া যাবে কি যাবে না? এখানে তফাৎ হল ইভেন ইন্ ম্যাগনাকার্টা ১২১৫ সালে যে সনদ তৈরী করেছিলেন ইংলণ্ডের লোকেরা, তাতে এমন কথা ছিল না যে প্রপার্টিকে ছোঁয়া যাবে না। তাতে ছিল প্রপার্টি ক্যান বি টেকেন উইথ স্যাংসন্ অব ল এণ্ড জাজমেণ্ট। ল অনুসারে স্যাংসান নিয়ে প্রপার্টি নেওয়া যেতে পারে। আমাদের দেশে আগে রাজা ছিলেন এবং রাজারা সমস্ত সম্পত্তি দান করতে পারতেন কিন্তু জমি দান করতে পারতেন না। কেন না, ভূমি সর্বসাধারণের। সুতরাং নতুন কথা কিছু নয়। খালি এতে আমরা স্যাংসান অব ল-টা নিয়ে আসতে চেয়েছি। এবং এই এ্যামেণ্ডমেণ্টে সেই স্যাংসান অব ল দেওয়া হচ্ছে। সামাজিক প্রয়োজনে, দেশের কল্যাণের প্রয়োজনে দরকার হলে এই প্রপার্টিকে নেওয়া যেতে পারে। এবং ঐ প্রপার্টি কি আছে? অনেকেই ভয় দেখিয়েছেন এবং অনেকেই আতঙ্কিত বোধ করছেন, এর ভেতর থেকে তারা একেবারে স্পেকটার দেখতে পেয়েছেন। যখনই হয়েছে প্রপার্টি নেবার কথা তখনই এই প্রশ্ন উঠেছে স্পেকটার অব এ্যাপ্রোপ্রিয়েশন, তারা ভাবল এই এল কমিউনিজমের ভুত, কমিউনিজমের জুজু, এরা সমস্ত জমি গ্রাস করে ফেলবে। ছোট সম্পত্তির মালিক, বড় সম্পত্তির মালিক সবকে নিয়ে নেবে। আমি এই প্রসঙ্গে একটি বিখ্যাত উক্তি নাম না করে বলতে চাই, সম্পত্তি কার নিয়ে নেবে, এই কথাটা সকলেই জানি। আজকে সমাজের শতকরা দশ জনের সম্পত্তি আছে—ব্যক্তিগত সম্পত্তি আছে। যেহেতু সমাজের শতকরা ৯০ জন লোকের ব্যক্তিগত সম্পত্তি বলে কিছু নেই—নাইন টেন্‌থ অব দি পপুলেসন-এর কোন সম্পত্তি নেই বলে তারা ইতিমধ্যে প্রপার্টির অধিকার হারিয়েছেন বলেই বাকি দশ জন লোকের প্রপার্টির অধিকার আছে। সুতরাং আমাদের বিরুদ্ধে যদি এই অভিযোগ করা হয় যে আমরা সকলের সম্পত্তি কেড়ে নিতে চাই তাহলে একজন কমিউনিষ্ট হিসাবে আমি তা অস্বীকার করি। আমি বলতে চাই সকলের সম্পত্তি কেড়ে নেবার কোন প্রশ্নই এখানে ওঠে না, বরং এটাই সত্য যে আপনারা বৃথা অভিযোগ করছেন আমাদের বিরুদ্ধে। আমরা বরং এটাই বলতে পারি সমাজে যে কারো কারো ব্যক্তিগত সম্পত্তি আছে তা শুধু আছে এইজন্য, বিপুল সংখ্যক লোকের কোন সম্পত্তি নেই। অসংখ্য মানুষের সম্পত্তি নেই বলেই কিছু সংখ্যক লোকের সম্পত্তি আছে। ব্যক্তিগত সম্পত্তি অসংখ্য মানুষের আপনারা ইতিমধ্যেই হরণ করে নিয়েছেন। সুতরাং তাদেরই বিরুদ্ধে লড়াই করতে চাই, তাদের বিরুদ্ধে এই এ্যামেণ্ডমেণ্ট আমাদের এই শক্তি দেয়। এইজন্যই এ্যামেণ্ডমেণ্টকে সমর্থন করি। সমর্থন এইজন্য করি না এবং এই কথা আপনারাও জানেন এবং আমাদের পার্টি এই কথা বলেছে যে ভারতবর্ষের বর্তমান স্তরে ব্যক্তিগত অধিকার খর্ব করা যায় না, ছোটখাট মালিকের অধিকার কেড়ে নিতে চাই না। বরং আমরা চাই ছোট মালিকের যে সম্পত্তি আছে তার অধিকার রক্ষিত হোক। জমিদারদের অত্যাচারের হাত থেকে অধিকার রক্ষিত হোক, মহাজন, সুদখোরদের হাত থেকে তাদের অধিকার রক্ষিত হোক। সুতরাং সেই অধিকারকে নিশ্চিত করতে চাই, সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা একে সমর্থন করছি। এই প্রশ্ন উঠেছে কেউ কেউ বলেছেন যে এখন এটা বলছি বটে পরে হয়ত এই বিল পাশ হয়ে গেলে ছোট মালিকদের সম্পত্তি কেড়ে নেওয়া হবে। এই বিষয়ে আমার একটা গল্প মনে পড়ল—মুখ্যমন্ত্রী যখন লোকসভায় ছিলেন তখন এই গল্পের কথা ওখানেও উঠেছিল। সেটা আমি বলছি—ইংলণ্ডের কোন জাজ নাকি রায় দিয়েছিলেন কোন অসুবিধা হলে বৃটিশ পার্লামেণ্ট এমন আইন পাশ করতে পারে যাতে "All blue-eyed babies born in England should be drowned". যত নীল চোখের ছেলে

ইংলণ্ডে জন্মাবে সবাইকে ডুবিয়ে মেরে দেওয়া হবে। এমন আইন বৃটিশ পার্লামেণ্ট পাশ করতে পারে, ক্ষতি কি আছে, খুব আইনসঙ্গতভাবেই পারে। কিন্তু এই আইন পাশ করলে এই ঘটনাটা সত্য হবে, তারপর বৃটিশ পার্লামেণ্ট এক দিনের জন্যও বাঁচবে না ইট ওণ্ট সারভাইভ এ মিনিট। সুতরাং আইন করে পার্লামেণ্টে পাশ করা যায় কিন্তু সেই পার্লামেণ্ট থাকে না এবং সেখানকার নির্বাচিত সদস্যরাও থাকে না। তাই এই প্রশ্ন অবান্তর।

[4-30—4-40 p.m.]

সুতরাং যা খুশী আইন এই সভা থেকে পাশ করিয়ে নিয়ে যাব, এটা হচ্ছে সমালোচনার জন্য সমালোচনা করা। একেই বলে রজ্জুকে সর্পভ্রম। দড়িকে সাপ বলে মনে করবার কারণ নাই। তা আমরা করছি না। উল্টো আশঙ্কা আছে তা হলো এই আইন তো পাশ হয়ে গেল; এই বিল আমরা সকলে সমর্থন করছি। পাশ হবার পর কতখানি তা কার্যকরী হবে তাও নির্ভর করছে কোথায়? না, তা নির্ভর করছে আমরা যারা কাজ করি বাইরে তার উপর নির্ভর করে, কি তার দ্বারা বাইরে বড় আন্দোলন গড়ে তুলতে পারি। এই বিলের যারা উদ্যোক্তা আছে, কংগ্রেসের ভেতরে ও বাইরে যে প্রগতিশীল শক্তি আছে তারা এবং আমরা সবাই মিলে তা করছি। তাহলে কি হবে? এখন আশঙ্কা এই বিল পাশ হয়ে যাবার পর ছাড় হয়ে গেল। কিন্তু সুন্দর প্রসাধন দ্রব্যের মত, ভাল cosmetic-এর মত নিজেরা সেজেগুজে আমাদের নিজেদের Beautiful করে, সুন্দর করে নিয়ে আমরা এসেম্বলীতে এসে হাজির হলাম—দেখো আমরা কি সুন্দর সেজে এখানে হাজির হয়েছি; কেমন সুন্দর প্রগতিশীল বিল এনেছি। সুতরাং এই বিল যেন কেবল Cosmetic হিসেবে, একটা Beauty হিসেবে ব্যবহৃত না হয়, সেজেগুজে দেখাবার জন্য আইনসভার শোভাবর্দ্ধন করবার যেন ব্যবহৃত না হয়, বরং এটা যাতে আমাদের হাতিয়ার হিসেবে ব্যবহৃত হয় সেই আবেদন আমি এখানে রাখতে চাচ্ছি। মিঃ স্পীকার, স্যার, তারজন্য আপনার মাধ্যমে আমি এই বিলকে সমর্থন করতে চাই। সেই জিনিষের জন্য আমি এই বিল সমর্থন করতে উঠেছি। আমাদের কাছে এই বিলটি কোন Cosmetic নয়, কোন প্রসাধন সামগ্রী নয়, এই বিল হলো আমাদের কাছে একটি হাতিয়ার। এই বিল হলো আমাদের কাছে একটি শক্তি। আমি এখানে একটা কোরাণের উদ্ধৃতি দিয়ে আমার বক্তৃতা শেষ করছি। এই বিল হলো আমাদের কাছে যাম নয়, জেব নয়, এই বিল হলো আমাদের কাছে সামসের। যার মানে সুরাপাত্র অর্থাৎ উপভোগের কোন সামগ্রী নয়, আর জেব মানে পকেট, এই বিল আমাদের পকেটে রাখার ঐশ্বর্য্য নয়, পকেটে পুরে রাখার সম্পত্তি নয়, এই বিল হলো আমাদের তরবারি। এই বিলকে আমাদের হাতিয়ার করে নিতে চাই অন্যায়ের বিরুদ্ধে, Vested interest-এর বিরুদ্ধে, কায়েমী স্বার্থের বিরুদ্ধে একে আমরা প্রয়োগ করতে চাই। তারজন্য এই বিলকে আমি সমর্থন করছি। এই বিল Constitutionally Correct, এই বিল হলো Economically just, এই বিল হলো Fundamentally rights, এই বিল হলো সর্বোপরি morally just। সেইজন্য আমি এই বিলকে সমর্থন করছি। এই কথা কয়টি বলে আমার বক্তব্য শেষ করছি। আমি আনন্দিত যে আপনার বেশী সময় আমি নিই নি, বরং কম সময় নিয়েছি।

**Shri Sankar Ghose**: Mr. Deputy Speaker, Sir, I rise to support the Bill before the House. This Bill is a historic Bill. It is a historic measure. I am glad, and I think every member in this House, is glad that we are participating in this great process of changing our Constitution which will give power to Parliament and to the Legislature to re-structure and re-fashion the socio-economic life of our country. This Bill shows that our Constitution is not a

static document ; (not is it) a document which must be destroyed lock, stock and barrel, which was the cry raised by the C P.M. It is a document which can express the hopes and aspirations of the people. It is a document which we can change and it is a document through which we can change our socio-economic order.

This Bill gives power to acquire property for public purposes and takes the question of compensation outside the scrutiny of the courts, outside their purview. This is a creates a basic change in our political and economic system. This is a Bill which will enable us to transform our political democracy into an economic and social democracy. This is a Bill which will enable our Parliamentary democracy to fulfil itself

Democracy and capitalism were born in the 19th century and they grew up together. But whereas democracy laid stress on the power of the many, capitalism laid stress on the power of the few. Democracy dispersed political power in the hands of the people and gave votes to each of them, whereas capitalism concentrated economic power in the hands of the few The basic (problem) of democracy- of parliamentary democracy was this , that whether it could successfully change the property relations in an existing society. It has been claimed by the C P.I. (M) that political democracy cannot do this and it is for this reason, they say, that our Constitution must be destroyed lock, stock and barrel and that the parliamentary path is not the path that the people should follow. It is by passing a Bill like this, and other such Bills that we will prove that our political democracy is a living institutions and that political democracy can fulfil itself in economic democracy It has been said by the extremists and by the C P.I (M) that whenever through the instrumentality of political democracy we would seek to change the economic structure of the society and the property-relations in society, there the holders of economic power would not surrender power but would set up some kind of dictatorship It is through Bills of this character that we can prove that the people of India are strong enough, and that by exercising political power they can change the economic structure of society It is for this reason that I support this Bill and I consider this as a historic Bill.

Sir, the main purpose of this Bill is to provide that the Courts will not be able to go into the question of compensation, that the courts will not be able to say that the laws that Parliament passes or that we may pass, are not valid if they do not provide full compensation We cannot, if we wish to change the socio-economic structure of the society, provide for full compensation. If we acquire property for the purposes of the State or for the people, and yet if we provide for full compensation, then we do nothing, then we allow the economic system to remain as it is We, therefore, cannot provide for full compensation Furthermore, we do not have the resources, we do not have the means to provide for full compensation

The question of compensation came up, repeatedly in the Constituent Assembly these when this question was debated I think among the honourable members of this House Shri Somnath Lahiri alone was present in the Constituent Assembly for he was the only person from this House who was elected to that Assembly, it was made very clear that the amount of compensation that would be provided would be as Parliament decided it might be the full amount or it might be a very nominal amount Recently, in the discussion in Parliament, the Minister of Steel, Shri Mohan Kumarmangalam said that under this Bill the compensation that would be provided may be only one rupee or it may be hundred percent compensation—it will depend on the facts and merit of each case.

When the Constituent Assembly or as debating the question, there was certain pressure from certain groups to have in Article 31, which at that time was Article 24, the words "just compensation". The Constituent Assembly rejected this demand and when it came to voting, only two members voted against it.

It was clear in the minds of the fathers of the Constitution—our founding fathers—that we were not providing for so called just compensation, we were not providing for market compensation but we were providing for such compensation as Parliament may decide. It was decided in the Constituent Assembly that what amount we shall give for acquiring a property is a matter not for any court to decide, it is not a legal matter but it is a social matter, it is an economic matter, and this matter is to be decided on the basis of the social philosophy, on the basis of economic philosophy that we hold Therefore in the Constituent Assembly it was decided that the word 'just' shall be deleted from the relevent Article. The Constitution as passed therefore merely provided for the word 'compensation'. But even in the Constituent Assembly Pandit Jawaharlal Nehru struck a note of warning. He said that though we had made the property right a fundamental right in the Constitution the concept of fundamental rights was a 19th century concept, when the people were fighting against the king, against the police power; but when we peek to have a welfare State, or a socialist State, we have to consider whether of we should have too much regard for the idea of fundamental rights of the 19th century which way fmder the socio-economic progress that the 20th centuary demanded note of warning of Nehru was significant and, later, it transpired as a result of Supreme Court judgments, that there was much substance in it. In December 1953, in Bela Banerjee's case, the Supreme Court said that compensation must be just compensation. The Supreme Court negatived what the Constituent, what our founding fathers decided.

The question of compensation is a question of social philosophy. If the Constitution is to be changed, if property-relations are to be must changed, there is not to be changed in the courts. They are to be changed in the Parliament. And if the courts say that the Parliament cannot change these then the people will have to change them in the streets. It is possibility of change in the streets through bloodshed, it is this violence that we wish to avoid.

The source of power resides in the people. The source of power is not in the barrel of the gun. It is the people who can change the Constitution. It is they who can change the entire economic structure and our political system.

Therefore, after Bela Banerjee's case when the Supreme Court struck down the Government order and held that compensation shall be just, Parliament again met and Pandit Jawaharlal Nehru said, "We thought it was very clear, we thought we had deleted the words 'just compensation' and we had merely provided for compensation but the courts negatived what we thought was the correct interpretation. Let us now make the position very clear". Therefore, came the Fifth Amendment of the Constitution in 1955. The amendment made it clear that the courts would not sit in judgment over the question of compensation or over the principles for fixing its quantum. This was very clearly mentioned and for many years the position remained satisfactory. The courts did not challenge it, the courts accepted the paramountcy of Parliament, the sovereignty of the people. Then came Mr Justice Subba Rao, as our Chief Minister has said, and in the Metal Corporation case, he said that compensation has to be a just compensation. He was importing his social philosophy into

the Constitution. Each one of us has our social philosophy but the social philosophy that will prevail so far as the Legislative policy is concerned is the social philosophy of people and of the legislators.

Judges are independent persons and we have the highest respect for them. But they interpret the law, they do not make the law. We make the laws, the people make the laws. The people have decided that the compensation would be as Parliament decides. That was decided in the Constituent Assembly, that was said by Pandit Jawaharlal Nehru.

About the time of the Round Table Conference Mahatma Gandhi was asked about the question of compensation? He said that we cannot pay full compensation. In order to pay full compensation we shall have to rob Peter to pay Paul, we have to rob the people to pay full compensation to the big monopolists, the big feudals and the big landed powers. So far as the Congress is concerned, even at the time of the Karachi Resolution in 1931 it was said that if we acquire property, it will be according to law.

Now, on this qnestion of full compensation, it has to be remembared that even in capitalist countries it is not provided that if you acquire property you have to pay full compensation. In England it is not the provision. In England you can acquire property according to law and the law would be as Parliament decides. In Japan you can acquire property according to law for public welfare; the question of full compensation does not arise there. In France you can acquire property in the public interest and the question of full compensation does not arise.

The question of having full compensation for acquring property and making it a fundamental rights is wrong. I think in Golaknath's case Mr. Justice Hidayetullah said that if our intention was to have a socialist society, the incorporation of property right in the list of fundamental rights was a mistake.

Full compensation cannot be paid, we do not have the resources to pay full compensation. But now, there were many Supreme Court judgments have created complications even after the Fifth Amendment and Pandit Jawaharlal Nehru and Parliament had said that we wanted to take the question of compensation outside the purview of the court, Mr. Justice Subba Rao in the Metal Corporation case said that compensation must be full compensation. But then again there was a change. In Shantilal Shoyanlal's case the Supreme Court said reverted to the old position and said that compensation need not be full compensation. At that time we thought that, perhaps, the voice of the people was being heard in the courts. But later on in the Bank Nationalisation case the position again changed. In the Bank Nationalisation case the Supreme Court went back to the theory that compensation must be full compensation. If we pay full compensation we achieve nothing, we make the social progress. If we pay full compensation for acquiring property for the purpose of the public, we achieve nothing; it is a meaningless exercise because the economic system remains as it is. Therefore, after the Bank Nationalisation case when the Supreme Court said that full compensation have to be paid, and in the Privy Purse case again when the questions of property and fundamental rights came up, Prime Minister Indira Gandhi dissolved Parliament. She appealed to the people. This kind of thing has happened not only in India, this has happened in other countries also, in capitalistic countries such as, the United

States of America. This happened at the time of President Roosevelt. In 1933 when there was great depression and grave unemployment in the United States (America) President Roosevelt brought in a new kind of legislation, a number of progressive laws but the courts struck them down. Then President Roosevelt appealed to the people. He was relected as the President: out of 48 States he got the mandate from 46 States. He had an overwhelming majority.

The same thing has happened here. When the Supreme Court struck down progressive laws, we appealed to the people, all we appealed from the Supreme Court to the Supreme Court of the people as our ex-Chief Minister Shri Ajoy Mukherjee once said. The people were our Supreme Court—we appealed to that Supreme Court, we sought a mandate from them and they gave us that mandate.

Now, this power that we have got is an instrument by which we can change our political democracy, we can transform it into an economic and social democracy. We have established that our Constitution is not a static document, it is a vital and living document which expresses the wishes and aspirations of the people. But this instrument will not be employed against small people, it will not be employed against small traders, against small businessmen, against small farmers, it will be employed only against monopolists, against feudalists. Through this instrument that we can usher in a new era, and for this reason I for myself and, I hope, all members of this House will associate themselves in this great and historic process for passing in this Bill which will transform our policy and re-structure our entire economy.

**শ্রীভুপাল পাণ্ডা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, Constitution-এর ২৫তম সংশোধন এই বিল সমর্থনের জন্য আমাদের Parliamentary মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা রাখতে চাই। আমি এই বিলকে সমর্থন করছি এই আশা নিয়ে যে সমাজ জীবনের অগ্রগতির পথে এই বিল একটা ধাপ হিসাবে কাজ করবে। কারণ আমাদের দেশের সমাজ জীবনে দুঃখ-দারিদ্র অভাব-অনটনের যে ব্যাপক রূপ নিয়েছে তাকে দূর করবার জন্য আজকে এই বিধানসভায় আরো যারা উপস্থিত হয়েছি তারা সকলে জনসাধারণের নিকট এই প্রতিশ্রুতি দিয়েছি যে দেশে গরিবী হটাও এই যে আওয়াজ এই আওয়াজকে স্বার্থকভাবে রূপায়িত করবার পথে প্রচেষ্টা নেবে। আমি মনে করি এই বিল আমাদের এই গরিবী হটাও আন্দোলনে আমাদেব দেশের অগ্রগতির পথে যেসমস্ত বাধা ও বিপত্তি রয়েছে তাকে অন্ততঃ কিছুটা দূর করবার পথের বিশেষ সহায়ক হবে। কারণ ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের সমাজজীবনে যেসমস্ত কোটিপতি-বিত্তশালী বিরাট বিরাট ভূস্বামী-গোষ্ঠী রয়েছে তারা এই জনসাধারণের প্রতিষ্ঠিত সমাজজীবনের সুযোগ নিয়ে তাদের শোষণ এবং অবিচারের রাজত্ব চালিয়ে যাচ্ছে।

**[ 4-50—5-00 p.m. ]**

আমরা দেখতে পাচ্ছি যে এক দিকে বিরাট মুনাফার পাহাড় মুষ্টিমেয় মানুষের হাতে সঞ্চিত হচ্ছে আর অন্যদিকে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ দারিদ্র ও অভাব অভিযোগের তাড়নায় দিনান্তে এক মুঠো অন্নের জন্য উপবাসে থেকে মৃত্যুর দিকে এগোচ্ছে। কাজেই এই ২৫ বছর দেশ স্বাধীন হবার পরেও সম্পদের এই বিরাট ব্যবধান আমাদের দেশের জীবনে যে অস্থিরতা এনে হাজির করেছে সেই অস্থিরতার প্রতিচ্ছবি আজকে আমাদের এই বিধানসভার ভিতরে প্রতিটি সভ্য তুলে ধরেছেন। সুতরাং এই বিল সমাজজীবনের এই অবিচার, অন্যায়ের হাত থেকে মানুষকে অন্ততঃ কিছুটা টিকে থাকবার সুযোগ সৃষ্টি করে দেবে এবং সেই আশা নিয়ে আমি

আজকে এই বিলকে সমর্থন করছি। আমরা জানি আমাদের সমাজ-জীবনের এই অবিচার, অন্যায়ের মূল কেন্দ্র হল আমাদেরই দেশের মুষ্টিমেয় কোটিপতি কর্তৃক সমস্ত অর্থনীতির উপর বিরাট কব্জা সৃষ্টি করা এবং তারাই আজকে সবকিছু কর্তৃত্ব করছে, আমাদের দেশের তৈল সম্পদ, চটকল, চা-বাগান ইত্যাদিতে যে সম্পদ সৃষ্টি হচ্ছে সেই সম্পদগুলি তারা করায়ত্ব করে রেখে আমাদের দেশের স্বাধীন অর্থনীতি বিকাশের পথে প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে। কাজেই এই মুষ্টিমেয় কোটিপতির অর্থনীতির উপর একটা বিরাট প্রভুত্ব বিনষ্ট করবার দিক থেকে এই বিলটি যথেষ্ট সাহায্য করবে এবং সেই সম্পদ যদি রাষ্ট্রের হাতে আসে জাতীয়করণের মাধ্যমে, তাহলে আমাদের দেশের লক্ষ লক্ষ ছোট, মাঝারি শিল্প বিকাশের ভিতর দিয়ে, গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ও সেচব্যবস্থার উন্নতির ভিতর দিয়ে গ্রাম শহরের লক্ষ লক্ষ বেকার যুবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেবে। সেইসঙ্গে সমাজজীবনের এই দুঃখ-দারিদ্র ইত্যাদি বহুবিধ সমস্যা দূর করবার জন্য নূতন করে শিল্প সৃষ্টির সুযোগ যতক্ষণ পর্যন্ত না আমরা গড়ে তুলতে পারব ততক্ষণ পর্যন্ত সমাজের দুঃখ দারিদ্র দূর করতে সক্ষম হব না। সেই কারণে আমরা মনে করি আমাদের দেশের অগ্রগতির পথে অর্থাৎ সম্পদ উৎপাদন বৃদ্ধির পথে নূতন নূতন শিল্প সৃষ্টির পথে, দেশব্যাপী কৃষি উৎপাদন বৃদ্ধির পথে এই বিল যথেষ্ট সাহায্য করতে পারে যদি আমরা এই বিলকে অস্ত্র হিসাবে ব্যবহার করি। কাজেই আমরা এই বিলকে আমাদের সমাজজীবনের অগ্রগতির পথের দরজা খুলবার জন্য ব্যবহার করতে পারি। তাই মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই কারণে আমি এই বিলকে সমর্থন করবো এবং এই বিল পার্লামেন্টের উভয় সভায় পাশ হবার পরে আমাদের দেশের সমাজজীবন, ভারবর্ষের সমাজজীবন নূতন দিকে এগিয়ে যাবার যথেষ্ট সুযোগ পাবে। গ্রামাঞ্চলে এখন পর্যন্ত বড় বড় ভূস্বামী জমির উপর মালিকানা আটকে রাখতে চাইছে আর্টিকেল ২২৫ প্রয়োগ করে এবং জমিদারি দখল আইন ও ভূমি সংস্কার আইনকে বানচাল করবার জন্য একটা চক্রান্ত চালিয়েছে এবং আইনের মাধ্যমে সেইসমস্ত অন্যায় পদ্ধতি প্রয়োগ করে সমাজের উপর কর্তৃত্ব বজায় রাখবার চেষ্টা করছে। আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন যে সুন্দরবনের লক্ষ লক্ষ একর চাষোপযোগী জায়গায় নোনা জলের প্লাবন ঘটিয়ে ফিসারী তৈরী করে ঐ সমস্ত ভূ-স্বামীরা বিরাট লুণ্ঠন চালাচ্ছে। কাজেই এগুলি যদি উদ্ধার না করা যায় তাহলে আমরা এই আইনসভায় বসে ভূমিহীন, ক্ষেতমজুর, ভাগচাষী যাদের কোন বাস্তুভিটা নেই তাদের আমরা ৫ কাঠা করে যে বাস্তুভিটা দেবার অঙ্গীকার করেছি সেই কাজকে সফলভাবে রূপায়িত করতে পারবো না। সুতরাং গ্রামাঞ্চলের বড় বড় ভূ-স্বামীরা আজকে সম্পদ করায়ত্ব করে রেখেছে এবং তাদের যথোপযুক্ত আইনসঙ্গত ন্যায্য বাজার মূল্য না দেবার জন্য কোর্টের মাধ্যমে ইনজাংসন দিয়ে ভূমি বণ্টন ব্যবস্থাকে বানচাল করে দিচ্ছে। তাদের সেই শোষণমূলক কার্য্যকে প্রতিরোধ করার ক্ষেত্রে এই বিল আমাদের সহায়ক হবে যদি আমরা একে অস্ত্র হিসাবে ব্যবহার করতে পারি। সেইজন্য আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি এবং যাঁর উপর এই বিলের দায়িত্ব রয়েছে আশাকরি আগামী দিনে তিনি বিলকে সেইভাবে অস্ত্র হিসাবে ব্যবহার করবেন যাতে এইসব দরিদ্র-নিপীড়িত জনসাধারণের মাথা গোঁজবার একটু ঠাঁই হয় এবং এই বিলকে যদি সেইভাবে প্রয়োগ করতে পারেন তাহলে তাদের অর্থনৈতিক অগ্রগতির দরজা খুলে দিতে পারবেন। তাদের সেই সুযোগ দেবার জন্য আমি আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যনারায়ণ বাপুলী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রীজ্ঞানসিং সোহনপাল মহাশয় যে সংবিধান সংশোধন প্রস্তাব রেখেছেন এবং তার সমর্থনে আমাদের দলের নেতা মুখ্যমন্ত্রী যে ভাষণ দিয়েছেন তা মনে হয় এই বিধানসভায় একটা ইতিহাসের সৃষ্টি করেছে।

আজকে টুয়েন্টি ফিফথ এ্যামেণ্ডমেন্ট অব দি কনষ্টিটিউসান অব ইণ্ডিয়া যেটা দাখিল করা হয়েছে আমি বলব এটা সমাজতন্ত্রের আলোক। সমাজবাদ প্রতিষ্ঠা করতে গিয়ে আমরা নানা দৈব-দুর্বিপাকের মধ্যে না পড়ে আইনের জালে, এবং সংবিধানের কারচুপির মধ্যে এমন পড়েছিলাম যে, যার ফলে আমাদের দেশের আপামর জনসাধারণের উপকার করা সম্ভব হয় নি। আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তিনি চিন্তা করেছেন, তিনি দেখেছেন এই অগণিত দুঃস্থ ভারতবাসী, দুঃস্থ জনসাধারণের যদি উপকার করার প্রয়োজন থাকে তাহলে সংবিধানের প্রয়োজনীয়তা আছে এবং এই সংবিধান যে বলিষ্ঠ পদক্ষেপে আজকে সংশোধন করা হয়েছে সেটা শুধু ভারতবর্ষের ইতিহাসে নয়, বিশ্বের ইতিহাসে যত দেশ আছে সেই সমস্ত দেশে একটা নজীর হয়ে থাকবে। আমরা দেখেছি যে সংবিধানে অনেক বাধা ছিল। আমরা আজকে একটি কথার উপর, যেমন এই সংবিধান সংশোধনের প্রস্তাবের একটি অক্ষর যেটা কম্পেনসেসান সেখানে এ্যামাউন্ট কম্পেনসেসান, আমি বলব এই কথার মধ্যে বুর্জোয়া গন্ধ আছে কিন্তু এই যে এ্যামাউন্ট এই কথাটা বলা হয়েছে এর মধ্যে সমাজতন্ত্রের গন্ধ আছে। আমাদের দেশে ইতিপূর্বে জমিদারী উচ্ছেদ হয়ে গেলে কম্পেনসেসান দেওয়া হয়েছিল কিন্তু আমরা জানি যাদের অল্প জমি গিয়েছে তারা কম্পেনসেসান আজও পায় নি। অথচ বর্ধমানের মহারাজা লক্ষ লক্ষ টাকা কম্পেনসেসান পেয়ে গেছেন। আর গরীবদের কম্পেনসেসানের জন্য আলিপুরের দরজায় কম্পেনসেসান অফিসারের কাছে দিনের পর দিন হাঁটতে হয়। হয়ত কম্পেনসেসানের নোটিশ গেল ৪·৫৬ পয়সার কিন্তু সেটা নিতে গিয়ে উকিল বা ওকালতনামা ইত্যাদির খরচ করে দেখা গেল তার আর কিছু রইল না, বরং পকেট থেকে কিছু দিয়ে তাকে বাড়ী ফিরে যেতে হল। এই হল কম্পেনসেসানের নামে জমিদারী উচ্ছেদের পরে আমরা যা দেখেছি। তাছাড়া এই কম্পেনসেসানের মাধ্যমে চা বাগানের মালিক, বড় বড় কলকারখানার মালিকরা তদানীন্তন সরকারের মাধ্যমে ভাল রোজগার করার যে চক্রান্ত করেছিলেন তা আজকে শুধু বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষে পরিলক্ষিত হয়েছে। আজকে আমরা ব্যাঙ্ক ন্যাশনালাইজেসান করেছি এবং তা করে আমরা সাধারণ মানুষকে কিছু পয়সা দিতে পারছি। আজকে আমরা দেখছি রাজন্যবর্গের ভাতা কেড়ে নিয়ে আমরা সাধারণ দরিদ্র লোক, চাষী, মেহনতী মানুষের উপকারের জন্য নানা রকম কাজ করতে পারছি। আজকে সমাজতন্ত্রের প্রতি এই যে পদক্ষেপ বা সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাবার যে পদ্ধতি তা আজকে এই যে সংবিধানের ২৫তম সংশোধন প্রস্তাব রাখা হয়েছে তার একটা বলিষ্ঠ পদক্ষেপ।

[5-00—5-10 p.m.]

আজকে আমাদের মুখ্যমন্ত্রী দৃপ্তকণ্ঠে এবং নানারকম রুলিং ও নজীর দিয়ে হাউসের কাছে এই বিলটা রেখেছেন। আজকে হাউসে যেভাবে দৃঢ়ভাবে এই বিলটাকে সমর্থন করা হয়েছে তাতে আমি যে ২১৩টি বিল পেয়েছি কোন বিলেতে এতরকম কঠোরভাবে, পরিষ্কারভাবে এবং পরিচ্ছন্নভাবে সমর্থনের ভাষা আমরা পাই নি। আজকে এটা একটা ঐতিহাসিক ঘটনা, কারণ, ইন্দিরা গান্ধী ঐতিহাসিক কাজ করেছেন। আজকে যেসমস্ত মিল-মালিক, বড় বড় জোতদার, জমির মালিক তারা আশা করে বসে আছে। ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টে কম্পেনসেসান দেওয়ার জন্য একটা ধারা আছে। কম্পেনসেসান দেওয়ার ক্ষেত্রে দেখা যায় সুন্দরবনে জঙ্গল জায়গা যেখানে লোনা ঠেলে সেখানে কম্পেনসেসান বাবদ লক্ষ লক্ষ টাকা সরকারী ভাণ্ডার থেকে নেওয়া হয়েছে। অপর দিকে যেসমস্ত মধ্যবিত্ত লোক যাদের ইন্টারমিডিয়ারী স্বত্ব নিয়ে নেওয়া হয়েছে তারা আজ পর্যন্ত কম্পেনসেসান পায়নি। এই কম্পেনসেসান একটা কথার উপর বাংলাদেশের

ইতিহাসে কেন ভারতবর্ষের ইতিহাসে ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট অপারেট করতে গিয়ে বিরাট ক্ষতি হয়ে গেছে। তাই আজকে এই যে সংশোধনী প্রস্তাব এই প্রস্তাবকে শুধু যদি স্বাগত জানাই তাহলে যথেষ্ট হবে না, আমি বলব এই সংশোধন শুধু আমাদের বাংলা নয়, সারা ভারতবর্ষের তথা সারা বিশ্বের দরবারে একটা বিরাট অধ্যায় সূচনা করল। যারা লক্ষপতি, কোটিপতি, বড় বড় কলকারখানা করে বসে আছে তাদের আজকে নতুন করে চিন্তা করার দিন এসেছে। আজকে টু থার্ড মেজরিটি পেয়ে লোকসভা, রাজ্যসভা যে আইন পাশ করেছে তার প্রত্যেকটা আইন জনহিতকর আইন। আজকে এই যে সংশোধন হচ্ছে এই সংশোধনের ফলে শুধু বাংলাদেশে নয়, ভারতবর্ষে অর্দ্ধাহারে অনাহারে যেসমস্ত মানুষ আছে তাদের রুজি-রোজগার আদায়ের দিন এসেছে। সেজন্য আমি বলব এই সংশোধন হচ্ছে সারা ভারতবর্ষের একটা বিরাট পদক্ষেপ। আমরা দেখেছি চাষী, মধ্যবিত্ত, মজুর যারা দু'মুঠো অন্নের জন্য, দুটো রুটির জন্য চারিদিকে ঘুরে বেড়াচ্ছে সারাদিন অক্লান্ত পরিশ্রম করে তাদের সুখ-সুবিধার বিধান নেই। কিন্তু আজকে অল্প কয়েকদিন হল আমাদের সরকার গঠিত হয়েছে, আমরা সরকারের তরফ থেকে চেষ্টা করে বন্ধ বন্ধ কলকারখানা খুলে দিয়েছি। আমরা আইন করেছি, আইন করে সাধারণ লোকের উপকার করবার জন্য চেষ্টা করছি, তাদের দুমুঠো ভাত দেওয়ার জন্য চেষ্টা করছি। আমি আর একটা কথা বলব এই যে ২৫তম সংশোধনী প্রস্তাব রাখা হয়েছে এই বিলকে আমি আমার অন্তর থেকে স্বাগত জানাচ্ছি এবং আশা রাখছি এইরকম সংশোধনী প্রস্তাবের মাধ্যমে আমাদের দেশের উপকার সাধিত হবে।

**Shri Aswini Roy :** While supporting this Constitution (Amendment) Bill I am laying down some points. First of all, what necessitated to bring such Constitution (Amendment) Bill ? Sir, ten to twelve years ago Kerala Legislative Assembly passed one Bill—Kerala Agricultural Land Reforms Bill, imposing family ceiling, imposing ceiling on tank fisheries, imposing ceiling on orchards.

Sir, the same Bill was challenged by the Supreme Court. The Supreme Court declared it void. So, had the Bill not been void ten or twelve years ago, we believe we could have distributed land at least to the agricultural workers and the poor peasants and do away with the land monop ly system. So, this was the first struggle which necessitated the Constitutional change. Then we lost two years while there was an All-India demand to curb the monopoly system, to nationalise the banks and to do away with this Privy Purse. Ordinances were promulgated and legislations were passed. The same were challenged and circumstances created to have a constitutional change. For this I support this Amendment. The Bank has been nationalised, the Privy Purse has done away with and many laws have been passed by our Ministers, by our Assembly in favour of the working people and in favour of the peasantry. Similarly in Kerala again the Agricultural Reforms Bill was passed in a new form two or three years ago. There was a familiy ceiling up to 12½ acres of land, there was a ceiling on tank fiisheries and there was a ceiling on orchards. The Supreme Court declared ultra vires paragraph 5 of that Bill which dealt with the ceiling on tank fisheries. Some of our members pointed out that in the 24-Parganas there are tycoon of fisheries --big monopolies of tank fisheries. Most of us agreed to do away with this monopoly. But the present legislation is unguarded unless this constitutional change comes into effect. So we have to do many things. The last Democratic Coalition Government passed one legislation with regard to closed mills to re-open the closed mills and if the mills are not opened to requisition and take away the mills. But we cannot do anything unless the Constitution is changed. Some honourable members who came from the rural areas, had to face this question and this problem that we have imposed ceiling

on agricultural land, we have imposed ceiling on rural properties but what are we going to do in the matter of urban properties where they can amass as much wealth as they can and can retain as many number of buildings as they can. We have promised to the rural people that similar legislation will be enacted when we form the Ministry. So, we have to think over the matter to enact legislation on the ceiling of urban properties. The Bank is nationalised. The object was to utilise the money for the development of the people, to utilise the money for the producers, to utilise the money for production and to give money to the poorer sections of the people. But that too we cannot do unless such Amendment comes into effect.

[5-10—5-20 p.m.]

So we are to do many good things but we could not do them because of constitutional bar. Hence this is the armoury in the hands of our people for the development of our society as the Chief Minister has just now told us. He has narrated how a new social order is coming, a new change is coming. But this change does not take us to the stage af socialism. We have to do many other things which will have the way to socialism. Ovr Chief Minister has just now explained as to what necessitated him to join the Congress. He has cited some instances because of the coming of a new era means the coming of a new social erder but he did not explain what is that new era or the new social order. So far as I understand that, you might have raised these things when some years ago the world monopolists and the world imperialists were taking the direction of the world, but that has changed now. Now the world is directed by the socialist world. Some months ago we saw that in our neighbouring country, Bangladesh, the liberation movement started for the first time in the history of the world by the Government of the bourgeoisie because they were not communists. The bourgeoisie helped that liberation movement, the bourgeoisie started the movement and led that movement. That is a new era. Do the bourgeoisie have got aspiration to go towards socialism or to proceed to that direction ? Hence the liberation movement had taken place in Bangladesh. It was started at the wishes of the bourgeoisie and it was resorted to for achieving the wishas of the bourgeoisie because throughout the world a new direction is a new phase, a socialist order, and whatever change is likely to come today, that will come to a sort of socialism ? It will not come to capitalism and that is the new era. As communists we are believers in doing away with private properties. One hundred and twenty-five years ago a great man, Karl Marx, had the contemplation of doing away with private properties. This was in his thinking 125 years ago In 1917 his thinking was put into action by our great leader Lenin in Soviet Russia Now about 40 per cent. of the people of the world are in the socialist order. So it is possible for us taday to do away with the monopolies as many of our friends and honourable memebers here have expressed their desire to do away with the monopolies. So this is the armoury in the hands of the Government to curb monopolies. Yesterday our Health Minister expressed his views that in the Governor's address there were only two or three sentences which were on the directive principles of the health organisation. That was on family planning. In the new Bangladesh there is also planning and that is also family planning. What has Mujibar Rahman said ? He has said that in Bangladesh there will be no birth of the monopolists and that is their family planning. So this is new era, the new social order is coming and to keep pace with that new era and that new social odor, these ehanges are bound to come. Our Chief Minister has expressed his fervent desire to change the social order. Sir, before concluding my speech I may tell him that only thinking will not bring the change of the social order but we have to

put that thinking into action. After this constitutional change, we have to do many things. We have to bring in legislation putting a ceiling on urban properties, to enact legislation fixing ceiling on tank fisheros and to enact such other legislations as will curb monopoly. So I am supporting this amendment. This is practically a new historical document in the bourgeoisie Parliament because a communist we think that it is a bourgeoisie Government and this is a historical step taken by the bourgeoisie Government.

Sir, before concluding my speech I am to say that this is not the first instance in this country. Similar measures were taken by the Burma Government headed by the Ne Win; similar measures have been taken to curb monopoly by the Egyptian Government headed by Nasser and similar measures have to be taken in those countries which will be liberated from imperialist bondage and which will newly win their independence. This is the order of the day. With these words, Sir, I support the resolution and the amendment moved by Shri Gyan Singh Sohonpal.

**Dr. Zainal Abedin** : Sir, I rise to speak in support of the Resolution moved by Hon'ble Shri Gyan Singh Sohonpal. Sir, I feel happy that none in this House has so far opposed this resolution. The reasons are, I feel, that those who could oppose this particular legislation have been either totally rejected by the people of West Bengal or have been reduced to an insignificant minority so much so that they cannot raise their voice here in protest of the resolution moved by the Hon'ble Shri Gyan Singh Sohonpal. Then again. Sir, if we pass this resolution unanimously, it will require rehabilitation of the forces, that is, those who were so long opposing this particular piece of legislation in the Centre and not only in the Centre but in all welfare activities of the Government of India, not to say, the Government of West Bengal. I feel happy as an humble worker of the Congress after the massive victory in the Parliament during the the last elections in 1971, the Congress did not forget the pledges made to the people before the election and did not forget every bit of its promises made before the people of West Bengal and India at large during the sruggle for freedom against the British Imperialists. Sir, we have achieved our political freedom. We thought that if we could achieve political freedom, the country would thereafter be able to achieve for the masses economic freedom and economic emancipation. Unfortunately, Sir, during the British regime there had been legislations enactments so much so that we could not proceed very happily towards that goal and that destination when we could achieve political and economic emancipation for the vast millions of India.

[5-20—5-30 p.m.]

Hence the necessity of this amendment of the Constitution and of that particular article—Article 31-which imposed a bar and which blocked the path to progress and social justice. This is a piece of legislation by which the door has been opened. It is not the be all and end all of everything of socialism. Sir, it is just opening up the door towards socialism. Now, we will require numerous legislations of this kind and I believe, Sir, that every year such progressive legislation will be brought to this Legislature for furtherance of the cause which we have declared and promised to the people. Sir, this is a powerful weapon by which we can combat successfully with the forces of reaction with the enemies of progress and those who serve the cause of vested interests in disguise—I mean the C. P. I. (M). Sir, possibly you remember the debate in the Rajya Sabha when legislation on the abolition of Privy Pures was brought in there. That piece of legislation could not be enacted because one

C.P.I.(M) member could not appear in the Rajya Sabha in due time. And not only that, some member with whom the C.P I.(M) made alliance, could not side on this progressive legislation with the Government but sided with the members of the forces of reaction. Sir, it is an occasion for us to be happy. As I have mentioned earlier that in this West Bengal Assembly it is a matter of pride for us that none here in this glorious and august House has opposed this legislation. I as a son of Bengal feel happy and proud that we have adopted the spirit that we have pledged to the people to fulfil their demands and which the leaders of the Congress, the leaders of the country made during the freedom struggle and after achievement of independence of the country.

Sir, my friend Shri Satya Ranjan Bapuli has said that this Government is only attending to big landholders like the Maharaja of Burdwan and people like him and not to the poor landholders. That is far from the truth. Sir. This Government is out to serve the poor and to drive away poverty from this land So possibly the information reaching my friend is absolutely wrong, and as one of the spokesmen of the Government I deny the charge levelled by my friend that we are attending to the big landholders like the Maharaja of Burdwan. It is not correct. Sir, I hope and all members hope that we have effectively and to a certain extent enforced this legislative measure to bring about social justice in the rural sector of West Bengal but in the urban sector we have done almost nothing. I hope the Parliamentary Minister will be promt again in bringing in certain legislation or certain resolution empowring from the Central Government for appication of this particular social and progressive measure to the urban sector also If such a resolution is accepted here unanimously and in other States of India, we hope that this weapon will be effectively utilised to combat the disparities and ineqalities in the urban sector also. So far nothing has been done in the urban sector and taking advantage of the lacuna in the Constitution, people residing in the urban sector have amassed vast wealth depriving millions of common men and depriving the poor people also. We hope that the experts who are here in the Government, in the party and in this august House will explore the possibilities to utilise this piece of legislation effectively to combat the disparities and inequalities prevailing in the urban sector also.

With these words, Sir, I would conclude my speech with one more addition that not only in India, not only in West Bengal but in the entire South East Asia if we want to combat the bloody and violent revolution effectively, we must bring forth such types of progressive legislation which will combat by peaceful legislative measures, by rule of law, the disparities and inequalities prevailing in the society.

This Legislation is not only a legisiatlon for India but for the whole underdeveloped and developing regions and, if I may put it in a modified way, for the entire South-East-Asia—the 7 countries which are unddeideveloped There are gross disparities and if we cannot remove these disparities peacefully, or by rule of law, we will not be able to combat the violent agitations and bloody revolutions. So, in this respect, Sir, India has become the pioneer and I propose West Bengal State Legislature is the second in sharing that pride and glory—we are helping not only India or West Bengal but the entire South-East Asia and the world at large. By peaceful measure, by legislative measure, by rule of law the inequalities of society can be removed and egalitarian basis of society can be founded so deeply as we are contemplating both at the centre and at the State level.

With these words, Sir, I conclude.

**Shri Bholanath Sen :** Mr. Deputy Speaker, Sir, I support this resolution brought by the Hon'ble Minister Shri Gyan Singh Sohanpal. This Bill, as you are all aware here, is for the purpose of getting rid of the somersaults, rather judicial somersaults that had taken place from time to time ever since the commencement of the Constitution. You have been already told, Sir, by the Chief Minister that in 1955 an amendment was introduced because the courts were not seeing eye to eye with the makers of the Constitution and they thought compensation should be just compensation, or money equivalent of the compensation. I shall come to that aspect of the matter in a few minutes, but I shall tell you one thing that when the Constituent Assembly sat, they thought of the people, the people who have for generations and generations suffered, been mercilessly ignored and exploited, firstly, by the Princes and thereafter, by the British rullers. When the Constituent Assembly came, they thought of these dumb millions who could not look after themselves, who were poor, who had no homes and hearths, who had no education, who had no opportunity and who were labouring under so many social stigmas, laws and limitations. The object of the Constituent Assembly was to give real freedom to these people. Now, with that intention there were certain chapters in the Constitution which are described as fundamental rights and which included right to property and that is under Article 19(1)(f), but at the same time, Article 31 of the Constitution was there, so that in case the State needed the property for a public purpose, because where there is a public purpose the private person gives way, then, in such a case mere compensation is sufficient. But then, that was misconstrued, or if I may say, construed in a way not to the liking of the Constituent Assembly. Then the amendment was made and at the time when the amendment was made, Pandit Nehru himself intervened and, if I may read what he said at that time in 1955—he said like this : "If we were aiming, as I hope we are aiming and we repeatedly say we are aiming at changes in the social structure, then, inevitably we cannot think in terms of giving what is called full compensation. Why ? Well, firstly because you cannot do it. Secondly because it would be improper to do it, unjust to do it and it should not be done even if you can do it, for the simple reason that in all these special matters, laws, etc., they are aiming to bring about a certain structure of society different from what it is at present.

[5-30—5-45 p.m.]

In that different structure, among other things, what will change is this : the big difference between the haves and have-nots. Now, if we are giving full compensation the haves remain the haves and the have-nots remain the have-nots. It does not change in shape or form if compensation takes place. Therefore, in any scheme of social engineering, if I may say so, you cannot give full compensation apart from the other patent fact that you are not in a position, nobody has the resources, to give it". Sir, for generations even before Indpendence there were moneylenders, thers were princes who formed the Concord of Princes. There were big zemindars and jotdars who still remain. The remnants still remain. They have not done anything for the purpose of upliftment of the people of our State—whose upliftment we want, whose upliftment is the first thing in our mind. We went to destroy the difference between one class and another and the only way to do it is to make up the difference not only by giving better chance to the poor people who do harder work but also by taking away from those people who have more than what they require. Today the Chief Minister has said that if property had been

purchased on hundred years ago and if you want to give compensation today at the money equivalent, as was suggested in the Bank nationalisation case, what will happen ? Rich people can operate transaction in such a way that the money equivalent is soared up ? Take, for example, the share market transactions. Supposing the value of the share is Rs. 10 at par. Tomorrow a big tycoon comes and operates in the market. He says that this share is going to be taken up by the Government. He operates in such a way that the value of the share goes up and goes up to Rs. 30. This happens. Why should the Government pay that money which is not the real value of the property at all ? Even if it is the real value of the property it cannot be taken away because we have not got the money. So we are not concerned with that. We are concerned with the poor people who cannot have square meal a day. The number of poor people is probably 98 out of 100. We have to do something about them. We have to do something about them otherwise what will happen in this counery ? It will meet the same fate as had happened in China. We have to do something about them. There cannot be any escape from that. We have given them a pledge but I am sure people of this country, members of this House, will appreciate that if you do not try to remedy their poverty, if you do not give them what they now need very badly, what they have been longing for generations after generations, then we shall have the same fate as they are having in China.

Sir, I would like to say here one more thing. The tradition with which we were born will be found from the statement of the Father of the Nation, Mahatma Gandhi, made in the First Round Table Conference : "If the National Government comes to the conclusion that the step is necessary no matter what interest is concerned they will be dispossessed. I might tell you 'without compensation' because if you want this Government to pay compensation it will have to rob Peter to pay Paul and that would be impossible." In the Bank case we have to pay the shareholders. Actually, we have nationalised the management of the company, not the money of the depositors. Tycoons who hold the shares in the Bank, they have to pay the money. Which money ?—Your money, my money and the money of the poor people for want of which they cannot feed and educate their children properly. Their monies have to be taken away because of the Supreme Court judgment. Now, think of the thoughts of our leaders, leaders of the State of West Bengal. I will just read something because I cannot translate the inimitable language of our leaders of West Bengal, namely, Bankimchandra. I will read out in Bengali.

যিনি ন্যায়ের বিরুদ্ধে আইনের দোষে পিতৃ সম্পত্তি প্রাপ্ত হইয়াছেন বলিয়া দোর্দণ্ড প্রচণ্ড প্রতাপান্বিত মহারাজাধিরাজ উপাধি ধারন করেন তাহারও যেন স্মরণ থাকে যে বঙ্গদেশের কৃষক পরাণ মণ্ডল তাহার সমকক্ষ এবং তাহার ভ্রাতা। যে সম্পত্তি তিনি একা ভোগ করিতেছিলেন পরাণ মণ্ডলও তাহার ন্যায়সংগত অধিকারী।

Now I am coming to Rabindra Nath Tagore. He has said in an article -

সমাজীকরণ এবং সমাজের মুক্তি। আজকের দিনের সাধনায় ধনীরা প্রধান নয়, নির্ধনেরাই প্রধান। বিরাটকায় ধনের পায়ের চাপ থেকে সমাজকে, মানুষের সুখ শান্তিকে বাঁচাবার ভার তাদের উপর। অর্থোপার্জনের কঠিন বেড়া দেওয়া ক্ষেত্রে মানুষ্যত্বের প্রবেশ পথ নির্মাণ তাদের হাতে। নির্ধনের দুর্বলতা এতদিন মনুষ্যত্বকে, সভ্যতাকে দুর্বল এবং অশক্তিপূর্ণ করে রেখেছিল। আজ নির্ধনকে ধন লাভ করে তার প্রতিকার করতে হবে। একথা সত্য আধুনিক কালের

মানুষের জন্য যা কিছু সৃষ্টি হয়েছে তার অধিকাংশই ধনীর ভাগ্যে পড়ে—অর্থাৎ অল্প লোকের ভোগে আসে। অধিকাংশ লোক যে বঞ্চিত হয় এই দুঃখ সমস্ত সমাজের।

We represent the society and if that is not our sorrow whose sorrow it will be So this law will have to be changed and it will be changed in such a way tha the Supreme Court cannot interfere depending on their personal reasons o depending on their personal wisdom. After all the Parliament represents th wisdom of the country. After all the Parliament makes law and if the Suprem Court goes on changing it as had been done in the past then our destiny an the dostiny of the dumb pooor miliions of our country will be uncertain Nobody wants it and I am absolutely sure about it that all the honourabl members who are present here, also do not want it. They have been electe by the majority of the people of their own constituencies, and just as I hav seen myself apart from the others, who have lost their children because the have been killed by C.P.M workers, they have also seen the people who have n house at all, no roof at the top of the house, no land, who just live a life as i they are living in a dungeon. Now something must be done. It is not a bi thing that we have done it is only what is being attempted to be done. Thi is what Pandit Jawaharlal Nehru had thought, what Mahatma Gandhi ha thought, what even Shri Subhas Chandra Bose had thought and what ou Swami Vivekananda had thought. Everybody had thought—we are only givin a vent to it and nothing else. The difficulty is being solved. It was create by the Supreme Court judgments which were from time to time different as w could read it. The people do not know what to do. So it was made clear tha the Supreme Court won't have to be troubled for deciding whether any mone has to be paid and if so, how much money has to be paid, becouse that troubl will be taken by the people through the legislature—that troubl will be taken by the people throuh the Parliament and by the people' representatives. Sir, I do not wish to take much longer time. Specially, wit regard to law I could have talked more but the legal subject is always ver uninteresting. I would stop here only by reading a few lines from Swam Vivekananda, a few lines from Netaji Subhas Chandra Bose Swami Vivekanand has said—

"হে ভারত ভুলিওনা তোমার উপাস্য উমানাথ সর্বত্যাগী শঙ্কর। ভুলিওনা তোমা বিবাহ, তোমার ধন, জীবন ইন্দ্রিয় সুখের, ব্যক্তিগত সুখের জন্য নয়। ভুলিওনা নীচ জাতি, মুর্খ দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই। সদর্পে বল আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল মুর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবসৌ, চণ্ডাল ভারতবাসী আমার ভাই। তুমিও কটিমাত্র বস্ত্রাবৃত হইয়া সদর্পে, ডাকিয়া বল ভারতবাসী আমার ভাই ভারতবাসী আমার প্রাণ, ভারতের দেবদেবী আমার ঈশ্বর, ভারতের সমাজ আমার শিশুশয্যা,আম যৌবনের উপবন, আমার বার্ধক্যের বারানসী। বল ভাই, ভারতের মৃত্তিকা আমার স্বর্গ, ভারতে কল্যাণ, আমার কল্যাণ। আর বল দিনরাত, হে গৌরীনাথ, হে জগদম্বে আমায় মনুষ্যত্ব দাও, ম আমার কাপুরুষতা, দুর্বলতা দূর কর, আমায় মানুষ কর।

What I am saying with regard to this : let us not feel proud about it Whatever step we have taken is very little, step that we have taken is only t get a fetter created by the Supreme Court judgments. It is meant for th benefit of the people even though that means that some of the rich people wh died due to over-feeding, some of the rich people who go on inheriting th people's wealth, which they do not deserve, which they do not require some o them will have to be taken.

But if it is necessary in the interest of the country it will have to be done and, I am sure, the House will agree with me on that point. If necessary, that will have to be done because my brothers who are poor, my brothers who cannot eat, my brothers who cannot live under a roof, my brothers who cannot get education, my brothers who cannot even get medicine, have to be paid from the rich who have got extra and they have to give it up. That is why the word 'compensation' is no longer there and it has been substituted by the word 'amount'. Sir, I would like to say only one sentence and sit down in two minutes' time I just read what Netaji Subhas Chandra Bose said in 1931.

"I want a socialistic Republic of India. I want political and economic freedom and complete economic emanicipation." Mr. Speaker, Sir, he went further to say, "Every human being must have the right to work and right to a living wage. There should be no drones in our society and no unearned income."

Sir, I have concluded my submissions or whatever I wanted to say, and I want to tell my friends, the honourable Members in this House, that let us unanimously pass this resolution and let us say that we in this problem-ridden State of Bengal whole-heartedly support this Bill, and we do not want even a word to be altered, we agree word for word, we agree to the leadership given in this Bill and we want to see that the Bill is passed in due time.

Thank you, Sir.

**Shri Gyan Singh Sohanpal** : Mr, Speaker, Sir, I have heard the speeches of the honourable Members, and I am happy that all of them have spoken in support of this resolution moved by me in this House. Sir, those who would have opposed this resolution or would have spoken against this resolution have been rejected by the people of West Bengal and are conspicuously absent in this House. I wish if they would have been here at least today we would have known their true colours. I thank all the members and request them once again to accept this resolution unanimously.

Thank you, Sir, Jai Hind.

T ' n of Shri Gyan Singh Sohanpal, that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof, proposed to be made by the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971, as passed by the two Houses of Parliament, was then put and agreed to.

## Adjournement

The House was then adjourned at 5-45 p.m. till 1 p.m on Thursday the 6th April, 1972, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 6th April, 1972, at 1 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 15 Ministers, 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 3 Deputy Ministers and 207 Members.

[ 1-00—1-10 p.m.]

### OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

**Mr. Speaker:** Hon'ble Members, if any one has not yet made oath or affirmation of allegiance, he may kindly do so.

(There was none to take oath)

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### সরকারে ন্যস্ত জমি বিতরণের নীতি

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রীঅশ্বিনী রায়ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী পতিত ও সরকারে ন্যস্ত জমি বিতরণের কোন সরকারী নিয়ম ও নীতি আছে কি ; এবং

(খ) থাকিলে তাহার বিস্তারিত বিবরণ ?

**শ্রীগুরুপদ খান:**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ৪৯ ধারা ও পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার নিয়মাবলীর ২০ (ক) নিয়ম অনুসারে সরকারের ন্যস্ত কৃষি জমি বিতরণ করা হয়। পতিত জমি আবাদযোগ্য হইলে একই পদ্ধতি অনুসরণ করা হয়।

স্থানীয় অধিবাসীদের মধ্যে ভূমিহীন অথবা এক হেকটরের কম জমি আছে এরূপ ব্যক্তিদের জমি দেওয়া হয়, অবশ্য যদি তিনি নিজে চাষ করেন। যোগ্য প্রার্থীদের মধ্যে তফশীলভূক্ত উপজাতি ও অনুন্নত তফশীলিভুক্ত জাতির লোকদের এবং যে জমি বিতরণ করা হইবে তাহা যে বর্গাদার বা ক্ষেতমজুরগণ চাষ করিতেন তাঁহাদিগকে অগ্রাধিকার দেওয়া হয়।

ব্লক পর্যায়ে ভূমি সংস্কার উপদেষ্টা কমিটির পরামর্শ অনুযায়ী জমি বিতরণের ব্যবস্থা করা হয়। জমির বন্দোবস্তের জন্য কোন সেলামি দেওয়া হয় না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ঐ যে ব্লকস্তরে উপদেষ্টা কমিটি ভূমি বণ্টনের জন্য করা হয়েছে, তা বর্তমানে আছে কি?

**শ্রীগুরুপদ খানঃ** বর্তমানে ঐ কমিটি dissolve করে দেওয়া হয়েছে এবং নতুন করে আমরা উপদেষ্টা কমিটি পুনর্গঠনের ব্যবস্থা করছি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই ভূমি বিতরণের ক্ষেত্রে যাঁদের অস্থায়ীভাবে লাইসেন্স দেওয়া হয়েছিল বা যাঁরা লাইসেন্স পেয়েছিলেন, এই নিয়মানুযারী তাঁদের কি পুনরায় স্থায়ীভাবে সেই লাইসেন্স দেওয়া হচ্ছে?

**শ্রীগুরুপদ খানঃ** হাঁ।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** সিকস্থি ও পয়স্থি Alluvial and diluvian land যেসমস্ত, সেইসমস্ত জমি বিলির ক্ষেত্রে ও কি ঐ একই পদ্ধতি অনুসৃত হয়?

**শ্রীগুরুপদ খানঃ** সিকস্থি ও পয়স্থির ক্ষেত্রে যেগুলি আমাদের সরকারের আওতায় আসে, সেগুলির ক্ষেত্রে তাদের একই পদ্ধতিতে দেওয়া হয়।

**শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ** নূতন কমিটি পুনর্গঠন করবার জন্য যে নির্দেশ দেওয়া হয়েছে, তা কবে, কাকে পাঠান হয়েছে ও কাদের নিয়ে কমিটি গঠিত হয়েছে?

**শ্রীগুরুপদ খাঁনঃ** আজকালের মধ্যেই সব জায়গায় চলে যাচ্ছে। আর যেখানে যেখানে ইতিমধ্যে কমিটি গঠন করা হয়েছে তাঁদের নাম নোটিশ দিলে জানিয়ে দেব।

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** কিসের ভিত্তিতে এই কমিটিগুলি করছেন তার নীতিটা যদি বলেন?

**শ্রীগুরুপদ খানঃ** মোটামুটি অফিসিয়াল, নন্-অফিসিয়াল এবং লেজিস্লেটিভ্ এসেম্বলীর মেম্বারস্ও তার মধ্যে রয়েছেন; তাছাড়া ল্যাণ্ড লেস্ যাঁরা থাকবেন বা যাঁরা ল্যাণ্ড পাবার উপযুক্ত তাঁদের প্রতিনিধিও সেখানে প্রতিনিধিত্ব করবার সুযোগ পাবেন। তাছাড়া যে রাজনৈতিক দল আগে কমিটিতে প্রতিনিধিত্ব করবার জন্য ক্যাণ্ডিডেট দিয়েছিলেন, তাঁদের লোকও প্রতিনিধিত্ব করবার সুযোগ সেখানে পাবেন।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি, রেলওয়ে প্রপার্টির যে পতিত জমি আছে সেই জমি বিলির যে কমিটি হবে তার মারফত হবে, না অন্য কোন উপায়ে হবে?

**শ্রীগুরুপদ খানঃ** রেলওয়ের যে প্রপার্টি সে সম্বন্ধে রেলওয়ে বলতে পারবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই সরকারের যে ভূমি বণ্টন নীতি, যে ভূমিহীনদের মধ্যে ভূমির বন্দোবস্ত দেওয়া হবে। তাহলে যুক্তফ্রন্টের সময় দলীয়

রাজনীতি কায়েম করবার জন্য, বিশেষ করে উগ্র বামপন্থী রাজনৈতিক দল, সি. পি. এম. দল তাদের অনুগামীদের অগ্রাধিকার দিয়ে যে চাষী ছিল তাদের উচ্ছেদ করেছিল। এই কথা কি মাননীয় মন্ত্রিমহাশয়ের জানা আছে?

**শ্রীগুরুপদ খান :** না, সেরকম আমার কিছু জানা নেই। কিন্তু স্পেসিফিক কেশ দিলে এনকোয়ারী করে দেখব।

**শ্রীঅসমঞ্জ দে :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যারা জবরদস্তি করে জমি দখল করে বাড়ী করে বসবাস শুরু করে দিয়েছে, তাদের সম্পর্কে সরকার কি নীতি গ্রহণ করবেন?

**শ্রীগুরুপদ খান :** জবরদস্তি করে কেউ যদি দখল করে থাকে তাহলে আইন করে সেটা বন্দোবস্ত করতে হবে।

**শ্রীঅসমঞ্জ দে :** এটা কি জানেন যে, আমরা এই বিষয়ে ব্লকের জে. এল. আর. ও.-র দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু তিনি বলেছিলেন যে জমিতে যারা বসবাস করছে তাদের আমরা উচ্ছেদ করতে চাই না।

( নো রিপ্লাই )

**শ্রীপ্রভাকর মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় আগে বলেছিলেন যে রেলওযের যে জমি, পতিত জমি সেটা রেলওয়ে বলতে পারবেন। কিন্তু এখানে আমরা দেখতে পাচ্ছি যে আগে আমাদের কৃষি বিভাগের ইন্সপেক্টর যিনি ছিলেন তিনি বন্দোবস্ত করতেন এবং এখন বি. ডি. ও করছেন।

**শ্রীগুরুপদ খান :** যাঁরা করছেন তাঁরা কি করছেন আমি জানি না।

**মিঃ স্পীকার :** রেলওয়ে ওনারসিপে আছে যে ল্যাণ্ড সেটার উনি কি করবেন? ওয়েষ্ট-বেঙ্গল গভর্ণমেণ্ট যদি মালিক হয়, যদি ওয়েষ্টবেঙ্গল গভর্ণমেণ্টের ভেসটেড জমি হয় তাহলে উনি বন্দোবস্ত করতে পারেন। কিন্তু এটা তো সেনট্রাল গভর্ণমেণ্টের ওনারসিপ।

**শ্রীপ্রভাকর মণ্ডল :** নো স্যার, রেলওয়ের জমি কিন্তু বি. ডি. ও বিলি করছেন।

**শ্রীগুরুপদ খান :** মাননীয় সদস্য জানেন যে বি. ডি. ও-র দ্বারা বন্দোবস্ত করবার জন্য বন্দোবস্ত আছে এবং দ্বিতীয় হচ্ছে যে সরকারের যে ভেসটেড জমি আছে সেই জমি ডিষ্ট্রিবিউশন হয়, ডিসট্রিবিউশন কমিটির মাধ্যমে, রেলওয়ের যে প্রপার্টি আছে সেগুলি আমাদের করবার কথা নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সরকার পতিত জমি ভূমিহীনদের মধ্যে বিলি করে দেবেন। তাহলে মন্ত্রিমহাশয় জানাবেন কি যে স্থানীয় চাষীরা এই বিষয়ে অগ্রাধিকার পাবে কি না?

**শ্রীগুরুপদ খান :** যেখানকার ভূমি বণ্টন হবে সেখানকার কমিটি তা ডিসাইড করবে।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে যেখানে জমি ভেস্টেড হওয়া উচিত ছিল সেখানে বহুজমির উপর ইনজাংসান রয়েছে। সেখানে সেই ইনজাংসান ভেকেট করবার জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**শ্রীগুরুপদ খান :** মাননীয়া সদস্যাকে মনে করিয়ে দিতে পারি যে, এর সঙ্গে তার কোন সম্পর্ক নাই।

[1-10—1-20 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মন্ত্রিদের একটা সম্মেলন হয়েছিল তাতে বিভিন্ন বিভাগের মন্ত্রিরা মিলে একটা যুক্ত ইস্তাহার দিয়েছিলেন যে বন বিভাগের যে জমি আবাদযোগ্য এবং চাষীরা চাষ করছে, সেগুলি ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টকে ট্রান্সফার করে দেবেন কিন্তু যে জমি চাষবাস হওয়ার যোগ্য নয়, বন হতে পারে তারা ট্রান্সফার সেটা করে দেবেন কিন্তু দেখা যাচ্ছে যে এটা কোন কার্যকরী হয় নি এবং সেই সব জমি চাষীরা চাষ করছে। বন বিভাগ তাদের বিরুদ্ধে মামলা করছে, সেগুলি ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট-এর উপর ন্যস্ত করবার কোন ব্যবস্থা করবেন কি না জানাবেন?

**শ্রীগুরুপদ খান:** এটা আমাদের বন বিভাগের ব্যাপার। আপনি অনুগ্রহ করে বন বিভাগেম মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করলে ভাল হয়।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** বন বিভাগের মন্ত্রী, ভূমি বিভাগের মন্ত্রী, বিশ্বনাথ মুখার্জী স্বয়ং এবং আরো অনেকগুলি মন্ত্রী, মুখ্যমন্ত্রী সমেত একটা যুক্ত সিদ্ধান্ত হ্যাণ্ডবিল আকারে এবং হাজার হাজার তা বিলি করা হয়েছিলো এবং তারজন্য একটা কমিটি ভূমি বিভাগের এ্যাডিশনাল ম্যাজিষ্ট্রেটকে নিয়ে, বন বিভাগের অফিসারকে নিয়ে, ইরিগেশানের অফিসারকে নিয়ে করে দিয়েছিলেন, যে এটা করা হোক। কিন্তু সেগুলি নূতন করবার ফলে চাষীদের বিরুদ্ধে কেস হচ্ছে, মামলা হচ্ছে, উচ্ছেদ হচ্ছে এবং এগুলি করা হচ্ছে না। সেগুলি আপনার দপ্তরে দিয়েছি কারণ সেটা আপনার উপর ন্যস্ত হবে কাজেই সেটা আপনি একটু দয়া করে খোঁজ করবেন কি, কারণ, আমরা এই ব্যাপারে ডিপলি ইণ্টারেষ্টেড?

**শ্রীগুরুপদ খান:** আপনি নোটিশ দেবেন আমি ইনকোয়ারী করে দেখবো।

**শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে খাস জমি সরকার বিলি করছেন সেই বিলির হারাহারি খাজনা ঐ সব এলাকার পার্শ্ববর্তী এলাকা থেকে অনেক বেশী?

**শ্রীগুরুপদ খান:** প্রথমতঃ কোন সেলামী নেওয়া হয়নি। দ্বিতীয়তঃ ৩ একর পর্যন্ত জমির খাজনা মুকুব করে দিয়েছি, কাজেই তাদের খাজনার কোন প্রশ্ন উঠে না।

**শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায়:** তাহলে মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই পর্যন্ত জমি বন্দোবস্ত করে যেখানে খাজনা চাষীদের কাছ থেকে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা নেওয়া হয়েছে, সেগুলি তাহলে ঠিকভাবে নেওয়া হয়নি?

**Mr. Speaker:** I think, strictly, that supplementary does not arise.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এই ডাইরেক্টর অব ল্যাণ্ড রেকর্ডস এ্যাণ্ড সার্ভে তাঁকে বহু বৎসর পূর্বে নোটিশ দেওয়া হয়েছে। প্রতি বৎসরই সেই নির্দেশ দেওয়া হচ্ছে যে ২৪-পরগণা জেলায় মাছের ঘেরীর নাম করে সে সমস্ত চাষের জমি রেখে দিয়েছে। আবার সেখানে চাষীরা চাষ করে, আবার উচ্ছেদ করতে দেয় না, আবার অনেকে দখল করে চাষ করছে, সেগুলি রেকর্ড সংশোধন করার জন্য তাদের উপর নির্দেশ ছিলো যে এগুলি চাষের জমি, এগুলি মেছোঘেরী হয় নি, সেগুলি তোমরা রেকর্ড কারেকশান করবে এবং করার পরে গভর্ণমেণ্ট ভেষ্ট হবে এবং গভর্ণমেণ্ট সেটা ডিষ্ট্রিবিউট করবেন। সেই রেকর্ড কারেকশানের ব্যাপারে কতদূর অগ্রসর হয়েছে সেটা বলবেন কি?

**শ্রীগুরুপদ খান ঃ** সেটা পরে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে সরকারী খাসজমি যেগুলি ভূমিহীনদের মধ্যে দেওয়া হয়েছে, এদের দখল দেওয়া কি সরকারের নীতি ?

যে সমস্ত জমি সরকারে ন্যস্ত হয়েছে, সরকারী দখলে এসেছে লাইসেন্সপ্রাপ্ত ভূমিহীনদের সেই জমি বন্দোবস্ত দেবার ব্যাপারে সরকারের কোন নির্দ্দিষ্ট নীতি আছে কি না মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীগুরুপদ খান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই যে সরকার যে জমির পজেসান নিয়েছে সেই জমি দেবার বন্দোবস্ত করে দিচ্ছে। কাজেই আমাদের দখলে রয়েছে তারপরে তারা পাচ্ছে। আপনার যদি এইরকম কোন কেস থেকে তাহলে আমাকে জানাবেন আমি ব্যবস্থা করে দেব।

**শ্রীশান্তি দাশগুপ্ত :** সরকারের ন্যস্ত পতিত জমি কোন ষ্টেট ফার্মিং বা কালেকটিং ফার্মিং-এ পরিণত করবার এমন কোন পরিকল্পনার কথা সরকার ভাবছেন কি ?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** মাননীয় সদস্যের এই প্রশ্নটি, এ প্রশ্নের সঙ্গে আসে না। মিঃ স্পীকার, স্যার, এটা বোধ হয় অন্য ডিপার্টমেন্টের ব্যাপার।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী ঃ** সরকার থেকে এখন তো পতিত জমির বন্দোবস্ত দেওয়া হচ্ছে, দেশে অনেক প্রাইমারী ও জুনিয়ার হাইস্কুল আছে যাদের খেলাধূলা ইত্যাদির জমি নেই, তারা যদি সেই জমি চায় তাহলে তাদের সেই জমি দেওয়া হবে কি না এটা মন্ত্রিমহাশয় বলবেন কি ?

**শ্রীগুরুপদ খান ঃ** এটা এগ্রিকালচারাল ল্যাণ্ডের কথা বললাম। যদি সেখানে চায় তাহলে নিশ্চয়ই আইনানুগ ব্যবস্থা করা হবে।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য :** যে সমস্ত উদ্বৃত্ত জমি সরকারের ভেষ্ট হয়েছে সেগুলি কি সরকার নিজেই ভূমিহীনদের মধ্যে বণ্টন করবেন, না কোন সমবায় সমিতির মাধ্যমে বিলি করবার কথা চিন্তা করছেন সেটা জানাবেন কি ?

**শ্রীগুরুপদ খান ঃ** মাননীয় সদস্য বোধহয় জানেন এর থেকে এই প্রশ্ন আসে না। তাই আমি এ বিষয়ে মিঃ স্পীকার, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

## চাউল, চিনি ও কেরোসিনের মূল্যবৃদ্ধি

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭) **শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানা এলাকায় বর্তমানে চালের মূল্য ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে ;

(খ) অবগত থাকিলে মূল্য বৃদ্ধির কারণ কি এবং মূল্যের এই উর্দ্ধগতি রোধের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ;

(গ) কেরোসিন তেলের অস্বাভাবিক দর বৃদ্ধি রোধের জন্য কি ব্যবস্থা লওয়া হইয়াছে ;

(ঘ) সরকার কি অবগত আছেন যে বর্তমানে গ্রামাঞ্চলে চিনির দর যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে এবং দুষ্প্রাপ্য হইয়া পড়িয়াছে ; এবং

(ঙ) অবগত থাকিলে দর বৃদ্ধির কারণ কি এবং সরকার শহরাঞ্চলের ন্যায় গ্রামাঞ্চলেও সংশোধিত রেশন দোকান মারফৎ চিনি সরবরাহের জন্য চিন্তা করিতেছেন কি ?

## চাল ও কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি

*৫৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৯৫ ) **শ্রীসেখ দৌলত আলী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্তমানে চালের দাম উর্দ্ধমুখী ;

(খ) অবগত থাকিলে চালের দাম কমানোর জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) কেরোসিন তেলের দামের সমতা রক্ষা করার জন্য সরকার কেন্দ্রীয় সরকারের সহিত কোন কথাবার্তা চালাইতেছেন কি ?

**Mr. Speaker :** Starred Question Nos. 56 and 57 will be taken together.

[ 1-20—1-30 p.m. ]

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি ৫৬ নং প্রশ্নের উত্তর প্রথমে বলছি।

(ক) হাঁা।

(খ) পশ্চিমবঙ্গের মত ঘাটতি রাজ্যে সাধারণতঃ বৎসরের এই সময় হইতে চালের দাম বাড়িতে থাকে। তাছাড়া গত বৎসরের ব্যাপক বন্যা ও বিধ্বংসী ঘূর্ণীঝড়ের ফলে মেদিনীপুর জেলা সমেত এ রাজ্যের দশটি জেলায় ফলনের প্রভূত ক্ষতিও মূল্য বৃদ্ধির অন্যতম কারণ। রাজ্যের সংশোধিত রেশনিং এলাকার সর্বত্র "ক" ও "খ" শ্রেণীর রেশন কার্ডের অধিকারিগণ অর্থাৎ যাহাদের কৃষিজমি নাই বা অল্প আছে তাহারা ইচ্ছা করিলেই নায্য মূল্যের দোকান হইতে সরকার-নির্দিষ্ট মূল্যে চাল পাইতে পারেন। এ ছাড়া সর্বশ্রেণীর কার্ডে প্রতি সপ্তাহে বয়স্কদের মাথা পিছু ২০০০ গ্রাম হারে গম, গমজাত দ্রব্য সরবরাহ করার ব্যবস্থা আছে। গত বৎসরের বন্যায় ব্যাপক শস্যহানির জন্য মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর জেলার সমস্ত বন্যা বিধ্বস্ত ব্লকে সর্বশ্রেণীর রেশন কার্ডের অধিকারিগণকে সংশোধিত রেশন দোকান হইতে প্রাপ্তবয়স্কদের মাথা পিছু প্রতি সপ্তাহে ৬০০ গ্রাম হারে চাল দিতে সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত করিয়াছেন। এ ছাড়াও উদ্বৃত্ত জেলাগুলির চাল কলের লেভী মুক্ত চাল ব্যবসায়িক সূত্রে ঘাটতি জেলা গুলিতে আনিয়া অতিরিক্ত হিসাবে ন্যায্য মূল্যে বিক্রয় করা হয়। রাজ্যের সমস্ত সংশোধিত রেশনিং এলাকার জন্য মার্চ মাসের সরবরাহ ১৯০০০ মেট্রিক টন চাল হইতে পরিমাণ বাড়াইয়া এপ্রিল মাসের বরাদ্দ প্রায় ৩৬০০০ মেট্রিক টন করা হইয়াছে। এইসব ব্যবস্থার দ্বারা খোলা বাজারের উপর চাপ কমিবে এবং মূল্যবৃদ্ধি রোধ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) কেরোসিন তেলের অস্বাভাবিক দর বৃদ্ধি হয় নাই। কেন্দ্রীয় সরকার উৎকৃষ্ট কেরোসিনের উপর গত ১।৩।৭২ তারিখ হইতে অতিরিক্ত আবগারী শুল্ক ধার্য্য করায় উৎকৃষ্ট কেরোসিন তেলের দর লিটার প্রতি ৬ পয়সা বাড়িয়া ছিল। ২৮।৩।৭২

তারিখ হইতে ঐ শুল্ক লিটার প্রতি ২ পয়সা হারে কমিয়া যাওয়ার ফলে, ঐ পরিমাণে আবার দর কমিয়াছে। উপরোক্ত অতিরিক্ত আবগারী শুল্ক সমস্ত রাজ্যের ক্ষেত্রেই প্রযোজ্য। নিকৃষ্ট কেরোসিন তেলের দরের কোন পরিবর্তন হয় নাই।

(ঘ) সরকার অবগত আছেন যে খোলা বাজারে চিনির দর সর্বত্রই বৃদ্ধি পাইয়াছে।

(ঙ) পলাশীতে অবস্থিত পশ্চিমবঙ্গের একমাত্র চিনিকলে বাৎসরিক গড়ে ৫০০০ টন মাত্র চিনি উৎপন্ন হয়, সুতরাং এই রাজ্যের বাৎসরিক ৩·৫ লক্ষ টন চিনির চাহিদার প্রায় সবটাই অন্যান্য রাজ্যের চিনি কল হইতে আমদানী করিয়া মিটাইতে হয়। গত মে মাসে কেন্দ্রীয় সরকার কর্তৃক চিনির উপর নিয়ন্ত্রণ প্রত্যাহারের কিছু দিন পর হইতে চিনিকল মালিকগণ ক্রমাগত চিনির মূল্য বৃদ্ধি করিতে থাকেন। উপরন্তু কেন্দ্রীয় সরকার চিনির উপর আবগারী শুল্ক বৃদ্ধি করেন। এইসব কারণেই খোলা বাজারে চিনির দর বৃদ্ধি পাইয়াছে। শহরাঞ্চলের ন্যায় গ্রামাঞ্চলেও সংশোধিত রেশন দোকান মারফৎ নির্ধারিত মূল্যে চিনি সরবরাহ করিবার ব্যবস্থা আছে; কিন্তু চলাচলের জন্য মালগাড়ীর অভাবে নির্দিষ্ট মূল্যে চিনির প্রাপ্যতা অপ্রতুল। মালগাড়ীর অভাব মোচনের জন্য এবং মালগাড়ীর অভাবে রাজ্যের মাসিক বরাদ্দের যে অংশ মাসের মধ্যে আমদানী করা সম্ভব হয় না, তাহা যাহাতে বাতিল না হয়, তজ্জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে। উপরন্তু পশ্চিমবঙ্গে চিনির মাসিক বরাদ্দ বৃদ্ধি করিবার জন্যও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে। আগামী ১০।৪।৭২ তারিখ হইতে বিধিবদ্ধ রেশনিং এলাকার অন্তর্ভুক্ত শহরাঞ্চলে মাথা পিছু ন্যায্য মূল্যের চিনি সরবরাহের সাপ্তাহিক হার ৫০ গ্রাম করিয়া বাড়ান হইবে। সংশোধিত রেশনিং এলাকাতেও সরবরাহের হার কিছু পরিমাণে বাড়াইবার জন্য জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে এবং সেইজন্য অতিরিক্ত বরাদ্দও মঞ্জুর করা হইয়াছে। ইহার ফলে খোলা বাজারের চিনির উপর চাপ কমিবে এবং মূল্য বৃদ্ধি রোধ হইবে বলিয়া আশা করা যায়।

এবং মাননীয় সদস্য শ্রীশেখ দৌলত আলীর ৫৭ নং প্রশ্নের উত্তর দিচ্ছি :—

(ক) হাঁ।

(খ) বিধিবদ্ধ রেশনিং এলাকার বাহিরে রাজ্যের গ্রামাঞ্চলে দশ হাজার দুই শতেরও বেশী এবং শহরাঞ্চলে আড়াই হাজারেরও বেশী সংশোধিত রেশন দোকান মারফৎ "ক" ও "খ" শ্রেণীর রেশন কার্ডের হোল্ডারদের দেবার ব্যবস্থা আছে। সরকার নির্দিষ্ট মূল্যে চাল সরবরাহ করিবার ব্যবস্থা আছে। দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলিতে এবং বৃহত্তর কলিকাতা রেশনিং এলাকার সংশ্লিষ্ট কয়েকটি অঞ্চলে সর্বশ্রেণীর সংশোধিত রেশন কার্ড যাদের আছে তাদের প্রতি সপ্তাহে প্রাপ্তবয়স্ক পিছু ৭৫০ গ্রাম—এটাকে ফ্রিন্জ রেশনিং আমরা বলি—সরবরাহ করা হয়। এ ছাড়া সর্বশ্রেণীর কার্ডে প্রতি সপ্তাহে প্রাপ্তবয়স্কদের মাথাপিছু ২০০০ গ্রাম গম, গমজাত দ্রব্য সরবরাহ করার ব্যবস্থা আছে। গত বৎসরের বন্যায় ব্যাপক শস্যহানির জন্য মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর সমেত ১০টি জেলায় প্রলয়ঙ্করী বন্যা এবং ঘূর্ণী ঝড়ের ফলে দারুণ ক্ষতিগ্রস্ত হয়েছে রাজ্যের অর্থনীতি এবং রেশন কার্ডের অধিকারীগণকে সংশোধিত রেশন দোকান হইতে প্রাপ্তবয়স্কদের ঐ একই হারে রেশন দেবার ব্যবস্থা হয়েছে। তা ছাড়া এর আগের উত্তরে বলেছি।

(গ) কেন্দ্রীয় সরকার উৎকৃষ্ট কেরোসিনের উপর অতিরিক্ত শুল্ক ধার্য্য করার ফলে ঐ পরিমাণ কেরোসিনের দাম বৃদ্ধি পায়। কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত সংশোধিত হবার ফলে উৎকৃষ্ট কেরোসিনের যে দাম বেড়েছিল লিটার পিছু দু'পয়সা করে, সেটা কমে গেছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই যে আমাদের সরকারের হাতে যথেষ্ট পরিমাণে কেরোসিন মজুত আছে। যেখানে অভাব বা সঙ্কট দেখা দেবে খবর পেলেই সেখানে দ্রুত কেরোসিন পাঠাবার ব্যবস্থা করা হবে। প্রত্যেক জেলা কর্তৃপক্ষ, জেলা ম্যাজিষ্ট্রেট এবং ডিস্ট্রিক্ট কণ্ট্রোলারকে জরুরি নির্দেশ কয়েকদিন আগেই জানিয়ে দেওয়া হয়েছে এই মর্মে।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি আমাদের রেশনে যে চাল সরবরাহ করা হয় সেই চাল খুব নিম্নমানের হওয়ার জন্য সাধারণতঃ ডিলাররা সেই চাল নিতে পারে না এবং নিয়ে গেলে বিক্রি হয় না। এই কারণের জন্য তাঁরা সেই নোংরা চাল গ্রহণ করতে অস্বীকার করায় বাজারে চালের সঙ্কট অনেকখানি বেড়ে গেছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্য যে অভিযোগ উথাপন করেছেন এই অভিযোগ বহুলাংশে সত্য। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই যে এই দপ্তরের কার্যভার গ্রহণ করার পর থেকে এই বিষয়ে আমরা দৃষ্টি দিয়েছি এবং বিভিন্ন সরকারী গুদামে আমরা যাচ্ছি, সেখানে গিয়ে চালের মান কতটা খারাপ সেটা পরীক্ষা করে দেখছি। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই, এই বিষয়ে মাননীয় সদস্যদের সহযোগিতা একান্ত প্রয়োজনীয়, যে আমি নিজে লেক ডিপোর চালের একটা সরকারী গুদামে আচমকা গিয়েছিলাম। সেখানে চাল পরীক্ষা করতে করতে দেখি অনেক নিম্নমানের চালের বস্তা এবং গম রয়েছে যেগুলি খারাপ বলে ঘোষণা করি। সেখান থেকে কিছু চাল সংগ্রহ করে সেই চাল স্কেলে ওজন করে কোয়ালিটি কণ্ট্রোল অফিসারদের বলি কোয়ালিটি এ্যানালিসিস কর। তাতে দেখা যায় একটা ক্ষেত্রে ১৫০ গ্রাম ভাঙ্গা চাল রয়েছে, এই চাল অধিকাংশ পাঞ্জাব থেকে এসেছে, আতপ চাল এবং আরো ১৩৫ গ্রাম ছিল চকি গ্রেন্স, ডামেজড্ গ্রেন্স, এবং ফরেন ম্যাটার্স, পাথর, এই সমস্ত নিয়ে ১৩৫ গ্রাম। আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে ১৫০ গ্রাম যেখানে ব্রোকন বেরোয় সেখানে আমি স্তম্ভিত হয়ে গিয়েছিলাম। ১ কিলো চালের মধ্যে ১৫০ গ্রাম খুদ কি করে হতে পারে ? আমি অনুসন্ধান করে এফ. সি. আই.-এর অফিসারদের জিজ্ঞাসা করে জানতে পারলাম ফুড কর্পোরেশানের যে স্পেসিফিকেসান আছে তাতে ৪০ পার্সেন্ট ব্রোকন রাইস এ্যালাওড ১ কিলো চালে, আমি খানিকটা অসহায়তা অনুভব করলাম। এই বিষয়ে আমরা কেন্দ্রীর সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। আমাদের যে মুখ্যমন্ত্রী সম্মেলন হবে সেখানে আমরা এই বিষয়ে প্রশ্ন তুলব এবং চালের মধ্যে যে ক্ষুদ এসে যাচ্ছে সেটা বন্ধ করতে হলে ফুড কর্পোরেশানকে কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে স্পেসিফিকেসান পরিবর্তন করতে হবে। ১ কিলো চালের মধ্যে ৪০ পার্সেন্ট খুদ থাকবে এটা হতে দেওয়া উচিৎ নয়। এখানে আমাদের অসহায়তার কথা অনুভব করে পরামর্শ দেবেন এবং সাহায্য করবেন।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ** এই যে লেভি ফ্রি রাইস যেটা বাজারে বিক্রি হত যেখানে সারপ্লাস সেখান থেকে কিনে এনে, সেটা হয় না, বর্তমানে এই লেভি ফ্রি রাইস আমাদের মেদিনীপুর জেলায় সমস্ত ঘাটতি অঞ্চলে সরবরাহ করার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি এর আগে গত বছর আগষ্ট মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট রেশন কার্ড অফ টেক হয়েছে ৩ কোটি ৮৮ লক্ষ এবং এ. বি. সি.

এই তিন শ্রেণীর রেশন পাচ্ছিল। নতুন সরকার ক্ষমতায় আসার পর আমরা যে নির্দেশ দিয়েছি বন্যা বিধ্বস্ত জেলাসমূহে তাতে এ. বি. সি. ডি. ই. এই পাঁচ শ্রেণীর রেশন পাবে। এর ফলে ৫৫ লক্ষের বেশী কার্ড হোল্ডার এর আওতায় এসেছে। লিন মাস্থে চালের একটু ঘাটতি দেখা দেয়, কিন্তু সরকারের এই নির্দেশের ফলে ৫৫ লক্ষ লোক রেশনের আওতায় আসায় চালের বাজারে চাপ নিশ্চয়ই কমবে এবং সেটা পরিলক্ষিত হচ্ছে। বন্যা বিধ্বস্ত এলাকা ছাড়া যেখানে অভাব বা যেখানে সঙ্কট কিছুটা দেখা দেবে সেটা যদি জানান তাহলে নিশ্চয়ই সেখানে রেশন সরবাহের ব্যবস্থা করব এই আশ্বাস আপনাদের কাছে দিচ্ছি।

[1-30—1-40 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার :** ফুড কর্পোরেশন যে চাল বিভিন্ন রেশন দোকানে দিয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে কাঁকর এবং খুদ। আমি নদীয়া জেলার কিছু চাল সংগ্রহ করেছি ঐ জেলার হরিণঘাটা থেকে ডাঃ শক্তিপদ ভট্টাচার্য্য মহাশয় কিছু চাল নিয়ে এসেছেন, তার মধ্যে বেশির ভাগই খুদ এবং কাঁকর। এই খুদ ও কাঁকর ফুড কর্পোরেশন মেশাচ্ছে না মালিকরা মেশাচ্ছে এটা আমি জানতে চাই। আমি যে চালটি এনেছি সেটা স্পীকার মহাশয়ের মাধ্যমে মন্ত্রিমহাশয়কে দিচ্ছি।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** আমি আগেও বলেছি যে চালের মান খারাপ এবং এই চালের মান উন্নত করবার জন্য আমি আপ্রাণ চেষ্টা করবো কিন্তু এটা একার ব্যাপার নয় আমি এই কথা আপনাদের বলতে চাই যে আমার এই ব্যাপারে একটুও গাফিলতি হবে না। আমি সোলেমলি এই আশ্বাস এখানে দিচ্ছি। এটা বলছি যে আমরা যে নূতন নীতি নিয়েছি তার ফলে রেশনের দোকান-এর মালিক বা ফুড কর্পোরেশনকে খারাপ চাল দিচ্ছে, কারণ রেশন দোকানের মালিক বলবে যে ফুড কর্পোরেশন খারাপ চাল দিচ্ছে আবার ফুড কর্পোরেশন বলবে যে ষ্টোরিং এজেন্ট খারাপ চাল দিচ্ছে এইভাবে দোকানদারও এই কথাই বলবে। আমার কাছে যে অভিযোগ এসেছে তাতে এই ধরনের অভিযোগ এবং পাল্টা অভিযোগ আসছে। গত বৎসরেও এই ধরনের অভিযোগ ছিল, সেইজন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি যে ডেলিভারী পয়েন্ট-এ অর্থাৎ রেশন দোকানের মালিক চাল বা গম যখন গাড়ীতে দেবে, সরকারী গুদাম থেকে সেই সময় ডেলীভারী পয়েন্টে ব্যাগ টু ব্যাগ সেন্ট পারসেন্ট চেক হবে। প্রত্যেক ব্যাগ চেক করবার ব্যবস্থা হচ্ছে কিন্তু মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে আমাদের খাদ্য দফতরে যে ষ্টাফ অর্থাৎ যে ইন্সপেকটিং স্টাফ তাতে এই ধরনের কাজ গোটা রাজ্যে বিধিবদ্ধ রেশন এলাকায় বা সংশোধিত রেশন এলাকায় এই ধরনের চেক করার মত ষ্টাফ নেই। এইজন্য জনসাধারণের ও জনপ্রতিনিধি ও রাজনৈতিক সংগঠনের উপর নির্ভর করতে হবে। আমাদের যা ষ্টাফ আছে তা নিয়ে অর্থাৎ ঐ ৫৬ জন ইন্সপেক্টর নিয়ে প্রথম ধাপে আমরা সমগ্র উত্তর কোলকাতায় অভিযান শুরু করেছি এবং কাশীপুর গুদামে ষ্টোরিং এজেন্ট ও উত্তর কোলকাতায় ৫টি গুদামে প্রত্যেকটি গুদামে প্রতি বস্তা চাল পরীক্ষা করে দেওয়া হয়েছে। এই ব্যাপারে রেশন দোকানের মালিকের নাম রাখা হয়েছে যাতে তারা বলতে না পারেন যে খারাপ চাল দেওয়া হয়েছিল। যদি খারাপ চাল হয় তাহলে রেশন দোকানে অভিযোগ করা যাবে। মাননীয় সদস্য শ্রীনিতাই সরকারকে জানাচ্ছি যে আমি যখন গত বৎসর এই দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলাম সেই সময় মফঃস্বলের প্রত্যেকটি দোকানে কম্‌প্লেন বুক থাকবে বলেছিলাম। এটা ঠিক যে কম্পলেন বুক সব জায়গায় নেই। তবে আপনারা সাহায্য করলে এটা আবার চালু হবে এবং এ ব্যাপারে নির্দেশ দেওয়া হয়েছে। এই কম্‌প্লেন বুকে যদি কোন কার্ড হোল্ডারের কোন অভিযোগ থাকে তাহলে তিনি সে অভিযোগ

খাতায় লিখতে পারবেন, এইরূপ রেশন দোকানের মালিক তার অভিযোগ লিখতে পারবেন এবং ইন্সপেক্টর তিনি তাঁর মন্তব্য লিখবেন। এবং প্রত্যেক মাসে সেই কমপ্লেন বুক ডায়রেকটরেটে পাঠানো হবে পরীক্ষা করার জন্য।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ষ্টেটুটারী রেশন এলাকায় চিনি বাড়নো হবে কিন্তু সংশ্লিষ্ট এলাকায় চিনি বাড়াবার কথা চিন্তা করছেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে ষ্টেটুটারী রেশন এলাকায় ৫০ গ্রাম করে চিনি বাড়ানো হবে, এ ছাড়া এ মাসে এড হক কোয়ানটিটি হিসাবে ১৫০০ টন চিনি জেলায় পাঠানো হয়েছে। জেলা ম্যাজিষ্ট্রেট ও ডিষ্ট্রিকট কালেকটারকে আমরা পাঠিয়ে দিয়েছি তাঁরা স্কেল ঠিক করে বাড়াবেন, তাঁরা ঠিক করবেন। সুতরাং চিনি বাড়ছে।

**শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য্য:** আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাই। কিন্তু যাঁরা এই দুষ্কর্ম করছেন সরকারী বা যাঁরা সাপ্লাই করছেন তাঁদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করবেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি ব্যক্তিগতভাবে তদন্ত করতে গিয়ে দেখেছি আপনারা কাগজে দেখে থাকবেন যে সরকার দুর্নীতিপরায়ণ চালকলের বিরুদ্ধে ও ভারপ্রাপ্ত কর্তৃপক্ষের বিরুদ্ধে খারাপ মাল সরবরাহের ব্যাপারে পরীক্ষা করে যখন জানতে পারলাম বোমা মেরে অর্থাৎ বস্তার মধ্যে থেকে স্যাম্পেলের জন্য উপরে ভাল চাল কিন্তু ভেতরে নিকৃষ্ট চাল রয়েছে। যখন সিলিগুার বসিয়ে খারাপ চাল ধরা গেল তখন সেই বস্তা আমরা সমস্ত নষ্ট করে দিয়েছি এবং যাতে না বিক্রি করা যায় তার ব্যবস্থা করে দিয়েছি। আপনাদের আমি জানাচ্ছি যে এটা এমনি ধরা যায় না কিন্তু আমার অফিসের কর্মচারী এবং ইন্সপেক্টর ও অফিসারদের সাহায্যে সেইসমস্ত জিনিস ধরেছি ও তাদের লাইসেন্স সাসপেণ্ড করেছি ও যে ইন্সপেক্টর চালকলের সঙ্গে সংশ্লিষ্ট তার কাছ থেকে কৈফিয়ৎ তলব করা হয়েছে। রিপোর্ট পেলে ব্যবস্থা নেব। এবং যে ইন্সপেক্টররা চালকলের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন তাঁদের কাছ থেকে কৈফিয়ৎ তলব করা হয়েছে এবং যেখানে দুর্নীতি থাকবে সেখানে তার বিরুদ্ধে দুর্নীতি মুক্ত প্রশাসন আমরা চালু করবো।

**শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য:** শুধু চাল কলের মালিক নয়, সরকারী কর্মচারী যারা এর সঙ্গে জড়িত তাদের সম্বন্ধে কি করবেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** যদি কোন স্পেসিফিক অভিযোগ সহ দরখাস্ত করেন তাহলে আমরা নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** কেন্দ্রীয় সরকারের ট্যাক্স বৃদ্ধির ফলে কেরোসিন তেলের দাম ৬ পয়সা বাড়লো এবং তারপর ৪ পয়সা হয়েছে, সেই অনুপাতে কমেছে। কিন্তু আপনি কি জানেন যে এখন ১.২৫।৫০ দামে লিটার তেল বিক্রি হচ্ছে এবং এই অবস্থা দূর করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি জানাতে চাই যে এটা একটা বে-আইনী কাজ। এরকম অভিযোগ থাকলে নিশ্চয় তার লাইসেন্স সাসপেণ্ড হবে। আমি জানাচ্ছি যে কোন গ্রামে যদি কোন বেকার যুবক কেরোসিনের লাইসেন্স চান তাহলে তাকে এর ডিলারসিপ দেওয়া হবে—এটা শহরেও হবে। কেরোসিনের প্রচুর ষ্টক আমাদের হাতে এসে গেছে এবং সেই ষ্টক আমরা বিলি করতে পারবো।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** চালের চোরাকারবারীরা যে দুর্নীতিগ্রস্ত পুলিশের যোগসাজসে এই কাজ করে তাদের উপর নির্ভর না করে এদের কঠোর হস্তে দমন করার কোন পরিকল্পনার কথা ভাবছেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এটা পলিসির ব্যাপার, ঢাকঢোল পিটিয়ে বলা শোভন হবে না যদি কোন স্পেসিফিক অভিযোগ থাকে তা দিন এবং তারপর সরকার যদি কোন ব্যবস্থা না নেন তাহলে আপনারা এই বিধানসভায় সে সম্বন্ধে বলবেন।

**মিঃ স্পীকার ঃ** ৩টা প্রশ্নতেই ৪০ মিনিট লেগে গেল, অন্য প্রশ্নগুলিও ইম্পর্ট্যান্ট। প্রশ্নটারও সাফিসিয়েন্টলি জবাব হয়েছে। ৫ মিনিটের বেশি সময় দেওয়া উচিত নয়। কিন্তু আমি ১৫ মিনিট দিয়েছি। সুতরাং আমি নেক্সট প্রশ্ন ডাকছি।

## Land acquired for B.S.F. at Lalbagh

***58.** (Admitted question No. *92.) **MD. IDRIS ALI :** Will the Minister-in-Charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) the total areas of land acquired for the Border Security Force at Lalbagh (Khanpur and other mouzas) in the district of Murshidabad ;

(b) if the owners of those lands have been paid compensations ,

(c) if not, the reasons thereof ; and

(d) the actions taken by the Government in this regard ?

[1-40—1-50 p.m.]

**Shri Gurupada Khan :** (a) No land has yet been acquired in the said areas for the Border Security Force.

37.71 acres of land in mauza Khanpur were, however, requisitioned for the purpose under the Requisitioning and Acquisition of Immovable Property Act, 1952, of which possession of 35 88 acres was taken on 1.4.72 and possession of the remaining area of 1.83 acres is expected to be taken shortly.

(b) No.

(c) Under the rules, compensation has not yet become due.

(d) Steps are being taken to make payment in due time.

**শ্রীমঃ ইদ্রিস আলী ঃ** যে সমস্ত জমি দখলে নেওয়া হয়েছে তারা অত্যন্ত গরীব এবং কৃষির উপর নির্ভর করে এবং জমি নেওয়ার ফলে খাদ্যের অভাবে অনশন করতে চলেছে, এ কথা মন্ত্রি মহাশয় জানেন কি ?

**শ্রীগুরুপদ খান ঃ** আমাদের নিয়ম অনুযায়ী রিকুইজিশান প্রপারটির কম্পেনসেশান কোয়ার্টার্লি পেমেন্ট করা হয়। কাজেই পজেশান নেওয়া হয়েছে ১-৪-৭২ তারিখে এবং তাদের কম্পেনসেশান ডিউ হচ্ছে ১-৭-৭২ তারিখে। তবু জানাতে চাই অনেক বুনো ফ্যামিলী ছিলো াদের কুটীর নষ্ট হয়ে গিয়েছে তাদের কম্পেনসেশান তাড়াতাড়ি দেওয়ার ব্যবস্থা ব্যবস্থা নিচ্ছি।

**জমির খাজনা মকুব**

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭) **শ্রীনিতাইপদ সরকার**ঃ ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষকদের জমির খাজনা ছাড় দেবার যে ঘোষণা করা হইয়াছিল তাহা কার্যকরী করা হইয়াছে কি ;

(খ) হইয়া থাকিলে কত একর পর্যন্ত জমির মালিককে জমির খাজনা ছাড় দেওয়া হইয়াছে ; এবং

(গ) ইহা কি সত্য যে (১) বাস্তুভিটার খাজনা ও (২) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় জমির খাজনা ছাড় দেওয়া হইয়াছে ?

**শ্রীগুরুপদ খান :**

(ক) হ্যা।

(খ) যে রায়ত পরিবারের মোট জমির পরিমাণ তিন একরের বেশী নহে তাহাদের নিকট হইতে ১৩৭৬ সালের ১লা বৈশাখ হইতে খাজনা আদায় না করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) (১) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের বিধান অনুসারে রায়তকে ১/৩ একর পর্যান্ত বাস্তু-ভিটার খাজনা ছাড় দেওয়া হইয়াছে। ইহার জন্য রায়তের রাজস্ব আধিকারিকের নিকট দরখাস্ত করা প্রয়োজন।

(২) ১৩৭৮ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত ১১টি জেলার (যথা হুগলী, বর্ধমান, মেদিনীপুর ও বীরভূম, ২৪-পরগণা, নদীয়া, হাওড়া, মুর্শিদাবাদ, মালদহ, জলপাইগুড়ি ও কুচবিহার) সমাহর্তাদের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার খাজনা আদায় স্থগিত রাখিবার এবং উপযুক্ত ক্ষেত্রে খাজনা মকুবের প্রস্তাব পাঠাইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। ফসলের উৎপাদন ৬০ শতাংশের কম হইলে খাজনা মকুব করা হয়।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে সরকার নির্দেশ দেওয়া সত্ত্বেও যারা তহশীলদার তারা এখনও কৃষকদের কাছ থেকে খাজনা আদায় করছে ?

**শ্রীগুরুপদ খান**ঃ আমি যতদূর জানি তহশীলদাররা কোথাও যাদের তিন একরের কম জমি আছে তাদের কাছে থাজনা নেবে বলে যাচ্ছে না

**শ্রীনিতাইপদ সরকার**ঃ এ ব্যাপারে কি কোন দরখাস্ত করতে বলা হয়েছে ?

**শ্রীগুরুপদ খান**ঃ দরখাস্ত করার কথা বলা হয় নি। প্রাইমা ফেসী যাদের কাছে তিন একরের কম জমি আছে বলে মনে করবেন তাদের কাছ থেকে খাজনা নেবেন না।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে, যে সমস্ত ক্ষেত্রে খাজনা ছাড় হয়েছে সেখানে দাখিলা পাওয়া সম্ভব নয় ? কিন্তু ব্যাঙ্কগুলো দাখিলা ছাড়া ঋণ দিচ্ছে না। সেক্ষেত্রে দাখিলা ছাড়া ঋণ কি করে পাবেন ?

**শ্রীগুরুপদ খান**ঃ এটা রিলিফ ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করলে ভাল হয়।

**শ্রীআনন্দ গোপাল মুখার্জী**ঃ মন্ত্রিমহাশয় যে উত্তর দিয়েছেন তাতে আমি তাঁকে

জিজ্ঞাসা করছি যে এই যে সরকারের জমির বন্দোবস্ত হচ্ছে তাতো ভূমিহীন কৃষকদের মধ্যে বণ্টন করা হচ্ছে। এখানে খাজনা নেওয়ার প্রশ্ন উঠে কি করে?

**শ্রীগুরুপদ খান :** মাননীয় সদস্য যদি দেখেন প্রশ্নটা, তাহলে দেখবেন যে ভূমি বন্দোবস্তের কোন ব্যাপার এটা নয়।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** রেভিনিউ ডিপার্টমেণ্টে খাজনা আদায় করার জন্য যে অর্থ ব্যয় হয় সে অর্থ রেভিনিউতে উঠে না—এটা কি ঠিক ?

**শ্রীগুরুপদ খান :** এটা অত্যন্ত হিসাবের ব্যাপার। আপনি দেবেন আমি দেখে বলবো।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলী :** যে সমস্ত কৃষক ঋণ নিতে যাচ্ছে তাদের বিনা খাজনার রসিদে ঋণ দেওয়া হচ্ছে না—এটা জানেন ?

**Mr. Speaker :** The question has been already answered

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** কৃষকদের জমির খাজনা আদায় বাবদ সরকারের রাজস্বে এই খাতে যে আয় হয়, আয় থেকে ব্যয়ের পরিমাণ অনেক বেশী। এই জমির খাজনা আদায় করে কৃষিভিত্তিক এগ্রিকালচার ট্যাক্স করা এবং ছোট ছোট মালিকদের যাতে খাজনা আদায় না হয় সেইরকম কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**Mr. Speaker :** The question is disallowed.

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা :** তিন একরের নীচে যাদের খাজনা ছাড় দেবার কথা সেই ব্যবস্থাপনায় একটা সরকারী ব্যবস্থা কিছু না থাকলে তহশীলদারেরা যারা খাজনা আদায় করে কোন সরকারী অর্ডার না থাকার জন্য তারা অত্যন্ত অন্যায়ভাবে আদায় করতে বাধ্য হচ্ছে।

**শ্রীগুরুপদ খান :** তহশীলদারদের উপর নির্দেশ দেওয়া আছে যে তিন একরের নীচে যাদের জমি আছে তাদের কাছ থেকে খাজনা যেন কিঞ্চিৎ না চাওয়া হয়। ১০নং ফর্মের ব্যাপারটা একটা অসুবিধা হয়েছে। তহশীলদার যদি বোঝে যে প্রাইমা ফেসী তিন একরের অনেক বেশী জমি আছে তাদের কাছ থেকে খাজনা আদায় করবে। নিচে যাদের আছে তাদের কাছ থেকে খাজনা আদায় করবে না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** ১৯৬৯ সালে হরেকৃষ্ণ বাবু যখন এই বিভাগের মন্ত্রী ছিলেন তখন এই আইন পাশ হয়েছিল কিন্তু অফিসারদের পরামর্শেই হোক আর নিজের বুদ্ধির দোষেই হোক ১০ নং ফর্মে সই করতে হবে তার ফলে কেউ খাজনা ছাড় পায় নি। এবং সেইজন্য কোয়ালিশন গভর্ণমেণ্ট যখন হয় ঐ ১০ নং ফর্ম্ লক্ষ লক্ষ, কোটি কোটি তৈরী হবার পর তদন্ত হয়ে তাদের খাজনা ছাড়া হবে—তা হতে পারে না। যদি কোন রায়ত সেখানে ষ্টেটমেণ্ট করে যে আমার এই জমি আছে এর বেশি নাই তাহলে খাজনা নেবে না কিন্তু তারা রসিদ দেবে এডুকেশন সেস, রোড সেস নিয়ে তাকে দাখিলা দেবে সেই দাখিলা দেখালে তার যে জমি আছে সেটা প্রমাণ হবে। তা সত্ত্বেও তহশীলদার খাজনা আদায় করছে। তারা বলে কোয়ালিশন গভর্ণমেণ্টের সিদ্ধান্ত তারা জানে না। তাদের কাছে কোন সার্কুলার নেই তারা যথা ইচ্ছা আদায় করছে। এটা দয়া করে খোঁজ নেবেন কি ?

**শ্রীগুরুপদ খান :** হ্যাঁ, নিশ্চয়ই নেব। তবে সার্কুলার দেওয়া হয়েছে ২৭শে জানুয়ারী ১৯৭০ সালে আর একটা দেওয়া হয়েছে ১২ই মে ১৯৭১ সালে। এ. ডি. এম. কে দেওয়া হয়েছে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এ. ডি. এম. ল্যাণ্ড রিফরমস্ তারা এদিকে যাতে দৃষ্টি দেয় সে বিষয় আপনি দেখবেন কি ?

**শ্রীগুরুপদ খান:** হ্যাঁ, নিশ্চয়ই দেখবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আর একটা প্রশ্ন হচ্ছে বন্যায় ফসলহানির জন্য খাজনা মকুবের ব্যবস্থা করেছেন। সেখানে রিপোর্ট যে আসবে তহশীলদার দেবে যিনি ইন্সপেক্টর তিনি দেবেন জে. এল. আর. ও পাঠাবেন এস. এল. আর. ও.কে। এস. এল. আর.ও. পাঠাবেন- এ. ডি. এম-কে। এ. ডি. এম. পাঠাবেন বোর্ড অব রেভিনিউ-তে। এখন বোড অব রেভেনিউ যখন সে রিপোর্ট মেনে নিয়ে পাঠাবেন যে হ্যাঁ এটা হল তখন তার খাজনা ছাড় হবে। কিন্তু তহশীলদার রিপোট দেয় না, ইন্সপেক্টর রিপোট দেয় না, ফলে বন্যাবিধ্বস্ত অঞ্চলে খাজনা আদায় হচ্ছে এবং খাজনা না দিলে ক্রোক হচ্ছে। তহশীলদার বলে যে এটা মাপ হয় নি কারণ তোমার এলাকা যে বন্যাবিধ্বস্ত তা আমরা জানবো কি করে ? অথচ ত্রাণ বিভাগ বন্যার জন্য সেখানে ত্রাণ দিচ্ছে। সুতরাং মন্ত্রি-মহাশয় এটা দেখবেন কি ভূমি বিভাগ জানেনা যে এটা বন্যাবিধ্বস্ত—তারা খাজনা আদায় করছে এ সম্বন্ধে খোঁজ নেবেন কি ?

[ 1-50—2-00 p.m. ]

**শ্রীগুরুপদ খান:** মাননীয় বিশ্বনাথবাবু যে কথা বললেন সে সম্বন্ধে নিশ্চয়ই তদন্ত করে দেখবো। যাতে এই ক্ষতিগ্রস্ত লোকদের কোন অসুবিধা না হয় তার চেষ্টা করবো।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে বন্যাবিধ্বস্ত এলাকার কৃষকরা নিঃস্ব অবস্থায় আছে তাদের কাছে আজ তহশীলদাররা জোরপূর্বক খাজনা আদায় করে চলেছে। এখানে এমন কোন নির্দেশ দেওয়া হোক যাতে এই তহশীলদাররা গ্রামে গ্রামে ভূমিহীন কৃষকদের কাছ থেকে, বন্যাবিধ্বস্ত কৃষকদের কাছ থেকে খাজনা আদায় করতে না পারে।

**শ্রীগুরুপদ খান:** আমি আমার আগের উত্তরে বলেছি যে, যে কয়েকটি জেলার নাম করলাম তাদের সমাহর্তাকে বন্যাবিধ্বস্ত এলাকায় খাজনা আদায় স্থগিত রাখবার এবং উপযুক্ত ক্ষেত্রে খাজনা মকুবের প্রস্তাব পাঠাবার নির্দেশ দেওয়া হয়েছে। তাদের কাছ থেকে প্রস্তাব এলেই আমরা ব্যবস্থা অবলম্বন করবো।

**শ্রীরবীন্দ্রনাথ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই তিন একর পর্যন্ত যে খাজনা ছাড় দেওয়া হয়েছে তার কি একটা তালিকা তৈরী করা হয়েছে, যদি না হয়ে থাকে তাহলে তাদের সুবিধার জন্য একটা তালিকা তৈরী করার কথা ভাবছেন কি ?

**শ্রীগুরুপদ খান:** সেই সম্বন্ধে আমরা চিন্তা করছি।

**শ্রীরজনীকান্ত দোলুই:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন মেদিনীপুর জেলার কেশপুর থানাতে সেখানে তহশীলদাররা খাজনা আদায় করতে পারছেনা বলে সেইসব তহশীলদারদের এই পদ থেকে বাদ দেওয়া হচ্ছে। এইরকম সার্কুলার এস. এল. আর. ও. দিয়েছেন এটা কি আপনি জানেন ?

**শ্রীগুরুপদ খান:** এইরকম ঘটনা আমার জানা নেই। যদি কোন স্পেসিফিক কেশ থাকে তাহলে আমাকে দেবেন।

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত:** বিশ্বনাথবাবু প্রশ্ন উঠিয়েছেন যে তহশীলদারদের হাতে বা তাদের দয়ার উপর ছেড়ে না দিয়ে, মাননীয় মন্ত্রিমহাশয়তো জানেন কোন্ কোন্ মৌজাতে বন্যা

হয়েছে, সেখানে তহশীলদারদের উপর নির্ভর না করে মৌজাওয়ারী খাজনা মকুব দেবার পরিকল্পনা সরকার গ্রহণ করবেন কি ?

**শ্রীগুরুপদ খান :** আমরা ত' সেইজন্য প্রস্তাব ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে চেয়ে পাঠিয়েছি, তারা প্রপার এনকোয়ারি করে আমাদের কাছে পাঠালে নিশ্চয়ই তা সুবিবেচনা করা হবে।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডল :** সরকার যে খাজনা মকুবের কথা বলছেন। অথচ এখন পর্যন্ত যা দেখতে পাচ্ছি সরকার বলছেন ত'একর পর্যন্ত যার জমি তার খাজনা মকুব করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত সরকারী নীতি যা রয়েছে তাতে ভূমিহীন কৃষকদের যাদের ত'একর পর্যন্ত জমি বন্দোবস্ত দেওয়া হচ্ছে তাদের কাছ থেকে ১০ টাকা করে খাজনা নেওয়া হচ্ছে, একথার জবাব দেবেন কি ?

**শ্রীগুরুপদ খান :** এর আগের প্রশ্নের উত্তরে আমি বলেছি যে, যাদের জমি বন্দোবস্ত দেওয়া হচ্ছে তাদের কাছ থেকে খাজনা নেওয়া হচ্ছে না, কোন সেলামী নেওয়া হয় না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই বন্যাবিধ্বস্ত এলাকার খাজনা মকুবের জন্য তিনি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে জানিয়েছেন সেখানকার রিপোর্ট পাঠানোর জন্য। বিশ্বনাথবাবু যে কথা বলেছেন যে বহু স্তর ঘুরে এই রিপোর্ট আসতে সময় লাগবে, তাই মন্ত্রিমহাশয় কি একথা মনে করেন যে আমরা এই বিধানসভার যারা সভ্য আছি এবং যে সমস্ত জেলা বন্যাবিধ্বস্ত বলে আপনার কাছে রিপোর্ট আছে সেইসব জেলার এম. এল. এ.-দের নিয়ে বসে তারপর আলোচনা করে ত্বরায় খাজনা মকুবের ব্যবস্থা করবেন ?

**শ্রীগুরুপদ খান :** মাননীয় সদস্য যে প্রস্তাব দিলেন সেটা ভেবে দেখবো।

**শ্রীআনন্দ গোপাল মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে খাস জমি বন্দোবস্তর ব্যাপারে সরকারের নীতি এবং ৩ একর পর্যন্ত জমির খাজনা ছাড়ার ব্যাপারে সরকারের নীতি এই ত'য়ের মধ্যে পার্থক্য আছে কি ? খাস জমি কৃষকদের মধ্যে যে বন্দোবস্ত দেওয়া হচ্ছে, ভূমিহীন কৃষকদের মধ্যে, তাদের ব্যাপারে সরকার কি খাজনা ধার্য করছেন এবং যারা তিন একর পর্যন্ত জমির মালিক তাদের ক্ষেত্রে খাজনা দেওয়া হবে না এইরকম নীতি আছে কি ? যদি সরকারের তুই রকম নীতি না থাকে তাহলে যাদের ভূমিহীন কৃষক বলে তুই একর জমি দেওয়া হচ্ছে তাদের কাছ থেকে খাজনা নেওয়া হচ্ছে কি না খোঁজ নেবেন ?

**শ্রীগুরুপদ খান :** সব ক্ষেত্রে আমাদের একই নীতি প্রযোজ্য, তিন একরের কম জমি আছে এমন কারও কাছ থেকেই খাজনা নেওয়া হচ্ছে না।

**শ্রীআনন্দ গোপাল মুখার্জি :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে ... .....

**Mr. Speaker :** No more supplementaries please. The question has been sufficiently answered by the Minister.

**Shri Ananda Gopal Mukherjee :** The House is not clear about the answer.

**Mr. Speaker :** Already 15 minutes have been taken for answering one question. I will not allow any more supplementaries. At one point of time it must be stopped. 15 or 20 supplementaries were put and those have been answered. Let us pass over to the next question.

**Shri Ananda Gopal Mukherjee :** Sir, if you permit me I will ask only one supplementary.

**Mr. Speaker :** All right, put it.

**শ্রীআনন্দ গোপাল মুখার্জি :** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি যে তিন একর জমির মালিকের কাছ থেকে যদি খাজনা নেওয়া হয়ে থাকে তাহলে সেই ক্ষেত্রে সরকারের নীতি কি হবে, খাজনা ফেরৎ দেওয়া হবে কি হবে না ?

**শ্রীগুরুপদ খান :** মাননীয় সদস্যকে জানাই যে যখন লাইসেন্স দেওয়া হয় তখন একরে ১০ টাকা করে ফী নেওয়া হয়, এখন অধিকাংশ ক্ষেত্রেই পারমানেণ্ট রাইট দেওয়া হচ্ছে, তাই লাইসেন্সের প্রশ্ন উঠে না. তিন একর পর্যন্ত যার জমি তার কাছ থেকে খাজনা নেওয়া হচ্ছে না, সব জায়গায় আমাদের একই নীতি প্রযোজ্য হচ্ছে।

## দুর্গাপুর দুগ্ধ উৎপাদন কেন্দ্র

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) **শ্রীঅশ্বিনী রায় :** পশুপালন ও পশু চিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার দুর্গাপুরে দুগ্ধ উৎপাদন কেন্দ্রটি চালু হইয়াছে কিনা ; এবং

(খ) চালু হইয়া থাকিলে (১) স্থাপনের সময়, (২) চালু করার সময়, (৩) প্রকল্পের জন্য মোট ব্যয় ও (৪) বৈদেশিক মুদ্রা বিনিয়োগের পরিমাণ কত ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :**

(ক) না, আগামী মে মাসের মধ্যে চালু করা হইবে।

(খ) (১) (২) প্রশ্ন উঠে না।

(৩) ১ কোটি ৮৪ লক্ষ টাকা (আনুমানিক)

(৪) ২১ লক্ষ ৮৯ হাজার টাকা। এই বৈদেশিক মুদ্রা সুইডিস ঋণ হিসাবে পাওয়া গিয়াছে।

**শ্রীঅশ্বিনীকুমার রায় :** এই কারখানা চালু হলে কতজন লোকের কর্মসংস্থান হবে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** প্রকল্প পুরো মাত্রায় চালু হলে প্রতিদিন আমরা ৫০ হাজার লিটার সরবরাহ করতে পারব, আমার নিজের ধারণা তখন ১৫০ থেকে ২০০ লোকের কর্ম সংস্থান হবে। তবে বর্তমানে আমরা আরম্ভ করছি ২০ হাজার লিটার দুধ সরবরাহ যাতে করতে পারি, সেদিক থেকে আপাততঃ কিছু কম কর্মসংস্থান হবে এবং যখন ৫০ হাজার লিটার দুধ সরবরাহ করতে পারব তখন কর্মসংস্থানও বাড়বে।

**শ্রীঅশ্বিনীকুমার রায় :** কর্মসংস্থানের ক্ষেত্রে যারা ভূমিহীন স্থানীয় লোক তাদের কোন অগ্রাধিকার দেবার কথা ভাবছেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় সদস্য একজন পুরানো বিশিষ্ট সদস্য, তাঁকে জানাতে চাই যে এই স্থানীয় লোকের প্রশ্ন নিয়ে অনেক ভুল বোঝাবুঝির সূচনা হয়েছে। মাননীয় সদস্য যদি এই হাউসকে বোঝাতে চেয়ে থাকেন স্থানীয় লোক বলতে সান্স অব দি সয়েল, অর্থাৎ এই রাজ্যে যারা বাস করে তাদের, তাহলে বলবো নিশ্চয়ই সরকারের সেটা নীতি। কিন্তু তিনি যদি বোঝাতে চেয়ে থাকেন যে শুধু দুর্গাপুরের লোকই চাকরি পাবে তাহলে তো অসম্ভব ব্যাপার, সেটা সরকারের নীতি নয় এবং মাননীয় সদস্য নিশ্চয়ই সরকারকে সে নীতি গ্রহণ করতে বলবেন না। দুর্গাপুর এমন একটি জায়গা যেখানে সারা পশ্চিমবাংলার শিক্ষিত অশিক্ষিত বেকার যুবকেরা কর্ম পেতে পারে এবং পেয়ে থাকে। অতএব সেখানে লোক্যাল বলে দুর্গাপুর বা বর্ধমানের ছেলেরা পাবে

এটা করলে আমার মনে হয় অযৌক্তিক হবে। এটা সরকারের নীতি নয় এবং মাননীয় সদস্যও বোধহয় সরকারকে সেই নীতি অবলম্বন করতে বলবেন না। তবে এটুকু বলতে পারি এই রাজ্যের বেকাররা সুযোগ পাবেন।

*63. ( Short Notice) ( Admitted question No. *79 )

## চিনির মূল্যবৃদ্ধি

**শ্রীসুধীরচন্দ্র দাস**: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্তমানে চিনির মূল্য অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) চিনির মূল্য বৃদ্ধির কারণ কি ; এবং

(২) চিনির মূল্য কমাইবার এবং গ্রামাঞ্চলে ন্যায্য দামে চিনি সরবরাহের কি ব্যবস্থা করা হইতেছে ?

[2-00—2-10 p.m.]

**শ্রীকাশীকান্ত মৈত্র**:

(ক) হ্যাঁ, খোলা বাজারে চিনির মূল্য বর্তমানে অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে।

(১) পশ্চিমবঙ্গে চিনির প্রয়োজন বাৎসরিক ৩৫ লক্ষ টন। এই প্রয়োজনের তুলনায় পলাশীতে অবস্থিত রাজ্যের একমাত্র চিনিকলে বৎসরে মাত্র ৫০০০ টনের মত চিনি প্রস্তুত হয়। কাজেই পশ্চিমবঙ্গের প্রায় সম্পূর্ণ প্রয়োজন অন্য রাজ্যের চিনিকল হইতে আমদানী করিতে হয়। রাজ্য সরকার অবগত আছেন যে গত মে মাসে কেন্দ্রীয় সরকার কর্তৃক চিনির উপর নিয়ন্ত্রণ প্রত্যাহারের কিছুদিন পর হইতে চিনি কল মালিকগণ ক্রমাগত চিনির মূল্য বৃদ্ধি করিতে থাকেন। এই রাজ্যের চিনির মূল্য বৃদ্ধির কারণ হইল প্রধানতঃ অন্য রাজ্যের উৎপাদিত চিনির মূল্য বৃদ্ধি এবং অংশতঃ কয়েক দফায় কেন্দ্রীয় আবগারী শুল্ক বৃদ্ধি।

(২) চিনির মূল্য কমাইবার জন্য ন্যায্য মূল্যে রেশন দোকান মারফৎ চিনি বিক্রয়ের ব্যবস্থা সরকার করিয়াছেন। কিন্তু চলাচলের জন্য মালগাড়ীর অভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছায় না। মালগাড়ীর অভাব মোচনের জন্য এবং মালগাড়ীর অভাবে রাজ্যের মাসিক বরাদ্দের যে অংশ মাসের মধ্যে আমদানী করা সম্ভব হয় না, তাহা যাহাতে বাতিল না হয়, তজ্জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে। উপরন্তু পশ্চিমবঙ্গের চিনির মাসিক বরাদ্দ বৃদ্ধি করিবার জন্যও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে। বিধিবদ্ধ রেশন এলাকায় ১০।১।৭২ তারিখ হইতে সরকার নির্দিষ্ট মূল্যে প্রতি সপ্তাহে মাথাপিছু ১৫০ গ্রাম হারে চিনি সরবরাহ করা হইতেছে। আগামী রেশন সপ্তাহ হইতে অর্থাৎ ১০।৪।৭২ হইতে এই হার আপাততঃ ২০০ গ্রাম পর্যন্ত বাড়ান হইবে। গ্রামাঞ্চলেও সংশোধিত রেশন দোকান হইতে অনুরূপ ব্যবস্থা করা হইয়াছে এবং বরাদ্দ বাড়ান হইয়াছে। ইহার ফলে খোলা বাজারে চিনির উপর চাপ কমিবে।

**শ্রীসুধীরচন্দ্র দাস**: মন্ত্রিমহাশয় জানাইবেন কি, গত বৎসর রেশন দোকানে কত রেট ছিল এবং বর্তমানে কি রেট বেঁধে দিলেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র**: মাননীয় সদস্য বোধহয় জানেন ১৯৭১ সালের মে মাস পর্যন্ত লেভি

সুগারে কেন্দ্রীয় সরকারের এক্স মিল প্রাইস ছিল ১২৩ টাকা, কেন্দ্রের এক্সসাইজ ডিউটি প্রতি কুইণ্টালে ৪০ টাকা, ট্রান্সপোর্ট অর্থাৎ ওখান থেকে এই রাজ্যে আনতে প্রতি কুইণ্টালে ৭ টাকা, ডিলার্স মার্জিন ইম্পোর্টার্স এবং হোলসেলার এই ২টি মিলিয়ে প্রতি কুইণ্টালে ৭টাকা, এটা নিয়ে যা দাঁড়ায় সেই ফিগার আমি দিলাম। এরপর কেন্দ্রীয় সরকার ১৯৭২ সালের জানুয়ারী মাসে যে নূতন নীতি নিয়েছেন তাতে এক্স মিল প্রাইস্ বেড়েছে ১২৩ টাকার জায়গায় ১৫০ টাকা এবং কেন্দ্রের আবগারি শুল্ক প্রতি কুইণ্টালে ৪০ টাকার জায়গায় হয়েছে ৪৬ টাকা, ট্রান্সপোর্ট চার্জ ৭ টাকাই রয়েছে, ডিলার্স মার্জিন ৭ টাকাই রয়েছে। এইসব হ'বার ফলে ২ টাকা ১০ পয়সা দরে আমরা রেশন দোকান মাধ্যমে দিতে পারছি। মাননীয় সদস্যকে জানাচ্ছি ১৯৬৮ সাল পর্যন্ত কেন্দ্রীয় সরকার আমাদের পশ্চিমবাংলাকে যে পার্মিট দিতেন সেই পার্মিটের ভ্যালিডিটি পিরিয়ড ছিল মালগাড়ীর অভাব দূর করবার জন্য, রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় মন্ত্রীকে আমাদের প্রয়োজনের কথা জানান হয়েছে এবং আরও বেশী ওয়াগন আমাদের পশ্চিম বাংলাকে দেবার জন্য অনুরোধ জানান হয়েছে। এছাড়া পশ্চিমবাংলার চিনির মাসিক বরাদ্দ বৃদ্ধি করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমরা ৩০ হাজার টন চেয়েছি অতিরিক্ত। এখন আমরা পাচ্ছি ২০ হাজার টন। আগামী রেশন সপ্তাহ থেকে অর্থাৎ ১০ই এপ্রিল থেকে সংশোধিত এলাকায় চিনির পরিমাণ বাড়বে সেইজন্য আমরা ১৫০০ টন চিনি জেলাগুলিকে ভাগ করে দিয়েছি। বিধিবদ্ধ রেশন এলাকাতেও আমরা মাথাপিছু ৫০ গ্রাম করে চিনি বাড়াচ্ছি ৩ মাস পর্যন্ত। অর্থাৎ এপ্রিল মাসে যে কোটা পেলাম সেটা মার্চ মাসে আমাদের জানিয়ে দেওয়া হোত এবং এপ্রিল, মে, জুন এই তিন মাসের মধ্যে ইম্পোটাররা চিনির পার্মিট ফ্যাক্টরীর উপর দিয়ে আনতে পারতেন। বর্তমানে ভ্যালিডিটি পিরিয়ড দাঁড়িয়েছে ১ মাস। অর্থাৎ এপ্রিল মাসের চিনির পার্মিট বা কোটা পাবো, সেটা আমরা জানতে পারবো—গত মাসে পেয়েছি ১০ই মার্চ তারিখে, এক মাসের মধ্যে আমাদের খবর পাবার সঙ্গে সঙ্গে জেলা কর্তৃপক্ষকে আমাদের জানিয়ে দিতে হয় যে হোলসেলারদের টাকা জমা দেবার ব্যবস্থা করা হোক, তারপর ইণ্ডেণ্ট দিতে হয় এবং রেলওয়ে বুকিং করতে হয়, এইসব করতে করতে এক মাসের সময় উত্তীর্ণ হয়ে যায়। ফলে আমরা দেখেছি অর্থাৎ বিধিবদ্ধ রেশনিং এলাকায় শতকরা ৩০/৪০ ভাগ ল্যাপস করে যাচ্ছে আর গ্রামাঞ্চলে, মফঃস্বলে ভ্যালিডিটি পিরিয়ড ল্যাপস করে যাবার ফলে চিনির কোটা ল্যাপ্স করে যাচ্ছে শতকরা ৭০ থেকে ৭৫ ভাগ প্রত্যেক মাসে। ফলে মফঃস্বলের লোকের কষ্ট অনেক বেশী হচ্ছে, কারণ সেখানে এমন রিসোর্সফুল ইম্পোর্টার নেই, যিনি সব টাকা জমা দিয়ে চিনি আনতে পারছেন। এই অবস্থা বুঝে আমরা প্রত্যেক জেলা ম্যাজিস্ট্রেটকে জানিয়ে দিয়েছি যে প্রত্যেক জেলার জন্য আরও রিসোর্সফুল ইম্পোটার তারা ঠিক করুন, আমরা আরও লিবারালি তাকে পার্মিট দেবো যাতে তিনি চিনি আনতে পারেন এবং আশা করছি যদি কেন্দ্রীয় সরকার এই রাজ্যসরকারের প্রস্তাব মেনে নেন —৩০ হাজার টন চিনির বরাদ্দ মাসে তাঁরা বাড়ান তাহলে পশ্চিমবাংলার মানুষের চিনির জন্য যে কষ্ট হচ্ছে, এই কষ্ট নিশ্চয়ই লাঘব করা সম্ভব হবে।

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** আপনি যে উত্তর দিলেন তাতে পরিষ্কার একটা সন্দেহ থাকার কারণ নেই কি কোন জায়গায় তারা সমাজ বিরোধী কাজে লিপ্ত হচ্ছে এবং আর একটা হচ্ছে হোর্ডিং হবার জন্য দাম বাড়াচ্ছে মজুতদাররা, এটা আপনি কি মনে করেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আপনি ঠিক অনুমান করছেন কারণ সেণ্টপার্সেণ্ট কণ্ট্রোলারতো চিনিতে নেই, আপনারা জানেন যে গত বছর জানুয়ারী মাসে ৫০ পার্সেণ্ট কণ্ট্রোলার ছিল, তার আগে ছিল ৭০ পার্সেণ্ট। ফিগারটা আমি দিচ্ছি ১৯৭১ সালের এপ্রিল মাস পর্যন্ত লেভির পার্সেণ্টেজ ছিল ৭০ ভাগ, অর্থাৎ চিনির কলগুলোতে যে পরিমাণ চিনি উৎপন্ন হতো তার শতকরা ৭০ ভাগ

নিয়ন্ত্রিত দরে সারা ভারতবর্ষে বিক্রি করা হ'ত। পরে ১৯৭১ সালের মে মাসে সেটাকে কমিয়ে শতকরা ৬০ ভাগ করা হয়, ১৯৭১ সালের জুন মাসে চিনি ডি-কণ্ট্রোল্ড হয়ে যায়। আবার ১৯৭২ সালে নিয়ন্ত্রন ব্যবস্থা চালু হয় এবং একটা জেন্টলম্যানস্ এগ্রিমেণ্ট চিনিকল মালিকদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের হয় এবং আপনারা জানেন চিনিকলগুলোর মালিকরা দফায় দফায় বিভিন্ন হাইকোর্টে মামলা করে ব্যাপারটা আটকে রেখে দেন এবং যেহেতু এইগুলো বিচারাধীন ছিল সেই জন্য কেন্দ্রীয় সরকার সে সম্বন্ধে কোন সিদ্ধান্ত নিতে পারেন নি। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার একটা চুক্তি করেন মালিকদের সঙ্গে তাতে শতকরা ৬০ ভাগ এখন আমাদের কণ্ট্রোল রয়েছে, এই যে ৬০ ভাগ নিয়ন্ত্রণাধীন চিনি, একে আমরা নিয়ন্ত্রিত দরে ন্যায্যমূল্যে ক্রেতাসাধারণের কাছে দেবার ব্যবস্থা করছি এবং বাকী যে ৪০ ভাগ থাকছে, সেখানে নিশ্চয়ই হোল্ডারদের কারচুপি আছে এবং মিল মালিকদের কারচুপি রয়েছে এবং মিল মালিকরাও ইন্টারেষ্টেড যে লেভি সুগারের কোটা ল্যাপ্স করে যাক তাহলে লেভি ফ্রি সুগারটা থেকে যায় এবং লেভি ফ্রি সুগারটা সেই সময় বাজারে বিক্রি করতে পারলে অনেক টাকা তারা লাভ করতে পারবে। সেইজন্য আমরা কেন্দ্রীয় মন্ত্রিমহাশয়ের কাছে লিখেছি, আমি ব্যক্তিগতভাবে লিখছি যে এমন ভাবে পার্মিট দিন যাতে রেলওয়েতে আনবার অসুবিধা থাকার ফলে আমরা ট্রাকে বিহার বা পূর্ব উত্তরপ্রদেশ এর চিনিকলগুলো থেকে পশ্চিমবঙ্গে চিনি যাতে আনতে পারে এবং এই বিষয়ে কেন্দ্রীয় সরকার যদি অনুমতি দেন তাহলে মাননীয় সদস্যদের আমি আশা দিচ্ছি যে চিনির এই সঙ্কট আমরা কাটিয়ে উঠতে পারবো।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী**: উনি বললেন যে পল্লীঅঞ্চলে সংশোধিত এলাকায় চিনির কোটা বাড়িয়ে দেওয়া হবে, গ্রামাঞ্চলের লোকেরা কতদিনে সেই সুযোগ পাবে?

**শ্রীকাশীকান্ত মৈত্র**: সেটা আমি বলে দিয়েছি, আমি জেলা কর্তৃপক্ষদের ভাগ করে দিয়েছি ১৫শ টন চিনি এবং প্রয়োজনের তুলনায় এটা অপ্রতুল, সেটা স্বীকার করছি এবং যেটা আমরা দিয়েছি, আমি আশা করবো আমাদের মাননীয় জনপ্রতিনিধিরা, তাঁরা যদি জেলা কর্তৃপক্ষের সঙ্গে এখনই যোগাযোগ করতে পারেন তাঁরা যোগাযোগ করে তাড়াতাড়ি গ্রামাঞ্চলের মানুষদের সংশোধিত রেশন মারফৎ আরও একটু বেশী চিনি পাইয়ে দেবার সেই ব্যবস্থা করা নিশ্চয়ই সম্ভব হবে।

[2-10—2 15 p.m.]

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক**: সংশোধিত রেশন এলাকায় যেমন সরকারী গুদাম থেকে যেমন চাল সরবরাহ করা হয়, চিনি ও তেমনিভাবে সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র**: আমাদের চালের জন্য প্রয়োজনের তুলনায় গুদাম নাই বলে অসহায় ভাবে Storing Agent-এর উপর আমরা নির্ভর করছি, তেমনি চিনির ব্যাপারে ও অন্য কোন রকম ব্যবস্থা নাই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**: মন্ত্রিমহাশয়ের জবাব থেকে বোঝা যাচ্ছে Demand and Supply এর মধ্যে কোন সমতা না থাকার জন্যই এই দর বৃদ্ধি হচ্ছে। দলে black-marketer hoarder-দের সঙ্গে মিল মালিকরাও hoarding করে জনস্বার্থের পরিপন্থী কাজ করছে। এখান থেকে এর প্রতিরোধক হিসেবে পশ্চিমবাংলায় এর যদি নিয়ন্ত্রণ ব্যবস্থা না করতে পারি তাহলে মন্ত্রিমহাশয় কি ভেবে দেখেছেন সারা পশ্চিমবাংলার তথা ভারতবর্ষের দুর্গতির কথা চিন্তা করে কেন্দ্রীয় সরকারের ও যাবতীয় চিনিকল রাষ্ট্রায়ত্ত করবার জন্য চাপ সৃষ্টি করবেন কিনা?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** এটা পলিসির ব্যাপারে। এই ব্যাপারে কেন্দ্রীয় নেতাদের ও মন্ত্রীদের মতামত সংবাদপত্রে বেরিয়েছে। আমি ব্যক্তিগতভাবেও চাই চিনির ক্ষেত্রে সরকারের হাতে পূর্ণ নিয়ন্ত্রণ আসা প্রয়োজন—জনসাধারণকে বাঁচাবার জন্য।

**শ্রীমহম্মদ দেদার বকস:** চিনির উৎপাদন বৃদ্ধি করে চিনির মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ কল্পে বেলডাঙ্গার চিনিকলকে অতি সত্বর চালু করবার কথা মন্ত্রিমহাশয় ভাবছেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এটা শিল্প দপ্তরের প্রশ্ন।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত:** বেলডাঙ্গার ঐ চিনিকলকে বারোমাস ধরে চালাবার ব্যবস্থা সরকার করবেন কি।

**Mr. Speaker :** The question relates to Commerce and Industries Department.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** যে সমস্ত permit holder-রা ইচ্ছাকৃত ভাবে permit জমা দিয়ে বাজারে artificial crisis সৃষ্টি করছে তাদের লাইসেন্স বাতিল করে Co-opertive-দের মধ্যে লাইসেন্স দেওযার ব্যবস্থা সরকার করবেন কি।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** বর্তমানে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে আমি বলতে চাই কোন Co-operative importer যদি এজন্য টাকা invest করতে পারেন wholeseler হবার জন্য, তাহলে সরকারের কাছে চিনির কোটার জন্য আবেদন করবেন যে তারা Co-operative importer হতে চান। আমি আশ্বাস দিচ্ছি সঙ্গে সঙ্গে সরকার তা মেনে নেবেন। আমরা এইরকম Co-operative দের importer করতে চাই।

**Mr. Speaker :** Hon'ble members, I would like to inform you that ordinarily time not exceeding five minutes will be allowed for every question that will come before the House and that was system which was followed earlier.

**শ্রীবিজয় সিংহ নাহার:** আপনি মন্ত্রিমহাশয়দের বলে দিন যাতে তারা উত্তর দেবার জন্য বেশী সময় না নেন এবং সংক্ষেপে উত্তরটা দেন। তাহলে পরে বেশী করে Supplementary করবার সুযোগ পাওয়া যেতে পারে।

**মিঃ স্পিকার:** আমারও তাই পয়েন্ট। অতিরিক্ত যে প্রশ্ন করা হয়, মন্ত্রিমহাশয় যেন সংক্ষিপ্ত ভাবে তার উত্তরটা রাখবার চেষ্টা করেন। তাতে হাউসের সময়টাও বেঁচে যাবে।

The member who will put the question, he will be allowed to put three supplementaries and thereafter other honourable members will be allowed to put their supplementaries. That system was followed previously in this House. I hope honourable members will co-operative with me in this matter.

## STARRED QUESTION

### ( To which written answer was laid on the table )

### পশ্চিমবঙ্গে ধান্য সংগ্রহ

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) **শ্রীঅশ্বিনী রায়:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৯ সাল হইতে ১৯৭২ সালের ২৫শে মার্চ পর্যন্ত প্রতি বৎসরে

জেলাভিত্তিতে ধান্য সংগ্রহের (১) মোট লক্ষ্য এবং (২) প্রকৃত সংগ্রহের পরিমাণ ক ছিল ;

(খ) সংগৃহীত ধান্যের মধ্যে (১) বাজারের উদ্বৃত্ত, (২) চাউলকলের উপর লেভী, (৩) ব রায়তের নিকট লেভী এবং (৪) অন্যান্য প্রকারে সংগ্রহের পরিমাণ কত ?

**The Minister-in-Charge for the Food and Supplies Department :**

(ক) খরিফ বৎসর ১লা নভেম্বর হইতে পরবর্তী ৩১শে অক্টোবর পর্যন্ত ধরা হয়। ১৯৬৮-৬৯, ১৯৬৯-৭০, ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ খরিফ বৎসরের জন্য চাউলের হিসাবে জেলা ভিত্তি সংগ্রহের নির্ধারিত লক্ষ্য এবং সর্বমোট সংগ্রহের প্রকৃত পরিমাণ ( ১৯৭১-৭২ ক্ষে ২৫-৩-৭২ পর্যন্ত ) এতৎসহ গ্রথিত ১নং বিবরণীটিতে ভিন্ন ভিন্ন এবং বিস্তারিতভা উল্লেখ করা হইয়াছে ; এবং

(খ) এতৎসহ গ্রথিত ২নং হইতে ৫নং বিবরণী সমূহে সংগ্রহের বিভিন্ন মাধ্যম অনুযা সংগ্রহের পরিমাণের বিশদ বর্ণনা উল্লেখ করা হইল।

## STATEMENT NO. 1

**District wise and Crop-Year-wise Terget and Procurement of Rice and Paddy**

**( Figures in Tonnes in terms of Rice ).**

| Name of the Districts | Crop year 1968-1969 | | Crop year 1969-1970 | | Crop year 1970-1971 | | Crop year 1971-1972 upto 25.3. | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Target of Procurement | Actual Procurement | Target of Procurement | Actual Procurement | Target of Procurement | Actual Procurement | Target of Procurement | Actual rocurement |
| 1. Burdwan | 1,00,000 | 1,00,923 | 1,20,000 | 88,632 | 1,00,000 | 30,023 | 50,000 | 19,752 |
| 2. Birbhum | 1,00,000 | 89,602 | 1,15,000 | 70,614 | 1,00,000 | 72.854 | 75,000 | 50,040 |
| 3. Bankura | 45,000 | 58,972 | 60,000 | 39,431 | 45,000 | 29,832 | 40,000 | 31,300 |
| 4. Purulia | 30,000 | 27,581 | 30,000 | 15,451 | 25,000 | 16,863 | 20,000 | 25,533 |
| 5. Midnapore | 55,000 | 48,298 | 80,000 | 76,023 | 70,000 | 30,739 | 35,000 | 14,647 |
| 6. Hooghly | 6,000 | 3,969 | 16,000 | 10,510 | 1,000 | 1,756 | 2,000 | 901 |
| 7. Howrah | 1,000 | 162 | 1,000 | 512 | 500 | 204 | — | 109 |
| 8. 24-Parganas | 35,000 | 19,723 | 60,000 | 27,065 | 21,000 | 2,196 | 10,000 | 1,223 |
| 9. Nadia | 1,000 | 162 | 1,000 | 193 | 500 | 54 | — | — |
| 10. Murshidabad | 13,000 | 7,247 | 16,000 | 5,829 | 5,000 | 3,549 | 1,500 | 601 |
| 11. Malda | 3,000 | 3,228 | 10,000 | 10,759 | 5,000 | 964 | — | 20 |
| 12. West-Dinajpur | 50,000 | 59,917 | 60,000 | 42,355 | 50,000 | 61,088 | 50,000 | 63,592 |
| 13. Cooch-Behar | 6,000 | 9,011 | 16,000 | 17,828 | 15,000 | 5,772 | 8,000 | 14,414 |
| 14. Jalpaiguri | 4,000 | 6,163 | 12,000 | 12,463 | 10,000 | 8,126 | 7,000 | 12,192 |
| 15. Darjeeling | 1,000 | 1,810 | 3,000 | 2,618 | 2,000 | 1,827 | 1,500 | 2,029 |
| TOTAL : | 4,50,000 | 4,36,768 | 6,00,000 | 4,11,283 | 4,50,000 | 2,65,847 | 3,00,000 | 2,36,353 |

STATEMENT NO. 2

**District wise Procurement of Rice and Paddy under different Heads for the Crop year 1968-1969**

**( Figures in MT. in terms of Rice )**

| Name of the Districts. | Purchase through levy on producers. | Open market purchase. | Rice Mill levy purchase. | Levy free rice purchase from Rice Mills. | F.C.I's direct purchase: from open Market | F.C.I's direct purchase: From producers Levy. | F.C.I's direct purchase: Purchase under seizure and requisition | Total Purchase |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. Burdwan | 21,881 | 11,318 | 67,579 | — | — | — | 145 | 1,00,923 |
| 2. Birbhum | 12,344 | 3,734 | 73,524 | — | — | — | — | 89,602 |
| 3. Bankura | 1,035 | 53,304 | 4,605 | — | — | — | 28 | 58,972 |
| 4. Purulia | 573 | 2,7002 | — | — | — | — | 6 | 27,581 |
| 5. Midnapore | 9,517 | 3,944 | 34,543 | — | — | — | 294 | 48,298 |
| 6. Hooghly | 1,114 | 834 | ,883 | — | — | — | 138 | 3,969 |
| 7. Howrah | 136 | 12 | — | — | — | — | 14 | 162 |
| 8. 24-Parganas | 3,182 | 419 | 15,315 | — | — | — | 807 | 19,723 |
| 9. Nadia | 60 | 95 | — | — | — | — | 7 | 162 |
| 10. Murshidabad | 2,228 | 1,734 | 3,138 | — | — | — | 147 | 7,247 |
| 11. Malda | 44 | 2,658 | 510 | — | — | — | 16 | 3,228 |
| 12. West-Dinajpur | 10,157 | 27,510 | 22,240 | — | — | — | 10 | 59,917 |
| 13. Cooch-Behar | 3,588 | 4,558 | 862 | — | — | — | 3 | 9,011 |
| 14. Jalpaiguri | 1,736 | 540 | 3,887 | — | — | — | — | 6,163 |
| 15. Darjeeling | 600 | 150 | 1,060 | — | — | — | — | 1,810 |
| TOTAL : | 68,195 | 1,37,812 | 2,29,146 | — | — | — | 1,615 | 4,36,768 |

## STATEMENT NO. 3

**District wise Procurement of Rice and Paddy under different Heads for the Crop year 1969-1970**

**( Figures MT. in terms of Rice )**

| Name of the Districts | Purchase through levy on producers | Open Market purchase | Rice Mills levy purchase | Levy free Rice purchase from Rice Mills | F.C.I.'s direct purchase | | | Total Purchase |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | From open Market | From producers Levy | Purchase under seizure and requisition | |
| 1. Burdwan | 23,113 | 21,278 | 42,996 | 1,019 | 78 | 108 | 40 | 8,8632 |
| 2. Birbhum | 11,777 | 20,913 | 53,083 | 2,096 | 1,567 | — | — | 7,0614 |
| 3. Bankura | 3 | 30,362 | 2,997 | 619 | 5,447 | — | 3 | 3,9431 |
| 4. Purulia | 117 | 9,860 | 74 | — | 5,359 | 21 | 20 | 1,5451 |
| 5. Midnapore | 16,321 | 18,235 | 36,175 | 2,785 | 1,463 | 1,035 | 9 | 7,6023 |
| 6. Hooghly | 1,120 | 7,558 | 712 | — | 968 | — | 152 | 1,0510 |
| 7. Howrah | 243 | 87 | — | — | — | — | 182 | 512 |
| 8. 24-Parganas | 2,269 | 5,535 | 10.604 | 3,103 | 5,200 | — | 354 | 2,7065 |
| 9. Nadia | 80 | 7 | — | — | 88 | — | 18 | 193 |
| 10. Murshidabad | 631 | 3.017 | 935 | — | 1,157 | 32 | 57 | 5,829 |
| 11. Malda | 3 | 1,177 | 63 | — | 484 | — | 32 | 1,759 |
| 12. West-Dinajpur | 5,601 | 21,907 | 10,731 | 2,325 | 1,394 | 395 | 2 | 42,355 |
| 13. Cooch-Bihar | 4,298 | 11,850 | 101 | — | 1,529 | 50 | — | 17,828 |
| 14. Jalpaiguri | 1,331 | 5,290 | 3,743 | — | 2,091 | — | 8 | 12,463 |
| 15. Darjeeling | 409 | 510 | 1.474 | — | 225 | — | — | 2,618 |
| TOTAL : | 67,316 | 1,38,764 | 1,63,688 | 11,947 | 27,050 | 1,641 | 877 | 4,11,[illegible]83 |

## STATEMENT NO. 4

**District wise Procurement of Rice and Paddy under different Heads for the Crop year 1970-1971**

**( Figures in MT. in terms of Rice ).**

| Name of the Districts. | Purchase through levy on producers. | Open market purchase. | Rice Mill levy purchase. | Levy free rice purchase from Rice Mills. | F.C.I.'s. direct purchase: From Open Market. | F.C.I.'s. direct purchase: From producers levy. | F.C.I.'s. direct purchase: Purchase under seizure and requisition. | Total Purchase. |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. Burdwan | 8,913 | 2,166 | 17,448 | 1,469 | — | — | 27 | 30,023 |
| 2. Birbhum | 6,092 | 7,256 | 43,521 | 14,924 | 1,061 | — | — | 72,854 |
| 3. Bankura | 1 | 20,152 | 6,588 | 2,436 | — | 647 | 8 | 29,832 |
| 4. Purulia | 972 | 12,781 | 2 | — | 3,107 | | 1 | 16,863 |
| 5. Midnapore | 7,764 | 2,590 | 14,316 | 6,035 | — | | 34 | 30,749 |
| 6. Hooghly | 388 | 962 | 174 | — | — | | 232 | 1,756 |
| 7. Howrah | 38 | 3 | — | — | — | | 163 | 204 |
| 8. 24-Parganas | 222 | 35 | 986 | 702 | — | | 251 | 2,196 |
| 9. Nadia | 28 | — | — | — | 25 | | 1 | 54 |
| 10. Murshidabad | 944 | 1,451 | 1,113 | — | — | | 41 | 3,549 |
| 11. Malda | 21 | 929 | — | — | — | | 14 | 964 |
| 12. West-Dinajpur | 8,211 | 20,973 | 19,369 | 12,170 | 304 | 55 | 6 | 61,088 |
| 13. Cooch-Behar | 2,645 | 3,076 | 40 | — | — | — | 11 | 5,772 |
| 14. Jalpaiguri | 1,940 | 2,107 | 2,737 | 1,342 | — | — | — | 8,126 |
| 15. Darjeeling | 191 | 481 | 653 | 502 | — | | — | 1,827 |
| TOTAL : | 38,370 | 74,962 | 1,06,947 | 3[illegible],[illegible]80 | 4,497 | 702 | 789 | 2,65,847 |

## STATEMENT NO. 5.

**District wise Procurement of Rice and Paddy under different Heads for the Crop year 1971-1972 upto March 25th.**

( Figures in MT. in terms of Rice )

| Name of the Districts | Purchase through levy on producers | Open market purchase | Rice Mill levy purchase | Levy free rice purchase from Rice Mills | F.C.I.'s direct purchase: From open market | F.C.I.'s direct purchase: From producers levy | F.C.I.'s direct purchase: Purchase under seizure and requisition | Total Purchase |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. Burdwan | 4,902 | 791 | 13,406 | 648 | — | — | 5 | 19,752 |
| 2. Birbhum | 1 | 4,045 | 36,833 | 9,044 | 117 | — | 0 | 50,040 |
| 3. Bankura | 1 | 22,164 | 6,103 | 1,879 | 1,067 | — | 86 | 31,300 |
| 4. Purulia | 747 | 22,290 | 635 | — | 1,861 | — | — | 25,533 |
| 5. Midnapur | 2,469 | 703 | 7,045 | 4,394 | 6 | 30 | — | 14,647 |
| 6. Hooghly | 255 | 366 | 126 | — | — | — | 154 | 901 |
| 7. Howrah | — | — | — | — | — | — | 109 | 109 |
| 8. 24-Parganas | 519 | 48 | 454 | 88 | — | — | 114 | 1,223 |
| 9. Nadia | — | — | — | — | — | — | — | — |
| 10. Murshidabad | 381 | 37 | 158 | — | — | — | 25 | 601 |
| 11. Malda | — | 20 | — | — | — | — | — | 20 |
| 12. West-Dinajpur | 083 | 43,212 | 9,754 | 5,493 | 26 | 22 | 2 | 63,592 |
| 13. Cooch-Behar | 2,697 | 11,441 | 12 | — | — | — | 264 | 14,414 |
| 14. Jalpaiguri | 1,656 | 6,986 | 2,748 | 802 | — | — | — | 12,192 |
| 15. Darjeeling | 59 | 1,545 | 413 | 12 | — | — | — | 2,029 |
| TOTAL : | 18,770 | 1,13,648 | 77,687 | 22,360 | 3,077 | 52 | 759 | 2,36,353 |

## Calling attention to matters of urgent public importance.

**Mr. Speaker :** I have received 10 Notices of Calling Attention on the following subjects, namely :

1. Danger of the 4th Battery of Durgapur Coke Oven Project being damaged due to delay in commissioning and shortage of Coke in certain steel plants, from Shri Ananda Gopal Mukherjee.
2. Gherao of Commissioner and Chairman of Khardah Municipality on 4.4.72, from Shrimati I la Mitra.
3. Sufferings of blacksmiths and weavers in Taldangra constituency area, from Shri Phanibhusan Singhababu.
4. Shifting of Kakdwip Powerloom from Diamond Harbour to Kakdwip, from Shri Basudeb Sautya.
5. Closure of Shree Hanuman Cotton Mills in Howrah District, from Shri Rabindra Ghosh.
6. Dismantling of telegraph wires and apparatuses of the Howrah-Amta Light Railway Co. Ltd., from Shri Md. Safiullah.
7. Introduction of Test Relief work and construction of wooden bridge in Keshiary Police Station area, from Shri Budhan Chandra Tudu.
8. Dispute affairs of the Howrah and Bally Municipalities and other District Boards, from Shri Bhabani Sankar Mukherjee.
9. Situation arising out of the inhuman treatment of the owners of New Khuik Colliery upon the workers, from Shri Sukumar Bandyopadhyay.
10. Crisis in the Handloom Weaving industries of Santipore P. S. in Nadia district, from Shri Asamanja De.

I have selected the notice of Shrimati Ila Mitra on the subject of Gherao of Commissioner and Chairman of Khardah Municipality on the 4th April, 1972. The Hon'ble Minister may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**Dr. Md. Fazle Haque :** Statement will be made on Monday next.

## MENTION CASES

**শ্রীনরেশ চাকী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি গণতান্ত্রিক মোর্চার নেতৃত্বে এই কংগ্রেস সরকারের আমলের প্রথম রাজনৈতিক হত্যা সম্পর্কে। এবং এখানে হত্যাকাণ্ড সংগঠিত করেছে সি. পি. এম কর্মীরা। আমাদের এলাকায় একজন কংগ্রেস কর্মী নাম ভূপতি কুমার দাস, রানাঘাট কেন্দ্রের বঙ্কিম নগরে, ৩ তারিখে। ৩রা এপ্রিল রাত্রে সি. পি. এম কর্মীরা ঐ গ্রামের সি. পি. এম নেতা সত্য চক্রবর্তীর বাড়ীতে জড় হয় এবং সেটা সমস্ত গ্রামবাসীর দৃষ্টি আকর্ষণ করে। ঐ দিন রাত্রে আনুমানিক ৮টার সময় তাকে তুলে নিয়ে যায় রাস্তা থেকে, যখন সে টিউশনি করে ফিরছিল। বাচ্চা ছেলে ভূপতি, এইবার স্কুল ফাইনাল দেবে স্থানীয় হাই স্কুল থেকে। সি. পি. এম গুণ্ডারা তাকে রাস্তা থেকে তুলে নিয়ে যায় এবং তাকে আর পাওয়া যায় না। পরের দিন ৪ তারিখ, ৪ঠা এপ্রিল আনুমানিক বেলা

১০টার সময় ঐ গ্রামের সংলগ্ন এক ধান ক্ষেতের মধ্যে তাকে পড়ে থাকতে দেখা যায় এবং তখন ভূপতির বাবা-মা, আত্মীয়-স্বজন সকলে জানতে পারেন যে ভূপতি মাডার হয়ে গিয়েছে। এইটা সত্যিই ভাবা যায় না যে, এই আমলে একজন কংগ্রেস কর্মী সি. পি. এম-এর হাতে মাডার হয়ে গেল। এর পর ঐ সি. পি. এম. কর্মীরা ৩ তারিখ রাত্রিবেলা ভেগে পড়েছিল। কারণ ৪ তারিখ সকাল বেলা থেকে সেই সি. পি. এম কর্মী এবং নেতাকে আর কেউ দেখতে পায় নি, সেই রাত্রে তারা গ্রাম ছেড়ে চলে গিয়েছে। স্যার, আমরা নিশ্চয়ই জানি ঐ সি. পি. এম কর্মীরাই ভূপতিকে হত্যা করেছে এবং আমাদের হাতে এই সম্বন্ধে প্রমাণ আছে। এর আগে তারা ভূপতিকে থ্রেটেন করেছিল যে তাকে ইলেকশনের পর খুন করা হবে। এর আগে আমি এই হাউসে একটা কলিং এ্যাটেনশন তুলেছিলাম। আজ আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে এই হাউসে উল্লেখ করছি যে, আমাদের রানাঘাট এলাকায় ৬ হাজার পাকিস্থানী বুলেট পাওয়া গিয়েছিল যা পুলিশে উদ্ধার করেছিল। আমাদের নির্দিষ্ট অভিযোগ আছে যে, সি. পি. এম ৬ হাজার পাকিস্থানী বুলেট বাংলাদেশ থেকে চোরা পথে এনেছিল, এবং সেটা কলকাতায় আনার নির্দেশ ছিল পশ্চিমবাংলায় একটা সশস্ত্র বিপ্লব ঘটাবার জন্য। এবং এই গণতান্ত্রিকমোর্চাকে অর্থাৎ কংগ্রেস সরকারকে বিপদগ্রস্ত করবার জন্য। আমি তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে উল্লেখ করছি যে আজকে বাংলাদেশে তথা সারা ভারতবর্ষে প্রতিটি রাজ্যে যে ঝড় উঠবার আশঙ্কা দেখা দিয়েছে সেই ঝড়ের আশঙ্কা সম্পর্কে আমরা যদি সতর্ক না হই তাহলে সেই ঝড়ে পশ্চিমবাংলার সব দল বিধ্বস্ত হয়ে যাবে।

[ 2-20—2-30 p m. ]

**শ্রীসুব্রত মুখার্জী (২)ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে যে, আমরা যখন সারা ভারতবর্ষ জুড়ে এই শ্লোগান দিচ্ছি যে আমরা গরিবী হটাব, সারা দেশ থেকে দারিদ্রকে বিতাড়িত করবো, তখন নূতন করে এই কলকাতায় আনুমানিক ৫০-৬০ হাজার মানুষ নূতন করে বেকার হতে চলেছে, তারা হচ্ছে ঠেলাগাড়ীর মজুর। কলকাতার বিভিন্ন অঞ্চলে তাদের সকাল ৮টা থেকে রাত্রি ১২টা পর্যন্ত এই ঠেলাগাড়ী চালান নিষিদ্ধ রয়েছে, অবশ্য এই আইন ১৯৬৫ সালের। কিন্তু বর্তমানে পুলিশী আমলাদের এই গরীব মানুষগুলির উপর নানারকম নিপীড়ন এমন পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে তাদের রুজিরোজগার বন্ধ হয়ে যাচ্ছে, তারা বেকার হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনার মাধ্যমে বিভিন্ন মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি যে এই ঠেলাগাড়ী তুলে দেওয়ার কারণ হচ্ছে, আজকে দুর্ঘটনার হাত থেকে রেহাই পাওয়া। আমি জানি, এই ঠেলাগাড়ী বন্ধ করে নিশ্চয়ই দুর্ঘটনার হাত থেকে রেহাই পাবে না। কারণ ঠেলাগাড়ীর পরিবর্তে ধনী এবং বিলাসী মানুষের দ্রুত যাতায়াতের জন্য যানবাহন, নূতন নূতন গাড়ী বেরোচ্ছে। এই গাড়ী চলাচল করছে, গাড়ী চলেছেনা এমন কিছু নয়, তাদের গাড়ী চলেছে। কাজেই আমি আপনার মারফৎ মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এদের বাঁচাবার জন্য, এদের রুজি-রোজগারের পথের জন্য দয়া করে এই ট্রাফিক রেগুলেশান এ্যাক্ট যেটা আছে, সেটাকে শিথিল করে অর্দ্ধলক্ষ মানুষের রুজিরোজগারের ব্যবস্থা করে দিন, এদের যাতে নূতন করে বেকার না হতে হয় এই আবেদন আমি আপনার মারফৎ মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার কর্মচারীদের যে সার্ভিস রুলস এ্যাণ্ড রেগুলেশানের ১৯(১) এই ধারায় বলা ছিলো যে, ষ্টেট কর্মচারীদের বা সরকারী কর্মচারীদের যে সমস্ত সুযোগসুবিধা দেওয়া হবে, পরিবহণ কর্মচারীদের তাই দেওয়া হবে। ১৯৭০ সালে ষ্টেট গভর্ণমেণ্ট এমপ্লয়ীদের যে বেতন হার, যেটা সংশোধিত হল

সেই অনুযায়ী এই কর্মচারীরা কোন সুযোগসুবিধা পায় না। ইদানিংকালে অক্টোবর মাসে সরকারী কর্মচারীদের যখন মাগগীভাতা বাড়লো তখন এই মাগগীভাতার কোন সুযোগসুবিধা এদের দেওয়া হয়নি। আমি এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করি। বর্তমানে সরকারকে একটা দেশে মডেল এমপ্লয়ী হওয়া উচিত এবং সরকারই যদি বিভিন্ন রায়গুলিকে ইমপ্লিমেণ্ট না করে তাহলে যে সমস্ত প্রাইভেট সেক্টর ইণ্ডাষ্ট্রিগুলি রয়েছে তারা উৎসাহ পায় বিভিন্ন রায়গুলিকে কার্যকরী না করার জন্য। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো যে অনতিবিলম্বে রাষ্ট্রীয় পরিবহণ কর্মচারীদের বেতন কাঠামো সংশোধিত করে সেই হারে তাদের বেতন দেবার জন্য এবং বর্ধিত মাগগীভাতা দেবার জন্য।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরী অবস্থার কথা এখানে উল্লেখ করছি। সেটা হচ্ছে পরিবহন বিভাগের মন্ত্রিমহাশয়ের ব্যাপার এবং তার সঙ্গে সংশ্লিষ্ট শিল্প বিভাগের মন্ত্রীও আছেন। এই জরুরী অবস্থা ঘোষণা হবার পর থেকে অনেকগুলি ট্রেন বাতিল হয়ে যায় এবং তার ফলে বাসের উপর আমাদের খুব চাপ বৃদ্ধি হয়। অথচ বাস মালিকরা এই বাসগুলি চালু করতে পারছে না টায়ার-টিউবের অভাবে এবং তার সংগে অন্যান্য স্পেয়ার পার্টস পাওয়া যাচ্ছে না, এই একটা সমস্যা দেখা দিয়েছে। এগুলি বাজারে অত্যন্ত বেশী দামে বিক্রী হচ্ছে। কারণ এই টায়ার-টিউবের কারখানাগুলি বর্তমানে বন্ধ আছে গণ্ডগোলের জন্য এবং সেইজন্য আমি শিল্প বিভাগের যিনি মন্ত্রী আছেন তাঁকে অনুরোধ করছি এই বন্ধ কারখানাগুলি আবার চালু করে বাস মালিকরা যাতে ন্যায্য মূল্যে টায়ার-টিউব পায় তার ব্যবস্থা করুন।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের সমাজের একটি অবহেলিত দিকের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলেই জানেন যাদবপুরে কে. এস. রায় টি. বি. হসপিটাল নামে টি. বি. রোগীদের সেবার জন্য একটি তথাকথিত নামকরা প্রতিষ্ঠান আছে। আমি দু'একদিন আগে সেখানে গিয়েছিলাম এবং সেখানে গিয়ে শুনলাম গত ৪ দিন ধরে রোগীরা কোন পথ্য পাচ্ছে না। যে কণ্ট্রাক্টর এই খাদ্য সরবরাহ করতেন হাসপাতাল কর্তৃপক্ষ তার পাওনা বকেয়া টাকা মিটিয়ে না দেওয়ায় তিনি আর খাদ্য সরবরাহ করবেন না বলে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন। শুধু তাই নয় হসপিটালটির কোন ষ্ট্রাকচার কম্পাউণ্ড ওয়াল নেই। তার ফলে পুলিশ তাড়া করলে বা বিপদে পড়লে ঐ অঞ্চলের দুষ্কৃতকারীরা সেই হাসপাতালের ভিতর গিয়ে রোগীদের বেড থেকে নামিয়ে দিয়ে তাদেরই জামা কাপড় পরে রোগী সেজে বেডের উপর শুয়ে থাকে। এইভাবে তারা পুলিশের হাত থেকে বাঁচবার চেষ্টা করছে। এইভাবে প্রায়ই রোগীদের মেঝের উপর শুয়ে রাখা হচ্ছে। এর ফলে ৩০ জন রোগীর অবস্থা আগে যা ছিল এখন তার চেয়ে আরো খারাপের দিকে চলে যাচ্ছে। সেইজন্য সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি যে এ বিষয়ে একটা বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হোক এবং এটা না করে যদি ঐ রোগাক্রান্ত ক্ষয়িষ্ণু রোগীদের বাঁচাবার ব্যবস্থা না করেন তাহলে তাদের মৃত্যু ছাড়া আর কোন বিকল্প পথ আছে বলে আমি মনে করি না। সেইজন্য আমি অনুরোধ করছি অবিলম্বে এই বিভাগের মন্ত্রিমহাশয় ঐ হাসপাতালটি পরিদর্শন করুন। সেখানে গেলে আপনি দেখতে পাবেন যে ওখানকার রোগীদের কফ, থুথু নালা দিয়ে বেরিয়ে জনসাধারণের বাড়ী-ঘরের পাশ দিয়ে এসে নর্দমায় গিয়ে পড়ছে এবং তার ফলে সমগ্র অঞ্চলটি দূষিত হয়ে উঠেছে এবং আমার আশঙ্কা হচ্ছে আগামী-দিনে হয়ত ঐ অঞ্চলটিতে ব্যাপক ভাবে এই ক্ষয় রোগের প্রাদুর্ভাব দেখা দেবে। তাই আপনার

মাধ্যমে মন্ত্রিসভার কাছে আমার নিবেদন হচ্ছে এই যে, ঐ অঞ্চলটিকে কলুষমুক্ত করবার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীগিরিজা ভূষণ মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ মাননীয় শিক্ষামন্ত্রী ও আমাদের হাউসের সমস্ত মাননীয় সভ্যদের একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। বালিগঞ্জ গভর্ণমেণ্ট স্কুলের যে বাসটি ছোট ছেলেদের নিয়ে আসতো গত ১লা এপ্রিল থেকে সেটা বন্ধ হয়ে গেছে। ড্রাইভার বাড়ি বাড়ি গিয়ে বলে দিল পেট্রোলের দোকানে দাম বাকি আছে তাই বাস বন্ধ। স্কুলে নোটিশ হল সরকারী অনুদান না পাওয়ায় সরকারী বাস বন্ধ। বালিগঞ্জ গভর্ণমেণ্ট স্কুল অন্যান্য স্কুলের মত অনুদান পায়। কিন্তু ছোট ছেলেদের ক্যারি করার বাসটি কি কারণে বন্ধ হয়ে গেল সেজন্য আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে আপনি একটি এনকোয়ারি করার ব্যবস্থা করুন, কেন না এর মধ্যে কোন স্যাবটেজের ব্যাপার আছে কিনা সেটা জানা দরকার। অথচ সাকওয়াত মেমোরিয়াল স্কুলের বাস চলছে, অন্যান্য গভর্ণমেণ্ট স্কুলের বাস চলছে, কিন্তু এই বালিগঞ্জ গভর্ণমেণ্ট স্কুলের বাসটি বন্ধ হয়ে গেছে, যা হওয়া উচিৎ নয়। কাজেই এর পিছনে কোন চক্রান্ত আছে কিনা সেটা দেখার জন্য একটা এনকোয়ারি হওয়া প্রয়োজন।

**শ্রীমহঃ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা কেন্দ্রের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমণ্ডলী এবং হাউসের মাননীয় সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ অঞ্চলে একটি নূতন সাব-রেজিষ্টারি অফিস খোলার চেষ্টা ১৯৬৭ সাল থেকে হচ্ছে এবং তারজন্য জায়গাও দেখা হয়েছিল, গৃহও ঠিক করা হয়েছিল। কিন্তু ওখান থেকে বহুদূর লালবাগে লোকদের আসতে হয় রেজিষ্ট্রি ব্যাপারে এবং লালবাগ রেজিষ্ট্রি অফিসে যে সমস্ত দলিল হয় তার বেশীর ভাগই ভগবানগোলা থানার এবং এই ভগবানগোলা থানাটির কয়েকটি অঞ্চল আমাদেরই মিত্র-রাষ্ট্র বাংলাদেশের পাশে অবস্থিত। কাজেই ঐ অঞ্চলে যাতে একটি সাব-রেজিষ্টারি অফিস খোলার ব্যবস্থা করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীমহম্মদ সফিউল্লাঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হাউসের এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রায় এক দেড় বছর হল মাটিন লাইট রেলওয়েটি বন্ধ হয়ে আছে। এই লাইনটি আবার চালাবার জন্য সরকার থেকে পরিকল্পনা নেওয়া হযেছে বা সরকারী প্রচেষ্টা চলেছে। এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি গত ১লা এপ্রিল থেকে একটি নির্দেশ দেওয়া হয়েছে কোম্পানীর কর্তৃপক্ষ থেকে যে টেলিগ্রাফের তার এবং টেলিগ্রাফপোষ্ট এগুলি সমস্ত ডিসম্যানটেল করবার জন্য। এমতাবস্থায় যদি সরকারী হস্তক্ষেপ না করা যায় তাহলে জনসাধারণের মধ্যে বিভ্রান্তিকর ধারণার সৃষ্টি হচ্ছে যে লাইনটি বোধ হয় পাকাপাকিভাবে উঠে যাবে। সেইজন্য স্যার, আপনার মাধমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে এ বিষয়ে যেন সঙ্গে সঙ্গে ব্যবস্থা অবলম্বন করা হয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে গোটা পশ্চিমবাংলায় গ্রামবাংলা বলে যে অংশটা আছে সেখানে এমন অনেক হাসপাতাল আছে যেখানে ডাক্তার থাকে না। তাছাড়া এমন হাসপাতালও বিরল নয় যেখানে রোগীদের বসবার জায়গা নেই, বেডকভার নেই, খাট নেই এমন কি কাপড় কাচার জন্য ধোপা পর্য্যন্ত নেই। তাছাড়া স্যার, মুর্শিদাবাদ জেলায় একটি হাসপাতাল যেটা সালারে রয়েছে তার বাড়ী হয়ে পড়ে আছে কিন্তু

পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট থেকে হস্তান্তর করেনি বলে আজ পর্য্যন্ত সে হাসপাতাল খোলা হচ্ছে না। জলঙ্গী থানার পাকুরডিয়া হাসপাতালে ডাক্তার নেই বলে সেখানে ঔষধের ব্যবস্থা করা হচ্ছে না। সাধিক্ষেতের হাসপাতালে ২১-৩-৭২ থেকে ২৮-৩-৭২ পর্য্যন্ত ডাক্তার ছুটি নিলেন এবং সেই ছুটি এক্সটেনসান করে ৩১-৩-৭২ পর্য্যন্ত করলেন এর মধ্যে বিনা চিকিৎসায় ঐ হাসপাতালের ভর্তি রোগীদের মধ্যে দু'জন মারা গিয়েছে বলে আমার কাছে পজিটিভ ইনফরমেশান আছে এবং আরো কয়েকজন মারা গিয়েছেন বলে খবর আছে। এই অস্বাভাবিক অবস্থার প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে যেখানে ডাক্তারদের সম্বন্ধে শুনি—স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় বলেন শহর ছেড়ে গ্রামে যাচ্ছে না, গ্রামের ছেলেদের ডাক্তার করার জন্য এবার থেকে শতকরা ৯০ জন গ্রামের ছেলেকে সুযোগ দেওয়া হোক। আর ঐ সাধিক্ষেতের হাসপাতাল সম্বন্ধে বলব যে সেখানে যে রোগী মারা গেল তা যদি বিনা চিকিৎসায় মরে থাকে—কেন একজন ডাক্তার ছুটি পেল, সেই ডাক্তারের বিরুদ্ধে এবং ডিপার্টমেণ্টের বিরুদ্ধে কেন আজ পর্য্যন্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না আমি একথা জানতে চাচ্ছি।

**শ্রীবাসুদেব হাজরা:** মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, খানাকুল একটি বন্যা বিধ্বস্ত এলাকা এবং প্রতি বছরের বন্যায় সেখানকার মানুষের দুর্দশার অন্ত থাকে না। প্রতি বছর আমরা দেখেছি সেখানে দু-একটি হেলিকপ্টার উঠছে এবং তা থেকে ২।১ বস্তা গম উপর থেকে ফেলে দেওয়া হচ্ছে। সেখানকার চাষীদের দুর্দশার অন্ত নেই, তারা মরতে বসেছে। গত ৪ তারিখে প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন সেখানকার মানুষের দুঃখ-দুর্দশার কথা স্বীকার করেছেন এবং গত ২০ বছরে সেখানকার মানুষদের জন্য যে কিছুই করা হয় নি সেটা স্পষ্ট হয়ে ধরা পড়েছে। এমতাবস্থায় চাষীরা বাঁচার জন্য বোরো বাধ দিয়ে প্রায় ৩০ হাজার একর জমিতে বোরো চাষ করবার চেষ্টা করেছিল এবং বোরো ধানও হয়েছে। কিন্তু ডি. ভি. সি. অত্যাধিক জল ছাড়ার দরুণ সেই বোরো বাঁধ ভেঙ্গে গিয়েছে। আমি ইতিমধ্যেই মাননীয় কৃষি মন্ত্রিমহাশয়ের সঙ্গে দেখা করে যাতে তাড়াতাড়ি বোরো বাধ হয় তার জন্য বলেছি কিন্তু তাড়াতাড়ি না হলে প্রায় ৩০ হাজার একর জমির বোরো ধান নষ্ট হয়ে যাবে। সেইজন্য স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীচণ্ডীপদ মিত্র:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার অবগতির জন্য এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য একটি বিশেষ গুরুত্বপূর্ণ এবং সঙ্গে সঙ্গে অত্যন্ত মর্মান্তিক ঘটনার কথা বলছি। গত মার্চ মাসের ১৮ তারিখে মেদিনীপুরের ময়না গ্রাম থেকে একটি রোগী ন্যাশনাল হাসপাতালের সার্জিক্যাল ডিপার্টমেণ্টে ভর্তি হয় এবং সেখানে তার অপারেশন করা হয়। সেই অপারেশন করেন ডাঃ বিনয় ভট্টাচার্য্য—তিনি এখন অধ্যাপক বিনয় ভট্টাচার্য্য ইউনাটেড ফ্রন্টের কল্যাণে। সেই ভদ্রলোক অপারেশন করেন এবং সেটা রেকটমের ক্যানসার অপারেশন। কিন্তু তারপরে টিটেনাসের ভয় দেখিয়ে সেই রোগীকে সেখান থেকে তাড়িয়ে দেওয়া হয়। সেই রোগী প্রায় ৫।৭ বার সেই সুদূর গ্রাম থেকে হাসপাতালে এসেছে এবং অত্যন্ত নির্দয়ভাবে ঐ ডাক্তার তাকে প্রত্যাখান করেছেন। স্যার, সে অত্যন্ত গরীব, দুস্থ। তার নাম অর্পণা বারুই, বয়স ২৯ বছর। গত তিন তারিখে শেষবারের মত ঐ রোগী যখন আসে তখন তার সঙ্গে ব্রজমোহন পাণ্ডে নামে স্থানীয় একজন ডাক্তার যান। তিনি গিয়ে অত্যন্ত বিনীতভাবে বিনয়বাবুকে বলেন যে রোগীর অবস্থা অত্যন্ত মুমূর্ষু, একে একটু ভর্তি করে নিন এবং নিয়ে যা করবার করুন। একে ভর্তি করে নিন। রোগীটির মুমূর্ষু অবস্থা, তার পেটে

নল দিয়ে পায়খানা বেরুচ্ছে, পায়খানা করবার কোন অবস্থা নেই। ডাঃ বিনয় ভট্টাচার্য্য আর. এস. এর কাছে রেকমেণ্ডিং এ্যাডমিশান. এই কথা লিখে সই করে পাঠিয়ে দেন। কিন্তু দুঃখের বিষয় তাকে সেখানে ভর্তি করা হল না। কারণ, সিনিয়ার হাউস সার্জেন লেডি ডক্টর শিপ্রা আর. এস-কে বললেন যে ব্রজবাবু যে লোক পাঠিয়েছেন তাকে ভর্তি করা হবে না, কারণ বিনয়বাবর চেম্বার থেকে আর একটি রোগী এসে গেছে, তাকে ৬৪৯ নং বেডে ভর্তি করা হোক। ফলে সেই মুমূর্ষু রোগীটি ভর্তি হতে না পেবে এখন গাছ তলায় পড়ে আছে। ইউনাইটেড ফ্রণ্টের আমলে সি. পি. এম. দলীয় স্বার্থে ঐ বিনয় ভট্টাচার্য্যকে অধ্যাপকের পদে নিয়োগ করেছিল। ন্যাশনাল হাসপাতালে ষ্ট্রাইক চলার কারণ হল এই ভদ্রলোকের নামে অনেক অভিযোগ ছিল। গতবার গণতান্ত্রিক কোয়ালিশন সরকারের রাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দ নস্কর ঐ আর এস-কে ট্রান্সফার করে যান কিন্তু ডিপার্টমেণ্টের অদৃশ্য হাত তাঁকে বাঁচিয়ে রেখেছে। সেই রোগীটি এখন মুমূর্ষু অবস্থায় এক রকম গাছ তলায় পড়ে আছে, হয়ত সেই রোগীটিকে এ্যাসেম্বলীতে নিয়ে আসতে পারে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য ঐ ধরণের ষ্টাফ যদি এখনও ন্যাশনাল হাসপাতালে বসে থাকে আর মুমূর্ষু রোগী যদি হাসপাতালে ভর্তি হতে না পারে, তাহলে আমরা যে প্রতিশ্রুতি দিয়ে এসেছি সেই প্রতিশ্রুতি পালন করতে পারব না।

**Seventh and Eighth Annual Reports on the Working and Affairs of the West Bengal Small Industries Ltd., for the years ending 31st March, 1968 and 1969.**

**Dr. Zainal Abedin :** Sir, according to provision of Section 619-A of the Indian Company's Act, 1956, I beg to lay on the table of the House the Annual Reports of the years ended on 31st March, 1968 and 31st March, 1969 in respect of the West Bengal Small Industries Corporation Ltd., a Government of West Bengal Company for the information of the Honourable Members of the House.

**The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972.**

**Shri Siddhartha Shankar Ray** : Sir, I beg to introduce the Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill).

Sir, I beg to move that the Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা যেটা কেন্দ্রীয় আইন সংসদ পাশ করেছিলেন মেণ্টেন্যান্স অব ইণ্টারনাল সিকিউরিটি এ্যাক্ট সেটা আমরা পশ্চিমবঙ্গ থেকে কতকগুলি ধারায় সংশোধন আনতে চাই। এই যে গুরুত্বপূর্ণ ক্ষমতা আমরা পাচ্ছি, আমাদের সংবিধানের সেভেন্থ সিডিউল কনকারেণ্ট লিষ্টের ৩ তে একটা আইটেম আছে, সেখানে বলা আছে preventive Detention for reasons connected with the security of the State Maintenance of public order.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, persons subjected to such detention, এর ভেতরে দেখতে পাচ্ছি যে আমাদের পশ্চিমবঙ্গের বা যে কোন প্রদেশের বিধানসভার অধিকার আছে প্রিভেন্টিভ ডিটেনশান সম্বন্ধে আইন করার relating to maintenance of public order.

[ 2-40—2-50 p m. ]

এই আইনে অবশ্য কারেণ্ট লিষ্টে আছে আমরা সংশোধন করতে পারি কিন্তু সংশোধনের পর রাজ্যপালের অনুমোদন দরকার, এবং রাজ্যপালের অনুমোদনের পর এই আইন চালু হবে। পশ্চিমবাংলাতে তাই আমরা এই আইন প্রথমে পাশ করব। এই বিধান মাননীয় সদস্যগণ যদি পাশ করেন তবে আমরা তা রাজ্যপালের কাছে অনুমোদনের জন্য পাঠাবো। আমরা কেন এই সংশোধনী প্রস্তাব আনছি? একটা আইন আছে মেনটেনেনস অফ পাবলিক অর্ডার-এর জন্য আমরা মনে করি মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের পশ্চিমবাংলার জনসাধারণের শৃঙ্খলা ব্যাহত হওয়ার যে সমস্ত প্রধান কারণ বর্তমান কৃষি ও শিল্পে অস্বাভাবিক সম্পর্ক তার মধ্যে অন্যতম। সামাজিক ন্যায় বিচারের উদ্দেশ্যে এই আইনের মর্যাদা অস্বীকার করা হয়েছে ও তার ফলে শিল্পে ও কৃষিতে উভয়ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখা আজ কষ্টসাধ্য হয়ে পড়েছে। আমরা এটা উদ্দেশ্য এবং হেতুর বিবরণে পরিষ্কার ঘোষণা করেছি। আমরা দেখতে পাচ্ছি যে পাবলিক অর্ডার মেণ্টেন করতে গেলে সর্বপ্রথম দরকার শিল্প এবং কৃষির ক্ষেত্রে যে আইন প্রণয়ন করা হয়েছে তা শ্রমিকদের স্বার্থে ও কৃষকের স্বার্থে সেই আইন রক্ষা করা। যদি দেখা যায় যে এই আইন অনুসারে কাজ কেউ করছে না বা তার জন্য আইন শৃঙ্খলা ব্যাহত হচ্ছে পাবলিক অর্ডার মেণ্টেণ্ড হচ্ছে না তবে তারজন্য ব্যবস্থা করতে হবে। আমাদের এই আইনে যাতে পাবলিক অর্ডার ডিসরাপসান না হতে পারে তারজন্য চেষ্টা করতে পারি। অধ্যক্ষ মহোদয় আপনি জানেন শিল্পক্ষেত্রে কতকগুলি আইন আছে সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ আইন, যেমন এমপ্লয়িজ ষ্টেট ইনসিওরেন্স এ্যাক্ট ১৯৪৮। দ্বিতীয় হল তার আণ্ডারে যে রেগুলেসান্স পাশ করা হয়েছিল। তৃতীয় হচ্ছে এমপ্লয়িজ প্রভিডেণ্ট ফাণ্ড এ্যাক্ট ১৯৫২। আর চতুর্থতঃ তার আণ্ডারে যে স্কীম পাশ করা হয়েছিল ১৯৫২ সালে এইসমস্ত আইনে আমরা শ্রমিকদের অনেক বেনিফিটস দিচ্ছি যেমন Benefits in cash during sickness and maternity ও মেডিকেল কেয়ার টু ইনসিওরড পারসন্স এণ্ড দেয়ার ফ্যামিলিস তাছাড়া এমপ্লয়িজ প্রভিডেণ্ট ফাণ্ড এ্যাক্ট আছে ও তার যে স্কীম আছে যার দ্বারা provisions have been made for old age and untimely death of workers এই দুটা আইনেই একটা স্কীম আছে তাতে শ্রমিকদের কন্ট্রিবিউশান করতে হয় ও তার সঙ্গে মালিকদের কন্ট্রিবিউশান করতে হয়। কিন্তু দুঃখের বিষয় আমরা দেখতে পাচ্ছি যে,অনেক মালিকপক্ষ তাদের যে কন্ট্রিবিউশান রাখা দরকার—আইনগত দিক দিয়ে কন্ট্রিবিউশান করা হচ্ছে না। যদিও আইনের কিছু কিছু ধারা আছে যার ফলে মালিকের বিরুদ্ধে মামলা করা চলে কিন্তু তা প্রয়োগ করা সত্ত্বেও কাজ হচ্ছে না। তারজন্য এমন একটা ব্যবস্থা গ্রহণ করা দরকার যাতে পাবলিক অর্ডার মেণ্টেণ্ড হয়। এবং ই. এস. আই. এ্যাক্ট ও এমপ্লয়িজ ষ্টেট ইনসিওরেন্স এ্যাক্টে টাকা দেয়না ফলে শিল্পেঅশান্তি দেখা যায় এবং পাবলিক অর্ডার মেনটেণ্ড করা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কতকগুলি পরিসংখ্যান আমি দিচ্ছি। ৩০শে জুন, ১৯৭১ সাল পর্যন্ত ১হাজার ৮শত ৪৪জন মালিকপক্ষ তারাই এ. এস. আই. এ্যাক্ট-এর টাকা দেয়নি এবং সেই বাকী টাকার পরিমাণ হল ২কোটি ৪৬ লক্ষ টাকা। এবং ১৯৭১ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত দেখা যাচ্ছে ২হাজার ৩৬৯ মালিক টাকা দেন নি, তারফলে টাকা পাওনা হয়েছে ৩কোটি ২১লক্ষ টাকা। এই টাকা না দেবার ফলে শ্রমিকদের অসুবিধা হচ্ছে। তাদের যে সমস্ত আইনের সুবিধা দেওয়া

হয়েছিল সেগুলি তারা ভোগ করতে পারছে না। অর্থাৎ Sickness benefit, injury benefit maternity benefit, ইত্যাদি সে সমস্ত benefit এর সুযোগ তারা পাচ্ছে না। এর ফলে মালিক পক্ষকে যেগুলি দেবার কথা ছিল সেগুলি না দেওয়ায় বর্তমানে অশান্তি দেখা যাচ্ছে। ঠিক যেরকমভাবে ১৯৫২ সালের Provident Fund Act এর বেলায় একই জিনিষ দেখা যাচ্ছে। ১৯৭১ সালের ৩০শে September পর্যন্ত ১হাজার ৪১৬টি মালিক তাঁদের contribution দেন নি। এর ফলে ২কোটি ৭০লক্ষ টাকা জমা পড়েনি। আইন অনুযায়ী এটা জমা পড়া উচিৎ ছিল Trustfund হিসাবে থাকা উচিৎ ছিল। ১৯৭১ সালের ৩১শে Decemberপর্যন্ত ২হাজার ১২০টি মালিক Provident Fund dues দেন নি এবং এর ফলে ৩ কোটি ৫৬ লক্ষ টাকা পড়ে আছে যার কোন ব্যবস্থা করা যাচ্ছে না। এরজন্য দরকার এমন ব্যবস্থা করা যার ফলে Publc order maintained হয়। গত ৫বছরে কি হয়েছে তা আমারা দেখেছি। পশ্চিমবাংলার শিল্প জগতে যে অশান্তি তার একটা কারণ ছিল, ঐ টাকাগুলো মালিকপক্ষ দিত না এবং তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা করা যেতনা। এই ব্যবস্থা না থাকার জন্য শ্রমিকদের ভেতরে একটা অশান্তি থাকতো। তারজন্য আমরা ক্ষমতা চাচ্ছি, Publib order যাতে আমরা রাখতে পারি এবং Preventive measures, Preventive detention করতে পারি। Public order রাখার জন্য এই ক্ষমতা আমরা চাচ্ছি। দ্বিতীয়তঃ জমি বণ্টন ব্যাপারে আমরা জানি বে-আইনী জমি চারিদিকে আছে। Form 7-এ যেখানে দেবার কথা ছিল সেখানে মাত্র ১৭হাজার ৭৭২টা return form 7-এ পেয়েছি, কিন্তু সেখানে ৫০হাজার return আসার কথা ছিল। বড় বড় ৩৭হাজার রায়ত আছে সেখানে আমরা return পেয়েছি মাত্র ১৭হাজার ৭৭২। এ বিষয়ে একটা Court injunction ছিল। কিন্তু ১৯৭২ সালের ২৯শে মার্চ High Court এই injunction modify করে দিয়েছে এবং যার ফলে এই return এর সময় দিতে হবে। আমরা ১৯৭২ সালের ৩১শে মে পর্যন্ত এই return দেবার সময় বাড়িয়ে দিয়েছি এর ভেতরে সমস্ত return দিতে হবে। কিন্তু যদি দেখি বেনামী জমি রাখার চেষ্টা করছে এবং বড় বড় জোতদার সিলিং Law থাকা সত্ত্বেও এইসব আইনকে ফাঁকি দেবার চেষ্টা করছে যার ফলে গ্রামীন অর্থনীতি নষ্ট হচ্ছে এবং কৃষকদের মধ্যে অশান্তি হচ্ছে তখন তাকে রুখবার জন্য আজকে ক্ষমতা চাচ্ছি, তাদের বিরুদ্ধে Misa Act যাতে চালু করতে পারি। এটা খুব দরকার হয়েছে। গ্রামে যারা public order disruption করার চেষ্টা করছে তাদের জন্যই ওই আইন। আগে যে আইন করা হয়েছিল ভূমিহীন কৃষকদের সুবিধার জন্য সেইসমস্ত আনইকে ফাঁকি দিয়ে অনেক মানুষ বেনামীভাবে জমি রেখেছে। এই জমি সরকারের হাতে আনা ছিল এবং সরকার পাবার পর ভূমিহীনদের মধ্যে তা বিতরণ করার কথা ছিল। কিন্তু এগুলো তারা রেখে দিয়েছে এবং তা উদ্ধার করতে পারা যায় নি। এরজন্য আমরা মনে করি একটা জরুরী ব্যবস্থা করা দরকার। Public order যখন disrupted হবে সেটা prevent করার জন্য একটা preventive measure দরকার। একটা preventive detention দরকার। এরজন্য আমরা এই সংশোধনী এনেছি এবং Misa সংশোধন করতে চাচ্ছি। যে কটা আইনের কথা বললাম সেই আইন অনুযায়ী মালিকরা কাজ করে না বা জোতদাররা যে সমস্ত জমি বেনামী করার চেষ্টা করছেন তাদের বিরুদ্ধে যাতে আমরা শক্ত ব্যবস্থা নিতে পারি তারজন্য আপনাদের কাছ থেকে এই অধিকার আমরা চাচ্ছি।

2-50—3-20 p.m. ]

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রত্যেক সদস্যের কাছে এই প্রতিশ্রুতি দিচ্ছি যে এই ক্ষমতার আমরা অপব্যবহার করবো না। আমরা অত্যন্ত কেয়ারফুলি, সচেতনভাবে এবং সমস্ত

দায়ীত্ব নিয়ে এই ক্ষমতাকে ব্যবহার করবো। এই ক্ষমতা পেয়ে বেপরোয়াভাবে যাকেতাকে গ্রেপ্তার করবো না। ক্ষমতা পেয়ে যদি কাউকে ধরতে হয় এই আইন হওয়ার পরে আমরা অত্যন্ত রেসপনসেবলভাবে, অত্যন্ত সচেতনভাবে তদন্ত করে গ্রেপ্তার করবো। প্রিভেনটিভ ডিটেনসান একটা ভালো ব্যাপার নয়। গুনডামি যারা করছে, যারা চুরি করছে, যারা রেলওয়ে ওয়াগন ভাঙছে, যারা তার চুরি করছে, যারা জোচ্চোর তাদের আমরা গ্রেপ্তার করছি। আমি মনে করি যদি কোন মালিক প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা না দেয় তো সে গুণ্ডা থেকে অন্য শ্রেণীর নয়, একই শ্রেণীর। আমি মনে করি যে জমির মালিক জমি চুরি করছে, ভূমিহীন কৃষকদের ফাঁকি দিচ্ছে সে অন্য কোন শ্রেণীর। মিশা যে শ্রেণীর জন্য করা হয়েছে এই সব মানুষরা সেই শ্রেণীভুক্ত. এতে কোন সন্দেহ নেই। আমি মনে করি মাননীয় অধ্যক্ষ মহাশয় বিধানসভার প্রত্যেক সদস্য মনে করবেন যে সমস্ত মালিক শ্রমিকের টাকা ফাঁকি দিয়ে বেচে থাকবে, যে সমস্ত মালিক ভূমিহীম কৃষককে ঠকিয়ে বেঁচে থাকবে তারা একই শ্রেণীভুক্ত এবং তাদেব বিরুদ্ধে একই ব্যবস্থা নেওয়া উচিত এবং আমি আগেও বলেছি এই ক্ষমতা ব্যবহার করবো অত্যন্ত রেসপনসিবলভাবে। তাই একটা কথা শুনছি অনেক জায়গায় ভয় দেখানো হচ্ছে যে এখানে শিল্প রাখতে দেব না। আমরা এখানে শিল্প রাখতে চাই। আমরা এখানে পরিস্কারভাবে বলছি যে আমরা চাই যে এখানে প্রাইভেট সেক্টর থাকা দরকার, জয়েণ্ট সেক্টার থাকার দরকার। আমরা শিল্পপতিদেব পশ্চিমবঙ্গ থেকে বিতাড়িত করতে চাই না। শিল্পপতিরা যাতে সুষ্ঠুভাবে থাকতে পারেন তার ব্যবস্থা আমরা চাইছি। আমরা পাবলিক অর্ডার মেণ্টেন করতে চাইছি, সিকিউরিটি মেণ্টেন করতে চাই। আইন হচ্ছে তাদের বিরুদ্ধে যারা জোচ্চোর। যারা সৎভাবে চলবেন তারা থাকবেন, তারা যদি আসতে চান আমরা আমন্ত্রন করছি তাদেরকে, তারা আসুন, কোন অসুবিধা নেই। কিন্তু যারা বছরের পর বছর শ্রমিকদের বা ভূমিহীন কৃষকদের ঠকিয়ে যাবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। নয়ত যে সমাজব্যবস্থা আমরা করতে চাইছি, যে সামাজিক বিপ্লব করতে চাইছি, আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর দৃষ্টিভঙ্গী অনুযায়ী সে বিপ্লব কোনদিন আনতে পারবো না। আমরা বিপ্লব আনতে যাচ্ছি শান্তির পথে, গণতন্ত্রের পথে, সংবিধানকে পুড়িয়ে দিয়ে নয়, সংবিধানকে সংশোধন করে। সেই শান্তিপূর্ণ গণতান্ত্রিক পথে বৈপ্লবিক সামাজিক পরিবর্তন আনতে চাইছি তা কোনদিন আনতে পারবো না, যদি না কঠোর ব্যবস্থা গ্রহণ করি। আজকে এই আইন এই কারণে আনতে হয়েছে যাতে শান্তির পথে পশ্চিমবাংলার সমস্যার সমাধান করতে পারি। এই আইন যদি আজ না করতে পারি এবং মালিকরা কোটি কোটি টাকা চুরি করে, জমির মালিকরা লক্ষ লক্ষ টাকা ভূমিহীন কৃষকদের ফাঁকি দেয় বে-আইনি ভাবে জমি আটকে রাখে তাহলে এখানে এমন একটা রক্তাক্ত অবস্থার সৃষ্টি হবে যে মালিক থাকবে না এবং আরও অনেকেই থাকবে না। তারজন্য দরকার এই আইন। যাতে শান্তির পথে চলতে পারি, পাবলিক অর্ডার মেণ্টেন করতে পারি এই কারণে এই বিলটা এনেছি। আশা করি মাননীয় সদস্যরা এই বিলটা সমর্থন করবেন।

(At this stage the House was adjourned for 20 minutes)

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে মিসা আইনের যে সংশোধন এসেছে সে সম্বন্ধে আমি একটা সংশোধনী প্রস্তাব পেয়েছি, তার উপর আপনি বিচার করে দেখবেন। আমি এখানে আমার পুরো বক্তব্য এখনই রাখছি মিসা আইনের যে সংশোধন এসেছে সেই সংশোধন প্রস্তাব আমি ভালভাবে বিচার করে দেখেছি। বিভিন্ন রাজ্যে এবং ভারতবর্ষের যে সব রাজ্যে মিসা আইন প্রযোজ্য হচ্ছে সেখানে কোন আইনসভায় এইরকম সংশোধনী প্রস্তাব আসে নি। এই সংশোধনী প্রস্তাবে যে ব্যবস্থা করা হয়েছে, জমি চুরি করে অথচ রিটার্ন দেয় না অথবা প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা তছরূপ করছে বা অন্য ব্যাপারে শ্রমিকদের পয়সা মারছে,

আজকে এই আইনে তাদের গ্রেপ্তার করা হবে। এটা কিন্তু খুব সাধু প্রস্তাব এবং সমর্থনযোগ্য। অবশ্য আইন বলেই কোন আইনের মূল্য থাকে না। আইনটা যদি ঠিকমতো প্রয়োগ করা হয় তাহলে আইনের মূল্য হয়। যদি সাহসের সঙ্গে, দৃঢ়তার সঙ্গে এই আইনের প্রয়োগ করা হয় তাহলে সমাজের দিক থেকে অনেক উপকার হবে সন্দেহ নাই। কিন্তু মিসা আইনের সম্বন্ধে আমার আপত্তি আছে। কেন আপত্তি আছে সেটা আমি বলতে চাচ্ছি। পশ্চিমবঙ্গে মিসা আইন প্রয়োগের বিরোধীতা আমি করছি। মিসা আইন তৈরী করে গভর্ণমেণ্ট এখানে ক্ষমতা নিচ্ছে। কে সে ক্ষমতা প্রয়োগ করবে? আইনে আছে নীচের অফিসারদের সেই ক্ষমতা প্রয়োগ করবার অধিকার সরকার দিচ্ছে। সেই নীচের অফিসাররা কে? হয়তো সই করতে পারেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস. পি. পুলিস কমিশনার। পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্র দফতরে হয়তো সেটা আসতে পারে, তারা হয়তো পরীক্ষা করে দেখতে পারেন। একটা বোর্ড বা ট্রাইবুনালে তারা বিচার করে পরীক্ষা করে দেখতে পারেন কিন্তু আসল ক্ষমতা তাদের হাতে নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার দীর্ঘ অভিজ্ঞতা থেকে জানি আসল ক্ষমতা দেওয়া হয়েছে এমন নিম্ন-স্তরের কর্মচারীদের হাতে যারা হামেশাই এই আইনের অপপ্রয়োগ করে থাকেন।

[3-20—3-30 p.m.]

আমি আপনার সামনে এবং আপনার মারফৎ সদস্যদের সামনে এবং গভর্ণমেণ্টের সামনে কয়েকটি উদাহরণ দেবো কিন্তু সেই কয়েকটি উদাহরণ সময় সংক্ষেপের জন্য কয়েকটি মাত্র। অসংখ্য উদাহরণ আছে। এই আইনসভার সদস্যরা অনেকেই ব্যক্তিগতভাবে অনেক উদাহরণ সম্পর্কে ওয়াকিবহাল যে এই আইনের চূড়ান্ত অপপ্রয়োগ করা হয়েছে। কারণ এই আইন প্রয়োগ করে কারা? থানার দারোগারা। থানার দারোগাদের মধ্যে দু'চার জন ভাল লোক নেই একথা আমি বলতে চাইনা কিন্তু ইংরাজ আমল থেকে আজ পর্যন্ত দেখে আসছি যে সরকারী কর্মচারীদের মধ্যে সবচেয়ে বেশী ঘুষখোর, সব চেয়ে বেশী অত্যাচারী এবং কায়েমী স্বার্থের দালাল যদি কেউ থাকে তাহলে ঐ থানার দারোগারা। হয় বড়বাবু, মেজোবাবু, ছোটবাবু, না হয় বড়বাবুকে বাদ দিয়ে মেজোবাবু, সেজোবাবু, ছোটবাবু, না হয় মেজোবাবুকে বাদ দিয়ে বড়বাবু সেজোবাবু, ছোটবাবু। এই যে দারোগা এরা আশেপাশের সমস্ত কায়েমী স্বার্থের সঙ্গে জড়িয়ে থাকে। শুধু কায়েমী স্বার্থের সঙ্গেই যে জড়িয়ে থাকে তা নয়, অপরাধীদের সঙ্গেও জড়িয়ে থাকে। ডাকাতের দলের সঙ্গে, স্মাগলার দলের সঙ্গে, ওয়াগন ব্রেকার দলের সঙ্গে, এইরকম যে অপরাধী সেইরকম দলের সঙ্গে জড়িত থাকে। আর যারা বড় বড় মুনাফাখোর ব্যবসায়ী, যে মুনাফাখোরী, যে খাদ্যে ভেজাল মিশাচ্ছে, তাদের সঙ্গে জড়িত থাকে, বড় বড় জোতদার, মহাজন তাদের সঙ্গে জড়িত থাকে, বড় বড় শিল্পপতি তাদের সঙ্গে জড়িত থাকে এবং আইন যারা ভঙ্গ করে তাদের সঙ্গে জড়িত থাকে এরা। এবং তাদের প্রভাবে হয় ঘুষ খায়, না হয় খাতিরে ওরা আইন প্রয়োগ করে অনেক ক্ষেত্রে। বিশেষ করে আমাদের এই সমাজব্যবস্থায় যেখানে পুঁজিবাদ রয়েছে, জোতদারি প্রথা রয়েছে, মুনাফাবাজীর ব্যবস্থা রয়েছে, সমাজবাদ আমরা মুখে বলতে পারি কিন্তু সমাজবাদ আজও হয়নি, কবে হবে জানি না, তাহলে এই সমাজব্যবস্থার মধ্যে প্রভাবশালী লোক তারাই। এক রকম প্রভাবশালী লোক আছে যাদের পয়সা আছে, আর এক রকমের লোক আছে যাদের গুণ্ডামী করবার ক্ষমতা আছে, বড় রকমের দল আছে, তাদের অস্ত্রসস্ত্র আছে সঙ্গে সঙ্গে যাদের পয়সা আছে, এই লোকদের দ্বারা দারোগারা প্রভাবিত হয়। এবং এই যে মিসা আইনের ক্ষমতা পশ্চিমবঙ্গে নেওয়া হচ্ছে, এটা সর্বভারতীয় আইন, এটা আমরা নাও নিতে পারতাম। কিন্তু এই যে ক্ষমতা আমরা নিচ্ছি, নিয়ে আমরা কাদের হাতে দিচ্ছি, ওদের হাতে

দিচ্ছি এবং ওরা সেই মিসা আইন প্রয়োগ করছে এবং অনেক নিরপরাধ লোককে মিথ্যা অভিযোগে গ্রেপ্তার করে জেলখানায় রেখে দিচ্ছে বিনা বিচারে। তাই শুধু নয়, কায়েমী স্বার্থের বিরুদ্ধে যারাই আন্দোলন করে, লড়াই করে তাদেরকে সুযোগ পেলে তারা জেলখানায় বন্দী করে রাখে নানা অজুহাতে, নানারকম চার্জে। উপরে যে স্ক্রুটিনি করবার ব্যবস্থা আছে তাতে কি লাভ হবে বলতে পারেন? তলায় দারোগা যে কেশটা সাজালো, গোয়েন্দারা যে মিথ্যা একটা মার্ডার কেস, জালিয়াতি কেস, বা হেন-তেনর সঙ্গে যুক্ত আছে বলে দিলো এবং বিচার করবে কে? এমন কি যে জজরা বিচার করবেন সেখানে বলা আছে কোন উকিল দিতে পারবে না এবং সামান্য কিছু গ্রাউণ্ড দেওয়া হবে তার বেশী কিছু দেওয়া হবে না। কি সাক্ষী, কি সাবুদ, কি প্রমাণ আমিতো জানিনা এবং এর উত্তর দেওয়ার সুযোগ নেই, জেরা করার সুযোগ নেই, কিছুই নেই, কোন অধিকার নেই। সেই দারোগাবাবু একটা কেস সাজিয়ে দিলো, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট কি করবে। তার কাছে এলে সে এস. পি. কে জিজ্ঞাসা করলো, তার তলার অফিসার পাঠিয়েছে সে সই করে দিলো। হোম সেক্রেটারি কি করবে? তার কাছে সব এলো, তিনি কাগজগুলি, ফাইলগুলি একটু দেখলেন, সব দেখা অসম্ভব, শত শত হাজার হাজার আসছে, তিনি উপর উপর একটু দেখলেন। তারপর তদ্বির, আর একজন প্রভাবশালী লোক যদি তদ্বির করতে পারে তাহলে দোষী লোক ছাড়া পেয়ে গেল কিন্তু সে যদি তদ্বির করে ছাড়া পেযে গেল তাহলে উপরের লোকেরা তাকে ছাড়লেও ছাড়তে পারে, নাও পারে।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** যুক্তফ্রণ্টের আমলেও তাই হতো।

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** যুক্তফ্রণ্ট আমি জানিনা। বিচার—বিচার, অবিচার—অবিচার, ফ্রণ্ট হোক, ডিমোক্র্যাটিক কংগ্রেস কোয়ালিশন হোক, কংগ্রেসকে আমরা সমর্থন করি এবং শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় যার মুখ্যমন্ত্রী, যেই হোক। যে কোন গভর্ণমেণ্টই হউন, বিচার—বিচার, অবিচার—অবিচার। এই মেশিনারী যুক্তফ্রণ্টের আমলেও ছিল, কংগ্রেস আমলেও ছিল, বৃটিশ আমলেও ছিল, কংগ্রেস ডেমোক্রেটিক কোয়ালিশন আমলেও ছিল, আপনার আমলেও আছে। এই মেশিনারী যে করাপ্ট এবং অপ্রেসিভ সে বিষয়ে জনসাধারণের মতামত যদি নেন, তাহলে তাদের শতকরা ৯০ জনই বলবে যে এই মেশিনারী করাপ্ট এবং অপ্রেসিভ। এটাই বাস্তব। কোন ক্ষেত্রে বা কোন জায়গায় রিয়েল স্ক্রুটিনি হয়, আবার কোন জায়গায় হবার উপায় নাই। উপর মহলে যদি ফাইল নিয়ে লেখালিখি করেন, তাহলে হয়ত হয়, নাও হতে পারে। এই যে নাও হতে পারে সেইরকম একটা ঘটনা আমি আজকে বলব, মুখ্যমন্ত্রী সেটা দয়া করে নোট করবেন। আর সেইসঙ্গে আমি এই সাজেশনও দেব যে আমি এই মিসা আইনের বিরুদ্ধে। আমার মত যদি গৃহীত নাও হয়, এ্যামেণ্ডমেণ্ট যদি গৃহীত হয়, আমার মতে এই আইনের প্রয়োগ বন্ধ করুন আর সেটাও যদি গৃহীত না হয়, তাহলে আমি এই সাজেশন দেব যে ন্যায় বিচার যদি করতে চান তাহলে আপনাকে এ্যাডমিনিষ্ট্রেটিভ পরিবর্তন কিছু করতে হবে, এই সাজেশনই আমি আপনার কাছে রাখব। কেন, আমি দুই একটি উদাহরণ দিচ্ছি। আমার মেদিনীপুর জেলায় সি. পি. আই.-এর একজন নেতৃস্থানীয় কর্মী, তার অপরাধ যে তার জন্ম ক্ষেত মজুরের বাড়ীতে, নিজেও ক্ষেত মজুর, শুধু তাই নয় সে একজন আদিবাসী, নাম পুলিন সিং, ডেবড়া থানায় বাড়ী। তাকে ডেবড়া থানার দারোগা মিসা আইনে গ্রেপ্তার করল, কখন? যখন ডেবরা থানার দারোগার কাছে সে নালিশ করতে এসেছিল এই মর্মে যে সেখানকার জোতদার কৃষকের উপর অবর্ণনীয় অত্যাচার করছে, তখন তাকে এ্যারেষ্ট করল, মিসা আইনে

তাকে ঢুকিয়ে দিল। ওখানে অনেক বড় বড় জোতদার আছে। এই যে নকশাল ছেলেরা কিছু সময়ের জন্য হলেও গরীব মানুষের ব্যাপক সমর্থন পেয়েছিল তার কারণ হচ্ছে এই অপ্রেশন। আমি যুক্তফ্রন্টকেও বাদ দিচ্ছিনা। এই যে জঘন্য অত্যাচারের রাজত্ব জঙ্গলের রাজত্ব চলেছে আমাদের দেশে, তার কি কেউ খবর রাখে। আমাদের দেশের খবরের কাগজ কি করে? আমি বললাম, চার লাইন বেরুল, আপনি বললেন,তো আট লাইন বেরুল, কি কোন বড়লোকের বাড়ীতে বিয়ে হলে অনেকে তারজন্য লিখবে কিংবা কোন পার্টি দেওয়া হল সেটা বিরাট করে লিখবে। কিন্তু কোন্ খবরের কাগজ কি দিয়েছে, আমি জানিনা, সুদূর পল্লীগ্রামে চাষী এবং ক্ষেতমজুরদের উপর কি অত্যাচার চলেছে, কি অন্যায় চলেছে। তার রিপোর্ট কি তারা দেয়? সেই রিপোর্ট বার হয় না, এই হচ্ছে আমাদের দেশের বুর্জোয়া সমাজব্যবস্থা। এইসব কিছু খবর নয়, নিউজ নয়। যদি কোন চাষীকে লাঠি পেটা করা হয়, কি তার বাড়ীতে গিয়ে তার বৌটাকে লুঠ করে নেয়, কি জমি কেড়ে নেয় তাহলে সেটা খবর হয় না, তার ঘর পুড়িয়ে দিলে সেটা খবর হয় না, ফলে দুনিয়ার কেউ সে খবর জানতে পারেনা, সেখানে কি অন্যায় কি অত্যাচার হচ্ছে। একমাত্র খবর হয় তখনি যদি সেখানে সংঘটিত হয়ে কোনরকম গোলমাল হয়, দুনিয়ার লোকের দৃষ্টি আকৃষ্ট হয়, তবেই তাদের দৃষ্টি আকৃষ্ট হয়। তা না হলে হয় না। এই পুলিন সিং কমিউনিষ্ট পার্টির শুধু মেম্বার নয়, লোকাল কমিটির নির্বাচিত মেম্বার। যখন সেখানে নকশাল উপদ্রব হয়, সেইসময় নকশালদের বিরুদ্ধে নকশাল আন্দোলনের বিরুদ্ধে ২০।২২ হাজার লোককে জমায়েত করেছে, আদিবাসী সম্মেলন নাম দিয়ে জমায়েত করেছে, সেখানে আমরা নেতৃস্থানীয় ব্যক্তিরা বক্তৃতা করেছি, সেও বলেছে এ পথ নয়, এই জোতদারের গলা কেটে দিলেই জোতদারের শোষণ চলে যায় না। জোতদারের ছেলে জোতদার হয়। এই সন্ত্রাসের বিরুদ্ধে সে ক্যাম্পেন করেছে এবং সেখানে পপুলার লীডার নকশালদের কোণঠাসা করেছে। সেখানে এটা দেখা গিয়েছে আজ যারা নকশাল কাল তারা সি. পি. এম. আবার আজ যারা সি. পি. এম. কাল তারা নকশাল হয়ে দাঁড়ায়, সি. পি. এম.-এর এই অপোর্চুনিজম্ সুবিধাবাদ বহু জায়গায় দেখা গিয়েছে। এক দিকে তারা চাষীকে ক্ষেপিয়েছে, ক্ষেতমজুরকে বলেছে লুঠ করে নাও। কিন্তু বড় বড় জোতদারদের বিরুদ্ধে যখন সংঘটিত আন্দোলন আমরা করি, অন্য দল না থাকলে এই সি. পি. এম-ই জোতদারদের প্রটেকশনে দাঁড়ায়।

[3-30—3-40 p.m.]

জোতদার দুর্গা ভট্টাচার্য্যের কয়েকশত বিঘা উদ্বৃত্ত জমি চাষীরা উদ্ধার করেছে। সে থানার পুলিশকে হাত করল তারপর সি. পি. এম-এ গেল ১৯৬৯-৭০ সালে। সি. পি. এম. এবং তারা সকলে মিলে দারোগাকে প্রভাবান্বিত করল একে গ্রেপ্তার করা হোক। গত নির্বাচনে সেখানে কংগ্রেস প্রার্থী জয়ী হয়েছে। সেখানে সি. পি. এম. প্রতিদ্বন্দিতা করেছিল এবং এই জোতদাররা সেখানে সি. পি. এম.-কে প্রকাশ্যে সমর্থন করেছে তাদের ক্যাণ্ডিডেটকে জেতাবার জন্য। আমরা কমিউনিষ্ট পার্টি থেকে সেখানে সি. পি. এম-কে হারাবার জন্য এবং কংগ্রেসকে জেতাবার জন্য প্রাণপন চেষ্টা করেছি। আমরা এই যে চেষ্টা করেছি সেটা যে শুধু কংগ্রেসের সঙ্গে আমাদের এ্যালায়েন্স ছিল সেই কারণে নয়, আমরা স্বার্থান্বিত ছিলাম এই কারণে যে, ওখানকার গরীব কৃষকদের উপর জোতদারদের অত্যাচার সমর্থন করে যে সি. পি. এম. এবং ওখানকার কংগ্রেস প্রার্থী রবীন বেরাকে হারিয়ে দেবার জন্য জোতদার এবং সি. পি. এম যে ষড়যন্ত্র করেছে সেটা আমরা কিছুতেই হতে দেব না। আমি সেখানে গিয়ে নিজে ক্যাম্পেন করেছি এবং বলেছি যে সি. পি. এম. যেন জিততে না পারে, কংগ্রেস প্রার্থীকে জেতাতেই হবে। সেখানে সি. পি. এম এবং দারোগার সঙ্গে জোতদারদের

ভয়ানক যোগাযোগ এবং ১৯৬৯ সাল থেকে সেখানকার কয়েকটি দারোগা জোতদার এ সি. পি. এম-এর অনুরক্ত। একদিকে তারা নক্সালিজম এ্যালাউ করছে—বেড়ে যাও, বেড়ে যাও বেড়ে যাও, তারপর নকশাল দমনের নাম করে প্রচুর অত্যাচার করেছে এই সি. পি. এম. ও জোতদারদের যোগসাজসে। পুলিন সিংহকে তারা মিসায় গ্রেপ্তার করে রেখেছে। আমাদে আর একটি পার্টি মেম্বার যিনি পুলিন সিংহের মত নেতৃস্থানীয় নয় বরুন বেরা, তাঁকেও গ্রেপ্তা করা হয়েছে। আমি এই কেস নিয়ে, এতবড় অবিচার নিয়ে এস. পি. ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে বলেছি, বুঝিয়েছি যে মিথ্যা মার্ডারে জড়িয়ে এইসব করা হচ্ছে। তারপর আমি রাজ্যপা ডায়াসকে লিখিতভাবে বলেছি। আমার জেলার পার্টি সম্পাদক যিনি আন্দামানে ছিলেন বৃটি আমলে, তিনি আমাদের পার্টির একজন নেতৃস্থানীয় কর্মী, আমাদের রাজ্য পরিষদের কার্যকর সমিতির সদস্য কামাখ্যা ঘোষ তিনি নিজে বলেছেন, আণ্ডারটেকিং দিয়েছেন। তিনি প্রথে বলেছেন যে, সম্পূর্ণ মিথ্যা কারণে গ্রেপ্তার করা হয়েছে, এ নকশাল নয়, হতে পারেনা এবং হবে না আমি আণ্ডারটেকিং দিচ্ছি। আমি বিশ্বনাথ মুখার্জি নিজে গিয়ে গভর্ণরকে বলেছি অন্তত এরকম কেস অবজ্ঞা করবেন না। গভর্ণর বলেছেন ডিষ্ট্রিক্টে পাঠিয়েছি, ডিষ্ট্রিক্ট বলছে গভর্ণরকে পাঠিয়েছি। কিন্তু আমরা দেখছি কিছুই হচ্ছেনা এবং আজ পর্যন্ত তার মুক্তি হোল না। তাকে দমদমে নিয়ে গিয়েছিল এবং সেখান থেকে আবার মেদিনীপুরে নিয়ে গেছে। এটা কি? কৃষক আন্দোলন দমন করবার জন্য মিসা প্রয়োগ হবে? যে জোতদাররা জমি চুরি করে রেখেছে সেক্ষেত্রে আমি দেখতে চাই ডেবরার দারোগা ওই জোতদারদের গ্রেপ্তার করেন কিনা আরও কয়েকজন বড় বড় জোতদার আছে, যেমন ভোলা ভট্টাচার্য্য, কালিপদ কাটারি সতীশ সামন্ত। এঁদের সব লোক-লস্কর রয়েছে এবং আজকাল তাদের একটা সুবিধা হয়েছে রাজনৈতিক দলের আশ্রয় নেওয়া। ১৯৬৯ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত তারা ছিল সি. পি. এম.-এর সঙ্গে এবং তারপর এই মাসখানেকও হয় নি সি. পি. এম. যেই হেরে গেল তখন নব কংগ্রেসে গিয়ে বলছে আমাদের আশ্রয় দাও। অর্থাৎ দেখা যাচ্ছে সুযোগ বুঝে একদল থেকে আর একদলে যাচ্ছে এবং সবসময় পুলিশকে ঘুষ দিয়ে প্রভাবান্বিত করে নিজেদের হাতে রাখছে। এইভাবেই মিসা আইনের অপপ্রয়োগ হয়। কে প্রয়োগ করবে? আমি বিশ্বনাথ মুখার্জি আকাশ পাতাল তোলপাড় করে এই নিরীহ রাজনৈতিক কর্মীকে মুক্ত করতে পারিনি। এই অবস্থা যদি হয় তাহলে কে মুক্ত করবে, কে মুক্ত হবে? দলীয় প্রভাবে মুক্ত হবে? আমি আর একটা উদাহরণ দিচ্ছি। একজন মস্তবড় স্মাগলার, যে স্মাগলিং করে লক্ষ লক্ষ টাকা করেছে, যে স্মাগলিং-এ একজন রিং লিডার তার এতবড় স্পর্ধা যে, তার স্মাগলিং-এর বিরুদ্ধে স্থানীয় জনসাধারণ আন্দোলন করবার জন্য আমাদের কমিউনিষ্ট পার্টির একজন নেতাকে রেল থেকে নামিয়ে মার্ডার করবার চেষ্টা করেছিল। তৎকালীন মুখ্যমন্ত্রী যিনি এই আইনসভায় বসে আছেন তাঁকে বলার পর তিনি তাকে গ্রেপ্তার করেছিলেন। কিন্তু তাকে রাখতে পেরেছেন কি? সেই মুনাফাখোর, সেই স্মাগলারটাকে রাখতে পেরেছেন? সঙ্গে সঙ্গে সে খালাস পেয়ে গেছে—মিসা থেকে ছাড়া পেয়ে গেছে। এই হচ্ছে আমাদের যন্ত্র। কারা এই মিসা আইন প্রয়োগ করেন? আপনি করেন? আপনি করেন না—মুখ্যমন্ত্রী ক'টা কেস করেন—একটা কেস আমি মুখ্যমন্ত্রীকে দিয়ে করিয়েছিলাম, রাখতে পেরেছিলেন ঐ মুখ্যমন্ত্রী? রাখতে পেরেছেন তারপর ডায়াস? তাকে তাঁরা রাখতে পারেন নি। সে খালাস হয়ে গেছে, এবং সে ব্যবসা মেরিলি চালিয়েছে এবং সে থ্রেটেনড করছে—আমি ওখানদিয়ে পাশ করি,আমার জীবন বিপন্ন হতে পারে। সুতরাং এই বিধানসভায় যে বক্তৃতা করছি যদিও নাম বলিনি তবুও এটা রিপোর্টেড হবে এবং সুযোগ পেলে আমাকেও মার্ডার করবে। এইরকম ধরনের লোক আছে, মিসা আইনে কতজনকে তাদের মধ্যে গ্রেপ্তার করা হয়েছে? আমি আর একটা উদাহরণ

দেবো—কি রকম এই পুলিশ রিপোর্ট? আমাদের বীরভূম জেলায় নারায়ণ ভাণ্ডারী বলে একজন জেলা কমিটির স্থানীয় সদস্য ছিলেন বোলপুর থানায়। ওখানে যখন নকশালদের উপদ্রব হয়, নিজের গ্রামের এবং আশপাশের গ্রামের ছেলেদের তিনি ঘুরিয়ে আনবার জন্য চেষ্টা করেছিলেন এই বলে যে এর ভেতর দিয়ে কিছু হয় না, বিপ্লব হয় না, এর ভেতর দিয়ে গরীবের দুঃখ দূর হয় না, এর ভেতর দিয়ে মুক্তি আসে না। তিনি আমাদের ওখানকার সদস্য হিসাবে মাননীয়া গীতা মুখার্জীর কাছে সেইসমস্ত ঘটনা রিপোর্ট করেন। গীতা মুখার্জী তাঁকে কোলকাতায় চলে আসতে বলেন দেখা করার জন্য। তিনি যখন আসছেন, নদী পার হওয়ার সময় একদল ডাকাত সেখানকার অত্যন্ত কুখ্যাত জোতদারের সঙ্গে মিলে তাঁকে মার্ডার করেন। দারুনভাবে আহত হবার ফলে তাঁকে বর্দ্ধমানের হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং সেখানে তিনি মারা যান। সেই কেস নিয়ে এক বছর হল আমি তোলপাড় করেছি কিন্তু কিছু করতে পারিনি। এতদিন পরে গভর্ণারের কাছে যে নালিশ করেছিলাম তার ফলে গভর্ণরের ডেপুটি সেক্রেটারী না জয়েন্ট সেক্রেটারী ঠিক মনে নেই তিনি আমার আছে একটা চিঠি পাঠিয়েছেন যে ঐ নারায়ণ ভাণ্ডারী নকশাল, তাঁর মৃত্যুর সম্বন্ধে তদন্ত হচ্ছে। তদন্ত কতটুকু হবে তা জানি না কিন্তু ইতিমধ্যে সে নকশাল হয়ে গেল? অর্থাৎ আপনাদের রিপোর্ট হয়ে গেল যে নারায়ণ ভাণ্ডারী একজন নকশাল। অথচ আমি জানি ঐ বোলপুরের পুলিশ কি জঘন্যভাবে, নির্লজ্জ ভাবে জোতদারদের দালালি করেছে। ১৯৭০ সালে রাষ্ট্রপতির শাসন চালু হবার সঙ্গে সঙ্গে ওখানকার একজন বড় জোতদার তিনি আমাদের একজন গরীব যুবক ক্ষেতমজুর—নাম কমল মাল—যেহেতু তার স্পর্দা হয়েছিল সে ওখানে যে সারপ্লাস ল্যাণ্ড, বাড়তি জমি, লুকিয়ে রাখা জমি ধরার আন্দোলন সুরু করেছিল। স্যার, এই প্রসঙ্গে আমি সেখানকার সামাজিক অবস্থার কথা একটু বলছি। সেই ঘোষদের ছেলেরা, যাদের ৫০০ বিঘা জমি তাদের বাড়ীর পাশে, তারা এই গরীবের বাড়ীর মেয়েদের ধরে নিয়ে এসে চাবকাতো সকলের সামনে। কোন পুরুষ মানুষ সাহস করে প্রতিবাদ করতে পারতো না। তাদের খাস পুকুর গভর্ণমেণ্টে ভেষ্ট হয়েছে এবং গভর্ণমেণ্টে ভেষ্টেড হবার পর সেই পুকুরে গরীব মালেরা, গরীব ক্ষেতমজুর আদিবাসীরা ছাকনি জাল দিয়ে মাছ ধরছিল। তাদের ছেলেরা চাবুক নিয়ে বেরিয়ে এল। কিন্তু জমানাটা একটু বদলেছে, এটা আশার কথা। আপনাদের আইনের দৌলতে নয়, পুলিশের দৌলতে নয়, জনগণ যে খানিকটা জেগেছে, সঙ্ঘবদ্ধ হয়েছে সেটা প্রমাণ হল। সেখানে যুবকরা বেরিয়ে এসে বললে যে আমাদের মেয়েদের চাবকাবে সকলের সামনে সে যুগ পালটেছে। তখন সে দৌড়ে ফিরে গেল তাদের ঘরে। তারপরে জানলা দিয়ে বন্দুক বার করে গুলি করে আমাদের কমল মালকে মেরে ফেললো। সেই কমল মাল ওয়াজ কিল্ড। সেই নিয়ে আমি আকাশ পাতাল তোলপাড় করেছি কিন্তু সে দায়রায় পর্য্যন্ত সোপর্দ হল না, খালাস পেয়ে গেল। কোন্ পুলিশের জন্য। তারপরে সেই পুলিশ আবার সেখানকার সেই জোতদারদের উদ্বৃত্ত জমিতে যে চাষারা চাষ করেছে তাদের গ্রেপ্তার করেছে, তাদের মেরেছে এবং তাদের যে লিডার—আমাদের বোলপুরের একজন মধ্যবিত্ত বন্ধু তাকে পর্য্যন্ত মারা হয়েছে, তার কোন বিচার আজ পর্য্যন্ত হয় নি। এই হচ্ছে আপনাদের পুলিশ মেশিনারী। সেই জায়গায় পুলিশের রিপোর্ট হল তারা নকশাল। যেহেতু আমাদের ডিষ্ট্রিক্ট কমিটির মেম্বার, যেহেতু সে গরীবের আন্দোলন করে, যেহেতু যে ছেলেগুলি নকশাল হয়ে গেছে নিজের গ্রামে এবং আশপাশের গ্রামের তাদের ঘুরিয়ে আনবার চেষ্টা করছে সে নিজেই হয়ে গেল নকশাল। তাকে মেরে ফেললো, ডাকাতরা তাকে খুন করলো। জোতদাররা যদি তাকে না মেরে ফেলতো আমার মনে হয় নকশাল বলে তাকে মিসা আইনে ধরে রাখা হোত। সুতরাং এই আইনের প্রয়োগ কাদের মারফৎ হয—তারা যেহেতু করাপটেড, তারা যেহেতু ভেষ্টেড ইণ্টারেষ্টের চাকর এবং তারা যেহেতু দারুণ ঘুসখোর সেইজন্য এই আইন কখনও

সুপ্রয়োগ হতে পারে না। চিফ মিনিষ্টার যতই প্রতিশ্রুতি দিন আমি বিশ্বাস করি না এই আইন কখনও সুপ্রয়োগ হতে পারে, সেইজন্য এই আইনের আমি বিরোধিতা করেছি।

[3-40 – 3-50 p.m. ]

তবু যদি এই আইন আপনি রাখতে চান, প্রয়োগ করতে চান, আমার বিরোধিতা অগ্রাহ্য করেন, যে সংশোধনী আপনি এনেছেন তাতে আমার কোন আপত্তি নেই। এতদিন পর্যন্ত সাধারণ মানুষের বিরুদ্ধে এর প্রয়োগ হচ্ছিল। আজও যদি এই আইন আমাদের বিরুদ্ধে প্রয়োগ হয় ভাল। তবে একটা suggestion আমি হাউসের সামনে রাখছি, মুখ্যমন্ত্রী মহাশয় এটা নোট করবেন। যদি এই আইন রাখেন, এর প্রয়োগ বন্ধ না করেন, তাহলে এ সম্বন্ধে একটা safeguard আমাদের দিন। এই safeguard জজ দিয়ে কোন কমিটি করে নয়। তাদের কাছে কেবল ফাইল, তাদের কাছে কেবল document আমি চাই এই safeguard হবে জেলা স্তরে। গভর্ণমেন্টের পক্ষ থেকে এই "মিসা" আইন প্রয়োগের জন্য, কেসগুলি scrutiny করবার জন্য আপনি প্রত্যেক জেলায় একটি কমিটি করে দিন। কোন Additional District Magistrateকে বা কোন Senior Deputy Collectorকে তার চেয়ারম্যান করে দিন। আর তাতে দু-চারজন এম. এল. এ. বা রাজনৈতিক দলের প্রতিনিধি সেই scrutiny কমিটিতে নিন। আপনারা মিসা আইনে কাউকে arrest করলেন, arrest করবার পরে S. P. must be responsible এই ব্যাপারে। কমিটির কাছে S P.কে বলতে হবে, এই কারণে তাকে ধরেছি। S. P. তুমি বলো তোমার কাছে কি প্রমাণ আছে, কি সাক্ষ্য আছে, কি document আছে, বলো যার জন্য একে 'মিসা' আইনে ধরা হয়েছে। বিদেশী যারা C. I. A.-র দালাল, যারা বৈদেশিক সাম্রাজ্যবাদের দালাল তাদের যদি ধরেন, তাদের কেসের কথা বলছি না, যারা আভ্যন্তরীন ব্যাপারে জড়িত, পশ্চিমবঙ্গের সাধারণ নাগরিক C. I. A.-র দালাল নয়, বিদেশীর সঙ্গে যুক্ত নয়, নিজেরা বিদেশী নয়, এইরকম সাধারণ মানুষ যারা, তাদের বিরুদ্ধে যখন মিসা প্রয়োগ করবেন, তখন সেটাকে scrutiny করবার জন্য ডিষ্ট্রিক্ট লেভেলে একটা ব্যবস্থা রাখুন। তারপর দরকার হলে উপরে বিচার বিবেচনার জন্য পাঠাবেন।

আমি এই সংশোধনের পক্ষে বটে, কিন্তু সম্পূর্ণ আইন প্রয়োগের বিরুদ্ধেও বটে। কারণ এই প্রশাসন যন্ত্র কি করে, এই প্রশাসন যন্ত্র যে সুবিচার করে না, তা আমাদের জানা আছে। হাজার লোক ধরলেও দেখা যাবে যে, তার মধ্যে হয়ত দেড়শোজন অপরাধী। এইতো ব্যাপার।

আমাদের রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জী এখানে বসে আছেন, তিনি এটা ভাল করে জানেন মিসা হচ্ছে টাকার ব্যাপার। কত টাকা দেবে? হাজার? দু-হাজার? পাচ হাজার? যে টাকা দিতে পারলেন সে ছাড়া পেল। এই ব্যবস্থা আমাদের দেশে আছে। কাজেই আমি এই মিসা আইন প্রয়োগের বিপক্ষে। আমাদের মতকে আপনি অগ্রাহ্য করতে পারেন। তবে মিসা সংশোধনের পক্ষে। আমি মুখ্যমন্ত্রীর কাছে suggestion রাখছি প্রত্যেক জেলাস্তরে যেন একটা scrutiny কমিটি করেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কুমার দীপ্তি সেনগুপ্ত :—** মাননীয় স্পীকার, স্যার, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য এই আইন হলো একটা বলিষ্ঠ পদক্ষেপ। বর্তমান প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের মানুষ বিপুল সংখ্যাগরিষ্ঠ করে আমাদের এখানে পাঠিয়েছে। আজকে সেই মানুষ যাদের বিশ্বাস অর্জন করেছি, তাঁরা দু'হাত তুলে আমাদের আশীর্বাদ করবেন। পশ্চিমবাংলা আজ ২৫ বছর ধরে যখন যুক্ত বাংলা ছিল, সেই আমল থেকে এই দাবী জনগণের মধ্য থেকে উচ্চারিত হয়েছিল। যাঁরা নিরন্নকে অন্ন দেয়নি, বুভুক্ষু মানুষের ক্ষুধা নিবৃত্তি করতে পারেনি,

কেবল নিজেদের সম্পত্তি বাড়িয়ে বাড়িয়ে আরো বড়লোক হতে চান, তাঁদের এখন কোন আইনের আওতার মধ্যে আনতে হবে, যাতে গরীবের উপকার হয়, নিরন্ন-অন্ন পায়, বুভুক্ষু খেয়ে-পরে বাঁচে। একথা ঠিক, খাদ্য দিতে হবে সরকারকে, নেবার অধিকার আছে আমাদের সাধারণ মানুষের। পশ্চিমবঙ্গের মানুষ খেতে পারবে না, আর আমরা এসেম্বলীর এই ঠাণ্ডা ঘরে থাকবো, কার্পেটের উপর দিয়ে চলবো, এরকম অবস্থা চলতে পারে না, সেখানে শান্তি-শৃঙ্খলা ও পাবলিক অর্ডার কোনদিন বজায় থাকতে পারে না। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি গ্রামবাংলার মানুষের পক্ষ থেকে যে, এমন আইন তিনি এনেছেন, যে আইন রেগুলেশনারী লিগালিটি হিসাবে স্বর্ণাক্ষরে লিখিত থাকবে। আজকের দিনে এই আইনের বিরুদ্ধে যে প্রশ্নটি এসেছে সেটা বিনাবিচারে আটক। কার জন্য বিচার, কিসের বিচার, এদের সামাজিক ন্যায় বিচার হবে না, যারা আমাদের মানুষকে শুকিয়ে মারছে, যারা পশ্চিমবঙ্গকে শ্মশানে পরিণত করেছে তাদের বিচার পাবার কোন অধিকার নেই। এটা হল সামাজিক ন্যায়বিচার এবং সেই বিচার আমরা করতে বসেছি। এই সম্বন্ধে সাবভারসন-এর পক্ষে পাবলিক অর্ডার সমন্বয়ে আমি দু-একটি কথা বলব·····

"Subversion is in modern times a part of secret well-organised endeavour to capture Government and Government power without an actual civil war or armed conflict. To guard against subversion therefore is a State duty and a public duty. It necessarily involves as a consequence curtailment of civil liberties. But that curtailment is the inevitable price which has to be paid for protection against subversion. Those who subvert are themselves loudest in advocating civil liberties of the citizens."

সুতরাং আমরা দেখেছি পৃথিবীতে বহু আইন তৈরী হয়েছে, মডার্ন আইন বলতে কমিউনিষ্ট দেশের আইনকে বলে, যাদের বয়স খুব বেশী নয় ১৯১৭ সাল থেকে ১৯২২ সালের মধ্যে। সেখানে যে স্যোসালিষ্ট লিগালিটি বা কমিউনিষ্ট লিগালিটির কথা আমরা চিন্তা করছি, আজ আমি পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে এই এ্যাসেম্বলির একজন মেম্বার হিসাবে গর্ববোধ করছি এই ভেবে যে সমস্ত প্রগতিশীল রাষ্ট্র আছে তাদের দেশেও এর চেয়ে প্রগতিশীল আইন নেই। সুতরাং আজকে পশ্চিমবঙ্গের একটি ঐতিহাসিক দিন। একটা আনন্দের দিন। প্রেসের মাধ্যমে কিম্বা অল ইণ্ডিয়া রেডিওর মাধ্যমে এই খবর আগামীকাল প্রচার হয়ে যাবে কিম্বা আজকে প্রচারিত হবে। তখন আমরা জানি সেখানে গ্রামবাংলার হাজার হাজার মানুষ, লক্ষ লক্ষ মানুষ দু'হাত তুলে আশীর্বাদ করবে এই জনপ্রিয় সরকারকে। আজ এতদিনে রবীন্দ্রনাথের সেই কবিতা মনে পড়ছে, "ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্ন-পান"। উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হল। শিল্প সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে চাই না, তার কারণ শিল্প সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন কোথায় কোন অসুবিধা সম্বন্ধে শিল্পপতিরা আমাদের যে সমস্ত লেবার আছে তাদের উপর কিভাবে অত্যাচার এবং উৎপীড়ন চালিয়ে যাচ্ছে। আজকে তখন এইটা চিন্তা করতে হবে যে, আমরা বেঁচে থাকব নিজেদের জন্য নয় আমাদের বাঁচতে হবে সকলের জন্য। আজকে আমি মুখ্যমন্ত্রীর কাছে একটা সাজেশান হিসাবে বক্তব্য রাখতে চাই, গতকাল এবং পরশু তারিখের যুগান্তর কাগজে দেখেছিলাম যে, সি. এম. ডি. এ.-এর কাজের জন্য পানিহাটীতে যে সিমেন্ট নিয়ে আসা হয়েছে সেই সিমেন্টে পাওয়া গিয়েছে গঙ্গা মৃত্তিকা। আমি খবরের কাগজে দেখেছিলাম বর্ধমানের ১ লক্ষ টাকা খরচ করে যে বাড়ী তৈরী করা হয়েছিল সে বাড়ী পড়ে গিয়েছে। যে সমস্ত রাস্তা ঘাট, বাড়ী আমাদের এই গরীবের ট্যাক্স দ্বারা তৈরী হয়, যে সমস্ত অফিসার এখানে ফিট

সার্টিফিকেট দেন, যারা এইরকম চোরাই কার্য্যে সাহায্য করেন তাদেরকেও এই আইনের আওতার মধ্যে আনা যায় কি না সে সম্বন্ধে চিন্তা করতে হবে। কো-অপারেটিভ ডিপার্টমেন্ট, পশ্চিমবঙ্গের কো-অপারেটিভ মুভমেন্টের জন্য যেটা রয়েছে সেটা হচ্ছে সম্পূর্ণ অসার। এইটা আছে কি না বোঝা যায় না। কতিপয় লোক কতকগুলি সোসাইটি তৈরী করে নিজেদের আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব নিয়ে সেখান থেকে টাকা নেয় এবং সেই টাকা কোন কাজে লাগে না, আত্মসাৎ করা হয়। সুতরাং আমাদের মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন, তিনি অনুগ্রহ করে দেখবেন এইসমস্ত লোক এইসমস্ত সরকারী কর্মচারী, এইসমস্ত অসাধু ব্যবসায়ী তাদেরকে এর আওতার মধ্যে আনা যায় কি—যায় না। আজকে যখন আমরা আমাদের কন্সটিটিউএনসিতে যাব তখন আমরা যে প্রতিশ্রুতি দিয়ে এসেছিলাম দেখ আমরা আর কিছু করতে পারি না পারি তোমাদের পাশে এসে দাঁড়াব।

[ 3 50—4-00 p.m. ]

যে ব্যবস্থা গ্রহণ করা হল যে সমস্ত আইন, ভূমি সংস্কার আইন আমাদের দেশে আনা হয়েছে সেই আইনগুলি মোটামুটি কাগজের মধ্যে খানিকটা লিপিবদ্ধ ছিল, খুব বেশী কার্যকরী হয় নি। আজকে যে আইন আমরা এখানে প্রণয়ন করতে চলেছি, সেই আইনের মাধ্যমে যে সমস্ত ভূমি সংস্কার আইন আমাদের দেশে হয়েছে, সেইসমস্ত যেভাবে কার্যকরী হবে তাতে আমাদের দুস্থ মানুষের উপকার হবে। বার্মাতে এই ধরনের প্রশ্ন উঠেছিল, সেখানে যখন Land reforms-এর কথা উঠে, তখন Burmese Prime Minister, তৎকালীন Prime Minister, General Newin, তিনি বলেছিলেন,"The right to acquire property is subject to law, public order and morality.' সুতরাং আমরা দেখেছি যে এই public order-এর উপর নির্ভর করে, moral Justic-এর উপর নির্ভর করে আমাদের Constitution-এর উপর আনুগত্য রাখা।Contitutions-এ বলা হয়েছে Justic equility, liberty and farternity এখানে আরো অনেক কিছু আছে কাজেই Justice যদি করতে হয়, বিচার যদি করতে হয়, সুবিচার, ন্যায়বিচার করতে হয়, সেই ন্যায়বিচার কতকগুলি বড়লোকের জন্য নয়, সেই ন্যায়বিচার আসবে হাজার হাজার, লক্ষ লক্ষ কৃষক যারা পশ্চিমবঙ্গের মাঠে ঘাটে ঘুরে বেড়াচ্ছে ২ কাঠা জমির জন্য, সেইজমি তারা পাচ্ছে না। জোতদারদের চক্রান্তে, আত্মীয়-স্বজনদের পোষণের জন্য। সেইজমি উদ্ধারের ব্যবস্থা আজকে যা হল তারজন্য আমাদের মুখ্যমন্ত্রীকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিল সমর্থন করে শেষ করার আগে দু'একটি কথা বলবো, যে এই বিল যখন আমরা এনেছি, এবং তা হয়ত কিছুক্ষণের মধ্যে গৃহীত হবে, এই বিল একটা revolutionary ligality হিসাবে ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিত থাকবে।

**শ্রীকৃষ্ণ কুমার শুক্লা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা পশ্চিমবঙ্গীয় সংশোধনী বিধেয়ক ১৯৭২ যে ভাবে উপস্থিত করলেন আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। আমি তাকে অভিনন্দন জানাচ্ছি কেন, যে পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষের পক্ষে আজকে বিধানসভায় তিনি বলেছেন, যারা অন্য মানুষকে প্রতারণা করছে, যারা এতদিন সমাজজীবনে নিজেদের স্বার্থে ব্যবহার করে এসেছেন তাদের গুণ্ডাশ্রেণী বলা হবে। সম্ভবতঃ এই প্রথম যে পশ্চিমবঙ্গের বিধানসভায় তাদের গুণ্ডা নামে অভিহিত করা হচ্ছে। যারা এতদিন টাকার জোরে সমাজের বুকে জগদ্দল পাথরের মত আঁকড়ে বসেছিলেন তাদের তিনি এই নামে অভিহিত করেছেন, চিহ্নিত করেছেন, সেজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে এই সংশোধনীর মারফৎ একটা বলিষ্ঠ পদক্ষেপ নেবার সদিচ্ছা তিনি প্রকাশ করেছেন। তিনি পশ্চিমবঙ্গের মানুষের কাছে বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এই আশ্বাস রেখেছেন যারা এতদিন জমি চুরি করে, জমি ভোগদখল করে, নানা দিক থেকে জমি নিজের কাজে লাগিয়ে

এবং তাদের প্রাপ্য অংশ তারা এতদিন শোষণ করে এসেছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন। পশ্চিমবঙ্গ সরকার, শিল্পাঞ্চলে যারা এতদিন শ্রমিকদের নানা দিক থেকে ফাঁকি দিয়েছেন, Provident Fund এর টাকা জমা দেননি, জমা দেননি E.S.I. এর টাকা, তাদের গুণ্ডানামে অভিহিত করা হবে। তাদের বিরুদ্ধে Maintenance of Internal Security Act ব্যবহার করা হবে, তাদের গ্রেপ্তার করা হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে আপনার মাধ্যমে আমি আবেদন রাখতে চাই, আইন যেভাবে এসেছে, এই আইন দিয়ে যে উদ্দেশ্য এবং যে হেতুর বিবরণ এখানে দেওয়া হয়েছে সেই উদ্দেশ্য এবং সেই হেতু সার্থক হবে কিনা আমার যথেষ্ট সন্দেহ আছে। আমার যথেষ্ট সন্দেহ আছে এইজন্য যে হেতুর জন্য এটাপ্রয়োগ করা। Providend fund এবং ESI এর টাকা একজন শিল্পপতি, একটা শিল্পগোষ্ঠী, লক্ষ লক্ষ টাকা তছরূপ করছে। লক্ষ লক্ষ টাকা আদায় করে নিচ্ছে এবং সেই টাকা সরকারের কাছে জমা দেয়না, নিজেদের কার্যে ব্যবহার করছে, তাদের বিরুদ্ধে MISA প্রয়োগ করা হবে, তাদের গ্রেপ্তার করা হবে, অত্যন্ত বলিষ্ঠ, অত্যন্ত ভাল কথা। কিন্তু তারপরে, গ্রেপ্তার করার পরে, তার পরের কথা এই আইনে বলা নেই। এই সংশোধনীতে বলা নেই। বলা নেই যে এই টাকা ফাঁকি দেবে যে শিল্পপতি, ফাঁকি দিয়ে বেরিয়ে যাবে যে, তাকে শুধু গ্রেপ্তার করবো না সাধারণ শ্রমিকদের টাকা যে মেরেছে ESI এর টাকা যে মেরেছে তার শিল্পকে বাজেয়াপ্ত করে দেবো এবং শ্রমিকদের সেটা পাইয়ে দেবো। এইকথা যতক্ষণ পর্যন্ত পরিষ্কারভাবে বলা হচ্ছে না ততক্ষণ পর্যন্ত এই আইন দিয়ে যে হেতু এবং যে বিবরণ দেওয়া হয়েছে তার সার্থকতা প্রমাণিত হচ্ছে না। প্রমাণিত হচ্ছে না এইজন্য যে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা একজন শিল্পপতি তছরূপ করল তাকে আমরা গ্রেপ্তার করে আটকে রেখে দিলাম, তারপর সে টাকার দায় থেকে বেঁচে গেল। মিসার অর্থ যা বুঝে এসেছি যে একজন লোক বা একটি গোষ্ঠী যারা সাধারণ মানুষের জীবনকে দুর্বিসহ করে তুলছে, সমাজজীবনকে যারা কলুষিত করছে, ভবিষ্যতে তারা যাতে আর সেটা করতে না পারে তারই জন্য তাদের আটকে রাখা। এই যদি মিসার ব্যাখ্যা হয় এবং সাধারণ মানুষ মিসা বলতে যা বোঝে তাই যদি ব্যাখ্যা হয় তাহলে টাকা তছরূপ করতে পারবে না, এবং এইব্যবস্থা আটক রাখার মধ্য দিয়ে হতে পারে। কিন্তু অতীতে যে টাকা তছরূপ করেছে সেই টাকা তার কাছ থেকে আদায় করার আশ্বাস আমরা এই আইনে চাই, সে সংশোধন করেই হোক আর যাই করেই হোক। যারা আজকে সমাজজীবনে নানাদিক দিয়ে বিষ ছড়াচ্ছে তাদের বিরুদ্ধে গ্রহণ করা হোক আমরা যারা গণতান্ত্রিক পথে চলেছি, এইকথা দেশের মানুষের কাছে বলছি তাদের পরিষ্কারভাবে এইকথা বলতে হবে এবং সেই আইন আনতে হবে যে আইনের পিছনে আন্তরিকতা আছে এবং আমরা সেইভাবেই ব্যবস্থা গ্রহণ করবো এইকথা আজকে স্পষ্ট করে বলতে হবে। সমাজের যারা দুর্বল শ্রেণীর লোক, যারা গরীব লোক তাদের যারা ঠকাচ্ছে তাদের বিরুদ্ধে আমরা এইব্যবস্থা গ্রহণ করছি এইকথা স্পষ্ট করে বলতে হবে। উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি জিনিষ বুঝে উঠতে পারছি না যে আইনের ব্যাখ্যার এক জায়গায় বলা আছে প্রধান ও বৃহৎ নিয়োগকর্তা সমিতি। এই নিয়োগকর্তা কে? এই নিয়োগকর্তার ব্যাখ্যা বড় বড় কারখানা, বড় বড় শিল্প এবং একচেটিয়া পুঁজিপতিদের যেসব শোষণের যন্ত্র আছে সেই শোষণের যন্ত্রে কিন্তু নিয়োগকর্তা নিশ্চিত করা অত্যন্ত কঠিন। যাঁরা আইন করেছেন তাঁরা পরিষ্কার করে বলুন নিয়োগকর্তা বলতে কাদের বোঝায়? বোঝায় কি ম্যানেজারকে? ম্যানেজার কিন্তু কারখানার লেটার অব এ্যাপয়েন্টমেন্ট-এর সই করার একজন চাকুরে কর্মচারী মাত্র। কিন্তু কোটি কোটি টাকা ফাঁকি দিল শিল্পপতি এবং গ্রেপ্তার করা হল ম্যানেজারকে এবং তাকে দিনকয়েক বন্ধ করে আটকে রেখে দিল, অথচ আসল নিয়োগকর্তা গ্রেপ্তার হল না, আইনের ফাঁক দিয়ে পালিয়ে গেল। একজনের পাপে একটি গোষ্ঠীর পাপে আর একজনের শাস্তি হয়ে গেল। যে সত্যিকারের নিরীহ ব্যক্তি এবং যে তার

চাকুরীর জন্য এইকাজ করছে। কাজেই দোষ করল একজন, শাস্তি হয়ে গেল লেবার অফিসারের। কাজেই এইকথা পরিষ্কারভাবে বিধানসভায় জানতে চাই এবং বিধানসভা মারফৎ সারা পশ্চিমবাংলার জনসাধারণ এবং কৃষক ভাই যাঁরা আছেন তাঁরা জানতে চান যে আমরা যে আইন আজকে আনছি তারদ্বারা সত্যিকারের দেশের কল্যাণ হবে কিনা, সত্যিকারের অপরাধীদের আমরা গ্রেপ্তার করতে পারবো কিনা এবং তাদের হাত-কড়া পরাতে পারবো কিনা, পরিষ্কারভাবে জিজ্ঞাসা করতে চাই। শুধু আটকানো হবে, এতে আমরা বিশ্বাস করি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সেদিন মাননীয় সদস্য শ্রীসুকুমার ব্যানার্জি মহাশয় কলিং এ্যাটেনশন নোটিশের মাধ্যমে জানালেন যে একটি খনির মালিক সাড়েপাঁচ লক্ষ টাকা শ্রমিকদের মাইনে দেয়নি এবং তার আইনানুগ ব্যবস্থা করা হয়েছিল। তার মাত্র ২০০ টাকা জরিমানা হয়েছে। এবং আইনে নাকি বলা হয়েছে এই ২০০ টাকা জরিমানাই হচ্ছে সর্বোচ্চ শাস্তি। কাজেই সে ৫।। লক্ষ টাকার দায় থেকে মাত্র ২০০ টাকা জরিমানা দিয়ে বেচে গেল। এই যদি ব্যবস্থা হয় তাহলে এই মিসা দিয়ে খুব বেশী কাজ হবে না। এ' দিয়ে পশ্চিমবাংলায় শোষণকারী শিল্পপতিদের শাস্তি হবে না। কিন্তু আইনে যে প্রস্তাব আছে তার ভিতর দিয়ে যদি ফাঁকগুলি খুঁজে পায় তাহলে তারা অক্লেশে বেরিয়ে যাবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যেখানে নিয়োগকর্তার কথা বলা হয়েছে, বৃহৎ শিল্পের মালিক যারা বৃহৎ শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট যারা তারাই যে আসল নিয়োগকর্তা এটা চিহ্নিত করা দরকার আছে। আর একটি কথা বলব যে যারা টাকা ফাঁকি দিচ্ছে অতীতের অভিজ্ঞতা থেকে আমাদের এই শিক্ষা হয়েছে কোন কোন শিল্পগোষ্ঠীতে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা দেওয়া থেকে একজামসান দেওয়া হয়েছে আমরা তাদের গ্রেপ্তার করে আনবো। যাদের একজামসান দেওয়া হয়েছিল আইনানুগই হোক বা বে-আইনীই হোক তাদের একজামসান বন্ধ করে দিতে হবে। শিল্পপতিরা কর দেবেনা, সাধারণ মানুষের কষ্টার্জিত টাকা তারা নিজেদের কাছে গচ্ছিত রাখবে এবং সেই টাকা দিয়ে ব্যবসা চালাবে এবং একটির পর একটি শোষণ চালিয়ে ভিসিয়াস সার্কেল সৃষ্টি করে সারা পশ্চিমবাংলাকে তারা শোষণ করবে।

[ 4-00—4-10 p.m. ]

সেইজন্য অবিলম্বে এর প্রতিকার চাই। একজামসান তুলে দেবার নির্দেশ শ্রম বিভাগকে দেওয়া হোক এবং তারা অবিলম্বে আজকের বিধানসভার অধিবেশনের সমাপ্তির পর যদি বলতে পারেন সবচেয়ে ভাল হয় যে আমরা কাউকে কোন ফাঁক দিয়ে গলে যাবার সুযোগ দিতে চাইছি না। আর একটি কথা আপনার কাছে অত্যন্ত বিনীতভাবে বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি এটা গুরুত্বপূর্ণ বিষয়, শ্রমিক অঞ্চলের সঙ্গে যাঁরা জড়িত, শ্রমিক এলাকার সঙ্গে যাঁদের সম্পর্ক আছে তাঁরা একথা জানেন যে পুলিশের হাতে আর বেশী ক্ষমতা দিলে পুলিশ তছনছ করে দেবে সাধারণ মানুষের জীবনকে। মিসা প্রয়োগ করবে পুলিশ এবং পুলিশ মিসা প্রয়োগের ক্ষমতা পাবার পর যে হেতু এবং যে উদ্দেশ্য নিয়ে এইআইন আনা হয়েছে সেই হেতু এবং সেই উদ্দেশ্য পুরোপুরি ব্যর্থ হয়ে যাবে। অতীতের অভিজ্ঞতা একথাই প্রমাণ করেছে মিসা হাতে পাবার পর গুণ্ডা, বদমাইস এবং সন্দিগ্ধ চরিত্রের লোক যারা যাদের সঙ্গে পুলিশের বিরাট অংশের যোগাযোগ থাকে, তারা জানে এই আইন করে ঐ সব লোকদের চুরি-চামারী করানোর যন্ত্রও তাদের হাতে আছে। তারা নিংড়ে টাকা আদায় করে কিন্তু অপরাধীদের গ্রেপ্তার করে না বা আদালতে হাজির করে না। আজকে যদি এই ক্ষমতা সাধারণ পুলিশের হাতে দেওয়া যায় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো কিছুটা নিংড়ানোর পথ করে দেওয়া হবে কিন্তু সাধারণ মানুষের এতে কল্যাণ হবে বলে আমার মনে হয় না। আমি সেইজন্য অত্যন্ত পরিষ্কারভাবে আপনার কাছে আবেদন রাখছি যে সংশোধন যখন আনাই হয়েছে তখন সংশোধন আরো একটু পরিষ্কারভাবে

আনা হোক। বলা হোক, জেলাভিত্তিক আমরা কমিটি গঠন করবো, যে কমিটির কাছে সমস্ত জিনিষ উপস্থাপিত করতে হবে এবং যে কমিটির কাছ থেকে নির্দেশ নিয়েই ব্যবস্থা গ্রহণ করতে হবে। থানার দারোগা বা অন্য কোন অফিসারের কোন একটি শিল্পপতি বা কোন জমির মালিকের সঙ্গে যদি যোগাযোগ থাকে, তারসঙ্গে যদি বন্ধুত্ব থাকে তারজন্য সে মিসাকে এড়িয়ে যাবে। আর যারসঙ্গে যোগাযোগ নেই তাকে অহেতুক টেনে এনে পশ্চিমবাংলার মানুষকে দেখানোর চেষ্টা করবে আমরা সাধারণ মানুষের স্বার্থে কাজ করছি। কিন্তু সাধারণ মানুষ পরিষ্কার ভাবে বুঝবেন যে এই কাজ করা হচ্ছে, এই কাজের পেছনে আন্তরিকতা নেই। আন্তরিকতার অভাব যদি মানুষ বুঝতে পারে তাহলে পশ্চিমবাংলার মানুষের কাছে ক্ষমা পাবার আমাদের উপায় থাকবে না। সাধারণ মানুষ আজকে কিছু চায়, পরিষ্কারভাবে চায়, নির্ভেজালভাবে চায়। এই পরিষ্কার এবং নির্ভেজাল করতে গিয়ে যদি আমাদের এই সংশোধনকে আরো পরিষ্কার করি, আমি একথা বলতে পারি যারা আমাদের টাকা—সাধারণ মানুষের টাকা তছরূপ করেছে, যারা টাকা জমা দেয়নি প্রভিডেণ্ট ফাণ্ডের, ই. এস. আই.-এর। এখানে আবার দু'রকম আছে — একরকম শ্রমিক এবং মালিকদের দেয় অংশ জমা দেযনি, আর একরকম শ্রমিকদের দেয় টাকা দিয়েছে কিন্তু মালিকের দেয় টাকা দেয়নি। দুই অপরাধীকেই সমান অপরাধী করে যারা এই অপরাধ করেছে সমানভাবে তাদের দণ্ডিত করুন। মিসার সংশোধন করে পরিষ্কারভাবে বলুন শুধু গ্রেপ্তার নয়, গ্রেপ্তার করে তাকে প্যারেড করাবো রাস্তা দিয়ে, বলুন তার যে সম্পত্তি আছে তা বাজেয়াপ্ত করবো, বলুন যাদের তারা এতদিন প্রতারণা করে এসেছে তাদের ন্যায্য পাওনা পাইয়ে দেবার জন্য এই সংশোধন আমরা আনছি। স্যার, এই সংশোধনকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি এই কারণে যে আমি মনে করি নতুন পথে যে আমরা এগুচ্ছি, নতুন যাত্রাপথে যে আমরা চলেছি, পশ্চিমবাংলার মানুষের মনে নতুন যে আশা-আকাঙ্খা জাগাচ্ছি, এই জাগানো আশাআকাঙ্খা আমরা জিইয়ে রাখতে চাই, এর সাথী হতে চাই, নেতৃত্ব দিতে চাই। এরমধ্যে যদি কোন ফাঁক থাকে, সাধারণ মানুষ যদি ফাঁক খুঁজে পায় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান-সভার সদস্যরা নিষ্কৃতি পাবে না, বিধানসভা নিষ্কৃতি পাবে না, সারা পশ্চিমবাংলার মানুষ আমাদের ক্ষমা করবে না। সেইজন্য আমি এই সংশোধন পুরোপুরি সমর্থন করি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এই বলিষ্ঠ পদক্ষেপের জন্য অভিনন্দন জানিয়ে তাঁকে আরো বলি, যখন পদক্ষেপ দৃঢ়তার দিকে এগুচ্ছে তখন সেই পদক্ষেপ বজ্র-কঠোর হোক, শত্রু ভাবুক যারা সমাজজীবনকে সন্ত্রস্ত করেছে তাদের দিন শেষ হয়ে গিয়েছে। আমরা বোঝাই, যারা সবচেয়ে নীচে দাঁড়িয়ে আছে, যারা দরিদ্র তাদের কল্যাণের জন্য আমরা আছি। যারা এতদিন সমাজকে শোষণ করেছে তাদের বিরুদ্ধে কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সরকার দ্বিধা করবে না, সংকোচ করবে না এবং এর মধ্য দিয়েই আমাদের সার্থকতা বেরিয়ে আসবে। এইকথা বলে এই সংশোধনীকে সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় (২)**: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবঙ্গ বিধানসভায় যে মিসা আইনের সংশোধন এসেছে তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। কারণ, এই সংশোধনী প্রস্তাবের ভিতর দিয়ে পশ্চিমবাংলার মানুষের যে বলিষ্ঠ দাবি সেই দাবির প্রতি সমর্থন আছে। এতে দেখা যাচ্ছে যে যারা শোষক, বঞ্চক তাদের সাজা হোক। আজকে আমরা দেখলাম এই সংশোধনীর ভেতর উল্লেখ করা হয়েছে যে জমির যে সীমা সরকার বেঁধে দেবেন তার বাইরে যারা কুকুরের নামে, ঝি-চাকরের নামে, বে-নামে জমি লুকিয়ে রাখবে তাদের সাজা দেওয়া হবে। যে কৃষক মাসের পর মাস, বছরের পর বছর মাথার ঘাম পায়ে ফেলে ফসল ফলাচ্ছে তাদের সাজা দেওয়ার কথা এই আইনে বলা নেই, কলকারখানার মালিক যারা বছরের পর বছর শ্রমিকের যে

যারা পাওনা প্রভিডেন্ট ফাণ্ড, ইনসিওরেন্সের টাকা না দিয়ে দিনের পর দিন ম্যানসন গড়ে চলছে, মুনাফা করছে, তাদের সাজা দেওয়ার কথা বলা হয়েছে। এজন্য এই সংশোধন অত্যন্ত বলিষ্ঠ এবং যুগপোযোগী বলে আমি মনে করি। যুগ এগিয়ে চলছে, যুগের ধারায় সময়ের যে দাবি সেই দাবি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপলব্ধি করেছেন। যুগ পিছিয়ে থাকবে না এগিয়ে যাবে, আমরা যদি সেই যুগের সঙ্গে তাল রেখে এগিয়ে না যেতে পারি তাহলে পিছিয়ে পড়ব কিন্তু যুগ এগিয়ে যাবে। আজকে সমাজে খুনী-লুঠেরা যে বিশৃঙ্খল সৃষ্টি করছে এই সবের উৎসকেন্দ্র যেখানটাতে সেইখানটাতে আমরা হাত দিতে চলেছি। এর উৎসকেন্দ্র হচ্ছে যারা দিনের পর দিন শোষণ করছে আর যারা বঞ্চিত হচ্ছে, এই শোষকের সঙ্গে শোষিতের, মুনাফাখোরের সঙ্গে সর্বহারাদের লড়াই। আজকে পশ্চিমবাংলার বিধানসভায় একটা নতুন নজীর সৃষ্টি হল, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে পরিষ্কারভাবে ঘোষণা করলেন যে যারা খুনী, লুঠেরা তাদের সঙ্গে ঐ জমির জোতদার, কারখানার মালিক যারা শোষণ করে তাদের আমরা এক লাইনে, এক দৃষ্টিকোণ থেকে দেখছি। এই ধরনের কথা শুনে আমরা আশান্বিত হয়েছি এবং আমার মনে পড়ে গেল মহামতি গোখলের সেই কথা—"হোয়াট বেঙ্গল থিঙ্কস টুডে ইণ্ডিয়া থিঙ্কস টুমরো", আজকে বাংলাদেশ ভারতবর্ষকে একটা নতুন পথ দেখাতে চলেছে যে আমরা এগিয়ে যাচ্ছি, আমরা মনে করছি যে শোষণের দিন ফুরিয়ে যাচ্ছে। আমরা জনতার কাছে যে প্রতিশ্রুতি দিয়ে এসেছি সেই প্রতিশ্রুতি পালন করব। এর পরিচয় আজ আমরা বিধানসভায় পেলাম। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন রাখতে চাই সেটা হচ্ছে এই আইনকে যেমন অভিনন্দন জানাচ্ছি সঙ্গেসঙ্গে এই আইনের প্রয়োগ যেন ঠিকমত হয়। এর প্রয়োগ যদি ভুল হয়, একটা চলতি কথা আছে রোগ না ধরে ওষুধ দিলে যেমন রোগ ভাল হয় না তেমনি নিপীড়িত নিরীহ মানুষ যেন এই আইনের দ্বারা সাজা না পায়।

[ 4-10 – 4-20 p.m. ]

তার কারণ হল পুলিশ এবং আমলাদের আমরা চিনি, আমরা জানি। এই আইনে কারখানার মালিক জমিচোর ইত্যাদিদের সাজা দেবার কথা আছে কিন্তু আমরা ভরসা পাচ্ছিনা। তার কারণ হল একটা জায়গায় সেই মালিক ও চোরাকারবারীদের সাথে যোগসাজস আছে। এরা রাতের অন্ধকারে সবাই এক হয়। সারাদিন যে যার কাজ করে তারপর রাতের অন্ধকারে গোপন আড্ডায় সেখানে ঐ জোতদার ঐ কারখানার মালিক তারা এক টেবিলের মধ্যে বসে এবং আনন্দ করে। তারা চক্রান্ত করে কি করে এই সরকারকে অপ্রিয় করা যায় এইভাবে। সুতরাং মিসা আইনের দ্বারা যদি আমরা নিরপরাধীদের সাজা দিই, যদি তাদের প্রতিরোধ না করি এবং ঐ সমস্ত অপরাধীদের সাজা দেবার ব্যবস্থা না করি তাহলে এর মহৎ যে উদ্দেশ্য তা ব্যর্থ হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মারফৎ আমি আমার কেন্দ্রের একটা ঘটনার বিষয়ে এখানে উল্লেখ করছি। এটা হচ্ছে কাটোয়ার একটা ব্যাপার। একজন তরুণ সে একটা আপত্তি তুলেছিল যখন কাটোয়া বেসিক ট্রেনিং কলেজে নাটক হচ্ছিল। সেই নাটকের ভেতর শ্লোগান ছিল মার্কসসিষ্ট কমিউনিষ্ট পার্টি জিন্দাবাদ। সে সেই শ্লোগানে আপত্তি করেছিল। তার আপত্তি ছিল এটা কোন একটা বিশেষ রাজনৈতিক দলের মতবাদ প্রচারের পীঠস্থান নয় আপনারা নাটক বন্ধ করুন অন্য নাটক করুন। সঙ্গে সঙ্গে দেখা গেল মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির যারা ট্রেনীস তারা ভাড়াটে গুণ্ডা দিয়ে তার উপর হামলা করল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তারপর সঙ্গেসঙ্গে সেই সি. পি. এম. ট্রেনীসদের যোগসাজসে ছেলেটির নামে মামলা করল একটা। মামলায় পুলিশ কেসে সঙ্গেসঙ্গে সেই তরুণকে মিসায় ধরা হল সুতরাং উপাধ্যক্ষ মহোদয়, আপনি

বুঝতে পাচ্ছেন যে এই পুলিশের সঙ্গে কি ধরনের আঁতাত ও যোগসাজস ঐ চোরা কারবারী ও এই ধরনের লোকেদের। সেই তরুণটি মিছিল করে তার বক্তব্য রাখতে গিয়েছিল তাই সেখানকার ও.সি. সাহেবের গোসা হয়। তিনি বলেছিলেন যে এই দু'দিনের ছেলে সে বলে পুলিশ ঘুষ খায়, বলে চোরাকারবারীদের সঙ্গে আঁতাত আছে। বলে সাদা পোষাকের পুলিশ মাসে মাসে টাকা নেয়। এইসবের জন্য তাকে হাজতে রাখা হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার দরুণ এর একটা ব্যবস্থা হচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। এরপর দরখাস্ত দেওয়া হয়, তিনি তাঁর স্বরাষ্ট্র সচিবের কাছে ফাইল চেয়ে পাঠিয়েছেন। এখন স্বরাষ্ট্র সচিব আবার জেলায় চেয়ে পাঠাবেন ও জেলা থেকে চেয়ে পাঠাবেন ও. সির কাছে। উপাধ্যক্ষ মহাশয়, আপনি বুঝতে পারছেন যে এরজন্য কতদিন সময় লাগবে। আমি এই বিলকে অভিনন্দন জানাই এবং অভিনন্দন জানিয়ে এইকথা রাখব যখন এইসবের স্ক্রুটিনি হবে তখন শুধু পুলিশ এবং আমলাদের ছেড়ে দেবেন তা যেন না হয়। এই পুলিশদের সততা সম্বন্ধে অনেক সদস্য অনেক কথা বলেছেন সুতরাং বিলকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীতুহিনকুমার সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধেয় মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এখানে রেখেছেন আভ্যন্তরীণ নিরাপত্তারক্ষা সংশোধন বিল যা এই সভায় আনা হয়েছে তাকে আমি সব কংগ্রেসের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি জানেন যে আয়কর ফাঁকি যারা দিচ্ছেন তাদের বিরুদ্ধে আমাদের দাবী ছিল। বিধানসভার সভ্য হিসাবে ঘোষণা করতে চাই যে যারা ঐ ধরণের ফাঁকি দিচ্ছে তাদের বিরুদ্ধে বিশেষ পন্থা নেওয়ার জন্য সরকার ব্যবস্থা করবেন তারজন্য আমি অভিনন্দন জানাই। সেইরকম যারা জমি রেখেছে নানাভাবে, যারা ঐ মেয়ের বিয়েতে ৬০ ভরি গহনা দিয়ে নিজেকে বিত্তশালী বলে পরিচয় দিতে আনন্দ পায়, যারা সমাজের এইভাবে যুগ যুগ ধরে শোষণ চালিয়ে যাচ্ছে এইসব ধরনের লোকেদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আমি একে অভিনন্দন জানাচ্ছি।

অভিনন্দন জানাই এই কারণে যে আজ অন্ততঃ আমরা একটা পথ বার করেছি। কিন্তু একটা কথা জানাই ইংরাজ আমল গেছে কংগ্রেস সরকার এসেছে, প্রফুল্ল সেন ছিলেন, যুক্তফ্রণ্টের হরেকৃষ্ণ কোঙার ছিলেন এবং এখন আমাদের শ্রদ্ধেয় ভূমিরাজস্বমন্ত্রী গুরুপদ খাঁন আছেন তথাপি চিরকাল শুনে আসছি বেনামী জমি, খাস জমি সরকার দখল করেছে। ইংরাজ আমলে ভূমিসমস্যার সমাধান করতে পারেনি, কারণ Actual কোন Land Laws ছিল না। তারপর প্রফুল্ল সেন ও হরেকৃষ্ণ কোঙারও পারেন নি। কিন্তু তবুও হরেকৃষ্ণ কোঙার মহাশয় বার বার চিৎকার করে বলেছেন যে পেরেছি। কি পেয়েছেন? কালনায় এক বিধবা যার মাত্র ৪ বিঘা জমি আছে তার জমি তিনি খাস করে নিয়েছেন। প্রফুল্ল সেন ও হরেকৃষ্ণ কোঙার দু'জনেই বলেছেন আমরা এত লক্ষ পেয়েছি। কিন্তু এসব পাবার পর আর কত লক্ষ জমি আছে তার পরিমাণ মাপার কোন যন্ত্র আছে কি? সুতরাং আর কতদিনের মধ্যে সমস্ত বেনামী ও খাস জমি দখল করা হবে তার একটা সুষ্ঠু নীতি হওয়া দরকার। তা না হলে আমরা জানি জোতদারদের বুদ্ধি আছে, বড় বড় উকিল ব্যারিষ্টার আছে। আইন যেমন আছে আইনের ফাঁকও তেমনি আছে, তাই তারা আইনের ফাঁক দিয়ে যাতে বেরিয়ে না যেতে পারে তার কথা কি মুখ্যমন্ত্রী চিন্তা করেছেন? অভিনন্দন জানাব সেদিন যেদিন দেখব কোন জোতদার আইনের ফাঁক দিয়ে আর কোন জায়গায় বেনামী হস্তান্তর করতে পারছে না; যেদিন দেখব আর কোন Tax কেউ ফাঁকি দিতে পারছে না। এরকমভাবে সংশোধন করা দরকার যাতে J.L.R.O ও S.L.R.O. অফিসের সঙ্গে বন্দোবস্ত না করতে পারে। কারণ তা না হলে এই বিপ্লবের পথ ব্যর্থ হয়ে যাবে।

অতীতের অভিজ্ঞতায় আমরা জানি যারা চোর, গুণ্ডা, বদমায়েস, পাইপগান চালায়, বোমা মারে তাদের বিরুদ্ধে এই MISA আইন প্রয়োগ করা হয়েছে। কিন্তু আবার কোন কোন ক্ষেত্রে অপপ্রয়োগও করা হয়েছে। যেমন বিনা অপরাধে ১১ বছরের ছেলে জেলে গেছে। এক্ষেত্রে তাই কবির ভাষায় বলতে হয়—"অপরাধী জানিলনা কিবা অপরাধ তার"। আমরা দেখেছি নিজের বাড়ীর জন্য ২০ কেজি চাল নিয়ে যাচ্ছে তার উপর Misa প্রয়োগ হয়েছে। সেজন্য বলছি না খাস জমির যারা List তৈরী করবেন, বেনামী জমি উদ্ধারের জন্য যারা List তৈরী করবেন সেইসমস্তকে সক্রিয় করা দরকার। তা না হলে পুলিশ ও আমলারা গরীবদের Threite করবে। যার কম জমি আছে তাকে ভয় দেখিয়ে তার জমি নেবে। নানারকম উৎকোচ গ্রহণ করবে। কারণ কম চাষের জমিও Misa আইনে পড়তে পারে। এই কারণেই আমি বিশ্বনাথবাবুকে সমর্থন করি না একটা পথ থাকা দরকার যাতে এর গুরুত্ব হ্রাস না পায় তাই আমরা জানতে চাই যে যারা আয়কর ফাঁকি দেবে তাদের সম্বন্ধে নিশ্চয় একটা ব্যবস্থা নেবেন এবং আইন ফাঁকি দেবার জন্য যে প্রচেষ্টা হবে তাও বন্ধ করবেন। শ্রমিক অন্দোলনের ব্যাপারে I.N.T U C, C.I.T.U. যা আছে তাঁরা শ্রমিকদের স্বার্থ ক্ষুন্ন হচ্ছে কিনা নিশ্চয় তাঁরা দেখেন। কিন্তু এমন অনেকে আছেন যাঁরা গোপনে শ্রমিকদের স্বার্থের বিরুদ্ধে মালিকদের কাছ থেকে পয়সা নেন যাতে Provident Fund-এর টাকা শ্রমিকদের দিতে হয় না।

[ 4-20—4-30 p.m. ]

আমরা জানি শ্রমিকদের ন্যায্য অধিকার দেবার মানসিকতা তাদের নেই। সেক্ষেত্রে এদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করতে পারছি ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর কাছে রাখবার জন্য অনুরোধ করছি। তাই পরিশেষে যে সমাজতন্ত্রের কথা আমরা বলছি যে সমাজতন্ত্র বাংলাদেশের পথে প্রান্তরে লক্ষ কণ্ঠে আজ উচ্চারিত, আজকে তার প্রথম পদক্ষেপ, প্রথম পদযাত্রা সুরুর মুহূর্তে তাকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঠাকুরদাস মাহাতো**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সংশোধনী বিল এনেছেন। আমি সংশোধনী বিলটা সমর্থন করতে গিয়ে আমার কয়েকটা বক্তব্য রাখছি। আমাদের যে সমাজতান্ত্রিক লক্ষ্য আমাদের সমাজতান্ত্রিক সমাজ-ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে এই বিলটা অত্যন্ত সঙ্গতিপূর্ণ। বিলটার মাধ্যমে যে ব্যবস্থা করা হচ্ছে তারদ্বারা একদিকে যেমন শিল্পক্ষেত্রে যে অন্যায় চলেছে যে অত্যাচার চলেছে তাকে যেমন সঙ্কুচিত করা চলবে, তেমনি কৃষিক্ষেত্রে যে অত্যাচার, উপদ্রব পুঞ্জিভূত হয়ে উঠছে তাকে নিয়ন্ত্রণ করা যাবে। তার মানে এই নয় যে এই সংশোধনী বিল দ্বারা আমাদের দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে। আমি সমর্থন করছি বিলটা এই কারণে যে আমরা যেজন্য দীর্ঘদিন সংগ্রাম করছি তার অনুকূলে সহায়ক হবে। আমাদের দেশের দুটো মূল শত্রু পুঁজিবাদ এবং সামন্ততন্ত্র, তার বিরুদ্ধে শক্তি পাচ্ছি এবং একে হাতিয়ার করে প্রতিক্রিয়াশীল শক্তিকে দুর্বল করতে পারবো। কিন্তু এই সংশোধনীটা সমথন করতে গিয়েও বলতে হবে এই মিসা আইনটা জনগণের পক্ষে বিশেষ করে রাজনৈতিক কর্মীদের পক্ষে অকল্যাণকর। বিশেষ করে যাদের দ্বারা আইনটা কার্যকরী হয়, সেই পুলিশ তারা যে অত্যন্ত দুর্নীতিপরায়ণ তা একদিকে যেমন অসংখ্য মাননীয় সদস্যদের প্রমাণ হয়েছে যে, আইনের উদ্দেশ্য মহৎ হলেও আইন যেভাবে প্রয়োগ হয় সেটার সুপ্রয়োগ হয় না, অপপ্রয়োগ হয়। তারদ্বারা সমাজের মঙ্গল হয় না, অমঙ্গল হয়। আমি বলবো যারা সমাজতান্ত্রিক আদর্শের পরিপন্থী কাজ করছে সেই শিল্পপতি এবং জমিদাররা যাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে, তেমনি আইন যারা অপপ্রয়োগ করবে এবং যদি ইচ্ছাকৃতভাবে

ভুল করে সেই পুলিশ এবং সে অভিযোগ প্রমাণিত হয় এবং যদি দেখা যায় যে তাদের সেই ইচ্ছাকৃত ভুল সমাজতন্ত্রের রূপায়ণের পরিপন্থী তাহলে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা নেওয়া উচিত। প্রয়োজনবোধে তাদের বিরুদ্ধে মিসা আইনটা প্রয়োগ হওয়া বাঞ্ছনীয় বলে মনে করি।

আমি মনে করি যে আইনের দ্বারা কেবল সমাজের কল্যাণ হয় না, মানুষের কল্যাণ হয় না। আইনের প্রয়োজনীয়তা আছে ঠিক, এই বিলটা হচ্ছে একটা প্রিভেনটিভ মেজার। কিন্তু শুধু প্রিভেনটিভ মেজার দ্বারা সমাজের কল্যাণ হওয়া সম্ভব নয়। তাই আমি মনে করি সরকারের শুভেচ্ছা থাকার মানে সমাজের যে প্রগতিশীল শক্তি আছে তাদের উৎসাহিত করা। এবং যে প্রতিক্রিয়াশীল শক্তি আছে তাকে দমন করতে সাহায্য করে, এবং সরকারের হাতে শক্তি দেয়। কিন্তু সরকার যদি শুধু নির্দেশ জারি করে মনে করেন দেশে সমাজতন্ত্র আনবেন তাহলে আইনের দ্বারা তা কখনই সম্ভব নয়। দেশে আইন আছে ভুরি ভুরি। আইনের দ্বারা কখনও সমস্যার সমাধান হয় না। আইন কেবল আমাদের আষ্টেপৃষ্ঠে বাধে। কাজেই আইনটা শুধু প্রণয়ন করলেই চলবে না। আজ মুখ্যমন্ত্রী বলিষ্ঠ নীতি, বলিষ্ঠ দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন এই সংশোধনী বিল এনে। কিন্তু আমাদের পূর্ব অভিজ্ঞতা থেকে আমরা বলতে পারি যে এই আইনের অপপ্রয়োগের সম্ভবনা আছে। আমাদের সভাদের যে আশঙ্কা সেই আশঙ্কার কথা বিবেচনা করে যদি এই আইনের প্রতিষেধকের কোন ব্যবস্থা রাখা হয় তাহলে দেশে সমাজতান্ত্রিক সমাজ গঠন হওয়ার পথে আমরা কিছুটা এগিয়ে যেতে পারবো বলে আমার বিশ্বাস আছে।

**শ্রীপঞ্চানন সিংহ**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অসংখ্য কৃষক এবং শ্রমিকদের স্বার্থে আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই সভায় মিসা আইনের যে এ্যামেণ্ডমেণ্ট বিল রেখেছেন তাকে আন্তরিকভাবে অভিনন্দন জানাই। আমি যে এলাকা হতে নির্বাচিত হয়ে এসেছি সেটা হচ্ছে সুন্দরবনের অন্তর্ভুক্ত। সেখানকার জটিল ভূমিসমস্যা এবং ততোধিক জটিল প্রকৃতির জোতদারদের চরিত্র সম্বন্ধে কিছুটা এইসভায় রাখতে চাই। আপনারা সকলেই জানেন সুন্দরবন এমন একটা জায়গা যেখানে আইনের শাসন এখনও সর্বত্র প্রবেশ করবার সুযোগ লাভ করেনি। সেখানে নানা বাধা, যাতায়াতের সমস্যা, অজ্ঞতার অশিক্ষার সমস্যা, দারিদ্রের সমস্যা নানারকম সমস্যা রয়েছে। যুক্তফ্রণ্টের আমলে দেখেছি জমি নিয়ে শরিকী বড় বড় দুর্ঘটনা, বড় বড় লোমহর্ষণকারী ঘটনা এইসব জায়গায় ঘটেছে এবং যে শরিকী লড়াই হয়েছে তাতে জোতদার একদিকে আর একদিকে কৃষক। সেইসমস্ত জায়গায় লড়াই-এর মধ্যে কৃষক যদি সি. পি. আই-এর দিকে হয় তাহলে জোতদাররা গিয়েছে সি. পি. এমের সঙ্গে। আবার কোথাও কৃষকরা যদি এস. ইউ. সি. হয় তাহলে আর. এস. পির আশ্রয় জোতদাররা লাভ করেছে। বামপন্থী রাজনৈতিক দলগুলি এরকম একটা বীভৎস চরিত্র সেখানে সেকালে ফুটে উঠেছে। এখনও সুন্দরবনে জোতদার-কুলের এত প্রভাব যে তারা আইনের পরোয়া করে না। থানা হোক, জে. এল. আর ও অফিস হোক আর বি. ডি. ওর অফিসে হোক সমস্ত প্রশাসনিক যা ব্যবস্থা আছে তার তলার দিকে যারা আছে সব কিছুকে জোতদারেরা চুলের মুঠোর মত তাদের হাত বেঁধে রেখেছে। একথা বাস্তব সত্য। আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেখানে দেখেছি ঐ সমস্ত বিভিন্ন বামপন্থী রাজনৈতিক দল বৃহৎ জোতদারদের আশ্রয় দিয়েছে। ১৯৬৭ সালে এবং ১৯৭১ সালেও দেখেছি, এবং ১৯৭২ সালেও দেখলাম জোতদারেরা জোটবদ্ধভাবে কিভাবে মহান নেত্রী ইন্দিরা গান্ধী যে সমাজতন্ত্রবাদের কথা বলেন, যে আদর্শের কথা বলেন কিভাবে তার বিরুদ্ধে অপপ্রচার করে বাধা

সৃষ্টি করেছে এবং বিধানসভার নির্বাচনে কংগ্রেস প্রার্থীদের বিরুদ্ধে অকাতরে অর্থ ব্যয় করেছে যে এদের হটাতে হবে।

[4 30—4-40 p.m.]

এদের সরাতে হবে। আমরা যখন বলি যে গরীবী অন্ততঃ হটাতে হবে সেইপথেই আমরা পা বাড়াবো জোতদাররা তখন গরীবী হটানোর জন্য উঠে পড়ে লেগেছেন। আজকে তাই এটা ইতিহাসের কথা সুন্দরবনের বহু অঞ্চলে তেভাগা আন্দোলন হয়েছিল, সুন্দরবনে অনেক কৃষকের রক্ত ঝরেছে, কাজেই সদিচ্ছা নিয়ে যে বিল, আজকে তাকে ঐতিহাসিক বিলই আমরা বলবো, খুব দুঃসাহসিক বিলই আমরা বলবো, নূতন একটা পদক্ষেপ বলবো এই বিলকে। যে বিল আজকে এই সভায় উপস্থাপিত করা হয়েছে সেই বিল যদি সুপ্রযুক্ত হয়, যেখানে আঘাত হানার কথা, বিলের উদ্দেশ্যবলে যা লিখিত হয়েছে, পঠিত হয়েছে, তা যদি সত্য হয় তাহলে সুন্দরবনের অসংখ্য শোষিত, বঞ্চিত, নির্যাতিত চাষীকুল যারা কায়ক্লেশে বেঁচে আছে এখনও তারা দু'হাত তুলে সরকারকে আশীর্বাদ করবে নিঃসন্দেহে। এমন কি যারা এই অত্যাচারী জোতদারদের শাসনে এবং শোষণে পীড়িত হয়ে ইতিমধ্যে মারা গিয়েছে, অসংখ্য কৃষক মরেছে, তাদের আত্মা তৃপ্তি লাভ করবেন এই ভেবে যে, তাদের সাধারণ দুশমন, সাধারণ যে শত্রু জোতদারকুল, সেই জোতদারকুলকে অবশেষে একটা শক্ত আইন, কঠোর আইনের মধ্যে তাদের বাঁধা হয়েছে। এই জোতদারগোষ্ঠী চিরদিন কৃষকদের উপর দারোগা দিয়ে নিপীড়ন করেছে। এখানে বিভিন্ন বক্তা আমাদের দলের অথবা সি. পি আই দলের, বিশেষত শ্রদ্ধেয় বিশ্বনাথ মুখার্জী যে কথাগুলি বলেছেন তা প্রণিধানযোগ্য, আমরা বিশ্বাস করি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেই সাজেশান, সেই কথাগুলি নিশ্চয়ই ভেবে দেখবেন যে তার কতটা গ্রহণ করা যায়। আমরাও একটা প্রিভেন্টিভ স্টেপ চাচ্ছি। অর্থাৎ পুলিশ যাতে আইনের অপপ্রয়োগ না করে, যাদের বাঁচানোর জন্য এই আইন আনা হচ্ছে প্রশাসনিক আমলারা তাদের উপর যাতে এই আইন প্রয়োগ না করতে পারে তার একটা প্রিভেন্টিভ স্টেপ আমরা চাচ্ছি। জেলাস্তরেই হোক, মহকুমাস্তরেই হোক অথবা যে স্তরেই হোক, জনপ্রতিনিধিরা বা প্রতিনিধিমূলক সংস্থার প্রতিনিধি, তারা যাতে তার মধ্যে থাকতে পারে, যারা নিরপেক্ষ ভাবে বিচার করতে পারবে। সেইব্যবস্থার কথা যেটা বিশ্বনাথবাবু বলেছেন বা আরো দু-একজন মাননীয় সদস্য বলেছেন, এটা যদি করা যায় তাহলে আমার মতে সুনিশ্চিতভাবে পশ্চিমবাংলার একটা বৃহৎ সমস্যার, জটিল সমস্যার, দীর্ঘকালের পুঞ্জীভূত যে সমস্যা, কৃষকদের মধ্যে যে অশান্তিকর পরিস্থিতি, অশান্তিকর আবহাওয়া তার সুনিশ্চিত উন্নতি হবে। আমাদের পুলিশের চরিত্র সর্বজনবিদিত, তবুও যেন কোথায় একটা কি অসুবিধা আছে যাতে আমরা সাধারণ মানুষ অসহায়ভাবে আত্মনিবেদন করি এবং এছাড়া অন্য কোন পথ থাকে না। আমরা দেখেছি দুটো রাষ্ট্রপতি শাসনে যে আমল গিয়েছে সেইআমলে সুন্দরবন এলাকায় পুলিশের কি প্রতাপ। হাজার হাজার টাকা, লক্ষ লক্ষ টাকা, পুলিশ ঘুষ নিয়েছে। কোন কথা বানিয়ে বলছি না, এটা হয়তো সরকারী কায়দায় প্রমাণ করতে পারা যাবে না, কারণ প্রমাণের যে পদ্ধতি সেই পদ্ধতির মধ্য দিয়ে নিশ্চয়ই সেই কালো টাকা যাতায়াত করে না। গরীব মানুষের কথা যদি বিশ্বাসযোগ্য হয় তাহলে ঐ অভিযোগ প্রমাণ করা যেতে পারে। লক্ষ লক্ষ টাকা একটা থানার দারোগা, এক একটা থানার অফিসারেরা কামিয়েছে। আগে পুলিশ অফিসারেরা সুন্দরবন থেকে পালাতে চাইতো, ভালো বিলাসের জায়গা নয়, ভালো সোসাইটি নেই কিন্তু আমাদের যে অভিজ্ঞতা তা থেকে দেখছি যে সুন্দরবনে কোন থানায় যদি অধুনা কোন দারোগা তিন চার বছর থাকার পরও ট্রান্সফার অর্ডার পায় তাহলে হাজার হাজার টাকা তারা উপরমহলে ভেট ঢালে যাতে সুন্দরবনে তারা থেকে যেতে পারে।

জলে কুমীরের কামড়ের ভয়ে, কি মাইলের পর মাইল হেঁটে যেতে হবে, কোন যানবাহন না থাকে সেও ভাল, পুলিশের পক্ষে জনসেবার উর্বর এমন জমি কোথাও নাই। সমস্তরকম সদিচ্ছা নিয়ে ইতিপূর্বে বহু সরকার পশ্চিমবাংলায় ভূমিসংস্কারে ব্যর্থ হয়েছে। আমরা এসেছি নূতন এবং বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে, নূতন সরকারের নূতন জয়যাত্রা সুরু হয়েছে। আমি আশা করব, সবসময় হতাশ হয়ে থাকবার কথা নয়, এই আইনের সুপ্রয়োগ হবে এবং যথাস্থানে এই কণ্টক বিদ্ধ হবে এবং আইনের যাতে অপপ্রয়োগ না হয় তারজন্য প্রিভেন্টিভ স্টেপ রাখতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি আইন প্রয়োগ বিষয়ে সুবিচার করবেন এবং সুবিচারের চিন্তা করবেন সেই ভরসা তিনি দিয়েছেন। এই চিন্তা যেন নিছক আমলাতান্ত্রিক না হয়, এই চিন্তা যেন নিছক পুলিশী চিন্তা না হয়, এর পিছনে যেন শক্তি থাকে বে-সরকারী জনপ্রতিনিধিত্ব থাকে। তবেই মানুষ নিশ্চিন্ত হবে, সুবিচার হবে। একথা বলে আমি এই এ্যামেণ্ডমেণ্ট বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে বিধানসভার অধিবেশনে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আভ্যন্তরীন নিরাপত্তারক্ষার জন্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি সভার একজন সদস্য হিসাবে প্রথমেই তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই সংশোধনী প্রস্তাবকে স্বাগত জানাতে গিয়ে পশ্চিমবাংলার আর্থিক এবং সামাজিক পটভূমিকায় এই প্রস্তাবকে আমি এক ঐতিহাসিক প্রস্তাব বলে আখ্যাত করছি। স্বাগত জানাতে গিয়ে এই সংশোধনী প্রস্তাবকে এক যুগান্তকারী প্রস্তাব বলে ভূষিত করছি, এই প্রস্তাবকে অভিনন্দিত করতে গিয়ে সারা পশ্চিমবাংলার সাড়ে চারকোটি মেহনতী মানুষের কাছে অন্ধকারের দুর্গ ভেদ করে আশার আলোকে প্রজ্বলিত করে তোলার এক বিরাট মহতী পদক্ষেপ বলে ভূষিত করছি। আজকে পশ্চিমবাংলার দিকে দিকে কতিপয় জোতদার ভূমিসংস্কার এই আইনের ধারাকে অত্যন্ত স্বচ্ছভাবে অগ্রাহ্য করে দিনের পর দিন ভূমিহীন কৃষককে বঞ্চিত করে চলেছে। আমরা দেখেছি পশ্চিমবাংলার নগরে প্রান্তরে কতিপয় মালিক শ্রমিকদের ন্যায্য পাওনা না দিয়ে শোষণের ইমারত গড়ে তুলেছে, এর বিরুদ্ধে আজকে পশ্চিমবাংলার প্রতিটি মানুষ প্রতিরোধের দুর্ভেদ্য দুর্গ গড়ে তুলেছে। এরাই আজকে দেশের দৈত্য-দানব, দুষমন। রবীন্দ্রনাথের ভাষার প্রতিধ্বনি করে বলা যায়—"দানবের সাথে যারা সংগ্রামের তরে প্রস্তুত হতেছে ঘরে ঘরে"। আজকে পশ্চিমবাংলার সাড়ে চারকোটি মানুষের কাছে একটা বিরাট পদক্ষেপ, এটা একটা সহযোগী শক্তি, বিরাট হাতিয়ার, বিরাট আশার আলো। এই সংশোধনী প্রস্তাবকে ভারতবর্ষের জাতীয় কংগ্রেসের একজন মনোনীত এবং নির্বাচিত সদস্য হিসাবে অভিনন্দিত করছি। তার কারণ হচ্ছে আমাদের নেত্রী প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সমাজবাদের স্বপ্নকে রূপায়িত করতে গেলে, আমি মনে করি, তাঁর লক্ষ্যকে পূর্ণ করতে গেলে, পশ্চিমবঙ্গে সমাজবাদ কায়েম করতে গেলে আজকে জোতদার, ভূমিসংস্কার আইনের ধারাকে যে ভাবে অগ্রাহ্য করে আর্থিক বিকেন্দ্রীকরণের পথে বাধা সৃষ্টি করছে, মালিক যেভাবে শ্রমিকের উপর শোষণের যাঁতাকল দিনের পর দিন চালাচ্ছে তার বিরুদ্ধে জেহাদ ঘোষণার সময় এসেছে, তার বিরুদ্ধে দুর্ভেদ্য দূর্গ গড়ে তোলার সময় এসেছে। ঐতিহাসিক আন্দোলন গড়ে তোলার মন্ত্রে দীক্ষিত হয়ে জাতীয়তাবাদী সৈনিক হিসাবে আজ এগিয়ে চলেছি লড়াইয়ের ময়দানে। এই লড়াইয়ের সব চাইতে বড় হাতিয়ার হল মুখ্যমন্ত্রী কর্তৃক আনীত এই সংশোধনী প্রস্তাব। আমি এই প্রস্তাবকে অভিনন্দিত করছি, স্বাগত জানাচ্ছি, সমর্থন জানাচ্ছি।

[ 4-40 – 4-50 p.m. ]

আমরা ইতিপূর্বে পশ্চিমবাংলার দিকে দিকে দাবী তুলেছিলাম, পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবী করেছিলাম যে, এইভাবে অন্যায় করে, এইভাবে বে-আইনী করে, যে সমস্ত জোতদার

ভূমিসংস্কার আইনের ধারাকে অগ্রাহ্য করে অতিরিক্ত জমি কারচুপি করে নিজেদের হাতে রেখেছে, কুক্ষিগত করে রেখেছে, তাদের জমি-চোর আখ্যায় আখ্যায়িত করে তাদের বিরুদ্ধে উপযুক্ত বৈধ এবং আইনসঙ্গত ব্যবস্থা অবলম্বন করা হোক। এতদিন আমাদের আইনের ক্ষমতা ছিল না, এখন আমাদের হাতে ক্ষমতা আসছে। আমি আশাকরি এই সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে এই সভায় গৃহীত হবে এবং আমাদের হাত শক্তিশালী করে তুলবে এবং শোষণবাদীদের বিরুদ্ধে আমরণ লড়াইর যে শপথ আমরা নিয়েছি তাতে আমরা উদ্বুদ্ধ হব। আজকে পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো মন্দীভূত। দুষ্টচক্র বা ইংরেজীতে অথবা ইকনমিক্সের টার্মে যাকে বলা হয় ভিসিয়াস সার্কেল সেই ভিসিয়াস্ সার্কেলের হাত থেকে বাঁচাতে গেলে আজকে পশ্চিমবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে এবং শিল্পের ক্ষেত্রে যে শিল্পবিরোধ রয়েছে তার নিষ্পত্তি করাতে হবে। আমরা জানি শ্রমিকদের নিরাপত্তার জন্য ১৯৫২ সালে সোস্যাল সিকিউরিটি মেজার আইন রচিত হয়েছিল এবং তার মধ্যে ১৯৪৮ সালের ষ্টেট ইনসিওরেন্স স্কীম পড়ে, ১৯৫২ সালের প্রভিডেণ্ট ফাণ্ড স্কীম, মেটারনিটি বেনিফিট স্কীম পড়ে, ওল্ড এজ পেনসন এ্যাণ্ড গ্রাচুয়িটি স্কীম পড়ে। কিন্তু আমরা দেখছি এইসমস্ত আইনকে এখনও অনেকাংশে অগ্রাহ্য করা হচ্ছে। আমরা বিভিন্ন কল-কারখানায় দেখেছি শিশুদের অন্যায়ভাবে অতিরিক্ত সময় কাজে লাগান হয়। শুধু তাই নয়, সপ্তাহে ৪৮ ঘণ্টা কাজের সময় যেটা আছে সেখানেও দেখছি শ্রমিকদের বঞ্চনার সুযোগ নিয়ে, দারিদ্রের সুযোগ নিয়ে, দুর্বলতার সুযোগ নিয়ে, তাদের অসহায়তার সুযোগ নিয়ে শ্রমিকদের দুর্ভাগ্যকে দাবা খেলার ঘুটিতে পরিণত করে। তাদের ভাগ্যকে নিয়ে ছিনিমিনি খেলতে গিয়ে তাদের দিয়ে অতিরিক্ত সময় কাজ করান হয়। শিশুদের অন্যায়ভাবে কাজে লাগান হয় এবং মহিলা কর্মীদের কারখানার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হয়। এই যারা শোষক, যারা বঞ্চনা করছে তাদের বিরুদ্ধে এই সংশোধনী প্রস্তাবের দ্বারা এই যে বৈধ পদ্ধতি হোল তাকে আমি নিশ্চিতভাবে অভিনন্দিত করছি। বিশ্বনাথবাবু বলেছেন তিনি মিসা আইনের বিরোধী। আমি সেকথা বলবনা। তিনি আবার বলেছেন প্রয়োগের বিরুদ্ধে, আমি তাঁর সঙ্গে একমত। এই আইন ভারতবর্ষ বা বাংলাদেশে নূতন নয়। আমরা যদি পৃথিবীর ইতিহাসের পাতা উল্টাই তাহলে দেখব প্রথমে রোম এবং গ্রীস দেশে সভ্যতার সৃষ্টি হয়েছিল। পৃথিবীর সভ্য দেশের মধ্যে প্রথম দার্শনিক ছিলেন প্লেটো, অ্যারিষ্টটল এবং তখন রাষ্ট্রের প্রকৃতি ছিল পোলিশ ষ্টেট। তখন দেখেছি যে কোন দিক থেকে শান্তি-শৃঙ্খলার জীবনে যদি কোন বিপর্যয়ের সৃষ্টি হয়েছে তাকে দৃঢ় পদক্ষেপে প্রতিরোধ করবার জন্য সমস্তরকম ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। এই পশ্চিমবঙ্গে মূলতঃ আমরা মিসা আইনের প্রয়োগ তখনই দেখেছিলাম যখন গোপীবল্লভপুর, ডেবরা, নদীয়া জেলার শান্তিপুর এবং কৃষ্ণনগরে নকশালরা, উগ্রপন্থীরা অত্যাচার, খুন-জখম এবং সন্ত্রাস চালিয়ে মানুষের জনজীবনকে বিপর্যস্ত করেছিল। কিন্তু অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের কথা মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, শান্তিপুরের যে কেন্দ্র থেকে আমি নির্বাচিত হয়েছি সেখানে অনেক জাতীয়তাবাদী মন্ত্রে উদ্বুদ্ধ তরুন ছাত্র এবং যুবককে নকশাল দমনের নাম করে পুলিশ তাদের বিরুদ্ধে অন্যায়ভাবে মিসা আইন প্রয়োগ করে তাদের ছাত্র জীবনকে পর্যুদস্ত করে দিয়ে মাসের পর মাস, বছরের পর বছর আটক করে রেখেছে। আমরা দেখেছি জেল হাজতে, কারা অন্তরালে তাদের থাকতে হয়েছে। আমি বলব প্রয়োগের দিক থেকে একে যেন বলিষ্ঠভাবে কাজে লাগান হয়, মিসার প্রয়োগ পদ্ধতি যেন সুদূরপ্রসারী করা হয়। ফাটকা-বাজদের বিরুদ্ধে, কালোবাজারীদের বিরুদ্ধে, আমলাতন্ত্রের বিরুদ্ধে, রাষ্ট্রদ্রোহীতার বিরুদ্ধে, সমাজের বিরুদ্ধে অন্তর্ঘাতমূলক কার্যকলাপের বিরুদ্ধে এবং যারা কোটি কোটি টাকা আয়কর ফাঁকি দিচ্ছে তাদের বিরুদ্ধে যদি সার্বিকভাবে, সামগ্রিকভাবে একে কাজে লাগাতে পারি তাহলে এই মহতী

উদ্দেশ্য সাফল্যমণ্ডিত হবে। আমি আশাকরি মন্ত্রীমণ্ডলী একে কার্যকরী করে সুস্থ এবং স্বাভাবিক জীবনবোধ পশ্চিমবাংলার বুকে প্রতিষ্ঠা করবেন।

**শ্রীবিমল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মিসা সংশোধনীকে সমর্থন জানাতে এসেছি। মিসার সংশোধনী প্রস্তাবটি কি? যে ভূমিসংস্কার আইনের ১৪ এম. এই মতে যে সিলিংটার অধিকারী, সেই সিলিংটা ১৪ ডি-তে যদি রিটার্ন না দেওয়া হয় তাহলে সে শাস্তি পাবার যোগ্য, আমি সেটাকে সমর্থন করতে এসেছি। আমার একটা স্থির বিশ্বাস যে জমিদার উচ্ছেদ আইনের যে ত্রুটি বিচ্যুতি ছিল, ভূমিসংস্কার আইনের যে ত্রুটি বিচ্যুতি ছিল ১৪ এম বা ১৪ ডি-তে তা পরিপূর্ণ হচ্ছে। গত ৫।৫।৫৩ সালে জমিদারী উচ্ছেদ আইন হয়েছিল। ১৯৬১ সালের ১লা বৈশাখের সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জমিদারদের সূর্য্য চির অস্তমিত হবে, কিন্তু সেই আইন ঠিক সুষ্ঠু হল না যদিও পশ্চিমবঙ্গ থেকে সেই আইন পাশ করা হলো, একটা পরিবারের মধ্যে বহু সম্পত্তি থেকে গেল, তার কারণ হিন্দু আইন অনুসারে যারা মিতাক্ষরা ফ্যামিলি, তারা সান, গ্রাণ্ড সান, গ্রেট গ্রাণ্ড সান, এই করে একই ফ্যামিলিতে ৭৫ একর জমি থেকে গেল, সেই সম্পত্তি রক্ষা করা গেল না, সেই সম্পত্তি পাওয়া গেল না কারণ হিন্দু ল'টা সম্পূর্ণ সেণ্ট্রাল ল'ছিল। তাই জমিদারী উচ্ছেদ আইনের যদিও ইণ্টেনশনটা খুব সুন্দর ছিল তাহলেও সেটা পরিপূর্ণভাবে রূপায়িত করা গেল না এবং সেখানে ফাঁক পড়লো বে-নামদার, বহু লোক সম্পত্তি বেনামী করলো। তাই আমার মনে আছে, ১৯৬৭ সালে যখন আমি এসেছিলাম, তখন আমি লেভির পক্ষে বলেছিলাম যে লেভিতে জমিদারী উচ্ছেদ আইনের খানিকটা পূর্ণতা এসেছে। যে পরিবার থেকে বেশী উৎপাদন থাকবে, সেখান থেকে ধান নিয়ে নেওয়া, এটাই হচ্ছে লেভির উদ্দেশ্য। আজকে আমার স্থির বিশ্বাস যে, জমিদারী উচ্ছেদ আইন এবং লেভি বা ভূমিসংস্কার আইন, যেটা ছিল সেটা পরিপূর্ণ হয়েছে ১৪ডি এবং ১৪এম-এ। অতএব আজকের দিনে ঠিকই কথা যে যদি কেউ সম্পত্তি বে-নাম করে রাখে, যদি কেউ সম্পত্তি বেশী রাখে, সেই সম্পত্তির রিটার্ণ দিতে হবে। যদি না দেয় তাহলে তার শাস্তি হবে। সেইজন্য আমি এই এ্যামেণ্ডমেণ্টকে সমর্থন জানাচ্ছি। তবে কিছু কিছু আমার মনের মধ্যে সন্দেহ জেগেছে। আমি ভূমিসংস্কার আইনের ১৪এম এবং ১৪কে সম্বন্ধে আপনার মাধ্যমে জানাচ্ছি যে এটাকে সুন্দর করতে হলে ফ্যামিলি পর্য্যায়ে তা ভাল হবে। তাদের রিটার্ণ দিতে হবে, যেটা আমি ত্রুটি বলে মনে করলাম যে ১৪কে-তে একটা ফ্যামিলিকে রিটার্ণ দিতে হবে, সেখানে আমার মনে বেশ সন্দেহ জেগেছে যে একটা মেল মেম্বার যদি তার কোন ছেলে থাকে, তাহলে দু'জনে মিলে ৫ হেক্টর সম্পত্তি রাখতে পারে। কোন্ ছেলে, যে ছেলে ডাজ নট হোল্ড এনি প্রপার্টি যদি তার কোন প্রপার্টি না থাকে। তাহলে ধরুন একজন লোক এবং তার একটা ছেলে, দুজন মিলে ৫ হেক্টর সম্পত্তি অর্থাৎ একটু হিসাব করলে ১২।। একরের মত সম্পত্তি রাখতে পারে। কিন্তু যদি তার মামা বা অন্য কোন জায়গা থেকে ৩ ডেসিমিল বা ৫ ডেসিমিল জায়গা পায় তাহলে সেই ছেলেটার চলে যাবে সম্পূর্ণ অন্য রায়তে। এই জিনিষটা লক্ষ্য রাখুন যে একজন লোক ফ্যামিলিতে বাপ এবং ছেলে যদি দু'জন থাকে তার ৫ হেক্টর জমি থাকতে পারে অথচ যদি তার কোন সম্পত্তি অন্য জায়গায় থাকে তাহলে সে সম্পত্তি পাবে—তাহলে ঐ ৩ ডেসিমেল বা ৫ ডেসিমেল জায়গার জন্য কাছাকাছি ৭৫ একর পর্য্যন্ত জায়গা তাকে হারাতে হচ্ছে এবং সেই ফ্যামিলির মধ্যে সেই এ্যাডাপ্ট সান কিংবা আনম্যারেড সান, নিজের ছেলে বলে পরিগণিত হবে না, যদি তার কোন সম্পত্তি থাকে।

**[4-50—5-00 p.m.]**

এটা আমার মনে হয় যে সেই জিনিষটার প্রতি আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ এই Family Return-এর মধ্যে Return দিতে হবে। যা না দিলে মিসা আইনে Punishment

হবে। Family-র যে defination এই Family-র Category-তে দেওয়া আছে, তার দিকে লক্ষ্য করবার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

আরো একটা অনুরোধ আছে। একথা ঠিক হিন্দু-ল' অনুসারে ১৭।৬।৫৬ সালে বা ১৩৬৩ সালের ৩রা আষাঢ় যে লোক মারা গিয়েছিল তার মা ও স্ত্রী সম্পত্তির অধিকারী হতে পারবে না তদানীন্তন আইন অনুযায়ী। এখানে ফ্যামিলির সিলিং-এর মধ্যে দেখান হয়েছে যে মা ১৭।৬।৫৬ তারিখের পূর্বে মারা গেছে, সে মাকে Include করা যাবে না। কিংবা যদি Widow থাকে সেই আইন অনুসারে সেই Widow সে মৃতের সম্পত্তিতে inherit করতে পারবে না। তাকে বাদ দেওয়া হয়েছে। এই দিকেও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা বলবার আছে। পরিষ্কারভাবে দেখলাম একটা জিনিষ ঠিকমত বুঝতে পারি নি। এই মিসায় বলা হয়েছে যদি default করে থাকে, তাহলে Punishment হবে। এই default কথাটা আরো একটু clarification করে বলতে হবে। যদি Submit করে, Wrongly Submit করে, তাহলে কি হবে? সেটা আরো Clear হওয়া দরকার। সে জিনিষ কি হতে পারে না?

মুখ্যমন্ত্রী মহাশয় এই যে আইন এনেছেন এতে সত্যিই একটা সন্তাস্ব সৃষ্টি করছে। আমি যতটুকু বুঝতে পারি জমিদারী উচ্ছেদ আইন ও ভূমিসংস্কার আইনের মধ্যে যে জটিলতা ও আবিলতা ছিল, আজকে সেই ভূমিসংস্কার আইনের 14-M ও 14-T ধারা দুটিতে পরিপূর্ণতা এসেছে এই আইনের দ্বারা। যারা জমি লুকিয়ে রেখেছে তাদের ধরে বিচার হওয়া দরকার তারজন্য তাদের শাস্তি দেওয়া দরকার। একজন মোটেই সম্পত্তি পাবে না, আর একজন অঢেল পাবে এটা হওয়া উচিত নয়। একজন শৃগাল-কুকুর বিড়ালের মত জীবনযাপন করবে, পাশাপাশি বাস করবে এটা চলতে দেওয়া উচিৎ নয়। কাজেই এই সংশোধন প্রস্তাব একটা সাধু প্রস্তাব। ফ্যামিলীর এইভাবে সিলিং বেধে দেওয়া হয়েছে যে এই সীমার উর্দ্ধে কেউ সম্পত্তি রাখতে পারবে না, যদি সেই সিলিং-এর বেশী থাকে, তাহলে সে শাস্তি পাওয়ার যোগ্য। সুতরাং আমি এই Amendment সর্বান্তঃকরণে সমর্থন করছি ও এখানে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী কর্তৃক আনীত এই বিলের সমর্থন করতে গিয়ে আজকে আমি দু-একটা কথা বলতে চাই। আমি কৃষক অঞ্চলের লোক, কৃষক ফ্রণ্টে কাজ করি, কৃষকের স্বার্থে কৃষক সংগঠনের মধ্যে থেকে, যেটা দেখা প্রয়োজন আমার শক্তি ও সাধ্যমত সেইভাবে দেখবার চেষ্টা করেছি; ব্যর্থ হয়েছি, সেইসব কারণে যেখানে কৃষক তার নিজের সম্পত্তি জোতদার ও কায়েমী স্বার্থে বিলি করতে গিয়ে ভাগচাষীর মধ্যে ভাগচাষী এবং ক্ষেতমজুর এদের যে অবদান এদের যে স্বার্থ তা বিশেষভাবে বিঘ্নিত হয়েছে। সুন্দরবন অঞ্চলের এইরকম বহু ঘটনার সঙ্গে আমি পরিচিত। আজকে মিসা আইনের যে সংশোধন বিল আনা হয়েছে তাকে সমর্থন করতে গিয়ে দেখবো কৃষকদের স্বার্থে, পশ্চিমবঙ্গের মজুর ও সর্বহারার স্বার্থে, এই আইন ঠিকভাবে প্রয়োগ করা হয়েছে এবং এই প্রয়োগের পেছনে কোন স্বার্থ যদি থেকে থাকে আমলাতন্ত্রের, সেই আমলাতন্ত্রের পেছনে সরকারের বলিষ্ঠ হাত কাজ করে। মিসার প্রয়োগ করবার সময় যদি সরকারের যুক্তি থেকে থাকে, সেইসময় আমি একে সমর্থন করবো, আমি অনেক ঘটনার সঙ্গে পরিচিত। আমার Constituency খুলনা মৌজায়, কতকগুলি ভাগচাষীর ক্ষেত্রে আমি দেখেছি যে সন্দেশখালি থানার বড় দারোগা সেই ভাগচাষীগুলির ক্ষেত্রে সেই ভাগচাষের ধান বণ্টন করার ব্যাপারে মহাজন ও জমির মালিকের সঙ্গে সহযোগিতা করেছে এবং ভাগচাষীর বিরুদ্ধে মিথ্যা রিপোর্ট দিয়ে, কোর্টে গিয়ে বহু কেস রুজু করতে মহাজনদের সহায়তা করেছে, উৎসাহিত করেছে।

আজকে যেসমস্ত ভাগচাষীরা এস. ডি. ওর কাছ থেকে এবং জে. এল. আর. ওর কাছ থেকে যথেষ্ট প্রমাণ সংগ্রহ করে তাদের ভাগচাষের ধান আদায় করার জন্য চেষ্টা করেছে তখন থানার বড় দারোগা বে-আইনীভাবে মহাজনের সঙ্গে সহযোগিতা করে আজকে সেই ভাগচাষীকে বঞ্চিত করেছে। আমার বক্তব্য হচ্ছে এই যে, কৃষককে যারা সংগঠিত করে, শ্রমিককে যারা সংগঠিত করে এই মিসা আইন তাদের বিরুদ্ধে প্রয়োগ করবার সময় যেন উপযুক্ত বিচার বিবেচনা করা হয়। যদি বেপরোয়াভাবে এদের উপর জুলুম করা হয় তাহলে শ্রমিক এবং কৃষকের সংগঠন ধ্বংস হয়ে যাবে। এর প্রমাণ আমরা আগে অনেক পেয়েছি। এই ধরনের সংশোধনী প্রস্তাব বাংলাদেশে তথা ভারতবর্ষে আগেও অনেক এসেছে এবং প্রতি ক্ষেত্রে যা দেখেছি সেই সন্দেহ আজকে আবার আমার মনকে বার বার পীড়া দিচ্ছে। এখানে প্রকাশ একটি কেস, আমার কনস্টিটিউএনসির কালীচরণ মণ্ডল নামে একজন ভাগচাষী, নিজের কোন সংগতি নেই, নিজেই ভাগচাষী তার জমির ধান কাটা যায়, মহাজন পুলিশের সাহায্য নিয়ে সেই ধান সম্পূর্ণভাবে কেটে নিয়ে যায়। আর পুলিশ কি করে, না কালীচরণ মণ্ডলকে থানায় ধরে নিয়ে যায় গেপ্তার করে। আমি সেখানে কালীচরণ মণ্ডলের হয়ে থানায় যখন যাই এবং গিয়ে বড় দারোগার সঙ্গে আলাপ-আলোচনা করি তখন তিনি আমাকে আশ্বাস দেন. কেস এমন কিছু নয়, ভাগচাষী ছাড়া পেয়ে যাবে, আপনি চিন্তা করবেন না, তবে আমরা কিছু বে-আইনী করি নি। আমি বুঝতে পারছি না যে জমি নিয়ে নিল জমির ফসল কেটে নিল অথচ কিছু বে-আইনী হল না। এবং আমাকে তিনি আশ্বাস দিলেন যে তাকে আগামী কাল ছেড়ে দেবে আটকে রাখবেনা এবং তার বিরুদ্ধে কিছু কেস দেবে না। আমার মনে হয়, আমি বলেছিলাম যে, কেস যদি আপনি না দেন, তাহলে একে আটকে রাখছেন কেন এইটা আমি বুঝতে পারলাম না। এই ধরনের ঘটনা অনেক আছে আমাদের সুরেশ রায়ের ভাইকে এইরকমভাবে রাখা হয় আমরা জানি, আগেরবার যিনি এম. এল. এ, ছিলেন তিনিও কমিউনিষ্ট পার্টির এম. এল. এ. যুক্তফ্রন্টের আমলেও হিঙ্গলগঞ্জে দেখেছি সেই জোতদার, মহাজন সি. পি. এম এর সঙ্গে হাত মিলিয়ে আমাদের বিরুদ্ধে নানান রকম ষড়যন্ত্র করেছে এমন কি বাধা দেওয়ার ফলে অনেককে হত্যাও করেছে। বিধানসভায় এই কথা আপনারা পেয়ে থাকবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, যে আইন কৃষকের স্বার্থে, শ্রমিকের স্বার্থে, সর্বহারার স্বার্থে রচিত হয়েছে, আমলাতান্ত্রিক মনে ভাবের বা আমলাতন্ত্রের সংশোধন হয়, যে আইন বলিষ্ঠভাবে শ্রমিকের স্বার্থে যায়, কৃষকের স্বার্থে যায় তাহলে আমি সেই আইনকে সমর্থন জানাবো। অন্যথায় এই আইনের সার্থকতা রক্ষার জন্য সরকারের কাছে অনুরোধ করবো একথা বলে আমি আমার বক্তব্য শেষ করি।

[ 5-00—5-10 p.m.]

**শ্রীলক্ষ্মীকান্ত বসু**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী MISA আইনের উপর যে সংশোধনী এনেছেন সেই প্রসঙ্গে বলতে গিয়ে একথা বলবো আইনকে আমরা মানি। আইনকে আমরা শ্রদ্ধা করি। আইন ততক্ষণই মানা যায় যতক্ষণ আইন আইন থাকে এবং সুষ্ঠুভাবে তার প্রয়োগ হয়। আইন যেখানে সুষ্ঠভাবে প্রয়োগ হয় না, আইনের নামে যেখানে বে-আইনী চলে সেখানে আইনকে মানা যায় না। পরিচ্ছন্ন প্রশাসন যদি না থাকে তবে আইন প্রয়োগও পরিচ্ছন্ন হয় না। আমি দেখেছি আজকে এই যে আইন এটা প্রয়োগ হবে কার মাধ্যমে? পুলিশের মাধ্যমে। কোন পুলিশ? পুলিশের এক অংশ অত্যন্ত অপরিচ্ছন্ন অত্যন্ত অসং কাজে লিপ্ত বল্গাহীন স্বেচ্ছাচারী। সাঁইবাড়ীর তদন্ত কমিশনের বিচারপতির মন্তব্য যদি স্মরণ করি তাতে দেখবো বিচার-

পতি মন্তব্য করেছেন, রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে পুলিশ হিংস্র কাজকে প্রশ্রয় দিয়েছে, হিংস্র কাজকে এগিয়ে নিয়ে গেছে, আইনের ক্ষমতা, আইনের অধিকার পুলিশের হাতে থাকা সত্ত্বেও শুধু তাই নয়, ৪ তারিখের যুগান্তর পত্রিকায় আমরা দেখলাম I. G.-র অফিসের Special Officer, Gazetted Officer, তিনি নিজের বয়সকে জাল করে Extention-এর আবেদন করেছেন I. G.-র মাধ্যমে। I G সেটা recommend করেছেন। পরবর্তীকালে I. G সাহেবকে ধরা হলে, I. G. সাহেব বললেন আমি লক্ষ্য করিনি সই হয়ে গেছে। I. G. লক্ষ্য না করে সই করছেন, না পড়ে সই করছেন। আর এই পুলিশের হাতে এইরকম একটা গুরুত্বপূর্ণ আইন প্রয়োগের দায়ীত্ব থাকবে আর সুষ্ঠুভাবে সেই আইন রক্ষিত হবে, অধিকার রক্ষিত হবে সেটা কল্পনাও করা যায় না। শুধু তাই নয়, থানাগুলির অবস্থা কি রকম? আমার অঞ্চলে যে দুটো থানা আছে তাতে অনেক অপরাধ আমি ধরিয়ে দিয়েছি। ওয়াগনভাঙ্গা মাল সমেত পুলিশ অফিসার, চোলাই মদ সমেত পুলিশ অফিসার, চোরাই পেট্রল সমেত পুলিশ অফিসার অথচ এই থানাগুলির মাধ্যমে এইসমস্ত আইন প্রয়োগ হবে যেখানে ১১বছরের একটা ছেলে সে বাদাম বিক্রয় করতো, আটক আইনে এখন ধৃত আছে। তার মা অপরের বাড়ীতে দাসীবৃত্তি করে, অন্য কোন উপার্জনশীল ব্যক্তি তার বাড়ীতে নেই। আজ কিন্তু সেই বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদছে তার বলবার কেউ নেই। MISA আইনে ধৃত অনেক ব্যক্তি কারাগারে আছে। আইনের কথা বলতে গিয়ে কারাগারের কথা স্মরণে আসে। যুক্তফ্রন্টের আমলে ১০ টাকা ডাকাতির অভিযোগে আমাকে একবার কারাবরণ করতে হয়েছিল। ১৫ দিন কারান্তরে ছিলাম। আমার মা প্রতিদিন দেখা করতে আসতেন, কি বেদনা কি অপরিসীম যাতনা। আজও সেণ্ট্রাল জেলের সামনে দিয়ে যাই শত শত মা, শত শত বোন, শতশত ভাই দরজার গোড়ায় আকুলভাবে দাঁড়িয়ে আছে তাদের আত্মীয়-স্বজনদের সঙ্গে দেখা করবার জন্য। মানুষের স্নেহ, ভালবাসা অপরাধ নয়। পুত্রকে সন্দেহজনকভাবে গ্রেপ্তার করা হয়েছে, আইনে এখন অপরাধীর শাস্তি হয় নি, কিন্তু তার পরিবারের লোকজন শাস্তি পাচ্ছে স্নেহ-ভালবাসার অপরাধে। আমরা দেখছি কি দরজাগোড়ায় দাঁড়িয়ে আত্মীয়ের সঙ্গে দেখা করতে যাচ্ছে। আগে নিয়ম ছিল সপ্তাহে একদিন দেখা করতে পারবে এবং তারপর হল মাসে একদিন দেখা করতে পারবে। আর তাতে উপযুক্ত পারিশ্রমিক দিতে হয় জেল ওয়াডাদের হাতে ১০।১৫।২০ টাকা। এমন কি আমার এও জানা আছে যে ম্যাজিষ্ট্রেটের অর্ডার থাকা সত্ত্বেও আসামীকে আণ্ডারট্রায়াল প্রিজনারদের সঙ্গে দেখা সাক্ষাৎ করতে দেওয়া হয় নি। এমতাবস্থায় জেলখানা থেকে আসামীদের দক্ষিণ ভারতে স্থানান্তবিত করা হল আত্মীয়স্বজনের দৃষ্টির অন্তরালে। মানবিকতার প্রশ্ন, স্নেহের প্রশ্ন এবং পরিবারের লোকদের আকর্ষণের প্রশ্ন যদি আমরা বিবেচনা করি তাহলে মনটার মধ্যে কেমন যেন একটা যন্ত্রনায় ফেটে পড়ে এবং ফেটে যায় হৃদয়। আজকে দক্ষিণ ভারতে গিয়ে এই দাসীবৃত্তিকারী মহিলার পুত্রকে দেখে আসবার ক্ষমতা নেই। কাজেই তার পুত্র এখন তার কাছে মৃত। আমার কন্সটিটিউয়েনসির একটি কেসের কথা বলছি। সেখানে একটি যুবক ট্রাম কোম্পানীতে কাজ করে। তাকে এক বছর আগে গ্রেপ্তার করা হয়েছে। তাকে একবার বেলে মুক্ত করা হল এবং সঙ্গে সঙ্গে পুলিশ আবার তাকে গ্রেপ্তার করল। আবার তাকে বেল করা হয়, আবার গ্রেপ্তার করল। এইভাবে তাকে পাঁচবার বেল করা হয়েছে। গেটের বাহিরে আসার সঙ্গে সঙ্গেই তাকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে অভিযোগ কিছুই নেই। এখন পর্যন্ত ম্যাজিষ্ট্রেট কোন অভিযোগ দাখিল করতে পারে নি। এই অপদার্থ পুলিশ তার বিরুদ্ধে কোন আইন প্রয়োগ করতে পারে নি। তার মিসা হয়েছে—হয় নি। তার পি ডি এ. হয়েছে—হয়নি। কিন্তু তাকে আটক করে রাখা হয়েছে। বেল করে নিয়ে আসে আর এস.বি.পুলিশ ধরে আর ফেরৎ দেয়। কি কারণে করে তা আমি জানি না। কাজেই এইরকম দুর্নীতিগ্রস্ত পুলিশ, রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত পুলিশ অফিসারদের হাতে যদি এই গুরুত্বপূর্ণ আইন থাকে তাহলে

তার মর্যাদা রক্ষিত হবে কিনা আমার যথেষ্ট সন্দেহ আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন এবং আমরাও জানি ভবানীপুর থানার একজন সার্জেন্টকে আজ দেখলাম সাহসিকতার জন্য রাষ্ট্রপতি পুরস্কার দেওয়া হয়েছে এবং বসুমতী পত্রিকায় তার ছবি ছাপা হয়েছে। আমি আশ্চর্য হয়ে গেলাম ১০।১১ জন আসামীকে গুলি করে এই সার্জেন্ট হত্যা করেছে, এব্যাপারে বিধানসভায় আমার প্রশ্ন আছে অথচ সে রাষ্ট্রপতি পুরস্কার পেয়ে গেল। নিরীহ নিরস্ত্র মানুষকে গুলি করে হত্যা করা যদি সাহসিকতা হয় এবং তারজন্য যদি তাকে রাষ্ট্রপতি পুরস্কার দেওয়া হয় এবং নিরীহ নিরস্ত্র মানুষ যদি পুলিশ হোত তাহলে যে আরো দ্বিগুণ পরিমান নিহত হত সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই আইনকে আমি সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে আমি সরকারের কাছে এই দাবী জানাচ্ছি যে এইসমস্ত বল্গাহীন পুলিশ কর্মচারী, পুলিশ অফিসারদের সংযত করবেন এবং সংযত করে আইনের প্রতি যথার্থভাবে মর্যাদা দেখাবেন। একটি আসামী ধরা পড়েছিল, আমি থানায় গিয়েছিলাম। আমি জিজ্ঞাসা করলাম কেন ধরেছেন? বলল অনেক অভিযোগ আছে। ডায়েরির পাতা খুঁজে খুঁজে কোন অভিযোগ পাওয়া গেল না। একজন অফিসার ইনচার্জ বললেন স্যার এটা হাইকোর্ট হয়ে গেছে। হাইকোর্ট হয়ে গেছে মানে? আমাকে একজন কনষ্টেবল বলল এই হঠাৎ করে ধরার ফলে যদি কোন অভিযোগ না পাওয়া যায় তাহলে আমাদের পুলিশের টার্মস হল হাইকোর্ট হয়ে গেছে বলা। তার মানে কোন অভিযোগ নেই। তখন ও. সি. সাহেব এসে সেই আসামীকে ছেড়ে দিল। এই রকম হাইকোর্ট যে কতজনের ভাগ্যে ঘটে যাচ্ছে তা আমরা জানি না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি দিনের পর দিন এই জিনিষ ঘটে চলেছে। মালিকের বিরুদ্ধে এই আইন প্রয়োগ হবে শুনে খুব আনন্দ হচ্ছে। কিন্তু এখন পর্যন্ত মালিকের বিরুদ্ধে এই আইন প্রয়োগের কোন নমুনা দেখতে পাচ্ছি না। গতকাল বড়বাজারে একটি মিল মালিকের শ্রমিকরা গণতান্ত্রিক পদ্ধতিতে অনশন করছিলেন। সেই শ্রমিকদের উপর পুলিশ লাঠিচার্জ করেছে। এটা দেখে আমরা অবাক হয়ে যাচ্ছি। ময়দা কলের মালিকদের সঙ্গে আলোচনা করে ময়দা কলগুলি খুলে দেওয়া হল। তারপরের দিনই আবার ময়দা কলগুলি বন্ধ করে দেওয়া হল। শ্রমিকরা অনশন করল পুলিশ গিয়ে লাঠিচার্জ করল। তাদের থানায় এনে ভরে দিল। এইভাবে যদি শ্রমিকের উপর আইন প্রয়োগ হয় এবং মালিকের পক্ষে যদি আইন হয় তাহলে এই আইনসভার প্রত্যেকটি সভ্যের শ্রদ্ধা থাকবে কিনা জানি না। আমার সময় শেষ হয়ে গেছে। আমি এই আইনকে সমর্থন করছি এবং সরকারের কাছে দাবী জানাচ্ছি এই আইন যাতে সুষ্ঠুভাবে প্রয়োগ হয় সেদিকে নজর রাখবেন। জয় হিন্দ।

[ 5-10—5-20 p m. ]

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক আনীত আভ্যন্তরীণ নিরাপত্তারক্ষা বিলকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে আমরা যেটা গত ২০ বছরে দেখতে পাই নি এই নবগঠিত জনদরদী সরকার শ্রমিকদের স্বার্থে, জনগণের স্বার্থে আজ সেই বিল নিয়ে এসেছেন। এইজন্য তাঁকে অভিনন্দন না জানিয়ে পারছি না। আজকে এই বিলে আমরা দেখতে পাই যে বড় বড় শিল্পপতি যারা নিজেদের স্বার্থে দেশের ও দশের ক্ষতি করে যাচ্ছিল এবং যে ক্ষতি দেশের অগ্রগতি ব্যাহত করছিল আজকে দেশের প্রগতির জন্য, জনসাধারণের প্রগতির জন্য এবং আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে ভাষণ দিয়েছিলেন বা যা বলেছিলেন যে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করার কথা আজকে সেই সমাজতন্ত্রের, আমাদের পশ্চিমবঙ্গের ধারক এবং দলনেতা মাননীয় মুখ্যমন্ত্রী যে বিল নিয়ে এসেছেন আবার তাঁকে অভিনন্দন এই কারণে জানাচ্ছি। বড় বড় শিল্পপতিরা যেভাবে শোষণ করছিল সেই শোষণের হাত থেকে রক্ষার জন্য এবং যেভাবে তারা শ্রমিকদের স্বার্থে ঘা দিচ্ছিল, আঘাত

হানছিল তার থেকে তাদের রক্ষা করার জন্য এই বিল। অর্থাৎ শ্রমিকদের স্বার্থ যাতে অক্ষুন্ন থাকে, তারা যাতে বাচে সেইজন্য এই বিল আনা হয়েছে। তাছাড়া এই বিলে আমরা দেখেছি কৃষকদের স্বার্থরক্ষা করা হয়েছে। বড় বড় জোতদার যারা হাজার হাজার বা শত শত বিঘা জমি নিজেরা ভোগ করে আসছে এবং গরীব কৃষককে ঠকাচ্ছে সেই গরীব কৃষককে রক্ষা করার জন্য এই বিল এসেছে। সেইজন্য আবার একে আমি অভিনন্দন জানাচ্ছি। আজকে জনস্বার্থে এবং কৃষকদের স্বার্থেই গণতন্ত্র এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠা হবে এবং তা হতে চলেছে। স্যার, এই প্রসঙ্গে বলি সি. পি. এম. একদিন জনস্বার্থের জন্য এই বিধানসভায় ১৯৬৯ সালে সংখ্যাগরিষ্ঠ হয়ে এসেছিলেন কিন্তু তারা জনদরদী হয়েও এরকম বিল আনতে পারেন নি, কিন্তু আমাদের এই বর্তমান সরকার, গণতান্ত্রিক মোর্চার যে সরকার, সেই সরকার এই বিল নিয়ে এসেছেন। আর তা এনে প্রগতির পথে আমাদের পদক্ষেপ দেখিয়ে দিয়েছেন। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই বিল সত্যিই দেশের উন্নতি এবং প্রগতির জন্য প্রয়োগ করা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে আমরা এই ক্ষমতার অপব্যবহার করবো না। আজকে তাই সে কথাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যাতে এই ক্ষমতার অপব্যবহার না হয়। আমি নিজে দেখেছি, আমার বাঁকুড়ায় দেখেছি, বড় বড় শিল্পপতিদের বা বড় বড় জোতদারদের ক্ষেত্রে পুলিশ এই আইন প্রয়োগ করে না, প্রয়োগ করে ছোট ছোট ব্যবসায়ীদের উপর। ছোট ছোট ব্যবসায়ীদের উপর সেই আইন প্রয়োগ করছে এবং প্রয়োগ করছে সাধারণ মানুষের উপর। আমরা দেখেছি মাথায় করে যে গরীব এক বস্তা চাল বাজারে বিক্রি করতে নিয়ে যাচ্ছে তার বেলায় সেই আইন প্রয়োগ হয়েছে কিন্তু ট্রাক ভর্তি চাল চলে যাচ্ছে সেখানে সেই আইনের প্রয়োগ হয় নি। আমি তাই মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে হাউসের কাছে প্রস্তাব রাখব যাতে এই আইন উপযুক্তভাবে প্রয়োগ হয় এবং প্রয়োগের ক্ষেত্রে যাতে দ্বিমত না থাকে, যাতে কোন আমলা বা কোন পুলিশ অফিসার তাদের নিজেদের স্বার্থে এই আইনকে প্রয়োগ করে জনসাধারণকে ক্ষেপিয়ে এই সরকারকে হেয় করতে সাহায্য না করে। এছাড়া আমি বলব সামাজিক ন্যায়বিচারের জন্য এই পদক্ষেপ, এই পদক্ষেপ সত্যই প্রশংসাযোগ্য। আজকে এই যে মিসা আইন এই সভায় উপস্থিত করা হয়েছে একে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি কিন্তু এই মিসা যাতে ঠিকমত প্রয়োগ হয় তারজন্য আমি আবার আপনার মারফৎ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

**শ্রীভবানী প্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই মিসা আইনের সংশোধন এসেছে এই সংশোধন আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে সরকারের কাছে কিছু নিবেদন রাখছি। এই মিসা আইন সম্বন্ধে আমাদের যা অভিজ্ঞতা তাতে বলতে পারি এই আইনের ফাঁকে পুলিশ প্রশাসন একদিকে যেমন এর অপপ্রয়োগ করছে অন্যদিকে তাদের যে কাজ সেই কাজে পুরাপুরি ফাঁকি দিচ্ছে। আমি কয়েকটি উদাহরণ আপনার মারফৎ নিবেদন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ফৌজদারী আইনে ডাকাতি অত্যন্ত গুরুতর বিষয়। আমি এমন ঘটনা জানি যে ডাকাতি মামলার তথ্যানুসন্ধান উড়িয়ে দিয়ে পুলিশ মিসা আইনের মধ্যে তাকে রাখবার চেষ্টা করছে বা করেছে। শুধু তাই নয়, ফৌজদারী আইনে যেখানে বিচার হয়, অপরাধীকে শাস্তি দেবার ব্যবস্থা আছে, সেখানে মিসা প্রয়োগ করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা অবলম্বনে পুলিশ বাধা সৃষ্টি করেছে। এইরকম ভুরি ভুরি প্রমাণ আছে। অপপ্রয়োগের কথা না তুলে বলতে পারি একদিকে যেমন এই ধরনের ঘটনা আছে অন্যদিকে আমার কাছে খবর আছে যারা কট্টোর সি. পি. এম. যাদের বিরুদ্ধে

হত্যার অভিযোগ আছে, ঘর জ্বালান, লুঠ করা এই ধরনের অভিযোগ আছে, তারা এসেছেন হাইকোর্টে। কিন্তু সবচেয়ে আশ্চর্যের কথা আমার জেলায় এইরকম ঘটনা আছে যে জেলা প্রশাসন থেকে স্বাক্ষরিত যে পত্র হাইকোর্টের কাছে উপস্থিত করতে হয় দেখা যাচ্ছে সেই ফাইল চুরি হচ্ছে, আসল কাগজ নেই, টাইপ করা স্বাক্ষরবিহীন কাগজ আছে, তাতে আসামী ছাড়া পেয়ে যাচ্ছে। এখানে হোম ডিপার্টমেন্টে একদল লোক আছে যারা কো-অর্ডিনেশান কমিটির লোক যারা কট্টোর সি. পি. এম তারাই এইভাবে হাইকোর্টের দরজা দিয়ে আসামী পার করে দিচ্ছে।

[ 5-20—5-30 p.m. ]

আমি একটা ঘটনার কথা উল্লেখ করছি, আমার কেন্দ্রে নির্বাচনের ৪ মাস আগে সি, পি, ( এম ) এর নেতৃত্বে এবং যিনি আমার প্রতিদ্বন্দ্বী ছিলেন তার নেতৃত্বে প্রায় ৫০০ মত লোক একটি কংগ্রেসী লোকের বাড়ী আক্রমণ করে, পুলিশ আসে, পুলিস আসায় ঐ ৫০০র মত লোক এধার ওধার ছুটতে থাকে, সবচেয়ে বড় কথা হল ঐ ছুটাছুটির সময় আমাদের একজন কর্মীকে বাড়ীর খড়োচাল থেকে বার করে ধরা হয়। সে শুধু আমাদের একজন সমর্থক নয় কর্মী ও বটে, এবং তাকে ধরে মিসায় আটক রাখা হয়েছে ঐ সি. পি. (এম ) এর কর্মীদের সঙ্গে যারা ঘর পোড়ানোর জন্য পাইপগান রাখার জন্য আটক হয়েছে। আমি আর একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকায় একটি অনুন্নত শ্রেণীর ছেলে তার সঙ্গে একটা মেয়ের ভালবাসা হয়, তারা পরে পালিয়ে যায়। পরে তার গায়ের দুষ্ট জমিদারের কঠিন নজরে পড়ে এবং তাকে দীর্ঘদিন শাস্তি দেবার চেষ্টা হল অর্থাৎ তাকে মিসায় ধরা হল। আমি অনুরোধ জানাবো যাতে এ'ধরনের জিনিষ না হয়। সাধারণ লোক যেন এই আইনের মিসার দ্বারা শাস্তি না পায়। এই আইন এনে যেন পুলিশকে এবং প্রশাসনকে তাদের অত্যাচারের সুযোগ না দেওয়া হয় এই অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসরোজ কুমার কাঁড়ার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের আভ্যন্তরীণ নিরাপত্তাবিধান বিলকে সমর্থন জানাতে গিয়ে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার গোচরে একটি জিনিষ আনতে চাই। এই বিলে কৃষক, শ্রমিকের স্বার্থ রক্ষার কথা আছে। কিন্তু আর কারো বিরুদ্ধে কি মিসা প্রয়োগ করবার কথা আছে। আমি শুনেছি এখানে পুলিশের নিষ্ক্রীয়তার ও আমলাদের কথা আলোচনা করা হয়েছে। কিন্তু আমি সে আলোচনায় না গিয়ে আগে যাদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা দরকার তাদের কথাই আমি বলবো। ঐ যারা কালোবাজারী, মজুতদার যারা কৃত্রিম অভাব সৃষ্টি করে নিশ্চয়ই তাদের এই আইনের আওতায় আনার অবকাশ আছে।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়** : সেটা মিসার অরিজিনালেতেই তো আছে।

**মিঃ ডেপুটি স্পীকার** : আপনি এ্যামেণ্ডমেন্টের উপর বলুন।

**শ্রীসরোজ কাঁড়ার** : অরিজিনাল বিলটা পাইনি, দেওয়া হয়নি তাই, অরিজিনাল বিল যখন আসবে তখন নিশ্চয়ই সে সম্পর্কে আলোচনার অবকাশ হবে এবং তখন কৃষক, শ্রমিক ও সাধারণ মানুষের কথা চিন্তা করতে হবে। এই বলে আমি এই বিলকে সমর্থন করছি।

**শ্রীশক্তিপদ ভট্টাচার্য্য** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী Misa আইনের যে সংশোধন এনেছেন তাকে আমি একদিকে সমর্থন করছি, আর একদিক দিয়ে এর বিরোধীতা

করছি। এর কারণ হচ্ছে যে প্রয়োগ বিধি যা তা যদি পরিবর্তন করেন তাহলে আমার মনে হয় সংশোধনীটি সর্বাঙ্গসুন্দর হোত। এর পূর্বে যেসব আইন এই ধরনের এসেছে তা ঠিক ঠিক ভাবে প্রয়োগ না হয়ে সাধারণ মানুষের উপর প্রয়োগ হওয়ায় তাদের দুঃখকষ্ট বেড়েছে। কাজেই যাদের জন্য এই আইন নিয়ে আসছি তারা যদি এই আইনের বলে পুলিশের অত্যাচারে উৎখাত হয় তাহলে বড় আফশোসের ব্যাপার হবে। সেজন্য আমি তাকে অনুরোধ করব এর প্রয়োগবিধি যাতে ঠিক ঠিক জায়গায় হতে পারে সে বিষয়ে চিন্তা করে তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন। এই বলে আমি এই আইনকে সমর্থন করছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, MISA আইনের সংশোধনী প্রস্তাবকে সমর্থন করতে উঠে আমি কয়েকটা কথা বলব। উত্তরবাংলার লোক, সেখানে কোন শিল্প নেই। সুতরাং ১নং সম্বন্ধে আমার কিছু বলার নেই। ২নং সম্বন্ধে যা বলা হয়েছে, সে সম্বন্ধে বলতে চাই। এখানে জমির মালিককে Return দিতে বলছে। আমরা এটা যেন মনে না করি যে সমস্ত জমির মালিকই চোর, Honest-ও আছে। তাদের এই Return দিতে যাতে কোন অসুবিধা না হয় সেটার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আপনি জানেন ১৯৫৫ সালে Revised Settlement হয়েছে। সেই Settlement অত্যন্ত ত্রুটিপূর্ণ। সেই Settlement-এ দাগ নং, খতিয়ান নং আছে। সেগুলি না হলে Return Submit করা যায় না। এই Settlement Office-এ যারা দরখাস্ত করেছে তারা দিনের পর দিন ঘুরছে এবং তারা দাগ নং, খতিয়ান নং ইত্যাদি পাচ্ছে না। এই নিয়ে সেখানে ব্যাপক ভাবে ঘুষ চলছে। সেজন্য আমার মত হচ্ছে যাতে সহজে Settlement-এর কাগজগুলি পায় তার ব্যবস্থা করতে হবে। আর একটা জিনিস হচ্ছে এই জমির Return-এর মধ্যে পুকুর, বাস্তুভিটা এই সিলিং-এর মধ্যে আসবে কি না সেটা পরিষ্কারভাবে বলতে হবে। আবার Return দাখিল করতে গেলেও নানা অজুহাত দেখিয়ে ঘুষ খাবার জন্য তাকে ফেরৎ দেওয়া হয়।

[5-30—5-40 p.m.]

সেইজন্য আমার মনে হয় রিটার্ণ দাখিল করার সঙ্গে সঙ্গে যে কোন ক্লার্ক বা পিয়ন যে থাকবে সেটা নিয়ে রসিদ দিয়ে দেবে। আমি আর একটা প্রস্তাব নিচ্ছি অন্যান্য প্রদেশে এমনকি বিহারের চরবন্দি করার ব্যবস্থা হয়েছে। অর্থাৎ একটা কৃষক তার সমস্ত জমি পাশাপাশি রাখবে। এটা সরকারের মাধ্যমে হয়েছে। আমার মতে যদি এখানে এই ব্যবস্থা করা যায় অর্থাৎ জমির মালিক দরখাস্ত করবে সরকারের কাছে এবং সরকার সেটেলমেণ্ট অফিসারের মাধ্যমে সব জমি এক জায়গায় করে দেওয়ার ব্যবস্থা করবে। এর ফলে এই সুবিধা হবে যে কারো একসেস জমি থাকলে সেটা ধরা পড়বে। কারো বাড়তি জমি বা রিটার্ণের বাইরে জমি থাকলে সেটা ধরা পড়বে। জমির মালিকেরও ইরিগেশানের সুবিধা হবে, কালটিভেশানের সুবিধা হবে। জমির এই চরবন্দি ব্যবস্থা অনেক প্রদেশে হয়েছে। এটা করতে পারলে জমির ফসল বাড়বে, উৎপাদন বাড়বে, একসেস জমি যেটা লিখিয়ে রাখছে সেটা ধরা যাবে। শুধুমাত্র আইন করে দিলাম আর গ্রামের অর্ধশিক্ষিত বা অল্প শিক্ষিত, অশিক্ষিত লোকেদের অসুবিধা হবে এটা ঠিক নয়। আমার মনে হয় এই আইন পাশ হওয়ার সঙ্গে সঙ্গে একটা কথা ভালভাবে বলে দেওয়া দরকার যে ৭ নম্বর ফর্মে রিটার্ণ দিতে হবে এবং ৩১শে মের মধ্যে দিতে হবে। জোতদার সম্বন্ধে অনেক কথা বলা হয়। কিন্তু আমি বলবো সব জোতদাররাই অসৎ নয়, সৎ জোরদারও আছে। যে সব সৎ জোতদার আইন মানতে চায় তাদের সে সুযোগ দিতে হবে। আমরা তো বলছি চুরি বন্ধ করবো. যারা ফাঁকি দিচ্ছে আইনের মাধ্যমে তাদের শাস্তি দেব। কিন্তু এই যে উকিল, ব্যারিষ্টার মোক্তাররা ইনকাম ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের বিরুদ্ধে কি কিছু আইন প্রয়োগ করবেন না

য সব সরকারী কর্মচারী, অফিসার টাকা খাচ্ছে তারা কি করছে? তারা তো পাবলিককে হ্যারাস করছে। ঘুস নিচ্ছে। তাদের মিশায় গ্রেপ্তার করা হবে না কেন? যেসব অফিসারের সহযোগীতায় ব্ল্যাক মার্কেটিং হচ্ছে তারা সব অসাধু তাদের বিরুদ্ধে কেন ব্যবস্থা নেওয়া হবে না? যারা ব্ল্যাক মার্কেটিং-এর সুবিধা করে দেওয়ার জন্য জনসাধারণের কাছে গুরুতর অন্যায় করছে। যারা ঘুষ খাচ্ছে মার্চেন্টদের জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে। ব্ল্যাক মার্কেটিংএর জন্য আমরা মার্চেন্টদের ধরছি। কিন্তু এইসব অফিসারদের বিরুদ্ধেও মিশা প্রয়োগ করা দরকার। আমরা সবসময় মনে করি যে জোতদাররা যত নষ্টের গোড়া। কিন্তু এইসব অফিসাররা যে আইন প্রয়োগ করতে গিয়ে নরীহ লোকদের হ্যারাস করে তাদের বিরুদ্ধে মিসা প্রয়োগ অত্যন্ত দরকার। একথা সত্য কথা যে নীচের তলার অফিসাররা এটা প্রয়োগ করতে গিয়ে অপপ্রয়োগ করে। সেইজন্য বিশ্বনাথবাবু যেটা বলেছেন যে প্রত্যেক জেলা ভিত্তিক একটা কমিটি করার কথা সেটা আমি ভাল বলে মনে করি।

**শ্রীশরদিন্দু সামন্ত**: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে আভ্যন্তরীন নিরাপত্তা আইন পশ্চিমবাংলা বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন তাকে আমি অভিনন্দন জানাই। ১৯৫৩ সালে জমিদারী আইন পাশ হয়েছিল, ১৯৫৫ সালে ভূমিসংস্কার আইন পাশ হয়েছিল, তার সঠিক প্রয়োগ পশ্চিমবাংলায় যে সমস্ত জমিদার জোতদার ছিল তারা করতে দেয়নি। আজকে ১৯ বছর পরে এই যে আইন পাশ করলেন সেই আইনের ফলে পশ্চিমবাংলার কৃষক সম্প্রদায়, শ্রমিক সম্প্রদায়ের কাছে এটা একটা আশীর্বাদ স্বরূপ হয়ে থাকবে এবং এরজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন করছি। সঙ্গে সঙ্গে আমি আর একটা জিনিস বলতে চাচ্ছি যে সমস্ত গ্রাম বাংলার জোতদারদের উপর এটা প্রয়োগ করা হবে, এ ব্যাপারে তাদের চিহ্নিত করা হচ্ছে কিন্তু আমরা কলকাতা শহরে দেখি ১৯৫৩ সাল থেকে ১৯৭২ সাল হয়ে গেল এখনও পর্যন্ত শহরের সম্পত্তির সীমারেখা নির্ধারণ করা হল না। আজকে বিধানসভায় দাঁড়িয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি আগামী অধিবেশনে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই এই জিনিস সম্বন্ধে চিন্তা করবেন। কেবল শহরের জমি থাকবে আর পাড়াগাঁয়ের জমি নিয়ে রাজনীতি করা হবে এটা গ্রামবাংলার মানুষ কিছুতেই সহ্য করবে না। সমাজবাদ যদি আনতে হয় তাহলে শুধু গ্রামবাংলায় আনা হবে, শহরে আনা হবে না এটা ঠিক নয়। কলকাতা শহরে যাদের প্রাসাদতুল্য বাড়ী আছে তাদের কিছু হচ্ছে না এটা পশ্চিমবঙ্গের মানুষ নিশ্চয়ই বরদাস্ত করবেন না। যদি প্রয়োজন হয় তাহলে বিধানসভার মাননীয় সদস্যগণ নিশ্চয়ই আন্দোলন করবেন। সেইজন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেন তিনি অচিরে একটা আইন আনেন যাতে গ্রামবাংলার জোতদারদের প্রতি এটা যেমন প্রয়োগ করা হচ্ছে এবং শিল্পপতিদের জন্য যেমন প্রয়োগ করা হচ্ছে তেমনি শহরের প্রতিও যেন প্রয়োগ করা হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একজন সাধারণ মানুষ, আমার এক বিঘা জমিও নেই। শহরে আমি আশা করি যাতে এই আইন প্রয়োগ করা হয় সে সম্বন্ধে মাননীয় বিধানসভায় সদস্যরা ও নিশ্চয়ই চিন্তা করবেন। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য কৃষ্ণ কুমার শুক্লা মহাশয় বলেছেন যে আইনে এক বছর-দুবছর-তিন বছরের জন্য যদি জোতদারদের এবং শিল্পপতিদের যদি জেলে আটক রাখা যায় তাহলে এমন কি হবে? আমি বলছি মাননীয় সদস্য একটু ভুল করেছেন, আমাদের যে আইনের যা আসল উদ্দেশ্য তা হচ্ছে যে আইন মানবেন না তাদের জমি বাজেয়াপ্ত করতে হবে এবং এইজন্য বিধানসভার সদস্যরা নিশ্চয়ই চিন্তা করবেন। আমার ধারণা মাননীয় মুখ্যমন্ত্রীও নিশ্চয়ই এই বিষয়ে চিন্তা করছেন। একথা ঠিক যে লোককে এক বছর আটকে রেখে কোন সমস্যার সমান হবে না। জোতদাররা যদি রিটার্ণ ফাইল না

করে তাহলে তাদের এক বছরের জন্য আটকে রেখে নিশ্চয়ই সমস্যার সমাধান করা যাবে না। সেইজন্য আমাদের একটা আলাদা আইন করে কিভাবে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করতে হবে এজন্য নিশ্চয়ই আমরা চিন্তা করব। আজকে এই আইনকে স্বাগত জানিয়ে আমি বলতে পারি ১৯বছর আগেকার কংগ্রেস সরকার যা পারেন নি এর আগে কোয়ালিসন সরকার যা পারেন নি, সি. পি. এম প্রভাবিত সরকার যে আইন পাশ করতে পারেন নি আজকে আমরা পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যরা সেই আইন পাশ করেছি। সি. পি. এমের বন্ধুরা আজকে এখানে নেই, তারা নিশ্চয়ই বাইরে থেকে এই আইনকে স্বাগত জানাবেন এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 5-40—5-50 p.m. ]

**শ্রীতপন চ্যাটার্জী**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সংশোধনী আইন বিধানসভায় উপস্থাপিত হয়েছে এই সংশোধনী আইনকে আমি অভিনন্দন জানাই, সমর্থন জানাই যুগান্তকারী ও সময়োপযোগী বলে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে দুর্নীতিমুক্ত ও নিষ্কলঙ্ক শাসন ব্যবস্থা গড়ে তোলবার জন্য দৃঢ়প্রতিজ্ঞা ঘোষণা করেছেন এই বিল সেই দৃঢপ্রতিজ্ঞার প্রকৃষ্ট নজীর। কিন্তু একটি প্রশ্ন আছে, যে সাধারণ শ্রমিক কারখানায় কাজ না করলে তার চাকরী যায়, তার শাস্তি হয় কিন্তু বড় বড় কারখানার মালিক যে ইনকাম ট্যাক্স ফাঁকি দেয, সেল ট্যাক্স ফাঁকি দেয়, আণ্ডার এ্যাণ্ড ইন-ভয়েস করে, কালো টাকা করে, ইচ্ছা করে কারখানা বন্ধ করে, উৎপাদনকে ব্যাহত করে তাদের জন্য কি ব্যবস্থা আছে? তাদের জন্য এই মিসা আইন প্রয়োগ করা দরকার। ই. এস আই এবং প্রভিডেণ্ট ফাণ্ডের কথা বলা হয়েছে, আমার প্রশ্ন এইগুলি রুইকাতলার বিরুদ্ধে যেন ব্যবহার করা হয়, চুনোপুঁটি যেন না ধরা হয়। জমিদারী আইন পাশ হয়েছে তা সত্বেও উদ্বৃত্ত জমি বিভিন্ন নামে বেনামী করে রাখা হয়েছে, ৭৫ বিঘা আইনে জমির সিলিং বেধে দেওয়া হয়েছে, জোতদাররা জমি দখল করে বসে আছে যার ফলে ভূমিহীন কৃষকরা বঞ্চিত হচ্ছে ভূমি পাওয়া থেকে। খাদ্যে ভেজাল, মজুতদার কালোবাজারী, এমনকি শিশুখাদ্য নিয়ে ছিনিমিনি চলছে কিন্তু সংশোধনীতে সেকথার উল্লেখ নাই। আমার মনে হয় শিশুখাদ্য নিয়ে যারা ছিনিমিনি খেলছে তাদের আগে শাস্তি হওয়া উচিত। যারা ঔষধে ভেজাল দিচ্ছে তাদের সম্বন্ধে সরকারের সচেতন হওয়া উচিত। ১৯৬৭ সালের পর থেকে গুণ্ডামী, মস্তানী, ওয়াগনব্রেকিং, তারকাটা নানারকম জিনিস চলছে এই মিসা আইন তাদের বিরুদ্ধে প্রয়োগ করা দরকার। কারণ কোর্টে খুন করলেও কোর্টে অনেক সময় সাজা হয় না, তারা ঘুরে বেড়ায়, পুলিশ তাদের ধরতে পারে না। মিসা আইন প্রয়োগ করে তাদের সাজা দিয়ে সমাজকে দুর্নীতি ও কলঙ্কমুক্ত করা যাবে। আর একটা প্রশ্ন যে বর্তমানে এই ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে সি. আই. এ-র দালাল এবং পাকিস্তানের গুপ্তচর ভরে গিয়েছে। গোলাম ইয়াজদানি জেলে আছেন, এই রকম বহু গোলাম ইয়াজদানি রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, তাদের সম্বন্ধে সরকারের চিন্তা করা উচিত। যারা জাতীয় স্বার্থের বিরুদ্ধে, দেশের স্বার্থের বিরুদ্ধে কাজ করবে তাদের সম্পর্কে আরও হুঁসিয়ার হয়ে এই মিসা আইন তাদের বিরুদ্ধে প্রয়োগ করা দরকার। আর একটা প্রশ্ন, আপনি জানেন যে কিছুদিন আগে যে নকশাল আন্দোলন হয়েছিল, তখন সুদখোরদের মারা হচ্ছিল, এই সুদখোররা সমাজের শোষক, এরা বহু লোককে শোষণ করেছে, তাই কিছু উদ্ভ্রান্ত যুবক নৈরাশ্যে ভেঙ্গে পড়ে তাদের ছুরি মারতে গিয়েছিল। আজ আমাদের সরকার গঠিত হয়েছে তাই আমাদের কর্তব্য এইসব সুদখোর, মহাজন, বদমায়েস যারা তাদের বিরুদ্ধে এই মিসা আইন প্রয়োগ করা উচিত। আজ মানুষের আইনের উপর কোন আস্থা নেই, মানুষ আজ প্রশাসনের বিরুদ্ধে ধিক্কার ঘোষণা করছে কারণ চতুর্দিকে দুর্নীতি ঘুষও জুয়াচুরী চলছে।

সরকারী কর্মচারীরা ঘুষ খায়। কোর্টের পেসকারেরা ম্যাজিষ্ট্রেটের সামনে বসে ঘুষ খায় এবং তারা মামলায় দিনের পর দিন তারিখ ফেলে যায়। এই সবের বিরুদ্ধে, সমাজের যারা শত্রু, তাদের বিরুদ্ধে এই মিসা আইন প্রয়োগ করা দরকার। আমি একটা ঘটনার কথা জানাই, আমি পানিহাটি থেকে নির্বাচিত, ব্যক্তিগতভাবে একটা ঘটনা জানি যে পানিহাটিতে গঙ্গার তীরে বাঁধ হচ্ছে সি. এম. ডি.এ-র সাত লক্ষ টাকা খরচ করে। কিন্তু আমি যখন ওখানে গিয়েছিলাম তখন দেখেছিলাম যে পাঁচ টন সিমেণ্ট যা শুধু গঙ্গা মাটি বলে চালানো হচ্ছিলো। আমরা সেটা ধরে ফেলি। আমাদের অনেক পরিশ্রম হয়েছে সেই গঙ্গার পাড় বাঁধবার জন্য। যাই হোক, তারপর আমরা পুলিশে টেলিফোন করে তাদেব পুলিশের হাতে দিই। কিন্তু তারা ছাড়া পেয়ে যায়। এইসব বদমায়েস যারা, যারা সমাজের শত্রু, যারা কনট্রাক্টর, এইরকম সরকারী টাকা তছনছ করছে তাদের বিরুদ্ধে সরকার কি চিন্তা করছেন? আমাদের প্রশ্ন তাদের বিরুদ্ধে মিসা আইন প্রয়োগ করা হোক। আর সবচেয়ে শেষকথা এই মিসা প্রয়োগ করার সম্পর্কে আমাদের সচেতন হতে হবে। যারা সবচেয়ে নিরপরাধ ব্যক্তি তারা যেন এই মিসা আইনের আওতায় না পড়ে, আর এই সঙ্গে চুনোপুঁটি যেন না পড়ে, রুই-কাতলা যেন এই আইনের আওতায় আসে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে মেনটেনান্স অব ইণ্টারনাল সিকিউরিটি (ওয়েষ্ট বেঙ্গল এ্যামেণ্ডমেণ্ট) ১৯৭২ বিল এনেছেন, তার সমর্থনে এই সভায় এতক্ষণ যে সমস্ত বক্তব্য রাখা হয়েছে তারসঙ্গে এই বিলে যে সংশোধন চাওয়া হয়েছে, সেই সম্পর্কে এটা বলা যায় যে, আলোচনা কিছুটা প্রাসঙ্গিক হয়েছে, এবং নিশ্চয়ই সামঞ্জস্য আছে। আজকে এটা বলতেই হবে যে, এই যে সরকার এবং যে দলের সরকার, তাঁরা চান আইনের মাধ্যমে শাসন কাঠামোকে শক্ত করতে। তাই আইনের মাধ্যমে যে দুর্নীতি আছে সেই সমস্ত দুর্নীতি জনমানসে প্রতিফলিত করে আগামী দিনে একটা পরিষ্কার পরিচ্ছন্ন সমাজ-ব্যবস্থা গড়ে তোলাই আজকে আমাদের লক্ষ্য। তাই সেই লক্ষ্যে পৌছানর জন্য যে আইন আনা হয়েছে নিশ্চয়ই তার বিরুদ্ধে কিছু বলার থাকতে পারে না। আপনি স্যার, জানেন এই আইন কার বিরুদ্ধে প্রয়োগ হবে। যারা শোষক, গরীব মানুষের রক্ত শোষণ করে, শ্রমিকদের শোষণ করে, শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড দেয় না, শ্রমিকদের তাদের প্রাপ্য ফ্যাসিলিটিজ দেয় না, শিল্পপতি যারা একচেটিয়া কারবার করে নিজেদের স্বার্থসিদ্ধির জন্য শ্রমিকদের স্বার্থকে জলাঞ্জলি দেয়, তাদের বিরুদ্ধেই এটা প্রযুক্ত হবে। অপরপক্ষে গ্রামবাংলায় যেসমস্ত জোতদার, মুনাফাখোর আছে, যাদের সংখ্যা খুব বেশী নয়, অনুবীক্ষণ যন্ত্র দিয়ে যাদের দেখতে হয় কোটি কোটি মানুষের মধ্যে, তাদের সংখ্যা কতই বা, কিন্তু এই অল্পসংখ্যক লোক যারা কোটি কোটি মানুষের স্বার্থের পরিপন্থী কাজ করে, তারা যাতে সেই পথে না যেতে পারে তারজন্য আগামী দিনে এই সংশোধনী বিলকে এমন একটা পথে নিয়ে যাবার চেষ্টা করবো যাতে আপামর জনসাধারণের আশা-আকাঙ্খাকে বাস্তবে রূপায়িত করা সম্ভব হবে। এখানে এই বিধানসভায় এই বিলের ব্যাপারে যে ভয় প্রকাশ করা হয়েছে সেটা প্রয়োগবিধির ভয়। তাহলে কি স্যার, আমরা কুমীরের ভয়ে জলে নামবো না, সাঁতার দিয়ে ওপারে যাব না? স্যার, কুমীরও থাকবে, আবার আমরা জল দিয়ে পারও হব। বর্ষার দিনে ঘনঘটা অন্ধকার রাত্রে কোন পথিক পথ হারাবার ভয়ে কি পথেই পড়ে থাকবে স্যার, খদ্যোতের আলোয় সে কি তার গন্তব্যস্থলে যাবার চেষ্টা করবে না? যদি না করে সে কেমন পথিক স্যার? আজকে প্রসাসনকে দুর্নীতিমুক্ত করতে হবে। আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে এ কথাই বলতে চাই বাইরে যে সাড়ে চার কোটি মানুষ আছেন, তাদের মাথার উপর রয়েছে যে পুলিশ কর্মচারী যারা এই আইন প্রয়োগ করবেন, তাঁরা যেন একথা মনে

রাখেন যে, বাংলাদেশের মানুষ কোন অন্যায় অত্যাচার ক্ষমা করবে না, এই আইন তাই, তাঁরা যেন হুঁশিয়ার হয়ে প্রয়োগ করেন। আজকে গ্রামবাংলার দিকে তাকিয়ে দেখুন, সেখানে ১ লক্ষ মানুষের মধ্যে ১০ জন হয়ত জোতদার আছে। তার আটজন হয়ত রিটার্ণ দাখিল করেছে, দু'জন করে নি, এই দু'জনের বিরুদ্ধেই আইন প্রয়োগ করুন। আমাদের দেশে ক'জন শিল্পপতি আছেন? আমাদের দেশে সাড়ে চার কোটি মানুষের মধ্যে শতকরা ৯৮ জনই সাধারণ লোক, বাকী দু'জন হয়ত শিল্পপতি। আজকে আইনকে প্রয়োগ করার সময় বিবেচনা করতে হবে। যে দু'জন রিটার্ণ দাখিল করে নি, কি যে দু'জন শিল্পপতি শ্রমিকের স্বার্থের বিরুদ্ধে কাজ করছে, তাদের বিরুদ্ধেই যেন আইন প্রয়োগ হয়। আমরা দুর্নীতিমুক্ত প্রশাসন চাই। যদি কাল বাংলাদেশের মানুষ ঠিকমত রিটার্ণ দাখিল করে শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড দিয়ে দেয়, তাহলে, আইন প্রয়োগের প্রয়োজন হবে না। তাই কেন এই ভয়? কেন এই ত্রাস? আমরা যে দলে আছি সেই দলের দিকে তাকিয়ে দেখুন। এই দলের একটা ঐতিহ্য আছে। পার্লামেণ্টে যখন রাজন্য-ভাতা বিলোপ বিল আসল, তখন বহু রাজামহারাজার তরফ থেকে থ্রেটনিং দেওয়া হয়েছিল, দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলচক্রের ভেদবুদ্ধিসম্পন্ন উগ্র হঠকারী দলের লোকেরা থ্রেটনিং দিয়েছিল, ফলে পার্লামেণ্ট ভেঙ্গে দিতে হল, ভেঙ্গে দিয়ে জনগণের রায় নেওয়া হল। জনগণের সেই বলিষ্ঠ রায়ের ফলেই আজকে আমরা রাজন্যভাতা বিলোপ বিল মেনে নিয়েছি।

[ 5-50—6-00 p.m. ]

আমরা ব্যাঙ্ক জাতীয়করণ করেছি—অর্থাৎ আমরা যেকথা বলেছি তা রেখেছি। আজকেও আমরা চাচ্ছি এই যে আইন যেটা কেন্দ্রীয় সরকারের আইন তার অপ-প্রয়োগ হবে না। আমরা দেখেছি অবিভক্ত কংগ্রেস আমলে একদিন ডি. আই. রুলে হাজার হাজার মুসলমানকে ধরে রাখা হয়েছিল। কিন্তু এই কিছুদিন আগে যখন ইন্দো-পাক কনফ্লিক্ট হোল তখন কিন্তু এই দেশের একজন মুসলমানকেও বিনা কারণে ধরেরাখার প্রবণতা আসেনি। আজকে যাঁরা প্রশাসনে আছেন তাঁদের হুঁসিয়ারী করে দিয়ে বলতে চাই সরকারকে হেয় প্রতিপন্ন করবার জন্য যদি কেউ আইনের অপ-প্রয়োগ করেন, সরকারকে যদি কেউ মিসলিড করেন তাহলে বাংলাদেশের জাগ্রত জনগণ এই দুর্নীতিপরায়ণ পুলিশ কর্মচারীদের কিন্তু ছেড়ে দেবে না। তাদের হুঁসিয়ার করে দিয়ে, আইনের দৃঢ় পদক্ষেপের কথা বলে, কংগ্রেস কর্মীদের বলিষ্ঠ মনোভাবের কথা সামনে রেখে এবং এই আইনের বাস্তব প্রয়োগ হবে একথা বিশ্বাস করে আমি এই বিল সম্পূর্ণরূপে সমর্থন করছি।

**Shri George Albert Wilson-De Roze:** Mr. Deputy Speaker, Sir, this measure has given the Government an extra-ordinary power and I think the consensus of the House is that the Constitution requires the use of such power although I say that this power should be used carefully. There was previously a law which operated as P.V.A. Some friends in the House have expressed some concern as to what happened in the High Court. Well, I can say from my personal experience. I was representing a young man from Beliaghata. He was a motor mechanic. I do not know to which political party he belonged or what his political affiliation was. This young man was detained under the P.V A. and his case was moved by his father in the High Court. He came before the learned Judge in the Court. What happened Sir? When the matter was taken up for hearing, the Government side answered that this man has already been released. I was astonished and the Judge was also astonished. When he wanted the relevant file, a file was placed before him. We found that was a wrong file, that was a file of another man. Then time was taken on three occasions to produce the file and the learned Judge wanted to know

whether confirmation was made or not. I may say that after three adjournments the file was not produced. I am glad to say that the learned judge on this occasion ordered to release the young man. The young man was accordingly released at 4 P. M. the next day. What I say is that, this kind of legislation must be used carefully. No man should be detained in jail because the relevant file is lost. The liberty of the citizens should be protected by every member of the Government There should be no signature on the file that is not looked at. I am asking, Sir, that the Government should give assurance to this House that this power will be operated carefully and that nobody will be detained because the relevant file cannot be found. I say, Sir, we should use this power only when it is absolutely necessary. We must use this legislative power with care and with attention to the principle of the subject.

**শ্রীহরিশ মহাপাত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজ বিধানসভায় আভ্যন্তরীন নিরাপত্তারক্ষা বিলে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে সংশোধনী বিল এনেছেন, তাকে আমি স্বাগত জানাচ্ছি। আমি স্বাগত জানাতে গিয়ে বলতে চাই সাধারণ মানুষ যারা আজকে আমাদের বিপুল ভোটাধিক্যে জয়ী করেছেন যারা পশ্চিমবাংলার খেটে খাওয়া সাধারণ মানুষ, যারা সমাজের নিচে এবং পিছনে পড়ে রয়েছে সেইসব মানুষদের স্বার্থে আজকে যে পরিকল্পনা হওয়া দরকার, যে আইন হওয়া দরকার সেই আইনকে যারা বৃদ্ধাংগুষ্ঠ দেখিয়ে সমাজের কল্যাণের পথে অচলায়তন সৃষ্টি করছে, যারা বাধা দিচ্ছে, সেইসব মুষ্টিমেয় ব্যক্তিদের সংযত করার জন্য আজকে এইরূপ কঠোর ব্যবস্থার প্রয়োজন ছিল। সেই প্রয়োজনীয়তা শুধু সমাজবিরোধীদের ক্ষেত্রে যারা পশ্চিমবাংলার নিরাপত্তা শৃঙ্খলা নষ্ট করেছে তেমনি এরাও যারা মিলমালিক, যারা জোতদার, যাদের পশ্চিমবাংলায় নিরাপত্তা নষ্ট করার জন্য অনেক পরোক্ষ এবং প্রত্যক্ষ ভূমিকা আছে, সেই সবের ক্ষেত্রে আজ যে আইন প্রযোগ করা হচ্ছে সেই আইনের আজ প্রয়োজন ছিল। আমরা দেখেছি যারা সাধারণ মানুষ আজকে খেতে পাচ্ছেনা, যারা বেকারীর জ্বালায়, ক্ষুধার জ্বালায় তিন মাস কাজ পায় এবং ৯মাস বেকারীর জ্বালা ভোগ করে সেইসব কৃষককে যারা ঠকিয়ে হাজার হাজার বিঘা জমি বেনামীতে, স্ব-নামে, বাড়তি জমি নিজের দখলে বছরের পর বছর রেখেছে তাদের ক্ষেত্রে এই আটক আইনই প্রয়োগ করা উচিত। আমরা দেখেছি তথাকথিত জোতদারশ্রেণী যাঁরা দিনের পর দিন আইনের যে কল্যাণকর ধারাগুলোকে প্রয়োগ করার ক্ষেত্রে বিলম্বিত করেছে, নানারকম আইনের ফাঁক দিয়ে তারা বিলম্বিত করার যে সুযোগ নিয়েছে তাদের ক্ষেত্রে এই যে আটক আইন প্রয়োগ করার সিদ্ধান্ত, এটা একটা বলিষ্ঠ সিদ্ধান্ত বলে আমি মনে করি। এই ক্ষেত্রে আইনের প্রয়োগ সম্বন্ধে অনেক বন্ধু আমাদের মাননীয় সদস্যরা অনেক কিছু বলেছেন। যারা আইন প্রয়োগ করবে, যেমন পুলিশ, তাদের নিরপেক্ষতা সম্বন্ধে এবং তারা এর অপব্যবহার করবে, এই ব্যাপারে আমাদের সন্দেহ প্রকাশ করা হচ্ছে। এটা ঠিক যে এই পুলিশের ভূমিকা আমরা গোপীবল্লভপুরবাসী জানি, যে এই পুলিশ কিভাবে সমাজবিরোধীদের হিংসাশ্রয়ী শক্তিকে সাহায্য করেছে। কিভাবে হিংসাশ্রয়ী যে সব দল, যে সব মানুষ তাদের পেছনে থেকে রক্ষা করেছে, তাদের আড়াল দিয়ে সাধারণ নিরীহ মানুষদের উপর অত্যাচার চালানো হয়েছে, তাদের ভূমিকার কথা পশ্চিমবাংলার মানুষের অজানা নেই। মুখ্যমন্ত্রী যখন আমাদের আশ্বাস দিয়েছেন যে এর অপব্যবহার হবেনা, তখন তাঁর উপর আমাদের আস্থা স্থাপন করবো যেন এর সৎব্যবহার হয় এবং অপব্যবহার না হয়।

আমি এই ক্ষেত্রে এইটুকু বলতে চাই যে আজকে যে সব সাধারণ মানুষ অনেক আশা-ভরসা

নিয়ে এই সরকারের দিকে তাকিয়ে আছে, তাদের কল্যাণ যাতে দেখতে পারি এবং সেই কল্যাণের পথে যারা বাধা সৃষ্টি করবে তাদের জন্য কঠিন শাস্তিবিধান এই বিলের মধ্যে থাকা বাঞ্ছনীয়। এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-11 p.m.]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আভ্যন্তরীণ নিরাপত্তা বিল যে আনা হয়েছে, তাকে আমি সমর্থন করি। এই সভায় অনেক সদস্য কম্বুকণ্ঠে ঘোষণা করেছেন ও বলেছেন যে এই বিলটি আরও একটু পরিবর্তন হওয়া উচিত ছিল, আরও একটু সংশোধিত আকারে পেশ করা উচিত ছিল। আমিও তাঁদের সঙ্গে একমত। কিন্তু তার সঙ্গে সঙ্গে একটা কথা বলি—নাগরিক অধিকার মানে বন্য উচ্ছৃঙ্খলতা নয়। নাগরিকের অধিকার যেমন আছে, তার সঙ্গে সঙ্গে কর্তব্যও আছে। কি কর্তব্য আমরা পালন করেছি? ১৯৭২ সাল থেকে আরম্ভ করে যে কর্তব্য আমরা পালন করেছি তাহলো সাংবাদিকের উপর আক্রমণ, উপাচার্য্যের উপর আক্রমণ, হাইকোর্টের বিচারপতির উপর আক্রমণ, ভিন্ন মতাবলম্বী রাজনৈতিক দলের উপর আক্রমণ। দু'দুটো সরকার এলো-গেল, তখনও আমরা এই রক্তস্নান বন্ধ করতে পারি নি। রাখাল নাথ, সাঁইবাড়ীর মত আরো অনেক ঘটনা ঘটেছে। স্বাধীনতার একমাত্র স্তম্ভ এবং অন্যতম শ্রেষ্ঠ স্তম্ভ যে সংবাদপত্র, সেই সংবাদপত্রকেও রেহাই দেওয়া হয় নাই। আনন্দবাজার পত্রিকা, অমৃতবাজার পত্রিকা ও ষ্টেট্সম্যানের অফিসকেও আক্রমণ করা হয়েছে। এই যে বন্য উশৃঙ্খলতা এটাকে যদি স্বাধীন মানুষের অন্তরের বহিঃপ্রকাশ বলি, তাহলে আমি নিশ্চয়ই বলবো—স্বাধীনতা বলতে যা বুঝি, তার অর্থ আমরা ভুল করে করছি। তাই আমি মনে করি—জনজীবনে শান্তি ও শৃঙ্খলা অক্ষুণ্ণ রেখে বন্য উশৃঙ্খলতা বন্ধ করতে নিশ্চয়ই এইরকম একটা বিলের প্রয়োজন ছিল। এই পশ্চিমবঙ্গের শহরে শহরে, গ্রামে গ্রামে এবং খাস কলকাতা শহরে সন্ধ্যা ছ'টা-সাতটার পরে মা-বোনেরা বাইরে বেরুতে পারতেন না। কিন্তু আজকে? তাঁরা নির্ভয়ে বেরুতে পারছেন এবং আমরা দেখছি আজকে সেই বন্য উশৃঙ্খলতা বন্ধ হয়েছে। মানুষের রক্তস্নান করবার যে প্রবৃত্তি, আর পাশব যে প্রবৃত্তি, সেই পাশব প্রবৃত্তি সভ্যতার সংস্পর্ষ ডেকে আনে। ১৯৬৭ সাল থেকে তা আমরা লক্ষ্য করেছিলাম। আজকের এই বিল সেই মানুষের পাশব প্রবৃত্তি, হিংসাশ্রয়ী প্রবৃত্তি এবং অপরকে নির্মূল করবার যে প্রবৃত্তি, সেই যাকে ইংরেজীতে বলে Physical Liquidation-এর যে প্রবৃত্তি, সেই প্রবৃত্তিকে আজ এই বিল শুদ্ধ করে দেবে।

এই সঙ্গে পুলিশের সমালোচনার কথা নিশ্চয়ই আসে। পুলিশকে সমালোচনা বলতে নিশ্চয়ই আমরা একথা মনে করব না যে পুলিশ একটা নিকৃষ্ট জীব। তারা আকাশ থেকে পড়েনি। এ পুলিশ কর্মচারীদের মধ্যে এমন বহু আছেন মহাবিদ্যালয়ের শিক্ষাপ্রাপ্ত, বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ শিক্ষাপ্রাপ্ত তরুণ বন্ধু, যাঁরা নতুন করে বাচতে চান। তাদের সাধারণ বাঙ্গালীবাবু বলে গালাগালি করে প্রগতিশীল হওয়া যায়। কিন্তু I. P. S. ও I. A. S. অফিসারদের সমালোচনা করা উচিত যাঁরা এই মিসা আইনকে নিয়ন্ত্রণ করবেন। আমি পরিষ্কার ভাষায় এই কথা বলতে চাই আজ যারা অসাধু শিল্পপতি, অসাধু মিলমালিক তাদের বিরুদ্ধে এই মিসা অর্ডার প্রয়োগ করার কথা বলা হয়েছে। তারজন্য আমি আমাদের মুখ্যমন্ত্রিকে কৃতজ্ঞতা জানাচ্ছি। তাই আবার বলি এই মিসা আইন গ্রহণ করবার সঙ্গে সঙ্গে আসানসোল অঞ্চলের New Ghusick কোলিয়ারীর মালিককে গ্রেপ্তার করুন। তিনি Provident Fund-এর ৬৫ লক্ষ টাকা মেরে বসে আছেন। নয় বছর ধরে এবং সরকারের রয়ালটিও দিচ্ছেন না ৪৫ লক্ষ টাকা। এমন অনেক পুঁজিপতি, মিলমালিক

আছে যারা আজকে শ্রমিকদের শোষণ করে, তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করে শোষণ করে সমাজজীবনে এমন একটা অবস্থা সৃষ্টি করতে চায় যাতে আইনের প্রতি শ্রদ্ধা মানুষের কমে যায়, সরকারের প্রতি বিশ্বাস কমে যায়। আজকে যদি আইনের শ্রদ্ধা এবং বিশ্বাসকে সংগঠিত করতে না পারা যায়, আইনের শ্রদ্ধা ও বিশ্বাসকে আকর্ষিত না করা যায়, আইনের প্রতি সাধারণ মানুষের, দরিদ্র কিষাণের বিশ্বাস না থাকে, তাহলে সেই আইন ব্যর্থ, সেই আইনের কোন মূল্যই থাকে না। অবশ্য আমরা দেখেছি আইনের অপব্যবহার হতে। আমরা দেখেছি বড় বড় অর্থশালী লোকেরা আইনকে টাকার জোরে কেমনভাবে বে-আইনী কাজে লাগান। তাই স্তব্ধ হয়ে ভেবেছি বিদ্রোহী কবি নজরুল ইসলামের সেই কবিতা—

সেখানে কবি গাইছেন—

তোমার চক্র রুধিয়াছে আজ -
বেনের রৌপ্য চাকায় কি লাভ।
এত অনাচার সয়ে যাও তুমি
তুমি মহামহীয়ান।
পীড়িত মানব পাবে নাকো আর,
সবে না এ অপমান॥

অর্থশালী লোকেরা আইনকে ক্রয় করেন, অর্থশালী লোক আইনকে বিক্রয় করেন। তাই সেই বিত্তশালী বড়লোক, মহাজন, জোতদার বড় বড় মিলমালিক শিল্পপতি যারা, তাদের আটকাবার জন্য এই মিসা আইনকে যদি প্রয়োগ করা হয়, তাহলে আমি জানি, আমি বিশ্বাস করি পশ্চিমবাংলার সাড়ে চার কোটী মানুষ দুহাত তুলে এই প্রগতিশীল সরকারকে আশীর্বাদ করবেন, এই সরকারকে তাঁরা সমর্থন করবেন। আসল কথা হচ্ছে বাস্তব প্রয়োগ প্রয়োজন। সেই বাস্তব প্রয়োগের জন্য আমরা দেখেছি, আমরা উপলব্ধি করেছি আজকে এই মিসা আইনের ব্যাপারে কোন কোন মানুষ আছেন, কোন কোন বন্ধু আছেন, কোন কোন সভা আছেন যাঁরা ঠিক সন্তুষ্ট হতে পারছেন না। তবে এই কথা বলি যে, আমরা যেখানে ছিলাম, আর সেখানে থাকব না আমরা এগিয়ে যাব। কেন মানুষকে ধরা হচ্ছে কেন মানুষকে গ্রেপ্তার করা হচ্ছে? নকশালপন্থী বলে যাদের বলা হয়, যখন তাদের উপর আক্রমণ হয় তখন আমি ব্যক্তিগতভাবে বিক্ষুব্ধ হই। যখন আসানসোল স্পেশাল জেলে তাদের হত্যা করা হয়েছিল ৯জন বন্দীকে, পশ্চিমবাংলার মধ্যে আমিই প্রথম তার প্রতিবাদ করেছিলাম। কিন্তু তার মানে এই নয় যে রাজনৈতিক দলের নাম করে, বিপ্লবের নাম করে, চারু মজুমদারের নাম করে সাংবাদিক রাখাল নাহাকে হত্যা করা হবে, হাইকোর্টের বিচারপতিকে হত্যা করা হবে, হত্যা করা হবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে। তাই আমি এই কথা বলছি যে, আজকে এই বিধানসভা ভবনে যে বিল গ্রহণ করা হচ্ছে সেই বিলকে আমি স্বাগত জানাচ্ছি। এইজন্য স্বাগত জানাচ্ছি যে, এই বিল যেন জোতদারের বিরুদ্ধে প্রয়োগ করা হয়, এই বিল যেন অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে প্রয়োগ করা হয়, মহাজনের বিরুদ্ধে এবং অসাধু শিল্পপতিদের বিরুদ্ধে প্রয়োগ করা হয়। আমি বিশ্বাস করি আমাদের এই আইন গ্রহণ সার্থক হবে, ধন্য হবে। জয়হিন্দ।

**শ্রীফণিভূষণ সিংহ বাবু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই বিধানসভা কক্ষে আমাদের মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গের নিরাপত্তার জন্য যে আইন এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আজ গ্রামবাংলার মানুষ, দরিদ্র খেটে খাওয়া মানুষ, জোতদার, জমিদার, মজুতদার প্রভৃতির কাছে পদদলিত অবহেলিত অবস্থায় বসবাস করছে। আজ সেই ভূমিমানেরা বিভিন্ন আইনের আশ্রয় নিয়ে অসহায় গ্রামবাসীকে বিভিন্নভাবে অত্যাচার করে চলেছে। তাই আমি

বলছিলাম যে, আজ এই আইন তৈরী করে আমাদের মুখ্যমন্ত্রী এই বিধানসভায় যে বলিষ্ঠ পদক্ষেপ নিলেন, তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। এই নিরাপত্তামূলক আইনের সুষ্ঠু প্রয়োগের ফলে গ্রামবাংলায় তথা পশ্চিমবাংলায় সাড়ে চার কোটি মানুষ জানাবে আশীর্বাদ আমাদের সরকারকে। তারা সরকারের কাছে চেয়েছিল শান্তিপূর্ণ জীবন এবং সেইজন্য তারা বিপুল ভোটে আমাদের জয়ী করে পাঠিয়েছে এই বিধানসভায়। মুখ্যমন্ত্রী মহাশয় যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে চলেছেন এই বিধানসভার মাধ্যমে, সেইজন্য এই পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষ এই মন্ত্রিসভা তথা এই বিধানসভার প্রতিটি সদস্যকে আপনজন বলে চিনতে শিখছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, যেসমস্ত অসাধু ব্যবসায়ী আছে এবং আমলাতন্ত্র, পুলিশ বিভাগে যেখানে অসাধুতা অবলম্বন করা হয়, সেখানে তাদেরও এই আইনের আওতার মধ্যে আনতে হবে। অনেক অসাধু পুলিশ অফিসাররা মিথ্যা অভিযোগে শান্তিপ্রিয় মানুষের উপর অত্যাচার চালায়। যারা সমাজের কাছে অবহেলিত, সেই গ্রামবাংলার সাধারণ মানুষের উপর এই আইন যেন প্রয়োগ করা না হয়। যাই হোক আমি এই আইনকে সমর্থন জানিয়ে আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে, এই আইন শুধু গ্রামবাংলার জন্য নয়, শহর অঞ্চলে যেসমস্ত শিল্পপতি, তারা বিভিন্ন ব্যবসার ক্ষেত্রে যে অসাধুতা অবলম্বন করছে, তাদের হাত থেকে মানুষকে বাঁচাবার এই আইন একটা বলিষ্ঠ পদক্ষেপ বলে আমি মনে করি। এবং সেই সঙ্গে বিভিন্ন কল-কারখানায় যারা খেটে খাওয়া মানুষ আছে তাদের নিরাপত্তার পক্ষেও এটি একটি বলিষ্ঠ পদক্ষেপ, এই বলে আমি আমাদের সরকার এবং মুখ্যমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে, এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

### Visit of Yugoslov Parliamentary Delegation

**Mr. Speaker:** Honourable Members, a Yugoslov Parliamentary Delegation, led by His Excellency Mr. Mizalko Todorodic, President of the Federal Assembly, Socialist Federal Republic of Yugoslovia, is expected to reach Calcutta to night. To-morrow many of the members will be busy in receiving them. So the House stands adjourned till 5 P. M. to-morrow.

### Adjournment

The House was accordingly adjourned at 6-11 p. m. till 5 p. m. on Friday, the 7th March, 1972, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 7th April, 1972, at 5 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 15 Ministers, 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 3 Deputy Ministers and 179 Members.

[5-00—5-05 p.m.]

OBITUARY

**Mr. Speaker** : Hon'ble Members, with a feeling a deep regret I refer to the demise of Syed Nausher Ali, a Member of this House and a former Speaker of great repute who died yesterday at Dacca at the age of 80. A Nationalist Leader, he had a chequered political career who will be long remembered for his historic Rulings during the pre-independence day as speaker of the West Bengal Legislative Assembly His name is almost a household word in the domain of Parliamentary democracy and has assigned him a place that may be rightly looked upon as next to Mr. Speaker Lenthall who had reported to King Charles I "I have neither eyes io see, nor tongue to speak in this place, but as the House is placed to direct me......". It was then reckoned as an act of great courage for Mr. Speaker Ali to rule that "it is the House which makes and unmakes a Ministry and the Governor is only a Registering Authority". A Member of the A.I.C.C., B.P.C.C., Chairman, Jessore District Board, Member of Bangal and West Bengal Legislative Council, he also held the Chairmanship of the Coal Mines Stowing Board. Besides, he was a member of the provisional Parliament, President, Vice-President and member of various political organisations, Statutory and Legislative Committees. Associated with Indian National Congress, he was jailed for his political faith and activities. In his life he entertained an uncompromising attitude towards anything, that, according to him, was wrong. His services to the country and to the people were marked by humanitration considerations, humility, a great sense of dedication and an exemplary patriotism. The scheme of creating Pakistan was greatly abhorred by, and never acceptable to him. For this reason he elected to stay in India after partion and became for sometime a Member of the Indian Parliament—Rajya Sabha.

May his soul rest in peace.

I would now request the honourable members to rise in their seats and observe silence for 2 minutes as a mark of respect to the departed soul.

( Members rose in their seats and observed silence for two miuutes ).

Thank you ladies and gentlemen. Secretary will do the needful.

The House stands adourned tiil 1 p.m. on Monday, the 10th April, 1972.

### Adjournment

The House was accordingly adjourned at 5-05 p.m till 1 p m. on Monday, the 10th April, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 10th April, 1972, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 11 Ministers, 5 Ministers of State, 1 Deputy Minister and 142 Members

## Starred Questions

( To which oral answers were given )

[ 1-00—1-10 p.m. ]

**Mr. Speaker** : Honourable Members, if any of you has not yet made an oath or affirmation af Allegiance, he may kindly do so.

As the Minister-in-charge of Agriculture Department is out of town, the questions that are to be answered by him will not be taken up to-day. Those questions will be taken up on the next rotaional day.

### সাবসিডিয়ারী হাসপাতাল

*৯৩। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৭ ) **শ্রীশিশিরকুমার সেন** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জনসাধারণের সুবিধার জন্য প্রতি ব্লকে ১টি প্রাথমিক ও ২টি সাবসিডিয়ারী হাসপাতাল হওয়ার পরিকল্পনা অনুসারে হাওড়া জেলার শ্যামপুর থানায় এখনও পর্যন্ত ২টি সাবসিডিয়ারী হাসপাতাল তৈয়ারী না হওয়ার কারণ কি ; এবং

(খ) 'গড়চঞ্চুক' ও 'পিছলদহ' হেলথ সেণ্টার দুইটির কাজ কতদিনে শুরু হইবে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা** :

(ক) শ্যামপুর থানা শ্যামপুর ১ নং এবং শ্যামপুর ২ নং ব্লকে বিভক্ত। প্রতি ব্লকে একটি প্রাথমিক এবং একটি উপস্বাস্থ্যকেন্দ্র চালু আছে।

১ নং ব্লকে দ্বিতীয় উপস্বাস্থ্যকেন্দ্র পিছলদহ মৌজায় স্থাপিত হবে। প্রয়োজনীয় জমি সংগৃহীত হয়েছে। জমিটি নিচু হওয়াতে জেলা কর্তৃপক্ষের মাধ্যমে গ্রেট রিলিফ স্কীমে উহা ভরাট করা হচ্ছে। এই কাজ শেষ হলে স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য মঞ্জুর করা হবে, ২ নং ব্লকে দ্বিতীয় উপস্বাস্থ্যকেন্দ্র বরগার চম্বক মৌজায় স্থাপন করা হবে। নির্মাণ-কার্য চলছে ;

(খ) বরগার চম্বক উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য চলছে ; পিছলদহ উপস্বাস্থ্যকেন্দ্রের জমিটি ভরাট করা হচ্ছে। এর পর এর নির্মান কার্য মঞ্জুর কবা হবে।

## বেহালা হাসপাতালের নির্মাণকার্য

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তী**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রস্তাবিত বেহালা হাসপাতালের নির্মাণকার্য কত দিনের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়; এবং

(খ) কবে নাগাদ এই হাসপাতালে চিকিৎসার সুযোগ জনসাধারণ পেতে পারে?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ

(ক) ১৯৭০ সালের ডিসেম্বর মাসে বেহালা হাসপাতালের বিভিন্ন গৃহাদি এবং কর্মচারীদের বাসস্থান নির্মাণের জন্য ৫১ লক্ষ ৮০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল। পূর্তবিভাগ ইতিমধ্যে ১ কোটি ২৩ লক্ষ ১৭ হাজার টাকার একটি সংশোধিত Estimate পেশ করেছেন। (বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে)। সংশোধিত অনুমোদন সাপেক্ষে পূর্তবিভাগ নির্মাণকার্য চালিয়ে যাচ্ছেন। উক্ত বিভাগকে যত শীঘ্র সম্ভব নির্মাণকার্য শেষ করতে অনুরোধ করা হচ্ছে।

(খ) নির্মাণকার্য শেষ হলে হাসপাতালটি চালু করা হবে।

**শ্রীঅশ্বিনী রায়**ঃ এই নাম্বার অব বেডস আফটার দি কমপ্লিসন অব দিস হসপিটাল কত হবে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নাম্বার অব, বেডস কতগুলি হবে আমার নথিপত্রের মধ্যে সেটা আমি এখন খুঁজে পাচ্ছি না, তবে মাননীয় সদস্যকে পরে নিশ্চয়ই জানাবো।

## সরকারী হাসপাতালে চিকিৎসক

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রীনিতাইপদ সরকার**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন সরকারী হাসপাতালে বর্তমান মোট ডাক্তারের সংখ্যা কত; এবং

(খ) শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে সমস্ত হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার আছেন কি না এবং না থাকিলে উহার কারণ কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ

(ক) ৩৭৩৩।

(খ) অধিকাংশ শহরাঞ্চল হাসপাতালগুলিতেই প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক নিযুক্ত আছেন। গ্রামাঞ্চলের উপস্বাস্থ্যকেন্দ্র, কুষ্ঠ চিকিৎসাকেন্দ্র, সরকারী দাতব্য-চিকিৎসালয় এবং অন্যত্র হাসপাতালে চিকিৎসকের সংখ্যা কম আছে।

গ্রামাঞ্চলে চাকুরী করিবার অনিচ্ছাই ঐ সমস্ত পদে চিকিৎসক না থাকার প্রধান কারণ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** গ্রামাঞ্চলে যেসমস্ত চিকিৎসক যেতে চান না তারা সক শহর এলাকার লোক এবং সেই জন্যই তারা ডাক্তারী পড়বার সুযোগটা পেয়েছে, এটা মন্ত্রিমঃ জানাবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সত্য নয় যে যারা ডাক্তারী করেছে তারা সবাই শহরের লোক। গ্রামাঞ্চল থেকেও অনেকে এসেছেন শহরে পড়া করতে। কারণ, শহরেই পড়াশুনা করার কলেজ বা হাসপাতালগুলি আছে। আমি তাদের কাছে গিয়ে আবেদন রেখেছি যাতে তারা আমাদের এই আবেদনে সাড়া দেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** গ্রামে বর্তমানে যখন এই রকম অব্যবস্থা চলেছে তখন থেকে যেসমস্ত ছেলে ডাক্তারী পড়তে আসবে তাদের প্রথমে বেশী আসনে অগ্রাধিকার দেও যাতে ব্যবস্থা হয় সেটা কি মন্ত্রিমহাশয় বিবেচনা করে দেখবেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা:** আসন যেভাবে ভাগ করা আছে সেটা নিশ্চয়ই মাননীয় সদ জানা আছে। তবে আমরা দেখতে পাচ্ছি গ্রামাঞ্চলে যেখানে যেখানে প্রাইমারী হেলথ সেণ্ বা সাবসিডিয়ারী হেলথ সেণ্টার আগে করা হয়ে গেছে সেখানে ডাক্তাররা যেতে চাইছেন • আপনারা নিশ্চয়ই জানেন পাবলিক সার্ভিস কমিশন থেকে অনেক এ্যাপয়েণ্টমেণ্টের রেকমেণ্ডে দেওয়া সত্ত্বেও এবং সরকার এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া সত্ত্বেও যেতে চাইছেন না। সেই ডাক্তারদের সেখানে নিয়ে যেতে উদ্বুদ্ধ করার জন্য সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

**শ্রীসুধীরচন্দ্র দাস:** মন্ত্রিমহাশয় বললেন বহুদিন থেকে ডাক্তারের অভাব আছে তাদের উদ্বুদ্ধ করানো যাচ্ছে না। এই সম্পর্কে অন্য কোন ভাবনা-চিন্তা করা হয়েছে কিনা— ডাক্তারদের যাতে করে সেখানে সরবরাহ করা যেতে পারে, যেমন শহরে যারা প্রাকটিস করেন তা কিছু লোককে বাছাই করে নিয়ে সেখানে পাঠাবেন তারা পার্ট টাইম কাজ করবেন, হসপিটা যাবেন অথবা কণ্ডেন্সড কোর্স করে অথবা অন্য কোন উপায় চিন্তা করে এই সমস্যা সমা করার কথা আপনি ভাবছেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার বিশেষভাবে এটা চি করছেন। মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন যে পার্টটাইমে নিয়ে যাওয়া যায় কি না আমরা চিন্তা করে দেখছি এবং শুধু পার্টটাইম নয়, পাবলিক সার্ভিস কমিশন থেকে রেকমেণ্ডে আসছে এবং ডিষ্ট্রিক্টের যে সমস্ত সিট আছে সেই সমস্ত সিটে গ্রামের ঠিকানা দিয়ে যারা পড় সুযোগ পাচ্ছেন তারা যাতে গ্রামে গিয়ে গ্রামের লোকজন বিশেষ করে গরীব যারা রয়েছে, য শহরে আসতে পারে না, তাদের চিকিৎসা করতে পারেন সেদিকে আমরা বিশেষভা নজর দিচ্ছি।

[1-10—1-20 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** আমরা দেখেছিলাম কয়েকদিন আগে যে এই সমস্ত ডাক্তা যাতে গ্রামাঞ্চলের চিকিৎসাকেন্দ্রে যান তার জন্য সরকারী প্রচেষ্টা চলেছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন, কতজন ডাক্তারের সঙ্গে তাঁর এরকম কথাবার্তা হয়েছে এবং কতজন ডাক্তার এ পর্যন্ত গ্রামের চিকিৎসা কেন্দ্রগুলিতে যেতে রাজি হয়েছে বা ঘাটতি কত আছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** আপনার প্রশ্নের মধ্যে অনেক রকম প্রশ্ন আছে তাই আ জেনারেলভাবে উত্তর দিচ্ছি। কোন একটি, দুটি বা তিনটি ডাক্তারের সঙ্গে কথাবার্তা ব

সম্ভব হয়নি। তবে নীলরতন সরকার, মেডিক্যাল কলেজ হসপিটাল, আর. জি. কর হসপিটালে আজ সকালে ঠিক এই বক্তব্যই রেখে এসেছি বিশেষভাবে যুবক ডাক্তারদের প্রতি যে, তাঁরা যেন এমন কিছু না করেন যাতে আমরা বাধ্য হই আইন করতে। তাঁদের কাছে এখন পর্যন্ত অনুরোধ করেছি তবে পরে মাননীয় সদস্যদের মতামত নিয়ে এ বিষয়ে কি করা উচিত, সে বিষয়ে আমরা নিশ্চয়ই একটা সিদ্ধান্তে আসতে পারবো।

**শ্রী আবদুল বারি বিশ্বাস:** গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলির বাড়ীঘর তৈরী করে পড়ে থাকা, ঔষধপত্র না থাকা বা চিকিৎসার ক্ষেত্রে অব্যবস্থার জন্য গ্রামের মানুষের দুর্গতি যখন চরম সীমায় তখন এই সমস্ত ডাক্তারদের সঙ্গে ঠিক এইরকমভাবে আলাপ আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের কথা চিন্তা না করে সার্ভিস রুল পরিবর্তন করে এই সমস্ত ডাক্তারদের শহর থেকে গ্রামের স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া যায় কিনা সে সম্পর্কে ক্যাবিনেটে আলোচনা হয়েছে কিনা বা তার চেষ্টা করেছেন কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গণতন্ত্রে বিশ্বাস করি তাই প্রথমে গত ২০ দিন ধরে—যে দিন থেকে স্বাস্থ্য দপ্তরের ভার এসেছে, এই ভাবে চেষ্টা করছি যে যাতে তাঁরা নিজেরাই মনের পরিবর্তন করেন বা নিজেরাই গ্রামের কথা বিবেচনা করে এগিযে আসেন। যদি না আসেন অন্য মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন পার্ট টাইম করা বা সার্ভিস রুল পরিবর্তন করা বা কিছু করা সেটা চিন্তা করা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই পারসুয়েসানের ফলে এখন পর্যন্ত কতজন ডাক্তার শহর থেকে গ্রামে যেতে রাজি হয়েছেন?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** ঠিক কতগুলি বলতে পারবো না। তবে এটা ঠিক যে মিটিং হবার পর বা বক্তৃতা দেবার পর যখন আমি তাদের সঙ্গে কথা বলেছিলাম তখন অনেক যুবক বা তরুন ডাক্তার এসে তাঁদের কতকলি বক্তব্য রেখেছেন। যেমন, তাঁদের বিদেশে যাবার সুযোগ সুবিধার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে কিনা, তাঁদের এম. এস. বা এম. ও. পরীক্ষায় অগ্রাধিকার দেওয়া হবে কিনা এরকম বক্তব্য রেখেছেন। তবে এখনও কেউ লিখিতভাবে সাড়া দেননি।

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন, শহরের আকর্ষণের চেয়ে গ্রামের চিকিৎসাকেন্দ্রগুলিতে ইকুইপমেন্টসের অভাব, এ্যাপারেটার্স এণ্ড মেডিসিনের অভাবের ফলে তরুন ডাক্তাররা তাঁদের প্রফেসানাল সাটিসফ্যাকসান পান না বলে তাঁরা গ্রামাঞ্চলের চিকিৎসা-কেন্দ্রগুলিতে যেতে চান না?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** এ বিষয়ে একটা বাংলা সংবাদপত্রের এডিটরিয়ালে এই পয়েন্টটা তুলে ধরা হয়েছিল। তবে আমার মনে হয় না, কারণ এখনও পর্যন্ত লিখিতভাবে কোন ডাক্তারের কাছ থেকে পাইনি যে ঔষধ নেই, এ্যাপারেটার্স নেই বলে যাচ্ছেন না—একথা কেউ লিখিতভাবে জানান নি। অনেক তরুন ডাক্তারের সঙ্গেও কথাবার্তা বলেছি তাঁরাও এ বক্তব্য আমার কাছে রাখেন নি।

**শ্রীঅসমঞ্জ দে:** আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই শান্তিপুরের প্রাইমারী হেলথ সেণ্টারে······

**Mr. Speaker:** The question is out of order.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি, গ্রামাঞ্চলের তরুন চিকিৎসকদের না যাবার যে প্রবণতা তারজন্য কোন ইনসেনটিভ স্কীম সরকারের পক্ষ থেকে আছে কি? যেমন, নন প্রাকটিসিং এ্যালাউন্স সেভা সাফিসিন্টেলি বাড়িয়ে তাঁদের এ ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য কোন প্রচেষ্টা হয়েছে কি?

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশের এখন যে অবস্থা তাতে গ্রামাঞ্চলে গরীব মানুষদের চিকিৎসা করতেই হবে। কোন ইনসেনটিভের কথা এখন ভাবছি না। আমরা চাইছি,—যা আছে আমার মনে হয় তা যথেষ্ট এবং তাতে তরুণ ডাক্তাররা সাড়া দেবেন, এগিয়ে আসবেন ঠিক আমাদের দেশের সৈনিকদের মত।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কিছুক্ষণ আগে জানালেন যে এইসমস্ত ডাক্তারদের কাছে যখন তিনি এ্যাপ্রোচ করেন তখন তাঁরা বলেছেন এম. এস. পরীক্ষার সুযোগ দেওয়া হবে কি না, বিদেশে যাওয়ার অগ্রাধিকার দেওয়া হবে কি না। আমার প্রশ্ন হচ্ছে এই সমস্ত ডাক্তাররা যখন চাকরিতে আসে তখন যে টামর্স এণ্ড কণ্ডিসান ছিল এগুলি কি তাঁরা চেয়েছিলেন, না, তাঁদের এই সমস্ত সুযোগ সুবিধার কথা বলা হয়েছিল, না, বিনা কণ্ডিসানে তাঁরা যাকরিতে এসেছিলেন?

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** যে সমস্ত তরুন ডাক্তারদের কথা উল্লেখ করলাম তাঁরা ওগুলি আলোচনা করেছিলেন, যেমন আর একজন মাননীয় সদস্য জিজ্ঞাসা করলেন কোন ইনসেনটিভ দেওয়া হবে কি না, তাঁরা আলোচনা করেছিলেন এই জিনিসগুলি সম্বন্ধে আপনারা ভাবছেন কি না।

**Mr. Speaker**: Starred question No. *96 is held over,

## নৈহাটিতে সরকারী হাসপাতাল

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮) **শ্রীতারাপদ মুখোপাধ্যায়ঃ** স্বাস্থ্য মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নৈহাটীতে সরকারী হাসপাতাল হওয়ার যে পরিকল্পনা ছিল তাহা বর্তমানে কি আছে; এবং

(খ) ঐ হাসপাতালের নির্মাণকাজ ত্বরান্বিত করার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ**

(ক) এখন পর্যন্ত হাসপাতাল স্থাপনের উপযুক্ত জমি পাওয়া যায় নি।

(খ) উপযুক্ত জমি সংগ্রহের চেষ্টা করা হচ্ছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** নৈহাটিতে যে হাসপাতালের কথা বলা হয়েছে এই হাসপাতালের জমিটা কি সরকার তাঁর নিজের উদ্যোগে কেনবার পরিকল্পনা করেছেন, না অন্য কোন উপায়ে পাওয়ার চেষ্টা করছেন?

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে আমি একটু ছোট করে বলে দিতে চাই। নৈহাটিতে একটা ষ্টেট জেনারেল হাসপাতাল স্থাপনের একটা পরিকল্পনা বেশ কয়েক বছর যাবত স্বাস্থ্য বিভাগের বিবেচনাধীন আছে। কিন্তু প্রয়োজনীয় জমি সংগ্রহ করতে

না পারার দরুণ পরিকল্পনাটি বাস্তবে পরিণত করা যাচ্ছে না। ১৯৬৭ সালে নৈহাটি হাসপাতাল অর্গানাইজিং কমিটি নামে একটা সংস্থা দেউলপাড়া ও মাদ্রাল মৌজায় হাসপাতালটা স্থাপনের জন্য ২৭ বিঘা ১০ কাঠা জমি সরকারকে দেওয়ার একটা প্রস্তাব এই বিভাগে পেশ করে। প্রস্তাবটি সরকারী অনুমোদন লাভ করে। জমি ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের জন্য উক্ত কমিটিকে একটা লটারি খোলার অনুমতি দেওয়া হয়। এইভাবে সংগৃহীত অর্থে ঐ কমিটি ১৬ বিঘা জমির মতন জমি ক্রয় করে উক্ত জমির স্বাধিকার সরকারকে দেয়। এর পর কমিটি জানায় যে তাদের অবশিষ্ট জমি কেনার সামর্থ নেই, কাজেই সরকার যেন উক্ত জমি সংগ্রহ করেন। তারপর কমিটি অবশিষ্ট জমির জন্য অনেকবার অনুরোধ করা সত্বেও কোন সাড়া পাওয়া যায় নি। মাত্র ১৬ বিঘা জমিতে হাসপাতাল স্থাপন সম্ভব নয় বলে এবং জমিগুলি পরস্পর সংযুক্ত নয় বলে ঐ প্রস্তাবটি কার্যকরী করা যায়নি। বর্তমানে নৈহাটি হাসপাতাল ষ্টীয়ারিং কমিটি নামে আর একটি সংস্থা গরিফা মৌজায় প্রয়োজনীয় জমি দেবার একটা প্রস্তাব এই বিভাগে পেশ করেছে। প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ যে ১৬ বিঘা জমি দেওয়া হল সরকার সেই ১৬ বিঘা জমি কি ঐ কর্তৃপক্ষকে ফেরৎ দিয়েছেন, না বাকি সংগ্রহের চেষ্টা করছেন? যে জমি আগে দেওয়া হয়েছিল সেই জমি সম্বন্ধে কি ডিসিসান নেওয়া হয়েছে?

**শ্রীঅজিতকুমার পাঁজা**ঃ ১৬ বিঘা জমি ফেরৎ দেওযার প্রশ্ন উঠে না। কারণ, ঐ জমি লটারি করে সংগৃহীত টাকায় কেনা হয়েছিল। এখন নৈহাটি হাসপাতালের যে প্ল্যান আছে তাতে ঐ ১৬ বিঘা জমিতে ওটা তৈরী হতে পারে না। তাই ১৬ বিঘা জমি এখন ঐভাবে আছে, এখনও নতুন কোন প্ল্যান আমাদের কাছে আসে নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ যে ১৬ বিঘা জমি সরকারকে দেওয়া হল হাসপাতালের জন্য
ার পর কি ঐভাবে পড়ে থাকবে? মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন ঐ জমি বর্তমানে কি
ক বা তত্ত্বাবধান হচ্ছে?
়াগ সুি
গ্রাধিকা **অজিতকুমার পাঁজা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খবর নিয়ে জানাতে হবে, অর্থাৎ
ড়া দে র প্রয়োজন।

[3-30 – 1-30 p.m.]

**শ্রীসুধীর চন্দ্র দাস**ঃ ১৬ বিঘা জমিতে হাসপাতাল হয় না এই ধরনের চিন্তা সরকারপক্ষ থেকে না করে ঐ প্ল্যানকে সংকুচিত করে ঐ জমিতে পুনরায় করার কথা চিন্তা করবেন কি?

**শ্রীঅজিতকুমার পাঁজা**ঃ প্রথমে আমি বলেছিলাম যে প্ল্যান হয়েছে তাতে ১৬ বিঘার চেয়ে বড় যারা এই প্রতিশ্রুতি দিয়েছিলেন তারা আরো জমি সংগ্রহ করবেন বলেছিলেন এই কথা তারা লিখিতভাবে দিয়েছিলেন। এখন সেই প্ল্যান পাল্টে ফেলার কোন কারণ নেই। বড় হাসপাতাল করার চিন্তা আছে এবং নূতন কমিটি তারা এটা বিবেচনা করছেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ ১৬ বিঘা জমি যা সরকার পেয়েছেন তা এই কমিটিকে দিয়ে অর্থাৎ হস্তান্তর করে নূতন জায়গায় কনসোলিডেটেড এরিয়ায় করার কথা চিন্তা করছেন কিনা জানাবেন কি?

**শ্রীঅজিতকুমার পাঁজা**ঃ কমিটির হাতে দেওয়ার কথা যা বলেছেন সে প্রস্তাব বিবেচনা

করা হবে। তারপর ১৬ বিঘা জমি নিয়ে কি হবে, কিভাবে ব্যবহার করা হবে সেটা খবর নিয়ে জানাব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : আমি বলেছি যে নূতন কমিটি উদ্যোগ নিয়ে হাসপাতাল তৈরী করার চেষ্টা করছে। সেই ১৬ বিঘা জমি হস্তান্তর করে তাদের নূতন জায়গার সুযোগ করে দেবেন কি না?

**শ্রীঅজিতকুমার পাঁজা** : নূতন জমি যেটার কথা হয়েছে সেটা হল গরিফা মৌজায়। সুতরাং ১৬ বিঘা জমি তাদের হাতে দিয়ে তার বদলে অন্য জমি পাওয়া যাবে কিনা সেটা বিবেচনাধীন আছে।

## সরকারী হাসপাতালে রোগীর জন্য ব্যয়

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রীনিতাইপদ সরকার** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন সরকারী হাসপাতালে গড়ে প্রত্যহ কত রোগী আউটডোরে চিকিৎসার জন্য উপস্থিত হইয়া থাকেন ;

(খ) উহাদের জন্য প্রত্যহ আনুমানিক কত টাকা ঔষধ ও অন্যান্য বাবদ খরচ করা হইয়া থাকে ;

(গ) পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী হাসপাতালে রোগী ভর্তির জন্য বর্তমানে কতগুলি ফ্রি বেড আছে , এবং

(ঘ) হাসপাতালে উক্ত রোগীদের জন্য মাথাপিছু কত ব্যয় হইয়া থাকে ?

**শ্রীঅজিতকুমার পাঁজা** :

(ক) প্রত্যহ গড়ে প্রায় ১,৫২,০০০ (১৯৬৯) রোগী উপস্থিত হয়ে থাকেন।

(খ) প্রত্যহ ঔষধ ইত্যাদি বাবদ তাঁদের জন্য আনুমানিক ৪৮,০০০ টাকা ব্যয় হয়।

(গ) ২৩,০৩৭ টি।

(ঘ) অন্তবিভাগের রোগী প্রতি প্রত্যহ গড়ে আনুমানিক ৬ টাকা হতে ২৪ টাকা ব্যয় হয়।

**শ্রীসরোজ রায়** : আপনি গ প্রশ্নের উত্তরে বলেছেন ২৩,০৩৭টি, কিন্তু আমি ঔষধের কথা যা বলেছি তাতে বলেছেন ৪৮০০০ হাজার টাকা। এই যে বলছেন এগুলি কোন সাল থেকে?

**শ্রীঅজিতকুমার পাঁজা** : আমি যে ফিগার দিয়েছি সব ১৯৬৯ এর।

**শ্রীসরোজ রায়** : যতটা জানি ৪৮,০০০ টাকা খরচ হয় ঔষধ ইত্যাদির জন্য। এবং সেটা ১৯৬৯ সালের কথা বলেছেন। বর্তমানে ঔষধ এবং খাবারের দাম বেড়ে যাবার ফলে যে টাকা দেওয়া হচ্ছে তাতে সঙ্কুলান হচ্ছে না একথা হাসপাতালের ডাক্তারেরা বলছেন অর্থাৎ ঐ মূল্যে যতটা ঔষধ পাবার কথা তারচেয়েও অনেক কম বরাদ্দ হচ্ছে। যা পাওয়া যাচ্ছে তা কোয়াইট ইনসাফিসিয়েণ্ট।

**শ্রীঅজিতকুমার পাঁজা** : নজর নিশ্চয় দিতে হবে তবে আপনারা যদি কোন particular হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রের কথা বলেন তাহলে আমাদের পক্ষে নজর দিতে সুবিধা হয়।

**শ্রীসরোজ রায়ঃ** গড়বেতা থানা হাসপাতালে ৫০টি বেড আছে। সেখানে ঔষধ সম্পর্কে তাঁরা বলেছেন আমরা যে মূল্যে ঔষধ পাই তাতে এক মাস কেন ১০ দিন চলে না। আপনারা যা দেন তাতে টাকার হিসাব করতে গেলে ঐ টাকায় আজকাল খুব কম ঔষধ আসে। এটা একটা Specific উদাহরণ দিচ্ছি।

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ** গড়বেতা থানা হাসপাতাল সম্পর্কে নিশ্চয় খবর নিয়ে জানাব।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** রোগী পিছু ৬ টাকা থেকে ৮টাকা যে ব্যয় হয় তাতে ঔষধ বাবদ কত এবং অন্যান্য বাবদ কত?

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ** বর্তমানে প্রতিটা শয্যা সংরক্ষণের জন্য এইভাবে ব্যয় হচ্ছে—পথ্য ২ টাকা দৈনিক, প্রতিটা অধিকৃত শয্যার জন্য। ঔষধাদি ১ টাকা দৈনিক, বিবিধ ২৫ পয়সা। শয্যা এবং বস্ত্রাদি ১০০ টাকা বাৎসরিক, প্রতিটা শয্যার বিশেষ ঔষধ ১০০ টাকা বাৎসরিক। ইহা ছাড়া অন্যান্য ব্যয় আছে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** খ প্রশ্নের উত্তরে ৪৮ হাজার এবং ক প্রশ্নের উত্তরে ১ লক্ষ ৫২ হাজার বলেছেন। অর্থাৎ ১ লক্ষ ৫২ হাজার রোগীর জন্য ৪৮ হাজার টাকা খরচ হয—তাহলে ঔষধ দেবার জন্য ৩২ পয়সা per capita খরচ হচ্ছে। আজকের দিনে যেভাবে দাম বেড়েছে তাতে ৩২ পয়সায় কিভাবে ঔষধ দেওয়া যাবে এটা চিন্তা করে Outdoor-এ ঔষধ পাবার ব্যাপারটা আরও বাড়াবার জন্য সরকার কি বিবেচনা করবেন?

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ** একটি মাত্র হাসপাতাল সম্বন্ধে খবর পেলাম। এখনও পর্যন্ত কোন হাসপাতাল থেকে আমাদের কাছে লিখিতভাবে বা অন্যভাবে কিছু আসে নি যে টাকা কমের জন্য ঔষধ দেওয়া যাচ্ছে না। তবে আপনারা জানালে নিশ্চয় এ বিষয়ে ব্যবস্থা করা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** হাসপাতালের যা অবস্থা তাতে বেড নেই, Sheet নেই, Cover নেই, ঔষধ নেই, ডাক্তার নেই ইত্যাদি। মাথাপিছু যে ২ টাকা পরিমাণ পথ্যের কথা বলেছেন এবং ১ টাকা ঔষধের কথা বলেছেন। কিন্তু এই বাড়তি সহ ২ টাকা, না আগেকার রেট ২ টাকা?

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ** এই figure-গুলো সব ১৯৬৯ সালের।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** বাজারে দ্রব্যমূল্য যেভাবে বাড়ছে তাতে ২ টাকা বরাদ্দ বাড়ানোর কোন পরিকল্পনা সরকার কি নিচ্ছেন?

**শ্রীঅজিতকুমার পাঁজাঃ** এ বিষয়ে কোন আলোচনা হয় নি।

**শ্রীরবীন্দ্রনাথ ঘোষঃ** হাওড়া জেলায় উলুবেড়িয়া S. D. Hospital-এ যেসব রোগী ভর্তি রয়েছে তাদের ঔষধপত্র হাসপাতাল থেকে না দেবার জন্য বাহিরে থেকে Medicine কিনে দিতে হয়। বেড নেই, কম্বল নেই, খাবার ব্যবস্থা নেই, মাটিতে চট বিছিয়ে তাদের থাকতে হচ্ছে। এখানে ঔষধ হাওড়া জেলা থেকে আসে তা নয়, মেদিনীপুর থেকেও আসে। দয়া করে সেই হাসপাতালে যদি কিছু বেড বাড়ান এবং Medicine-এর ব্যবস্থা করেন তাহলে লোকের চিকিৎসা হোতে পারে।

**Mr. Speaker:** This is a request for action.

**শ্রীনরেশচন্দ্র চাকীঃ** এই যে Outdoor এবং Indoor-এ রোগীদের মাথাপিছু বা খাদ্য যা দেওয়া হয় সেটা কি রোগীদের রোগ সারাবার পক্ষে যথেষ্ট?

**Mr. Speaker :** It is a matter of opinion.

[ 1-30—1-40 p.m. ]

**শ্রীশরৎচন্দ্র দাস :** হাসপাতালে কত রোগী বেডে থাকেন এবং কত রোগী ভুঁয়ে থাকেন জানেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** এইটা এ প্রশ্ন থেকে আসছে না। খবর নিয়ে বলতে হবে। মাননীয় সদস্যর খবর থাকলে জানাবেন।

**শ্রীশরৎচন্দ্র দাস :** আমাদের রোগীদের মধ্যে দু'য়ের তিন অংশ ভুঁয়ে থাকেন এবং একের তিন অংশ বেডে থাকেন। কিছুটা বাড়াতে পারেন কি ? অন্ততঃ অর্দ্ধেক অর্দ্ধেক করতে পারেন যদি সম্পূর্ণ নাও পারেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** মাননীয় সদস্যর কাছে অনুরোধ, কোন একটা পার্টিকুলার হাসপাতালের কথা জানালে নিশ্চয় সে বিষয়ে যতদূর সম্ভব ব্যবস্থা করা হবে।

**শ্রীশরৎচন্দ্র দাস :** আমি পার্টিকুলারলি বলছি পুরুলিয়া সদর হাসপাতালের কথা অর্থাৎ সাড়ে ১৬ লক্ষ লোকের দুরবস্থার কথা। এটার ব্যাপারে কিছু করবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** নিশ্চয় খোঁজ করে জানাবো। এইরকম খবর হলে আমাকে জানাবেন। এখনও পর্যন্ত মাননীয় সদস্যরা জানান নি। এই প্রথম জানালেন।

**শ্রীসরোজ রায় :** মেদিনীপুর ডিষ্ট্রিক্ট হাসপাতালের অর্দ্ধেক রোগী মাটিতে শুয়ে থাকেন। কিন্তু সরকারকে বা মন্ত্রিমহাশয়কে জানানোর প্রয়োজন মনে করেন না এইজন্য যে এতবড় ঘটনা ঘটেছে অথচ সরকার জানেন না এটা আশ্চর্য্যের ব্যাপার। আমাদের মেদিনীপুর ডিষ্ট্রিক্টে এমন কোন হাসপাতাল নেই যেখানে মাটিতে কিছু না কিছু রোগী শুয়ে থাকেন। এমন কি মেদিনীপুর সদর হাসপাতালে প্রায় তিন ভাগের এক ভাগ রোগী মাটিতে থাকে। মাটিতে শুধু থাকে না কম্বল পর্য্যন্ত পায় না। যদি মন্ত্রিমহাশয় কোনসময় ভিজিট করেন তাহলে দেখবেন যে সিমেন্টের উপর একটা শোবার কম্বল পর্য্যন্ত নেই।

( নো রিপ্লাই )

**মিঃ স্পীকার :** কোশ্চেন নং ৯৯ যেটার উপর আলোচনা চলছে প্রত্যেকে স্পেসিফিক হাসপাতাল সম্পর্কে বলছেন। এমন কোশ্চেন করুন যাতে এই কোশ্চেনের সাপ্লিমেণ্টারীর মধ্যে যায়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মন্ত্রিমহাশয় কি জানাবেন কলকাতা ছাড়া গ্রামবাংলার যে সমস্ত শহরে হাসপাতাল আছে, তার মধ্যে কোন হাসপাতালে রোগীদের বেডে ছাড়া রাখার ব্যবস্থা করে না ?

( নো রিপ্লাই )

**শ্রীপ্রশান্তকুমার সাহু :** মুগবেড়িয়ায় একটা হাসপাতাল রয়েছে। বছর তিনেক হলো হাসপাতাল পড়ে গিয়েছে। অথচ তার ষ্টাফমেণ্টেন হচ্ছে, রোগী নেই অথচ হাসপাতাল মেণ্টেন হচ্ছে জানেন কি ?

**Mr. Speaker :** The question is out of order.

**শ্রীরবীন্দ্র ঘোষ :** উলুবেড়িয়ার হাসপাতালটি কবে তদন্ত করতে যাবেন জানাবেন কি ?

**Mr. Speaker :** This Supplementary does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যদি স্পেসিফিক কেস দিয়ে সদস্যরা তাঁকে জানায় তাহলে তিনি তদন্ত করে দেখবেন এবং তারজন্য ব্যবস্থা গ্রহণ করবেন। আমি তাঁকে জানাতে চাই গ্রামের হাসপাতালে রুগীদের খাটের নীচে, খাটের উপরে এবং মেঝেতে এইভাবে রুগীদের তিনভাগে বিভক্ত করে রাখা হয়। একমাত্র কলকাতার ট্রপিক্যাল স্কুল অব মেডিসিন হাসপাতাল ছাড়া মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারেন কি আর কোন হাসপাতালে এইভাবে মেঝেতে, খাটের উপরে এবং খাটের নীচে রুগী রাখা হয় না ?

**Mr. Speaker** : The question does not arise.

**শ্রীনরেশ চন্দ্র চাকী** : মাননীয় মন্ত্রিমহাশয়, জানেন কি যে হাসপাতালগুলোর আউটডোরে রোগীদের ঔষধ এবং ইনডোরে রুগীদের ওষধ যা সাপ্লাই করা হয় একটা গোপন পথে ঔষধের একটা অংশ বাহিরে পাচার হয়ে যায় ?

**শ্রীঅজিতকুমার পাঁজা** : কানাঘুষা আমিও শুনেছি, কিন্তু মাননীয় সদস্যকে আমি বলতে চাই যে কোন হাসপাতালের বা পার্টিকুলার কোন হেলথসেন্টারে এরকম ঘটনা মাননীয় সদস্য মহাশয়ের যদি জানা থাকে কিংবা তিনি যে এলাকায় সদস্য সেখানে যদি কোথাও ঘটে থাকে, মাননীয় সদস্য যদি সেই কেস দিয়ে আমার সঙ্গে সহযোগিতা করেন তাহলে আমি নিশ্চয়ই ভেবে দেখবো।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জানাতে পারি যে শুধু ঔষধের ব্যাপার নয় স্পেসিফিক ডায়েট যা দেওয়া হয় সেই ডায়েট কনট্রাক্টর এবং ডাক্তারের চক্রান্তে রোগী পায় না সেটা কি আপনি জানেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা** : কোন ডাক্তার বা চিকিৎসক বা কোন হাসপাতাল সম্বন্ধে বা কোন্ কন্ট্রাক্টর সম্বন্ধে আপনি চার্জ করছেন তা যদি স্পেসিফিক্যালি আমার কাছে না জানান তাহলে আমার পক্ষে কিছু করা সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : এই যে সরকারী হাসপাতালে অব্যবস্থার কথা আপনি শুনেছেন, ডায়েটের অব্যবস্থার কথা আপনি শুনেছেন, ঔষধ চুরির অব্যবস্থার কথাও আপনি শুনেছেন এই সব অব্যবস্থা সম্বন্ধে আপনি কোন কমিটি করে তদন্ত করবেন কি ?

**Mr. Speaker** : The question does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : আচ্ছা স্যার, আমি ঘুরিয়ে বলছি। সরকারী হাসপাতালে যে অব্যবস্থা আছে সে সম্বন্ধে আপনি তদন্ত করবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা** : আপনারা জানেন ডাঃ এ. কে. বসুর একটা কমিটি করা হয়েছে। তিনি আমাদের বলেছেন যে এক সপ্তাহের মধ্যে তিনি রিপোর্ট দেবেন। ডায়েট এবং ঔষধের দুর্নীতির ব্যাপারে মাননীয় সদস্য যদি কিছু স্পেসিফিক চার্জ আমাকে জানাতে পারেন স্পেসিফিক হাসপাতালে তাহলে আমি নিশ্চয়ই তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করবো কিন্তু জেনারেল-ভাবে বললে কিছু করা মুশকিল।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : এই যে দুর্নীতিগুলির কথা বলা হল এই কমিটি কি পাবলিকের কাছ থেকে কোন প্রশ্ন চেয়েছেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা** : দুর্নীতি দূর করবার জন্য এই কমিটি নয়। তবে মাননীয় সদস্যরা যদি স্পেসিফিক চার্জ আনেন তাহলে নিশ্চয়ই তদন্ত করে দেখা হবে। কি নাম, কোন্ ডাক্তার,

কোন্ হাসপাতাল, কোথায় দুর্নীতি হচ্ছে যদি মাননীয় সদস্য আমাকে জানান তাহলে নিশ্চয়ই আমি ব্যবস্থা গ্রহণ করবো।

## সরকারী চাকুরী ও তফশীলী সম্প্রদায়

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪) **শ্রীনিতাইপদ সরকার**: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বিগত ১৯৭১-৭২ সালের ২৪শে ফেব্রুয়ারী, ১৯৭২ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কোন্ কোন্ বিভাগে মোট কত কর্মচারী নিযুক্ত হইয়াছে;

(খ) উহার মধ্যে বিভিন্ন বিভাগে তফশীলী ও আদিবাসী শ্রেণীর প্রার্থীদের জন্য কত পদ রিজার্ভ রাখা হইয়াছিল; এবং

(গ) উক্ত রিজার্ভ পদগুলির মধ্যে কত পদ পূরণ করা হইয়াছিল?

**শ্রীশঙ্কর ঘোষ**:

(ক) এই তথ্যাদি বহু ডিপার্টমেন্ট ও অফিস এবং বিভিন্ন জেলা ও মহকুমা অফিস সমূহ হইতে সংগ্রহ করিতে হয় এবং তাহা সময়সাপেক্ষ।

(খ) এ পর্যন্ত যে তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হইয়াছে তাহা নিয়া প্রদত্ত তালিকাতে দেওয়া হইল।

(গ) বাংলাদেশ শরণার্থী ক্যাম্পে যে স্বল্পকালীন কর্মচারী নিয়োগ করা হইয়াছে তাহাদের হিসাব ইহার মধ্যে ধরা হয় নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক, খ ও গ-এর তিনটি প্রশ্নে কতগুলি ফিগার দেওয়া হচ্ছে। এই তিনটি প্রশ্ন সম্বন্ধে একটা তালিকা দেওয়া হয়েছে। (ক) ৬৬৪ (খ) ১৩৪ (গ) ১৩৩।

[1-40—1-50 p.m.]

**শ্রীঅশ্বিনী কুমার রায়**: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বিভিন্ন বিভাগ থেকে উত্তর না আসায় একটা সর্বাঙ্গীন উত্তর দেওয়া যায় না, সেজন্য যতটা পারা যায় উত্তর দিয়েছেন, আমার প্রশ্ন হচ্ছে আরও সময় দিলে,—এক মাস সময় দিলে পূর্ণাঙ্গ উত্তর দিতে পারবেন কি?

**শ্রীশঙ্কর ঘোষ**: পূর্ণ উত্তর দিতে সময় লাগবে বলে যে তথ্য সংগ্রহ করেছি, ইণ্টারিম উত্তর দিয়েছি, মাননীয় সদস্য এক মাস সময় দিলে নিশ্চয়ই পূর্ণ উত্তর দিতে পারব।

**শ্রীশরৎচন্দ্র দাস**: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট হয় তা থেকে আদিবাসী এবং হরিজনদের বঞ্চিত করা হচ্ছে কিনা?

**শ্রীশঙ্কর ঘোষ**: আমাদের সরকারের যে নিয়ম আছে তাতে তপশীলীদের জন্য ১৫ শতাংশ এবং আদিবাসীর জন্য ৫ শতাংশ রিজার্ভ রাখা হয়েছে। আমরা এই পর্য্যন্ত চাকুরি দিয়েছি ৬৬৪ জনকে, তার ১৫ শতাংশ এবং ৫ শতাংশ ধরলে অর্থাৎ ২০ শতাংশ ধরলে ১৩৪ জন হয়, আমরা ১৩৩ জনকে চাকুরি দিয়েছি।

**শ্রীশরৎচন্দ্র দাস**: জেলাভিত্তিক যে নিয়ম আছে, নিয়োগকর্তা হরিজন না হয়ে গুরুজন হওয়ার জন্য, হরিজনদের বঞ্চিত করছেন, এ বিষয়ে সরকার অবগত আছেন কি।

**শ্রীশঙ্কর ঘোষ**: মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছেন হরিজনদের বঞ্চিত করা হচ্ছে কিনা,

আমাদের নীতি অনুসারে হরিজনদের ১৫ শতাংশ চাকুরি দেওয়া হবে, যে পরিসংখ্যান দিয়েছি তাতে ১৫ শতাংশ চাকুরি আমরা দিয়েছি।

**শ্রীশরৎচন্দ্র দাস:** আপনি পার্সেন্টেজ রিজার্ভ রাখার নিয়মের কথা বলেছেন, কিন্তু নিয়োগকর্তারা আদিবাসী এবং হরিজনদের আমল দিতে চান না, তাঁরা সেই হিসাবে নিয়োগ করছেন না, এ বিষয়ে সরকার অবগত আছেন কি না? পার্সেন্টেজ রিজার্ভ রেখেছেন কিন্তু নিয়োগকর্তারা সেটা পালন করছেন না।

**শ্রীশঙ্কর ঘোষ:** সরকারের যে নিয়ম আছে, সেটা আমরা অনুসরণ করছি, নিয়ম অনুসারে তপশীলীদের ২০ পারসেণ্ট চাকুরি দিতে হয়, সেটা যাতে পালিত হয় সে বিষয়ে সরকার বিশেষ সচেষ্ট, নিয়ম অনুসারে ২০ পারসেণ্ট দেওয়া হয়েছে।

**শ্রীশরৎ চন্দ্র দাস:** এই হরিজন এবং আদিবাসীরা যে বঞ্চিত হচ্ছে সেটা আমরা জানি এবং সেটা নিশ্চিত, এই ব্যাপারে সরকার কি তদন্ত করবার জন্য একটা তদন্ত কমিটি করবেন যাতে এই রিজার্ভেশন ঠিকভাবে ফুলফিল হয়?

**শ্রীশঙ্কর ঘোষ:** আমি যে পরিসংখ্যাণ এই হাউসে দিয়েছি তাতে ৬৬৪ জন চাকুরি পেয়েছে, তার ভিতর হরিজন এবং আদিবাসী যতটা রিজার্ভেশন থাকা উচিত ১৫ পারসেণ্ট এবং ৫ পারসেণ্ট ধরে, তা হচ্ছে ১৩৪, আমরা ১৩৩ জনকে চাকুরি দিয়েছি।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক:** নূতন নিয়োগ ছাড়াও ভারত সরকারের নির্দেশ আছে প্রমোশনের ক্ষেত্রেও এই কোটা মেণ্টেন করার, মাননীয় মন্ত্রিমহাশয় এটা অবগত আছেন কি?

**শ্রীশঙ্কর ঘোষ:** আমাদের এই নিয়মটা বিশেষ করে নূতন নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য। প্রমোশনের ক্ষেত্রে অভিজ্ঞতা, যোগ্যতা প্রভৃতি নানারকম প্রশ্ন ওঠে। তবে সরকারের সাধারণ নীতি হচ্ছে যাতে হরিজন এবং আদিবাসীদের প্রতি সুবিচার হয় এবং সে বিষয়ে সরকার সচেষ্ট আছেন।

**মিঃ স্পীকার:** যে রিপ্লাই আমি এখানে পেয়েছি সেটা দেখছি ইণ্টারিম রিপোর্ট। যে কোশ্চেনটা করা হয়েছে তার পূর্ণ তথ্য এখন পর্যন্ত সংগ্রহ করা হয় নি। আমি এখানে দেখছি ক, খ, গ এই ৩টি ক্ষেত্রেই বলা হয়েছে যতদূর সম্ভব সংগ্রহ করা হয়েছে, তার ভিত্তিতেই উত্তর দেওয়া হয়েছে। অর্থাৎ এখন পর্যন্ত যতটুকু তথ্য সংগ্রহ করতে পেরেছেন ততটুকু রেখেছেন। Interim tabled by Shri Netai Pada Sarkar. কাজেই আমার মনে হয় যে প্রশ্ন করা হয়েছে তার Complete রিপ্লাই যখন মন্ত্রিমহাশয়ের কাছে এসে পৌছায় নি তখন এটা হেল্ডওভার থাক। নেকষ্ট রোটেসন্যাল ডে-তে এর কমপ্লিট এ্যানসার যাতে আসে সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে বলছি। এটা এলে পর সদস্যদের পক্ষে সুবিধা হবে এবং ওনারও জবাব দিতে সুবিধা হবে।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক:** জেনারেল প্রিন্সিপ্যাল যেগুলো আছে সেগুলোতো মন্ত্রিমহাশয়ের জানা উচিত।

**মিঃ স্পীকার:** হ্যাঁ, আপনি জেনারেল প্রিন্সিপ্যালের উপর বলুন।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক:** মন্ত্রিমহাশয় বললেন চিন্তা করা হচ্ছে। মন্ত্রিমহাশয় কি জানেন গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া আণ্ডারটেকিং এবং ওয়েষ্ট বেঙ্গল আণ্ডারটেকিং-এ যে সমস্ত বিজনেস্ হাউস আছে বা করছে সেটা প্রজেক্টে এই নিয়মগুলো মানা হচ্ছে না।

**শ্রীশঙ্কর ঘোষ**: যে প্রশ্ন করা হয়েছে তাতে এই প্রশ্ন ওঠে কিনা সেটা বিবেচ্য বিষয়। আমি যে উত্তর দিয়েছি সেটা নূতন নিয়োগের ক্ষেত্রে এবং সেটা সরকারী চাকুরীর ক্ষেত্রে। পাবলিক আণ্ডারটেকিং সম্বন্ধে নোটিশ দেওয়া হয় নি, সেটা যদি দেওয়া হয় তখন সরকার উত্তর দেবেন।

**Mr. Speaker**: Lot it be held over for the next rotational day because the complete answer has not yet been placed before me.

## Unstarred Questions

### (To which written answers were laid on the table)

### বন্যায় ক্ষতিগ্রস্ত নাগরিকদের সাহায্য

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮) **শ্রীনিতাইপদ সরকার**: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত নাগরিকদের সাহায্যের জন্য সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন;

(খ) গৃহনির্মাণ সাহায্য এবং ঋণ কি পরিমাণ বরাদ্দ করা হইয়াছে, এবং

(গ) কৃষিঋণ বিলিবণ্টন কি ভিত্তিতে করা হইতেছে?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্যের জন্য খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে এবং গৃহনির্মাণ অনুদান ও ঋণ, কৃষিঋণ, জামাকাপড়, কারিগরদের অনুদান ও ঋণ ইত্যাদি বিতরণ করা হইয়াছে। ইহা ছাড়া ষ্টেট রিলিফের মাধ্যমে দুঃস্থ মানুষ ও কৃষি মজুরদের জন্য কাজের সংস্থান করা হইয়াছে। এ পর্যন্ত বন্যা-ত্রাণের জন্য বিভিন্ন খাতে যে অর্থ মঞ্জুর করা হইয়াছে তার একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) গৃহনির্মাণ অনুদান বাবদ ১,২০,২৮,৯০০ টাকা এবং গৃহনির্মাণ ঋণ বাবদ ৫০,১৮,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(গ) ১৮৮৪ খৃষ্টাব্দের কৃষিঋণ আইন ও তৎসম্পর্কে রচিত নিয়মাবলী অনুসারে কৃষিঋণ দেওয়া হয়। ঐ আইন অনুসারে আবাদী জমির মালিক বা ভোগদখলকারীদের ওনারস অর অকুপায়ারস অব আরাবল ল্যাণ্ড মধ্যে যাহারা দুঃস্থ এবং উপযুক্ত জামিন প্রদান করিতে পারেন তাহাদেরই কৃষিঋণ দেওয়া হইতেছে।

*Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 5.*

খাত ও মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

| | | টাকা |
|---|---|---|
| (১) | খয়রাতি সাহায্য ... ... ... | ৭,৭০,৮৯,৮০৮ |
| (২) | ষ্টেট রিলিফ ... .. . | ১,১৪,৩৬,০৪১ |
| (৩) | গৃহনির্মাণ অনুদান ... .. ... | ১,২০,২৮,৯০০ |
| (৪) | ত্রাণ কার্যের আনুষঙ্গিক ব্যয় ... ... . | ৮১,৪৮,৮৫৪ |
| (৫) | গুঁড়া দুধ ... ... ... | ৪,৪৮,৯৫৫ |

| | | টাকা |
|---|---|---|
| (৬) | কারিগরদের জন্য অনুদান | ৪৫,৬৯,১২০ |
| (৭) | জামা কাপড় | ১১,৪৬,০০০ |
| (৮) | কৃষি ঋণ | ৩,৫৬,২৮,০০০ |
| (৯) | গৃহ নির্মাণ ঋণ | ৫০,১৮,০০০ |
| (১০) | কারিগরদের জন্য ঋণ | ৪৫,৯০,০০০ |
| (১১) | পান বরোজের মালিকদের জন্য ঋণ | ১০,০০,০০০ |

## ট্যাংরা স্কীম এবং তমলুক মাষ্টার প্ল্যান

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯) **শ্রীকানাই ভৌমিক**ঃ সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার জলনিকাশীর জন্য ট্যাংরা স্কীমের কাজ কবে নাগাদ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়;

(খ) ১৯৭১-৭২ সালে ঐ স্কীমটির জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) তমলুক মাষ্টার প্ল্যানটি কার্যকরী করার ব্যাপারে কি কি ব্যবস্থা করা হইতেছে?

**The Minister for Irrigation and Power**:

(ক) ট্যাংরা স্কীম তথা ময়না বেসিন স্কীমটি বর্তমানে প্রস্তুতির পর্যায়ে রহিয়াছে। এই বৎসরের ডিসেম্বর মাস নাগাদ উহা রূপায়ণের কাজে হাত দেওয়া যাইবে বলিয়া আশা করা যায়। অর্থসংস্থানের ব্যবস্থা হইলেই উহার কাজ আরম্ভ হইবে।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) তমলুক মাষ্টার প্ল্যান বর্তমানে প্রস্তুতির পর্যায়ে আছে; তবে চূড়ান্ত রূপসাপেক্ষে উহার অন্তর্গত কিছু কিছু কাজ রূপায়িত করা হইতেছে যাহাতে সংশ্লিষ্ট জনসাধারণ উপকৃত হইতে পারে। এই ধরনের প্রধান প্রধান কাজগুলি হইতেছে—

(১) এই অঞ্চলের চারটি প্রধান খালের মধ্যে দুইটির পলি উদ্ধার,

(২) দুইটি প্রধান জলনিকাশী নালার মুখে জল বহির্গমনের জন্য স্লুইস নির্মাণ, এবং

(৩) প্রধান চারটি জলনিকাশী নালার মুখের শক্তিবৃদ্ধি।

## তমলুক মহকুমার জলনিকাশের প্রকল্প

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯) **শ্রীকানাই ভৌমিক**ঃ সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) তমলুক মহকুমার জলচাপে বিধ্বস্ত এলাকাগুলির জলনিকাশের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) ঐ পরিকল্পনাগুলি কার্যকরী করার জন্য সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Irrigation and Power :**

(ক) তমলুক মহকুমার বন্যা নিরোধের জন্য নিম্নোক্ত পরিকল্পনাগুলি সরকার গ্রহণ করেছেন এবং এই সকল প্রকল্পের অন্তর্গত কিছু কিছু কাজ করিতেছেন—

(১) **তমলুক মাষ্টার প্ল্যান**—বর্তমানে যেসব জলনিকাশী নালাসমূহ রহিয়াছে তাহার মুখে জলনির্গমনের জন্য স্লুইস নির্মাণ, বর্তমানের জলনিকাশী নালাগুলির পলি উদ্ধার এবং গঙ্গাখালী খালের সহিত সংযোগকারী একটি নালা খনন,

(২) **ময়না বেসিন জলনিকাশী পরিকল্পনা**—এই পরিকল্পনায় দুইটি নূতন স্লুইস গেট নির্মাণ, একটি স্লুইসের পুনর্নবীকরণ, সংযোগকারী নালাগুলির খনন অথবা সংস্কারসাধন এবং তিনটি ছোট ছোট জলনিকাশী বেসিনের বাউণ্ডারী বাঁধ নির্মাণ,

(৩) পাঁচথুপী এবং পটচন্দা নদীর সংস্কারসাধন।

(খ) তমলুক মাষ্টার প্ল্যান বর্তমানে প্রস্তুতির পর্যায়ে রহিয়াছে, উহার চূড়ান্ত রূপসাপেক্ষে কিছু কিছু কাজ করা হইয়াছে এবং আরও কিছু কাজে হাত দেওয়া হইয়াছে। গঙ্গাখালী এবং পায়রাটুঙ্গি খালের পলি উদ্ধার করা হইয়াছে। সোয়াদিঘী, গঙ্গাখালী, পায়রাটুঙ্গি এবং শঙ্করআড়া খালের মুখগুলির শক্তিবৃদ্ধি করা হইয়াছে। পায়রাটুঙ্গি এবং শঙ্করআড়া খালের মুখে জলনির্গমনের জন্য দুইটি স্লুইস নির্মাণ করা হইয়াছে। ময়না বেসিন জলনিকাশী পরিকল্পনাটি বর্তমানে প্রস্তুত করা হইতেছে এবং বর্তমান বৎসরের মধ্যেই উহা চূড়ান্ত রূপ পাইবে বলিয়া আশা করা যায়।

পাঁচথুপী ও পটচন্দা নদীর পরিকল্পনা দুইটি প্রস্তুত হইয়া গিয়াছে এবং উহা সরকারের "গ্রামীণ কর্মসংস্থানের জরুরী প্রকল্পের" অধীনে রূপায়িত করিবার জন্য মেদিনীপুরের জেলাশাসকের নিকট পাঠানো হইয়াছে।

(গ) সমস্ত পরিকল্পনাগুলিকে যথাসত্বর চূড়ান্ত রূপ দেওয়ার জন্য সরকার ব্যবস্থাদি গ্রহণ করিয়াছেন এবং উপরে (খ) প্রশ্নাংশের উত্তরে যেইরূপ বলা হইয়াছে অর্থাৎ মূল পরিকল্পনার চূড়ান্ত রূপসাপেক্ষে একটি একটি করিয়া কাজ করিয়া যাওয়া হইতেছে।

## গড়বেতা থানা এলাকায় চাউলের মূল্য বৃদ্ধি

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩) **শ্রীসরোজ রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ইতিমধ্যে মেদিনীপুর জেলার গড়বেতা থানা এলাকায় গ্রামাঞ্চলে চাউলের মূল্য ক্রমশঃ উর্দ্ধমুখী ;

(খ) অবগত থাকিলে এই মূল্য বৃদ্ধি বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(গ) ন্যায্য মূল্যে চাউল পাইবার জন্য গ্রামাঞ্চলে সরকারের কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে তাহা কি ?

**The Minister for Food and Supplies :**

(ক) হ্যাঁ।

(খ) গড়বেতা থানা এলাকা সহ মেদিনীপুর জেলায় সর্বত্রই সংশোধিত রেশন দোকান আছে। এই এলাকাসমেত রাজ্যের সর্বত্র ক ও খ শ্রেণীর রেশন কার্ডের অধিকারীরা অর্থাৎ যাহাদের

কৃষি জমি নাই বা অল্প আছে তাহারা ইচ্ছা করিলেই ঐ সব দোকান হইতে সরকার কর্তৃক নির্দিষ্ট মূল্যে চাউল পাইতে পারেন। এ ছাড়া সর্বশ্রেণীর কাডে প্রতি সপ্তাহে প্রাপ্তবয়স্কদের মাথা পিছু ২০০০ গ্রাম হারে গম/গমজাত দ্রব্য সরবরাহ করার ব্যবস্থা আছে। গত বৎসরের বন্যায় ব্যাপক শস্যহানির জন্য মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগনা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর জেলার সমস্ত বন্যাবিধ্বস্ত ব্লকে সর্বশ্রেণীর রেশন কাডের অধিকারিগণকে সংশোধিত রেশন দোকান হইতে প্রাপ্তবয়স্কদের মাথা পিছু প্রতি সপ্তাহে ৬০০ গ্রাম হারে চাউল দিতে সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত করিয়াছেন। এ ছাড়াও উদ্বৃত্ত জেলাগুলির চাউল কলের লেভি-মুক্ত চাউল ব্যবসায়িক সূত্রে ঘাটতি জেলাগুলিতে আনিয়া ন্যায্য মূল্যে বিক্রয় করা হয়।

(গ) গ্রামাঞ্চলেও সংশোধিত রেশন দোকান হইতে সরকার-নির্দিষ্ট মূল্যে চাউল ও গম পাইবার ব্যবস্থা আছে। প্রশ্নের (খ) অংশের উত্তরে বর্ণিত সুযোগগুলি গ্রামাঞ্চলের ক্রেতারাও লইতে পারেন। এজন্য রাজ্যের গ্রামাঞ্চলে দশ হাজার দুই শতেরও বেশী সংশোধিত রেশন দোকান চালু আছে।

## ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কারখানা

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫) **শ্রীশিশির কুমার ঘোষ**: বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কারখানা (টিটাগড) খোলার ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) কতদিনের মধ্যে ঐ কারখানাটি চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Labour (Closed and Sick Industries):**

(ক) ১৯৭১ সালে কেন্দ্রীয় সরকার ইণ্ডাষ্ট্রিজ (ডেভেলপমেণ্ট অ্যাণ্ড রেগুলেশন) অ্যাক্ট-এর ১৫ ধারা অনুযায়ী এক তদন্ত করিয়া ঠিক করেন যে এই কোম্পানী পরিচালনার ভার সরকার গ্রহণ করিবেন না। পশ্চিবঙ্গ সরকার এ বিষয়টি পুনর্বিবেচনার জন্য কেন্দ্রীয় সরকারকে সুপারিশ করিয়াছেন।

(খ) চেষ্টা চলিতেছে, কিন্তু কবে খোলা সম্ভব হইবে তাহা এখনই বলা সম্ভব নয়। আইনত কোন কারখানা পরিচালনার ভার নেওয়ার ক্ষমতা একমাত্র কেন্দ্রীয় সরকারের।

## কোতোয়ালী থানায় গৃহ-নির্মাণ ঋণ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯) **শ্রীশিবদাস মুখার্জি**: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কোতোয়ালী থানার অন্তর্গত ২নং ব্লকের গত বন্যায় বিধ্বস্ত এলাকার ব্যক্তিদিগের গৃহনির্মাণ বাবদ (হাউস বিল্ডিং) মোট কত টাকা সাহায্য বণ্টন করা হইয়াছে;

(খ) ঐ সাহায্য কি হারে দেওয়া হইয়াছে;

(গ) উক্ত এলাকায় মোট ক্ষতিগ্রস্ত ব্যক্তিদিগের সংখ্যা ও যাহাদের ঐ অনুদান দেওয়া হইয়াছে তাহাদের সংখ্যা কত;

(ঘ) ইহা কি সত্য যে উক্ত ব্লকের অন্তর্গত বেলপুকুর অঞ্চলে গৃহ-নির্মাণ বাবদ কোন অনুদান দেওয়া হয় নি ; এবং

(ঙ) সত্য হইলে তাহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Relief :**

(ক) ৯০,৯৯৫ টাকা বণ্টন করা হইয়াছে।

(খ) পরিবার পিছু কম পক্ষে ২০ টাকা এবং উর্ধ্বে ৮০ টাকা ক্ষয়ক্ষতির পরিমাণ অনুসারে দেওয়া হইয়াছে।

(গ) ক্ষতিগ্রস্ত পরিবারেব সংখ্যা ২,৬২৫। ইহার মধ্যে ২,১৮৪ পরিবারকে অনুদান দেওয়া হইয়াছে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) জেলাশাসক জেলাভিত্তিক গৃহ-নির্মাণ অনুদান চান ; অঞ্চলভিত্তিক নহে। রাজ্যসরকার জেলাশাসককে কোনও অঞ্চলের জন্য এই অনুদান দেন না। সমগ্র জেলার জন্যই দেওয়া হয়। জেলাশাসকদের রিপোর্টের ভিত্তিতে সমগ্র রাজ্যে বন্যাবিধ্বস্ত প্রকৃত দুঃস্থ পরিবারদের গৃহ-নির্মাণ অনুদান দিবার জন্য ভারত সরকারের নিকট মোট ৫ কোটি ৫৮ লক্ষ টাকা চাওয়া হইয়াছিল, কিন্তু ভারত সরকার এই উদ্দেশ্যে মাত্র ১ কোটি ২৫ লক্ষ টাকার মঞ্জুরী দেন। তাই জেলাশাসকদের সম্পূর্ণ প্রয়োজন মেটান সম্ভব হয় নাই এবং নদীয়ার জেলাশাসকও বেলপুকুরের মত কিছু অঞ্চলের প্রয়োজন মিটাইতে পারেন নাই। বর্তমান আর্থিক বৎসরে এই বাবদ আরও অনুদান মঞ্জুরীর জন্য ভারত সরকারের সহিত আলোচনা চলিতেছে।

## মেদিনীপুর জেলায় তপশীলী শিশুদের খাদ্য বিতরণ

১১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮) **শ্রীরবীন্দ্রনাথ বেরা :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় স্পেশাল নিউট্রিশন প্রোগ্রাম-এ আদিবাসী শিশুদের ন্যায় তপশীলী শিশুদের জন্যও খাদ্য বিতরণ কেন্দ্র মঞ্জুর করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে কয়টি কেন্দ্র ও কোথায় কোথায় খোলার পরিকল্পনা আছে ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) ও (খ) কেন্দ্রীয় সরকারের শিক্ষা ও সমাজকল্যাণ মন্ত্রকের নির্দেশ অনুযায়ী আদিবাসী অধ্যুষিত এলাকায় শিশুপুষ্টি প্রকল্পের কেন্দ্র মুখ্যতঃ আদিবাসী শিশুদের জন্য খোলা হইবে। তবে স্থানীয় তপশীলী বা অপর সম্প্রদায়ের যোগ্য বিবেচিত শিশুদের অন্তর্ভুক্তিতে কোন আপত্তি নাই। কেবলমাত্র তপশীলী শিশুদের জন্য পৃথক কেন্দ্র খুলিবার কোন পরিকল্পনা সরকারের নাই।

## নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি

১২। (অনুমোদিত প্রশ্ন নং ১১১) **শ্রীরবীন্দ্রনাথ বেরা :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে চাল ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য দ্রুত বৃদ্ধি পাইতেছে; এবং

(খ) অবগত থাকিলে সরকার এ বিষয়ে আশু প্রতিকারের কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করছেন ?

**The Minister for Food and Supplies :**

(ক) হ্যাঁ, চাল এবং গত বছরের তুলনায় ২৯ প্রকার নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি পাইয়াছে। যে সব দ্রব্যের মূল্যবৃদ্ধি পাইয়াছে, তাহাদের একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) (১) চালের মূল্য বৃদ্ধি প্রতিকারের জন্য রাজ্যের গ্রামাঞ্চলে দশ হাজার দুই শতকেরও বেশী এবং শহরাঞ্চলে আড়াই হাজারেরও বেশী সংশোধিত রেশন দোকান মারফত ক ও খ শ্রেণীর রেশন কার্ডের অধিকারিগণকে (অর্থাৎ যাদের কৃষি জমি নাই বা অল্প আছে তাহাদিগকে) সরকার-নির্দিষ্ট মূল্যে চাল সরবরাহ করিবার ব্যবস্থা আছে। দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলিতে এবং বৃহত্তর কলিকাতা রেশনিং এলাকার সন্নিহিত কয়েকটি অঞ্চলে সর্বশ্রেণীর সংশোধিত রেশন কার্ডের অধিকারিগণকে প্রতি সপ্তাহে প্রাপ্তবয়স্ক পিছু ৭৫০ গ্রাম হারে চাল সরবরাহ করা হয়। এছাড়া সর্বশ্রেণীর কার্ডে প্রতি সপ্তাহে প্রাপ্তবয়স্কদের মাথা পিছু ২,০০০ গ্রাম হারে গম। গমজাত দ্রব্য সরবরাহ করার ব্যবস্থা আছে। গত বৎসরের বন্যায় ব্যাপক শস্যহানির জন্য মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর জেলার সমস্ত বন্যাবিধ্বস্ত ব্লকে সর্বশ্রেণীর রেশন কার্ডের অধিকারিগণকে সংশোধিত রেশন দোকান হইতে প্রাপ্তবয়স্কদের মাথা পিছু প্রতি সপ্তাহে ৬০০ গ্রাম হারে চাল দিবার সিদ্ধান্ত সরকার লইয়াছেন। এইবারই সর্বপ্রথম নূতন সরকার কর্তৃক বন্যাবিধ্বস্ত সকল জেলার সকল শ্রেণীর কার্ড-হোল্ডার ক, খ, গ, ঘ ও ঙ-কে ৬০০ গ্রাম হারে চাল দেবার ব্যবস্থা হইয়াছে। ইহাতে খোলা বাজারে চাপ কমিবে এবং মূল্য বৃদ্ধি হ্রাস পাইবে আশা করা যায়। মার্চ মাসে ১৯,০০০ মেট্রিক টন চালের পরিমাণ বাড়াইয়া এপ্রিল মাসে ২৪,০০০ মেট্রিক টন করা হইয়াছে। এ ছাড়াও উদ্বৃত্ত জেলাগুলির চালকলের লেভিমুক্ত চাল ব্যবসায়িকসূত্রে ঘাটতি জেলাগুলিতে আনিয়া ন্যায্য মূল্যে বিক্রয় করা হয় এবং তাহা অতিরিক্ত দেবার ব্যবস্থা করা হইয়াছে। বৃহত্তর কলিকাতা ও রাজ্যের অন্যান্য বিধিবদ্ধ রেশনিং এলাকাগুলিতে প্রতি সপ্তাহে প্রাপ্তবয়স্ক পিছু ১০০০ গ্রাম চাল ও ২৫০০ গ্রাম গম, গমজাত দ্রব্য ২,৬৬২টি দোকান মারফৎ প্রায় ৮৫লক্ষ লোককে সরবরাহ করিবার ব্যবস্থা আছে।

(২) দেশের মুদ্রাস্ফীতি, গত বৎসরে এই রাজ্যে বিধ্বংসী বন্যা ইত্যাদি অনেকগুলি নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির মূল কারণ। তা ছাড়া নিত্য প্রয়োজনীয় দ্রব্যের জন্য পশ্চিমবঙ্গকে অন্যান্য রাজ্যের উপর বিশেষভাবে নির্ভর করিতে হয়। এইসব দ্রব্যের মধ্যে চিনির নাম সর্বপ্রথম উল্লেখ্য। কেন্দ্রীয় সরকার গত মে মাসে চিনি বিনিয়ন্ত্রণ করার কিছুদিন পর হইতে অন্যান্য রাজ্যের চিনিকল মালিকগণ খোলা বাজারে ক্রমাগত চিনির মূল্যবৃদ্ধি করিতে থাকেন। তা ছাড়া কেন্দ্রীয় আবগারী শুল্কও একাধিকবার বাড়ান হইয়াছে। এই মূল্য বৃদ্ধি প্রতিকারের জন্য বিধিবদ্ধ রেশন এলাকায় জানুয়ারী মাসের দ্বিতীয় সপ্তাহ হইতে সরকার-নির্দিষ্ট মূল্যে প্রতি সপ্তাহে মাথা পিছু ১৫০ গ্রাম হারে চিনি সরবরাহ করা হইতেছে। মফঃস্বল ও গ্রামাঞ্চলে বিধিবদ্ধ রেশন এলাকা অপেক্ষা কিছু কম হারে হইলেও সকলকে চিনি সরবরাহ ব্যবস্থা আছে। চিনি সরবরাহের হার বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গের নির্দিষ্ট মূল্যের চিনির মাসিক বরাদ্দ বৃদ্ধি করবার জন্য অনুরোধ করা হইয়াছে। ইতিমধ্যে কিছু নূতন এ্যালটমেন্ট পাওয়ার ফলে

আগামী ১০ই এপ্রিল হইতে কলিকাতার বিধিবদ্ধ রেশন এলাকায় চিনির মাথা পিছু সাপ্তাহিক বরাদ্দ ১৫০ গ্রাম হইতে ২০০ গ্রাম বৃদ্ধি করা হইতেছে। গ্রামাঞ্চলের জন্য জেলা-আধিকারিকদেরও কিছু অতিরিক্ত চিনির এ্যালটমেণ্ট দেওয়া হইয়াছে এবং তাঁহাদের যথাসাধ্য মাথা পিছু বরাদ্দ বর্ধিত করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। যাহাতে ন্যায্য মূল্যে ডাল পাওয়া যায়, সেইজন্য খাদ্য নিগমকে পর্যাপ্ত পরিমাণে ডালের আমদানী ব্যবসা করিতে সরকার অনুরোধ করিয়াছেন। নিত্য প্রয়োজনীয় দ্রব্য চলাচলের জন্য মালগাড়ীর অভাবও মূল্যবৃদ্ধির একটা প্রধান কারণ। এই অভাব শীঘ্র মোচনের জন্য কেন্দ্রীয় সরকারের যোগাযোগ কর্তৃপক্ষগণকে অনুরোধ করা হইয়াছে। ইহার ফলে কয়লা ইত্যাদির মূল্য কমিবে বলিয়া আশা করা যায়। আবগারী শুল্ক বৃদ্ধির জন্য কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি পাইয়াছে এবং গত বৎসরের ঝড় ও বন্যায় শাক-শব্জির প্রচুর ক্ষতি হওয়াতে ঐ সব দ্রব্যের মূল্য বৃদ্ধি পাইয়াছে।

## গলসী থানায় গোহগ্রাম অঞ্চলে জল সরবরাহ

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩) **শ্রীঅশ্বিনী রায়**: সেচ ও জলবিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ডি ভি. সি-র ডি. সি. শাখা ক্যানেলের ৩-এ, ৩-এ-১ বিতরণী শাখা (গলসী থানায় গোহগ্রাম অঞ্চলে) জল সরবরাহের উপযোগী হইয়াছে কি, এবং

(খ) হইয়া থাকিলে উক্ত শাখাদ্বয় হইতে জল সরবরাহ কখন হইতে সুরু হইবে?

**The Minister for Irrigation and Power :**

(ক) ডি. ভি. সি. ক্যানেলের বিতরণী শাখা এল ৩-এ এবং এল ৩-এ-১ ডিজাইন মত সমস্ত কাজ প্রায় সম্পূর্ণ হইয়াছে। কেবলমাত্র এল ৩-এ এর ৮৯ চেনের একুইডাক্টের নিচে পিচিংটুকু বাকী থাকায় উক্ত শাখাদ্বয় জল সরবরাহের সম্পূর্ণ উপযোগী হয় নাই।

(খ) এল ৩-এ এর ৮৯ চেনের একুইডাক্টের নিচে পিচিংটুকু সম্পূর্ণ হইলে আগামী খরিপ মরশুমে জল সরবরাহ করা সম্ভব হইবে।

## CALLING ATTENTION

**Mr. Speaker** : The Hon'ble Minister-in-charge of the Labour Department will make a statement on the subject of hunger-strike by the two thousand workers of the Dhemo Main Colliery in Asansol Sub-Division. Attention called by Shri Aswini Roy on the 4th April, 1972.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, unfortunately the Labour Minister has not arrived yet. I regret the delay in his making the statement. I would request you kindly to give some more time.

**Mr. Speaker :** The House would have been much glad if timely intimation was given to me. I have received no communication from the Minister concerned yet. However, I have been assured by the Minister-in-charge of the Parliamentary Affairs that the Labour Minister will make the statement some time later.

**শ্রীনিরঞ্জন ডিহদার**: আজকেই দেবেন কি?

**Mr. Speaker** : On the 4th April, 1972, attention was called by Dr. Shanti

Kumar Das Gupta. এটা ছাড়া আজকে আরও একটা statement দেবার কথা আছে। মিনিষ্টার একটু পরে আসবেন এবং দুটোই আজকে পাঠ করা হবে।

[ 1-50—2-00 p.m. ]

**Mr. Speaker** : The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of gherao of Commissioner and Chairman of Khardah Municipality on the 4th April, 1972.

(Attention called by Shrimati Ila Mitra on the 4th April, 1972)

**Shri Subrata Mukhopadhyay :** Mr. Speaker, Sir, in response to the notice served by Sm. Ila Mitra, Hon'ble member of the House, calling my attention to a matter of urgent public importance, viz. Gherao of Commissioner and Chairman of Khardah Municipality on the 4th April, 1972, I would like to make the following statement.

The teachers of the Primary Schools of Khardah Muninicipality went on strike about a month ago as some of their demands were not fulfilled by the municipal authorities. Their main demand was that the facilities given to the teachers of Calcutta Corporation should also be given to them. The municipal authorities were of the view that as the rules and regulations governing Calcutta Corporation were different, they were not in a position to extend the same facilities to their Primary School Teachers.

On the 4th April, 1972 at about 8-30 p.m. some teachers of the Municipal Schools went to the house of the Chairman, Khardah Municipality at Kulinpara, P.S. Khardah and placed their demands before him. A discussion took place with the Chairman of the Municipality who stated that he was not in a position to say anything before the issue was discussion in a meeting of the Commissioners. There was a prolonged discussion over this and the teachers and other accompanying persons demonstrated in front of the Chairman's house and demanded his resignation.

Information was received at the Police Station at 1-10 a.m. on the 5th April, 1972. Police went to the spot at about 2 a.m. On arrival at the spot, police found the Chairman having a discussion with some local leaders and others were waiting in front of his house. The Chairman was asked by the Police Officer present if he had any complaints to make whereupon he stated that he had no complaints. The demonstrators were peaceful.

The Chairman gave a written assurance that he was calling a meeting of the Commissioners within 24 hours for discussing the issue. On this assurance being given, the demonstrators left the place peacefully at about 2-30 a.m. There was no breach of the peace.

**Mr. Speaker :** I have received 8 Notices of Calling Attention on the following subjects, namely :

(1) Necessity of nationalisation of the Coal Mines at Ranigunj field for obviating illegal activities by the workers of these mines—from Shri Ananda Gopal Mukherjee.

(2) Acute scarcity of drinking water in Howrah town—from Shri Mrigendra Mukherjee.

(3) Pressure of Chhatra Parisad to enlist members from amongst students of St. Xavier's College and St. Tomas School—from Shri George Albert Wilson-de Roze,

(4) Assault by the police on the peaceful deputation of workers of A.V.B. and arrest of some of them—from Shri Ananda Gopal Mukherjee,

(5) Great discontent of the inhabitants due to service of notice for eviction in the New-Barrakpore Municipal area under P.S. Khardah, 24-Parganas—from Shri Sisir Ghosh,

(6) Non-recognition of adequate number of primary schools in Bankura District—from Shri Phanibhushan Singha Babu,

(7) Strike notice three Central Trade Unions for non-fulfilment of the demand of minimum wage in the Jute Industry—from Shri Aswini Roy,

(8) Acute scarcity of cement in Berhampore town - from Shri Sankar Das Paul.

**Mr. Speaker :** I have selected the notice of Shri Aswini Roy on the subject of Strike Notice by three Central Trade Unions for non-fulfilment of the demand of minimum wage in the Jute Industry.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal :** 12th.

GOVERNOR'S REPLY TO THE ADDRESS

**Mr. Speaker :** Honourable members, in accordance with rule 23 of the Rules of Procedure and Conduct of Business of the House I am to report that the following reply to the Address of Thanks has been received from the Governor .

"RAJ BHAVAN
CALCUTTA
April 6, 1972.

Dear Mr. Speaker,

I shall be obliged if you kindly convey to the Members of the Legislative Assembly that I have received with great satisfaction your message of thanks for the speech with which I opened the present session of the West Bengal Legislative Assembly.

Yours sincerely,
Sd/- A.L. DIAS,
Governor of West Bengal."

## MENTION CASES

**শ্রীঅজিত কুমার বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা আপনার মাধ্যমে এখানে motion করতে চাই, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। সম্প্রতি ব্যারাকপুরে আমাদের এই যে ন্যাশন্যাল ভলান্টিয়ার্স ফোর্স আছে, তাদের ১৪ জনের উপর dismissal notice দেওয়া হয়েছে। এদের কোন ত্রুটির জন্য বা কোন অপরাধের জন্য এই dismissal notice দেওয়া হয় নাই। এদের সম্বন্ধে যে সমস্ত আইন কানুন আছে, তার মধ্যে এত জনবিরোধী জটিলতা রয়েছে যে, যারা দীর্ঘকাল ধরে আমাদের দেশের জনসাধারণকে সেবা করলো এবং অত্যন্ত ঝুঁকি নিয়ে সরকারের কাজকর্ম চালিয়ে গেছে বিশেষ বিশেষ সময়ে, তাদের আজকে সরিয়ে দেওয়া হচ্ছে এই বলে যে, একটা নিয়ম আছে ৫ বছর কাজ করবার পর ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্সের লোকেরা কোন সার্টিফিকেট ইত্যাদি পাবে না। এদের আর Volunteer হিসেবে treat করা হবে না। বোধ হয় এই আইনের সুযোগ নিয়ে তাদের সরিয়ে দেওয়া হয়েছে। জিনিষটা আমি জানতে চাই এই সভায় National Volunteer Force সম্বন্ধে যে Circular আছে, সেই সার্কুলারে বলা আছে যে যারা দীর্ঘকাল কাজ করছে—কত দিন বা বছর তা কিছু বলে দেওয়া হয় নাই তাদের পুলিশে বা অন্যান্য জায়গায় absorb করা হবে। পুলিশে তাদের absorb করার নাম করে weight, height ইত্যাদি মাপজোখ করা হচ্ছে। আমি নিজে দেখেছি এই মাপ, বুকের ছাতি ইত্যাদি সব ঠিক থাকা সত্ত্বেও তাদের disqualify করা হচ্ছে।

এতৎসম্পর্কে আমি বলতে চাই যারা বিশেষ সময়ে বিশেষ ঝুঁকি নিয়ে গুরুত্বপূর্ণ কাজ করেছে, আমাদের দেশে ভাল সার্ভিস দিয়েছে, তাদের সম্বন্ধে এইরকম ব্যবহার কোনক্রমেই অনুমোদন করা যায় না। আমাদের দেশে বহু রকম কাজ আছে, মাননীয় মন্ত্রিমহাশয়, এদের সম্বন্ধে একটু ভেবে দেখুন। হলদিয়া প্রকল্পের কাজ রয়েছে এরকম আরও বহু প্রকল্পে রয়েছে তাদের এইরকম কোন প্রকল্পে absorb করতে পারেন। অবিলম্বে এই dismissal notice withdraw করে নিতে অনুরোধ জানাচ্ছি। তাদের হলদিয়া প্রকল্পে absorb করা হোক, তারা কাজ পাক। যারা দীর্ঘকাল ধরে ভাল কাজ করেছে, ভবিষ্যতে আরো ভাল কাজ তারা করবে। এই সম্বন্ধে mention করে বিষয়টি আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি।

**শ্রীঅশ্বিনি রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফরাক্কা ব্যারেজ সম্বন্ধে সংবাদপত্রে বিশেষ উদ্বেগজনক তথ্য বেরুচ্ছে। তার মধ্যে যাঁরা বিভিন্ন বিষয়ে Expert, তারা এই ব্যারেজের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য সম্বন্ধে দ্বি-মত পোষণ করেন। কারণ এই ফরাক্কা ব্যারেজে যে ফিডার হচ্ছে, সেই ফিডার ক্যানেলের মাধ্যমে যদি ৪০ হাজার কিউসেক জল প্রতিদিন গঙ্গায় না আসে, তাহলে গঙ্গার মধ্যে বিশেষ করে কলকাতা পোর্ট এলাকায় জাহাজ চলাচল বন্ধ হয়ে যাবে। আবার ঠিকমত দীর্ঘদিন ধরে এই ৪০ হাজার কিউসেক জল ছাড়তে না পারা যায়, তাহলে যে লবণাক্ত তরঙ্গ সমুদ্র থেকে আসছে তাতে কলকাতার সমস্ত জল লবণাক্ত করে দেবে এবং কলকাতার পানীয় জলের অবস্থা আরও শোচনীয় হবে। এই ৪০ হাজার কিউসেক জল এখন না পাবারই সম্ভাবনা দেখা দিয়েছে। কারণ উত্তরপ্রদেশ সরকারের উপরের দিকে যেসমস্ত Project বা পরিকল্পনা রয়েছে যেমন Irrigation পরিকল্পনা, সেই Irrigation পরিকল্পনা কার্যকরী করলে পর এই ৪০ হাজার কিউসেক জল পাবারও কোন সম্ভাবনা নাই। কাজেই আপনার মাধ্যমে সেচ বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি যে, বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং এই ব্যাপারে পর্য্যালোচনা করা দরকার। আমি আপনাকে অনুরোধ করব যে আপনি এই বিষয়টা আলোচনার জন্য অনুমতি দেবেন।

[2-00—2-10 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি এই হাউসে একটি গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করছি যে, বর্ধমান জেলার ইন্দাস থানায় পানীয় জলের জন্য যে কয়েকটি নলকূপ আছে তার মধ্যে ৭৮টি নলকূপ অকেজো হয়ে আছে। ইন্দাস থানায় ৮টি অঞ্চল আছে, এই ৮টি অঞ্চলের মধ্যে রোল অঞ্চলে প্রায় ১৪টি, ইন্দাস অঞ্চলে ১৬টি, আমরুল অঞ্চলে ১০টি, কড়িশুণ্ডা অঞ্চলে ৪টি, মদলপুর অঞ্চলে ৪টি, শ্যামপুর অঞ্চলে ১১টি, আকুই অঞ্চলে ৮টি, দিঘলগ্রাম অঞ্চলে ১১টি, এইভাবে ৭৮টি নলকূপ খারাপ হয়ে থাকায় সেখানকার প্রতিটি মানুষের আজ পানীয় জলের খুব অসুবিধা দেখা দিয়েছে, এবং যার ফলে সেখানে মহামারির আশঙ্কা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে এই একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করলাম, এইটার অবিলম্বে যাতে প্রতিকার করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে প্রস্তাব রাখছি।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বেহালা মিউনিসিপ্যালিটির এলাকায় বিভিন্ন রেশনসপে যে ধরনের চাল দিচ্ছে, সে ধরনের চাল মানুষের খাওয়ার অযোগ্য। কিছু চালের নমুনা আমি এনেছিলাম, সেগুলি খাদ্যমন্ত্রী মহাশয়কে দিয়ে দিয়েছি। আমি শুধু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ছাগল, গরুর অখাদ্য চাল খেয়ে আর কতকাল মানুষ সরকারকে সাধুবাদ দেবে, এই বলে আমি বেহালা মিউনিসিপাল এলাকায় এই অখাদ্য চালের বদলে ভাল চালের বন্দোবস্ত করার অনুরোধ জানাচ্ছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শুক্রবার দিন মেসার্স ষ্ট্যাণ্ডার্ড ল্যাবরেটরিস প্রাইভেট লিমিটেড, হেষ্টিংস রোড, কলিকাতার শ্রমিকরা এই বিধানসভা ভবনের গেটে এসেছিলেন, কারণ ১৭ই মার্চ কারখানার মালিক তাদের ৭ দিনের নোটিশ না দিয়ে কারখানা বন্ধ করে দিয়েছে। যখন নির্বাচন শেষ হোল নতুন মন্ত্রীমণ্ডলী গঠন হতে যাচ্ছে এবং পশ্চিমবাংলার মানুষ যখন একটা উৎসবে মেতে রয়েছে ঠিক তখন তাদের হাতে একটা করে সনদ ধরিয়ে দেওয়া হল। আমি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করতে চাই যে এক দিকে তিনি যখন বন্ধ কারখানা খুলতে যাচ্ছেন, তখন অন্যদিকে চালু কারখানা বন্ধ হতে যাচ্ছে, এবং এই যে একটা অর্ডিনেন্স হল, এইটা যারা বার বার অমান্য করছে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হবে কি-না এবং এই অর্ডিনেন্স কার্য্যে রূপায়িত হবে কি-না? এর একটা প্রতিবিধান করুন এইটাই আমার বক্তব্য।

**শ্রীনরেশচন্দ্র চাকি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি জিনিষ উল্লেখ করছি। সেটা হোল আজকে খবরের কাগজে সংবাদ প্রকাশিত হয়েছে যে হাওড়ায় একটি ময়দাকলে কয়েকদিন পূর্বে কিছু শ্রমিককে বে-আইনীভাবে ছাঁটাই করা হয়েছে। সেই ছাঁটাই সম্বন্ধে সেখানকার এলাকার মাননীয় সদস্য ডাঃ শান্তি দাসগুপ্ত একটি কলিং এ্যাটেনসন নোটিশ পেশ করেছিলেন। আমি সেই ব্যাপারে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, সেখানে বহু আবেদন নিবেদন করেও তারা কর্মীদের বে-আইনীভাবে ছাঁটাই করেছে। তাদের প্রতি মোটেই সহৃদয় ব্যবহার করা হয়নি। তাদের কর্মে পুনর্নিয়োগ করা হয়নি। এবং তা না করার জন্য সেখানকার কর্মীদের অনশনের সম্মুখীন হতে হয়েছে। এই যে বে-আইনী ছাঁটাই করা হোল তারজন্য আমাদের সভার সদস্য এবং ভূতপূর্ব শিক্ষামন্ত্রী ডাঃ শান্তি দাসগুপ্ত সেই কারখানার সামনে অনশন সুরু করেছেন। আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে

সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি এই ব্যাপারে যথাযথ দৃষ্টি দিয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন যাতে পশ্চিমবাংলায় এইভাবে বে-আইনী ছাঁটাই বন্ধ হয় এবং আমাদের মাননীয় সদস্য ডাঃ শান্তি দাসগুপ্ত এর প্রতিকার পেয়ে অনশন ভঙ্গ করেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্যার, মাননীয় সদস্য এই যে বক্তব্য রাখলেন এ ব্যাপারে কি বক্তব্য তা রাখা হোক। এটা একটা গুরুত্বপূর্ণ খবর, স্যার, আপনি জানেন যে সেই ফ্লাওয়ার মিলে বহু শ্রমিক ছাঁটাই হয়েছে। শুধু তাই নয়, সেখানে শ্রমিক নেতাকে পুলিশ নির্মমভাবে অত্যাচার করেছে, এবং আমাদের সদস্য সেখানে অনশন করে বসে আছেন। এ ব্যাপারে মন্ত্রিমহাশয়ের কি বক্তব্য বলুন।

**Mr. Speaker :** As today is fixed for making a statment on this subject, the Hon'ble Minister, who is here, will do so, I will call him later on.

**শ্রীশঙ্কর দাস পাল:** মিঃ স্পীকার, স্যার, গত ৭ তারিখে যখন আমি এখানে আসি সেই সময়কার বহরমপুরের একটা ঘটনা বলছি এবং এর সঙ্গে সঙ্গে সারা পশ্চিমবাংলার ঘটনাও এটাকে বলা যেতে পারে। গত বৃহস্পতিবার এবং শুক্রবার বাস ধর্মঘট হয়। তার মূল কারণ হোল যে ছাত্রেরা বিনা পয়সায় বাসে যাতায়াত আরম্ভ করে। এটা পরিচালনা করে সি. পি. এম প্রভাবিত ডি. এস. ও। তারা বাসের কনডাক্টরদের মারধোর করে। তার ফলে বাস ইউনিয়ন এর কর্মীরা এবং কনট্রোল্ড অথরিটি ষ্ট্রাইক করে দেয়। আমাদের বহরমপুর এলাকার দুয়ের তিন অংশ লোককে মোটরের উপর নির্ভর করতে হয় যাতায়াতের জন্য। এবং এই জিনিসের ফলে সাধারণ যাত্রীদের খুবই অসুবিধা হচ্ছে তা আপনারা বুঝতে পারছেন। তাই আমি পরিষ্কার বক্তব্য রাখছি যে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, এই যে বাস বন্ধ হয়ে যাচ্ছে তাতে সাধারণ যাত্রীদের যে অসুবিধা হচ্ছে তা যাতে না হয় তারজন্য পুলিশী ব্যবস্থা করা হোক সেখানে সাদাপোষাক পুলিশ মোতায়েন করুন যাতে দুষ্কৃতকারী যারা এ সমস্ত বাসকে এ্যাটাক করছে তাদের এ্যারেষ্ট করতে পারে এবং কনডাক্টররাও তাদের কাজ করতে পারে। এই ব্যবস্থা নেবার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলায় যে সমস্ত জায়গা বন্যা বিধ্বস্ত হয়েছে আপনি জানেন স্যার, এই বিধানসভা আরম্ভ হবার পর থেকে বিভিন্ন বক্তা বিভিন্নরকমভাবে এই গ্রামীন সমস্যার কথা তুলে ধরেছেন। এখানে বন্যার্তদের সাহায্য করার কথা বলা আর শোনা ছাড়া আর কিছুই হচ্ছে না। আজকে আমি বাড়ী থেকে আসছি। আমি দেখছি সেখানে কোন জায়গায় কোনরকম সাহায্য ঠিকমত দেওয়া হয়নি। সেখানে কোন ষ্টেট রিলিফের ব্যবস্থা নাই, জি. আর. নাই। কোন গরুর বিচালী নাই। সেখানে আমন ধানের বিচালীর দাম হচ্ছে ৯০ টাকা। একটা অসুস্থ পরিবেশে গোটা পশ্চিমবাংলায় হাহাকার উঠেছে।

[2-10—2- 20p.m.]

আজকে এই অব্যবস্থা দূর করার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি। এই মন্ত্রিসভার সদস্যদের কথা শুনেছেন, মেনশান শুনেছেন, কলিং এ্যাটেনশান দেওয়া হয়েছে, বক্তৃতা হয়েছে, তারা নিজেদের এলাকার কথা জেনেছেন কিন্তু আজকে মুর্শিদাবাদের কথা এবং অন্যান্য এই রকম যে সমস্ত জায়গায় অব্যবস্থা রয়েছে, আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যেন সেটা তদন্ত করেন। আজকে সমস্ত জায়গায় কৃষকদের, শ্রমিকদের কাজ নেই, সব বসে আছে। কাজেই এখানে আমাদের বক্তৃতা দিয়ে কি হবে। আপনারও একটা এলাকা আছে, আপনিও

দেখেছেন যে সেখানে কৃষকদের, শ্রমিকদের কাজ নেই। একটা রেশনের মাল কিনবে কিন্তু তাদের হাতে পয়সা নেই। রেশন সপ্তাহে একবার না তুললে বাজেয়াপ্ত হয়ে যাবে, সেই রেশন কেনবার মত পয়সা নেই। কোন ঋণ নেই, জি. আর নেই, কোন স্টেট রিলিফের কাজ নেই। আজকে জমিতে বৃষ্টি পড়ে বাগড়ি এলাকায় ধান, পাট-এর চাষ হবে, তাই এই অব্যবস্থা দূর করার জন্য মন্ত্রীমণ্ডলী এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যাতে অচিরে এসবের প্রতি নজর দেন। গ্রামের মানুষ শোচনীয় অবস্থার মধ্যে আছে। এই শোচনীয় অবস্থার হাত থেকে তাদের রক্ষা করতে হবে, এবং এই দায়ীত্ব আপনাদেরই। আপনারা যদি তা না করেন তবে কেউ আপনাদের ছাড়বে না।

**শ্রীরবীন্দ্র ঘোষ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখছি ইন্দিরা গান্ধী ভারতের প্রধানমন্ত্রী। তিনি ভারতের জনগণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন. ভারতের জনগণের কাছে বক্তব্য রেখেছেন তার সঙ্গেসঙ্গে আমরা নির্বাচনের আগে ক্ষেত-খামারে কলে-কারখানায়, হাটেমাঠে এই বক্তব্য রেখেছি যে গরিবী হটাও, বেকারত্ব দূর করবো। আজকে আমরা দেখছি কলকাতার ফুটপাতে হকারদের, হকার্সকর্ণারের হাজার হাজার মানুষ, আজকে তাদের কোন বিকল্প ব্যবস্থা না করে তাদের উচ্ছেদ করে দেওয়া হয়েছে। তাই আমি মনে করি তাদের বিকল্প ব্যবস্থা এখনই হওয়া দরকার। আজকে বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ বেকার অবস্থায় না খেয়ে দিন কাটাচ্ছে। কলকাতায় ফুটপাথের গরীব মানুষ, যাদের সম্বন্ধে শ্রদ্ধেয় নেতা শ্রীহেমন্ত বসু ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে ফুটপাথের হকারদের তুলবার ব্যবস্থা হয়েছিলো তখন তিনি ডাঃ রায়ের সঙ্গে আলোচনা করে এসপ্ল্যানেডের হকার্সদের বাঁচিয়ে ছিলেন। বাংলাদেশের দিকে দিকে আজকে না খেতে পেয়ে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার সঙ্গে সেই ফুটপথের হকার্সরাও না খেয়ে দিন কাটাচ্ছে। কাজেই আজকে তাদের যাতে একটা বিকল্প ব্যবস্থা করা হয় সরকার নিশ্চয়ই সে দিকে দৃষ্টি দেবেন। আজকে বাংলাদেশে দিনের পর দিন জিনিষের দাম বেড়ে চলেছে। আমি জানি জনসাধারণের ঐ ফুটপথ দিয়ে চলতে গেলে, ঐ রাস্তা দিয়ে চলতে গেলে অনেক অসুবিধা হয়। তবুও আজকে সরকার বেকারত্ব দূর করতে পারছে না, সরকার চাকুরি দিতে পারছে না, আর এইসব গরীব মানুষ, যারা ফুটপাথে বসে রুজিরোজগারের ব্যবস্থা করতো তাদের সেই হকার্সকর্ণার আজকে ভেঙ্গে দেওয়া হয়েছে পুলিশের দ্বারা। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাই এই যে হাজার হাজার ফুটপাথের হকার্সদের উচ্ছেদ করা হল তাদের বিকল্প ব্যবস্থা করে নিশ্চয়ই তাদের একটা সুব্যবস্থা করবেন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : The Minister-in-charge of the Labour Department will please make a statement on the hunger strike by two thousand workers of the Dhemo Main Colliery in Asansol sub-division—Attention called by Shri Aswini Roy on the 4th April, 1972.

**Dr. Gapal Das Nag** : Mr. Speaker, Sir, in reply to Calling Attention Notice of Shri Aswini Roy on the subject of Dhemo Main Colliery in Asansol, I would make the following statement :

Dhemo Main Colliery was closed down with effect from 22nd October, 1968 due to labour trouble. At that time the union vs. Colliery Mazdoor Sabha (A.I.T.U.C.) was functioning. Since the closure the union and the management

had several rounds of discussions and negotiations for re-starting the colliery without any fruitful result. An understanding was reached between the management and the workers who did not leave their dhowras from the time of the closure of the colliery till date to re-open the colliery. The management, viz. M/s. Dhemo Main Colliery Industries Ltd. restarted the colliery after this understanding. During the period immediately preceding the closure in 1968 the management was working in 2 pits for Dishergarh and Dhemo Main Seam and one incline for Burradhemo Seam. Average employment of workers was 2,000 in the pits including the incline and the average raising was 33,000 tonnes per month. It has been found that the management started preliminary operation by starting incline with effect from 22nd August, 1971 and thereafter there was fire in the incline. The same was started from 3rd January, 1972. The raising of the colliery during the months of January, February and March was approximately 2,500 tonnes per month. The employment on the 4th April, 1972 has been found to be approximately 385 which include 200 pickinersand, the rest were the Hazree labourers and staff. As per the report of the Regional Labour Commissioner (Central) the management has planned to start the incline in full swing and want to increase the raising upto 15,000 tonnes per month and employ about 550 workers in all. If the incline starts its working in full swing the management gave an indication to start the pits and absorb as many as can be taken, but for want of licence and explosive the management expressed their inability to increase the raising just now. To give relief to the old workers who are at present residing at dhawras, the employers are providing them in rotation so that all of them can earn something. Not being satisfied with these arrangements the workers have resorted to hunger-strike under the leadership of Colliery Mazdoor Sabha (A.I.T.U.C.) on the 4 points—(1) Government should take over the colliery. (2) all the workers should be provided with full employment, (3) immediate payment of all legal dues to the workers and (4) demand for necessary steps against the management for stoppage of the colliery work. Relay hunger-strike started from 3rd April, 1972 and is still continuing. It has been reported that 8, 9 and 7 people in group resorted to relay hunger-strike on the 3rd April, 1972. Regional Labaur Commissioner (Central) reported that the demand Nos. 1, 2 and 4 are not within the purview of his department. Regarding demand No. 3 action has already been taken by the Regional Labour Commissioner (Central) to recover all the dues.

**Mr. Speaker** : The Hon'ble Labour Minister will please make a statement on the subject of the incident in Bengal Flour Mill at Shibpur, Howrah, on the 4th of April, 1972—attention called by Dr. Santi Kumar Das Gupta on the 5th April, 1972.

[ 2-20—2-30 p.m. ]

**Dr. Gopal Das Nag** : Mr. Speaker, Sir, in reply to the Calling Attention Motion of Dr. Santi Kumar Das Gupta, M.L.A. I inform the House that the Management of the Bengal Flour Mills, Shibpur decided to close two of their factory gates and to re-arrange the duties of their security staff numbering 12 accordingly. To this, the members of the security staff were not agreeable on the ground that some of them might subsequently be declared redundant and retrenched. When the Management insisted on adhering to their decision, the Durwans raised dispute and opposed this action of the Management. There were demonstrations inside the Mills and the work was practically stopped with effect from 6th March, 1972. The Management lodged complaint against the Durwans with the Shibpur Police Station vide G.D.E. No. 375 dated 6th March, 1972.

On the 13th March, 1972 when the Senior Executive Chairman and other personnel of the Company went to the Mill gate, they were abused and assaulted by 12 Durwans and some of the Contractor's men employed in the Mill. Shibpur Police Station started a case No. 12(3) 72 on the complaint of the Management but none was arrested. After this the Management issued notice of dismissal on 12 Durwans and debarred 5 of the Contractor's men from entering inside the Mill

The Mill remained closed upto 28th March, 1972. During this intervening period the Management approached Dr. Santi Kumar Das Gupta, M.L.A. of the Constituency and Ex-Minister of Progressive Democratic Coalition Government for his intervention. Dr. Santi Kumar Das Gupta intervened and through his effort a settlement was made and the Management agreed to allow 7 of the Durwans to work and 3 of the Contractor's men to enter into the Mill compound. It was also agreed that the remaining Durwans and the Contractor's men would remain under suspension till Dr. Das Gupta could hold further enquiry and give his decision as the mutually agreed upon arbitrator. It was further agreed that his decision would be binding on both the parties.

The work was resumed on the 29th March, 1972 afternoon and the Police was posted inside the Mill compound as ordered by the Howrah Sadar Sub-divisional Magistrate (Executive).

On the 1st April, 1972 again the troubles started when the Management asked the 5 suspended Durwans to leave their quarters which are situated within the Mill compound and they were supported by a section of the workers and a few local young men. As there was no settlement the work was again stopped on and from the 1st April, 1972 The Management reported the matter to Shibpore Police Station as has been found from G.D.E. No. 68 dated 2nd April, 1972.

On the 3rd April, 1972 the Management gave a notice that they would declare lock out if the workers do not join their duties and help in obtaining normal production before the 4th April, 1972. On receipt of this notice the Police and the Sub-divisional Magistrate (Executive) Howrah Sadar made all efforts to sort out the dispute but no negotiation could be arranged till 5p.m. on the 4th April,1972. The matter was also examined by the District Magistrate, Howrah, who asked the Management to resume operation of the Mill with the necessary Police protection as ordered by the Court. In pursuance of this, 7 of the Durwans were arrested and the Mill started functioning from 10 p.m. with the help of the Police. On the 4th April, 1972 the attendance was almost full.

At about 11-15 p.m. on the 4th April, 1972, local young men under the leadership of Shri Madhu Sudhan Dutta, Sibsankar Gupta, Saheb Singh and Amiya Banerjee had been at the Mill gate and started shouting protests against the arrest of 7 Durwans. They also squatted near the Mill gate and in the opinion of the Police an unlawful assembly wrongfully restrained, the Thana Van and Officers in the discharge of their lawful duties. The Police alleged that some of the officers were not allowed to leave the place for other Government work. The Police vehicle was in fact surrounded. The Police tried to persuade them to dispurbe but without result. The Police was wrongfully restrained for about an hour at the Mill gate, after which apprehending further trouble the Police took all of ghem into custody in connection with Shibpur P.S. Case No 4 dated 4th April, 1972 u/s. 143/341/353 I.P.C. and under Maintenance of Internal Security Act, 1971. The case was started on the complaints of S.I. on duty

there who as well as other officers including Deputy Superintendent of Police were very badly abused and threatened. In all 32 persons were taken i custody and they were subsequently released on bail from the Police Station the 5th April, 1972 morning

The Mill is still running. The dismissed Durwans started hunger-strike the Mill gate from 7th April, 1972. It is reported that Dr. Santi Kum Das Gupta M.L.A. has also joined the hunger-strikers from yesterday evening.

**শ্রীঅশ্বিনী রায় :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আপনি আগে থেকেই এই সভ সদস্য আছেন, আপনি জানেন, লাইব্রেরীর টেবিলে এই কলিং এ্যাটেনশানের জবাবের এব করে কপি আমাদের দেবার জন্য রাখা হত। কিন্তু সেটা এখন পর্য্যন্ত চালু হয় নি। ত একটা কথা এই প্রসঙ্গে বলব। লোকসভায় এই কলিং এ্যাটেনশান যে মাননীয় সদস্য তাঁকে অন্তত একটা উত্তরের কপি দেওয়া হয়। মাননীয় পার্লামেন্টারী এ্যাফেয়াসে'র মা মহাশয়ের কাছে রিকোয়েষ্ট তিনি যদি এটার ব্যবস্থা করেন তাহলে আমাদের সুবিধা হয়।

**Mr. Speaker :** One copy of the statement will be laid on the Table. B so far as the question of supplying copies to different Members is concerned has never been accepted as a convention of this House. So, I am unable accede to that demand But one copy of the statement given by the Minist will certainly be placed on the Table.

**Shri Bijoy Singh Nahar :** After reading of the statement by the Minist or before, in the Library Table

**Mr. Speaker :** It is done simultaneously.

## COMMITTEE ON PUBLIC ACCOUNTS

**Mr Speaker :** Under Rule 302 of the Rules of Procedure and Conduct Business in the West Bengal Legislative Assembly, the Committee on Publ Accounts has been constituted with the following Members, namely :—

1. Shri Aswini Roy,
2. Shri Asamanja De,
3. Shri Deo Prakash Rai,
4. Shri Puranjoy Pramanik,
5. Dr. Motahar Hossain,
6. Shri Rabindra Nath Bera,
7. Shri Ramendra Nath Dutta,
8. Dr. Santi Kumar Das Gupta,
9. Shri Saroj Roy

In pursuance of Rule 255(1) of the Rules of procedure and Conduct of Busine in the West Bengal Legislative Assembly, I appoint Shri Deo Prakash Rai t be the Chairman of the Committee on Public Accounts.

## COMMITTEE ON ESTIMATES

**Mr. Speaker :** Under Rule 303B(1) of the Rules of Procedure and Conduc

of Business in the West Bengal Legislative Assembly, the Committee on Estimates has been constituted with the following Members, namely :—

1. Shri Ajit Kumar Bandopadhyaya,
2. Shri Ardhendu Naskar,
3. Shrimati Ila Mitra,
4. Shri Kamala Kanta Hembram,
5. Shri Kashinath Misra,
6. Shrimati Geeta Mukhopadhyaya,
7. Shri Deo Piakash Rai,
8. Shri Prasanta Kumar Sahoo,
9. Shri Bhawani Prosad Sinha Roy,
10. Shri Mohammad Idris Ali,
11. Shri Rajani Kanta Doloi,
12. Shri Sachi Nandan Shaw,
13. Shri Sisir Kumar Ghosh,
14. Shri Sisir Kumar Sen,
15. Shri Ghiasuddin Ahmed.

In pursuance of Rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Mahammad Idris Ali to be the Chairman of the Committee on Estimates.

**Mr. Speaker :** I would like to inform the House that as the Hon'ble Chief Minister is out of town, further consideration of the Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 will be taken up later on and the House will proceed to take up the following Bills today.

1. The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972, and

2. The West Bengal Land (Requisitioned and Aquisition) (Amendment) Bill, 1972.

## The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment), Bill, 1972.

**Shri Gurupada Khan :** Sir, I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment), Bill, 1972.

( Secretary then read the title of the Bill ).

Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment), Bill, 1972, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই··· ······ ··

**শ্রী আবদুল বারি বিশ্বাস ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। এই যে বিল দুটো মাননীয় ন্ত্রিমহাশয় এনেছেন আমরা দেখলাম হাউসে আসার পর এই বিল দুটো পেশ করা হয়েছে, টেবিলে ল করা হয়েছে। কিন্তু স্যার, আমার ধারণা এবং এটা বোধহয় বিধান যে এইরকম ধরনের ধন কোন আইন আসরে সেটা আমাদের কাছে পূর্বে সার্কুলেটেড হওয়া উচিত। কারণ, অনেক

মাননীয় সদস্য এখানে নতুন এসেছেন যাঁদের এই আইনের আসল যে বিষয়বস্তু সেই বিষয়বস্তু সম্বন্ধে থানিকটা প্রস্তুতির প্রয়োজন আছে। এই যে সময় বৃদ্ধি করার প্রশ্নটা যে জড়িত এই বিষয় নিয়ে ভাল করে চিন্তা করার প্রয়োজন রয়েছে। আজকে যখন হাউসে আসলাম, আসার পর এই বিল পেলাম, ফলে আমরা এই বিষয়ে চিন্তা করার কোন সুযোগ পেলাম না। সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আপনি আজকে এই বিলের আলোচনা দয়া করে বন্ধ করুন। অনেক মাননীয় সদস্য আজকে বিল পেয়েছেন, তাঁরা আসল বই না পড়ুন, পড়ে যদি সংশোধনী প্রস্তাব দেওয়ার থাকে সেটা তাঁরা চিন্তা করে যাতে দিতে পারেন তার সুযোগ দিন। তারপর এই বিলের আলোচনা হওয়া উচিৎ। আমি আপনাকে অনুরোধ করব আপনি মাননীয় সদস্যদের এই ন্যায্য দাবীটুকু বিবেচনা করবেন।

**Dr. Zainal Abedin :** Sir, it is not a major legislation, as Mr. Biswas has pointed out, but it is a continuing legislation. Everybody is in the know of this.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** On a point of order Sir, যে বিলটা আনা হয়েছে এটা একটা নূতন বিল এবং এটা আগে দেওয়া হয় নি, আপনার টেবিলে আগে লে করা হয় নি বা circulate করা হয় নি। এই আইনে বলা হয়েছে যে extention চাওয়া হয়েছে তাতে ২ বছর দেওয়া হবে না ১ বছর দেওয়া হবে। সুতরাং আমি বলছি যে এই আলোচনা বন্ধ করে দিয়ে এখন আমাদের সময় দেওয়া হোক যাতে পরে পড়ে আলোচনা করা যেতে পারে।

[2-30—2-40 p.m.]

**Mr. Speaker :** This is not a new legislation. This is a law which is already in force. Mr. Biswas, think you have drawn the attention of the House that the Bill should have been circulated much earlier so that you can get an oppertunity to go through it. I think you will be satisfied in view of the statements to be given from the Treasury Bench.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্যার, এ বিষয়ে কোন সন্দেহ নেই যে সময়ে বিল প্রেসড হয় নি। আমি অনুরোধ করবো যাতে আমরা সময়মত বিল পাই।

**Mr. Speaker :** I think the honorable Member is not pressing his point.

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, Government has taken note of the observations made by the honourable Members. Hereinafter all care will be taken to observe the rule.

**শ্রীগুরুপদ খান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৩৯ সালে ভারতরক্ষা আইনবলে যেসমস্ত জমি এবং বাড়ী অধিগ্রহণ করা হয়েছিল উক্ত আইনে অধিগ্রহণের মেয়াদঅন্তে সেইসমস্ত বাড়ী এবং জমির অধিগ্রহণ বজায় রাখার উদ্দেশ্যে দি ওয়েষ্ট বেঙ্গল রিকুইজিসণ্ড ল্যাণ্ড (কন্টিন্যুয়েন্স অব পাওয়ারস) (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭২ বিধিবদ্ধ হয় তা ক্রমাগত বিভিন্ন সংশোধন আইনের মাধ্যমে উক্ত আইনের মেয়াদ ৩১শে মার্চ, ১৯৭২ সাল পর্যন্ত বর্ধিত করা হয়। উক্ত আইনবলে মাত্র ৪২ একর জমি এবং ৫৫টি বাড়ী এখনও সরকারের দখলে আছে। এই ৪২ একরের মধ্যে ২৭ একরে আবার খাদ্যদ্রব্যের গুদাম নির্মাণ করা হয়েছে এবং বাকী ১৫ একর পুনর্বাসনের জন্য দেওয়া হয়েছে। এই জমি এবং বাড়ী এখনও পাকাপাকিভাবে গ্রহণ করা সম্ভব হয় নি, সুতরাং জমি এবং বাড়ী সরকারের দখলে রাখা প্রয়োজন।

আইনটির মেয়াদ ১৯৭২ সালের ৩১শে মার্চ উত্তীর্ণ হইলে ঐ সকল জমি ও বাড়ী সরকারের দখলে রাখা সম্ভব হইত না এবং ফলে অনেক অসুবিধার সৃষ্টি হইত। তাই ১৯৭২ সালের ২২শে মার্চ

West Bengal Requisitioned Land ( Continuance of Powers ) (Amendment) Ordinance, 1972 প্রয়োগ করিয়া আইনটির মেয়াদ ১৯৭২ সালের ১লা এপ্রিল হইতে আরও ২ বৎসরের জন্য বাড়ান হইল। আশা করা যাচ্ছে এই দুই বৎসরের মধ্যে জমি ও বাড়ীগুলি অধিগ্রহণের আওতায় আছে সেগুলি হয় পাকাপাকিভাবে acquire করা হবে, না হয় ছেড়ে দেওয়া হোক। এই মর্মে সংশ্লিষ্ট বিভাগগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে বিধানসভার বর্তমান অধিবেশন আরম্ভের তারিখ হইতে ৬ সপ্তাহকাল Ordinance-এর কার্যকারিতা বহাল থাকিবে। অথচ আইনটির মেয়াদ আরও ২ বৎসর বৃদ্ধি করা বিশেষ প্রয়োজন। অতএব West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amedment) Ordinance, 1972 আইনে পরিণত করার জন্য সভায় উপস্থাপিত করা হচ্ছে। আশাকার বিলটি মাননীয় সদস্যগণের অনুমোদন লাভ করিবে।

**শ্রীঅজিত কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই Continuance of Powers সম্বন্ধে কিছু কথা বলা দরকার বলে মনে করছি। ইংরাজ রাজত্বে ভারতরক্ষার নাম করে বহু জমি, বাড়ী দখল করা হোত কিন্তু ভারতরক্ষা তাঁরা কতটা করেছেন সেটা আমরা সকলেই জানি। সে দিনের কথা মনে হলে এটা আমরা সকলেই একমত হব যে বহু গরীব, মধ্যবিত্তদের জমি, বাড়ীগুলির উপর জবরদস্তি বেশী হয় এবং যাদের অনেক সম্পত্তি আছে তাদের গায়ে হাত প্রায় দেওয়াই হয় না। আমার মনে হয় সেসময় বহু মধ্যবিত্ত সাধারণ চাষীর জমি requisition করা হয়। এই requsition একটা ভয়াবহ হয়েছিল যে আর তারা ফেরৎ পাবে কি না? সরকার পাকাপাকিভাবে নিলে তারা একটা ক্ষতিপূরণ পেত। কিন্তু তারা তা পায় নি। সেজন্য requisition জমির মূল্য তাদের কাছে না আসায় তাদের খুব অসুবিধা হয়েছে। যাহোক ভারতরক্ষা আইনে যেসব জমি, বাড়ী দখল করা হয়েছিল তখন তা যে দৃষ্টিভঙ্গীতে করা হয়েছিল সেটা খুব জনবিরোধী। তখনকার দিনে বুরোক্রেসীদের জনসাধারণের স্বার্থের সঙ্গে কোন যোগাযোগ ছিল না। কিন্তু তাদের মারফৎ এইসব কাজ হয়েছিল বলে সাধারণ মানুষের উপর জুলুম হয়েছিল। এখন আমরা সকলেই জানি যে acquisition দরকার মাঝে মাঝে requsition ও দরকার। দেশের উন্নয়ন কাজের জন্য acquisition দরকার এবং দেশের কোন একটা বিশেষ প্রয়োজনে requisition দরকার। কাজেই requisition ও acquisition করব না একথা বলা চলে না। সেজন্য requisition সমর্থন করতে হয়। উনি বললেন হাতে খুব অল্প সম্পত্তি রয়েছে। কিন্তু একটু পেছনের দিকে দৃষ্টি দিলে দেখা যাবে কিছুদিন আগেও এত অল্প সম্পত্তি ছিল না। কিন্তু বেশীরভাগ সম্পত্তির মালিকদের কিছু ফেরৎ দেওয়া হয় নি। সরকার নিজের স্বার্থে অনেক জায়গায় acquisition করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে মনে একটা ক্ষোভ থেকে যায়। অত্যন্ত এলোপাতাড়ীভাবে জমি-জায়গা থেকে মানুষকে বঞ্চিত করা হচ্ছে। কোলকাতায় সাধারণ মানুষের বাড়ী নেওয়া হয়েছিল।

[ 2-40—2-50 p.m. ]

তাদের মধ্যে কেউ কেউ পরবর্তীকালে বাড়ী ফেরৎ পেলো না। কাজেই এই রিকুইজেশান আইনে মোটামুটি যাতে ফেরৎ দেওয়া যায় তারজন্য কিছু কিছু কাজকর্ম থাকছে। এই রিকুইজিশান আইনের খারাপ দিকটা আছে। সেটা যদি মনে করতে না হতো তাহলে সমর্থন করতাম অবশ্য এখনও সমর্থন করছি। আমরা দেখেছি বহু জমি, বাড়ী পড়ে আছে রিকুইজিশান নেওয়া অবস্থায়। কে তার হিসাব নিচ্ছে, কে তার বিচার করছে, কে তাকে ফেরৎ দেওয়ার কথা

ভাবছে। সরকার যে জমি নিয়েছেন তার ন্যায্য দাম গরীব মানুষদের কাছে পৌছে দেবার কথা সেটা দেখা যাচ্ছে না। ফলে দেশের লোক হৈ-চৈ করে তা আপনি জানেন। এটা একটা পরিণতির দিকে চলেছে। সেই হৈ-চৈয়ের ভিতর দিয়ে আমরা দেখেছি অনেক জায়গায় জনস্বার্থের প্রয়োজনে এ্যাকুজিশান করা হয় নি। পুরানো মালিকদের কাছে ফেরৎ দেওয়া উচিত ছিলো। কিন্তু সেটা রিলিজ করা হলো না। আবার জনস্বার্থের প্রয়োজনে এমন সব পারপাসে বিলি করা হয়েছে সেগুলো ঠিকমত জনস্বার্থের প্রয়োজন মনে করতে পারছি না। সেসব প্রশ্ন আছে। তা সত্ত্বেও এটা সমর্থন করতে হবে। কারণ এখনও জমি সরকারের হাতে রয়েছে। পুরানো মালিকদের কাছে রিলিজ করবো সেটা মন্ত্রিমহাশয় রাখছেন না কেন? এইসব জমি এবং বাড়ী পুরানো মালিকদের ফেরৎ দেওয়ার কথা এটা একটা পলিসি কোশ্চেন হিসাবে রাখছি। ব্যক্তিগতভাবে আমি বলছি না। এই মন্ত্রিসভার উপর আমাদের বিশ্বাস আছে এবং আশ্বাস আছে। কিন্তু আমলাতন্ত্রের উপর ভরসা নেই। এই আমলাতন্ত্রের উপর এই সভার শতকরা ৮০ জন সভ্যের বিশ্বাস নেই। তারা যা পড়ান তাই এখানে পড়তে হয়, তারা যেভাবে পছন্দ করেন তাই মেনে নিতে হয়। একটা পলিসি ষ্টেটমেণ্ট থাকলে ভাল হত অর্থাৎ যার যা আছে তা ফেরৎ দেবো, যদি কোন উন্নয়নমূলক কাজে না লাগে, যদি রিফিউজি বসান এইরকম কাজে না লাগে। এইরকম ধরনের একটা পলিসি ষ্টেটমেণ্ট এলে ভাল হতো আমরা খুসী হতাম। কিন্তু তিনি কোন পলিসি ষ্টেটমেণ্ট দেন নি। গতানুগতিকভাবে চলবে। তবে এই সরকারের কাছে বলবো তাঁরা উচ্চকণ্ঠে বলুন আমাদের হাতে যেসমস্ত জমি, জায়গা রয়েছে, বাড়ী, ঘর-দোর রয়েছে রিকুইজিশান করে আমরা সাধ্যমতো ছোট মাঝারি মালিক যারা তাদের ফেরৎ দেবো। এটা নিশ্চয় বলতে পারবেন। রেট্রোসপেকটিভ ইফেক্ট এই আইনে নেই। অনেক জমি জনস্বার্থের দোহাই দিয়ে অনেক জায়গায় এলোপাতাড়ী হয়েছে। কিছু কিছু জনস্বার্থের সঙ্গে সঙ্গতি রেখে আছে। কাজেই এইরকম একটা ষ্টেটমেণ্ট দিতে পারেন কি না সেটা মন্ত্রিমহাশয়কে বিবেচনা করে দেখতে অনুরোধ করছি। এইরকম ষ্টেটমেণ্ট যদি এই বিধানসভায় দেন তাহলে দেশের মানুষ ভাল ছাড়া খারাপ বলবে না। এই আইন, রিকুইজিশান আইন যখন শেষ হয়ে যাচ্ছে তখন আমরা বলছি মন্ত্রিসভা এই ক্ষমতা রাখুন। কিন্তু সঙ্গে সঙ্গে ছোট এবং গরীব এবং মাঝারী মালিকদের যথাসম্ভব ফেরৎ দেওয়ার বিষয়ে ঘোষনা করুন।

**শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার, স্যার, আজকে যে উদ্দেশ্যে এই বিল আনয়ন করা হয়েছে সেই বিল আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। এই বিল সম্পর্কে বিচার এবং বিবেচনা এবং আলাপ আলোচনার সময় নিশ্চয়ই আমি এটা উপলব্ধি করতে পেরেছি যে এই বিলের মাধ্যমে পশ্চিমবঙ্গের বহু মানুষ এবং সেইসমস্ত মানুষেরা যাদের হারাবার বিশেষ কিছু নাই এবং যাদের সম্পর্কে উদাসীনতা গত কুড়ি বছর ধরে নির্লজ্জভাবে প্রকটিত হয়েছে সেই সমস্ত মানুষের আজকে যদি উপকার হয় তাহলে নিশ্চয়ই বিলের ইংরাজীতে যাকে বলে স্পিরিট অর্থাৎ আত্মা অর্থাৎ মূল জিনিষটা তা সার্থক হবে। আমি পূর্বে বহু আলোচনায় অংশগ্রহণ করেছি। মাননীয় সদস্যরাও বহু আলোচনায় অংশগ্রহণ করেছেন এবং এই অংশগ্রহণ করে আমি সর্বদাই একটা কথাই বলতে চেয়েছি, সেটা হচ্ছে এই যে আমাদের এই ব্যাকুলতা, ব্যাগ্রতা এই আইনের যথাযথ রূপ দেবার জন্য এবং আইনকে যথাযথ বলবত করার জন্য। আমি দুঃখের সঙ্গে এবং বেদনার সঙ্গে লক্ষ্য করছি যে আইনগুলি গ্রহণ করা হয় জনস্বার্থের জন্য সেই আইনগুলি ঠিকভাবে রূপায়িত হয় না এবং সঠিকভাবে বলবৎ হয় না। সমাজের যে দুটো অংশের উপর আমরা চলি, যে দুটো অংশের উপর আমাদের এই প্রদেশের সমস্ত শক্তি নিহীত রয়েছে তা হচ্ছে শ্রমিক এবং কৃষক। এই শ্রমিক অর্থাৎ শ্রমজীবী মানুষদের একটা সংজ্ঞা

একটা পরিষ্কার চিত্র, পরিষ্কার রূপ আছে কিন্তু কৃষকদের কথা যখন বলি তখন একটা পরিষ্কার চরিত্র, পরিষ্কার রূপ আমরা দেখতে পাইনা। তাই কৃষক বলতে আমরা হাজার হাজার বিঘা জমির মালিক, কৃষকদের অর্থ, শত শত বিঘা জমির মালিক অনেক সময় বুঝি। কিন্তু এর উপরেও কৃষক যারা আছে, লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ যাদের সামান্যতম হাতে জমি নাই যে জমির দ্বারা তারা কৃষিকার্য করে দুটো মুখে ভাত দিতে পারে, জমি থেকে তাদের যা আয় হয় তাদের সন্তান-সন্ততিদের পড়াশুনার ব্যবস্থা যাতে করতে পারে সেই আয়ের ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি।

[2-50—3-00 p m.]

আমি সব ভাল করে জানি আসল কৃষক যারা বন্ধ্যা মাটিতে সোনার ফসল ফলাচ্ছে, যারা আমাদের খাবার জোগাচ্ছে, যাদের পরিশ্রমলব্ধ সম্পদ আমরা ভোগ করছি শহরে এবং গঞ্জে কিছু অর্থের বিনিময়ে, সেই মানুষরা বছরের শেষে যে উৎপাদনের হিসাব হয় বলতে গেলে কিছুই পায়না, তাদের ভাগ্যে কাণাকড়িও জোটেনা। আমিও গ্রামবাংলার ছেলে, পল্লী গ্রামের মানুষ আমি জানি, অধিকাংশ বাড়ীতে দেখেছি যখন ধান এবং চালের হিসাব হয় তখন যে মানুষ সারা বছর ধরে বর্ষায় ভিজে, শীতে বহু দুঃখ কষ্ট পেয়ে, বৈশাখের প্রচণ্ড রৌদে এবং জৈষ্ঠের তাপে তপ্ত হয়ে তাদের সমস্ত শক্তি নিংড়ে দিয়ে আমাদের বাঁচাবার ফসল ফলায় তারা অধিকাংশ ক্ষেত্রে অগ্রহায়ণ এবং পৌষ মাসে যখন ফসলের হিসাব হয় বিশেষ কিছু পায়না। সেই তুলনায় যিনি মালিক তিনি পান অনেক অনেক বেশী। ফলে বাঁচবার মত তাদের কোন উপকরণই থাকেনা। এমনি করে বছরের পর বছর চলেছে। এই প্রসঙ্গে আমি মুকুন্দরাম চক্রবর্তীর "ফুল্লরার বারমাস্যা"র কথা স্মরণ করতে বলি। ফুল্লরার যে জবানবন্দী তাতে আমরা দেখি তার ভাগ্যে বিশেষ কিছু জুটতনা, কোনদিন শান্তি এবং কল্যাণ তার দরজায় হাজির হয় নি। পশ্চিম-বঙ্গের কৃষকদের অবস্থাও অনেকটা তদ্রূপ। মাননীয় ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় যে বিল উপস্থাপিত করেছেন, আমি জানি এই বিল দ্বারা হয়ত সামগ্রিকভাবে পরিবর্তন হবে না, লক্ষ কোটি দরিদ্র বুভুক্ষু মানুষের যাদের বাঁচবার মত একখণ্ড জমি নেই, চাষ করবার মত পাঁচ কাঠাও জমি নেই, তাদের সকলেরই যে এদ্বারা উপকার হবে আমি একথা বলিনা, কিন্তু আজকে বছরের পর বছর দিনের পর দিন মানুষের পরিশ্রমের মূল্যের প্রতি যে অবহেলা এবং উপেক্ষা তা দীর্ঘদিন চলতে পারেনা। তাই আমি মনে করি এই বিল যা আনা হয়েছে, এই বিলের সমর্থন দ্বারা সামগ্রিক সমর্থন দ্বারা সমাজের কল্যাণ হবে, সমাজের উপকার হবে, এই বিশ্বাস এবং ভরসা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker** : I would request the honourable Members to confine their speech within the limit of the Bill Now, I call upon Shri Asamanja De.

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আজকের সভায় মাননীয় মন্ত্রিমহাশয় কর্তৃক পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়ক, ১৯৭২ নামক যে আইনের সংশোধনী প্রস্তাব উত্থাপিত হয়েছে, দেশের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই ক্ষমতা স্থায়িত্বের সংশোধনী প্রস্তাবকে আমি স্বাগত জানাচ্ছি। কারণ এই প্রস্তাবের উদ্দেশ্য অত্যন্ত মহৎ, তাই পরিষ্কারভাবে উল্লিখিত হয়েছে যে দেশের সার্বজনিক উদ্দেশ্যে কোন সুনির্দিষ্ট জরুরী পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য এমন কোন ক্ষমতা থাকা দরকার হয় যে ক্ষমতার বলে বলীয়ান হয়ে সরকার সার্বজনিক উদ্দেশ্যে কোন জমি, ভূমি বা ইমারত সম্পত্তিকে নিজেদের করায়ত্ত করতে পারে। কিন্তু এই সময় সীমা অতিক্রান্ত হতে চলেছে, এর সম্প্রসারণ একান্তভাবে প্রয়োজন এই কারণে যে যদি দেখা যায় বিশেষ করে ভারতবর্ষের মত বা পশ্চিমবাংলার মত দেশে একের পর

যুদ্ধের পর অর্থনৈতিক কাঠামো বিশেষভাবে বিধ্বস্থ হয়েছে এবং এমন একটা পরিস্থিতি দছে যে রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন কাঠামোর পরিপ্রেক্ষিতে বলা যায় একটা উন্নয়ন ধারার ‍্য টেক্ অফ থেকে ম্যাচিওরিটি ষ্টেজে এসেছে।

এরকম একটা বিধ্বস্ত অবস্থায় আমাদের উৎপাদনকার্য পরিচালনা করবার জন্য, হাজার হাজার র্থী আসছে তাদের পুনর্বসতি এবং পুনঃপ্রতিষ্ঠা করবার জন্য এবং অর্থনৈতিক ধারা সুনিশ্চিত বার জন্য যেমন মিক্সড ইকনমিক ষ্ট্রাকচার হয়েছিল অর্থাৎ সরকারী নিয়ন্ত্রাধীনে সমস্ত কিছু রচালিত হবে ঠিক তেমনি এই ক্ষমতাও সম্প্রসারণ করা প্রয়োজন যাতে সরকার জমি নিজেদের ায়ত্ব করে রাখতে পারেন। তবে এই আইন কার্যকরী করতে গিয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ র বলছি যে, ১৯০৯ সালে যে আইন তৈরী হয়েছিল সেই আইনে বৃটিশ সরকার ভারতবর্ষের নতী মানুষদের সম্পত্তি থেকে বিচ্যুত করেছিল। সেই অসৎ উদ্দেশ্যের কথা স্মরণ রেখে মহাশয়কে নিবেদন করব গরীব মানুষদের সম্পত্তিতে যেন হস্তক্ষেপ করা না হয়। তবে সরকার তাঁর প্রয়োজনে কোন সম্পত্তি নেন তাহলে সেক্ষেত্রে যেন তাড়াতাড়ি ক্ষতিপূরণ দেওয়া এবং গরীব কৃষক, মেহনতী মানুষের স্বার্থের দিকে তাকিয়ে এই আইন যেন কার্যকরী া হয়।

**Mr. Speaker :** The Hon'ble Minister may please give a reply, if any.

**শ্রীপ্রফুল্ল মাইতি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, কন্টিনিউয়ান্স অব পাওয়ার এই যে বিল জকে নিয়ে আসা হয়েছে এর প্রয়োজনীয়তা নিশ্চয়ই এখনও আছে এবং সেদিক থেকে একে মি সমর্থন করি। তবে দেখা গেছে এই অধিগ্রহণের ফলে সাধারণ মানুষের অনেক ক্ষেত্রে ানি হয়েছে এবং অল্প জমি বা ঘরবাড়ীর মালিক যারা তারা এই অধিগ্রহণ করাতে দারুণ বিধায় পড়েন এবং যে ক্ষতিপূরণ দেওয়ার পদ্ধতি হয়েছে সেই পদ্ধতির মধ্যে বহু ত্রুটি রয়েছে ং দীর্ঘদিন বহু চেষ্টা করে তবে এই ক্ষতিপূরণ পেতে হয়। কাজেই এই দিকে সরকার যাতে রাখেন এবং সাধারণ দরিদ্র মানুষ যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে সরকার যাতে দৃষ্টি রাখেন ই অনুরোধ জানিয়ে আমি এই বিল সমর্থন করছি।

**শ্রীগুরুপদ খান ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিল এসেছে এটা মাত্র ২ বছরের জন্য টেন্সন চাওয়া হয়েছে। মাননীয় সদস্য যাঁরা এই সম্বন্ধে বলেছেন তাঁরা এটাকে সমর্থন নিয়ে গেছেন। আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় সদস্যদের নিয়ে দিতে চাই বর্তমানে আইনের এই যে ২ বছর এক্সটেনসন চাওয়া হয়েছে তাতে আমরা ন কোন জমি রিকুইজিসন করবনা। মাননীয় সদস্যেরা ভাল ভাল কথা যা বলেছেন সেদিকে মরা দৃষ্টি দেব। মাননীয় সদস্য সুকুমার বন্দোপাধ্যায় মহাশয় ভূমিবণ্টন নীতি সম্পর্কে যা লছেন সেটা এর মধ্যে না থাকলেও আমার মনে থাকবে। মাননীয় সদস্য অসমঞ্জ দে মহাশয় াব মানুষের জমি নেওয়া সম্বন্ধে বলেছেন। আমরা এর দ্বারা নূতন কোন জমি হাত করছিনা। জেই একথা তিনি না বললেই ভাল করতেন। মাননীয় সদস্য প্রফুল্ল মাইতি মহাশয় ক্ষতিপূরণের ির কথা বলেছেন। ত্রুটি হয়ত কিছু আছে। আমরা নূতনভাবে মন্ত্রিসভা গঠিত করেছি, মরা নিশ্চয়ই এই বিষয় দেখব। অসমঞ্জ দে মহাশয় গরীব মানুষের অসুবিধা দূর করবার কথা লছেন। এই ব্যাপারে আমরা সকলেই সচেষ্ট থাকব একথা বলে আমি আমার বক্তব্য ‍্য করছি।

00—3-40 p.m.]

**The motion of Shri Gurupada Khan that the West Bengal Requisitioned**

Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2 and 3 and Preamble**

The question that clauses 1, 2, and 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agrreed to.

( At this stage the House was adjourned for 30 minutes )

( *After Adjournment.* )

**The West Bengai Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972.**

**Shri Gurupada Kh n :** Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Land ( Requisition and Acquisition ) ( Amendment ) Bill, 1972, be taken into consideration.

**শ্রীগুরুপদ খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৮ সালে পশ্চিমবঙ্গ ভূমি অধিগ্রহণ এবং গ্রহণ আইনটি বিধিবদ্ধ হয়। আইনটি অস্থায়ী, ইহার উদ্দেশ্য জনসাধারণের জীবন ধারণের পক্ষে অত্যাবশ্যকীয় দ্রব্য সামগ্রী সরবরাহ অব্যাহত রাখা যেমন যানবাহন, যোগাযোগ, সেচ ও জলনিকাশী ব্যবস্থার সুযোগ সুবিধা এবং গ্রাম ও শহরে বাসস্থান নির্মান।

প্রথমতঃ আইনটার মেয়াদ ছিল ১৯৫১ সালের ৩১শে মার্চ পর্যন্ত। তারপর আইনটার সংশ্লিষ্ট ধারা ক্রমান্বয়ে সংশোধন করিয়া উহার মেয়াদ ১৯৭২ সালের ৩১শে মার্চ পর্যন্ত বর্দ্ধিত করা হয়। এটাই একমাত্র রাজ্য আইন যার মাধ্যমে রাষ্ট্রের প্রয়োজনে দ্রুত জমির দখল নেওয়া এবং পরে স্থায়ীভাবে দখল করা সম্ভব হয়। জরুরী উন্নয়নমূলক প্রকল্পগুলি দ্রুত রূপায়িত করবার জন্য সত্বর জমির দখল নেওয়া প্রয়োজন। তাই আইনটা রাজ্যেরস্বার্থে অপরিহার্য। বর্তমানে উক্ত আইনের বলে কয়েক হাজার একর জমি সরকারী দখলে আছে। আইনটীর মেয়াদ উত্তীর্ণ হলে ঐ সকল জমি সরকারের দখলে রাখা সম্ভব হবে না। তাহা বে-আইনী হবে। তাই ১৯৭২ সালের ২২শে মার্চ একটা অর্ডিন্যান্স জারী করে আইনটার মেয়াদ ৩১শে মাচ হইতে আরো ৫ বছরের জন্য বাড়ান হইয়াছে। এই বিধানসভা আরম্ভ হইবার ছয় সপ্তাহ পর্যন্ত এই অর্ডিন্যান্স কার্য্যকাল বহাল থাকিবে। এই আইনের প্রয়োজনীতা অদূরভবিষ্যৎ ফুরাইয়া যাইবার সম্ভাবনা না থাকায় উহার মেয়াদ আরো ৫ বছরের জন্য বাড়ানো প্রয়োজন। তাই ১৯৭২ সালের এই পশ্চিমবঙ্গ ভূমি ( সংগ্রহ ও গ্রহণ ) ( সংশোধন ) বিধেয়কটাকে আইনে পরিণত করিবার জন্য এই সভার কাছে উপস্থাপিত করা হইল।

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় স্পীকার, স্যার, আইনকে extend করা একটা সাধারণ ব্যাপার। এই যে আইনটা চলছিল ১৯৭২ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত, তার মেয়াদ extend করে ১৯৭৭

সালের ৩১শে মার্চ পর্য্যন্ত করা হয়েছে। একটা গুরুত্বপূর্ণ ব্যাপার বলতে গিয়ে আমি একটু দুঃখ করেই বলতে বাধ্য হচ্ছি যে আমাদের জনৈক মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন আইন যেমনই হোক যতই ছোট হোক, সেই আইন যাতে মাননীয় সদস্যরা আলোচনার পূর্বে দেখতে পান তাহলে সুবিধা হয়। দুঃখের কথা এই যে ওই কথার উত্তরে জয়নালবাবু বললেন হালকাভাবেই বললেন এটা কিছুই নয়। একটা আইন আছে, সেটাকে একটু extend করা। এটাও তাই বলবার প্রয়োজনীয়তা বিশেষ নাই। তবে কেন এই আলোচনার ব্যবস্থা সেইজন্য আমি seriously জয়নালবাবুকে বলতে চাই এবার যে আইনসভা, যে মন্ত্রীসভা হলো সেটা নতুন দৃষ্টিকোন নিয়ে কাজ করবে। মূল লক্ষ্য হলো জনসাধারণের ছোট বড় সকলের স্বার্থের দিকে লক্ষ্য রাখা। এই যদি হয় সেই চিরাচরিত যেভাবে চলে আসছিল গত ২৪।২৫ বছর ধরে, তার যদি একটা radical change আনতে হয়, তাহলে জয়নালবাবুর যে attitude, সেই attitudeটাও তাঁর পালটাতে হবে। প্রত্যেকটা ব্যাপারে seriousness আছে, serious outlook আছে। পুরানো outlook-এর আজ পরিবর্তন প্রয়োজন। সেদিকথেকে বলতে চাই এখানে যা উদ্দেশ্য দেওয়া আছে বিভিন্ন জরুরী উন্নয়নমূলক পরিকল্পনার জন্য আবশ্যক ভূমি দখল, সেই ভূমি যাতে শীঘ্র পাওয়া যায় তারই জন্য এই বিল। নিশ্চয়ই তা পেতে হবে। যেসমস্ত development work করতে হবে যেমন তাড়াতাড়ি খাল কাটা ইত্যাদি। তাড়াতাড়ি খাল কাটতে গেলে জমি এক্ষুনি নেওয়া দরকার সেই খাল কাটার জন্য যদি ২ বিঘা জমির মালিককে জমি দিতে হয়, তাও তিনি দিয়ে দেবেন রাষ্ট্রের মঙ্গলের জন্য ঠিকই। কিন্তু সেই জমির ক্ষতিপূরণ পেতে ৭।৮ বছর হয়ত চলে যাবে। তবুও তার পাত্তা নাই। তাই এ ব্যাপারেও আপনাদের serious হতে হবে। অতি দ্রুতগতিতে দ্রুত উন্নয়ণ কাজ করবার জন্য যেমন জমি নেওয়ার প্রয়োজন, তেমনি দ্রুতগতিতে গরীবমানুষদের তাদের দেয় compensationও দ্রুতগতিতে দিয়ে দিতে হবে। এই আইন যখন extend করছেন, তখন এই outlook আপনাদের নিতে হবে। এদিক থেকে একটা commientment মন্ত্রিমহাশয়ের কাছে চাইব। যে যে জমি নেওয়া হবে রাষ্ট্রের উন্নতির জন্য, তারজন্য যে ক্ষতিপূরণ দিতে হবে, তা যাতে দ্রুতগতিতে হয় সেদিকে আপনাকে লক্ষ্য রাখতে হবে।

আর একটা কথা হলো অনেক জায়গায় জমি নেওয়া হয় খুব বড় লোকদের, যাদের অনেক আছে তাদেরও হয়ত অনেক জমি পড়লো কিন্তু ক্ষতিপূরণের ক্ষতিপূরণ দেবার সময় গরিব ও বড়লোক এটা মনে রেখে পারমাণের ব্যাপারে কম-বেশী একটু বিবেচনা করবার দরকার আছে বলে আমি মনে করি।

[ 3-40—3-50 p.m. ]

এই আইনটা এতদিন তৈরী হয়েছে দেখা গেল কি, একটা খাল কাটা হযছে এটা একটা কনক্রিট কেস একজন তার ৭৪ বিঘা জমি আছে, সেই ৭৪ বিঘার যে মালিক তার সেখানে দেড় বিঘা জমি পড়ল, আর একজন তিন বিঘার মালিক তার ভাগে সবটা জমিই পড়ল। ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে কি ভাবে—না উভয় ক্ষেত্রেই সমান পরিমাণে, এইটাকে ঠিক করা দরকার, এই ক্ষেত্রে ডিফারেন্স থাকা দরকার কম জমির মালিককে বেশী পরিমণে ক্ষতিপূরণ দেওয়া দরকার সেখানে একটা কনসিডারেসন আজকে মন্ত্রীসভার থাকা দরকার। এই ধরনের একটা নতুন কন্সিডারেসন যদি এই আইনে থাকে তাহলে নতুন আউটলুকের পরিচয় আজকে বাংলাদেশের মানুষ পাবে, আর তাহলে দেখতে পাবেন যে, যার ২।১ বিঘা জমি আছে সেও জমি ছেড়ে দিয়েছে। আজও দেখা যায় যে অনেকে তাদের ক্ষতিপূরণের টাকা বহু যায়গায় আজও পায় নি, কার ঘর চলে গিয়েছে কিন্তু টাকা সে পায় নি ফলে আজও আর ঘর তার তোলা হয় নি। এই যে

অবস্থা চলছে, যেখানে সরকার জাতীয় উন্নতির জন্য রাষ্ট্রের উন্নতির জন্য, সমস্ত পরিকল্পনার জন্য একটার পর একটা ক্ষতি স্বীকার করছে গরীব মানুষ, তারা তাদের সংসারের ক্ষতি দিয়ে। তাকে আমরা সেখানে ধ্বংস করেছিলাম আর একটা পরিকল্পনার উন্নতির জন্যে, সেইজন্য এখানে এই যে নতুন সংশোধনী প্রস্তাবটা উঠেছে, এইটাকে নতুনভাবে দেখতে হবে এবং নতুনভাবে বিচার করতে হবে এবং নতুনভাবে বিচার করে কমপেনসেট করতে হবে। আর একটা দিকে চিন্তা করা দরকার যে তাড়াতাড়ি যেন কমপেনসেসন দেওয়া হয়। যত তাড়াতাড়ি নেওয়া হবে, ঠিক তত তাড়াতাড়ি তার টাকাও যেন দিতে পারি এইটা করা দরকার। এইটুকু শুধু আমি উল্লেখ করে এইটা সমর্থণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে পশ্চিমবঙ্গ ভূমিসংগ্রহ আইনের যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে দি ওয়েষ্ট বেঙ্গল লেণ্ড রিকুইজিসন এণ্ড একুইজিসন এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৭২ এই বিলে সময় বৃদ্ধির কথা বলা হয়েছে। কিন্তু আমি বুঝতে পারিনা যে সময় বৃদ্ধি, কার সময় বৃদ্ধি গরু, ছাগলের না ভেড়ার সময় বৃদ্ধি। নিশ্চয়ই আর এই আইন যেটা সংশোধিত হয়ে আছে এই কারণেই কি সমস্ত আইনটার সময় বৃদ্ধি চাওয়া হয়েছে? অতএব সমস্ত আইনগুলি নিয়ে পুংখানুপুংখরূপে আলোচনা করা দরকার ছিল। এই আইনটা আর, ১৯৪৮ সালে তৈরী হল পরে বিলে আপনি দেখবেন, ১৯৫১ সালে ১৯৫৬, এবং শেষে ১৯৬২ সালে এবং ১৯৬৮ সালে পরের পর সরকার এর এ্যামেণ্ডমেণ্ট করছে। আর আইনের কলেবর বৃদ্ধি হচ্ছে। আজকে ব্যাপার দেখছি যে এই সময় বৃদ্ধি করার জন্য এ্যামেণ্ডমেণ্ট, সেখানে আগের আইনগুলি হারিয়ে গিয়েছে, এবং সংশোধনীর উপর নির্ভর করছে। এবং সেখানে দেখতে পাচ্ছি যে এর আসল শরীরের উপর কিছু নেই একটা বিকল্প শরীরের উপর চলছে। অবশ্য এই কথা এখানে প্রযোজ্য নয়। এখানে যে সমস্ত বিষয়গুলি নিয়ে আলোচনা হচ্ছে সেটা হচ্ছে যে বিচারের জন্য আমাদের অনুরোধ গ্রহণ করা হবে এবং এখানে আমরা বিচারের উল্লেখ করতে যাচ্ছি। আর একটা কথা উল্লেখ রাখা আছে সেটা হচ্ছে

Wherever any land is acquird under section 4, there shall be paid to every person interested compensation the amount of which shall be datermined by the collector in the manner and in accordance with the principle set out sub-section (1) of section 23 of the land Acquiaition Act, 1894 ..

এখানে আমরা ইতিপূর্বে দেখেছি তাতে ইনটারেষ্টেড পারসন বলতে আমার যেটা মনে পড়ে যে ইউজার অব দি ল্যাণ্ড এটাই বোধ হয় আইনে বলা আছে। কিন্তু সেখানে যদি ফোরসিবল অকুপ্যাণ্ট বা এ্যাডভার্স পারসন্স কিংবা কোরফা থাকে এখন অবশ্য কোরফার প্রশ্ন উঠে না সেখানে যদি বর্গাচাষী থাকে তাহলে ইনটারেষ্টেড পারসন। সরকার এতদিন পর্যন্ত ভূমি অধিগ্রহণ আইন হবার পর যত জায়গায় দেখতে পাওয়া যাচ্ছে যে মূল মালিককে রেকর্ড থেকে খুঁজে বেরকরে তাকে নোটিশ করে সম্পত্তি নিয়ে নেবার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু আর একটা দিকে দেখুন যে ইউজার অব দি ল্যাণ্ড থাকছে তাকে নোটিশ করে দিয়ে যে কমপেনসেসন পাবে কিনা কালেক্টররা হিসাব খতিয়ে দেখেন না। সম্পত্তি অধিগ্রহণ করার ব্যবস্থাপনার ক্ষেত্রে দেখা যাচ্ছে যে মাঝে মাঝে যে ডিপটিউবওয়েল বসানো হয়েছে ইরিগেসনের জন্য যে রিভার পাম্প-সেট বসানো হচ্ছে যে পাইপ লাইন বসানো হচ্ছে বা তৈরী করা হচ্ছে সেই পাইপ লাইন যাবার জন্য চাষীদের কাছ থেকে জমি চাওয়া হয়। তখন চাষীরা বলে আমরা জমি দেবো না। আল কাটাকাটি নিয়ে জমি কাটাকাটি নিয়ে চাষীদের সঙ্গে কাটাকাটি মারামারি হয় অনেক সময়

সরকারী কর্মচারীদের সঙ্গেও মারামারি হয় এবং এরকম পর্যাপ্ত হয়েছে। এইসমস্ত বিষয়গুলির দিকে সরকারের নজর দেওয়া উচিত। সরকার আজকে এইসমস্ত ভাল ভাল কাজের জন্য জমি নিতে পারেন কিন্তু সেই জমি যারা বড় বড় জমির মালিক তাদের জমি নেবার ব্যবস্থা করুন। এখানে মাননীয় সদস্য বল্লেন কম্পেনসেসনের জন্য আইনটা একটু ঘুরিয়ে ফিরিয়ে নেওয়া উচিত। বিরাট অবস্থাপন্ন লোক তাদের যে কম্পেনসেসন আর গাঁয়ের একটা ছোট চাষী যার ১।২।৩ বিঘা জমি আছে তাদের কম্পেনসেসন এক। অর্থাৎ যার ৭৪ বিঘা জমি তার তিন বিঘা জমির কমপেনসেসন ৩×৭ সমান ২১শত টাকা আর যার এক বিঘা জমি তার সেই এক বিঘার জন্য ৭শত টাকা। এগুলো হওয়া উচিত নয় একটু তফাৎ হওয়া উচিত। আজকে কলকাতার কথা ধরা যাক। আমরা দেখেছি এই কলকাতার বস্তীর বাড়ীওয়ালারা বস্তীর লোকদের দীর্ঘদিন ধরে নিপীড়ন করছে। এক একটা লোকের ১৪৭ খানি বাড়ী আছে আমাদের এই হাউসের সদস্য ছিলেন এখন নেই আমি জানি তাঁর ১৪৭ খানি বাড়ী আছে তারা দিনের পর দিন বাড়ীভাড়া খাটিয়ে চলেছে। এই বাড়ীগুলি সরকার নিয়ে পরিকল্পনা মাফিক যদি ঐ বস্তীবাসীদের রিহ্যাবিলিটেসন দেন তাহলে খুব ভাল কাজ হবে। হয়তো উনি বলবেন আমি আইনটির মেয়াদ বৃদ্ধি করতে চেয়েছি। এখানে বারি সাহেব কি গাইতে কিসের গীত গাইছেন। কিন্তু আসল কথা হোল তা নয়, আমরা যে সমস্ত কাজ করতে চাচ্ছি সেগুলি সম্পূর্ণ পরিস্কার পরিচ্ছন্ন হওয়া উচিত। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি ফারাক্কার দিকে তাকিয়ে দেখুন সেখানে দুই পারের জমি অর্থাৎ মুর্শিদাবাদ ও মালদা দুই পারের জমি নেওয়া হয়েছে। ফারাক্কা ক্যানেল কাটার জন্য ৩২ মাইল জায়গার মধ্যে ৬ মাইল বাদে ২৬ মাইল কাটা হয়ে গেল। কিন্তু আজ পর্যন্ত চাষীরা একথা বলছে যে সরকারের কাছ থেকে এখনও কমপেনসেসন পেল না। কেন তারা একথা বলবে? আমরা যেখানে পাবলিক ইনটারেষ্টের কথা বলছি আমরা যেখানে জরুরী কাজ করছি কিন্তু যাদের এক দুই তিন বিঘা আছে তাদের জমি যখন আমরা দখল করতে যাচ্ছে অধিগ্রহণ করতে যাচ্ছি সেখানে টাকা দিতে পারছি না—এটা কি কথা?

[3-50—4-00 p.m.]

কয়েক শত কোটি নয়, শত শত কোটি টাকা খরচ হয়ে গেছে সেখানে ওদের জন্য আমরা ঐ ব্যবস্থা করতে পারি না? নিশ্চয়ই পারি। কিন্তু হয় নি কেন? Health Centre-এর প্রশ্ন আছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রিমহাশয় বলেছিলেন, Public-এর Voluntary উদ্যোগ সমস্ত Health Centre-এর জমিগুলি আসেনি, সরকার এতে ব্যবস্থা করবেন কি করে। কিন্তু এই পশ্চিমবাংলায় ৫১৬ টি ব্লকের মধ্যে দুই শত কতটা বাদ দিয়ে বাকীগুলি প্রাইমারী Health Centra-এর জন্য নেয়। প্রাইমারী Health Centre-এর দরকার আছে, সরকার প্রতিশ্রুতিবদ্ধ যে ২টি Subsidiary Health Centre করতে হবে। স্বাধীনতাপ্রাপ্তীর পরে ২২।২৩ বছর চলে গেল আর আমরা অনবরত আইনের পাতা খুলছি, আর তৈরী করে যাচ্ছি। এইরকম আর কতদিন চলবে। কাজেই এখানে এই আইন বলে Health Centre করতে হবে বলে ধরে নেওয়া যায় না। প্রত্যেক ব্লকে তার পরিবর্ত্তে Compensation দিতে পারেন, এবং দিয়ে আমাদের কাজকে দ্রুত এগিয়ে নিয়ে যাওয়া দরকার। Public এর, দেশের মানুষের দু'মুঠো খাবার জোটেনা, যে দেশের মানুষ আজ ৬০ টাকা মাসে রোজগার করে ৫টি পোষ্য নিয়ে দিন কাটাচ্ছে সেই দেশের মানুষের কাছ থেকে আবার বিকল্প উপায়ে Lottery খেলে কিম্বা যাত্রাগান করে ঐ টাকা তুলে সেই টাকা দিয়ে সম্পত্তি কিনে সরকারের কাছে দিচ্ছে, ১৯৫৬ সালে ২২ বিঘা জমি ১২ হাজার টাকায় Health Centre-এর জন্য মুর্শিদাবাদের রানী নগর ২ নম্বর ব্লকে দিয়েছে কিন্তু আজ পর্যন্ত সরকারের টনক নড়েনি যে ওখানে একটা Health Centre খুলতে হবে, এখনও হয় নি।

সরকারের অধিগ্রহণ ordinance বলে এটা আপনারা করলেন। আপনারা কি এখনও পর্যন্ত ৭ বিঘা জমি অধিগ্রহণ করতে পারেন না, এটা কি রকম অকর্মণ্যতা। আমার কথা হচ্ছে যা কিছু আইন করুণ জনসাধারণের কল্যাণের জন্য, সাধারণ মানুষের কল্যাণের জন্য যাতে হয়। এটাতো স্বাস্থ্যের ব্যাপার, এটাতে সুস্বাস্থ্য গড়ে উঠবে একটা ব্লকের Under এ মাননীয় ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় যদি Health Centre করার জন্য যে ব্লকে Health Centre নেই সেখানে একটা প্রাইমারী Health Centre ও ২টি Subsidiary Health Centre আজ ২২ বছরের মধ্যে হবেনা কেন, কি কারনে হবে না। জমি পাওয়া যাচ্ছেনা, জমি পাওয়া যায় না, এসব টাল বাহনা না করে সরকার অধিগ্রহণ আইন অনুসারে জমি নিতে পারেন Proper Compensation দিয়ে। এগুলি লক্ষ্য রাখতে হবে। শুধু এগুলি লক্ষ্য রাখলে হবেনা আরো দিক আছে সেদিকেও লক্ষ্য রাখতে হবে। এই যে আইন এই আইনের গুরুত্ব আরো অনেক বেশী। এই আইনকে বাড়িয়ে নেবার প্রশ্ন আছে। নিশ্চয়ই, কিন্তু এর গুরুত্ব যে রকম সেইরকম গুরুত্ব দিয়ে কাজ হওয়া দরকার, মাননীয় মন্ত্রিমহাশয় যা বলেছিলেন যে ক'কাঠা জমি নাকি হাতে আছে সেটার ব্যাপারে কিন্তু অতীত ১৯৪৭ সালের দিকে তাকিয়ে দেখুন যে, দেশে যখন heavy exodus তখন কযটা সম্পত্তি অধিগ্রহণ করেছেন আর কত সম্পত্তি বিলি করেছেন। আজও আমরা তাদের refugee বলছি, আজও আমরা তাদের বাযতি স্বত্ব দিতে পারিনি। কোন refugee কে বিনা পয়সায় bond করে দিতে পারছেন না, আজও হাজার হাজার, লক্ষ লক্ষ উদ্বাস্তুদের সরকারের কাছে claim আছে। আজও তাদের সম্পত্তির স্বত্ব দেওয়া দেওয়া হয় নি। অথচ সেই উদ্বাস্তু ভাই, তারা তাদের সম্পত্তির স্বত্ব না পাওয়ার জন্য বিভিন্ন লোন থেকে বঞ্চিত হচ্ছে। তারা স্মার loan পাচ্ছেনা, Agricultural loan পাচ্ছে না, এই ধরণের জিনিষ হয়ে আছে, সেগুলি আপনারা দেখবেন না? নিশ্চয়ই সেগুলি আপনাদের দেখতে হবে। মানুষের জরুরী প্রযোজনীয়তার খাতিরে যে সমস্ত আইন যে ভাবে প্রয়োজন করা দরকার তা আপনারা করবেন। আজকে বর্গাদারদের একরকম heredilary right দিয়েছেন বলতে হয়। আজকে বর্গাদারদের নোটিশ করা দরকার। কোন বর্গাদারকে নোটিশ করা হয় না। তাদের যে একটা interest আছে জমির উপর সেটা খেযাল করা হয় না। জমির মালিককে ডাকা হল, Compensation দেবার জন্য নোটিশ দেওয়া হল, তাকে বলা হল সাফ কথা যে, তুমি ২০০/২৫০ টাকা পাবে অবশ্য আমার গ্রামে যা ঘটে থাকে সেটা বলতে পারবো, অন্য জায়গার কথা বলতে পারবো—এই ২৫০ টাকা নিয়ে তুমি বিদায় হও, জমি নেবার সময় নোটিশ করলেন, এদিকে মামলা চলবেনা। কিন্তু Proper Compensation গরীব মানুষকে দেবার জন্য এ সম্বন্ধে একটা Fixation থাকা উচিৎ যে, ২৫ কি ৩০ বিঘা জমি পর্যন্ত যে সমস্ত জমিওয়ালাদের জমি অধিগ্রহণ করবো তার Compensation ভালভাবে দেবো।

আর ২৫।৩০ বিঘা জমির মালিক যারা তাদের জমি যখন আমরা অধিগ্রহণ করবো তখন তাদের কমপেনসেসনের ব্যাপারটিকে আলাদা ভাবে ট্রিটমেন্ট করবো। এটা কি করতে পারা যায় না? নিশ্চয়ই পারা যায়। সরকারী কর্মচারীদের যেখানে স্থান সঙ্কুলান হয় না, মুরগীর খাঁচার মত ছোট ছোট ঘরে বসে যেখানে তাদের কাজ করতে হচ্ছে, রাইটার্স বিল্ডিংসের বিভিন্ন দপ্তরে এই অবস্থার মধ্যে যখন নাভিশ্বাস উঠেছে তখন বড় বড় বাড়ীর মালিক যারা তাদের সামান্য কমপেনসেসন দিয়ে বাড়ী রিকুইজিসন করে নিতে আপত্তি কি আছে সেটা আমি বুঝতে পারছি না। এরজন্য যে যে আইনের পরিবর্তন দরকার সেগুলি নিশ্চয়ই করতে হবে। কাজেই এই গুরুত্বপূর্ণ আইনটির এক্সটেনসন নিশ্চয়ই প্রয়োজন আছে। ৫ বছর তো অর্ডিন্যান্স করে চলছিল, কাজেই এখন যখন এই বিধানসভা চলছে আর ৬ মাসের মধ্যে যে কোন সময়ে অর্ডিন্যান্স

করে নিতে হবে তখন এত তাড়াতাড়ি না করে একটু ভালভাবে চিন্তা করে এটা আনা উচিৎ ছিল। যাই হোক, এটা যখন এসেছে তখন আপত্তির কিছু নেই, আপত্তি করে কিছু লাভও হবে না, কেন না জনসাধারণের ব্যাপার এটা এবং সেইজন্য আমি এটাকে পূর্ণ সমর্থন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আপনি যখন এই কাজে হাত দিচ্ছেন তখন মাননীয় স্বাস্থ্যমন্ত্রির কাছ থেকে জিজ্ঞাসা করে নিন যে কোন্ কোন্ ব্লকে হেল্‌থ সেণ্টারের জন্য জমি প্রয়োজন সেই ব্লকের জমি সামান্য কমপেনসেসন দিয়ে অধিগ্রহণ করে এই কাজগুলি করুন এবং কোন্ কোন্ ব্লকে সমষ্টি উন্নয়ন অফিস এর নিজস্ব বাড়ী নেই সেগুলিও আপনাকে দেখতে হবে এবং সেগুলির জন্যও আপনাকে জমি অধিগ্রহণ করে বাড়ী করতে হবে। ভাড়া বাড়ীর ছোট ছোট করে থেকে সরকারী কর্মচারীরা আজকে ইনস্যানিটেসনে ভুগছে। কাজেই আপনি বাড়ী তৈরী করার জন্য সম্পত্তি অধিগ্রহণ করতে পারেন না? নিশ্চয়ই পারেন। আজকে আপনারা ব্লক ডেভেলপমেণ্ট অফিসগুলির জন্য একটিও বাড়ী তৈরী করতে পেরেছেন? অপরের বাড়ী ভাড়া নিয়ে দিনের পর দিন চলেছে, আর বাড়ীওয়ালা একটির পর একটি নোটিশ দিয়ে যাচ্ছে এবং তার ফলে অনবরত ভাড়া বেড়ে যাচ্ছে। কাজেই এইভাবে ভাড়া দিয়ে দিনের পর দিন অর্থ অপচয় হচ্ছে, অথচ এক সঙ্গে এই টাকা ইনভেষ্ট করলে অনায়াসেই বাড়ী তৈরী হয়ে যায়। এবং সেই বাড়ী সরকারের নিজস্ব বাড়ী হয় এবং ভাড়াও বেঁচে যায়। কাজেই এই ব্যবস্থাগুলি আপনারা আগে করুন। পুলিশ মন্ত্রিকে বলছি আপনি খোঁজ করলে দেখতে পাবেন যে এমন অনেক থানা আছে যেখানে থানা এক্সটেনসনের স্থান সঙ্কুলান হবে না, এটা বৃটিশ আমল থেকে আজ পর্যন্ত একইভাবে সমানে চলে আসছে। এগুলি কি ঠিক করা যায় না? সরকারের একটি বিভাগ আর একটি বিভাগের সঙ্গে আলোচনা করে এই অধিগ্রহণ করে থানা এক্সটেনসন করা কি যায় না? নিশ্চয়ই যায়। সেইজন্য আমি অনুরোধ করবো এইসমস্ত জিনিসগুলি করে ঐ গরীব লোকদের দিকে একটু তাকান যাতে ঐ কমপেনসেসনের জন্য তাদের উকিল, মোক্তার ইত্যাদির কাছে ছুটতে না হয়। কেন না, সে হয়ত ১০০।২০০ টাকা কমপেনসেসন পাবে তার জন্য তাকে সেই উকিল, মোক্তার রেভিনিউ এজেণ্টের কাছে বিশ বার ছুটতে হবে এবং তারপর তার ৫০।৬০ টাকা এই ব্যাপারে খরচ হয়ে যাবে এবং তাদের হয়রানিও অনেক হবে। কাজেই এই অল্প টাকা যারা কমপেনসেসন পাবে তাদের আপনারা বাড়ীতে বাড়ীতে পাঠিয়ে দিন তাতে আপনাদের ও এই অফিসারদের জনসাধারণ আশীর্ব্বাদ করবে। কিন্তু উকিল, মোক্তারদের কাছে পাঠিয়ে স্কুইজ করে মানুষকে দিনের পর দিন অযথা হয়রানি করবেন না। এই দিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00—4-10 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সভায় যে বিল এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি বক্তব্য রাখছি। স্যার, এই বিলের অস্তিত্ব ৫ বছরের এবং এর আগে আমরা দেখেছি বছরের পর বছর এ্যামেণ্ডমেণ্ট হিসাবে এটাকে বাড়িয়ে দেওয়া হচ্ছে এবং সেইভাবেই চলছে। এই ৫ বছর এর অস্তিত্ব বাড়ানো হচ্ছে এটা যদি তা না করে ১০ বছর করা হত এবং জনস্বার্থের কাজে লাগানো যেত—জনগণের জন্য বা সাধারণ মানুষের উপকারের জন্য যে বিল আনা হয়েছে এটাতে আমরা চাই সাধারণ মানুষের উপকারের জন্য যেখানে রাস্তা ঘাট হবে, হাসপাতাল, সেচের ব্যবস্থা, গৃহনির্মাণ হবে সেখানে এই বিল আমার মনে হয় ১০ বছরের জন্য করা হলে ভাল হত এবং এতে বছরে বছরে যে মুদ্রণ খরচ হয় তাও বাঁচতো। দেশের কাজের জন্য যে গ্রহণ এবং সংগ্রহ করার জন্য আজ যে বিল এসেছে তাতে আমরা অনেক সময় দেখি স্কুল,

কলেজ বা হাসপাতালের জন্য জমি হয়ত নেওয়া হয়েছে কিন্তু সেখানে জমির মালিক যাদের তিন বিঘা বা ৫ বিঘা জমি গিয়েছে—এমনও দেখা যায়, এক বিধবা হয়ত তার ৩ বিঘা বা ৫ বিঘা জমি আছে এবং তাতেই তার সংসার চলে, তাদের ক্ষতিপূরণ ঠিক সময় সরকার পক্ষ থেকে দেওয়া হয়নি। আজকে যাতে এই ক্ষতিপূরণ বিশেষতঃ যারা ৩ বিঘা বা ৫ বিঘার মালিক তারা ঠিক সময় পায়, সে দিকে স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন যে, ৩ বিঘা বা ৫ বিঘার মালিকের জন্য যে ক্ষতিপূরণ এবং ৭৫ বিঘা বা ১০০ বিঘার জন্য যে ক্ষতিপূরণ সেটা যেন সমান না হয়। অর্থাৎ, ৩ বিঘা বা ৫ বিঘার জন্য যে ক্ষতিপূরণ সেটা যেন বেশী হয় আর ৭৫ বিঘা ও ১০০ বিঘার জন্য যে ক্ষতিপূরণ সেটা যেন কম হয়। স্যার, এ আর্জি আমিও আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। তারপরে স্যার, সরকার যে বাড়ী নেন বা রিকুইজিসান করেন বা জমি নেন সেই বাড়ী বা জমির মালিক হয়ত গরিব, হয়ত তার উপর নির্ভর করেই তার সংসার চলে কিন্তু আমরা দেখি তারা ঠিক সময় ভাড়া পান না। সেইজন্য স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি, বাড়ীর মালিক যদি গরিব হয়, তাহলে সে যাতে তার প্রাপ্য ভাড়া ঠিক সময় পায় সেটার ব্যবস্থা যেন করেন। এ ছাড়া আমরা দেখেছি, রাস্তা বা হেলথ সেণ্টার করার জন্য জমি নেওয়া হয়। সে জমির হয়ত অনেক ভাগীদার থাকেন এবং তাদের মধ্যে হয়ত একজন মত দেন, আর দশজন মত দেন না। গ্রামে ঘুরে এটা আমরা বুঝেছি যে ১০ জন যারা মত দেন না তাঁরা হয়ত মনে করেন ঐ জমি কোন কাজে লাগবে, তাই তারা রেখে দেন। সেই জমি যেটা রাস্তা বা হাসপাতালের জন্য নেওয়া হয়েছে তার ক্ষতিপূরণ যদি ঠিক সময় দেওয়া যায় তাহলে আমার মনে হয় এই জিনিষ হবে না। সরকার থেকে যে জমি নিচ্ছেন সেই জমির অংশীদারদের যদি ঠিক সময় ক্ষতিপূরণ দেওয়া হয় তাহলে এ সমস্যার সমাধান হবে এবং মানুষের কল্যাণের কাজে এগিয়ে যাওয়া যাবে। আমি দেখেছি আমাদের বাকুড়া জেলায় শ্যামপুরের গঙ্গাজল ঘাটি থানায়, শ্যামপুর থানায় সীড প্রোসিডিং এগ্রিকালচারাল ফার্ম হয়েছে, সেই ফার্মের জন্য যে জমি দখল করা হয়েছে সরকার থেকে সেই জমির যারা অংশীদার তারা অধিকাংশ দেখা গেছে ভূমিহীন। সেই ভূমিহীন লোকগুলি এখন পর্যন্ত ক্ষতিপূরণের টাকা পায়নি, যার ফলে তাদের ভাতে মারা হয়েছে। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব যে আইন প্রণয়ন করা হবে সেই আইন ঠিকমত কার্যকরী করে যাতে জনসাধারণের স্বার্থে লাগান যায়, যাদের জমি নেওয়া হচ্ছে তাদের যাতে ঠিক সময়ে ক্ষতিপূরণের টাকা দিয়ে দেওয়া হয় সেদিকে যেন লক্ষ্য রাখা হয়। এইভাবে কাজ করলে তবে দেশের প্রগতির পথে এগিয়ে যাওয়া যাবে। আমি বড়লোকদের কথা বলছি না যাদের হাজার হাজার একর জমি আছে। আজ পর্যন্ত তাদের জমি এ্যাকয়ার করা হয়নি, যার ১০।২০ খানা বাড়ী আছে তার বাড়ী সরকার থেকে এ্যাকয়ার করা হয়নি, কিন্তু বাড়ী তাদের নেওয়া হয়েছে, যারা গরীব এবং যে বাড়ীটা ছিল তার একমাত্র রুজিরোজগারের পাথেয়। সেই গরীবরা যাতে বাঁচে সেইভাবে আইন প্রণয়ন করা হোক। মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে বিল এই হাউসে এনেছেন জনগণের উপকারের জন্য, দেশের প্রগতির জন্য এই বিলকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিল যেটা আনা হয়েছে তাতে খালি একটা কথা —সময় কাল, বা আয়ুষ্কাল, এটা বাড়ান হচ্ছে। সে সম্বন্ধে কোন দ্বিমত নেই। কিন্তু এই যে অর্থনৈতিক স্মারকলিপি এবং উদ্দেশ্য, বিধানসভার এই সমস্ত নতুন সদস্যরা যে আকাঙ্খা নিয়ে এসেছেন সেই আকাঙ্খা পূরণ করতে গেলে এইরকম একটা ধোঁয়াটে ভাব যে অর্থনৈতিক

স্মারকলিপিতে রাখা হয়েছে তাতে তো পূরণ হবে না। অর্থনৈতিক স্মারকলিপির মধ্যে রাখা হয়েছে যে ৫ বছরের মধ্যে জমি নেব কি নেব না, নইলে কতটা নেব এই কথাটা বলা হয়েছে, সেটা ওরা অনুমান করতে পারেন নি। কেন পারেন নি, না, আগের দিনে যেখানে ডিসইনটিগ্রেটেড অর্গানাইজেশান, কোন দপ্তরের সঙ্গে কোন দপ্তরের মিল নেই, কার কি চাহিদা আছে সেটা জানা নেই, অথবা সমস্ত চাহিদা পূরণ করতে হবে এই বিলের মধ্যে, কাজেই এটা একটা ডিসইনটিগ্রেটেড ওয়েতে চিন্তা করা হয়েছে, সেজন্য এর মধ্যে খুঁজে পায়নি আগামী দিনে বেশী জমি নিতে হবে কি কম জমি নিতে হবে। সেজন্য প্রচণ্ড হতাশা এই স্মারকলিপির মধ্যে তুলে ধরেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সামাজিক চাহিদা কিরকমভাবে বেড়ে চলেছে, সেই সামাজিক চাহিদা পূরণ করতে গেলে কি পরিমাণ জমি নিতে হবে এটা স্বাভাবিকভাবে একজন প্রবীন সদস্য হিসাবে এবং গুরুত্বপূর্ণ দপ্তরেব মন্ত্রী হিসাবে তাঁর ভাবা উচিত ছিল। কিন্তু সেটা এথানে প্রতিফলিত হয়নি। ১৯৪৮ সালে যখন আমাদের কিছু লক্ষ্য ছিল না যে দেশকে কোন দিকে এগিয়ে নেব, কিভাবে গড়ব তখন এই বিল তৈরি করা হয়েছিল।

[4-10—4-20 p.m.]

আমার মনে হয়েছে এটা সেই ১৯৪৮ সাল থেকে আজ পর্যন্ত যেন পুরান কাপড় বহু তালি দিয়ে তা বদল করার চেষ্টা করা হয়েছে। কিন্তু তা করে রূপ বদল করা যায় না। আজকে যে সামাজিক চাহিদা তা ঐ তালি দেওয়া কাপড়ে হবে না। সেইজন্য আমি আশা করেছিলাম যে মন্ত্রীমণ্ডলী এবং ভুমিরাজস্বমন্ত্রী যিনি নাকি গ্রামের লোক তিনি সামগ্রিকভাবে একটা বিল এখানে উপস্থাপিত করবেন—কিন্তু আমি সেটা পাচ্ছি না। তিনি সেচের কথা বলেছেন, বলেছেন যে নূতন সেচের ব্যবস্থা করতে হবে ও পুরাতন ডি. ভি. সির. সংস্কার করতে হবে। তিনি ডি. ভি. সি. এলাকার লোক ও আমিও ঐ এলাকার লোক। ঐ ডি ভি. সি এলাকার রাইট ব্যাঙ্ক ও লেফট ব্যাঙ্ক এলাকায় ৭ লক্ষ একর জমিতে সেচ হয়। এতে বহু লোককে জল দেওয়া হয়। কিন্তু তাদের বহু পুরাতন দাবী ছিল সেটা হচ্ছে যে ব্যাপক সংস্কার ডি ভি সি. এলাকার ফিল্ড চ্যানেলের সংস্কার। আমি দেখেছি অন্ধ্র প্রদেশের কৃষ্ণা ভ্যালিতে সেখানে জল কিভাবে ধুইয়ে নিয়ে গিয়ে অন্য জমিতে ফেলে। কিন্তু আমাদের এনটায়ার ডি. ভি. সি. সিসটেম যা তাতে উপর তলার জমির সেচের জল উপছে পড়লে তবে পরের জমিতে যাবে। ফলে জমির উর্বরা শক্তি যেটা সব ধুইয়ে নিয়ে যায় ও অন্য জায়গায় ফেলে দেয়। এই যে মিনিমাম ওয়াটার এণ্ড ম্যাকসিমাম ইউটিলাইজেসান সেটা হচ্ছে না। ফ্লাসিং য়্যাওয়ে ও ফ্রসিযেটা সেটা হচ্ছে না। বিভিন্ন সময় প্লানিং কমিসন এ বিষয়ে তাদের মন্তব্য করে গেছেন যে সেচের এই জিনিষ সংস্কার করতে হবে। কাজেই ডি. ভি. সি. কমাণ্ড এরিয়ায় যদি ভিল্ড চ্যানেল না করা হয় তা হলে একবার বা দুবারের বেশী ফসল উৎপাদন করতে পারা যাবে না। এই ভাবে যদি উর্বরা শক্তি ধুইয়ে নিয়ে যায় তা হলে সব নষ্ট হয়ে যাবে। এ অবস্থায় আমাদের ফিল্ড চ্যানলের সংস্কার করতেই হবে। এই ফিল্ড চ্যানেলের যদি সংস্কার করতে চান তাহলে এই আইনের আয়ুষ্কাল বাড়ান বা এর অসমাপ্ত কাজ তা করতে হবে। দু' দিন আগে তর্কের সময় আমি এই কথা বলেছিলাম। যেটা লোকসভায় হয়ত আজ আলোচনা হবে যে সেকসান সেভেন তাতে মার্কেট ভ্যালু তা দিয়ে জমি নেওয়ার কথা। কিন্তু এইভাবে জমি নিয়ে ফিল্ড চ্যানেল করা যাবে না, কারখানা করা যাবে না। কাজেই এই সেকসান সেভেন বাতিল করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনৈক সদস্য আবেগের সঙ্গে বলেছেন যে স্বাস্থ্যমন্ত্রী হাসপাতাল করতে চান—কাজেই তাড়াতাড়ি জমি নেওয়া হোক ও মার্কেট ভ্যালু দেওয়া হোক। কিন্তু এই আইনের যে হার্ডেল অবষ্ট্রাকুল আছে তা সেকসান সেভেনকে সংশোধন না করে স্বাস্থ্য-মন্ত্রীর সদিচ্ছা থাকলেও বা সেচমন্ত্রীর সে ইচ্ছা থাকলেও ফিল্ড চ্যানাল করতে পারবেন না। সেজন্য

আমরা আশা করেছিলাম যে সেই সামাজিক চাহিদা মেটানোর জন্য বস্তা পচা আইনের সংশোধন করা উচিত।

সেটাই আশা করব আপনি জানাবেন। তারপর compensation দেবার ক্ষেত্রে অতীতে কি হয়েছে সেটা সকলেই জানেন। বর্ধমান University-র জন্য যে বাড়ী লোকে ৫ হাজার টাকায় নিত না। বিশিষ্ট স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি আমলাতন্ত্রের সহযোগিতায় সেই বাড়ীর জন্য ৮০ হাজার টাকা compensation সরকার থেকে নিয়েছে। সুতরাং আইনটি ঐরকমভাবে থাকলে আমলাতন্ত্র vested interest-কে উপকৃত করতে পারবে এবং স্বল্প জমির মালিককে অনাথ করতে পারবে। এটাই হচ্ছে একটা hurdle. বহু সদস্য চিৎকার করছেন যে আমরা যারা গ্রাম থেকে এসেছি তারা থাকব কোথায়। আপনাদের এর জন্য বাড়ী তৈরী করতে হবে। এই বাড়ী তৈরী করতে গেলে জমি requisition এবং acquisition করতে হবে। কাজেই Section 7 যদি ঐভাবে রেখে দেন তাহলে কোলকাতা সহরে ১ কাঠা জমির দাম ৩০।৩৫ হাজার টাকা হবে। অতএব সদস্যদের বাড়ী তৈরী করার ইচ্ছা যদি পূরণ করতে হয় তাহলে কয়েক শো কোটি টাকা বাড়ী তৈরী করার জন্য ক্ষতিপূরণ দিতে হবে। সেজন্য এই Session-এ আশা করব নুতন পরিস্থিতি অনুসারে এই ধারা বদলাবেন। কয়লাখনির ক্ষেত্রেও দাবী করছি যে এগুলি জাতীয়করণ করা উচিৎ। আজ একজন সদস্য এবিষয়ে একটা দৃষ্টি আকর্ষণী প্রস্তাবও দিয়েছিলেন। এখন এই যে Section 5 যেটা আছে তাতে exclusion of coal mines যদি বদলী না করেন তাহলে nationalisation of coal mines করতে পারবেন না। এখন বেকার সমস্যা সমাধানের জন্য ছোট ছোট কারখানা করতে হবে, রাস্তা করতে হবে, অনেক project করতে হবে কিন্তু এগুলি করতে গেলে এই ছেঁড়া আইনকে বার বার না বদলে একে নতুনভাবে ঢেলে সাজাতে হবে। কাল আমাদের P.W.D. Minister আমার নির্বাচনী ক্ষেত্রে গিয়েছিলেন। সেখানে বহুদিনের একটা পুকুরের পাড়ের ভেতর থেকে একটা বৌদ্ধ মন্দির বেরিয়েছে। এখন যাঁর জমি তিনি বলছেন এই সময়ে একটা দাঁও মারা যাবে। কারণ সকলেই জানে যে এর জন্য সরকার টাকা খরচ করতে বাধ্য। এই রকম একটা জিনিষের জন্য সেখানে যদি গবেষণা করতে হয় তাহাতে সেখানে নতুন নতুন রাস্তা তৈরী করতে হবে, জমি নিতে হবে এবং এর জন্য বহু ক্ষতিপূরণও দিতে হবে। সেজন্য মন্ত্রি-মহাশয়কে আবেদন করা যে বর্তমানে যে দৃষ্টিভঙ্গীতে আমরা কাজ করতে যাচ্ছি তাতে সেচ, বিদ্যুৎ, কোলকাতা ও গ্রামাঞ্চলে বস্তী উন্নয়ন করতে গেলে এই একটি মাত্র যে আইন আছে, সেই আইনকে যদি জনসাধারণের কথা বিবেচনা করে পরিবর্তন না করেন তাহলে আমরা অগ্রসর হতে পারব না। সুতরাং আবেদন রাখছি যে এই Session-এর মধ্যে এই আইনের পূর্ণাঙ্গ পরিবর্তন করে comprehensive আইন আনুন। এই appeal করে আমি এই বিলকে সমর্থন করছি।

[4-20—4-30 p.m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মিঃ স্পীকার, স্যার, আজকে ১৯৪৮ সালের এ্যাক্ট টু তার কিছু পরিবর্তন করা হচ্ছে। আজকে আমি প্রথমেই একটা কথা মনে করতে চাই যে এখানে একটা এ্যাক্ট হয়েছিল। স্বাধীনতা প্রাপ্তির কিছুদিন পরে বৃটিশ সাম্রাজ্যবাদের অবসানের পর কংগ্রেস সরকার চিন্তা করেছিলেন দেশের কিছু ডেভেলাপমেণ্ট করতে হবে। কিন্তু ডেভেলাপমেণ্ট করতে গেলে, কোন জমি নিতে গেলে একটা আইন দরকার ছিল। তাই ঠিক বৃটিশ সাম্রাজ্যবাদের পর এই এ্যাক্টটা ডেভেলাপমেণ্ট ওয়ার্ক করার জন্য করা হয়েছে। সুতরাং আমি বলবো idea of this Act হচ্ছে ideal of our nation সেদিন এ্যাক্টের আইডিয়া যা ছিল যখন ইনট্রোডিউস করা

হয়েছিল তা হ'ল for the best interest of the people in general এবং ফর দি ডেভেলাপমেণ্ট অব আওয়ার কানট্রি আজকে আমাদের দেশের কিছু উন্নতি করতে গেলে, শিল্প করতে গেলে, কলেজ করতে গেলে, কোন স্বাস্থ্যকেন্দ্র করতে গেলে জায়গার দরকার আছে। সুতরাং যখন এ্যাক্ট হয়েছিল ১৯৪৮ সালে তখন the then Legislature তারা ডিপলি কনসিডারড যে ইনট্রোডাকসান অব দিস্ এ্যাক্ট ইজ্ এ্যান আরজেণ্ট ফ্যাক্টর তখনকার পটভূমিকায় বাংলাদেশে কোন কাজ করতে গেলে, কোন কাজ তরান্বিত করতে গেলে, সাধারণ মানুষের কোন উপকার করতে গেলে, দেশের কোন ডেভেলাপমেণ্ট কাজ করতে গেলে একটা আইনের দরকার হয়েছিল। তাই সেটা হল আমাদের বাংলাদেশের পক্ষে আশীর্বাদ স্বরূপ। সেটা হল this Act II of 1948 কিন্তু সেটা পরিবর্তন, পরিবর্ধন, পরিবর্জন ইত্যাদির কিছু কিছু প্রয়োজন হয়। কারণ, circumstances are changing, কাজেই তার সঙ্গে সঙ্গে আমাদের পদক্ষেপের পরিবর্তন প্রয়োজন হয়েছে। কারণ ১৯৪৮ সালে রকেটে করে কারো স্পুটনিকে যাবার কথা চিন্তার দরকার ছিলো না। situations are changing সুতরাং তার সংশোধনের প্রয়োজন আছে। আজকে মন্ত্রিমহাশয় মাত্র পাঁচ বছরের জন্য না করে যদি আরও বেশি লম্বা করে নিতেন তাহলে আমরা নিশ্চিন্ত থাকতে পারতাম। আমি নিজে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলাম, হাইস্কুলের সেক্রেটারী ছিলাম, বিল্ডিং এক্সটেনসানের জন্য টাকা পেয়েছিলাম, জায়গা ছিল না, ল্যাণ্ড এ্যাকুউজিসানের জন্য চেষ্টা করেছিলাম, ল্যাণ্ড এ্যাকোয়ার করলাম, তারপর বিল্ডিং তোল। এটা যদি না হাতে থাকতো দেশের সভ্যতার, সংস্কৃতির, কৃষ্টির উন্নতি—এইসব আমরা কোন দিনও কল্পনা করতে পারতাম না। তাই আজকে এই বিলটাকে শুধু স্বাগত জানাব না পারপাস অব দিস বিল যেটা ১৯৪৮ সালে হয়েছিল তারজন্য প্রয়োজন বলে মনে করি। আমাদের দেশ আস্তে আস্তে উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে দিনে দিনে এবং দেশের উন্নতির কথা ভাবতে হচ্ছে সরকারকে। আজকে কোটি কোটি লোকের অন্নের সংস্থানের দিকে লক্ষ্য দিতে হবে, শিক্ষিত করতে হবে এবং তাদের স্বাস্থ্যের দিকে দেখতে হবে। তাই পারপাস অব দিস বিলকে বলি আইডিয়াল অব আওয়ার নেশান। সুতরাং এর প্রয়োজন আগে যা ছিল আজকে এর প্রয়োজনীতা আরও বেশী হয়েছে। আজকে এই বিলকে বাড়াবার দরকার হয়েছে। কিন্তু কয়েকটা জিনিষ আছে। সেটা হলো এ্যাপ্লিকেশান অব দিস বিল। তারজন্য কিছু রুলসের পরিবর্তনের প্রয়োজন আছে। আজকে আমরা যে আইন করেছি তাকে উপযুক্তভাবে নোটিফায়েড করতে হবে যাতে ইনটারেস্টেড পারসন্স অব দি ল্যাণ্ড তাদের যদি অবজেকশান থাকে তাহলে দ্যাট দি ম্যাটার উইল বি হারড্ এই যে লং ড্রন প্রসিডিয়োর তার ফলে টাকা গেলো, স্কুলের ইট, বালি, সিমেণ্ট রয়ে গেলো এবং অনেকটাই নষ্ট হলো কিন্তু বাড়ী করতে পারা গেলো না। সেইজন্য বলবো আমাদের আইডিয়া অর্থাৎ honest idea of this Legislature সেইটা যাতে হয় সেজন্য বিলের সঙ্গে সঙ্গে রুলসেরও পরিবর্তন দরকার। দেশকে এগিয়ে নিয়ে যেতে চাই সেকসান সেভেন অব্ দি এ্যাক্ট যেটা মার্কেট ভ্যালুর কথা মাননীয় সদস্য বলেছেন।

মাননীয় সদস্য মার্কেট ভ্যালুর কথা বলেছেন সেটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস এবং আমি বলব সেকসন ৭ দি দেন লেজিস্‌লেচার খুব চিন্তা করে দিয়েছিলেন। তখন এক কাঠা জায়গার দাম কোথাও পাঁচ টাকা, কোথাও পঁচিশ টাকা, কোথাও পঞ্চাশ টাকা ছিল। আর আজকে এক কাঠা জায়গার দাম পাঁচ হাজার টাকা। আরও দশ বছর পর হয়ত দশ হাজার টাকা মার্কেট ভ্যালু দেখব। সুতরাং মার্কেট ভ্যালু নিশ্চয়ই দরকার। এবং মার্কেট ভ্যালু যদি আজ করতে না পারি তাহলে গরীব সাধারণ লোক যাদের জমি আমরা দেব তাদের উপর অবিচার করা হবে। সেকসন ৭ অব দিস য়্যাক্ট ইজ দি প্রপার সেকসন যার জন্য আমরা এই এ্যাক্টে প্রকৃত

রূপ দিতে পারব। সাধারণ চাষী, কৃষক, সাধারণ লোকদের জমি ল্যাণ্ড এ্যাকুজিসনের মাধ্যমে যদি আমরা নিয়ে কাজ করি তাহলে তার ডিউ কমপেনসেসন মার্কেট ভ্যালু যেন তিনি পান। তারজন্য সেকসন-৭ অত্যন্ত ইম্পরট্যান্ট ফ্যাক্টর। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে অনুরোধ করব এবং আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে আজকে এই এ্যাক্টকে ইমপ্লিমেণ্ট করতে গিয়ে আমাদের আমলাতন্ত্রের হাতে গিয়ে পড়তে হয়। সেজন্য অনেক গরীবদের, অনেক সাধারণ লোকের, অনেক সেক্রেটারীদের, অনেক অর্গানাইজেসনের হেডদের অনেক কষ্টের মধ্যে পড়তে হয়। যারা কোন ফাইল দেখতে গেছেন আলীপুর ল্যাণ্ড এ্যাকুইজিসন অফিসে তারা জানেন যে ওটা একটা কিসের কারখানা। একটা ফাইল খুঁজলে ল্যাণ্ড এ্যাকুইজিসন কালেক্টর অফিসে তারা বলে যে সেই ফাইল রাইটার্স বিল্ডিংস থেকে ফেরে নি। আগের দিন ফাইল দেখে এসেছি, তারা বললো ওমুকের কাছে যান, গেলাম, ফাইল দেখলাম, পরে যখন গেলাম, দেখলাম ফাইল সেখানে নেই—বললেন ঐ রাইটার্স বিল্ডিংস থেকে ঐ ফাইল ফেরে নি। এই অবস্থা সেখানে। আমি এইজন্য খুব দুঃখীত। এই আমলাদের কিছু পরিবর্তন ল্যাণ্ড এ্যাকুইজিসন অফিসে দরকার। ল্যাণ্ড এ্যাকুইজিসনের কাজ যদি কিছু করতে হয় যদি এ্যাকুইজিসনের কিছু কাজ করতে হয় তাহলে আমলাদের কিছু পরিবর্তন দরকার। আলিপুর কালেকটোরেট, ল্যাণ্ড এ্যাকুইজিসন অফিসের আমূল পরিবর্তন দরকার। আমি আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে তিনি যেন এই সমস্ত একটু অনুসন্ধান করেন আলিপুর কালেকটোরেট, ল্যাণ্ড এ্যাকুইজিসন অফিসে কি কাণ্ডটাই না ঘটছে। আজকে আমাদের অনুধাবন করতে হবে ভাল করে যে উদ্দেশ্যে এবং যাদের জন্য আমরা আইন করছি, আইনের রূপ দিতে চেষ্টা করছি কিন্তু মুষ্টিমেয় কতকগুলি আমলাতান্ত্রিক-চক্র তাকে ব্যাহত করছে এবং আমাদের নাম খারাপ করছে এবং সাধারণ লোকের কাছে আমাদের হেয় করছে। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে আপনি এই বিষয়ে লক্ষ্য রেখে পার্পাস অব দি বিল টোটালী সাকসেসফুল করতে এবং পার্পাস অব দিস বিল ফর দি বেষ্ট ইনটারেষ্ট অব দি পিপ্‌ল এই দিকে লক্ষ্য রাখবেন এবং একটা দৃষ্টান্ত স্থাপন করবেন। এই আশা-আকাঙ্খা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রগতিশীল গণতান্ত্রিক জোটের অন্যতম শরিক সি. পি. আইর বন্ধু শ্রীসরোজ রায় মহাশয় এই বিল সমর্থন করতে গিয়ে কিঞ্চিত ইনসিনিউয়েসন করে কথা রেখেছেন। আমিও এই বিলে বক্তব্য রাখতে চাই। বিলের যে আলোচনা সেই আলোচনার জবাব ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় দেবেন। মাননীয় সবোজবাবু বলেছেন সিরিয়াসনেসের অভাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের রুলসে যে ব্যবস্থা আছে, আই ইনভাইট ইওর এ্যাটেনসন টু সেকসন ৬৭(৩) তাতে সেই ধারা পালন করতে যদি হয় তাহলে বিলের আলোচনা সম্ভবপর হয় না কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার ক্ষমতা আছে, এ্যাট ইওর ডিসক্রিসন এখানে সর্টার নোটিশে আলোচনার পার্মিশন দেয়ার অনুমতি দেয়ার পুরো এক্তিয়ার আপনার আছে। আজকে একটু আগে আলোচনায় আমি আবেদন করেছিলাম এবং আপনি সেই পার্মিশন দিয়েছেন। এই আইন প্রচারিত আইন। ছয় সপ্তাহ এর ব্যতিক্রম হতে পারে, রহিতও হতে পারে। সেজন্য এই বিধান আপনি জানেন যে আমাদের কি দৃষ্টিভঙ্গী নিয়ে করা হচ্ছে। এই আইন হচ্ছে মূলতঃ উন্নয়নমূলক সেটা আপনি জানেন।

[4-30—4-40 p.m.]

আজকে পশ্চিমবঙ্গ সরকার যে দায়িত্ব নিয়েছেন তাতে একসঙ্গে দুটি শত্রুর সঙ্গে আমাদের সংগ্রাম

করতে হচ্ছে—একটা শত্রু দারিদ্র্য,আর একটা শত্রু হল আমাদের দেশের অনগ্রসরতা,এই দুটি শত্রুর সঙ্গে যুদ্ধ করতে গিয়ে আমাদের তরিঘড়ি অনেক সময় সংক্ষেপ করে উন্নয়নমূলক অনেক আইন এবং বিধি প্রণয়ন করতে হচ্ছে। তাই আমরা সারা বাংলার চার কোটি সাড়ে চার কোটি মানুষের সঙ্গে আমাদের বিধানসভার সমস্ত সদস্যদের সহযোগিতা কামনা করেছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরোজবাবু যে কথা উল্লেখ করলেন সেটা হচ্ছে যাদের তিন বিঘা জমি তাদের বেলায় কি করতে হবে, সে সম্পর্কে একটা ব্যতিক্রম রেখেছেন কি না। ল্যাণ্ড এ্যাকুইজিশন এ্যাক্ট, ১৯৬৩ এ্যাক্ট ৩০-এর যে এ্যামেণ্ডমেণ্ট তার প্রতি আমি মাননীয় সরোজবাবর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি ৩ বিঘার প্রশ্ন তুলেছেন। অধ্যক্ষ মহোদয়, জমিতে যে বর্গাদার আছে, যারা আংশিক সত্ত্বে চাষ করে তৎকালীন কংগ্রেস সরকার, যুক্ত ফ্রণ্ট নয়, তাঁরা এই বিধান করেন যে, মিনিমাম ইণ্টারেষ্ট যার আছে সেই লোকও ক্ষতিপূরণের অংশীদার হবে, সেই হিসাবে বর্গাদার ক্ষতিপূরণের অংশ পাবে। সুতরাং আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী কতখানি ন্যায় তার প্রমাণ দিবার প্রয়োজন নাই। ১৯৪৭ সালে এই ল্যাণ্ড এ্যাকুইজিশন আইন হয়, এই ল্যাণ্ড এ্যাকুইজিশনের এ্যামেণ্ডমেণ্টের ব্যাপারে ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টার শ্রীশ্যামাদাস ভট্টাচার্য্য বলেছিলেন to section 3 of the said Act, after the word "affecting", the words "who cultivates the land সুতরাং আজকে তিনি তিন বিঘার জন্য আতঙ্কিত হচ্ছেন, কংগ্রেস সরকার আতঙ্কিত হয়েছিল কেবল তিন বিঘার জন্য নয়, যদি জমিতে ভাগচাষী থাকে, বর্গাদার থাকে তারজন্যই আতঙ্কিত হয়েছিলেন। সেজন্য অধ্যক্ষ মহোদয়, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করতে চাই যে সরকারের দৃষ্টিভঙ্গী হচ্ছে মূলতঃ সমাজের দুঃস্থ এবং দুর্বল অংশের জন্য, আজকে সরকার তাই সকলের সঙ্গে হাত মিলিয়ে আমাদের প্রধান শত্রু অনগ্রসরতা দূর করার কর্তব্য পালন করতে চাই। আপনি স্যার, জানেন আমাদের একটা কিংবদন্তী প্রচলিত আছে। যুদ্ধের সময়ের মত আমরা দায়িত্ব নিয়েছি, মূলতঃ সেই সংগ্রাম আমাদের দারিদ্র্যের বিরুদ্ধে, অনগ্রসরতার বিরুদ্ধে, এই সংগ্রামের সময় ভারতীয় ইতিহাস আমাদের এই শিক্ষা দেয় যে যুদ্ধের সময় চলতে চলতে যদি কাঁটা ফুটে, সেই কাঁটা তোলার সময় নাই, চলতে চলতেই সেই কাঁটা আমাদের তুলতে হবে। আজকে পশ্চিম-বাংলার নূতন সরকার এই দৃষ্টিভঙ্গী নিয়ে সময় নষ্ট না করে, দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য, দেশের উন্নয়ন ত্বরান্বিত করার জন্য, অনগ্রসরতা দুরীকরণের জন্য দৃষ্টিভঙ্গী নিয়ে প্রগতিশীল ব্যবস্থা কায়েম করতে চলেছে। আজকে বিধানসভায় আপনি অনুমতি দিয়েছেন এই পর্য্যন্ত বক্তব্য রাখার জন্য, আইনের আলোচনা করবেন মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয়। অন্যান্য বন্ধুরা যে অভিযোগ করেছেন স্বাস্থ্যকেন্দ্রে জমি নাই ইত্যাদি, সে সম্পর্কে আমি শুধু বলতে চাই, আমি কিছুদিন স্বাস্থ্যমন্ত্রী ছিলাম, আমি দেখেছি বহু জায়গায় জমি নাই, খানিকটা বিড়ম্বনা, খানিকটা আপত্তি, ইঞ্জাংশন বাধাবিঘ্ন আছে, আমাদের দেশের সমস্ত মানুষকে একই ছাঁচে বা একই মনোভাবে আমরা আনতে পারব না। সুতরাং সকলের উন্নয়নের জন্য কিছু কায়েমী স্বার্থের লোকের আঘাত লাগে তারা প্রতিবন্ধকতা সৃষ্টি করে। আমি একথা বলি না যে আমাদের প্রশাসন দক্ষ এবং সবাই রাতারাতি পাল্টে গিয়েছে কিন্তু একটা মনোভাব একটা দৃষ্টিভঙ্গী এসেছে যে আমরা উন্নয়ন ত্বরান্বিত করব। আর ক্ষতিপূরণ সম্বন্ধে যাঁরা বললেন সে সম্বন্ধে আরি বলতে চাই যে, আজকে আমরা সংবিধান সংশোধনের জন্য রিজোলিউশন নিয়েছি, পার্লামেণ্টে যে আইন প্রণীত হয়েছে এবং এই হাউসে সংবিধানে ৫ তারিখে যে সংশোধন অনুমোদিত হয়েছে, সর্বসম্মতিক্রমে যে সিদ্ধান্ত আমরা নিয়েছি তাতে সংবিধানে ক্ষতিপূরণের প্রশ্ন একদম থাকবে না।

দি ওয়ার্ড "কমপেনসেসন" হ্যাজ বিন সাবসটিটিউটেড বাই দি ওয়ার্ড "এ্যামাউণ্ট"। সেই ক্ষতিপূরণের দৃষ্টিভঙ্গীতে আমরা দেখেছি গরীব মানুষ, দুঃস্থ মানুষ যাতে মারা না যায় সেদিকে

সরকার সর্বতোভাবে দৃষ্টি রেখেছেন। সরোজবাবু আমার প্রবীণ বন্ধু, আমি তাঁকে এটুকু নিবেদন করতে চাই যে এটা ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল নয়। যে জমি অধিগ্রহণ করা হয়েছে সেটা যদি ভাগচাষ হয় বা সেখানে যদি বর্গাদার থাকে তাহলেও বর্গাদারের ক্ষতিপূরণের অধিকার ১৯৬৩ সালের আইনে স্বীকৃত হয়েছে। কাজেই সেখানে আজকে ৩ বিঘা জমির জন্য আতঙ্কিত বা আশঙ্কা করবার কারণ নেই। আজকে এখানে সকলেই যে সহযোগিতার মনোভাব প্রকাশ করেছেন তারজন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Hon'ble Minister-in-charge of the Bill may please reply.

**শ্রীগুরুপদ খান :** মাননীয় স্পীকার মহাশয়, এখানে যে বিল উপস্থাপিত হয়েছে সে সম্বন্ধে মাননীয় সদস্যেরা যেসব কথা বললেন আমি তা অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে মনোযোগ দিয়ে শুনেছি। প্রায় সদস্যই যেটা বলেছেন তার মধ্যে দেখছি ক্ষতিপূরণের কথাই তাঁরা বেশী করে বলেছেন। এই ক্ষতিপূরণ সম্বন্ধে আমার শ্রদ্ধেয় ডাঃ জয়নাল আবেদিন মহাশয় কিছু বলেছেন। কাজেই সে সম্বন্ধে আমি আর পুনরাবৃত্তি করতে চাই না। একথা ঠিক যে, যে ক্ষতিপূরণ দিতে কোথাও কোথাও দেরী হয়। এটা বিভিন্ন কারণে হয় এবং আইনের বাধা থাকার জন্য এই দেরী হয়। আমরা চেষ্টা করছি যাতে এই ক্ষতিপূরণ তাড়াতাড়ি দেওয়া যায়। আমি একটা হিসেব নিয়েছিলাম এবং তাতে দেখলাম ঘরবাড়ী রয়েছে এমন যেগুলো আমরা গ্রহণ করছি সেগুলোর ক্ষেত্রে খুব তাড়াতাড়ি ফিফটি পারসেণ্ট দিয়ে দেওয়া হয়। আর একটা হিসেব দেখলাম কতগুলি জায়গাতে আমরা শতকরা ৮০ ভাগ ক্ষতিপূরণ দিয়ে দিয়েছি, যেখানে বাড়ীঘর গরীব লোকের রয়েছে। আমি আপনাদের এটুকু বলতে পারি ক্ষতিপূরণের ক্ষেত্রে আরও যাতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয় সেদিকে নিশ্চয়ই আমরা সজাগ দৃষ্টি দেব। ক্ষতিপূরণের জন্য কেন্দ্রীয় সরকার যে আইন করতে যাচ্ছেন শাসনতন্ত্র পরিবর্তন করে, নিশ্চয়ই সেই আইনের দ্বারা আমরা পরিচালিত হব এবং কেন্দ্রীয় সরকার যেভাবে নির্দেশ দেবেন সেইভাবে পরিচালিত হব। আমি একটা হিসেব দেখছিলাম কি কি হারে গত বছর আমরা ক্ষতিপূরণ দিয়েছি। এই এ্যক্টে যে জমি গ্রহণ করা হয়েছে তাতে দেখলাম ১৯৬৯-৭০ সালে ৩ কোটি ২০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিয়েছি, ১৯৭০-৭১ সালে ২ কোটি ১০ লক্ষ টাকা এবং ১৯৭১-৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত প্রায় ১ কোটি ৬৫ লক্ষ টাকা আমরা ক্ষতিপূরণ দিয়েছি। কাজেই মাননীয় সদস্যদের এটুকু অন্তত বলতে পারি এই দিকে আমাদের সজাগ দৃষ্টি রয়েছে। মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস এবং সরোজ রায় ধনী এবং গরীবের ক্ষেত্রে পৃথক পৃথক ভাবে ক্ষতিপূরণের কথা বলেছেন। আইনের চোখে সকলেই সমান এবং ক্ষতিপূরণ আইনসঙ্গতভাবেই নির্ধারণ করতে হয়। কাজেই ওখানে এই ধরনের পার্থক্য রাখা সম্ভব হবে না। আমাদের এখানে অশ্বিনী রায় এবং আবদুল বারি বিশ্বাস কিছু কথা বলেছেন এবং বিশেষ করে অশ্বিনী রায় মহাশয় বলেছেন যে, আমাদের যে ফাইনানসিয়াল মেমোরেণ্ডাম রয়েছে তাতে আমাদের হতাশাব্যঞ্জক একটা কিছু বেরিয়ে পড়েছে। তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই ডেভেলপমেণ্ট হচ্ছে একটা কণ্টিনিউয়াস প্রসেস্। কখন আমাদের কি জমি লাগবে, কত জমি লাগবে সেটা অনেক আগে থেকে বলা সম্ভব হয় না।

[ 4-40—4.50 ]

যতই পরিকল্পনা আমরা শক্তভাবে করি না কেন এমন পরিস্থিতির উদয় হয় যখন কিছু কিছু পরিবর্তন করার দরকার আছে। তাছাড়া বিভিন্ন বিভাগ আমাদের যেরকম যেরকম ভূমি গ্রহণ করতে বলেন, তারা আমাদের এই দেশের বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য ঠিক সেইরকমভাবে আমরা জমি গ্রহণ করে উন্নয়নমূলক কাজকে তরান্বিত করার জন্য আমাদের দপ্তর সবসময় সচেষ্ট হয়ে

রয়েছে। আমাদের শ্রদ্ধেয় একজন সদস্য সত্যরঞ্জন বাপুলী মহাশয় এটাকে তো সমর্থন করেছেনই তাছাড়াও এটার মেয়াদ বাড়াবার জন্য বলেছেন। আমাদের ১৯৪৭ সালে এইরকম ধরনের একটা প্রস্তাব এসেছিল যে ১০ বছরের জন্য এটাকে বাড়ানো যায়। কিন্তু সেই সময় এইখানে আমাদের যে লেজিসলেটিভ ডিপার্টমেণ্ট তারা বলেছিলেন যে না এটাকে এখন পাঁচ বছর রাখা হোক। এরপরে আরো নিশ্চয়ই বাড়ানো দরকার হবে। কাজ তো শেষ হয়ে যাবে না যত বেশী উন্নয়নমূলক কাজের জন্য আমরা এগিয়ে যাব তত বেশী আমাদের জমি গ্রহণ করার প্রয়োজন হবে। এবং এই আইনকে ততই আমাদের বর্ধিত করে নিয়ে যেতে হবে। আমাদের কাশীনাথ মিশ্র মহাশয় বাড়ীর ক্ষতিপুরণ সম্বন্ধে বললেন। আমি আগেও বলেছিলাম এবং একটা হিসাব নিয়ে দেখলাম যে বাড়ীর ক্ষতিপুরণের ক্ষেত্রে প্রায় কোন কোন জায়গাতে শতকরা ৮০ ভাগ পর্যন্ত টাকা দিয়ে দিয়েছে। যদি কোথাও দুর্নীতি থেকে থাকে নিশ্চয়ই আমাদের যাঁরা মাননীয় সদস্য রয়েছেন তাঁদের সহযোগিতা চাইছি যাতে করে দুর্নীতি দূর হয়ে একটা পরিস্কার পরিচ্ছন্ন প্রশাসন আমাদের দেশে এসে আমাদের উন্নয়ন অব্যাহত গতিতে চলতে দিতে পারে, সেইজন্য সকলের সহযোগিতা কামনা করছি। পরিশেষে আপনারা এই বিলকে স্পিরিটের সঙ্গে যে সমর্থন করেছেন তারজন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2, 3 and the Preamble.**

The question that the clauses 1, 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

**শ্রীসরোজ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, থার্ড রিডিং-এ মন্ত্রিমহাশয় একটু বলার সুযোগ করে দিলেন। যে কথা বলতে চেয়েছিলাম সেটা উনি বুঝতে পারেন নি দুঃখটা এখানে, কারণ, উনি শেষ করলেন আমার সম্পর্কে বলে যে তিন বিঘা পর্যন্ত জমির কমপেনসেসন পাওয়ায় ব্যাপারে আতঙ্কিত হবার কিছু নেই। আমার বক্তৃতার ভিতর আতঙ্কের কিছু কথা ছিল না। প্রশ্নটা ছিল, যে কাজ আমরা করতে যাচ্ছি সেখানে আমরা যা ক্ষতিপূরণ দেব সেদিক থেকে নূতন আউট-লুক থাকা দরকার। এটা আতঙ্কের কোন প্রশ্ন নয়। উনি হালকাভাবে জিনিষটা দেখছেন। কারণ আমি একটা উদাহরণ দিচ্ছি।

এইমাত্র মন্ত্রিমহাশয় বললেন যেসমস্ত বাড়ী তাঁরা নিয়েছেন, তার বেশীরভাগ ক্ষতিপুরণেয় টাকা দিয়ে দেওয়া হয়েছে, খুব সত্যি কথা। তবে উদাহরণ হিসাবে বলতে পারি নাড়াজোলের রাজাদের একটা বাড়ী মেদিনীপুরে, সরকার নিয়ে নিলেন। সেখানে কলেজ হলো। সেই বাড়ীর জন্য কোন কোন Officer maximum দাম ঠিক করে দিয়েছিলেন ১৫ হাজার টাকার মত। কিন্তু গভর্ণমেণ্ট থেকে দেওয়া হলো দেড় লক্ষ টাকার উপর। খুব তাড়াতাড়ি করে তাদের সেই ক্ষতিপুরণের টাকা সরকার পরিশোধ করে দিলেন। আমরা জানি বড়লোক বা পুরানো রাজ-রাজড়াদের ঘরবাড়ী যখনই নেওয়া হয়েছে, নানারকম জাতীয় উন্নতির কাজের জন্য, তাদের সেই

compensation-এর টাকা পেতে তিন দিনও দেরী হয় নাই। খুব তাড়াতাড়ি করে দিয়ে দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হলো গ্রামে একটা খাল কাটা হলো তাতে গরীব মানুষের জমি পড়লো, কিন্তু বুরোক্রেসির এমনিই ব্যবস্থা যে তার সামান্য সেই ক্ষতিপুরণের টাকা আদায়ের জন্য ঘুরতে ঘুরতে বহু দিন চলে যায়, নানাভাবে হয়রানি ও ক্ষতিগ্রস্ত হয়। আমার প্রশ্ন ছিল ওখানে, একটা outlook-এর প্রশ্ন আতঙ্কের কোন কথা নয়। মন্ত্রিমহাশয় যেটা বললেন সত্যি কথা, বাড়ী যা নেওয়া হয়েছে তার ক্ষতিপুরণের টাকা তাড়াতাড়ি দিয়ে দেওয়া হয়েছে। জয়নাল আবেদিন সাহেব জানেন কি না জানি না, আমার বেশ স্পষ্ট মনে আছে নাড়াজোলের রাজার বাড়ী নিয়ে নেবার জন্য কেন অত বেশী টাকা দেওয়া হয়েছিল এই নিয়ে হাউসে খুব গরম সমালোচনা হয়েছিল। ২৪-পরগণার জনৈক জমিদারের ভাঙ্গা বাড়ী নিয়ে নেওয়ার ব্যাপারেও সমালোচনা হয়েছিল। এইসব কারণেই জনতা কংগ্রেসকে ক্ষমতা থেকে দূরে সরিয়ে দিয়েছিল। এটা একটু জয়নাল বাবুকে স্মরণ করিয়ে দিতে চেয়েছিলাম মাত্র, আর কিছু নয়, আতঙ্ক নয় একটা পরিবর্তিত অবস্থার, একটা পরিবর্তিত outlook নিয়ে চলার দরকার আছে বৈকি।

**Mr. Speaker :** The Hon'ble Minister may please reply.

**শ্রীগুরুপদ খান :** স্যার, মাননীয় সদস্য সরোজ রায় মহাশয় যা বললেন তা আমি খুব মনোযোগের সঙ্গে শুনলাম। আতঙ্কের কথা যেটা আমাদের মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন সম্বন্ধে তিনি বললেন, আমি বলবো তাঁকে নিয়ে কারো কিছু আতঙ্কিত হবার কারণ নাই। না- জয়নাল সাহেবের, না সরোজবাবুর। আজকে যে উদ্দেশ্য নিয়ে মিলিত হয়ে আমরা এগিয়ে চলেছি পশ্চিমবাংলার লোক গঙ্গার জলধারার মত আশীর্বাদ আমাদের উপর ঢেলে দিয়েছে, আমরা নিশ্চয়ই সমস্ত বাধাবিঘ্ন অতি সহজে অতিক্রম করে এগিয়ে যেতে পারবো।

জয়নালবাবু বলতে চেয়েছিলেন ৩ বিঘা জমির মালিকের কোন কথা নয়—যারা বর্গাদার কোর্ফা প্রজা—যাদের আগে জমির উপর কোন স্বত্ব থাকতো না,আমাদের কংগ্রেস সরকার কর্তৃক তাদের সেই স্বত্ব স্বীকার করে নিয়ে নেওয়া হচ্ছে। তাদের ক্ষতিপূরণ পাবার ন্যায্য অধিকার আছে। কাজেই খুব গরীব যারা তাদের জন্যও আমরা চিন্তা করছি। আমরা যখন সবাই একযোগে এগিয়ে চলেছি তখন কারো আতঙ্কিত হবার কারণ নাই। ক্ষতিপূরণ সম্বন্ধে আগেই বলা হয়েছে কেন্দ্রীয় সরকার এই ক্ষতিপূরণ ব্যাপারে শাসনতন্ত্র পরিবর্তন করে যা আমাদের নিদেশ দিবেন, নিশ্চয়ই আমরা সেইভাবে পরিচালিত হবো।

আর ঐ নাড়াজোল রাজবাড়ীর কথা যা বললেন তিনি, সেটা অন্য ব্যাপার। আজকে যে আইনের সংশোধন এখানে নিয়ে এসেছি, এর দ্বারা ঐ বড় বড় বাড়ী গ্রহণ করা হয় নাই। আমরা যে জমি গ্রহণ করি এই আইনের দ্বারা তা হয়ত কোথাও কিছুটা জমি বা কিছু ঘরবাড়ী পড়ে যেতে পারে। অত বড় বড় বাড়ী আমরা এই আইনের দ্বারা গ্রহণ করি না। সরোজবাবু যদি দেখতে চান—কোন্ আইনে কি করা হয়েছে না হয়েছে, একবার আমার কাছে এলে সমস্ত দেখিয়ে বুঝিয়ে দিতে পারি।

আমি সকলকে ধন্যবাদ দিচ্ছি এবং এই আইন যাতে বিধিবদ্ধ হয়--সেইজন্য সকলে সমর্থন জানিয়েছেন। তারজন্য আবার সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[ 4-50—4-56 p.m. ]**

**The motion of Shri Gurpada Knan that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed, was then put and agreed to.**

## Statement under rule 346 on Displaced Hawkers

**Mr. Speaker:** I now call upon Shri Subrata Mukhopadhaya to make a statement.

**শ্রীসুব্রত মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি সরকারকে একটি মৌল সমস্যার মোকাবিলা করতে হয়েছে। কলকাতা মহানগরীর রাস্তাঘাট ও ফুটপাত কি দোকান, স্টল বা বাজার এ সবের জন্য ব্যবহার করা হবে, না কি যেজন্য রাস্তা ঘাট তৈরী করা হয়েছিল সেই উদেশ্যে ব্যবহৃত হবে? সরকারকে এক অতি কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে হয় কেন না দীর্ঘকালের দীর্ঘসূত্রতার দরুন মহানগরীর এমন কি গুরুত্বপূর্ণ ও কর্ম ব্যস্ত, ফুটপাত ও রাস্তা ধারের এলাকাও বহু হকারের দখলে চলে যায়। এর ফলে এর সব রাস্তা দিয়ে চলাচল করা জনসাধারণের পক্ষে খুবই অসুবিধাজনক হয়ে দাঁড়ায়।

সেজন্যে সরকার এই ব্যপারে গভীরভাবে বিবেচনা করে এই সিদ্ধান্তে উপনীত হন যে নীতিগত-ভাবে কোনরকম স্টল বা দোকান মহানগরীর ফুটপাতে রাস্তার ধারে বা রাস্তাঘাটে থাকতে দেওয়া হবে না। অবশ্য সেই সঙ্গে সরকার এ বিষয়েও সম্পূর্ণ সচেতন যে ফুটপাতে বা রাস্তাঘাটে যেসব হকার জিনিসপত্র বিক্রি করছিলেন, এর ফলে তাঁদের গুরুতর আর্থিক সমস্যায় পড়তে হবে। সেইজন্য একদিকে মহানগরীর কিছু কিছু অংশের যেমন, চৌরঙ্গি, শিয়ালদহ, ব্রাবোর্ন রোড, হাওড়া অ্যাপ্রোচ ব্রিজ, গড়িয়াহাট, রাসবিহারী এভিন্যু মোড়, যদুবাবুর বাজার এবং বড়বাজারের কিছু অংশ ফুটপাতে ও রাস্তাঘাটে জবরদখল উচ্ছেদের অভিযান চালানোর সঙ্গে সঙ্গে প্রকৃত উদ্বাস্তু হকারদের পুনর্বাসনের জন্য বিকল্প ব্যবস্থার কথাও সরকার বিবেচনা করছেন।

সরকার এখন স্থির করেছেন যে বাস্তুচ্যুত হকারদের জন্য বিকল্প বন্দোবস্ত করা হবে। এই কাজের জন্য সরকার রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলিকে এবং অন্যান্য আর্থিক সংস্থাকে বাস্তুচ্যুত হকারদের ঋণ দান করার জন্য অনুরোধ জানাবেন।

ফুটপাতে এবং রাস্তাঘাটে জবরদখলকারী হকারদের সরকার দ্রুত সমীক্ষা করে শ্রেণীভুক্ত করেছেন। এই সমীক্ষায় দেখা গেছে যে মোটামুটিভাবে চার শ্রেণীর হকার রয়েছেন—

(ক) ব্যবসায়ীদের এজেন্ট রূপে যাঁরা কাজ করেন এবং অশ্লীল বই ও ছবিসমেত চোরা চালানের মাল বিক্রি করেন;

(খ) প্রতিষ্ঠিত দোকানের এজেন্টরূপে যাঁরা কাজ করেন এবং ফুটপাত ও রাস্তাঘাট দখল করে ঐ সব দোকানের মাল পত্র বিক্রি করেন, তাঁরা সরকারের প্রাপ্য বিক্রয় কর দেন না, ফলে আমাদের রাজস্বের ক্ষতি হয় এবং পরিশেষে যা পশ্চিমবঙ্গবাসীর স্বার্থেরই পরিপন্থী হয়ে দাঁড়ায়;

(গ) সুখের পায়রার মত যাঁরা কখনো কলকাতায়,কখনো বাংলার বাইরে থাকেন এবং দরিদ্র ও সৎ দোকানদারদের চেয়ে সস্তায় মাল বিক্রি করে চটপট মুনাফা লুটতে চান; এবং

(ঘ) প্রকৃতই যাঁরা হকার এবং জীবিকা নির্বাহের জন্যই যাঁরা মালপত্র বিক্রি করেন। এঁরা যে মাল বিক্রি করেন তা বিক্রয় কর আইনের আওতায় পড়ে না।

সরকারের অভিমত হল যে উক্ত মোটামুটি চার শ্রেণীর হকারদের মধ্যে প্রথম তিন শ্রেণীর হকারদের পুনর্বাসনের প্রশ্ন ওঠে না। তবে শেষোক্ত শ্রেণীর হকারদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। সেজন্য সরকার ঐ সব প্রকৃত হকারদের—যাঁরা ইতিমধ্যে বাস্তুচ্যুত হয়েছেন বা ভবিষ্যতে

হতে পারেন—পুনর্বাসনের জন্য সর্বপ্রকার চেষ্টা চালাতে মনস্থ করেছেন। কলিকাতা করপোরেশনকে উপযুক্ত জায়গা খুঁজে বার করতে বলা হয়েছে এবং পনেরো দিনের মধ্যে 'হকার্স কর্নার' স্থাপনের একটি পরিকল্পনা রচনা করতে বলা হয়েছে যেখানে প্রকৃত হকারদের যাঁরা বাস্তুচ্যুত হয়েছেন বা হবেন -পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। এই বিষয়টি রচনাকালে করপোরেশনও দেখবেন যে এসব বাস্তুচ্যুত হকারদের জন্য মিউনিসিপ্যাল মার্কেটগুলিতে যথোপযুক্ত স্থানের বন্দোবস্ত করা যায় কি না। মহানগরীর ব্যক্তিগত বাজারের মালিকদেরও ঐরূপ অনুরোধ করা হচ্ছে। এক পক্ষ কালের মধ্যে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশর আরও একটি বিবৃত দিয়ে ঐসব বাস্তুচ্যুত হকারদের পুনর্বাসনের জন্য কি কি কাগজেকলমে ব্যবস্থা গ্রহণ করা হ'ল জানাবেন।

পরিশেষে, জানাতে চাই যে জবরদখল উচ্ছেদের প্রথম পর্ব শেষ হয়েছে এবং দ্বিতীয় পর্ব শীঘ্রই শুরু হবে। এ বিষয়ে পূর্বাহ্নে বিজ্ঞাপিত করা হবে। সরকার রাস্তাঘাট এবং ফুটপাতে হকারদের জবরদখল বন্ধ করতে কৃতসংকল্প এবং রাস্তাঘাট ও ফুটপাত যে উদ্দেশ্যে নির্মিত হয়েছে সেজন্যই উন্মুক্ত রাখা হবে।

**Mr. Speaker :** On Tuesday, the 11th April, 1972, The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972, will be taken up and thereafter, if time permits, The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972, will be taken up.

## Adjournment

The House was then adjourned at 4·56 p.m. till 1 p.m on Tuesday, the 11th April, 1972 in the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 11th April, 1972, at 1 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 9 Ministers, 1 Minister who is not member of the Assembly, 5 Ministers of State, 2 Deputy Ministers and 163 Members

[ 1-00—1-10 p.m. ]

### OATH OR AFFIRMATION

**Mr. Speaker** : Honourable Members, if any one has not yet made an oath or affirmation of allegiance, he may kindly do so.

( There was none to take oath )

### STARRED QUESTIONS

**(to which answers were given)**

### ক্যাম্পে পুনর্বাসনযোগ্য পরিবার

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রীনিতাইপদ সরকার** : উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বিভিন্ন ক্যাম্পে পুনর্বাসনযোগ্য পরিবারেরসংখ্যা কত; এবং

(খ) উক্ত পরিবারগুলির পুনর্বাসনের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীসন্তোষ কুমার রায়** :

(ক) ৩ হাজার ১শত ৭০টি পরিবার সদনে ( Home-এ ) আছে।

(খ) আগামী ১৯৭৩-৭৪ সালের মধ্যে উক্ত পরিবারগুলিকে তাহাদের স্বনির্বাচিত অথবা সরকার-অধিগৃহীত বাস্তুজমিতে আনুমানিক ৩ কোটি টাকা ব্যয়ে পুনর্বাসন দেওয়ার চেষ্টা চলিতেছে।

**শ্রীসরোজ রায়** : মাননীয় মন্ত্রিমহাশয়, পূর্বে যে সমস্ত পুনর্বাসন দেওয়া হয়েছিল এবং কৃষিযোগ্য জমি দেওয়া হয়েছিল আজ প্রায় ১০।১২ বছর হয়ে গেল তাদের জমির পত্তন দেওয়া হয় নি অর্থাৎ record of right দেওয়া হয় নি। এইসমস্ত জমি তাদের ভাগ কার দেওয়া হয়েছে এবং তারা ভোগ করছে কিন্তু তাদের record of right না দেবার ফলে তাদের অধিকার থাকছেনা সেই জমিতে। তারা সার পাচ্ছে না, লোন পাচ্ছে না, এদের ব্যবস্থা কি হবে ?

**শ্রীসন্তোষ কুমার রায়** : আপনি কি এটা coup এর উদ্বাস্তুদের বিষয় না সাধারণ উদ্বাস্তুদের বিষয় বলছেন ?

**শ্রীসরোজ রায়** : যে সমস্ত উদ্বাস্তুদের already পুনর্বাসন দিয়েছেন, জমি দিয়েছেন তাদের সেই জমির record of right দেননি, সে ব্যাপারে জানতে চাইছি।

**শ্রীসন্তোষ কুমার রায়** : প্রশ্নটা coup সংক্রান্ত। আপনাকে আমি মোটামুটিভাবে বলছি, আমরা সমস্ত জিনিষ পর্যালোচনা করছি উদ্বাস্তু যারা homestead land এ যারা আছে তাদের একটা স্বত্ব কি ভাবে দেওয়া যায় এ ব্যাপারে এর আগের দিনও আমি বলেছি।

**শ্রীসরোজ রায়ঃ** আমার কথা হচ্ছে, গতবার অলোচনা হয়েছিল সেটা জবরদখল কলোনি যাতে ওরা homestead land-এ বসে আছে সেগুলিতে তাদের record of right দেওয়া হবে কি না? কিন্তু কৃষি জমি যাঁদের দিয়েছেন সেগুলিতে তাঁদের record of right দেওয়া হয়নি তার ব্যবস্থা হবে কি না?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** আপনি স্বাভাবিকভাবে জানেন, যে যেখানে পুনর্বাসন সরকারী জমিতে করা হয়েছিল, তাদের সরকারী অর্থ যদি দেওয়া হয়ে থাকে তার against-এ খাস জমি পত্তন নেবার ব্যবস্থা সেই অনুযায়ী হবে। সুতরাং ঐ সম্বন্ধে কৃষিজমির উপর যে স্বত্ব সেটা আমি ঠিক বলতে পারবো না সেটা Revenue Department-এর ব্যাপার। আমি যা আগেও বলেছি সেটা হচ্ছে বাস্তু জমির স্বত্ব। আজকের প্রশ্ন হচ্ছে coup refugee সম্বন্ধে, এটা অন্য Catagory.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে ১৯৭৩।৭৪ সালের আপনি বলেছেন যে ৩কোটি টাকা ব্যয় করে এই ৩হাজার ১শত ৭০ জনের পুনর্বাসন করবেন, তাহলে এর একটা প্রকল্প আছে যে, industryআছে বা industry করে তার মাধ্যমে কতগুলি বা কৃষিকাজ দিয়ে কতগুলি এই ধরনের কোন প্রকল্প হয়েছে কিনা সেটা বিস্তারিত বলবেন?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** যে পরিকল্পনা আছে তাতে দেখতে পাচ্ছি প্রতিটি উদ্বাস্তু পরিবারকে সাধারণভাবে মোট ৯হাজার ১০০ টাকা পুনর্বাসনের জন্য ঋণ হিসাবে সাহায্য নিম্নোক্তভাবে দেওয়া হইয়া থাকে। বস্তি জমির জন্য ২১০০ টাকা, গৃহনির্মাণ ঋণের জন্য ২হাজার টাকা, ব্যসার জন্য ৫হাজার টাকা এই মোট ৯হাজার ১০০ টাকা ঋণের ব্যবস্থা পরিকল্পনার মধ্যে করা হয়েছে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** তাহলে এখন পর্যন্ত আপনারা ক্ল্যাসিফিকেসন করতে পারেন নি যে এতগুলি লোককে আমরা ইনডাষ্ট্রীর মধ্যে এ্যাবজব করবো এবং তাদের জন্য এই এই ইণ্ডাষ্ট্রী করবো?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এখানে ইনডাষ্ট্রি করা জিনিসটা না—ব্যাপারটা হচ্ছে আপনারা নিশ্চয়ই দেখেছেন আমাদের ক্যাম্পে যেসমস্ত উদ্বাস্তু আছে এবং তাদের মধ্যে যারা পুনর্বাসন পাবার যোগ্য তাদেরই এই পরিমাণ টাকা দেবার ব্যবস্থা হচ্ছে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই ৩হাজার ১৭০ জন লোকের মধ্যে কতগুলি লোকের চাষ করবার যোগ্যতা আছে, কতগুলি লোকের শিল্প করবার যোগ্যতা আছে এইরকম কোন তথ্য আপনারা বের করেন নি?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** সমস্ত জিনিষটা কার্যকরী করার বিষয় সম্বন্ধে আলোচনা হয়েছে এবং একটা স্ক্রিনিং কমিটি হয়েছে। এইসমস্ত উদ্বাস্তু পরিবারের মধ্যে যাঁদের পুনর্বাসন দেবার উপযুক্ত মনে হবে তাঁদের পুনর্বাসন দেবার জন্য একটা পরিকল্পনা করেছেন।

**শ্রীনরেশচন্দ্র চাকীঃ** এইসব উদ্বাস্তুদের পুনবাসনের জন্য যে লোনটা দেবার কথা আপনি বললেন, অতীতে আমরা দেখেছি এই লোনটা যে সময় দেবার কথা ছিল সেইসময় না দিয়ে কয়েক বছর ধরে দেওয়া হয়েছে এবং যারজন্য এইসমস্ত পরিকল্পনা বানচাল হয়ে গেছে। মন্ত্রিমহাশয় কি বলবেন এই টাকাগুলি কিভাবে দেওয়া হবে?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এইসমস্ত ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য জমি এ্যাকোয়ারি

করার বিলম্ব ঘটায় আপনি যে কথাটা বললেন সেটা কিছুটা — যে যত তাড়াতাড়ি করার কথা সেটা করা যায় নি। তবে এখন এ সম্বন্ধে একটা ব্যবস্থা করে নিতে পেরেছি এবং যত তাড়াতাড়ি পারা যায় সেটা কার্য্যকরী করা হচ্ছে।

**শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ কতকগুলি ক্যাম্পে উদ্বাস্তুরা অমানুষের মত জীবন-যাপন করছে সেখান থেকে তাদের অন্য জায়গায় পুনর্বাসন দেবেন এটা আমরা বুঝলাম। কিন্তু সেই জায়গায় উন্নয়নের জন্য এবং তাদের সত্যিকারের অর্থ নৈতিক পুনর্বাসনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** আমি তো আগেই বললাম যে তাদের পুনর্বাসনের জন্য কতকগুলি ক্ষেত্রে আমরা আর্থিক সাহায্য দিচ্ছি। আমি দেখতে পাচ্ছি এর বাহিরে আর কোন পরিকল্পনা ছিল না।

**শ্রীনরেশচন্দ্র চাকীঃ** রাস্তা-ঘাট, অর্থনৈতিক উন্নয়ন, জলসরবরাহ ইত্যাদি ব্যাপারে কোন পরিকল্পনা নেই। আমি কতকগুলি লোককে ২হাজার টাকা জমির জন্য, ৫হাজার টাকা ব্যবসা করবার জন্য দিলাম। কিন্তু সে যেথানে থাকবে সেখানকার রাস্তাঘাট, জলসবরাহ এবং মানুষের মত জীবন-যাপন করতে গেলে যেসব জিনিসের প্রয়োজন সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কোন পরিকল্পনার কথা বিবেচনা করছেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** আমি আগেই তো বললাম এটা কলোনী নয়। এখানে যেটা এসেছে সে সম্বন্ধে বলছি যে এই এই বাবদে এইসব করা হবে। আপনারা যদি বুঝতে পারেন যে সরকারী এ্যাকোয়ার করা জমিতে তাদের বসানো দরকার তাহলে নিশ্চয়ই সরকার এ সম্বন্ধে বিবেচনা করবেন।

**শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ** ইতিপূর্বে আমরা দেখেছি বিভিন্ন উদ্বাস্তু মেদিনীপুরে থাকাকালীন একবার, বর্ধমানে থাকাকালীন একবার এবং নর্থবেঙ্গলে থাকাকালীন আর একবার এইভাবে বিভিন্ন ঠিকানা দিয়ে সরকারের কাছ থেকে অর্থনৈতিক পুনর্বাসনের জন্য টাকা নিয়েছেন। অথচ সরকার সেইসমস্ত টাকার হদিশ করতে পারেন নি। কিন্তু এমন অনেক উদ্বাস্তু রয়েছেন, যাদের পুনর্বাসনের জন্য এখনই টাকা পয়সা দেবার প্রয়োজন। কাজেই ঐ সমস্ত টাকা পয়সা উদ্ধার করে এইসমস্ত উদ্বাস্তুদের দেবার ব্যবস্থা করার কথা কি মন্ত্রিমহাশয় চিন্তা করে দেখছেন ?

**মিঃ স্পীকারঃ** দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

## মেদিনীপুর জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮) **শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর জন্য ১৯৭১-৭২ সালে মহকুমাওয়ারী কতগুলি দরখাস্ত পাওয়া গিয়াছে ;

(খ) ঐ জেলার জন্য মোট কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হইবে ;

(গ) যে বিদ্যালয়গুলিকে মঞ্জুরী দেওয়া হইবে তাহার নির্বাচনের কার্য শেষ হইয়াছে কিনা; এবং

(ঘ) ঐ নির্বাচনের জন্য কোন কমিটি আছে কিনা এবং থাকিলে উহার সদস্যগণের নাম কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ**

**দরখাস্তের সংখ্যা**

| | | গ্রাম | শহর |
|---|---|---|---|
| (ক) | কাঁথি | ২৩৪ | ১ |
| | তমলুক | ১৯৯ | ১ |
| | ঝাড়গ্রাম | ৩২৭ | — |
| | সদর (উঃ+দঃ) | ৫২০ | ২৬ |
| | ঘাটাল | ১১২ | ৯ |
| | | ১৩৮৪ | ৩৭ |

(খ) এ জেলায় মোট গ্রামাঞ্চলে ৮৫টি এবং শহরাঞ্চলে ৬৫টি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর ব্যবস্থা হইয়াছে।

(গ) শহরাঞ্চলের ক্ষেত্রে নির্বাচনের কার্য্য আংশিকভাবে শেষ হইয়াছে এবং গ্রামাঞ্চলের ক্ষেত্রে ইহা শেষ হয় নাই।

(ঘ) গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলির নির্বাচন বিষয়ে জেলা পরিদর্শক মহাশয় জেলা স্কুল বোর্ডের উপদেষ্টা সমিতির সুপারিশসহ সরকারী অনুমোদনের জন্য বিদ্যালয়ের তালিকা প্রেরণ করেন। সম্প্রতি উপদেষ্টা সমিতি নূতন করিয়া পুনর্গঠনের আদেশ দেওয়া হইয়াছে। উহাতে নিম্নলিখিত সদস্যগণ থাকিবেন—

১। জেলা সমাহর্তা--সভাপতি পদাধিকারবলে,

২। সকল মহকুমা শাসক অতিরিক্ত মহকুমা শাসকসহ—সদস্য পদাধিকারবলে,

৩। জেলার উপজাতি কল্যাণ দপ্তরের স্পেশাল অফিসার—সদস্য পদাধিকারবলে,

৪। অল বেঙ্গল টিচার্স এসোসিয়েশানের জেলা সম্পাদক—সদস্য,

৫। পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির জেলা সম্পাদক—সদস্য,

৬। নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির জেলাশাখার সভাপতি ও সম্পাদক—সদস্যগণ,

৭। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির জেলাশাখার সভাপতি ও সম্পাদক—সদস্যগণ,

৮। পশ্চিমবঙ্গ প্রধান শিক্ষক সমিতির দুই জন প্রতিনিধি যাঁহাদের একজন মহিলা—সদস্যগণ,

৯। সরকার মনোনীত অনধিক ছয় জন বিধানসভার সদস্য—সদস্যগণ,

১০। জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষক)—সেক্রেটারী পদাধিকারবলে।

[1-10—1-20 p.m.]

**শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্তরে জানতে পারলাম যে ১৪শোর কিছু বেশী দরখাস্ত পাওয়া গিয়েছে এবং মঞ্জুরী দেবেন ১৫০টি—৮৫টি এবং ৬৫টি মাত্র। বাকি বিদ্যালয়গুলি কি অবস্থায় রাখা হবে অর্থাৎ সেগুলি চলবে, না সরকার একটা বাছাই করার ব্যবস্থা রাখবেন যে সত্যিকারের প্রয়োজন কোনগুলির সে সম্বন্ধে কোন নীতি ঠিক করা হয়েছে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ আমরা শীঘ্রই মোটামুটিভাবে এই লাইনে অনুসন্ধান এবং সমীক্ষার ব্যবস্থা করছি যে, কোন অঞ্চলে প্রয়োজনের চেয়ে বেশী বিদ্যালয় স্থাপিত হয়েছে এবং কোন কোন অঞ্চলে বিদ্যালয়ের যথেষ্ট প্রয়োজনীয়তা আছে অথচ সেটা স্থাপন করার কোনরকম চেষ্টা হয়নি।

**শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ সেই অনুসন্ধানের কাজ কারা চালাবেন সার্ভে কমিটির একটা রিপোর্ট এমন দিয়েছেন যাতে স্কুলের আর প্রয়োজন নেই বলে কাঁথা মহকুমায় বলে দিয়েছেন কিন্তু অনেক জায়গায় যে প্রয়োজন রয়েছে সেটা সকলেই বুঝতে পারেন। সুতরাং অনুসন্ধান কমিটি কাদের নিয়ে করবেন সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ ঠিক কাদের নিয়ে করা হবে সেটা এখনও স্থির হয় নি। তবে যতদূর সম্ভব কিছু কিছু সরকারী কর্মচারী এবং তার চেয়ে বেশী বে-সরকারী ব্যক্তি—জনপ্রতিনিধি, স্থানীয় শিক্ষক, শিক্ষানুরাগী প্রভৃতিদের নিয়ে কমিটি করা হবে।

**শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় আর একটি প্রশ্নের উত্তর জানালেন যে শহরাঞ্চলে যে ৩৭টি দরখাস্ত পেয়েছেন কিন্তু মঞ্জুরি দিচ্ছেন ৬৫টি। এরকম দরখাস্ত না পাওয়া সত্ত্বেও ৬৫টিকে মঞ্জুরি দেওয়া হচ্ছে এর কি ব্যবস্থা করা হবে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ মাননীয় সদস্য মহাশয়কে জানাচ্ছি দরখাস্ত পাওয়ার বছরটা ওখানে দেখানো আছে। কিন্তু মঞ্জুরি দেওয়া হয়েছে যেসব বিদ্যালয়কে সেগুলি যে ঠিক আগের বছরের দরখাস্ত অনুযায়ী সেরকম কথা তো বলা নেই, তার আগের, আগের, আগের বছরও তো হতে পারে।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় এবছরে যাঁদের জেলা স্কুল বোর্ডে প্রতিনিধিত্ব করার কথা বলেছেন তাঁদের মধ্যে প্রাথমিক শিক্ষককল্যান সমিতির নাম ঘোষণা করেন নি। গতবারে এই প্রাথমিক শিক্ষককল্যান সমিতির জেলা স্কুল বোর্ডে প্রতিনিধিত্ব ছিল। অবিলম্বে সেই প্রাথমিক শিক্ষককল্যান সমিতির নাম ঘোষণার সম্ভাবনা আছে কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ নিশ্চয়ই সেই সম্ভাবনা আছে, শীঘ্র ঘোষণা করা হবে।

**শ্রীসরোজ রায়**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে ইতিপূর্বে যে সমস্ত প্রাইমারী স্কুলগুলি হয়েছিল সেগুলি প্রধানত ওয়েল টু ডু এরিয়ায় হয়েছিল। কিছুদিন থেকে ট্রাইবাল এণ্ড সিডিউল কাস্ট যে সমস্ত গ্রাম আছে তারা নিজেরা ইনিসিয়েটিভ নিয়ে বাড়ীঘর করেছে এবং ১৯৬৭, ১৯৬৯ সাল থেকে তারা নিজেদের খরচায় সেগুলি পরিচালনা করছে। তারা যে সমস্ত এ্যাপলিকেশান করেছে সেটা কোটার ভেতর না পড়লেও সরকার যে নীতি গ্রহণ করেছেন, স্পেশালি গর্ভণর স্পীচের মধ্যে যেটা আমরা পেয়েছি যে সিডিউল কাস্ট এবং ট্রাইবসদের দিকে নজর দিতে হবে, সেদিক থেকে কোটা ছাড়িয়ে সেই সব স্কুলগুলিকে রেকগনাইজ করবেন কি না?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ নিশ্চয়ই যেখানে প্রয়োজন মনে করব, করব।

**শ্রীসরোজ রায়ঃ** কিন্তু ট্রাইবাল এণ্ড সিডিউল এরিয়ায় তারা নিজেরা ইনিসিয়েটিভ নিয়ে স্কুল করেছে সেগুলিকে আপনারা রেকগনাইজ করছেন কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** মাননীয় সদস্যকে অনুরোধ করব তিনি অনুগ্রহ করে আমার এই কথার উপর জোর দিন যে যেখানে প্রয়োজন মনে করব সেখানে করব, যেখানে অপ্রয়োজন মনে করবো সেখানে করবো না।

**শ্রীশরৎ চন্দ্র দাসঃ** এই যে ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড কমিটির মেম্বারদের নাম ঘোষণা করা হয়েছে, আমি জানতে চাই স্কুল বোর্ডের মেম্বার যাঁরা হবেন তাঁরা সরকারের কি কি সিদ্ধান্ত অনুযায়ী স্কুল বোর্ডের মেম্বার নিযুক্ত হবেন ?

**Mr. Speaker :** This has already been answered.

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, বলবেন কি যে সমস্ত গ্রাম এবং গ্রামের বৃহত্তর পাড়ায় জনসংখ্যা অত্যাধিক বেশী সেই সমস্ত গ্রাম স্কুলের অগ্রাধিকার পাবে কিনা এবং যদি সেখানে স্কুল না থাকে তাহলে সরকার তাঁর নিজের উদ্যোগে সেখানে স্কুল করবেন কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** নিশ্চয়ই এটা বিবেচনা করে দেখা হবে।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ** মাননীয় মন্ত্রিমহায় উপদেষ্টা কমিটির যে নামগুলি বললেন তার মধ্যে নিখিল বঙ্গ শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি এবং বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধিদের নাম করেন নি। গতবারে ডেমক্র্যাটিক কোয়ালিসান সরকারের আমলে এঁদের প্রতিনিধিরা ছিলেন। এবারে কি তাঁদের গ্রহণ করা হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** তাঁদের গ্রহণ করা হবে।

**শ্রীপ্রফুল্ল মাইতিঃ** আমাদের মেদিনীপুর জেলায় মাত্র ৮৫ টি স্কুল গ্রামাঞ্চলে দেওয়া হয়েছে অথচ মেদিনীপুর থেকে অনেক ছোট ছোট জেলাতে ৩ শতাধিক স্কুল দেওয়া হয়েছে। এটা কিসের ভিত্তিতে করা হল ? তাহলে মেদিনীপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজন নেই এই রকম কিছু ধারণা হয়েছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** সব জেলাতেই প্রয়োজন মত প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে। কোন জেলাকে কম দেওয়া হবে এই রকম ধারণা নেই।

**শ্রীপ্রফুল্ল মাইতিঃ** আমি যে উত্তর পেলাম তাতে সন্তুষ্ট হতে পারলাম না। মেদিনীপুরের ক্ষেত্রে কেন কম করা হল, অথচ মেদিনীপুরের চেয়ে ছোট ছোট জেলায় ৩ শতাধিক স্কুল দেওয়া হয়েছে, এর কারণ কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** বিনা অনুসন্ধানে বিস্তারিত কারণ দেওয়া সম্ভব নয়। তবে এমন হতে পারে মেদিনীপুরের ক্ষেত্রে আগে বেশী বেশী দেওয়া হয়েছিল সেজন্য এবারে কম দেওয়া হয়েছে, অন্য জেলায় আগে কম দেওয়া হয়েছিল, এবারে বেশী দেওয়া হয়েছে।

[1-20—1-30 p.m.]

**Mr. Speaker :** Starred question No. 104 and held over starred question Nos. 21 and 26 may be taken up together as they are on the same subject.

## শরণার্থী শিবিরের কর্মীদের বিকল্প কর্মসংস্থান

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **ডাঃ মহঃ এক্রামুল হক্ বিশ্বাস ঃ** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ত্রাণ ও শরণার্থী বিভাগে পশ্চিমবঙ্গে মোট কতজন শিবিরকর্মীদের চাকুরী দেবার ব্যবস্থা করা হয়েছে ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** ১৯৭১ সালের ২৫শে মার্চের পর আগত শরণার্থীদের তত্ত্বাবধানের জন্য উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের অধীন শিবিরগুলিতে মোট ১৩,৮৯৫ জন কর্মচারীকে চাকুরী দেওয়া হয়েছে।

**শ্রীমহঃ দেদার বক্স ঃ** শরণার্থীদের কাজের জন্য মোট কত দরখাস্ত আহ্বান করা হয়েছিল ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** এই শরণার্থীদের তত্ত্বাবধানের জন্য যে চাকুরী, তার একটা প্যানেল করা হয়েছিল। সেই প্যানেল অফ নেমস থেকেই চাকরী দেওয়া হয়েছিল।

**শ্রীমহঃ দেদার বক্স ঃ** যা নেবার কথা দরখাস্ত আহ্বান করা সত্ত্বেও কি কারণে তাদের সব নেওয়া হয় নি জানাবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** নিশ্চয়ই অবগত আছেন যে, যে প্যানেল অফ নেমস যা করা হয় তা থেকে কখনই সকলের কাজ হয় না। প্যানেল যা হয়েছিল তা থেকে চাকুরী দেওয়া হয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে প্যানেল তৈরী করা হয়েছিল তাতে টোটাল লোকের সংখ্যা কত ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** নোটীশ চাই।

## শরণার্থী শিবির কর্মচারী

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শরণার্থীদের তত্ত্বাবধানের জন্য পশ্চিমবাংলায় জেলাওয়ারী কত কর্মচারী নিয়োগ করা হইয়াছিল ;

(খ) ইহাদের চাকুরীর বর্তমান অবস্থা কি ; এবং

(গ) ইহাদের চাকুরীর নিরাপত্তা এবং স্থায়িত্বের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি না এবং করিয়া থাকিলে তাহা কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ**

| | | |
|---|---|---|
| (ক) | ২৪-পরগণা | ৫,০২৯ |
| | নদীয়া | ২,৮১৯ |
| | পঃ দিনাজপুর | ২,৮৫৪ |
| | মুর্শিদাবাদ | ৯৮৬ |
| | কুচবিহার | ১,০৫৫ |
| | মালদহ | ৩০২ |
| | জলপাইগুড়ি | ৬৭৪ |
| | বাঁকুড়া | ১৪২ |
| | মেদিনীপুর | ৩৫ |
| | মোট | ১৩,৮৯৫ |

(খ) যদিও ফেব্রুয়ারী মাসের মধ্যেই সকল শরণার্থী স্বদেশে প্রত্যাবর্তন করিয়াছেন তবুও এই সকল কর্মচারীদের চাকুরীর মেয়াদ প্রথম দফায় ৩১শে মার্চ, ১৯৭২ পর্যন্ত ও দ্বিতীয় দফায় ৩০শে এপ্রিল, ১৯৭২ পর্যন্ত বৃদ্ধি করা হইয়াছে;

(গ) রাজ্য সরকারের অধীন বিভিন্ন দপ্তরে যে সকল "উদ্বৃত্ত" কর্মচারী অগ্রাধিকারের ভিত্তিতে বিকল্প চাকুরীর সুযোগ পাইয়া থাকেন তাঁহাদের সমতুল হিসাবে ছাঁটাই শিবির কর্মচারীদেরও গণ্য করা হইবে এই মর্মে ইতিমধ্যে আদেশ জারী করা হইয়াছে।

## শরণার্থী শিবিরের কর্মচারীদের পুনর্নিয়োগ

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২।) **শ্রীলক্ষ্মীকান্ত বসু:** উদ্বাস্তু ত্রাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শরণার্থী শিবিরে ছাঁটাই কর্মচারীদের পুনর্নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রীসন্তোষ কুমার রায়:** রাজ্য সরকারের অধীন বিভিন্ন দপ্তরে যে সকল "উদ্বৃত্ত" কর্মচারী অগ্রাধিকারের ভিত্তিতে বিকল্প চাকুরীর সুযোগ পাইয়া থাকেন তাঁহাদের সমতুল হিসাবে ছাঁটাই শিবির কর্মচারীদেরও গণ্য করা হইবে বলিয়া ইতিমধ্যে আদেশ জারী করা হইয়াছে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** যে সমস্ত কর্মচারীকে appointment letter দেওয়া হয়েছিল, অথচ তাদের বিভিন্ন শিবিরে join করতে দেওয়া হয়নি—তাদের সম্বন্ধে সরকার কি কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রীসন্তোষ কুমার রায়:** আমার উত্তরের মধ্যেই আছে আমরা বিবেচনা করছি যারা চাকরীতে যোগদান করেছিল তাদের বিষয়ে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** গত coalition সরকার বিভিন্ন যুবকদের শরণার্থী শিবিরে চাকরী করার জন্য appoitment letter দিয়েছিলেন, অথচ তাদের চাকরীতে join করতে দেওয়া হয়নি কিন্তু তাদের সম্বন্ধে বিশেষ কোন চিন্তা করছেন কি না?

**শ্রীসন্তোষ কুমার রায়:** না, যারা কাজ করেনি তাদের সম্বন্ধে চিন্তা করা হচ্ছে না।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** সরকার যাদের appointment letter দিয়েছিলেন, অথচ তাদের চাকরীতে join করতে দেওয়া হয়নি—এটা কিরকম ব্যবস্থা আপনি পরিষ্কার করবেন কি?

**শ্রীসন্তোষ কুমার রায়:** যে চিঠি তারা পেয়েছিল তাতে বিভিন্ন জেলাশাসকদের সঙ্গে যোগাযোগ করতে হয়েছিল। Empanel হয়েছিল বলে চাকরীর জন্য আলাদাভাবে appointment দেওয়া হয়েছিল।

**শ্রীপ্রদীপ পালিত:** সরকার থেকে যে panel করা হয়েছিল সেই panel অনুযায়ী ১৩ হাজার চাকরী পেয়েছে। এখন প্রশ্ন হচ্ছে সবাই কি সেই panel থেকে পেয়েছে, না panel-এর বাহির থেকে আরও কিছু লোককে সরকারী অফিসাররা নিয়োগ করেছিলেন?

**শ্রীসন্তোষ কুমার রায়:** এ সম্বন্ধে এখন তথ্য নেই। মোটামুটিভাবে যারা census বা অন্য কাজে নিযুক্ত ছিল তাদের কিছুকে এখানে নিয়োগ করা হয়েছিল।

**শ্রীপ্রদীপ পালিত:** Census বা সরকারী panel ভুক্ত ছাড়া বাহির থেকে কি আরও কিছু ছেলে চাকরী পেয়েছিল?

**শ্রীসন্তোষ কুমার রায়:** নোটিশ চাই।

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত ঃ** দেশের বেকার সমস্যা সমাধানের জন্য যে সমস্ত শিবির কর্মচারী চাকরীতে ছিল তাদের চাকরীর মেয়াদ কিছুদিনের জন্য বৃদ্ধির আশ্বাস দিয়েছেন, কিন্তু এই চাকরী যারা পেয়েছে তাদের চাকরী permanent করার জন্য কোন আশ্বাস কি দেবেন ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** আপনারা জানেন এই নিয়োগে সর্ত ছিল যে বাংলাদেশের শরণার্থী কাজ যেদিন শেষ হবে সেদিন তাদের চাকরীও শেষ হবে। আমরা তাই ওদের উদ্বৃত্ত হিসাবে অন্য দপ্তরে চাকরী দেবার সিদ্ধান্ত নিয়েছি।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** যাদের নাম panel করা হয়েছিল তারাও চাকরী পাবে কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** তাদের চাকরী আরও ৫টা বেকার ছেলেদের যেরকমভাবে হবে এদেরও সেইভাবে হবে।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** এই যে panel করা হয়েছে তারা কি ভাবতে পারছেনা যে তাদের পরে চাকরী দেওয়া হবে ?

**Mr. Speaker :** The answer has already been given.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** Panel-এ কত নাম ছিল ?

**শ্রীসন্তোষ রায় ঃ** Notice চাই।

**শ্রীসরোজ কুমার রায় ঃ** Writers' Buildings-এ যে সমস্ত নাম গ্রহণ করা হয়েছিল তাদের panel ভুক্ত করা হল, কিন্তু কোথা থেকে কি হয়ে গেল যাতে জেলা Majistrate-রা আলাদা আলাদা ভাবে লোক নিল। এতে যুবকদের মধ্যে একটা dissatisfaction হয়েছিল। এরকম কেন হয়েছিল জানাবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** জেনে জানাব।

[1-30—1-40 p.m.]

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** আচ্ছা দেখবো।

**শ্রীনরেশ চন্দ্র চাকী ঃ** আমরা জানি পশ্চিমবাংলার বেকার সমস্যা একেই দুর্বিসহ। তার উপর এই ১৩ হাজার ৮৯৫ জন কর্মচারী আবার বেকার হচ্ছেন। এতে পশ্চিমবঙ্গের অর্থনীতির উপর রীতিমতো চাপ পড়বে। ১৯৫৪ সালে ডাঃ রায় একটা স্পেশ্যাল ক্যাডার স্কীম করে অনেক বেকার যুবকদের চাকরীর ব্যবস্থা করেছিলেন। এই যুবকদের কর্ম নিয়োগের ব্যাপারে কোন পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** এর কোন বিশেষ পরিকল্পনা হয়নি। এদের উদ্বৃত্ত বলে ঘোষণা করা হয়েছে এবং সরকারের বিভিন্ন দপ্তরে যেখানে যত চাকরি খালি হবে তাদের অগ্রাধিকার দেওয়া হবে।

## মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২।) **শ্রী মহঃ দেদার বক্স ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৭১-৭২ আর্থিক বৎসরে (২৯শে ফেব্রুয়ারী পর্যন্ত) মোট কতগুলি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী লাভ করেছে ;

(খ) মুর্শিদাবাদ জেলায় ১৯৭১-৭২ আর্থিক বৎসরে (২৯শে ফেব্রুয়ারী পর্যন্ত) মোট কতজন নূতন শিক্ষককে প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করা হয়েছে ; এবং

(গ) ঐ সময়ে ভগবানগোলা ১ ও ২ নং ব্লকে মোট কতগুলি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী পেয়েছে এবং মোট কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) মুর্শিদাবাদ জেলার জন্য ১৯৭১-৭২ আর্থিক বৎসরে মোট দুই দফায় গ্রামাঞ্চলে ৩৪০টি এবং শহরাঞ্চলে ৯টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী বরাদ্দ করা হয়েছে।
ইহাদের একটিও এখনও সরকারী অনুমোদন বা মঞ্জুরী প্রাপ্ত হয় নাই।
১৯৬৯-৭০ সালে এ জেলার গ্রামাঞ্চলে বরাদ্দকৃত ৮৫টি নূতন বিদ্যালয়ের মধ্যে ৮৩টি ১৯৭১-৭২ সালে মঞ্জুরী লাভ করেছে। ১৯৭০-৭১ সালে শহরাঞ্চলে বরাদ্দকৃত ১৩টি বিদ্যালয়ের মধ্যে ৮টি সরকারী অনুমোদন পেয়েছে এখনও মঞ্জুরী প্রাপ্ত হয় নাই।

(খ) ১৯৬৯-৭০ সালে অনুমোদন প্রাপ্ত গ্রামাঞ্চলের ৮৫টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত ২৫২ জন শিক্ষকের মধ্যে ১৯৭১-৭২ সালে ২১৪ জন নূতন শিক্ষক স্কুলবোর্ড কর্তৃক নিযুক্ত হইয়াছে। উপরোক্ত ১৯৭০-৭১ সালের অনুমোদিত শহরাঞ্চলের ৮টি বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত ৩২ জন শিক্ষকের মধ্যে একজনও শিক্ষা অধিকারের অনুমোদন ও নিয়োগপত্র লাভ করে নাই।

(গ) ১৯৬৯-৭০ আর্থিক বৎসরে মঞ্জুরীকৃত ৮৫টি বিদ্যালয়ের মধ্যে ১৯৭১-৭২ আর্থিক বৎসরে ভগবানগোলা ২ নং ব্লকে মঞ্জুরী প্রাপ্ত বিদ্যালয় ও নিযুক্ত প্রাথমিক শিক্ষক সংখ্যা নিম্নরূপ :—

| বিদ্যালয় | শিক্ষক |
|---|---|
| ৪ | ১১ |

ভগবানগোলা ১ নং ব্লকে এ সময়ে কোনও বিদ্যালয় মঞ্জুরী প্রাপ্ত হয় নাই বা কোনও শিক্ষক নিযুক্ত হয় নাই।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** মন্ত্রিমহাশয় বলেছেন বরাদ্দকৃত ২৫২ জন শিক্ষকের মধ্যে ২১৪ জনকে নিয়োগ করা হল। অবশিষ্টদের নিয়োগ করা হয়নি। অনুরূপভাবে গ্রামাঞ্চলে যে শিক্ষক নিয়োগ করার কথা ছিল তার মধ্যে একজনও হয়নি। এর কি কারণ ছিল জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** এর উত্তরের জন্য নোটিশ চাই।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক :** প্রাথমিক শিক্ষক পরিচালন ব্যাপারে বিদ্যালয় পরিদর্শক যাঁরা আছেন তাঁদের একজন চাপরাশি নেই, বা কনটিজেনসী বাবদ কোন অর্থ দেওয়া হয় কি ?

**Mr. Speaker :** The question does not arise.

**শ্রীঅসমঞ্জ দে :** মঞ্জুরীকৃত বিদ্যালয়গুলি প্রতিষ্ঠাকাল থেকে অনুদান দেওয়ার কোন সরকারী ব্যবস্থা আছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** এর জন্য নোটিশ চাই।

## শিক্ষকদের ট্রেজারী থেকে বেতন প্রদান

*১০৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৯। ) **শ্রীঅনিল কৃষ্ণ মণ্ডল :** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক শিক্ষকদের কেরালার মত সরাসরি ট্রেজারী থেকে বেতন দেবার কোন প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ এই প্রস্তাব কার্যকরী হওয়ার সম্ভাবনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) বর্তমানে এরূপ কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তী :** ১লা তারিখে যাতে শিক্ষকরা নিযমিত মাইনে পান সে সম্বন্ধে কিছু ভাবছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** এখনও ঠিক ভাবা হচ্ছে না।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তী :** কবে ভাববেন বলে কিছু ভেবেছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** যতশীঘ্র সম্ভব ভেবে দেখছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** মাধ্যমিক শিক্ষকরা যে নিয়মিতভাবে বেতন এবং পুরা বেতন পান না সে সম্বন্ধে কোন অভিযোগ এসেছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** কিছু কিছু অভিযোগ আছে।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** যাতে তারা পুরা বেতন এবং সময়মত পান তারজন্য চেষ্টা করবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** চেষ্টা করব।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** আপনি কি ভেবেছেন এ সম্বন্ধে সেটা দয়া করে জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** ভাবতে সময় দিন। তারপর তো জানাব।

**শ্রীঅশ্বিনী কুমার রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে কেরালায় যে সিষ্টেম চালু আছে সেটা বিজ্ঞান সম্মত এবং নিয়মানুযায়ী, তাতে শিক্ষকদের অসন্তোষ কিছুটা কমে গেছে। এখানেও সেটা চালু করবার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি।

**Mr. Speaker :** No cross examination please. He has definitely given an answer that he is not contemplating anything, at present.

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মাধ্যমিক শিক্ষকদের বেতন দেবার জন্য জেলায় জেলায় অফিস করবার যে ব্যবস্থা গ্রহণ করবেন বলে প্রকাশ করেছিলেন এখন কি অবস্থায় আছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সেই ব্যবস্থা গ্রহণের কাজ খুব তরান্বিত করা হচ্ছে।

## দেউলপাড়ায় উদ্বাস্তু পুনর্বাসনের জমি

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭।) **শ্রীতারাপদ মুখোপাধ্যায় :** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নৈহাটি থানার অধীন দেউলপাড়ার উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য যে জমি সরকার অধিগ্রহণ করেছিলেন তন্মধ্যে কত জমি এখনও অব্যবহৃত অবস্থায় পড়ে আছে ;

(খ) ঐ স্থানে উদ্বাস্তুদের জন্য সরকার কি কি উন্নয়নমূলক কাজ করেছেন;
(গ) বাকী অব্যবহৃত জমি বর্তমানে কাহার অধীনে আছে; এবং
(ঘ) সরকার ঐ উদ্বাস্তু এলাকায় উন্নতির জন্য কি কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ**

(ক) ১৬ একর।
(খ) শিয়ালদহ ষ্টেশন এলাকায় জবরদখলকারী উদ্বাস্তুগণকে পুনর্বাসন দিবার জন্য উক্ত প্রকল্পের সমস্ত জমি Bengal Refugee Serviceকে দেওয়া হয়। তাঁহারা ইহার উন্নয়ন কার্য সমাধা করিয়া উদ্বাস্তুগণকে পুনর্বাসন দিয়াছেন; সরকার কোনও উন্নয়নমূলক কাজ এই স্থানে করেন নাই বা করিবার কথাও ভাবিতেছেন না।
(গ) Bengal Refugee Service নামীয় একটি সংস্থার অধীনে;
(ঘ) 'খ' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

**শ্রীতারাপদ মুখার্জীঃ** এখনও ওখানে দেখা যাচ্ছে ১৫ একর জমি পড়ে আছে এবং যারা এটা নিয়েছিল ওরা ছেড়ে দিয়েছে। এখন পতিত জমি যে অবস্থায় আছে সরকার কি কিছু করবার জন্য বিবেচনা করছেন?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় সদস্যকে বলতে পারি যে সমস্ত জিনিষটা তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রীতারাপদ মুখার্জীঃ** ঐ জমি এখনও কি সরকরের অধীনে আছে, না বেঙ্গল রিফিউজি সংস্থার হাতে আছে?

**শ্রীসন্তেষকুমার রায়ঃ** আমি আগেই বলেছি যে জমিটা বেঙ্গল রিফিউজি সার্ভিসকে দেয়া হয়েছিল।

## মেদিনীপুর জেলায় ষ্টেট রিলিফ

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯।) **শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে মেদিনীপুর জেলায় ষ্টেট রিলিফ চালু নাই,
(খ) সত্য হইলে, ষ্টেট রিলিফের কাজ আরম্ভ হতে দেরী হওয়ার কারণ কি; এবং
(গ) উক্ত জেলায় ষ্টেট রিলিফের কাজ কবে নাগাদ শুরু হবে এবং কোন্ সময় পর্যন্ত চলতে পারে বলে আশা করা যায়?

[1-40—1-50 p.m.]

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ**

(ক) না সত্য নয়, বর্তমানে মেদিনীপুর জেলায় ষ্টেট রিলিফের কাজ চালু আছে;

(খ) প্রশ্ন ওঠে না;

(গ) স্থানীয় প্রয়োজনে, বিভিন্ন দুর্গত এলাকায় বর্ষার সুরু পর্যন্ত ষ্টেট রিলিফের কাজ চালিয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** মেদিনীপুরের বহু জায়গায় এখনও ষ্টেট রিলিফের কাজ মোটেই

আরম্ভ হয়নি এর কারণ ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বলছেন যে আমরা টাকা পাইনি। অথচ আমার যতদুর মনে আছে যে মন্ত্রিমহাশয় এখানে বলেছিলেন যে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে কিন্তু আমরা কাল পর্যন্ত জানি যে তাদের কাছে টাকা পৌঁছায় নি, এটা অনুসন্ধান করবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** তাদের একটা এ্যাডহক এ্যালটমেণ্টে ৩ লক্ষ টাকা এবং সমপরিমাণ গম ষ্টেট রিলিফের কাজ চালু করবার জন্য এই বৎসর থেকে দেওয়া হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা:** এখন পর্যন্ত কোন টাকা বা গম পৌঁছায়নি। কবে এই টাকা পৌঁছাবে এবং ষ্টেট রিলিফের কাজ আরম্ভ হবে ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এই সম্বন্ধে কোন ব্যবস্থা যদি না হয়ে থাকে তাহলে নিশ্চয়ই খোঁজ করে যাতে তাড়াতাড়ি কাজ আরম্ভ হয় তা দেখবো।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** গমের অভাবে কাজ চালু হয়নি। গম না থাকলে চাল বা টাকা দিয়ে টেষ্ট রিলিফের কাজ চালু করা হবে কিনা ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এই সম্বন্ধে আজকে সব কিছুর সিদ্ধান্ত নেবার জন্য সমস্ত জেলা শাসককে ডাকা হয়েছে এবং তিনটার সময় তাঁদের সঙ্গে আলোচনা হবে। গমের অভাবে যাতে এই জিনিসগুলি বন্ধ হয়ে না যায় সেজন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, ঐ বন্যাবিধ্বস্ত অঞ্চলে সব কিছু নষ্ট হয়ে গিয়েছে। ষ্টেট রিলিফের কাজ দিয়ে বাধ না বাঁধলে সেখানে চাষ একেবারেই হবেনা ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় সদস্য যখন এই বিষয় দৃষ্টি আকর্ষণ করেছেন তখন আজকে মেদিনীপুরের জেলা শাসকের সঙ্গে এই নিয়ে কথাবার্তা বলবো।

**শ্রীসরোজ রায়ঃ** (ক) প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয় বললেন যে, ইহা সত্য নয়। অর্থাৎ বর্তমানে মেদিনীপুরে ষ্টেট রিলিফের কাজ চালু নাই কিন্তু (ক)র উত্তরে বোঝা যাচ্ছে যে চালু আছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি প্রশ্ন রাখছি যে এই জেলা শাসকদের আপনি দয়া করে জিজ্ঞাসা করবেন যে কোন কোন জায়গায় কাজ চালু আছে। আমি আপনাকে পরশুর খবর দিচ্ছি যে বিভিন্ন জায়গায় আমরা দেখেছি, যে সব চেয়ে খারাপ যে জায়গা, লোকে খেতে পায়না, কাজ নাই, সেই সব জায়গায় ষ্টেট রিলিকের কাজ চালু হয়নি। লোক্যাল অথরিটির কাছে গেলে তারা জবাব দেয় যে টাকা এসেছে কিন্তু গম নেই যারজন্য আমরা কাজ চালু করতে পারছিনা। আজকে বা কাল সকাল পর্যন্ত যদি কোন টেলিফোনিক মেসেজ ম্যাজিষ্ট্রেটের কাছে পেয়ে থাকেন তাহলে স্পেসিফিক্যালি আমাদের জানান যে কোন কোন জায়গায় চালু আছে। আমাদের কাছে খবর আছে যে বহু জায়গায় এস. ডি. ও. এবং বি. ডি. ও জানিয়েছেন যে আমাদের টাকা এসেছে কিন্তু গম নেই তাই কাজ চালু করতে পারছি না। এর ফলে বহু ষ্টেট রিলিফের স্কীম পড়ে আছে। একদিকে মানুষ খেতে পাচ্ছেনা, অন্যদিকে এই কাজগুলি হচ্ছেনা, এই সম্বন্ধে খোঁজ খবর নিয়ে এটা ক্ল্যারিফাই করার জন্য একটা ষ্টেটমেণ্ট দেবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** আমি আজকে জেলা শাসকদের সঙ্গে আলোচনাক্রমে সভা অনুমতি দিলে বাস্তবিক কি হবে, কি পরিকল্পনা নেওয়া হবে, সে সম্বন্ধে কাল বিবৃতি দিতে পারবো।

**শ্রীসুধীরচন্দ্র বেরা:** ষ্টেট রিলিফের ব্যাপারে দেখা গিয়েছে যে বি. ডি. ও. যাঁরা এইসব

স্কীম চালু করবে তারা এত দেরী করেন যে বর্ষা চলে আসে এবং কাজগুলি হয়না, এই সম্বন্ধে ষ্টেপ নেবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** আমি আপনাদের আগেই বলেছি যে, যেসমস্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে আজকে তাদের সঙ্গে আলোচনা করে এইসমস্ত অসুবিধা যাতে দূর করা যায়, দুস্থরা প্রয়োজনের সময় কাজ পায়, তারজন্য নিশ্চয়ই ব্যবস্থা করা যাবে।

**শ্রীপ্রশান্ত কুমার সাহুঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে আমাদের মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় গত বছর বিরাট বন্যা হয়ে গেল কিন্তু আজ পর্যন্ত সেখানে একটিও ষ্টেট রিলিফের কাজ হয়নি বা উল্লেখযোগ্যভাবে হয়নি। আমাদের দেশে বহু গরীব লোক খেটে খেতে চায় কিন্তু কাজ পাচ্ছেনা তারা কি করে জীবন ধারণ করবে ? তাই আমি প্রশ্ন রাখছি বিশেষ করে কাঁথি মহকুমায় ১০।১৫ দিনের মধ্যে যাতে ষ্টেট রিলিফের কাজ আরম্ভ হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

( নো রিপ্লাই। )

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** গ্রামাঞ্চলে একটা স্কীম মঞ্জুর হলে সেই স্কীমে যত কৃষি বেকার শ্রমিক কাজ করতে পারে খাটতে পারে, তার চেয়ে অনেক বেশী শ্রমিক সেখানে গিয়ে জমায়েত হচ্ছে, এজন্য অনেক জায়গায় স্কীম ইম্পলিমেণ্ট করা যাচ্ছে না, এই অসুবিধা দূরীকরণের জন্য প্রয়োজন ভিত্তিক ষ্টেট রিলিফের কাজ চালু করবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** আপনি জানেন যে আমাদের সীমিত অর্থ সম্পদের মধ্যে সব কিছু করতে হবে, আজকে জেলা শাসকদের সঙ্গে আলোচনাক্রমে যে ব্যবস্থা করার কথা ঠিক হবে বিভিন্ন জেলায়, সে সম্বন্ধে কাল আমি একটা বিবৃতি দেব।

( এখানে অনেক মাননীয় সদস্যগণ অতিরিক্ত প্রশ্ন করবার জন্য উঠে দাঁড়ান )

**মিঃ স্পীকারঃ** কাল তাহলে আপনারা মন্ত্রিমহাশয়ের বিবৃতি চান না ? He wants to clarify the entire position tomorrow.

**শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ** বিভিন্ন জেলা শাসকদের সঙ্গে আপনার আজ দেখা করার কথা আছে এটা আপনি এখানে ঘোষণা করেছেন। কিন্তু কেবলমাত্র মেদিনীপুর জেলা সম্পর্কে চিন্তা না করে অন্যান্য জেলা সম্পর্কেও চিন্তা করবেন কি ? বর্ধমান জেলার মঙ্গলকোটের বি. ডি. ও. এর কোন যোগ্যতা নাই ষ্টেট রিলিফ কাজ করবার, গত কয়েক বছর ধরে সেখানে কোন কাজই সম্পন্ন হচ্ছেনা, এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** একটা জেলায়ই নয়, যে সমস্ত জেলায় দুর্গতমানুষ অসুবিধার মধ্যে পড়েছেন, সব জায়গাতেই যাতে ষ্টেট রিলিফের কাজ কিছু কিছু চালু করা যায় আমাদের অর্থ বরাদ্দ অনুযায়ী, তার নিশ্চয়ই চেষ্টা করব।

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আজকে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের সঙ্গে মন্ত্রিমহাশয়ের কনফারেন্স হচ্ছে জানতে পারলাম, কিন্তু আমরা জানি ষ্টেট রিলিফের স্কীমগুলিকে প্রাইওরিটি দেবার ব্যাপারে গোলমাল বেঁধেছে, সব জায়গায় বিরোধ লেগে গিয়েছে, খালটা আগে বাঁধা হবে কি বাঁধটা আগে হবে, এ নিয়ে যথেষ্ট গোলমাল বি. ডি. ও অফিসে হচ্ছে। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয় আজকে কনফারেন্সে প্রাইওরিটি দেবার ব্যাপারে একটা সুষ্ঠু নীতি নিধারণের জন্য একটা কমিটি করে দেবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এ সম্বন্ধে চিন্তা করছি, পরে কাল আমি আপনাদের জানাব।

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্তঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ষ্টেট রিলিফের কাজের মধ্য দিয়ে দুর্নীতি চলেছে? আমি যখন এসেম্বলীর এই হাউসে বসে আছি, আমি একটা টেলিগ্রাম সালার থেকে পেলাম তাতে বলা হয়েছে ব্লক নাম্বার টুতে ষ্টেট রিলিফের নামে যে কাজ করা হচ্ছে তাতে চুরি অপচয় ছাড়া কিছু হচ্ছেনা, এই চুরি অপচয় বন্ধ করার জন্য নূতন ব্যবস্থা কিছু অবলম্বন করেছেন কি?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** যে ব্যবস্থার কথা চিন্তা করছি সে সম্বন্ধে কাল আমি বক্তব্য রাখছি, মাননীয় সদস্য এখন যে টেলিগ্রামের কথা বললেন সেটা আমাকে দিলে, আমি আজকেই জেলাশাসককে তদন্ত করবার জন্য বলতে পারি।

## Fire in Darjeeling

*109. (Admitted question No *200.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the number of families of the following categories affected in the disastrous fire in the town of Darjeeling in November, 1971 :—

(i) House Owners ; and

(ii) Tenants ;

(iii) Businessmen and Traders ; and

(b) the steps taken by the Government in the matter of Relief and Rehabilitation, House Building and Trade Loan till date ?

**Shri Santosh Kumar Roy:** (a) (i) 7, (ii) 138. (iii) 100.

(b) **Relief**: Gratuitous relief in various foodstuffs, clothings, utensils and fuels, book grants of Rs. 5,375/ to 93 students and ex-gratia payment of Rs. 8,930 @ Rs. 10 per adult and Rs. 5 per minor.

**Rehabilitation: House-building and Trade Loan:** 77 temporary stalls erected at a cost of Rs. 30,000 at Red Cross ground for businessmen. 25 hutments constructed at a cost of Rs. 30,000 at Bhutia Bustee for fire victims residing at different relief centres. 25 families are being shifted to these hutments. More than Rs. 5,150 spent on electricity and furniture. A sum of Rs, 9,850/- distributed amongst 40 small traders as trade grants. Another sum of Rs. 11,700 distributed to 52 small traders indirectly affected at Chawk Bazar. Distribution of house building and trade loans being processed.

[ 1-50—2-00 p.m. ]

**Shri Deo Prakash Rai:** The Hon'ble Minister in his reply has said that 77 temporary stalls have been erected at the Red Cross ground. Will the Hon'ble Minister kindly state what alternative arrangement do the Government propose to make for shifting these 77 traders who are now at the temporary stalls, in view of the fact that the monsoon is fast approaching ?

**Shri Santosh Kumar Roy :** What I have seen from the records is that these 77 stalls have already been erected. I think there will be no difficulty to allot these stalls to these affected traders.

**Mr. Speaker :** These 77 stalls are temporary stalls. The monsoon is fast approaching. So, the question is as I understand, whether any arrangement or erection of permanent stalls for these victims could be made before the monsoon arrives.

**Shri Santosh Kumar Roy :** Sir, we are spending money from emergency relief fund. We have a ceiling under this grant and I find that the district administration has already exceeded that ceiling. The district administration has already spent Rs. 30,000 for these stalls.

**Shri Deo Prakash Rai :** I am not disputing that fact but you have constructed temporary stalls. These people who have been affected are all small traders. What I want to know from the Government is about the permanent settlement of these traders in view of the fact that monsoon will start next month.

**Shri Santosh Kumar Roy :** A master plan has been drawn up already for reconstruction of the Chowk Bazar with the fund which the Housing Department has received from the L.I.C. I think when the Chowk Bazar will be constructed there will be no difficulty.

**Shri Deo Prakash Rai :** I know that the master plan is being drawn up. I am worried about the fate of these people who are all small traders. You have not made any permanent arrangement for their shelter. You know Darjeeling monsoon will start next month I want to know what arrangement has been made by Government to protect them from the monsoom. At present they are all in front of the Red Cross maidan. You cannot protect them from the monsoon there. I want to know what steps do Government propose to take to protect them from the monsoon.

**Shri Santosh Kumar Roy :** For giving them relief on an emergency basis we have practically spent whatever we can spend for them, but as the honourable Member has brought it to our notice I will look into it and will try to do something.

**Shri Deo Prakash Rai :** The Hon'ble Minister has said that a master plan will be drawn up but it will take a couple of years. In the meantime what will be the fate of the small traders I would like to know. Hon'ble Minister has said that he will ascertain the details from the district authorities but when I asked the D. C. he said that he would find the details from Writers' Buildings. Before I came here I discussed this matter with the district authorities. Do you know anything ab ut the progress ? May I take it that in any case these 77 small traders will be properly protected during the ensuing monsoon ?

**Shri Santosh Kumar Roy :** Definitely we will try to protect them and give them some relief.

**Shri Deo Paakash Rai :** You have already given relief on an emergency basis. I do not deny that. I am worried about their fate during the monsoon. There are 77 small traders, and, on an average, they have five dependants. At the present site it is not possible to run their business.

**Mr. Speaker :** If I have properly understood the Hon'ble Minister, he has given assurance that before the monsoon sets in he will give proper shelter

and protection to these 77 small traders so that they can carry on their business under proper shed.

**Shri Santosh Kumar Roy :** The honourable Member has mentioned that Red Cross maidan is not fit for carrying out business. I will enquire into the matter and do the needful.

**Shri Deo Prakash Rai** : Hon'ble Minister has stated here that they have constructed 25 hutments and 25 families, who are residing at different relief centres, will be shifted there. May I know how many families are there in various relief centres ?

**Shri Santosh Kumar Roy :** This has already been mentioned in the statement. I may again give you the figure : House owners—7 ; Tenants—138 ; and Businessmen and Traders—100.

**Shri Deo Prakash Rai** : There are two categories of people : (a) small traders who are now earning their livelihood in the Red Cross maidan, and (b) poor tenants who do not run any business. These poor tenants are now residing at different relief centres. You have constructed 25 hutments and I would like to know from you how many families are at present residing at different relief centres.

**Shri Santosh Kumar Roy** : I require notice for that.

[2-00—2-10 p.m.]

**Shri Deo Prakash Rai :** The Hon'ble Minister has said in his concluding reply that distribution of house building loan and trade loan are being processed. May I know from the Hon'ble Minister what should I understand when he says that it is being processed ?

**Shri Santosh Kumar Roy :** You know, distribution of house building loan and trade loan is under the consideration of the Government. Regarding trade loan of course we have issued cyclostyled application forms to the fire victims with direction to submit application to the Agents of State Bank of India and Central Bank of India for sanction.

**Shri Deo Prakash Rai** : What will be the rate of interest ?

**Shri Santosh Kumar Roy** : From the records I find that uptil now nobody has received anything.

**Mr. Speaker :** Question houre is over. Now held over question No. *22.

**বন্যাবিধ্বস্ত এলাকায় ছাত্রছাত্রীদের বেতন মকুব ও বিদ্যালয়গৃহ নির্মাণ বাবদ অর্থ মঞ্জুর**

*২২। ( অনুমোদিত প্রশ্ন নং *১০৫ । ) **শ্রীরবীন্দ্রনাথ বেরা :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত বন্যায় বিধ্বস্ত এলাকার ছাত্রছাত্রীদের বেতন মকুব বাবদ এখনো যে টাকা দেওয়া বাকী আছে তাহা কবে নাগাদ দেওয়া হবে এবং তাহার পরিমাণ কত ;

(খ) ঐ জেলায় ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির মেরামত ও পুনর্নির্মাণের জন্য এ পর্যন্ত মোট কত টাকা মঞ্জুর করা হয়েছে এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলি উক্ত টাকা কবে নাগাদ পাবে ;

(গ) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় ১৯৬৮ সাল থেকে যে সকল হাইস্কুল মঞ্জুরি লাভ করেছে তারা শুধুমাত্র ১৯৭১-৭২ সালের জন্য লাম্প গ্রাণ্ট পেয়েছে ; এবং

(ঘ) সত্য হইলে ঐসকল স্কুলগুলিকে ১৯৬৮-৬৯ হইতে ১৯৭০-৭১ সালের জন্য ঐ লাম্প গ্রাণ্টের টাকা দেওয়া হবে কি না ; এবং হইলে কবে নাগাদ দেওয়া সম্ভব হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ**

(ক) মেদিনীপুর জেলায় ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের বেতন মকুব বাবদ দুই লক্ষ পঁচিশ হাজার টাকা দেওয়া হইয়াছে এবং প্রায় আট লক্ষ টাকা অর্থের অভাবে দেওয়া বাকী আছে। আশা করা যায় যে, বাকী টাকা ১৯৭২-৭৩ সালে ভারত সরকারের নিকট হইতে পাওয়া যাইবে।

(খ) এই ব্যাপারে প্রায় ২০০ মাধ্যমিক বিদ্যালয়কে দুই লক্ষ কুড়ি হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে। ইহা ছাড়া, আরো ৫০টি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য প্রায় এক লক্ষ টাকার প্রয়োজন হইবে। এই বিষয়ে ১৯৭২-৭৩ সালে ভারত সরকারের অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন। প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য মেদিনীপুর জেলা স্কুল বোর্ডকে চার লক্ষ আশি হাজার টাকা দেওয়া হইয়াছে। ইহার মধ্যে একানব্বই হাজার টাকা খরচ হইয়াছে। বাকী ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়গুলি শীঘ্রই বোর্ড হইতে অর্থ সাহায্য পাইবে।

(গ) হ্যাঁ।

(ঘ) এইসব বিদ্যালয়গুলিকে ১৯৬৮-৬৯ এবং ১৯৬৯-৭০ সালের জন্য লাম্প গ্র্যাণ্ট দেওয়ার কোন পরিকল্পনা নাই।

## বনগাঁ মহকুমায় আশ্রিত শরণার্থী

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬।) **শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম চলাকালীন সরকারী হিসাব অনুসারে কত শরণার্থী বনগাঁ মহকুমায় আশ্রয় নিয়েছিলেন ; এবং

(খ) এই শরণার্থীদের মধ্যে কত সংখ্যক ক্যাম্পে এবং ক্যাম্প-বহির্ভূত আত্মীয়স্বজনের বাসায় আশ্রয় নিয়েছিলেন ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ**

(ক) ৫ লাখ ৯৪ হাজার ১ শত ৪০ জন ;

(খ) ক্যাম্পে ৪ লাখ ৮০ হাজার ১ শত ৬০ জন এবং ক্যাম্পের বাহিরে আত্মীয়স্বজনের বাসায় ১ লাখ ১৩ হাজার ৯ শত ৮০ জন ;

(গ) ২০ লাখ ৯০ হাজার ৬শত ৫৩ টাকা ক্যাম্প তৈরী করতে ব্যয় হয়েছে ; যে সকল কনট্রাক্টর ক্যাম্প তৈরীর অনুমতি পেয়েছিলেন তাঁদের নামের একটি তালিকা বিধানসভার টেবিলে পৃথকভাবে সংস্থাপিত করা হোল ;

(ঘ) ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া ক্যাম্পগুলিতে চাল ও গম সরবরাহ করেছিলেন। অন্যান্য দ্রব্যগুলি যে সকল কনট্রাক্টর সরবরাহ করেছিলেন তাঁদের নামের একটি তালিকা বিধানসভার টেবিলে সংস্থাপিত হোল।

শরণার্থীদের খাদ্য সরবরাহের ভার প্রথমে জনহিতকর প্রতিষ্ঠানগুলির উপর ন্যস্ত ছিল। গত ১লা অক্টোবর থেকে সরকারী তত্ত্বাবধানে খাদ্যদ্রব্য সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর টেণ্ডারের মাধ্যমে দ্রব্যাদি ক্রয়ের ব্যবস্থা হয়। বন্যা, দুষ্প্রাপ্যতা ও আকস্মিক মূল্যবৃদ্ধি হেতু টেণ্ডারের মাধ্যমে ক্রয়ে অসুবিধা সৃষ্টি হওয়ায়, জেলা কর্তৃপক্ষের নির্দেশানুসারে ক্যাম্প কমাণ্ডাণ্টগণ স্থানীয় সরবরাহকারীদের কাছ থেকে কোটেশন নিয়ে সর্বনিম্নমূল্যে উহা ক্রয় করেন।

(ঙ) সরবরাহকৃত প্রতিটি খাদ্যদ্রব্য যথাযথ হয়েছে কিনা তা পরখ করবার ভার ক্যাম্প কমাণ্ডাণ্টগণের উপর ন্যস্ত ছিল।

Annexure to Starred Assembly Question No. 116 by Shri Ajit Ganguly, M.L.A., showing the names of contractors appointed for construction of Camps for Bangladesh Evacuees :

| | | | |
|---|---|---|---|
| ১। | বনগাঁ প্যাণ্ডেল | ১৯। | ডি. সি. বোস |
| ২। | সরকার ষ্টোরস্ | ২০। | রসিক ঢালি |
| ৩। | সুশ্রী ডেকরেটরস্ | ২১। | অনিল ঘোষ |
| ৪। | ভট্টাচার্য এ্যাণ্ড কোং | ২২। | রঞ্জন বিশ্বাস |
| ৫। | সুশ্রী কনষ্ট্রাকশন | ২৩। | রক্ষিত এ্যাণ্ড কোং |
| ৬। | বঙ্কিম চন্দ্র | ২৪। | মিত্র এ্যাণ্ড রায় |
| ৭। | এ. কে. দত্ত | ২৫। | অলোক ঘোষ এ্যাণ্ড সাধু |
| ৮। | যতীন চন্দ্র | ২৬। | গৌতম চক্রবর্তী |
| ৯। | সমীর চন্দ্র | ২৭। | সুরেন বাইন |
| ১০। | ভেনিস্ ঘোষ | ২৮। | মুকুন্দ বিশ্বাস |
| ১১। | পঙ্কজ জোয়ারদার | ২৯। | সুশীল বিশ্বাস |
| ১২। | সতীশ ঘোষ | ৩০। | সিংহ এ্যাণ্ড কোং |
| ১৩। | নিরঞ্জন মজুমদার | ৩১। | চক্রবর্তী এ্যাণ্ড কোং |
| ১৪। | বোস এ্যাণ্ড ব্যানার্জী | ৩২। | ঘোষ এ্যাণ্ড বিশ্বাস এণ্টারপ্রাইজার |
| ১৫। | ঘোষ ইঞ্জিনীয়ারিং | ৩৩। | সরোজ বিশ্বাস |
| ১৬। | যতীন রায় | ৩৪। | গৌর দত্ত |
| ১৭। | মিলন ঘোষ | ৩৫। | সুভাষ মুখার্জী |
| ১৮। | প্রাণবল্লভ বিশ্বাস | | |

Annexure to Starred Assembly Question No. 116 by Shri Ajit Ganguly, M.L.A., showing the names of persons who supplied non-F. C. I. staff and other articles to the evacuees Camps in Bongaon Sub-division :

১। সত্য ঘোষ
২। মনোরঞ্জন গুহ
৩। সমীর মজুমদার
৪। বিনয়কুমার দাস
৫। জিতেন্দ্রনাথ সরকার
৬। হাজারিলাল সাহা
৭। চন্দ্রকান্তি সাহা
৮। নগেন্দ্রনাথ দাস
৯। অমূল্য সাহা
১০। দিনবন্ধু দাস
১১। ভোলানাথ দাস
১২। দিলীপকুমার দাস
১৩। কার্তিক দাস
১৪। দিলীপ বিশ্বাস
১৫। শ্রীমতী বিমলাবালা বিশ্বাস
১৬। নিধুবন শিকদার
১৭। মেসার্স রক্ষিত এ্যাণ্ড রায়
১৮। মেসার্স. আর. এস. সাহা
১৯। মেসার্স কালিকা এজেন্সি
২০। হরিপদ বিশ্বাস
২১। প্রকাশ আঢ্য
২২। চৈতন্যপদ বিশ্বাস
২৩। কেশবলাল বিশ্বাস
২৪। সমর মুখার্জী
২৫। অজিতকুমার বিশ্বাস
২৬। কানাইলাল সাহা
২৭। মানিকলাল দাস
২৮। কালাচাঁদ ঘোষ
২৯। রামচন্দ্র আঢ্য
৩০। রাজেন্দ্র বিশ্বাস
৩১। মণ্টু রায়
৩২। হরিবল্লভ দেবনাথ
৩৩। নির্মলচন্দ্র রায়
৩৪। নিখিল দাস
৩৫। গোবিন্দ হালদার
৩৬। বিষ্ণুপদ মণ্ডল
৩৭। রাধেশ্যাম পোত্রা
৩৮। সন্তোষ রায়
৩৯। কেনারাম মজুমদার
৪০। তারণ ঘোষ
৪১। ডি. সি. লাহিড়ী

## বাঁকুড়া জেলায় মহিলা কলেজ

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া সহরে বর্তমান বৎসরে যে মহিলা কলেজ চালু হওয়ার কথা ছিল তাহা বর্তমানে কি অবস্থায় আছে, এবং

(খ) ঐ কলেজ কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:**

(ক) ইহা বিবেচনাধীন আছে। বাঁকুড়া কলেজের প্রাতঃকালীন বিভাগটি মহিলা কলেজ হিসাবে বর্তমান চালু আছে। তবে এই শাখাটি একটি পৃথক স্বয়ংসম্পূর্ণ গভর্ণমেণ্ট স্পনসর্ড মহিলা কলেজে রূপান্তরিত করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) বিবেচনা ফলপ্রসূ হইলে প্রস্তাবটি যথাশীঘ্র সম্ভব কার্যকরী করার জন্য চেষ্টা করা হইতেছে।

## হাইস্কুল ও জুনিয়ার হাইস্কুলের অনুমোদন

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১। বর্তমান বৎসরে (১৯৭১-৭২) কতগুলি হাই এবং জুনিয়ার হাইস্কুলের অনুমোদন দেওয়া হইয়াছে;

২। কতগুলি আবেদন পত্র এখনও অনুমোদনের অপেক্ষায় রহিয়াছে; এবং

৩। উক্ত বিদ্যালয়গুলির অনুমোদনের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:**

১। পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন দিয়া থাকেন। পরিদর্শনের পর অনুমোদনের জন্য যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে শিক্ষা অধিকর্তার দপ্তর হইতে সুপারিশ করা হইয়াছে তাহাদের সংখ্যা হইতেছে:—

| | বৎসর | বালক বিদ্যালয় | বালিকা বিদ্যালয় | মোট |
|---|---|---|---|---|
| (ক) হাইস্কুল ১০ম শ্রেণী যুক্ত | ১-১-৭১ হইতে | ৪৭ | ২৫ | ৭২ |
| ঐ | ১-১-৭২ হইতে | ২২ | ৪ | ২৬ |
| (খ) জুনিয়র হাই স্কুল ৪র্থ শ্রেণী যুক্ত—৫ম হইতে ৮ম শ্রেণী | ১-১-৭১ হইতে | ২৬৪ | ৮৩ | ৩৪৭ |
| ঐ | ১-১-৭২ হইতে | ১৫১ | — | ১৫১ |
| (গ) জুনিয়র হাই স্কুল ২য় শ্রেণী যুক্ত—৫ম ও ৬ষ্ঠ শ্রেণী | ১-১-৭১ হইতে | ১৮৩ | ২৬ | ২০৯ |
| ঐ | ১-১-৭২ হইতে | ১২২ | – | ১২২ |
| (ক) হাই স্কুল ১০ম শ্রেণী যুক্ত | ১-১-৭২ হইতে | ১৬৫ | ১৮ | ১৮৩ |
| (খ) জুনিয়র হাই স্কুল ৫ম হইতে ৮ম শ্রেণী | ১-১-৭২ হইতে | ১১০ | ৪৩ | ১৫৩ |
| (গ) জুনিয়র হাই স্কুল ৫ম ও ৬ষ্ঠ শ্রেণী যুক্ত | ১-১-৭২ হইতে | ১৫০ | ৩০ | ১৮০ |

৩। মাধ্যমিক বিদ্যালয়গুলি এ পর্যন্ত জনসাধারণের উদ্যমেই স্থাপিত হইতেছে। কিন্তু ইহা লক্ষ্য করা যাইতেছে যে অনেক স্থানেই এই বিদ্যালয়গুলি কোন সুনির্দিষ্ট পরিকল্পনা ছাড়াই স্থাপিত হইতেছে। ফলে যেথানে বিদ্যালয়ের প্রয়োজন নাই, সেই অঞ্চলে বিদ্যালয় স্থাপিত হইতেছে। আবার যে অঞ্চলে বিদ্যালয়ের প্রয়োজন আছে, সেখানে বিদ্যালয় স্থাপিত হইতেছে না। সেইজন্য নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য একটি সমীক্ষা করা প্রয়োজন। এই সমীক্ষার পরে যে সমস্ত বিদ্যালয়গুলির প্রয়োজনীয়তা আছে তাহা স্থির করিয়া পরিদর্শনের পর আর্থিক সঙ্গতি অনুসারে উপযুক্ত বিদ্যালয়গুলিকে অনুমোদনের জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইবে। এই সমীক্ষার কাজ শীঘ্রই আরম্ভ করা হইবে।

## পশ্চিবঙ্গে শরণার্থীর সংখ্যা

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩।) **ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস:** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত পাক-ভারত গোলযোগের সময় পশ্চিমবঙ্গে মোট কতজন শরণার্থী আগমন করেছিল;

(খ) কোন্ জেলায় কত শরণার্থীর বসবাসের ব্যবস্থা করা হয়েছিল; এবং

(গ) শরণার্থীদের দেখাশোনার জন্য পশ্চিমবঙ্গ সরকারের মোট কত টাকা এ পর্যন্ত খরচ হয়েছে?

**শ্রীসন্তোষ কুমার রায়:**

(ক) ৭৪ লক্ষ ৯৩ হাজার ৪ শত ৭৪ জন;

(খ) বিধানসভার টেবিলে জেলাওয়ারি শরণার্থী অবস্থানের হিসাব রাখা আছে;

(গ) সংশ্লিষ্ট জেলাগুলি হইতে সম্পূর্ণ হিসাব প্রস্তুত না হওয়ায় ব্যয়ের সঠিক অঙ্ক বলা সম্ভব নয়। তবে গত ৩১শে মার্চ পর্যন্ত মোট প্রায় ৯৩ কোটি টাকা জেলাশাসকদের অনুকূলে বণ্টন হইয়াছে।

*Statement referred to in reply to clause (kha) of starred question No. 112.*

**Progressive total of Refugee gone back to Bangladesh**

*Report sent on 1972*

| (I) District | (II) No. of camp refugees (on 17-12-71) | (III) No. of non-camp refugees (on 17-12.71) | (IV) Total (of II &III). | (V) No. gone back to Bangladesh (since 18-12-71). |
|---|---|---|---|---|
| 1. 24-Pargans | 15,01,834 | 5,25,879 | 20,27,713 | |
| 2. Nadia | 9,99,120 | 1,25,000 | 11,24,120 | |
| 3. Murshidabad | 3,35,121 | 1,38,826 | 4,73,947 | |
| 4. Maldah | 1,34,431 | 2,61,012 | 3,95,443 | |
| 5. West Dinajpur | 13.62,639 | 4,43,923 | 18,06,562 | |
| 6. Darjeeeling (Siliguri) | 9,356 | 11,147 | 20,503 | |
| 7. Jalpaiguri | 1,84,450 | 4,96,492 | 6,80,942 | |
| 8. Cooch Behar | 4,54,207 | 3,58,883 | 9,13,090 | |
| 9. Midnapore | 1,16,274 | Nil | 1,16,274 | |
| 10. Bankura | 89,166 | Nil | 89,166 | |
| 11. Purulia | 29,746 | Nil | 29,746 | |
| 12. Hooghly | Nil | 14,433 | 14,433 | |
| 13. Burdwan | Nil | 10,535 | 10,535 | |
| Total; | 51,07,344* | 23,86,130 | 74,93,474 | |

*Less dispersal to outside West Bengal: 2,57,558

N.B. Average daily exodus this month.

Memo No. /1(15)/STS. Dated, the 1972.

Copy forwarded to :—

1. Chief Secretary to the Government of Wess Bengal.
2. Secretary, Home Department.
3. Secretary, Food Department.
4. Secretary to the Governor.
5. Secretary, Finance Department.
6. Jt. Secretary R. & R. Department.
7. Dy. Director of Public Health Department.
8. Dy. Secretary to the Government of India, Department of Rehabilitation.
9. Asstt. Secretary, R R. & R. Department.
10. Secretary, R. R. & R. Department.
11. P. A. to R. R. C., West Bengal.
12. Financial Adviser, R. R. & R. Department.
13. Regional Manager Food Corporation of India.
14. Dy. Director (D. D. P. & S), 11A, Free School Street, Calcutta.
15. D. I. G. (Evacuees), I. B., West Bengal.

for **Refugee Rehabilitation Commissioner,**
**West Bengal.**

## নদীয়া জেলা স্কুলবোর্ডের অফিস বাড়ি

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নদীয়া জেলা স্কুলবোর্ডের—(১) বর্তমান অফিস বাড়ীটি বাসোপযোগী নহে; এবং

(খ) বিগত বর্ষায় উক্ত অফিসের বই খাতাপত্র বর্ষার জলে বিনষ্ট হইয়াছে; (খ) সত্য হইলে উক্ত বাড়ীটি সংস্কারের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে, কবে নাগাদ উহার কাজ শুরু হইবে?

**The Minister for Education :**

(ক) (১) বর্তমানে যে বাড়ীতে জেলা স্কুলবোর্ডের অফিস রহিয়াছে, উহা জীর্ণ অবস্থায় আছে। ঐ বাড়ীটি স্কুলবোর্ডের নিজস্ব নহে, উহা শিক্ষা বিভাগ হইতে ডি. এল. রায় ট্রেনিং ইন্‌স্টিটিউট (মহিলাদের) এর জন্য উপযোগী করিয়া লইবার কথা। উক্ত ইনস্টিটিউট বর্তমানে যে ভাড়া বাড়ীতে আছে, উহার অবস্থাও জীর্ণ এবং পরিবর্তন প্রয়োজন।

(২) ঐ বাড়ীতে দুইটি অফিস ছিল—জেলা বিদ্যালয় পরিদর্শক এবং জেলা বিদ্যালয় পর্ষদ। অফিসের শঙ্কাজনক অবস্থার জন্য এবং কিছু ক্ষতির জন্য জেলা বিদ্যালয় পরিদর্শকের অফিস স্থানীয় লিনিয়েট স্কুলের হোষ্টেলে (খালি অবস্থায়) সরাইয়া লওয়া হইয়াছে।

(খ) বাড়ীটি সংস্কারের জন্য প্রস্তাব আসিয়াছে এবং উহা সরকারের বিবেচনাধীন আছে।

## UNSTARRED QUESTIONS
**(to which written answers were laid on the table)**

### কালীনগরে রসুলপুর নদীর উপর পুল নির্মাণ

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪) **শ্রীসুধীরচন্দ্র দাস**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত রসুলপুর নদীর উপর কালীনগরে যে পুলটি তৈয়ারী হইতেছে তাহার জন্য কত টাকা বরাদ্দ ছিল এবং কোন সালে উহার নির্মাণকার্য শেষ হওয়ার কথা ছিল;

(খ) ঐ পুলটি নির্মাণের কাজ কবে নাগাদ শেষ হইবে; এবং

(গ) ঐ পুলটির জন্য কোন অতিরিক্ত টাকা বরাদ্দ হইয়াছে কি না এবং হইলে কত?

**The Minister for Public Works:**

(ক) ১০,৪৮,৯০০ টাকা বরাদ্দ ছিল এবং ১৯৬৫ সালে শেষ হওয়ার কথা ছিল।

(খ) আশা করা যায় ১৯৭২ সালের জুলাই মাসের মধ্যে।

(গ) হাঁা, ১৯৭১-৭২ সাল অবধি মোট ২,৯৬,২০০ টাকা মঞ্জুরীকৃত অর্থের উপর অতিরিক্ত বরাদ্দ করা হইয়াছে।

### বহরমপুর পৌরসভার ১৩নং জোনের রাস্তা

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭।) **শ্রীশংকরদাস পাল**: মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বহরমপুর পৌরসভার ১৩ নং জোন-এর অধীন অমর চক্রবর্তী রোড হইতে বিষ্ণুপুর বিলের ধার দিয়া পেলখানা রোড পর্যন্ত বহরমপুর শহরের দ্বিতীয় সড়ক নির্মাণ বহু প্রত্যাশিত এবং এ কারণে তিনভাগ জমি পাওয়া সত্ত্বেও ঐ রাস্তার নির্মাণকার্য এখনও শুরু হয় নাই; এবং

(খ) অবগত থাকিলে, (১) নির্মাণকার্য আরম্ভ না হওয়ার কারণ কি, এবং (২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**The Mintster ´or Municipal Services:**

(ক) হাঁা।

(খ) (১) পৌর তহবিলে অর্থের অভাব।

(২) পৌরসভা সরকারী অনুদান চাহিয়া যে প্রস্তাব করিয়াছেন, সরকার তাহা পরীক্ষা করিয়া যথাযোগ্য নির্দেশ দিবেন

### কুপার্স ক্যাম্পের উন্নয়ন

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩।) **শ্রীনিতাইপদ সরকার**: উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কেন্দ্রীয় সরকার নিযুক্ত রিভ্যু কমিটি নদীয়া জেলার কুপার্স ক্যাম্পকে একটি শিল্প উপনগরী হিসাবে গড়িয়া তুলিবার প্রস্তাব করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি কি কার্যকরী পরিকল্পনা গ্রহণের কথা বিবেচনা করিতেছেন ?

**The Minister for Refugee Rehabilitation :**

(ক) কুপার্স ক্যাম্প অঞ্চলে শিল্প-উপনগরী স্থাপনের বিষয়টি বিচার-বিশ্লেষণ করিবার জন্য রিভ্যু কমিটি সুপারিশ করিয়াছেন ;

(খ) রিহ্যাবিলিটেশন ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন কর্তৃক শিল্প স্থাপনের জন্য প্রায় ৪০ একর জমি উক্ত অঞ্চলে দেওয়া হইয়াছে। ইতিমধ্যে একটি কার্ডবোর্ড ও একটি চীনামাটির কারখানা স্থাপিত হইয়াছে। সাবান, রুটি, তাঁতবস্ত্র, মাদুর, গেঞ্জি প্রভৃতি তৈরীর কারখানা স্থাপনের সম্ভাবনা রিভ্যু কমিটির শিল্পশাখা আপাততঃ বিচার-বিবেচনা করিতেছেন। অতীতে স্থানীয় শিল্প-উদ্যোগী ব্যক্তিদের সহায়তা করিয়া কোন কোন শিল্প স্থাপনের যে চেষ্টা হইয়াছিল প্রধানতঃ বৈদ্যুতিক শক্তির অভাবেই সফল হয় নাই।

## পৌরসভা বাতিল

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০১।) **শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ** মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৭১-৭২ সালের ২৫শে মার্চ পর্যন্ত জেলাভিত্তিক কয়টি পৌরসভা বাতিল করা হইয়াছে ;

(খ) ঐ পৌরসভাগুলির নাম এবং বাতিলের কারণ ; এবং

(গ) ঐ পৌরসভাগুলির নির্বাচনের জন্য সরকার চিন্তা করিতেছেন কি না এবং করিয়া থাকিলে কোন্‌টির কবে নির্বাচন হইবে ?

**The Minister for Municipal Services :**

(ক) মোট পাঁচটি। দার্জিলিং জেলায় দু'টি। হুগলী, হাওড়া ও বীরভূম জেলার প্রতি জেলাতে একটি।

(খ) **দার্জিলিংঃ** ১৯৭০ সালের ৬ই এবং ১৩ই সেপ্টেম্বর দার্জিলিং পৌরসভার সাধারণ নির্বাচন হয়। এই নির্বাচনের বিরুদ্ধে ভারতীয় সংবিধানের ২২৬ অনুচ্ছেদ অনুসারে হাইকোর্টে মামলা হয়। হাইকোর্ট এক অন্তবর্তী আদেশনামায় নির্বাচিত পৌর সদস্যদের শপথ গ্রহণ হইতে বিরত করেন। পৌরসভার কাজকর্ম অচল হওয়ায় পুরান পৌর সদস্যদের ২৮এ ডিসেম্বর ১৯৭০ তারিখ হইতে বাতিল করা হয়।

**শিলিগুড়িঃ** ১৯৬৪ সালের ২৬এ ফেব্রুয়ারীতে এই পৌরসভার সাধারণ নির্বাচন হয়। কলিকাতা হাইকোর্ট সতের সম্বর ওয়ার্ডের নির্বাচন বাতিল ঘোষণা করেন। এই আদেশের বিরুদ্ধে আপীল হয়। হাইকোর্ট এই ওয়ার্ডের জন্য নূতন নির্বাচনের আদেশ দেন এবং এই নির্বাচনের ফলাফল প্রকাশ স্থগিত রাখতে নির্দেশ দেন যতক্ষণ না উক্ত আপীলের রায় হয়। নির্বাচনের আংশিক ফল প্রকাশ আইনগত বাধা থাকায় সরকার ফল প্রকাশ করিতে অক্ষম হয়। ইতিমধ্যে পুরান ১৯ জন পৌর সদস্যের মধ্যে চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান সহ ১৪ জন সদস্য পদত্যাগ করেন। পৌরসভা অচল হওয়ায় সরকার ঐ পৌরসভা ১লা জুন ১৯৬৯ তারিখ হইতে বাতিল করেন।

**উত্তরপাড়া-কোতরং :** হুগলী জেলার উত্তরপাড়া-কোতরং পৌরসভায় কিছুদিন থেকে আভ্যন্তরীণ গণ্ডগোল চলিতে থাকে, যার ফলে কাজকর্ম ঠিকমত হয় না। তা ছাড়া অর্থ নৈতিক অব্যবস্থাও চলিতে থাকে। করদাতাগণ তাহাদের উপযুক্ত পৌর সুবিধাগুলি হইতে বঞ্চিত হন। এই অবস্থা ১৯৬৬ সালের আগষ্ট মাসে চরমে উঠে। সরকার বাধ্য হইয়া ২২এ আগষ্ট, ১৯৬৬ সাল হইতে উক্ত পৌরসভা বাতিল করেন।

**বালী :** হাওড়া জেলার এই গুরুত্বপূর্ণ পৌরসভাটিতে বেশ কিছুকাল অব্যবস্থা চলিতে থাকিলে সরকার স্থানীয় অফিসারদের দ্বারা অনুসন্ধান করান। আর্থিক দৈন্য ও আভ্যন্তরীণ গণ্ডগোল চলিতে থাকিলে করদাতাগণ বিশেষ অসুবিধায় পড়েন। তাই সরকার ১৯৬৩ সালের ২রা জানুয়ারীতে এই পৌরসভা বাতিল করেন।

**বোলপুর :** বীরভূম জেলার এই পৌরসভা পৌর সদস্যদের অবহেলার জন্য চরম অর্থকষ্টে পতিত হয়। তা ছাড়া পৌর সদস্যরা পৌরসভা পরিচালনে গাফিলতির পরিচয় দেন। পৌর ফাণ্ড তছরুপ হয় এমন খবরও সরকারের হস্তগত হয়। এমতাবস্থায় সরকার পৌরবাসীর স্বার্থে উক্ত সভা ১৯৬৯ সালের ১০ই সেপ্টেম্বর থেকে বাতিল করেন।

(গ) নির্বাচনের জন্য সরকার চিন্তা করিতেছেন। কিন্তু বিভিন্ন কারণে নির্বাচনের দিন এখন পর্যন্ত ধার্য হয় নাই।

## হুগলী নদীর উপর দ্বিতীয় সেতু নির্মাণ প্রকল্প

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০০।) **শ্রীঅশ্বিনী রায় :** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলিকাতায় হুগলী নদীর দ্বিতীয় সেতু নির্মাণের প্রকল্পটি চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) নির্মাণের স্থান,

(২) মোট ব্যয় ; ও

(৩) প্রকল্পের অগ্রগতি ?

**The Minister for Planning and Development :**

(ক) হ্যাঁ।

(খ) (১) কলিকাতার দিকে প্রিন্সেপ ঘাটের নিকটে।

(২) আনুমানিক ২৮ কোটি ২৯ লক্ষ টাকা।

(৩) কারিগরি সংস্থাগুলির নিকট লেটার অফ ইণ্টেণ্ট এবং চুক্তিপত্র পাঠাইয়া দেওয়া হইয়াছে, চুক্তিপত্রে তাহাদের সম্মতি পাইলেই কার্য আরম্ভ করিবার আদেশ দেওয়া হইবে।

## পঞ্চায়েত আইন

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪।) **শ্রীঅশ্বিনী রায় :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন পরিবর্তনের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে মন্ত্রিমহোদয় পরিবর্তনের মূল বিষয় ও সম্ভাব্য সময়ের আভাষ দিতে পারবেন কি ?

**The Minister for Panchayats :**

(ক) ও (খ) হ্যাঁ। সমগ্র বিষয়টি পরীক্ষা করে দেখা হচ্ছে এবং যত সত্বর সম্ভব সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## আহমদপুর চিনি কল

২০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬।) **শ্রীহরশংকর ভট্টাচার্য** : বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি --

(ক) ইহা কি সত্য যে আহমদপুর চিনি কলটি বন্ধ আছে ;

(খ) সত্য হইলে (১) কতদিন যাবত বন্ধ আছে, ও

(২) বন্ধের কারণ কি ; এবং

(গ) ঐ কলটি খোলার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি না এবং করিয়া থাকিলে কবে নাগাদ খুলবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Closed and Sick Industries :**

(ক) হ্যাঁ।

(খ) (১) প্রায় সাত বৎসর যাবত।

(২) প্রধানতঃ অর্থ নৈতিক দুরবস্থা।

(গ) কলটি খোলার প্রশ্ন রাজ্যসরকারের বিবেচনাধীন আছে। কবে খুলিবে তাহা সঠিক ভাবে এখনই বলা সম্ভব নয়।

## নেতাজী কলোনী উন্নয়ন

২১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮।) **শ্রীশিবপদ ভট্টাচার্য** : উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরাহনগর নেতাজী কলোনীর উন্নয়ন সম্পর্কে সরকারী সিদ্ধান্ত গৃহীত হইয়াছে কি না ;

(খ) হইয়া থাকিলে এখনও পর্যন্ত কোন উন্নয়ন কার্য শুরু না হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ এই কার্য শুরু এবং শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Refugee Rehabilitation :**

(ক) হ্যাঁ।

(খ) উন্নয়নের প্রাক্কলন ইত্যাদি নির্মাণ পর্ষদের বিবেচনাধীন থাকায় কার্য শুরু হইতে পারিতেছে না।

(গ) তৎপরতার সহিত বিষয়টির নিষ্পত্তির চেষ্টা হইতেছে। শীঘ্রই কার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়।

## সংশোধিত জোতের সীমা ও উদ্বৃত্ত জমি

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২।) **শ্রীঅশ্বিনী রায়** : ভূমির ব্যবহার ও সংস্কার বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পরিবারভিত্তিক জোতের সীমার (১৯৭০ সালের সংশোধিত ভূমি সংস্কার আইন) অনুযায়ী জেলাওয়ারী উদ্বৃত্ত জমির পরিমাণ ; এবং

(খ) উক্ত জমির মধ্যে আবাদযোগ্য জমির পরিমাণ কত ?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) ও (খ) ১৯৭১ সালের (১৯৭০ নহে) ভূমি সংস্কার (সংশোধন) আইনের পরিবারভিত্তিক জমির উর্ধ সীমা নির্ধারণের বিধান আছে। মহামান্য হাইকোর্টে ঐ আইনের বৈধতা চ্যালেঞ্জ করা হইলে হাইকোর্টে ঐ আইনের বিধানগুলি কার্যকর করা হইতে বিরত থাকার জন্য সরকারের প্রতি একটি নিষেধাজ্ঞা (ইনজাংশন) জারী করিয়াছিলেন। ফলে ঐ আইনের ১৪টি (৩) ধারা অনুসারে অতিরিক্ত জমির মালিক রায়তের উদ্বৃত্ত জমির পরিমাণ নির্ধারণ বন্ধ ছিল। এমতাবস্থায় জেলাওয়ারী উদ্বৃত্ত জমির ও তন্মধ্যে আবাদযোগ্য জমির পরিমাণ বলা সম্ভব নহে। মাত্র ২৯এ মার্চ, ১৯৭২ তারিখে হাইকোর্টের উক্ত নিষেধাজ্ঞা সংশোধিত হইয়াছে। সংশোধিত নিষেধাজ্ঞা (ইনজাংশন) অনুসারে যে সকল জমির মালিক হাইকোটে আবেদন করিয়াছেন মাত্র তাঁহাদের জমি সম্বন্ধে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হইবে।

## শ্যামপুর থানায় উচ্চ ফলনশীল চাষের জন্য গভীর নলকূপ

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫।) **শ্রীশিশিরকুমার সেন**: কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার শ্যামপুর থানার উচ্চ ফলনশীল চাষের ব্যাপক প্রসারে এবং জলের চাহিদা পূরণের জন্য "গভীর নলকূপ" বসানোর বিষয় সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকিলে মোট কয়টি নলকূপ বসান হইবে এবং তাহার কাজ কবে নাগাদ শুরু হইবে?

**The Minister for Agriculture :**

(ক) আরও অধিকসংখ্যক গভীর নলকূপ বসাইবার ইচ্ছা সরকারের আছে। কিন্তু ১৯৭২-৭৩ সালে বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না হওয়ায় বর্তমান বৎসরের জন্য কোনও স্কীম এ পর্যন্ত নির্দিষ্ট করা হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

## বিশ্ববিদ্যালয়ের সিনেটে ও অন্যান্য সমিতিতে ছাত্র প্রতিনিধিত্ব

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১।) **শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের বিশ্ববিদ্যালয়সমূহের সেনেট, সিণ্ডিকেট ও এ্যাকাডেমিক কাউন্সিলে ছাত্র ও অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্বের জন্য রাজ্যসরকার চিন্তা করছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কি?

**The Minister for Education :**

বিশ্ববিদ্যালয় সেনেট, সিণ্ডিকেট ও এ্যাকাডেমিক কাউন্সিলে ছাত্র প্রতিনিধিত্বের বিষয় বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ বিশেষভাবে চিন্তা করে দেখছেন। এ বিষয়ে যে কমিটি গঠিত হয় সেই কমিটি প্রথমে বিশ্ববিদ্যালয়ের সেনেট অথবা কোর্টে অন্যান্য প্রতিনিধিদের মত ছাত্র প্রতিনিধিদের যোগদানের পক্ষপাতী। এই নূতন ব্যবস্থায় ভাল ফল হলে ক্রমে ক্রমে কর্মসমিতি (একজিকিউটিভ কাউন্সিল), শিক্ষা-সমিতি (এ্যাকোডেমিক কাউন্সিল) প্রভৃতিতেও ছাত্র প্রতিনিধি

নেওয়ার সুপারিশ তাঁরা করেছেন। কমিটির নাম "কমিটি অন গভর্ন্যান্স অফ ইউনিভার্সিটিস" এবং ডাঃ পি.বি.গজেন্দ্রগাদকার এর সভাপতি ছিলেন। এই বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্বের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

## সন্দেশখালিতে টেক্‌নিক্যাল স্কুল

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২।) **শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশখালি থানার হাটগাছা-খুলনা অঞ্চলে একটি জুনিয়ার টেক্‌নিক্যাল স্কুল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে এই পরিকল্পনা কার্যকরী করার জন্য এ পর্যন্ত কি ব্যবস্থা করা হয়েছে ?

**The Minister for Education:**

(ক) বর্তমানে সরকারের এরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত্যু

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬।) **শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল**: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৭০ ও ১৯৭১ সালে সুন্দরবনে কতজন কাঠুরিয়া, জেলে এবং মধু সংগ্রহকারী বাঘের আক্রমণে মারা গেছেন, এবং

(খ) বাঘের আক্রমণ হইতে ঐ সমস্ত শ্রমজীবীদের রক্ষার জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কি ?

**The Minister for Forests:**

(ক) প্রাপ্ত সংবাদের ভিত্তিতে ১৯৭০ এবং ১৯৭১ সালে সুন্দরবনে বাঘের আক্রমণে মৃতের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:

| সন | মৃতের সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | কাঠুরিয়া | জেলে | মধু সংগ্রহকারী | মোট |
| ১৯৭০ | ৭ | ১৫ | ৭ | ২৯ |
| ১৯৭১ | ৩ | ১২ | ১২ | ২৭ |

(খ) হ্যাঁ। প্রবর্তিত রীতি অনুযায়ী সুন্দরবনে প্রবেশের পূর্বে সমস্ত অনুমতি পত্র প্রাপ্ত ব্যক্তিদিগকেই বাঘ বিতাড়নের জন্য পটকা ইত্যাদি দেওয়া হইয়া থাকে। ইহা ছাড়াও অনুমতি পত্র প্রাপ্ত ব্যক্তি ও তাহাদের নিযুক্ত লোকজনকে বনের মধ্যে সাবধানে চলাফেরা করিবার জন্য সতর্ক করিয়া দেওয়া হয় এবং বৈকাল ৪টার মধ্যে নৌকায় ফিরিবার জন্য উপদেশ দেওয়া হয়। অধিকন্তু ইচ্ছুক শিকারীদিগকে নর খাদক ব্যাঘ মারিবার অনুমতিপত্র দেওয়া হইয়া থাকে।

## বন অবক্ষয় প্রতিরোধ

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯।) **শ্রীঠাকুরদাস মাহাতো**: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার পুরানো জঙ্গলগুলির দ্রুত অবক্ষয় প্রতিরোধের জন্য কোন কার্যকরী ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কিনা ; এবং

খ) করে থাকলে কি ভাবে তা বাস্তবায়িত হবে ?

**The Minister or Forests :**

(ক) হ্যাঁ।

(খ) বিজ্ঞানসম্মত উপায়ে পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত প্রকল্পের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা করা হইতেছে এবং উহার রূপায়ণ নির্ভর করিতেছে যথাযথ আর্থিক বরাদ্দের উপর।

## কংসাবতী ক্যানেল এলাকায় পতিত জমি চাষ

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬।) **শ্রীঠাকুরদাস মাহাতো :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী ক্যানেল প্রবাহিত এলাকায় বন বিভাগের যে পতিত জমি দরিদ্র কৃষকেরা কৃষিযোগ্য করিয়া বাসাবাদ করিতেছে সেই জমি দখলকার চাষীদের বৈধভাবে প্রদান করিবার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর ইতিবাচক হইলে ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক সে বিষয়ে কোন আলোকপাত করিবেন কি ?

**The Minister for Forests :**

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবিত এলাকায় দখলীকৃত চাষাবাদী জমি থাকিলে ঐসব জমি কি প্রকারে বণ্টন করা হইবে সেই বিষয়ে বিগত ২৬এ জুন, ১৯৬৯ তারিখে মন্ত্রিমণ্ডলীর বৈঠকে সিদ্ধান্ত হইয়াছে এবং সেই অনুসারে বিষয়গুলি বিবেচিত হইতেছে। কৃষিযোগ্য বলিয়া কোন জমি বিবেচিত হইলে উহা ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগকে হস্তান্তর করা হইবে এবং উক্ত বিভাগই পরবর্তী বণ্টন প্রভৃতির কাজ করিবেন।

## রানাঘাট-বগুলা রাস্তার উন্নয়ন

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫।) **শ্রীনিতাইপদ সরকার :** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট-বগুলা রাস্তাটির (ভায়া চুর্ণী, রঘুনাথপুর, বারহাট্টা, বহিরগাছি) উন্নয়নের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত রাস্তাটির কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works :**

(ক) এবং (খ) এই রাস্তার রানাঘাট-আড়ংঘাটা অংশটি উন্নয়নের একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীনে আছে। সার্ভে করার পর এই কাজের এষ্টিমেট কত টাকা দাঁড়ায় এবং অর্থ বরাদ্দ কতটা পাওয়া যায় তাহার উপর কাজ শুরু হওয়া নির্ভর করিতেছে।

## তফসীলী-আদিবাসী ছাত্র-ছাত্রীগণের ষ্টাইপেণ্ড

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬।) **শ্রীনিতাইপদ সরকার :** তফসীলী ও আদিবাসী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) উচ্চতর শিক্ষার ক্ষেত্রে সমস্ত তফসীলী ও আদিবাসী শ্রেণীর ছাত্র-ছাত্রীগণ ষ্টাইপেণ্ডের সুযোগ পাইয়া থাকেন,

২) মাধ্যমিকস্তরে পঞ্চম শ্রেণী হইতে একাদশ পর্যন্ত উক্ত সম্প্রদায়ের সমুদয় ছাত্র-ছাত্রীগণ উক্ত ষ্টাইপেণ্ডের সুযোগ পান কি ; এবং

(খ) না পাইয়া থাকিলে তাহার কারণ কি ?

**The Minister for Scheduled Casts and Tribes Welfare :**

(ক) (১) ভারত সরকার কর্তৃক প্রবর্তিত নিয়মানুযায়ী যাহারা ষ্টাইপেণ্ড পাওয়ার উপযুক্ত তাহাদের সকলকেই উহা দেওয়া হয়।

(২) না।

(খ) অর্থাভাবের জন্য সকলকে ষ্টাইপেণ্ড দেওয়া সম্ভব না হওয়ায় বাছাই করিয়া ষ্টাইপেণ্ড দিবার নীতি অবলম্বন করিতে হইয়াছে।

### বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় কৃষি-ঋণ ও গো-ক্রয় ঋণ

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫) **শ্রীনিতাইপদ সরকার:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় কৃষিঋণ ও গো-ক্রয় ঋণের বিলি-বণ্টন কি ভিত্তিতে করা হইতেছে ?

**The Minister for Agriculture :**

ক্ষতিগ্রস্ত চাষীদের বীজ কিনিবার এবং গৃহনির্মাণের জন্য ১৮৮৪ সালের এগ্রিকালচারিষ্টস লোনস অ্যাক্ট এবং তদনুযায়ী প্রণীত নিয়মাবলী অনুসারে কৃষি-ঋণ দেওয়া হইয়াছে। ক্ষতিগ্রস্ত পান বরোজ মালিকদেরও উক্ত আইন এবং নিয়মাবলী অনুসারে কৃষিঋণ দেওয়া হইয়াছে।

ক্ষতিগ্রস্ত এলাকায় বলদ ক্রয় ঋণও বিতরণ করা হইয়াছে। এক্ষেত্রে উক্ত নিয়মাবলীর ২৭নং নিয়মানুসারে ঋণ দেওয়া হইয়াছে।

### মালদহে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য কৃষিঋণ

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪।) **শ্রীযোগীলাল মণ্ডল:** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের বিভিন্ন প্রকার কৃষি-ঋণ দেওয়ার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর যদি হ্যাঁ হয় তবে কবে নাগাদ কৃষকরা উক্ত ঋণ পেতে পারেন বলে আশা করা যায় ; এবং

(গ) মাথাপিছু কত টাকা কৃষি-ঋণ দেওয়া হবে বলে আশা করা যায় ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) বর্তমানে কৃষি-ঋণ দেওয়ার কোন প্রস্তাব সরকারের বিবেচনধীন নাই। গত বৎসর নিম্নলিখিত খাতে মোট ৯৬,০০,০০০ টাকা কৃষি-ঋণ মালদহ জেলাশাসককে দেওয়া হইয়াছিল:

| | | |
|---|---|---|
| বীজ ক্রয় বাবদ | ... | ৯৫,০০,০০০ টাকা |
| পান বরোজ মালিকদের জন্য | ... | ১,০০,০০০ টাকা |
| | মোট— | ৯৬,০০,০০০ টাকা |

জেলাশাসকের প্রস্তাব পাইলে কৃষি-ঋণ দেওয়ার বিষয় বিবেচনা করা যাইতে পারে।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

## মোটর টায়ারের অভাব ও সরবরাহ

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮।) **শ্রীশঙ্করদাস পাল** : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলায় মোটর টায়ারের অভাবে সম্প্রতি বহুসংখ্যক গাড়ী অচল হইয়া গিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে উচিত মূল্যে টায়ার সরবরাহের কি ব্যবস্থা সরকার করিয়াছেন ?

**The Minister for Home ( Transport ) :**

(ক) হ্যাঁ। মুর্শিদাবাদসহ পশ্চিমবঙ্গের সর্বত্র বৃহদাকারের টায়ারের অভাব সম্বন্ধে সরকার অবহিত আছেন।

(খ) খাদ্য ও সরবরাহ বিভাগের মাধ্যমে টায়ারের বিলি-বণ্টন করা হইয়া থাকে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 8 Notices of Calling Attention on the following subjects :—

(1) Taking over of the hospital at Sanctoria under Asansol Subdivision by the Government—from Shri Ananda Gopal Mukherjee;

(2) Acute scarcity of drinking water in Howrah Town—from Shri Mrigendra Mukherjee, Shri Krishnapada Roy and Shri Sisir Sen ;

(3) Lack of aid to the cyclone affected persons in Block-II of Jalangi and Raninagar, in the district of Murshidabad—frow Shri Abdul Bari Biswas;

(4) Failure of Police to track the culprits in connection with the murder of Congressmen at Chakdah, district Malda—from Shri Rajani Kanta Doloi ;

(5) Closure of Kolay Iron & Steel Co., Kankinara—from Tapan Chatterjee ;

(6) Issue of bogus appointment letters from the office of the Director of Health Services—from Shri Kashinath Misra ;

(7) Repair of derelict tubewells in villages—from Shri Balai Lal Sheth ;

(8) Threatened strike in 61 Jute Mills of West Bengal from 8th May, 1972 —from Shri Sukumar Bandopadhyay.

I have selected the notices of Shri Mrigendra Mukherjee, Shri Krishnapada Roy and Shri Sisir Sen on the subject of acute scarcity of drinking water in Howrah town. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible or give a date for the same

**Shri Gyan Singh Sohanpal :** On Monday, the 24th, Sir.

## MENTION CASES

**শ্রীসরোজ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র একটা টেলিগ্রাম এসেছে, আমাদের ডেপুটি লিডার কমরেড বিশ্বনাথ মুখার্জীর নামে, সেটা মিনিষ্টার-ইনচার্জ রিলিফ, তাঁকে দেওয়ার জন্য এসেছে। ওয়েষ্ট দিনাজপুরের একজন প্রধানের কাছ থেকে, তার নাম শ্রীঅনিল চক্রবর্তী সেটা আমি পড়ছি। "16 Houses of village Katrail Tapan police-station of West

Dinajpur raided and burnt out—Loot and murder by Pak Army on 22-6-71 —Proposal for House Building loan submitted long ago. No payment yet been made—rains ahead action solicited."

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ৫ই এপ্রিল ২৪-পরগণা জেলার কোলেপুরে কোলে আইরন এণ্ড ষ্টিল কম্পানী বন্ধ হয়ে গিয়েছে। সেই কারখানা বন্ধ হওয়ার ফলে প্রায় ৬০০ শ্রমিক এবং তাদের পরিবার পরিজন অসম্ভব দুঃখ ও কষ্টের মধ্যে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা এই সভায় সর্বদা যখন আইন সংক্রান্ত কোন বিষয় নিয়ে আলোচনা করি এবং তখন আমরা বলে থাকি আইন কেবল হচ্ছে, আইন মানা হচ্ছে না।

[2-10—2-20 p.m.]

এবং এই কোলে আয়রন এণ্ড ষ্টীল কোম্পানী এই কারখানা বন্ধ করে দিয়েছে সরকারী কতৃপক্ষের নির্দেশ থাকা সত্বেও যে ৬০ দিনের নোটিশ দিতে হবে। আমরা মহামান্য রাজ্যপালের ভাষণে খুব উচ্চ আশা পোষণ করেছিলাম। সেখানে ৬০ দিনের নোটিশ না দিয়ে কোন আলাপ আলোচনা না করে শ্রমিকদের দাবী সম্পর্কে ওয়াকিবহাল না হয়ে কারখানা কর্তৃপক্ষ কারখানাটি বন্ধ করে দিয়েছে। এই কারখানা বন্ধ হয়েছে সম্পূর্ণ বেআইনীভাবে সম্পূর্ণ অগণতান্ত্রিকভাবে। সেখানে কোনপ্রকার শ্রমিক বিরোধ না থাকা সত্বেও কোন প্রকার কাঁচা মাল সরবরাহের অসুবিধা না থাকা সত্বেও এবং বাজারের অসুবিধা না থাকা সত্বেও কারখানা বন্ধ করে দেওয়া হয়েছে। আমি এ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রী ও মন্ত্রীমণ্ডলীর কাছে অনুরোধ করছি যে আমরা অনেক কথা বলার পরও সংবাদপত্রে বহু খবর বের হবার পরও তারা এ কাজ করেছে। তাই আমি আপনার মাধ্যমে এই সরকারে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅসমঞ্জ দে** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমণ্ডলী এবং এই সভার মাননীয় সদস্যদের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ওপার বাংলাদেশে শ্রীমুজিবরের নেতৃত্বে বাংলা ভাষাকে পুর্ণ মর্যাদা দেওয়া হয়েছে। আমরাও নির্বাচনের প্রাক্কালে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার পক্ষ থেকে বাংলা ভাষাকে উপযুক্ত মর্যাদায় প্রতিষ্ঠিত করা হবে বলে জনসাধারণকে আশ্বাস দিয়েছিলাম। কিন্তু আজকে বাংলা ভাষার হাল কি সেটাই আমি জানাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি পাশ্চিমবাংলায় অনেক স্কুল আছে যেখানে উদু ভাষীদের ইংরাজী ভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হয়। সেখানে অত্যন্ত সুচতুরে ও কৌশলে ষড়যন্ত্র করে বাংলা ভাষাকে শিক্ষার হাত বাদ দিয়ে দেওয়া হচ্ছে। এই রকম একটি স্কুল তার নাম হচ্ছে সেণ্ট এণ্টনী হায়ার সেকেণ্ডারী স্কুল। তাদের ভাষা শিক্ষা সম্পর্কে নিয়ম করে নির্দেশ করে দেওয়া হয়েছে যে 'if the first language is Urdu, then English will be the second language and third language will be either Hindi or Bengali. অর্থাৎ উদু´ প্রথম ভাষা ইংরাজী দ্বিতীয় ভাষা এবং হিন্দী তৃতীয় ভাষা। উদু´ভাষীদের বাংলা ভাষা শিক্ষা দেওয়ার ব্যাপারটি কৌশলে বাদ দিয়ে দেওয়া হয়েছে। সমস্ত ইংরাজী এবং উদু´র মাধ্যমে শিক্ষা প্রথা চালু রয়েছে। আমাদের পশ্চিমবঙ্গেরই টাকায় যে কোর্ট ফি চালু আছে তা সম্পূর্ণ এই রাজ্যের সম্পত্তি সেগুলিতেও হিন্দী এবং ইংরাজীতে লেখা থাকে বাংলা ভাষার সেখানে লেসমাত্র নেই। তাছাড়া West Bengal Standard Weights and Measures Act অনুযায়ী প্রতিটি দাঁড়ি পাল্লায় সরকারী ছাপ দেওয়া থাকে। সেখানেও অদ্ভুত গোপনীয় কারণে হিন্দী এবং ইংরাজীতে লেখা হয়। বাংলায় কোথাও লেখা হয় না। দুধের কার্ডে বাংলা ভাষায় লেখা হয় না, বোতলেও লেখা হয় না। তারপর কলকাতায় প্রচলিত যে রেসন কার্ড সেখানে বাংলা ভাসায় লেখা যেতে পারে,

কেন সেখানে লেখা হয় না ? ট্রাম বাসের গন্তব্য স্থল সেটাও বাংলা ভাষায় লিখতে হবে। ট্রামের গুমটি, ড্রাইভারদের নির্দেশিত জায়গা সাইনবোর্ড সেখানে বাংলায় লেখা হয় না। এ ছাড়া সংবাদপত্রে, পত্রপত্রিকায় দেখেছি Legislalive Bengali Language Commission যা ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত হয়েছিল সেখানেও তাদের দুরবস্থার হাজার কথা পত্রপত্রিকায় বেরিয়েছে—আমিও সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আমি জানি না কি প্রতিবিধান হোল, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি যে ১৯৬৪ সালে হাজার হাজার টাকা খরচ করে এই কমিশন করা হোল, সেখানে আজ পর্যন্ত একটি ফাইলেও বাংলা ভাষায় লেখা হয় নি। আমি পরিষ্কারভাবে চ্যালেঞ্জ সহকারে বলতে পারি এবং আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকৃষ্ট করতে চাই যে কেন এই সমস্ত ফাইল বাংলা ভাষায় লেখা হয় না। এবং বাংলা ভাষায় একটি বইও প্রকাশ করা হয় নি। আমি এর পুর্ণ বিবরণ দাবী করছি। আমি জানি ভারতবর্ষের শিক্ষামন্ত্রী ডাঃ শ্রীমালী থাকা কালে কালীনগর প্রচারণী সভায় দক্ষিণভারত হিন্দী প্রচার সভার মাধ্যমে বাংলাকে সমমর্যাদা দিয়েছিলেন এবং সেইজন্য আমি এই বাংলা ভাষাকে উপযুক্ত মর্যাদা দেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীশিশির কুমার সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচণের প্রাকালে আমরা জনসাধারণের কাছে গিয়ে দেখেছি যে গ্রামীন কাজকর্মের ক্ষেত্রে সাধারণ মানুষ পঞ্চায়েতের সদস্যগণের উপর বিতশ্রদ্ধা তাই নির্বাচনের প্রাকালে জনসাধারণকে আমরা এই আশ্বাস দিয়েছিলাম যে নির্বাচনে জয়লাভ করার পরে আমরা পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে যুবক সম্প্রদায়কে সদস্যপদে এনে জনসাধারণের মঙ্গল করার চিন্তা করবো। আজ দেখছি এখনও পঞ্চায়েতের নির্বাচন সম্পর্কে কোন রকম আশ্বাস মন্ত্রিসভার পক্ষ থেকে না পাওয়ায় আমরা নিজেরা উদ্বিগ্ন বোধ করছি। আর একটি কথা আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, দীর্ঘ ১১ বছর আগেও পঞ্চায়েতে নির্বাচন হয়েছিল. তৎকালীন সদস্যরা এখনকার প্রগতিশীল চিন্তাধারার সঙ্গে খাপ খাইয়ে নিয়ে চলতে পারছে না। সেজন্য সাধারণ মানুষকে ঋণ দেওয়া, লোন দেওয়া, G.R.T.R. ইত্যাদি কাজকর্মের ক্ষেত্রে নিম্ন পর্যায়ের সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ এখনকার বর্তমান সদস্যদের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে গেছে। তাই সাধারণ মানুষ আজকে পঞ্চায়েতের উপর আস্থা রাখতে পারছে না। যে সমস্ত কর্মসূচী আমাদের সরকার গ্রহণ করেছেন তাকে বাস্তবে রূপ দিতে গেলে মানুষের কাছে পৌছে দিতে গেলে G.R.T R. এর কাজ সুষ্ঠভাবে করতে গেলে নিম্নস্তরের মাধ্যমে যে পঞ্চায়েত—সেই পঞ্চায়েত পুনর্গঠন করে পুনরায় নির্বাচন করে সুষ্ঠভাবে সমস্ত কাজ পরিকল্পনা করা যায়। তাই, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি।

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে রাখছি। বাংলাদেশের বিশেষ করে, যাকে গ্রামীনবাংলা বলে সেইসমস্ত গরীব মানুষের কথা আমিও জানি আপনিও জানেন। কেন্দ্রীয় সরকার কেরোসিন তেলের উপর ৬ পয়সা করে পার লিটারে tax করেছিলেন। তারপর সুখের বিষয় আমরা খবর পাই ২ পয়সা করে কমে যায় এবং ৪ পয়সা আছে। সাধারণতঃ বাংলাদেশের অনেক মঞ্চে পর্যন্ত Electric light হয়ে গেছে। Interiar গ্রামে যে অবস্থা হয়ে আছে, নির্বাচন হয়ে গেল, সেখানে প্রগতিশীল এই যে মোর্চা সমস্ত জায়গায় Slogan দিয়েছে, বাংলাদেশের interiar গ্রামে একথা বলে এসেছে Slogan দিয়ে, যে গরিবী হটাও তারপর কেরেসিন তেলের উপর tax হল। ৪ পয়সা tax যে খুব একটা কম তা নয়। গ্রামের মানুষের এক বেলা চাল না কিনলে চলে. কিন্তু কেরোসিন তেল না কিনলে চলেনা। কেরোসিন তেল তাদের কিনতেই হবে। কারণ গ্রামের মানুষকে সাপ কোপের সঙ্গে বাস করতে হয়। কাজেই আমাদের এই হাউসে এই Session এ একটা প্রস্তাব Chief Minister থেকে

আসুক সেটা আমরা প্রত্যেক Unanimously পাশ করতে পারি ; কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করি যাতে কেরোসিন তেলের উপর থেকে অন্ততঃ tax তুলে নেওয়া হোক। আমাদের মধ্যে যাদের interior গ্রামের সঙ্গে পরিচয় আছে, আমরা বুঝি গ্রামাঞ্চলে এতে reaction হচ্ছে। আজকে যারা এই প্রগতিশীল মোর্চার ভাবমূর্তিকে নষ্ট করতে চায় তারা একটা সহজ রাস্তা পাচ্ছে, সেটা তারা কাজে লাগাবে। আজকে গ্রামাঞ্চলের বহু জায়গায় কেরোসিন তেল পাচ্ছে না। গরীব মানুষ তাদের সারা রাত্রি জেগে থাকতে হয়, কেরোসিন তেলের অভাবে। আমি জরুরী মনে করে অনুরোধ করবো যাতে মুখ্যমন্ত্রীর দিক থেকে একটা প্রস্তাব এই Session-এ আসুক আমরা Unanimously সেটা পাশ করতে পারি এই কেরোসিন তেলের দাম তুলে নেবার জন্য।

**শ্রীশিশির কুমার ঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটা জরুরী বিষয় এই হাউসের কাছে রাখতে চাই এবং এর সঙ্গে আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো অবিলম্বে এ বিষয়ে একটা তদন্ত করুন। ঘটনাটা হচ্ছে, পুরুলিয়া জেলার কাশীপুর থানা এলাকায় ইন্দ্রভিলে (?) শ্রীমতী ভাদি বাউড়ীকে গত ২।৪।৭২ তারিখে রাত্রি ৩টার সময় পুলিশ তাকে গ্রেপ্তার করে এবং কাশীপুর থানার মধ্যে তাকে নির্মমভাবে নির্যাতন করে। সেই দৈহিক নির্যাতনের ফলে মেয়েটি ৬ মাসের অন্তঃসত্ত্বা ছিল তার ব্লিডিং হতে থাকে তারপরে ৩।৪।৭২ তারিখে বেলা ৫টার সময় তাকে রিক্সা করে বাড়ীতে পৌছে দেওয়া হয়। তারপরে সেখানকার সরকারী হাসপাতালে তাকে নিয়ে চিকিৎসা করান হয়। এই যে ঘটনা, এই ঘটনার কারণ হিসাবে পুলিশ বলে যে telegram-এর তার কে চুরী করছে তাকে বলতে হবে। শ্রীমতী ভাদি বাউড়ীকে বলতে হবে telegram-এর তার চুরী গেছে তারজন্য রাত্রি ৩টার সময় একটা অন্তঃসত্ত্বা মহিলাকে থানার মধ্যে নিয়ে গিয়ে এইভাবে অত্যাচার করা হয়েছে। এই ব্যাপারে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। শুধু তাই নয়, ৬।৪।৭২ তারিখে ঐ থানার O. C-র ভাই শ্রীশ্যামল পাত্র, তিনি একটা জীপ গাড়ী নিয়ে ঐ কাশীপুর থানা এলাকায় একটা স্কুলের ছেলেকে চাপা দেয়, তারপর সেখানে এইরকম অসুবিধার সৃষ্টি হয় এবং সেখানে ছাত্র এবং জনতার বিক্ষুদ্ধ, তারজন্য সেখানে demonstration সুরু করে এবং আমি দাবী করছি অবিলম্বে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

[ 2-20—2-30 p.m. ]

**শ্রীদ্বিজপদ সাহাঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বীরভূম জেলার রাজনগর কেন্দ্রের নির্বাচিত প্রতিনিধি হিসাবে সেখানে বর্তমানে যে সমস্যা দেখা দিয়েছে সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে যারা কৃষি মজুর করে খায় এখন তাদের কাজের কোন সংস্থান নেই। কাজেই এই অবস্থায় তারা অনাহারে, অর্দ্ধাহারে দিন যাপন করতে বাধ্য হচ্ছে। ঐ এলাকায় এখন দারুণভাবে বেকার সমস্যা উদ্ভূত হয়েছে এবং একমাত্র চাষ ছাড়া যাদের আর অন্য কোন উপায় নেই তাদেরও সেই জলের ব্যবস্থা হয় নি। কাজেই সেখানে এখুনি এমন একটা পরিকল্পনা গ্রহন করা উচিত যাতে এই সমস্যার সমাধান হতে পারে। এই রাজনগর কেন্দ্রে একটি সিসেল ফার্ম রয়েছে এবং সেটাকে যদি সম্প্রসারণ করা যায় তাহলে সেখানকার অনেক বেকার যুবক ও কৃষি মজুরের অন্ন সংস্থান হতে পারে। সেদিকে আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশ কয়েকদিন ধরে আমি আপনার মাধ্যমে নানান অভিযোগের কথা হাউসের মাননীয় সদস্যদের কাছে তুলে ধরছি। আজও আমি

একটি অত্যন্ত অস্বাভাবিক অবস্থার কথা আপনার মাধ্যমে এখানে তুলে ধরতে চাইছি। এই মাসের প্রথম সপ্তাহের শেষের দিকে আমার জেলার পূর্বাঞ্চল জলঙ্গী ব্লক এবং ২ নম্বর রানীনগর ব্লকের উপর দিয়ে রাত্রি ১০টার সময় একটি ভীষণ ঘূর্ণি-ঝড় বয়ে যায়। তার ফলে হাজার হাজার বাড়ীঘর নষ্ট হয়ে গেছে। আমি যে স্কুলের সম্পাদক সর্বপল্লী বিদ্যা নিকেতন, সেই স্কুলের সমস্ত টিনের চালটি ঝড়ে উড়ে গেছে। এইরকম একটা ভীষণ ঝড় সেখান দিয়ে বয়ে গেছে। শুধু তাই নয়, দীঘলগঞ্জ গ্রামের দুটি মানুষ দেওয়াল চাপা পড়ে মৃত্যু মুখে পতিত হয়েছিল, সৌভাগ্য বশতঃ তাঁরা বেঁচে গেছেন। আমারই পাশের আর একটি গ্রামে অনুরূপভাবে হালদার পরিবারের একজন লোক গুরুতরভাবে আহত হয়েছেন। ওখান থেকে মাত্র ২ থেকে ২॥ মাইল দূরে বি.ডি.ও. অফিস অবস্থিত, কিন্তু দুঃখের বিষয় এখন পর্যন্ত ঐ ব্লক অফিস থেকে ক্ষীণতম সাহায্য সেখানে পৌঁছায় নি। তাই আমরা কোন্ দেশে বাস করছি সেটা বুঝতে পারছি না। সম্প্রতি বঙ্গোপসাগরে নিম্ন চাপের সৃষ্টি হয়েছিল এবং তারই ফলস্বরূপ এটা হয়েছে কিনা আমি জানি না। আপনারা হয়ত দেখে থাকবেন আজও কাগজে বেরিয়েছে যে নিম্ন চাপের সৃষ্টি হচ্ছে। জানি না ঐ জেলায় আবার আঘাত হানবে কি না। যদি এইরকম আঘাত আবার হানে বা এইরকম অস্বাভাবিক অবস্থার সৃষ্টি করে তাহলে মন্ত্রীসভা এবং সরকারের পক্ষ থেকে সেদিকে সজাগ দৃষ্টি দেওয়া উচিত। সেইজন্য পশ্চিমবাংলার সীমান্ত অঞ্চলগুলিতে একটা উপযুক্ত এ্যালার্ম এবং উপযুক্ত সরকারী সাহায্যের বিশেষ ব্যবস্থা রাখা উচিত। আমি আশা করবো ঐ ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত সমস্ত পরিবারকে সরকারের তরফ থেকে যেন টাকা দেবার ব্যবস্থা করা হয় এবং আজকের কাগজে যে নিম্ন চাপের কথা বলা হয়েছে সে সম্বন্ধে যেন উপযুক্ত প্রিকোসান নেওয়া হয়।

**শ্রীমনোরঞ্জন হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসে একটি জরুরী অবস্থার কথা তুলে ধরছি। এবং সঙ্গে সঙ্গে সেচ বিভাগের মন্ত্রিমহাশয় এর দৃষ্টি আকর্ষণ করছি। আমি মগরাহাট পূর্ব কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। সেই কেন্দ্রে একটি বেসিক স্কীম চালু আছে। সেই বেসিক স্কীমের অন্তর্গত হোটরা খালটি অবস্থিত। ন্যূনতম ২॥ ফুট গভীর করে খালটি কাটা উচিত। কিন্তু মাত্র ৬ ইঞ্চি গভীর করে খালটি কাটা হয়েছে। এই ৬ ইঞ্চি করে কাটার ডাইরেকসন অনুযায়ী সেখানকার কনট্রাক্টর বিল সাবমিট করে টাকা তুলে নিয়েছে। সেইজন্য আমার অনুরোধ সেখানে যে কমিটি আছে সেই কমিটির মাধ্যমে যেন একটি এনকোয়ারির ব্যবস্থা করা হয় এবং যাতে সুষ্ঠুভাবে ঐ খালটি সংস্কার করা হয় সেদিকে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যে কনট্রাক্টর এই কাজটির দায়িত্ব নিয়েছিলো তার বিরুদ্ধে যেন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীমণ্ডলী এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় সরকারী উদ্যোগে একটি ডিগ্রি কলেজ স্থাপন করা দরকার। ঐ এলাকা অত্যন্ত ঘনবসতিপূর্ণ এবং ঐ এলাকায় যথেষ্ট ছাত্রছাত্রী রয়েছে। সেখানে হাইস্কুল, হাই মাদ্রাসা, হায়ার সেকেণ্ডারী স্কুল রয়েছে। সেখানকার প্রায় ৮০ ভাগ ছাত্রছাত্রীর স্কুলের লেখাপড়া শেষ হবার পর তাঁদের অভিভাবকরা আর্থিক অস্বচ্ছলতার দরুন তাঁদের ছেলেমেয়েদের রেখে পড়াতে পারেন না বা তারা যাতায়াত করেও পড়তে পারে না, কাজেই তারা কলেজে পড়তে পারেনা। সুতরাং সেখানে একটি ডিগ্রি কলেজ স্থাপন করার দিকে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মন্ত্রীমণ্ডলী এবং বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। উড়িষ্যা

বিধানসভায় সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহীত হয়েছে যাতে বলা হয়েছে দক্ষিণ পূর্ব রেলওয়ের হেড কোয়ার্টার উড়িষ্যায় নিয়ে যেতে হবে। স্যার, এই হেড কোয়ার্টার যদি এখান থেকে উড়িষ্যায় চলে যায় তাহলে পশ্চিমবঙ্গের অর্থনীতির উপর চাপ পড়বে এবং পশ্চিমবঙ্গের যে বেকার সমস্যা আছে তা আরো বাড়বে। ওঁরা যেভাবে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করেছেন তাতে আপনার মাধ্যমে আমি অনুরোধ রাখবো যে আমরাও সেইভাবে সর্বসম্মতিক্রমে বলি যে দক্ষিণ পূর্ব রেলওয়ের হেড কোয়ার্টার আমাদের এখানেই থাকবে। কেন না হেড কোয়ার্টার কোথায় থাকবে না থাকবে সেটা নির্ভর করে ইংরাজীতে যাকে বলে ইকনমি অর ইকনমিকস অব দ্যাট থিং—হেড কোয়ার্টার রাখার জন্য যে সমস্ত সুযোগসুবিধা বা কো-অর্ডিনেসানের দরকার সেই সব নানান কারণ দেখেই হেড কোয়ার্টার এখানে থাকবে। কেন না কোলকাতা হচ্ছে ভারতবর্ষের কমারসিয়াল ক্যাপিটাল। এখান থেকে অন্য কারনে বা প্রাদেশিক কারণে হেড কোয়ার্টার সরানো উচিত নয়। তা ছাড়া কোলকাতায় ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের লোকজন চাকরি বাকরি করতে আসেন এবং তারা অনেক সুযোগসুবিধাও পান। কাজেই স্যার, আমি আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়টি মন্ত্রীমণ্ডলী এবং মাননীয় সদস্যদের নজরে আনছি।

## The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972.

**Mr. Speaker**: We now take up the discussion on the Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972. Already many Honourable Members have taken part in the discusssion of the Bill at its consideration stage and today's list that has been submitted to me contains 27 names of Honourable Members who are going to participate in the discussion. May I request the Honourable Members not to repeat any arguments—may be they are his own arguments—which have already been advanced by others who have already spoken. I shall be happy if new points are advanced by members and I request them not to repeat the arguments which have been already advanced when then the Bill was first taken up for consideration a few days back and a number of members participated in the discussion. If I find any old arguments advanced by any member I shall be compelled to interfere and request him not to proceed any further because under rule 331 to which I draw the attention of members, the arguments already advanced should not be allowed be advanced again and no repetition is allowed in a debate. I now call upon Shri Sibapada Bhattacharjee to speak.

(Shri Sibapada Bhattacharjee was absent at that moment)

I call upon Shri Jyotirmoy Majumdar to speak.

[ 2-30—2 40 p.m. ]

**শ্রীজ্যোতির্ময় মজুমদার**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সর্বজনপ্রিয় মুখ্যমন্ত্রী মহাশয় এই সভার সামনে যে বিল উত্থাপন করেছিলেন তাকে সমর্থন জানাচ্ছি নিশ্চয়ই কিন্তু অত্যন্ত কুণ্ঠার সঙ্গে, অত্যন্ত দ্বিধার সঙ্গে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে আজকে যে সরকার পশ্চিমবঙ্গে স্থাপিত হয়েছে এই সরকারের পিছনে ২৮০ জন সদস্যের মধ্যে ২৫৬ জন সদস্যের সমর্থন রয়েছে। এই ২৫৬ জন সদস্য পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছেন। আমরা নিশ্চয়ই এইটুকু আশা করতে পারি যে পশ্চিমবঙ্গের একটা বিরাট এলাকা জুড়ে এই ২৫৬ জন সদস্যের কর্তৃত্ব রয়েছে। এই ২৫৬ জন সদস্য যখন সরকারকে

সমর্থন করছে তখন নতুন করে আর সরকারের হাতকে শক্তিশালী করার জন্য এই মিসার প্রয়োজন আছে বলে আমি মনে করছি না। যেসব অসাধু ব্যাক্তিরা স্বনামে বা বেনামে জমি চুরি করে রেখেছে, যেসব মালিক শ্রমিকের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা লুকিয়ে অর্থশোষণ করছে সেই সমস্ত ব্যক্তির বিরুদ্ধে যদি এই মিসা প্রয়োগ হয় তাহলে নিশ্চয়ই তাকে স্বাগত জানাব। কিন্তু এই মিসা যাদের দ্বারা পরিচালিত হয়, যারা এই মিসার সুযোগ নিয়ে দেশের শাসন ক্ষমতা কায়েম করে রেখেছে সেই সমস্ত পুলিশ অফিসার এই সমস্ত অসাধু ব্যক্তির বিরুদ্ধে এই মিসা প্রয়োগ করবে বলে আমি মনে করছি না। রাজনৈতিক মতবাদের বিভিন্নতা থাকার জন্য, নিজেদের ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার জন্য পুলিশ অফিসাররা যে এই আইন প্রয়োগ করবেন না এই গ্যারাণ্টি পাচ্ছি না। ইতিপূর্বে আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে দেখেছি এই পুলিশ অফিসার নির্দোষী ব্যক্তিদের উপর বার বার এই মিসা প্রয়োগ করে হয়রান করেছেন। যেখানে স্বাধীন গনতান্ত্রিক রাষ্ট্রে প্রতিটি অপরাধীর বিচার প্রার্থনা করার সুযোগ আছে সেখানে এই মিসায় অনেক নিরপরাধী ছেলেকে, ব্যক্তিকে আটক করা হয়েছে, অথচ তারা সেই বিচারের সুযোগ পাচ্ছে না। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন এই বিষয়ে সভাকে আশ্বস্ত করেন যে এই ধরণের কোন ঘটনা ভবিষ্যতে ঘটবে না। স্যার, আমি আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এই মিসার মাধ্যমে পুলিশ অফিসার ইতিপূর্বে যাঁদের আটক করেছেন পরবর্তীকালে বেঞ্চের রায়ে দেখাগেছে যে তাঁরা সত্যিকারে সেই ধরণের অপরাধের সাথে জড়িত নন। ঐক্ষেত্রে ঐসব পুলিশ অফিসারের নতুন করে শাস্তি বিধানের ব্যবস্থা সরকার করবেন কিনা জানতে চাই। যেসমস্ত পুলিশ অফিসার ব্যক্তি স্বার্থ চরিতার্থ করার জন্য নির্দোষী ব্যক্তিদের উপর মিসা প্রয়োগ করবেন অথচ পরবর্তীকালে হাইকোর্ট বেঞ্চে সেই সমস্ত ব্যক্তিরা মুক্তি পেয়ে যাবে, সেই সমস্ত পুলিশ অফিসারদের শাস্তিবিধান করা হবে এই ধরনের কোন একটা ক্লজ এই মিসার মধ্যে থাকলে আমরা খুশী হতাম।

**শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মিসা আইন যেটা আমাদের সামনে এসেছে এই আইনের সব সময় আমরা বিরোধিতা করেছি। কোন বিশেষ অবস্থাতে এই রকম আইনের প্রয়োগ হবে সেটা কিছুটা অনুভব মন্ত্রিমহাশয় করেছেন বলে আমরা জানতে পারলাম। এই আইনের অপপ্রয়োগ সম্বন্ধে বহু সদস্য বহু কথা তুলেছেন। আমিও এই বিষয়ে একমত যে যে প্রশাসন যন্ত্রকে দিয়ে এর প্রয়োগ করা হয়েছে তাতে ভাল ফলের চেয়ে কুফলই বেশী হয়েছে। সেজন্য যে প্রস্তাব উঠেছে জেলা ভিত্তিক একটা কমিটি করার কথা সেই কমিটির মাধ্যমে যদি ভূমিসংস্কার মন্ত্রী, অথবা জেলা মেজিষ্ট্রেট এবং এ. ডি. এম যিনি ভূমি সম্বন্ধে সব তথ্য রাখেন—দুটি বিষয় করবার কথা ভাবছেন, একটা ভূমি যারা বেনামী করেছে, চুরি করেছে, আর একটা হচ্ছে প্রভিডেণ্ট ফাণ্ড যারা দিচ্ছে না শ্রমিকদের, এই দুটো বিষয়ের উপর লক্ষ্য রেখে এই বিলটা আনা হয়েছে।

আজকে যদি আপনারা একটা জেলা ভিত্তিক কমিটি ঠিক করে দেন যে এই এই লোক বেশী জমি রেখেছে বা বেনামী করবার চেষ্টা করেছে তাহলে সেই তালিকা দিয়ে গ্রেপ্তার করতে পুলিশের আর কোন কিছু করবার থাকবে না। এটা যদি করতে পারেন তাহলে এই মিসার মিসইউজ বন্ধ হবে বা যেটা আমরা আশঙ্কা করছি সেটা দূর হয়ে যাবে। ঠিক এইরকম শ্রমদপ্তরে দেখলে দেখা যাবে যে যেসমস্ত মালিক শ্রমিকদের প্রাপ্য সুযোগ সুবিধা দিচ্ছে না তাদের তালিকা নিশ্চয়ই তাদের কাছে পাওয়া যাবে। যারা শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড দিচ্ছে না ডাইরেক্টরেট থেকে তাদের নাম পাওয়া যেতে পারে। এইভাবে কমিটির মাধ্যমে তাদের গ্রেপ্তার করা যেতে

পারে। এইভাবে করলে আর পুলিশের কোন ক্ষমতা থাকবে না। আপনারা এটার এইভা প্রিকসান নিতে পারেন। নীতি হিসাবে এটা চালু হলে আগে যে অপপ্রয়োগ হয়েছে সেট বন্ধ হয়ে যাবে। অধিকন্তু সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য যে কথা মুখ্যমন্ত্রী এই আইন পে করবার সময় বলেছিলেন সেটা রক্ষা করা যাবে। কিন্তু এর পরিধি যদি না বাড়ান তাহলে দেশেরলোকের সামনে এটা ভালোভাবে আসবে না বা এটা সমর্থমযোগ্য হবে না। আমর দেখেছি যে অফিসাররা বা সরকারী প্রশাসন যন্ত্র এর মধ্যে ঘুষ রন্ধ্রে রন্ধ্রে জমে আছে। নামজাদ ঘুষখোর সব আছেন। ফাইল চুরি করে, ১০০ টাকা দিলে আবার ফাইল বেরিয়ে আসে চোখের সামনে রাইটার্স বিল্ডিংএ এই ঘুষখোরদের দেখেছি। যদি এই আইনের আওতায় এইসব আনতে পারেন তাহলে প্রশাসন যন্ত্র শক্ত হবে, ভয় আসবে, কতৃত্ব থাকবে। আর যদি ত না করেন কেবল ঐ দুটো ক্ষেত্রে করতে গেলে লোকে খুশী হবে না। সেইজন্য বলেছি এর পরিধি বাড়াতে হবে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় সদস্য, অনেক দিনের সদস্য, তিনি জানেন যে প্রিভেনটিভ ডিটেন্সান পাশ করতে গেলে কঙ্কারেণ্ট লিষ্টের যে আইটেম তার ভেতরে আনতে হয়। পাবলিক অর্ডার বলে একটা কথা আছে সেটা নিশ্চয়ই জানেন। কর্মচারীদের বিরুদ্ধে যে অভিযোগ তার ব্যবস্থা নিশ্চয় আমাদের করতে হবে। কিন্তু পাবলিক অডার সম্বন্ধে নিশ্চয় জানেন যে পাবলিক অডার ডিসর্টাপসান না হলে আপনার প্রিভেনটিভ ডিটেন্সান হয় না। এটা আনকনসটি-টিউসানাল—আনট্রাভায়ার্স হয়ে যাচ্ছে।

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** সেটা স্বীকার করে নিলেও আপনি জানেন খাদ্যে ভেজাল ইত্যাদি কিভাবে চলেছে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** এটা এসেনসিয়াল সাপ্লাই এর কথা। এই আইনে যা বলেছেন অরিজিন্যাল বিলে তা অলরেডি সার্কুলেট করা হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আপনি যদি একটা ফিরিস্তি দেন তাহলে ভাল হয় যে এই এই লোককে আটক করে রাখা হয়েছে, তাহলে আমরা একটা আভাষ পাই। আপনি হাউসে এই রকম ক্যাটিগরিক্যালি একটা দিলে আমাদের বুঝতে সুবিধা হয়। গ্রামে জমি লুকিয়ে রেখেছে বলে তাকে এই আইনে আটক করা হবে তেমনি শহরাঞ্চলে উচ্চসীমা বেঁধে দেবার কথা যেটা উঠেছে সেটা কাযকরী করতে হবে। তা না হলে পরিস্থিতি অন্য রকম হবে ও পক্ষপাত দোষে দুষ্ট হবে। আমরা সমতা রক্ষা করে কাজ করতে চাই। গ্রামে যারা বেনামী জমি রেখেছেন তাদের শাস্তি দিতে হবে এবং সঙ্গে সঙ্গে শহরাঞ্চলে সম্পত্তির উচ্চ সীমা বেঁধে আইন চালু করতে হবে। এইসব দিকে দৃষ্টি রেখে আপনারা কাজ করুন। এই কথা বলে আমি যে কমিটির কথা বলেছি, সে কথাবলে ও এই আইন যাতে ঠিক ভাবে প্রয়োগ হয় সে দিকে লক্ষ্য রাখতে অনুরোধ করে আমি আমার বক্তব্য শের করছি।

[2-40—2-50 p.m.]

**শ্রীবারিদবরণ দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ছোট বেলায় যখন রাজনীতি করতাম তখন দু-একটা কথা পড়তাম, রাস্তায় slogan শুনতাম তখন বারবার একটা কথা কানে এসে বাজত না, না, না। অর্থাৎ চলবে না, মানব না, শুনব না, গড়ব না, ভেঙ্গে ফেল, চিতায় ফেলে পুড়িয়ে মার। ১৯৭০ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে একটা নূতন রাজনীতি জন্ম নিল, যার নাম 'হ্যাঁ'। সামাজিক সাম্য আনব, আর্থিক স্বরাজ কায়েম করব, রাজনৈতিক স্বাধীনতার

পূর্ণ বিস্তার করব। সামাজিক ন্যায় বিচারের প্রতিষ্ঠা কল্পে এই মিসা আইনকে আমি স্বাগত জানাচ্ছি। আপনারা জানেন দেওয়ালে মাঝে মাঝে একটা walling দেখা যায় মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির দ্বারা যে ইতিহাসের শিক্ষা যে শাসকশ্রেণীর রাইফেলের গুলি ফুরিয়ে যাবে, জনগণের সংগ্রাম শেষ হবে না। আজ এখানে ঐ পার্টির কোন সদস্য নেই। ঐ বক্তব্যের দিকে তাকিয়ে বার বার দেখলে আমরা যারা Gandhism philosophy-তে বিশ্বাস করি তারাই বলবে যে সত্যের প্রতি আগ্রহ রাখলে সত্যাগ্রহ করা যায়। কিন্তু একদিন না একদিন শোষকের হাত থেকে তার শোষণযন্ত্র পড়ে যাবে। সেজন্য মালিক গোষ্ঠির বিরুদ্ধে আমাদের এই আইন। এই আইন প্রমাণ করছে সত্যের প্রতি আগ্রহ রাখতে পারলে একদিন না একদিন শোষকের হাত থেকে তার শোষণের যন্ত্র পড়ে যাবে। আজ থেকে মাত্র কয়েকদিন আগেও আমরা শুনতাম যারা Taxi, Permit, Licence পায় তারাই কংগ্রেস কর্মী। কিন্তু আজ সেসব রূপকথার মত মনে হচ্ছে। এই কংগ্রেসই আজ আঘাত করতে যাচ্ছে মালিক গোষ্ঠীর বিরুদ্ধে। আপনারা জানেন রাজনৈতিক জগতে দুই দলের মানুষ আছেন। এক দল মনে করেন নিজেদের Politicians হিসেবে, আর একদল মনে করেন নিজেদের Statesmen হিসেবে। মালিক গোষ্ঠি আমাদের বিরুদ্ধে আঘাত হানবার জন্য তারা সমস্ত কালো টাকা চালু করবে, এই সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করবে এবং এই জনপ্রিয় সরকারকে হেয় করার চক্রান্ত করবে। কিন্তু আপনারা এটা জানেন যে একজন politician কি চিন্তা করেন—A politician thinks for the next election but a statesman thinks for the next generation আগামী দিনের শোষিত মানবত্মার দিকে তাকিয়ে আমরা আমাদের প্রতিশ্রুতি পালন করব। গত নির্বাচনে আমরা যে প্রতিজ্ঞার কথা শুনিয়েছিলাম সেই প্রতিজ্ঞাবদ্ধ প্রতিশ্রুতি আমরা পালন করতে বাধ্য। সেজন্য আমরা এই আইনকে স্বাগত জানাচ্ছি এবং আজ এই পবিত্র কক্ষ থেকে আমরা যদি এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ করতে পারি তাহলে মালিক গোষ্ঠীর বিরুদ্ধে শোষিত মানবত্মার জয়যাত্রা আজ এখান থেকে সুরু হবে। আজ একথা বলতে গিয়ে একটা কথা বলব যে আজ এই আইনকে তীব্র ও জোরাল ভাষায় স্বাগত জানাচ্ছি, কিন্তু যদি কোনদিন দেখি যে এই আইনের অপব্যবহার হয়ে শোষিত জনগণের উপরে এই আইন প্রয়োগ হচ্ছে তখন আমরা আবার সমালোচনায় মুখর হব। সেজন্য সরকারের কাছে দাবী করছি যে যারা এই আইনের অপব্যবহার করবে তাদের আটক আইনে গ্রেপ্তার করতে হবে। তাই আজকে আমার আর বেশি কিছু বলবার নেই। এই আইনকে পুনর্বার স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করার আগে রবীন্দ্রনাথের একটা কবিতা আপনাদের কাছে বলতে চাই—

কোথা মিথ্যা রাজা, কোথা রাজদণ্ড তার
কোথা মৃত্যু, অন্যায়ের কোথা অত্যাচার
ওরে ভীরু, ওরে মূঢ় তোল কাল শির
আমি আছি, তুমি আছ, সত্য আছে স্থির।

তাই এই শোষিত মানবের জয়যাত্রার পথে কেউ রুখে দাঁড়াতে পারবে না। আমরা যে কাজের প্রতিজ্ঞা নিয়েছি তা আমরা রূপায়িত করবোই। আমরা জমিদার ও মালিকের শোষণ রুখবোই রুখবো। জয় হিন্দ।

**শ্রীগিয়াসুদ্দীন আহমেদ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিসা আইনের প্রয়োগের ক্ষেত্র প্রসারণের জন্য আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মিসা আইন সম্পর্কে যে সংশোধনী বিলটি বিধানসভায় উত্থাপন করেছেন সেই বিলকে আমি স্বাগত জানাচ্ছি। আমরা জানি বাংলাদেশের

কৃষকরা নিপীড়িত এবং শ্রমিকরা অত্যন্ত লাঞ্ছিত। আমরা একথাও জানি যে তাদের সংখ্যা সমগ্র জনসংখ্যার শতকরা ৯৫ ভাগ হবে। আমরা মনে করি এই ৯৫ ভাগ জনসমষ্টিকে পিছনে ফেলে তাদের কথা চিন্তা না করে মুষ্টিমেয় লোকের কথা চিন্তা করলে এই দেশের উন্নতি বা অবনতির কথা চিন্তা করা যায় না। এই শতকরা ৯৫ ভাগের কল্যাণের জন্য আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে বিল উত্থাপন করেছেন তার পরিণাম যাই হোক না কেন সেই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি। তবে এর প্রয়োগের ক্ষেত্রে অপপ্রয়োগ ঘটতে পারে। সেজন্য অনেক মাননীয় সদস্য সংশয় প্রকাশ করেছেন। সে সংশয়মুক্ত আমিও নই। প্রয়োগের ক্ষেত্রে অনেক সাবধানতার প্রয়োজনীয়তা আছে। আমি প্রয়োগের ক্ষেত্রে কৃষির বিষয়ে দু-একটি কথার উল্লেখ করতে চাই। আমরা জানি কিছু সংখ্যক জোতদার এবং ভূম্যাধিকারী সিলিং বর্হিভূত জমি নিজেদের মধ্যে রেখে দিয়েছেন। কিন্তু তাঁরা সকলেই কুমতলববাজ বা সরকারী ব্যবস্থা বানচাল করে দিতে চান এটা আমি মনে করি না। অনেকেই সৎ আছেন সেইজন্য আমি মনে করি এই বিল প্রয়োগের পূর্বে যথেষ্ট পাবলিসিটি হওয়া বাঞ্ছনীয় যাতে সকলে এটা বুঝতে পারেন এবং রেকর্ড দাখিল করে দিতে পারেন। এর সময়সীমা ৩১শে মের মধ্যে না হয়ে আরও কিছু বৃদ্ধি হওয়া উচিত ছিল। দ্বিতীয়তঃ আর একটা বিষয় যেটা আমি জানি গ্রামাঞ্চলের ভূম্যাধিকারী বড় জোতদার এবং জমিদার 'বি' ফর্মে সরকারের কাছে বাড়তি জমি সম্পর্কে রিটার্ণ দিয়েছিল। তারা সেইসব জমি দরিদ্র এবং অশিক্ষিত কৃষকদের ভুল বুঝিয়ে তাদের কাছে উচ্চমূল্যে বিক্রি করেছে। এখন দেখা যাচ্ছে 'বি' ফর্মের উল্লিখিত কৃষিজমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি হবে। এখন দেখা যাচ্ছে কৃষকদের কষ্টার্জিত অর্থে কেনা 'বি' ফর্মের জমি থেকে তারা উচ্ছেদ হয়ে যাচ্ছেন।

[ 2-50—3-00 p.m. ]

প্রয়োগের ক্ষেত্রে এই বিষয়টির প্রতি দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব, মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে। তৃতীয়তঃ এজমালি সম্পত্তি বলে একটা জিনিষ আছে, যাঁরা গ্রামাঞ্চলে বাস করেন তাঁরা জানেন। সেটেলমেণ্টের সময় অনেক কৃষক ভুল করেছে। তারা জানত না যে তাদের নামে অনেক জমি রয়ে গিয়েছে। যখন ভাগ হয়, দেখা যাচ্ছে এজমালি সম্পত্তির একজন শরিকদার ৫।১০ বিঘা জমি হয়ত পাচ্ছেন না, কিন্তু মূল যাদের জমি তাদের নামে রয়ে গেছে। তাদের নামে সিলিং-এর বহু উর্ধে জমি থেকে যাচ্ছে এখন মূল মালিকের বিরুদ্ধে যদি মিসা আইন প্রয়োগ করা হয় তাহলে এই আইনের অপপ্রয়োগ হবে। কাজেই এই জিনিষটার প্রতি দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি। আমি আর একটা কথা মনে করি এই মিসা আইনের প্রয়োগের ক্ষেত্রে যদি কিছু অঘটন ঘটে, বৃহত্তর জনসাধারণের স্বার্থেই যাদের সংখ্যাই বেশী তাদের মঙ্গলের জন্য যে অবস্থাই আসুক না কেন, সেই অবস্থার মোকাবিলার জন্য আমরা যেন অত্যন্ত সাহসের সঙ্গে অগ্রসর হই। সর্বশেষে আমি মাননীয় সদস্যদের এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅরবিন্দ নস্কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক আনীত আভ্যন্তরীন নিরাপত্তা সংশোধনী বিল যেটা এনেছেন প্রথমেই আমি আমার সংগ্রামী অভিনন্দন জানাই। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি, বিশেষ করে দক্ষিণ ২৪-পরগণা সেটা কৃষককুল এলাকা। সেখানে কৃষির উপর শতকরা ৮৫ জন লোক নির্ভর করে। নির্বাচনের প্রাক্কালে যে জিনিসটা আমরা লক্ষ্য করেছি, আমরা শুনেছি যে অভিজ্ঞতার কথা আমরা জেনেছি সেদিকে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সাথে সাথে মিসা এ্যাক্টের উপর যে নিজস্ব বক্তব্য বা চিন্তা সে সম্পর্কে কিছু ইঙ্গিত দিতে চাই। সেটা হল এই নির্বাচনের সময় আমরা সাধারণ মানুষের কাছে গিয়েছিলাম, সেখানে দেখেছি

বেআইনীভাবে বিগত যুক্তফ্রন্ট সরকারের আমলে বা বামপন্থীদলের নেতাদের কাচ থেকে যে চরম শিক্ষা সেকথা তারা আমাদের বারবার বলেছে। তার কারণ হল বামপন্থী নেতারা আইনতভাবে কিছু কাজ করেন নি। সব কিছু আইনকে তারা নিজেদের হাতে তুলে নিয়েছিল। এই সমস্ত অশিক্ষিত নিরীহ শান্তিপ্রিয় চাষী ভাইদের নিয়ে আগুনের মুখে তারা ফেলে দিয়েছিল। সেই সমস্ত চাষী ভাইরা দাবী করেছিল যে বেআইনীভাবে সরকারের চোখের আড়ালে হাজার হাজার বিঘা জমি যারা রেখেছে তাদের কিভাবে শাস্তি দেওয়া হবে, যাদের জোতদার বলে, তাদের জোতদার ডেফিনিসন দিতে পারি। সেই সমস্ত জোতদারদের বিরুদ্ধে আইনের পথে কি শাস্তিবিধান করা যেতে পারে নির্বাচনের প্রাক্কালে আমরা সেই কথা শুনেছিলাম। আজকে মিসা আইন আনার জন্য আমি মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাচ্ছি এবং সেই সমস্ত কৃষক ভাইদের কাছে যে সমস্ত কথা আমরা শুনেছিলাম আজকে তাতে সত্যিকারের আশার আলোক দেখতে পাচ্ছি। আজকে কি করে জোতদারদের খতম করে আমাদের গরীব চাষী ভাইদের মধ্যে জমি বিলি বণ্টন করব সেই ব্যবস্থাই এই আইনে করা হচ্ছে। কয়েকটি ঘটনা যা হয়েছে বিভিন্ন এলাকায় জোতদারদের সম্পর্কে তা আমি বলছি। এক একটা জোতদার তারা নিজের নামে ৫০০ বিঘা জমি রাখেনি, তারা ছাগল, কুকুর, ভেড়ার নামে রেখেছে এবং এইভাবে তাদের হাতে সিলিং-এর বর্হিভূত জমি আছে। কারো ২০।২৫ বিঘার উর্ধে জমি নাই তথাপি দেখা যাচ্ছে যে একটা মানুষই সব ভোগ করছে। আজকে এই যে মিসা এ্যাক্ট প্রণয়ন করা হয়েছে কিন্তু আমি বুঝতে পারছি না যে কিভাবে ঐ সমস্ত মালিকদের ধরা হবে। সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যদি একটা থানাওয়ারী, জেলা ওয়ারী তদন্ত কমিটি গঠন করেন এবং সেই সমস্ত বেনামদার বা জোতদারদের জমির তালিকা প্রস্তুত করেন তাহলে এই আইন প্রয়োগ করার ক্ষেত্রে সুবিধা হবে। এবং এখানে শ্রমিক কৃষকদের উন্নতির জন্য চিন্তা করেছেন এবং তাদের কাছে যে আশার আলো দেখিয়েছেন সেই সত্যিকারের আশার আলো তাদের কাছে নিয়ে আসতে পারবেন। জোতদার ও জমিদার, যারা জমি চুরি করে রেখেছে, তাদের যাতে শাস্তি দিতে পারেন। সভার শেষে আমি এই আশা রাখবো যে এই সংশোধনী আইনকে রূপ দেবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী একটা স্থানীয় জেলাওয়ারী তদন্ত কমিটি গঠন করে এই জমি যারা চুরি করে রেখেছে তাদের যদি শাস্তি বিধান করেন তাহলে ভাল হয়।

**শ্রীমনোরঞ্জন হালদার**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বনামধন্য মুখ্যমন্ত্রী মহাশয় যে মিসা বিলের সংশোধনী প্রস্তাব এনেছেন আমি এই বিলকে স্বাগত জানাই। এই বিল পাশ হবার প্রাক্কালে আমি কিছু বক্তব্য রাখবো। এই বিল উল্লেখ করে সমাজে ন্যায় প্রতিষ্ঠাকরার ব্যাপারে তিনি যে কথা বলেছেন আমি তার পরিপ্রেক্ষিতে একটা কথা বলবো। এই কথা প্রসঙ্গে সমাজবিরোধী কথাটা আসতে পারে এবং প্রকৃত সমাজবিরোধী কারা এটা জানা দরকার আছে। এই মিসা আইন পাশ হওয়ার আগে এখানে সমাজবিরোধীর ডেফিনিশনটা পরিস্কার হওয়া দরকার। আমরা জানি যে অনেক সময় পুলিশ সমাজবিরোধী বলে অনেককে এ্যারেষ্ট করে। প্রকৃতপক্ষে এখানে দেখতে হবে যে তারা সমাজবিরোধী কি না। তাই এই বিল পাশ হবার আগে আমি এই প্রস্তাব রাখবো যে সমাজবিরোধী, তারা প্রকৃত কি না সেটা জানার জন্য—আমি মফঃস্বল এলাকা থেকে আসছি, সেখানে পঞ্চায়েত আছে, এই পঞ্চায়েতকে বিশেষ করে দায়িত্ব যাতে বেশী করে দেওয়া হয় এই প্রস্তাব আমি রাখছি। জমি সংক্রান্ত সংশোধিত পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন, ১৯৫৫, যার আওতায় দেখছি পরিবার পিছু ইউনিট হিসাবে কত জমি রাখতে পারা যায় তার একটা আভাসের প্রয়োজন হচ্ছে। এই বিলকে স্বাগত জানাই এই জন্য যে এই বিল যখন হয়েছিল তখন কোন লোকের যদি বেশী জমি থাকে তাহলে তারা সুবিধামত

জমি বেনামী করে রাখতো। তখন দেখা গিয়েছে ছেলের নামে, স্ত্রীর নামে, নাতীর নামে, এমনকি তার বাড়ীতে যদি ভৃত্য থাকে তার নামে, এমনকি তার কুকুরের নামে, বিড়ালের নামে জমি থাকতো। কাজেই এই বিলে যে প্রস্তাব এসেছে তাতে যারা ঐসব সুবিধা পেতো তারা এই সুবিধা থেকে বঞ্চিত হবে, তারা এই কাজ করতে পারবে না। এবং আমাদের দেশের যারা গরীব কৃষক তাদের আমরা উপকার করতে পারবো। এইজন্য ঐ জমির মাধ্যমে আমি এই বিলকে স্বাগত জানাই। সবশেষে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে শুবেচ্ছা ও শ্রদ্ধা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধান সভাতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে যুগান্তকারী সংশোধনী উত্থাপন করেছেন সেই যুগান্তকারী সংশোধনীকে আমি স্বাগত জানাই। যারা ধন সম্পত্তির গৌরবে, যারা ধন সম্পত্তির অহংকারে সমাজে ন্যায় বিচারের প্রতি কষাঘাত করে, যারা সমাজের ন্যায় নীতিকে ভঙ্গ করে, তাদের এই আইনের আওতায় এনে সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা করার একটা দৃঢ় পদক্ষেপ করা হচ্ছে এই সম্বন্ধে বিন্দুমাত্র সন্দেহ নেই। কিন্তু আমি এই সংশোধনীকে সমর্থন করে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি কয়েকটি জিনিষের প্রতি রাখতে চাই। এর আগে কেউ কেউ বলতে চেয়েছিলেন, আমিও বলতে চাই যে এই আইনের পরিধি আর একটু বাড়ান দরকার। আমরা মনে করি যতই আইন হোক, যতই বিল হোক, যতই সুবিচারের চেষ্টা সরকার পক্ষ থেকে করা হোক না কেন, দুর্নীতিগ্রস্ত, কলুষিত প্রশাসন এবং পুলিশি ব্যবস্থার মাধ্যমে সমস্ত ন্যায় বিচার এবং সমস্ত ন্যায়পরায়ণ আইনগুলো ধূলিস্মাৎ হয়ে যায় এবং সাধারণ মানুষ ন্যায় বিচার থেকে বঞ্চিত হয় এটা আমরা জানি।

[ 3-00—3-10 p.m. ]

প্রশাসনিক দুর্নীতি যারা করে, যেসব পুলিশ অফিসার বে-আইনী করে সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা হতে দেয় না, মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট আমার প্রস্তাব, তাদের এই মিসা আইনে গ্রেপ্তার করা যায় কিনা সেটা একবার চিন্তা করে দেখুন। যে সমস্ত গেজেটেড অফিসার আছে—আই. এ. এস, আই. পি. এস, এই ধরনের সরকারী কর্মচারী যারা, তাদের বিরুদ্ধে অনেক সময় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যায় না। তিনি বলেছেন যে পাবলিক অর্ডার যদি ডিসরাপ্ট না করে তাহলে সরকারী কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা আনকনস্টিটিউশনাল। আপনি ন্যায় বিচার করুন, যে সমস্ত ডি. আই. প্রাথমিক শিক্ষকদের পি. এফ. এবং গ্রাচুইটির টাকা দেয় না, বছরের পর বছর এইভাবে টাকা আটকে রাখে এবং ফলে প্রাথমিক শিক্ষক রিটায়ার করার পরে আর কোন অবলম্বন না থাকায় অনাহারে কষ্টে মৃত্যুবরণ করে, সেইসমস্ত ডি. আই কি পাবলিক অর্ডার ডিসরাপ্ট করে না? মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, যেসমস্ত অফিসার বাজেটের টাকা জনকল্যাণমূলক কাজে ব্যয় করতে পারে না বলে টাকা ফেরত যায়, সেইসমস্ত অফিসার কি পাবলিক অর্ডার ডিসরাপ্ট করে না? আমি বলতে চাই যেসমস্ত পুলিশ অফিসার বে-আইনীভাবে আইন প্রয়োগ করে নিশ্চয়ই তারা পাবলিক অর্ডার ডিসরাপ্ট করে, আমি তাই মুখ্যমন্ত্রীর নিকট সেইসমস্ত পুলিশ অফিসারদের মিসা আইনে গ্রেপ্তারের জন্য দাবী করছি। তা যদি করা হয় তাহলে যে ব্যবস্থার উদ্দেশ্যে আইন বিধানসভায় এনেছেন তা কার্য্যকরী হবে। আমি আরও কয়েকটি বিষয় মুখ্যমন্ত্রীর দৃষ্টিতে আনতে চাই। যারা খাদ্যে ভেজাল দেয়, ব্ল্যাকমার্কেটিং করে, সমাজ ব্যবস্থাকে ডিসরাপ্ট করে, দ্রব্যমূল্যের বৃদ্ধি ঘটায় এবং যেসব পুলিশ অফিসার বে-আইনী ভাবে লাঠি চার্জ করে, গুলি করে, সরকারকে অপদস্থ করার জন্য চেষ্টা করে, পাবলিক অর্ডার ডিসরাপ্ট করে সেইসব অফিসারদের মিসা আইনের আওতায় আনা হোক। তা যদি করা হয়

তাহলেই সম্ভব হবে পশ্চিমবাংলার দুর্নীতিগ্রস্ত কলুষিত প্রশাসনিক পুলিশী ব্যবস্থাকে সংস্কারমুক্ত করা এবং সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা করা। তাহলেই নেত্রী ইন্দিরাগান্ধীর স্বপ্নকে সার্থক করা সম্ভব হবে। আমি তাই এই সমস্ত অফিসারদের মিসা আইনের আওতায় আনার ব্যবস্থা করার জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে, আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগণেশ হাটুই :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে মিসা এ্যাক্ট এ্যামেণ্ডমেণ্ট বিল এসেছে আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। সমাজবাদ আনতে হলে কতকগুলি জিনিষ আমাদের দেখা দরকার, তা না হলে সমাজবাদ শুধু কথায় এবং শ্লোগানেই থেকে যাবে। আমাদের সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে গেলে প্রথমেই সমাজে যেসমস্ত দোষত্রুটিগুলি আছে সেগুলি দমন করা একান্ত দরকার। জোতদার এবং শ্রমিকদের অর্থশোষণকারী কলকারখানার মালিকদের এই আইনের দ্বারা শায়েস্তা করতে না পারলে কিন্তু আমরা কোন ভাল জিনিষ করতে পারব না বা সমাজবাদ প্রতিষ্ঠাকরতে পারব না। জোতদার অনেক সময় নানাভাবে জমি লুকিয়ে রাখে এবং বার বার সরকার হুঁশিয়ার করে দেওয়া সত্ত্বেও এবং নানা আবেদন নিবেদন করা সত্ত্বেও সরকারের কাছে তারা হিসাব দাখিল করে না। এই আইন যদি আমরা ঠিক ঠিকভাবে প্রয়োগ করতে পারি, তাহলে এই সমস্ত লুকান জমি আমরা বার করে আনতে পারব এবং ভূমিহীন কৃষকদের মধ্যে বণ্টন করে দিতে পারব। তা না হলে এদের কাছ থেকে কোনরকমেই জমি আমরা উদ্ধার করতে পারব না। তেমনি শ্রমিকদের ক্ষেত্রেও আমি একথা বলতে চাই যে শ্রমিকদের পি. এফ এবং অন্যান্য ন্যায্য পাওনা যে সমস্ত অসাধু কলকারখানার মালিক আত্মসাৎ করে, তাদের যদি আমরা এই আইনের আওতায় না আনতে পারি তাহলে তাদের আমরা শায়েস্তা করতে পারব না।

তাই বলছিলাম যে, মালিককে শায়েস্তা করতে না পারলে এবং এই আইন প্রয়োগ না করলে আমরা কোন রকমেই গরীব শ্রমিকদের উপকার করতে পারব না। গরীব শ্রমিকদের যদি ন্যায্য প্রাপ্য দিতে হয় তাহলে এই আইন একান্ত দরকার। অবশেষে আমি এই আইন সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি স্বাগত জানাচ্ছি। ভারত সরকারের যে মূল বিল সেই বিলকে পশ্চিম বাংলার ক্ষেত্রে উপযোগী করে দুটি বিশেষ ক্ষেত্রে সম্প্রসারিত করবার জন্য যে এ্যামেণ্ডিং বিল আনা হয়েছে সেটা সম্পূর্ণ সংবিধান সম্মত। কনষ্টিটিউসনের সেভেন্থ সিডিউলে কঙ্কারেণ্ট লিষ্টে বলা হয়েছে ল এণ্ড অর্ডার মেনটেন করবার জন্য এরকম বিধি প্রয়োগ করা যায়। সুতরাং পশ্চিমবাংলার যে দুটি ক্ষেত্রে আইন এবং শৃঙ্খলা বিশেষভাবে ব্যাহত হবার সম্ভাবনা রয়েছে সেই দুটি বিশেষ দিকে এই আইনের প্রয়োগকে প্রসারিত করা হয়েছে। আজকে আমরা দেখছি শিল্পক্ষেত্রে সরকারের যেসব কল্যাণমূলক আইন আছে তাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে জনস্বার্থ বিরোধী মালিকশ্রেণী যেভাবে শোষণ চালিয়েছে তাকে সমাজতন্ত্রের মুক্ত হাওয়ায় নিঃশ্বাস নেওয়া শ্রমিক বরদাস্ত করতে পারছে না এবং তার ফলে আইন শৃঙ্খলার ক্ষেত্রে একটা বিরাট অসন্তোষের আবহাওয়া দানা বেঁধে উঠেছে। এই যে অসন্তোষ দানা বেঁধে উঠেছে তার ফলে আইন শৃঙ্খলা রাখা যাচ্ছে না এবং সেইজন্যই আইনের এই বিধিকে এই ক্ষেত্রে প্রসারিত করা হয়েছে যাতে ওই সব লোভী জনস্বার্থবিরোধী কারখানার মালিকদের আটক করা যায়। এই সঙ্গে সঙ্গে আমরা আর একটা জিনিষ লক্ষ্য করছি গ্রামবাংলায় যেসব জমি চোর আছে অর্থাৎ বড়লোক বলে যারা সম্মানের উচ্চ আসনে বসে আছেন অথচ নানাভাবে পশ্চিমবাংলার ভূমি সংস্কার আইনকে—যে আইনের মূল লক্ষ্য হোল দরিদ্র এবং ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বিলি করে দেওয়া— তাকে ফাঁকি

দিয়ে নিজেদের হাতে বেশী জমি রেখে দিয়েছে তাদের বিরুদ্ধেও ক্ষোভ দানা বেঁধে উঠছে; সেইজন্যও এই আইন আনা হয়েছে। সুতরাং এই আইন, এই বিল যুগান্তকারী বলে এর উত্থাপনকারী মুখ্যমন্ত্রীকে আমি সমর্থন করছি। তবে আজকে একটা আশঙ্কা দেখা দিয়েছে এর প্রয়োগের ক্ষেত্রে এবং সেটা হোল যে প্রশাসনযন্ত্রের মধ্য দিয়ে এই আইন প্রয়োগ করা হবে তাতে হয়ত এর মূল উদ্দেশ্য ব্যাহত হবে। কিন্তু আমরা যদি শুধু আশঙ্কা করেই বসে থাকি তাহলে ওই সব ধনী যারা শ্রমিকদের অন্ন কেড়ে খাচ্ছে, ওইসব জোতদার যারা চাষীকে জমি পেতে দিচ্ছে না তাদের তো আরও সুবিধা হবে। এই প্রসঙ্গে আমার শরৎচন্দ্রের মহেশে গফুরের উক্তি মনে পড়ছে। গফুর কাতর উক্তি করে বলছে "আল্লা, তোমার মাঠের ঘাস যারা আমার মহেশকে খেতে দেয় নি, তোমার তৃষ্ণার জল যারা আমার মহেশকে খেতে দেয় নি তাদের তুমি ক্ষমা করো না"। আজকে বাংলাদেশের নিপীড়িত মানুষের কণ্ঠে এই কাতর উক্তি ফুটে উঠছে, বাংলাদেশের আকাশে বাতাসে এই করুণ বেদনা ফেটে পড়ছে।

[3-10—3-35 p.m. including adjournment.]

আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো এই নিপীড়িত মানবাত্মার চোখের জল মুছিয়ে দেবার নামে এইসব ভূমিহীনদের একখণ্ড নিজস্ব জমি পাবার প্রত্যাশার নামে, তাঁরা যেন এই বিলকে অকুণ্ঠভাবে সমর্থন করেন। আর একটা কথা বলতে চাই এই বিলের একদিকে যেমন নিবারণত্বের দিক আছে, যে দিকে বলা হচ্ছে যেসব জমি চোরেরা, যেসব অন্যায়ভাবে লুণ্ঠনকারী ধনিকের দল তাদেরকে বলা হচ্ছে যে তোমরা সমাজের যত উঁচু আসনেই বসে থাকনা কেন সরকারের কাছে আজ তোমরা চোর, ডাকাত, গুণ্ডা। আর এক কথা বলা যেতে পারে আজকে শোষণের দম্ভের দুর্গে ত্রাসের আঘাত হানা হয়েছে এই বিলের মধ্যে। সঙ্গে সঙ্গে এর আর একটা দিক আছে নিপীড়িত মানুষের মধ্যে আজকে এই যে ফিলিং গ্রো করার চেষ্টা করা হয়েছে এই আইনের মধ্য দিয়ে—যে এতদিনে তোমরা শুধু নিজেদের ভাগ্যকে ধিক্কার দিয়েছ, তোমাদের পাশে কেউ দাঁড়ায়নি, আজকের দিনে তোমাদের ন্যায্য পাওনা পাওয়ার জন্য আজকে সরকার তোমাদের পাশে এসে দাঁড়িয়েছে। আমি সরকারকে অনুরোধ করবো, আপনারা আপনাদের সততা দিয়ে, আন্তরিকতা দিয়ে, দৃঢ়তা দিয়ে, বলিষ্ঠতা দিয়ে, ঐ সব লোকদের যাদের আইনের বিরুদ্ধে যাবার আশঙ্কা আছে, সেইগুলো দূর করুন। আমি পরিশেষে এই আইন আনার জন্য মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 20 minutes.)

(*After Adjournment.*)

[3-35—3-45 p.m.]

**শ্রীসুনীল কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার গরীব কৃষক এবং শ্রমিকদের স্বার্থে অসৎ জোতদার এবং শিল্পপতিদের হাত থেকে রক্ষা করার জন্য আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী যে আভ্যন্তরীণ সংশোধন নিরাপত্তা রক্ষা বিল এনেছেন তাঁকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৫৫ সালে ভূমি সংশোধন আইন পাশ হয়েছে কিন্তু এখনও পর্যন্ত সেই আইনে জোতদারদের এবং আমলাতন্ত্রের চক্রান্ত-এর সফল রূপায়ন হয়নি। গ্রামের গরীব কৃষকরা জমি পাচ্ছে না, জোতদাররা নামে-বেনামে মামলা দায়ের করে হাজার হাজার বিঘা জমি ভোগ দখল করে আসছে, গরীব কৃষকদের শোষণ করছে। পশ্চিমবাংলা কৃষি প্রধান রাজ্য, গ্রামবাংলার শতকরা ৯০জন লোক যাদের জীবিকার একমাত্র পথ জমি—আজকে সেই সমস্ত জোতদার, মহাজন —তারা শাস্তি পাচ্ছে না, গ্রামবাংলার বৃহৎ সংখ্যক যারা বৎসরের

বেশীর ভাগ দিন অনাহারে, অর্ধাহারে, অত্যন্ত কষ্টের মধ্যে দিন কাটাচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকারকে দৃষ্টিভঙ্গী নিয়ে যে ভূমি সংস্কার আইন পাশ হয়েছিল, পরবর্তী অধ্যায়ে দেখা গেছে আমলাতন্ত্রের কারচুপি, জোতদারদের চক্রান্তে সেই আইন সফল হতে পারে নি আজকে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী আভ্যন্তরীণ নিরাপত্তা সংশোধনী বিল এনে শক্তিশালী জোতদারগোষ্ঠী শিল্পপতিদের বিরুদ্ধে গরীব মানুষের কল্যাণের জন্য এই ধরনের যে বিল এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্ত ফ্রন্টের আমলে সারা পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার ভয়াবহ অবনতি হয়েছিল। পরবর্তী অধ্যায়ে মিসা আইন পশ্চিমবাংলায় চালু হয়েছিল। কিন্তু আমরা দেখেছি সেই মিসা আইন অপপ্রয়োগ হয়েছিল। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখতে চাই আজকে যে উদ্দেশ্য নিয়ে এই জনহিতকর সংশোধীত বিল পাশ করা হচ্ছে তার যাতে সফল রূপায়ণ হয়, তার যাতে অপপ্রয়োগ না হয়, সেইজন্য একটা বিশেষ ব্যবস্থা রাখা প্রয়োজন। পরিশেষে এই আইনকে—এই সংশোধিত বিলকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীকেশব চন্দ্র ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলার জাতীয় জীবনে, এই চরম সংকট সময়ে, সৃষ্টি ও ধ্বংসের যুগসন্ধিক্ষণে এক বিশেষ ঐতিহাসিক প্রয়োজনে পশ্চিমবঙ্গের মানুষের শান্তি ও নিরাপত্তার জন্য, পশ্চিমবঙ্গে দুর্গত মানুষদের বাঁচাবার জন্য এই যে স্মরণীয় ও বরণীয় মিসা আইনটি আমাদের গণতান্ত্রিক মুখ্যমন্ত্রী এখানে উপস্থাপিত করেছেন, তাকে আমি দ্ব্যর্থহীন ভাষার অভিনন্দন জানাচ্ছি। সমস্ত পশ্চিমবাংলার শান্তিকামী মানুষের কাছ থেকে তাঁর ধন্যবাদ প্রাপ্য।

আজ থেকে পাঁচ বছর আগে ঐ লাল কুঠিতে যেদিন যুক্তফ্রন্ট সরকার শাসনভার গ্রহণ করলেন, সেইদিন পশ্চিমবাংলার ভাগ্যাকাশে এক খণ্ড কালো মেঘের সঞ্চার হয়েছিল এবং সেই ঘনঘটা দেখে আমাদের ভাগ্যবিধাতা ক্রূর হাসি হেসে ছিলেন। তারা যে দেশময় সন্ত্রাসের সৃষ্টি করলো, ধ্বংস ডেকে আনলো, তার বিরুদ্ধে এই মিসা আইনকে কঠোরভাবে প্রয়োগ করবার জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি। সারা পশ্চিমবাংলার ঘরে ঘরে মা-বাবার যে চাপা কান্না, তা যেন আজও আমরা শুনতে পাচ্ছি। তাদের করুন ক্রন্দন আজও আমাদের অন্তরকে উদ্বেলিত করে তুলছে। সেই সমস্ত রাজনীতিকদের, সেই সমস্ত সমাজদ্রোহীদের কঠোরভাবে এই মিসা আইনের আওতায় আনবার জন্য আমি স্পীকারের মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শুধু ভেজালকারী, শুধু সমাজবিরোধী, শুধু মুনাফাখোর যারা, তাদের বিরুদ্ধে এই মিসা আইন প্রয়োগ করলে জন-জীবনে শান্তি আসবে না; যারা আইন-শৃঙ্খলা মানে না, দেশের সংহতি ও সার্বভৌমত্ব মানে না, গণতন্ত্রে বিশ্বাস করে না, তাদের বিরুদ্ধেও এই মিসা আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে। আজ পশ্চিমবাংলা এক বিরাট সমস্যার ভেতর জড়িয়ে পড়েছে। গত দু' বছর, দু-তিন বছর যাবৎ আমাদের জীবনে ভয়ানক অশান্তি ও অবর্ণনীয় দুঃখ-কষ্ট ভোগ করেছি। তা থেকে আমাদের দেশের সাধারণ মানুষকে উদ্ধার করতে হলে, বাঁচাতে হলে—এই মিসা আইনের সফল ও সার্থক প্রয়োগ প্রয়োজন।

আমাদের সীমান্তবর্তী অঞ্চলে আজও গণ্ডগোলের সংবাদ শুনতে পাচ্ছি। এই বাংলাদেশে সি. পি. এম.-ই এই সন্ত্রাস ও সংকট সৃষ্টি করছে। ঐ বাংলাদেশের মাধ্যমে তাদের দ্বারা আমাদের সীমান্তে পশ্চিমবাংলায় আবার নতুন সংকট সৃষ্টি হতে পারে বলে আমার বিশ্বাস। কাজেই তার প্রতিরোধ কল্পে পূর্বাহ্নেই এই মিসা আইনের প্রয়োগ প্রয়োজন। আমাদের দেশের বড়লোকেরা অপরাধ করে গ্রেপ্তার হন বটে, কিন্তু দু' দিন পরে টাকা ঘুষ দিয়ে বেরিয়ে

যান। এই বিলের মধ্যে আছে মিসা আইনে গ্রেপ্তার হলে তিন বছরের জন্য সাজা হবে। হয়ত অনেক নির্দোষ ব্যক্তি এই আইনে সাজা পেতে পারে। সেজন্য আমরা দুঃখিত। তবে একটু সতর্কভাবে যাতে এর প্রয়োগ হয় সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন। আমাদের দক্ষ পার্লামেণ্টা-রিয়ান বিশ্বনাথবাবু বলেছেন, তাঁর এক কর্মির উপর মিসা আইনের অপপ্রয়োগ হয়েছে। তার জন্য বাস্তবিকই দুঃখিত। তিনি যে suggetion রেখেছেন—জেলায় জেলায় এম. এল. এ. ও জনপ্রতিনিধিদের নিয়ে এ সম্বন্ধে একটা পরামর্শ কমিটি গঠন করা হোক, তা আমি সমর্থন করি। বহুর কল্যাণের জন্য আজ বিধানসভায় যে আইন উপস্থাপিত হলো—কারো দোষের জন্য সেই আইনের বিরূপ সমালোচনা করা বা সমর্থন না দেওয়ার কোন কারণ থাকতে পারে না। এই মিসা আইন যেন আমরা সবাই দ্ব্যর্থহীন ভাষায় সমর্থন করি।

পশ্চিমবাংলার মানুষ যে দুঃখ-কষ্ট পেয়েছে, বহু মায়ের সিঁথির সিন্দুর মুছে গেছে, বহু ছেলে-পিতৃহীন হয়েছে, এই মিসা আইনে সেই সমস্ত ভ্রষ্টাচারীদের কঠোর শাস্তি দানের জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। তাহলেই সেই সমস্ত পরলোকগত আত্মার স্মৃতি-তর্পণ সাথক হবে। যারা মলয়-প্রণবকে হত্যা করে—মনুমেণ্টের পাদদেশে প্রকাশ্য সভায় বলতে পারে—আমরা তার জন্য গর্বিত, আমাদের সমর্থকদের সেই কাজের জন্য আমরা গর্ববোধ করি, এই সমস্ত ব্যক্তির বিরুদ্ধে এই মিসা আইন প্রয়োগ করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। যারা বিধানসভাকে জুয়াচ্চোরের আড্ডাখানা বলে অভিহিত করলো—সেই জ্যোতি বসুর বিরুদ্ধে এই মিসা আইনকে প্রয়োগ করবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

এই কয়টি কথা বলে আমি এ আইনকে সর্বান্তঃকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

**শ্রীশিশির কুমার ঘোষ ঃ** স্পীকার, স্যার, কমিউনিষ্ট পার্টি কেন্দ্রীয় আইন, এই মিসা আইনের বিরুদ্ধে, এবং ১৯৭১ সালে যখন লোকসভায় এই প্রশ্ন আসে, মাননীয় কে. সী. পন্থ এই মিসা আইন আনবার জন্য যে যুক্তির অবতারনা করেছিলেন, সেই যুক্তির মধ্যে ছিল বিশেষভাবে বিদেশীরা তাদের অস্ত্র-সস্ত্র নিয়ে একটা নতুন সন্ধিক্ষণে ভারতবর্ষে প্রবেশ করে আভ্যন্তরীণ নিরাপত্তা বিপন্ন করতে পারে। এই যে বক্তব্য তার ছিল সে সময় আমরা মনে করেছিলাম যে মিসার দ্বারা এই জিনিস বন্ধ করা যাবে না, তাই মিসার বিরোধীতা করেছিলাম। শুধু কমিউনিষ্ট পার্টি করেনি, এখানে যত কেন্দ্রীয় শ্রমিক সংগঠন আছে এ. আই. টি. ইউ. সি. থেকে আরম্ভ করে আই. এন. টি. ইউ. সি., ইউ.টি.ইউ.সি. পর্যন্ত সমস্ত কেন্দ্রীয় সংগঠনের বিরোধীতা করেছে। কিন্তু মিসার পক্ষে যে সংশোধনী এসেছে নিশ্চয়ই পশ্চিমবাংলার সাধারণ মানুষ এইটা গ্রহণ করবে, কারণ এই যে সংশোধনী, এই সংশোধনী জমিচোরেদের বিরুদ্ধে সংশোধনী। এই সংশোধনীর দ্বারা যেসব মালিক শ্রমিকের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা চুরি করে নিজেদের ব্যবসা চালায় তাদের বিরুদ্ধে তাই আমরা এই সংশোধনীকে সমথন করছি। কিন্তু এই সমর্থন করার সাথে সাথে এই যে প্রশাসন যন্ত্র এই প্রশাসন যন্ত্রের বিরুদ্ধেও লক্ষ্য রাখতে হবে। কাদের দিয়ে এই আইনকে ইম্পলিমেনটেশন করবেন, পুলিশ বিভাগকে দিয়ে? এই বিধানসভার প্রত্যেক সদস্য পুলিশ সম্পর্কে অবগত আছেন, তাঁরা জানেন যে পুলিশ এই মিসা আইনকে অপব্যবহার করে। এবং তারা এটাকে মালিকের, জোতদারের স্বার্থে ব্যবহার করে। যখন টিটাগড়ে ১৯৬৯ সালে রায়ট হল তখন আমরা দেখেছিলাম এই রায়টকে কেসে কি করে কংগ্রেসীদের ধরা যায় তার চেষ্টা করেছে। আবার আমরা দেখেছি যে এই পুলিশ সি. পি. এমকে এগিয়ে দিয়ে নকশাল নাম করে অন্য পন্থী যুবকদের উপর অত্যাচার করতে শুরু করেছিল। আমরা আজও টিটাগড়ে যেসব

অঞ্চলে জুয়ার আড্ডা আছে সেইসব অঞ্চলের মানুষের বহুদিন ধরে বিভিন্ন অভিযোগ আছে। এই গণতান্ত্রিক মোর্চার সরকার প্রতিষ্ঠিত হবার পর এই অঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। জুয়ার আড্ডা বন্ধ হয়ে গিয়েছে। কিন্তু পুলিশ সেখানে সেইসব জুয়াড়ীদের ঘরে হানা দিয়ে তাদের বলছে, বলছে চল থানায়, তাদের থানায় নিয়ে আসছে। কিন্তু ভিতরের খবর কি? ভিতরের খবর হচ্ছে তাদের বাড়ীতে গিয়ে তাদের ইনসিষ্ট করছে যে জুয়া খেল ইত্যাদি। জুয়া খেলাতে পারলে পুলিশের হপ্তা পাবার ব্যবস্থা ঠিক থাকবে। এইটা যদি দেখা যায় যে পুলিশ মিসা আইনকে অপব্যবহার করছে না, যেখানে প্রয়োগ করা দরকার সেই শ্রমিকের স্বার্থে মালিকের বিরুদ্ধে, জমিচোরের বিরুদ্ধে যেখানে প্রয়োগ করা দরকার করছে, আর সেই সমস্ত যদি তাঁরা করেন তাহলেই সার্থক হবে। তা নাহলে এই বিভাগীয় আইন দিয়েই তাদের রোখা যাবে না, তাদের বিরুদ্ধে অর্থাৎ এই পুলিশের বিরুদ্ধে এই আভ্যন্তরীন নিরাপত্তা আইন প্রয়োগ করা যায় কি না সেটা দেখতে হবে। শুধু পুলিশ নয় আমলাতন্ত্রের বিরুদ্ধেও প্রয়োগ করতে হবে। যে সমস্ত ফাইল তাদের বিরুদ্ধে দেওয়া হয় মন্ত্রিমহাশয়ের কাছে, মন্ত্রিমহাশয়ের নোটিশে আনবার পরও দীর্ঘ দিন সেটা চলে, সেখানে কোন ফয়সলা হয় না। আপনি জানেন এই মন্ত্রিমহাশয়দের অবগতির জন্য পুলিশ-এর বিভিন্ন রিপোর্ট যা দেওয়া হয় সে রিপোর্ট সম্পূর্ণ অসত্য রিপোর্ট তাঁরা পরিবেশন করেন। সেইজন্য আজকে যে প্রশাসন যন্ত্র দিয়ে এই বিলকে প্রয়োগ করবেন যে প্রশাসন যন্ত্র দিয়ে জনগণের উপকার করবেন, যথাস্থানে প্রয়োগ না করে বা অপপ্রয়োগ করে সেই পুলিশ সেই আমলাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করবেন। সেটা উল্লেখ হওয়া উচিত।

[3-45—3-55 p.m.]

পুলিশ বিভাগকে বা পুলিশকে সাবধান করতে না পারলে প্রশাসন সুষ্ঠু হতে পারবে না—পুলিশকে আপনারা যেভাবে পরিচালনা করতে চান সেভাবে পরিচালনা করতে পারবেন না। তাই আগে আমরা দেখেছি প্রতি থানায় থানায় বিভিন্ন রাজনৈতিক দল যারা যখন শাসন পরিচালনা করেন সেই রাজনৈতিক দলের কর্মীরা পুলিশকে পরিচালনা করে। আবার সেই রকম ঘটনা ঘটছে খবর পাচ্ছি এইসমস্ত রাজনৈতিক দলের কর্মীদের প্রতি পুলিশের প্রচেষ্টা চলছে যাতে তাদের অবার সেইভাবে পাশের চেযারে বসাতে পারে। তাই আমি বলবো এই যদি আবার হয় তাহলে দুর্নীতিমুক্ত প্রশাসন আমরা করতে পারবো না আবার তা ভেঙ্গে পড়বে। পুলিশ চেষ্টা করে আমলাতন্ত্র বেঁচে থাক, দুর্নীতি থাকুক, পুলিশ চেষ্টা করে জনসাধারণ ঐক্যবদ্ধ যাতে না হতে পারে—এই ঐক্যবদ্ধ মোর্চা যাতে না গড়ে উঠতে পারে। তারা তাই ভুল সংবাদ পরিবেশন করে। আমলাতন্ত্রকে তারা জিইয়ে রাখতে চেষ্টা করে। আমি এই হাউসের কাছে বার বার বলবো যে আইন করুন—কিন্তু তাকে যদি সুচারুরূপে জনসাধারণের উপর প্রয়োগ করতে চান তাহলে আমলাতন্ত্রের বিরুদ্ধে, পুলিশের বিরুদ্ধে, এমন আইন আনুন যাতে তারা প্রয়োগ করতে যদি গাফেলতি করে তাহলে তার বিরুদ্ধে সেটা যাতে প্রয়োগ করা তার ব্যবস্থা থাকে—এই কথা আমি বলবো।

**শ্রীপ্রদীপ কুমার পালিত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় মিসা বিল নূতনভাবে সংশোধিত আকারে আনা হয়েছে তার জন্য মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়কে আমি অভিনন্দন জানচ্ছি। এই যে সংশোধন আনা হয়েছে তার মধ্য দিয়ে হয়তো পশ্চিমবাংলার বিধানসভা থেকে ভারতবর্ষের ইতিহাসে একটা নূতন জিনিস প্রবর্তন করা হবে। এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে মুখ্যমন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন যে যারা সমাজে কৃষি ক্ষেত্রে জোতদাররা বেআইনীভাবে যে জমি জায়গা রাখছে কিংবা যে সমস্ত শিল্প পতিরা শ্রমিকদের ফাঁকি দিচ্ছে

তাদের এই মিসা আইনে গ্রেপ্তার করার জন্য এই বিল সংশোধিত আকারে রাখা হয়েছে। আজকে এই মিসা আইনের উপর আমার বক্তব্য যে এই আইনের সবচেয়ে বড় অন্তরায় হোল যারা দায়িত্ব নিয়ে এই আইন প্রয়োগ করবেন তারা বিভিন্ন সময় বিভিন্নভাবে ইচ্ছাকৃতভাবে অনিচ্ছাকৃতভাবে ভুল করে এই আইনকে সঠিকভাবে ব্যবহার করবে না। এখানে আমরা দেখতে পাচ্ছি যে এই মিসা আইনে যখন গ্রেপ্তার করা হয়—সেই গ্রেপ্তারের পর তার বিরুদ্ধে পাঁচ দিন বা ১৫ দিনের মধ্যে তার বিরুদ্ধে চার্জ তৈরী করা হয় এবং সেই চার্জ সরকারের কাছে নিয়ে যেতে হয়—সরকার সেটা গ্রহণযোগ্য বলে মনে যদি করেন তখন সেটা এ্যাডভাইসরী কমিটিতে গ্রহণ করা হয়। তাতে সংবিধানের ২২নং ধারার ৪নং উপধারায় দেখা যায় সেটা ৯০ দিনের মধ্যে সমাধা করতে হয়। আমরা দেখেছি যে, এমন ঘটনা ঘটেছে যে সরকারী আমলারা ইচ্ছাকৃতভাবে বা অনিচ্ছাকৃতভাবে ভুল করেন এবং সেই মিসা আইনের যে গ্রেপ্তার করা হয়েছে—কিন্তু ৯০ দিনের মধ্যে চার্জ তৈরী হোল না—সেখানে ৯০ দিন পার হয়ে গেল। তখন তার বিরুদ্ধে হাইকোর্টে রুল জারী করা হোল মিসা আইনের বিরুদ্ধে এবং তাকে খালাস করে দেওয়া হয়।

তাদের বিরুদ্ধে শাস্তিমূলক কোন ব্যবস্থা গ্রহণ করা যায় না। আজকে সেই ধরনের কতকগুলি উদাহরণ তুলে ধরছি। হাইকোর্টে মিসা আইনে গ্রেপ্তার করা কেস নম্বর ১৯৭১ সালে ৫১৭ নম্বর Case, কেসে গ্রেপ্তার হয়েছিল Tenti Khantra, তারজন্য ৯০ দিনের মধ্যে কোন রকম সমাধান না হওয়ার বা File পত্র আটকে যায় বা চেপে রাখা হয় তার ফলে তার স্ত্রী সাগর ক্ষান্ত্রা তিনি appeal করেন High Court-এ এবং সঙ্গে সঙ্গে সেই Tenti Khantra কে মকুব করে দেওয়া হয়, তার বিরুদ্ধে মিসা আইন খারিজ করে দেওয়া হয় এই case-এর জন্য সরকারী যে সমস্ত আমলারা দায়ীত্বে ছিলেন তারা ঠিক মত সময়ে এই কেসটাকে তারা এগিয়ে নিয়ে যেতে পারেনি, একই রকমভাবে High Court থেকে বাতিল হয়ে যায়। সমান ভাবে, আর একটা Misa Case No. 1010, এই Case হয়েছিল ১৯৭১ সালে, এই Case গ্রেপ্তার হয়েছিল। রবীন শেঠ এবং তার পক্ষে সমানভাবে High Court-এ move করে তাঁর ভাই ভৈরব শেঠ এবং ঐ ৯০ দিনের মধ্যে তার বিরুদ্ধে কোনরকম Charge গ্রহণ করা হয় নি বা তার বিরুদ্ধে File পত্র বিশেষ ভাবে হাজির করা যায় নি বলে Case টা বাতিল হয়ে যায়। সমানভাবে গৌতম শিকদারের case, ৯০ দিনের মধ্যে advisory board এর কাছ থেকে তার বিরুদ্ধে কোন report, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে কি হবেনা, এই ধরনের কোন সিদ্ধান্তের সমাধান হয় নি বলে বাতিল হয়ে যায়। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এইরকমভাবে সরকারী আমলারা নিজেদের কোন কোন জায়গায় ইচ্ছাকৃতভাবে, কোন কোন জায়গায় অনিচ্ছাকৃতভাবে নিজেদের দায়ীত্ব সঠিকভাবে পালন করে না বা পালন করতে চেষ্টা করে না। এইভাবে যে আইন আমরা বাস্তবে রূপ দেবার চেষ্টা করি সেই আইনকে বাস্তবে রূপ না দিয়ে একদিকে যেরকমভাবে আমাদের সরকারকে অপদস্ত করার চেষ্টা করে সমানভাবে সমাজে যারা আইন ভঙ্গ করছে তাদের এই আইনে গ্রেপ্তার করে শাস্তি দেবার ব্যবস্থা হয় নি। এইরকমভাবে একটার পর একটা ঘটনা ঘটে যাচ্ছে। আপনার কাছে আমি দৃষ্টি আকর্ষণ করছি, এই ধরনের ঘটনা যেন না ঘটে তারজন্য সরকারী দপ্তরকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আগামী দিনে স্মরণ করিয়ে দেন। আজ বিধানসভার আর একজন সদস্য কিছুক্ষন আগে বক্তব্য রাখতে গিয়ে বলছেন যে কাকীনাড়াতে Kolley Iron and Steel Factory-র মালিক, তিনি বে-আইনীভাবে তার Company বন্ধ করে দিয়েছেন, ৭ দিনের নোটিশকে Violate করেছেন। সেখানে কোন শ্রমিক অসন্তোষ নেই, তা সত্ত্বেও বে-আইনীভাবে কারখানা বন্ধ করে দিয়েছেন। আজকে এই সভায় বক্তব্য রাখতে গিয়ে মিসা আইনের উপর—আমার বিশ্বাস মিসা আইন আজ গৃহীত হবার পরে

আমরা দেখতে পাই যে আগামীকাল কিম্বা আগামী পরশু সেই Kolley Iron and Steel Factory-র মালিক, তিনি প্রথমে এই মিসা আইনে গ্রেপ্তার হন। এই জিনিষ আজকে যদি না হয় তাহলে বাস্তব ক্ষেত্রে আমরা মিসা আইনকে সঠিক পথে নিয়ে যাবার চেষ্টা করছি কি না, এগিয়ে নেবার চেষ্টা করছি কি না বোঝা যাবে না।

আজকে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে মিসা আইনে গ্রেপ্তার করা বা মিসা আইনের রক্ষাকর্তা যারা তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য এই বিলের মধ্যে কিছু সংশোধন থাকা উচিৎ ছিল। আশা করবো হয়ত আগামী দিনে থাকবে এবং সেটা যেন সত্বর ব্যবস্থা করা হয়। আমরা দেখতে পাই পুলিশ এই মিসা আইনের রক্ষাকর্তা। মিসা আইনে পুলিশ প্রকৃত সমাজবিরোধীদের শাস্তির ব্যবস্থা করবে। কিন্তু আমরা দেখতে পাই যে সেই পুলিশ আজকে নিজেরাই সমাজবিরোধীদের সঙ্গে একসাথে কাজ করছে। কাজেই তাদেরও ঐ একই কাঠগড়ায় দাড় করান যায়। আশা করবো মিসা আইনে তাদেরও যেন গ্রেপ্তার করা যায়। এই বক্তব্য আজ আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই এবং আগামী দিনেও সেই বক্তব্য রাখবো আজকে মিসা আইনের সংশোধন বিলকে সমর্থন জানিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[ 3-55—4-05 p.m. ]

**শ্রীললিত গায়েন** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মিসার উপর মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সম্ভাষণ জানাচ্ছি এবং সম্ভাষণ জানাবার পরে কয়েকটি বিষয়ে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেবলমাত্র প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ফাঁকি দেওয়া বা শ্রমিকদের স্বার্থের পরিপন্থী কোন কাজ করলে তাকে মিসা এ্যাক্টে ফেলা হবে এইরকম অবস্থা ন্যায়সংগত বলে আমি মনে করি। কিন্তু তার সঙ্গে আমি আর একটি কথা বলতে চাই যে গ্রামাঞ্চলে শ্রমিক, খেটে খাওয়া মানুষের স্বার্থের পরিপন্থী কিছু কিছু সুদখোর ব্যক্তি অত্যন্ত চড়া সুদে তাদের পথে বসাচ্ছে। কয়েকটি জায়গায় আমরা দেখেছি থালাবাসন ইত্যাদি বিক্রি করে সেইসব শ্রমিকদের সুদের টাকা শোধ করে দিতে হয়। তাই আমার অনুরোধ এইসব সুদখোর ব্যক্তি, যারা সমাজের পরিপন্থী হিসাবে কাজ করে যাচ্ছে তাদেরও যেন আগামীদিনে এই এ্যাক্টে ফেলা হয়। যেসমস্ত সরকারী কর্মচারী তাদের স্বার্থের পরিপন্থী হিসাবে কাজ করে সরকারী টাকার অপব্যবহার করছে এবং জনহিতকর কল্যাণের জন্য যেসব টাকা পাঠানো হচ্ছে সেই কাজ সমাধা না করে টাকা ফেরৎ পাঠিয়ে দিচ্ছে তাদেরও যেন এই এ্যাক্টে ফেলা হয়। আজকে আমার কাছে কিছু ছেলে এসেছিল। তাদের কাছ থেকে শুনলাম আর কয়েকদিনের মধ্যে যে স্কুল ফাইন্যাল বা হয়োর সেকেণ্ডারী পরীক্ষা সুরু হতে চলেছে এমন কিছু সংখ্যক পরীক্ষার্থী এই মিসা এ্যাক্টে আটক হয়ে রয়েছে। মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করবো এই সমস্ত ছেলেদের পরীক্ষায় বসার একটা সুযোগ যেন দেওয়া হয় এবং তারা যাতে নিজেদের স্বার্থের পরিপন্থী কাজ করতে পারেন সেদিকে যেন নজর দেওয়া হয়। তাই আমি বলব যে এইসব ছেলেদের ছেড়ে দেবার ব্যবস্থা করা হোক। আমরা দেখতে পাচ্ছি হাজার হাজার বিঘাজমি জলের তলায় লুকানো আছে। জলের তলায় লুকানো আছে এইজন্য বলছি অনেকে এই জমি মাছের ভেড়ী হিসাবে ব্যবহার করছে। কাজেই এইসব ভেড়ীর মালিক যারা তাদের যাতে খুব তাড়াতাড়ি এই মিসা এ্যাক্টে গ্রেপ্তার করা হয় সেদিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আর যেসমস্ত পুলিশ অফিসার এই মিসা এ্যাক্টের অপব্যবহার করে তাদের

বিরুদ্ধেও যাতে এই মিসা এ্যাক্ট প্রয়োগ করা হয় সেদিকে আমি দৃষ্টি আকর্ষণ করে এবং এই এ্যাক্টকে সহানুভূতি দেখিয়ে আমার বক্তব্য শেষ করছি

**Shri Satya Nara a Singh :**

आदरणीय उपाध्यक्ष महोदय, आपके माध्यम से मैं आज आदरणीय मुख्यमंन्त्री को भाटपाड़ा इलाके के मजदुरों की तरफ से स्वागत और आशीर्वाद देने के लिये खड़ा हुआ हुँ। खास करके, उपाध्यक्ष महोदय, मैं कुछ मिल मालिकों के अन्याय और अत्याचार की और आपका ध्यान आकर्षित करना चाहता हुँ। मै कुछ ऐसे कानून का हवाला देना चाहता हुँ, जिनके द्वारा मिल मालिक मजदुरों के उपर अत्याचार और उन्याय करते हैं। उपाध्यक्ष महोदय, आपको सुनकर आश्चर्य होगा कि कल-कारखानों—मिलों में काम करने पर मजुदुरों को सवेतन छुट्टी पाने का हक है। किन्तु बड़े दुख के साथ कहना पड़ता है कि जूट मिल ही एक ऐसा अभागा मिल हैं जिसमें जो श्रमिक काम करता है, उसे सवेतन छुट्टी देने के लिए आजतक कोई भी अधिकार नहीं मिला हुआ है। मैं समझता हुं, यह सबेस बड़ा अन्याय और अत्याचार जूट मिलके मजदूरों के उपर है।

सबसे खुबी की बात यह है कि जुट मिलों में एक मजदूर को २४० दिन काम करने के बाद २० दिन पर एक दिन का पैसा मिलता है। यानि २४० हिन काम करने के बाद १४ दिन का पैसा मिलता है। लेकिन २४० दिन पुरा काम न करने पर यह पैसा नहीं मिलता है। मजदूर पुरी चष्टा करता है कि वह २४० दिन काम जरुर करे। लेकिन मिल मालिक इसके लिए बाधा खड़ा करता रहता है। वह जान-बूझकर पुरी चेष्टा करता हैं कि मजदूर २४० दिन पुरा काम न कर सके। इसके लिए वह मिल-कारखाने को बन्द कर देता है। मजदुर बहुत आशा और ऊरमान लेकर, खुन पसीना बहाकर २४० दिन पुरा करने की चेष्टा करता है। लेकिन मजदूर के इस प्रयास को मिल मालिक कार्य कर देता है। और इस तरह से मजदूरों के १४ दिन का पैसा मिलने का जोहक है, उस हक से मिल मालिक मजदुरों के वंचित कर देता है और उसे तबाह कर देता हैं।

उपाध्सक्ष महोदय, मै आपका ध्यान एक और बात की ओर आकर्षित करना चाहता हूँ। मिल मालिक मजदुर को चार्ज-शीट देकर छटाई कर देता हैं। उसे बाहर कर देता हैं। एक ऐसा कानून बनाहुआ है कि बाहर कर देने के बाद ५० प्रतिरात पैसा दिया जाता है। मजदुर की घटाई के ८० दिन के बाद उसे कोई भी चान्स नहीं रहता हैं काम पाने का। इसलिए मालिक कोई फैसला लिए बगैर

जल्द से जल्द मजदुर को डिसमिस कर देता हैं। डिसमिस कर देने के बाद मजदुर के लिए सब तरफ से दरवाजा बन्द हो जाता हैं।

मैं आपके मार्फत माननीय मुख्यमन्त्री से आपील करुँगा कि एक ऐसा कानून बनानें ताकि जेसे मिल मालिक मिल के पैसे से मजदुरों को परेशान करते हैं, एल. सी. के दफतर में—लेकर के दफतर में—हाई कोर्ट में सुप्रीम कोर्ट में जाकर मिल का पैसा खर्च करते हैं, उसी प्रकार मजदुरों को भी मिलके पैसे सेजब तक लड़ना चाहे, मिल मालिक के विरुद्ध अपने हक के लिए लड़ सक। मैं आपको माध्यम से मुख्य-मंत्री से अनुरोध करुंगा कि मजदुरों को भी कोई नकोइ सुरक्षा की गारन्टी मिलती चाहिए। वचों कि गणतंन्त्र राज्य में गरीबों के उपर अब कोई अत्याचार न अन्याय नहीं हीना चाहिए।

मैं एक बात और कहना चाहता हूँ कि वेलफैयर के नाम पर मजदुरों को धोखा दिया जाता हैं। जो गरीब महिला से कारखानों में काम करती हैं, वे काम पर जाते समय अपने बच्चों को तेना कैंच में रख देती है। वयों कि यह नियम है कि जो बच्चे वहाँ पर रहेंगे उन्हें दुध-बिसकुट मिलेगा। किन्तु मिल मालिक बेवीको दुध और बिस्कुट देने के बदल पानी भी नहीं देते हैं। इस फाण्ड का रुपया मिल मालिक खुद हजम कर जाता है। मैं आपके माध्यम से अनुरोध करूंगा कि इस और सरकार को कड़ी नजर रखनी चाहिए।

उपाध्यक्ष महोदय, आपके माध्यम से मैं बदली मजदुरों की दुर्दशा के बारे में कुछ कहना चाहता हूं। बदली मजदुर जब भो काम करता है, तो उसे सिर्फ ३ घन्टे का काम मिलता हैं। उसक बाद भी उसे जो पैसा मिलता है, उसमें से ई० एस० आई० में पैसा काट लिया जाता हैं। बेचारे बदली मजदुर को हफ्ते में दो बार या तीन बार ही तो काम मिलता है, उसपर भी उसके पैसे में से ई० एस० आई० में पैसा काट लिया जाता हैं। वह पैसा मिल मालिक गवर्नमेन्ट के घर में जमा नहीं करता हैं। वह गवर्भमेन्ट को आँखों में धूल झोंक कर उस पैसे को हड़प जाता हैं। इसके लिए मैं सरकार से अनुरोध करूंगा कि वह इस ओर नजर दे।

उपाध्यक्ष महोदय, आपके माध्यम से मैं एक बात और कहकर आपना वक्तव्य समाप्त करना चाहता हूँ। गवर्नमेन्ट को चाहिए कि वह मजदूरों और गरीबों की निरापत्ता के लिए कानून बनाकर उसना पालन करे। ताकि मजदुरों कामला होस के उनका उत्थान हो सेक। ऐसा न हो कि—

"जिसे मैं घर समझा था,
गला अपना सजाने का।
वही ऊब नाग बन बैठा,
हमी को काट खाने का।"

इसलिए सरकार को विशेष रुप से मजदुरों और गरीबों के उपर ध्यान रखकर कानून बनाना चाहिए। उनकी भलाई के लिए बन्दोबस्त होना चाहिए। सुरक्षा अधिनियम के जरिए मजदुरों को भलाई का सबंध होना चाहिए। मैं इस बिल का समर्थन करता हुँ।

**শ্রীসেখদৌলত আলি :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মিসার উপর যে সংশোধনী বিল এসেছে তাকে আমি আন্তরিকভাবে স্বাগত এবং সমর্থন জানিয়ে বলছি যে আজকে আমরা সবাই নির্যাতিত, নিপীড়িত, উৎপীড়িত ক্রন্দনরোল আমাদের সমাজ থেকে দূর করতে চাই এবং সেখানে যে সামাজিক ন্যায়নিষ্ঠার ক্ষেত্র প্রস্তুত করতে চাই সে বক্তব্য এই বিলের মধ্যে আছে। স্যার, আমি বিশেষ কিছু আপনার কাছে বলব না, শুধু একটি কথা বলব যে কৃষকসম্প্রদায়কে যে আশ্বাস এই বিলে দান করা হয়েছে সেটা আমাদের কাছে একটা বড় আশ্বাস। গ্রামাঞ্চলে যারা জমি লুকিয়ে রাখছে বা কৃষকদের বঞ্চিত করে কৃষকসম্প্রদায়ের মুখের রুটি কুক্ষিগত করে রেখে তাদের রক্ত শোষণ করছে বা শ্রমশোষণ করছে তাদের বিরুদ্ধে এই যে বিল আমি মনে করি বর্তমানে যুগপোযোগী চিন্তাধারার উপরই এই বিল এসেছে এবং তার যে সংশোধন এসেছে আমি আন্তরিকভাবে এই সংশোধনী বিলকে অভিনন্দন জানাই। অন্যদিকে শ্রমিকদের ক্ষেত্রে তাদের যে প্রভিডেন্ট ফাণ্ড এবং অন্যান্য যেসব ন্যায্য পাওনা তা থেকে তারা বারেবারে বঞ্চিত হচ্ছে। সেই ধরনের রক্ত শোষণকারী মালিকদের ঘাড়ে চাবুক মারতে পারব এই আশ্বাস এই বিলের মধ্যে রয়েছে। সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। আর একটা কথা, জন-শৃঙ্খলা রক্ষা করার কথা এখানে রয়েছে। অথচ অনেক সময় দশ চক্রে ভগবান ভূত হয়ে যায় যাদের উপর এই আইন নির্ভর করে তারা যদি ভুলভাবে প্রয়োগ করেন তাহলে দশ চক্র ভগবান ভুত এর মত অবস্থা দাঁড়াবে অর্থাৎ যাদের উপর প্রয়োগ করা উচিত ছিল তাদের উপর প্রয়োগ করা সম্ভব হবে না। প্রয়োগটা যাতে যথার্থ হয়, প্রয়োগটা যাতে সার্থকভাবে হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখব। এই কথা বলে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**শ্রীমহম্মদদেদার বক্স :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় মিসার উপর ১৯৭২ সালের যে সংশোধনী বিল এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজ পর্য্যন্ত রেকর্ড অব রাইটস ত্রুটিপূর্ণ। এখানে অনেক ব্যারিষ্টার, এ্যাডভোকেট সদস্য রয়েছেন, তাঁরা জানেন যে গভর্ণমেণ্ট পক্ষ কেস করেও অনেক জায়গায় হেরে গেছেন। রেকর্ড অব রাইটসে হয়ত দেখা যাবে যে একটা লোকের সিলিংএর উপর জমি রয়েছে কিন্তু প্রকৃতপক্ষে সিলিংএর মধ্যে তার জমি। সেজন্য রেকর্ড অব রাইটস সংশোধন করে নেওয়া ভাল বলে আমি মনে করি। দ্বিতীয়তঃ, সিলিংএর মধ্যে যেটা সেচ, অসেচ বলে ভাগ করা হয়েছে, এই সেচ এলাকায় যে চর জমি রয়েছে সেই জমিগুলির যে সিলিং তাতে বাস্তবিক তাদের সংসার চালান কঠিন। সেজন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে চর এলাকায় যাদের জমি রয়েছে তাদের সম্পর্কে একটু বিচার বিবেচনা করা দরকার। তৃতীয়তঃ, জমির যে সিলিং নির্দিষ্ট করা হয়েছে বিশেষ করে বিধবাদের ক্ষেত্রে, যার পরিবারে কোন সাবালক নেই, যে জমি নিজে চাষ করতে পারেনা বর্গাদারদের সাহায্যে চাষে করাতে হয়, সে নাবালক-নাবালিকা নিয়ে যে জমি পাবে সেই জমি

বাবদ বর্গাদারদের কাছ থেকে যে ফসল পাবে তাতে তার পক্ষে সংসার চালান কঠিন হবে। এদিকটা বিবেচনা করার জন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। চতুর্থতঃ, ৫জন পরিবার ভিত্তিক যে সিলিংএর কথা বলা হয়েছে সেই সিলিং খানিকটা ত্রুটিপূর্ণ। ৩১শে মে'র মধ্যে রিটার্ণ দেবার কথা বলা হয়েছে। ৫জন ফ্যামিলি ভিত্তিক হিসাব দেওয়ার পর ঠিক ১লা জুন একটি নতুন শিশু জন্ম গ্রহণ করল, তার কোন প্রভিসান থাকছে না। এইসব বিবেচনা করে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এইগুলি নিয়ে যাতে একটা ভাল আইন হয় সেটা করুন। এই কথা বলে এই যে সংশোধনী বিল এসেছে একে পূর্ণ সমর্থন জানিয়ে এবং উপাধ্যক্ষ মহাশয়কে আন্তরিক শ্রদ্ধা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলালচাঁদ ফুলমালি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে মিসা আইন এসেছে সেই আইনের জন্য গ্রামে বেশ একটা আলোড়ন সৃষ্টি হয়েছে যে, জোতদার ও জমিদার বা জমিচোর তারা এই আইনে আর জমি রাখতে পারবে না, সমস্ত জমিচোরেরাই ধরা পড়বে। আমার দীর্ঘদিনের অভিজ্ঞতা যে এই আইন বহুদিন পূর্বে তৈরী করা সত্ত্বেও জোতদার এবং জমিচোর যারা তারা স্বনামে এবং বেনামে জমি রেখেছে। আজ এই যে মিসা আইন পাশ হতে চলেছে এই আইনের বাধাস্বরূপ কায়েমী স্বার্থ এবং আমলাতন্ত্র ও পুলিশ গ্রামে ও শহরে থানায় বিরাজ করছে। তারা জোতদারদের স্বার্থ পুষ্ট করবার জন্য সর্বদাই ব্যস্ত থাকে। এই কথা সমস্ত সদস্যই প্রকাশ করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের আহ্বান জানাই যে আজকে যে নূতন বাংলা গড়ে তোলার সম্ভাবনা দেখা দিয়েছে ও মন্ত্রিসভার মধ্যে যে নূতন চিন্তাধারা দেখা দিয়েছে তাতে তারা জোতদার, মহাজন ও কালোবাজারির বিরুদ্ধে কথা বলেছেন। বিশেষ করে আজকে আমাদের যদি কৃষি উন্নয়ন কার্যকরী করতে হয় তাহলে আজকে যে যুবক এবং তরুণ সেই যুবক এবং তরুণকে এগিয়ে নিয়ে যেতে হবে। হাজার হাজার বেনামী জমি লুকিয়ে রেখে মিসা আইন পাশ করা সত্ত্বেও এই জমি চুরি করে রাখবার চেষ্টা এইসমস্ত লোকেরা করবে। আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার যে সরকার তারা চেষ্টা করছেন যাতে তাড়াতাড়ি এই সমস্ত বেনামি জমি ঐ সমস্ত কৃষকদের হাতে দেওয়া যায়। আমরা কমিউনিষ্ট পার্টি, আমরা মনে করি যে গ্রামে গ্রামে এইসমস্ত কৃষকদের জমি দিতে হবে। যে কৃষক এবং তরুণ মনে করছেন যে ঐ জোতদার এবং মহাজনেরা দেশের শত্রু তাদের শক্ত হাতে সঙ্ঘবদ্ধভাবে এই আইনের মাধ্যমে দমন করতে হবে। আমরা এই আইনসভার ভেতরে যেমন চীৎকার করছি, গলাবাজি করছি তেমনি গ্রামাঞ্চলে মাঠে ময়দানে ঐ বেনামি জমি যারা রেখেছে এবং জোতদার যারা সিলিং-এর বেশী জমি রেখেছে তাদের জমি সরকারকে দেখিয়ে দিয়ে অবিলম্বে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার। সরকার যদি এই কাজ না করতে পারেন তাহলে আমাদের দেশে সত্যকারে কৃষক জমির মালিক হতে পারবে না। আজকে জোতদার মহলে কথা উঠেছে তারা এই আইন ফাঁকি দেবার কথা নাকি চিন্তা করছেন। এই আইনের জন্য দাঙ্গা-হাঙ্গামা লাঠি ইত্যাদির দরকার হয় না। আমি দেখেছি যুক্তফ্রন্ট সরকারের আমলে এই ধরনের আইন কার্য্যকরী করতে গিয়ে অনেক অঘটন ঘটেছে। যদি শান্তিপূর্ণভাবে এই কাজ করতে হয়, যদি বাংলাকে নূতনভাবে আমরা গড়তে চাই তাহলে ঐ জোতদার যারা জমি চুরি করতে অভ্যস্ত তাদের অবিলম্বে বাড়তি জমি যা আছে আইনের আওতায় যা পড়বে তা ছাড়া সমস্ত জমি মিসার সাহায্যে ধরে সেই জমি কৃষকদের বণ্টন করতে হবে। সিলিং-এর মধ্যে জমি রেখে বাকি জমি কেড়ে নিয়ে সরকারের হাতে তুলে দিতে হবে। এবং গভর্ণমেণ্ট অফিসার, J.L.R.O., B.D.O. যাঁরা এই কমিটির মধ্যে থাকবেন তাঁরাই দেখবেন এই জমি উদ্বৃত্ত কিনা এবং সঙ্গে সঙ্গে সেই জমি নিয়ে কৃষকদের মধ্যে বিলি করতে হবে। মুখ্যমন্ত্রী যে আইন এই সভায় এনেছেন তা যাতে সাফল্যমণ্ডিত হয় তার জন্য আমরা সর্বতোভাবে সাহায্য করব এবং সমর্থন করব। এই বলে শেষ করছি।

[4-15—4-25 p.m.]

**শ্রীআফতাবউদ্দিন মণ্ডল**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে নবসূর্য বলে যাকে আমরা চিহ্নিত করছি সেই মুখ্যমন্ত্রী আজ যে মিসা আইন এনেছেন তাকে আমরা সমস্ত অন্তঃকরণ দিয়ে সমর্থন করছি। অতীতের অভিজ্ঞতায় বলে দিচ্ছেন বাংলাদেশের উপর ভূমি সংস্কার, যে সংস্কার আমরা করতে যাচ্ছি এই সংস্কার ও সমস্যা নিয়ে বিরোধীপক্ষ যে সমাজ ও শ্রমিক বিপ্লবের যে স্বপ্ন দেখতেন সেই স্বপ্নকে বাস্তবে রূপায়িত করতে যাচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী। তাঁকে সেজন্য ধন্যবাদ দিচ্ছি। আমরা কিসের জন্য লড়ছি। আমরা চাই প্রতিটি মানুষ সুস্থ সামাজিক পরিবেশে বাস করুন। তাই এই আইন আমাদের কাছে খুব গুরুত্বপূর্ণ, সাধারণ মানুষের কাছে অত্যন্ত প্রয়োজনীয় বাংলাদেশের বুকে সবচেয়ে বড় একটা জিনিষ হচ্ছে জানি। এটা আমাদের কৃষকদের কাছে দীর্ঘদিনের সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য Land to tillers অনেকদিন আগে আইন করা হয়েছিল। কিন্তু সেই আইন বাস্তবে রূপায়িত হয় নি। আজ যে আইন আমরা পাশ করছি সেই আইন কি বাস্তবে রূপায়িত হবে সেই সন্দেহ আমাদের মনে আছে। আজ যে সরকার আমরা প্রতিষ্ঠা করেছি আশা করি সেই সরকার এই আইনকে যথার্থভাবে বাস্তবে পরিণত করবেন। জানি চোর অনেক ধরনের আছে। অনেক লোক যারা এক District এ থাকে তার জমি আছে অন্য District-এ। অর্থাৎ হাওড়া জেলার লোক হুগলি District-এ জমি কিনে রেখে দিয়েছে। এই আইনের মধ্য দিয়ে কৃষক, শ্রমিক নিজেদের অধিকার প্রতিষ্ঠা করতে পারবে। কেউ কেউ বলে সমালোচনা করা অভ্যাস। কিন্তু অতীতের অভিজ্ঞতায় আমাদের সমালোচনা না করে উপায় নেই। তাই আজ সাধারণ মানুষ চিন্তা করছে যে এই আইন implement যারা করবে তাদের আজ শক্ত করতে হবে। এই মিসা আইন প্রবর্তন করে সরকার যদি পুলিশের হাতে সমস্ত ক্ষমতা তুলে দেন তাহলে অতীতের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে তারা আইনকে নিয়ে কিভাবে ছিনিমিনি খেলেছে। এই আইনকে মারার জন্য সব রকম চেষ্টা হবে। বিরোধীদল এই চেষ্টা করবেন এবং সরকারী machineries যাঁরা তাঁরাও এই আইনের অপমৃত্যু ঘটাইবার ব্যবস্থা করবেন।

তাই মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আবেদন রাখি আগে সরকারী প্রশাসনযন্ত্রকে নির্মল করুন, স্বচ্ছ করুন, আইনের সার্থক প্রযোগ যাতে করা যায় সেইরকম ভাবে তৈরী করুন। সেভাবে সেভাবে যদি না করা যায় মিসা আইনের অপপ্রয়োগ হবে। সাধারণ মানুষকে তারা ধরে আনবেন, হাজার হাজার মানুষকে তারা ধরে আনবেন এবং তাদের কাছ থেকে হাজার হাজার টাকা নেবেন। আইনের সার্থক প্রয়োগ হবে না। তাই একটা দাবী রাখছি মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে প্রশাসনযন্ত্রকে ঠিক রাখুন। আমাদের মতো কমন পিপলের হস্তক্ষেপের ফলে আইনের বাস্তব প্রয়োগ হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশক্তিপদ মাঝি**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যে মিসা বিল এখানে এনেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। এই বিল সম্পর্কে বলতে গেলে মনে পড়ে এই আইন ঠিকভাবে প্রয়োগ হবে কিনা সে সম্পর্কে। মাননীয় মুখ্যমন্ত্রীকে তাই আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে এই যে আইন এখানে আনা হয়েছে বা ভবিষ্যতে যে আইন আনা হবে সে আইন যেন হয় সুস্পষ্ট এবং পরিষ্কার। আইনের মধ্যে যাতে ফাঁক না থাকে। আমাদের সমাজের মধ্যে দুষ্কৃতকারীরা বা সমাজবিরোধীরা বাস করছে। যে আইনই পশ্চিমবঙ্গ বিধানসভায় পাশ হোক না কেন সেই আইনকে ফাঁকি দিয়ে যেভাবে কালোবাজারী করছে সেইভাবে করতে থাকবে। মন্ত্রিসভার মধ্যে অনেকে ব্যারিষ্টার আছেন এবং মাননীয়

মুখ্যমন্ত্রী নিজেও ব্যারিষ্টার তাঁরা যেন লক্ষ্য রাখেন, যে আইন আনা হয়েছে এবং ভবিষ্যতেও আনা হবে সে আইনের মধ্যে যেন ফাঁক না থাকে। অনেকে ভাবছে আবার কংগ্রেস সরকার এসেছে আবার আগের মতো করবে। কিন্তু আমরা তা হতে দেবো না। এই কংগ্রেস সরকার আগের কংগ্রেস সরকার নয়। আজকে যে সংশোধনী আইন আনা হয়েছে পশ্চিমবাংলার মানুষের মঙ্গলের জন্য সে আইন বলবৎ করতে হবে। যাতে এই আইন সর্বতোভাবে এবং সম্পূর্ণভাবে প্রয়োগ হয় এবং কেউ এর প্রয়োগের বিরোধীতা করলে সেটা মন্ত্রীসভার দৃষ্টিগোচর করা হলে মন্ত্রীসভা তাতে যাতে সত্বর দৃষ্টি দেন এই কথা বলে বিলের প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ এ, এম. গণি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নীতিগতভাবে আমরা কোন প্রিভেনটিভ আইনের বিরুদ্ধে। কিন্তু এই আইনে মাননীয় মুখ্যমন্ত্রী যে সংশোধনী এনেছেন তাকে স্বাগত জানিয়ে এবং সম্পূর্ণ সমর্থন জানিয়ে এখানে যে কয়েকটি কথা উনি বলেছেন statement of object and reasons. যে এটা পাবলিক অর্ডারের খাতিরে উনি এনেছেন সেটা বলবো খুব ভাল কথা। যদি মজুর এবং মালিকের মাঝখানে যে বিরোধ আছে এবং যে সংঘর্ষ আছে এবং চাষী এবং জোতদারের মাঝখানে যে বিরোধ আছে তার সমাধান যাতে করা যায় তার চেষ্টা আমরা করছি। কিন্তু প্রশ্ন আছে। যে কয়েকটি এ্যাক্টের কথা বিলে উল্লেখ করেছেন যেমন Employees State Insurence Act, Provident Fund Act, Provident Fund Scheme, West Bengal Land Reforms Act. আমি কোন ইনডিভিজুয়াল কেসের উল্লেখ করবো না, কিন্তু বলবো এছাড়া আরও আইন আছে যেগুলোর সুযোগ নেওয়ার মতো ব্যবস্থা নেই। মজুর খুব ভীষণভাবে শাস্তি পায়। আমি কয়েকটি উদাহরণ দেবো। আইনের কথা বলবো। যেমন ইনডিয়ান মাইন্স এ্যাক্ট, টি গার্ডেন্স লেবার ল'স—যেগুলো রয়েছে। আপনি জানেন উত্তরবঙ্গে বহু গণ্ডগোল হয়, মাঝে মাঝে সংঘর্ষ হয়, চা বাগানের শ্রমিক এবং মালিকের সঙ্গে এবং সবাই জানেন যে কোলিয়ারী অঞ্চলে শান্তি নেই।

[ 4-25—4-35 p.m. ]

হয়ত মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন যে ওদের কারণ আলাদা, ওদের ট্রেড ইউনিয়ন আন্দোলন আছে, সংঘর্ষ আছে, বিরোধ রয়েছে এইসব কারণ আছে কিন্তু মাইনে যারা কাজ করে তারা খুব নির্মমভাবে শোষিত হয় এটা সকলেরই জানা আছে। চা বাগানের কুলীদের যারা আমাদের শহর থেকে অনেক দূরে থাকে তারাও ভীষণভাবে শোষিত হয়, সেই সব আইনের প্রভিসনগুলি কি ইনক্লুড করা যায় না এই আইনে? যদি সম্ভব হয় মন্ত্রিমহাশয় যেন বিবেচনা করেন। এই আইনের যদি একটু ব্যাপকভাবে সংশোধন করা হত এই দুটি জিনিসই ইনক্লুড করতে পারতেন তাহলে খুবই খুশী হতাম। প্রয়োগের কথা অনেকেই বলেছেন, পুলিশকে একদিকে গালাগালি করে পুলিশের বিরুদ্ধে আক্রমণ অনেক করা হয়েছে। আমি পুলিশের ব্রীফ ধরছি না, কোরাপসন যে পুলিশের মধ্যে রয়েছে সেটা সকলেই জানেন। পুলিশ তো আলাদা জাত নয়, দেশেরই এক অংশ, পুলিশতো বাইরে থেকে আসেনি, আমাদের সমাজেরই একটা অঙ্গ। এই পুঁজিবাদ সমাজের অংশ হিসাবে কোরাপসন রয়েছে বহু জায়গায়, বহু শ্রেণীতে রয়েছে, ব্যুরোক্রাসীতে রয়েছে, সাধারণ মানুষের মধ্যে রয়েছে, ব্যবসায়ীদের মধ্যে রয়েছে, সব জায়গায় রয়েছে, পুলিশকে সিংগল আউট করে কোন লাভ হবে না। পুলিশকেই তো এই আইনের প্রয়োগ করতে হবে এবং আমাদের কড়া নজর রাখতে হবে যাতে পুলিশ এই আইনের অপপ্রয়োগ

না করতে পারে। অনেকে অনেক সাজেসন রেখেছেন, আমি নিজে সামান্য একটি সাজেসন রাখতে চাই। একটা কমিটি থাকা দরকার। যাদের এই আইনে ধরা হবে তাড়াতাড়ি তাদের এই কমিটির কাছে পেশ করতে হবে। সেই কমিটি ডিস্ট্রিক্ট লেভেলে করলে চলবে না, কেন না এইসব জিনিস ছোট ছোট জায়গায় হচ্ছে। সেজন্য আমার সাজেসন হচ্ছে থানা লেভেলে যদি সম্ভব হয় খুব বড় করে নয়, অঞ্চলপ্রধানদের নিয়ে এবং কৃষক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে এবং মজুর সংগঠনের প্রতিনিধিও এর মধ্যে থাকবে। তাহলে একটা এনসিওর হয়; চাষীদের এবং মজুরদের বিরুদ্ধে যাতে অপব্যবহার এবং অপপ্রয়োগ না হয় তাহলে একটা সেভগার্ড থাকবে আর তা যদি না হয় তাহলে মেন পার্পাস অব দি বিল সফলভাবে হবে বলে আমার মনে হয়নি। আর একটা সেভ-গার্ড হয় এই অপব্যবহারের বিরুদ্ধে সব লেভেলে খুব বড় করে নয়, ছোট করে একটা স্ক্রিনিং কমিটি থাকা উচিত এবং পুলিশের উপর এবং প্রশাসনের উপর খুব কড়া দৃষ্টি দিতে হবে যাতে তাদের দ্বারা এই আইনের অপপ্রয়োগ না হয়। এই সংশোধনী বিল খুব ভাল এবং ব্যাপকভাবে করা যায় কিনা সেই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই দৃষ্টি দেবেন এই বলে আমি এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বেশী কিছু বলবার নেই কারণ মাননীয় সদস্যরা যেসব বিষয়ে তাদের বক্তব্য রেখেছেন সে সম্পর্কে আমি মোটামুটি একমত। আমি আগেই বলেছি যখন এই বিলটি আমি পূর্বে উত্থাপন করি যে মিসা এ্যাক্ট চালু করতে আমাদের খুব সাবধানতা এবং সতর্কতা অবলম্বন করতে হবে এবং এই মিসা এ্যাক্টের যে ক্ষমতা সেই ক্ষমতা অপব্যবহার করলে মানুষের প্রকৃতপক্ষে অনেক রকম দুঃখ কষ্ট হতে পারে, অনেক মানুষ বিপদের সম্মুখীন হতে পারে। আজকে অবশ্য মিসা এ্যাক্টের উপর প্রকৃত আলোচনা করছি না, আমি আলোচনা করছি যে সংশোধনী আমরা প্রস্তাব করেছি সেই সংশোধনী বিলটি নিয়ে। সংশোধনী বিলটির যে ধারাগুলি আনবার চেষ্টা করেছি সেই ধারাগুলি সম্বন্ধে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত আনন্দিত যে সে সম্পর্কে কোন মাননীয় সদস্য কোন আপত্তি তোলেন নি। কোন কোন মাননীয় সদস্য বলতে চেয়েছেন যে কেবল জোতদার এবং শুধু শিল্পপতিদের কথা কেন বলছেন, কালোবাজারি, চোরাবাজারি, ওয়াগন ব্রেকার ইত্যাদি তাদের কথা কেন বলা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা বলার কোন প্রয়োজন ছিল না। কারণ যে আইন আমরা সংশোধন করছি তার মূল আইনটা যদি দেখেন, যদি সেটা পরীক্ষা করেন, তাহলে দেখতে পাবেন কালোবাজারি, চোরাকারবারী, ওয়াগন ব্রেকার, যেসমস্ত মানুষ তাদের সম্বন্ধে ব্যবস্থা মূল আইনে আছে এবং আমাদের সেই মূল আইনে যে ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতা অনুসারে ওয়াগন ব্রেকার ধরেছি, চোরাবাজারিদের ধরেছি, কালোবাজারিদের ধরেছি, তাদের আটক করা হয়েছে। সুধীর দাস মহাশয়, তিনি বলছিলেন যেসব সরকারী কর্মচারী দুর্নীতি অবলম্বন করে, দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারী যারা, তাদের গ্রেপ্তার করার অধিকার আমরা কেন নিই নি এই বিলের মধ্যে। তার উত্তর আমার খুব সংক্ষেপ। আমি, তিনি যখন বক্তৃতা করছিলেন, তাঁকে পরিষ্কারভাবে জানিয়েছিলাম এবং আবারও বলছি যে মিসা যে এ্যাক্ট, মেণ্টেনেন্স অব ইনটারন্যাল সিকিউরিটি এ্যাক্ট, সেটা পি. ডি. এ্যাক্টেরই একটা আইন, এই পি. ডি. এ্যাক্ট আইনটা, আপনারা যদি সংবিধান দেখেন তাহলে দেখতে পারবেন যে এই পি. ডি এ্যাক্ট করবার ক্ষমতা তো থাকছে এই বিধানসভার বা লোকসভার। কারণ এটা যদি কঙ্কারেণ্ট লিষ্টের একটা আইটেম হয় তাহলে ক্ষমতা থাকবে। যখন পাবলিক অর্ডার সংক্রান্ত কোন ব্যাপার আমাদের সামনে আসে অথবা মেণ্টেনেন্স অব এসেনসিয়াল সাপ্লাইজ সংক্রান্ত কোন ব্যাপার আমাদের সামনে আসে ইত্যাদি কয়েকটি কারণে আমরা প্রিভেণ্টিভ আইন করতে পারি এবং এই মিসাতে প্রিভেনটিভ ডিটেনশনের

কথা বলা আছে, তার ভিতর দুর্নীতিগ্রস্ত সরকারী কর্মচারী পড়ে না, তার আওতায়। যদিও সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি আছে এবং তা আমরা সমর্থন করিনা এবং সে বিষয়ে আমরা ব্যবস্থা গ্রহণ করতে প্রস্তুত। আজকে সব জেলা ম্যাজিষ্ট্রেটদের নিয়ে একটা কনফারেন্স হল তাতে তাদের পরিষ্কারভাবে বলা হয়েছে আমাদের প্রশাসন থেকে দুর্নীতি দূর করতে হবে কারণ মানুষের কাছে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে একটা পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা আমরা তৈরি করবো, এখানে দুর্নীতি থাকবে না, এই দুর্নীতির মোকাবিলা করতে আমাদের অন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবং তারজন্য ব্যবস্থা মিসা আইনে করা চলবেনা কারণ সংবিধানে কিছু বাধা আছে। এছাড়া কয়েকজন সদস্য, তাদের মধ্যে বিশ্বনাথবাবু বলেছিলেন যে কিছু কিছু সময়ে কোন কোন ক্ষেত্রে এর অপপ্রয়োগ করা হয়েছে, বিশ্বনাথবাবু দুটি দৃষ্টান্ত রেখেছেন বিধানসভায়। দুইজন—গৌর পারিয়া এবং পুলিন সিংহকে, ১৮ই নভেম্বর, ১৯৭১ সালে আটক করা হয়। তাদের সম্বন্ধে আমি খোঁজ খবর নিয়েছি। তাছাড়া বিশ্বনাথবাবু এবং আরো অনেকে অনেক কথা বলেছেন যার সঙ্গে এই আইনের কোন সম্পর্ক নেই। কারণ আমি আগেই বলেছি যে মিসা আইনের মধ্যে এই বিতর্ক সীমাবদ্ধ, আমরা যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি সেই এ্যামেণ্ডমেণ্টের মধ্যেই বিতর্ক সীমাবদ্ধ—কিন্তু এই গৌরহরি পারিয়া এবং পুলিন সিংহ সম্বন্ধে আমার কাছে তথ্য আছে। এখানে বিশ্বনাথবাবু নেই তবুও আমি বলবো যে তিনি যদি আমার সঙ্গে দেখা করেন আমি তাঁকে বলতে পারি যে কি কি কারণে এদের আটক করা হয়েছিল। দুটি কারণ দেখান হয়েছে।

On the 17th of June, 1970, the detainees along with others attacked Shri Pulin Behari Mondal of Bhuian Dhasan with tangis and swords and killed him on the spot. On the 20th June, 1970, the detainees along with others attacked Gobinda Kar of Kanakr Hastaar with tangis and other sharp cutting weapons and killed him on the spot.

[ 4-35 – 4- 45p.m. ]

তবে বিশ্বনাথবাবু আমাকে এখন বলতে পারেন এই অভিযোগ সম্বন্ধে তাঁর কোন মতামত আছে কি না। এটা এ আইনের ভিতর পড়ে না। এই আইন ঠিকমত চালিত হচ্ছে কিনা প্রশ্ন উঠেছে। আমি এ বিষয়ে সি. পি. আই নেতার সঙ্গে নিশ্চয়ই আলোচনা করতে প্রস্তুত আছি। এখানে ডগম্যাটিক ভিউ নিয়ে কোন কথা বলতে চাই না। আমার কাছে যে খবর আছে এবং তাঁর কাছে যে খবর আছে, এই সব খবর একত্র করে নিশ্চয়ই কোন সুব্যবস্থা করতে পারব এই আশা আছে। তা ছাড়াও দুই একটি ব্যক্তির সম্বন্ধে নাম করা হয়েছে, সেই সম্বন্ধেও আমি আলোচনা করতে প্রস্তুত আছি। সেই সমস্ত সদস্যরা যে নামগুলি দিয়েছেন, আমি এ সম্বন্ধে একথা বলতে চাই যে সরকার এ সম্বন্ধে পরিষ্কার নীতি গ্রহণ করেছে, ছয় মাসের মধ্যে যে আটক বন্দী আছে, যারা অল্প বয়সী ১৫-১৬ বছর থেকে ২৪-২৫ বছর পর্যন্ত, যারা স্কুল কলেজে পড়ত, তাদের প্রত্যেকটি কেস রিভিউ করার নির্দেশ দেওয়া হয়েছে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের। সেই সমস্ত কেস রিভিউ করে যদি দেখেন যেসমস্ত আটক বন্দী আছে তাদের পিতামাতা আণ্ডারটেকিং দিচ্ছে কি গার্ডিয়ানরা আণ্ডারটেকিং দিচ্ছে বা যে ব্যক্তি আটক আছে তারা নিজেরা আণ্ডারটেকিং দিচ্ছে যে, তারা হিংসার পথ ত্যাগ করেছে, বোমার পথ ত্যাগ করেছে, রিভলবারের পথ ত্যাগ করেছে, সশস্ত্র বিপ্লবের পথ ত্যাগ করেছে, তবে নিশ্চয়ই তাকে ছেড়ে দেব, আমরা কাউকে আটকে রাখতে চাই না। আমি পরিষ্কার এটা বলে দিতে চাই যে-কোন ব্যক্তি আটকে আছেন বলে আমি মোটেই খুসী নই, এতগুলি ছোট ছোট ভাইদের আমরা গ্রেপ্তার করে রেখেছি, এতে কোন মন্ত্রী,

স্বরাষ্ট্রমন্ত্রী খুশী হতে পারেন না যদি নিজেদের ভাইদের আটকে রাখতে হয় কেহই খুশী হতে পারেন না, এই ভাইদের ভবিষ্যত যাতে উজ্জল হয় তার ব্যবস্থা করতে হবে। এদের মধ্যে অনেক পরীক্ষার্থী আছে, তারা যাতে পরীক্ষা দিতে পারে তার ব্যবস্থা করা হচ্ছে। তাদের পড়াশুনারও একটা ব্যবস্থা করা যায় কিনা তারজন্য পরিকল্পনা চেয়েছি, তাদের কোন একটা জায়গায় একত্র করে তাদের পড়াশুনার ব্যবস্থা করা যায় কিনা সেটা সরকার চিন্তা করে দেখছেন। কিন্তু যারা ওয়াগন ভেঙ্গেছে, কপার উইয়ার চুরি করেছে, গুণ্ডামি করেছে, সমাজবিরোধী কাজ করেছে, কালবাজারী, চোরাবাজারী করেছে তাদের ছাড়ার কোন প্রশ্ন উঠতে পারে না। কিন্তু যারা বিভ্রান্ত যুবক, যাদের বয়স অল্প, হিংসার পথ অবলম্বন করেছে অনেক নেতার নির্দেশে, যদি দেখা যায় যে তার নিজের মত পাল্টেছে, পিতামাতা বা গার্ডিয়ানরা এসে বলছে, আণ্ডারটেকিং দিচ্ছে, তাদের ছেড়ে দেবার ব্যবস্থা নিশ্চয়ই করা হবে। আমাদের সরকারের তরফ থেকে দায়িত্ব আছে যেসমস্ত আটক বন্দী আছে, বিশেষ করে যারা যুবক তাদের ভবিষ্যত যাতে উজ্জল হয় সেটা দেখা, সেইরকমভাবে আরও বেশী দায়িত্ব আছে সমাজের কাছে। কারণ ছেড়ে দিলে তাদের কেউ যদি আবার বার হয়ে এসে গুণ্ডামি করে, খুন করতে সুরু করে, তাহলে যে মানুষ খুন হবে তার পরিবারের কাছে জবাবদিহি করবে কে? কে উত্তর দেবে? যে-মানুষ খুন হয়েছে তার স্ত্রীর কাছে, তার পুত্রের কাছে, তার কন্যার কাছে কেন খুন হল তার উত্তর কে দেবে? আজ হঠাৎ সবাইকে যদি ছেড়ে দিই এবং তারা যদি গুণ্ডামি সুরু করে হিংসার পথ নেয়? আমরা দেখতে পাচ্ছি আজকে হিংসার পথে নিয়ে যাবার জন্য চেষ্টা হচ্ছে। সেজন্য আমাদের অত্যন্ত সতর্ক হতে হবে। আজকে একদিকে যেমন আমরা নিশ্চয়ই এদের ছাড়ছি, আবার অন্যদিকে আমাদের কঠোর হতে হবে। মাঝে মাঝে সরকারের কঠোর হওয়া দরকার, সমাজের প্রতি সরকারের যে কর্ত্তব্য আছে তা পালনের জন্য। সেই কর্ত্তব্য পালনের জন্যই সরকারের অনেক সময় গ্রেপ্তার করতে হয় যুবক ভাইদের যারা বিভ্রান্ত হয়ে ভুল পথে চলেছে। তাদের ছাড়বার বেলায় আমরা যেমন একদিকে দেখব সেই যুবকদের মতামত বদলেছে কি না, তাদের পিতামাতা কি বলছে, গার্ডিয়ানারা কি বলছেন সঙ্গে সঙ্গে অন্যদিকে এটাও দেখতে হবে প্রকৃতপক্ষে এই যুবকদের মতামত বদলেছে কি না, জেল থেকে বেরিয়ে আবার তারা হিংসাত্মক রাজনীতিক কাজ সুরু করবে কি না সেটাও দেখা কর্ত্তব্য।

আমি মনে করি যে দলের আমি নেতা, সেই দল এটা বিশ্বাস করে, আমি মনে করি গণতান্ত্রিক মোর্চা, আমি যেকথা বলি সেকথা তাঁরা বিশ্বাস করেন। এখন আমরা অনেক রকম খবর পাচ্ছি। এখানে অনেক বন্ধু নেই, আসনগুলো খালি পড়ে রয়েছে, তাঁরা এখানে আসছেন না। আমি আগেই বলেছি আমি তাঁদের বার বার বলব না। তবে একটা জিনিস লক্ষ্য করছি তাঁরা যতদিন এখানে আসছেন না তাঁদের বক্তব্য ততই যুক্তিহীন হয়ে পড়ছে। তাঁরা এখানে আসছেন না কারণ এটা বে-আইনী বিধানসভা। অথচ এই বে-আইনী বিধানসভা যে পাঁচ জনকে নির্বাচিত করে রাজ্য-সভায় পাঠিয়েছে তাঁদের সেখানে যোগদান করতে অসুবিধা নেই, তাঁরা সেখানে বক্তৃতা দিচ্ছেন। তাঁদের যদি যুক্তি বা নীতি থাকত তাহলে তাঁরা রাজ্যসভা ছাড়তেন। কিন্তু সেটা তাঁরা করবেন না। যেখানে সুবিধা আছে সেখানে তাঁরা থাকবেন। এখানে কিন্তু সি. পি. এম মাত্র ১৪ জনে পরিণত হয়েছে। আমরা যখন ২০জন বলি, তখন আমাদের মনে রাখতে হবে সি. পি. এম মাত্র ১৪জন। তাঁরা সহ্য করতে পারছেন না সি পি. আই তাঁদের ডাবলেরও বেশী আসন পেয়েছে এবং সেজন্যই এখানে আসছেন না। আর বাকী যাঁরা রয়েছেন তাঁরা আর কি করবেন, বেচারারা একই ফ্রন্টে আছেন। তবে শুনতে পাচ্ছি তাঁরা আসবেন। আমিও মনে করি সকলেই আসবেন, কতদিন আর এরকম চলবে। মানুষকে সস্তা কথা বলে ২।৪ দিন ভোলান যায়, বেশী

দিন নয়। তাঁরা আর কতদিন বলবেন নির্বাচনে চুরি হয়েছে? মানুষ তাঁদের একথা বিশ্বাস করে না, করছেন না এবং ভবিষ্যতেও করবেন না। তবে তাঁরা যদি কেউ মনে করে থাকেন এখানে না এসে হিংসার পথ নেব, তাঁরা যদি মনে করে থাকেন সরকার যেসব কাজ করছেন সেগুলি নষ্ট করব তাহলে আমার বক্তব্য হচ্ছে এই সরকার শক্ত সরকার, এই সরকার সেই কাজ হতে দেবেন না। এই সরকারের পশ্চিমবাংলার ভবিষ্যত সম্পর্কে ধারনা আছে এবং আমরা পশ্চিমবাংলার সমস্যার সমাধান করবই। কোন দল হিংসার নীতি অবলম্বন করে এই সরকারকে ব্যতিব্যস্ত করতে পারবে না। আমরা সরকারের তরফ থেকে শান্তির পরিবেশ আনতে চাচ্ছি, আমরা সরকারের তরফ থেকে গণতন্ত্রের মাধ্যমে মানুষের সমস্যার সমাধান করতে চাই। আমাদের বদ্ধপরিকর থাকতে হবে দেশের উন্নতির জন্য, আমাদের মনে রাখতে হবে ফাঁকি দিয়ে কাজ করা চলবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি বসুমতি কাগজের একটা এডিটোরিয়াল পড়েছিলাম এবং দেখলাম সেখানে তাঁরা লিখেছেন, "চুরি করে আর পাশ করা চলবে না, টুকে পাশ করা চলবে না"। অর্থাৎ এই সরকার চুরি করে পাশ করতে পারবে না, পাশ করতে হলে কাজ করতে হবে। আমরাও সেটা চাই। পশ্চিমবাংলার মানুষ চায় আমরা যাতে প্রকৃতরূপে কাজ করি এবং দেশের উন্নতিসাধন করি। এই জিনিস করতে হলে সর্ব প্রথম দরকার একট শান্তির আবহাওয়া ফিরিয়ে আনা এবং আমরা দেখছি শান্তি আসছে। আমাদের একটা কথা মনে রাখা দরকার চতুর্দিকে যদি শান্তি ফিরিয়ে আনতে হয় তাহলে মানুষকে কাছে রাখতে হবে, তাদের দূরে যেতে দিলে চলবে না এবং আমরা তাদের দূরে যেতে দেবও না। সেইজন্য আমরা ঠিক করেছি প্রত্যেক মাসের ১লা তারিখে সংবাদিক বন্ধুদের কাছে আমি মুখ্যমন্ত্রীরূপে ঘোষণা করব যে সেই মাসে আমরা কি কি করব এবং তার পরের মাসে সাত তারিখে আবার সাংবাদিকদের কাছে বলব যে কি কি কাজ আমরা করেছি এবং কতটা করতে পারিনি। মানুষকে বলতে হবে কি কাজ আমরা করেছি, করতে চলেছি এবং কোথায় আমরা করতে পারিনি। মানুষকে ধাপ্পা দেওয়া চলবে না, আমাদের কথা মত কাজ করতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, মালদহ জেলায় আমাদের যে বৈদ্যুতিকরণের পরিকল্পনা আছে সেই পরিকল্পনা অনুযায়ী কাল আমরা দুটি গ্রামে বৈদ্যুতিক শক্তি এনেছি এবং আজকে আরও দুটি গ্রামে আসবে। আজকে ১১ই এপ্রিল, আপনি দেখবেন ৩০শে এপ্রিলের মধ্যে আমরা পশ্চিমবাংলার ২৩০টি গ্রামে বৈদ্যুতিক শক্তি নিয়ে যাব। এইরকমভাবে প্রত্যেক মাসে মাসে আমরা মানুষের কাছে ১লা তারিখে বলে দেবো কি কি করবো এবং তারপরে সাত তারিখের ভেতরে জানিয়ে দেবো যে আমরা কতদূর কি করতে পেরেছি। এইরকমভাবে আমাদের চলতে হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক সদস্যদের আহ্বান জানাবো, আসুন আমরা হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ মিলিয়ে দেশের সমস্যা সমাধান করবার চেষ্টা করি, সেই সমস্যা সমাধানের জন্য দরকার এই আইনটা যেরকমভাবে আনা হয়েছে। কারণ এই আইন আনা দরকার যাতে পশ্চিমবাংলার মানুষ পরিষ্কার ভাবে বুঝতে পারে যে এই সরকার মালিকের সরকার নয়, এই সরকার জোতদারদের সরকার নয়, এই সরকার সাধারণ মানুষের সরকার, শ্রমিক, কৃষকদের সরকার এবং মধ্যবিত্তদের সরকার। সেই কথাটা আজকে প্রমাণ করার জন্য আমরা ঠিক মত কাজ করে যাবো, আশাকরি পশ্চিমবঙ্গের মানুষের আশীর্বাদ পাবো এবং তাদের সমর্থনে আমরা পশ্চিমবাংলার সমস্যা সমাধান করতে পারবো। এই কথাগুলো বলে আমি আবার, আমার যে বিল, সেটা যাতে গ্রহণ করা হয় সেই বক্তব্য রেখে আসন গ্রহণ করছি।

[ 4-45—4-55 p.m. ]

**The motion of Shri Siddhartha Shankar Ray that the Maintenanc of Internal**

Security (West Bengal Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 3

**Mr. Speaker** : I have received five notices of amendments on Clause 3. All the amendments are out of order. The Members may, however, speak on their amendments.

(Mr. Speaker called Shri Saradindu Samanta and Shri Biswanath Mukherjee but the members were not present in the House.)

**শ্রীসরোজ রায়ঃ** মিঃ স্পীকার, উইথ ইয়োর পার্মিশন, বিশ্বনাথবাবু যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছিলেন, সেটা আপনি গ্রহণ করতে পারেন নি, কিন্তু সেটা যে উদ্দেশ্য নিয়ে দেওয়া হয়েছিল, সেই বিষয়ে দু একটা কথা বলার প্রয়োজন আছে। আপনি লক্ষ্য করেছেন, এই বিলটা আনার যে উদ্দেশ্য, যেটা এখানে পরিষ্কারভাবে রাখা হয়েছে যে পশ্চিমবাংলায় মালিক এবং শ্রমিকদের মাঝখানে এত যে গোলমাল আছে বা জোতদার ও কৃষকদের মধ্যে যে গোলমাল আছে, সেইগুলো সমাধানের জন্য সামগ্রিকভাবে একটা ব্যবস্থা করার জন্য প্রধানতঃ এই বিলটা আনা হয়েছে। এবং ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজন্সে দেওয়া আছে, কিন্তু বিলটা যেভাবে আনা হলো সেটা কেন্দ্রীয় যে এ্যাক্ট তার সঙ্গে যেটা ১৯৭১ সালে পাশ হয়েছিল সেটার সঙ্গে এই যে পশ্চিমবাংলায় যে কারণে এই আইন আনা হয়েছে সেটা ঐভাবে এখানে দেওয়া হয়েছে। এখানে যেভাবে বিশ্বনাথবাবু তাঁর এ্যামেণ্ডমেণ্ট এনেছিলেন, তার উদ্দেশ্য ছিল যে কেন্দ্রে যেটা গ্রহণ করা হয়েছে সেটাকে যদি না রেখে পশ্চিমবাংলার জন্য যেখানে আইনটা আনা হয়েছে এবং ষ্টেটমেণ্টে যেটা দেওয়া হয়েছে—ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজন্সে সেখানে প্রধানতঃ পশ্চিমবাংলার কথাই বলা হয়েছে, সেটা যদি থাকতো তাহলে এই আইনটা সুষ্ঠুভাবে গ্রহণ করা যেত এবং একটা প্রশ্ন এসে দাঁড়িয়েছে, কেন্দ্রীয় যে আইন, আমরা সেটা সম্পর্কে দেখেছি বহু ক্ষেত্রে সাধারণতঃ এই আইনকে বলা চলে, বিনা বিচারে আটকের মত আইন। এখানেও কিন্তু যে সমস্ত সন্দেহ প্রকাশ হয়েছে প্রয়োগের ক্ষেত্রে, যার জন্য আইন করা হয়, সেইরকম ক্ষেত্রে প্রয়োগ করা হয় নি। আমি যদি আজকে বলি সমগ্র আইনের ক্ষেত্রে যেখানে কেন্দ্রীয় আইনের একটা জায়গায় আছে the defence of India, the relation of India with foreign powers and so and so. এখানে যদি আজকে বলি যে—আমেরিকার সঙ্গে আজকে ভারত সরকারের যে সম্পর্ক সেদিক থেকে আজকে আমেরিকা ভিয়েতনামের উপর যেভাবে আনবিক অস্ত্র ব্যবহার করছে, তা নিয়ে ভারতবর্ষের মানুষের কাছে একটা বিরাট প্রশ্ন এসে দাঁড়িয়েছে।

যে কোন গণতন্ত্রপ্রিয় মানুষের কাছে যে প্রশ্ন এসে দাঁড়িছে·· সেদিক থেকে ধরুন আজ যদি প্রচণ্ড একটা বিক্ষোভ আমরা প্রদর্শন করি আমেরিকান কনসুলেটের কাছে—এবং নানাভাবে দেশময় আন্দোলন গড়ে তোলা হয়, তাহলে বলা যেতে পারে Relations of India with foreign

powers তার দ্বারা ক্ষুণ্ণ হচ্ছে। এইভাবে আমরা দেখেছি—যা নিয়ে পার্লামেন্টে একটা আলোচনা হয়েছিল যখন বাংলাদেশের সঙ্গে ভারতবর্ষের যে সহযোগিতা— গত যুদ্ধে ভারতবর্ষের সরকার বাংলাদেশের মুক্তির জন্য ন্যায্যভাবে নানা সাহায্য করেছে, যেভাবে তার দায়-দায়িত্বের দিক থেকে, কর্তব্যের দিক থেকে, পৃথিবীর গণতন্ত্র রক্ষার দিক থেকে একটা দেশের স্বাধীনতার সংগ্রামে সাহায্য করবার দিক থেকে যে আমরা লড়াই করেছি, তাতে আমরা লক্ষ্য করেছি দেশের অভ্যন্তরে যারা নানাভাবে বিরোধিতা করেছে, অনেকের ক্ষেত্রে এই আইন তখন প্রয়োগ হয় নি। আমরা জানি—মাননীয় অধক্ষ্য মহাশয় আপনি ও জানেন—বোম্বের এক কুখ্যাত কারেণ্ট পত্রিকার এডিটর ডি. সি. কারাকারকে তার লেখার জন্য arrest করা হয়েছিল। কিন্তু দেখা গেল তার পরদিনই তাকে ছেড়ে দেওয়া হলো। আমরা দেখেছি বহু ক্ষেত্রে প্রচারকরা হয়েছে—সোভিয়েটের সঙ্গে ভারত সরকারের প্রকৃত বন্ধুত্বের কথা, বন্ধু হিসেবে পরিচিতি সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল, কিন্তু এক শ্রেণীর লোক তখন সোভিয়েটের বিরুদ্ধে বিভিন্নভাবে কুৎসা প্রচার করেছে, তার কাটিং রয়েছে, পত্রিকায় লিখেছে, কিন্তু আশ্চর্য্যের বিষয় তাদের বিরুদ্ধে তখন এই আইন প্রয়োগ হয় নি। শুধু তাই নয় বহু ক্ষেত্রে দেখেছি রাজনীতিব নামে অনেক জায়গায় এই বন্ধুত্বের সম্পর্ককে sabotage করা হয়েছে, তবুও সেখানে এই আইন প্রয়োগ হয় নি। অথচ আমরা দেখেছি গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে এই আইন প্রয়োগ হয়েছে। এ নিয়ে আগেই আলোচনা হয়েছে, এখন আর নতুনভাবে এখনে নাম উল্লেখ করতে চাই না। তাই এখানে পরিষ্কারভাবে বলা দরকার আপনি জানেন কিছুদিন আগে সেটা নিয়ে ভারতবর্ষের বহু পত্রিকায় লেখা হয়েছিল যে চক্রবর্তী রাজাগোপালাচারী তিনি বলেছিলেন আমেরিকা ভিয়েৎনামে যে কীর্তি করছেন, তা নাকি ভিয়েৎনামের প্রকৃত স্বাধীনতা ও গণতন্ত্র রক্ষার জন্যই একটা সার্থক কাজ করছেন। এ নিয়ে পত্রিকাতে সমালোচনা হয়েছিল। এটা কি ঠিক? এটার মানে কী? ভারতবর্ষের দিক থেকে যদি এই কথা বলা হয়, তাহলে মনে করবো এটাকে আজকে ভারতবর্ষের দিক থেকে যে কথাটা বলা উচিত নয়, সেই কথাটা যাঁরা বলেন তাঁদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা উচিত। কিন্তু তা বহু ক্ষেত্রে হয় নি। সেইজন্য amendment এইভাবে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলার জন্য যেখানে একটা আইন করা হচ্ছে, সেখানে কেন্দ্রীয় যে আইন আছে তার সঙ্গে tag না করে দিয়ে যেভাবে এসেছে সেইভাবে থাক। কেন্দ্রের যে আইন হয়েছে, তা আমরা সমর্থন করতে পারি না। পরিষ্কারভাবে সেখানে বিরোধিতা করা হয়েছিল। Preventive Detention Act যখন হয় তখন তা বহু ক্ষেত্রে সঠিক জায়গায় প্রয়োগ হয় নি। এখানেও বহু বন্ধু নানাভাবে এজন্য সন্দেহ প্রকাশ করেছেন। গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে তার প্রয়োগ হয়েছে বলে আমরা তা গ্রহণ করতে পারিনি। সেইজন্য amendment যা দেওয়া সেটাকে বাদ দিয়ে যদি এটাকে রাখা হয় তাহলে চারিদিকে একটা সামঞ্জস্য থাকবে। তাহলে Statement of Objects and Reasons এ যা দেওয়া হয়েছে, সেদিক থেকে এই আইনটি সুষ্ঠু ও সুন্দর হতে পারতো। সেদিক থেকে এই amendment-টি সরকারের নেওয়া উচিত ছিল।

[4-55 – 5-05 p.m.]

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও মুখ্যমন্ত্রী বলে গিয়েছেন যে অর্ডিনেন্স আইনের সাব-পেরা ৩, সেটার একটা আউট লাইন আছে কেন না আমরা এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি, যে আজকের দিনে এই সরকারের এ্যামেণ্ডমেণ্টের ক্ষেত্রে যেখানে বলা আছে যে, শ্রমিক অসন্তোষ, কৃষকদের জমি সম্পর্কে অসন্তোষ-এই দুইটি যদি না নিবারণ করা যায় তাহলে সামাজিক অসুবিধা ঘটবে। সেইজন্য তিনি দুটি এমপ্লয়িস প্রভিডেন্ট ফাণ্ড, এমপ্লয়িস ষ্টেট ইনসিয়োরেন্স এ্যাক্ট

ভঙ্গ করবেন এবং যারা ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট ভঙ্গ করবেন তাদের বিরুদ্ধে এ্যামেণ্ডমেণ্ট। এই যে ষ্টেস এ্যাকুইজিসন এ্যাক্ট এইটা যাঁরা ভঙ্গ করবেন তাঁদের শাস্তি দরকার, এইটা উনি বলে গিয়েছেন এবং উনি একটা স্পেসিফাই করেছেন। যেটা আজকে সমাজের কাছে একটা বড় ফেনোমেনান, সেটা হচ্ছে কৃষক এবং শ্রমিকদের অসন্তোষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেটাকে সমর্থন করি, কেন না আমাদের নিজেদের কাছে যে তথ্য আছে সেই তথ্যগুলি শুনলে আপনি আশ্চর্য্য হয়ে যাবেন যে কি ধরনের প্রভিডেণ্ট ফাণ্ড লোক ফাঁকি দিচ্ছে। বেঙ্গল এনামেল ওয়ার্কস্ ১০ লক্ষ টাকার প্রভিডেণ্ট ফাণ্ড ফাঁকি দিয়েছে, বার্ড কোং ৩২ লক্ষ টাকা ফাঁকি দিয়েছে, ইষ্ট বেঙ্গল ইনজিনিয়ারিং ওয়ার্কস ২।। লক্ষ টাকা ফাঁকি দিয়েছে, ভলকান ব্রাদার্স :৯৬৯ সাল থেকে প্রভিডেণ্ট ফাণ্ড দেয় না। আজকে এইগুলি অনুভব করার জন্য দুটো স্পেসিফাই করতে যাচ্ছি। প্রভিডেণ্ট ফাণ্ড স্কীম, ইনসিওরেন্স স্কীম, ল্যাণ্ড রিফর্ম যে কথা সাব-পেরা ৩-তে আছে মেনটেনানস অব এ্যাসেনসিয়াল সাপ্লাইস ফর দি কামিউনিটি' এই কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন। আর ঐ এসেনসিয়াল সাপ্লাইস এ্যাক্ট যার আমরা এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছি সেটা উনি এখানে গ্রহণ করা উচিত মনে করছেন না। আজকে অবস্থাটা কি, বাজারে চিনি পাওয়া যাচ্ছে না কনট্রোল প্রাইসে। তিনগুণ দরেও চিনি পাওয়া যাচ্ছে না, বেবি ফুড পাওয়া যাচ্ছে না, কেরোসিন গ্রাম-অঞ্চলে পাওয়া যাচ্ছে না। শ্রমিকরা তাদের প্রভিডেণ্ট ফাণ্ডের বা ইনসিওরেন্স সারভিস যা চিকিৎসার জন্য আছে, যার দ্বারা তাদের চিকিৎসা হবে তা পাচ্ছে না, অথচ তারা তাদের যে মাইনে তা নিয়ে কারখানা থেকে বেরিয়ে এলো, এবং বেরিয়ে এসে যখন বাজারে গেল তখন সে ১ টাকার বদলে ৩টা ৭০ দিয়ে চিনি কিনছে, চালের দাম বাড়ছে, তেলের দাম যখন বাড়ছে তখন তাদের মনে দারুন অসন্তোষ সৃষ্টি হচ্ছে, আমরা এত আইন করলাম, এত কিছু করলাম সেটা তাদের মনের ভিতর থাকবে না। তাই আমাদের ব্ল্যাক মার্কেটাস সম্পর্কে, ওয়াগান ব্রেকার্স সম্পর্কে আমরা বিশেষ ষ্টেপ নেব—এই সম্পর্কে আমরা স্পেসিফাই করতে চেয়েছিলাম। এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্ট, ১৯৫৫, এ্যাণ্ড দি সাবসিকোয়েণ্ট অর্ডার দেয়ার অন এইটা যদি উনি এ্যাড করতেন তাহলে সুবিধা হত। কারণ কি না এই আইনটা আমাদের মুখ্যমন্ত্রী করবেন না বা অন্য কেউ করবেন না, করবেন আমাদের ডি. এম, এ. ডি. এম, সুপারিনটেনডেণ্ট অফ পুলিশ, যে আমলাতন্ত্রের উপর কমিউনিষ্ট হিসাবে বা কংগ্রেস সদস্যরাও আজকে খুব বেশী খুশি নয় তাঁরা এইটাকে এ্যাপ্লাই করবেন। সেই এ্যাপলিকেসন-এর ক্ষেত্রে অনেক সদস্য বলে গিয়েছেন যে করেকটলি এ্যাপ্লাই করা না হয় যদি সেই ব্যুরোক্র্যাটসদের ক্ষেত্রে, যাদের বিরুদ্ধে আমরা আন্দোলন করছি, যাদের বিরুদ্ধে আমরা সংগ্রাম করছি, তাদের কাজই হচ্ছে সমাজে অশান্তি সৃষ্টি করা, যারা এই ধরনের অস্বাভাবিক বাজার সৃষ্টি করবে তাদের উপর, টু এ্যাপ্লাই দেয়ার মাইণ্ড করলেই সব শেষ হবে না—হবে অন্য ক্ষেত্রে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি এই আইন সম্পর্কে মুখমন্ত্রী যেটা বলে গেলেন যে সেইসমস্ত ছেলেদের যারা ভালভাবে কাজ করবে, লেখাপড়া করবে আমরা তাদের উপর এ্যাপ্লাই করবো না। তাঁর সদিচ্ছা আছে তিনি একথা বলতে পারেন। কিন্তু আমি একটা ঘটনা বলছি যে আগে আমার এলাকায় শ্রীঅমিতাভ হাজরা, শ্রীদীপক রায়, শ্রীদিলীপ রায়—এরা সব বি. এস. সি., বি. কম., বি. এ., তারা সব নকশাল হয়ে গেল। তারপর আমাদের মধ্যে আলোচনার পর তারা ও পথ ছেড়ে দেয়। তখন আমরা ডি.এম, এস.পি, এঁদেরকে বলেছিলাম যে এই আইন এদের উপর প্রয়োগ করবেন না। তিনি এবং তাঁরা আমাদের আশ্বাস দিয়েছিলেন যে আমরা ডিটেনড করবো না। কিন্তু কিছু দিনের মধ্যেই তাদের আবার ধরলেন। তারপর আমরা তাদের বলতে তাঁরা বল্লেন যে ভুল হয়ে গেছে। ছয় মাস পরে কেস রিভিউয়ে ছেড়ে দেওয়া হোল। আজ ১১ মাস হয়ে গেল তারা জেলে, এ্যাপলিকেসন দেওয়া হয়েছে। আজকে ঐ যে

চোরাকারবারী, ওয়াগনব্রেকার, মুনাফাখোর তাদের ধরতে গিয়ে যদি ফাঁক রেখে দেওয়া হয় সেইজন্যই আমি এই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। আজকে একটা খুব দুঃখজনক কথা যে আমরা রিপ্রেজেণ্টেসন দিয়েছিলাম যে ছেলেগুলি খুবই গরীব ঘরের ছেলে তারা বি.এ.সি. ডিসটিংসন-এ পাশ করেছে—তারা সব মিসা আইনে পড়েছে। এর সবাই নন-পলেটিক্যাল ছেলে এরা সব ভর্তি হতে চায়। কিন্তু যেহেতু পাড়ার যে সমস্ত ছেলেদের যারা এই মিসা আইনে পড়েছে তাদের সঙ্গে দোকানে চা খেতে যায় এবং যেহেতু তারা could not satisfy the local Police সেইজন্য তাদের মিসায় দেওয়া হয়েছে। অবশ্য মুখ্যমন্ত্রী বলেছেন এটাকে তিনি বিচার করবেন। কেস রিভিউ হবার পর ছেড়ে দেওয়া হবে। তাই আমি এ্যাপ্লিকেসন করবার ক্ষেত্রে যাতে ঠিকমত করেক্টলি এ্যাপ্লিকেসন করবার জন্য এসেনসিয়াল কমোডিটি এ্যাক্টে ঢোকাতে চেয়েছিলাম। অবশ্য তিনি আশ্বাস দিয়েছিলেন প্রয়োজন হলে তিনি তা প্রয়োগ করবেন সেইজন্য আমি এই এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি না।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরোজবাবু অত্যন্ত দক্ষতার সঙ্গে বিশ্বনাথবাবুর যে সংশোধনী প্রস্তাব ছিল সেটা তিনি এখানে উত্থাপিত করেছেন। স্যার, আপনি এটা আউট অব অর্ডার বলেছেন এবং আমাদেরও আপনার কাছে আবেদন হবে যে এটা আউট অব অর্ডার। কারণ সরোজবাবু যা করতে চাচ্ছেন এই এই এ্যামেণ্ডমেণ্টের মাধ্যমে সেটা হচ্ছে তিনি বলছেন Section 3(1) of the Maintenance of Internal Security Act, 1971, তুলে দেওয়া হোক। কেন তুলে দেওয়া হবে

"The State Government may, if satisfied in respect of any person that with a view to preventing him from acting in any manner prejudicial to the defence of India, security of the State, maintenance of supplies,etc., it is necessary to do so, make an order directing that such person be detained."

ওঁরা বলছেন যে এই আইন সংশোধন করুন। কিন্তু এই আইনের যে আসল জিনিষ ডিটেণ্ড অর্থরিটির যে ক্ষমতা সেই সেকসনটা তুলে দিন। সরোজবাবুর দলের সঙ্গে আমরা মোর্চা করেছি—এক সঙ্গে নির্বাচন করেছি—আমার তাদের কিছু বলবার নেই। ১৯৭১ সালে যখন Maintenance of Internal Security Act, 1971, এটা লোকসভায় আসে রাজ্যসভায় আসে তখন সরোজবাবুর দল তীব্র বিরোধিতা করেন। আমরা ভেবেছিলাম এই আইনটির প্রয়োজন, তাই আমরা এটা লোকসভায় এবং রাজ্যসভায় পাশ করি। আজকে কেন্দ্রের বেলায় যে আইনটা পাশ হয়েছিল সেটার দরকার আছে কিন্তু সেই দরকারটা বাদ দিয়ে দিন—তাহলে তাঁরা কি সমর্থন করছেন? —তাঁরা বিলটি সমর্থন করছেন। অর্থাৎ জোতদার মিল মালিকদের ধরার জন্য যে ক্ষমতা সেটা তিনি ডিলিট করতে বলছেন যে এটা থাকার দরকার নেই।

[5-15—5-25p.m.]

আমি তাঁদের বলছি যে এটা ১৯৭০ সালে পাশ করেছিলাম। কেন্দ্রীয় সরকার, কংগ্রেস দল সেই সরকার গঠন করেছেন, সমস্ত দায়িত্ব নিয়ে এই আইনটা পাশ করেছিলাম। তখন অনেকে বলেছিলেন আমরা অত্যন্ত অন্যায় কাজ করেছি, অগণতান্ত্রিক কাজ হয়েছে ইত্যাদি ইত্যাদি। কিন্তু সম্প্রতি যে নির্বাচন হয়ে গেল তাতে পরিষ্কারভাবে বোঝা গেছে যে প্রত্যেকটি প্রদেশের মানুষ আমাদের সমর্থন করেছে। এই বিল পাশ করেছিলাম তার জন্য আমাদের সমর্থন করেছে। প্রত্যেকটি প্রদেশে কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত হয়েছে। তাই আমরা দেখেছি যে মানুষ আমাদের সমর্থন করেছে। তবে অন্য কথা যেটা বলছিলেন যে আইনটা চালু করতে যাওয়ার সময় যদি কিছু অন্যায় হয় সেটা অন্য কথা। আইন পাশ করা এক কথা আর এ্যাপ্লিকেশন অব্ দি আইন অন্য

কথা। আমরা তো দেখছি না, Secti n 3(1)টা বাদ দিয়ে এই আইনটা পাশ করে কি লাভ হবে। Section 3(1)টা যদি বাদ দেওয়া যায় তবে কাউকে আটক করার অধিকার থাকবে না। সুতরাং Explanation দুটো জুড়ে কিছু হবে না। তার জন্য আমি অনুরোধ করবো সরোজবাবু যদি না করে থাকেন, এটা out of order হয়ে গেছে, এটা যেন তিনি আর হাউসে না আনেন। আর অশ্বিনীবাবু Essential Commodities-এর কথা যা বললেন, তিনি যদি দেখেন MISA যেটা আছে তাতে বলা আছে যে—

"The State Government may, if satisfied with regard to any person with a view to preventing him from acting in the manner prejudicial to the maintenance of supplies and services essential to the community if it is necessary to do so, make an order directing that such a person be detained."

এখানে যারা Essential Commodities নিয়ে কোন রকম গোলমাল করে তাদের আটক করার অধিকার এই আইনে আছে এবং এমন মানুষকে আমরা আটক করছি যাদের Essential Commodities Act-এ তাদের বিরুদ্ধে Prosecution করা যেত, এমন মানুষকে এই আইনে আটক করেছি। আজকে যদি অশ্বিনীবাবুর এই amendment গ্রহণ করি তবে আমাদের স্বীকার করতে হবে যে Essential Commodities Act-এর আওতায় যারা পড়েন তাদের আটক করার অধিকার আজ পর্যন্ত ছিল না, নূতন এই বিধান নেওয়া হল। আর অশ্বিনীবাবুর যে কথা সেটা যদি মেনে নিই তবে আজকে স্বীকার করতে হবে Essential Commodities Act-এ যারা ফাঁকি দেয় তাদের আটক করার অধিকার আগে ছিল না। তাহলে কি দাঁড়াবে? যতগুলি অসৎ ব্যবসায়ীকে আমরা ধরেছি, চোরাবাজারী, কালোবাজারী ইত্যাদি তাদের সবাইকে ছেড়ে দিতে হবে। কারণ এর আগে অশ্বিনীবাবুর মতে আমাদের তা করার কোন ক্ষমতা ছিল না। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দু'টি সংশোধনী প্রস্তাব এখানে আনবার চেষ্টা হয়েছে দু'টি প্রস্তাবেরই আমি বিরোধীতা করছি এবং আমার যে আইনটা, সেটা পাশ করার জন্য অনুরোধ করছি।

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Siddhartha Shankar Ray :** Sir, I beg to move that the Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে কয়েক হাজার ফুটপাত হকারদের যে উচ্ছেদ করা হয়েছিল তাঁরা এবং রেল হকাররা আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তাঁদের অভিযোগ জানাতে এসেছেন। রাজভবনের কাছে পুলিশ তাঁদের অবরোধ করে রেখেছে। তাই তাঁদের নেতা কমরেড নানু ঘোষ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তাঁদের বক্তব্য রাখবার জন্য বিধানসভায় এসেছেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** আমি কয়েকজন প্রতিনিধির সঙ্গে একটু আগে দেখা করেছি।

তবে নান্টুবাবু হয়ত এখন এসেছেন। যাই হোক, আমাদের এখানকার কাজ শেষ হয়ে গেলেই আমি দেখা করতে যাব।

**মিঃ স্পীকার:** আমি আপনার কাছ থেকে একটি মেমোরেণ্ডাম পেয়েছি। এটা আমি মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিচ্ছি। উনি দেখে যা ভাল বুঝবেন করবেন।

## The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972.

**Shri Sankar Ghose** : Mr. Speaker, Sir, I beg leave to introduce the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972

( Secretary then read the title of the Bill )

**Shri Sankar Ghose** : Sir, I beg to move that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972, be taken into consideration.

As the Bill replaces an ordinances I will first place the statement under rule 72 (1) of the Rules of Business. For some time past the question of water supply, disposal of garbage, improvement of bustees and slums, easing of transport difficulties and other everyday problems of Calcutta and its surrounding areas have been engaging the attention of the State Government but no action could be taken on an adequate scale for want of resources The Corporation of Calcutta and the local bodies in the surrounding areas who are ordinarily required to look after these problems could not also take any concrete steps in this regard for paucity of resources and other reasons. Therefore, with a view to raising the much-needed resources for solution of the above problems the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Areas Act, 1970, was enacted in 1970. The Act was a President's Act—No 18 of 1970. President's Rule came to an end on 2nd April, 1971. These taxes are levied and collected on the entry of certain goods into Calcutta Metropolitan area for consumption, use or sale therein from any place outside Calcutta Metropolitan area. The specified goods and maximum rates to be charged thereon were mentioned in the Schedule to the Act. Fifty per cent. of proceeds of the taxes reduced by the cost of collection shall be given by the State Government as a grant to the municipal and other local bodies in the Calcutta Metropolitan area subject to prescribed conditions to enable them to supplement their revenue and the balance of the proceeds shall be paid to the Calcutta Metropolitan Development area for financing the development projects in the Calcutta Metropolitan area.

[ 5-15—5-25 p.m. ]

In terms of the provisions contained in Article 357(2. of the Constitution of India, the aforesaid President's Rule was to cease to have effect from the 2nd April, 1972. It was, therefore, necessary to re-enact the said President's Act as an Act of the State Legislature before the 2nd April, 197 . But such re-enactment would not have been possible during the short time that was available since the commencement on the 24th March, 1972 of the current Session of the Assembly after giving priority to Budget and other important matters. As the continuance of the provisions of the said President's Act was absolutely necessary from the point of view of the development of Calcutta Metropolitan

area it was decided to promulgate the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Ordinance, 1972, for the purpose. It is now necessary to convert the Ordinance into an Act of the Legislature in order to continue the provisions thereof.

Mr. Speaker, Sir, I have placed the statement under Rule 72(1) and I shall now briefly indicate my reasons for moving this particular Bill.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিধানসভার কার্য পরিচালনার পদ্ধতি সম্পর্কে নিয়মাবলীর ৭২(১) ধারা অনুসারে প্রদত্ত বিবৃতি আমি এইমাত্র পাঠ করলাম। ১৯৭০ সালে ক্যালকাটা মেট্রোপলিটান উন্নয়ন এলাকায় পণ্য প্রবেশ কর সংক্রান্ত আইনটি চালু করার উদ্দেশ্যে আমি ঐ বিবৃতিতে সংক্ষেপে বলেছি। এখানে সেগুলির পুনরুল্লেখ আর করতে চাই না। আপনাদের বিবেচনার জন্য বিলটি পেশ করতে গিয়ে আমি উল্লেখ করতে চাই যে পশ্চিমবঙ্গের শহরে সাধারণ পণ্য প্রবেশের উপরে এইরূপ কর ১৯৭০ সালের পূর্বে চালু না থাকলেও মহারাষ্ট্র, দিল্লী, উত্তরপ্রদেশ, পাঞ্জাব প্রভৃতি রাজ্যে ছোট বড় অনেক শহরে অকট্রয় বা টার্মিনাল ট্যাক্স প্রভৃতির নামে এই আইনটি বহুদিন যাবত চালু আছে এবং এই আয় থেকে পৌরসভাগুলির যথেষ্ট অর্থাগম হয়ে থাকে। ১৯৭০ সালের ১০ই এবং ১১ই জুন তারিখে নয়াদিল্লীতে পার্লামেণ্টারী পরামর্শদাতা কমিটির যে প্রথম অধিবেশন হয় তার প্রচারিত বিজ্ঞপ্তিতে বলা হয় যে ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়ার উন্নতির জন্য যদিও পরিকল্পনা কয়েক বৎসর পূর্বে প্রস্তুত করা হয়েছিল, তথাপি অর্থাভাব ও নানা কারণে সেই পরিকল্পনা কার্যে পরিণত করা যায় নাই। উন্নয়ন পরিকল্পনার জন্য তীব্র অর্থাভাবের দরুন অকট্রয় ধার্য করার খসড়া বিল পার্লামেণ্টারী পরামর্শদাতা কমিটির সম্মুখে পেশ করা হয় এবং ঐ বিল অধিকাংশ সদস্যের সমর্থন লাভ করে। এক সমীক্ষা হতে জানা যায় যে, ১৯৬৯ সালের ৩১শে মার্চ তারিখে মহারাষ্ট্রের ২২৯টি মিউনিসিপ্যালিটির মধ্যে ২১০টিতে পণ্য প্রবেশ কর চালু ছিল। তবে এখানে এটা উল্লেখ করতে চাই যে বোম্বের সাথে তুলনা করলে আমাদের করের পরিমাণ বেশ কয়েকটি ক্ষেত্রে কম যেখানে বোম্বাই শহরে কর আদায় হয় এখানে সেই সব পণ্যের উপর মোটেই কর আদায় হয় না।

এই রাজ্যে কলকাতা কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটিগুলি কর্তৃক পৃথক পৃথকভাবে পণ্য প্রবেশ কর আদায় করা সম্ভব নয় অথবা বাঞ্ছনীয় নয়। কারণ, কলকাতা মেট্রোপলিটন উন্নয়ন এলাকায় ছোট বড় ৩৩টি মিউনিসিপ্যালিটি ও চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন, নোটিফায়েড এরিয়া অথরিটি এবং কলকাতা কর্পোরেশন আছে। প্রত্যেকটি সংস্থাকে যদি পৃথক পৃথকভাবে তাদের নিজ নিজ এলাকায় পণ্য প্রবেশের জন্য প্রবেশকর আদায় করতে দেওয়া হত তাহলে পরিবহন ব্যবস্থা অনিবার্যভাবে বিপর্যস্ত হত এবং ব্যবসায়ীগণকেও অযথাভাবে হয়রানী ভোগ করতে হত। ফলে ব্যবসা-বাণিজ্যেরও ক্ষতি হওয়ার যথেষ্ট আশঙ্কা ছিল। এইসব বিষয় বিবেচনা করে সরকার এই কর আদায়ের ব্যবস্থা স্বহস্তে গ্রহণ করেছেন। কিন্তু আদায়কৃত সমস্ত কর খরচ বাদে কলকাতা মেট্রোপলিটন উন্নয়ন কর্তৃপক্ষ, কলকাতা কর্পোরেশন ও কলকাতা মেট্রোপলিটন উন্নয়ন এলাকার অন্তর্ভুক্ত সমস্ত মিউনিসিপ্যালিটিকে অর্পণ করেন। মাননীয় সদস্যগণের অবগতির জন্য আমি এই বিলের প্রধান ধারাগুলি সংক্ষেপে বলছি। উক্ত আইনে নির্দিষ্ট পণ্যভোগ্য, ব্যবহার অথবা বিক্রয়ের জন্য কলকাতা মেট্রোপলিটন এলাকার বাইরে যে-কোন স্থান থেকে উক্ত এলাকার ভেতরে যে-কোন স্থানে প্রবেশকালে এই কর ধার্য ও আদায় করা হয়। এই আইনের তপশীলে নির্দিষ্ট পণ্য ও তাহার উপর আদায়যোগ্য সর্বোচ্চ হার বর্ণিত আছে। কিন্তু ৬(১) ধারায় সরকার তপশীলে বর্ণিত কতগুলি দ্রব্য বিজ্ঞপ্তি দ্বারা করের আওতা থেকে সম্পূর্ণ অব্যাহতি দেবার এবং কতগুলি ক্ষেত্রে লঘুহার নির্দিষ্ট করার ক্ষমতা গ্রহণ করেছেন। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মধ্যে কেরোসিন তেল,

সরষের তেল, রাই সরষের তেল, সরিষা, রাই সরিষা, গুঁড়া দুধ, মাছ, শাক-সব্জি, টাটকা ফল, সুতী কাপড়, এই সমস্ত জিনিষের উপর এই কর প্রযোজ্য নয়। এছাড়া তপশীলে যে সমস্ত পণ্যের উল্লেখ নেই তা আইনের আওতায় একদম আসে না। কতগুলি দ্রব্য বিজ্ঞপ্তি দ্বারা প্রবেশ করের আওতা থেকে সম্পূর্ণরূপে অব্যাহতি দেওয়া হয়েছে, যথা—শস্য, ময়দা, সকল প্রকার চাল, ডাল, ধান, সয়াবীন, ক্ষীর, ছানা, দই, শিশু খাদ্য। আরো নানা রকমের পণ্য রয়েছে সেটা তপশীলে রয়েছে, আমি তার ভেতরে যেতে চাই না। আর স্থানীয় শিল্প যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য কতকগুলি দ্রব্যের উপর কর সর্বোচ্চ হার অপেক্ষা লঘু হার নির্দিষ্ট করা হয়েছে। তার মধ্যে অনেক রকম পণ্য রয়েছে, আমি দু'একটা নাম করছি, যথা—শিল্পে কাচামাল হিসাবে ব্যবহৃত লৌহ ও ইস্পাত, চিনি, তুলা, তুলাজাত সূতা, এরারুট, সাগু ইত্যাদি। এ তো গেল পণ্যদ্রব্যের উপর কর দেওয়ার হিসাব, যে সমস্ত দ্রব্যকে করের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে তাদের বিবরণ এবং যে সমস্ত পণ্যের উপর সর্বোচ্চ হারে কর না বসিয়ে লঘু হার নির্দিষ্ট করা হয়েছে তাদের কথা। এ ছাড়াও করযোগ্য হলেও পণ্যাদি যদি বিশেষ বিশেষ সংস্থা কর্তৃক বিশেষ উদ্দেশ্যে কলকাতা মেট্রোপলিটন উন্নয়ন এলাকায় আনিত হয় তাহলে ঐ পণ্যগুলিকে বিশেষ নিয়ম বলে কর থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তার কয়েকটি উদাহরণ দিচ্ছি। যদি নিজস্ব কার্যে, ব্যবহারের উদ্দেশ্যে পৌর সংস্থা নিজের মালিকানায় যেসব পণ্য বাইরে থেকে আমদানী করে তার উপর প্রবেশ কর ধার্য করা হয় না। কোন দাতব্য প্রতিষ্ঠান দাতব্যকার্যে ব্যবহারের জন্য যদি করযোগ্য পণ্যদ্রব্য আনে তবে তাকে এই কর থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। যদি কোন সার্কাস পার্টি, নাট্য সংস্থা, ম্যাজিক ইত্যাদি যাবতীয় আমোদ-প্রমোদ সংস্থা যেসব করযোগ্য মাল আনবে তাদের মধ্য থেকে যেসব দ্রব্য যথার্থভাবে ঐ সকল অনুষ্ঠানের জন্য ব্যবতহৃত হয়ে থাকে বা সেইসব সংস্থাতে যেসব ব্যক্তি কাজে নিয়োজিত আছে তাদের নিজস্ব ব্যবহারের জন্য যা দরকার হয় সেই সমস্ত দ্রব্যের উপর কর ধার্য করা হয় নি।

[ 5-25—5-35 p.m. ]

চতুর্থতঃ কলিকাতা মেট্রোপলিটন উন্নয়ন এলাকায় প্রদর্শনী করবার জন্য যদি কোন স্থানীয় সংস্থা এবং কোন সরকার বা অনুমোদিত সংস্থা কোন করযোগ্য পণ্য আনেন তা হলে ঐ পণ্যগুলির উপর কর ধার্য্য করা হয় না। তবে সেই প্রদর্শনীগুলির উদ্দেশ্য শিক্ষামূলক, জনস্বাস্থ্য মূলক ও শিল্পপ্রসারমূলক অথবা জননিরাপত্তামূলক হওয়া চাই। এইরকম আরো কর ধার্য্য করা হয় না; এই বিলের ভেতরে আছে আমি সে সমস্ত বলছি না। এই করের সংগৃহিত রাজস্ব কিভাবে বিনিয়োগ করা হবে তা এই বিলে বিধিবদ্ধ করা হয়েছে। আদায়ীকৃত নীট রাজস্বের শতকরা ৫০ভাগ কলিকাতা করপোরেশন এবং ক্যালকাটা মেট্রোপলিটন উন্নয়ন এলাকার অন্তর্গত পৌরসংস্থাগুলিকে তার এলাকার আয়ের পরিপূরক হিসাবে এবং অবশিষ্ট ৫০ভাগ কলকাতা মেট্রোপলিটন উন্নয়ন সংস্থাকে অর্থসংস্থানের জন্য ভাগ করে দেওয়া হয়। শেষোক্ত সংস্থা এইভাবে এই অর্থব্যয় করেন। প্রথমতঃ সরকারের অনুমোদন নিয়ে মেট্রোপলিটন এলাকার উন্নয়নের জন্যও পরিকল্পনা রূপায়ণের জন্য যে অর্থ ধার করা হয়েছে তার পরিশোধের জন্য, দ্বিতীয়তঃ উক্ত এলাকার মধ্যে কোন মিউনিসিপ্যাল বা কোন স্থানীয় সংস্থা, রাজ্য সরকারের কোন বিভাগ কিংবা রাজ্যসরকারের বিজ্ঞাপিত অপর কোন সংস্থা যদি সরকারের অনুমোদন নিয়ে কোন পরিকল্পনা রূপায়ণ করে থাকেন তবে তার মধ্যে বণ্টনের জন্য এই আইন থেকে যে রাজস্ব হচ্ছে সেটা বিশেষ গুরুত্বপূর্ণ। আমি পরিসংখ্যান দিয়ে বলতে পারি। আমরা গত ১৬ই নভেম্বর, ১৯৭০ থেকে ৩১শে মার্চ, ১৯৭১ অবধি পেয়েছি অকট্রয় কর হিসাবে ২কোটি ৩৯লক্ষ টাকা, আর ১৯৭১ সালের ১লা এপ্রিল হইতে ১৯৭২ সালের ৩১শে মার্চ পর্যন্ত আমাদের

বিভাগীয় হিসাব মত পেয়েছি ৯কোটি ৪০লক্ষ টাকা। এই পরিসংখ্যান থেকেই বোঝা যাচ্ছে যে এই আইন কত গুরুত্বপূর্ণ। আমি আগেই বলেছি যে এর ৫০ ভাগ দেওয়া হয় কলকাতা করপোরেশনকে এবং মিউনিসিপ্যাল এলাকার উন্নয়ের জন্য এবং কলকাতা মেট্রোপলিটন এলাকায় উন্নয়নমূলক কাজের জন্য অধিকাংশই মেট্রোপলিটন উন্নয়ন সংস্থাকে অর্থ সংস্থানের জন্য ভাগ করে দেওয়া হয়। যেটা আমি আগে বলেছি যে গত বছর ৯কোটি ৪০লক্ষ টাকা আমরা পেয়েছি। সারা ভারতবর্ষে মহারাষ্ট্র, দিল্লী, পাঞ্জাব, ইত্যাদিতে এই আইন ছিল। কেবল আমাদের বাংলাদেশে এই আইন চালু হয় নি। ১৯৭০ সালে ভারতীয় সংবিধানের ৩৫৭ (২) নং ধারা অনুসারে এই আইনের মেয়াদ ১৯১২ সালের ১লা এপ্রিল পর্যন্ত ছিল, সেইজন্য উক্ত আইনকে চালু রাখার জন্য ১লা এপ্রিল, ১৯৭২ সালের পূর্বে এই আইন রাজ্যবিধানসভায় এনে আইনে পরিণত করার প্রয়োজন হয়। বিধানসভার অধিবেশন ২৪শে মার্চ আরম্ভ হবার পর ১লা এপ্রিলের মধ্যে যে অল্প সময় পাই তাতে বাজেট প্রভৃতি জরুরী বিষয়কে অগ্রাধিকার দিয়ে উক্ত বিল বিধানসভার আইনে পরিণত করা সম্ভব হয় নি। সেইজন্য ইহার মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বেই পশ্চিমবাংলার রাজ্যপাল ১৯৭২ খৃঃ কলিকাতা মেট্রোপলিটন এলাকার পণ্য প্রবেশ কর অর্ডিন্যান্স নামে একটি অর্ডিন্যান্স ২২শে মার্চ, ১৯৭২-তে চালু করেন। পূর্বে রাষ্ট্রপতির আইন হইতে এই অর্ডিন্যান্স পদ্ধতিগত সামান্য কিছু পরিবর্তনসাধন করা হয়েছে। এছাড়া কয়েকটি পণ্য এই আইনের আওতায় আসে কি না এই বিষয়ে সন্দেহ উপস্থিত হওয়ায় সেই সন্দেহ নিরসনের জন্য, এবং কর আদায়ের জন্য নির্দিষ্ট পণ্য তপশীলটির আরো বেশী যুক্তিবহ করবার জন্য তপশীলটি সামান্য পরিবর্তন করা হয়েছে। বর্তমান বিলটিতে অর্ডিন্যান্স বিধিবদ্ধ ব্যবস্থার কোন পরিবর্তন করা হয় নাই।

এখানে আর একটা বলতে চাই যে বোম্বেতে যে অনুরূপ একটা আইন রয়েছে সেই আইনের সঙ্গে তুলনা করলে আমাদের করের পরিমাণ কয়েকটা ক্ষেত্রে কম এবং কয়েকটা ক্ষেত্রে যেখানে বোম্বে শহরে কর আদায় হয়, এখানে সেসব পণ্যের উপর মোটেই কর আদায় হয় না। কোলকাতা শহরে শিল্প ব্যবসা-বাণিজ্যের উন্নতির পরিবেশ সৃষ্টি হলে আমরা আশা করছি এই আইন থেকে আরও কর আদায় হবে। এখান যে ৯কোটি ৪০লক্ষ টাকা গত বছর পেয়েছি শান্তির পরিবেশ সৃষ্টি হলে তখন আরও বেশী পাব এবং তাহলেই কোলকাতা এবং হুগলী, হাওড়ায় যেখান C. M, D. A. এর কাজ চলছে সেখানে আরও বেশী কাজ করতে পারব। এই বলে এই বিলকে বিবেচনার জন্য আপনাদের কাছে পেশ করছি।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমাদের সামনে অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি সেই বিলকে সমর্থন করতে গিয়ে কয়েকটা বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। আপনি খোঁজ করলে দেখবেন রাজ্যপালের আমলে যখন Ordinance হয়েছিল ১৬ই Nov. 1970 থেকে 15th Nov. 1971 এইএক বছরে ৮ কোটি ৫৪লক্ষ টাকা রোজগার হয়েছে এবং এর মধ্যে ৫০লক্ষ টাকার মত খরচ হয়েছে। অর্থাৎ ৮ কোটি ৪লক্ষ টাকা নীট আয় হয়েছে। সুতরাং যে বিষয় থেকে এত বেশী রোজগার হয় স্বাভাবতঃই সেটা খুব গুরুত্বপূর্ণ এবং এর আলোচনা আরও গুরুত্ব দিয়ে করা উচিত ছিল। আমার নিজের ধারণা হচ্ছে যথেষ্ট গুরুত্ব সহকারে এই বিলটা রচিত হয়নি। কারণ তা যদি হোত তাহলে শুধু Entry Tax হোত না, Exit Tax হোতা। তিনি শুধুমাত্র অকট্রয়ের কথা বলেছেন যে ভারতের অন্যান্য রাজ্যে আছে। কিন্তু কেন কোলকাতায় এই অকট্রয় হল না সেটা তিনি বলেন নি। তিনি শুধু প্রবেশ করের কথা বলেছেন, কিন্তু কোলকাতা থেকে যে জিনিষগুলি চলে যাচ্ছে তার উপর

ন কর আদায় হবে না। যে রাস্তাগুলি ব্যবহার হচ্ছে পণ্য আনার জন্য সেই রাস্তাগুলিই হার করা হচ্ছে পণ্য চলে যাবার জন্য। সুতরাং Entry Tax এবং Exit Tax এইভাবে নটি পুনঃরচিত হওয়া উচিত। বিলটাতে কত কম গুরুত্ব দেওয়া হয়েছে তা বিভিন্ন দ্রব্যের ব যেভাবে Rate সাজান হয়েছে সেটা দেখলেই বুঝতে পারবেন। এছাড়া সেটা যে কতটা বজ্ঞানিক এবং Irrational সেটা দেখলেই বুঝতে পারবেন। এটা আলোচনা করতে গেলে নক সময় লাগবে বলে আমি শুধু কয়েকটা উদাহরণ দিচ্ছি।

35—5-45 p.m.]

আপনি যদি শোনেন তাহলে অবাক হবেন যে ডাব যেটা রোগী খায় বা পরীক্ষা হলের ছেলেরা তার উপর ট্যাক্স বসান হয়েছে, আপনি দেখলে দেখবেন যে দুধের উপর ট্যাক্স বসান হয়েছে। জাফরাণ পোলাওর জন্য লাগে তার উপর কিন্তু অত্যন্ত কম ট্যাক্স ধার্য্য করা হয়েছে। ফরাণের উপর ট্যাক্স কম করে বসিয়ে ডাব বা দুধের উপর ট্যাক্স বসান ঠিক বলে মনে করিনা। টের উপর Seven percent tax advalorem এখানে দেখা যাচ্ছে গ্যাস লাইটের উপর two cent advalorem tax হয়েছে। চায়না মোজাইক চিপস ইত্যাদির উপর two percent valorem tax হলো। মোজাইক মার্বেলসব উপর টু পারসেণ্ট এবং ডিসটেম্পারের উপর o percent advalorem tax হলো। কিন্তু এখানে কেন দশ পারসেন্ট হবে না? এইসব নিষগুলো কোন শ্রেণীর লোক এবং ক'জন লোক ব্যবহার করে। মোজাইক টাইলস, বোমেটিক ক্যাণ্ডিলস, আতর ইত্যাদির উপর two percent advalorem tax করেছেন। লেস ষ্টীল-এর বাসনপত্র উচ্চবিত্ত বা উচ্চ মধ্যবিত্ত লোকেরা ব্যবহার করেন। তার উপর ট্যাক্স rupee one per K.G. একটা কথা পরিষ্কার করে বলতে চাই যে, যে কথা বলে আমরা ট পেয়ে এসেছি, ভোটের সময় যে প্রতিশ্রুতি দিয়ে এসেছি এটা যদি সকলে দেখেন তাহলে লে আমাদের কি মনে করতে পারে? মাননীয় অর্থমন্ত্রী আরও একটু নজর করে দেখুন ক্স ষ্ট্রাকচারটা বা কর কাঠামোটা। শুধুমাত্র এই দিকে নজর দেওয়া হয়নি তা নয়। আরও বেন বড় বড় লোকেরা বড় বড় বাড়ী তৈরী করে থাকেন। তাদের লরী লরী বালি লাগে। ন্তু সেই বালিকে বাদ দেওয়া হয়েছে। আমি তো বোম্বের ট্যাক্সটা খুলে দেখলাম সেখানে া আয় হয় বালি থেকে। বাঁশকে বাদ দেওয়া হয়েছে। টিটাগড় পেপার মিল প্রভৃতি বড় জায়গায় এগুলো লাগে এবং বাড়ী তৈরী করতে এর দরকার হয়। এগুলো থেকে বেশী আয় । একটা সর্বাঙ্গীণ আইন তৈরী করে এইসব লু-ফলস বন্ধ করা উচিত ছিল। বোম্বাইতে ১৪কোটি কা আয় হয় আমাদের এখানেও ৮ কোটির জায়গায় ১৪ কোটি টাকা আয় করতে পারতাম। এনট্রি ট্যাক্সে অনেক বেশী আয় হত। এই ফাঁকিগুলো দূর করুন। এই ফাঁকিগুলো কলে শুধু যে আয় কম হয় তাই নয় অনেক দুর্নীতির স্বার্থ এই ফাঁকিগুলোর মধ্যে থাকে। ন ধরুন হাডওয়ারের উপর অত্যন্ত উচ্চহারে কর আরোপ দিয়েছেন। কিন্তু আপনারা লছেন any other goods made by iron. তাতে খুব কম রেটে ট্যাক্স ধরেছেন। যে সমস্ত চারী আদায় করেন আমি খোঁজ নিয়েছি তাঁরা চাপে পড়ে হার্ডওয়ারের উপর উচ্চহারে কর দায় করতে পারেন না। তাই তারা 'মেড বাই আয়রন' বলে দিতে বাধ্য হন। কোন জায়গায় ানি দ্রব্য একজেম্পটেড হয় না। চিন্তা করে দেখুন আপনি রপ্তানি দ্রব্যগুলি কি কলকাতার ায় চলাচল করে না? কলকাতার রাস্তা খারাপ হয় সেইজন্যই তো ট্যাক্স। রপ্তানি দ্রব্য কলকাতার রাস্তায় চলাচল করে না? এই উদ্দেশ্যেই তো আমাদের ট্যাক্স। শুধু তাই নয়, পনি একটু লক্ষ্য করলে দেখতে পাবেন রপ্তানি দ্রব্যের নাম করে প্রবেশ করে যত মাল সমস্ত

মাল রপ্তানি হয় না। তার কোন প্রিভেনসান আপনাদের নেই। কলকাতায় সেই মাল কিছু কিছু বিক্রি হয়ে যায় এবং আপনাদের এই আইনে তাও ধরা পড়ে না। শুধু তাই নয়, একটা ট্রান্সপোর্ট পাশ আছে আপনাদের কত ধারায় যেন আছে অর্থাৎ যদি কোন অফিসার লিখে দেয় যে কলকাতায় প্রবেশ করে তারপর অন্য শহরে চলে যাবে তাহলে ট্যাক্স দিতে হবে না। এটা কি শুধু কলকাতায় বিক্রির জন্য ট্যাক্স? তা তো নয়। কলকাতার রাস্তা, জল, বাড়ীঘর, গুদাম ইত্যাদি এইসমস্ত ব্যবহারের জন্যই তো ট্যাক্স। তাই কলকাতার ভেতরে যেই দ্রব্যটা এল,দু'দিন রইল চলে গেল তাহলে সে কেন ট্যাক্স দেবে না? কেন এই একজামসান ট্রান্সপোর্ট পাশ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে কি বিশ্রীভাবে এই ট্রান্সপোর্ট পাশের অপব্যবহার হচ্ছে। এই ট্রান্সপোর্ট পাশের নাম করে কত দ্রব্য প্রবেশ হচ্ছে কিন্তু তা আর বহির্গমন হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী এ সম্বন্ধে একটু খোঁজ করলেই জানতে পারবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি যে তিনি যেন নজর দেন এই বিষয়ে যে পোষ্ট অফিসের মাধ্যমে যেসব দ্রব্যসামগ্রী আসে তার উপর কেন কোন ট্যাক্স হয় না? রেলওয়ের মাধ্যমে যেসমস্ত মাল আসে তারউপর ট্যাক্স আপনারা করেন, রাস্তার মাধ্যমে যা অসে এবং জাহাজের মাধ্যমে যা আসে তার উপর ট্যাক্স হয়। কিন্তু পোষ্ট অফিসের মারফত যেগুলি আসে তারজন্য চেক পোষ্ট রাখলেই হয়, তাহলে তো ট্যাক্স আদায় হতে পারে। শুধু তাই নয়, আপনি একটু খোঁজ নিলে দেখতে পাবেন যে আমাদের রেল-কোম্পানীর লোকেরা এই বিভাগের কর্মচারীর সঙ্গে কি আচরণ করে সম্পূর্ণ অসহযোগীতা করে। অথচ যত টাকা আদায় হয় তার শতকরা ৩ ভাগ রেলকোম্পানী নিয়ে নেয়। কেন নেয় জানি না। শুধুমাত্র এই কারণে নেয় যে সেই অফিস কর্মচারীদের বসে থাকতে দেয়। তাদের ফ্যান দেয়না, কোন সহযোগিতা করেনা, বিমাতৃসুলভ আচরণ করে। এই কাজের জন্য এদেরকে তিন পারসেন্ট দিতে হয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অর্থমন্ত্রীর অবিলম্বে এই বিষয়ে রেলকোম্পনীর সঙ্গে কথা বলা দরকার। এবং বলা উচিত যে তোমাদের অসহযোগিতার ফলে বহু দ্রব্যসামগ্রীর উপর আমাদের কর্মচারীরা ট্যাক্স আরোপ করতে পারছে না। আজকে এই জিনিষ বলার প্রয়োজন আছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি নিজে অনেক সময় গাড়ী চড়ে মগরা দিয়ে এসেছি। আমি লক্ষ্য করেছি যে পুলিশ এবং ড্রাইভার কি প্রচণ্ড চাপ এই সব চুঙ্গিকরের কর্মচারীদের উপর দিচ্ছে। অথচ এই কর্মচারীদের হাতে কোন সিকিউরিটি নেই। এই চাপ তারা সহ্য করতে বাধ্য হয়। এন্টি ট্যাক্সের জন্য যে কোন ইনভয়েস তারা দেয় এটা কর্মচারীদের মেনে নিতে হবে। যদি তারা বলে যে এক হাজার মণের জায়গায় ১০০মণ আছে, সেটাই এই কর্মচারীদের মেনে নিতে হয়। কারণ ড্রাইভারের সঙ্গে পুলিশ এসে চাপ দেয়। পুলিশের সঙ্গে ড্রাইভারদের সম্পর্ক খুব পরিচিতের সম্পর্ক। তাহলে এন্ট্রিট্যাক্স কিভাবে আদায় হবে, যদি না এদের নিজস্ব সিকিউরিটি থাকে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে এই বিভাগের কোন নিয়মিত অডিট হয়না। একবার মাত্র অডিট হয়েছিল, সেই অডিট রিপোর্টে যেসমস্ত বিষয়ের উল্লেখ করা হয়েছিল যে তোমরা এইসব বিষয়ে ভাল করে সাজাও, কিন্তু তা কার্যকরী করা হয় নি। রিপোর্টে যে যেভাবে বলেছিল যে এন্ট্রিট্যাক্স এই এইভাবে কর, তা কার্যকরী হয় নি। সুতরাং বুঝতেই পারছেন যে অডিট যদি না হয় তাহলে কর্মচারীদের প্রলুব্ধ করা হচ্ছে যে তোমরা দুর্নীতি কর। পারমানেন্ট অডিট এবং কনটিনিউয়াস অডিট যদি না হয় তাহলে ট্যাক্স ঠিকভাবে আদায় হবে কি করে এবং যে উদ্দেশ্যে এটা করা হয়েছে সেটাই সফল হবেনা শুধু তাই নয়, এই বিভাগের যেসব কর্মচারী আছে তাদের যে সংগঠন বা প্রতিষ্ঠান আছে, তাদের যে ট্রেডইউনিয়ন আছে তাদের সঙ্গে মাননীয় অর্থমন্ত্রীর বসতে হবে এবং তাদের যেসমস্ত

অভাব অভিযোগ আছে তা তাড়াতাড়ি দূর করতে হবে। এই কর্মচারী যারা ৫০লক্ষ টাকার বিনিময়ে মাননীয় অর্থমন্ত্রীকে ৮কোটি ৬ লক্ষ টাকা দিচ্ছেন তারা কিভাবে অসহনীয় অবস্থার ভিতর দিয়ে কাজ করছেন তা আপনি শুনলে অবাক হয়ে যাবেন।

[ 5 45—5-55 p.m ]

শুনলে অবাক হবেন ... তাদের ভিতর থেকে ভাল ভাল পাশ করা বাঙ্গালী ছেলেরা যারা অফিসার গ্রেডে আছে, অফিসার, তাদের নাম হচ্ছে এ্যাসিষ্টিং অফিসার কাম সাব-ইনেসপেক্টার। মাইনে দিচ্ছেন এল ডি ক্লার্কের। বলছেন এ্যাসেষ্টিং অফিসার কাম সাব-ইনেসপেক্টার অথচ বেতন দিচ্ছেন এল ডি ক্লার্কের, তাহলে তাদের ত দুর্নীতিতে ঠিলে দিতেই হবে আপনাদের। এটা কি তাদের দুর্নীতির মধ্যে ঠেলে দেওয়া হচ্ছে না? শুনলে অবাক হবেন যে এই সব ভাল ভাল ছেলেদের—এর ভেতর থেকে যাদের প্রমোশন পাওয়ার কথা, যারা এই কাঠামোকে দাঁড় করালো সেখানে ২৫ জন বাইরে থেকে সিভিল ডিফেন্সের লোক এনে তাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। এটা অত্যন্ত অন্যায় কথা, আমি এর প্রতিবাদ করি। এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করি এটা বিবেচনা করার জন্য। আপনারা কর্মচারীদের মনোবল ভেঙ্গে দেবেন না। এটা যদি না করেন তাহলে আপনি যতই ভাল আইন করুন না কেন তাদের কাছ থেকে ভাল রোজগার, টাকা আদায় হবে না, হতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয়ও মানুষ, তিনি নিজেকে একবার ঐ অবস্থায় প্লেস করে ভাবুন, ঐ কর্মচারীদের পরে একবার প্লেস করে ভাবুন যে তার যদি প্রমোশনের পথ রুদ্ধ হয়ে যায়, সিভিল ডিফেন্স থেকে—যারা কোন দিন এই কাজ করেনি, এই সমস্ত অনোপযুক্ত লোকদের যদি অফিসার করে এনে আনা হয় অথচ যারা কাজ করলো তাদের যদি বাদ দেওয়া হয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাহলে কেমন করে এই ট্যাক্স আদায় হবে। লক্ষ্য করুন আপনারা আর একটা জিনিস, এই টাকার ডিষ্ট্রিবিউশন, কিভাবে বণ্টন হচ্ছে। কেন সি. এম. ডি. এ পাবে টাকাটা? আমি বলি এই ৩৩টি মিউনিসিপ্যালিটির প্রত্যেকেই আলাদা আলাদা করে পাক। আপনারা যদি একজিট ট্যাক্স করেন, কেন বাংলা দেশের অন্যান্য সব মিউনিসিপ্যালিটি যেখান থেকে কলকাতায় মাল আসে এবং যেখানে কলকাতার মাল গিয়ে পৌছায়, সবাই কেন পাবে না? কেন এই কলকাতামুখী অভিযান? এই মন্ত্রিসভার এবং এই সরকারের কলকাতামুখী অভিযানকে বন্ধ করা দরকার। পশ্চিমবঙ্গের সমস্ত গ্রাম থেকে মালপত্র কলকাতায় আসে, প্রত্যেক গ্রামের এই টাকার উপর অধিকার আছে। আমি মনে করি যে শুধু সি. এম. ডি. এ-র উপর জোর দেওয়া, এই টাকাটা যদি শুধু সি. এম. ডি. এ-কে ভোগ করতে দেওয়া হয় তাহলে অত্যন্ত অন্যায় হবে। সেখানে কি হয়? সেখানে এটা শুধুমাত্র মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন পায়। আমরা না দিলাম কর্পোরেশনকে, আমরা না দিলাম বাংলাদেশের অন্যান্য সব মিউনিসিপ্যালিটিকে। অথবা দিলাম সি. এম. ডি. এ-কে, সে সি. এম. ডি. এ.-র সম্পর্কে আর আমি এখানে কিছু বলতে চাই না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বশেষে আমি আপনাকে শুধু একটি কথা বলবো যে, যে টাকা আপনাদের আদায় হচ্ছে, লক্ষ্য করুন যে একটা ট্যাক্সের কি পরিণতি হয়, কি অর্থনৈতিক ফল হচ্ছে। আমরা ট্যাক্স করলাম যে ১০০ কেজিতে হয়ত ৪ টাকা কিন্তু দাম বেড়ে গেল প্রতি কেজিতে ৪ টাকা। কেন এই রকম হয়। কে এটা আটকাবে। আমারা যে মুহূর্তে একটা ট্যাক্স করি তখনি অসাধু ব্যবসায়ীরা জনসাধারণকে শুষে নেয়। রাষ্ট্র যদি ৮ কোটি টাকা পেয়েছে ঐ ট্যাক্সের ফলে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮ থেকে ২৫ কোটি টাকা লুঠ করেছে ঐ কলকাতাবাসীদের এই অসাধু ব্যবসায়ীরা। একটা ট্যাক্স আমরা

করলাম যা থেকে সরকার আদায় করতে পারে টাকাটা, কলকাতার রাস্তাঘাট ভাল হয় কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতে অসাধু ব্যবসায়ীরা, তারা ডাবের দাম বাড়ায়। প্রত্যেকটি দ্রব্য—যেমন গুড়ের উপর ট্যাক্স হয়েছে, চিন্তা করুন গুড়ের উপর ট্যাক্স হয়েছে, গুড়ের উপর ট্যাক্সের রেট হল কি, গুড়ের উপর ট্যাক্সের রেটটা হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০ পয়সা পার ৫০ কেজি। চিন্তা করুন ৫০ কেজিতে ২০ পয়সা, অর্থাৎ এক কেজিতে এক পয়সাও নয় কিন্তু ট্যাক্সের পর গুড়েরদাম বেড়ে গেল আট আনা করে পার কেজি। চিন্তা করুন কোথা থেকে বাড়ে সুতরাং একটা ট্যাক্সের অর্থনৈতিক ফল সুদূরপ্রসারী হয়। আমি এর সুদূরপ্রসারী ফল হলেও বলি যে ট্যাক্স করতে হবে না তা নয়, কেমন করে অসাধু ব্যবসায়ীদের হাত থেকে দেশ রক্ষা হবে তা জানি না। এইসমস্ত কথা আপনার সামনে বলে আমি এই বিলটাকে সমর্থন করছি এবং আশা করি যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এইসমস্ত বিষয় বিবেচনা করে বিলটাকে অনেকটা পালটাবেন এবং অনেকটা পালটে আমাদের সামনে আনবেন।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত:** মিঃ স্পীকার, স্যার, পশ্চিমবঙ্গের উন্নতির জন্য ঠিক নয়, কলকাতার উন্নতির জন্য যে বিল এখানে এসেছে সেটা আমি সমর্থন করছি। আজকের দিনে যেভাবে বিলটা উপস্থাপিত হয়েছে আমার মনে হয় বিলের মধ্যে এত রকম ফাঁক আছে, যার দরুণ ফাঁকি দেওয়া খুব সহজ হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে আমাদের ভয়ানক অভিজ্ঞতা আছে, যেমন ধরুন, আমরা জানি কর্ডন এরিয়া যেগুলি আছে, তার বাইরে কতকগুলি অসাধু ব্যবসায়ী মানুষের দারিদ্রের সুযোগ নিয়ে এমন কতকগুলি লোককে নিয়োগ করবে যাদের চার আনা আট আনা দিয়ে এক একটা ব্যাগ সেইসমস্ত কর্ডন এরিয়াতে নিয়ে যেতে পারবে। এতকাল ধরে যেসমস্ত হকার কলকাতায় রয়েছে তারা যেমন সবাই জেনুইন নয়, তেমনি আজকে সি. এম. ডি. এ. এরিয়ার বাইরে ৪০০ গজ কি ৮০০ গজ দূরে কোন অসাধু ব্যবসাদার এইসমস্ত জিনিষগুলি ষ্টক করে এমন কতকগুলি লোককে নিয়োগ করবে যারা সেই একজামশন লিমিটের মধ্যকার জিনিষগুলি নিয়ে সি. এম. ডি. এ. এরিয়ার মধ্যে ঢুকে লক্ষ লক্ষ টাকা ফাঁকি দিতে পারবে। চালের ব্যাপারে আমরা যে অভিজ্ঞতা সঞ্চয় করেছি সেই অভিজ্ঞতা আমাদের কাজে লাগাতে হবে, এবং আমার মনে হয় এই যে ফাঁকটুকু আছে যার মধ্য দিয়ে ফাঁকি দেবার যে সোর্স অপারেট করছে—সি. এম. ডি. এ.-এর এক মাইল আধ মাইলের মধ্যে, সেই সোর্স পর্যন্ত সরকারী প্রশাসনকে এগিয়ে নিয়ে যেতে পারি ট্যাক্স আদায় করার জন্য, এইরকম নির্দেশ, এইরকম কোন বিধি বা ব্যবস্থা এর মধ্যে না থাকাটা যুক্তিসঙ্গত হয়েছে বলে আমি মনে করছি না। তাছাড়া আমি সেকশন ২১ নম্বর ধারায় দেখতে পাচ্ছি যেখানে বলা হয়েছে ট্রানসপোর্ট পাশ থাকলে নো ট্যাক্স ইজ লেভিয়েবল সেখানে কতকগুলি জায়গা রয়েছে যেখানে প্রেসক্রাইবড অথরিটি ইচ্ছা করলে ট্রান্সপোর্ট পাশ দিতে পারে। কোন ক্ষেত্রে on the ground that much goods are not intended to be consumed, used or sold in such metropolitan area. যদি মেট্রোপলিটন এরিয়ার মধ্যে এই জিনিষগুলি ব্যবহৃত না হয় তাহলে সেক্ষেত্রে ট্রান্সপোর্ট পাশ দেবে। কারা দেবে? প্রেসক্রাইবড অথরিটি দেবে। এখানে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব, এখানে সাধারণ গরীব লোক দু'টো ডাব, দু'টো হাঁস, দু'টো ছাগল, মুরগি কিম্বা গরু নিয়ে এসে ট্রান্সপোর্ট পাশের জন্য অপেক্ষা করবে না, কারণ তাদের যে অধিকার আছে সেই অধিকারে তারা সেই জিনিস নিজেরাই নিয়ে আসতে পারে কিন্তু যে সমস্ত অসাধু ব্যবসায়ী আছে যাদের আমরা দেখতে পাচ্ছি, যাদের সম্বন্ধে প্রতিদিন আমাদের এই এ্যাসেম্বলী হাউসে শুনতে পাচ্ছি তাদের ব্যাপারে আমাদের প্রশাসনযন্ত্রকে ঠিক পথে চালিত করতে হবে। নইলে সেই প্রশাসন যন্ত্র নিয়ে উন্নয়নমূলক কোন কাজ বা কোন

মঙ্গলময় কাজ করা সম্ভব নয়। আজকে ট্রান্সপোর্ট পাশের সাহায্যে লক্ষ লক্ষ টাকার জিনিস যখন আসবে তখন সেইসমস্ত সরকারী কর্মচারী—তাদের মধ্যে সবাই অসৎ আমি এই কথা বলব না, আবার সবাই সৎ এটা ও ঠিক নয়—কিন্তু অসৎ হবার কোন সুযোগ বা সুবিধা যদি থাকে তাহলে লক্ষ লক্ষ টাকার জিনিস, এই ট্রান্সপোর্ট পাশের সাহায্যে এবং সরকারী কমচারীদের সাহায্যের জন্য একটা সার্টিফিকেট দিয়ে, কলকাতা থেকে বেরিয়ে যাবে, এই লিখে দিয়ে যে কলকাতায় ব্যবহৃত হবে না। এই ফাঁকটুকু থাকার জন্য বহু অর্থ আমরা সংগ্রহ করতে পারবো না।

তারপর সেকসন ২৩ (১) বাতে বলা হয়েছে the prescribed authority may, in respect of any specified goods lawfully detained or seized by it income such expenditure as may be necessary for the storage of such goods. এ সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যখন প্রেসক্রাইবড অথোরিটি মনে করবে এই জিনিসগুলি আটকে রাখবে। আমার মনে হয় গোডাউন নাই, তারজন্য তারা সার্টিফিকেট দেবে যে আমাদের মাল রক্ষা করার জন্য এত টাকা লেগেছে অথচ এই কথা জোর করে বলা যায় না যেখানে ২০০ টাকা চার্জ হবে তারজন্য এক হাজার টাকার বিল আসবে না বা যেখানে ২০০০ টাকা চার্জ হবে সেখানে ৫০০০ হাজার টাকার বিল আসবে না। এই যে ত্রুটি রয়েছে আমার মনে হয় এটা আমরা সহজেই সমাধান করতে পারি যদি আমরা যে চেকপোষ্ট আছে তার আশেপাশে মোটামুটি যেমন তেমন করে নিজস্ব গোডাউন খাড়া করে কাজ চালাতে পারি। তাহলে আমার ধারণা এবং বিশ্বাস বহু অর্থ সংগ্রহ করতে পারবে।

[ 5-55 – 6-05 p m. ]

তারপর আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ১৮নং ধারাতে যেখানে বলা হয়েছে কিভাবে এই ট্যাক্স আদায় হবে। সেখানে বলা হয়েছে, as an arrear of land revenue. অর্থাৎ পাবলিক ডিমাণ্ড রিকভারি এ্যাক্ট অনুযায়ী এই টাকা আদায় হবে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে সাজেসন হিসেবে রাখছি যে, পাবলিক ডিমাণ্ড রিকভারি এ্যাক্টে টাকা আদায় করা অত্যন্ত ভয়াবহ ব্যাপার, বহু সময় লাগে এবং দেখা যায় সরকারের লক্ষ লক্ষ টাকা ওই এ্যাক্টে আদায় করতে হলে সময়ের অপব্যবহার হয়। ইন্‌কাম ট্যাক্স আইনে নতুন যে ধারা রয়েছে সেখানে অনেক ব্যবস্থা রয়েছে এবং মন্ত্রিমহাশয়ের সঙ্গে সে সম্বন্ধে আমার আলোচনা হয়েছে। সেক্‌সন ২২৬ অব দি ইণ্ডিয়ান ইন্‌কাম ট্যাক্স এ্যাক্ট সম্বন্ধে আমাদের সুযোগ অর্থমন্ত্রী মহাশয় ওয়াকিবহাল আছেন এবং তিনি বলেছেন এই ধারাটা আজকেই আমি এর মধ্যে সংযোজিত করতে পারছিনা তবে ভবিষ্যতে তিনি এটা মনে রাখবেন। সরকারের টাকা যাতে ইন্‌কাম ট্যাক্সের নূতন আইন অনুযায়ী হয়, বা মডার্ণ আইন যেগুলি হবে তার মধ্য দিয়ে আদায় হয় সেটা দেখবেন। তারপর, সিডিউলে নাটস্‌ বলে একটা উল্লেখ রয়েছে। আমি কোলকাতা হাইকোর্টের একটা রুলিং সাইট করছি। থি সেভেন্টি সিক্স, সি ডবলিউ এন, পেইজ ওয়ান টুয়েন্টি ওয়ান তাতে বলা হয়েছে নাটস্‌। যে নাটস্‌টা held under 4C of the schedule, the Legislature intended to tax nuts when imported as edibles. অর্থাৎ যদি খাবারের জন্য ইমপোর্ট করা হয় তাহলে নাটস ট্যাক্সেবল এবং যদি এটা অয়েল সিড সম্বন্ধে হয় তাহলে এর উপর ট্যাক্স হবে না। আমরা সিডিউলে যেটা পাচ্ছি তাতে মনে হয় এই যে ৭৬ সি ডবলিউ এন, জাষ্টিস অনিল সেনের যে জাজমেণ্ট তার সুবিধা নিয়ে যেগুলি এডিবল নাটস হিসাবে নিয়ে আসবে তাকে সার্টিফিকেট দেবে ওয়েল সিড হিসাবে।

অর্থাৎ এর টাকা আমরা আদায় করতে পারব না। সেজন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে নাটসের ডেফিনিসন পরিষ্কারভাবে দেওয়া দরকার। তারপর সেকসন ৬এ পরিষ্কারভাবে বলা নেই—অন্ততপক্ষে আজকে নেই, হয়ত রুলসে আসবে যে কে কতখানি জিনিস ট্যাক্স ফ্রি হিসাবে নিতে পারবে। আমরা অর্ডিনান্স বলে যে কথা বলেছি তাতে দেখছি গুড়, চিনি, ডাব, শুকনো ফল, দুধ, ছাগল, শুকর চামড়া, পাট, লোহা, ইত্যাদি আছে। এগুলি আমরা সাধারণ মানুষ কনজিউম করে থাকি। এগুলির উপর থেকে যদি ট্যাক্স সরিয়ে নিই অর্থাৎ প্রত্যহ সাধারণ মানুষ যেগুলো ব্যবহার করে তার উপর থেকে সরিয়ে নিই তাহলে ভাল হয়। ব্রিক্স, গ্লেজড ব্রিক্স, রুফিং ফেল্ট এগুলিতে ট্যাক্স ওয়ান বা টু পার্সেন্ট অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি ব্রিক্স এবং রুফিং ফেল্ট সম্বন্ধে একই রকম ট্যাক্স, কিন্তু আপনারা জানেন যে রুফিং ফেল্ট বা গ্লেজড ব্রিক্স সাধারণ মানুষ ব্যবহার করার কথা চিন্তা করতেও পারে না। কাজেই এগুলি বাড়িয়ে ঐগুলি কমানো সম্ভব কিনা সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এ্যাক্টে যদি পরিষ্কারভাবে থাকত যে কতখানি জিনিস একটা লোক নিয়ে যেতে পারবে বা একটা ছোটখাট ব্যবসাদার নিতে পারবে তাহলে ভাল হত। আপনারা টাটা বিড়লার কাছ থেকে টাকা আদায় করুন আমরা সমর্থন করব কিন্তু পুঁটিরাম দাস বা একজন সাধারণ মানুষ যে মাথায় ঝুড়ি নিয়ে যায় বা আবদুল জব্বার যে মাথায় করে জিনিস নিয়ে আসে সে কতখানি জিনিস নিয়ে যেতে পারবে সে সম্বন্ধে সেকসন ৬এ স্পেসিফিক এ্যাক্ট কিছু থাকা দরকার ছিল। এটা থাকলে আমরা এ্যাসেম্বলীর মেম্বাররা জানতে পারতাম বা মলাবান সাজেসন দিতে পারতাম। তারপর আজকে সেকশন ১৪তে বলা হয়েছে একটা অদ্ভুত কথা to the best of the ability of the prescribed authority. ট্যাক্স এ্যাসেসড হবে কতকগুলো ক্ষেত্রে যেখানে হয়তো হিসাবে প্রত্যেকটি পাচ্ছি না to the best of the ability of the prescribed authority এই বেষ্ট অব এবিলিটির কোন সাবজেকটিভ বা অবজেকটিভ ষ্ট্যাণ্ডার্ড আছে বলে আমার মনে হয় না। একজন সতের কাছে একরকম ষ্ট্যাণ্ডার্ড, একজন অসতের কাছে আর একরকম ষ্ট্যাণ্ডার্ড, একজন বুদ্ধিমানের কাছে আর একরমের ষ্ট্যাণ্ডার্ড, একজন বোকা লোকের কাছে আর একরকমের ষ্ট্যাণ্ডার্ড। সেই রকম দুটো চেকপোষ্ট-এ দু-রকম ষ্ট্যাণ্ডার্ড আসা অসম্ভব নয়। এ ছাড়া আমার পূর্ববর্তী বক্তা যা বলে গেছেন যে প্রিএম্বলে একটু চেঞ্জ দরকার। তার কারণ এই যে জিনিসগুলো আমরা পাঠাচ্ছি দুর্গাপুর বা আসানসোল থেকে লোহা আসছে—বহু জায়গা থেকেই আসে- যেমন মুর্শিদাবাদ থেকে পাট আসছে, মেদিনীপুর থেকে ডাব আসছে হয়তো দুধ বা ছাগল ইত্যাদি আসছে—এই লোকগুলো যারা প্রডিউস করছে কাঠ ফাটা রোদে কিংবা অত্যন্ত কষ্টের মধ্য দিয়ে যে চাষী ফসল উৎপাদন করছে, সেই চাষীর জিনিস নিয়ে যখন ব্যবসা করা হচ্ছে তখন সেখানে কলকাতার লোকের সুবিধার জন্য যাতে তাদের একটু মঙ্গল হয় তারজন্য আজকে কিছু ট্যাক্স আদায় করা হচ্ছে। আমরা চাই কলকাতার উন্নতি হোক, কলকাতা বাংলাদেশের প্রাণকেন্দ্রই শুধু নয়, ভারতবর্ষের মধ্যে একটা গৌরবোজ্জল স্থান যেটা ছিল, সেখানে আমাদের ফিরিয়ে নিয়ে যেতে হবে, তারজন্য যদি আমাদের কিছু ত্যাগস্বীকার করতে হয়, তারজন্য আমরা প্রস্তুত। কিন্তু আমার পূর্ববর্তী বক্তা যে সাজেসন দিয়েছেন যে এক্সিট ট্যাক্স হলে আমরা আরও বহু অর্থ পেতে পারি, সেই অর্থের মধ্য দিয়ে গ্রামবাংলার মানুষদের দিকে তাকানো সম্ভব হবে। আমি যে জায়গা থেকে এসেছি, সেখানে মাত্র ৬ মাইল রাস্তা আছে যেটা পিচের রাস্তা এবং অন্ততঃপক্ষে ২০০ মাইল রাস্তা আছে যেখানে পাথর বা ইঁটের কুচি পর্যন্ত নেই, সব এলাকার দুর্গত মানুষের দিকে যাতে একটু নজর দেওয়া যায়—এনট্রি ট্যাক্স যদি করতে পারি, তাহলে একজিট ট্যাক্স করতে বাধা কেন। তাহলে কলকাতাকে রেখে, কলকাতার মঙ্গল করেও আমরা যারা গ্রামবাংলার

ন্তব, আমরা হয়তো কিছু জিনিস দ্বারা সেই সব কিছু লোকের দাবী মেটাতে পারবো এই বলে
মার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানী প্রসাদ সিংহরায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে এই পণ্য প্রবেশ কর লটিকে সমর্থন জানাচ্ছি। তবে মাননীয় অর্থমন্ত্রী তাঁর যে ষ্টেট্‌মেণ্টটা রেখেছেন তার রিপ্রেক্ষিতে দু'একটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে আদায়কৃত যে কর ই করের ভাগ কোথায় কোথায় কেমন ভাবে তার ইউটিলাইজেশন হবে তার কথা বলেছেন। ই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। শুধু কলকাতা র্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি এই নিয়ে সি. এম. ডি. এ. এলাকা নয় এবং সি. এম. ডি. -র মধ্য দিয়ে যে ফিফটি পার্সেণ্ট আদায়কৃত অর্থ ব্যয় করা হয়, সেই সম্বন্ধে আমার বক্তব্য াছে, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি—দেখা যাচ্ছে মিউনিসিপ্যাল লাকায় লক্ষ লক্ষ টাকা আদায় হচ্ছে, সেখানে মিউনিসিপ্যাল এলাকার সংলগ্ন যে সব বর্তী লাকা পড়ছে, সেখানে চুঙ্গি করের যে বণ্টন, সেই বণ্টন শুধু অসম বণ্টন। করের বণ্টনের যে র্থনৈতিক সূত্র আছে সেই সাধারণ সূত্রটাকে সেখানে অবহেলা করা হয়েছে।

-05—6-18 p.m.]

আমি, স্যার, আপনার মাধ্যমে দু'একটি উদাহরণ এখানে রাখতে পারি। আমার যে লাকা তার ঠিক পাশেই মিউনিসিপ্যাল এলাকা; সেই এলাকায় যেভাবে লক্ষ লক্ষ টাকা ওয়া হচ্ছে, আর সেখানকার সংলগ্ন অঞ্চল পঞ্চায়েতগুলির হাতে মাত্র দু' লক্ষ টাকা দেওয়া চ্ছ। তাতে অঞ্চল পঞ্চায়েতে সেখানে বেশী ব্যয় করবার অধিকার নাই। আর C.M.D.A. ভাবে সেই টাকাকে ব্যয় করছে—তাতে পঞ্চায়েতগুলির কোন Say নাই। শুধু তাই নয় শঙ্করবাবু যে মগরা এলাকার কথা বলেছেন—পুলিশ নাকি ওখানে এমন চাপ সৃষ্টি করছে যাতে ীকরের লোকেরা কাজ করতে পারছে না। আমি নির্বাচনের পর মগরার যেখানে চুঙ্গীকর াদায় হয়, সেখানে আমি তিন রাত কাটিয়েছি, কাজেই দুর্নীতি যেভাবে সেখানে হচ্ছে, তার সঙ্গে মার কিছু পরিচয় আছে। শুধু পুলিশের লোক নয়, চুঙ্গীকরের যাঁরা কর্মচারী আছেন, দেরও এর সঙ্গে অত্যন্ত ভাল সম্পর্ক আছে। প্রত্যেকদিন চুঙ্গীকরের লোকের বিরুদ্ধে পুলিশ ভিযোগ করছে এবং পুলিশের বিরুদ্ধে চুঙ্গীকরের লোকেরা অভিযোগ করছে। শুধু তাই নয়, ীকর চালু হবার পর প্রথম দিকে যে পরিমাণ কর আদায় হতো, এখন তথ্য নিলে দেখা যাবে ানুপাতিক হারে এখন আদায়ের পরিমাণ অনেক কম। এই সম্পর্কে আমি অর্থমন্ত্রীর দৃষ্টি াকর্ষণ করছি। তিনি যেন ব্যাপারটা একটু খতিয়ে দেখেন। এখন সেখানে দালাল সৃষ্টি য়েছে কম করে হলেও তিনশো থেকে চারশো? এই দালালরাও ঐ টাকার ভাতা পাচ্ছে। সঙ্গক্রমে আর একটা বিষয় এখানে আমি নিবেদন করছি। সেটা হচ্ছে যুক্তিটা মানি যে এই

Exit tax হোক। কিন্তু যেখানে কলকাতার ও বৃহত্তর কলকাতার শিল্প মার খাচ্ছে, যেখানে বাজার নাই, যেখানে এই এলাকা থেকে রপ্তানী ক্রমশঃ হ্রাস পাচ্ছে, হিসেব দেখলে বুঝতে পারা যায়, সেখানে এই বৃহত্তর কলকাতার যে অর্থনীতি বিশেষ করে শিল্প অর্থনীতি, তাতে এই ধরনের কর মার খায়, যেখানে সাময়িকভাবে স্বাধীনতা অবলম্বন দরকার। কিছুদিনের জন্য অন্তত এই Exit Tax বসান উচিত। ১৯৬৬ সালের পর থেকে বিশেষ করে বৃহত্তর কলকাতার শিল্প এলাকায় যে বিপর্যয় এসেছে, তারজন্য এইরকম একটা চিন্তা করা হয়েছে। তার সঙ্গে সঙ্গে একথা বলবো—যেকথা মাননীয় সদস্য শ্রী সেনগুপ্ত ও ভট্টাচার্য্য বলেছেন, আমি তাঁদের সঙ্গে একমত। এই যে কর আদায় হচ্ছে তার উদ্দেশ্য শুধু যদি বৃহত্তর কলকাতা ও C.M.D A.-র মধ্যে সীমাবদ্ধ রাখা হয়, তাহলে আজকে, নাহয় কালকে পার্শ্ববর্ত্তী অঞ্চলে, গ্রামে ও যারা পশ্চিম-বাংলার গ্রামের সঙ্গে তাদের একটা বিরোধ বাধতে পারে। কারণ গ্রাম থেকে যে জিনিষ আসবে, তার জন্য কর দেব, আর অন্য জায়গা থেকে মাল এলে তার ভাগ পাব না, বিশেষ করে গ্রাম্য স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান যেগুলি আছে তারা এর ভাগ পাবে না, এই ধরনের ব্যবস্থা চলতে থাকলে সেখানে প্রশ্ন উঠবে ও বিক্ষোভ দানা বাঁধবে। কাজে কাজেই এই আইনে তার Protection থাকা দরকার। যাতে এই ধরনের কোন চিন্তা ও প্রশ্ন কখনো না উঠতে পারে। শেষে এই আইনকে সংশোধন করে এই আইনকে প্রয়োজন অনুযায়ী মাননীয় অর্থমন্ত্রী ঠিক করে নেবেন। কারণ অর্ডিন্যান্স থেকে একটা আইনে পরিণত হচ্ছে। এমন ব্যবস্থা এর মধ্যে রাখুন যাতে এটা অন্ততঃ প্রকৃত জনকল্যাণমূলক প্রচেষ্টায় এই অর্থ বিনিয়োগ হয়, এই অর্থ যাতে সত্যিকার আদায় করা যায় এবং যেসব দুর্নীতি আছে তার বিরুদ্ধে Protection-এর ব্যবস্থা হবে। এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল, যা অর্থমন্ত্রী মহাশয় এনেছেন, তাকে আমি সমর্থন নিশ্চয়ই করছি। এবং আপনার মাধ্যমে তার সম্বন্ধে দু'একটি বক্তব্য রাখছি। এই বিভাগ ১৬ই নভেম্বর, ১৯৭০ তারিখ থেকে আরম্ভ করে ৩১শে মার্চ, ১৯৭২ তারিখ পর্যন্ত ৫৩ লক্ষ ৩৭ হাজার ২৫৩ টাকা রোজগার করেছে। আর এর থেকে যে এক্সপেনডিচার হচ্ছে সেটা ৫০ লক্ষ টাকার মত। এই যে একটা বিরাট টাকা যেটা বিভিন্ন দিক থেকে আসছে, সেটা আমরা নিশ্চয়ই পর্যালোচনা করে দেখব, যে এই ট্যাক্সেসনের মধ্য দিয়ে সাধারণ গ্রামের মানুষ এফেকটেড হচ্ছে কি না, ক্ষতিগ্রস্ত হচ্ছে কি না। দেখতে হবে এদের ট্যাক্স দেবার ক্ষমতা আছে কি না। যে সমস্ত শ্রেণীর লোকের আর্থিক ট্যাক্স না দিয়ে, বিরাট ট্যাক্স ফাঁকি দেয়, তাদের সম্বন্ধেও এইটাকে ভাল করে পর্যালোচনা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা জিনিসের প্রতি নজর দিতে বলছি, সেটা হচ্ছে সিল্ক, কটন ইত্যাদি জাতীয় জিনিস যেগুলির এন্ট্রি ট্যাক্স হচ্ছে শতকরা ১ টাকা। অথচ গরীব কুটীরশিল্পী এবং এই শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য আমাদের কেন্দ্রীয় সরকারের খাদী সিল্ক বোর্ড এবং পশ্চিমবঙ্গ

সরকারের পক্ষ থেকে সাবসিডি দিচ্ছে, লোন দিচ্ছে। আর আজকে সেই শিল্পের উপর পরোক্ষ-ভাবে যে ট্যাক্স চাপিয়ে দেওয়া হচ্ছে সেটা গিয়ে পড়ছে গ্রামের যে সিল্ক রেয়ার, যে তুঁতের চাষী তাদের ঘাড়ের উপর। কাজেই এই ধরনের ট্যাক্স কেন করা হচ্ছে তা আমি বুঝতে পারছি না। আর একটা জিনিষ দেখুন, এই যে কফি, এই কফির উপর ট্যাক্স বসেছে পার কে, জি, ২ পয়সা, এটা গরীবের খাদ্যের উপর নয়, এটা বসেছে কফির উপর। আপনি জানেন এই কফি কোন শ্রেণীর লোকে খায়। এটা বড় লোকেরা খায়। যারা বড় বড় পুঁজিপতি তারাই এই কফি খায়। তাই বলছিলাম পর্যালোচনা করে দেখলে এইরকম বহুতর জিনিস পাবেন, যেটার যে পারসেনটেজ হওয়া উচিত ছিল তা হয় নি। পরোক্ষভাবে যেটায় ট্যাক্স হওয়া উচিত ছিল না সেটার ট্যাক্স হয়েছে। দরিদ্র জনসাধারণের প্রতি পরোক্ষ ট্যাক্সের এইরকম ব্যবস্থা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যেন রদ এবং রহিত করেন। এবং ট্যাক্স না দিয়ে বিভিন্ন উপায়ে সুযোগসুবিধা যারা গ্রহণ করছে তাদের প্রতি ব্যবস্থা যেন আরও জোরদার করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে বলতে চাই যে, যে এখানে দুর্নীতির কথা উঠেছে। স্যার, আপনি জানেন যে এই বিভাগ একটা নূতন বিভাগ। এখানে ডিরেক্টার অব সেলস ট্যাক্স এবং ডিরেক্টার অব এন্ট্রি ট্যাক্স এই দু'টি পোষ্টে একই লোক কাজ করছেন মিঃ এস, কে, বোস। তিনি দু'টি গুরুত্বপূর্ণ পোর্টফলিও নিয়ে আছেন। আবার এখানে বিভিন্ন রকম পোষ্ট আছে এই ডিপার্টমেন্টের আণ্ডারে যা অন্য ডিপার্টমেন্টে নেই। যেমন ক্যাসিয়ার কাম ক্লার্ক, ইন্সপেক্টার, এস, আই, পেট্রোলম্যান কাম পিওন এবং এদের যে মাইনে তাতে তারতম্য আছে এটা আমরা বুঝতে পারছি। আবার অন্য দিকে দেখবেন গ্রামের দিক থেকে যে ঐ ঠাকুরপুকুরের কাছে একটা চেকপোষ্ট—আর আমাদের মিনিষ্টার তরুনবাবুর বাড়ীর কাছে একটি চেকপোষ্ট। আর যেখানে এইসমস্ত চেকপোষ্ট আছে সেখানে কোন বাড়ী ঘর নেই, থাকবার কোন ব্যবস্থা নেই। তাদের কোন প্রোটেকসনের ব্যবস্থা নেই।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার—হাউসে কোন কোরাম নেই।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** হ্যাঁ, হাউসে কোন কোরাম নেই।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** স্যার, আজকে এই বিলের উপর যাদের আলোচনা করার কথা ছিল তারা আগামীকাল সুযোগ পাবেন তো ?

**Mr. Deputy Speaker ঃ** হ্যাঁ, পাবেন। The House stands adjourned till 1 p.m. tomorrow.

## Adjournment

The House was accordingly adjourned at 6-17 p.m. till 1 p.m. on Wednesday, the 12th April, 1972, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesay, the 12th April, 197', at 1 p.m.

PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 9 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 189 Members.

[ 1—1-10 p. m. ]

## OATH OR AFFIRMATION

**Mr. Speaker :** Honourable members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### কুসুমপুর জলনিকাশী পরিকল্পনা

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩।) **শ্রীসুধীরচন্দ্র দাস :** সেচ এবং বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত কুসুমপুর জলনিকাশী পরিকল্পনা গৃহীত হইয়াছে কি না;

(খ) উত্তর হ্যাঁ হইলে—

(১) ঐ পরিকল্পনার জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে, এবং

(২) উক্ত পরিকল্পনার কার্য কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীনিতাইপদ সরকার :** স্যার, আমার একটা Point of Previlege আছে। আমার ১৮৩ নম্বর অনুমোদিত প্রশ্নের কোন জবাব টেবিলে নেই।

**মিঃ স্পীকার :** আচ্ছা, আমি এটা দেখবো।

**শ্রীসুনিতী চ্যাটার্জী :**

(ক) কুসুমপুর জলনিকাশ প্রকল্প এখন পর্যন্ত চূড়ান্তভাবে গৃহীত হয় নাই। এই সম্বন্ধে পরীক্ষা নিরীক্ষা চলিতেছে।

(খ) বর্তমান পরিস্থিতিতে এ প্রশ্ন উঠে না।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** মাননীয় মন্ত্রিমহাশয়, সেখানে SDO, Irrigation এবং অন্যান্য অফিসাররা তদন্ত করে এবং সেখানে খাল কেটে জল না বের করলে বিরাট এলাকার ধান প্রতি বছরই নষ্ট হচ্ছে এবং বড় পরিকল্পনা করা হচ্ছে, খাল কেটে জল বের করার জন্য যে Contai বেসিন সেই Ccntai Basin পর্যন্ত বেরোচ্ছে না, প্রতি বছর প্রায় ৫ হাজার একর ধান নষ্ট হচ্ছে। কাজেই কেন এত বিলম্ব হচ্ছে সেটা জানাবেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** সদস্য মহাশয় যখন এই প্রশ্ন করেছেন আমি আশা করবো, এই প্রশ্নের সদুত্তর উপযুক্ত তদন্ত হবার পরে দেওয়াই বাঞ্ছনীয়। বর্তমানে এই প্রশ্নের অবতারনা হতে পারেনা।

**শ্রীসুধীর চন্দ্র দাস :** যেটা সত্য সেটা স্বীকার করে নেওয়াই ভাল। যেখানে তদন্ত হচ্ছে এবং আমি জানি land acquisition Department-এ তার Scheme পাঠান হয়েছে, এদের উত্তরে আমি সন্তুষ্ট হতে পারছি না। কেননা, আমি প্রত্যক্ষভাবে যোগাযোগ করে দেখেছি, তাদের File আছে ভাল করে দেখুন এবং তাড়াতাড়ী করবার জন্য চেষ্টা করবেন কি না ?

**(No reply)**

**Mr. Speaker :** Starred question no. 115 and 116 may be taken up together.

### গ্রাম বৈদ্যুতিকরণ

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮।) **শ্রীকানাই ভৌমিক :** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় জেলাওয়ারী কতগুলি গ্রামে ফেব্রুয়ারী, ১৯৭২ পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হইয়াছে; এবং

(খ) ১৯৭১-৭২ সালে পশ্চিমবাংলার কোন্ জেলায় কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণের প্রস্তাব ছিল এবং এ পর্যন্ত এই বিষয়ে কিরূপ অগ্রগতি হইয়াছে ?

### গ্রাম বৈদ্যুতিকরণ

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩।) **শ্রীনিতাই পদ সরকার :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট কত গ্রামে বৈদ্যুতিকরণের ব্যবস্থা হইয়াছে;

(২) বাকী গ্রামগুলিতে বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(৩) বৈদ্যুতিকরণ করিয়া 'স্যালো টিউবওয়েলগুলির' পরিচালনার সরকারী কোন প্রকল্প আছে কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ**

(১) ১৯৭২ সালের ২৯শে ফেব্রুয়ারী পর্যন্ত ৩২৮টি মৌজায় বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা হইয়াছে।

(২) বর্তমানে ১৯৭৩ সালের ৩১ শে ডিসেম্বরের মধ্যে ১০,০০০ মৌজা বৈদ্যুতিকরণের পরিকল্পনা আছে।

(৩) হ্যাঁ, বৈদ্যুতিকরণের সাথে সাথে গ্রামগুলিতে অগভীর নলকূপসমূহে বিদ্যুৎ সংযোগ করিবার প্রকল্প আছে।

(ক) ফেব্রুয়ারী, ১৯৭২ পর্য্যন্ত পশ্চিমবাংলায় যে সকল গ্রামে বৈদুতীকরণ করা হইয়াছে তাদের জেলাওয়ারী পরিসংখ্যাণ নিম্নে প্রদত্ত হইল :—

| | | |
|---|---|---|
| (১) | বাঁকুড়া— | ১৩৬ |
| (২) | বীরভূম - | ১০৭ |
| (৩) | বর্ধমান— | ৫৬৯ |
| (৪) | কুচবিহার— | ১৪ |
| (৫) | দার্জিলিং— | ১৫৮ |
| (৬) | হুগলী— | ৩৮০ |
| (৭) | হাওড়া— | ১৪৫ |
| (৮) | জলপাইগুড়ি— | ১৭৮ |
| (৯) | মালদহ— | ৭৫ |
| (১০) | মেদিনীপুর— | ১৫৩ |
| (১১) | মুর্শিদাবাদ— | ২৪৯ |
| (১২) | নদীয়া— | ৪৪৭ |
| (১৩) | ২৪ পরগনা— | ৪৯৯ |
| (১৪) | পুরুলিয়া— | ৬১ |
| (১৫) | পশ্চিমদিনাজপুর— | ১৮ |
| | মোট— | ৩২৭৮ |

(খ) ১৯৭১-৭২ সালে পশ্চিমবাংলার গ্রাম বৈদ্যুতীকরণের লক্ষ্যমাত্রা ও উপায় অগ্রগতির পরিসংখ্যান টেবিলে উপস্থিত করা হইল—

| জেলা | যোজনা প্রকল্পে গ্রাম বৈদ্যুতিকরণের লক্ষ্যমাত্রা | উক্ত প্রকল্পের বৈদ্যুতীকরণের কাজ দেওয়া হইয়াছে ফেব্রুয়ারী, '৭২ পর্যন্ত) | যোজনা বহির্ভূত অর্থাৎ পল্লী বৈদ্যুতীকরণ কর্পোরেশন কর্তৃক মঞ্জুরীকৃত অর্থে গ্রাম বৈদ্যুতীকরণ নের লক্ষ্য মাত্র | উক্তপ্রকল্পে বৈদ্যুতীক-করনের স্বজ্জ খরচ হইয়াছে |
|---|---|---|---|---|
| (১) বাঁকুড়া— | ২১ | ৩৮ | ৬০ | ৫৬ |
| (২) বীরভূম— | ৫০ | ১৮ | ৯১ | ৫৭ |
| (৩) বর্ধমান— | ৬৪ | ৪৯ | ৫০ | ৫০ |
| (৪) কুচবিহার— | ১১ | ১ | — | — |
| (৫) দার্জিলিং— | ৫ | ৩ | ১০ | — |
| (৬) হুগলী— | ১২০ | ৩৪ | ১০০ | ১০০ |
| (৭) হাওড়া— | ৮০ | ২২ | — | — |
| (৮) জলপাইগুড়ি— | ১০ | ৪ | — | — |
| (৯) মালদহ— | ৮ | — | ৫০ | ৪৭ |
| (১০) মেদিনীপুর— | ৪৬ | ৩৭ | ২০০ | ১৭৫ |
| (১১) মুর্শিদাবাদ— | ১৫ | ১৫ | ১৫০ | ১১২ |
| (১২) নদীয়া— | ১৪ | ১৪ | ৫০ | ৩৫ |
| (১৩) ২৪-পরগনা— | ১০৯ | ৭৩ | ২০০ | ১৩০ |
| (১৪) পুরুলিয়া— | ২০ | ৪ | ১৩ | ১০ |
| (১৫) পশ্চিমদিনাজপুর— | ৪ | — | — | — |

বিঃ দ্রঃ যোজনা প্রকল্পে বাঁকুড়া জেলার যে ৩৮টি গ্রামে ১৯৭১-৭২ সালে বৈদ্যুতীকরণ হইয়াছে উহার মধ্যে ১৭টি পরবর্ত্তী বৎসরের পরিকল্পনার অন্তর্ভুক্ত ছিল।

সম্ভাব্য অতিরিক্ত প্রশ্নের উত্তরের জন্য তথ্য— ১৯৭১-৭২ সালের প্রবল বর্ষণ ও বন্যার দরুন পরিকল্পনা মাফিক গ্রাম বৈদ্যুতীকরণের কাজ সম্পূর্ণরূপে বাহত হয়।

**Mr. Speaker :** The answer has already been laid on the table. It is useless to wastex time. The honourable members may kindly see the answer from the table.

**শ্রীমতী গীতা মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আরো একটা প্রশ্ন আছে, সেটার উত্তর। আপনি যে-কটা গ্রামের উল্লেখ করলেন টেবলে যা লেখা আছে তাতে দেখা যাচ্ছে সবকটি যোগ করলে দেড় হাজারের বেশী হবে না। কাজেই আপনারা যে

বলছেন দশ হাজার গ্রামকে এক বছরের মধ্যে বৈদ্যুতিকরণ করবেন, এর জন্য আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় সদস্যাবোধ হয় এটা লক্ষ্য করে দেখেননি যে যোগ করলে ৩ হাজার ২৭৮টি গ্রাম হচ্ছে।

**শ্রীমতী গীতা মুখার্জি :** মাননীয় মন্ত্রিমহাশয় এই যে ৩ হাজার ২৭৮টি গ্রামের কথা উল্লেখ করলেন এগুলি ক বছরের মধ্যে হয়েছে বলতে পারবেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** উপযুক্ত নোটিশ দিলে এটা বলা সম্ভব হবে।

**শ্রীমতী গীতা মুখার্জি :** সম্প্রতি আমি একটা ইনফর্মেসন দিয়েছিলাম। আপনার উত্তরের মধ্যে ১০ হাজারের একটা বিরাট গ্যাপ দেখতে পাচ্ছি। আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন জানাবেন কি যাতে করে আপনি বলছেন নোটিশ দিন ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় সদস্যকে আমি অনুরোধ করবো যে উপযুক্ত নোটিশ পেলে আমরা তার সদুত্তর দেব।

**শ্রীসরোজ রায় :** আপনার লিষ্টের ভিতর যে গ্রামগুলি আছে সেগুলি ছাড়াও এমন অনেক গ্রাম আছে যেখানে টিউবওয়েলস হয়ে গেছে অথচ বিদ্যুতের অভাবে সেগুলি চালু হচ্ছে না, এগুলি আপনার লিষ্টের মধ্যে নেই আমরা তা জানি। আমরা এও জানি আপনার লিষ্টের ভিতর এমন অনেক গ্রাম আছে যেখানে টিউবয়েলস, ডিপ টিউবয়েলস ইত্যাদি হয়নি। কাজেই প্রয়োজনবোধে যে সমস্ত গ্রামে টিউবয়েলস হয়ে গেছে অথচ বিদ্যুতের অভাবে চালু হচ্ছে না সেগুলি কি আপনার লিষ্টের মধ্যে অন্তর্ভুক্ত করে নেবেন ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** প্রয়োজনবোধে নিশ্চয়ই আমরা তা করবো। আপনি যেটা বললেন সব সময় সেটা লক্ষ্য করে চলব। মাননীয় সদস্যের কাছে আমি কথা দিলাম যে প্রয়োজনবোধে চাষের ক্ষেত্রে বিদ্যুৎশক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য :** বর্তমানে পশ্চিমবঙ্গে যে বিদ্যুৎ সংকট চলেছে এই অবস্থায় আরো কতটা পরিমান বিদ্যুৎশক্তি উৎপন্ন হলে ১০ হাজার গ্রামকে বৈদ্যুতিকরণ করা যায়, সেদিকে লক্ষ্য রেখে আপনারা উৎপাদন বৃদ্ধির পরিকল্পনার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এক্ষেত্রে এই প্রশ্ন আসতে পারে না।

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা :** বিদ্যুৎ শক্তি সরবরাহ করবার জন্য যে গ্রামগুলিকে ধরা হয়েছে তার বাইরেও অনেকগুলি গুরুত্বপূর্ণ গ্রাম রয়ে গেছে বা এলাকা রয়েগেছে যেখানে বিদ্যুৎ শক্তি সরবরাহ করলে কৃষির দিক থেকে যথেষ্ট উপকার হবে। কাজেই সেই গ্রামগুলিকে আপনার এই লিষ্টের মধ্যে অন্তর্ভুক্ত করবার কোন ব্যবস্থা করবেন কি ?

**Mr. Speaker :** It has already been answered.

[1-10—1-20 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার :** অনুমোদিত প্রশ্ন নং ১৮৩ এর উত্তর কিন্তু টেবিলে নেই, আমি আগেই উল্লেখ করেছি। আর যে প্রশ্নগুলি রয়েছে যে, বাকী গ্রামগুলিতে বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি এবং বৈদ্যুতিকরণ করিয়া স্যালো টিউবওয়েলগুলির পরিচালনার-সরকারী কোন প্রকল্প আছে কি এই দুটি প্রশ্নের জবাব আমি মনে করি এখানে দেওয়া দরকার।

**শ্রীসুনীতি চট্টরাজ :** বাকী গ্রামগুলিতে বৈদ্যুতিকরণের পরিকল্পনা আছে, এগুলি উপযুক্ত-ভাবে তদন্ত করা হচ্ছে। আর যে প্রশ্ন, স্যালো টিউবওয়েলগুলি পরিচালনার সরকারী কোন প্রকল্প আছে কিনা সে সম্বন্ধে বলছি, এটাই প্রকল্প নিচ্ছি, আলোচনা চলেছে এবং যথাসময়ে এর সদুত্তর দেব।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত গ্রামগুলিতে বৈদ্যুতিকরণ হয়েছে সেখানে স্যালো টিউবওয়েল যা আছে তাতে বৈদ্যুতিকরণ হয়েছে কি?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এখনও পর্যন্ত হয়নি। তবে আপনি যে প্রশ্ন করলেন সে প্রশ্নের উপযুক্ত উত্তর উপযুক্ত নোটিশের পরেই দেওয়া উচিত। কারণ এ প্রশ্নের মধ্যে হয়েছে কিনা এ প্রশ্ন আসতে পারেনা বলেই আমি মনে করি।

**শ্রীসরোজ রায় :** ১০ হাজার গ্রামকে এক বছরের মধ্যে কভার করা হবে এটা বলা হয়েছে। ঘটনা যদি ঠিক হয় তাহলে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটি মাত্র সাপলিমেণ্টারী যে বাংলাদেশে সেই পরিমান পাওয়ার কি আপনাদের হাতে আছে বা মেটিরিয়ালস, পাওয়ার ইত্যাদি আছে কি যাতে ১০ হাজার গ্রামকে এক বছরের মধ্যে কভার করতে পারবেন?

**শ্রীসুনীতি চট্টরাজ :** সে সম্বন্ধে উপযুক্ত গবেষণা চলেছে এবং উপযুক্ত ভাবে সমাধান করার চেষ্টাই আমরা চালিয়ে যাচ্ছি।

**শ্রীশরৎ চন্দ্র দাস :** মার্চের ভেতরে যে যে গ্রামে বৈদ্যুতিকরণের কাজ শেষ করার কথা ছিল তার মধ্যে কোন কোন গ্রামে ঠিকাদাররা কাজই আরম্ভ করেনি। মাননীয় মন্ত্রিমহাশয় তারজন্য কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**শ্রীসুনীতি চট্টরাজ :** যদিও এ প্রশ্ন আসতে পারে না তবুও বলছি, উপযুক্ত তথ্য সরবরাহ করলে আমরা যথাযথ ব্যবস্থা করবোই।

**শ্রীশরৎ চন্দ্র দাস :** পুরুলিয়া জেলায় রঘুনাথপুর ও চেলিওনগরে মার্চের ভেতরে শেষ করবার কথা ছিল কিন্তু ঠিকাদাররা কাজই আরম্ভ করেনি, মাননীয় মন্ত্রিমহাশয় এর তদন্ত করবেন কি?

**শ্রীসুনীতি চট্টরাজ :** আপনি লিখিতভাবে উপযুক্ত তথ্য পেশ করবেন, আমি তদন্ত করবো।

**শ্রীললিত গায়েন :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ২৪ পরগণার বিভিন্ন জায়গায় যেমন বারুইপুর থানার সীতাকুণ্ডু ও উত্তর কল্যানপুর লাইট পোষ্ট পোঁতা থাকা সত্বেও দীর্ঘ চার বছরে কেন বিদ্যুৎ গেল না?

**Mr. Speaker :** The question does not arise.

## বন্ধ ইণ্ডিয়া ইলেক্‌ট্রিক ওয়ার্কস কারখানা

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী:** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বেহালার ইণ্ডিয়া ইলেক্‌ট্রিক ওয়ার্কস (ইণ্ডিয়া ফ্যান) কারখানা দীর্ঘকাল ধরে বন্ধ হয়ে থাকায় প্রায় আড়াই হাজার শ্রমিক কর্মচ্যুত হয়ে চরম দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন;

(খ) অবগত থাকিলে এই কারখানাটি পুনরায় চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন; এবং

(গ) এই কারখানার শ্রমিকদের জমা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ফেরৎ দেওয়ার ব্যবস্থা সরকার করেছেন কি?

**শ্রীগোপাল দাস নাগ:** (ক) ১৯৬৮ সালে কোর্টের আদেশ বলে এই কোম্পানী গুটান হয়। নিযুক্ত লিকুইডেটর কোম্পানী সম্পত্তি বিক্রয় করিয়া পাওনাদারদের দেনা মিটাইবেন।

(খ, কারখানাটি দায়মুক্ত অবস্থায় নিযুক্ত লিকুইডেটর হইতে খরিদ করিয়া অন্য কোন প্রতিষ্ঠান পুনরায় চালু করিতে পারেন কিনা সরকার এই সম্বন্ধে অনুসন্ধান চালাইতেছেন।

(গ) যে সমস্ত শ্রমিক প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা তুলে নেবার জন্য দরখাস্ত করেছিল তার আংশিক টাকা পেয়েছে। পুরাতন পরিচালকরা সমস্ত টাকা জমা না দেওয়ার জন্য সমস্ত টাকা দেওয়া সম্ভব হয়নি। বর্তমানে কেন্দ্রীয় সরকার ১০·৪০ লক্ষ টাকা দিতে স্বীকৃত হয়েছেন। এই টাকা পেলে রিজিওন্যাল প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনার বাকী টাকা দেওয়ার ব্যবস্থা করবেন।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পশ্চিমবঙ্গ সরকার নিজের উদ্যোগে এই কারখানাটি চালাবার কথা কি ভাবছেন?

**ডঃ গোপাল দাস নাগ:** মাননীয় সদস্য বোধ হয় মনে করতে পারছেন না এর আগের দিন প্রশ্নোত্তরের সময় বলেছিলাম যে পশ্চিমবঙ্গ সরকারের হাতে আজ পর্যন্ত আইনগত এমন কোন অধিকার আসেনি যার দ্বারা কোন কারখানার সরাসরি দায়িত্বভার বা কর্তৃত্ব গ্রহণ করতে পারেন। পশ্চিমবঙ্গ সরকার কারখানাটি চালাবেন কিনা সে বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী:** এই কারখানাটি চালু করা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিম বঙ্গ সরকার কি কোন পরিকল্পনা দিয়েছেন?

**ডঃ গোপাল দাস নাগ:** পরিকল্পনা অনেকগুলি দেওয়া হয়েছে।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী:** এই যে বললেন প্রভিডেণ্ট ফাণ্ডের বকেয়া টাকা কেন্দ্রীয় সরকার স্যাংকসান করেছেন, কবে নাগাদ এই টাকা শ্রমিকদের দেওয়া হবে?

**ডঃ গোপালদাস নাগ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলেছি যে মুহূর্তে কেন্দ্রীয় সরকারের কাছে থেকে রিজিওন্যাল প্রভিডেণ্ট ফাণ্ড কমিশনার পাবেন সংগে সংগে তাদের টাকা বিতরণ আরম্ভ করব।

**শ্রীনিতাইপদ সরকার:** যে মালিক প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ফাঁকি দিয়ে গেল তার বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করছেন কিনা?

**ডঃ গোপাল দাস নাগ :** মাননীয় সদস্য বোধ হয় জানেন না ১৯৬০ সালে এই কোম্পানীটি তদানীন্তন পশ্চিমবঙ্গ সরকারের সুপারিশ অনুযায়ী ভারত সরকার গ্রহণ করেন। ১৯৬৮ সাল পর্যন্ত এটা ভারত সরকারের কর্তৃত্বাধীনে ছিল। সেই সময় ষ্টেট ব্যাঙ্কের পাওনা অনেক বেশী হওয়াতে নালিশ করে। ভারত সরকার সেই মামলা লড়েননি, কোম্পানীটি ওয়াইণ্ড আপ করে দেওয়ার অর্ডার দেন ১৯৬৮ সালের ডিসেম্বর মাসে। তারপর অফিসিয়াল লিকুইডেটর নিয়োগ করা হয়েছে। এখন যা বকেয়া আছে সেটা সব দেওয়ার দায়িত্ব ভারত সরকারের।

**শ্রীকুমার দীপ্তি সেন গুপ্ত :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সরাসরি পশ্চিমবঙ্গ সরকার কারখানা হাতে নিয়ে চালু করতে পারেন এমন আইন আমাদের দেশে নেই। এই রকম ধরণের কোন আইন করার কথা পশ্চিমবঙ্গ সরকার চিন্তা করছেন কি?

**ডঃ গোপাল দাস নাগ :** দেশে যা প্রচলিত আইন আছে ইনডাষ্ট্রিয়াল ডেভেল্পমেণ্ট এণ্ড রেগুলেশান এ্যাক্ট সেই আইনে পরিষ্কার বলে দেওয়া হয়েছে একমাত্র কেন্দ্রীয় সরকার ছাড়া কোন প্রাদেশিক সরকারের হাতে এই ধরণের ক্ষমতা দেওয়া যাবে না।

**শ্রীকুমার দীপ্তি সেন গুপ্ত :** মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে কেন্দ্রীয় সরকার ছাড়া আমরা এই বিষয়ে অপারগ। মাননীয় মন্ত্রিমহাশয় কি এই ব্যাপারে তাঁর রেকমেণ্টডেসান কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে রাজী আছেন?

**ডঃ গোপাল দাস নাগ :** আজ পর্যন্ত যত কারখানা খুলেছে আমাদের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার খুলেছেন। আমরা যেটা অনুভব করি তাঁরা সেটা অনুসন্ধান করে দেখেন এবং যথাযথ মনে করলে তাঁরা আমাদের সাহায্য করেন এবং তাঁরা সরাসরি ব্যবস্থার মাধ্যমে খুলে দেন।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আই, আর, সি,-র কাছ থেকে সরকারের কাছে কোন সুপারিশ করা হয়েছে কিনা এই কারখানা খোলার জন্য?

**ডঃ গোপালনাগ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২নং প্রশ্নের উত্তরে বলেছি যে এই করখানা লিকু ইডেটরের কাছ থেকে অন্য যে কোন কোম্পানী যদি খরিদ করে নেন তাহলে সাহায্য করতে পারেন। নতুন কোম্পানী কর্তৃক লিকুইডেটর-এর কাছ থেকে খরিদ করে নিয়ে কারখানা চালু করবার জন্য ষ্টেট ব্যাঙ্ক, ইউনাইটেড ব্যাংক সকলকে পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে প্রস্তাব দেওয়া হয়েছে কিন্তু উত্তর আজ পর্যন্ত কিছু পাওয়া যায়নি।

## রাষ্ট্রীয় পরিচালনাধীন প্রতিষ্ঠান

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯।) **শ্রীনিতাইপদ সরকার :** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিমবঙ্গে বর্তমান রাষ্ট্র পরিচালনাধীন প্রতিষ্ঠানের সংখ্যা কত;

(২) ইহা কি সত্য যে উক্ত সংস্থাগুলির অধিকাংশ ক্ষেত্রেই লোকসান হইতেছে,

(৩) সত্য হইলে, উহার প্রধান কারণ কি কি; এবং

(৪) কোন্ কোন্ সংস্থায় লোকসানের পরিমাণ কত?

[ 1-20—1-30 p.m. ]

**Dr- Zainal Abedin :** This question was originally asked in the Finanoe Department. Subsequently, it has been referred to my Department. So, I beg to answer that much is related to my Department.

(১) সরকারী সংস্থা বিভাগের অধীনে আপাততঃ ১০টি (দশটি) সংস্থা।

(২) হ্যাঁ।

(৩) লোকসানের বিভিন্ন কারণ আছে, তন্মধ্যে নিম্নলিখিত কারণগুলি প্রধান :—

(ক) যন্ত্রাদির উৎকর্ষতার অভাব।
(খ) যন্ত্রাদির আমদানীর অসুবিধা।
(গ) শ্রমিক অশান্তি।
(ঘ) কোন কোন ক্ষেত্রে কাঁচামালের অভাব।
(ঙ) কোন কোন ক্ষেত্রে উৎপন্ন দ্রব্যের উপযুক্ত বাজারের অভাব।
(চ) কোন কোন ক্ষেত্রে যোগ্য লোকের প্রতিষ্ঠান ত্যাগ।
(ছ) পরিচালনার ত্রুটি-বিচ্যুতি।
(জ) রাজ্যে রাজনৈতিক অনিশ্চয়তা।
(ঝ) ওয়াকিং ক্যাপিটেলের অভাব।
(ঞ) পরিকল্পনার ত্রুটি-বিচ্যুতি এবং লক্ষ্যের পরিবর্তন।

| (৪) সংস্থার নাম | লোকসানের পরিমাণ |
|---|---|
| ১। দুর্গাপুর প্রজেক্টস লিঃ | ১২,৪০,১১,০০০ টাকা ( সর্বসাকুল্যে ১৯৭০-৭১ পর্যন্ত ) |
| ২। দুর্গাপুর কেমিক্যাল লিঃ | ২,২৫,২৬,১৮৪ টাকা ( সর্বসাকুল্যে ১৯৭০-৭১ পর্যন্ত) |
| ৩। কল্যানী স্পিনিং মিলস লিঃ | ২,৪২,৮৬,৩৯৫ টাকা ( সর্বসাকুল্যে ১৯৭০-৭১ পর্যন্ত ) |
| ৪। ওয়েষ্ট বেঙ্গল স্মল ইণ্ডাষ্ট্রীজ কর্পোরেশন | ১৪,৩২,০০০ টাকা ( সর্বসাকুল্যে ১৯৭০-৭১ পর্যন্ত ) |
| ৫। দি ইলেক্‌ট্রো মেডিক্যাল এ্যাণ্ড এ্যালায়েড ইণ্ডাষ্ট্রিজ | ৩,০৬,১৩ টাকা? ( সর্বসাকুল্যে ১৯৭০-৭১ পর্যন্ত ) |
| ৬। ওয়েটিং হাউস ল্যাক্‌সারি-ফারমার লিমিটেড | ৭০,৬৫,২৬৩ টাকা ( সর্বসাকুল্যে ১৯৭০-৭১ পর্যন্ত ) |

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রিমহাশয় লোকসানের একটা ফিরিস্তি উল্লেখ করেছেন ও পরিমানের কথাও বলেছেন। তা থেকে মনে হয় যে বিরাট লোকসান হচ্ছে। আমার প্রশ্ন হল এই যে সরকারী পরিচালনাধীন সংস্থা এর লোকসান কমানোর জন্য সরকার কি কি পরিকল্পনার কথা চিন্তা করছেন?

**ডাঃ জয়নাল আবেদিন :** It is evident that these undertakings have been brought under the supervision one depatments. একটা আলাদা সেকরেটারিয়েট, ডায়রেকটোরেট এর অধীনে ক্লোস সুপারভিসান করে যে যে লোকসানের বিষয় জানতে পেরেছি তা দূর করবার চেষ্টা করছি। দক্ষ, যোগ্য সবরকম পাচ্চালনায় লোকসান দূর করবার চেষ্টা করছি।

**শ্রীনিতাইপদ সরকার :** কোন কমিসান নিয়েগের কথা চিন্তা করছেন কি?

**ডাঃ জয়নাল আবেদিন :** না করছি না,

**শ্রীনিতাইপদ সরকার :** আমরা মনে করি যে সমস্ত সংস্থায় বড় বড় আমলা রয়েছে তাদের জন্যই বিরাট লোকসান হচ্ছে।

**Mr. Speaker :** That is a mather of opinion.

**শ্রীনিতাইপদ সরকার :** দুর্গাপুরষ্টীল ও দুর্গপুর এলায় ষ্টিলে লোকসান হচ্ছে সেজন্য কতকগুলি ষ্টেপ নিয়েছেন। সেখানে জয়েণ্ট বডিস তৈরী করবার কথা বলেছেন, আমার কথা হচ্ছে যে এই জয়েণ্ট বডিস তৈরী করবার কোন পরিকল্পনা নিয়েছেন কি?

**ডাঃ জয়নাল আবেদিন :** সবটাই বিবেচনাধীন।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার :** দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট সরকারী পরিচালনাধীন। এই দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্টে যে ঘাটতি তারজন্য সরকারী কতৃপক্ষই দায়ী এই কথা অস্বীকার করতে পারেন না। এই ত্রুটি বিচ্যুতি দূর করবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন সেটা জানাবেন কি?

**ডাঃ জয়নাল আবেদিন :** আমি আগে বলেছি I have told you.

**Mr. Speaker :** Thig has alnesdy been answered.

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত :** রাষ্ট্র পরিচালনাধীনে কি হেতু লোকসান হচ্ছে তার একটা বিরাট ফিরিস্তি মন্ত্রিমহাশয় দিয়েছেন, এর মধ্যে দুর্নীতির কোন উল্লেখ নেই। তাহলে কি ধরতে পারি যে রাষ্ট্র পরিচালনাধীন প্রতিষ্ঠানে কোন দুর্নীতি নেই?

**ডাঃ জয়নাল আবেদিন :** তারজন্য লোকসান দায়ী আমি এ কথা বলিনি, থাকতেও পারে, I have not denied it.

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় পূর্বের প্রশ্নের উত্তরে বলেছেন সব কিছু বিবেচনা করা হচ্ছে। তার সূত্রেই আমি জিজ্ঞাসা করতে চাই এই সব সাধারণ বিবেচনার স্তর থেকে তুলে দুর্গাপুর ষ্টিল নিয়ে কেন্দ্রীয় সরকার একটা সু নিদিষ্ট ব্যবস্থা নিয়েছেন শ্রমিকদের প্রতিনিধি ইত্যাদি নিয়ে কমিটি করার, কাজেই এটা এমত নেবুলাস বিবেচনার স্তরে না রেখে দ্রুত সমাধানের কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীজয়নাল আবেদিন :** আমি যে মূল প্রধান কারণগুলি বলেছি তা যদি দূর করতে পারি তাহলে কমিটির কথা আসছে না। এই কমিটি নেই বলে যে লোকসান হচ্ছে তা বলিনি। আমি যে প্রধান কারণগুলি বলেছি তা যদি দুর করতে পারি তাহলে লোকসান দুর হবে।

**শ্রীমতিগীতা মুখার্জী :** আপনি বিভিন্ন কারণের মধ্যে এই কমিটি করার যেজনে যে কারণ যা উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা হিসাবে ইতিমধ্যে দুর্গাপুর Steel-এ গ্রহণ করা হয়েছে সেটা বিবেচনার মধ্যে রাখছেন কি?

**শ্রীজয়নাল আবেদিন :** সে প্রশ্ন আসে না।

## রবি ফসলের জন্য ক্যানেল হইতে জল সরবরাহ

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর উপত্যকা করর্পোরেশন এলাকায় রবি ফসলের জন্য দুর্গাপুর মেন ক্যানেল হতে বর্ধমান জেলায় জল সরবরাহ করা হয় কি ;

(খ) উত্তর হ্যাঁ হইলে গত তিন বৎসরে (১৯৬৯—১৯৭২) কি পরিমাণ জমিতে (ইন একারেজ) রবি ফসলের জন্য জল সরবরাহ করা হইয়াছে ; এবং

(গ) প্রতি বৎসরে সরবরাহের সময়কাল এবং ১৯৭২ সালে কোন তারিখ পর্যন্ত সরবরাহ করা হইবে ?

**শ্রীশান্তি চাটার্জিঃ**

সেচ ও বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি কর্তৃক—

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৯-৭০ সালে ৩৫,১৪৯ একর জমিতে,
১৯৭০-৭১ সালে ৫৭,০৮৩ ,, ,,
১৯৭১-৭২ সালে ৯০,০০০ ,, ,, (প্রায়)।

(গ) ১৯৬৯-৭০ সালের ১লা নভেম্বর হইতে ১৮ই এপ্রিল পর্যন্ত এবং ১৯৭০-৭১ সালের ১লা নভেম্বর হইতে ১৫ই এপ্রিল পর্য্যন্ত জল সরবরাহ করা হইয়াছিল। ১৯৭১-৭২ সালের ১লা ডিসেম্বর হইতে এখনও পর্য্যন্ত জল সরবরাহ করা হইতেছে। নির্দিষ্ট সময়ের অতিরিক্ত, কোন সময় পর্য্যন্ত জল সরবরাহ করা যাইবে এই প্রশ্নটি এখনও সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

**শ্রীসরোজ রায়ঃ** ১৯৬৯ সাল থেকে ১৯৭২ সাল পর্য্যন্ত কত একরে জল দেওয়া হয়েছে তার হিসাব দিলেন। কিন্তু আপনি কি জানেন যে সমস্ত জায়গা থেকে জল দেবার জন্য tax আদায় হচ্ছে অথচ সেখানে জল reach করে না ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এরকম উপযুক্ত অভিযোগ এলে নিশ্চয় তার তদন্ত করব—তবে এরকম অভিযোগ আসে নি।

**শ্রীপুরঞ্জয় পরামাণিকঃ** যে সমস্ত অঞ্চলে canal-এর জল পায় না সেখানে canal কর মকুবের কথা চিন্তা করছেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এ প্রশ্ন ওঠে না।

## মুর্শিদাবাদ জেলায় বেকার সংখ্যা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১।) **শ্রীমহঃ দেদার বক্স :** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৯এ ফেব্রুয়ারী, ১৯৭২ তারিখে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন কর্মসংস্থানের কেন্দ্রে নথিভুক্ত বেকারের সংখ্যা কত ; এবং

(খ) ১৯৭১-৭২ সালে ( ২৯এ ফেব্রুয়ারী, ১৯৭২ পর্যন্ত ) উক্ত কর্মসংস্থান কেন্দ্রগুলি মারফত কতজন বেকার যুবকের কর্মসংস্থান হয়েছে ?

**ডাঃ গোপাল দাস নাগ :**

(ক) জেলা কর্মসংস্থান কেন্দ্র, বহরমপুর ··· ১৮,৪৮৪ জন
প্রকল্প কর্মসংস্থান কেন্দ্র, ফারাক্কা ··· ৩,১২৭ জন

মোট ২১,৬১১ জন

(খ) জেলা কর্মসংস্থান কেন্দ্র, বহরমপুর ··· ৪০১ জন
প্রকল্প কর্মসংস্থান কেন্দ্র, ফারাক্কা ··· ১৯ জন

মোট— ৪২০ জন

**শ্রীদেদার বক্স :** যা নথিভুক্ত হয়েছে তার মধ্যে ৪০১ জনের কর্মসংস্থান হয়েছে। কিন্তু বাকী বেকারদের কর্মসংস্থান দেবার কথা কি অদূর ভবিষ্যতে চিন্তা করছেন এবং চিন্তা করলে তার পরিকল্পনা কি ?

[ 1-30—1-40 p.m. ]

**ডাঃ গোপাল দাস নাগ :** শুধু আমি নয়, সারা পশ্চিমবাংলা সরকার এই বিষয়ে বিশেষ-ভাবে চিন্তা করছেন। আগের দিন একটা প্রশ্নের উত্তরে আমি বলেছিলাম এটা একটা ভবিষ্যতের পলিসি ম্যাটার। এই সম্পর্কে সরকারের সিদ্ধান্ত এখনও হয় নি। আমরা নানাভাবে চিন্তা করে দেখছি কিভাবে অতি দ্রুত নূতন যুবকদের চাকুরির সুযোগ সৃষ্টি করা যায়।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** এই চিন্তার সময় তাঁরা শুধু শহরের ছেলেদের কথা চিন্তা না করে গ্রামবাংলার প্রতিটি কনষ্টিটিউয়েন্সী ওয়াইস অর্থাৎ যাতে প্রত্যেকটি কনষ্টিটিউয়েন্সী থেকে যাতে কিছু কিছু লোকের চাকরী হয় এই সম্পর্কে চিন্তা করছেন কি ?

**মিঃ স্পীকার :** এটা শুধু মুর্শিদাবাদ সম্পর্কে প্রশ্ন, সারা পশ্চিমবাংলার নয়। কাজেই ও প্রশ্ন এখানে আসে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** যে তালিকা দিয়েছেন বেকারদের তাদের কর্মসংস্থানের ব্যাপারে কোন চিন্তা করছেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মুর্শিদাবাদ জেলায় যেটা ভারত সরকারের সংস্থা ছিল তার পরিবর্ত কিছু হবে কি না সেটা জানা যায় নি। অনেক রকম কথা ভাবা হচ্ছে আমরা ভারত সরকারকে কিছু কিছু সুপারিশ করেছি।

**শ্রীআবদুলবারি বিশ্বাস :** ফারাক্কায় যে শিল্পস্থাপনের সুযোগ আছে সেই সুযোগ নিয়ে সেখানে শিল্প প্রকল্প করলে সেখানে মুর্শিদাবাদ জেলার এবং সারা বাংলাদেশের বেকারদের কর্মসংস্থানের সুযোগ হবে। এই ব্যাপারে ফারাক্কাকে কিছু গুরুত্ব দেওয়ার কথা চিন্তা করছেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মাননীয় সদস্য যেকথা বললেন সেটা মনে রেখে আমরা বিভিন্ন সুপারিশ ভারতসরকারের কাছে করেছি। ফারাক্কায় যেসমস্ত বন্দোবস্ত এখনও পর্য্যন্ত আছে

সেগুলো কিভাবে সদ্ব্যবহার করা যায় এবং আরও ওখানে শিল্পস্থাপন করা যায় কি না এইসব চিন্তা করা হচ্ছে। যার ফলে ভবিষ্যতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

**শ্রীতুহিন কুমার সামন্ত ঃ** মুর্শিদাবাদ জেলার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে অনেক যুবক যারা ইণ্টারভিউ পেয়েছেন তারা চাকরি পায় নি। বাইরের লোকদের নেওয়া হয়েছে। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে যাদের নাম পাঠাবে তাদের নেওয়া বাধ্যতামূলক করার কথা চিন্তা করছেন কি?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** যে আইন আছে তাতে হচ্ছে ভ্যাকেন্সী এ্যারাইস করলে নোটিফিকেশান দিতে হবে কম্পালসারিলি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে কিন্তু Submission from Employment Exchange may be accepted, or may not be accepted. যে লিষ্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে পাঠাবেন তাকে নেওয়া না নেওয়া সম্পূর্ণ নিয়োগকর্তার ইচ্ছার উপর এবং এই ব্যাপারে সরকারী এবং বে-সরকারী দৃষ্টিভঙ্গী প্রায় একই। কোন কোন সময় সরকারী দপ্তরে চেষ্টা করা হয় যে যাতে যাদের নাম এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে পাঠায় তাদের মধ্যে থেকে নিতে।

## ঘাটাল মাষ্টার প্ল্যান

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০।) **শ্রীসুধীরচন্দ্র বেরা :** সেচ এবং বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মাষ্টার প্ল্যান এখন কি পর্যায়ে আছে;

(খ) সরকার কি অবগত আছেন যে ঘাটাল মহকুমার বিস্তীর্ণ অঞ্চলের অধিবাসীদের প্রায় প্রতি বৎসরের বন্যায় অবর্ণনীয় দুর্দশা ভোগ করিতে হয়;

(গ) অবগত থাকিলে ঐ এলাকায় লোকেদের সুবিধার জন্য মাষ্টার প্ল্যানের কাজ এখনো কার্যকরী না হওয়ার কারণ কি;

(ঘ) ঘাটাল মাষ্টার প্ল্যানের কাজ কবে নাগাদ আরম্ভ হবে?

**শ্রীশান্তি চাটার্জি ঃ**

(ক) ঘাটাল মাষ্টার প্ল্যানটির পরীক্ষা-নিরীক্ষা শেষ করিতে সময় লাগিবে.

(খ) ঘাটাল মহকুমার নদীপথগুলি স্বল্পপরিসর হওয়ার ফলে প্রয়োজনাতিরিক্ত বৃষ্টি হইলে এই সকল নদীগুলিতে জলস্ফীতি ঘটে এবং এই জলনিকাশের সুষ্ঠু ব্যবস্থা না থাকার জন্য প্রায় প্রতি বৎসর বন্যা হইয়া থাকে,

(গ) মাষ্টার প্ল্যানটি তৈরী করিয়া কাজ আরম্ভ করিতে সময় লাগিবে। ইতিমধ্যে যাহাতে কিছু সুরাহা হয় তাহার জন্য নিম্নলিখিত দুইটি খালের কাজ শুরু করা হইয়াছে। (১) চন্দেনেশ্বর খাল, (২) কলমীজোড় খাল। এই খালগুলির সংস্কার সম্পূর্ণ হইলে প্রায় ৪০ বর্গমাইল এলাকা উপকৃত হইবে।

(ঘ) পূর্ণাঙ্গ মাষ্টার প্ল্যানটি প্রস্তুত করিতে কিছু সময় লাগিবে। তারপর প্রয়োজনীয় অর্থবরাদ্দের ব্যবস্থা হইলেই কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীহরিসাধন দলুই :** শিলাবতী নদী বা কেটে খালের বন্যা প্রতিরোধের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** নোটিশ চাই।

## পুরুলিয়া জেলার লাক্ষা শিল্প

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ছলদা এবং বলরামপুরে বন্ধ লাক্ষা কারখানাগুলি খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) লাক্ষা শিল্প আধুনিকীকরণ ও জাতীয়করণের দ্বারা অনুন্নত পুরুলিয়া জেলার কয়েক হাজার শ্রমিক ও তাঁদের পরিবার পরিজনদের বাঁচাবার জন্য সরকার কি কোন ব্যবস্থা অবলম্বন করবার পরিকল্পনা করছেন ?

**ডঃ গোপাল দাস নাগ :**

বিষয়টি 'কুটির শিল্প দপ্তরের' এরিয়ার ভূক্ত।

(ক) এবং (খ) এইসব কারখানার দায়িত্ব সরাসরি গ্রহনের কোন পরিকল্পনা নাই। ছড়ি লাক্ষার উৎপাদন ও বাজার দরের উপর এইসব কারখানার কাজের তেজী মন্দি হয়। তবে আর্থিক অসুবিধার দরুণ কোন কারখানার কাজ বন্ধ হইলে ব্যাংক ঋণের জন্য জেলা শিল্প আধিকারিকের সাহায্য নিতে বলা হইয়াছে। এই শিল্প জাতীয়করনেরও কোন পরিকল্পনা নাই। কিন্তু আধুনিকীকরনের জন্য প্রয়োজনীয় সাহায্যের দানের ব্যবস্থা জেলা শিল্প আধিকারিক করিবেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন গত ১৯৭১ সালে ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে ঝালদা লাক্ষা শ্রমিকদের কাজে নেবার জন্য যে ব্যবস্থা তিনি গ্রহণ করেছিলেন সেটা এখনও মানা হচ্ছে কিনা ?

**ডঃ গোপাল দাস নাগ :** ১৯৭১ সালে ত্রিপাক্ষিক চুক্তি কিছু আমি করিনি, ঐ শিল্পে যখন ভয়ানক অব্যবস্থা ও বিশৃঙ্খলা চলছিল আমি গিয়ে পুরুলিয়ার একটা আণ্ডারষ্টাণ্ডিং করে দিয়েছিলাম, ঐ আণ্ডারষ্টাণ্ডিং এর পর ত্রিপাক্ষিক চুক্তি করার কথা ছিল। এই সমস্ত শিল্পের ব্যাপারে একটা অনুসন্ধান করে দেখব সরকারের কি ব্যবস্থা করা উচিত শিল্পকে পুনরুদ্ধার এবং পুর্ণপ্রতিষ্ঠা করবার জন্য ভারত সরকারের সঙ্গে আলোচনা করে কিন্তু সময়াভাবে কাজগুলি অসম্পূর্ণ থেকে গেছে, আমরা সেই কাজ সম্পূর্ণ করতে পারিনি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আই, আর, সি, আই, টাকা নিয়োগ করছে কিন্তু সবচেয়ে অনগ্রসর পুরুলিয়া লাক্ষা শিল্পে আই, আর, সি মাথা ঘামাচ্ছেন না কেন ?

**ডঃ গোপল দাস নাগ :** এটা একটা কুটির শিল্প। আই, আর, সিকে এখনও পর্যন্ত যে দায়িত্ব দেয়া আছে সে হচ্ছে আরো বৃহত্তর অর্গানাইজড ইনডাস্ট্রি সেগুলিকে পুনরুদ্ধার করবার জন্য। সেই কাজ করার পর যদি সুযোগ এবং আইনের ব্যবস্থা হয় তাহলে ভবিষ্যতে এই শিল্পকে বাঁচানোর

জন্য তারা এগিয়ে আসবে। এই শিল্পগুলির সংগে একটা মস্তবড় প্রশ্ন জড়িত আছে। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে এই শিল্পগুলি সম্পূর্ণ একস্পোর্টস অরিয়েন্টেড এবং আমরা দেখতে পাচ্ছি ধীরে ধীরে এক্সপোর্টের পরিমাণ আমাদের দেশে আগে যা ছিল তার অনেক কমে গেছে। আমরা দেখছি ১৯৬২-৬৩ সালে এক্সপোর্ট হয়েছিল ৩ হাজার টন সিলাক, আর ১৯৭০-৭১ সালে ১৩ শো টন। দ্বিতীয় কথা হচ্ছে শতকরা ৯০ ভাগ যে এক্সপোর্ট হয় তার মাত্র ১০।১১ পার্সেন্ট মাল পশ্চিমবঙ্গের শিল্প থেকে তৈরী করতে পারে আর ৫০ ভাগ তৈরী হয় বিহার থেকে, ২০ ভাগ তৈরী হয় মধ্যপ্রদেশ থেকে এবং এখানেও আর একটা বিভিষিকার মত অসুবিধা দেখা দিয়েছে যে পশ্চিমবাংলায় সমস্ত শিল্পে যেখানে মিনিমাম ওয়েজ ধার্য করেছে সেখানে অন্যান্য জায়গায় বিহারে যে মিনিমাম ওয়েজ এক টাকা দেড় টাকা তার চেয়ে বেশী এখানে। এছাড়া নানারকম অসুবিধা আছে এর সমাধান করতে গেলে ছোট্ট শিল্প এবং পুনরুদ্ধার সংস্কার পক্ষে সম্ভব নয়। এখানে কোন ফাইনানসিয়াল ব্যাপার বা মেকানাই-জেসনের প্রশ্ন নয়, ইনটারন্যাশনাল প্রশ্ন আছে। আর আর অন্যান্য যে সমস্ত দেশ সিলাক তৈরী করে তাদের সংগে কমপিটিসনের প্রশ্ন আসে। এইসব বিবেচনা করবার জন্য আমরা ষ্টাডি করছি এবং এই ষ্টাডি করে আমরা ভারত সরকারের কাছে এই সমস্ত জিনিসটা দেব। কিন্তু এটা ধ্রুব সত্য যে ব্যবসাটা যে ক্রমশঃ ছোট হয়ে আসছে তার কিছু কিছু আন্তর্জাতিক কারণ আছে।

[ 1-40 - 1-50 p.m. ]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, দুর্বল লাক্ষা শিল্পের দুর্গতির অন্যতম কারণ এই ৬ পারসেন্ট সেল্‌স ট্যাক্স। বিহারে এই ট্যাক্স নেই, বিহারের কুটিরশিল্পগুলি চলছে। এই ট্যাক্স তুলে দেবার জন্য মন্ত্রিমহাশয় সংশ্লিষ্ট দপ্তরে সুপারিশ করবেন কি?

**ডাঃ গোপাল দাস নাগঃ** ৬ পারসেন্ট সেল্‌স ট্যাক্সই একমাত্র কারণ নয়। আমি যেটা বললাম যেখানে আমরা ৩৬ হাজার টন বছরে এক্সপোর্ট করতাম সেখানে আজকে সেটা নেমে এসে দাঁড়িয়েছে ১৩ হাজার টন। এটা নিশ্চয়ই সেল্‌স ট্যাক্সের জন্য নয়। মাননীয় সদস্য বোধ হয় জানেন না যে এই সেলাক সব চেয়ে বেশী ব্যবহার হতো গ্রামোফোন রেকর্ড তৈরীর জন্য। আজ-কাল গ্রামফোন রেকর্ড সেল্যাক দিয়ে তৈরী হয় না, তার সিনথেটিক মেটিরিয়াল বের হয়েছে। এই সিনথেটিক মেটিরিয়াল যা আজকে পৃথিবীতে চালু হয়েছে এটা রিপ্লেস করার জন্যে সেটা দামেও সস্তা এবং ব্যবহারে বেশী উপযোগী। সেইজন্য সেল্যাকের ব্যবহারের ক্ষেত্র সংকুচিত ক্রমশঃ হচ্ছে, এবং আরও একটা বড় কথা যে সেল্যাকের আগের যে একটা প্রসেস অর্থাৎ সিডল্যাক, সেই ষ্টেজে অধিকাংশ বিদেশী রাষ্ট্র খরিদ করতে উৎসাহী। কারণ তাতে দাম সস্তা পড়ে এবং তারপরে যে আধুনিক ব্যবস্থা আছে সিডল্যাক থেকে সেল্যাক এক্সট্রাকশন অর্থাৎ সলভেন্ট প্রসেস সেটা তারা আরো ভালভাবে প্রয়োগ করতে পারে। এই কাজ করলে সুবিধা হয়। এই সেল্যাক ফর্ম-এ বিক্রি করবার সুযোগটা কমে গিয়ে সিডল্যাক ফর্ম-এ বিক্রি করবার ফলে কিছু আমাদের শ্রমিকদের ক্ষতি হচ্ছে এবং আমাদের যেটা জাতীয় আয় বলুন বা ব্যবসার আয় বলুন সেটা আরও সংকুচিত হয়ে পড়েছে। শুধু ৬ পারসেন্ট সেল্‌স ট্যাক্স তুলে দিলেই এই শিল্প বাঁচবে না এটা মাননীয় সদস্য মহাশয়ের বোঝা উচিত।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পুরুলিয়া জেলায় এই লাক্ষা শিল্পে কত হাজার শ্রমিক আগে কাজ করতো এবং এখন কত শ্রমিক কাজ করছে?

**ডাঃ গোপাল দাস নাগ:** এই তথ্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে নেই, তবে আমি ১৯৭১ সালে যা দেখেছি তাতে সর্বসমেত ৬/৭ হাজার মানুষ এই ব্যবসার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত। এছাড়া কিছু লোক আছে যারা ঐ কৃষিজীবি হিসাবে এই ষ্টিকল্যাক সংগ্রহ করে তাদের সংখ্যা আমার জানা নেই।

**শ্রীশরৎ চন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, এই সিডল্যাক তৈরীর কাজে টু থার্ড লেবার আছে এবং ওয়ান-থার্ড লেবার সেল্যাক তৈরী করে?

**ডাঃ গোপাল দাস নাগ:** এটা হওয়াই স্বাভাবিক। কারণ যত সিডল্যাক আমরা তৈরী করি, সমস্তটাই আমরা সেল্যাক করি না। অনেকখানি অংশ সিডল্যাক ফর্মএ এক্সপোর্ট করে দিই এটা আমি আগেই বলেছি।

**শ্রীশরৎ চন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি, বলরামপুর এবং ঝালদায় সেলাকে তৈরী করবার জন্য দু'টি অটোমেশন লাইসেন্স দেওয়া হয়েছে। যার ফলে যারা হাতে কাজ করে তাদের কমপিটিশনে অসুবিধা হচ্ছে এবং এই জন্য কয়েকটি কারখানা বন্ধ আছে?

**ডাঃ গোপাল দাস নাগ:** মাননীয় সদস্য মহাশয় ঠিকই বলেছেন। এই ঝালদা এবং বলরামপুরে একজন পাঞ্জাবী ব্যবসাদার, নাম জয়সোয়াল সিং যতটুকু আমার মনে পড়ছে, তিনি মেকানাইজেশন করেছেন। কেন মেকানাইজেশন করেছেন জানিনা এবং কি সূত্রে লাইসেন্স পেয়েছেন তাও জানিনা। কিন্তু মেকানাইজেশন করার ফলে, কটেজ ইনডাষ্ট্রিতে যদি মেকানাইজেশন হয় তাহলে তার কমপ্লিমেণ্ট কমতে বাধ্য, এটাই স্বাভাবিক। কারণ মেকানাইজেশন বা অটোমেশন যেভাবেই উনি বলতে চান তার ফলে কিছু শ্রমিক শ্রিংকেজ এমপ্লয়মেণ্টে নিশ্চয়ই হয়েছে।

**শ্রীশরৎ চন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা, এখানে টুথার্ড লেবার যারা সিডল্যাক তৈরি করে সেখানে দু'জনকে অটোমেশন লাইসেন্স দেওয়া হচ্ছে তা যদি না দেওয়া হয় তাহলে এই টু-থার্ড লেবার এখন কাজ পেতে পারে?

**ডাঃ গোপাল দাস নাগ:** মাননীয় সদস্য কি বললেন বুঝতে পারলাম না। যদি তিনি এই মিন করে থাকেন যে মেশিন যা বসান হয়েছে অর্থাৎ আ.নিকীকরণের যে ব্যবস্থা হয়েছে সেটা তুলে দিয়ে, এ্যাবলিশ করে দিয়ে সেই পুরাণো পদ্ধতি যদি আজকে নেওয়া হয় তাহলে নিয়োগের সংখ্যা বাড়বে কিনা। বাড়তে পারে।

### Electrification of the Villages in Serampore subdivision

*123. (Admitted question No. *205.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the villages on both sides of Delhi Road within Serampore subdivision are not electrified; and

(b) if so, whether there is any scheme to electrify these villages and the probable time by which the work is expected to be taking up.

**Mr. Speaker:** The question is held over.

**অব্যবহৃত জমি বিতরণ**

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩২।) **শ্রীঅশ্বিনী রায়:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সেচ বিভাগের অধীন অব্যবহৃত জমি চাষের জন্য কৃষকদের বন্দোবস্ত দেওয়া হয়;

(খ) সত্য হইলে বর্ধমান জেলার ডি, ভি, সি ক্যানেলের ও দামোদর বাঁধ সংরক্ষণের অব্যবহৃত জমি কোন্ কোন্ সালে এবং কত পরিমাণ বিতরণ করা হইয়াছে; এবং

(গ) বিতরণকারীর নাম, পদবী ও ঠিকানা?

**শ্রীসুনীতি চট্টরাজ:** (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) বিবরণী দীর্ঘ তাই লাইব্রেরী টেবিলে দেওয়া হয়েছে, যদি দয়া করে পড়ে নেন তাহলে এখানে আর পড়তে হয় না।

**Closure of Dhakeswari Cotton Mills**

*125. (Admitted question No. *199.) **Shri Sukumar Bandyopadhyay:** Will the Minister-in-charge of the closed and sick Industries Department be pleased to state—

(a) whether the Government has any plan to reopen Messrs. Dhakeswari Cotton Mills alias Suryanagar Cotton Mills, Asansol, which has remain closed for the last ten years; and

(b) if so, when and how?

**Dr. Gopal Das Nag:**

(a) Yes.

(b) With the equity share participation of Rs. 10 lakhs, already released by this State Government in March, 1970 and with the loan assistance of Rs. 49.61 lakhs to be obtained from the NIDC Ltd., it should be possible to reopen the mill. As, however, extensive renovetion and replacements will be necessary after completion of documentation currently under way for getting the NIDC loan, no time bound programme can immediately be set.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি ঢাকেশ্বরী কটন মিল খোলার ব্যাপারে আলাপ আলোচনা সুরু হয়েছে কিনা?

**ডঃ গোপাল দাস নাগ:** আলাপ-আলোচনা ১৯৬৯ সাল থেকেই সুরু হয়েছে, তার ফলে পশ্চিমবঙ্গ সরকার এন আই ডি সি-এর সর্ত অনুযায়ী ১০ লক্ষ টাকার শেয়ার খরিদ করতে, ১৫ লক্ষ টাকার গ্যারান্টর হতে রাজী হয়েছে, এন আই ডি সি ৪৯,৬১ লক্ষ টাকা রিকন্সট্রাকশনের জন্য দিতে রাজী হয়েছে এবং সেনট্রাল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া ওয়ার্কিং ক্যাপিটেল দিতে রাজী হয়েছে। সুতরাং আলাপ-আলোচনা শুধু সুরুই হয়নি, অনেকখানি এগিয়ে ফাইনাল ষ্টেজে এসে গিয়েছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** এই মিল ১০ বছর ধরে বন্ধ, তাই যন্ত্রপাতি কি অবস্থায় আছে শ্রমিক কত আছে, সরকার নিলে এটা লাভজনক হবে কিনা এগুলো কি দেখা হয়েছে?

**মিঃ স্পীকার:** একটা একটা করে প্রশ্ন করা নিয়ম, আপনি তো এক সঙ্গে তিনটি প্রশ্ন করলেন।

**ডঃ গোপাল দাস নাগ:** গত ৩১শে মার্চ কারখানা আমি নিজে দেখে এসেছি, আমি আগেই বলেছি যে যন্ত্রপাতি পুরানো যা ছিল সমস্ত প্রায় স্ক্রেপ, নূতন যন্ত্রপাতি বসাতে হবে এবং নূতন যন্ত্রপাতি বসিয়ে মিল চালু করতে হবে, পুরানো যন্ত্রপাতির সামান্য অংশই কাজে লাগবে। যেদিন কারখানা বন্ধ হল সেদিন কারখানায় কাজ করত ১১০০ লোক, ভাল অবস্থায় যখন চলত তখন সংখ্যা ছিল ১৫০০, নূতনভাবে নূতন পরিকল্পনা নিয়ে কারখানা সুষ্ঠু পরিচালন ব্যবস্থার মাধ্যমে যদি চালান যায় নিশ্চয়ই লাভবান হবে।

**শ্রীতৃপ্তিময় আইচ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ঢাকেশ্বরী কটন মিল ৯ বছর যাবৎ বন্ধ আছে, ফলে সেখানে শ্রমিকদের ন্যায্য পাওনা পি এফ ইত্যাদির টাকা পান নি?

**ডঃ গোপালদাস নাগ:** জানি।

**শ্রীতৃপ্তিময় আইচ:** এ ব্যাপারে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করছেন কি?

**ডঃ গোপালদাস নাগ:** সরকার যে ব্যবস্থায় গ্রহণ করেছে তাতে যে পরিকল্পনা করা হয়েছে তার মধ্যে এই সমস্ত শ্রমিকদের কাছে কোম্পানীর যে দেনা আছে তা ধরা হয়েছে।

**শ্রীতৃপ্তিময় আইচ:** মাননীয় মন্ত্রিমহাশয় ৩১শে মার্চ ঢাকেশ্বরী কটন মিলস্ পরিদর্শন করতে গিয়েছিলেন এবং তখন মালিক উপস্থিত ছিলেন। আমার প্রশ্ন হচ্ছে ওই ৩১শে মার্চের পর আজ ১২ই এপ্রিল এই ১১ দিনের মধ্যে ওই মিল খোলার জন্য কোন কথাবার্তা হয়েছে কিনা যাতে ৩১শে মের মধ্যে মিলটি খোলা যায়?

**ডঃ গোপাল দাস নাগ:** কথাবার্তা হয়েছে এবং আমরা চেষ্টা করছি বড় বড় টেক্সটাইল মিলগুলো ৩১শে মের মধ্যে খোলার জন্য। সম্ভব হবে কিনা জানি না, তবে টার্গেট ডেট হচ্ছে ৩১শে মে।

## Co-operative Spinning Mill of Serampore

*126 (Admitted question No. *206.) **Shri Girija Bhusan Mukherjee**: Will the Minister-in-charge of the Labour Deparment be pleased to state—

(a) Whether the Government of West Bengal has any scheme to run the Co-operative Spining Mill situated in the Village Simla in Serampore subdivision; and

(b) if so, when?

-50—2-00 p.m.]

**Dr. Gopal Das Nag**:

(a) Yes.

(b) The Co-operative Society which was entrusted with the operation of the Spinning Mill at Serampore could not procure necessary capital for completing the Mill. The Government or any other organisation would be in a position to

take over and run the Mill only when the Society formed for the purpose has been liquidated under the provisions of the Bengal Co-operative Societies Act. The Registrar of Co-operative Societies has already been moved to start liquidation proceedings against the said Society. Therefore, the proposed liquidation of the Society must precede commissioning of the Mill under any scheme of the Government.

**শ্রীগিরিজা ভুষণ মুখোপাধ্যায়:** এটা কে-অপারেটিভ ডিপার্টমেণ্ট থেকে লিকুইডিসনে আসার পর এটা কি বলা যায় যে, আপনারা এটা টেকআপ করছেন এবং চালাচ্ছেন?

**ডঃ গোপাল দাস নাগ:** এতে পশ্চিমবাংলায় ইনভেষ্টমেণ্ট ৪২ লক্ষ টাকা, অ্যাজ এগেনস্ট দ্যাট অন্যান্য সোসাইটি থেকে শেয়ার ক্যাপিটাল যা উঠেছিল তার ভ্যালু ছিল তখন ১ লক্ষ ৬৭ হাজার টাকা এবং তাঁদের অনেক টাকা নাকি রিপেমেণ্ট হয়েছে। ন্যাচারালি বুঝতে পারছেন আমাদের এখানে অনেক টাকা ইনভেষ্টমেণ্ট হয়েছে। সাড়ে তিন হাজার স্পিনডল আছে, পাওয়ার আছে, লোকজন আছে। আমরা অত্যন্ত আগ্রহী এই কারখানা ২৫ হাজার স্পিনডল-এ রূপান্তরিত করে চালাবার জন্য।

**শ্রীগিরীজাভুষণ মুখোপাধ্যায়:** কি রকম আনুমানিক সময় লাগবে বলতে পারেন কি?

**ডঃ গোপাল দাস নাগ:** আমি আগেই বলেছি এখানে আইনের গোলমাল আছে। ওই সোসাইটি যতক্ষণ পর্যন্ত না লিকুইডেটেড হচ্ছে ততক্ষণ পর্যন্ত এটা সরকারের হাতে আসছে না। সোসাইটি লিকুইডেটেড হলেই আমরা ব্যবস্থা অবলম্বন করব।

## ডি, ভি, সির ডিসি ক্যানেল

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬।) **শ্রীঅশ্বিনী রায়:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ডি, ভি, সির ডিসি ক্যানেলের এম সি ১ বিতরণী শাখা ক্যানেল জল সরবরাহের উপযোগী হইয়াছে কি;

(খ) উত্তর হ্যাঁ হইলে কবে নাগাদ জল সরবরাহ করা হইবে;

(গ) গলসী থানার গোহগ্রাম অঞ্চলের সোনদা মৌজা হইতে দাদপুর মৌজার জমিতে জল সরবরাহ কোন্ সময় হইতে শুরু হইবে বলিয়া আশা করা যায়; এবং

(ঘ) উক্ত শাখা হইতে মোট কত একর জমিতে সেচের জল সরবরাহ করা হইবে?

**শ্রীসুনীতি চট্টরাজ:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৯-৭০ সালের খরিফ মরশুম হইতে এই বর্ধিত ক্যানেল হইতে জল সরবরাহ করা হইতেছে।

(গ) প্রশ্ন উঠেনা। কারণ সোনদা মৌজায় ১৯৭০ সাল ও দাদপুর মৌজায় ১৯৭১ সাল খরিফ মরশুম হইতে এই ক্যানেল দ্বারা সেচের জল সরবরাহ করা হইতেছে।

(ঘ) পরিকল্পনা অনুযায়ী এই ক্যানেল দ্বারা ৭৮০০ একর জমিতে জল সরবরাহ করা হইবে। এতদ্ব্যতীত অতিরিক্ত কিছু জমিতেও জল সরবরাহ করার সম্ভাবনা আছে।

## ডানকুনির জলার সংস্কার

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭।) শ্রীগিরিজাভূষণ মুখার্জী: সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় শ্রীরামপুর মহকুমার অন্তর্গত ডানকুনি জলা নামে অভিহিত প্রায় একলক্ষ বিঘা জমি সংস্কার করিয়া এবং উক্ত জমি ঘিরিয়া 'ডানকুনির খাল, নামে যে খাল আছে তাহার উৎস মুখে লক গেট বসাইয়া তাহা চাষযোগ্য করিবার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা, এবং

(খ) থাকিলে, তাহা কতদিনে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীসুনিতী চট্টরাজ:**

(ক) ডানকুনি খালের হুগলী নদীর সহিত দুইটি সংযোগ স্থলে লকগেট বসাইবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই। তবে খাল সংস্কারের কাজ আরম্ভ হইয়াছে। বালি খাল অংশে কাজ শুরু হইয়াছে, এবং বৈদ্যবাটি খালের ও ডানকুনি খাল অংশেও সি, এম, ডি, এ-এর নির্দেশ ও অর্থানুকুল্য পাওয়া গেলে কাজ আরম্ভ হইবে। এই সংস্কারের কাজগুলি সম্পূর্ণ হইলেই প্রায় ৫০ হাজার বিঘা জমির জলনিকাশীর সুবিধা হইলে উহা চাষযোগ্য হইবে।

(খ) আনুমানিক দুই বৎসরে এই খাল সংস্কারের কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীগিরিজা ভূষণ মুখোপাধ্যায়:** আপনি খাল সস্কার করা আরম্ভ হয়ে গেছে এই কথা বললেন, আমি শুধু জানতে চাচ্ছি যে খাল সম্বন্ধে, যেখানে ভাগীরথীর কাছে খালের মুখটা গিয়ে পড়েছে, তার মুখে লকগেট বসানো বা সেটা সংস্কার করা, কারণ সমস্যাটা মাননীয় অধ্যক্ষ মহাশয় বোঝাবার চেষ্টা করুন যে সেই খালের মুখ প্রায় বুঁজে গেছে ব্রিজ ফিল্ড ওনার্স'রা পলি মাটি ফেলে বুঁজিয়ে ফেলেছে এবং বাড়ী করেছে এবং সেট্‌লমেটে পরাজয় হয়ে গেছে। সুতরাং আমি প্রশ্নটা রাখতে চাই খাল সংস্কার মানে মাঝখানে খানিকটা কেটে দেওয়া হ'ল, এটাই সব নয়, তার মুখটাকে খুঁড়তে হবে, তার কি ব্যবস্থা করছেন?

**শ্রীসুনীতি চট্টোরাজ:** এ সম্বন্ধে আমাদের টেকনিক্যাল এক্স্‌পার্ট এবং ইনজিনিয়ারদের সঙ্গে উপযুক্ত আলোচনা করে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবো।

**শ্রীগিরিজা ভূষণ মুখোপাধ্যায়:** আমরা টেকনিক্যাল এক্স্‌পার্টের সঙ্গে আলোচনা ব্যক্তিগতভাবে এবং সমষ্টিগতভাবে করেছি। প্রশ্নটা তা নয়. প্রশ্নটা হচ্ছে সেই খালের মুখে যে জমি সেই জমি দখল করে যারা বাড়ী করেছে, সেই দখলিকৃত জমি যদি ভেঙ্গে মুখ পরিষ্কার করা না যায় তাহলে খালের ভিতর খুঁড়ে কোন লাভ হবে না। সেটার জন্য আপনারা স্পেশাল পাওয়ার পেয়েছেন, সেই স্পেশাল পাওয়ার ইউটিলাইজ করে সেই খালের মুখটাকে ভেঙ্গে সংস্কার করবেন কি?

**শ্রীসুনীতি চট্টোরাজ:** মাননীয় সদস্যের উপযুক্ত সাজেসন, আমি আন্তরিকভাবে গ্রহণ করলাম এবং আমি উপযুক্তভাবে বিবেচনা করার চেষ্টা করবো।

**শ্রীমহঃ সফিউল্লা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ডানকুনি জেলার জন্য বিস্তৃত অঞ্চল প্রায় ১০।১৫টি গ্রাম প্লাবিত হচ্ছে, তার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করছেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এটা একটা আলাদা ইশু, এর জন্য একটা আলাদা নোটিশের প্রয়োজন।

**শ্রী মহঃ সফিউল্লা ঃ** এটা তো এ্যালায়েড প্রশ্ন, কারণ ডানকুনি হচ্ছে আমার এলাকা, সেই জন্য আমি প্রশ্নটা রাখছি।

**শ্রীসুনীতি চট্টরাজ :** তা'ঠিক, কিন্তু এটা একটা আলাদা ইশু।

**শ্রীমহঃ সফিউল্লা :** এটা কি করে আলাদা হলো তা বুঝতে পারছি না।

**মিঃ স্পীকার ঃ** আমি এটা বুঝিয়ে দিচ্ছি, কোশ্চেনটা ছিল হুগলি জেলায় শ্রীরামপুর মহকুমার অন্তর্গত ডানকুনির জলা নামে অভিহিত প্রায় এক লক্ষ বিঘা জমি সংস্কার করিয়া উক্ত জমি ঘিরিয়া ডানকুনির খাল নামে যে খাল আছে তাঁহার উৎস মুখে লক গেট বসাইয়া তাহা চাষযোগ্য করিবার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ? কিন্তু আপনি প্রশ্ন করছেন ঐ ডানকুনি জলার জন্য আশেপাশের অন্যান্য এলাকা ভেসে যায়, সেই সম্পর্কে কোনরকম চিন্তা মন্ত্রিমহাশয় করছেন কি না, এবং এটাই বোধ হয় আপনার প্রশ্ন ছিল, সেটা উনি বলছেন ডানকুনি জলার জন্য আশেপাশের অঞ্চল যা ভেসে যায়, সে সম্পর্কে নোটিশ না দিলে উনি বলতে পারছেন না।

## Philips India Ltd.

*129. (Short notice.) (Admitted question No. *247.) **Shri George Albert Wilson De-Roze :** Will the Ministrr-in-charge of the Commerce and Industries be pleased to state—

(a) if the Government is aware of the fact that Philips India Ltd., Calcutta, is facing closure ; and

(b) if so,what steps the Government is taking for the development of the factory ?

*130. (Short notice.) (Admitted question No, *318.) **Shri Somnath Lahiri** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that Philips India (Ltd) of Calcutta have been shifting parts of the work of their factory undertaking for the manufacture of a number of electrical apparatus, radio components, loud-speakers, etc., from Calcutta to other States !

(b) if the reply to (a) is in the affirmative will the Minister be pleased to state—

(i) whether this is being done with the knowledge and or consent of the West Bengal State Government,

(ii) whether this has led to a reduction of the strength of the staff in the Company's commercial offices at Calcutta,

(iii) whether there is any likelihood of total closure of the Company's factory and or undertaking in Calcutta in the near future ; and

(c) if the reply to (b) (iii) be in the affirmative what action has been taken or is proposed to be taken by the Government to prevent such closure and expansion diversification of the factory in this State in its stead to afford to fillip to the employment potential ?

**Mr. Speaker:** Starred Short Notice) Questions No. 129 & 130 are held over. সব এ্যানসার আসেনি কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় একটা ষ্টেটমেণ্ট করতে চাচ্ছেন ঐ সাবজেক্টের উপর ; যদিও এটা কোশ্চেনের এ্যানসার নয়, তবে ষ্টেটমেণ্ট করতে আমি অনুমতি দিচ্ছি।

**Shri Tarun Kanti Ghosh:** Sir, M/s. Philips (India) Ltd. are a company of all-India activities. They started their manufacturing and commercial operations in India on January 31, 1930, in Calcutta. In 1958, they opened up an office in Maharashtra and extended their activities in that State. The all-India trading activities of this company are now controlled by their two offices located at Calcutta and Maharashtra. They have by this operation at two metrapolis progressed tremendously. In Maharathtra factory they have now employed 4000 people and in their Calcutta factory the number of employees is 1500.

[2-00—2-10 p.m.]

It is very heartening to see the prosperity of this firm in Maharashtra in various directions. Although they tried their best to have expansion of their Calcutta factory by undertaking new lines of manufacture but they could not make much headway as difficulties stood in their way of getting industrial licences from the Government of India. As for instance, the Government of India are still holding their application for regularisation of the capacity of manufacture of Radio Receivers in their Calcutta factory which increase from 60000 sets to 3 lakh sets per annum by full utilisation of their capacity. Similar is the case with regard to their application for regularisation of production of lighting fittings in Calcutta at current level of 250000 sets per annum.

The Company's telecommunication factory at Calcutta is now producing low-power communication equipments against a Defence order which is to expire in September, 1972. They planned to take up manufacture of Mobile-phones immediately after completion of the Defence order for low-power communication equipment, but the licence necessary for this item has still not been cleared by the Government of India, on the ground that the item proposed to be manufactured by this Company in their Calcutta factory is reserved for manufacture in the Public Sector Undertakings.

Due to the difficulties in obtaining industrial licences of various counts and the growth of their activities in Maharashtra they found it perhaps convenient to start manufacturing a number of items in Maharashtra although they held licences for those items in their Calcutta factory. This has created an embarrassment for the State Government inasnmuch as that there is a feeling in West Bengal that probably M/s. Philips (India) Ltd. are gradually shifting their manufacturing capacity from West Bengal to Maharashtra. In a recent discussion with the Managing Director of Philips (India) Ltd., Calcutta, this fact was brought to his notice and he was requested to consider bringing back those capacities to Calcutta for which they held licences for their Calcutta factory.

The State Government also urged upon him to take the State Government into confidence in preparing their plans and programmes for expansion of the Calcutta factory so that the State Government would take up with the Government of India the question of issue of industrial licences as quickly as possible. The Managing Director assured the State Government that he would take up this matter with his Indian Board of Directors as well as the Board of Directors in Holland and come forward with concrete plans for discussion with the State Government.

**Damage of Agricaltural Lands in coal-field area**

*60. (Admitted question No. *197.) **Shri Sukumar Bandyopadhyay** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(1) whether the Government is aware of the fact that some mine-owners in Asansol-Raniganj coal-field areas are indulging in dangerous mining operations leading to destruction of the agricultural lands and the houses of the villagers;

(2) if so, what measures the Government have taken or proposed to take to stop such dangerous activities of mine-owners ; and

(3) what are the amounts of compensation that are paid to the affected villagers, peasants and land owners by the mine-owners concerned ?

**Shri Tarun Kanti Ghosh :**

(1) &

(2) Mining operation and mines safety are entirely controlled by the Central Government and as such the State Government has no direct involvement and effective power in the matter. The State Government brineg such cases to the notice of the Central Government from time to time whenev r such incidents come to their notice.

(3) Compensation is payable by the mine owners and varies from case to case.

**শ্রীহরশংকর ভট্টাচার্য :** এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যসরকারের পক্ষ থেকে এই রকম কোন কেস জানান হয়েছে কি ?

**শ্রীতরুনকান্তি ঘোষ :** যখন আমাদের কাছে আসে, কোন ডোয়েলিং হাউসে হয়ে গেলে কিম্বা কোন এ্যাগ্রিকালচার ল্যাণ্ডের নীচে হয়ে গেলে, আমাদের কাছে যখন খবর আসে আমরা ওদের ধানবাদের অফিসে জানিয়ে দিই।

**শ্রীস্বকুমার বন্দোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে কোলিয়ারী এই অসাধু উপায়ে কয়লা তুলছে, তার ফলে অনেক গ্রাম নষ্ট হয়ে গিয়েছে, চাষের জমি এবং গ্রামগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে, এই অবস্থায় রাজ্য সরকারের কি করণীয় ?

**শ্রীতরুণকান্তি ঘোষ:** আমি বলেছি আগেই যে এই রকম মাইনগুলি সম্বন্ধে আমরা ভারত সরকারের ধানবাদের অফিসে জানাই ষ্টেপ নেবার জন্য।

## UNSTARRED QUESTIONS

( to which written answers were laid on the table )

### বহরমপুর নির্বাচনক্ষেত্র এলাকায় রাস্তা

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯।) **শ্রীশঙ্করদাস পাল:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৫৮—বহরমপুর কনষ্টিটুএন্সি-এর অধীন—

(১) গোয়ালজান হইতে শিবপুর ভায়া বহড়া ও ডিহা,

(২) মনকরা গেট হইতে গোরাবাজার শ্মশানঘাট ভায়া হরিদাসমাটি,

(৩) গজধর পাড়া হইতে মনকরা ভায়া সোলেডাঙ্গা ও সুনদিপুর, এবং

(৪) তারাক মুব হইতে টিকটিকি পাড়া ও মনীন্দ্রনগরের মধ্যে যোগাযোগকারী কাঁচা রাস্তাগুলি নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, এই রাস্তাগুলির কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works:**

(ক) চতুর্থ পরিকল্পনায় রাস্তাগুলি নির্মাণের কোন প্রস্তাব নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### তমলুক মহকুমায় রাস্তা পাকা করার কাজ

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪।) **শ্রীকানাই ভৌমিক:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার নিম্নলিখিত রাস্তাগুলি পাকা রাস্তা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি—

(১) বরদাবাড় হইতে আড়ংকিয়ারানা ভায়া শকুন্তলা ও প্রজাবাড়,

(২) তমলুক থানার হরিদাসপুর হইতে শ্রীরামপুর,

(৩) তমলুকের সাওতালচক হইতে পুরুষা খেয়াঘাট, এবং

(৪) রাধামনী হইতে নিকাসী; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, সরকার এ পর্যন্ত কোন্ রাস্তাটির ব্যাপারে কতখানি অগ্রসর হইয়াছেন?

**The Minister for Public Works :**

(ক) (১) হইতে (৪) না, চতুর্থ পরিকল্পনায় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় টেষ্ট রিলিফ স্কীম

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫।) **শ্রীকানাইলাল ভৌমিক :** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় জলচাপে ও বন্যায় বিধ্বস্ত এলাকার ক্ষতিগ্রস্ত বেকারদের কাজ দেওয়ার জন্য সরকার টেষ্ট রিলিফ স্কীমের জন্য ১৯৭১-৭২ সালে কত টাকা বরাদ্দ করিয়াছেন;

(খ) ঐ টেষ্ট রিলিফ-এর কাজ আরম্ভ করা হইয়াছে কিনা এবং করা হইয়া থাকিলে, কোন্ কোন্ থানায় আরম্ভ করা হইয়াছে;

(গ) ঐ টেষ্ট রিলিফ-এর কাজ কতদিন চালু রাখা হইবে; এবং

(ঘ) ঐ জেলায় ঐ বিধ্বস্ত এলাকাগুলিতে ব্যাপক টেষ্ট রিলিফ-এর জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি?

**The Minister for Relief and Sociol Welfare :**

(ক) ২২,০০,০০০ টাকা ও তদনুরূপ "কেয়ার" সংস্থার গম।

(খ) হইয়াছে, এবং জেলার সমস্ত থানায় টেষ্ট রিলিফ-এর কাজ আরম্ভ করা হইয়াছে।

(গ) বর্ষণ আরম্ভের পূর্ব পর্যন্ত স্থানীয় প্রয়োজন অনুযায়ী চালু থাকার সম্ভাবনা আছে।

(ঘ) হ্যাঁ।

## লাভপুর থানায় লিফ্‌ট ইরিগেশন

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭০।) **শ্রীনির্মলকৃষ্ণ সিন্‌হা :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার লাভপুর থানার অধীন বামুনী ও কুসুমগড়িয়া গ্রামের উত্তরদিক দিয়া যে ক্যানেল গিয়েছে, উহা হইতে সেচের জল সরবরাহের জন্য লিফ্‌ট ইরিগেশন-এর কোনও ব্যবস্থা নাই; এবং

(খ) সত্য হইলে, উক্ত এলাকায় লিফ্‌ট ইরিগেশন-এর ব্যবস্থা করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে, তাহা কি?

**The Minister for Agriculture :**

(ক) লাভপুর থানায় কেবলমাত্র বাবনা ও তুলাসপুর গ্রামে দুইটি নদী সেচ প্রকল্প চালু আছে। কিন্তু ইহার একটিও কোন ক্যানেলের সহিত সংশ্লিষ্ট নয়।

(খ) কোন পরিকল্পনা নাই।

### শ্যামপুর থানায় খালের মুখে স্লুইস গেট নির্মাণ

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬।) **শ্রীশিশিরকুমার সেন:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হাওড়া জেলার শ্যামপুর থানা এলাকায়—

(১) রূপনারায়ণ ও দামোদরের জলে পুষ্ট কয়েকটি খালের জল দ্বারা চাষের জলসেচের ব্যবস্থা হইয়া থাকে, এবং

(২) ঐ খালগুলির মুখে স্লুইস গেট না থাকায় প্রায় প্রতি বৎসর বন্যা দেখা দেয় ফলে প্রচুর শস্যের ক্ষতি হয়;

(খ) অবগত থাকিলে, সরকার ঐ খালগুলির মুখে স্লুইস গেট বসানোর জন্য কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি; এবং

(গ) পরিকল্পনা গ্রহণ করিয়া থাকিলে, কয়টি এবং কোন্ কোন্ খালের মুখে স্লুইস গেট বসানর প্রস্তাব আছে এবং কবে নাগাদ উহাদের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Power:**

(ক) (১) সরকার অবগত আছেন যে, স্থানীয় জনসাধারণ মাঝে মধ্যে রূপনারায়ণ ও দামোদরের জলে পুষ্ট জলনিকাশী খালের বর্তমান জলনিকাশী স্লুইস গেটগুলির মাধ্যমে চাষের ব্যবস্থা করে। কিন্তু এরূপ ব্যবস্থা ক্ষতিকারক ও বিপজ্জনক।

(২) কিছু কিছু জলনিকাশী খালের মুখে স্লুইস গেট না থাকায় প্রতি বৎসর বন্যার প্লাবনে নীচু এলাকায় ফসলের ক্ষতি হয়।

(খ) হ্যাঁ।

(গ) ৩৮টি স্লুইস গেট বসানোর প্রস্তাব আছে। এইগুলি গড়ছম্বক, তেতুয়া, করিয়া, ময়নাপুর, নলপুকুর, ধোপানালা, তালতলা, গোপানপুর, বৈনান, খাদিনান, ববিভাগ, বোয়ালিয়া, বাগন্দা, জয়নগর, বেলারী, কুলতপাড়া, নাকোলা কাঁটাগাছি, চম্পা, দিকবণ্ড, টপনা, কোরা, সিরামপুর, শিবারহনা, কামারনালা, বৈতোরা, জলালাবাজ মতিনালা, নসীবপুর, কুরচিবেড়িয়া, আলপিনা, ঘোলাখেলা, বাবুগোড়া, শ্রীরামপুর, সিলামপুর, গাজনখেলা, কঁচরাকাতা, কুঞ্জভেরিয়া, কুতবপুর ও সন্তোষপুর, খালগুলির মুখে বসিবে। এইগুলির কাজ ইতিমধ্যেই শুরু হইয়াছে।

### Unschooled villages

39 (Admitted question No. 153.) **Shri Anil Krishna Mondal:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(1) districtwise number of villages in the State without any primary schools; and

(2) what steps have been taken by the Government to implement the Assembly Resolution of starting one-class one-teacher primary schools in unschooled habitations by 1st January, 1970?

**The Minister for Education:** (1) According to Second All-India Education Survey, 1966, the number of unschooled villages in various districts as reported by respective District Inspector of Schools are as follows;

| | | | |
|---|---|---|---|
| (1) | Bankura | ... ... | 190 |
| (2) | Birbhum | ... ... | 86 |
| (3) | Burdwan | ... ... | 160 |
| (4) | Cooch Behar | ... ... | 95 |
| (5) | Darjeeling | ... ... | 190 |
| (6) | Hooghly | ... ... | 60 |
| (7) | Howrah | ... ... | 6 |
| (8) | Jalpaiguri | ... ... | 163 |
| (9) | Malda | ... ... | 187 |
| (10) | Midnapore | ... ... | 349 |
| (11) | Murshidabad | ... ... | 145 |
| (12) | Nadia | ... ... | 74 |
| (13) | Purulia | ... ... | 173 |
| (14) | 24-Parganas | ... ... | 541 |
| (15) | West Dinajpur | ... ... | 345 |
| | | Total | 2,764 |

(2) The Education Department is not aware of any such resolution. However, after sanctioning 1,508 new primary schools in 1969, the position on 16th August, 1971 was that 2,465 school-less villages (as per Survey Report) were covered leaving a balance of 300 villages. On 31st December, 1971, the position was that the number of school-less villages yet to be covered was 261 including 73 villages where schools were not recommended for inadequate population or for some other reasons, Since then 2,059 new primary schools have been sanctioned for rural areas with effect from 1st January, 1972. It has been the Government policy all along to give first preference to unschooled villages as per Second All-India Survey Report and then to other unschooled villages outside the Survey Report.

### পাথরপ্রতিমা ব্লকে ও সুন্দরবন এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭।) **শ্রীবাসুদেব সৌত্য :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার পাথরপ্রতিমার ব্লকে পাথরপ্রতিমায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠা করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ;

(খ) থাকিলে তাহা কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) প্রতিটি ব্লকে কয়টি প্রাইমারী হেলথ সেণ্টার ও কয়টি সাবসিডিয়ারী হসপিটাল প্রতিষ্ঠিত হওয়ার কথা আছে ; এবং

(ঘ) সুন্দরবন এলাকার জন্য এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) ব্রজবল্লভপুরে ১০ শয্যা বিশিষ্ট একটি অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য মাধবনগর এবং দক্ষিণ শিবগঞ্জ মৌজায় প্রস্তাব পাওয়া গেছে। এই উদ্দেশ্যে এই দুইটি স্থান এবং ব্রজবল্লভপুরের মধ্যে যেটি উপযুক্ত হবে তা নির্বাচনের জন্য সাইট সিলেকশন কমিটিকে নির্দেশ দেওয়া হয়েছে। স্থান নির্বাচিত হলে নির্মাণকার্য মঞ্জুর করা হবে।

(গ) একটি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র এবং দুইটি সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র।

(ঘ) এই নীতি অনুযায়ী যে সকল ব্লকে এখনও সব কয়টি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা যায় নি, তজ্জন্য ২৪-পরগণার জেলাশাসক এবং মুখ্য স্বাস্থ্যাধিকারিককে উপযুক্ত জমি সংগ্রহের অনুরোধ করা হয়েছে।

## ফলতা থানায় গভীর নলকূপ

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮।) **শ্রীমোহিনীমোহন পাড়ুই ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফলতা থানায় গভীর নলকূপ বসাবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) যদি থেকে থাকে তবে করে থেকে কাজ আরম্ভ হবে আশা করা যায় ; এবং

(গ) কতগুলি গভীর নলকূপ বসাবার পরিকল্পনা আছে ?

**The Minister for Agriculture :**

(ক) ও (গ) গভীর নলকূপ স্থাপন প্রকল্পের জন্য বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকাতে বর্তমানে নূতন নলকূপ স্থাপনের নির্দিষ্ট কর্মসূচী এখন পর্যন্ত গৃহীত হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

## তিনবিল স্কীম

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২।) **শ্রীশান্তিকুমার ভট্টাচার্য ঃ** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলায় চাকদহ ব্লকে তিনবিল স্কীমের কাজ বহুদিন যাবৎ বন্ধ আছে ;

(খ) অবগত থাকিলে—

(১) কবে হইতে বন্ধ আছে

(২) বন্ধের কারণ কি ; এবং

(৩) উক্ত বিলের কাজ পুনরায় চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন ?

**The Minister for Irrigation and Power :**

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) ১৯৬৫ সালে আনুমানিক ৩ লক্ষ ১৯ হাজার টাকা ব্যয়ে চাকদহে তিনটি বিলের সংস্কার সাধনের একটি পরিকল্পনা গ্রহণ করা হয়, কিন্তু স্থানীয় জনসাধারণের বাধাদানের ফলে এবং প্রকল্পের পরিবর্তন দাবীর জন্য কার্য আরম্ভ করা যায় নাই। ইহার পর জনসাধারণের দাবী মানিয়া সন্নিহিত আরও কয়েকটি বিলের সংস্কার সাধনের কাজ ইহার অন্তর্ভুক্ত করা হয়। এই সংশোধিত পরিকল্পনার আনুমানিক ব্যয় ধরা হয় ৩৮ লক্ষ ৬৪ হাজার টাকা। তদানীন্তন মন্ত্রিমহোদয়ের নির্দেশানুযায়ী উহার রূপায়ণের কাজে হাত দিতে গিয়া প্রকল্পের এ্যালাইনমেণ্ট পরিবর্তনের ফলে পরিকল্পনার বেশ কিছু অদল বদলের প্রয়োজন দেখা দেয়। জমি সংগ্রহেও অসুবিধা দেখা দেয়। এবং শেষ পর্যন্ত কাজ আরম্ভ করা যায় নাই।

(৩) বর্তমানে এই অঞ্চলের সমুদয় বিল ও যমুনা নদীর সংস্কার সাধনের জন্য একটি মাস্টার প্ল্যান প্রস্তুত করা হইতেছে।

## ফলতা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩।) **শ্রীমোহনীমোহন পাড়ুই:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফলতা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উহার কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) হরিণডাঙায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ৩.১৭ একর খাস জমি নির্বাচিত হয়েছে। চব্বিশ-পরগনার কালেক্টর ঐ জেলার অতিরিক্ত জেলা শাসককে ঐ জমি স্বাস্থ্য বিভাগকে হস্তান্তর করতে নির্দেশ দিয়েছেন। জমির দখল পেলে নির্মাণকার্য মঞ্জুর করা হবে।

অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে ফলতা উপ-স্বাস্থ্যকেন্দ্রটিকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্ররূপে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে।

## খড়দহ পৌরসভায় পৌর প্রাথমিক বিদ্যালয়

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩।) **শ্রীশিশিরকুমার ঘোষ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে খড়দহ পৌরসভা পরিচালিত পৌর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গত ১৩ই মার্চ, ১৯৭২ হইতে ধর্মঘট করিতেছেন;

(খ) সত্য হইলে ধর্মঘটের কারণ কি এবং এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি; এবং

(গ) করিলে তাহা কিরূপ?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ, এইরূপ খবর পাওয়া গিয়াছে।

(খ) ধর্মঘটের কারণ যতদূর জানা গিয়েছে তাহা নিম্নরূপঃ

শিক্ষকগণ অন্যান্য পৌর কর্মচারীদের অনুরূপ সুবিধাসুযোগ পাইবার দাবি করিয়া ধর্মঘট করেন।

(গ) এ সম্পর্কে ২৪-পরগণা জেলা বিদ্যালয় পরিদর্শক মহাশয়ের নিকট পূর্ণাঙ্গ তথ্য চাওয়া হইয়াছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** The Minister in charge of the Labour Department will please make a statement on the subject of the strike notice given by three Central Trade Unions for non-fulfilment of the demand for minimum wages in the Jute Industry. (Attention called by Shri Aswini Roy on the 10th April, 1272).

**Dr. Gopal Das Nag :** In reply to the caling attention notice of Shri Aswini Roy, M. L. A., regarding strike notice by three Central Trade Unions in Jute Industry. I would like to infrom the House that pursuant to an omnibus agreement dated 11.8.69 the Government of West Bengal by resolution No. 7149-1. R. dated 26.10.70 constituted a Wage Fixing Committee for Jute Industry. The terms of reference before the Committee for consideration were :—

(1) (a) Pay scales and the rate of pay or wages for all categories of workmen employed in the jute industry ; (b) Dearness allowance including the question of neutralisation of fall or rise in the cost of living index ; (c) night shift allowance ; and (d) fall back wages. (2) Fixation of permanent complement. (3) Adjustment of any excess or short-fall in the rate of dearness allowance as per Wage Board's recommendations from the date D. A. was frozen in pursuance of clause 3 of the agreement dated. 11.8.69. Subsequently by another resolution No. 49-1. R. dated 7.I.71 the following issues were referred to the Committee : (a) What relief the badli workers will be entitled to in case of non-employment, (b) House allowance. (c) Increase of leave and holidays. (d) Details of the Gratuity Scheme.

The issues so far covered partially or fully by the Committee are— (a) rate of wages for all categories of workmen (b) fixation of permanent complement, (c) adjustment of excess or short-fall in the rate of dearness allowance, (d) relief to badli workers, and (e) details of the gratuity scheme.

Due to illness of the Chairman the Committee could not function properly since November 1971.

As the Committee is still in existence the State Government could not intervene and there is virtual deadlock.

Now three major Trade Union Organisations, namely, the INTUC, the AITUC and the HMS have given a strike call with effect from the 8th May, 1972, for realisation of their five-point demand including minimum wage of Rs. 300/-per month.

The matter has been discussed with the Chairman of the Indian Jute Mills Association.

A tripartite meeting has been calted on the 19th May for discussing and settling the issues involved.

**Mr. Speaker :** I have recived five notices of calling attention on the following subjects, namely :

(1) Non-payment of house-building grants to the flood victims of Tarakeswar Block in Chandernagore Subdivision—from Shri Balai Lal Sheth.
(2) Sufferings of the patients for want of any ambulance of the Bishnupur subdivisional health centre—from Shri Bhabataran Chakravorty,
(3) Apprehended retrenchment of 700 workers of the Patmohana Colliery (Asansol)—from Shri Niranjan Dihidar.
(4) Discrimination against the Bengalee Engineers in the matter of employment in Durgapur Complex—from Shri Ananda Gopal Mukherjee.
(5) Assault on the General Secretary of Budge Budge Town Congress Committee by anti-social elements—from Shri Arabinda Naskar.

I have selected the notice of Shri Ananda Gopal Mukherjee on the subject of discrimination against the Bengalee Engineers in the matter of employment in Durgapur Complex. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

**Dr. Gopal Das Nag** : Sir, it would be convenient for us if the date is fixed after the 25th April, 1972.

**Mr. Speaker :** The statment may be given on the 28th April, 1972.

## MENTION CASES

[ 2-10—2-20 p.m. ]

**ডঃ এ. এম. ও গনি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং সকলের সামনে পেশ করছি। আপনি কালকে সকালের খবরের কাগজ নিশ্চয়ই দেখেছেন যে দমদম রোডের উপর Calcutta Electric Supply Corporation এর যে transformer আছে ঘুঘুডাংগার কাছে সেটা ৯ তারিখে হঠাৎ আগুন ধরে এবং আগুন ধরবার আগে একটা প্রচণ্ড বিস্ফোরণের শব্দ শোনা যায়। সেদিন দমদম এলাকায় by rotation তিনবার load sheding হয়েছে সকালে, বিকালে ও সন্ধ্যায়। এই লোড সেডিং যেন রোজগার খেলা হয়ে দাড়িয়েছে। এই যে বিস্ফোরণ হল তার কারণ কি? আমার মনে অনেক রকম সন্দেহ আছে। সত্যিকারের inevitable accident ছিল না, Electric Supply Corporation এর কোন lack of efficiency ছিল না, criminal neglect ছিল, না এটা একটা deliberate attempt of sabotage ছিল। কেননা, এই যে load shading আছে তা থেকে মনে হয় electric charges বাড়াবার জন্য কিছু ষড়যন্ত্র চলছে। এই ধরণের আগুন আগেও ধরেছিলো, দু-বছর আগেও সেখানে আর একটা transformer-এ আগুন ধরেছিলো। সেজন্য দাবী পেশ করছি একটা তদন্ত commission appoint করা হোক। Calcutta Electric Supply Corporation-এর যা কিছু কার্যকলাপ আছে তা তদন্ত করে দেখবার জন্য। কেননা, enquiry করা দরকার, কারণ actually electricity failure শুধু যে নাগরিক জীবনে একটা শাস্তি, আশস্ত করে তা নয়, এটা industrial Produotion-ও অত্যন্ত ক্ষতিকর। সেজন্য আমি

এটা গুরুত্বপূর্ণ মনে করে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করছি যে একটা enquiry commission বসান হোক। Calcutta Electric Supply Corporation এর কার্য্যকলাপ সম্বন্ধে enquiry করা হোক।

**শ্রীমোতাহার হোসেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমে একটা সন্ত্রাসের রেস যেতে না যেতে আর একটা সন্ত্রাস এসে পড়েছে। গ্রামাঞ্চলে প্রায় প্রতিদিন চুরির উপদ্রব, ডাকাতি হচ্ছে। মুরারই, রামপুরহাট, নলহাটি ও দুবরাজপুর থানায় কয়েকটি ডাকাতি ইতিমধ্যে ঘটে গেছে। গ্রামের লোক নিশ্চিন্তে ঘুমাতে পারছে না। রাতের পর রাত ডাকাতির ভয়ে তাদের সন্ত্রস্ত হয়ে থাকতে হচ্ছে। তাই আপনার মাধ্যমে সরকারের কাছে কয়েকটি দাবী রাখছি। আমার বীরভূম জেলায় বেশীর ভাগ মেহনতী মানুষ। গরীব মানুষ, তারা খেটে খায়—তারা এই সময় কোন কাজ পায় না। তাদের জন্য ব্যাপকভাবে test relief এর ব্যবস্থা করা হোক। পেটের জ্বালায় তারা যেন চুরি ডাকাতি করতে বাধ্য না হয়। দ্বিতীয়তঃ অধ্যক্ষ মহাশয়, গতবছর নকশাল হামলা চলার সময় বন্দুক, রাইফেল জমা নেওয়া হয়েছিলো। সেগুলি সরকার থেকে ফেরত দেবার নির্দ্দেশ থাকা সত্ত্বেও তাদের অযথা হয়রানি হতে হচ্ছে। এখন যে procedure করা হয়েছে তা হচ্ছে বন্দুক ফেরত দেবার জন্য মহকুমা শাসকের কাছে দরখাস্ত করতে হ'য়েছে। মহকুমা শাসক থানার দারোগাকে তদন্ত করতে দিচ্ছেন। থানার দারোগা তার তদন্ত করার পর report পাঠাচ্ছেন। সেখান থেকে যাচ্ছে Circle Inspector of Police এর কাছে, সেখান থেকে Subdivisional Police officerকে পাঠাচ্ছেন, তিনি তার report পাঠাচ্ছেন S.D.O.-র কাছে। তার পরে বন্দুক ফেরত দেবার কথা বিবেচনা করা হচ্ছে। এবং এতে বন্দুকের মালিককে অযথা হয়রানি হতে হচ্ছে এবং বহু সময় লেগে যাচ্ছে। তাই আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাবো, যাদের বন্দুক দেওয়া হয়েছে enquiry করেই দেওয়া হয়েছে। তারা বন্দুক পাবার যোগ্য বলে বিবেচিত হয়েছে, তারা বন্দুক রাখার যোগ্যবলে বিবেচিত হয়েছে। কাজেই further enquiry না করে, হয়রানি না করে প্রত্যেকটি বন্দুক ফেরত দেওয়া হোক।

তাছাড়া গ্রাম অঞ্চলে গ্রামরক্ষী বাহিনীগুলিকে সক্রিয় করে তোলা হোক।

**শ্রীমতি গীতা মুখোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল দুপুরবেলা থেকে রূপনারায়ণ নদীর উপর দিয়ে একটা বিরাট পঙ্গপালের ঝড় এগিয়ে আসছে এবং খুব অল্প সময়ের মধ্যে ঐ এলাকার শস্য ক্ষেতের মধ্যে এসে আছড়ে পড়ার কথা। জেলা কৃষি বিভাগ ইতিমধ্যেই এবিষয়ে নজর দিয়েছেন। কিন্তু এবিষয়টি অত্যন্ত বিপজ্জনক বলে আমি আপনার মাধ্যমে প্রাদেশিক কৃষির যিনি মন্ত্রী তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ এলাকার কৃষি বিভাগ প্রয়োজনীয় সমস্ত রকম সাহায্য পান।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়,এর আগের দিন আমি একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের মাধ্যমে সভায় জানিয়েছিলাম যে বাংলাদেশের বুকের উপর শ্রমিক তাহাদের উপর কি বেপরোয়া অত্যাচার হচ্ছে—আমি আশা করেছিলাম আমার সেই আবেদনে সরকার সাড়া দেবেন। কিন্তু তারা তা দিলেন না। তাই আমি একটি অত্যন্ত দুঃখ জনক ঘটনার কথা সভার সামনে তুলে ধরছি। আমার টালিগঞ্জ অঞ্চলে মাইতি এণ্ড কোম্পানী বলে একটি কারখানা আছে। গতকাল সেই কারখানায় শ্রমিকদের উপর ক্লোজার নোটিশ জারি হয়েছে। আমার শ্রমিক ভাইদের

একমাত্র অপরাধ ছিল তারা মালিকের বে-আইনী অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল। মালিক শ্রমিকদের দমন করবার জন্য বাড়ীতে একটি সি, আর, পি, পিকেট রেখে দিয়েছে এবং কথায় কথায় শ্রমিকভাইদের উপর পুলিশ লেলিয়ে দিয়ে শ্রমিকদের মজুরী বাড়াবার আন্দোলনকে দমিয়ে দেবার চেষ্টা করছে। আমি মালিকের কাছে গিয়েছিলাম। আমি মালিককে বোঝাবার চেষ্টা করেছিলাম যে আমাদের সরকার যখন নতুন করে মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করছেন এবং যখন খেটে খাওয়া মানুষের উন্নতিবিধানের জন্য চেষ্টা করছেন তখন আপনি কেন বে-আইনী ভাবে শ্রমিকদের উপর পুলিশ লেলিয়ে দিয়ে বে-আইনীভাবে জুলুম চালিয়ে ক্লোজারের নোটিশ ধরিয়ে দিচ্ছেন? মালিক বলে দিল ক্ষমতা থাকলে সরকার যা পারে করুক। আমি দেখছি কতটা কি করা যায়। মনে রাখবেন যাদের হাতে অর্থ আছে তাদের সব কিছু করবার ক্ষমতা আছে। আমি তাই বিভাগীয় মন্ত্রিমহাশয়কে বলছি ঐ দুর্দ্ধর্ষ স্বেচ্ছাচারী, কায়েমী স্বার্থের প্রতিভূ মালিকের বিরুদ্ধ যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। সরকার যদি এটুকু ব্যবস্থা না করেন তাহলে আমি আমার শ্রমিকভাইদের নিয়ে এই বিধানসভার গেটে বসে সরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে বাধ্য হব।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ এবং বহুদিন যাবৎ বাংলাদেশের একটি সমস্যা সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যুক্তফ্রন্টের আমলে দেখেছি কল-কারখানার উপর হামলা হয়েছে,ক্ষেত মজুরের উপর হামলা হয়েছে এবং সেই সঙ্গে সঙ্গে বাংলাদেশের শিক্ষাকেন্দ্রগুলির উপরও হামলা হয়েছে। তার ফলে সেই সময় থেকে যেসমস্ত শিক্ষক শিক্ষিকা, প্রধান শিক্ষক শিক্ষিকা কর্মচ্যুত হয়েছিলেন আজ পর্যন্ত তাঁরা সেই সমস্ত বিদ্যালয়ে ফিরে যেতে পারেন নি। সবচেয়ে দুঃখজনক বিষয় হচ্ছে মধ্যশিক্ষাপর্ষদের হস্তক্ষেপ এবং মহামান্য হাইকোর্টের রুলিং এ পরিষ্কার নির্দেশ থাকা সত্ত্বেও তারা নিজেদের বিদ্যালয়ে ফিরে যেতে পারছেন না। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষকারা যেভাবে কষ্টের মধ্য দিয়ে দিন যাপন করছেন, অনাহার, অর্দ্ধাহারে কাটাচ্ছেন সে বিষয়ে আপনার হস্তক্ষেপ দরকার আছে বলে আমি মনে করি। আজকে আমরা কর্মসংস্থানের কথা ভাবছি। অথচ যারা কর্মরত ছিলেন সি, পি, এম, দুস্কৃতকারীদের হামলাবাজীর ফলে আজকে তারা কর্মচ্যুত হয়েছেন, কিন্তু সরকার আজ পর্যন্ত তাদের সম্বন্ধে কোন ব্যবস্থাই করতে পারলেন না। হাইকোর্টের পরিষ্কার নির্দেশ থাকা সত্ত্বেও তাদের আজ পর্যন্ত ফিরিয়ে আনা সম্ভব হচ্ছে না। এ সম্বন্ধে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তারা যাতে আবার সেই বিদ্যালয়ে ফিরে যেতে পারেন এবং নিয়মিতভাবে বেতন পান সেদিকে একটু দৃষ্টি দেবেন। বেতন দেবার নির্দেশ সরকার থেকে এবং ডি, পি, আই, থেকে দেওয়া হচ্ছে, তা সত্ত্বেও তারা ঠিক সময়ে পাচ্ছেন না।

**শ্রীমহঃ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সালের জুলাই মাসে সর্বাধিক ক্ষতি-গ্রস্ত এলাকা বলে যে সমস্ত জেলার নাম ঘোষণা করা হয়েছিল মুর্শিদাবাদ জেলা তার মধ্যে অন্যতম। আমি ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের নির্বাচিত প্রতিনিধি হিসাবে ঐ এলাকার কিছু কথা এখানে তুলে ধরছি। ঐ এলাকাটি বারিন্দ্র অঞ্চলে অবস্থিত। গত বন্যায় ধান, পাট ডুবে যাওয়ায় এলাকার কৃষকদের ধান, পাটের বীজ নাই। অথচ কালবাদে পরশুদিন বৈশাখ মাস পড়ে যাচ্ছে, ইতিমধ্যে বৃষ্টিও নেমে গেছে দেখে এলাম। কাজেই এখুনি ঐ এলাকার লোকেদের বীজ সরবরাহ করা দরকার। ঐ এলাকায় ১৫টি অঞ্চল পঞ্চায়েত রয়েছে। কাজেই অল্প সময়ের মধ্যে যদি সেখানে বীজ সরবরাহ করা না যায় তাহলে ঐ গরিবী হটাও যে শ্লোগান আমরা তুলেছি তা বাস্তবে

রূপায়িত হবে না। ওখানকার শতকরা ৮০ ভাগ লোক চাষের উপর নির্ভরশীল। ঐ বীজ ন পেয়ে তারা এখন হাতের আঙুল গুণছে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এখুনি এই বিষয়ে গুরুত্ব দেওয়া উচিৎ। এই বলে আমি আমার বক্তব্য শে করছি।

[ 2-20—2-30 p.m. ]

**ডাঃ সেখ ওমর আলি :** কৃষি উৎপাদনের সঙ্গে সম্পর্কযুক্ত একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার বিশেষ করে কৃষিমন্ত্রীর—যদিও তিনি এখানে উপস্থিত নেই, দৃষ্টি আকর্ষণ করছি। সেচের একটি মাধ্যম লিফট ইরিগেসান। নদী থেকে জল তুলে যে সেচের ব্যবস্থা সেই লিফট ইরিগেশান স্কীমগুলিতে দারুণ দুরবস্থা দেখা দিয়েছে। এর কোন মেশিন যদি খারাপ হয়ে যায় বা কোন স্পেয়ার পার্টসের যদি দরকার হয় তাহলে আবেদন করেও দীর্ঘদিন ধরে কোন ফল পাওয়া যায় না। হোস পাইপ বা ডেলিভারী পাইপ যা না হলে জল তোলা যায় না সেগুলির যদি প্রয়োজন হয় তাহলে এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার থেকে আরম্ভ করে রাইটার্স বিল্ডি পর্য্যন্ত বার বার ছোটাছুটি করেও ৬ মাস বা এক বছরের মধ্যে এগুলি পাওয়া যায় না। এর অনেক নজীর আছে। তবে সবচেয়ে বড় কথা হল তেল পাওয়া যায় না। খোঁজ নিয়ে দেখলাম ইনডিয়ান অয়েল এদের তেল দিচ্ছে না। তাদের নিজেদের যে ষ্টক আছে সেই তেলও সাইটে বয়ে নিয়ে যাওরার ব্যবস্থা নেই। কনট্রাকটার সে তেল নিয়ে যাচ্ছে না ফলে সামান্য যে তেল এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারের কাছে আছে সে তেল চাষীদের নিজেদের খরচায় বয়ে নিয়ে যেতে হয়। এর ফলে এমন অবস্থা দেখা দিয়েছে যাতে বেশীর ভাগ লিফট ইরিগেসান স্কীম অকেজো হয়ে গিয়েছে। চাষীরা যে চাষ করেছে সেই ফসল এখন পাকার অবস্থা, এই বিরাট এলাকার ফসল নষ্ট হয়ে যাবে। আমার তমলুক মহকুমায় আর, বি, আই, স্কীমে এই দুরবস্থা রয়েছে। এই ঘটনার কথা আমি স্যার, আপনার মাধ্যমে সভার কাছে রাখলাম।

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত :** মাননীয় স্পীকার মহাশয়, যদিও মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত নেই তবুও আমি আপনার মাধ্যমে ভরতপুর এ্যাসেম্বলী কনসটিটিউয়েনসীর মালার প্রাইমারী হেলথ সেণ্টারের অব্যবস্থার সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি। ভরতপুর থানায় এটি একটি বর্ধিষ্ণু শহর বা গ্রাম। সেখানে একটি প্রাইমারী হেলথ সেণ্টার হয়েছে আজ অনুমান এক বছর, কিন্তু আজও সেটা খোলা হয়নি। বহুবার আমরা সরকারী কর্মচারীদের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু আজও সেই বিরাট বাড়ীটা দাঁড়িয়ে দাঁড়িয়ে রোগীদের পরিহাস করছে এ দৃশ্য আমরা দেখতে পাচ্ছি কিন্তু তারজন্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না এবং এটা দেখে মনে হচ্ছে সরকারী কর্মচারীদের যোগ্যতার একটি নিদর্শন। এছাড়া টেঁয়া হেলথ সেণ্টারে ১০ টাকা মাত্র কনটিজেন্সী দেওয়া হয়। সেই ১০টাকা কনটিজেন্সী মধ্যে বিছানার চাদর ধোয়া থেকে সুরু করে পোষ্টেজ ষ্টাম্প ইত্যাদি যাবতীয় জিনিষথাকে। তাছাড়া কেরোসিন তেলও তারমধ্যে ধরা হয় ফলে কোনদিন রাত্রে প্রাইমারী হেলথে সেণ্টারে হ্যারিকিনের বাতি জ্বলে না। তারপরে, আমলাই অঞ্চলে কলেরা সুরু হয়েছে। সেখানকার যিনি ডাক্তার তিনি নিজেই অসুস্থ। সেখানে রোগীরা মারা যাচ্ছে অথচ কোন ব্যবস্থা হচ্ছে না। স্যার, এর আগে পল্লী অঞ্চলে বা গ্রাম বাংলায় কোনদিন হাসপাতাল হত না এখন যখন সুরু হয়েছে বা চলেছে তখন সেগুলি প্রকৃতপক্ষে চালানো হচ্ছে না। গ্রামবাংলার লোকেরা

স্বর্গীয় ডাঃ বিধান চন্দ্র রায়ের কাছে ঋণী। তিনি একমাত্র তাদের দিকে দৃষ্টি দিয়েছিলেন। আজকে যাঁরা ইন্দিরা গান্ধীর ইমেজ নিয়ে এখানে উপস্থিত হয়েছেন আমি তাদের দৃষ্টি আকর্ষণ করছি এই বলে যে হয় আপনারা ব্যবস্থা করুন আর তা না হলে গ্রামের লোকেরা নিজেরাই ব্যবস্থা করে নেবে।

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমণ্ডলী এবং বিধানসভার সদস্যদের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকারের কোটি কোটি টাকা বর্তমানে চন্দনগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্য ব্যয় করা হচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সরকারের সমস্ত আইনের ধারা অগ্রাহ্য করে সেটা বর্তমানে একটা বে-আইনী দুর্নীতির কেন্দ্রস্থলে পরিণত হয়েছে। আমরা দেখতে পাচ্ছি সেখানে এম্পলয়িজপ্রভিডেণ্ট ফাণ্ড এ্যাকাউণ্টে সরকারী আইনের ধারা অগ্রাহ্য করে ১৯৬৮ সালের সেপ্টেম্বর মাসের পর থেকে এম্পলয়ার্স কনট্রিবিউশান কোনরকমভাবে জমা পড়ছে না। তার ফলে যে ইণ্টারেষ্ট এ্যাকুড হত তার থেকে কর্মচারীরা পুরাপুরিভাবে বঞ্চিত হচ্ছে। সেখানে পেনসান ফাণ্ড যেটা আছে সেটা শূন্য ভাণ্ডারে পরিণত হয়েছে, ফলে যেসমস্ত কর্মচারীর রিটায়ারমেণ্ট হচ্ছে তারা কিছু সুযোগ পাচ্ছে না। সেখানে যে স্যালারি সার্ভিস ইনসিওরেন্স স্কীম রয়েছে তারজন্য এম্পলয়িজের মাইনে থেকে টাকা কাটা হচ্ছে কিন্তু ইনসিওরেন্স কর্পোরেশনে সেটা জমা পড়ছে না, ফলে পলিশিগুলি ল্যাপ্স হয়ে যাচ্ছে। এবং সবচেয়ে বড় অভিযোগ হচ্ছে গভর্ণমেণ্ট সাবভেনসান ফর ডিয়ারনেস এ্যালাওয়েন্স ফর দি এম্পলয়িজ—সেখানে বিল করে মাসের পর মাস সরকারী কর্তৃপক্ষের কাছ থেকে টাকা আদায় করা হচ্ছে অথচ তৃতীয় শ্রেণীর কর্মচারীর জন্য ৪০ টাকা কম এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীর জন্য ২৫ টাকা কম করে সেখানে টাকা দেওয়া হচ্ছে। আর একটা বড় অভিযোগ হচ্ছে ওভার টাইম এ্যালাওয়েন্স পলিশির ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি একই প্রতিষ্ঠানে কর্মরত এক শ্রেণীর কর্মচারীর জন্য সিঙ্গল ওয়েজ রেট চালু করা হয়েছে এবং আরও বড় কথা হচ্ছে চীফ এগজিকিউটিভ অফিসার, এ্যাক্টিং যিনি আছেন তিনি একটা গুরুত্বপূর্ণ পদে সমাসীন থাকা সত্ত্বেও ৫০০ টাকা করে ওভারটাইম এ্যালাওয়েন্স ড্র করছেন। এক্ষেত্রে অডিট অবজেক্‌শান আছে। আমার দাবী হচ্ছে a special enquiry committee be formed and after making a through enquiry Chandernagore Municipal Corporation be superseded by the Government.

**শ্রীললিত গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ২৪-পরগণা জেলার বনগাঁ জি. আর. ধর হাসপাতালে খাদ্য সরবরাহের ব্যাপারে দুর্নীতির একটা অভিযোগ আসে এবং সেখানে ছাত্রনেতা দেবব্রত চ্যাটার্জীর নেতৃত্বে কিছু ছাত্র এবং যুবক ঐ হাসপাতালে তদন্তে যায়। খাদ্য সরবরাহ দপ্তরে গিয়ে দেখতে পাওয়া যায়, সেখানে যিনি অধিকর্তা ছিলেন কে. এল. নন্দী, তাঁকে নিয়ে তাঁরা রান্না ঘর পরিদর্শন করেন এবং সেখানে কিছু দুধ দেখতে পান। সেই দুধের স্যাম্পেল আমি নিয়ে এসেছি, পরে আপনার কাছে আমি দেব, এই সম্বন্ধে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এই যে দুধ আপনারা দেখতে পাচ্ছেন এই দুধের মধ্যে শুধুমাত্র জল, এ্যারারুট, আর আটা ছাড়া আর কিছু নেই। সেখানে আরও দেখা গেল কিছু পচা আলু এবং ৫ কে.জি. পচা মাছ যা রোগীর অখাদ্য। এই পচা মাছ যদি রোগীদের খাওয়ান যেত তাহলে তাদের প্রাণহানী হত। আমি

মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন তিন দিনের মধ্যে এর প্রতিকারের ব্যবস্থা করেন।

**শ্রীশচীনন্দন সাউ :** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বীরভূম জেলার দুটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে বীরভূম জেলার আমেদপুর সুগার মিল যেটা আগে কংগ্রেস সরকার করেছিলেন, এই মিলটা বেশ কয়েক বছর যাবৎ বন্ধ আছে। এই মিল সম্বন্ধে আমাদের পশ্চিমবঙ্গ বিষয়ে ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী এবং বর্তমানে আমাদের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তখন বি. আর. গুপ্ত, এ্যাডিসনাল হোম সেক্রেটারি, তিনি এই বিষয়ে তদন্ত করতে বীরভূমে গিয়েছিলেন। এরপর আমার জেলার একজন সদস্য শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য প্রশ্ন করেছিলেন সরকার এই মিল সম্বন্ধে কি চেষ্টা করছেন, তখন মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় উত্তরে বলেছেন কবে করবেন না করবেন সে সম্বন্ধে কিছুই বলতে পারছেন না। আমাদের সরকারী কাজের যে ব্যবস্থাপনা তাতে ১৮ মাসে বছর চলছে। আজকের দিনে বীরভূম যেভাবে বেকার জর্জরিত তাতে মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করব ১২ মাসে বছর ধরে নিয়ে ৬ মাসের মধ্যে তাঁরা যেন এই কাজ করেন। কাজেই এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, এই সুগার মিল অবিলম্বে চালু করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা বিষয়ের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্চে.... ...

**Mr. Speaker :** Mr. Shaw, you must mention one fact only, not two or three facts. Please take your seat.

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীঅরবিন্দ নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ইংরাজী ৭ই এপ্রিল ১৯৭২ তারিখে শুক্রবার বজবজ টাউন কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক শ্রীনৃপেন্দ্র নাথ দাসগুপ্ত মহাশয়কে অন্যায়ভাবে গুণ্ডা ও সমাজবিরোধী লোক বেদম প্রহার করে। এই প্রহারের ফলে তিনি আহত হন। এছাড়া বজবজ টাউন কংগ্রেস কার্যালয় ভেঙ্গে তছনছ করে দেয়। এ সংবাদ বজবজ থানায় জানাতে এলে ভারপ্রাপ্ত অফিসার মহাশয় তাঁকে গ্রেপ্তার করে, আলিপুরে চালান দেয়। উক্ত অফিসারকে কয়েকবার বদলি করানো সত্বে আজও তিনি বহাল তবিয়তে আছেন। ইহার ফলে ঐ অঞ্চলে কর্মীদের মধ্যে খুবই অসন্তোষ সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যাতে তিনি এ ব্যাপারে দৃষ্টি দেন কারণ সেখানে বিরাট বিক্ষোভ দেখা দিয়েছে।

## The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972.

**Mr. Speaker :** I now call upon Shri Abdul Bari Biswas to resume his speech.

**শ্রীআবদুলবারি বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকে এই বিলের উপর যখন বলছিলাম তখন সভা বন্ধ হয়ে যায়। আপনি আজকে আমাকে আবার পারমিসন দিয়েছেন

সেজন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে বলা হয়েছে যে ১৬,১১,৭০ হইতে ৩১,৩,৭২ অবধি..........

## Statement regarding Relief Measures

**Mr. Speaker** : Mr. Abdul Bari Biswas, if you do not mind, may I request you to take your seat for only two or three minutes as the Minister-in-charge of Relief Department will make a statement in respect of general relief regarding which he gave an assurance to the Honourable Members that he would make a statement after the discussion with the District Magistrates Now he is ready with the statement and I call upon him to make the statement.

**Shri Santosh Kumar Roy** : Mr. Speaker, Sir, in response to repeated requests from the Honourable Members of this House yesterday I promised to make a statement today explaining the various relief measures which are being taken by the State Government for relief of the distress in different districts of the State. During the course of the last three weeks that this Government has been in office we have been holding almost a continuous dialogue with the representative of the people, members of the public and Government officials to re-orient the pattern of relief in keeping with the current requirements and aspirations of the people. Only yesterday,the Members of the Cabinet led by the Chief Minister, held meaningful discussion with the District Magistrates and the Divisional Commissioners on various administrative questions including distribution of relief. On my part, I held detailed discussion on various aspects of relief with the District Magistrates following the devastating floods of 1971 there has been widespread distress among the people in 9 to 10 districts of the State. There is also persistent demand for the house building grant among the flood-affected persons. I should like to mention here that the Chief Minister has personally written to the Union Finance Minister requesting him to raise the ceiling of expenditure on house building grant to Rs 5.58 crores as originally estimated by the State Government from the approved Central Government ceiling of Rs 1.25 crores As a result of the last year's floods, distress amongst the indigent people is continuing. Having regard to the special difficulty of this section of the population, the State Government have already decided that a sum of Rs. 50 lakhs will be distributed as Gratuitus Relief among the indigent persons during the next three month as against a sum of Rs 15 lakhs generally distributed during the corresponding period every year. In this House. yesterday, it was pointed out by some of the Honourable Members that T.R. schemes were not in operation in several districts at present. We have checked up the position and I should like to mention that well over 900 T.R. Schemes are now in operation in various districts of the State. We have so far allotted to the District Magistrates a sum of Rs 27 lakhs for expediture on T.R, Schemes. Besides. 2.7:9.5 metric of Russian broken rice have been, allocated to differs districts for distribution of T.R wages in kind. In addition a monthly flow of about 1.500 metric tons of gift wheat from the CARE is expected to be supplied to the districts for utilisation as T.R. wages in kind. As regards Agricultural Group Loan, the State Govt. have already sanctioned Rs.7.70 lakhs in advance for distribution amongst the cultivators in advance. To meet fire emergency, a sum of Rs. 14,500—as G.R and Rs.70,500—as House Building Grant has already been placod at the

disposal of the District Officers in advance. During 1972-73, the State Government has provided a sum of Rs. 1.30 for Test Relief work. Allocation from the CARE in kind is expected to be of the order or Rs.1.10 crores during the same period- The total provision for the Test Relief work during 1972-73 would thus work out to Rs 2.40 crores. It is the intention of the Government that during the lean months from April 15 to June 15, a sum of Rs.1.40 crores will be spent on Test Relief providing seasonal employment to about 1.40 lakhs of distressed persons. The expenditure will be within the budget provision for 1972-73.

For the lean months of September and Octobar, a further sum of Rs.1 crore will be spent on T.R. affording employment to about 1 lakh of persons. In addition, the Crash Programme for Rural Employment in the districts is expected to provide employment to about 55 thousand persons daily for a period of six months. Thus, it would be possible to create employment opportunity for well over two lakhs of people daily during 1972-73 which incidentally is the highest employment figure to be reached through Government expenditure during lean months.

To streamline the administration of T.R. Schemes, the State Government have decided to raise the remuneration of technical staff appointed temporarily to supervise T.R Schemes, the revised rates Rs.12.50 p. per diem for Graduate Engineers and Rs 7.50 p per diem for Overseers. Similarly, the Government have also decided to raise the remuneration of the Paymasters and Muhurrics from Rs. 3 and Rs. 2 to Rs 5 and Rs. 3 respectively To ensure popular participation in the formulation and implementation of T R. Schemes, the Government have also decided to set up a Committee with the B.D.O as Convenor, M.L.A. or his nominee of the area and another person to be nominated by the State Government to finalise T.R. Schemes and to fix the priority of such schemes, supervise them and ensure proper utilisation of funds.

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972-কে সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দু-একটি বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে এই একটি বিভাগ খোলার পর ১৬ই নভেম্বর, ১৯৭০ থেকে ৩১শে মার্চ, ১৯৭২ পর্যন্ত ১২ কোটি টাকার মত সরকার আয় করেছেন এবং এই আয় করতে গিয়ে expenditure including salaries of the staff ৫০ হাজার টাকার মত খরচ হয়েছে। এই বিরাট অঙ্ক যা আমাদের আয় হয়েছে যে বিলের দ্বারা তার দিকে তাকিয়ে আমাদের লক্ষ্য হবে এই অঙ্ক আরও বাড়ান যায় কি না। এই সঙ্গে সঙ্গে এই taxation-এর দরুণ পরোক্ষ বা প্রত্যক্ষভাবে গ্রামীণ জীবনের মানুষ ক্ষতিগ্রস্ত হয় কিম্বা তার ক্ষতির কোন কারণের সম্ভাবনা থাকে তাহলে তার বিরুদ্ধে বলা এবং সেই সঙ্গে সঙ্গে এই আইন তৈরী হবার পর tax দেবার মত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি যারা আছে তাদের lessar tax করার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে হবে।

[ 2-40—2-50 p.m.]

তাই আমি আপনার মাধ্যমে কালকেও বলেছিলাম এখনও বলছি এই বিলে এমন কতকগুলো আইটেম আছে যে সমস্ত আইটেম আপনিদেখলে বুঝতে পারবেন যে সাধারণভাবে যে ট্যাক্স হয়েছে

তা গিয়ে গ্রামের সাধারণ মানুষের ঘাড়ে গিয়ে পড়ে। খাদির কটন সিল্কের উপর ট্যাক্স আছে। নিম্ন এবং মধ্যবিত্ত শ্রেণীর মানুষ এইসব ব্যবহার করে থাকে। কিন্তু এর উপরও এক পারসেন্ট ট্যাক্স করা হয়েছে। পরোক্ষভাবে দেখতে গেলে এখানে যে ট্যাক্স আদায় করা হয় ওই রকম যারা তাঁতী তাদের ঘাড়ে গিয়ে পড়ে। এখানে যে ট্যাক্স দিতে হয় তা সেখানে গিয়ে তাদের মজুরী থেকে আদায় করা হয় এবং তাতে ওই তাঁতীরা এবং চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে দিনের পর দিন। যেখানে কফিতে দু পয়সা পার কিলোগ্রাম করা হয়েছে। কিন্তু কফি, ঘি এই সমস্ত জিনিষের উপর কম করা ঠিক হয় নি। সংগে সংগে সিমেন্ট China pipes, earthen pipes ইত্যাদির উপর আইটেম নং ৩৭ যেটা বলেছেন এবং মারবেল পিস, মোসাইক পাইপস, ইদেন পাইপস অর্থাৎ আইটেম নং ৭৮তে যেগুলোর কথা বলেছেন এই সমস্ত বৃহত্তর আইটেমে যে ধরণের ট্যাক্স অর্থাৎ এ্যাডভেলোরেম ট্যাক্স বসান হয়েছে সেখানে যদি বাড়িয়ে গ্রামের গরীব মানুষদের কর্মকরে দেওয়া হতো তাহলে ভাল হতো। আর একটা কথা বলতে চাই এই সব কাজ করার জন্য ৫।৬ যে চেক পোষ্ট করা হয়েছে তাতে চার রকমের অফিসার আছে। তাঁরা হচ্ছেন পেট্রোলিয়াম-কাম-পিয়ন, ক্যাশিয়ার-কাম-ক্লার্ক, এস, আই, ইন্সপেক্টার। কিন্তু আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি বিষয়ে। এই যে সব চেক পোষ্ট রাখা হয়েছে সেখানে সাধারণভাবে এক একটা জংগলএর কাছে। মাননীয় তরুণবাবু এখানে আছেন, তাঁর বাড়ীর কাছে একটা এই রকম পোষ্ট হয়েছে। তার চারদিকে ঝোঁপঝাড়। সেখানে অফিস, কিন্তু এই সমস্ত কর্মচারীদের নিরাপত্তা বিধানের কোন ব্যবস্থা নেই। চাকুরিয়াদের জীবনের নিরাপত্তা না থাকায় আপনারা জানেন যে প্রত্যেক পোষ্ট দিয়ে অসংখ্য লরী আসে এবং যে কাঠের বাঁশ থাকে তারা অনেকে ভেঙ্গে চলে যায়। তাদের সংঙ্গে কুলি থাকে। সেখানে কি কোন নিরাপত্তামূলক ব্যবস্থা আছে? সেখানে পুলিশ দিয়েছেন কি যাতে করে এদের নিরাপত্তা বিধান করতে পারেন? এদের যে পারিশ্রমিক দেওয়া হয় তাতে এদের দাবী দাওয়া মেটাবার ব্যবস্থা নেই। এই যে পেট্রোলিয়াম-কাম-পিয়ন তারা পেট্রোল দেবে আবার পিয়নের কাজও করবে। এখানে যে হেড অফ দি ডিপার্টমেণ্ট আছেন শ্রী এস, কে, বসু তিনি ডাইরেক্টর অফ সেলস ট্যাক্স। তাঁকে এই বিভাগেরও ডাইরেক্টর করা হয়েছে।

আমার মনে হয় যে একই ব্যক্তিকে এইরকমভাবে দুই জায়গায় ডিরেক্টর করে রেখে মাথাভারী প্রশাসন কখনও ঠিক হবে না, এটাকে বিকেন্দ্রীকরণ করে আলাদা বিভাগ করে যাতে সুষ্ঠুভাবে পরিচালিত করতে পারা যায় তার দিকে মন্ত্রিমহাশয়ের নজর দেওয়া উচিত। আমরা জানি স্যার, রেলওয়ে মাল চলে যাচ্ছে কিন্তু রেলওয়ে মালের থেকে ট্যাক্স আদায়ের জন্য কোন ব্যবস্থা এখনও করতে পারা যায় নি। অপরপক্ষে মালের ব্যাপারে সেখানে আমি একটা হিসাব করে দেখছিলাম যে সেখানে যদিও পুলিশ কিছু কিছু আছে কিন্তু সেগুলি এই সমস্ত কর্ম্মচারীদের প্রটেকসনের জন্য নয়, সেখানে মাল ধরার জন্য আপনারা রেখেছেন। ডিক্লারেসন ফর্ম রাইটার বলে এক রকমের লোক আবিস্কৃত হয়েছে প্রাকটিক্যালি তাদের দালাল ছাড়া আর কিছুই বলা যায় না, তারা পুলিশের সঙ্গে মিলে যেখানে ট্রাক যাচ্ছে ৬ মণের তারা ফর্মে লিখে দিল ফিল আপ করে দিল ২ মণ বলে। আপনাদের ওজন করার কোন মেসিন নেই, সেখানে দু টন গেল কি ছয় টন গেল সেটা বোঝার উপায় নেই, তারা ২ টন লিখিয়ে ৪ টন ফাঁকি দিয়ে চলে গেল। মন্ত্রি-মহাশয় আশা করি এর জবাব দেবেন। এই অবস্থায় আমরা হিসাব করে দেখছিলাম এই বিভাগের যেখানে ১২ কোটি টাকা আয় হয় সেখানে তারা ৩০।৪০ কোটি টাকা আয় করতে পারেন। আপনি যদি এই বিভাগকে সুষ্ঠুভাবে রূপায়িত করতে না পারেন তাহলে যেখানে

১২ কোটি টাকা আয় হচ্ছে সেখানে ২৪ কোটি টাকা অপরের পকেটে বিভিন্ন উপায়ে ঢুকিয়ে দিচ্ছেন। আর এর অংশ কারা পাচ্ছে? দুর্নীতিপরায়ণ অফিসার, কর্মচারী, যারা ওত পেতে বসে থাকে টাকা খাওয়ার জন্য তারা। কাজেই এই প্রশাসন যন্ত্রকে আরো ভালভাবে পরিচালিত করতে হবে এবং যাদের উপর ভার দিয়েছেন, আরো হেল্‌দি করে পুষ্ট করে তারা যাতে দুমুঠো খাবারের ব্যবস্থা করতে পারে সেই ব্যবস্থা করে আপনি তাদের শক্তিশালী করে তুলুন। তার পর আর একটা জিনিস আমি বলতে চাই আপনারা বাইরে থেকে কর্মচারী, ইন্সপেক্টর নিয়োগ করেছেন, ফায়ার ব্রিগেড থেকে কর্মচারী নিয়োগ করেছেন। যেখানে আমাদের গ্রামদেশে মিউনিসিপ্যাল শহরে এত চাহিদা সেখানে না দিয়ে আপনি এই বিভাগে ১৫।২৬ জনকে সেখানে নিয়োগপত্র দিয়েছেন, এই নিয়োগপত্র দেবার কি কারণ ছিল—তারা কি উপায়ে এদের নিয়োগ করে গেল আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে সেটা জিজ্ঞাসা করতে চাই। আমরা ক্ষমতায় আসার আগে এদের নিয়োগপত্র দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে আপনি পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনা করে সুনির্দিষ্ট পথ অবলম্বন করবেন। কারণ ব্যুরোক্রাটরা মাথার উপরে বসে আছে, তারা আপনাদের ফাঁকি দেয়ার কলাকৌশল ভাল করেই জানে। তারপর এই যে টাকা আয় হচ্ছে পশ্চিমবাংলায় গ্রাম্য মানুষের উপর দিয়ে তা তোলা হচ্ছে। সি.এম. ডি. এর টাকা খরচ হচ্ছে, মেট্রোপলিটান অথোরিটির টাকা খরচ হচ্ছে, হোক আমরা মনে করি গ্রামবাংলার মানুষের জন্য, তাদের উপকারের জন্য মিউনিসিপ্যাল শহরের জন্য তাদের দিকে তাকিয়ে দেখুন আজকেও তারা ওপেন ড্রেনেজের মধ্যে বাস করছে, সেখানে মশা, মাছি ইত্যাদির জন্য রাত্রে ঘুমানোর উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই টাকার মধ্যে শতকরা ২৫ ভাগ টাকা এই বিধানসভার মাধ্যমে আমরা কি দাবী করতে পারি না ঐ গ্রামবাংলার মানুষের জন্য, মিউনিসিপ্যাল এলাকাগুলিকে কি বরাদ্দ করা যায় না? এটা আমাদের একটা পজিটিভ দাবী। এই অর্জিত অর্থের মধ্যে থেকে শতকরা ২৫ ভাগ দিতে হবে ঐ মিউনিসিপ্যাল শহরের জন্য ঐ গ্রামবাংলার মানুষের উন্নতিবিধানের জন্য যেখানে লক্ষ লক্ষ মানুষ বাস করে তারা আজ অবহেলিত, লাঞ্ছিত এবং ঘৃণ্যভাবে জীবনযাপন করছে তাদের দিকে তাকিয়ে দেখতে হবে। শুধু কলকাতা শহরের উন্নয়ন করলে সব সমস্যার সমাধান হবে না, অন্যদিকে বিকেন্দ্রীকরণ করে গ্রাম এবং গঞ্জের ভেতর ছড়িয়ে দেবার চিন্তা করতে হবে। আমি আর একটা পয়েন্ট-এর বিষয়ে বলতে চাই এই বিলে কন্সটিটিউসানাল কোনডেড লক আছে কিনা সেই বিষয়ে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা জানি যে রাজ্যপালের পার্মিসনের প্রয়োজন আছে, য়্যাসেণ্টের প্রয়োজন আছে।

এই বিলে দেখতে পাওয়া যাচ্ছে যে এক্সপেনডিচার ইনকার্ড করছে, অতএব এই ক্ষেত্রে আজকে ২০৭ এর ১নং যে আর্টিকেল কনষ্টিটিউশনের সেই অনুসারে একটা পার্মিশন নিতে হবে এবং ২০৭ (৩) এতে পার্মিশন নিতে হবে। এখানে পার্লামেণ্টে একই বিধান আছে, স্যার, আপনি ত জানেন নিশ্চয়ই সেই কথা বলে এই হাউসের আর বেশী সময় নিতে চাই না। কিন্তু এখানে কি বলছে? এখানে এই কথাই বলা হয়েছে যে—"A Bill or amendment making provision for any of the matters specified in sub-clauses (a) to (f) of clause (1) of article 199 shall not be introduced or moved except on the recommendation of the Governor, and a Bill making such provision shall not be introduced in a Legislative Council'

ঠিক আর একটা আছে ২০৭ (৩) এ 'A Bill which, if enacted and brought into operation would involve expenditure from the Consolidated Fund of a State shall not be passed' by a House of the Legislature of the State unless the Governor

has recommended to that House the consideration of the Bill". এইদিকে আমি যদি এ্যাসেণ্ট নেওয়া হয়ে থাকে এবং নেওয়া হয়েছে সে বিষয় সন্দেহ নেই কিন্তু আমরা যারা এখানে লেজিসলেটার আছি আমাদের এই বিষয় কিউরেবেল করা উচিৎ।

]2-50—3-00 p.m. ]

এবং আমি মনে করি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা পয়েণ্ট আউট করে এই আইনের বৈধতার কথা সামনে রেখে এবং গভর্ণরের ২০৭ (১) আর্টিকেল এবং ২০৭ (৩) এ এ্যাসেণ্টে যদি নেওয়া হয়ে থাকে তাহলে নিশ্চয়ই তা যথাযথ হয়েছে এবং যদি না হয়ে থাকে তাহলে সেই বিষয় আইন সঙ্গত ব্যবস্থা গ্রহণ করা দরকার। এর পরে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামান্য সময় নিতে চাচ্ছি, আপনি একথা জানেন ঠাকুরপুকুর পশ্চিম বরিষা বলে একটি চেকপোষ্ট আছে, সেখানে কিছুদিন আগে এইরকমভাবে চেকের যে ব্যাডা আছে তা ভেঙ্গে চলে গেল সমস্ত ট্রাকওয়ালারা, গুণ্ডামী করে বেরিয়ে চলে গেল। সেখানে যে কর্মচারীরা ছিল তারা পুলিশের কাছে গিয়ে খবর দিলে, যদি মাননীয় মন্ত্রিমহাশয় একবার খবর নিয়ে দেখেন তাহলে দেখবেন এই সমস্ত কর্মচারী যারা জঙ্গলের মধ্যে প্রায় পড়ে থাকে, অসহায় অবস্থায় পড়ে থাকে তাদের জন্য আজ পর্যন্ত একটা লোককে ধরা হয়েছে কি? কেস ত হল, ডায়রি হল, কিন্তু একট লোককে ধরা হল না কেন? এ কোন ধরণের অবস্থা? অতএব এদিকে একটু নজর দিতে হবে। যারা দুবিত্তদের সামনে দাঁড়িয়ে যুদ্ধ করছে, ঐ খানে দাঁড়িয়ে দেখবেন মাঠের মধ্যে অন্ধকারে রাত্রি ২।। টার সময় গাড়ী হুহু করে চলে আসছে, মদ খেয়ে, ভাং খেয়ে চলে আসছে, তখন তারা কিছু মানে না, ঐ জায়গায় দাঁড়িয়ে পুলিশ ও কর্মচারীদের যুদ্ধ করতে হয়, তাদের দিকে একটু ভাল করে নজর দিন, নজর দিয়ে তারা যাতে সুস্থভাবে থাকে, তারা যেন প্রটেকশন পায়, পুলিশরা সেখানে যেন সজাগ থাকে। শুধু ঘুস খাবো আর টাকা পকেটে পুরবো, আর ১২ কোটি টাকা সরকারের কাছে দিয়ে ২৫ কোটি টাকা এই কাণ্ড করে নেবো, গৌরী সেনের টাকা, এইভাবে চলতে পারে না। তাই আমি মনে করি এই টাকা যেন সুষ্ঠভাবে রূপায়িত হয় সেই দৃষ্টিভঙ্গী নিয়ে যেন দেখা হয়। কর্মচারীদের প্রতি যাতে যথাযথভাবে নজর দেওয়া হয় এবং সেখানে যদি আলো জোরদার করা হয় চেকপোষ্টগুলিকে তাহলেপর এই ১২ কোটি টাকার জায়গায়—আমার ইনফরমেশন যে এখনি যদি ইচ্ছা করেন তাহলে এক মাসের মধ্যেই ফল লাভ করতে পারবেন। অতীতে এই দপ্তরের ক্ষতি হচ্ছিল এখন লাভ হচ্ছে। এই দপ্তর থেকে ৪০ কোটি টাকা আয় হতে পারে যেখানে ১২ কোটি টাকা আয় হচ্ছে আমি একথা আপনার সামনে বলতে পারি, এই ইনফর্মেশন দিতে পারি। কাজেই বিভিন্নভাবে চুরির যে পথ সেই পথ আপনারা বন্ধ করুন। এই যে ট্রাক চলে আসছে এই ট্রাকের উপর ছয় টন, সাত টন করে মাল থাকে অথচ হিসাব দেখিয়ে দিলেন, সাবমিট করে দিলেন যে ১ টন মাল আছে। আপনাদের ওজন করার যন্ত্র নেই, ওজন না করলে ত শুনবে না সেইরকম কোন ব্যবস্থা নেই। এইগুলিই ত চরম ফাঁকি দেওয়ার জায়গা। এই দিকে আপনাদের নজর রাখতে হবে। এই প্রসংগে আর একটা কথা উঠছে, এই হাউসে, এণ্ট্রি ট্যাক্স আর এক্সজিট ট্যাক্স। এক্সজিট ট্যাক্স গ্রামের মানুষগুলির উপর গিয়ে পড়ছে। আপনি দয়া করে, অন্তত: মাননীয় সদস্যরা যে কথা বলছেন, যদি ওখান থেকে পন্যদ্রব্য যেটা এখান থেকে বেরিয়ে যাবে, গিয়ে দেখবেন সেখানে গ্রামের যারা কুলি কাবাড়ি, গ্রামের যারা মজুর, যারা ক্ষেত মজুর তাদের

ঘাড়ের উপরে চাপবে। কিন্তু আপনি যে ট্যাক্স বৃদ্ধি করলেন কোন কোন আর্টিকেলের দ্রব্যমূ বাড়বে, আর বাড়বে না এটা কি আপনি বেঁধে দিয়েছেন? এখানে আসলে ট্যাক্স যা করছে সেটা গরীবের উপরেই গিয়ে পড়ছে। আপনাকে বলে দিতে হবে যে এর উপর আমি ট্যা করলাম বটে কিন্তু এই আর্টিকেটেলর দাম বাড়বে না - একথা বলতে হবে। এই আর্টিকেলে উপর ট্যাক্স করলাম এবং এই আর্টিকেলের দাম বাড়বে। আপনাকে এই সব ক্যাটিগোরিক্যা বলে দিতে হবে। কাজেই এই আইন খানিকটা অপূর্ণ, এই আইন অসমাপ্ত. এই আইনের মে অনেক ত্রুটিবিচ্যুতি আছে, এই আইনকে ভাল করে ঢেলে সাজাতে হবে। যখন ছয় সপ্তাহে মধ্যে এই আইন আপনার পাশ করিয়ে দেওয়া দরকার তারজন্য যখন এটা এনেছেন তখন এ প্রয়োজনীয়তা নিশ্চয়ই চিন্তা করে এটা পাশ করা দরকার। কিন্তু এখানে এমন কতকগুলি ফাঁব রয়েছে যে ফাঁকের মধ্যে দিয়ে সাধারণ খেটে খাওয়া মেহনতি মানুষ, গরীব মানুষ, এরা সমং ট্যাক্সড হয়ে যাচ্ছে এদের রেহাই দিতে হবে। এবং তারজন্য আপনাকে ক্যাটিগোরিক্যা বলে দিতে হবে যে এই আর্টিকেলগুলির উপর এই ট্যাক্স করলাম কিন্তু এইগুলিতে দ্রব্যমূল্য বাড়ে না। কিন্তু তা যদি না করেন তাহলে পরোক্ষভাবে জনসাধারণ অত্যাচারিত হবে। আমি মে করি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এইদিকে আকৃষ্ট হয়েছে এবং এই কথা বলে আমি আমার বক্তব শেষ করছি।

**শ্রীতুহিন কুমার সা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিল আসছে, বিল আমরা পাশ করছি। আজকে আমার সৌভাগ্য হল এমন একটা ডিপার্টমেন্টের বিলের উপর আলোচন করতে যে ডিপার্টমেন্ট। হল একটা চুরির ডিপার্টমেন্ট। সেখানে কাঁচা পয়সা আছে এবং সেই কাঁচা পয়সা দু'হাতে লুঠ যাচ্ছে, এই হল এই ডিপার্টমেন্টের অবস্থা। এন্ট্রি ট্যাক্স ব্যাপারে আমার কিছু অভিজ্ঞতা আছে। আমি ষ্ট্যাটিস্টিক্স নিয়ে দেখেছি বছরে এখানে আয় হয় নয় কোটি টাকা এবং খরচ হচ্ছে ৫০ লক্ষ টাকা। আমরা জানি যে রাস্তায় যে ট্যাক্সী এবং জীপ চলে তার প্রত্যেকটিতে পাঁচ টাকা করে নেয়। জি টি রোডের ধারে যদি ট্যাক্সী গুণতে থাকি, তাহলে দেখব শুধু নয় কোটি কেন, ৩০।৪০ এমন কি ৫০ কোটি টাকা আয় হতে পারে। অথচ দেখানো হয় মাত্র নয় কোটি টাকা আয়। এত গাড়ী মালপত্র নিয়ে আসে যে নয় কোটি টাকা কেন আরও অনেক বেশী আয় হতে পারে। এটা সকল সভাই জানেন। তাই স্পীকার মহাশয়, আমার অনুরোধ যে আগে যন্ত্রটাকে ঠিক করুন। সি এম ডি এ এবং এ্যাড্জেসেন্ট যে সমস্ত বিভিন্ন মিউনিসি- প্যালিটি আছে তারজন্য ব্যয় করতে হয় করুন, কিন্তু এই এন্ট্রি ট্যাক্সের যে আসল উদ্দেশ্য -- সরকারী খাতে টাকা জমা পড়বে না যদি না আপনারা যন্ত্রটাকে ঠিক করে রাখেন। আমার কিছু তথ্য জানা আছে। এস কে বসু মহাশয়, ১৯৬৭ সালে রিটায়ার করেন, তারপর পাঁচ বছরের জন্য এক্সটেনশন পান, তিনটি ডিপার্টমেন্টের ডিরেক্টার, এন্ট্রি ট্যাক্স কমিশনার, স্পেশ্যাল অফিসার অব ফাইনান্স, তাঁর কাছে অনুরোধ যে তিনি সুচারুরূপে এই ডিপার্টমেন্টটাকে পরিচালনা করুন যাতে গভর্ণমেন্ট খাতে বেশী টাকা আসে-তার বন্দোবস্ত করুন। আমরা দেখেছি যে সমস্ত কর্মচারী আছে তারা কি অবস্থার মধ্যে পড়ে থাকে। আসল কথা যন্ত্রটাকে ভাল করা চাই, টাকা অবশ্য আসে কিন্তু তারজন্য আরও অনেক সাব ইন্সপেক্টার দরকার, আরও অনেক পেট্রোলম্যান দরকার, আরও অনেক ক্লার্ক দরকার, দু'চার জন লোক কোন রকমে কাজ চালাবে তা হতে পারে না। আর তা যদি হয় তাহলে আমাদের যে লক্ষ্য তা পূরণ হতে পারে না। কিছু দিন আগে রাষ্ট্রপতির শাসনে কিছু সাব ইন্সপেক্টার নিয়োগ করা হয়েছে,ফায়ার সার্ভিস থেকে লোক নিয়ে এসে। কেন?

বাংলাদেশে কি আর সৎ যুবক ছিল না ? কেন ফায়ার সার্ভিস থেকে লোক আনতে হবে ? আমি আরও জানি এখনও আরও ১৫০ জন সাব-ইন্সপেক্টারের ন্যূনতম প্রয়োজন রয়েছে। বহু পেট্রোল-ম্যান দরকার, ক্লার্ক আরও বহু নিয়োগ করা হতে পারে। তাই আমি বলি আগে যন্ত্রটাকে ঠিক করুন তাহলে এনট্রি ট্যাক্সের জন্য কর্তব্য যথাযথ পালিত হবে, তাহলে সরকারের অনেক লাভ হবে, এটাই আমার ধারণা। গরীবদের সম্বন্ধে এবার বলি, আমরা জানি হাওড়া ষ্টেশন দিয়ে গাড়ীতে চড়ে বহু লোক ফাষ্ট ক্লাসে আসে, সঙ্গে নিয়ে আসে গয়না এবং বহু দামী দামী জিনিষ কিন্তু তাদের ট্যাক্স কবে না। অনেক লোক গাড়ী করে হাওড়া দিয়ে কলকাতার ভিতরে চলে আসে। যদি আপনাদের যন্ত্রের ভিতর ফুটো থাকে তাহলে কোন কিছু হবে না, সেজন্য আগে সেই ফুটো বন্ধ করার বন্দোবস্ত করতে হবে। মগরা দিয়ে বহু লরী চলে, সেখানে পুলিশ অফিসার সেই গাড়ী অন্য দিকে যাবার ব্যবস্থা করে দেয়, হাওড়া ষ্টেশনেও অনেক গাড়ী আসে, সেই গাড়ীতে অনেক মাল আসে কিন্তু সেই সবের টাকা গভর্ণমেন্টের হাতে আসে না। সেজন্য এই সমস্ত ফাঁকগুলি যদি বন্ধ করতে পারেন তাহলে সরকারের আয় বাড়বে।

সরকারের ব্যয়ের কথা একটু বলি। সি এম ডি এ যা করবেন তাতে কলকাতার লোক কিছু গাড়ী চড়বে, মেট্রোপলিটান এরিয়াতে ইলেকট্রিক লাইট নিশ্চয়ই পাবে। আমি গ্রামবাংলার লোক, বর্ধমানে রাস্তায় লাইট নাই বলে মানুষের সেখানে কি দুর্দশা। সেজন্য যে টাকা গভর্ণমেণ্ট এই এনট্রি ট্যাক্স করে পাবে তা সমস্ত কলকাতার জন্যই খরচ হবে এ যুক্তি আমি মানতে পারি না। তাই যে সমস্ত জায়গা থেকে কলকাতায় প্রবেশ পথ আছে, সেই সমস্ত জায়গায় যে মিউনিসিপ্যালিটি আছে সেখানেও যাতে এই এনট্রিট্যাক্সের টাকা ব্যয় হয় তার জন্য আমি সরকারের কাছে আবেদন জানাব। এই এনট্রি ট্যাক্সের ব্যাপারে আমার আর একটি বক্তব্য হচ্ছে সি. এম. ডি এ-তে ব্যয় করবার পর কোলকাতার মধ্যে বেকার ছেলেদের যাতে এনট্রি ট্যাক্স এরিয়ায় পরিকল্পিত উপায়ে সুবিধা দেওয়া যায়, ফ্যাক্টরী করা যায় তার দিকে আপনারা নজর দিন।

[3-00—3-10 p.m. ]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পণ্য প্রবেশ কর সম্বন্ধে গতকাল আলোচনা হয়েছে এবং অনেক মাননীয় সদস্য এই বিলটি বাস্তবসম্মত হয়েছে কিনা সে সম্বন্ধে সংশয় প্রকাশ করেছেন। আমি আমাদের বিত্ত মন্ত্রিমহাশয়কে মনে করি না তিনি একজন নিরাসক্ত বৌদ্ধ শ্রমণ, তাঁর বিত্তজ্ঞান বেশ পাকা। এই পণ্য প্রবেশ কর সম্বন্ধে তিনি যে কথা বলেছেন তাতে দেখেছি তিনি মুড়ি মিছরির দর একই করেছেন। এই এন্টি ট্যাক্স সম্পর্কে আমরা দেখছি গরীব এবং সাধারণ মানুষের যে সমস্ত পণ্য কাজে লাগে সেই সমস্ত পণ্যের উপর যে পরিমাণ কর চাপানো হয়েছে ধনীরা তাঁদের বিলাস বহুল অট্টালিকায় যে জিনিস ব্যবহার করেন তার উপরেও ওই একই হারে ট্যাক্স চাপান হয়েছে। অর্থাৎ আমরা দেখছি বঙ্কিমচন্দ্রের হাসিম শেখ এবং রামা কৈবর্তের অবস্থার কোন হেরফের হচ্ছে না, তারা এই করের বেড়াজালে ছটফট করছে, উদ্ধারের কোন উপায় নেই। অর্থমন্ত্রিমহাশয় তাঁর ভাষণে বলেছেন মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশে যে পণ্য প্রবেশ কর আছে তার চেয়ে এখানে ট্যাক্স কম। সেটা আমি মানি। কি কাজের জন্য এই ট্যাক্স নেওয়া হচ্ছে না, কোলকাতার যানবাহান সুন্দর করা হবে, কোলকাতার

আবর্জনা দূর করা হবে, বস্তীর উন্নয়ন করা হবে। অর্থমন্ত্রিমহাশয় বলেছেন ১৯৭১-৭২ সালে ৯ কোটি ৪০ লক্ষ টাকা আদায় হয়েছে। কিন্তু আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে ট্যাক্স নেওয়া হচ্ছে এবং খরচ করা হচ্ছে তাতে কি কোলকাতা আবর্জনামুক্ত হয়েছে, কোলকাতা কি সুন্দরী সুস্মিতা-রূপ ধারণ করেছে ? সংস্কৃত মহাকাব্য থেকে চলন্তিকা, কলহাসিনী প্রভৃতি ভাল ভাল নাম নেওয়া ছাড়া রাষ্ট্রিয় পরিবহণের ক্ষেত্রে আর কি হয়েছে ? এগুলি যে আসলে যানবাহনের ক্ষেত্রে উপযোগী নয় সেটা আমরা জানি। কোলকাতায় ট্যাক্সী পাওয়া এক দুরূহ ব্যাপার অথচ সুন্দরবনের বাঘের দুধ মেলে। কোলকাতা সম্বন্ধে ভাবা হচ্ছে এটা আনন্দের কথা, কিন্তু মনে রাখা দরকার কোলকাতা সারা পশ্চিমবাংলা নয়। রবীন্দ্রনাথ বলেছেন, "মুখে এসে রক্ত জমা হচ্ছে এবং মুখে রক্ত জমা হওয়া স্বাস্থ্যের লক্ষণ নয়"। আমরা দেখছি যে ট্যাক্স আদায় হবে তা থেকে কোলকাতার সি. এম. ডি. এ-র জন্য ৫০ ভাগ দেওয়া হবে এবং কোলকাতা কর্পোরেশন এবং অন্যান্য মিউনিসিপ্যালিটির জন্য ৫০ ভাগ দেওয়া হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন কি, পুরুলিয়ার রঘুনাথপুর মহকুমা শহরের মিউনিসিপ্যালিটিতে জলসরবরাহের ব্যবস্থা নেই ? দুর্গত, খরাক্লিষ্ট পুরুলিয়া জেলার কথা যে রাজ্যপালের ভাষণে বারংবার বলা হয়েছে সেটা কি কাগজের দরদ, না বাস্তব দরদ সেকথা আমি বুঝতে পারছি না। আমরা জানি পণ্য কর সাধারণ মানুষের কল্যাণের জন্য খরচ করা হচ্ছে এবং বোম্বের মত ১৪ কোটি কেন, এটা যদি ৪০ কোটি টাকা আদায় হয় তাহলে আমরা খুসী হব। কিন্তু আমরা দেখছি কোলকাতা থেকে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার পণ্য যেটা বিহার, ইউ. পি., এবং পাঞ্জাবে চলে যাচ্ছে তারজন্য কোন ট্যাক্স ধার্য করা হবে না। এগুলি যদি ধার্য করা হোত তাহলে আমরা অনেক কল্যাণ এবং উন্নয়ন করতে পারতাম। মাননীয় স্পীকার মহাশয়, প্রগতিশীল কর নীতি বলে যার বেশী কর দেবার ক্ষমতা আছে তার কাছ থেকে বেশী করে কর নেওয়া হোক। কিন্তু আমাদের অর্থমন্ত্রিমহাশয় যেভাবে কর ধার্য করেছেন তাতে দেখতে পাচ্ছি এই করের বোঝা পরোক্ষভাবে বুমেরাং হয়ে পড়বে সাধারণ মানুষের ঘাড়ে এবং তাদেরই সেই বোঝা বহন করতে হবে।

অর্থাৎ আমি আবার পুনরাবৃত্তি করছি, সেই হাসিম সেখ, রামা কৈবর্ত্ত, গোবিন্দ বাউড়ি এবং রমা চামার, তাদের সেই ট্যাক্সের বোঝা বহন করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেইজন্য বলছিলাম এই ট্যাক্স যেটা তিনি গ্রহণ করেছেন, সেটায় আত্মপ্রসাদ লাভ করা যেতে পারে যে আমরা ট্যাক্স নিচ্ছি—কর নিচ্ছি এবং কর এমনভাবে নিচ্ছি যাতে হয়তো সেই করের বোঝা পড়বে ব্যবসায়ীদের উপর বিত্তশালীদের উপর। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যবসায়ী এবং বিত্ত-শালীরা আমাদের বিত্তমন্ত্রীর চাইতেও কম বুদ্ধিমান নয়, তাঁরা জানেন কি করে সেই ট্যাক্সের বোঝা হাসিম সেখ এবং রামা কৈবর্ত্তের ঘাড়ে চাপিয়ে দিতে হয়। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে পণ্য প্রবেশ কর, এই পণ্য প্রবেশ করকে নীতিগতভাবে নিশ্চয়ই সমর্থন করছি কিন্তু সেই সঙ্গে সঙ্গে অত্যন্ত বেদনা এবং দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি আমাদের অর্থমন্ত্রী এবং মন্ত্রিমণ্ডলী, তাঁরা কিন্তু এই বিলগুলো আনয়ন করার সময় সবক্ষেত্রে বাস্তব দৃষ্টিভঙ্গীর পরিচয় দিচ্ছেন না। বাস্তব দৃষ্টিভঙ্গী যদি দেওয়া যায় তাহলে এই যে বিল আনা হয়েছে, এই বিলের দ্বারা অনেক বড়লোকের উপর বেশী কর বসানো যায় এবং এই বিলের দ্বারা শহরে বেশী টাকা আদায় করা যায় এবং সত্যকারের কলকাতাকে সুন্দর করা যায় এবং কলকাতার সঙ্গে সঙ্গে সারা পশ্চিমবঙ্গকে সুন্দর করা যায়। যাই হোক স্পীকার মহাশয়, আমি নীতিগতভাবে এই বিলটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী এই বিধানসভায় সমস্ত সদস্যদের সামনে যে বিল উপস্থাপিত করেছেন তার নামকরণ করা হয়েছে—The taxes on entry of goods into Calcutta Metropolitan Bill, 1972. অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি নামকরণের কিছুটা ত্রুটিবিচ্যুতি আছে, এই নামকরণটা পালটে যদি ট্যাক্সেস ফর করাপশন বলা হতো তাহলে বোধ হয় বিলটার যথাযথ নামকরণ করা হ'ত বলে আমার মনে হয়। কারণ এই বিলের মধ্যে দিয়ে একদিকে যেমন ভারতবর্ষ স্বাধীন হবার পর—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই পশ্চিম-বাংলায় বিভিন্ন মতাদর্শের পার্থক্য থাকা সত্ত্বেও বিভিন্ন রাজনৈতিক দলের সম্মিলিত শক্তি ক্ষমতায় আসীন হয়েছে, অথচ প্রতিটি সরকার মুখে গণতান্ত্রিক সমাজতন্ত্রের প্রতিষ্ঠার কথা বলেছেন, মুখে অর্থবৈষম্য দূরীকরণের কথা বলেছেন, মুখে অগণিত গ্রামবাংলার উন্নয়নের কথা বলেছেন কিন্তু লজ্জার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি এই বিলের মাধ্যমে শুধু মাত্র এই কলকাতা শহরের কোটিপতি এবং পুঁজিপতিদের উপর সুদৃষ্টি দেওয়া হয়েছে আর গ্রামাঞ্চলের অগণিত মানুষকে যাতে আরও বেশী করে আর্থিক শোষণ করা যায় তার একটা যন্ত্র সৃষ্টি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই স্বীকার করবেন এই বিলের মাধ্যমে গ্রামাঞ্চলে এর বিষয় যদি একটা পয়েন্ট আউট করি, যারা গুড়তৈরী করছে, যারা অন্যের জমিতে নিজের রক্ত বিসর্জন দিয়ে আখ উৎপাদন করে, সেই আখ-এর রস নিংড়ে গুড় তৈরী করছে, অথচ তারা সেই সমস্ত গুড় নিজেদের বাড়ীতে নিয়ে যেতে পারছে না। মহাজনদের কাছে বিক্রি করতে বাধ্য হচ্ছে। সেই গুড়ের উপর অধিক ট্যাক্স বসিয়ে ঐ গ্রামবাংলার যারা খেটে খাওয়া মানুষ, তাদের উপর আরও বেশী করে শোষণ করা হচ্ছে। অথচ যারা মার্বেল পাথরে বাঁধানো ঘরে কলকাতায় বসবাস করেন, সেই সমস্ত কোটিপতি, পুঁজিপতিদের ত্থ পারসেন্ট কর বসিয়ে দিয়েছেন, এটা কোন ধরনের গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠা তা আমরা উপলব্ধি করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে অনুরোধ করছি এই বিলকে আপনি নিজের বিবেচনার শক্তি দিয়ে বিচার করুন। অন্যান্য আমাদের যারা পূর্ববর্তী বক্তারা অবহেলিত গ্রামবাংলাকে দীর্ঘদিন ধরে—২০।২৫ বছর ধরে প্রতিটি সরকার কিভাবে শোষণ করেছেন একবার চিন্তা করুন। আজকে বিভিন্ন গ্রামাঞ্চল থেকে আগত সদস্যদের এই সম্পর্কে যে ক্ষোভ তা তাঁরা প্রকাশ করেছেন। আমি আজকে সমস্ত সদস্যদের আহ্বান জানাচ্ছি—আসুন, ক্ষোভ নয়, দ্বিধা নয়, দন্দ্ব নয়, প্রতিটি গ্রামাঞ্চলকে গড়ে তোলার জন্য গ্রামবাংলার মানুষ যাঁরা আমাদের নির্বাচনে জয়যুক্ত করেছেন, তাঁদের আমরা যে প্রতিশ্রুতি দিয়ে এসেছি তারা আমাদের উপর যে দায়িত্ব অর্পণ করেছে, সেই দায়িত্ব আমরা যথাযথভাবে পালন করি। এগিয়ে আসুন আমরা অর্থমন্ত্রীর কাছে এই দাবীটুকু পৌছে দিই। অর্থমন্ত্রীর কাছে যে টাকা আদায় হবে সেই টাকার ৫০ পারসেন্ট অন্ততঃপক্ষে খরচ হবে গ্রামাঞ্চলের রাস্তাঘাট-এর ব্যাপারে। শুধু তাই নয়, আমরা দেখেছি ইতিপূর্বে গ্রামাঞ্চলের রাস্তাঘাট নির্মাণের জন্য মাত্র ৪ কোটি টাকা ব্যয়িত হয়েছে।

[ 3-10—3-30 p.m. including adjournment ]

অধ্যক্ষ মহাশয়, সি, এম, ডি, এ, পরিকল্পনার মাধ্যমে কলকাতা শহরের রাস্তাঘাট হচ্ছে, তাতে মন্ত্রিমহাশয়দের এবং বড় বড় পুজিপতির গাড়ী যাবে তার ফলে টায়ার যাতে নষ্ট না হয় যাতে সেই রাস্তায় আমাদের মত এম, এল, এদের মুখগুলি দেখতে পাওয়া যায় তার জন্য কলকাতা শহরের রাস্তাঘাটের উন্নতি করা হচ্ছে। অথচ গ্রামাঅঞ্চলে রাস্তার উন্নতি করার জন্য সমগ্র পশ্চিম-বাংলার জন্য মাত্র চার কোটি টাকা ধার্য্য করা হয়েছে। সি, এম, ডি, এ, টাকা দিচ্ছে, জাতীয়

উন্নতির জন্য টাকা দিচ্ছে, কলকাতা শহরের উন্নতি হচ্ছে ভাল কথা, কিন্তু কেন কোন অপরাধে গ্রামের মেহনতী মানুষ তারা তাদের রোগীকে, মৃত্যুপথযাত্রী রোগীকে ১৪।১৫ মাইল দূরে হাসপাতালে পৌছে দিতে পারে না রাস্তা নেই বলে? হাসপাতালে পৌছাতে না পারার জন্য রোগী মারা যায়। তাই আপনার মাধ্যমে সরকারের কাছে মাননীয় অর্থমন্ত্রির কাছে আমার অনুরোধ আপনি এই বিলকে প্রত্যাহার করে নিন। এবং তা নাহলে অন্তত এইটুকু সংস্থান করুন যে গ্রামবাংলার লোকে শতকরা ৫০ টাকা পাবে, তাদের জন্য খরচ করা হবে। যদি তা না হয় তাহলে আপনার কাছে আমি প্রস্তাব রাখছি এর পরে শুধু মাত্র কলকাতায় প্রবেশ কর দিতে হবে না, মিউনিসিপ্যালিটি এই মিউনিসিপ্যাল এলাকাগুলিতে উত্তরবঙ্গ থেকে আরম্ভ করে কলকাতা পর্যন্ত জি, টি, রোডের উপর যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেই সব মিউনিসিপ্যালিটি গুলির প্রত্যেকটিতে মিউনিসিপাল এ্যানট্রেনস ট্যাক্স বসান হউক এবং প্রতিটি মিউনিসিপ্যালিটিতে এ্যানট্রেনস ট্যাক্স বসিয়ে আমরা আমাদের গ্রামাঞ্চলের উন্নয়নের পরিকল্পনার দিকে লক্ষ্য রাখব। যদি সরকার আমাদের প্রস্তাব প্রত্যাখ্যান করেন তাহলে কলিকাতা মেট্রোপলিটন উন্নয়ন পরিকল্পনা বন্ধ করতে সরকার বাধ্য হবে। আশা করি আমাদের এই প্রস্তাব সরকার গ্রহণ করবেন। আর একটা সামান্য নমুনা আপনার কাছে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাখতে চাই যে, মগরাহাটে যে স্থানে ট্যাক্স গ্রহণ করা হচ্ছে সেখানকার সম্বন্ধে যদি সরকার সচেতন থাকতেন তাহলে শহর কলকাতার জন্য আদায়ীকৃত ১২ কোটি ৫৩ লক্ষ ৬৩ হাজার ২৬৭ টাকার মধ্যে কত কোটি টাকা খরচ করা হয়েছে এই স্থানের জন্য। যে সমস্ত সদস্য এই প্রপার প্লেসটা দিয়ে নিজেদের গাড়ীতে গিয়েছেন, নিশ্চয়ই তারা উপলব্ধি করতে পারবেন এবং নিশ্চয়ই তাঁরা আমাকে সমর্থন করবেন যে, সেই মগরার জন্য আজ পর্যন্ত ১ পয়সাও খরচ করা হয়নি। কারণ সেটা নগর কলকাতা থেকে অনেক দূরে। সেখানকার মানুষ রাস্তায় হাজার কষ্ট পেলেও এই কষ্ট সরকারের বুকে লাগবে না। এই কষ্ট তো আর বিদেশের মানুষ দেখতে পাবে না, বুঝতে পারবে না। বিদেশের মানুষ নগর কলকাতা দেখবেন, নগর দিল্লী দেখবেন, সুতরাং সেটাকে সুসজ্জিত করতে হবে, আর গ্রাম বাংলার খেটে খাওয়া মানুষ দিনের পর দিন অবহেলিত থাকবেন। আমি আশা করব আমাদের জনপ্রিয় সরকার তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্ত্তন করবেন। আমি আশা করব আমাদের জনপ্রিয় সরকার গ্রাম বাংলাকে বাঁচাবেন। আমি অনুরোধ করছি তাই এগিয়ে আসুন সরকারকে সচেতন করে গড়ে তুলুন।

(At this stage the House was adjourned for 20 minutes.)

[ 3-30—3-40 p. m. ]

**শ্রীসরোজ কুমার দাস :** স্পীকার স্যার, আপনার মাধ্যমে বিশেষ করে আমি মন্ত্রিমহাশয়ের নজরে একটা জিনিস আনতে চাই। আজকে এই বিলের আলোচনায় হাউসের বেশীর ভাগ, যা তাদের মনোভাব প্রকাশ করেছেন, এবং যে ধারায় আলোচনা হচ্ছে, নতুন কোনের দৃষ্টি পরিচয় যা দিয়েছেন সেটা হচ্ছে এই বিলকে কিভাবে প্রয়োগ করবেন ইত্যাদির দিকে লক্ষ্য রাখা উচিত। হাউসের যে দিকে মনোভাব প্রকাশিত হয়েছে সেটা পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে সেদিক থেকে আমি এখানে একটু বলতে চাই। প্রথম হোল ট্যাক্স নিশ্চয় করতে হবে—সরকার পরিচালনা টাকার দরকার আছে এবং সেজন্য ট্যাক্সের দরকার আছে। কিন্তু একটা প্রগ্রেসীভ গভর্ণমেণ্ট সে কি ধরণের ট্যাক্স করবে? পূর্বে যে ধরনের ট্যাক্স হোত যদি আগেকার দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়ে থাকে সেইরকমভাবেই ট্যাক্স হবে এবং তার দৃষ্টিকোণটা সেদিকে থাকা উচিত। তাই আমি সেই ধারণা নিয়েই বলছি যে এই ট্যাক্স ইনডিরেকটলি জনসাধারণের উপর পড়বে—জনসাধারণকেই এই ট্যাক্স দিতে হবে। সেদিক থেকে পূর্বে যে সমস্ত জিনিসের উপর ট্যাক্স ছিল সেটার পরিবর্তন

হওয়া দরকার। অর্থাৎ সাধারণ মানুষের যেগুলি নিত্য প্রয়োজনীয় জিনিস তার উপর থেকে ট্যাক্স তুলে দেওয়া চাই। তা তুলে দিয়ে এমন কতকগুলি জিনিস আছে যেগুলির উপর ট্যাক্সের পারসেনটেজ বাড়িয়ে দেওয়া যায় এবং তাহলে অনেক টাকার অঙ্কও বেড়ে যাবে। কোন কোন বায়গায় পারফিউমড অয়েল বা যে সমস্ত জায়গায় সিনেমা ফিলম আছে এই রকম আরও অনেক আছে যে গুলির উপর যেমন বিভিন্ন অটিক্যাল আছে যা বড় লোকরা ব্যবহার করেন যেমন সেফরন বা ফ্লোরিং টাইলস বা মারবল পিসেস এবং মোজাক মারবল, চায়না মোজেক চিপস এগুলির উপর ট্যাক্স বাড়িয়ে দিলে অনেক টাকা আসবে। এগুলি সাধারণত বড় লোক পয়সাওয়ালা লোকেরা ব্যবহার করেন। (এই সর্কজিনিসের উপর) ট্যাক্সের মাত্রা বাড়িয়ে দিন। সাধারণ মানুষের যে জিনিসের প্রয়োজন এমন বহু জিনিস আছে একটু লক্ষ্য করলেই দেখতে পাবেন সেইগুলোর উপর ট্যাক্স তুলে দিন। আবার কতকগুলি জিনিস আছে যেমন মিল্ক প্রডাক্টস তার উপর ট্যাক্স করুন। কিন্তু মিল্কের উপর ট্যাক্স তুলে দিন। তাহলে সাধারণ মানুষের কাছে এটা প্রমাণিত হবে যে নূতন দৃষ্টিভঙ্গিতে ট্যাক্সের নীতি পরিবর্তন করছেন। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে টাকা এর থেকে আসছে এই প্রশ্ন অনেকে তুলেছেন সেটা কলকাতার জন্যই কি কেবল ব্যয় করা হবে? কলকাতার ডেভেলপমেন্টের প্রয়োজন আছে তার উন্নতি করতেই হবে—কারণ কলকাতার উন্নতির সঙ্গে গ্রাম বাংলার সম্পর্ক আছে। কিন্তু কাল থেকে আজ পর্যন্ত যে আলোচনা হচ্ছে তাতে গ্রাম বাংলার প্রশ্ন প্রত্যেক সভ্যই তুলছেন। মন্ত্রিমহাশয় বলবেন হয়তো এখানে গ্রাম বাংলার কথা আসে কি করে—এতো সি এম ডি এ-র কাছে চলে যাবে,টাকা কলকাতার দিকে খরচ হবে তার ভিতর এতে গ্রাম বাংলার প্রশ্ন আসে কেন? একথা ঠিক এতে গ্রাম বাংলার সম্পর্ক নাই - কিন্তু গ্রাম বাংলার কথা কেন উঠেছে? কারণ এটা বাস্তব সত্য, যে প্রাকটিকালি আপনি দেখুন যে গ্রাম বাংলার অবস্থা সত্যই অত্যন্ত খারাপ।

[ 3-40—3-50 p.m. ]

৭৬ ভাগ মানুষ যেখানে গ্রাম বাংলায় বাস করে, যাদের জীবনের সংগে সারা বাংলাদেশের জীবনের সম্পর্ক আছে, সেজন্য আর একটা কথা ভাবা দরকার। টাকা খরচ করছেন, C. M. D. A.-র জন্য, তার মধ্যেই এর থেকে কিছু টাকা গ্রামবাংলায় দেওয়া যায় কিনা যার জন্য অনেকেই দাবী করেছেন। এই টাকার কিছু অংশ গ্রাম বাংলার রাস্তাঘাটের জন্য খরচ করা হচ্ছে, জানলে সারা বাংলা দেশের মানুষ এই আইন সম্পর্কে interested হবে। সেজন্য আজকে এটা practically ভাবা দরকার আছে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, একজন বন্ধু, তুললেন অত্যন্ত যুক্তি সংগত যে যন্ত্রকে দিয়ে এই tax তুলবেন, এই tax এর আইনকে পরিচালনা করবেন that is an organisation, এবং এটা সম্পর্কে কেউ কেউ বিক্ষোভের সংগে বলেছেন এবং সে ভাবে ওই organisation সম্পর্কে বিক্ষোভ প্রকাশিত হয়েছে সেটা খুব অন্যায় নয়। জনৈক সভ্য বিক্ষোভের সঙ্গে বলেছেন, এই আইনের নাম পাল্টে দিয়ে ঘুসখোর আইন নাকি বলা উচিৎ ছিল। যে machinery-র কোন পরিবর্তন হয়নি, যে machinery-র ভিতর নানা রকম corruption আছে সেদিক থেকে আপনারা কি করলেন? এই বিলে এবারে যা দেখলাম আরো কিছু বেশী টাকা খরচ হবে যদি আইন পরিচালিত করতে হয়। টাকা একদিক থেকে বাড়লো কিন্তু যে machinery দিয়ে পরিচালনা করবেন সেটার মধ্যে যে দোষত্রুটি রয়েছে, সেটার পরিবর্তন কি

ভাবে করবেন ? নূতন করে কিছু check post করবেন, অর্থাৎ পুরোনো ধরনের যে সংগঠন, পুরোনো ধরনের যে corrupted organisation আছে সেটাকে আবার একটু বাড়িয়ে দেবেন এটাকে কার্যকরী করতে গিয়ে। সে দিক থেকে এই বিলে পরিষ্কারভাবে কিছু বলা নেই যে আপনারা সংগঠন করবেন কিভাবে, machinery তৈরী করবেন কিভাবে। যেখানে এই টাকা আদায় হবে, সেটা সঠিকভাবে আদায় হবে, সঠিকভাবে কাজে লাগাবে সে বিষয়ে এখানে অনেকে সন্দেহ প্রকাশ করেছেন। এই tax আদায় করবার দায়িত্ব আছে যাদের হাতে, তারা যে পরিমাণ টাকা আদায় করে, এবং ন্যায্যতঃ যা জমা দেয়, সেটা বোধ হয় খুবই সন্দেহজনক ব্যাপার। যেখানে বলছেন নয় কোটি টাকার মত জমা হয়, সেখানে কেউ কেউ আবার বলছেন ১২ কোটি বা ১৪ কোটি টাকা আদায় হয় সেটা যে যার অভিজ্ঞতার কথা এখানে বলেছেন সেটা ভাবা দরকার আছে। নূতন করে যদি ভাবতে হয়, নূতন করে যদি কিছু করতে হয়, নতুনত্বটা যদি জনসাধারণকে বোঝাতে হয় তাহলে শুধু একটা পুরানো আইনকে এনে তার পুরানো সমস্ত form-কে রেখে দিয়ে এখান থেকে পাশ করিয়ে নিয়ে নূতন নূতন কথা বলে পুরানো জিনিষকে রাখার কোনো অর্থ হবে না। নূতন কথা হয়েছে অনেক, অনেক progressive কথা হয়েছে কিন্তু শেষ পর্যন্ত content-এ যদি দেখি যা পূর্বে ছিলো, সেটাই এখানে হলো এবং ভোটে পাশ হয়ে গেলো, নূতন নূতন কথা খবরের কাগজে উঠলো, নূতন নূতন কথা এখানে minute-এ রাখা হল, এর বেশী কিছু হবে না। নূতন যদি করতে হয় তাহলে প্রথম প্রশ্ন হচ্ছে এখানে যে সমস্ত item আছে এর কিছুটা ছেড়ে দিতে হবে, সেটা প্রচারের দ্বারা, জনসাধারণ জানুক পুরানো পথ থেকে এই নূতন Government যে shape করছে, নীতির যা পরিবর্তন করছে, পুরানো নীতি হোক নূতন নীতিতে tax কার উপর করবো, tax কাদের বহন করতে হচ্ছে, কোন শ্রেণীর মানুষকে tax বহন করতে হচ্ছে, কাদের মুক্ত করলাম tax থেকে এই যে outlook, এটা রাখা দরকার। সেটা practically এখানে আনতে হবে, এক নম্বর। দ্বিতীয় নম্বর সংগঠনের ব্যাপার। এটা সম্পর্কে আমি এখানে বলতে চাই এবং আমি seriously মন্ত্রিমহাশয়কে বলছি, যদি আপনি মনে করেন এই বিলকে আবার একটু ঢেলে সাজানো দরকার আছে, তারজন্য যদি দুই দিন সময় নিতে হয়, সেটা খুব ক্ষতি হবে না, এটা ঢেলে সাজানো দরকার আছে। কারণ আমি কাল থেকে লক্ষ্য করছি, যে হাউসে যাঁরা বক্তব্য রেখেছেন যথেষ্ট অভিজ্ঞতা নিয়েই তাঁরা রেখেছেন। অনেক দিনের অভিজ্ঞতা নূতন চিন্তাধারা নিয়ে এসেছেন এবং সে সব কথাই এখানে প্রকাশিত হয়েছে। সেইজন্য আমি আশা করবো মন্ত্রিমহাশয় বিলটিকে সেইভাবে দেখবেন। এইটুকু অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকক্ষণ ধরে এই ট্যাক্স বিলটির উপর আলোচনা চলছে। আমি অনেকক্ষণ ধরে নবীন এবং প্রবীন সমস্ত বন্ধুদের আলোচনা শুনছিলাম। আমি সেই আলোচনার উপর অথবা তার সমালোচনা করতে চাই না। কিন্তু আমি তাদের একটা বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করবার জন্য অনুরোধ করি। দুটি মূল বিচার্য বিষয়ের কথা আমি ওদের কাছ থেকে শুনলাম। একটির ভিত্তি হল প্রগতি মূলক অথবা রক্ষণশীল এটার ব্যাখ্যা ঠিক হচ্ছে কিনা সেটা একটু বিচার করা দরকার। আমরা তো কেউ প্রগতির এজেন্সী নিয়ে বসে নেই অথবা সমস্ত প্রগতিমূলক কথা বলার অধিকার আমাদেরই আছে আর অন্যকারো থাকবে না, এমন কোন কথা নেই। ব্যাখ্যা যদি করা যায় তাহলে দেখা যাবে যে ট্যাক্সের মধ্যে যেটা উত্থাপন করেছেন মাননীয় অর্থমন্ত্রি মহাশয় সেটাকেই বহাল রাখা উচিত। গরীবের উপর ট্যাক্স যদি ধার্য্য করা হয় তাহলে সেটা প্রগতি বহির্ভূত বিশ্বের কোন অর্থনীতি এই

কথা বলে বলে আমি বিশ্বাস করি না। গরীব দেশ আমাদের, এখানে বহু কোটি মানুষ বাস করে। সুতরাং যে দেশের অধিকাংশ মানুষই হচ্ছে গরীব সে দেশের বেশীর ভাগ ট্যাক্সই যা আদায় হবে এবং ধার্য্য করা হবে অর্থনীতির গোড়ার কথাই হল গরীবের উপর সেই ট্যাক্স ধার্য্য হতে বাধ্য। যে কোন দলই এই সরকারের অধিকর্তা হোক না কেন এবং যত বড়ই প্রগতির ধ্বজা ধরুক না কেন তাঁরা বাধ্য হবেন গরীবের কাছ থেকে ট্যাক্স আদায় করতে নতুবা সরকার চালানো সম্ভব হবে না। আলাদীনের প্রদীপের মত তো টাকা কোন সরকারের কাছে আসতে পারে না। ভারতবর্ষের সামগ্রিক চিত্র বিচার করে যদি মাননীয় সদস্যবৃন্দ একটু চিন্তা করেন এবং প্রগতি অথবা রক্ষণশীল এই ব্যারোমিটারে বিচার করেন—আর গরীবের কাছে আদায় হলে সেটা প্রগতির বাহিরে চলে যাবে, রক্ষণশীল সরকারের মনোভাব হবে, গরীবদের উপর ধার্য্য না হয়ে যদি বড় লোকের উপর ধার্য্য হয় তাহলে সেটা সব চেয়ে বড় প্রগতির পরিচয় হবে, এই ব্যারোমিটার ঠিক হতে পারে না। আর দ্বিতীয় নম্বর হচ্ছে এই যে, এটা অত্যন্ত দুঃখের কথা কিছু কিছু মাননীয় সদস্য মহাশয় বলেছেন যাদের সামগ্রিক বিচার হল কলকাতা এবং মফঃসল—আমরা মফঃস্বলের দুঃখের কথা জানি। অনেকে মফঃস্বলের দুঃখের কথা বলে রাজনৈতিক শাসকরা বারে বারে কলকাতার বুকের উপর রাজনৈতিক শোষণ, পশ্চিমবঙ্গের বুকের উপর রাজনৈতিক শোষণ চালিয়ে গেছেন এটা উল্লেখ করেছেন। তার বিচার বিশ্লেষণ হবে না, সচেতন মন নিয়ে বারে বারে আলোচনা করবেন না শুধুমাত্র গ্রামবাংলার দুঃখের কথা বলে নতুন করে হাততালি আর সস্তা বাহাদুরী দেবার জন্য চেষ্টা করবেন এটা ঠিক নয়। কে না জানে গ্রামবাংলার মানুষের দুরবস্থার কথা? এই জানবার সমস্ত অধিকার শুধুমাত্র গ্রামবাংলা থেকে যারা এম, এল, এ নির্বাচিত হয়ে এসেছেন তাদেরই থাকবে, আর আমরা যারা কলকাতা থেকে নির্বাচিত হয়ে এসেছি তারা কি পাপ, অন্যায় করে এসেছি যে আমাদের সেটা জানবার অধিকার থাকবে না তা বুঝতে পারছি না। আমরা তা জানি এবং জানা সত্ত্বেও আমাদের এই সমস্ত ট্যাক্স-এর কথা চিন্তা করতে হবে। এই ট্যাক্স তারাই দিচ্ছে তারা উপভোগ করছে। গ্রামবাংলার মানুষের জন্য যাঁরা দরদ দিচ্ছিলেন তাঁদের কথা অনুসারে বোঝা যাচ্ছে গ্রামবাংলার মানুষের উপর ঐ tax বসাতে হয়। বর্দ্ধমান, বাঁকুড়া জেলায় এই tax বসিয়ে শুধু যদি এই দুটি জেলায় উপভোগ করবার জন্য নির্দ্দিষ্ট করতে হয় তাহলেও তাদের সারা এলাকাটির দাবী থেকে যাবে। এই tax কলকাতা, হাওড়া এবং ২৪-পরগণায় যে ধার্য করা হয়েছে সেটা আগামীদিনে বর্ধমান, মেদিনীপুরের ঐ অঞ্চলে ধার্য্য করা হোক এবং তাদের উদ্দেশ্যেই ব্যয় করা হোক। তাই আমি অনুরোধ করবো গ্রামবাংলার মানুষের দুঃখ-দুর্দশা মোচনের জন্য, তাদের অর্থনৈতিক সমস্যা মোকাবিলা করবার জন্য সামগ্রিক অবস্থা বিচার বিবেচনা করে যদি কিছু নতুন পথের কথা, মঙ্গলের কথা উত্থাপন করতে পারেন করুন তাতে আমার আপত্তি নেই এবং এই tax-এর পরিপ্রেক্ষিতে সরকারের দৃষ্টিভঙ্গী বজায় রেখে আপনারা সেটাকে বিচার করুন। ১৯৭০ সালে ১৮ নম্বর এ্যাক্ট অনুযায়ী প্রেসিডেন্ট রুল পাশ হবার পরে এটা পার্লামেন্টে বিবেচিত হয়েছে। নতুন করে এটা কিন্তু এ্যাডাপ্ট হচ্ছে না। এটা পুনরায় চালু করবার জন্য উত্থাপন করা হচ্ছে। সুতরাং আপনারা এটাকে বিচার করে দেখবেন এবং বিচার করে শুধুমাত্র প্রগতি, রক্ষণশীল মনোভাব অথবা কলকাতা এবং মফঃস্বল এই দুটি শব্দের মধ্যে একে সীমাবদ্ধ না রেখে সি,এম,ডি,এ,-কে যারা tax দিচ্ছে কলকাতা, ২৪-পরগণা, হাওড়া,হুগলীর মানুষ এবং এই সামগ্রিক অর্থের ৫০ ভাগ সি, এম, ডি, এ ও ৫০ ভাগ মিউনিসিপ্যালিটির অন্যান্য উন্নয়ন মূলক খাতে ব্যবহৃত হচ্ছে সেদিক দিয়ে আপনারা এটাকে বিচার বিবেচনা করুন।

[ 3-50—4-00 p.m. ]

আর একটি কথা, যারা কোলকাতা এবং মফঃস্বল বলছেন সেই সমস্ত বন্ধুদের প্রতি পূর্ণ আস্থা এবং সম্মান জানিয়ে বলব, কোলকাতা কি শুধু কোলকাতার মানুষদের উপভোগ করবার জন্যই সীমাবদ্ধ থাকে? বলতে পারেন, মহানগরীর মানুষ কত ভাগ এটাকে উপভোগ করেন আর মফঃস্বলের মানুষ কত ভাগ এটাকে উপভোগ করেন? কোলকাতা এবং অন্যান্য আরবান যদি আজকে সোনার মতন হয়, যদি আমাদের মনের মতন করে সাজানো হয় এই শহর এবং মহানগরী তাহলে এ কি শুধু মাত্র কোলকাতার মানুষের সম্পদ? পশ্চিমবঙ্গের দূরে দূরে যারা বাস করে তাদের সম্পদ নয়? আমাদের গলায় যদি মুক্তার মালা হয়ে কোলকাতা ঝলমল করে তাহলে কি বর্ধমানের কোন এক গ্রামের মানুষের গলায় ঠিক সেইরকমভাবে মুক্তার মত কোলকাতা ঝলমল করবে না? সুতরাং আলাদা করে বা বিচ্ছিন্নবাদী চিন্তা নিয়ে এমনি করে এই এ্যাক্টকে ব্যঙ্গ করবেন না। অত্যন্ত বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে এই এ্যাক্টকে বিচার করুন এই অনুরোধ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখলাম।

**শ্রীশঙ্কর ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল যেটা হাউসের সামনে আনা হয়েছে, এটা প্রথম আসে ১৯৭০ সালে—পার্লামেণ্টে যে কমিটি ছিল সেখানে এটা আলোচিত হয় ১৯৭০ সালে। পার্লামেণ্টে পরামর্শদাতা কমিটিতে এই বিল আলোচিত হয় এবং সেখানে অধিকাংশ সদস্য এই বিলে তাঁদের সমর্থন জানান। কাজেই আজকে এই যে হাউসে বিল এসেছে এটা নতুন বিল নয়। প্রেসিডেণ্ট এ্যাক্ট যেটা হয়েছিল, পার্লামেণ্টের সদস্যরা যে বিলে সমর্থন জানিয়েছিলেন সেই বিলের সময় চলে যাচ্ছিল, প্রেসিডেণ্টস এ্যাক্ট এক্সপায়ার করে যাচ্ছিল তারপরে আমরা অর্ডি-নান্স করেছিলাম। আজকে যাতে সেই অর্ডিনানসের ধারাটা বলবৎ থাকে সেইজন্য বিলটা আনা হয়েছে। কতকগুলি কথা উঠেছে যে এই বিলে সাধারণ মানুষের উপর কোন চাপ সৃষ্টি করা হয়েছে কি না। আমি প্রথমেই বলতে চাই যে এই বিলের যা কিছু ধারা এবং যা কিছু নীতি সেটা পার্লামেণ্টে এর আগে গৃহীত হয়েছে, আজকে আমরা নতুন জিনিষ আনিনি। দ্বিতীয় কথা, কয়েকজন সদস্য কিছু সমালোচনা করেছেন গঠনমূলক সমালোচনাও আছে, তারজন্য আমরা কৃতজ্ঞ এবং এই সমস্ত আমরা আরো পর্যালোচনা করবো, কিন্তু কতকগুলি সমালোচনা হয়েছে যেটা কিছু ভুল বোঝাবুঝির ভিত্তিতে কিছু মাননীয় সদস্য বলেছেন যে সাধারণ মানুষ যে সমস্ত জিনিষ ব্যবহার করেন যেমন দুধ, ছানা, ক্ষীর, ডাব তার উপর এই বিলে কর ধার্য করা হয়েছে। ডাবের কথা প্রথমেই বলি। যখন পুরানো বিল ছিল তখন একটা সংশয় ছিল যে ডাবের উপর কর ধার্য করা হয়েছে কিনা। এটা ফ্রেস ফ্রুট না একটা ড্রিঙ্ক। এটা আমরা এই বিলে পরিষ্কার করে দিয়েছি। 'ব' কোকোনাট বলে একটা আলাদা হেড করেছি এবং তার উপর কর ধার্য করা যায় কিনা সে বিষয়েও এই বিলে বলেছি। অর্ডিনান্স ইস্যু হবার পর যে নোটিফিকেসান হয়েছিল তাতে ডাবের উপর আমরা কর ধার্য করিনি এবং এই বিল পাশ হবার পর আমরা যে নোটিফিকেসান ইস্যু করবো তাতেও আমরা কোন কর ধার্য করবো না। তারপরে ছানা এবং ক্ষীর সম্বন্ধে বলেছেন অনেকে যে এর উপর কর ধার্য করা হবে। আমরা যখন অর্ডিনান্স করেছিলাম তাতে আমরা ছানা এবং ক্ষীরের উপর কোন কর ধার্য করিনি এবং এই বিল পাশ হলে যে নোটিফিকেসান ইস্যু করা হবে তাতেও আমরা ছানা এবং ক্ষীরের উপর কর ধার্য করবো না। আরো একটা সমালোচনা হয়েছে যে সাধারণ মানুষ এই সি, এম, ডি, এ, এলাকাতে যদি জিনিষ আনে তাহলে এই অক্টোবরে—এই কর ধার্য করা হচ্ছে। আমরা বলতে চাই যে

অন্যান্য প্রদেশে বোম্বেতে যে আইন আছে তাতে রয়েছে ১৫০ টাকার মত জিনিস যদি কেউ আনে কিংবা ২০ কেজি ওজনের জিনিস যদি কেউ আনে তাহলে তার উপর কর হবে না, যাতে সাধারণ মানুষের উপর কর না বসে। আমরা সাধারণ মানুষের যাতে অসুবিধা না হয় সেজন্য বোম্বের আইনে যেটা ১৫০ টাকা আছে সেই জায়গায় ৫শো টাকা পর্যন্ত জিনিস যদি সাধারণ মানুষ আনে তার উপর কর ধার্য করব না এবং ২০ কেজি থেকে ৬০ কেজি পর্যন্ত জিনিস যদি আনে তাহলে তার উপর কর ধার্য করব না। আর যে সমস্ত জিনিস সাধারণ মানুষ ব্যবহার করে তার উপর কর ধার্য করছি না, যথা, চাল,ডাল,মাছ, সব্জি, বেবিফুড, দুধ, নুন ইত্যাদি এই সমস্ত জিনিসের উপর আমরা কর একদম ধার্য করছি না। আর যে সমস্ত জিনিস বড়লোকরা ব্যবহার করে তার ভেতর ওয়াইনের উপর সবচেয়ে বেশী কর ধার্য ৭ পাসেণ্ট করা হয়েছে, কনফেকসনারির উপর ৬ পাসেণ্ট, টিনে যে মাছ পাওয়া যায় সেটা বড়লোকদের জন্য তার উপর ৬ পার্সেণ্ট, সফট ড্রিংক যেটা সাধারণ মানুষের জন্য নয় তার উপর ৬ পার্সেণ্ট। সাধারণ মানুষ যে সমস্ত জিনিস ব্যবহার করে যেমন, গুড়, চিনি, এই সমস্ত জিনিসের উপর কম হারে কর ধার্য করা হয়েছে। একটা সমালোচনা হয়েছে যে এই যে করের টাকাটা আদায় হচ্ছে সেটা কেন সি, এম, ডি, এ, এরিয়ার ভেতর খরচ হচ্ছে। এই যে কর আদায় হচ্ছে সেটা সি, এম, ডি, এ-র ভেতর কলকাতা, হুগলী হাওড়, ২৪-পরগণা পৌরসংস্থার ভেতর খরচ করা হচ্ছে। সি, এম, ডি,এ,-র যে এরিয়া তার ভেতর যে জিনিসটা ঢুকছে তার উপর কর বসছে এবং সি, এম, ডি, এ-র ভেতর যে মানুষ আছে তারা বেশী দাম দিয়ে সেই জিনিস কিনছে এবং নিজেদের পকেট থেকে বেশী দাম দিয়ে কিনছে। সুতরাং এই কর থেকে যে টাকা পাওয়া যাচ্ছে সেটা এই এলাকার মানুষের উন্নতির জন্য ব্যবহৃত হচ্ছে। আমরা অন্যান্য জায়গার উন্নতির জন্য এই কর বসাতে পারি, যেমন বর্ধমান, বীরভূম, ওয়েষ্ট দিনাজপুর' সেখানে এই কর চালু করা যায় এবং সেই করের টাকাটা সেই এলাকার মানুষের উন্নতির জন্য ব্যবহৃত হবে সেই বন্দোবস্ত করা যায়। কিন্তু এখানে যেটা বন্দোবস্ত হয়েছে সেটা হচ্ছে সি, এম, ডি, এ, এলাকার ভেতর যে জিনিসটা ঢুকেছে তারজন্য এই এলাকার মানুষকে কর দিতে হচ্ছে, ফলে জিনিসের দাম বেড়ে যাচ্ছে এবং তারা এই বোঝাটা বহন করছে এবং তাদের উন্নতির জন্য এটা ব্যয়িত হচ্ছে। আরো কতকগুলি সমালোচনা এসেছে, বলা হয়েছে যে এটা কেবল এণ্ট্রি ট্যাক্স কেন হয়েছে, এক্সপোট ট্যাক্স কেন হল না। কারণ, এই ট্যাক্স করেছি আমাদের কন্সটিটিউসানে সিডিউল ৭, এনট্রি ৫২ তে আমাদের এই রাষ্ট্রের যে ক্ষমতা আছে সেটা হচ্ছে 'Taxes on the entrry of goods into a local area for consumption, use or sale therein.' আমরা এই যে আইনটা এনেছি, এখানে কনজামপ্‌সান, ইউজ অর সেল, ব্যবহার, ভোগ কিংবা বিক্রির জন্য এনেছি। সারা ভারতবর্ষে যেখানে এই ট্যাক্স আছে সেটা কেবল যখন একটা এলাকার ভেতর জিনিষ আসে সেই এনট্রির উপর ট্যাক্স বসে, যেমন বোম্বে, মহারাষ্ট্র ইত্যাদি জায়গায়, একস্‌পোর্টের উপর ট্যাক্স নয়। আমাদের কন্সটিটিউসানের আর্টিকেল ২৭৮তে রয়েছে এক্সপোর্টের উপর সেলস ট্যাক্স, পার্চেজ ট্যাক্স বসে না, সেখানে কন্সটিটিউসনাল বার রয়েছে। সমালোচনা হয়েছে যে ডাকে যেসমস্ত জিনিস আসে,পোষ্টাল আর্টিকেলস এর উপর কেন ট্যাক্স বসে নাই। কারণ ডাকে যে জিনিষ আসে কি জিনিষ আসে সেটা খুলে দেখতে হবে এবং সেই ট্যাক্স আদায় করার জন্য যে ব্যয় হবে সেটা ট্যাক্স আদায়ের চেয়ে বেশী হবে। সুতরাং ডাকে যে জিনিস আসে তার উপর ট্যাক্স বসান হয়নি।

[4-00—4-10 p.m.]

আর একটা সমালোচনা হয়েছে tax collection-এর ব্যাপার নিয়ে যে এসমস্ত বিষয়ে audit-এর

ব্যবস্থা নেই। এটা ঠিক নয়। আমাদের audit-এর বন্দোবস্ত আছে। Accountant General office থেকে একজন Senior Accounts officer আছেন,এক-দুইজন Gazetted officer আছেন, আটজন Officer আছেন। কাজেই নিয়মিত audit হচ্ছে। Permanent basis-এ এখানে audit হচ্ছে। আর একটা কথা উঠেছে Rail-এর ব্যাপার নিয়ে। Rail-কে কেন আমরা এই 3 percent দিচ্ছি? যেখানে যে দীর্ঘ আদায় করে দেয় সেই Collection charge,-এর জন্য আমরা দিই। Rail কর্তৃপক্ষ Cashier, officer দিয়ে collect করেন। তারজন্য আমরা এই charge দিই। তা যদি না করা হ'ত তাহলে আরো বেশী হ'ত। আর একটা কথা উঠেছে যে tax যদি না দেয় তাহলে as arrears of land revenue এটা আদায় করতো পারবো। এটা না করে income tax যেমন আছে Garnishing Proceedings আইন চালু করা। কিন্তু এই tax এটা খুব কম হয়। এটা arrear হয় কারণ একটা গাড়ী আসে,ট্রাক আসে,তারা একটা জিনিষ নিয়ে আসে, সে tax দিলে গাড়ী ছাড় পায়, clearance তবে দেওয়া হয়। সুতরাং সে বাকি arrear তারজন্য আদায়ের যে সমস্ত গোলমাল তা income tax-এর মাধ্যমে গেলে অসুবিধা হবে। অধিকাংশ ক্ষেত্রে গাড়ীটা truck tax না দিলে তাকে আর্টিকেল ক্লিয়ারোস দেওয়া হয় না। সুতরাং tax আমরা প্রতি কেজে আদায় করছি। কিছু কিছু মাননীয় সদস্য দুর্নীতির কথা বলেছেন। আমরা administration জোরদার করবো। এবং যেখানে অভিযোগ আসবে আমরা বিশেষভাবে সেটা দেখবো যে দুর্নীতি আছে কিনা। কোম মাননীয় দসস্য Specific tax দিলে নিশ্চয়ই বিশেষভাবে enquiry করে দেখবো আমরা দুর্নীতির বিরুদ্ধে জোরদার ব্যবস্থা administrtion-এ করব। একজন মাননীয় সদস্য High Court-এর Case-এর কথা বলেছেন। সেখানে High Court-এ আমাদের case আছে High Court-এর যে ruling আছে তার বিরুদ্ধে আমাদের department একটা appeal করেছে এবং যে case এখনও নিষ্পত্তি হয়নি appeal pending আছে। কোন কোন মাননীয় সদস্য আরো কিছু কিছু জিনিযের উপর tax-এর কথা বলেছেন। এই tax CMDA অঞ্চলে ১৯৭০ সালে আমরা চালু করেছি এবং এটা পাঞ্জাব, দিল্লী ও বোম্বের অভিজ্ঞতার ভিত্তিতে করেছি। আমাদের Parliament এও এই নীতি গ্রহণ করা হয়। আমাদের এই tax Bombay-এর ভিত্তিতে হয়েছে। Bombay-এর চেয়ে আমাদেরটি অনেক প্রগতিশীল। আমরা সাধারণ লোকের উপর যাতে চাপ না পড়ে সেজন্য কিছুটা পরিবর্তন করেছি। তাছাড়া সমস্ত পণ্যের উপর tax করলে অনেক tax বেড়ে যাবে। ঐ সমস্ত এলাকায় পৌরসংস্থার অর্থ নেই। অর্থ জোগানের জন্য tax বসাতে হবে। প্রত্যেক জিনিষের উপর tax বসালে শিল্পে ও বাণিজ্যের উপর চাপ আসবে ও তাহলে আমাদের অন্য দিক থেকে অর্থাগম কমে যাবে। সুতরাং এটা আমরা বিশেষভাবে বিবেচনা করে দেখবো। আমরা আমাদের অভিজ্ঞতার উপর বিশেষ করে মহারাষ্ট্র ও বোম্বায়ের অভিজ্ঞতার উপর ভিত্তি করে এই আইন করেছি। আমরা কিছু কিছু Exemption দিয়েছি। আর একটা কথা বলা হয়েছে এটা পল্লী অঞ্চলের বা সহরাঞ্চলের কথা নয় যে অঞ্চলের মানুষ এই tax দেবেন সেই অঞ্চলের মানুষের জন্য এটা ব্যয় করা হবে।

এটা পল্লী বা শহরাঞ্চলের কোন ব্যাপার নয়। এটা হচ্ছে যে অঞ্চলের মানুষ এই tax দেবে সেই অঞ্চলের মানুষের উন্নতির জন্য এই ট্যাক্সের টাকা ব্যবহার করা হবে। C.M.D.A. অঞ্চলে এই ট্যাক্স চালু করা হয়েছে। এই tax সম্বন্ধে যদি দাবী আসে যে অন্য অঞ্চলেও এটা চালু করা হোক এই অঞ্চলেও এটা চালু করা যেতে পারে। কিন্তু এতে আদায়ীকৃত জিনিষের উপর কিছুটা প্রভাব পড়বে। সুতরাং এতে পল্লী বা শহরের মধ্যে কোন পার্থক্য করা হয়নি। এটা

হচ্ছে যে এলাকার মানুষ এই tax দেবে সেই এলাকার উন্নতির জন্য এটা ব্যবহার করা হচ্ছে। সেজন্য আপনাদের আহ্বান করছি ট্যাক্সের ঐ যে বিলটা এনেছি সেটা আপনারা সমর্থন করুন। এই বিলটা নূতন নয়। ১৯৭০ সাল থেকে এই বিল আছে। গত বছরে ৯ কোটি ১৭ লক্ষ টাকা পেয়েছি, এর এই tax যে এলাকার মানুষ দিচ্ছে সেই এলাকার মানুষের উন্নতির জন্য এই বিল এনেছি। আমরা যেখানে tax করেছি সেখানে খুব নিম্ন হারেই করেছি। বম্বে শহরের যে অভিজ্ঞতা তার ভিত্তিতেই এই tax করেছি এবং সাধারণ মানুষের জন্য কিছু কিছু ক্ষেত্রে কিছু কিছু উন্নতি করেছি। তবে মাননীয় সদস্যরা যেসমস্ত গঠনমূলক সমালোচনা করেছেন নিশ্চয় সরকার সেগুলি বিশেষভাবে বিবেচনা করে দেখবেন এবং পরে যদি দেখা যায় আরও পরিবর্তন দরকার তখন নিশ্চয় সেটা বিবেচনা করা হবে। কিন্তু যে President Act ছিল সেটা Expire হচ্ছিল বলে এই আইন এনেছি এবং এই আইনের দ্বারা C.M.D.A. এলাকার বিশেষ উন্নতি হচ্ছে। সেজন্য মাননীয় সদস্যদের এই আইনটিকে সমর্থন করার জন্য আহ্বান জানাচ্ছি।

The motion of Shri Sankar Ghose that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

## Clauses 1 to 8

The question that clauses 1 to 8 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 9

**Mr. Speaker** : There is a notice of an amendment given by Shri Harasankar Bhattacharyya. The amendment is out of order; but I allow Shri Bhattacharyya to speak.

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য** : মাননীয় স্পীকার, স্যার, out of order হয়ে যাওয়া সত্বেও আপনি বলতে বলেছেন বলে দু'একটি কথা বলব। গতকাল এই বিল সম্পর্কে আমি যে দীর্ঘ আলোচনা করেছি মোটামুটি অর্থমন্ত্রী মহাশয় সে সম্পর্কে অনেক কিছু বললেন এবং অনেক কিছু বাদ দিলেন। তিনি clause সম্পর্কে কিছু বললেন না বলে বিশেষভাবে বলছি। আমার ammendment ছিল যে সমস্ত দ্রব্যসামগ্রী বাঙ্গালীর জন্য বা রপ্তানীর নাম করে কোলকাতায় প্রবেশ করে তার উপর যেন ট্যাক্স নেওয়া হয়। আমার প্রথম বক্তব্য হচ্ছে রপ্তানীর নাম করে যেসমস্ত দ্রব্যসামগ্রী প্রবেশ করে সেগুলি সত্যি সত্যি রপ্তানী হচ্ছে কিনা সেটা দেখার মত কোন ব্যবস্থা এই আইনে নেই। দ্বিতীয় হচ্ছে যদিও বা রপ্তানি হয় তাহলে কোলকাতার রাস্তাঘাট, জল, ঘরবাড়ী যেহেতু ব্যবহার করা হচ্ছে সেজন্য করের হার যদিও কম তবুও সে সমস্ত জিনিষের উপর কর থাকা ভাল। কারণ এতে একদিক থেকে আয় বাড়বে, আর অপর দিক থেকে যে loophole আছে সেটা থাকবে না। সেজন্য যেসমস্ত দ্রব্যসামগ্রী কোলকাতায় প্রবেশ করে রপ্তানী হিসাবে সে সমস্ত দ্রব্যসামগ্রীর উপর থেকেও কর আদায় করা হোক।

**শ্রীশঙ্কর ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য clause 9 সম্বন্ধে বলেছেন ে clause 9-এ আমি বলেছি 'If such goods are conveyed direct from the place of ent into the Calcutta Metropolitan Area to the place of export under such superv sion and on payment of such fees therefore as may be specified by the said rul সে ক্ষেত্রে এর উপর এই ট্যাক্স বসবে না। আমি আগেই বলেছি যে আমরা এই tax বসিয়েছি আমাদের tax বসাবার ক্ষমতা আছে Rule-7 entry 52 constitution থেকে পেয়েছি এবং ে ক্ষমতা কেবলমাত্র taxes on entry into local area for consumption, use or sale therei Export-এর উপরে যে tax তা আমরা সাধারণভাবে কমাই না এবং constitution-এও এক বিশেষ বাঁধা রয়েছে। Sale এবং purchase সেখানেও তা থেকে একটা নীতি দেখতে পাচ্ছি constitution-এর Art. 286 বলা হয়েছে "No law of a State shall impose, or authori the imposition of a tax on the sale or purchase of goods where such sale purchase takes place in the course of the export of the goods out of the territo of India."এটা আমাদের constitutionc রয়েছে যে জিনিষটা export হবে তার উপর sales t বসবে না, purchase tax বসবে না। কারণ তাতে আমাদের দেশের export বাড়ে আমাদের দেশের জন্য foreign exchange বিশেষভাবে দরকার। যখন constitution প্র হয়েছিল তখন আমাদের founding fathers-রা চেয়েছিলেন export-এর উপরে tax যাতে আসে। সেজন্য sales tax এবং purchase tax বসেনি। সুতরাং constitution-এর নী মেনে নিলে export-এর উপরে যদি entry tax বসাই তাহলে indirectly-এর উপর একটা চ সৃষ্টি করবে এবং তাতে আমাদের export trade ব্যাহত হবে। এটা আমাদের constitutio এর founding fathers-রা জানতেন। সেজন্য আমরা বলেছি যে জিনিষটা direct tax-এ জন্য যাবে তার উপর tax বসবে না এবং বোম্বেতেও যে আইন আছে সেখানেও এটা আছে স্যার, আপনি আগেই বলেছেন এই amendment-টা out of order, সেজন্য আমি আপনা সমর্থন করছি।

The question that Clause 9 do stand part of the Bill, was then put ar agreed to.

## Clauses 10 to 20

The question that clauses 10 to 20 do stand part of the Bill, was then pu and agreed to.

## Clause 21

**Mr. Speaker :** There is a notice of an amendment in clause 21 from Sh Harasankar Bhattacharyya. Although the amendment is out of of order. allow him to speak.

**ডাঃহরশঙ্কর ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকের আলোচনার সময় এই ক্লজ-২১ সম্পর্ে আমি আমার বক্তব্য বলেছিলাম। ট্রান্সপোর্ট পাস যদি কাউকে দেওয়া হয় তাহলে সেই ট্রান্সপো

পাস থাকলে সেই দ্রব্যের উপর ট্যাক্স হয় না। এই ট্রান্সপোর্ট পাস একটা দুর্নীতির বাহন হয়েছে। এই ট্রান্সপোর্ট পাসের নাম করে কলকাতার ভেতরে দ্রব্য প্রবেশ করে, বিক্রি হয়; কিন্তু কলকাতা থেকে বাইরে যায় না। আমি তাই বলছি দুর্নীতির বাহন রাখবার দরকার নেই এবং এই ট্রান্সপোর্ট পাস না রাখলেও চলবে। তাই বক্তব্য ছিল ক্লজ-২১টা তুলে দেওয়া হোক।

**শ্রীশঙ্কর ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ক্লজ-২১এ আমরা এইটাই বলেছি যে, যে জিনিষটা এই সি. এম. ডি.এ. এলাকায় আসছে তার উপর কর ধার্য্য করছি যদি সেখানে কনজামশান, ইউস অর সেলের জন্য আসে, সেখানে ভোগ, ব্যবহার বা বিক্রির জন্য আসে। কিন্তু যেটা সেখানে কনজামশান, ইউস অর সেলের জন্য না আসে এবং যেটা অন্যত্র চলে যাবে, এই এরিয়ার ভিতর থাকবে না। তাহলে এর উপর কর ধার্য্য করতে চাই না, চাপ সৃষ্টি করতে চাই না। কারণ এই কর ধার্য্য করার নীতি হচ্ছে যে এলাকার মানুষের ব্যবহারের জন্য, ভোগের জন্য কিম্বা বিক্রির জন্য জিনিষ আসে তাঁরা করের চাপটা বহন করবেন এবং তাদের উন্নতিরজন্য এটা ব্যয়হবে। কিন্তু যদি জিনিষটা সি. এম ডি এ. এলাকায় এল, কিন্তু বাইরে চলে যাবার জন্য তাহলে তার উপর যদি কর চাপাই তাহলে যেখানে চলে যাবে সেখানকার মানুষের জিনিষের দাম বেড়ে যাবে, চাপটা গিয়ে অন্যত্র পড়বে। আমরা চাই না যে সি. এম. ডি. এ, এলাকার বাইরে অন্য মানুষের উপরে চাপ পড়ে। সি. এম. ডি. এ. এলাকার জন্য যদি জিনিষটা না এসে থাকে, অন্য এলাকায় চলে যাবে আমরা তার উপর চাপ সৃষ্টি করবো না। তাই ট্রান্সপোর্ট পাসের ব্যবস্থা করেছি যাতে করে আমাদের একটা চেক থাকে যে এটা বাইরে চলে যাবে। তারজন্য আমাদের একটা এ্যাডমিনিসট্রেটিভ মেসিনারী আছে।

মাননীয় সদস্য দুর্নীতির কথা বলছেন। তিনি যদি স্পেসিফিক কেস আনেন তাহলে আমরা নিশ্চয় সেটা দেখবো। কিন্তু প্রিন্সিপলের দিক থেকে আমরা যদি এটা তুলে দিই যেটা সি. এম. ডি. এ. এলাকায় আসছে না, বাইরে চলে যাচ্ছে, তার উপর কর বসালে বাইরের লোকের উপরে চাপ সৃষ্টি হবে। সেটা যুক্তিযুক্ত হবে না। তাদের উপরে অন্যায় হবে। সুতরাং ক্লজ-২১টা থাকা যুক্তিযুক্ত।

The question that clause 21 do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 22 to 37. Schedule and Preamble

The question that clauses 22 to 37, Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sankar Ghose :** Sir, I beg to move that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The Calcutta Municipal (Second Amendment) Bill. 1972.

**Shri Prasulla Kanti Ghosh** . Sir, I beg to introduce the Calcutta Municipal (Second Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill.)

Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, the original provisions of Section 47C of the Calcutta Municipal Act, 1951, which empowered the State Government to supersede the Corporation of Calcutta under certain conditions required that before making any order of supersession under Section 47C prior notice would have to be given to the Corporation and representation, if any submitted by it, considered. As the procedure was likely to cause delay imposing unnecessary hardship to the residents of the city, it was thought expedient to do away with the procedure for giving prior notice before the supersession. This was done by an amendment of Section 47C of the Calcutta Municipal Act, 1951, by promulgation of the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1972 on the 22nd March, 1972 which replaced the original provisions of Section 47C by the new provision. Section 47C, as amended, provided inter alia that no notice was required to be given to the Corporation for submission of any representation before making any order of supersession under that Section.

[ 4-20—4-30 p.m. ]

**শ্রীশিশির কুমার ঘোষ :** স্পীকার, স্যার, গণতান্ত্রিক মোর্চায় যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে আমরা দেখতে পাচ্ছি সেই গণতান্ত্রিক মোর্চার সরকার এমন একটা আইন সংশোধন করতে চলেছেন যাতে সাধারণ যে গণতান্ত্রিক অধিকার ছিল সেই অধিকার সংকুচিত হচ্ছে। ১৯৫১ সালে কলকাতা কর্পোরেশনের যে আইনটা এখানে দেওয়া হয়েছিল সেই আইনটায় আমরা দেখেছি যে ১৯৩২ সালের মিউনিসিপা'ল আইনেও ছিল না, ১৯৩২ সালের মিউনিসিপাল আইনে ছিল সরকার যদি মনে করে উইদাউট সোইং কজ, উইদাউট রিপ্রেজেণ্টেশন সরকার যদি মনে করে যে কোন মিউনিসিপাল অথরিটিকে নাকোচ করে দিতে পারেন। কিন্তু কলকাতা মিউনিসিপালিটি, স্বাধীনতার পর, যে আইন হল তাতে দেখা গেল যে এটা বাধ্যতামূলক হল যে সরকার শো-কজ করবে, কর্পোরেশনের রিপ্রেজেণ্টেশনের অধিকার থাকবে তারপর সরকার সিদ্ধান্ত নেবেন। কিন্তু আজকে যে আইন এসেছে সেই আইনে দেখলাম যে সিদ্ধান্ত নেয়া হয়েছে, লিপিবদ্ধ করা হচ্ছে তাতে আমরা মনে করি যে গণতান্ত্রিক অধিকার অর্থাৎ শো-কজ করবার পরে রিপ্রেজেন-টেশনের যে অধিকার সেই অধিকারকে সংকুচিত করা হচ্ছে। সেই অধিকার যাতে সংকুচিত না হয়, মানুষের গণতান্ত্রিক অধিকার যাতে রক্ষিত হয়, আপনার মাধ্যমে স্পীকার, স্যার, এই হাউসে মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করবো এই আইনটা প্রত্যাহার করুন এবং প্রত্যাহার যদি না করেন তাহলে অন্ততঃ আমরা যেভাবে আইনটার সংশোধনী এনেছি, আমি এখানে যেভাবে সংশোধনীটা পেশ করেছি, সেইভাবে যাতে এই আইনমাত্র এক বৎসর চালু থাকে সেই ব্যবস্থা করুন এটাই আমার বক্তব্য।

**শ্রীলক্ষ্মীকান্ত বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা পৌরসভা গ্রহণের যে বিল এখানে এসেছে তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। এটির নাম কলিকাতা পৌরসভা, এই নামটি স্মরণ করলে বৃদ্ধদের দীর্ঘনিশ্বাস পড়ে, যুবকদের কাছে একটা বোঝা বলে মনে হয়, শিশুদের কাছে একটা দুঃস্বপ্ন, এই হল কলিকাতা পৌরসভার পরিচয়। আমরা দেখেছি জননির্বাচিত প্রতিনিধি নিয়ে যে সংস্থা সেই জনসংস্থা জনগণের কল্যাণ করবার জন্য আসেন, জনপ্রতিনিধিরা

আসেন, কিন্তু কাজ না করতে পারলে ভারতবর্ষের ইতিহাসে শ্রীমতী ইন্দিরা গান্ধী দেখিয়েছেন সংখ্যাগরিষ্ঠতার অভাবে কাজের বিঘ্ন হওয়াতে পথ আঁকড়ে না থেকে কাজ থেকে চলে এসে পুনরায় নির্বাচকমণ্ডলীর সামনে এসেছিলেন, গত বৎসর পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক কোয়ালিশন সরকার দেখিয়েছেন যে সংখ্যাগরিষ্ঠতার অভাবে জনসভা না করতে পেরে পথ আঁকড়ে না থেকে বিধানসভা ভেঙ্গে দেবার জন্য তৎকালীন মুখ্যমন্ত্রী সুপারিশ করেছিলেন, আমি আশা করেছিলাম কলকাতা পৌরসভায় যখন এইরকম একটা অচল অবস্থা চলছে তখন সেই পৌরসভাকে বাতিল করার জন্য পৌরসভার সদস্যদের পক্ষ থেকে প্রস্তাব আসবে।

দুঃখের বিষয় সে রকম না এসে একটি মাত্র সংখ্যাগরিষ্ঠতার জন্য আমরা প্রতিযোগিতা হতে দেখেছি, প্রতিদ্বন্দ্বিতা হতে দেখেছি। নির্দলীয় সদস্যদের নিয়ে টানাটানি দেখেছি, রাত্রিবেলা বাড়ী ঘেরাও করে মেয়র নির্বাচিত হতে দেখেছি। লজ্জা বোধ হয়, কলকাতার একজন নাগরিক হিসাবে। যে কলকাতা পৌরসভা নাগরিকদের দায়িত্ব বহন করে, নাগরিকদের সুখ-সুবিধা এবং স্বাচ্ছন্দ্যের দিকে দৃষ্টি রেখে চলে সেই পৌরসভার নেতৃবর্গ পরিচালকমণ্ডলী এইভাবে যদি ব্যবহার করে তাহলে দুঃখ এবং বেদনার কথা। তাই এই পৌরসভাকে বাতিল করে দিয়ে সরকার উচিত কাজই করেছেন, এটা আরও অনেক দিন আগেই করা উচিত ছিল। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ এবং নেতাজী সুভাষ চন্দ্র বসু মহাশয়ের স্মৃতিবিজড়িত এই কলকাতা পৌরসভা। স্বভাবতঃই এই পৌরসভা স্মরণ করিয়ে দেয় স্মৃতি, তাঁদের কার্য্যকলাপ, তাঁদের বিচক্ষণতা। কিন্তু আজকের পৌর-সভা তৎকালীন পৌরসভার সঙ্গে আকাশপাতাল তফাৎ। তৎকালীন পৌরসভার ঘটনাবলী আমি নিজের চোখে দেখিনি, তথাপি নেতাদের প্রতি আমার শ্রদ্ধা থাকাতে, গাঢ় বিশ্বাস থাকাতে একথা বলতে পারি যে বর্তমান অবস্থায় যেরূপ অবনতি ঘটেছিল এই রকম তখনকার দিনে চিন্তাও করা যায়নি। আমি গোটা কতক উদাহরণ সভার কাছে তুলে ধরতে চাই। পৌরসভার সুরু, জন্ম-খাতা দিয়ে আর তার শেষ মৃত্যু-খাতা দিয়ে। আমরা দেখেছি পৌরসভার বিভিন্ন বিভাগ আছে, পৌরসভার কথা বলতে গেলে এই সমস্ত বিভাগ, তার দুর্নীতি, তার কার্য্যকলাপ, তার ঘটনাবলী আমাদের সামনে পড়ে। কলকাতা কর্পোরেশনের গাড়ীগুলি যখন রাস্তা দিয়ে চলে তখন রসিক নাগরিকগণ বলে থাকেন, তার নাম দিয়ে থাকেন উন্মাদিনী, কি জানি তার ষ্টিয়ারিং হয়ত ঠিক নেই, কখন না জানি ঘাড়ে এসে উঠে পড়ে। এই হল কলকাতা কর্পোরেশনের গাড়ীর নমুনা। এই গাড়ীগুলি আবার কখনও কখনও—সংবাদপত্রে দেখি, মাননীয় ইঞ্জিনীয়ার-এর বাড়ীর ফার্নিচার বহন করে, তার বাড়ী যখন তৈরী হয় সেই বাড়ীর ইট বহন করে, কনট্রাক্ট বেসিসে আবার বাইরে ভাড়াও খাটে, দুষ্কৃতকারী অফিসারদের ধরবার কথা উঠে, কাগজে বেরোয়—অমুক জায়গায় ভাড়া খাটাতে দেখা গিয়েছে। সংবাদপত্র দেখে কাউন্সিলারের টেবিলে ঝড় উঠতে দেখেছি কিন্তু পরে দেখেছি সব ধামাচাপা পড়ে গেল। আর একটা জিনিষ কলকাতা কর্পোরেশনে দেখেছি, কলকাতা কর্পোরেশন অতিরিক্ত কিছু গাড়ী ভাড়া করে, পার ট্রিপ ২০ টাকা দিয়ে অথচ কর্পোরেশনের গাড়ী অন্য জায়গায় ভাড়া খাটে এবং সেই টাকা ইনচার্জের পকেটে যায়। আর সেই কর্পোরেশনের কাজ চালাবার জন্য অন্য জায়গা থেকে ভাড়া করে গাড়ী আনে।

Tax কলকাতা কর্পোরেশনের একটা বিরাট আয়, এই tax বর্তমানে এক কোটি টাকার মত অনাদায় আছে, আরও বেশী কিনা জানি না, যতদূর জেনেছি সেটাই বললাম। এর মধ্যে বড় বড় বাড়ীর মালিকদের tax-ই বাকী। বস্তীবাসীদের tax বিশেষ বাকী নাই, তার কারণ তাদের

উপর জুলুম করা হয়, কলকাতা কর্পোরেশনের দারোগা ডাণ্ডা দিয়ে সেই বস্তীবাসীদের তুলে দে; কিন্তু যারা বড় বড় অট্টালিকার মালিক আন অথরাইজড কষ্ট্রাক্শন করে তাদের বেলায় কর্পোরেশন কি করে জানিনা। কলকাতা কর্পোরেশনে এ নিয়ে কোন দিন ঝড় উঠতে কাগজে দেখিনি কোন বিবৃতি দেখিনি। কি দেখি? ভারতীয় সৈন্যবাহিনীর নিন্দা করে কিংবা ইন্দিরা গান্ধীর নিন্দা করে সেখানে প্রস্তাব নিতে দেখেছি কিন্তু কলকাতা কর্পোরেশনের চুরি জোচ্চুরি নিয়ে কোন প্রস্তাব এসেছে বলে আমার জানা নাই।

এখানে আর একটা জিনিষ প্রচলিত আছে। আমার একবার পৌরসভায় দাঁড়াবার কথা উঠেছিল, জনৈক বন্ধু তখন আমায় বলেছিলেন, যাও, খুব ভাল কাজ। এই কর্পোরেশনে খাম-খাওয়া বলে একটা সিষ্টেম আছে। আমি জিজ্ঞাসা করেছিলাম এই খাম খাওয়া জিনিষটা কি? সেটা হচ্ছে সেখানে বিভিন্ন বে-আইনী জিনিষ পাশ করতে গেলে কাউন্সিলারদের বাড়ীতে খাম আসে, কেউ এসে বলে এই খামটা দিয়ে গেলাম। সেই খামের মধ্যে কিছু প্রাপ্তিযোগ ঘটে। সেই খাম অনুযায়ী দাদার নামে রাস্তা, বাবার নামে টিউবওয়েল, মার নামে মরাঘাটের চুল্লী ইত্যাদি করা যায়, হাসপাতালে বেড করা যায়— এইরকম নিয়ম প্রচলিত আছে।

[4-30—4-40 p.m ]

এরকম হয়েছেও বহু ঘটনা—ভাঙ্গর ইত্যাদির নামে এরকম বহু ঘটনা ঘটেছে। কোলকাতা পৌরসভায় এমন পদ আছে যেখানে কাজ নেই, লোক নেই অথচ মাইনে চলে যাচ্ছে। আসল লোকের খোঁজ করা হচ্ছে আইডেনটিটি কার্ড। এর দ্বারাই প্রমাণিত হচ্ছে কোলকাতা পৌরসভায় কিভাবে প্রশাসন চলত। আমি একটি ঘটনা সংবাদপত্রে যা দেখেছিলাম সেটা হচ্ছে আদিকালে অন্তর্জলি প্রথা ছিল। অর্থাৎ ধর্মপ্রাণ হিন্দু যিনি মৃত্যুর পূর্বে গঙ্গায় দেহ রাখতে চান তাঁকে গঙ্গার ধারে নিয়ে জলের কাছে শুইয়া রাখা হোত এবং এইভাবেই তাঁই দেহরক্ষা হোত। আজকে কিন্তু গঙ্গায় সেই অন্তর্জলি অবস্থায় কাউকে দেখা যায় না অথচ আজকেও সেই পদ রক্ষণাবেক্ষন করা হচ্ছে। আমি পূর্বে একটি বেসরকারী সওদাগরি অফিসে কাজ করতাম এবং সেখানে দেখেছি আর একজন লোক কাজ করতেন যিনি দিনের বেলায় টিকা দিতেন এবং বিকেল বেলায় ওখানে পার্ট টাইম করতেন। তিনি এই অফিসে এক নাম ব্যবহার করতেন এবং কর্পোরেপন— এ আর এক নাম ব্যবহার করতেন। এর কারণ তাঁকে জিজ্ঞাসা করায় তিনি বললেন আমি কর্পোরেশনে ভ্যাকসিনেটর হিসাবে আছি সেইজন্য ওই নাম এখানে ব্যবহার করি না। এইভাবে ২।৩ রকম পোস্টে চাকুরী চলেছে। তারপর পার্কগুলো সাজাবার কথা আছে। অর্থাৎ জনসাধারণের পয়সা নিয়ে কোলকাতা শহরকে সাজাবার কথা আছে। কোন কোন জায়গায় ফ্লোরোসেন্ট লাইট জ্বলেছে, কোথাও কোথাও বাগান আছে আমরা দেখেছি। দক্ষিণ কলকাতায় একটি পার্ক আছে যার নাম হচ্ছে গাঁজাপার্ক। এখানে বসে গাঁজা খাওয়া হয় বলে এর নামই হয়ে গেছে গাঁজাপার্ক। পার্কগুলোর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করবার জন্য এবং এই পার্কে বসে মানুষ যাতে অবসরকালীন অবস্থা, সান্ধ্যকালীন অবস্থা উপভোগ করতে পারেন তার জন্য একে সুন্দর করে গড়ে তোলা উচিত। কিন্তু আমরা দেখছি আজকে এগুলো গাঁজা পার্কে পরিণত হয়েছে এবং এরজন্য কোন ব্যবস্থা হোল না। তারপর, আমরা দেখছি বিভিন্ন জায়গায় কর্পোরেশনের চিকিৎসালয় আছে। আমাদের কালিঘাটে "নির্মল হৃদয়" নামে একটা

চিকিৎসালয় আছে। যেখানে মানুষ মরে গেলে, বৃদ্ধ হলে, অনাথ হলে তার চিকিৎসা হয়। তার, নামটি বড় সুন্দর, 'নির্মল হৃদয়"। কিন্তু সেখানকার পরিচালকমণ্ডলীর এমনই কঠিন হৃদয় যে তাঁদের কাছে প্রবেশ অধিকার অত্যন্ত শক্ত এবং সেই"নির্মল হৃদয়ে"একবার গেলে অতি তাড়াতাড়ি তাকে নির্মলভাবে কেওড়াতলায় পাঠাবার সু-বন্দোবস্ত আছে। কালিঘাটে ভিখারীর সংখ্যা অত্যন্ত বেশী এবং এই ভিখারী ছাড়া আর কেউ সেখানে নেই। কোলকাতা পৌরসভা প্রতিবারই বলেন ৭২ ইঞ্চি, ৭৬ ইঞ্চি পাইপ লাগিয়েছে এবারে আর জল জমবে না। কিন্তু জলের সময় দেখা যায় ট্রাম, বাস বন্ধ এবং ঝাকা মুটে করে লোক চলছে। কোন সভ্য শহরে এরকম ঘটনা নেই। ঝাকা মুটেতে আলু, পটল যায়, জিনিষপত্র যায় কিন্তু ঝাকা মুটেতে নব দম্পতি রাস্তা পার হচ্ছে এরকম কদর্য জিনিস পৌরসভা থাকা সত্ত্বেও পৃথিবীর কোন দেশে কেউ দেখেছে কিনা সন্দেহ। আজকে পৌরসভা সম্বন্ধে অনেক দুর্নীতির অভিযোগ উঠেছে। আমি একটা বিষয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হল নিউ মার্কেটকে নূতন ধাঁচে তৈরী করিবার জন্য ৩।৪টি বড় বড় ফার্মকে ইনভাইট করা হয়েছে সাড়ে তিন কোটি টাকার কাজ হবে। শোনা যাচ্ছে মাত্র একজন কনট্রাকটরের সঙ্গে কথা বলে তাকেই ৩।। কোটি টাকার কাজ দিয়েছে এবং বাদ বাকী দু'জন কনট্রাকটরকে কি অভিযোগে বাদ দেওয়া হয়েছে আমরা জানি না। সর্বশেষে পৌরসভার একটাই গর্ব, এই গর্বের জন্য আমিও নিজে গর্বিত, সেটা হলো কেওড়াতলা শ্মশান। এই হলো পৌরসভার শেষ ইতিহাস, পৌরসভার সব জিনিস অচল থাকলেও এই কেওড়াতলা 'মহাশ্মশান সব সময়েই সচল, কাঠ চান কাঠ পাবেন, ইলেট্রিক চান পাবেন, দু'রকমেরই বন্দোবস্ত সেখানে আছে, সেটা আমার কেন্দ্রের মধ্যে বলেই আমি গর্বিত। এই যে গতিহীন একটা বোঝা,একটা আবর্জনা স্তূপ,— কলকাতা পৌরসভা বলতে গেলে মনে হয় দুর্গন্ধময় একটা জঞ্জাল সবদিক থেকে জঞ্জাল, শুধু এমনি জঞ্জাল নয়, পরিস্থিতির দিক থেকে জঞ্জাল, দুনীতির জঞ্জাল, কর্মচারীদের জঞ্জাল, রাজনীতির জঞ্জাল, সমস্ত জটিলতা ভেদ করে সরকার এই যে তাদের পরশমনি বুলিয়ে দিয়েছে এই যে সরকার দায়িত্ব গ্রহণ করেছে, সেই জন্য আমি সরকারকে স্বাগত জানাচ্ছি। এই সংঙ্গে অনুরোধ জানাচ্ছি এই পৌরসভাকে আগামী ন্যূনতম দু'বছরের জন্য সরকার নিয়ে নিন এবং সুদৃঢ়ভাবে জনসাধারণের দিকে চেয়ে পরিচালনা করুন, জনসাধারণের কল্যাণে এই পৌরসভাকে উৎসর্গীকৃত করুন, এই বলে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসোমনাথ লাহিড়ী:** শ্রীযুক্ত উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা কর্পোরেশনের সম্বন্ধে জনসাধারণের মধ্যে নানারকম অসন্তোষ আছে, আমরা কলকাতার অধিবাসীরা সবাই জানি। অসন্তোষ যে শুধু এই বছর সৃষ্টি হয়েছে তা নয়, অনেকদিন ধরে কলকাতার পৌরব্যবস্থা ভেঙ্গে পড়ার দিকে চলেছে এবং তার মধ্যে দিয়ে জনসাধারণের প্রয়োজনীয় জিনিস তারা পাচ্ছে না। ফলে অনেক অসন্তোষ সৃষ্টি হয়েছে জনসাধারণের মধ্যে। তার ওপর এবারে সেখানে বিভিন্ন দলের দলগত অবস্থা এমন হয়ে দাঁড়িয়েছিল, মেজরিটির অবস্থা এত সামান্য হয়ে দাঁড়িয়েছিল যে কাউন্সিলারদের পক্ষে—সৎ কাউন্সিলারদের পক্ষে উদ্যোগ গ্রহণ করে কর্পোরেশন পরিচালনা করা কঠিন থেকে কঠিনতর হয়ে দাঁড়িয়েছিল। যার ফলে কাউন্সিলরা এই রকম শ্ল্যাণ্ডার মেজরিটির মধ্যে আবদ্ধ হয়েও কোনরকম কর্তৃত্ব রক্ষা করতে বাধ্য হওয়াযায়, তার সুযোগ আমলাতন্ত্র এবং সুযোগ সন্ধানীরা অন্য সময়ের তুলনায় অনেক বেশী গ্রহন করতে পেরেছিল। এই সমস্ত মিলিয়ে কর্পোরেশনের যে দুরবস্থা তা আরও অনেক চরমে উঠেছিল এই বিষয়ে কোন সন্দেহ নেই। এই অবস্থায় কর্পোরেশনকে সামগ্রিকভাবে বাতিল করতে সরকার বাধ্য হয়েছে, আমি সেই কথা

স্বীকার করি। কাজে কাজেই সরকার কর্পোরেশনকে যে বাতিল করেছেন, আমার মনে হ বর্তমান অবস্থায় তাছাড়া বোধ হয় গত্যন্তর ছিল না। সুতরাং সরকারের কাজের আমরা বিরোধিত করছি না। এবং তাকে সমর্থন করছি, কিন্তু তারপরে প্রশ্ন ওঠে এই যে সরকার কর্পোরেশন বাতিল করে দিলেন এবং বাতিল করার জন্য যে আইন প্রয়োগ করলেন—যে বাতিল করার জন কর্পোরেশনকে যে সমস্ত নোটিশ ইত্যাদি দেবার প্রয়োজন ছিলো, আইনের সেই ধারা তুলে দিয়ে সরাসরি বাতিল করার ক্ষমতা সরকার নিলেন, এখন প্রশ্ন উঠবে তার দীর্ঘস্থায়িত্বের প্রয়োজন আছে কি না। এবং কর্পোরেশন এই বাতিল অবস্থায় কি গভার্ণমেণ্টের দখলে বেশ কিছুকাল রাখার প্রয়োজন আছে? আমার মনে হয়, এই প্রশ্ন শুধু কলকাতা কর্পোরেশনে কতকগুলি ব্যর্থতার ফর্দ্দ দাখীল করে শেষ করা সম্ভব নয়। কারণ ব্যর্থতার দর্দ দাখীল করতে হলে শুধু কর্পোরেশন কেন অনেক প্রশাসন সম্বন্ধে দাখীল করা যায়। কিন্তু প্রশ্ন হচ্ছে দু'দিক থেকে বিচার করতেহয় সরকার যদি কর্পোরেশনকে বেশ দীর্ঘদিন রাখবেন ঠিক করেন সেখানে অন্য স্বায়ত্বশাসনের অধিকার ফিরিয়ে না দেন তাহলে কাজের দিক থেকে কি উন্নতি হবে তা দেখার দরকার আছে। আমাদের মাসখানের স্বল্প অভিজ্ঞতায় দেখলাম গতবারের তুলনায় এবারে জলকষ্ট অনেক বেশী- - পাইপ ফেটে গিয়েছিলো, মুখ্যমন্ত্রী নিজে দৌড়ে গিয়েছিলেন, কিন্তু মুখ্যমন্ত্রী নিজেতো মিস্ত্রি নন সুতরাং তিনি মেরামত করতে পারলেন না। যা সময় নেবার ঠিকই নিলো। তারপর মন্ত্রিমহাশয়কে

[ 4-40—4-50 p.m. ]

যদি পাওয়া যায় তো তিনি খবর রাখেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই খবর নেওয়ার ব্যাপারে জানবেন, বিশেষ করে পশ্চাৎপদ এলাকাগুলি যে সমস্ত এলাকা থেকে আমরা এসেছি ঢাকুরিয়া ইত্যাদি সেখানে বর্তমান সময় জল পাওয়া যাচ্ছে না, কাজেই জলের অভাব। কর্পোরেশন সরকার দখল নিলেন বলে রাতারাতি ২।১ মাসের মধ্যে এটা ঠিক হয়ে যাবে এই রকম কোন বিশেষ আশ্বাস আমরা পাইনা। ফলে হচ্ছে কি—না আমরা যারা নির্বাচিত এম, এল, এ, তাদের প্রাণ বেরুচ্ছে। দিনে আমি অন্তত ২৫টা টেলিফোন পাই যে আমাদের এখানে জল নাই, আমাদের এখানে আর্বজনা সাফ হচ্ছে না এর একটা ব্যবস্থা করুন। জনসাধারণ দেখছেন যে, এখন করপোরেশন নাই, সুতরাং জল প্রতিনিধি হিসাবে লোকে এমন এম, এল, একে জানায়, তাই এম, এল, এর কাছে টেলিফোন আসে, ডেপুটেশন আছে যে একটা ব্যবস্থা করুন। তার মানে এই কথা মন্ত্রিমহাশয়কে বুঝতে হবে যে কর্পোরেশনের উপর যে রাগই হোক কোন কাউন্সিলর অপরাধি থাকা সত্বেও এইটা বোঝে যে তাদের জন্য আমলাতন্ত্রের দ্বারা যদি কিছু করাতে হয় তো ঐ কাউন্সিলারই করাবেন। কাউন্সিলরের দোষ-ক্রটি বহু আছে সন্দেহ নাই, কিন্তু মানুষের কাউন্সিলরের চেয়ে আমলাদের উপর বেশী ভরসা নেই। কাউন্সিলরের দ্বারা আমলাদের চেয়ে যে অনেক তাড়াতাড়ি কাজ করান যায় এই কথা কলকাতার সমস্ত নাগরিক অনুভব করেন। আজ কর্পোরেশনের কাউন্সিলর না থাকায় এম, এল, এদের দারস্থ হতে হচ্ছে। সুতরাং ক্যালকাটা করপোরেশন কাউন্সিলদের কাছে নাগরিকরা অন্তত যেতে পারত। এমন একজন চাই যার মাধ্যমে আমলাতন্ত্রের কাছে তারা পৌছতে পারে। সুতরাং এই দিক থেকে এই সংশোধনী নেওয়া অন্যায় হবে না। দীর্ঘকাল আমলাতন্ত্রের হাতে কর্পোরেশনের শাসনভার থাক এবং তার জন্য কলকাতার জনসাধারণ আকুলি বিকুলি করছে এটা আমার মনে হয় না। তারপর দেখুন নীতির দিক দিয়ে, কাজের মধ্যে দিয়ে যে ধারা ছিল যে কর্পোরেশন বাতিল করতে হলে আগে তাকে কি কারণে বাতিল করা হচ্ছে সেটা দেখাতে হবে, নোটিশ দিতে হবে এবং নোটিশ দিয়ে, তাদের সেই দেশের মানুষের কাছে একটা কৈফিয়ৎ দেবার দায়িত্ব দিতে হবে। আপনাদের এই এ্যামেণ্ডমেণ্ট দ্বারা সেই কৈফিয়ৎ দেবার সুযোগ তুলে দিচ্ছেন। সেই সুযোগ তুলে দিয়ে যখন

দরকার মনে করবেন তখনই নিজেদের বিচার বিবেচনা অনুযায়ী কর্পোরেশনকে সুপারসিড করে দিতে পারবেন, এই ব্যবস্থা নিয়ে এসেছেন। আমি আগেও বলেছি যে এটা গণতন্ত্র বিরোধী। তাই আমরা তার বিরুদ্ধে। এখন আপনারা যদি মনে করেন যে কলকাতার নাগরিকরা তাই চান তাহলে অন্য কথা। কর্পোরেশন একটা স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান যা কলকাতা মহানগরীর নাগরিকদের দিয়ে গঠিত সেই কর্পোরেশর না থাক এইটা কি কলকাতার নাগরিকরা চায়? এই কর্পোরেশনের অতীতের ইতিহাস বর্তমান অবস্থায় ভুলতে বসেছি। এই ইতিহাস বহু কালের, হঠাৎ রাতারাতি নয়। কলকাতার মানুষের বহু ঐতিহ্যের বহু গণতান্ত্রিক আন্দোলনের ঐতিহ্যের স্বীকৃতি আছে।

বৃটিশ আমলে করপোরেশনের অধিকার বলতে কোন অধিকারই ছিল না। স্যার, সুরেন্দ্রনাথ ব্যানার্জি মহাশয় মিউনিসিপ্যাল আইন প্রবর্তন করে কলকাতার মানুষের তাগাদায় কলকাতার মানুষকে অধিকারের কিছু অংশ পাইয়ে দিলেন। সুরেন্দ্রনাথ ব্যানার্জির আবেদন নিশ্চয় তার পিছনে ছিল কিন্তু কলকাতার মানুষের আন্তরিক ইচ্ছা ও তাঁদের আন্দোলনও তার পিছনে ছিল। দেশ স্বাধীন হোল কিন্তু সেই আইন যাতে সেই বৃটিশ আমলে অনেক কিছু আমলাতন্ত্রের সরকারী হস্তক্ষেপের অনেক ব্যবস্থা ছিল তার পরিবর্তন হোল না। কারণ জনসাধারণের নাগরিক অধিকারকে স্বীকার করা বৃটিশ আমলের সরকারের খুব বিশেষ ইচ্ছা ছিল না। কিন্তু কলকাতা নাগরিকের সেই আন্দোলন থামলো না—তারা তাদের সংগ্রাম চালিয়ে গেলেন। স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানের উপর যাকে স্বেচ্ছায় নির্বাচিত করেছে সেই প্রতিষ্ঠানের উপর গভর্ণমেণ্টের যথন ইচ্ছা ছড়ি ঘোরাবে এটা হতে পারে না—এর উপর কিছু অন্তত বিধিনিষেধ থাকার দরকার আছে। সেই আন্দোলনের ফলে আপনার মনে আছে নিশ্চয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৫১ সালে আইন করা হোল যে আইন আজকে আপনারা নাকচ করছেন। কিন্তু কলকাতার মানুষকে তার জন্য বহু আন্দোলন করতে হয়েছে। স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানকে গভর্ণমেণ্ট খুশীমত বাতিল করতে পারবে না। তার যদি অপরাধ থাকে তাহলে সেই অপরাধের কৈফিয়ৎ দেবার সুযোগ দিতে হবে, তখন এই আইন পাশ হোল। সেদিন কলকাতার মানুষের সংগ্রাম শুরু হয় নি—কারণ প্রতিদিন তারা এটা অনুভব করেছে। আমি কলকাতায় এতটুকু বয়স থেকে আছি—আমি জানি কলকাতার মানুষের মনে আগুন কিভাবে ধাপে ধাপে উঠেছে। তাতেও তারা সন্তুষ্ট হয় নি—কেন হয় নি? যদিও দেশ স্বাধীন হোল এবং আমাদের সরকার প্রতিষ্টিত হোল তার পর এ্যাডাল্ট ফ্রানচাইস—প্রাপ্তবয়স্ক ভোটাধিকার—নির্বাচন করার অধিকার—কলকাতার নাগরিক পেল—কিন্তু তারা যে পেল তারজন্য বহু আন্দোলন, বহু সংগ্রাম চল্লো বহু দিন কংগ্রেস সরকার স্বাধীন হবার পরে—কলকাতার নাগরিককে সংগ্রাম করতে হয়েছে যাতে সার্বজনীন ভোটাধিকার প্রতিষ্টিত হয়। ধাপে ধাপে সংগ্রাম করে কলকাতার মানুষ কলকাতা কর্পোরেশনে প্রতিনিধি নির্বাচন করার অধিকার অর্জন করেছে। সেই অধিকার অনেক সময় অপব্যবহার হয়ে থাকতে পারে। সে অধিকারের যে ফল আমরা চেয়েছিলাম সে ফল প্রসব না করে থাকতে থারে— কিন্তু তাই বলে সেই অধিকার নষ্ট হয়ে যায় না। মন্ত্রিমণ্ডলী বা কংগ্রেস যদি মনে করে থাকেন যে কলকাতার নাগরিকরা আত্মসমর্পণ করে বসেছে যে তোমরা যা করার কর কলকাতা কর্পোরেশনের দরকার নেই তাহলে খুব ভুল করবেন। বুদ্ধির অভাবে, বুঝবার অভাবে, কংগ্রেস মন্ত্রিসভা অতীতে বার বার কলকাতার নাগরিকের সার্বজনীন অধিকার অতীতে অস্বীকার করেছিলেন। এবং সেই অধিকার অর্জন করতে কলকাতার মানুষকে বহু সংগ্রাম করতে হয়েছে। আজকে সেই অধিকারকে আপনারা নাকচ করতে চলেছেন। কাজেই একথা মনে রাখতে হবে যে আপনারা যে এমেণ্ডিং বিল এনেছেন অর্ডিন্যান্সের মারফত যাকে আপনারা

আইনে পরিণত করছেন তার ফলটা কি ? তিন রকম ফল হবে। একরকম হচ্ছে স্যার সুরেন্দ্রনাথ ব্যানার্জি যে মিউনিসিপ্যাল এ্যাক্ট করলেন যাতে কলকাতার মানুষকে বহু সংগ্রাম করে পেতে হয়েছে তা বাতিল করে দিলেন। দুই নং হচ্ছে ১৯৫১ সালে এই যে ধারা যে কর্পোরেশনকে কৈফিয়ত দেবার সুযোগ না দিয়ে বাতিল করা চলবে না তাকে আপনারা তুলে দিলেন।

[4-50—5-00 p.m.]

আর ৩ নম্বর সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের নিজস্ব কর্তৃত্বের যে অধিকার নির্বাচিত জনপ্রতিনিধির মারফৎ, তাকে আপনারা নাকচ করে দিলেন। সুতরাং এই amendment-এর দ্বারা ৩টি জিনিষ নাকচ হয়ে গেল। এখন আমার মনে হয় যে সাময়িকভাবে এই নাকচের প্রয়োজন যদি হয়েও থাকে, এই আইনে যথাশীঘ্র সম্ভব কলকাতার মানুষের এই যে নাগরিক অধিকার, নিজেদের কর্পোরেশনকে নির্বাচন করবার অধিকার সেটা ফিরিয়ে দেওয়া প্রয়োজন, যদি কলকাতার মানুষের এতদিনের ইচ্ছা ও আকাঙ্খার প্রতি আমাদের বাস্তববোধ থাকে। কাজেই আমরা Communist Party মনে করি এই যে আইন যা Ordinance দ্বারা করছেন তা ১ বছরের বেশী কিছুতেই চলতে দেওয়া উচিৎ নয়। আমি মানি, আমাদের একটু সামলে নিতে হবে। এখনই নির্বাচন করা হয়ত সম্ভব নয় কিন্তু ১ বছরের বেশী থাকতে দেওয়া উচিৎ নয়। মন্ত্রিমহাশয় বলেছেন, অবশ্য বিল উপলক্ষ্যে এখানে বলেন নি। কাগজে যা দেখেছি, যে immediately একটা advisory council গঠিত হবে তাতে কলকাতার MLA, MP-রা থাকবেন এবং আরো কিছু লোক থাকবেন,এঁদের পরামর্শ নিয়ে তারা চালাবেন। ভাল কথা, আপাততঃ যতদিন এইভাবে কর্পোরেসান বাতিল হয়ে থাকবে ততদিন কলকাতার MLA, MP-এদের পরামর্শ নিলে জনসাধারণের সংগে মন্ত্রিসভার যোগাযোগ আরও একটু নিকটতম হবে কলকাতার নাগরিকদের দিক থেকে। কিন্তু তা কোনমতেই ১ শতটা ward-এর ১০০ জন ward Councillor নিজের খুশীমত, ইচ্ছামত, স্বাধীন ইচ্ছামত Councillor-এর স্থান গ্রহণ করতে পারে না একথা সত্য। Councillor-দের মধ্যে দুর্নীতি আছে কি নেই তার বিচারকর্তা কে আমি জিজ্ঞাসা করি? Councillor-দের মধ্যে দুর্নীতি থাকতে পারে আবার নাও থাকতে পারে, প্রমাণ না পাওয়া পর্যন্ত হ্যাঁ না কিছু বলতে পারি না। কিন্তু অনেকে বিশ্বাস করেন যে অনেক Councillor-দের মধ্যে দুর্নীতি আছে। কিন্তু তার বিচার করার ভার কার হাতে ? গভর্ণমেন্টের হাতে না, যাঁরা তাদের নির্বাচিত করছেন তাঁদের হাতে, এই হল প্রশ্ন। কলকাতার মানুষ তাদের নির্বাচিত করেছেন সুতরাং তাদের chance দিতে হবে পুনঃ নির্বাচনের মারফৎ যে তারা সেই Councillor-কে উপযুক্ত মনে করেন কি না। Government-এর সেখানে গিয়ে জনসাধারণের কর্তব্য তাদের হাত থেকে কেড়ে নিয়ে নিজের হাতে নেবার কোন বিশেষ আধকার আছে বলে আমার মনে হয় না। সুতরাং কলকাতার নাগরিকদের হাতে আবার সেই Councillor-দের সংশোধনের ভার তুলে দিতে হবে। আপনি ভেবে দেখুন যে কলকাতার নাগরিকরা যদি নির্বাচিত কর্পোরেশন না চাইতেন, দীর্ঘকাল government-এর হাতে থাকুক এটাই যদি চাইতেন তাহলে গত কর্পোরেসন নির্বাচনের সময় দলে দলে ভোট দিতে আসতেন না, কিন্তু তাঁরা এসেছেন। বিধানসভার নির্বাচনে যে রকম ভোট হয় তার চেয়ে বেশী ভোট পড়ে কর্পোরেসনের নির্বাচনে তার মানে কলকাতার মানুষ তাঁরা নির্বাচিত Corporation চান। কাজেই এক বছর পরে যদি নির্বাচন ঘোষণা করেন তবে ঠিক ষোল মাত্রায় লোক ভোট

দিয়ে তাদের Councillor-কে নির্বাচিত করতে এগিয়ে আসবে সেটা আমার দৃঢ় বিশ্বাস এবং তা অবিশ্বাস করার মত কোন প্রমাণ পাওয়া যায় নি। কাজেই কলকাতার মানুষের নাগরিক এই যে অধিকার, যে অধিকার আমরা সাময়িকভাবে নিয়েছি বটে কিন্তু সেই অধিকার কেড়ে নিয়ে সরকার রাখতে পারে বেশীদিন এরকম কোন mandate কলকাতার মানুষের কাছ থেকে পাননি। তবে কিছু কিছু সংবাদপত্র তারস্বরে চিৎকার করছে। কিন্তু সংবাদপত্রের মত সবসময় জনসাধারণের মত বলে গণ্য করা হয় না। Referendum-এ তাদের নেওয়া হয়নি। বরং অতীত অভিজ্ঞতা নির্বাচনের ব্যাপারে মানুষ নির্বাচনে অংশগ্রহণ করে Councillor পাঠান। Councillor-কে খোঁজ করেন, না পেলে MLA-কে ধরেন।

কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে বিষয়টি ধীরভাবে বিবেচনা করে, এক বছর সময় যথেষ্ট, এক বছর পরে আগামী মার্চ কিম্বা মে মাসে আবার নির্বাচন করুন। ইতিমধ্যে আপনারা যতটুকু সংস্কার করতে পারেন করুন। এইকথা মনে রাখবেন সেখানেও আমলাতন্ত্র আছে যার মধ্যে পচন যথেষ্ট আছে এবং তার উপর আবার এই সরকারী আমলাতন্ত্রবা যুক্ত হবেন। মোটের উপর দাঁড়াবে এই যে কলকাতার নাগরিকরা কি এমন দারুন উপকৃত হবে আমি তা জানি না, কিন্তু আপাততঃ অবস্থা সামলাবার জন্য এটা হয়ত হচ্ছে। বর্তমানে এক বছরের জন্যই এই আইনের ধারা সীমাবদ্ধ করুন এবং তারপরে কলকাতার নাগরিকদের হাতে তাদের করপোরেশনকে ফিরিয়ে দিন এই হচ্ছে আমার আবেদন।

**ডাঃ গোপাল দাস নাগ**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সোমনাথবাবু যে সংশোধনী প্রস্তাব দিয়েছেন সেটা আমি দেখেছি। তিনি এখন যা বলেছেন তা আমি খুব ভালভাবে শুনেছি। আমি সোমনাথবাবুর বক্তব্য থেকে একটি জিনিস বুঝতে পারলাম না বা আমার কাছে পরিষ্কার হল না যে আপাততঃ আজকে যে পটভূমিকায় কর্পোরেশনের দায়িত্ব সরকারকে নিতে হয়েছে সেই পরিস্থিতিতে কর্পোরেশনের মর্যাদা রক্ষা করার জন্য এটা ছাড়া সরকারের হাতে দ্বিতীয় কোন রাস্তা ছিল না। দুর্নীতি বলুন বা দুরবস্থাই বলুন বা বিশৃঙ্খলাই বলুন বা অমনোযোগিতাই বলুন তার ফলে যে নিষ্ক্রিয়তা দেখা দিয়েছিল এবং জনসাধারণের যে অসুবিধা হচ্ছিল সেটা সংশোধন করবার রাস্তা এটা ছাড়া সরকারের হাতে আর কোন ব্যবস্থা ছিল না। এমন কি কলকাতার জন্য সি. এম. ডি. এ. কর্তৃক যেসমস্ত উন্নয়নমূলক কর্মসূচীগুলি রূপায়নের ব্যবস্থা করা হচ্ছিল সেগুলি পর্যন্ত রূপায়িত করা যাচ্ছিল না। তারই জন্য ক্যালকাটা কর্পোরেশন সরকার গ্রহণ করতে বাধ্য হয়েছেন। আর প্রয়োজনীয়তাও সোমনাথবাবু স্বীকার করেছেন। অর্থাৎ একটা সার্টেন কনডিশনে একটা সার্টেন এনভারমেণ্টে সরকারকে এইরকম ধরণের বিনা নোটিশে পুরাতন ব্যবস্থাকে পরিত্যাগ করে কর্পোরেশন পরিচালনার দায়িত্ব গ্রহণ করতে পারে এটা সোমনাথবাবুও স্বীকার করেছেন যে এটাই হওয়া সম্ভব। যার জন্য উনি বলেছেন যে আজকে সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা তিনি লক্ষ্য করেছেন যে এই পরিস্থিতিতে সরকারের অপর কিছু করা অসুবিধা ছিল বা করা যেত না বা করলে জনসাধারণের ক্ষতি হত বা যে উদ্দেশ্যে ক্যালকাটা কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়েছিল সেটা ব্যাহত হত। কাজেই সেদিক দিয়ে যে এ্যামেণ্ডমেণ্ট আজকে এই হাউসের সামনে এসেছে সেটার প্রয়োজনীয়তার কথা সোমনাথবাবু স্বীকার করেছেন। তিনি আর একটি কথা তুলে ধরেছেন এই কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির পরিচালন ব্যবস্থার সঙ্গে আমরা একটু অবটেণ্ড হয়েছি। এটাও হঠাৎ হয়নি। এটা ধ্রুব সত্য যে আমাদের দেশে স্বায়ত্বশাসন ব্যবস্থাকে বর্তমান পর্যায়ে আনার জন্য দীর্ঘদিন ধরে সংগ্রাম হয়েছে এবং আমাদের দেশের অনেক প্রাতঃ-

স্মরণীয় মনিষী নানা সময়ে এই সংগ্রামের সঙ্গে জড়িত ছিলেন। এ যেমন কর্পোরেশনের বেল সত্য, তেমনি পৌরসভাগুলির বেলাতেও সত্য। আমি তাই সোমনাথবাবুকে বলব ক্যালকা মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট এই দুটোরই মৌলিক উদ্দেশ্য এক।

[ 5-00—5-10 p.m. ]

এবং এই কোলকাতা কর্পোরেশন এবং পশ্চিমবঙ্গের পৌরসভাগুলি এগুলির পেছনে সাধা মানুষের যে গণ চেতনা, যে দুগঅনুভূতি তার মধ্যে বিশেষ প্রভেদ কিছু নেই। কোলকাতার মা যে গণতান্ত্রিক চেতনা নিয়ে কোলকাতা কর্পোরেশনের কথা চিন্তা করেন, কোলকাতার মানুে কাছে কোলকাতা কর্পোরেশনের যে গণতান্ত্রিক চেহারা যে কোন শহরে পৌরসভার পরিপ্রেক্ষি সেই দেশের মানুষের চিন্তাও সেখানে তাই। আজ পর্যন্ত পশ্চিমবাংলার পৌরসভাগুি পরিচালনার জন্য যে আইন আছে সেখানে এই ধারা বলবৎ আছে এবং মাননীয় সোমনাথব যখন এই স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী ছিলেন তখনও এই ধারাই বলবত ছিল এবং সেই অনুসাে ব্যবস্থা অবলম্বিত হয়েছিল। এখানে এই সুপারসেসানের আগে মিউনিসিপ্যালিটিকে কে নোটিশ দেওয়া হত না, দেওয়ার কোন প্রয়োজনীয়তাই অনুভব করেন নি, আজও কেউ অনু করেন না। যাঁরা পরিচালনা করছেন, যাঁরা জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি পরিচালন দায়িত্ব পেয়েছেন তাঁদের কোন নোটিশ না দিয়ে তাঁদের ব্যর্থতা, অকৃতকার্যতা, অকর্মণ্যতার জ এবং এমন হতে পারে সোমনাথবাবু বলেছেন যে হয়ত কোন ক্ষেত্রে তাঁদের দুর্নীতির জন্য, সরকারে যদি একটা কার্যকরী ব্যবস্থা সংস্কারের জন্য গ্রহণ করতে হয় তাহলে সেই লোকগুলিকে কে কৈফিয়ৎ দেবার সুযোগ দেওয়া হবে কি না সেটা হচ্ছে মৌলিক প্রশ্ন। এই এ্যামেণ্ডমেণ্ট-এর ম বক্তব্য প্রথমেই উনি বলেছেন যে, এমন পরিস্থিতি আজকে হয়েছে যে এই কৈফিয়ৎ চাইবার দেবার সুযোগ তাঁদের দেওয়া যেত না, দিলে অসুবিধা হত। সুতরাং মূল এ্যাকসান—এ এ্যামেণ্ডমেণ্টে মূল এ্যাকসান যেটা প্রথমেই হয়েছে, কৈ ফয়ত না চেয়ে, নোটিশ না দিয়ে নির্বাচি প্রতিনিধিদের বরখাস্ত করে সেখানে সরকার পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন সেটা তি এ্যাপ্রুভ করেছেন এবং আমরাও বলি এই পরিস্থিতি হতে পারে। যাঁদের বিরুদ্ধে এ্যাকস নিচ্ছি, যাঁদের ব্যর্থতা, অকর্মণ্যতা, দুর্নীতির জন্য গণতন্ত্রের যে মৌলিক কথা সেটা নষ্ট হয়ে যাচে সমস্ত কাঠামো ভেঙ্গে পড়ছে, আমলারা নানারকম অবিচার, অত্যাচার করে চলেছে, সেখা তাঁদের কৈফিয়ত দেবার কোন প্রশ্ন উঠবে কিনা এটা মৌলিক চিন্তা হওয়া উচিত। এখা জনসাধারণের গণতান্ত্রিক অধিকারে হাত দেবার কথা কি করে ভাবলেন সেটা তো আমি বুঝ পারছি না। কারণ মূল কথা যেটা, সরকার সুপারসিড কর'র পরে কবে নির্বাচন করবেন করবেন না সেকথা কোথাও থাকছে না। সরকারের সুপারসিড করে রেখে দেওয়ার যে ক্ষম সেখানে কোন লিমিটেসান করা হচ্ছে না, বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টেও নেই। সরকার বছরে পর বছর ৬ মাস অন্তর অন্তর নোটিশ দিয়ে দিয়ে সুপারসেসনের পিরিয়ডটা বাড়ি এ্যাডমিনিষ্ট্রেটার বসিয়ে রাখতে পারেন। আজ, পর্য্যন্ত পশ্চিমবাংলায় এমন অনেক পৌরস যেখানে গত ১০ বছরের মধ্য এ্যাডমিনিষ্ট্রেটার ছাড়া কোন নির্বাচিত প্রতিনিধি ছিল না। সুতর এই যে সংশোধনের কথা নিনি বলেছেন তাতে কিন্তু ঐ যে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত ক নির্বাচিত প্রতিনিধিদের হাতে করপোরেশনকে তুলে দেওয়া সেটা হচ্ছে বলে মনে হচ্ছে না সুতরাং ওঁর যেটা মূল বক্তব্য সে সেন্টিমেণ্টে আমিও শেয়ার করি। কোন ডেমক্রাটি

ইনষ্টিটিউসান যা প্রতিষ্ঠা করতে আমাদের দীর্ঘদিন লড়তে হয়েছে, আমাদের প্রাতঃস্মরণীয় মনীষিরা যে লড়াই-এর সঙ্গে বিভিন্ন সময়ে সংশ্লিষ্ট ছিলেন বা অনেক পরিশ্রম এবং সংগ্রামের পরে যে গণতান্ত্রিক অধিকার আমরা পেয়েছি সেটা নিশ্চয় বেশীদিন সংকুচিত করে রাখা উচিত নয়। কারণ শুধু তো গণতন্ত্রের প্রয়োজনে কর্পোরেশন নয়, কর্পোরেশনের প্রয়োজনীয়তা অন্য। সাধারণ মানুষের বাঁচার জন্য যে এসেনসিয়াল রিকোয়ারমেণ্ট, যে এনভায়রনমেণ্ট—পানীয় জল, স্যানিটেসান, রাস্তাঘাট, আলো ইত্যাদি যে মিনিমাম এসেনসিয়াল রিকোয়ারমেণ্ট যেগুলি সাধারণ মানুষের শহরে বেঁচে থাকার জন্য প্রয়োজন—একটা মানুষ ইনডিভিজুয়ালি তার পানীয় জলের অবস্থা, তার পায়খানা খাটার ব্যবস্থা, ষ্ট্রিট লাইটিং-এর ব্যবস্থা, রাস্তাঘাটের ব্যবস্থা করতে পারে না উইথ হিজ ওন রিসোর্সেস, সেখানে সেখানে কালেকটিভ এফোর্ট দরকার সিটিজেনসের এবং এইভাবে সৃষ্টি হয় কর্পোরেশনের। কাজেই কর্পোরেশন সৃষ্টির এ্যানালিসিস খুঁটিয়ে দেখলে দেখা যাবে যে একটি উদ্দেশ্যে কর্পোরেশনের সৃষ্টি হয়েছিল বা পৌরসভার প্রয়োজনীয়তা অনুভব করা গিয়েছিল যে কমিউনিটি সার্ভিস কে করবে। এক একটা যৌথ কো-অপারেটিভ ভেনচার।

এই কর্পোরেশানের মূল কথা হচ্ছে যে কাজের জন্য কর্পোরেশন সৃষ্টি করেছি, কর্পোরেশনকে ট্যাক্স দিচ্ছি, সেই কাজগুলি হচ্ছে কিনা এটাই হচ্ছে প্রথম চিন্তা। সেকেণ্ড থট হচ্ছে এই কাজগুলি পরিচালনা করবে কে, সেখানে সরকার নিযুক্ত লোক করবে, না, করবে আমার নির্বাচিত লোক? কর্পোরেশন, মিউনিসিপ্যালিটিতে যদি দেখা যায় সেই কাজগুলি সিভিয়ারলি এ্যাফেক্টেড হয়, যদি কর্পোরেশন পানীয় জল না দেয়, স্যানিটেসানের ব্যবস্থা না করে, রাস্তাঘাট রিপেয়ার করতে না পারে, ষ্ট্রিট-লাইটিং মেনটেন করতে না পারে, তাহলে নির্বাচিত প্রতিনিধি থাকলেই কি, না থাকলেই কি। এই কনসোলেসান ইজ নট মাই স্যাটিসফ্যাকসান। ফার্স্ট থিং দ্যাট ইজ টু বি এনসিওর্ড যে কর্পোরেশন ফাংকসান করছে কিনা, যে উদ্দেশ্যে কর্পোরেশনের চিন্তা এসেছে সেই উদ্দেশ্য সার্ভড হচ্ছে কিনা। সেকেণ্ড থট হচ্ছে উদ্দেশ্য যদি সাধিত হয় তাহলে সেই কর্পোরেশন কে পরিচালনা করবেন? যে প্রয়োজনে কর্পোরেশন প্রতিষ্ঠিত করেছি সেটা যদি চলে তাহলে সেই কর্পোরেশন আমার নির্বাচিত প্রতিনিধিরা চালাবেন। কিন্তু কর্পোরেশান চলছে না। তাহলে কি আমার নির্বাচিত প্রতিনিধিদের কর্পোরেশন পণ্ড করবার জন্য পাঠাব? দ্বিতীয় কথা হচ্ছে সরকার যদি দায়িত্ব নেন তাহলে সরকার হবেন রেসপনসিবল টু দি পিপল। কিন্তু কর্পোরেশনের কাউনসিলাররা কতটা রেসপনসিবল টু দি পিপল সেটা বোঝা শক্ত, হয়ত ৫ বছর অন্তর জনসাধারণের সামনে যান, নাও যেতে পারেন। কিন্তু সরকার হবেন রেসপনসিবল টু দি পিপল। আজকে যে এ্যারেঞ্জমেণ্ট গভর্ণমেণ্ট করতে চাইছেন সেটা স্টপ গ্যাপ এ্যারেঞ্জমেণ্ট, যতদিন না নির্বাচিত প্রতিনিধি সেখানে পাঠান যায়। এখন যাঁরা কর্পোরেশনে এলেন এ্যাডভাইসারি কাউন্সিলে মেম্বার হলে তাঁরা জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি বৃহত্তর ক্ষেত্র থেকে, লোকের আস্থাভাজন হয়ে তাঁরা এলেন। এ্যাসেম্বলীর সদস্য যিনি অধিক সংখ্যক লোকের ম্যানডেট, সাপোর্ট নিয়ে নির্বাচিত হয়েছেন তিনি যদি কর্পোরেশনের কথা চিন্তা করেন তাহলে মহাভারত অশুদ্ধ হয় না। কারণ, লার্জার ইণ্টারেষ্ট অব দি পিপল এর সঙ্গে কর্পোরেশন ইনভল্‌ভ। সুতরাং এ্যাসেম্বলীর সদস্য দিয়ে যদি কিছুদিন ষ্টপ গ্যাপ হিসাবে কর্পোরেশন চালিয়ে কর্পোরেশনের সংস্কারের ব্যবস্থা করা যায় তাহলে তাতে কিছু দোষের হয় না। তৃতীয় কথা হচ্ছে নোটিশ দেওয়ার প্রশ্ন বরাবারের জন্য বাতিল করা যেতে পারে। আজকে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে ভবিষ্যতে সেই পরিস্থিতির উদ্ভব হতে পারে, ১ বছর কি ২ বছর, কি ১০।১৫ বছর, পরে সেই পরিস্থিতির উদ্ভব হতে পারে, সেই

পরিস্থিতি সোমনাথ বাবু নিশ্চয়ই এনডোর্স করবেন। সুতরাং পৌরসভাকে বিনা নোটিশে গ্রহণ করা ছাড়া উপায় নেই। সোমনাথ বাবু জানেন নোটিশ দিয়ে কিছু করতে গেলে কিছু লোক আছেন যাঁরা ভাল আইন বোঝেন, তাঁরা আইনের ফ্যাঁকড়া তুলে সরকার যেটা করতে চাইছেন সেটা অনেকদিন পিছিয়ে দিতে পারেন। সুতরাং যেখানে জাস্টি লাইক ফায়ারব্রিগেড দি গভর্নমেণ্ট হ্যাজ টু এ্যাক্ট সেখানে ফর্মালিটি করে নোটিশ দিয়ে বিচার করে গ্রহণ করার মত সময় সরকারের নেই। তৃতীয়তঃ.গণতান্ত্রিক প্রতিষ্ঠান কর্পোরেশন করার পিছনে যে চিন্তা আছে সেটা হচ্ছে মানুষের যে সিভিক নেসেসিটিজ সেগুলি একটা এজেন্সি তৈরী করে তার মারফত সার্ভ করা। চতুর্থতঃ, সেটা ডেমোক্র্যাটিক্যালি সুস্থভাবে পরিচালিত হবে, কোন ব্যবস্থা ব্যাহত হবে না। কিন্তু সেখানে তা হয়নি। সেজন্য আজকে কর্পোরেশনে কাউন্সিয়ালেরর বদলে নির্বাচিত এম. এল. এরা গেছেন। একথা বলা হয়নি যে চিরকাল কর্পোরেশন সুপারসিড থাকবে, কণ্ডিসান ফেভারেবল হলে কর্পোরেশনে নির্বাচন হতে পারে। সুতরাং আর একবার সোমনাথ বাবু বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টের কথা চিন্তা করুন, অতীত কিভাবে কর্পোরেশন অব্যবস্থার মধ্য দিয়ে গেছে, ভবিষ্যতে সরকারের হাতে এই রকম ক্ষমতা দেওয়ার দরকার আছে কিনা চিন্তা করুন এবং আমার মনে হয় এই এ্যামেণ্ডমেণ্ট সোমনাথবাবুর প্রত্যাহার করে নেওয়া উচিত। এই কথা বলে যে এ্যামেণ্ডমেণ্ট বিল মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন সেটাকে আমি সমর্থন করছি।

[ 5-10— 5-20 p.m. ]

**Shri Abdur Rauf Ansari :** Mr. Deputy Speaker, Sir, I thought my turn was over and so, I closed my papers. However, while supporting the Calcutta Municipal (Second Amendment), Bill, 1972, I feel that this is a very popular measure which has given pleasure and relief not only to the people of Calcutta, not only to the rate-payers of Calcutta, but to a larger part of the population of the country because when the late mighty British empire was in existence, Calcutta city was called the Second City of British empire. Naturally, it is a relief to the major part of the people of the country. This measure of supersession has been taken by this popular Government, through not willingly but because of the circumstances prevailing in the Calcutta Corporation, a civic organisation meant to give minimum civic amenities to the common people of Calcutta. If a man gets up in the morning and goes to the bath room, his relation with the municipal body starts there. The moment he steps down from his residence, comes out of his house and looks to the streets and drainage system of Calcutta, his relation with the municipal body starts there—a citizen is related so closely with the municipal body from his birth till his death. Unfortunately, the people have been deprived of the minimum amenities they expected from this municipal body, the Calcutta Corporation. Mr. Deputy Speaker, Sir, we have seen how during regime of United Front, in 1969, the Corporation general election was held. Then, the Corporation came under the dominating power of C P.M. The Mayor belonged to the C.P.M. The C.P.M. converted the whole organisation into their party organisation. As a civic body this organisation should have been above all these things because it is meant for serving the people, but the entire Corporation building was converted into a party office of the C.P.M. All the honest employees were forced to quit. Now, it is pleasant to note that the Government has taken this measure. Sir, C C.R. system was introduced long ago for determining the cases of promotion, but it

was withdrawn by the C.P.M. Mayor. What happened as a result ? The question of law and order became a problem in the Calcutta Corporation. Even the property of the Calcutta Corporation meant for public use, was utilised for party purposes. A new ambulance purchased out of public fund, for the use in the Corporation T B Hospital—for T. B. patients, was sent outside of the jurisdiction of the Calcutta Municipality and that was seriously damaged.

The driver was seriously injured and the ambulance became useless when it came to the Calcutta Corporation. That driver was dismissed by the Commissioner of Calcutta Corporation. You will be surprised to know—it happens in the Calcutta Corporation—that when the term of the C.P.M. Mayor was going to expire near the end of March in 1971, he reinstated that man who damaged Corporation property worth twenty-four thousand rupees and that ambulance was utilised for the party outside Calcutta. This is how the Calcutta Corporation functions. Naturally, what the people can expect from the Corporation. Govt is quite justified in superseding the Calcutta Corporation in the interest of the common citizen. They must have civic amenities and for this Govt has taken up this measure. You will be surprised to know, Sir, that dues from rate payers worth about six crores of rupees are not properly collected. Corporation earning is about twelve crores of rupees a year but it spends about ten crores of rupees on the establishment alone. You will be surprised to see how much money and what percentage of the annual expenditure is spent on the establishment. I do not know of any statutory body which earns twelve crores of rupees a year but spends more than ten crores of rupees on establishment alone.

Now, coming to the civic amenities, condition of the common citizen is beyond description. Thanks to the CMDA which came into existence to give relief. Thanks also to the octoroi duty. Of course, they should get more as the Calcutta Corporation is serving in the larger interest of the people. Sir, my friends were very sympathetic for the rural people. While discussion on Entry Tax was going on, they said that more money was going to be spent in Calcutta. I tell them that about twelve lakh people are coming to the city daily and are enjoying all civic amenities but they are paying nothing to the Calcutta Corporation. Civic body is rendering service to these people. I may also draw your attention to another point. In between the time you get up from your bed and go to bed at night you have got to do with water, and supply of water is definitely not sufficient to meet our requirements. It is the statutory obligation of the Calcutta Corporation to provide twentyfive gallons of water per head. Even in some parts of the city people are not getting even half of the statutory obligation. Bustee people are not getting what they should get. Since the CMDA came into existence they are trying their best to meet their requirements. At the same time in the same city where water is available that is bring wasted also. CMWSA statistics show that one-third of water supplied to the city is wasted. Our responsibility comes in here. An honourable member has drawn the attention of the Government regarding notice, that notice prior to supersession should have been given but he has approved the view that supersession was necessary. We have approved this Bill. He knows, perhaps, that in the case of supersession of Calcutta Corporation and other municipalities, supersession after negotiation—my friend in the Ministry also said this may invite litigation. What happens is that you are going to supersede a municipality only when it fails to meet the requirements of the citizen. After all, the representatives of the municipalities or the commissioners have got to look into the basic requirements of the citizen.

[ 5-20—5-30 p.m. ]

**So, if you delay in communication then other things happen which had been**

witnessed in 1948 and about which we heard from our ancestors that in the same Corporation if you start negotiation then in the meantime hundreds of appointments are made in a night—overnight all the vacancies are filled up. Then there will be so many actions taken but it is not desirable that such thing should take place. Then so many files remain in arrears because negotiations go on and the time is short to bring out the files to do something. I think, for the interest of the citizens, for the interest of the common man don't give the chance. If you give this chance this may be misused by the other side because now you are more anxious to do something and so you have taken the decision to supersede. It is a fact Now you are thinking whether you should give time for negotiation But if you give this time you will lose the purpose of suppersession Because, in the meantime they will fill up the files, in the meantime hundreds of appointment letters will be issued in the night. The night you are going to supersede at 12 but even at 11.30 you will find that some papers have been signed. This has happened in many instances and I think in future also this may happen Suppose, it goes to the peoples' representatives and again in the same situation arises—if the Government at that time want to supersede and again they start negotiation they may fail in the purpose because the purpose is not to oust some councillors or Municipal Commissioners but the purpose is to safeguard the interest of the citizens and to see that the Municipality which is dedicated to give the minimum benefit in the form of civic amenities is not disturbed. If you go on with negotiations there are many chances of lapses—may be many loopholes—and the very purpose for which you are going to supersede it may be hampered.

With these words, Mr Deputy Speaker, Sir, I second the Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 wholeheartedly and hope the House will accept this. Thank you, Sir.

**শ্রীবারিদবরন দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতা পৌরসভা সংশোধনী বিধেয়ক যেটা আনা হয়েছে ১৯৭২ সালের আমি তাকে পূর্ণ স্বাগত জানাচ্ছি। স্যার, আপনি জানেন যে জাতীয় জাগরণের এক শুভক্ষণে আমাদের জাতীয় স্বাধীনতা আন্দোলনের দিকে যে ইনষ্টিটিউসনগুলো নিয়ে গিয়েছিল, যে মানুষরা এগিয়ে নিয়ে এসেছিলেন সেই রকম ইনষ্টিটিউসন হিসাবে কলকাতা কর্পোরেশন জাতীয় জীবনে একটা স্থান পেয়ে রয়েছে। সেই কর্পোরেশন এখন দুর্নীতির ভারে ভারাক্রান্ত হয়ে পথ চলতে পরছিল না। সেই সময় প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সিদ্ধার্থ শঙ্কর রায়ের সরকার দায়িত্ব গ্রহণ করেছেন এর জন্য আমি তাঁকে স্বাগত জানাচ্ছি। আজকে দুর্নীতির কথা বলতে গিয়ে অনেকে যেকথা বলছেন আমি তা মানি যে সমাজের বিভিন্ন স্তরে তা আছে এবং কর্পোরেশনেও আছে। কিন্তু যাঁরা বলেন যারা কেরাণী তারাই চোর, সমস্ত মেকানিক চোর বা সমস্ত ইঞ্জিনিয়ার শুধুমাত্র পয়সা খায় আমি তাঁদের সঙ্গে একমত নই। আমাদের জাতীয় জীবনেও ভাল লোক আছেন, যাঁরা দুর্নীতির বিরুদ্ধে লড়তে চান, যাঁদের বক্তব্য আছে। কিন্তু তাঁদের পিছনে দাড়াবার কেউ নেই। আজ এই সভার বিভাগীয় মন্ত্রির কাছে রাখবার জন্য কতকগুলো কাগজ এনেছি। কলকাতা কর্পোরেশনের সঙ্গে যোগ আছে এই কাগজগুলোর। কিন্তু এটা দেবার আগে আমি একটা ভূমিকা করে নিতে চাই। ৯-৪-৭২ তারিখে প্রভাতী যুগান্তরে বেরিয়েছে। পরিচালক বলছেন পৌরসভার দুর্নীতির বদনাম ঘোচান। এমনভাবে কাজ করুন যাতে নাগরিকদের ভাল ধারণা হয়, পৌরসভার উন্নতি করতে হবে। এই কথা বলছেন কর্মীদের উদ্দেশ্যে পৌরসভার পরিচালক শ্রীশরদেন্দু দত্ত মজুমদার। এই আবেদন জানাবার আগে একটি ভদ্রলোকের নাম আপনার সামনে বলছি, তিনি পৌরসভার কর্মচারী তার নাম সত্যরঞ্জন চাটার্জী। তিনি একটি বক্তব্যে বলেছেন-কর্পোরেশনে বিশেষত মোটর যান বিভাগে দুর্নীতি চলিতেছে, কলিকাতার নাগরিকদের বৃহত্তর স্বার্থে তাহা দূর করিবার উদ্দেশ্য

একটি চুরির ঘটনার সহিত যুক্ত প্রকৃত উর্দ্ধতন অফিসার এবং আরও কয়েকজন লোকের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ আনয়ন করিয়া তৎকালীন পৌর পিতাদের নিকট লিখিতভাবে তদন্ত এবং দোষী ব্যক্তিদের শাস্তির আবেদন জানাই। মাননীয় পৌর পিতাগণ আমার এই আবেদন গ্রহণ করেন এবং উপযুক্ত ব্যবস্থা হিসাবে লালবাজার আই,বি,ডিপার্টমেন্টকে তদন্ত করবার নির্দেশ দেন। তাদের নির্দেশ মত পুলিশ তদন্ত শুরু করে এবং পরবর্তীকালে আমার অভিযোগ যথাযথ প্রমাণিত হওয়ায় আই, বি, বিভাগ দুর্নীতির অভিযোগে গত ২৩।২।৭২ তারিখে আসামীদের ১২০ (বি)৪৯৯, ৪৬৭,৪৬৮,৪৭১ ই, টি, সি ধারা মতে গ্রেপ্তার করে। পি,ইউ,ডি কেস নং ৬৩ ডেঃ ২৩।২।৭২। এই সংবাদ গত ২৪।২।৭২ আনন্দবাজার ও অন্যান্য পত্রিকায় প্রকাশিত হয়। আনন্দবাজার পত্রিকা এই সম্বন্ধে বলেছেন "অফিসারসহ তিন জন পৌরকর্মি গ্রেপ্তার" ২৪।২।৭২ বুধবার পুলিশের দুর্নীতি দমন বিভাগ কেন্দ্রীয় পৌরভবন এলাকাতে পৌর মোটর যান বিভাগের একজন অফিসার সহ দুই জন কর্মিকে গ্রেপ্তার করে। চুরি, জালিয়াতি ইত্যাদি ব্যাপারে এরা জড়িত বলে অভিযোগ, এদের মধ্যে একজন এ্যাসিসটেণ্ট সুপারিনটেণ্ডেট, এক জন করনিক ও একজন মিস্ত্রী। এই গ্রেপ্তারের সঙ্গে সঙ্গে পৌর কমিশনার তিনজনকে সাসপেন্ড করেন। এই ব্যাপারে নাকি অনেক লক্ষ টাকার চুরির অভিযোগ আছে। কলকাতা পুলিশ সঙ্গে সঙ্গে কেবল তিনজন নয় একটা দুর্নীতি চক্র এর পিছনে রয়েছে, সবটা খুঁজে বের করবার জন্য পুলিশ কমিশনার এই বিষয়ে জোর তদন্তের নির্দেশ দিয়েছেন। আনন্দবাজার কাগজের খবরে এটা বেরিয়েছে। কিন্তু স্যার, এই লোকগুলি যখন জেল থেকে বেরিয়ে এল—বেরিয়ে আসার পর এরা একটা সস্তার আন্দোলন শুরু করলেন এবং ভয়াবহ যেটা করলেন, এই যে ব্যক্তিটি যিনি দুর্নীতি দেখিয়ে দিয়েছিলেন তাকে মার ধোর করবার ভয় দেখালেন। তারজন্য এই ভদ্রলোকটি একটি নালিশ করেন। তিনি বলেছেন আমি পুলিশের একজন সাক্ষী হিসাবে আমার জীবনের নিরাপত্তার জন্য আমি আইনের সাহায্য নিতে বাধ্য হয়েছি। গত ৬।৩।৭২ তারিখে শিয়ালদহ পুলিশ ম্যাজিসট্রেটের কাছে ১০৭ সি সি, আর, পি, সি, ধারা মতে আবেদন করতে বাধ্য হয়েছি। এইতো গেল ঘটনা, তারপরে সবচেয়ে অবাক কি হোল—দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে গিয়ে যারা দুর্নীতি করলেন তারা তো জামিনে বেরিয়ে এলেন, তারা তো বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে, হঠাৎ তিনি একটা নোটিশ পেলেন সেই নোটিশ আমি পড়ে শোনাচ্ছি—The Commissioner vide his order dated 5.4.72 has been pleased to transfer the following workers administratively to the Entally Workshop with immediate effect. তার নাম শ্রীসত্যচরন চ্যাটার্জি,এ্যাসিসটেণ্ট ড্রাফটসম্যান টি নং ৩৫। এই ভদ্রলোকটি দুর্নীতি দেখিয়েছিলেন, তাকে ট্রানসফার করে দেওয়া হল দুর্নীতি বজায় রাখবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয়কে বলি আমার সরকারকেও বলি আপনার মাধ্যমে আমরা যারা বার বার বলেছি বিধানসভায় আমরা যে কোন বলিষ্ঠ কাজকে সমর্থন করতে এসেছি আমার বন্ধু যাঁরা আছেন কমিউনিষ্ট পার্টির সঙ্গে জড়িত, তাঁরা অনেক দিন বিপদের দিনে আমাদের সাথী হয়েছে। আজকে কলকাতার নাগরিক জীবনে যে নতুন বিপদ নিয়ে এসেছিল তার বিরুদ্ধে লড়াইয়ের জন্য আমাদের সরকার যে পদক্ষেপ নিয়েছেন আসুন তাকে আমরা মদত দিই। আজকে আমরা পরিষ্কার মদত দিতে প্রস্তুত, আপনারা সব শক্তি নিয়ে দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে এগিয়ে আসুন, আজকে মনে রাখবেন প্রত্যেক দুর্নীতিগ্রস্ত সমাজের মধ্যে মাঝে মাঝে কয়েকটি ভাল লোক আছেন যাদের পরিষ্কার বদল করতে হবে। আপনার মাধ্যমে, স্যার, এই পেপারগুলি আমি বিভাগীয় মন্ত্রিকে দিয়ে দেব, তিনি এই সমস্ত পড়ে ব্যবস্থা নিয়ে এই ব্যক্তির পাশে দাঁড়াবেন এবং দুর্নীতিগ্রস্ত অফিসারদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করবেন। কলকাতা পৌরসভা আমাদের কাছে নতুন রঙে রঙ্গিন হয়ে আগামী দিনে আসবে

তাকে মদত করবার জন্য জনপ্রতিনিধিগণ ও আমরা দায়িত্ব নিয়েছি, সেইজন্যই এই আইনকে গ্রহণ করেছি। আগামী দিন যদি কলকাতার মানুষ বলেন যে এই বিধানসভার সদস্যরা কলকাতার নগর জীবনকে পরিষ্কার করে দিতে পারছেন না তাহোলেতো বলাই বাহুল্য আমাদের অকর্মণ্যতা প্রমাণিত হবে। যাঁরা গণপ্রতিনিধি ছিলেন তাঁদের অন্য মাত্র অসম্মান করার ইচ্ছা আমাদের সরকারের ছিল না, এই কথা আমি বিশ্বাস করি। কিন্তু প্রয়োজনভিত্তিক সময় এসেছে যার জন্য সরকারের দায়িত্ব নেবার প্রয়োজন হয়েছিল পৌরসভার। মাননীয় স্পীকার,আমি আর আপনার সময় নষ্ট করতে চাইছি না, যে বিলটা আমাদের সরকারের প্রথম এ্যাক্‌সন হিসাবে চিহ্নিত ছিল সেটা আমি এ্যাক্‌সন বলছি এই কারণে আজকে বাংলাদেশের মাটিতে যে যায়গায় এ্যাকশন দেখা দিয়েছিল—সেই সব এ্যাকশনে আমরা দেখেছিলাম কি যে, দেওয়ালে ওয়ালিং ছিল না, স্লোগান ছিল না, রাস্তায় পাবলিসিটি ছিল না যে এ্যাকশন নেওয়া হয়েছিল দুর্নীতিগ্রস্ত সমাজ শত্রুরা আমাদের হাতে বলি হতে বাধ্য হয়েছিলেন। পৌরসভার দুর্নীতিগ্রস্ত মানুষ যাঁরা আছেন, যে দুর্নীতি চক্র মাথা চাড়া দিয়ে উঠেছিল তার বিরুদ্ধে আমরা একটা এ্যাকসন নিয়েছি। এই এ্যাক্‌সন নেবার আগে দেওয়ালে ওয়ালিং-এর কোন প্রয়োজন হয়নি, সেই এ্যাক্‌সন নেবার আগে আমার সরকারকে বক্তৃতায় পাঁচটা বিবৃতি দেওয়ার প্রয়োজন হয় নি। একদিনে এক ঘণ্টায় একটা প্রস্তাবে আমরা দায়িত্ব গ্রহণ করেছি। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সদস্য আমরা সকলে এই ধারাকে স্বাগত জানাব এবং কলকাতার মানুষের কাছে আমাদের প্রতিশ্রুতিকে আমরা বাস্তবে রূপায়িত করব। এই আশা রেখে মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 5-30—5-40 p.m. ]

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অনেকগুলি বক্তৃতা হল এবং কর্পোরেশনের শাসন ব্যবস্থা এতদিন এভাবে চলে আসছিল, সেখানে দুর্নীতি এবং মানুষের অচল অবস্থা, জলের অব্যবস্থা, এই সম্পর্কে আমাদের কারো দ্বিমত নেই। এই সম্পর্কে যাঁরা বলেছেন সে সম্পর্কে আমরা সকলেই একমত। কিন্তু তা সত্ত্বেও একটা জিনিস থেকে যাচ্ছে যার জন্য আমি বলতে উঠেছি। এবং সেটা হচ্ছে ডেমোক্র্যাসি ১ গণতন্ত্র। যে ধারাটা ১৯৫১ সালে ছিল সে সম্পর্কে আপনারা সকলেই জানেন যে এই সুপারসিড করার যে প্রভিশন ছিল তাতে ষ্টেট গভর্ণমেন্ট কর্পোরেশনকে একটা নোটিশ দিতেন, তাঁদের কাছে কারণ দর্শানোর জন্য তারপরে এটা সুপারসিড করতে পারতেন, এই অধিকার ছিল। এই ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল নিয়ে এই আইনসভায় আমরা অনেক আলোচনা করেছি, সিলেক্ট কমিটিতে আমি নিজেও ছিলাম এবং এখানে হয়ত অনেকেই আছেন যাঁরা সেই সময় সিলেক্ট কমিটিতে ছিলেন। এই নিয়ে আমরা আলোচনা করেছিলাম এবং সেখানে কি করে ডেমোক্র্যাসিকে রক্ষা করা যায়—যদিও এইরকম ধারা নিয়ে আলোচনা হয় নি কিন্তু আমাদের কথা হ'ল এই যে কর্পোরেশন একটা স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠানে কোন গভর্ণমেন্টের—সে যেকোন গভর্ণমেন্টই আসুক না কেন, তার কোন হস্তক্ষেপ চলবে না। এই সাধারণ সেন্স আমাদের সকলেরই ছিল, আমরা যাঁরা বিরোধীপক্ষে ছিলাম এবং কংগ্রেস পক্ষের সদস্যরাও যাঁরা ছিলেন আমরা সকলেই এবিষয়ে একমত ছিলাম। কিন্তু অন্য কতকগুলি বিষয় আমরা বিরোধিতা করেছিলাম, কারণ আমরা সংখ্যায় কম ছিলাম তাই তা গ্রহণ হয় নি। যেমন আমরা বলেছিলাম যে ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল যদি এ্যামেণ্ড করতে হয় তাহলে পর যাঁরা গরীব মানুষ বস্তিতে থাকে, বস্তির মানুষের একটা কল বসানর অধিকার নেই,

একটা জানলা দেবার অধিকার নেই জমিদারের অনুমতি ব্যতীত, এই সমস্ত আইনগুলি যাতে সংশোধনের দিকে আমরা যেতে চাইছিলাম। কিন্তু আমরা সংখ্যায় কম ছিলাম, আমরা হেরে যাই এবং সেই সংশোধনীগুলি পাশ হয় নি। সেখানে আমরা বলেছিলাম যে জনকল্যাণমূলক কাজের জন্য জমিদারের ক্ষতিপূরণ না দিয়ে তার জমি নিয়ে কিছু জনকল্যাণমূলক কাজ করতে পারি। এবারে আমরা যখন নির্বাচন অভিযানে যাই সেই সময় বিশেষ করে বস্তি অঞ্চলে আমরা গিয়ে বলি যে ২৫তম সংবিধান সংশোধনী বিল পাশ হয়েছে এখন নিশ্চয়ই আমরা বস্তীর ক্ষেত্রে জমিদারের অনুমতি প্রভৃতি যে সমস্ত বাধা ছিল সেগুলি দূর করতে পারবো। এই ধরণের কাজের আশ্বাস নির্বাচনের সময় আমরা দিয়েছি। এই ধরণের যদি কোন সংশোধন এখানে আসতো তাহলে আমরা সবচেয়ে খুসী হতাম। কিন্তু এখানে এমন একটা সংশোধনী আনলেন যেটা আমি মনে করি গণতন্ত্রের উপর হস্তক্ষেপ হচ্ছে। আজকে হয়ত এমন অবস্থা হয়েছিল যে কোন উপায় ছিল না এবং সেটার সঙ্গে আমি একমত হচ্ছি কিন্তু গভর্ণমেণ্টকে যদি এই অধিকার দিয়ে দিতে হয় তাহ'লে পরে যেকোন সময়ে—আজকে আমাদের গভর্ণমেণ্ট আছে এর পরে আমাদের গভর্ণমেণ্ট নাও থাকতে পারে, সেখানে আরো অনেক খারাপ গভর্ণমেণ্ট আসতে পারে, তারা যে কোন সময়ে যে কোন কাজে এমনিভাবে স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানে হস্তক্ষেপ করবে। কিন্তু একটা স্বায়ত্ব-শাসন মূলক প্রতিষ্ঠানে এইরকম সরকারী হস্তক্ষেপ হোক সেটাতো আমরা চাই না। তাই কলিকাতা বিশ্ববিদ্যালয় বিল নিয়ে যখন আলোচনা হয়েছে সেই সংশোধনীতেও আমি আমাদের পক্ষ থেকে বারবার বলেছি যে কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা পৌর প্রতিষ্ঠান এই ধরনের যেসমস্ত প্রতিষ্ঠান আছে, যেগুলি স্বায়ত্ব-শাসনমূলক প্রতিষ্ঠান, সেখানে যখন তখন গভর্ণমেণ্টের হস্তক্ষেপ চলবে না।

কাজেই এ ব্যাপারে ১৯৫১ সালে যে ধারাটা ছিল, সেটা একটি গণতান্ত্রিক ধারা, এই ধারায় সুপারসিড করতে গেলে আপনাকে নোটিশ দিতে হ'ত। তখন উপযুক্ত রীজন যদি না দেখতে পারে তাহলে গভর্ণমেণ্ট সুপারসিড করবে। এই প্রসঙ্গে বলতে গিয়ে শ্রমমন্ত্রী ডাঃ গোপাল দাস নাগ মহাশয় ১৯৩২ সালের Bengal Municipal Act সম্পর্কে উল্লেখ করেছেন। আমরা তো এগিয়ে চলেছি, ১৯৫১ সালের আইনে যেটুকু প্রগতিশীল বিষয় আছে তাকে বাতিল করে ১৯৩২ সালের আইনের অগণতান্ত্রিক ধারায় কেন, আমরা ফিরে যাব। নোটিশ না দিয়ে সুপারসিড করতে পারবে এ জিনিসটা কখনো হতে পারে না। তাই আমরা এটাকে সমর্থন করতে পারি না। তারপর জনসাধারণের দুর্গতি মোচনের জন্য একজন এ্যাডমিনিষ্ট্রেটার বসিয়ে একটা এ্যাডভাইসরি কমিটি করে দিলেই জনসাধারণের দুর্গতি কম হবে বা লাঘব হবে এইরকম কোন কারণ আমি খুঁজে পাচ্ছি না। এটা এজন্য বলছি, আমি শুনেছি কলকাতার ২৩ জন এম. এল. এ-কে নিয়ে একটা এ্যাড-ভাইসরি কমিটি হয়েছে কলকাতা কর্পোরেশন পরিচালনার জন্য। কোন দিন মিটিং হলে আমরা কয়েকটা উপদেশ দিতে পারবো কিন্তু পৌরসভার কাজ কিভাবে আমরা করতে পারব? এ কথাটা শুনতে খুব ভাল যে এম. এল এ দের উপর এই সমস্ত দায়িত্ব পড়েছে, কিন্তু দায়িত্বের একটা সীমা থাকা উচিত। আমরা এম. এল. এ-র কাজ করতেই হিমসিম খেয়ে যাচ্ছি, একজন কাউন্সিলার—এক একটি ওয়ার্ডের কার্য করতেই হিমসিম খেয়ে যায়। কারণ কাউন্সিলারকে ওয়ার্ডের প্রতিটি বাড়ীর সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখতে হয়। জলকল, পায়খানা ইত্যাদি ব্যাপারে ঠিকমত চলছে কি না সকাল থেকেই তাঁকে ওয়ার্ডে ঘুরতে হয়। এই যেখানে অবস্থা সেখানে এক একজন এম. এল. এ-র আণ্ডারে ৪।৫টি করে ওয়ার্ড যদি থাকে তাহলে যে কি করে সেই সমস্ত ওয়ার্ডের কাজ দেখা সম্ভব হবে আমি সেটা কল্পনাও করতে পারি না। যেকথা একটু আগে মাননীয়

সোমনাথবাবু বলেছেন যে অনবরত ফোন আসতে থাকে যে এখানে পাম্প বন্ধ, জল আসছে না ইত্যাদি। কাজেই এই ধরণের একটা কমিটি করে দিয়ে কাজের কোন সুরাহা হচ্ছে না। আমাদের উপরই মোটামুটি সমস্ত দায়িত্ব পড়ে যাচ্ছে। সেদিক থেকে বিবেচনা করেই আমি সংশোধনী দিয়েছি। আমি কেবল বলেছি এইরকম যে ধারাটা এখানে সংযোজিত হচ্ছে এটা একটা অগণতান্ত্রিক ধারা এটাকে আমরা সমর্থন করতে পারি না যে উইদাউট এনি রীজন গভর্ণমেণ্ট হস্তক্ষেপ করে কর্পোরেশন সুপারসিড করতে পারবে না। এইরকম কাজ আমি কমিউনিষ্ট হিসাবে সমর্থন করতে পারি না। এইরকম একটা অধিকার গভর্ণমেণ্টের থাকবে, এটা আমি মুখ্যমন্ত্রী হলেও নিজের উপর এইরকম ক্ষমতা রাখতাম না, কারণ যারা ডিমোক্রেসীতে বিশ্বাস করে তারা এ জিনিষ চাইবে না।

দ্বিতীয়তঃ এই অবস্থায় উপায় ছিল না বলে সুপারসিড করা হয়েছে সেটা বলা হয়েছে তাতে আমি এখানে এই সংশোধনী এনেছি যে এক বছরের জন্য চিরকালের জন্য নয়, এইরকম একটা ব্যবস্থা থাক, আমরা এটাকে কিছুতেই মেনে নিতে পারছি না, অন্ততঃ এক বছরের জন্য যেমন অর্ডিনান্স করেছেন এবং সুপারসিড করেছেন, আমরা তাই এক বছরের জন্য এই আইনটাকে সমর্থন করব, তারপর আর এটাকে রাখবেন না, ১৯৫১ সালের আইনে যে ধারাটা ছিল সেটাই আমরা রাখতে চাই। তাছাড়া বিল সম্বন্ধে আমাদের অনেক মতামত আছে এবং অনেক সংশোধনীও আছে, সে সম্পর্কে নিশ্চয়ই পরবর্তীকালে এ্যামেণ্ডমেণ্ট বিল আনবেন, তখন আমি বলব। কিন্তু এইভাবে চিরকালের জন্য গভর্ণমেণ্ট এক নির্বাচনের সমস্ত প্রতিনিধিত্বমূলক স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠানের উপর হস্তক্ষেপ করবেন এটা আমরা সমর্থন করতে পারছি না। কিন্তু এইরকম একটা অবস্থায় যদি সুপারসেসন-এর নোটিশ দিয়ে করা হোত তাহলে সবচেয়ে ভাল হোত। কিন্তু আজকে যখন একটা অবস্থায় কর্পোরেশনকে সুপারসেসন করা হয়েছে আমরা সেটাকে সমর্থন করে এটাই বলেছি যেন কোনক্রমেই এক বছরের বেশী এই আইন না থাকে এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

[ 5-40—5-50 p.m. ]

**শ্রীভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল যেটা আনা হয়েছে সেটা অর্ডিনান্স যা ছিল তাকেই বলবৎ রাখার জন্য আনা হয়েছে, অর্থাৎ যাতে আইনটা পাকাপাকিভাবে করা যায়। এখানে এক বছরের জন্য লিমিট থাকা উচিত ছিল এটা আমি যুক্তিযুক্ত মনে করি না। কারণ এক বছরের মধ্যে সমস্ত রাস্তার উন্নতি হবে, দেশের লোকের চরিত্রের উন্নতি হবে এবং রাস্তা ভাল হবে একথা আমি বিশ্বাস করি না। এটা সকলেই জানেন এমন যদি ঘটনা ঘটে যে এক বছর বাদে এই আইনের প্রয়োজন নেই তখন বিধানসভার সব ক্ষমতাই আছে। কিন্তু তাই বলে এক বছরের আইনকে লিমিট করে দিলাম এটা বলার প্রয়োজনীয়তা নেই। এক বছরের মধ্যে আমরা কি করে বুঝব এর প্রয়োজনীয়তা চলে যাবে। বছর বছর আমরা দেখেছি কলকাতার রাস্তায় কি অবস্থা, বছর বছর দেখেছি জলকলের কি অবস্থা, বছর বছর দেখেছি বস্তীর রাস্তার কি অবস্থা, বছর বছর দেখেছি কিভাবে টাকা পয়সার গোলমাল হচ্ছে এবং কমিশনাররা কর্পোরেসনের কাজ না করে ভিয়েতনাম, রাশিয়ায় কি হচ্ছে তা নিয়ে টেবিল ছোঁড়াছুঁড়ি করছেন। সুতরাং এক বছরের মধ্যে সমস্ত জিনিস বদলাবে তা বলা মুস্কিল। তাছাড়া আমাদের হাতে সি. এম. ডি. এ. পরিকল্পনা, পাতাল রেলের পরিকল্পনা আছে। সুতরাং এক বছরের জন্য যদি আইন লিমিট করি তাহলে

বিধানসভার ক্ষমতা নির্দিষ্ট করা হবে বা সরকারের ক্ষমতা সীমাবদ্ধ করা হবে। তারপর সো-কজ নোটিশ, অর্থাৎ কৈফিয়তের প্রভিসন তুলে দেওয়া হচ্ছে সেটা বলছেন। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট ১৯৩২ তার সেকসন ৫৫৩ তে যে প্রভিসন আছে সেটা আমাদের ৪৭সি-র মত। সেখানে সো-কজ নোটিশের প্রভিসন নেই। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট সমস্ত মিউনিসিপ্যালিটি কভার করে। সেখানে ৪৭সি-তে যে প্রটেকসন দেওয়া আছে সেই প্রটেকসনের বলে আজকে একটা মামলা চলছে হাইকোর্টে। এখানে বলা হয়েছে State Government may by an order published with reasons for making it in the Official Gazette declared Corporation to be income petent etc. তার মানে গভর্ণমেন্টকে রিজিন দিতে হবে এবং সেটা পাবলিসড হবে। সেই রিজিনটা জাষ্টিসেবল ইন এ কোর্ট অব ল হওয়া চাই। আমি শুনেছি ওরা মামলা করেছে। মামলা যদি করে থাকে তাহলে বিচারালয়ের উপর আমার আস্থা আছে, যদি অন্যায় হয় তাহলে তাঁরা দেখবেন। কিন্তু যদি সো-কজ নোটিশ রাখেন তাহলে এগুতে পারবেন না। আমরা চেষ্টা করছি যাতে সোসালিজম আনা যায়, সকলের উন্নতি করা যায়। আমরা যদি পাঁচ বছরে এই কলিকাতা শহরে কিছু না করতে পারি তাহলে বাংলাদেশের অন্য জায়গায় কি করব? আমি আইনজ্ঞ হিসাবে বলছি এটা থাকলে প্রথমেই এটা রিট কোর্টে যাবে, তারপর কোর্ট থেকে য়্যাপীল কোর্ট, তারপর সেখান থেকে সুপ্রীম কোর্টে যাবে এবং এইভাবে পাঁচবছর কেটে যাবে। এই কারণেই এই সোকজ নোটিশ তুলে দেওয়া হল এবং এটা বৃহত্তর স্বার্থের খাতিরেই করা হল। বাংলাদেশের কেন্দ্র হল কলকাতা। কাজেই কলকাতার উন্নতি দ্রুততর না করতে পারলে আমাদের দেশের উন্নতির পথে বিঘ্ন হবে।

সুতরাং এই সো-কজ নোটিশ তুলে দেওয়া হয়েছে, কিন্তু কোর্টের এক্তিয়ার তুলে দেওয়া হয় নি। কোর্ট এখনও দেখতে পারে যে রিজন্স বা কারণটা আমরা পাবলিকলি দেখাবো- অর্থাৎ কিনা By Publishing Official Gazette, সেই কারণটা malafide কারণ কি না. সেই কারণটা insticiable কি না, সেটা court দেখবে। এবং court-এর ক্ষমতা থাকবে, সেটা পাশ করাব, তাতে কোন অসুবিধা নেই। সুতরাং notice না দিলেও কোন ক্ষতি নেই। Bengal Municipal Act যদি এতদিন চলে আসতে পারে তাহলে Calcutta Municipal Act.-এর বেলায় আমাদের যদি সেই power-টা নিয়ে থাকি তাতে এমন কোন ক্ষতি হয় নি, বরঞ্চ দেশের উন্নতি হয়েছে, আপনারা এটা সবাই লক্ষ্য করে থাকবেন যাদের কলকাতার সঙ্গে যোগাযোগ আছে, তারা খুশী হয়েছে, সবাই বলছে যে সবচেয়ে ভাল কাজ হয়েছে এই Corporation-কে তুলে দিয়ে। যাঁরা কলকাতার রাস্তা ব্যবহার করেন, কলকাতার জলের ব্যবস্থা জানেন, তাঁরা প্রত্যেকে খুশী হয়েছেন। সুতরাং এই বিলটাকে আপনারা সমর্থন করুন এবং যদি কখনও প্রয়োজন হয় তাহলে আপনারা প্রশ্নটা তুলবেন যে আর প্রয়োজন নেই। মানুষ ভাল হয়ে গেছে, শহর ভাল হয়ে গেছে। আমাদের শহর বম্বে, দিল্লীর মত হয়ে গেছে, আর প্রয়োজন নেই—চিরকালের জন্য কোন কিছুই থাকে না, আইনও পরিবর্ত্তন হয়, আমরা যেমন আজ পরিবর্ত্তন করছি, ভবিষ্যতে এরও পরিবর্ত্তন হবে, সেইজন্য amendment-এর কোন প্রয়োজন নেই। আজকে সরকার যেটা করছে, তার প্রয়োজন ছিল বলে করা হয়েছে। যদি আমরা notice দিতাম, এই ৫ বছরের মধ্যে আপনারা কিছু করতে পারতেন না, এই কথা আমি as a lawyer বলতে পারি যে ৫ বছরের মধ্যে কিছু করতে পারতেন না—injunction হতো কিম্বা litigation হতো, একটার পর একটা চলতো, একটা voter এসে মামলা করতো—তারপর একটা কাউন্সিলার মামলা করতো, কিম্বা কর্পোরেশন একটা মামলা করতো, সেইজন্য আমার বক্তব্য হলো, এই বিলটাকে আমি support করি এবং আপনারাও এই বিলটাকে

support করুন। Limitation-এর কোন প্রয়োজন নেই, State Government—যে notification issue করেছেন Governor, সেই notification বলবৎ থাকছে এক বছরের জন্য এবং যদি আর প্রয়োজন না থাকে, তাহলে নিশ্চয়ই আবার notification হবে না, যদি প্রয়োজন থাকে তাহলে notification হবে—আপনারা ২২শে মার্চের notification-টা পেয়েছেন—একবছর বাদে যদি further notification না হয় তখন election হবে, কিন্তু তারজন্য আইনটাকে পরিবর্তন করার জন্য কোন amendment or proposal আনার চেষ্টা করবেন না, তাতে একটা ডিফিকাল্ট হবে। আমাদের যে pending litigation আছে, আমাদের যে supersession হয়েছে সেই supersession-এ show cause notice যদি আনতে হয়, যদি আইন করে দেওযা হয়, তাহলে এই supersession খারাপ হয়ে যেতে পারে, অনেক complecation এসে যেতে পারে, supersession গণ্ডগোল হয়ে যেতে পারে, সুতরাং এই বিলটাকে সমর্থন করুন।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী প্রফুল্ল কান্তি ঘোষ মহাশয় যে বিল উত্থাপন করেছেন তার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় যে সংশোধনী মুভ করেছেন, তার উপর দু-একটি কথা আমি রাখতে চাই। সোমনাথবাবু নিশ্চয়ই ভুলে যান নি যে সামান্য কিছুদিন আগে—একমাসও হয় নি, আমরা সবাই প্রতিশ্রুতি দিয়েছি দেশবাসীকে আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক জোটের পক্ষ থেকে যে দক্ষ এবং যোগ্য প্রশাসন ব্যবস্থা আমরা দেবো। এই প্রতিশ্রুতি সি পি. আই. এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার অন্যতম পার্টনার হিসাবে তাঁদেরও দায়িত্ব তাঁরা অস্বীকার করতে পারেন না। আমরা দেখেছি কলকাতাকে বাদ দিয়ে পশ্চিমবাংলাকে চিন্তা করা যায় না এবং পশ্চিমবাংলার প্রানকেন্দ্র এই কলকাতা। এই কলকাতার পৌরব্যবস্থা যে অযোগ্যতা, দুর্নীতি, ব্যর্থতার পরিচয় দিয়েছে তার ভিত্তিতে এখানকার সাধারণ নাগরিক এই ব্যবস্থার জন্য অপেক্ষা করেছিল যেন পৌর প্রশাসন দক্ষ, সৎ এবং যোগ্য ব্যবস্থায় প্রবর্তিত হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌরসভা বাতিল করার পর কলকাতার মুখ্য পশ্চিমবাংলার মুখ্য সংবাদপত্রগুলো যদি দেখি তাহলে আপনি দেখবেন এই ব্যবস্থায় জনসাধারণ আন্তরিকতার সঙ্গে এটাকে সমর্থন জানিয়েছে।

[ 5-50—6-00 p.m. ]

এই ব্যবস্থা কলকাতার নাগরিক সাধারণ আন্তরিকতার সঙ্গে সমর্থন করেছেন এবং আমরা দেখতে পাচ্ছি ২৪শে মার্চ আনন্দবাজারের ফার্স্ট এডিটোরিয়াল বের হয়েছিল "বিদায় অযোগ্য, বিদায় দুর্নীতি"। ২৪শে মার্চ হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে এডিটোরিয়াল দিয়েছিল "নো ফ্লাওয়ার প্লীজ"। কালান্তর ওদের যেটা, সি. পি. আই.-এর মুখপত্র বলে আমরা জানি, সেখানেও বলেছে "আমরা যাতে সুযোগ সুবিধা একটু গড়তে পারি"। ২৪শে মার্চ পৌরসভা বাতিল হয়েছে তাই নয়, এখানে সরকার প্রতিশ্রুতি দিয়েছে এই অবস্থার পরিবর্তন করবেন। এবং কালান্তরে সরকারের দায় সম্পর্কে অবাহত করে দিয়েছে। সরাসরি বিরোধীতা কালান্তরে নাই। রাজ্যসরকার আগে অর্ডিনেন্স চালু করে এবং এই অবস্থায়ও সরকারের তারা বিরোধীতা করে নি। যুগান্তর ১০ই চৈত্র, করেসপনডিং ২৪শে মার্চ পরিষ্কার বলেছে প্রথম সম্পাদকীয়তে "আমরা হাঁফ ছেড়ে বাঁচলাম"। এইরকম একটা প্রগতিশীল ব্যবস্থা যা জনসাধারণের মনঃপুত হয়েছে। মাননীয় মন্ত্রী গোপাল দাস নাগ বলে গিয়েছেন যে, গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্যে শুধু কলকাতা কর্পোরেশন নয়—নাগরিকদের দায়িত্ব পালনও প্রত্যেকের কর্তব্য। সেই নাগরিকদের সুবিধার জন্য কলিকাতা পৌরসভার যে

দায়িত্ব, সেই দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছে বলেই এই ব্যবস্থা সরকার নিতে বাধ্য হয়েছে। দেশবাসীর কাছে আমরা একসঙ্গে প্রতিশ্রুতি দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক একটি ট্যাক্স পেয়ারের মন্তব্য কারণ সংবাদপত্রের যে প্রতিফলন, সেটা জনমতেরও প্রতিফলন। যারা জনগণের মন্তব্য প্রকাশ করে তারা পর্যন্ত এই ব্যবস্থাকে হেল, অভিনন্দন জানিয়েছেন। সেখানে লিটিগেশনের সুযোগ না দিয়ে, এই অবস্থায় দুর্নীতির কোন সুযোগ না দিয়ে, এই সরকার যে তড়ী-ঘড়ী একটা ব্যবস্থা করলে জনসাধারণের মঙ্গলের জন্য, জনসাধারণের কল্যাণের জন্য, প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার অন্যতম শরিক হিসাবে আমরা নিবেদন করছি সোমনাথ বাবুর কাছে যে, এই ব্যবস্থাকে দুই হাত তুলে সমর্থন করবেন এবং পি. ডি. এ.-এর শরিক হিসাবে সামগ্রীক চিন্তা করেন, সি. পি. আই হিসাবে আলাদা চিন্তার কোন স্কোপ যেন তাঁরা না নেন। এই ব্যবস্থা দলবাজীর জন্য নয়, দুর্নীতির জন্য নয়। সিভিক লাইফের এ্যামিনিটিস দিতে হবে। সোমনাথ বাবু বলতে পারবেন না যে এই বিষয়ে কলকাতা কর্পোরেশনের কোন দায়িত্ব নেই। দেশের সাধারণ মানুষ কলকাতা মহানগরীর যে ব্যবস্থাকে স্বীকৃতি জানিয়েছেন, সেই ব্যবস্থাকে তাঁরাও সমর্থন করবেন। এবং সমর্থন করবেন আমাদের মিউনিসিপ্যাল সার্ভিসের মন্ত্রিমহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন সেই বিলকে, এবং তাঁরা তাদের সংশোধনী প্রত্যাহার করে নেবেন। মাননীয় ভোলানাথ সেন মহাশয় দেখিয়ে দিয়েছেন যে, অনেক পৌরসভায় নোটিশ দেবার ব্যবস্থা নেই। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে মিউনিসিপ্যালিটি সুপারসিড করবার সময় হিয়ারিং-এর ব্যবস্থা পর্যন্ত নেই। কলকাতার যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা যদি রক্ষিত হয় তাহলেও জনগণ সার্ব্বজনীন ব্যবস্থার জন্য নিশ্চয়ই সমর্থন করছেন,এ্যাট পার উইথ আদার মিউনিসিপ্যালিটিস অফ ওয়েষ্ট বেঙ্গল। আজকে কলকাতা কর্পোরেশনের এই অবস্থার ফলে, এই ব্যবস্থা নিশ্চয়ই সোমনাথ বাবুর সমর্থন পাবে এই আশা আমরা করব।

এই বক্তব্য রেখে আজকে যে সংশোধনী এনেছেন,মূল বিলের উপর সেটা প্রত্যাহার করতে বলবো। আরও একটা কথা বলবো যে মূলত উন্নয়নের জন্য অর্থের প্রয়োজন, কলকাতার উন্নয়ন কলকাতার পৌরবাসীদের উন্নয়নের জন্য যে কিউমুলেটিভ এরিয়ারস টু দি টিউন অব ১৩ ক্রোরস সেখানে প্রভিসন করার প্রয়োজন, কারণ অর্থের প্রযোজন আছে। শুধু দুর্নীতি বা অব্যবস্থা নয়, অনেক ব্যর্থতাও আছে। আমি দেখলাম যে এর আগের বছর প্রায় সাড়ে চার কোটি টাকা কলকাতা কর্পোরেসন আদায় করতে ব্যর্থ হয়েছে। সেজন্যই সরকার বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন। গণতান্ত্রিক মোরচার শরিক হিসাবে আমি সি, পি আই-কে বলবো যে দেশের জনসাধারণের তথা কলকাতার মানুষের কল্যাণের জন্য আমাদের এই বিশেষ ব্যবস্থা এই ভেবে এটা প্রত্যাহার করবেন এই আশা আমি রাখি। আমি গণতান্ত্রিক মোরচার অংশীদার সি, পি, আই-কে প্রেস করবো না শুধু এই কথা বলবো যে আমরা দেশের মানুষের কল্যাণে আত্মনিয়োগ করবো দেশের অর্থনীতিকে উন্নয়নশীল করবো এবং তা করার জন্য যা প্রয়োজন তা দ্রুততর করবো দুর্নীতি যা আছে তা দূর করবো এবং এই স্বার্থে আমি সোমনাথবাবুকে অনুরোধ করবো যে তিনি এটা তুলে নিন।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনুমতিক্রমে আমি এই পবিত্র বিধান সভায় আমার মিউনিসিপ্যাল এমেণ্ডমেন্ট বিলটি উত্থাপিত বা উপস্থিত করেছিলাম। আমি এতক্ষণ ধরে এই বিধানসভায় বিশিষ্টদের মুখে যে বিল সংশোধন রূপে এসেছে তার সমালোচনা শুনলাম। ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমি একান্ত কৃতজ্ঞতার সঙ্গে জানাচ্ছি যে এতক্ষণ বসে শুধু শুনলাম না অনেক কিছু শিখলাম এবং বিশেষ করে মাননীয় সোমনাথবাবু এবং শ্রীমতী মিত্র তাঁদের কাছে আমি একটা ছোট আবেদন রাখবো। আমি যে এমেণ্ডমেণ্ড বিল এনেছি এটা

সরকারের কোন শক্তি দেখাবার জন্য নিয়ে আসি নি। আজকে ডাঃ জয়নাল আবেদিন যে কথা বল্লেন সেই কথা পুনরায় উচ্চারণ করতে চাই। আমরা বাংলাদেশের মানুষের কাছে প্রতিজ্ঞাবদ্ধ। আমরা বলেছি যে যেখানে অন্যায় আছে, যেখানে দুর্নীতি আছে তা যত শীঘ্র সম্ভব আমরা দূর করবো। আজকে পশ্চিমবাংলার মানুষ যা চায় তা তাদেরকাছে পৌছে দেবার আমরা চেষ্টা করবো। একথা যখন বলছিতখন একবারও ভাবিনি যে পৌরসভায় যেকাউন্সিলার ছিল তার দুর্নীতিপরায়ণ।

6-00—6-10 p.m. ]

তারা ওখানে বসে অন্যায় কাজ করেছেন। তারা পরম শ্রদ্ধেয়, তাদের প্রতি আমার পূর্ণ আস্থা আছে। কিন্তু দুভার্গ্য বশতঃ, সেই দুর্ভাগ্যকে আমাদের স্বীকার করে নিতেই হবে। সেই দুর্ভাগ্যটা হচ্ছে এই পৌরপ্রতিষ্ঠান যে ভাবে চলা উচিত ছিলো, কলকাতার অধিবাসী বা বাংলাদেশের অধিবাসীরা পৌরপ্রতিষ্ঠানকে যেভাবে দেখতে চাইতেন সেইভাবে সেটা চলছেনা। আপনারা সকলেই জানেন কারণ আপনারা বিশেষ মানুষ, আপনারা প্রতিনিধি, আপনারা বিধানসভার সদস্য, কলকাতায় পৌর প্রতিষ্ঠান নেই, বাংলাদেশের সমস্যা সম্বন্ধে আপনারা সম্পূর্ণ সচেতন। তাই সেটাকে সামনে রেখে বলবো যে আজকে যে এ্যামেণ্ডমেন্ট-এর কথা বলেছি সেই এ্যামেণ্ডমণ্টে আপনারা আপনাদের সম্মতি জানান। শ্রদ্ধেয় ভোলানাথ সেন মহাশর আপনাদের কাছে পরিষ্কারভাবে প্রকাশ করছেন এবং বিশ্লেষণ করেছেন কেন আমি বাধ্য হয়েছি এই আইনের শরণাপন্ন হতে। যদি আমরা এইভাবে আইন পরিবর্ত্তনের চেষ্টা না করতে পারতাম তাহলে আমাদের শত প্রচেষ্টা সত্ত্বেও আজ আমরা বাংলাদেশের মানুষের কাছে, কলকাতার অধিবাসী-দের কাছে যে কথা প্রতিজ্ঞাবদ্ধভাবে দিয়েছি তা প্রতিপালন করতে পারতাম না। আমরা হয়ত পাঁচ বছর কি সাত বছরে যা করতে চেয়েছি তা করতে পারতাম না। আমাদের আর একজন সদস্য শ্রদ্ধেয় বারিদ দাস মহাশয় পৌরসভা সম্বন্ধে একটা তথ্য এই সভায় রেখেছেন। আমি তার কাছে কৃতজ্ঞ কারণ তিনি আজ যে ঘটনা অনুধাবন করে এসেছেন সেই ঘটনার সম্পর্কে বিশ্লেষণ করে এই পবিত্র সভায় রেখেছেন। আমি তাকে শুধু আশ্বাস দেবোনা, তাকে অনুরোধ করবো তার সমস্ত কাগজপত্র দয়া করে আমার কাছে পৌছে দেন, আমি তাঁকে সাথে নিয়ে ঐ পৌর প্রতিষ্ঠানে গিয়ে যে অন্যায়ের ইঙ্গিত তিনি দিয়েছেন সেই অন্যায় যাতে সমূলে বিনাশ করা যায় তার চেষ্টা করবো। আমি আর আমার বক্তব্যকে সুদীর্ঘ করবো না। কারণ আমি একটু আগেই বলেছি যে এই এ্যামেণ্ডমেণ্ট বিলকে কেন্দ্র করে তিনটি মন্ত্রী এবং এই বিধানসভার কয়েকজন বিশিষ্ট সদস্য তাঁরা ব্যাখ্যা ও সমালোচনা রেখেছেন। কাজেই সব শেষে আমি আবার সোমনাথবাবুকে এবং শ্রীমতী মিত্রকে অনুরোধ করবো যে তাঁরা দয়া করে পুর্ণবিবেচনা করুন এবং যে মোর্চাকে সামনে রেখে আমরা দেশবাসীর কাছে অঙ্গীকারবদ্ধ আমরা যেন সেই মোর্চার মর্য্যাদা রেখে সমস্ত কাজ মিলিতভাবে যৌথ শক্তির মাধ্যমে করতে পারি। আজ আমরা একটা সমস্যার সামনে দিয়ে চলেছি, আপনারা জানেন, এই যে পৌর প্রতিষ্ঠান নেওয়া হয়েছে, যেটা আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী ভোলানাথ সেন মহাশয়, ডঃ জয়নাল আবেদিন ও বিভিন্ন কাগজ থেকে তাদের মতামত উদ্ধৃতি করে জানালেন যে সত্যি হয়ত আমরা সংবিধান বা ডেমোক্রাসিটাকে কিছুটা পাশে সরিয়ে রেখেছি কিন্তু কেন রেখেছি ডঃ গোপাল দাস নাগ মহাশয় এবং আমাদের কিছু কিছু সদস্য তার বিশ্লেষণ রেখেছেন। আপনারা নিশ্চয়ই জানেন বিধানসভার সভ্যদের সম্পূর্ণ বিচার করার অধিকার আছে। যদি কোন সময় এমন পরিস্থিতি দেখা যায়, যে পরিস্থিতির ফলে নির্বাচনকে আমরা

াগত জানাতে পারি এবং আমরা নিশ্চয়ই স্বাগত জানাবো। কিন্তু আপনারা ১/১।।/২ বছর ইরকম একটা রাইডার, এই রকম একটা লাইন টেনে দেবার কথা বলবেন না। এই লাইন নে দেবার ভিতর আমরা নিশ্চয়ই এমন কোন অভিজ্ঞ নই যাতে করে বলতে পারি যে ছয় মাস, াট মাসের ভিতর সমস্ত কিছু অদলবদল করে দিতে পাববো। এখানে আর একটি কথা উল্লেখ াছে বলে আমি বিবেচনা করি যে ঐ ডেমোক্রাসির কথা যেটা আমাদের শ্রদ্ধেয় সোমনাথ াহিড়ী মহাশয় বলেছেন সেটাকে সামনে রেখে পৌরসভার সমস্ত কার্যকলাপ চালানোর জন্য ামরা একটা এ্যাডভাইসরি কমিটি করেছি। আপনারা জানেন কলকাতা থেকে ২৩ জন এম, ল. এ, আছেন এবং তিন জন এম, পি, আছেন এবং এঁদের সবাইকে নিয়ে একটা এ্যাডভাইসরি মিটি হয়েছে। আমরা জানি বাংলাদেশে ভারতবর্ষের যেখানে ডেমোক্রাসি আছে সেখানে ংবাদিকদের কতশক্তি আছে এবং সেই সাংবাদিকদের যাঁরা রিপ্রেজেনটেটিভস তাঁরাও আমাদের ঙ্গে থাকছেন এবং আমাদের সঙ্গে আলোচনা করে পরামর্শ দিতে পারবেন। সেই জন্য তাদের ামরা আমন্ত্রণ করেছি এবং জ্যোতি বসু মহাশয়কে আমরা অনুরোধ করেছি এই সভায় এসে ামাদের সঙ্গে বসে কলকাতাকে কিভাবে চালানে যায় সে বিষয়ে সহযোগিতা করুন। সুতরাং ামি আপনাদের কাছে থেকে অনুমতি নিয়ে বিলটির দ্বিতীয় পর্যায়টি আবার আপনাদের সামনে াছি। I have just read out a statement under rule 7? (1) of the rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly xplaining therein the puropose of the promulgation of the Calcutta Municipal Second Amendment) Ordinance, 1972 on 22nd March, 1972. I would like to nention that in the Bengal Municipal Act, 1932 also there is no provision for iving prior notice before issuing any order of supersession. In the matter of tatutory provision on supersession, the Corporation of Calcutta now stand on the ame footing as other Municipalities of the State. So nothing extraordinary was imed at by the ordinance. It only brought the provisions on the supersession f the Calcutta Municipal Act, 1961 in line with such provisions as in the Bengal Municipal Act, 1932. The object of the Bill is to continue the provisions of the rdinance. There would be no expenditure for giving effect to the provisions of he Bill. I am sure that the Bill will receive full support from the all sections f the House. With these words, Sir, I commend my motion for acceptance of he House.

**শ্রীআবদুলবারি বিশ্বাস**ঃ অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্য াখার সময় যে কয়েকবার আমাদের দেশের নাম উচ্চারণ করলেন তাতে দেখলাম তিনি বাংলা প্রদেশ বললেন। এই নাম নিয়ে নানা রকম আলোচনা কাগজে কয়েকদিন ধরে হচ্ছে এটা আপনি নিশ্চয়ই দেখেছেন এবং আমরাও দেখেছি। তারপরে উনি কিভাবে বললেন যে এটা বাংলা প্রদেশ য়ে গেল?

**মিঃ স্পীকার**ঃ ওনার সুবিধামত উনি বললেন।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**ঃ মাননীয় স্পীকার মহাশয়, যদি কোথাও ভুল বলে থাকি তার জন্য আমি নিশ্চয়ই ক্ষমা চেয়ে নিচ্ছি। এতে ব্যক্তি স্বার্থ খর্ব করছি না।

The motion of Shri Prafulla Kanti Ghosh that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

### Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

**Mr. Speaker :** There are notices of several amendments to Clause 2 given by Shrimati Ila Mitra, Shri Somnath Lahiri and others. All the amendments are in order. The members may now move their amendments and speak.

[ 6-10—4-20 p.m. ]

**শ্রীমতী ইলা মিত্র :** স্যার, এক নম্বর যে সংশোধনী আছে সেই এ্যামেণ্ডমেণ্টটা আমি মুভ করছি না। কিন্তু এই এ্যামেণ্ডমেণ্ট কেন আমি দিয়েছিলাম সে সম্পর্কে আগে যা বক্তব্য রেখেছি এবং যে বক্তব্যের উপর আমি দাঁড়িয়ে আছি যে, যে ধারাটা এখানে উপস্থিত হয়েছে এই ধারাটা আজকে হয়ত মনে হচ্ছে এই কার্যকারণ এবং কতকগুলি ঘটনার মধ্যে দিয়ে যে এই অবস্থায় কর্পোরেশন নেওয়াটা ঠিক হয়েছে এবং এই কাজের দিক থেকেই মনে হচ্ছে এই আইনটা বা ধারাটা বোধ হয় ঠিক কিন্তু এই ধারাটা যে অগণতান্ত্রিক সেটা তো আমরা ভুলতে পারছি না। এই ধারাটা ঐ রকমভাবে নেওয়াটা ঠিক হয়নি। বর্তমানে যে পরিস্থিতি হয়েছে এবং সেই পরিস্থিতিতে যখন এটা নেওয়া হয়েছে তখন এটাকে আমরা সাময়িকভাবে সমর্থন করলেও চিরকালের জন্য এরকম একটা অগণতান্ত্রিক ধারা এই আইনসভায় পাশ হয়ে যাবে এবং আমরা তাকে সমর্থন দিয়ে যাব এটা খুব বিবেকের সঙ্গে মানতে পারছি না এবং পরবর্তীকালে আমার এ্যামেণ্ডমেণ্টও আছে। এখান থেকে সকলেই বলছেন যে ধারাতে আমরা এটা গ্রহন করছি সাময়িকভাবে কতকগুলি অবস্থার সৃষ্টি হয়েছিল যারজন্য এটা নেওয়া হয়েছে এবং এটা অডিনান্সে যেমন বলা হয়েছে এক বছরের জন্য হোক ঠিক তেমনিভাবে আমি বলতে চাই এই আইনটা এক বছরের জন্য বলবৎ থাকুক। মন্ত্রিমহাশয় বলেছেন, যদি প্রয়োজন মনে হয় এটাকে একেবারে তুলে দেওয়া হবে কিম্বা আবার নির্বাচন হবে ইত্যাদি অনেক কথা বলেছেন। আমি তাঁকে অনুরোধ করবো এক বছর পর্যন্ত এটাকে রেখে যদি প্রয়োজন মনে হয় আপনারা এটাকে বাতিল করে এক বছরের অভিজ্ঞতায় আমরা আরো বুঝবো, তখন এটাকে আপনারা বাতিল করতে পারেন বা পুনরায় এক বছর কি তিন বছর করতে পারেন। কাজেই এ দিক থেকে অনুরোধ করবো যে পরবর্তীকালে যে সংশোধনী আছে যে এক বছরের জন্য, এই যে সংশোনী প্রস্তাব সেটা আপনারা গ্রহণ করুন।

**Mr. Speaker :** Shrimati Mitra, may I know whether you are going to move amendment No. 5

**Shrimati Mitra :** I am not moving amendment Nos 1 and 5.

**Shri Somnath Lahiri :** Mr. Speaker, Sir, I move my amendment that in ause 2, for the proposed sub-section (2) of section 47C the following be ıbstituted, namely :—

"(2) It is hereby declared that for a period of one year from the date of ommencement of the Calcutta Municipal (Second Amendment) Act, 1972 no otice whatsoever is required to be given to the Corporation for submission of ıy representation before making any such order of supersession under sub-ection (1) but after the expiry of the said period of one year no action shall be ıken by the State Government—

(a) unless a notice is given to the Corporation specifying therein a period within which the Corporation may submit representation, if any against the proposed order, and

(b) such representation has been considered by the State Government".

স্যার, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় শ্রীভোলানাথ সেনের বক্তৃতা শুনে াম আরো কনভিন্সড হলাম যে এ্যামেণ্ডমেন্ট আমার মুভ করা দরকার। কারণ, তিনি যা লেন, আমি যা বুঝলাম তার মানে দাড়ায় যে পাচ বছরের মধ্যে কর্পোরেশন বাতিল, তাঁরা ্যত ফিরিয়ে দেবার কথা বিবেচনা করছেন না। তাঁরা ভাবছেন যে সব ড্রেন ঠিক করে দেবেন, সব ব রাস্তা পরিষ্কার করে দেবেন, সব আলো জেলে দেবেন, দিয়ে যখন মনে হবে এবারে উপযুক্ত বস্থার সৃষ্টি হয়েছে তখন কর্পোরেশনকে পুনরায় হয়ত বসাতে পারেন। াতে আমার মনে হল যে উদ্দেশ্যে কর্পোরেশন নেওয়া হয়েছে আমি প্রথমে ভাল বুঝতে পারি া। আমার ধারনা ছিল যে কর্পোরেশনের মধ্যে একটা অচল অবস্থা সৃষ্টি হয়েছিল যা আমি ামার প্রথম বক্তৃতায় বলেছি যে মেজরিটি স্ট্রেণ্ডার থাকবে কি থাকবে না ঠিক নয়, অথচ কর্পো-রেটরার আছেন, সুতরাং কোন কিছু কাজ করা প্রায় অসম্ভব হয়ে দাড়াচ্ছিল, যখন তারা নিজে কে যাবার কোন কায়দা নেই তখন গভর্ণমেন্ট সুপারসিড করে সেই অচল অবস্থা থেকে বাঁচাল। জন্য আমরা বিরোধিতা করিনি। স্বভাবতঃই আমরা ধরে নিয়েছিলাম অদূর ভবিষ্যতে যখন ারা করে ফেলেছেন তখন তার পরের দিন নিবাচন করা যায় না, তারপর বর্ষাকাল এসে যাবে খন নির্বাচন করা যায় না, পূজো এসে যাবে নির্বাচন করা যায় না, এতো গণতান্ত্রিক নিয়ম, সেজন্য ামি বলেছিলাম অচল অবস্থা দূর করার ভার গভর্ণমেন্টের হাতে নয় অচল অবস্থা দূর করার ভার র্পোরেশনের কাউন্সিলারদের হাতে বা কলকাতার নাগরিকদের হাতে, তাদের ফার্ষ্ট পসিবল মেন্টে চান্স দিতে হবে টু রি-ইলেক্ট দি কাউন্সিলার্স, টু রি-এসটাবলিস দি কর্পোরেশন, তে জল গভর্ণমেন্টের মতে স্যাটিসফ্যাক্টরি হয়েছে কি হয়নি সেটা মুখ্য প্রশ্ন নয়, মুখ্য প্রশ্ন গরিকরা অনুভব করছেন কিনা যে তাদের কাউন্সিলাররা নির্বাচন করার দরকার আছে কি না জন্য অদূরভবিষ্যতে. বাস্তব প্রোগ্রাম করতে বছরখানেক লাগে. আমি সেজন্য এ্যামেণ্ডমেন্ট দিয়েছি া এই ধারা এক বছরের বেশী যেন না থাকে। এই ধারাটা কোন সময় থাকা উচিত নয় যে ধারায় ই এ্যামেণ্ডমেন্ট বিল এসেছে। কিন্তু যখন তাঁরা একটা কাজ করে ফেলেছেন, কর্পোরেশন পারসেসান এই নতুন অর্ডিনান্স অনুসারে করার আগে যদি আমাদের জিজ্ঞাসা করতেন তাহলে ামরা বলতাম যে এইভাবে করবেন না। কিন্তু যাহ হোক তাঁরা যখন করেছেন তখন করার তকগুলি কন্সিকোয়েনসেস আছে সেই কন্সিকোয়েন্স রেসটোর করা কর্পোরেশনে বছর ানেকের মধ্যে সম্ভব নয়, সুতরাং আমরা বছর খানেক টাইম দিতে পারি। কিন্তু এখানে একটা র্ক উঠেছে যে ধারাটা সুপারসেসনের কায়দা সম্পর্কে, কিন্তু তার এফেক্টটা সঙ্গে সঙ্গে বিবেচনা রতে হবে। সুপারসেসনের কায়দাটা প্রধান কথা নয়, সুপারসেসন প্রধান কথা। আপনি র্পোরেশনকে সুপারসিড করে দিয়েছেন যেভাবে হোক, আপনার কাছ থেকে আমি এটাই

জানতে চেয়েছিলাম যা ভোলানাথ সেন মহাশয়ের কথা শুনে আশংকা হল যে সুপারসেসনের ধারা বদল করে সুপারসেসনের কন্সিকোয়েন্স হিসাবে কর্পোরেশনে গণতান্ত্রিক নির্বাচন পদ্ধতি মারফৎ কর্পোরেশন করা কবে হবে তার জবাব যদি এই হয় যে আমরা যখন দেখব জলের কল দিয়ে খুব জল গড়াচ্ছে তখন চিন্তা করব তাহলে আমি তাঁর সঙ্গে এক মত হতে পারছি না এটা খুব দুঃখের কথা। ঐ ধারাটা বাই ইট সেল্ফ যদিও সুপারসেসনের পদ্ধতিটা পরিবর্তন করছে, ধারাটা বাই ইট সেল্ফ যদি আসে তাহলে আমি বলব যে এই ধারা এই ভাবে পরিবর্তন করা উচিত নয়। কিন্তু যেহেতু আপনারা করে ফেলেছেন এবং তার কন্সিকোয়েন্স বহুর থানেক আমাদের দিতে হবে সুতরাং এক বছর বড় জোর লাগবে। আমি অবাক হয়ে গেলাম যে আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশয় বললেন যে কলকাতা মিউনিসিপ্যাল এ্যাক্টকে আমরা বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টের সঙ্গে লাইনে আনবার জন্য এটা করেছি। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে নোটিশ দেওয়ার দরকার হয় না কোন মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করতে। কিন্তু মাননীয়া সদস্যা শ্রীমতি ইলা মিত্র বলেছিলেন যে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট হয়েছিল বৃটিশ আমলে যখন তারা গণতান্ত্রিক অধিকারকে বুটের তলায় পিষে মারত। স্বাধীনতার পর যখন কর্পোরেশন আইনের সংশোধন হল তখন গণতন্ত্রের প্রতি ভালবাসা থেকে নাগরিকদের আগ্রহ থেকে তাদের স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানকে গভর্ণমেণ্ট যাতে এক কলমের খোচায় তুলে দিতে না পারে সেজন্য ১৯৫১ সালে কর্পোরেশনে এই ধারা সন্নিবিষ্ট হল। প্রয়োজন ছিল উল্টো—বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে কর্পোরেশনের এই ধারা অর্থাৎ এগিয়ে যাওয়ার ধারা অধিকতর গণতান্ত্রিক ধারায় উন্নিত করা। আমার সহকর্মী লেবার মন্ত্রী গোপালদাস নাগ মহাশয় একজন অভিজ্ঞ মিউনিসিপ্যালিটির পরিচালক, তিনি বলেছেন যে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে এই ধারা নেই এবং তিনি বলেছেন যে আমাদের আমলেও মানে যুক্ত ফ্রণ্ট সরকারের আমলে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টের এই ধারা প্রয়োগ হয়েছে।

হাঁ, হয়েছে—কিন্তু সে প্রয়োগ আমরা অনুভব করতে আরম্ভ করেছিলাম বলে আমরা একটা কমিটি বসিয়ে ছিলাম যে কি ভাবে বেঙ্গল মিউনিসিপ্যাল আইনকে আরও সংশোধিত করা যায় গণতান্ত্রিক উপায়ে। এই বলে আমরা একটা কমিটি বসিয়েছিলাম। আমার ধারনা

[6-20—6-30 p.m. ]

আমাদের সরকার থেকে যে কমিটি বসান হয়েছিল তারা সম্ভবত এই উপধারা তুলে দিতে সুপারিশ করে রিপোর্ট দিয়েছেন। সে রিপোর্ট আমার দেখার সুযোগ হয় নি এবং সম্ভবত পাবলিসড হয় নি আমি অবগত আছি যে ১৯৩২ সালের আইনকে এগিয়ে নিয়ে ১৯৫১ সালে আনা দরকার, কিন্তু ১৯৫১ সালের আইনকে ব্রিটিশ আমলে নিয়ে যাওয়া নিশ্চয়ই গণতান্ত্রিক প্রসারের লক্ষণ নয়। আর একটা কথা ভোলানাথ বাবু বলেছেন সেটা হল মামলার কথা। যদি শোকজ নোটিশ ইত্যাদির যদি অবকাশ থাকে তা হলে মামলায় অনেক দেরী হয়ে যাবে তিনি একটা মনে রাখুন যে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ এটা নেই যে শো-কজ নোটিশ—কিন্তু বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টএ প্রতিটি সুপারসেসন এর মামলা হয় ইনজাংশন হয়। এ আমি নিজে যখন মন্ত্রী ছিলাম আমার অভিজ্ঞতায় আমি দেখেছি। আমরা সে মামলা আটকাইনি এবং ইনজাংশান যা জজ সাহেব ইচ্ছা করলে দিতে পারেন কারণ তার জন্য আমাদের বুদ্ধি নিয়ে কথা বলা খুবই কঠিন, কিন্তু এই ধারণা থাকলে আর মামলা হবে না বা মামলায় জিতবো না বা মামলায় ইনজাংসন হবে না এরকম মনে

করার কারন নেই। কিন্তু কথাটা মামলার নয়, কথাটা হচ্ছে গণতান্ত্রিক প্রসার, নাগরিকদের অধিকার প্রসার। কারণ নাগরিকরা কোলকাতা করপোরেশানে নির্বাচিত করেছেন। সুতরাং তারাই হল ফাইনাল অথরিটি-টু জাজ। জয়নাল আবেদিন সাহেব অধিকারের কথা বলেছেন, তাঁদের এই যে অধিকার সেটা দেখতে হবে। আপনারা বলুন একবার করেছি। কিন্তু গোপাল দাস নাগবাবু বলেছেন যে যদি এবার এট্রার বিরোধিতা না করে থাকেন তা হলে স্বীকার করছেন যে এর প্রয়োজন আছে। তাহলে ফাঁক থাকে না। আমি বলি তা নয়। বিশেষ অবস্থায় আমরা এর বিরোধিতা করিনি। আর এটা হয়ে গেছে সুতরাং এক বৎসর রাখা যেতে পারে কারণ উপায় নেই। কিন্তু আমার মতে এই ধারা চিরস্থায়ী হিসাবে রাখা মোটেই উচিত নয়। যদি আবার কখনও বিশেষ অবস্থা উপস্থিত হয় তখন আবার অর্ডিনান্স করতে পারেন যে গভর্ণমেণ্ট থাকবেন তারা। কিন্তু সাধারণভাবে একটা করপোরেশানের পরিচালন ব্যবস্থা যা নাগরিকের দ্বারা নির্বাচিত করপোরেশান তার মাথার উপর এই খড়্গ সব সময় থাকবে যে যেকোন মুহূর্তে গভর্ণমেণ্ট কৈফিয়ত তলব না করে তাকে বাতিল করে দিতে পারে, এটা আমার মনে হয় না যে নাগরিকদের মনে এতে স্বস্তি থাকবে অথবা করপোরেশানেরও স্বস্তি থাকবে। কাজে কাজেই আমি এবিষয়ে একমত হতে পাচ্ছি না। জয়নাল আবেদিন সাহেব প্রগতিশীল গণতান্ত্রিক মোচার প্রতিশ্রুতির কথা বলেছেন। তিনি প্রতিশ্রুতির কথা উল্লেখ করে তা পালনের জন্ম বলেছেন ও দক্ষ প্রশাসনের কথা বলেছেন। আমরা দক্ষ প্রশাসন চাই কিন্তু আমাদের গণতান্ত্রিক মোর্চার যে ১৭ দফা কর্মসূচী তাতে দক্ষ প্রশাসন আছে বটে কিন্তু তার প্রতিটি ধারায় আছে যে আমরা মানুষের গণতান্ত্রিক অধিকার বিস্তার করতে চাই। সেই কথাটাই হচ্ছে গভর্নিং ক্লজ। সেই গভর্নিং ক্লজের আওতারে দক্ষ প্রশাসন। এটাই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার প্রোগরাম, এটাই মর্মবাণী। সেই মর্ম্মবাণী যদি গ্রহণ করি তাহলে যে গণতান্ত্রিক অধিকার কলকাতার মানুষ ও কলকাতার নাগরিকরা নিয়ে এসেছেন করপোরেশানের ব্যাপারে বা যা তারা আদায় করেছিলেন তাকে দক্ষ প্রশাসনের নামে বাতিল করাটা আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার কর্মসূচীর মর্মবাণী অনুসারে হবে বলে মনে করি না।

সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার programme-এর সঙ্গে পূর্ণ সঙ্গতি রাখুন এবং কোলকাতা নাগরিকরা নির্বাচন করে তাদের কাউন্সিলারদের পরীক্ষা করে নেবার অধিকার রক্ষা করার জন্ম ঐ ধারা সময় বদলান এবং এক বছরের মধ্যে পুনর নির্বাচনের ব্যবস্থা করে নাগরিকদের হাতে তাদের করপোরেশনকে ফিরিয়ে দিন এবং গভর্ণমেণ্টের প্রশাসনের হাতে রাখার কোন প্রয়োজন নেই।

**Mr. Speaker :** Mr. Lahiri, may I know whether you are going to move the other two amendments, namely, amendments Nos. 3—4 and 6—7 ?

**Shri Somnath Lahiri :** If this is in order.........

**Mr. Speaker** : Yes, those are in order.

**Shri Somnath Lahiri :** ......then I am not moving the two other amendments. But Sisir Babu will speak.

**শ্রীশিশির কুমার ঘোষ ঃ** মিঃ স্পীকার স্যার, আগেই বলেছি বঙ্গীয় পৌরসভা......

**Mr. Speaker** : Mr. Ghosh, I think you are not moving amendments Nos. 3—4 and 6—7 but you are supporting the amendment that has already been moved by Shri Lahiri.

**শ্রীশিশির কুমার ঘোষ** : Yes, Sir, আমরা আগেই বলেছি যে ১৯৩২ সালের বঙ্গীয় পৌর আইন যা ছিল সেটা ছিল আমাদের পরাধীনতার দিন। সে সময় বৃটিশ সাম্রাজ্যে সূর্য্য অস্ত যেত না। ১৯৫১ সালে যে কোলকাতা পৌরসভা আইন হয় এই পৌরসভা আইন পাশ হয়েছিল স্বাধীনতার পরে। এই আইন পাশ হয়েছে constitution হবার পরে। সেই যে আইন পাশ হয়েছিল তাতে সকলের গণতান্ত্রিক অধিকার দাবী বিকশিত করবে। কিন্তু এই আইন বঙ্গীয় পৌরসভা আইনের সঙ্গে সামঞ্জস্য করে তাকে পেছনের দিকে সরিয়ে নেবার চেষ্টা করা হয়েছে বলে সেটা সমর্থন করতে পারি না। ডাঃ গোপল দাস নাগ বহুদিন পৌরসভার সঙ্গে যুক্ত ছিলেন তিনি জানেন ১৯৬২ সালের যে আইন আছে তাতে কোন রকম কারণ না দেখিয়ে দিন কোন রকম নিজেকে আত্মপক্ষ সমর্থন করার অধিকার না দিয়ে সরকার ইচ্ছা করলে সেই পৌরসভাকে supersede করতে পারবেন। প্রতিটি পৌরসভার সঙ্গে যাঁরা যুক্ত তাঁদের এই দাবী ছিল যদি কোন ত্রুটি বিচ্যুতি থাকে তাহলে আত্মপক্ষ সমর্থন করার অধিকার যেন সকলের থাকে। তাই ১৯৩২ সাল থেকে ১৯৫১ সালে এই আইন পরিবর্তন হল। Calcutta Corporation Act কেবল ১৯ বছরের ব্যবধান নয়। এটা এমন একটা জিনিষ যে লাল কেল্লায় পতাকার রঙ পরিবর্তন হল, অনেক মৃত্যুঞ্জয়ী শহীদের রক্তে গণতন্ত্র প্রতিষ্ঠা হল। আমরা জানি যুক্তফ্রন্ট অনেক আশা আকাঙ্ক্ষার রূপ দিতে পারিনি। আমরা এটাও জানি যে যুক্তফ্রন্ট যদি তা পারত তাহলে Assembly-র চেহারা অন্যরকম হোত। আজ কংগ্রেস ও কমিউনিষ্ট বন্ধুরা ১৭ দফা কর্মসূচীর ভিত্তিতে এক হয়েছে। আমরা এক হয়েছি দেশকে গঠন করার জন্য। সুস্থ প্রশাসন এবং কৌলুষমুক্ত প্রশাসন যন্ত্র পরিচালনা করার জন্য। আজ Treasury Bench থেকে যদি বিল আসত বঙ্গীয় পৌরসভা আইনে যে দুটি ধারা Calcutta Corporation-এ আছে সেই দুটি ধারা সংযোজিত নেই তা করা হবে। অর্থাৎ পৌরসভার বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে তাহলে তাদের পক্ষে জবাব দেবার অধিকার থাকবে, charge sheet দাখিল করলে তাদের representation দেবার অধিকার থাকবে,তাহলে এই Bench থেকে আমরা কংগ্রেসী বন্ধুদের ও মন্ত্রীসভাকে স্বাগত জানাতাম। কিন্তু তা তো আসে নি। এসেছে যে অধিকার ছিল তা কেড়ে নেওয়া হচ্ছে।

[ 6-30—6-40 p.m. ]

আমরা বলতে চাই আমরা যে সংশোধনী এনেছি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আবার চিন্তা করুন, আবার ভাবুন। এক বছরে এই সংশোধনী বদল হয়ে যাবে এবং এক বছরের অভিজ্ঞতার পর বিচার করবার অধিকার বিধানসভার থাকবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদীন** : "মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা আপনার মাধ্যমে সভার সামনে তুলে ধরছি। রাজ্য সরকার এক অর্ডিন্যান্স জারী করে কলকাতা পৌরসভার পরিচালনার ভার নিজের হাতে গ্রহণ করেছেন। জনসাধারণের স্বার্থের এই সিদ্ধান্ত গ্রহণ একান্ত জরুরী হয়ে উঠেছিল।

ক্ষমতাচ্যুত মেয়র শ্যামসুন্দর গুপ্ত সরকারের এই সিদ্ধান্তে ক্রুদ্ধ হয়ে বলেছেন যে সরকারের এই

নজ অগণতান্ত্রিক এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। সি, পি, এম নেতারাও অনুরূপ বক্তব্য রেখেছেন। কিন্তু কোন অবস্থায় সিদ্ধান্তটি গ্রহণ করা অনিবার্য হল, সে সম্পর্কে শ্রীগুপ্ত উচ্চবাচ্য করেন নি। তাঁর বোধ হয় স্মরণে নেই, কর্পোরেশন প্রধানতঃ একটি জনকল্যাণমূলক সংস্থা। শ্রীগুপ্ত কথিত 'গণতন্ত্র' যদি এমন হয় যে, জোড়াতালি দিয়ে টিকিয়ে রাখার জন্য পৌর ক্ষমতাকে নিজ স্বার্থে ও দলীয় কোঁদলের মঞ্চ হিসাবে ব্যবহার করাটাই মুখ্য হয়ে উঠে, দুর্নীতির ও প্রশাসনিক অনাচার মাত্রাহীনভাবে বেড়ে যেতে থাকে এবং পৌর জীবন সম্পূর্ণভাবে শুদ্ধ হয়ে নাসার মুখে গিয়ে দাঁড়ায়, তবে অমন জনস্বার্থ-বিরোধী গণতন্ত্রে জনগণের সাধ থাকে না।

বাতিল পৌরসভাটি এমন একটি অচল প্রতিষ্ঠানে পরিণত হয়েছিল, যার ফলে তার দ্বারা কোনো ভাল কাজ করা এক কথায় অসম্ভব হয়ে উঠেছিল। নিজ স্বার্থে বেশ কয়েকজন মাতব্বর পৌরপিতা নাগরিকদের নিত্যনতুন অসুবিধের সৃষ্টি করে নানা কাজ করে চলছিলেন এবং বহু বেআইনী কাজে মদতও দিচ্ছিলেন। এদেরই স্নেহচ্ছায়ায় রাস্তা ও ফুটপাত আকছার দখল হচ্ছে, বেআইনী বাড়ি তৈরী হু-হু করে বেড়ে গেছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কালান্তরের ২৪শে মার্চের তারিখের এক নম্বর সম্পাদকীয়তে লেখা। আমি মাননীয় সোমনাথবাবুকে নিবেদন করবো, গণতন্ত্র নিশ্চয় প্রসার লাভ করবে, কিন্তু গণতন্ত্র কি এমন হবে যে দলীয় স্বার্থকে প্রসার লাভ করাবার জন্য। সেইজন্য আমি আপনার মাধ্যমে সোমনাথবাবুর কাছে অনুরোধ করছি দেশের জনমানসে আজকে প্রগতিশীল গণতান্ত্রিক মার্চার যে ভাবমূর্তি রয়েছে, যে প্রত্যাশা রয়েছে আজকে সামান্য রাজনৈতিক বক্তব্য নিয়ে সেই প্রত্যাশাকে নষ্ট না করার জন্য। তিনি যে এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন তা যেন প্রত্যাহার করেন।

**শ্রীভোলানাথ সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে নোটিশে প্রপোজ এ্যামেণ্ডমেণ্ট দিতে বলছেন অর্থাৎ It is hereby declared that for a period of one year no notice whatsoever is required to be given to the Coroporation for submission of any representation before making any such order of supersession under sub-section (1) but after the expiry of the said period of one year no action shall be taken unless this notice is given. এইটা যদি ইনসার্টেড হয় (এই এ্যামেণ্ডমেণ্ট) তার নেট রেজাল্ট হচ্ছে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের যে ১৪ (ডি) (২) যে প্রভিসন আছে সেটা কমপ্লিটলী নিউগেট্যারী হয়ে যাবে। The State Government may, if it considers necessary so to do, by order extend or modify the period of supersession. ১৯৫০-তে যে এ্যাক্ট ছিল সেই এ্যাক্টেও ছিল। একবার মাত্র হেয়ারিং দিতে হবে,তারপর কনটিনিউয়াসলি ফর ইনফিনিটিজম্, ফর সেনচুরিজ, ষ্টেট গভর্নমেণ্ট সুপারসেসন বজায় রাখতে পারবে ফর সেনচুরি আণ্ডার দিস সাব-সেকসন টু। কই কেউ তো কিছু বলছেন না? সাব-সেকসান টুতে ফর সেনচুরিজ দে কুড ডুসো। আমরা সজাগ হয়েছি উইআর নট টেকিং ষ্টেপস ইমিডিয়েটলি বিকজ উই আর সাফারারস। আমরা জানি যে আমাদের কি হয়েছিল—রেট পেয়ারদের? বাইরে থেকে যারা আসছে কলকাতা হচ্ছে ভারতবর্ষের একটা একজাম্পল, সেখানে বিদেশ থেকে,নানা দেশ থেকে সব দেশের লোক আসে—সেখানে আমরা সাফার করছি, পলিটিক্যাল ফাইট করছি, কাজ করছি না যেখানে কাজ করা উচিত ছিল। অথচ দেখুন যদি এখানে এই এ্যামেণ্ডমেণ্ট এ্যালাউড হয় তাহলে কি দাঁড়াবে? ইট উইল বিকাম ইনকনসিসটেণ্ট-উইথ সেকসন ৪৭ (ডি) সাব-সেকসন ২ সেখানে এক বছর বাদে আর নোটিশ ছাড়া দেওয়া যাবে না, অথচ এখানে সাব-সেকসন টু-তে বলে State may, if it considers necessary so to do, by order extend or modify the period of super-

session. কথা হল এই দুটো ইনকনসিসটেন্ট জিনিষ আমরা বিধানসভায় এটা করতে পারি না যদি ইনকনসিসটেন্ট না হত তাহলে আমরা এঠা বলতে পারতাম। যদি পাওয়ার অব কনটিনি উয়েসন দেওয়া থাকে একটা সাব-সেকসনে তাহলে আপনি সে পাওয়ারটা আগে কি করে কার্টেল করবেন? যদি পাওয়ার অব কনটিউনিউয়েসন রেখে দেন তাহলে পাওয়ার টু সুপারসেসনটাবে একটা লিমিট করে দেবেন কি করে? এটা ইনকনসিসটেন্ট হয়। Legally it becomes inconsistent and the whole amendment becomes unconstitutional, যে হোল্ এ্যামেণ্ডমেন্টট ইনকনসিসটেন্ট হয়ে যাবে। সেকেণ্ড কথা হল এই একটা জিনিস হল আইন, আর একটা জিনিস হল একজিকিউসন অব দি ল। দুটো জিনিস কমপ্লিটলি আলাদা। একটা হচ্ছে পাওয়ার যেটাকে আইনে ক্ষমতা দিচ্ছে সুপারসীড করার, তার মানেই যে ক্ষমতাটাকে নষ্ট করা হবে তা তো নয়। আর একটা জিনিস হচ্ছে সেই ক্ষমতাটাকে একসারসাইজ করা। এখানে একসারসাইজ করছেন কে? গভর্ণর একসারসাইজ করছেন। তার মানে দেশের যাঁরা প্রতিনিধি তারা একসারসাইজ করছেন। সে একসারসাইজ করলে পরে—একসারসাইজ করছেন এক বছরের, এই নোটিফিকেসনে আছে এক বছরের জন্য খালি সুপারসেসন এবং এই এক বছরের সুপারসেসনের যে গ্রাউণ্ড দিয়েছে সেই গ্রাউণ্ড একটাও ভুল নয়। আমি যদি বলতে পারি এই বিধান সভা থেকে যে-কোন গ্রাউণ্ডই ভুল নয়—আচ্ছা এখানে যে পাওয়ারটা একসারসাইজ করলেন গভর্ণর তিনি করতে পারতেন দুবছর, পাঁচ বছর, কিন্তু তিনি করেছেন এক বছর, ষ্টেট গভর্ণমেণ্ট করল এক বছর—যদি দেখা যায় -আমি একথা বলিনি যে পাঁচ বছরই লাগবে, যদি দেখা যায় যে এক বছরের পরে আর দরকার নেই সুপারসেসন করার তাহলে পরে এই ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টে প্রভিসন আছে Sub-section (3) of section 47 (d) says that the State Government may, at any time, order the holding of general election for the reconstitution of the Corporation and with such reconstitution the provisions of the foregoing sub-section shall cease to take effect with effect from the date on which the Corporation holds its first meeting at which a quorum is persent. তার মানে হল এই যে কোনদিন গভর্ণর ইচ্ছা করলে পরে উইথ হিজ একজিকিউটিভ পাওয়ার বলতে পারেন এবার তুমি ইলেকসন কর। এবার ইলেকসন কর যেই বললেন সঙ্গে সঙ্গেই সুপারসেসন চলে গেল। যে মুহূর্তেই ফাষ্ট মিটিংটা হোল্ড করল কোরাম করে সেখানে আপনার অসুবিধা কি হচ্ছে? আমরা বিধানসভায় সবাই সজাগ, উই আর রেসপন্সিবল টু দি এ্যাসেম্বলী যে আমরা কি অন্যায় করছি, কি ন্যায় করছি, একজিকিউটিভ ফাংসন ঠিক করছি কি করছি না। আমাদের দায়িত্ব আছে আমরা নিশ্চয়ই ক্রিটিসিজম শুনব যদি অন্যায় করি। তা বলে আইনটাকে খাটো করে দেবার কি প্রয়োজন? আমার পরের সাব-সেকসনে আছে যে তুমি কনটিনিউ করতে পারবে উইদাউট নোটিশ। সেটা কিন্তু ১৯৫০-তেও ছিল যে একবার নোটিশ দেওয়া যাবে। আর for centuries you can continue without giving any notice. এই আইনের কি সার্থকতা থাকতে পারে? আমি কি বলেছিলাম—আমি বলি নি এই কথা ইনজাংসন বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টেও হয় নি, তা আমি বলি নি। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টেও হতে পারে কিন্তু সেখানে কোশ্চেন হল কোশ্চেন অব ন্যাচারাল জাষ্টিস। ন্যাচারাল জাষ্টিসের সেকসনের মধ্যে না থাকলে ক্যান বি রেড ইনটু ইট—সেই ডিফিকালটি যাতে না হয় for the removal of doubts, it is hereby declared that no notice whatsoever is required to be given to the Corporation.

[ 6-40—6-50 p.m. ]

তার মানে হল এই যে কোর্টের কাছে এই প্রশ্নটা তোলা যাবে না যে নোটিশ দেওয়া হয়েছে কি

হয়নি। নোটিশ দিলে কি হতো? নোটিশ দিলে রিজনেবেল নোটিশ দিতে হতো। মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাতে দাঁড়াচ্ছে যে এক বৎসর বাদে এনটায়ার সেকশন, সেভারাল সেকশন রাদার, আপনার ইনএফেকটিভ হয়ে যাবে। হোল্ডিং করা দরকার নেই মিটিং, জেনারেল ইলেকশনের দরকার নেই, জাষ্ট গভর্ণর অর গভর্ণমেণ্ট ঐ এক বৎসর বাদে চুপ করে যাবে, আর কিছু হবে না। তখন কে ইলেকশন করবে? কোথায় ইলেকশনের ক্ষমতা, কোথায় আমাদের কনটিনিউ করার ক্ষমতা? তা আর থাকবে না। কাকে নোটিশ দেবেন, হোয়ার আর দি কাউনসিলার্স, কোথায় থাকবে কাউন্সিলার্স এক বৎসর বাদে? কাউন্সিলারদের ত ইলেক্ট করতে হবে। সেই ইলেকশন করার প্রভিশন আছে সেটা কনসিডার করতে হবে। আমাদের ৪৭ (ডি) তে গভর্ণরের সেই পাওয়ার আছে। সুতরাং কথা হল এই যে কখন এই আইনটা অন্যায়ভাবে যদি ব্যবহার হয় তাহলে পরে অন্য কথা। অন্যায়ভাবে যদি ব্যবহার হয় তাহলে নিশ্চয়ই আপনারা বলবেন যে এটা অন্যায় হচ্ছে। কিন্তু আইনটা ভেবে চিন্তে করা হয়েছে। কারণ অন্যান্য সেকশনের সঙ্গে সংযোগ আছে, অন্যান্য সেকশান সম্বন্ধে চিন্তা করে এটা করা হয়েছে। সেই আইনটা বদলাবেন না আপনারা, সেই আইনটা সংশোধন করবেন না আপনারা। কারণ যদি সংশোধন করেন তাহলে এমনি একটা পরিস্থিতির উদ্ভব হবে যে পুরো আইনটাই এই সেকশনটা নিয়ে গোলমাল দাঁড়িয়ে যাবে। দ্বিতীয়তঃ আর একটি কথা আমি বলেছিলাম, ইনজাংশনের কথা ইনজাংশন হল এই যে আপনি যদি কর্পোরেশনকে নোটিশ দেন টু শো কজ, তাকে রিজনেবল্ নোটিশ দিতে হবে। সুপ্রীম কোর্ট বলেছে যে রিজিনেবেল নোটিশ দিতে হবে। আপনি বলতে পারেন না যে কালকের মধ্যেই শো কজ কর। তাহলে কর্পোরেশন একটা মিটিং করবে, নোটিশ দেবে। কতগুলি কাউন্সিলার হবে? ১০০ জন, তাদের একটা রিজনেবল্ নোটিশ দিতে হবে, নোটিশ দিয়ে তারা মিট করবে, করে তারা আবার ডিসাইড করবে হোয়াট সুড বি দি আনসার। সেই মিটিং-এর আনসারটা আবার গভর্ণমেণ্টের কাছে আসবে। গভর্ণমেণ্টের কাছ থেকে কর্পোরেশন চাইবে আবার পার্সোনাল হেয়ারিং। তারপর আসবে উকিল মোক্তার—আমি যা ছিলাম এককালে, খুব জানি কি করে টানতে হয় মামলা। তারপরে চলে এলাম হাইকোর্টে। সেখানে এসে বললাম যে কোয়াস দি প্রসিডিংস। কেন? না, এটাকে স্যাচুরিফাই কর কেন না এটা ভুল রিজিনিং হয়েছে। কেন? অন্যায় হয়েছে। কোয়াস দি প্রসিডিং। তাতে হল কি প্রসিডিংসটা পাঁচ বছর চলে গেল, এবং চার পাঁচ বৎসর চলে যাবার পর আপনারা এই বিধানসভা থেকে চলে যাবেন। তখন হয়ত প্রমাণ হল যে, হ্যাঁ, আমাদের নোটিশটা ঠিক ছিল, আমাদের সুপারসেশন করা উচিত ছিল। তখন আমাদের ভোটাররা কি বলবে? যা করা উচিত ছিল তা করেছিলেন? তখন ভোটাররা কি বলবে যখন সুপ্রীম কোর্ট রায় দেবে পাচ বৎসর বাদে যে, হ্যাঁ, ঠিক করেছিল কর্পোরেশন, ঠিক করেছিল গভর্ণমেণ্ট, ভোট নেওয়া উচিত ছিল। অথচ আজকে আমরা কি করছি, আমরা সেই পিরিয়ডটাকে নষ্ট করে দিতে চাচ্ছি, সেই পিরিয়ডটাকে কমিয়ে দিচ্ছি। আইনের ক্ষমতাকে আটকাইনি কিন্তু জেনারেলি দেখা গিয়েছে, বাই এক্সপিরিয়েন্স, আমার এবং আমার দৃঢ় বিশ্বাস যে মাননীয় সোমনাথ বাবু আমার সঙ্গে একমত হবেন সাধারণতঃ কোর্ট ষ্ট্যাটাসকো এ্যান্টি দেয় না, স্পেশালি এই ব্যাপারে। কিন্তু ইনজাংশন দেয় যদি পজেশন না নিয়ে নেয়। সুপারসেশন করার আগেই ইনজাংশন দিয়ে সুপারসেশন বন্ধ হয় জেনারেলি। কিন্তু সুপারসেশন একবার হয়ে গেলে পরে, পজেশন নেওয়া একবার হয়ে গেলে সাধারণতঃ কোর্ট ইনজাংশন দেয় না।

**শ্রীসোমনাথ লাহিড়ী:** গোপালদাস বাবুকে দিয়েছিলেন।

**শ্রীভোলানাথ সেন :** হতে পারে, আমি বলছি সাধারণতঃ। কোর্টের হাত তো আর আমি বাঁধতে পারবো না। কোর্ট অর্ডার দেন উকিলের ক্ষমতার উপর কিন্তু সাধারণতঃ কোর্ট যেখানে সুপারসেশন হয়ে যায় সেখানে দেয় না। আমরা সুপারসিড করেছি। ডাঃ জয়নাল আবেদিন মাননীয় মন্ত্রী, বলেছেন কোট করে কাগজ যে আমাদের দেশের লোক এটা চেয়েছিল। সুতরাং আইনটা, আমার অনুরোধ আপনার কাছে, বিশেষ করে সি, পি, আই, সদস্যদের কাছে যে এই আইটাকে বদলাবেন না। যদি আমাদের দোষ হয়, যদি আমাদের ত্রুটি হয় কোন অর্ডারে, নিশ্চয়ই সেটা সংশোধন করার চেষ্টা করবেন। আমরা নিশ্চয়ই মাথা পেতে শুনবো কোথায় ভুল হয়েছে। কিন্তু আইনটা যদি গোলমেলে হয় তাহলে সমস্ত ব্যাপারটাই গোলমেলে হয়ে যাবে। একদিকে সেকশন থাকছে যে এক বৎসরের নোটিশ দিতে হবে, কাদের নোটিশ দেবেন ? কোন কোন পার্সন নেই, কাউন্সিলার নেই, এ্যাট দি সেম টাইম আর একটা আইন থেকে যাচ্ছে যে পাঁচ বৎসর পর গভর্ণর কনটিনিউ করে যেতে পারবে বা ষ্টেট গভর্ণমেন্টে কনটিনিউ করে যেতে পারে সুপারসেশন—এটা একটা অদ্ভুত ব্যাপার। সুতরাং আমার অনুরোধ যে কোন সংশোধন আনুন না কেন এই সংশোধনী দয়া করে প্রেস করবেন না এবং এটা উইথড্র করবেন। সুতরাং আমার অনুরোধ যে কোন সংশোধনী আনুন না কেন আপনারা দয়া করে সেই সংশোধনী আর প্রেস করবেন না এবং উইথড্র করে নেবেন।

**Mr. Speaker :** The Hon'ble Minister of State in-charge of the Bill may please reply.

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সোমনাথ বাবু এবং শিশিরবাবু যে কথা বলেছেন তার উত্তরে আমি আমার পুরানো কথায়ই ফিরে যাব। তারা আবার বিবেচনা করুন, আমরা যে বিল উত্থাপন করেছি সেই বিলে দয়া করে এমেণ্ডমেণ্ট না এনে তারা যে আলোচনা করেছেন সে আলোচনা আমরা মনে রাখবো এবং মাননীয় সোমনাথ বাবুকে জানাবো তাঁর মনে প্রশ্ন দেখা দিয়েছিল যে এই রকম করে আমরা ৫।৭বছর চালাবো-এই রকম প্রশ্নের কোন রকম কারণ নাই। যেদিন আমরা ভাববো কলকাতা শহরে আবার নির্বাচন করার পরিস্থিতি দেখা দিয়েছে, আপনারা আজকে যেমনভাবে দাঁড়িয়ে বক্তব্য রেখেছেন তেমনি ভাবে সেদিনও বক্তব্য রাখবেন, আমরা নিশ্চয়ই সেটা শুনবো এবং সেদিন যে কথা বলবেন তাতে যদি যুক্তি থাকে তাহলে আমরা নির্বাচনের কথা ভাববো। আমাদের আইনজ্ঞ মন্ত্রী ভোলানাথ সেন মহাশয় বোধহয় সুন্দরভাবে জিনিষটা ব্যাখ্যা করেছেন – একবার বললবো মেনে নিচ্ছি,এই পরিস্থিতি সামনে রেখে আবার বলবো এক বছরের জন্য দেওয়া হোক এটা বোধ হয় একটা আইন আর একটা আইনকে এই কথা বলে অমান্য করতে চলেছি। আমি তাই সবশেষে অনুরোধ করছি যে আপনারা দয়া করে এটা বিবেচনা করুন এবং যে এমেণ্ডমেণ্ট এনেছেন সেই এ্যামেণ্ডমেণ্ট আমাদের পক্ষে গ্রহণ করা সম্ভব হচ্ছে না। আমি আবার বলবো যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন দয়া করে তা উইথড্র করুন।

(The motion of Shri Somnath Lahiri was then put to voice vote )

**Shri Somnath Lahiri :** Sir, I want division.

(At this stage the division bell was rung)

After the Divission Bell stopped.

[ 6-50—7-00 p.m. ]

**মিঃ স্পীকার :** মাননীয় সদস্যদের আমি প্রথমেই অনুরোধ করছি যাঁর যেখানে এ্যালটেড

সীট আছে সেখানেই তিনি বসে থাকবেন। একজন আর এক জায়গায় গিয়ে ভোট দিতে পারবেন না, কারণ সমস্ত জিনিসটার ফটোগ্রাফ হয়। কাজেই যাঁর যেখানে আসন তিনি সেখান থেকেই ভোট দেবেন। এবার আমি ভোট দেবার পদ্ধতি আপনাদের বুঝিয়ে দিচ্ছি। বিধানসভায় কোন প্রস্তাব গৃহীত হইল কিনা তাহা প্রথমত কণ্ঠধ্বনি দ্বারা নির্ধারিত হয়। স্পীকার মহাশয় প্রস্তাবটি উল্লেখ করিয়া যে-সমস্ত সদস্য প্রস্তাবের পক্ষে তাঁহাদিগকে "আই" ও যাঁহারা বিপক্ষে তাঁহাদিগকে "নো" বলিতে বলেন। স্বপক্ষে এবং বিপক্ষে সদস্যগণের কণ্ঠধ্বনি বিচার করিয়া যে পক্ষে বেশি সদস্য আছেন বলিয়া তাঁহার মনে হয় তিনি সেই অনুসারে "আই থিঙ্ক দি আই হ্যাব নট" অথবা "দি নোজ হ্যাব ইট" বলিয়া তাঁহার মত প্রকাশ করেন। যদি কেহ তাঁহার মতে অসম্মতিজ্ঞাপন না করেন তাহা হইলে তিনি পুনরায় "আইস হ্যাব ইট" বা "নোস হ্যাব ইট" বলিয়া তাঁহার চূড়ান্ত সিদ্ধান্ত জ্ঞাপন করেন। স্পীকার মহাশয়ের প্রথমবারের মত কেহ মানিয়া লইতে প্রস্তুত না থাকিলে তিনি ভোট গণনা করিতে অনুরোধ করিতে পারেন। প্রথমবারের মত প্রকাশের অব্যবহিত পরেই চূড়ান্ত সিদ্ধান্ত জ্ঞাপন করিবার পূর্বে "ডিভিশন" বলিয়া এই অনুরোধ জানাইতে হয়। চূড়ান্ত সিদ্ধান্ত জ্ঞাপন করিবার পর আর "ডিভিশন"-এর দাবি করা যায় না।

ভোট গ্রহণ তথা ভোটগণনা একটি বৈদ্যুতিক ভোট যন্ত্রের সাহায্যে করা হইয়া থাকে। প্রত্যেক সদস্যের একটি নির্দিষ্ট আসন আছে। সেই নির্দিষ্ট আসনে বসিয়া তাঁহাকে ভোট দিতে হয়। নির্দিষ্ট আসনের সম্মুখে টেলিলের উপর তিনটি বোতাম ও একটি ছোট আলো আছে এবং টেবিলের নিচে একটি সুইচ আছে। ভোট দিতে হইলে এক হাতে যে কোন একটি বোতাম এবং অন্য হাতে নিচের 'সুইচ' টি একসঙ্গে টিপিতে হয়। বোতাম তিনটি তিন রঙের—সবুজ, লাল ও কালো। সবুজ রঙের বোতাম "আই" লাল রঙের বোতাম "নো" এবং কালো রঙের বোতামে 'অ্যাবস্টেন' কথাগুলি লেখা আছে। যাঁহারা প্রস্তাবের পক্ষে ভোট দিতে চান তাঁহারা সবুজ রঙের বোতাম, যাঁহারা বিপক্ষে ভোট দিতে চান তাঁহারা লাল রঙের বোতাম ও যাঁহারা নিরপেক্ষ থাকতে চান তাঁহারা কালো রঙের বোতাম টিপিবেন। এ কথা বিশেষ করিয়া মনে রাখিতে হইবে যে, বোতাম এবং 'সুইচ' একসঙ্গে না টিপিলে ভোট—যন্ত্রে ভোট গৃহীত হইবে না।

স্পীকার মহাশয় মত নির্ণয় বা "ডিভিশন"-এর নির্দেশ দিলে তিন মিনিটের জন্য একটানা ঘণ্টা বাজিবে এবং সভাকক্ষের দরজাগুলি খুলিয়া রাখা হইবে। এই তিন মিনিট ব্যাপী একটানা ঘণ্টাধ্বনি যে সমস্ত সদস্য ঐ সময় সভাকক্ষের বাহিরে বিধানসভা ভবনের অন্য কোনও অংশে থাকেন তাঁহাদের সভাকক্ষে আসিবার জন্য ঘণ্টাধ্বনি শেষ হইলে যতক্ষণ "ডিভিশন" লওয়া শেষ না হয় ততক্ষণ সভাকক্ষের দরজাগুলি বন্ধ রাখা হয়। একসঙ্গে পরপর একাধিক "ডিভিশন" লওয়ায় ক্ষেত্রে ঐ একটানা ঘণ্টাধ্বনি কেবল প্রথম বার "ডিভিশন" এর ক্ষেত্রেই বাজিবে। ঘণ্টাধ্বনি শেষ হইলে স্পীকার মহাশয় পুনরায় প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে কণ্ঠধ্বনি করিতে বলিবেন। এই সময় পুনরায় ভোট গণনা দাবি করিলে একটি ঘণ্টা পড়িবে। ঘণ্টাধ্বনির সঙ্গে সঙ্গে সদস্যগণ উপরি-উক্ত প্রণালীতে বোতাম এবং "সুইচ" টিপিয়া ভোট দিবেন। প্রথম ঘণ্টার ৭ সেকেণ্ড পরে দ্বিতীয়বার আর একটি ঘণ্টা পড়িবে। এই ৭ সেকেণ্ড সময় সর্বক্ষণ বোতাম এবং "সুইচ" টিপিয়া রাখিতে হইবে। দ্বিতীয় ঘণ্টার পর হাত ছাড়িয়া দিবেন। উক্ত ৭ সেকেণ্ডের মধ্যে হাত ছাড়িয়া দিলে ভোট গৃহীত হইবে না। বোতামের সঙ্গে যে ছোট আলোটি আছে ভোট দিবার সময় সে আলোটি জ্বলিয়া উঠিবে। আলো না জ্বলিলে বুঝিতে হইবে যে, কোন যান্ত্রিক গোলযোগের জন্য ভোট গৃহীত হইতেছে না।

সভ্যকক্ষের দক্ষিণ দিকের দেয়ালে একটি "বোড" দেখিতে পাইবেন। সেই বোর্ডে সদস্য-গণের আসন অনুসারে আলো সাজানো আছে। ভোট দিবার সময় যে সদস্য যেভাবে ভোট দিবেন সেইভাবে অর্থাৎ পক্ষে হইলে সবুজ, বিপক্ষে হইলে লাল এবং নিরপেক্ষ হইলে সাদা আলো সেই বোর্ডে জ্বলিয়া উঠিবে। দ্বিতীয় ঘণ্টার কিছুক্ষণ বাদে, পক্ষে কয় জন, বিপক্ষে কয় জন নিরপেক্ষ কয় জন, এবং মোট কত জন সদস্য ভোট দিয়াছেন তাহার সংখ্যা ঐ বোর্ডে দেখা যাইবে। স্বপক্ষে এবং বিপক্ষে সংখ্যাধিক্য অনুসারে স্পীকার মহাশয় তাঁহার চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করিবেন।

(At this stage trial voting was taken)

[ 7-00—7-10 p.m. ]

The motion of Shri Somnath Lahiri that in clause 2, for the proposed sub-Section (2) of section 47C the following be substituted, namely :—

"(2) It is hereby declared that for a period of one year from the date of commencement of the Calcutta Municipal (Second Amendment) Act, 1972 no notice whatsoever is required to be given to the Corporation for submission of any representation before making any such order of supersession under sub-section (1) but after the expiry of the said period of one year no action shall be taken by the State Government—

(a) unless a notice is given to the Corporation specifying therein a period within which the Corporation may submit representation, if any against the proposed order, and

(b) such representation has been considered by the State Government."

was then put and a division taken with the following result :—

## DIVISION NO. I

### NOES—88

Abdul Bari Biswas, Shri
Abdur Rauf Ansari, Shri
Abedin, Dr. Zainal
Basu, Shri Ajit Kumar (Mid.)
Bhattacharya, Shri Narayan
Bhattacharya, Shri Sakti Kumar
Bhattacharyya, Shri Pradip
Chakrabarti, Shri Biswanath
Chatterjee, Shri Kanti Ranjan
Chattopadhay, Shri Sukumar
Chowdhary, Shri Abul Karim
Das, Shri Barid Baran
Das, Sh. Sarat Chandra
Das Gupt Dr. Santi Kumar
De, Shri Amanja
Dolui, Shri Hari Sadhan

### AYES—23

Ali Ansar, Shri
Bhattacharjee, Shri Shibapada
Bhattacharyya, Shri Harasankar
Chakrabarti, Shri Biswanath
Das, Shri Bimal
Dihidar, Shri Niranjan
Duley, Shri Krishnaprasad
Ghosh, Shri Sisir Kumar
Halder, Shri Kansari
Lahiri, Shri Somnath
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem

**NOES**

Dutt, Shri Ramendra Nath
Ekramul Haque Biswas, Shri
Gayen, Shri Lalit
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Khan, Shri Gurupada
Khan Samsul Alam, Shri
Mahapatra, Shri Harish Chandra
Maiti, Shri Braja Kishore
Maji, Shri Saktipada
Majumdar, Shri Bhupati
Mal, Shri Dhanapati
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Md. Safiulla, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mitra, Shri Somendra Nath
Molla Tasmatulla, Shri
Mondal, Shri Aftabuddin
Mondal, Shri Amarendra
Mondal, Shri Anil Krishna
Mondal, Shri Khagendra Nath
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Ananda Gopal
Mukherjee, Shri Bhabani Sankar
Mukherjee, Shri Mrigendra
Mukhapadhya, Shri Tarapoda
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhendu
Naskar, Shri Arabinda
Naskar, Shri Gobinda Chandra
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Quazi Abdul Gaffar, Shri
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Krishna Pada
Saha, Shri Dulal

**AYES**

Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Roy, Shri Saroj
Saren, Shri Joyram
Sarkar, Shri Netaipada

**NOES** **AYES**

Saha, Shri Dwija Pada
Sajjad Hussain, Shri Haji
Samanta, Shri Saradindu
Saraogi, Shri Ramakrishna
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Sen Gupta, Shri Kumar Dipti
Shaw, Shri Sachi Nandan
Sukla, Shri Krishna Kumar
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Niren Chandra
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Sur, Shri Ganapati
Talukdar, Shri, Rathin
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, S hri Budhan Chandra

The Ayes being 23, and the Noes 88, the motion was lost

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause—3**

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prafulla Kanti Gho sh** : Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendme [illegible] 1972, as setteled in the Assembly, be passed.

**শ্রীমতী গীতা মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী মাননীয় সদস্য শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় এনেছিলেন এবং যার পক্ষে আমরা ভোট দিয়েছি তা স্বভাবত ভোটের সংখ্যাধিক্যে পার হতে পারে নি—অবশ্য এটা আমরা জানি। এই আলোচনা উপলক্ষে বিভিন্ন মন্ত্রী যা উপস্থিত করেছেন সে বিষয়ে আমাদের ধারণা সম্বন্ধে কিছু বলবার জন্য এই রিডিংয়ে আমি অনুমতি চেয়েছি। প্রথমেই বলে রাখি যে এই এ্যামেণ্ডমেণ্ট যদিও লস হয়েছে তবুও আশা রাখি যে মন্ত্রিমহাশয় যাতে দ্রুত নির্বাচন করেন সে সম্পর্কে মুখে এখানে যা কথা বলেছেন তা যেন কার্যে পরিণত করার চেষ্টা করেন। এই আশা করা সত্ত্বেও এমেণ্ডমেণ্টের উদ্দেশ্য কি তা বলি। স্বভাবত কলকাতায় বিশেষ করে আমাদের কাগজে বেরিয়েছে সেই কারণে আমাদের কথা পরিষ্কার করে বলা দরকার। কলকাতা কর্পোরেশনের যে পরিস্থিতি হয়েছিল ঠিক এখন তাতে শ্রীসোমনাথ

লাহিড়ী মহাশয় বলেছিলেন যে একটা অচল অবস্থা হয়েছিল। এবং এই কারণেই এই অচল অবস্থা অবসানের জন্য যখন কলকাতা কর্পোরেশনকে সুপারসিড করা হোল তখন আমাদের মনোভাব সম্পর্কে এই বক্তব্য করা হয়েছিল—আমার বক্তব্য হচ্ছে নির্বাচন হয়েছিল এবং নির্বাচন হয়ে সেখানে অচল অবস্থা সৃষ্টি হয়েছিল। তারজন্য অপরাধী সেই নির্বাচকমণ্ডলী নয়—যারা নির্বাচিত হয়েছিল তারা—তারাই এই অবস্থা করেছিল। স্বভাবত সেই অবস্থার পরিবর্তন করবার চেষ্টা করতে হবে। সেই নির্বাচকমণ্ডলীকে আশ্বস্ত করার যে পবিত্র দায়িত্ব সে দায়িত্ব আমাদের মোরচার আছে বলে আমি মনে করি। এবং নির্বাচকমণ্ডলীর অধিকার অক্ষুণ্ণ রাখার উদ্দেশ্য নিয়ে এই এমেণ্ডমেণ্ট এনেছিলাম। এ বিষয়ে কথা উঠেছে যে ইনকনসিসটেণ্ট থাকে না যদি একটা পিরিয়ডের কথা বলা থাকে মাননীয় মন্ত্রী শ্রীভোলানাথ সেন মহাশয় বলেছেন। তিনি অবশ্য আইনজীবী আমার মত লে-ম্যান নন। যা হোক তবুও আমি এই আইনসভার সঙ্গে সংযুক্ত। আইনের ৪৭ডি—তাতে আছে দি ষ্টেট .... ............

ইচ্ছা করলে রাজ্য সরকার এখনই সুপারসিড করতে পারেন তার পিরিয়ড বাড়াতে পারেন। এই অধিকার যদি দেওয়া থাকে তাহলে সেই অধিকার দেওয়ার সঙ্গে সঙ্গে আরও দুটি প্রভাইসো থাকে কেন ইনকনসিসটেণ্ট থাকবে না—এখানে ইনকনসিসটেন্সের কোন কারণ নেই। যা হোক আমি তো আইনজীবী নই। এখানে প্রশ্ন উঠেছে যে কার উপর নোটিশ দেবো। স্বভাবত এই জন্যই এই এ্যামেণ্ডমেণ্টের প্রয়োজন। এই ক্লজ থাকলে নির্বাচন করা যাবে। এবং নির্বাচন করলেই আমরা সেই নির্বাচিত লোককেই নোটিশ দেবো। আর যদি কোথাও অন্য পথ থাকে সেখানে নোটিশ দেবো। আমার এ্যামেণ্ডমেণ্টের প্রধান উদ্দেশ্য এই ক্লজ দু'টি যদি বজায় রাখি তাহলে নির্বাচকমণ্ডলীর উপর আমাদের পবিত্র কর্তব্য বজায় থাকবে। সেদিক থেকে আমি মনে করি যে, এই দুটো ক্লজ, এ্যামেণ্ড যে দুটোতে দিয়েছিলেন সেই দুটো রেখে দেওয়া এবং এক বছর পরে আবার নির্বাচনের পরে সেই নির্বাচিত বডি সম্পর্কে যাতে এইরকম ব্যবস্থা থাকে, তাদের সেই অধিকার বজায় রাখার কথা। দলবাজী ইত্যাদির কথা বলা হয়েছে। যাঁরাই নির্বাচিত হবেন তাঁরাই দলবাজী করবেন এ কথা যদি আমরা ধরে নেই তাহলে আলাদা কথা। আপনারাও ভবিষ্যতে নির্বাচিত হতে পারেন এবং দলবাজী নাও করতে পারেন, আবার নির্বাচিত হয়ে দলবাজী করতেও পারেন। সুতরাং প্রশ্ন হচ্ছে যে এই যে নির্বাচকমণ্ডলীর অধিকারকে রক্ষা করবার জন্য যে পবিত্র দায়িত্ব সেদিক থেকে আমরা এই এ্যামেণ্ডমেণ্ট এনেছিলাম। যদিও জানি এটা পাশ হবে না তবুও আমরা আশা করি এ্যাসেম্বলীতে এ্যামেণ্ডমেণ্টে যে ভোট হয়, আমাদের যে মত সেটা রেকর্ড হয়ে থাকলো সেটা আপনাদের কাছে সহায়ক হয়ে থাকবে এবং ভবিষ্যতে যত দ্রুত সম্ভব নির্বাচকমণ্ডলীর যে পবিত্র অধিকার সেটা তাদের ফিরিয়ে দেবার জন্য। এই কথা বলে আপনাদের কাছে আমার বক্তব্য রেখে শেষ করছি।

[ 7-10—7-20 p.m. ]

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** শ্রীযুক্ত অধ্যক্ষ মহাশয়, ভোলানাথ সেন মহাশয় যে আশঙ্কা করেছিলেন যে সুপারসেশান এক্সটেণ্ড করা যায়—যদি এই এ্যামেণ্ডমেণ্ট গৃহীত হয়ে থাকতো তখন কারা নোটিশ দেবেন, কর্পোরেশন নেই, এক্সটেণ্ড করবেন কি করে। আমার মনে হয় এক্সটেণ্ট যাতে করতে না পারে সেটাই বাঞ্ছনীয়। কাজেই আমরা ঐ ইনকনসিসটেন্সিতে বিচলিত হয় নি। কারণ আমরা কনসিসটেন্সি। কাজেই আমরা চাই যেন ইলেকশান না করে আর বাতিল না হয়।

সুতরাং ঐ ধারাতে কোন অসুবিধা হত না। যাই হোক এ্যামেণ্ডমেন্টে আর আলোচনার বিষয় নয়, এ্যামেণ্ডমেন্ট হয়ে গেছে। আমি শুধু এ কথা বলতে চাই যে আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক জোটের যে কর্মসূচী এবং যে কর্মসূচীর ভিত্তিতে যে ঐক্য, সেই ঐক্য আমাদের অনেকখানি সহমতের ভিত্তিতে প্রতিষ্ঠিত। সেই সহমত অনেক ক্ষেত্রে, অনেক ব্যাপারে আমরা প্রকাশ করছি এবং আমরা আশা রাখি ভবিষ্যতে প্রকাশ করবো। আমরা আশা রাখি সরকারের যে কর্মসূচী তা আমরা একসঙ্গে পালন করে জনসাধারণের মধ্যে আমাদের প্রতিশ্রুতি যা সেটা রক্ষা করে আমরা দেখিয়ে দিতে পারবো এবং আমাদের ঐক্য দিনের পর দিন আরো সুদৃঢ় হবে এটাই আমরা বিশ্বাস করি। কিন্তু ঐক্য সুদৃঢ় করার মধ্যে নিশ্চয়ই যখন কোন বিষয় আমাদের পরস্পরের মধ্যে গভীরভাবে মত পার্থক্য দেখা দেবে তখন তা যেন এড়িয়ে না যাই বা গোপন না করি। কারণ তাতে বরং ঐক্যের বিরুদ্ধে মনের মধ্যে অসন্তোষের দানা বেঁধে উঠবে যা হয়ত একদিন ঐক্যকে ভেঙ্গে চুরমার করে দেবে। বরং আমরা যদি পরস্পরের কাছে পরস্পরের বক্তব্য বন্ধুত্বপূর্ণভাবে রাখি, যেখানে একমত হতে পারলাম না সেখানে আমরা পরস্পর পরস্পরের ষ্ট্যাণ্ডের উপর দাঁড়িয়ে নিজেদের মত প্রকাশ করে জনসাধারণকে বিচার করার সুযোগ দেই যে কোন মতটা ঠিক তারা বিচার করুক, তাহলে আমাদের ঐক্য আরো দৃঢ়তর হবে। কারণ তা আমাদের সজ্ঞান, সচেতন ঐক্যমত এবং সচেতন মত বিরোধের ভিত্তিতে প্রতিষ্ঠিত হবে। এই আশা প্রকাশ করে এবং আগামী বছরের মধ্যে আবার নির্বাচন করে কর্পোরেশনকে পুনঃপ্রতিষ্ঠিত করার চেষ্টা করবেন এই আশা পোষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি. পি. আই বন্ধুরা যে বক্তব্য রেখেছেন এই হাউসে তাতে এক বছর পরে নির্বাচন হবে এই প্রতিশ্রুতি যেন একটা প্রচ্ছন্ন দাবী বলে আমার কাছে মনে হচ্ছে। আমরা কংগ্রেসের ঐতিহ্য আপনার মাধ্যমে বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৬৭তে নির্বাচনের পরে নির্বাচন হবার কথা ছিলো ১৯৭২-এ। মানুষের গণতান্ত্রিক অধিকার চেতনাকে সম্মান দেবার জন্য। পশ্চিমবঙ্গে এবার নিয়ে তিনবার নির্বাচন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক নির্বাচন তো অস্বীকার করি নি। নির্বাচন হবে না একথা তো বলা হয় নি। নির্বাচন হবে তখনই যখন উপযুক্ত পরিবেশ এবং পরিস্থিতি অবস্থার সৃষ্টি হবে।

**শ্রীভোলানাথ সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাত অনেক হয়ে গেল আমি আর বেশী সময় নেব না, বেশী কিছু বলতেও চাই না। শুধু একটি কথা বলতে চাই সেটা হচ্ছে এই ভয় বা আশঙ্কার ব্যাপার অমূলক। তার কারণ হচ্ছে আইন যাই হোক না কেন অর্ডারে যেটা পাশ করা হয়েছে গভর্ণরের নামে এক বছরের জন্য সেই অর্ডার। আর সেই অর্ডার এক বছর থাকা সত্ত্বেও যদি আপনারা মনে করেন,যদি বিধানসভা মনে করেন বা সরকার যদি দেখেন যে অবস্থার উন্নতি হয়েছে তার আগেই হবে, তাহলে এক বছর অপেক্ষা করার কোন প্রয়োজন নেই। কারণ সাবসেকসান (৩) অব সেকসান ৪৭ ডি তাতে পরিষ্কার পাওয়ার দেওয়া আছে এ্যাট এনি টাইম অর্থাৎ এক বছর আগেই যদি করপোরেশনের অবস্থার উন্নতি হয়,কলকাতা সহরবাসীর উন্নতি হয় তাহলে ইলেকসান করতে পারেন। এতে আপনারা ভয় পাচ্ছেন কেন ? আপনারা যাঁদের উপর সরকার গঠন করতে দিয়েছেন তাঁদের উপর আস্থা রাখুন, নিশ্চয়ই তাঁরা কিছু অন্যায় করবেন না। তাঁরা নিশ্চয়ই কোন গণতান্ত্রিক অধিকার ক্ষুন্ন করবেন না। সেটা আমাদের নেত্রী শ্রীমতী গান্ধী বলেছেন যে তাঁর ৪টি মিউনিসিপ্যালের মধ্যে গণতন্ত্র একটি প্রিন্সিপ্যাল। আমরা নিশ্চয়ই গণতন্ত্রের বিরুদ্ধে যাব না।

এটা সুপারসেসান করা হল মানেই গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করার ক্ষেত্র সুপারসেশান করা হল এবং যদি প্রয়োজন হয় তাহলে আমরা এই আইন অনুযায়ী এক বছর আগেই আবার ইলেকশান হোল্ড করাতে পারি।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এ সম্বন্ধে আর বিশেষ বিবেচনা বা বিশ্লেষনের প্রয়োজন নেই। সোমনাথবাবুকে আমি নিশ্চয়ই অনুরোধ করবো যে আমাদের উপর বিশ্বাস রাখুন। ভোলা সেন মহাশয় যে কথা বল্লেন যে আমরা গণতন্ত্রকে সামনে নিয়ে এগিয়ে যেতে সঙ্কল্পবদ্ধ। সুতরাং ইনডিফিনিট পিরিয়ড বজায় রেখে গণতন্ত্রের যাতে প্রসার হতে না পারে এমন পরিস্থিতি আমরা কখনই সৃষ্টি করবো না এই বিশ্বাস আশা করি তাদের আছে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়' আমি আপনার কাছে একটি সম্পাদকীয় তুলে ধরে বলেছি যে গণতন্ত্রের নামে কি জিনিস আমদানি হয়েছিল। সোমনাথবাবু যা বললেন এর সম্প্রসারণ নিয়ে তাতে বলা যায় কলকাতা পৌর প্রতিষ্ঠানের যে পচনশীলতা দেখা দিয়েছিল এটা ব্যাপকভাবে ছড়িয়ে গেলে কোন মিউনিসিপ্যালিটি রক্ষা পেত না। মাননীয় অধ্যক্ষ মহোদয় এতে গণতন্ত্র আরো বিপন্ন হত। সুতরাং এই গণতন্ত্রকে রক্ষা করার জন্য, একে সুস্থ সবল করার জন্যই সরকারকে এই ব্যবস্থা নিতে হয়েছে। সরকারও সে সম্বন্ধে সচেতন আছেন। অনুকূল পরিবেশ, উপযুক্ত পরিবেশ যখনই সৃষ্টি হবে তখন নিশ্চই নির্বাচন হবে। কারণ, আমি আগেই বলেছিলাম যে এর আগে মানুষের অধিকার রক্ষা করার জন্য কতবার নির্বাচন হয়ে গেছে। স্যার, সোমনাথবাবু ঐক্য, দৃঢ়তার কথা বলেছেন। আমরা মনে করি না যে এই দৃঢ় ভিত্তি ক্ষুন্ন হবার কোন কারণ আছে। তবে স্বভাবতঃই বাংলার মানুষের কাছে আমাদের আজকের যে মতানৈক্য এটা প্রতিভাত হবে এবং গণতান্ত্রিক মোর্চার এই সামান্য কয়েকদিন অতিক্রমের পর এখন থেকে ব্যবধান রচিত হল জনমানসে একটা বিভ্রান্তির সৃষ্টি হওয়া অসম্ভব নয় এবং সেখানে প্রতিক্রিয়াশীল শক্তিগুলি তৎপর আছে এবং এর জন্য আমাদের অন্যতম শরিকদেরও দায়িত্ব আছে। সেইজন্য আমাদের সতর্ক থাকার প্রয়োজন আছে। কারণ এর সুযোগ নিয়ে আমাদের মধ্যে যেন ব্যবধান সৃষ্টি না হয় বা ভুল বোঝাবুঝির সৃষ্টি না হয়। এই বক্তব্য রেখে আমি আমার কথা শেষ করছি।

The motion of Shri Prafulla Kanti Ghosh that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Second Report of the Business Advisory Committee

[7-20—7-23 p.m.]

**Mr. Speaker :** I beg to present the Second Report of the Business Advisor Committee which at its meeting held on the 11th and 12th April, 1972 at m chamber considered the question of allocation of dates and time for disposal c legislative businees and recommended as follows : —

| | |
|---|---|
| Monday, 24-4-72 | The West Bengal Maintenance of Publi Order Bill, 1972 (Introduction, Consideratio and Passing)........ 4 hours |
| Tuesday, 25-4-72 | The West Bengal Slum Areas (Improvemen and Clearance) Bill, 1972 (Introduction Consideration and Passing)........ 4 hours |
| Wednessday, 26-4-72 | (i) The West Bengal Relief Undertaking (Spe cial Provisions) Bill, 1972 (Introduction Consideration and Passing). . .... 3 hour (ii) The Calcutta Municipal (Amendment) Bill 1972 (Introduction, Consideration and Passing ... . ...1 hou |
| Friday, 28-4-72 | (i) The Calcutta Metropolitan Developmen Authority Bill, 1972 (Introduction, Considera tion and Passing)... . ...3 hours (ii) The West Bengal Improvement Laws (Amend ment) Bill. 1972 (Introduction, Consideratior and Passing)... . ...1 hour |
| Saturday, 29-4-72 | The West Bengal Land Reforms (Amendment Bill, 1972 (Introduction, Consideration anc Passing)... . ...6 hours |

The Assembly will sit at 1 p. m. on Saturday, the 29th April, 1972 and there will be no Question, Calling Attention or Mention Cases on that day.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that the Second Report o the Business Advisory Committee presented this day be agreed to by the House

The motion was agreed to.

**Mr. Speaker :** The decision of the Committee is being circulated just now.

## Adjournment

The House was then adjourned at 7.23 p. m. till 1 p.m. on Monday, the 24tl April, 1972, at the Assemqly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 24th April, 1972, at 1 p m.

PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 11 Ministers, 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 1 Deputy Minister and 169 Members.

### Obituary

[ 1-00—1-03 p.m. ]

**Mr. Speaker** : Honourable Members, before the day's proceedings are commenced, it is with a feeling of utmost regret that I have to refer to you the sad and untimely demise of Shri Prosun Kumar Ghosh, a sitting member of this august House. He passed away on the 19th last. He was returned in the last general election from Jaynagar constituency on a Congress ticket. A bachelor and a graduate from Scottish Church College, Shri Ghosh was sincerely and wholeheartedly devoted to the Congress Organisation. He was the Chairman of South 24-Parganas District Congress Committee and also a former Chairman of the Joynagar-Majilpur Municipality. He had active connections with many other social organisations. A former Joint-Secretary of undivided Congress Orgauisation of 24-Parganas district, he was one of those who was principally responsible for the Ruling Congress Organisation in his district,

May his soul rest in peace.

I would now request the Hon'ble Members to rise in their seats and observe silence for 2 minutes as a mark of respect to the departed soul.

( Members rose in their seats and observed silence for 2 minutes. )

Thank you, ladies and gentlemen, Secretary will do the needful.

A meeting of the Business Advisory Committee will be held in my chamber today at 1-30 p.m. Honourable Members of the Committee are requested to be present.

The House stands adjourned till 1-00 p.m. on Tuesday, the 25th April, 1972.

## Adjournment

The House was accordingly adjourned at 1-03 p.m. till 1 p.m on Tuesday, the 25th April, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 25th April, 1972, at 1 p m

PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 14 Ministers, 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 3 Deputy Ministers and 200 Members.

[ 1-00—1-10 p.m. ]

### OATH OR AFFIRMATION

**Mr. Speaker** : Honourable Members, if any one has not yet made an oath or affirmation of allegiance, he may kindly do so.

( There was none to take oath )

**Mr. Speaker :** Questions.

**শ্রীনিতাইপদ সরকার :** স্যার, আমার একটা স্বাধীকারের প্রশ্ন আছে। আমি গত ৫ই তারিখে একটা প্রশ্ন করেছিলাম আমি তার উত্তর পাইনি মাননীয় সেচমন্ত্রী মহাশয় বলেছিলেন যে এটা আমার অধীনে নয় কৃষি ক্ষুদ্র-সেচ বিভাগের প্রশ্ন, আপনি সেখানে প্রশ্ন করলে জানতে পারবেন। আমার সেচ প্রকল্প সম্পর্কে যে প্রশ্ন করেছিলাম ৫০নং অনুমোদিত প্রশ্ন নং ৪১ এটা ৫ই তারিখে আমি উত্তর দাবী করেছিলাম ও সেটা এ্যাডমিটেড হয়েছিল। সে দিন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন আপনি যথোপযুক্ত বিভাগের প্রশ্ন করবেন জবাব দেওয়া হবে কিন্তু একটা বিষয়ে ৩৮৫নং প্রশ্ন সেটা ডিসএ্যালাউ হয়েছে তা আমি ক্ষুদ্র কৃষি ও সেচ বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জবাব চাই। এ ব্যাপারে উল্লেখ করতে পারি যে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে সরকারের পক্ষ থেকে কিন্তু সেখানে কিছু হচ্ছে না।

**Mr. Speaker :** Mr. Sarkar, one hour is allotted for these questions. If you lose this one hour by raising other points then the House will lose much valuable opportunity for which this time has been allotted. You can raise this matter after the question hour.

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমি স্যার, এ ব্যাপারে একটু জানতে চাই।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** স্যার আমিও এ প্রশ্ন তুলেছিলাম কারণ লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে ঐ খালটা আমার কেন্দ্র দিয়ে গেছে এবং এর জন্য হাজার হাজার টাকা খরচ হয়েছে এটা হলে হাজার হাজার চাষী দুর্দশার হাত থেকে রক্ষা পায়।

**Mr. Speaker :** Mr. Chaki, I shall not allow any discussion just now. Let me proceed with the regular business it questions. When the question hour will be over you may bring this matter to my notice and I will certainly look into it. Now, let us go on with starred question No. 131.

## Starred Questions

( To which oral answers were given )

### কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা

*১৩১। ( অনুমোদিত প্রশ্ন নং *১৬২ ) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় বর্তমানে মোট বাসের সংখ্যা কত ;

(খ) উহার মধ্যে কতগুলি বাস বর্তমানে রাস্তায় চলিতেছে ; এবং

(গ) রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় মোট কর্মচারীর সংখ্যা কত ?

**Shri Gyan Singh Sohanpal :** (a) 1121 buses

(b) 543 buses

(c) 12933 employees.

**শ্রীনিতাইপদ সরকার ঃ** স্যার, আমরা দেখতে পাচ্ছি যে ৫৪৩টা বাস রাস্তায় চলছে। আর বাকি বাস যে চলছে না তার কারণ মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ** অনেক কারণ আছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** অনেক কারণের মধ্যে দু-চারটে জানতে পারলে সুবিধা হয় কারণ সরকারী বাসে আমরা জায়গা পাই না, কলকাতার জনসাধারণকে নির্যাতন ভোগ করতে হচ্ছে। এ ব্যাপারে আমি জবাব দাবী করছি।

**Shri Gyan Singh Sohanpal :** Out of 1121 buses, 423 buses have already outlived their lives and are due for condemnation. Therefore, the number of serviceable buses of the C. S. T. C. are only 698. Of these 698 buses again, only 350 buses are young which have done half their lives and the remaining 348 buses have done more than half their lives. As a matter of fact, 255 out of 348 buses are running the last year of their lives and are due for condemnation and replacement in 1973-74.

**শ্রীনিতাইপদ সরকার ঃ** অনেকগুলি State Bus এর spare parts চুরি যাবার জন্য বাসের দুর্গতি হয়েছে এটা ঠিক কি না ?

**Shri Gyan Singh Sohanpal :** It is not a fact.

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মোট কর্মচারীর সংখ্যা ১২হাজার অর্থাৎ ১হাজার বাসের জন্য ১৬হাজারের মত কর্মচারী। এক্ষেত্রে যেখানে বে-সরকারী বাসগুলি ৩।৪জন কর্মচারী দিয়ে চালাতে পারে সেখানে আমাদের সরকারী বাসে এত কর্মচারী কিসের জন্য লাগবে ?

**শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ** Privateএবং state under taking এর মধ্যে অনেক তফাৎ আছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** রাষ্ট্রীয় পরিবহনে লাভ না লোকসান হচ্ছে ?

**Mr. Speaker :** This question does not arise.

**শ্রীনরেশ চাকী ঃ** যাত্রী বহনের জন্য কোলকাতায় যে সংখ্যক বাস দিয়েছেন সেটা কি যথেষ্ট ?

**Mr. Speaker :** This is a mattr of opinion.

**শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ** শতকরা ৫০ভাগ যে বাস চলছে তারমধ্যে আবার শতকরা ৩০ভাগ সময়মত চলে না। তাহলে এই যে একটা জাতীয় সমস্যা এই সমস্যা সমাধানের জন্য কিছু কি চিন্তা করছেন ?

**শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ** নিশ্চয়।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু ঃ** State Transportএর কতকগুলি বাস repair করে চালান যেত, কিন্তু তা সত্ত্বেও ২টা double decker কে ৬০০টাকায় বিক্রি করা যে হয়েছে এ সম্পর্কে আপনি কিছু জানেন কি ?

**শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ** নোটিশ চাই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যেভাবে জাতীয় সম্পতি নষ্ট হচ্ছে এগুলি কি কারণে পড়ে আছে এ নিয়ে কি কোন enquiry committee করার ব্যবস্থা করেছেন কি ?

**শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ** Enquiry committee করার কথা চিন্তা করছি না, তবে আগেই বলেছি অনেকগুলি কারণ আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** অনেকগুলি কারণ যাই থাক, spare parts চুরি হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেছেন It is not a fact. অতএব সমস্ত কারণগুলি নিয়ে একটা enquiry করার ব্যবস্থা তিনি কি করবেন ?

**শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ** সে লাইনে এখন চিন্তা করছি না।

[ 1-10—1 20 p m. ]

**শ্রীশঙ্করদাস পাল ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যেখানে Private Busএ রোড ট্যাক্স দিতে হয় এবং টায়ার কিনতে হয় বাজারে বেশী দামে, কিন্তু পাবলিক বাসে রোড ট্যাক্স দিতে হয় না, বা টায়ার বেশি দামে কিনতে হয় না, কণ্ট্রোল দরে পায়, সেখানে পাবলিক বাসে এত লোকসান কেন ?

**Mr. Speaker :** The question does not arise.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ** এত বাস চলছে। আমরা দেখেছি সংবাদপত্রে বিস্তৃতভাবে লেখা হয়েছে তার লোকসানের পরিমাণের বহর। মন্ত্রিমহাশয় বলবেন কি এটা লাভজনক না অলাভজনক এবং এর লোকসান কত এবং এটা দূর করার জন্য কি করছেন ?

## বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী সাহায্য

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১।) **শ্রীঠাকুরদাস মাহাতো:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৯৭০ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য যে সরকারী সাহায্যদানের নির্দেশ দেওয়া হইয়াছিল অদ্যাবধি বহু বিদ্যালয় আবেদন করিয়াও সেই সাহায্য পায় নাই ;

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ;

(গ) ইহা কি সত্য যে, যেসমস্ত বিদ্যালয়ের বন্যায় ক্ষয়ক্ষতির এনকোয়ারী রিপোর্ট গত ৯ই মার্চ, ১৯৭২ তারিখের মধ্যে শিক্ষা বিভাগে পৌছাইয়াছে কেবলমাত্র সেইসমস্ত বিদ্যালয় এই বৎসর টাকা পাইবে, এবং

(ঘ) সত্য হইলে, ৯ই মার্চ, ১৯৭২ তারিখের পর যেসকল বিদ্যালয়ের রিপোর্ট আসিবে সেই বিদ্যালয়গুলিকে ১৯৭২-'৭৩ আর্থিক বৎসরে ফ্লাড গ্র্যান্টের টাকা দিবার জন্য কি ব্যবস্থা সরকার গ্রহণ করিবেন ?

**Mr. Speaker :** Starrted question No. 132 is held over, because the reply has not yet been received by me.

## কাঁথি মহকুমায় টেষ্ট রিলিফের পে-মাষ্টারদের প্রাপ্য টাকা

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, কাঁথি মহকুমায় টেষ্ট রিলিফের অনেক পে-মাষ্টারের পাওনা টাকা ১৯৬৮ হইতে এখন পর্যন্ত দেওয়া হয় নাই ;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি ,

(গ) কতজন পে-মাষ্টারের টাকা বাকী আছে ; এবং

(ঘ) ঐ টাকা মিটাইবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীসন্তোষ কুমার রায়:**

(ক) হ্যাঁ, কিছু সংখ্যক পে-মাষ্টারের পাওনা টাকা বাকী আছে।

(খ) পে-মাষ্টারগণ টেষ্ট রিলিফ স্কীমের হিসাবপত্র যথা সময়ে দাখিল না করায় এবং কখনও কখনও জেলা শাসকের হাতে ঐ খাতে যথেষ্ট পরিমান অর্থ না থাকায়।

(গ) ১২৩২ জন।

(ঘ) পাওনা টাকা অতি শীঘ্র মিটাইবার জন্য জেলাশাসককে নির্দেশ দেওয়া হইয়াছে।

**শ্রীসুধীর চন্দ্র দাস::** দুটো কারণে গোলমাল হয়েছে বললেন। অনেকে হিসাবপত্র ঠিক দিয়েছে এটা স্বীকার করেছেন। কিন্তু তা দেওয়া সত্বেও সরকারী শিথিলতা বা দুর্নীতি কি কারণে এটা দেওয়া হয় নি এই বিষয়ে কিছু অনুসন্ধান করেছেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায়:** পাওনা টাকা অতি শীঘ্র মিটাইবার জন্য জেলাশাসককে নির্দেশ দেওয়া হইয়াছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** জেলাশাসকের কাছে টাকা আছে কি এবং তিনি দিতে পারবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় :** জেলাশাসককে বলা হয়েছে এবং এই টাকা দেওয়ার জন্য ব্যবস্থা করা হচ্ছে।

## মোটর সরঞ্জামের দুষ্প্রাপ্যতা

*১৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং *২২০।) **শ্রীঅশ্বিনী রায় :** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মোটরের সাজ-সরঞ্জাম (টায়ার সহ) বাজারে পাওয়া যাইতেছে না ;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ সরঞ্জাম দুষ্প্রাপ্য হইয়াছে এবং ঐ দ্রব্যের নিয়ন্ত্রিত দর থাকিলে তাহা কত , এবং

(গ) গত ১লা ডিসেম্বর, ১৯৭১ সাল হইতে ৩১শে মার্চ, ১৯৭২ সাল পর্যন্ত জেলাভিত্তিক প্রতি মাসে টায়ার-টিউবের সরবরাহের চাহিদা ও প্রকৃত সরবরাহের সংখ্যা কত ?

**Shri Gyan Singh Sohanpal :**

(a) Government is aware that there is scarcity of giant sized tyres in the market.

(b) No formal contr l order in respect of tyre tube and other motor accessories has been used by Government. There is however uniform prices of each separate articles fixed by the manufacturers.

(c) The matter is dealt with by the Food & Supplies Department.

**শ্রীঅশ্বিনী কুমার রায় :** বাস চলছে কি না এটা আপনার দায়ীত্ব। বাস মালিকরা টায়ারের অভাব পাচ্ছে কি না এটা আপনার জবাব থাকা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা যাতে পুনরায় পরের সপ্তাহে জবাব পাই তারজন্য আবেদন করছি।

**Mr. Speaker :** Have you heard what Honourable Members has stated ?

**শ্রীজ্ঞানসিং সোহনপাল :** এটা ফুড এণ্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট ডিল করেন এবং তাঁদের কাছে প্রশ্ন করুন উত্তর পাবেন।

## গ্রামাঞ্চলে জি, আর, বৃদ্ধি

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩।) **শ্রীমহম্মদ দেদার বকস :** ত্রাণ এবং সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম বাঙলার দুঃস্থ জনসাধারণের অবর্ণনীয় দুঃখকষ্ট নিবারণের জন্য জি, আর-এর হার বৃদ্ধি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কি এবং কবে হইতে চালু হবে বলে আশা করা যায় ?

**শ্রীসন্তোষ কুমার রায় :** (ক) এবং (খ) হ্যাঁ ; চলতি আর্থিক বৎসরের প্রথম তিন মাস অর্থাৎ এপ্রিল, মে এবং জুন মাসে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় খয়রাতি সাহায্যের বর্তমান হার কিঞ্চিৎ বৃদ্ধি করে এই খাতে আনুমানিক পঞ্চাশ লক্ষ টাকা খরচ করার সিদ্ধান্ত সরকার ইতিমধ্যেই নিয়েছেন।

**শ্রীমহম্মদ দেদার বকস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ৫০ লক্ষ টাকা প্রথম তিন মাসেতে খরচ করবেন। কিন্তু দেশের যে দুরবস্থা বিশেষ করে গ্রামবাংলার দুঃস্থ জনসাধারণের জন্য আবার এটা পুনর্বিবেচনা করুন যাতে এটাকে আরও কিছু বৃদ্ধি করা যায় বা টাকার অংশকে বৃদ্ধি করে এবং জি. আর.-এর সংখ্যা আরো বৃদ্ধি করার কথা মাননীয় মন্ত্রিমহাশয় ভাবছেন কি?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** মাননীয় সদস্য হয়ত অবগত আছেন যে অন্যান্য বছরে এই তিন মাসে আনুমানিক ১৫ লক্ষ টাকা ব্যয় করা হয়। আমাদের সীমিত অর্থ বরাদ্দের মধ্যে যতটা সম্ভব বাড়িয়ে আমরা এই অর্থ মঞ্জুর করেছি।

**শ্রীতুহিন কুমার সামন্ত ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে তিনি যে খয়রাতি সাহায্যের পরিকল্পনা নিয়েছেন সেটা কি ইন কোয়ানটিটি বাড়ানো হবে না ইন নাম্বারে বাড়ানো হবে?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** কোয়ানটিটি বাড়ানোর কোন উপায় নাই। পরিমাণ বৃদ্ধির জন্যই করেছি যাতে বেশী সংখ্যক লোক এর সুযোগ পায়।

**শ্রীপুরঞ্জয় পরামানিক ঃ** আপনি বললেন এপ্রিল, মে, জুন মাসের জন্য। জুলাই-সেপ্টেম্বর মাসে খয়রাতি সাহায্যের হার কি বাড়বে?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** আপনি জানেন যে আমরা ৪ মাসের জন্য বাজেট মঞ্জুরি নিয়েছি এবং টোট্যাল বাজেটে যে টাকা বরাদ্দ হয়েছে আনুমানিক ৬০ লক্ষ টাকা, তার মধ্যে ৫০ লক্ষ টাকা এই তিন মাসে খরচ করার সিদ্ধান্ত নিয়েছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** বর্তমানে কি হারে জি. আর. দেওয়া হয় এবং কাদের দেওয়া হয়?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** জি. আর দেওয়া হয় আপনারা জানেন দু' কে. জি করে। আর দেবার নিয়ম ছিল এতদিন স্থায়ী দুঃস্থ যারা কাজ করার অনুপযুক্ত, অসুস্থ, বৃদ্ধ এবং এখন তাদের পরিমাণ কিছু বাড়ানো হয়েছে। যারা এখন একেবারে অনাহারে আছে এইরকম লোকদের জি. আর. দেওয়া হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এখন যে আপনারা বৃদ্ধি করেছেন; এপ্রিল, মে, জুন মাসের আগে কত পেত ১০০ ভাগের মধ্যে আর এখন ১০০ ভাগের মধ্যে কত দিচ্ছেন?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** পার্সেণ্টেজ হিসাব করে কিছু করিনি। ১৫ লক্ষ টাকার জায়গায় এখন ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রীপুরঞ্জয় পরামানিক ঃ** পূর্বে আগেকার সরকার যে সিদ্ধান্ত গ্রহন করেছিলেন যে হাজারে দু'জন করে সাহায্য পাবে এখন হাজারে কতজনের ব্যবস্থা করেছেন?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** আপনারা জানেন, হাজারে দুজন করে হিসাব করে তখন ১৫ লক্ষ টাকার প্রয়োজন ছিল এই তিন মাসে এখন ৫০ লক্ষ টাকা বরাদ্দ করেছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বন্যাবিধ্বস্ত জেলাগুলিতে ত্রাণকার্যের যে সাহায্য দেওয়া হচ্ছে সেই সাহায্য বৃদ্ধির জন্য কোন চিন্তা করছেন কি?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** মাননীয় সদস্য অবগত আছেন খয়রাতী সাহায্য বাবদ সারা বছরের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তার বেশীরভাগই আমরা এই তিন মাসের মধ্যে খরচ করব বলে সিদ্ধান্ত নিয়েছি।

**শ্রীশরৎ চন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, জি. আরের যেতালিকা তৈরী রা হচ্ছে সেটা কে তৈরী করছে এবং কাকে দিয়ে তৈরী করানো হচ্ছে ?

**Mr. Speaker :** That question does not arise.

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় তিনবারই বললেন যে গতবারে ১৫ লক্ষ টাকা খরচ য়েছে এবারে ৫০ লক্ষ টাকা আমরা ধরেছি কিন্তু গত দু'তিনবার কনটিউনিয়াস বন্যায় এবং বিভিন্ন ায়গায় শুকাতে যে সঙ্কট দেখা দিয়েছে তার তুলনায় এখনকার সঙ্কট অনেক বেশী এবং মাননীয় ন্ত্রিমহাশয় তিনি যখন মেদিনীপুরে এম. এল. এ দের সঙ্গে মিট করে প্রয়োজনীয় তালিকা ঠিক রছিলেন তখন তিনি নিজেই জানেন যে এ বছরের সঙ্কটটা অনেক বেশী। সুতরাং এই ৫০ লক্ষ াকা যথেষ্ট কি না এবং আরো বাড়ানোর প্রয়োজনীয়তা আছে কি না ?

**Mr. Speaker :** That is matter of opinion.

## মাধ্যমিক বিদ্যালয় ও শিক্ষকদের বেতন

*১৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং *২৬৭।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাঙলায় কত মাধ্যমিক বিদ্যালয় আছে ;

(খ) ইহার মধ্যে কতগুলি সাহায্যপ্রাপ্ত aided এবং কতগুলি সাহায্যপ্রাপ্ত নয় unaided ;

(গ) এইসব বিদ্যালয়ের শিক্ষকদের মোট সংখ্যা কত ;

(ঘ) ইহা কি সত্য যে শিক্ষকগণ নিয়মিত এবং পুরা বেতন পান না ; এবং

(ঙ) যদি সত্য হয়, তবে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বনের কথা ভাবিতেছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ**

(ক) মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা :—

| | |
|---|---|
| হাইস্কুল | ২০৯৭ |
| হায়ার সেকেণ্ডারী স্কুল | ১৯৯৭ |
| জুনিয়র হাইস্কুল | ২৬৬০ |

(খ) সাহায্য প্রাপ্ত বিদ্যালয়ের সংখ্যা :—

| | |
|---|---|
| (১) সাহায্য প্রাপ্ত হাইস্কুল এবং হায়ার সেকণ্ডারী স্কুল ( সম্পূর্ণ ঘাটতি ভিত্তিক ) | ১৯৭৩ |
| (২) হাইস্কুল ও হায়ার সেকেণ্ডারী স্কুল ( লাম্প গ্রাণ্ট প্রাপ্ত—বাৎসরিক ) ( ৬,০০০ টাকা হইতে ২৫,০০০ টাকা পর্যন্ত ) | ১৮৪৯ |
| (৩) জুনিয়র হাইস্কুল ( ল্যাম্প গ্রাণ্ট প্রাপ্ত ) | ২৩০৪ |

সাহায্য বিহীন বিদ্যালয়ের সংখ্যা :—

| | |
|---|---|
| (১) হাই এবং হায়ার সেকেণ্ডারী স্কুল | ২৭২ |
| (২) জুনিয়র হাইস্কুল | ৩৫৬ |

(গ) ৭৫,৩৭৪

(ঘ) বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দদের বেতন সংশ্লিষ্ট পরিচাল সমিতি দিয়া থাকেন এবং নিয়মিত ও পুরা বেতন দেওয়া তাঁহাদেরই দায়িত্ব। এইরূ অভিযোগ আছে যে অনেক মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীবৃন্দ নিয়মিত পুরা বেতন পান না।

(ঙ) অনিয়মিত এবং পুরা বেতন না পাইবার কারণ প্রধানতঃ—

(১) যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বেতন দেয় তাহাদের বেতন নিয়মিত আদায় হয় না,

(২) সরকারী অনুদান কোন কোন সময়ে পাইতে বিলম্ব হয়।

এ পর্যন্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুদান শিক্ষাধিকর্তা দপ্তর, কলিকাতা হইতে বি বিদ্যালয়ে পাঠানো হইত, ইহাতে কিছু বিলম্ব হইত। যাহাতে অনুদান দেওয়া ত্বরান্বিত করা য সেজন্য প্রতি জেলায় মাধ্যমিক শাখার জন্য একটি জেলা স্কুল পরিদর্শকের পদ সৃষ্টি করা হইয়াছে এই আর্থিক বৎসর হইতে ( অর্থাৎ, ১৯৭২-৭৩ ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুদান জেলা বিদ্যা পরিদর্শকের অফিস হইতে দেওয়া হইবে। আশা করা যায় এই ব্যবস্থার অনুদান প্রদান ত্বরা হইবে। তবে নিয়মিতভাবে বেতন দিতে হইলে ছাত্রছাত্রীদের কাছ হইতেও নিয়মিত বেতন আদ করা প্রয়োজন। এ সম্বন্ধে পরিচালক সমিতিকেও সচেষ্ট হইতে হইবে।

[1-20—1-30 p.m.]

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যেগুলি আন-এডেড স্কুল আ ম্যানেজমেণ্ট কমিটির পরিচালনায় সেই সব স্কুলগুলির পুরো বেতন দেওয়ার দায়িত্ব ম্যানেজমে কমিটির। কিন্তু এখানে কি সরকারের কিছু করবার নেই ? যদি ম্যানেজমেণ্ট কমিটি না তাহলে এখানে এমপ্লয়মেণ্ট দেবার নামে একসপ্লয়টেশন করা হচ্ছে না ? এবং পশ্চিম বাংল শিক্ষিত যুবকদের, এডুকেটেড ইয়ুথদের, মাষ্টারী দেবার নাম করে, এমপ্লয়মেণ্ট দেবার নাম ক এক্সপ্লয়েট করা হচ্ছে তাতে সরকার বাহাদুরের কি কিছু করার নেই ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এটা শ্রম বিভাগকেই জানালে ভাল হয়।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** এটা শিক্ষা বিভাগের সঙ্গে জড়িত তাই মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা কর চাই যে, এই সব স্কুলগুলিতে এমপ্লয়মেণ্টের নামে এক্সপ্লয়টেশন চলছে এবং এই সুযোগ নিচ্ছে এই স্কুলগুলিকে এডেড করে সেখানকার শিক্ষকশিক্ষিকাদের এই রকম এক্সপ্লয়টেশনের হাত থে রক্ষা করবার জন্য আপনার কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এই স্কুলগুলি সাহায্য প্রার্থনা করলে বিবেচনা করতে পারি।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** সাহায্য প্রার্থনা করা হয়েছে। আমি জানি অনেক জায়গায় প্রার্থ না মঞ্জুর করা হয়েছে। এই বিষয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, এই ভিত্তিতে সাহায্য মঞ্জুর করবে কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এই ভিত্তিতে সময় লাগবে। সাহায্য পেতে হলে যোগ্যতা থাকা চাই।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** এই যে এখানে ৬ হাজার টাকা থেকে ২৫ হাজার টাকা পর্যন্ত লাম্ গ্রাণ্ট দেওয়া হচ্ছে, এই বিরাট ফারাকের কারণ কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এটা একটু সময় লাগবে।

**শ্রীতুহিন কুমার সামন্ত ঃ** আগামী আর্থিক বছরে যে সমস্ত স্কুলগুলি সাহায্যের জন্য আবেদন করেছে, সেই উচ্চ মাধ্যমিক স্কুলের সংখ্যা কত ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এটা বলতে সময় লাগবে।

**শ্রীতুহিন কুমার সামন্ত ঃ** যে সমস্ত স্কুল সাহায্যের জন্য আবেদন করেছে এবং যাদের আবেদন গত ৫।৬ বছর ধরে পড়ে আছে তাদের সংখ্যা কত হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** আমি ইতিমধ্যেই আপনাদের সামনে সংখ্যা রেখেছি; সাহায্য পাচ্ছে না এরকম বিদ্যালয়ের সংখ্যা মাত্র ২৭২টি। কাজে কাজেই দেখা যাচ্ছে বেশীরভাগ স্কুলই সাহায্য পাচ্ছে।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** গত নভেম্বর মাসে একটা সর্কুলার দেওয়া হয়েছে, যে কোন স্কুলকে রিকগনিসন দেওয়া হবে না এবং তারজন্য কোন ইন্সপেকসন হবে না। আমি জানতে চাই এরকম ধরনের কোন সার্কুলার এডুকেশন ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** কোন মাসে দেওয়া হয়েছে আমি বলতে পারি না, তবে হয়েছে এ খবর জানি। এর কারণ হচ্ছে স্কুলগুলি বাড়ছে অবৈজ্ঞানিকভাবে। যেখানে প্রয়োজন আছে অনেক ক্ষেত্রে সেখানে স্কুল হয়নি, আবার অনেক জায়গায় প্রয়োজনের চেয়ে স্কুল বেশী হয়েছে। তা হলেও সম্প্রতি আমি অর্ডার দিয়েছি এটি সংশোধন করবার জন্য।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** এই স্কুলগুলি অনেকদিন ধরে চলছে এবং এই সমস্ত স্কুলের ছাত্রছাত্রীরা পরীক্ষা দেবে, এই রকম অবস্থায় এই রকম সর্কুলার যাবার জন্য কোন রকম ইন্সপেক্‌শন হবে না, কাজেই এই সমস্ত স্কুলগুলি সম্পর্কে কি হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এইগুলি বিবেচনা করছি, অনুসন্ধান আরম্ভ করেছি।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী ঃ** সাহায্যবিহীন বিদ্যালয়গুলিকে সরকার ঘাটতিভিত্তিক বিদ্যালয় হিসাবে গ্রহণ করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন, সেই পরিকল্পনা কার্যকরী করতে কত দিন লাগবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** কিছু সময় লাগবে, সাহায্য চাইলেই পাওয়া যায় না, যোগ্যতা থাকা চাই।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ** আমার কথা হচ্ছে সরকার ঘোষণা করেছেন এখন থেকে যতগুলি বিদ্যালয় হবে তার সমস্ত ফাইনান্‌শিয়াল দায়িত্ব সরকার গ্রহণ করবে এবং যতগুলি বিদ্যালয় হয়েছে তারা ঘাটতিভিত্তিক সাহায্য পাবে, এখানে আবেদন করেছে কি করেনি, সে প্রশ্ন নয়, যে ঘোষণা মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় করেছেন, সেটা ১লা মে থেকে কার্যকরী করার কথা ছিল, আমি জিজ্ঞাসা করছি, ঘাটতিভিত্তিক সাহায্য দেওয়া ১লা মে থেকে কার্যকরী করা সম্ভব হবে কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এ সম্বন্ধে মুখ্যমন্ত্রিমহাশয় যা বলেছেন তা ঠিক, আমরা টাকা পাবার চেষ্টা করছি, টাকা পেলে নিশ্চই চেষ্টা করব।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** সমস্ত রিকগ্‌নিশন বন্ধ থাকায় ইন্সপেক্‌শন হচ্ছে না। এই যে সার্কুলার দিয়েছেন নভেম্বর মাসে সেটা উইথড্র করার কথা সরকার চিন্তা করছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** বিবেচনা করছি, বল্লাম তো।

**Mr. Speaker :** Starred question No. 137 is held over.

## Loss in State Transport Corporations

*138. (Admitted question No. *284.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be please to state –

(a) if it is a fact that the Government is sustaining heavy financial loss in almost every undertaking of the Home (Transport) Department ;

(b) if so, the extent of loss sustained by the Government for the last three years in the following :

(i) West Bengal State Transport Corporation,

(ii) North Bengal State Transport Corporation,

(iii) Durgapur State Transport Corporation.

(c) the reasons for such loss ; and

(d) the steps Government proposes to minimise such losses ?

**Shri Gyan Singh Sohanpal :** (a) Yes.

(b) (i) Perhaps the C. S. T. C. is meant in which the losses are :

Rs. 366.58 lakhs in 1969-70

Rs. 412.07 lakhs in 1970-71

Rs. 467.81 lakhs in 1971-72.

(ii) Rs. 33.27 lakhs in 1969-70

Rs: 48.99 lakhs in 1970-71

Rs. 40.08 lakhs in 1971-72 (estimated).

(iii) Rs. 29.28 lakhs in 1969-70

Rs. 43.95 lakhs in 1970-71

Rs. 56.53 lakhs in 1971-72 (estimated).

(c) and (d) Statements showing reasons for such losses are laid on the table.

### Statement referred to in starred question No. 138 (c) and (d)

STATEMENT A

**(c) Reasons for loss in Calcutta State Transport Corporations—**

(i) Absolute indiscipline and wilful negligence amongst the staff at lower levels since 1967.

(ii) Contineous rise in cost and expenditure on account of establishment, add. dearness allowances, higher rates of taxes, introduction of Octroi, higher railway freight charges and higher rate of contribution of employer's share to contributory Provident Fund.

(iii) Lowest fare structure in India.

(iv) In ordinate delay in replacement of old buses. Effective fleet strength has come down to 50 per cent.

(v) Long delay in the clearance from Government of India of foreign exchange to import spare parts.

**(d) Proposed measures for improvement—**

(i) Rehabilitation of the fleet by replacing unserviceable vehicle so that normal outshedding of 750 buses per day per shift can be achieved by 31-3-74. For the purpose CSTC have proposed to adopt an accelerated programme for 1972-73 and 1973-74 at a total estimated cost of about Rs. 800 lakhs. M/s. Ashok Leyland Co., Madras has been requested to supply 160 doubled-decker bus chassis during the year 1972-73.

(ii) More long distance bus services will be opened.

STATEMENT B

**(c) Reasons for loss in North Bengal State Transport Corporation :**

(i) Increase in establishment cost due to revision of pay-scales in 1966-67 and due to political interference in the affairs of the Corporation. Checking on the routes was not possible due to the stand taken by the CPM dominated Union.

(ii) A large proportion of over-age vehicles. 80 buses out of the total fleet of 236 need replacement.

(iii) Fare structure has remained unchanged since 1952.

(iv) Rise in cost an expenditure on account of :—

(a) Establishment,

(b) Addl. Dearness Allowance,

(c) Rise in the prices of fuel, tyres, lubricant and spares,

(d) Higher rates of taxes,

(e) Introduction of Octroi,

(f) Higher railway freight charges,

(g) Higher rate of contribution of employers' share to Contributory Provident Fund.

(v) Floods and border tention during 1971.

(d)(i) Opening of more long-distance express services which are more remunerative.

(ii) Addition of more buses and trucks to the fleet. An IDBI loan of Rs. 20 lakhs is being obtained by NBSTC this year for the purchase of 28

bus chassis. Attempts are also being made to obtain a furthe IDBI loan of Rs. 50 lakhs for acquisition of another 68 bus chassis and 8 truck chassis.

(iii) Intensive checking operations by surprise squads and vigilance squads.

(iv) Modernisatian of all the workshops at Cooch Behar, Siliguri, Raniganj and Malda.

STATEMENT C

**(c) Reasons for loss in Durgapur State Transport Borad :**

(i) Strikes and bandhs, law and order position and general labour unrest in Durgapur area have contributed to a fall of revenue.

(ii) Absolute indiscipline and wilful negligence amongst the staff at lower levels since 1967.

(iii) Cost of operation viz., establishment, P.O.L., spare parts have risen due to factors beyond the central of D.S.T.B.

(iv) Shortage of vehicles has led to a failure to run all the scheduled services. Out of 112 buses as many as 60 buses (including 25 condemned buses) require replacement immediately. Thus D.S.T.B. has been carrying on with a large proportion of uneconomic units and the resultant idle labour.

(d) Government proposes the following steps :—

(i) addition of new buses to the fleet,

(ii) Repairs and overhauling of buses,

(iii) Checking operations,

(iv) Re-organisation of garage and stores of D..S.T.B.

[1-30—1-40 p.m.]

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ১৯৬০-৬১ সাল থেকে আরম্ভ হয়েছে এবং ১৯৬৬-৬৭ সালে দেখেছি এখানে লাভ হয়েছে। তারপর ইউ. এফ. গভর্ণমেণ্ট আসার পর দেখলাম এখানে ক্ষতি হয়েছে। এ সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** ১৯৬৬-৬৭ সাল থেকে লস হয়েছে এবং তার—

reasons (1) inorease in establishment cost due to revision of pay scales in 1966-67 and due to political interference in the affairs of the Corporation. Checking on the routes was not possible due to the stand taken by the CPM dominated Union.

(2) A large proportion of overage vehicles. 80 buses out of the total 236 buses needs replacement.

(3) Fare struoture has remainod unchanged since 1952.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ঘাটতি পুরণের জন্য সরকারের কাছে যে স্কীম পাঠান হয়েছিল সেটা কতদিনের মধ্যে সরকার কার্যকরী করবেন জানাবেন কি?

**Mr. Speaker :** This supplementary does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রিমহাশয় ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসন, নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসন এবং দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসন—এর কথা বললেন। আমরা জানি মানুষ লাভের আশাতেই ব্যবসা করে, কিন্তু এখানে দেখছি ক্ষতির অঙ্ক বেড়েই যাচ্ছে। আমি জানতে চাই এই ক্ষতি যাতে না হয় তারজন্য কোন ব্যবস্থা অবলম্বন করছেন কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** এখন কমতে আরম্ভ করেছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ক্ষতি হচ্ছে সেটা রোধ করবার জন্য সারপ্রাইজড্ ভিজিট, চেকিং, ভিজিলেন্স ইত্যাদির ব্যবস্থা করছেন কি না ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** সব রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মন্ত্রিমহাশয় বললেন দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ঘাটতি পুরণের জন্য যে স্কীম পাঠান হয়েছে সেই প্রশ্ন এখানে আসে না। আমি জানতে চাই এই ঘাটতি পুরণের জন্য সরকারের পক্ষ থেকে মন্ত্রিমহাশয় কি চিন্তা করছেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, যেমন—

Addition of few buses to the fleet, repair and overhauling of the buses, checking operations, reorganisations of garage and stores of Durgapur State Transport Board.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন সেই কার্যকরী ব্যবস্থা দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে কেন গ্রহণ করা হয় নি সেটা জানাবেন কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** সেটা দেখা হচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** উনি বললেন এটা দেখবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রিমহাশয় অনেক ক্ষতির অঙ্ক দেখালেন এবং আমরা যে দিকেই তাকাচ্ছি সেই দিকেই দেখছি ক্ষতি। আমি জানতে চাই এর জন্য যে সমস্ত সরকারী কর্মচারী দায়ী তাঁদের প্রকৃত সাজা দেবার জন্য বা তাঁদের বরখাস্ত করবার জন্য ব্যবস্থা করছেন কি না ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** গভর্ণমেণ্ট এখন পর্যন্ত এরকম কোন কনক্লুসনে আসেনি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আপনি কি বললেন যে, সরকার কোন কনক্লুসনে আসেনি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** এমপ্লয়ীরা দায়ী কিনা আমি সেই কনক্লুসনের কথা বলেছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এই বিষয় তদন্ত করে দেখে এই ক্ষতির জন্য যে সমস্ত অফিসাররা দায়ী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছেন কি না ?

**Shri Gyan Singh Sohonpal :** I have stated that there are various factors which have contributed this loss and necessary steps are being taken to improve the position.

**শ্রীঅশ্বিনী রায় ঃ** এই ব্যবস্থাপনার জন্য—এই re-organisation of the Durgapur State Transport. What is that re-organisation he has thought for ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল :** ইট ইজ এ ম্যাটার অব ডিটেলস্, নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীরজনীকান্ত দলুই :** দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ইউনিয়ন সি. পি. এম. পরিচালিত ইউনিয়ন এবং তারা ঐ পার্টি এমপ্লয়ীদের মধ্যে ইনডিসিপ্লিন আনবার চেষ্টা করছে এবং ষ্ট্রাইক করে লস করিয়ে দেবার চেষ্টা চলছে, এই এসোশিয়েশন সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি চিন্তা করছেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল :** আগে ছিল সি. পি. এম. ডমিনেটেড, এখন অনেক পরিবর্তন হয়েছে।

## গৃহনির্মাণ সাহায্য

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১।) **শ্রীআফতাবউদ্দিন মণ্ডল :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার আমতা ১নং ব্লকে বিগত বন্যায় গৃহহারাদের গৃহনির্মাণ সাহায্য বাবদ কোন অর্থ মঞ্জুর করা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, কত টাকা দেওয়া হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় :**

(ক) হ্যাঁ।

(খ) গৃহনির্মাণ বাবদ অনুদান (Grant) দেওয়া হয়েছে মোট ৮৮,৫১০টাকা।

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল :** মন্ত্রিমহাশয় কি জানাবেন এখনও যেসমস্ত দরখাস্ত তদন্ত না হয়ে পড়ে রয়েছে বি. ডি. ও অফিসে, সেইসমস্ত দরখাস্তগুলোর টাকা কি দেওয়া হবে ?

**শ্রীসন্তোষকুমার রায় :** ইতিপূর্বে আমি একটা প্রশ্নের জবাবে জানিয়েছিলাম যে আমরা গৃহনির্মাণের অনুদানের জন্য যে টাকা কেন্দ্রের কাছ থেকে পেয়েছি, সেটা সম্পূর্ণ বিতরণ হয়ে গেছে। অতিরিক্ত অনুদানের জন্য মুখ্যমন্ত্রী কেন্দ্রের সঙ্গে লেখালেখি করছেন এবং অতিরিক্ত অনুদান না পেলে বন্যাবিধ্বস্ত অঞ্চলে গৃহনির্মাণ বাবদ কিছু দেওয়া যাবে না।

## আসানসোলে রবীন্দ্রভবন

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলের রবীন্দ্রভবনের নির্মাণকার্য বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) কবে নাগাদ উক্ত ভবনের নির্মাণকার্য শেষ হওয়ার কথা ছিল; এবং

(গ) সরকার উক্ত রবীন্দ্রভবনের নির্মাণকার্য ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**Mr. Speaker :** The question is held over.

## রাধা কেমিক্যাল-এ সরকারী সাহায্য

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৫।) **শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য্য :** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাধা কেমিক্যাল-এ সরকার কোন সাহায্য দিয়েছেন কিনা,

(খ) দিয়া থাকিলে—

(১) তাহার পরিমাণ কত;

(২) কি শর্তে ঐ টাকা দেওয়া হইয়াছিল; এবং

(৩) ঐ শর্ত প্রতিপালিত হইতেছে কিনা ;

(গ) ঐ কারখানা সম্প্রসারণের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(ঘ) ঐ কারখানায় শ্রমিক-মালিক বিরোধের কোন কথা সরকার অবগত আছেন কিনা ?

**শ্রীসন্তোকুমার রায়ঃ**

(ক) হ্যাঁ;

(খ) (১) ৪লক্ষ টাকা;

(২) ৪½ পারসেণ্ট হারে ৮টি সমান বার্ষিক কিস্তিতে সুদেমূলে উক্ত ঋণ পরিশোধ করিবার এবং ২৫০জন উদ্বাস্তুকে চাকুরী দেওয়ার শর্ত হইয়াছিল, এবং

(৩) বহুলাংশে প্রতিপালিত হইয়াছে এবং হইতেছে ;

(গ) না;

(ঘ) না।

## উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার কেন্দ্রীয় কারখানা

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২।) **শ্রীমধুসূদন রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক কোচবিহারে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ বিভাগের কেন্দ্রীয় কারখানা স্থাপনের কোন পরিকল্পনা আছে কি, এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা স্থাপিত হইবে ?

[1-40—1-50 p.m.]

**Shri Gyan Singh Sohanpal: (a)** Yes.

(b) At present it cannot be stated.

## হাই মাদ্রাসা ফাইন্যাল পরীক্ষা

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৩।) **শ্রীহবিবুর রহমানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্কুল ফাইনাল এবং হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষার মান একই কি না ;

(খ) মান এক হইলে, উক্ত পরীক্ষাদ্বয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষা প্রাপ্তির এবং চাকুরির ক্ষেত্রে কোন বৈষম্য আছে কি না ; এবং

(গ) থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ**

(ক) হ্যাঁ, উক্ত পরীক্ষা দুইটির মান একই।

(খ) না, উক্ত পরীক্ষাদ্বয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষা প্রাপ্তির এবং চাকুরীর ক্ষেত্রে

কোন বৈষম্য নাই। তবে, যতদূর জানা যায়, হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পি.ইউ পরীক্ষা দিবার অনুমতি পায় না।

(গ হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী যাহাতে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পি.ইউ পরীক্ষা দিতে পারে তাহার জন্য বিশ্ববিদ্যালয় সমূহের প্রয়োজনীয় অনুমতির জন্য মাদ্রাসা বোর্ড সচেষ্ট হইতে পারেন।

**শ্রীহবিবুর রহমান**ঃ এই যে হাই মাদ্রাসা উত্তীর্ণ ছাত্ররা প্রাইভেট পি.ইউ পরীক্ষা দিতে পারে না, এই সম্পর্কে সরকার কি চিন্তা করছেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ আমাদের কাছে সমস্যাটি রাখলে আমরা চেষ্টা করতে পারি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ এই মাদ্রাসা বোর্ড কি পশ্চিমবঙ্গ সরকারের অধীনে, না, বাইরে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ তবে পশ্চিমবঙ্গের মধ্যে এটা বলতে পারি।

**শ্রীআবদুলবারি বিশ্বাস**ঃ এই মাদ্রাসা বোর্ড যদি পশ্চিমবঙ্গের মধ্যে হয়, তাহলে আশাকরি এটা Education Directorate-এর আওতারে। এই যে হাই মাদ্রাসার উত্তীর্ণ ছাত্ররা প্রাইভেট পি. ইউ পরীক্ষা দিতে পারে না, যাতে তারা এই পরীক্ষা দিতে পারে—মাদ্রাসা বোর্ড এই ক্ষমতা পায় তারজন্য কি আপনি কোন ব্যবস্থা করবেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ মাদ্রাসা বোর্ডকে সচেষ্ট হতে বলবেন, আমরা সাহায্য করবো।

## Incidents in different jails

*144. (Admitted question No. *424.) **Shri Kumar Dipti Sen Gupta**: Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state what steps the Government propose to take or have already taken to prevent recurrence of the unfortunate incidents in different jails culminating in loss of many lives of Naxalite prisoners?

**Shri Gyan Singh Sohanpal:** A statement is laid on the Table

Statement showing the steps the Government have already taken and proposed to take to prevent recurrence of unfortunate incidents in different jails culminating in loss of lives of Naxalite prisoners:

(1) Guarding staff have been instructed to restrain themselves and to use minimum force to subdue the riotous prisoners An intensive training programme of warders is also under the consideration of the Government.

(2) Overcrowding in jails is being thinned out

(3) The weak points in the existing jails structures have already been rectified from security points of view. The perimeter walls in some of the jails are also been raised.

(4) Lighting arrangements, both inside and along the perimeter walls have been improved.

(5) Departmental actions have been initiated against the officers and staff who were found to have committed excesses in tackling such incidents and also for their other lapses.

(6) The strength of Jail Warders is being augmented.

**Shri Kumar Dipti Sen Gupta**: Will the Hon'ble Minister be pleased to state whether till to-day has any action been taken against any delinquent warder or official?

**Shri Gyan Singh Sohanpal** : Departmental actions have been initiated.

**Shri Kumar Dipti Sen Gupta** : Whether aotually any action has been taken?

**Mr. Speaker :** The Hon'ble Minister has replied that action has not been taken but it has been initiated.

**Shri Kumar Dipti Sen Gupta :** Will the Hon'ble Minister be pleased to inform whether he is aware about the involvement of the 12 July Committee and Co-ordination Committee in the matter of infiltration to Jail Warders' Union and causing assault to the unfortunate victims ?

**Shri Gyan Singh Sohanpal :** There is nothing on record.

**Shri Kumar Dipti Sen Gupta** : Will the Hon'ble Minister be pleased to inform whether he is prepared to give some power to the Jail Committee which exists in every jail so that they may recommend steps to the Hon'ble Minister in suitable matters regarding violence inside the Jails ?

**শ্রীজ্ঞান সিং সোহানপাল ঃ** অনারেবল মেম্বারের যদি কোন স্পেসিফিক সাজেসন থাকে, তা দিলে আমি দেখব। এখন এ বিষয়ে কোন চিন্তা করছি না।

## অপসারিত প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের পুনর্বহাল

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৮।) **শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত যুক্তফ্রন্ট শাসনের আমলে যেসমস্ত প্রধান শিক্ষক ও প্রধানা শিক্ষিকা বলপূর্বক অপসারিত হয়েছিলেন এরূপ কয়জন শিক্ষক-শিক্ষিকার বিষয় সরকারের গোচরে এসেছে ;

(খ) তাহাদের মধ্যে এ পর্যন্ত কতজন নিজ নিজ কর্মক্ষেত্রে ও পদে পুনবহাল হয়েছেন ;

(গ) সরকার কি অবগত আছেন, মধ্যশিক্ষা পর্ষদের ও মহামান্য হাইকোর্টের নির্দেশ পেয়েও অনেকে কার্যে যোগদান করতে পারছেন না , এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**Mr. Speaker** : Starred Question No. 145 is held over.

## বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের বেতন মকুব

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৯।) **ডাঃ মহঃ এক্রামুল হক বিশ্বাস ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিগত বন্যায় ছাত্রছাত্রীদের বেতন বাবদ কত টাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) ঐ জেলার বন্যায় বিধ্বস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির মেরামত ও পুনর্নির্মাণের জন্য এ পর্যন্ত মোট কত টাকা মঞ্জুর করা হয়েছে ?

**Mr. Speaker :** Starred Question No. 146 is held over because the reply has not been received.

**শ্রীপুরঞ্জয় পরামানিক ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, প্রশ্নের ১২ দিন পরে জবাব আসে, তারপর যদি হেল্ড ওভার হয় তাহলে আমরা জবাবই পাব না। সেইজন্য আমি স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এর সুব্যবস্থা হয়।

**Mr. Speaker :** I can draw the attention of the Hon'ble Minister in this matter. Hon'ble Minister, Shri Mrityunjoy Banerjee, will look into the matter definitely and he may assure the House that at the next time the question will not be held over.

## কর্মচারী নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০০।) **শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ** তপশিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২০শে মার্চ, ১৯৭২ তারিখে এই মন্ত্রিসভা আসীন হওয়ার পর হইতে ১০ই এপ্রিল, ১৯৭২ পর্যন্ত সরকারের কোন্ বিভাগে কতজন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে ;

(খ) ইহার মধ্যে তপশিলীভুক্ত কয়জন এবং উপজাতি সম্প্রদায় কয়জন আছেন ;

(গ) সরকার পরিচালিত শিল্পসংস্থাগুলিতে নূতন কর্মচারী নিয়োগের সময় তপশিলী ও উপজাতি সম্প্রদায়ের লোকেদের নিয়োগ করার জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কিনা ; এবং

(ঘ) কর্মচারী পদোন্নতির সময় তপশিলী ও উপজাতি সম্প্রদায়ের লোকেদের অগ্রাধিকার দেওয়া হয় কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** (ক) ও (খ) এই তথ্য সংগ্রহ করা সময় সাপেক্ষ। সংশ্লিষ্ট সকলের নিকট তথ্য চাওয়া হইয়াছে কিন্তু অধিকাংশের নিকট হইতে এখনও কোন তথ্য পাওয়া যায় নাই।

(গ) হঁ্যা।

(ঘ) মেরিট ও সিনিয়রিটি-এর উপর পদোন্নতি নির্ভর করে।

**Mr. Speaker :** I think the Hon'ble Minister is not ready with the complete answer. He has said that he has not been able to acquire all the information. In view of the fact that he is not ready with the complete answer, I think, the question should be held over and should be ready by the next rotational day with the complete answer.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, এই প্রশ্নটা হেল্ড ওভার করে রাখা হচ্ছে, কিন্তু এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। এইটা হয়ত নেক্স্ট সেসানে নাও থাকতে পারে, তাই আমি চাইছিলাম যে এইটা যাতে এই সেসানেই দেওয়া হয়।

**Mr. Speaker :** May I request the Hon'ble Minister-in-charge and can he be ready with the complete answer within a few days, i.e., in this Session on the next rotational day when the question would come before the House, as the Members are insisting on it ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইটা বিভিন্ন দপ্তর থেকে সংগ্রহ করা হয়, খালি আমাদের দ্বারা এইটা করা যায় না। সুতরাং এইটা করতে সময়ের দরকার।

**Mr. Speaker :** The next rotational day is on 2nd May, 1972, i.e., on next Tuesday. I think, the Hon'ble Minister will be ready with the answer by the next Tuesday.

## অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষাব্যবস্থা

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত গণতান্ত্রিক কোয়ালিশন সরকার অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন,

(খ) সত্য হইলে, এই ব্যবস্থা চালু করিবার কোনরূপ ব্যবস্থা হইয়াছে কিনা, এবং

(গ) না হইয়া থাকিলে, উহার কারণ কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করার কথা বিগত সরকার ঘোষণা করেছিলেন। এটা না বলার কারণ কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** ঘোষণা করেন নি। তাই বলেছি।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোরচার যে ১৭ দফা কর্মসূচী ছিল তার মধ্যে এই ধরনের প্রতিশ্রুতি আছে আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে কত দিনের মধ্যে এই মন্ত্রিসভা এই বিষয়ে সুনির্দিষ্টভাবে ঘোষণা করতে পারেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এ ব্যাপারটি টাকার সঙ্গে জড়িত। টাকা পাওয়া গেলে নিশ্চয় করা হবে। আমরা চেষ্টা করছি টাকা পাবার।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আপনি ব্যক্তিগতভাবে চিন্তা করছেন কি না যে এটা প্রয়োজন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** নিশ্চয় প্রয়োজন।

## কাঁথি-রসুলপুর রুটে অনিয়মিত বাস চলাচল

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, কাঁথি-রসুলপুর রুটে অনেকগুলি বাস পারমিট থাকা সত্ত্বেও চলাচল করে না এবং ঐ জন্য প্রায় প্রতিদিন যাত্রীগণকে অশেষ নির্যাতন ভোগ করিতে হয়;

(খ) ইহা কি সত্য যে—

(১) বিক্ষুব্ধ যাত্রীগণ বহুবার এস. ডি. ও. অফিসে বিক্ষোভ প্রকাশ করা সত্ত্বেও প্রতিকারের কোন ব্যবস্থা এ পর্যন্ত হয় নাই; এবং

(২) এই সমস্যা সমাধানের জন্য কাঁথি বাস অ্যাসোসিয়েশন কাঁথি-বেলদা রুটের কয়েকখানি বাসকে রসুলপুর পর্যন্ত চলাচলের অধিকার দেওয়ার সুপারিশ ও প্রস্তাব কয়েক মাস পূর্বে দেওয়া সত্ত্বেও কোন ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করা হয় নাই; এবং

(গ) বাসযাত্রীগণকে এই দুর্ভোগের হাত হইতে রক্ষা করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

[ 1-50 – 2-00 p.m. ]

**Shri Gyan Singh Sohanpal** :

(a) At present, six buses under permanent permits ply on 'Contai-Rasulp route according to a rotational time-table. But because of deplora condition of the road and scarcity of tyres it is often impossible the bus-owners to adhere to the time-table in plying buses and t results in sufferings for the travelling public.

(b) (i) Because of emergency and General Elections, R. T. A., Midnapo could not hold its meetings regularly and that has caused delay solution of the problem.

(ii) As stated above, the above proposal could not be put into eff because of non-holding of regular meeting of the R. T. A., Midn pore. The proposal will be considered in the next meeting.

(c) It has been resolved in the last meeting of the R. T. A., Midnapore, issue four temporary permits on Contai-Rasulpur route. Moreover, it is found feasible to implement the proposal of extension of buses 'Contai-Belda' route up to Rasulpur, immediate solution of the proble may be expected.

**শ্রীসুধীর চন্দ্র দাস** ঃ মেদনীপুর আর. টি. এ. ভেঙ্গে দিযে তাড়াতাড়ি তা পুনর্গঠন ব হচ্ছে কি না ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল** ঃ সেরকম এ্যানাউন্সমেণ্ট নাই।

**শ্রীসুধীর চন্দ্র দাস** ঃ টায়ারের অভাবের কথা বলেছেন—তার কারণ কি বললেন না ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল** ঃ এটা ফুড এণ্ড সাপ্লাইজ ডিপার্টমেণ্ট ডিল করেন—ওঁরা ব্যাপারটা বলতে পারেন।

**শ্রীসুধীর চন্দ্র দাস** ঃ মেদিনীপুর আর. টি. এ. ঠিকমত ফাংসান করছেন কি না ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল** ঃ এখনও ডিসলভড হয় নি। রিকন্সষ্টিটিউট হবে ডিসি নেওয়া হয়েছে।

**শ্রীসুধীর চন্দ্র দাস** ঃ সরকারের কি ইচ্ছা রয়েছে এ ব্যাপারে, এটাকে কি ডিসল করে দেওয়া হবে ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল** ঃ গভর্ণমেণ্টের ইনটেনসন আগেই বলে দেওয়া হয়েছে।

**শ্রীকানাই ভৌমিক** ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, tyre-এর ব্যাপারে তি বারবার বলছেন এটা Supplies Department জানেন। মন্ত্রিমহাশয়ের তরফ থেকে Food an Supply Department-এর কাছ থেকে এ বিষয়ে জানাবার চেষ্টা হয়েছে কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল** ঃ নোটিশ দিলে জেনে বলতে পারবো।

**শ্রীকানাই ভৌমিক** ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, আমার প্রশ্ন হচ্ছে transport মন্ত্রীর দপ্তর থে Supply বিভাগে কেন এইরকম tyre-এর সঙ্কট তা জানবার কোন চেষ্টা হয়েছে কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল** ঃ সেটাতো সবসময়ই লেখালেখি হচ্ছে।

**শ্রীকানাই ভৌমিক :** মন্ত্রিমহাশয় কি বলবেন তা থেকে কি জানা গেল, tyre সঙ্কট কেন, সেটা সম্পর্কে আপনি কি বলছেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল :** সেইরকম কোন report আসে নি।

**শ্রীকানাই ভৌমিক :** আপনি কি লিখিতভাবে কিছু জানতে চেয়েছিলেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল :** এসব departmentally লিখিতভাবেই হয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** কথা হচ্ছে আমরা মনে ভাবতাম খাবার-দাবার বোধ হয় ওখান থেকে সরবরাহ করা হয়। এটা জানা ছিল না, আজকে নূতন করে জানা গেল যে খাবার-দাবারের ওখান থেকে tyre, tubeও সরবরাহ হয়। তা আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, এই যে tyre, tube এগুলি যা আপনারা ব্যবস্থা করবেন, এগুলি কি আপনারা modified ration বা statutory ration দোকান থেকে দেবেন, না এর জন্য অন্য কোন সংস্থা আছে ; সেখান থেকে দেবেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল :** এই প্রশ্ন Food Ministerকে করুন, তিনি বলতে পারবেন।

**Shri Saroj Roy :** On a point of order, Sir.

**Mr. Speaker :** There is no point of order in respect of any question. I appreciate that members are trying to elicit some facts from the Minister regarding tyres and tubes and whether the Transport Department has really entrusted the supply of these articles to the Food and Supplies Department. If the Hon'ble Minister is posted with the facts, I will request him, in view of the fact that members are very much interested to know the details, to give a clear picture of the state of affairs. If he is not posted with all the facts today, I will request him to give the statement on another day.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, on a point of order, আপনার বোধ হয় নিশ্চয়ই মনে আছে যে, আপনি নিজে একদিন আমাদের তরফ থেকে বলেছিলেন, এসব প্রশ্ন আমাদের দপ্তরে দিতে ভুল হয়ে গেছে। কিন্তু আপনি আমাদের details বলেছিলেন। কিন্তু তাও দেখছি আমরা তা পাচ্ছি না। এখন tyre-tube নিয়ে পড়ে গেছি, চাল ডালের ওখানে। এই অবস্থা খুব শোচনীয় দেখছি, তাহলে আমরা পাবো কি করে বা জানবো কোথা থেকে ?

**Mr. Speaker :** In view of the fact that many honourable Members are expressing their anxieties in this matter I have requested the Minister to give a statement subsequently being fully prepared on the subject, and I think the Minister is agreeable to give a statement on the subject on another day.

## Agreement with the Calcutta Tramways Company

*150. (Admitted question No. *317.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) when the tenure of the contract with Calcutta Tramways Company is to terminate ;

(b) what the Government propose to do for the future ; and

(c) if the Government is contemplating to negotiate with the Company for extension of the period of contract ?

**Shri Gyan Singh Sohonpel :** (i) The State Government have no contract with the Calcutta Tramways Company Limited, regarding management of the undertaking. There is however an agreement with the Company regarding purchase of the undertaking. This agreement will continue to be in force since there is no date of termination in the agreement.

(ii) and (iii) Does not arise.

**শ্রীরজনী কান্ত দলুই:** মাননীয় মন্ত্রিমহাশয়, Calcutta Tramways Company কেনবার জন্য একটা প্রচেষ্টা হয়েছিল এবং একটা tabulous amount-এর মধ্যে ছিল, সেটা কত বলবেন ?

**Shri Gyan Singh Sohonpal**: In the agreement the purchase price is £ 37,50,000.

**শ্রীরজনী কান্ত দলুই:** আমার কথা হচ্ছে, Tramways Company যেটা চলছে, যার সঙ্গে agreement হয়েছিল। দেখা যাচ্ছে একটা fabulous amount যা agreement-এর মধ্যে ছিল। আমার মন্ত্রিমহাশয়ের কাছে বক্তব্য যে গভর্ণমেণ্ট কি চিন্তা করছেন Tramways Company কেনা হবে, এবং তাদের সঙ্গে lower rate-এ কেনা হবে এবং আমাদের terms and conditions থাকবে। এইরকম চিন্তা করছেন কি না ?

**Mr. Speaker :** The question is not very clear and it does not arise.

## রাণাঘাটে রবীন্দ্রভবন

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাটের রবীন্দ্রভবনের জন্য কত টাকা ব্যয় হইয়াছিল ;

(খ) উক্ত ভবনের নির্মাণকার্য কোন্ সময়ে আরম্ভ হইয়া কোন্ সময়ে শেষ হইয়াছিল, এবং

(গ) বর্তমানে এই ভবনটি কি অবস্থায় আছে ?

## বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেনিং

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) **শ্রীকাশীনাথ মিশ্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ৩১শে মার্চ, ১৯৭২ তারিখে কয়টি বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেনিং কলেজ আছে ;

(খ) ৩১শে মার্চ, ১৯৭২ পর্যন্ত কয় ব্যক্তি বেসিক এবং প্রাইমারী ট্রেনিং পাশ করিয়াছেন ;

(গ) বর্তমানে কয়জন শিক্ষক উক্ত ট্রেনিং লইতেছেন ; এবং

(ঘ) উক্ত ট্রেনিংপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে এ পর্যন্ত কয়জনের চাকুরী হইয়াছে ?

## জঙ্গীপুর মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয়

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪।) **শ্রীহবিবুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় বর্তমানে মোট কয়টি প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে ;

(খ বিগত বন্যায় উক্ত বিদ্যালয়গুলির মধ্যে কয়টি ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত হয়েছে ; এবং

(গ) ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত বিদ্যালয়ের কতগুলিকে মেরামত ও পুনর্নির্মাণের জন্য এ পর্যন্ত কত টাকা সাহায্য দেওয়া হয়েছে ?

**Mr. Speaker** : Starred question Nos. *151, 152 and 153 are held over.

## চাষী ও শ্রমিকদের ছেলেমেয়েদের বিনা বেতনে পড়ার সুযোগ

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬।) **শ্রীমহম্মদ দেদার বক্স :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কর্মচারী ও বিদ্যালয়ের শিক্ষকদের ছেলেমেয়েরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত বিনা বেতনে যেমন শিক্ষার সুযোগ পায় তেমনি চাষীর ও শ্রমিকদের ছেলেমেয়েদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়ার সুযোগদানের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কি এবং কবে নাগাদ ঐ পরিকল্পনার কাজ চালু হইবে ?

[ 2-00—2-10 p.m. ]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) সরকারী কর্মচারীদের ক্ষেত্রে মাসিক বেতন অনূর্ধ ৫০০ টাকা হইলে একটি মাত্র সন্তানের জন্য উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত বিনা বেতনে শিক্ষার সুযোগ দেওয়া হয়। সন্তান-সন্ততির ক্ষেত্রে পূর্বোক্ত বাধা নাই। তবে কৃষক ও শ্রমিকদের ছেলেমেয়েদের জন্য অনুরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** সরকারী কর্মচারী এবং সরকারী ও বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের দেওয়া হচ্ছে। আমার মনে হয় মানবিকতার দিক দিয়ে ক্যারিং কোল টু নিউ ক্যাসেল হয়ে যাচ্ছে, তেলা মাথায় তেল দেওয়া হচ্ছে, কিন্তু চাষী, শ্রমিকদের কথা বিবেচনা করা হচ্ছে না। কাজেই এই মানবিকতার দিক দিয়ে আমি মন্ত্রিমহোদয়কে জিজ্ঞাসা করছি তিনি ভবিষ্যতে এইরকম কোন পরিকল্পনা নেবার কথা ভাবছেন কিনা যাতে এই বৈষম্য দূর হয় এবং বাস্তবিক গ্রামবাংলার চাষী, শ্রমিক, ক্ষেত-মজুর, কলকারখানায় খেটে খাওয়া মানুষের ছেলে-মেয়েরা বিনাবেতনে শিক্ষার সুযোগ যাতে পায় সেটা কি ভাবছেন ?

## Kara Raksha Samity

*155. (Admitted question No. *283.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) is the Kara Raksha Samity dominated by any political party ;

(b) if so, the name of such party ; and

(c) has the Government received any complaint or evidence to show complicity of the Samity in the series of clashes inside the Jails ?

## নন্-ট্রেণ্ড টিচারদের ইনক্রিমেণ্ট

*১৫৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৬৫। ) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নন-ট্রেণ্ড টিচারদের ইনক্রিমেণ্ট দিবার বিষয় সরকারের বিবেচনাধীন ছিল ; এবং

(খ) সত্য হইলে, এই বিষয়ে বর্তমানে কোনরূপ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ?

## মঞ্জুরীপ্রাপ্ত নূতন প্রাথমিক বিদ্যালয়

*১৫৭। ( অনুমোদিত প্রশ্ন নং *২৮৯। ) **শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে জেলাওয়ারী মোট কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর জন্য সরকারের কাছে আবেদন আসিয়াছিল ;

(খ) তন্মধ্যে কোন্ জেলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হইয়াছে ,

(গ) ঐ প্রাথমিক বিদ্যালয়গুলি নির্বাচনের জন্য কি পদ্ধতি গ্রহণ করা হইয়াছে ;

(ঘ) ঐ প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য মোট কত শিক্ষক প্রয়োজন হইবে ; এবং

(ঙ) ঐ শিক্ষক নিয়োগের জন্য সরকার কি পদ্ধতি গ্রহণ করিতেছেন ?

**Mr. Speaker** : The question time is over.

## জাতীয় নাট্যশালা

*১৫৮। **(** শর্ট নোটিশ ) ( অনুমোদিত প্রশ্ন নং *৩৪৮। ) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের মানুষের দীর্ঘ দিনের দাবি 'জাতীয় নাট্যশালা' নির্মাণে সরকার এ পর্যন্ত কতখানি এগিয়েছেন ; এবং

(খ) যদি এগিয়ে থাকেন, উক্ত নাট্যশালার নির্মাণকার্য কবে নাগাদ শুরু হইবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ**

(ক) আপাততঃ এরকম কোন পরিকল্পনা সরকারের নাই ।

(খ) এ প্রশ্ন উঠে না ।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** বাংলাদেশে জাতীয় নাট্যশালার প্রয়োজনীয়তার কথা মন্ত্রিমহোদয় স্বীকার করেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** বলা মুস্কিল।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমি প্রশ্নের জবাব চেয়েছি যে জাতীয় নাট্যশালার প্রয়োজনীয়তার কথা মন্ত্রিমহোদয় স্বীকার করেন কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সামান্য করি।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** এই জাতীয় নাট্যশালা করবার জন্য প্রগতিশীল গণতান্ত্রিক সরকার কোন পরিকল্পনার কথা ভাবছেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সেরকম কিছু এখন ভাবিনি।

### তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য টুইশন ফী

*১৫৯। (শর্ট নোটিশ) ( অনুমোদিত প্রশ্ন নং *৩৭৭। ) **শ্রীমনোরঞ্জন হালদার ঃ** তপশিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে ঘাটতিসাহায্যপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে তপশিলভুক্ত সম্প্রদায়, তপশিলভুক্ত উপজাতি ও অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদের জন্য (১) মূল বেতন ও (২) পুস্তকক্রয় বাবদ কত টাকা বরাদ্দ করা হইয়াছিল;

(খ) সমস্ত বিদ্যালয়ে ঐ অনুদান পাঠানো হয়েছে কিনা;

(গ) ২৪-পরগণা জেলার মগরাহাট থানার অন্তর্গত মোহনপুর কে. কে. জি. সি. ইনষ্টিটিউশনে ১৯৭১-৭২ সালে কত বরাদ্দ করা হয়েছিল;

(ঘ) এ পর্যন্ত ঐ অনুদান উক্ত স্কুলে পৌছেছে কিনা, এবং

(ঙ) না পৌছালে, তার কারণ কি?

### উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার তপশিলী জাতি ও উপজাতীয় কর্মচারী

*১৬০। (শর্ট নোটিশ) ( অনুমোদিত প্রশ্ন নং *৩৮১। ) **শ্রীরজনী দাশ ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ বিভাগের টেকনিক্যাল ও নন্-টেকনিক্যাল কর্মচারীর মধ্যে তপশিলী ও তপশিলী উপজাতীয় কর্মচারীর সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) তপশিলী ও তপশিলী উপজাতির জন্য চাকুরীতে যে সংরক্ষণ ব্যবস্থা আছে তাহা উক্ত বিভাগে পালন করা হইয়াছে কি?

### তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি

*১৬১। (শর্ট নোটিশ) ( অনুমোদিত প্রশ্ন নং *৩৭৯। ) **শ্রীমধুসূদন রায় ঃ** তপশিলী জাতি ও তপশিলী উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার তপশীলভুক্ত ও তপশিলী উপজাতি ছাত্রছাত্রীদের স্টাইপেণ্ড-এর জন্য ১৯৭১-৭২ সালে কত পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়;

(খ) তন্মধ্যে কোচবিহার জেলায় কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়; এবং

(গ) কোচবিহার জেলার সম্পূর্ণ অর্থ খরচ হইয়াছে কি?

**Mr. Speaker :** Starred Questions *159, *160, and *161 are held over as the replies have not been received.

**শ্রীঅরুণ কুমার মৈত্র ঃ**

(ক) (১) মুর্শিদাবাদ জেলার বন্যাকবলিত মৎস্যজীবিদের মধ্যে এই বৎসর এক লক্ষ টাকা অনুদান বিতরণ করা হইয়াছে।

(২) ঐ জেলার মৎস্যজীবিদের মধ্যে ১৯৭১-৭২ সালে ১০,০০০ টাকা ঋণ বাবদ বিতরণ করা হইয়াছে।

(খ) এই বৎসর মুর্শিদাবাদ জেলায় টিউবওয়েল বসানোর জন্য ৭,০০০ টাকা বরাদ্দ করা হইয়াছিল, কিন্তু সময়মত কোন টেণ্ডার না পাওয়ার জন্য কোন টিউবওয়েল বসানো সম্ভব হয় নাই।

(গ) না, থানা হিসাবে কোন টাকা বরাদ্দ করা হয় না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মৎস্যজীবিদের জন্য এক লক্ষ টাকা দেওয়া হয়েছিল। মানননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, জেলা ফিশারী অফিসে যে সমস্ত আপনার বিভাগীয় কর্মচারী আছেন তাদেরকে শতকরা ১০ টাকা না দিলে ফরম লেখা হয় না, টাকাও মঞ্জুর হয় না?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** এরকম তথ্য আমাদের কাছে নেই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে সংগঠনপন্থী কংগ্রেসের লোকেরা খুঁটি গেড়ে মুর্শিদাবাদ জেলায় ঐ সমস্ত কর্মচারীদের সঙ্গে আঁতাত করে মৎস্যজীবিদের নামে নানারকম লোকেদের কাছে ঋণ বিতরণ করাচ্ছে?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** নির্দিষ্ট অভিযোগ দিলে তদন্ত করা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** আমি উইথ কনফিডেন্স বলছি, আমি একজন মেম্বার, নির্দিষ্ট অভিযোগের কথা বার বার আসে কিন্তু আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে আমাদের মুখ থেকে যেসমস্ত অভিযেগের কথা এসেছে সেটা অত্যন্ত গুরুতর অভিযোগ। আপনি এ ব্যাপারে তদন্ত করে দেখবেন কি এবং দেখে দায়ী কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** আমি আগেই বলেছি যে তদন্তের বিষয়বস্তু সম্বন্ধে নির্দিষ্ট অভিযোগ পেলে তদন্ত করা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** ২৭ হাজার টাকা টিউবওয়েলের জন্য বরাদ্দ করা সত্ত্বেও দরিদ্র মৎস্যজীবিদের মধ্যে, শিডিউলড্ কাষ্ট ইত্যাদি এইরকম মানুষদের জন্য তা বিতরণ করা সম্ভব হল না তার মূল কারণটা কি মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে এটা ২৭ হাজার নয় ৭ হাজার টাকা। টেণ্ডার নোটিশ জেলা ম্যাজিসট্রেট, পি, ডব্লু, ডি'র এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, ডিষ্ট্রীক্ট ইনফরমেসন অফিসার, মুর্শিদাবাদ এঁদের কাছে পাঠানো হয়েছিল, কিন্তু নির্দিষ্ট দিনের মধ্যে কোন টেণ্ডার জমা পড়ে নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনটি বিভাগের পরস্পরের বিরোধী মনোভাবের জন্যই কি টেণ্ডার দেওয়া সম্ভব হয় নি?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** (ইং)

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্যার, আমি বলেছিলাম, তিনটি বিভাগের পরস্পরের বিরোধী মনোভাবের জন্যই কি এটা সম্ভব হয়নি, এটা কি করে ম্যাটার অব ওপিনিয়ান হল?

**Mr. Speaker :** Hon'ble Minister does not agree with your opinion.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ৭ হাজার টাকা যা এখনও পর্যন্ত মৎস্যজীবিদের দেওয়া হয় নি সেই টাকা কি সরকারের কাছে রিফাণ্ড হয়ে এসেছে?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** এ সম্বন্ধে তথ্য নোটিশ পেলে দিতে পারি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসমস্ত সরকারী কর্মচারী-দের জন্য এই টাকা ব্যয় করা সম্ভব হল না এই আর্থিক বছরের মধ্যে। কাজে অযোগ্যতার জন্য সেই সমস্ত সরকারী কর্মচারীর বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে কি ?

**শ্রীঅরুণ কুমার মৈত্র :** এ বিষয়টা অনুসন্ধান করা সম্ভব এবং অনুসন্ধান করা হবে। অনুসন্ধানের ফল অনুযায়ী পরবর্তী বিষয়টা আসবে।

## Unstarred Questions

(to which written answers were laid the table)

### ক্রাস প্রোগ্রামের রাস্তা সংস্কারের ব্যবস্থা

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯।) **শ্রীভুপালচন্দ্র পাণ্ডা ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্রাস প্রোগ্রামের যে সব রাস্তা সংস্কারের ব্যবস্থা করা হইয়াছে ঐ রাস্তার মধ্যে খাল, নালার জল নির্গমনের জন্য কি কি প্রকার ব্যবস্থা নিদিষ্ট আছে ; এবং

(খ) বর্ষাকালে স্বাভাবিকভাবে মোটর যানবাহন যাতায়াতকরণের জন্য ঐ রাস্তাগুলির উপরিস্তর কি ধরনের সামগ্রী দিয়া মজবুত করার ব্যবস্থা করা হইয়াছে ?

**The Minister for Planning and Development :**

(ক) জরুরী কর্মসংস্থান প্রকল্পের অন্তর্গত রাস্তাসমূহের সংস্কারসাধন যাহাতে ঐ অঞ্চলের স্বাভাবিক জলনিকাশী ব্যবস্থার ব্যাঘাত সৃষ্টি না করে তাহার জন্য বিভিন্ন জেলা কর্তৃপক্ষ বা পূর্তবিভাগ প্রয়োজনীয় পয়োনালী প্রস্তুতের ব্যবস্থা প্রাক্কলনের অন্তর্গত করিতেছেন।

(খ) ক্রাস প্রোগ্রাম মূলত শ্রমভিত্তিক প্রকল্প এবং গ্রামাঞ্চলে ইহা সীমাবদ্ধ। এই প্রকল্পে মজুরী এবং উপকরণ ও কারিগরী তত্ত্বাবধান বাবদ ব্যায়ের গড় অনুপাত ৭০ ঃ ৩০। অতএব এই প্রকল্পে মূল্যবান সামগ্রী, যথা, পীচ ইত্যাদির ব্যবহার সম্ভব নয়। স্থানীয়ভাবে সংগৃহীত উপকরণ যথা, পাথর ও পাঁজার ইট ইত্যাদি দ্বারা এইসকল রাস্তার উপরিভাগ মজবুত করিতে নির্দেশ দেওয়া হইয়াছে। এই প্রকল্পে প্রস্তুত অনেক রাস্তা ভবিষ্যতে পূর্তবিভাগের সড়ক উন্নয়ন প্রকল্পের অন্তর্গত করা হইবে।

### বনগাঁ মহকুমায় বন্যায় চাষের গবাদি পশুর মৃত্যুর সংখ্যা

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী গত ১৯৭১ সালে বন্যায় বনগাঁ মহকুমায় কত চাষের গবাদিপশু মারা গেছে ;

(খ) কৃষি উৎপাদনের জন্য বর্তমানে গরু খরিদ ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছে কি না ; এবং

(গ) ঋণ দেওয়ার ব্যবস্থা হয়ে থাকলে ক্যাটেল পারচেজ লোন-এর জন্য মোট কত টাকা মঞ্জুর করা হয়েছে এবং এ পর্যন্ত কতজন এই ঋণের সুযোগ পেয়েছেন ?

**The Minister for Agriculture and Community Development** :

(ক) ৬০টি চাষের বলদ মারা গিয়েছে।

(খ) বলদ খরিদ ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছিল।

(গ) মোট ২,০৪,৫০০ টাকা ক্যাটেল পারচেজ লোন মঞ্জুর করা হয় এবং ৭৩০জন এই ঋণের সুযোগ পেয়েছেন।

## সরকারে ন্যস্ত জমি

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬।) **ডাঃ ওমর আলি ঃ** ভূমির ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী প্রথা উচ্ছেদ ও ভূমিসংস্কার আইন চালু হওয়ার পর থেকে ১৯৭২ সালের ২০শে মার্চ পর্যন্ত জেলাওয়ারী—

(১) মোট কত জমি সরকারের ন্যস্ত হয়েছে ;

(২) কত জমি বিভিন্ন কোর্ট কেসে (ইনজাংশন, সিভিল রুল) আটকে আছে ,

(৩) কত জমি বণ্টন করা হয়েছে ;

(৪) কত জমির পাট্টা দেওয়া হয়েছে ; এবং

(খ) কোর্ট কেসে (ইনজাংশন, সিভিল রুল) আটক থাকা জমি বের করে আনার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) (১) হইতে (৪) ঃ প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে ১৯৭১ সালের ডিসেম্বর পর্যন্ত জেলাওয়ারী একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

(খ) ইনজাংশনের দরুন যে সব কেসে বেশী জমি আটক পড়িয়াছে সেসব ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্টে বিশেষ আবেদন করিয়া জমিগুলি ইনজাংশনমুক্ত করার প্রয়াস চলিতেছে।

*Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 47*

| জেলা | এ. ডি, এম. গণ কতৃক প্রদত্ত ন্যস্ত জমির পরিমাণ (একর) | কোর্ট কেসে আটক জমির পরিমাণ (একর) | বণ্টিত জমির পরিমাণ (একর) | পাট্টা দেওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) |
| ২৪-পরগণা | ৭৯,৮৫৬ | ৩৮,৩২৭ | ৩৪,৫১৪ | ১১,৯৫১ |
| মুর্শিদাবাদ | ৩৩,৬৬৬ | ৯,২৯৫ | ২০,৬৬৬ | ১০,৫৮৫ |
| হাওড়া | ৪,৬৯৯ | ২,১৮৮ | ৩১৫ | ১২৯ |
| নদীয়া | ১৬,৭৫৪ | ১০,১১৪ | ১০,২৩৫ | ১,৩২৮ |
| পুরুলিয়া | ৫৩,২১১ | ১৮,৫১৭ | ১০,৫৫৭ | ৬,৭১১ |
| মেদিনীপুর | ২,২৪,৩১১ | ২৬,৮৭৫ | ১,২৫,৬৭১ | ৬০,২৪১ |

| জেলা | এ. ডি. এম. গণ কর্তৃক প্রদত্ত ন্যস্ত জমির পরিমাণ (একর) | কোর্ট কেসে আটক জমির পরিমাণ (একর) | বণ্টিত জমির পরিমাণ (একর) | পাট্টা দেওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) |
| বীরভূম | ১৫,৬৫৮ | ৭,১০৩ | ৭,৩০৯ | ৩৩৮ |
| বাঁকুড়া | ৪১,০৭৭ | ৩,৬৭৭ | ১৮,২২৭ | ১১,১৯৬ |
| বর্ধমান | ৩৭,১৮৫ | ১৫,২৫৯ | ১২,৮৯০ | ৬,৩৮৬ |
| হুগলী | ১১,৩৮০ | ৩,৭৪০ | ৩,৪২০ | ১,০০০ |
| মালদা | ৬৪,১৫৪ | ১২,৬৩৪ | ৩৫,৩০৯ | ১,৬২৮ |
| জলপাইগুড়ি | ৯১,৮৫৯ | ৬,৬৫৬ | ৫৩,৭৫৯ | ৫৪৯ |
| দার্জিলিং | ১৮,০৭৮ | ২৪০ | ১১,৮৭৯ | ৮২১ |
| কুচবিহার | ৪৫,৪৭১ | ৮,০৭৭ | ১৮,৪৭৯ | ২,৭৭৯ |
| পঃ দিনাজপুর | ৬৬,০৫৬ | ৮,০৪৪ | ৪০,৬২৩ | ২,৮০৬ |
| | ৮,০৩,৪১৫ | ১,৭০,৭৪৬ | ৪,০৩,৫৮৩ | ১,১৮,৪৪৮ |

## শ্যামপুর থানায় বিদ্যুৎ সরবরাহ প্রকল্প

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪।) **শ্রীশিশিরকুমার সেন**ঃ সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) সরকার কি অবগত আছেন যে, গ্রামীন বিদ্যুৎ সরবরাহ প্রকল্পে হাওড়া জিলার শ্যামপুর থানার জন্য বিশেষ কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই ; এবং

(খ) অবগত থাকিলে, শ্যামপুর থানায় গ্রামীন বিদ্যুৎ সরবরাহের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন এবং তাহা কতদিনে কার্যকর করা হইবে ?

**The Minister for Irrigation and Power :**

(ক) ইহা সত্য নহে।

(খ) হাওড়া জিলার শ্যামপুর থানা অধীনে ১৫টি মৌজার বৈদ্যুতিকরণের জন্য একটি প্রকল্প অনুমোদিত হইয়াছে। ৪টি মৌজার কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ হইয়াছে এবং বিদ্যুৎ সরবরাহ চালু হইয়াছে।

## শ্যামপুর থানার রাস্তা

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮।) **শ্রীশিশিরকুমার সেন:** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

**(ক) সরকার কি অবগত আছেন যে, কয়েক বৎসর উপর্যুপরি বন্যার ফলে হাওড়া জেলার শ্যামপুর থানার অধিকাংশ রাস্তা ব্যবহারের অযোগ্য হইয়া পড়িয়াছে ; এবং**

**(খ) অবগত থাকিলে, ঐ রাস্তাগুলি সংস্কারের জন্য কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে তাহা কি ?**

**The Minister for Public Works :**

(ক) ও (খ)—শ্যামপুর থানায় সরকারের তিনটি রাস্তা বন্যা বিধ্বস্ত হয়; স্থানে স্থানে সংস্কার করিয়া রাস্তাগুলিকে যানবাহান চলাচলের উপযোগী করা হইয়াছে, কিন্তু পাথরকুচি দুষ্প্রাপ্য হওয়ায় সম্পূর্ণ সংস্কার সম্ভবপর হয় নাই। দ্রুত সংস্কারের জন্য সরকার সচেষ্ট।

## হিংগলগঞ্জ, সন্দেশখালী ও হাসনাবাদ সার্কেলে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০।) **শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হিংগলগঞ্জ, সন্দেশখালী ও হাসনাবাদ সার্কেলে ১৯৬৭ সাল থেকে ২৫শে মার্চ, ১৯৭২ পর্যন্ত কোন্ কোন্ প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হইয়াছে;

(খ) ঐ সার্কেলগুলিতে কোন্ কোন্ প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের অপেক্ষায় আছে;

(গ) সরকার কি অবগত আছেন যে, যেসমস্ত অতিরিক্ত শিক্ষক গত ইং ১৯৭০ ও ১৯৭১ সাল বা তৎপূর্ব হইতে মাধ্যমিক বিদ্যালয়সমূহে কার্য করিয়া আসিতেছেন তাঁহারা অনুমোদন না পাওয়ায় মাগ্‌গিভাতা, বর্ধিত বেতনাদি পাইতেছেন না; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education :**

(ক) নিম্নলিখিত বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়া হইয়াছে:—

### হিংগলগঞ্জ সার্কেল

**১৯৬৭**

১। দক্ষিণ বোলতলা প্রাঃ,

২। দক্ষিণ ছোট সাহেবখালি প্রাঃ, এবং

৩। পশ্চিম কালীতলা প্রাঃ।

**১৯৭১**

৪। শ্রীধরকাটি পশ্চিমপাড়া নবারুণ প্রাঃ,

৫। পূর্ব মালেকান গুমটি রপ্তানপাড়া নবারুণ প্রাঃ,

৬। দক্ষিণ যোগেশগঞ্জ দক্ষিণপাড়া পশ্চিম হেমনগর প্রাঃ,

৭। উত্তর মালেকান গুমটি প্রাঃ, এবং

৮। কাঁটালবেড়িয়া প্রাঃ।

### সন্দেশখালী সার্কেল

**১৯৬৭**

১। ভাঙ্গা তুষখালী প্রাঃ,

২। দক্ষিণ কানমারী প্রাঃ,

৩। টংতলা আদিবাসী প্রাঃ,

৪। গোরাখালী শিশুকল্যাণ প্রাঃ,

৫। কর্ণখালী বিলাসমনি আদিবাসী প্রাঃ,

৬। শুকদুয়াধন দ্বারিকনাথ প্রাঃ, এবং

৭। মণিপুর খড়োশ্বর প্রাঃ।

১৯৭১

৮। দারিকজঙ্গল জানকীসুন্দরী প্রাঃ ( আদিবাসী ),

৯। পূর্ব সিতালীয়া আদিবাসী প্রাঃ,

১০। দক্ষিণ তুষখালী আদিবাসী প্রাঃ,

১১। বয়েরমারী কাছারীপাড়া আদিবাসী প্রাঃ,

১২। বনবলতলা হাঠবুনিয়াপাড়া প্রাঃ,

১৩। শঙ্করাবাদ ( পশ্চিমপাড়া ) আদিবাসী প্রাঃ,

১৪। রাধানগর মাঝেরপাড়া প্রাঃ,

১৫। দখিন সিতলীয়া প্রাঃ, এবং

১৬। বাটিদহ মল্লিকপাড়া ( আগরমতী ) প্রাঃ।

**হাসনাবাদ সার্কেল**

গ্রামাঞ্চল ১৯৬৭

১। আবাদ মোহনপুর প্রাথমিক বিদ্যালয়,

২। সুনদরীয়া প্রাথমিক বিদ্যালয়,

গ্রামাঞ্চল ১৯৭১

৩। খলিসাখালি আদিবাসী প্রাথমিক বিদ্যালয়,

**পৌর অঞ্চল ( টাকী )**

৪। লস্করনগর প্রাথমিক বিদ্যালয়।

(খ) ২৪-পরগণা জেলা স্কুল বোর্ড হইতে নূতন কোনও প্রস্তাব না থাকায় বর্তমানে ঐ সার্কেলগুলির গ্রামাঞ্চলে আর কোনও বিদ্যালয় অনুমোদনের অপেক্ষায় নাই।

হাসনাবাদ সার্কেলের পৌর অঞ্চলে ( টাকী ) (১) যুবা প্রাথমিক বিদ্যালয়, (২) বলরাম দালাল প্রাথমিক বিদ্যালয় এবং (৩) দেওকাঠি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের অপেক্ষায় আছে।

(গ) যে-সকল মাধ্যমিক বিদ্যালয়ে সরকারী অনুদান মঞ্জুর করা হয়, সেই সকল বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা ও শ্রেণীসংখ্যা হিসাবে শিক্ষক-শিক্ষিকার পদ মঞ্জুর করা হইয়া থাকে। যদি কোন শিক্ষক-শিক্ষিকা অনুমোদিত নয় এইরূপ কোনও পদে নিযুক্ত হইয়া থাকেন, তবে তাঁহাকে মাগ্‌গীভাতা, বর্ধিত বেতন ইত্যাদির সুবিধা দেওয়া সম্ভব নয়।

(ঘ) অতিরিক্ত পদ সৃষ্টির বিষয়টি সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী প্রস্তাবের উপর বিবেচনা করা হইয়া থাকে।

**হিঙ্গলগঞ্জ ব্লক উন্নয়ন আধিকারিক**

৫১। ( অনুমোদিত প্রশ্ন নং ১৫৫।) **অনিলকৃষ্ণ মণ্ডল:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—হিঙ্গলগঞ্জ ব্লক উন্নয়ন আধিকারিকের দপ্তর ঐ ব্লকের কেন্দ্রস্থলে স্থানান্তরকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে কোথায়?

**The Minister for Agriculture and Community Development :**

উপযুক্ত স্থানাভাবহেতু ব্লকের অস্থায়ী অফিস স্থানান্তরের কোন পরিকল্পনা আপাতত সরকারের নাই।

## ভীমপুর অঞ্চল মেডিসিন্যাল প্ল্যান্ট রোপণের প্রকল্প

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০।) **শ্রীঠাকুরদাস মাহাতো :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী থানার ৬নং ভীমপুর অঞ্চলের সরকারী সংরক্ষিত জমিতে সরকার কর্তৃক মেডিসিন্যাল প্ল্যান্ট রোপণের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কবে নাগাদ উহার বাস্তবে রূপায়ণের কাজ আরম্ভ করা হবে ?

**The Minister for Commerce and Industries :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## ভাগরেকর্ডভুক্ত সরকারী ন্যস্ত জমি

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২।) **শ্রীঠাকুরদাস মাহাতো :** ভূমির সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভাগরেকর্ডভুক্ত সরকারী ন্যস্ত জমি ভূমি সংস্কার বিভাগ কর্তৃক যাহার আইনানুগ দখল লওয়া হয়েছে সেই জমি বৈধভাবে ভূমিহীনদের মধ্যে বিলি করার আইনগত বাধা সৃষ্টি হয়েছে ; এবং

(খ) সত্য হলে সেই বাধা অপসারণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) এইরূপ কোন ঘটনা সরকারের গোচরে আসে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## কংসাবতীর উপর ব্রীজ নির্মাণের প্রকল্প

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪।) **শ্রীঠাকুরদাস মাহাতো :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া শহরের সঙ্গে ঝাড়গ্রামের বাস যোগাযোগ সংস্থাপনের নিমিত্ত কংসাবতী নদীর উপর ব্রীজ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোথায় এবং কতদিনে তাহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works :**

(ক) এবং (খ)—শিমলাপাল-কৃষ্ণপুর-রায়পুর-ফুলকুসুমা-শিলদা হইয়া বাঁকুড়া এবং ঝাড়গ্রামের মধ্যে সংযোগকারী রাস্তায় রায়পুরে কংসাবতী নদীর উপর একটি সেতুর নির্মাণকার্য চলিতেছে।

**জঙ্গীগ্রাম বঙ্গোপসাগরের সংলগ্ন এলাকা বিধায় গভীর নলকূপ বসানোর প্রকল্প**

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮।) **শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত জঙ্গীগ্রাম থানাটি বঙ্গোপসাগরের সংলগ্ন এলাকা বিধায় গভীর নলকূপ বসান ছাড়া এই থানার সেচ ব্যবস্থার অন্য কোন প্রকারে উন্নতি সম্ভব কিনা এ বিষয়ে সরকার কোন সমীক্ষা করিযাছেন কি,

(খ) সমীক্ষা করিয়া থাকিলে তাহার ফলাফল কি, এবং

(গ) ঐ এলাকায় গভীর নলকূপ বসানোর কাজ দ্রুততর করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) না। কৃষি বিভাগের তরফে কোনও সমীক্ষা হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) এই এলাকায় গভীর নলকূপ স্থাপনের কোনও কার্যসূচী বর্তমানে নাই।

**বর্ধমান জেলায় গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রকল্প**

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১।) **শ্রীঅশ্বিনী রায় ঃ** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রকল্পে বর্ধমান জেলায় ১৯৭২-৭৩ সালে থানাভিত্তিক কতগুলি গ্রামে বৈদ্যুতিকীকরণ করার প্রস্তাব গৃহীত হইয়াছে; এবং

(খ) ঐ গ্রামগুলির নাম এবং কবে নাগাদ কাজ আরম্ভ হইতে পারে?

**The Minister for Irrigation and Power :**

(ক) মন্তেশ্বর থানায় ৩৯টি গ্রামে,
বর্ধমান থানায় ৩০টি গ্রামে,
গলসী থানায় ১৩টি গ্রামে,
মেমারী থানায় ৭টি গ্রামে,
কালনা থানায় ৭টি গ্রামে,
জামালপুর থানায় ৩টি গ্রামে,

মোট ৯৯টি গ্রামে

(খ) নামের তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল। ১৯৭২ সালের মে মাসে কাজ শুরু হইবে।

*Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 56*

| ক্রমিক নং | মৌজা | থানা |
|---|---|---|
| ১। | লহর | মন্তেশ্বর |
| ২। | পাটকেলডাঙা | মন্তেশ্বর |
| ৩। | বাবুচা | মন্তেশ্বর |

| ক্রমিক নং | মৌজা | থানা |
|---|---|---|
| ৪। | পালিন | মন্তেশ্বর |
| ৫। | মৌসা | মন্তেশ্বর |
| ৬। | বেণুর | মন্তেশ্বর |
| ৭। | গলাতুন | মন্তেশ্বর |
| ৮। | ধেমনে | মন্তেশ্বর |
| ৯। | দীঘা | মন্তেশ্বর |
| ১০। | কুরকুণ্ডা | মন্তেশ্বর |
| ১১। | ডংকাডাঙা | মন্তেশ্বর |
| ১২। | হাসানপুর | মন্তেশ্বর |
| ১৩। | সুসনা | মন্তেশ্বর |
| ১৪। | আতসপুর | মন্তেশ্বর |
| ১৫। | ফকিরডাঙা | মন্তেশ্বর |
| ১৬। | ছোট ধানারিয়া | বর্ধমান |
| ১৭। | ভাবী সর্বমঙ্গলা | বর্ধনান |
| ১৮। | ঝিঙ্গুটি | বর্ধমান |
| ১৯। | চাণ্ডুল | বর্ধমান |
| ২০। | কালিয়ারা | বর্ধমান |
| ২১। | হলদি | বর্ধমান |
| ২২। | কৃষ্ণপুর | বর্ধমান |
| ২৩। | নতুন গ্রাম | বর্ধমান |
| ২৪। | জিয়ারা | বর্ধমান |
| ২৫। | জোৎগোড়া | বর্ধমান |
| ২৬। | গোপালপুর | বর্ধমান |
| ২৭। | জোপাদাবাদ | বর্ধমান |
| ২৮। | পিলতুতি | বর্ধমান |
| ২৯। | রায়পুর | বর্ধমান |
| ৩০। | কান্দু | বর্ধমান |
| ৩১। | ভিনতা | বর্ধমান |
| ৩২। | তেতুলিয়া | বর্ধমান |
| ৩৩। | দাসপুর | বর্ধমান |
| ৩৪। | বরসতি | বর্ধমান |
| ৩৫। | কালিগ্রাম | বর্ধমান |
| ৩৬। | বারই | বর্ধমান |
| ৩৭। | কুরমুন | বর্ধমান |
| ৩৮। | বামনগড় | বর্ধমান |
| ৩৯। | সামন্তি | বর্ধমান |
| ৪০। | সোনাপুর | বর্ধমান |
| ৪১। | সুহারী | বর্ধমান |

| ক্রমিক নং | মৌজা | থানা |
|---|---|---|
| ৪২। | পূর্ব কৃষ্ণপুর | বর্ধমান |
| ৪৩। | জরুর | বর্ধমান |
| ৪৪। | ঘাট'রিলা | বর্ধমান |
| ৪৫। | বনগ্রাম | বর্ধমান |
| ৪৬। | বেলখাস | বর্ধমান |
| ৪৭। | উজনা | মন্তেশ্বর |
| ৪৮। | ভাদাই | মন্তেশ্বর |
| ৪৯। | মূলগ্রাম | মন্তেশ্বর |
| ৫০। | ধনুতি | মন্তেশ্বর |
| ৫১। | ভেল্লা | মন্তেশ্বর |
| ৫২। | রয়াজান | মন্তেশ্বর |
| ৫৩। | মুরলি | মন্তেশ্বর |
| ৫৪। | আসুরি | মন্তেশ্বর |
| ৫৫। | দেওয়ানগাছি | মন্তেশ্বর |
| ৫৬। | ভাত্রা | মন্তেশ্বর |
| ৫৭। | পিপলন | মন্তেশ্বর |
| ৫৮। | থানপুর | মন্তেশ্বর |
| ৫৯। | ভোজপুর | মন্তেশ্বর |
| ৬০। | মালডাঙ্গা | মন্তেশ্বর |
| ৬১। | ঝিকরা | মন্তেশ্বর |
| ৬২। | জয়রামপুর | মন্তেশ্বর |
| ৬৩। | বালিজুরি | মন্তেশ্বর |
| ৬৪। | সিংহলি | মন্তেশ্বর |
| ৬৫। | বামনা | মন্তেশ্বর |
| ৬৬। | থাণ্ডা | মন্তেশ্বর |
| ৬৭। | নতুনগ্রাম | মন্তেশ্বর |
| ৬৮। | ভাণ্ডারপুর | মন্তেশ্বর |
| ৬৯। | পারুলি | মন্তেশ্বর |
| ৭০। | থানো | গলসি |
| ৭১। | গোলগ্রাম | গলসি |
| ৭২। | পুশা | গলসি |
| ৭৩। | পরজ | গলসি |
| ৭৪। | সিমনারি | গলসি |
| ৭৫। | রাকোনা | গলসি |
| ৭৬। | শশাঙ্ক | গলসি |
| ৭৭। | ইকুয়ার | গলসি |
| ৭৮। | মহাটা | গলসি |
| ৭৯। | দেবপুর | গলসি |

| ক্রমিক নং | মৌজা | থানা |
|---|---|---|
| ৮০। | রামপুর | গলসি |
| ৮১। | ওরগ্রাম | গলসি |
| ৮২। | মুতা | গলসি |
| ৮৩। | শশীনারা | মেমারী |
| ৮৪। | মোবারকপুর | মেমারী |
| ৮৫। | আলিপুর | মেমারী |
| ৮৬। | দেবীপুর | মেমারী |
| ৮৭। | নিশিনগর | মেমারী |
| ৮৮। | আমেদপুর | মেমারী |
| ৮৯। | তেলচিনি | মেমারী |
| ৯০। | সিমলান | কালনা |
| ৯১। | আঙ্গারসন | কালনা |
| ৯২। | নোয়ারা | কালনা |
| ৯৩। | দক্ষিণ গোয়ারা | কালনা |
| ৯৪। | চৌবেড়িয়া | কালনা |
| ৯৫। | ভেরুয়া | কালনা |
| ৯৬। | রাজখেরা | কালনা |
| ৯৭। | ইটলা | জামালপুর |
| ৯৮। | পার্বতীপুর | জামালপুর |
| ৯৯। | দোগাছি | জামালপুর |

## মুর্শিদাবাদে রেশম শিল্প

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার :** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের রেশম শিল্পের জন্য ১৯৭১-৭২ সালে কত টাকা সরকারী অনুদান বা ঋণ দেওয়া হইয়াছে ;

(খ) খড়গ্রাম থানায় তুঁতচাষ, রেশম গুটি, রেশম তাঁতের তাঁতীদের জন্য ঐ সময়ে কত টাকা সাহায্য ও লোন দেওয়া হইয়াছে ; এবং

(গ) খড়গ্রাম থানার সর্বপ্রকারের তাঁতীদের উন্নতির জন্য কোন পরিকল্পনা তৈরী হয়েছে কিনা এবং হয়ে থাকলে কি কি ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) সামগ্রিকভাবে রেশম শিল্প উন্নয়নের জন্য সরকারী অনুদান বা ঋণ দেবার কোন পরিকল্পনা নাই। ১৯৭১-৭২ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত রেশম চাষীদের পুনর্বাসনের জন্য মুর্শিদাবাদ জেলায় ৩,৩০,০০০ টাকা সরকারী অনুদান এবং ঋণ দেওয়া হইয়াছিল।

(খ) উন্নতির জন্য অনুদান বা ঋণ দেবার কোন পরিকল্পনা ১৯৭১-৭২ সালে ছিল না।

(গ) কোন পরিকল্পনা বর্তমানে নাই।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** The Minister of State in-charge of the Municipal Services Department will please make a statement on the subject of acute scarcity of drinking water in Howrah Town—attention called by Sarbasree Mrigrndra Mukherjee, Krishna Pada Roy and Sisir Kumar Sen on the 11th April last.

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য সর্বশ্রী মৃগেন মুখার্জী, কৃষ্ণপদ রায় ও শিশির সেন কর্তৃক আনীত জরুরী জনস্বার্থ সংশ্লিষ্ট দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির উত্তরে জানাইতেছি যে হাওড়া পৌরসভা বর্তমানে হাওড়া শহরে প্রত্যহ এক কোটি ত্রিশ লক্ষ গ্যালন পানীয়জল সরবরাহ করিতেছে। তন্মধ্যে ৪০ লক্ষ গ্যালন শ্রীরামপুরের প্রধান জলসরবরাহ কেন্দ্র হইতে ও ৮০লক্ষ কুড়িটী গভীর নলকূপ হইতে। ইহা ব্যতীত সমগ্র হাওড়া শহরে তিন সহস্র নলকূপের ব্যবস্থা আছে। ইহার মধ্যে ২৩০০ নলকূপ হইতে বর্তমানে জল পাওয়া যাইতেছে। বাকি ৭০০ নলকূপ অকেজো হইয়া আছে। এই ২৩০০ নলকূপ হইতে আরও প্রায় ১০লক্ষ গ্যালন জলসরবরাহ হইয়া থাকে।

[ 2-10—2-30 p.m. ]

অকেজো নলকূপগুলির মেরামতের ব্যবস্থা চলিতেছে। এই নলকূপগুলি মেরামত হইলে আরও ৩৫হাজার গ্যালন জলসরবরাহ সম্ভব হইবে।

পানীয়জল সরবরাহের উন্নয়নের জন্য একটি জরুরী প্রকল্প (এমারজেন্সি ওয়াটার সাপ্লাই স্কীম) রচনা করা হইয়াছে। এই প্রকল্প অনুসারে সব শুদ্ধ ৬৮টি গভীর নলকূপ নির্মাণ করিবার কথা আছে। তন্মধ্যে ২০টি নির্মিত হইয়াছে এবং এই ২০টি গভীর নলকূপ হইতে ১৯টি জোনে ৮০লক্ষ গ্যালন জলসরবরাহ হইতেছে। এই গভীর নলকূপগুলি হইতে বর্তমানে সরাসরি জলসরবরাহের ব্যবস্থা হইয়াছে। কারণ, প্রয়োজনীয় জল উত্তোলন যন্ত্রসমূহ এবং বৈদ্যুতিকরণের ব্যবস্থাদি এখনও সম্পূর্ণ না হওয়ায় রিজার্ভারের মাধ্যমে জলসরবরাহ ব্যবস্থা চালু করা সম্ভব হয় নাই। এই ব্যবস্থা সম্পূর্ণ হইলে আরও অধিকতর জলসরবরাহ করা সম্ভব হইবে। এই রিজার্ভারগুলি যথাসম্ভব তাড়াতাড়ি চালু করিবার চেষ্টা চলিতেছে।

হাওড়া পৌরসভার বিভিন্ন স্থানে পানীয়জলের সরবরাহের সমস্যা একটি দীর্ঘদিনের সমস্যা এবং তাহার জন্য নিম্নলিখিত কারণগুলি উল্লেখযোগ্য :—

১। এমারজেন্সি ওয়াটার সাপ্লাই এর অন্তর্ভুক্ত অনেক অঞ্চলের জলের পাইপ সংস্থাপন ও জলসরবরাহের ব্যবস্থাদি থাকা সত্বেও নাগরিক সাধারণ এই নব সংস্থাপিত জলের পাইপ হইতে নিজ নিজ গৃহে জল সরবরাহের সুযোগাদি ব্যবস্থা না করা পর্যন্ত এই প্রকল্পের সুবিধা হইতে বঞ্চিত হইতেছেন। বর্তমানে পৌরসভা স্বল্প কয়েকটি ক্ষেত্রে পুরাতন ও নূতন পাইপের মধ্যে সংযোগ স্থাপনে সমর্থ হইয়াছে।

২। পৌরসভা কর্তৃক স্থাপিত জলের পাইপ হইতে উল্লেখযোগ্য সংখ্যায় রাস্তায় জলেরপাইপ বসানো হইয়াছে এবং এইসমস্ত কলের অধিকাংশ ব্যবহারকারী জনসাধারণ কর্তৃক বিনষ্ট হওয়ার ফলে প্রচুর পরিমাণে জলের অপচয় হয়। এই অপচয় বন্ধ করিবার জন্য জনসাধারণের সহযোগিতা একান্ত প্রয়োজন।

৩। তিন হাজার হস্তচালিত নলকূপের মধ্যে প্রায় ৭০০ নলকূপ অকার্যকরী হইয়া আছে। ইহাদের মেরামত কার্য চলিতেছে কিন্তু প্রায়শঃই হস্তচালিত নলকূপগুলি অকার্যকরী হওয়ার ফলে

সমস্ত বৎসর ধরিয়া মেরামত করিতে হয়। ইহাও পানীয় জল সুচারুরূপে সরবরাহের পথে একটি অন্তরায়।

৪। পৌরসভার কিছু অংশ এমারজেন্সি ওয়াটার সাপ্লাই স্কীমের অন্তর্ভুক্ত না থাকায় সেই সব অংশে চাহিদামত জলসরবরাহ করা সম্ভব হয় না। তাছাড়া অনেক ছোট ছোট রাস্তা ও গলি এই প্রকল্পের আওতার বাহিরে। হাওড়া পৌরসভা কর্তৃক এই অংশগুলির জলসরবরাহের ব্যবস্থার জন্য হাওড়া পৌরসভা কর্তৃক একটি প্রকল্প রচিত হইবার কথা আছে। এই সমস্ত অঞ্চলগুলি এই প্রকল্পের অন্তর্ভুক্ত হইলে পানীয় জলের অভাব থাকিবে না।

দূষিত জল পানের দরুন মহামারী আকারে বিভিন্ন রোগের প্রাদুর্ভাবের কোন সংবাদ পৌরসভা জানে না।

**Mr. Speaker** : I have received eight notices of calling attention on the following subjects :—

1. Non-utilisation of Central Grants for agricultural development—from Shri Gangadhar Pramanick.
2. Death of persons due to firing by the Security Guards of a Rubber Factory at Kalyani—from Shri Kumar Dipti Sen Gupta.
3. Death of three persons and damage of 60,000mds. of potatoes due to collapse of the Cold Storage building at Rasulpur—from Shri Aswini Roy.
4. Murder of Shri Sushil Chakravorty, Secretary, Kanchrapara Town Congress Committee by C. P. I. (M) workers—from Shri Jagadish Chandra Das.
5. Nationalisation of Electric Supply in Bankura—from Shri Kashinath Misra.
6. Lack of Irrigation facilities at Bhagabangola Centre in Murshidabad district—from Shri Mohammad Dedar Baksh.
7. Scarcity of seeds affecting jute industry—from Shri Md. Idris Ali.
8. Death of two persous due to firing by armed darwans of Inchek Tyre Establishment at Kalyani upon unarmed people in presence of Police—from Shri Naresh Chandsa Chaki and Shri Haridas Mitra ( Deputy Speaker ).

I have selected the notice of Shri Aswiui Roy on the subject of death of three persons and damage of 60,000 mds. of potatoes due to collapse of the Cold Storage building at Rasulpur. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

**Dr. Zainal Abedin :** Should it related to the Home Department ?

**Mr. Speaker** : Yes, Home ( Police ) Department.

**Dr. Md. Fazle Haque** : On Saturday, Sir.

**Mr. Speaker** : The Business Advisory Committee has taken a decision that there will be no questions, Calling Attention, etc., on next Saturday.

**Dr. Md. Fazle Haque :** Then the statement will be given on Friday.

## MENTION CASES

**Mr. Speaker** : Now, Mention Cases, I would call upon Shri Aswini Roy to speak.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী, সেচমন্ত্রী এবং কংগ্রেসের যিনি লিডার আছেন সেই কৃষিমন্ত্রী তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে গত ১৯৬৯ সালের তুলনায় ডি. ভি. সি. ক্যানেল এরিয়ায় তিনগুণ বেশী ফসল হয়েছে। সেদিন প্রশ্নোত্তরের সময় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে ৯০ হাজার একর জমিতে এবার ফসল পাওয়া যাবে, কারণ সেখানে আই. আর. এইট-এর চাষ করা হয়েছে। আমি গত ২৮শে মার্চ এখানে এটা উল্লেখ করেছি এবং মন্ত্রিমহাশয়কে বলেছি যেন এটা ২০শে এপ্রিল পর্যন্ত বর্দ্ধিত করেন। গত বৎসর যেখানে নভেম্বর মাস পর্যন্ত জল সরবরাহ করা হয়েছিল সেখানে এই এপ্রিল পর্যন্ত জল সরবরাহ করা হয়েছে ও ১লা ডিসেম্বর জল সরবরাহ আরম্ভ করা হয়েছিল এবং এবারে ২০ তারিখে তা শেষ হয়ে গেল। আমি বিভিন্ন এলাকা ঘুরেছি এবং জল দেওয়া হলে সেখানে ৯০ হাজার একর জমির ফসল পাওয়া যাবে, যার পরিমাণ হবে ১ লক্ষ ৩০ হাজার টনের মত। সেই ফসলের শতকরা ২৫ ভাগ ঘরে আনতে পারবো না, শতকরা ৭৫ ভাগ নষ্ট হয়ে যাবে যদি না জল সরবরাহ করা যায়। কাজেই এটা একটা জাতীয় সমস্যা। আমি সেচমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেছিলেন এটা আমার হাতে নয়, আমি গতকাল চীফ মিনিষ্টারের সঙ্গে দেখা করেছিলাম। আমি এই হাউসের কাছে আবেদন করছি এবং সমস্ত মাননীয় সদস্যদের অনুরোধ করছি যাতে এর একটা ব্যবস্থা হয়। এর দুটো অসুবিধা আছে। একটা হচ্ছে যদি ডি ভি. সির জল ১০।১৫ দিনের জন্য ছাড়া হয় তাহলে কলকাতা সহরে যেখানে ফ্যানের দরকার হয়ত বিদ্যুৎ বা ইলেকট্রিসিটি কনজামসান কমাতে হবে এবং তাতে অসুবিধা হবে। সেইজন্য প্রত্যেক সদস্যকে আপনার মাধ্যমে অনুরোধ করছি, কারণ এই সমস্যাটা অত্যন্ত জটিল ও জরুরী সমস্যা এবং জাতীয় সমস্যা। কাজেই এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী বা সেচমন্ত্রী এই সম্পর্কে একটা ষ্টেটমেণ্ট দিন এই আবেদন আমি করবো। এবং অন্যান্য সদস্যদের আমি অনুরোধ করবো যে তাঁরা এ বিষয়টি উপর গুরুত্ব দিন।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নর্থ-ইষ্ট সালারপুর কোলিয়ারী আসানসোলের—সেখানে মালিক পক্ষ ৫০ জন শ্রমিককে ছাঁটাই করে। তার প্রতিবাদে এবং ঐ কোলিয়ারীর ওয়েজ বোর্ডের এ্যাওয়ার্ড কার্য্যকরী করার দাবীতে গত ১২ দিন ধরে শ্রমিকরা অনশন ধর্মঘট চালাচ্ছিল। এই দাবীর ন্যায্যতা এই থেকে বোঝা যায় কেন্দ্রীয় সরকারের রিজিওনাল লেবার কমিশনার বিগত ২০শে এপ্রিল, ১৯৭২ এই বিসংবাদ চলাকালীন নূতন লোক না নিতে ঐ কোলিয়ারীকে অনুরোধ করেছিল কিন্তু মালিক শ্রমিকদের কথা বা কমিশনারের কথা কিছুই শোনেন নি এরকম পরিস্থিতিতে গতকাল O. C. সালারপুর যেখানে শ্রমিকরা শান্তিপূর্ণভাবে অনশন করছিল তখন তাদের উপর আক্রমণ করে ২৫ জনকে গ্রেপ্তার করা হয়। এর মধ্যে ৯ জন মহিলার মধ্যে ২ জনের অবস্থা আশঙ্কাজনক। Hindusthan Cables থেকে ৯ জন শ্রমিক নেতা ঐ অনশনকারী ধর্মঘটি শ্রমিকদের জন্য relief নিয়ে ঐ কারখানার দিকে যখন যাচ্ছিলেন তখন O. C. ঐ ৯ জনকে গ্রেপ্তার করে। স্থানীয় M. P. কল্যাণ রায় যখন A. D. M.-কে এ নিয়ে বলেন তখন তাঁকে বলা হয় ঐ কোলিয়ারীটা private property, তারা যদি কারুর বিরুদ্ধে নালিশ করে তখন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে এবং relief যদি কেউ দিতে চান তাহলে তা ঐ কোলিয়ারীর Manager-এর কাছে দিলেই হোত। অতএব relief দেওয়ার অপরাধে কাউকে যে গ্রেপ্তার করা চলে এটা আমরা জানি না। এই পরিস্থিতির দিকে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে O. C.-র এই policy কি সরকারী নীতির সঙ্গে সঙ্গত?

**শ্রীতৃপ্তিময় আইচঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্দ্ধমান জেলায় হীরাপুর কেন্দ্রে

ইসকো অবস্থিত। এই ইসকো এশিয়ার মধ্যে একটা গুরুত্বপূর্ণ কোম্পানী। এই কোম্পানীতে ১৮ হাজারের মত লোক পার্মানেন্ট হিসাবে কাজ করে এবং ৬ হাজার লোক কনট্রাক্টরের অধীনে কাজ করে। সম্প্রতি এই ইসকোর ম্যানেজমেন্টের মধ্যে ক্ষমতার একটা লড়াই চলছে। গত ২৫শে এপ্রিল ইসকোর জেনারেল ম্যানেজার মিঃ ল্যামেয়ারের উপর কতিপয় দুর্বৃত্ত বোমা ছোড়ে। তারপর বিনা অনুমতিতে এবং কাউকে না জানিয়ে একমাত্র হলো ওই ইসকোতে অনির্দিষ্ট কালের জন্য তাঁর অনুপস্থিতিতে ওই ইসকো এখন একটা অবিভাবকহীন সংস্থায় পরিণত হয়েছে। এরজন্য সেখানে প্রডাকসন কমেছে। ওই কোম্পানীর মেলটিং সপে যেখানে ডেলি প্রডাকসন হতো ২৮০০ মেট্রিক টন, বর্তমানে হচ্ছে ৬০০ মেট্রিক টন; ব্লাসষ্ট ফারনেসে যেখানে ডেলি উৎপাদন হতো ৩৬০০ মেট্রিক টন, সেখানে হচ্ছে ১২০০ মেট্রিক টন, রোলিং মিল্‌স ও শিট মিল্‌স-এ যেখানে মান্থলি উৎপাদন হতো ৬৫ হাজার মেট্রিক টন সেখানে হচ্ছে ৩৫ হাজার মেট্রিক টন, পিগ্ কাস্‌টিং-এ যেখানে উৎপাদন হতো ১২০০ মেট্রিক টন সেখানে হচ্ছে ৫০০ মেট্রিক টন। এই অবস্থাতে ১৮ হাজার পারমানেন্ট ওয়ার্কার এবং ৬ হাজার টেমপোরারি ওয়ার্কার ভবিষ্যৎ নির্ভর করছে যেখানে, সেখানে এই একটা কারখানা নিয়ে ম্যানেজমেন্ট কোন রকম ছিনিমিনি খেলতে পারে না। কাজেই বেকার সমস্যা সমাধানের জন্য সরকার যেখানে চিন্তা করছেন সেখানে এই সময় ২৮ হাজার লোকের বেকার হবার সমস্যা দেখা দিয়েছে। এটা একটা জাতীয় সমস্যা তাই আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে এই ইসকো জাতীয়করণ করা হোক।

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শান্তিপুর থানায় ফুলিয়া spun pipe কারখানায় হঠাৎ একটা ক্লোজারের নোটিশ ঝুলিয়ে দেওয়া হয়েছে এবং সঙ্গে সঙ্গে সেই কারখানার সমস্ত কর্মচারীরা আবার নূতন করে বেকার হতে চলেছে। খবর জানার সঙ্গে সঙ্গে আমি এর কারণ সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার উদ্দেশ্যে ঐ কারখানার কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করি। কারণ জানতে চাইলে তাঁরা বলেন যে কারখানার উৎপাদনের জন্য কাঁচা মাল হিসাবে সিমেন্ট এবং ষ্টীল পাওয়া যাচ্ছে না। কৃষ্ণনগর Godown-এ সিমেন্ট পর্য্যাপ্ত পরিমাণে রয়েছে। আমি তাই পরিষ্কারভাবে দাবী করছি যে সরকার যেখানে বেকার সমস্যা সমাধানের কথা চিন্তা করছেন এবং শিল্পের উৎপাদন ব্যবস্থা অব্যাহত রাখতে চাচ্ছেন তখন District Godown থেকে এই কারখানাকে priority basis-এ সিমেন্ট সরবরাহ করা হোক।

আর একটা সবচেয়ে বড় সমস্যা হচ্ছে ১৯৬৫ সাল থেকে এই কারখানা সৃষ্টি হওয়ার পর কল্যানী এগ্রো ইরিগেশান ডিপার্টমেন্ট কয় লক্ষ স্পান পাইপ এই কারখানা থেকে নেওয়া হবে তার একটা স্পেসিফিক অর্ডার থাকত। ফলে বাজার সম্পর্কে একটা সুনিশ্চিত ধারণা থাকতো। কিন্তু বর্তমানে দেখছি তারা সাপ্লায়ার লিষ্টে রেখেছেন, কিন্তু কোটা নির্ধারণ করে দিচ্ছেন না। ফলে বাজারে একটা অনিশ্চিত অবস্থার সৃষ্টি হচ্ছে। তাই আমি দাবী করছি এই অ্যানোমলি দূর করুন। আজকের সমস্যা যেখানে উৎপাদন এবং বেকার সমস্যা এবং এর সমাধানের জন্য সরকার চেষ্টা করছেন তখন এইটা দূর করবার জন্য মন্ত্রিমহাশয় ব্যবস্থা করুন।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত দেখেছেন আমাদের নদীয়া জেলায় কয়েকটা সংঘর্ষের ঘটনা ইতিমধ্যেই ঘটে গিয়েছে। আমার এলাকার কুপার্স ক্যাম্পে সেই ধরণের সংঘর্ষ ঘটার মুখে। গতকাল কুপার্স ক্যাম্পে কিছু সমাজবিরোধী লোক একটি মেয়ের প্রতি অশালীন ব্যবহার করে এবং তার প্রতিবাদ জানানোর জন্য আমাদের সি. পি. আই. কর্মীদের উপর ওই সমাজ বিরোধী লোকেরা আক্রমণ সুরু করে এবং তারা বলে যে আমরা যুব

কংগ্রেসের কর্মী। আমরা সি. পি. আইকে এই এলাকায় রাখবো না, আমরা যা করবো তাই আইন। কালকে আমাদের বিশু বলে একজন কর্মীকে মারধর করেছে। তারপর একশো দুশো লোক নিয়ে গিয়েছে ওখানে হামলা করতে। একটা রফা হয়। দু'পক্ষেরই কিছু লোককে ধরা হয়। কিন্তু আবার রাত বারোটার সময় কিছু কর্মীদের উপর চড়াও হয়েছে এবং আজকে সকালে কুপার্স ক্যাম্পে আমাদের অফিস আক্রমণ করেছে। বলেছে যে এখানে কোন সি. পি. আই. অফিস থাকবে না, কম্যুনিষ্ট বলে কিছু থাকবে না। আমরা রাখতে দেবো না। এদের বেশীর ভাগই সি. পি. এমের কর্মী ছিল এবং আগে কুপার্স ক্যাম্পে যত গণ্ডগোল হয়েছে তা এরাই করেছে। এরা সমাজবিরোধী, তার ছেঁড়ে, ছিনতাই করে। এরা যুব কংগ্রেসে অনুপ্রবেশের চেষ্টায় আছে। এরা সব এই ধরণের কাজ করে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে হুঁশিয়ার করে দিতে চাই এই ধরণের গুণ্ডা সমাজবিরোধী যারা আগে সি. পি. এম.এ ছিল যদি এই ধরণের লোক যুব কংগ্রেসে অনুপ্রবেশ পায় তাহলে আবার অন্তর্দলীয় ঘটনা ঘটতে থাকবে। কৃষ্ণনগর বা নবদ্বীপে যা ঘটেছে তাই আবার এখানে হবে। এ ব্যাপারে স্বরাষ্ট্রবিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশীতলচন্দ্র হেমব্রম:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুরুলিয়া জেলার বন্দোয়ান ব্লকে ও মান বাজার ২নং ব্লকে শতকরা ৯০ জন গরীব আদিবাসীদের বাস। তাদের অধিকাংশ আবাদ জমি। গত বছর ঠিক মত ফসল না হওয়ায় বর্তমানে উক্ত ২টি ব্লকে দারুন খাদ্যাভাব দেখা দিয়াছে। বর্তমানে উক্ত ২টি ব্লকে কোন কাজ যোগ নেই, যার ফলে অধিকাংশ অধিবাসী অনাহারে দিন যাপন করতে বাধ্য হয়েছে। বর্তমানে হালের বলদ বিক্রী শুরু হয়ে গেছে। যাদের কিছুটা জমি ভুমি আছে তারা স্থানীয় ব্যবসায়ীদের নিকট নজর বন্ধক দিয়া ১ মণ জুপুরে ( ভুট্টা ) ৩ মন ধান মাঘ মাসে দিবে, এই সর্তে ঋণ স্বরূপ গ্রহণ করিতেছে। কতক লোক কাজের সন্ধানে বর্দ্ধমান, হুগলী জেলার অভিমুখে যাত্রা শুরু করিয়াছে। কতক লোক চুরি ডাকাতি করতে শুরু করেছে। যদি সরকার কর্তৃক উক্ত ২টি ব্লকে ব্যাপক কাজ দিবার ব্যবস্থা না হইলে উক্ত ২টি ব্লকের গরীব শ্রেণীর লোক অনাহারে মারা যাবে, তাতে বিন্দুমাত্রও সন্দেহ নেই। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে উক্ত ২টি ব্লকে দুর্ভিক্ষ প্রপীড়িত ব্লক বলে ঘোষণা করা প্রয়োজন এবং ব্যাপক ভাবে কাজের ব্যবস্থা ও সহজ কিস্তিতে সরকারী ঋণ দিবার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

[2-30—2-40 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী-মহাশয়ের এবং বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি। বাকুড়া জেলার সদর থানা এলাকার গঙ্গাজলঘাঁটি, সালতোরা, সাতনা, বীনপুর, রাণীবাধ, ওঁদা থানায় ভীষণভাবে জলাভাব দেখা দিয়েছে এবং ওখানকার পানীয় জলের যে সব কুয়া আছে তা শুকিয়ে গেছে। প্রতিটি মানুষের পানীয় জলের খুব অসুবিধা দেখা দিয়েছে। এ ছাড়া চাষবাসের জন্য যে কুয়া খোঁড়া আছে তাতে জল নাই এবং মাঠে বর্তমানে যে ফসল আছে সেই ফসল একেবারে শুকিয়ে যাচ্ছে। বর্তমানে বাকুড়ায় যে অবস্থা দেখা দিয়েছে তাতে ১৯৬৭ সালে যে খরা দেখা দিয়েছিল ঠিক সেই মত অবস্থা হয়েছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে বাঁকুড়ার দিকে তাকান এবং সেখানে যে জলাভাব দেখা দিয়েছে তার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। তা নাহলে ওখানকার মানুষ মারা যাবে।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী-মণ্ডলীর এবং বিধানসভার সদস্যদের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে গত বন্যায় সর্বাধিক ক্ষতিগ্রস্ত বলে যে সাতটি জেলার নাম ঘোষিত হইয়াছিল তার মধ্যে মুর্শিদাবাদ জেলা অন্তর্ভুক্ত এবং ভগবানগোলা সেই জেলার অন্তর্গত। ভগবানগোলা দুটি ব্লক নিয়ে গঠিত—ভগবানগোলা ১ এবং ভগবানগোলা ২। উক্ত এলাকায় প্রায় ৯৫ ভাগ কাঁচা বাড়ী গত বন্যায় ধ্বংস হয়ে গেছে। এখানে অনুদান বাবদ আজ পর্যন্ত ভগবানগোলা ১—এখানে অনুদান দেবার যোগ্য একটি পয়সাও দেওয়া হয় নি। এবং ২নং ব্লকের সাতটি অঞ্চল, তার মধ্যে তিনটি অঞ্চল যৎকিঞ্চিত পেয়েছে। বিশেষ করে ২নং ব্লকে একটা চর অঞ্চল নামে অভিহিত আছে সেটা পদ্মা গর্ভে। গত বন্যা চলে গেছে, আবার বন্যা আসন্ন—এই অবস্থায় আমরা এলাকা ঘুরে দেখেছি সেখানকার মানুষ তাঁবুর নীচে বা গাছের তলায় কিম্বা অন্যের বাড়ীতে যে অবস্থায় আছে তাতে তাদের মাথা গুঁজবার জায়গা নেই। আমি সেজন্য বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেভাবেই হোক টাকার ব্যবস্থা করে তাদের যেন মাথা গুঁজবার ব্যবস্থা করা হয় জরুরী ভিত্তিতে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে বাংলা দেশে গত জুলাই মাসে যে বীভৎস বন্যা হয়ে গেছে তাতে কৃষকদের গরু মারা গেছে কিন্তু সে গরু কেনা বাবদ সরকার তাদের কোন ঋণের ব্যবস্থা করেন নি। বাংলা দেশের কৃষকরা যদি গরু কিনতে না পারে, তাদের যদি হালের বলদ না থাকে তাহলে চাষ করা আদৌ সম্ভবপর নয়। বর্ষা আগতপ্রায়, আউসের জমি চাষ হতে চলেছে, কৃষকদের ঘরে পাটের বীজ নাই, ধানের বীজ নাই এবং এই অবস্থায় তাদের যদি গরু না থাকে এবং তারা যদি গরু কিনতে না পারে তাহলে তাদের পক্ষে চাষ করা আদৌ সম্ভবপর নয় এবং যারা লাঙ্গল বিক্রি করে তাদেরও হালের বলদ নাই। সেজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে তাদের গরু কেনার টাকা দেওয়া হয় এবং যাতে তার দ্বারা চাষবাসের কাজ আরম্ভ করার ব্যবস্থা করা হয় তার ব্যবস্থা করুন।

**শ্রীমনোরঞ্জন হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের সামনে রাখছি। বর্তমানে ২৪-পরগণার অন্তর্গত ডায়মণ্ডহারবারে চুরি ডাকাতির প্রকোপ বেড়ে চলেছে। এর মুখ্য কারণ হিসাবে আমি বলি ওখানকার ডায়মণ্ড-হারবারের এস. ডি. ও., এস. চক্রবর্তী তিনি কয়েকটি নকশাল কেস এবং কয়েকটি ডাকাতি কেসে যারা এ্যারেষ্ট হয়েছিল তাদের কিছু টাকার বিনিময়ে জামিন দিয়েছেন এবং আজকাল যে চুরি ডাকাতি হচ্ছে তার মধ্যে ঐ সব লোক জড়িত আছে। এই ব্যাপারে আমি একজন নকশালের নাম বলছি। একটি কেসে মার্ডার করা হয়েছিল যাকে আইডেনটিফাই করেছে সেই লোকের স্ত্রী, ছেলে ও মেয়ে, যে করেছিল তার নাম বিজন হাজরা। মগরাহাট থানার অন্তর্গত হটনগর বলে একটা জায়গা আছে সেখানে এই মাডার হয়েছিল কিন্তু মাত্র ৫০০ টাকার বিনিময়ে সেই নকশালী নেতা বিজন হাজরা যে এ্যারেষ্ট করা অবস্থায় ছিল তাকে জামীন দেওয়া হয়েছে। আমি মাননীয় বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি তিনি যেন এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিসের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩ তারিখের বসুমতী কাগজে সংবাদ বেরিয়েছে, বিচারকদের

প্রতি অবিচার। ষ্টেট জুডিসিয়াল সার্ভিস থেকে শতকরা ৭৫জনকে ষ্টেট হাইয়ার জুডিশিয়াল সার্ভিসে প্রমোশন দেওয়া হতো কিন্তু এখন সরকার চিন্তা করছেন সমস্তই বাইরে থেকে লোক দেওয়া হবে। এর ফলে ষ্টেট জুডিশিয়াল সার্ভিসের লোকেরা ক্ষুব্ধ হয়েছেন এবং বিচারকরা রাইটার্স বিল্ডিং-এ গিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গণতন্ত্রে জুডিশিয়ারির নিরপেক্ষতা এবং স্বাধীনতা অত্যন্ত জরুরী এবং এটা রক্ষা করবার জন্য আমাদের সংবিধানে কিছু কিছু রক্ষাকবচ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধানের আর্টিকেল ১২৫ এবং আর্টিকেল ২২১-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। Neither the privilege nor the allowances of a Judge nor his rights in respect of leave or absence or pension shall be varied to his disadvantage after his appointment.

**Mr. Speaker** : Mr. Bera, these are policy matters. What is the utility of mentioning these things ?

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** মাননীয় স্পীকার মহাশয়, এটা অত্যন্ত জরুরী ব্যাপার। এখানে বিচারকরা একজিকিউটিভের কাছে তাদের জন্য প্রার্থনা করতে হবে। এটা বিচারকের প্রতি একটা অত্যন্ত অবিচার করা হচ্ছে এবং এই ব্যাপারটা এখানে আলোচনা হওয়া দরকার। এখানে বিচারকদের যদি একজিকিউটিভের কাছে গিয়ে তাদের নিজেদের প্রমোশনের জন্য প্রার্থনা করতে হয় তাহলে বলতে হবে যে গণতন্ত্রের ইতিহাসে ভয়াবহ দিন এগিয়ে আসছে।

**Mr. Speaker.** : Mr. Bera, I am afraid, you are misusing the right given under rule 351, which is not for mentioning policy matters.

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করবো। আমরা খবরের কাগজে দেখলাম যে, আমাদের মুখ্যমন্ত্রিমহাশয়, শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়, তিনি সরকারী চাকুরীর ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন আবার উপস্থিত করছেন। এটা যুক্তফ্রন্টের আমলে উঠেগিয়েছিল কিন্তু এটা চালু হলে পুলিশ আবার তার পলিটিক্যাল ডিসক্রিমিনেশন ঘটাবে। এইভাবে সরকারী চাকরীর ক্ষেত্রে নিয়োগ করা হলে অত্যন্ত অন্যায় করা হবে। আমি এর প্রতিবাদ করছি এবং আশা করবো যে মুখ্যমন্ত্রিমহাশয় এটা বিবেচনা করে প্রত্যাহার করে নেবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের বন্যা প্রপীড়িত এলাকায় এবং যে সমস্ত খরা পীড়িত এলাকায়, পশ্চিমবঙ্গের সমস্ত জায়গায় একটা হাহাকার উঠেছে। শুধু হাহাকার খাদ্যের অভাবেই উঠেছে তা নয়, বেকার শ্রমিকদের কাজের অভাব, পানীয় জলের অভাব এবং সেচের অভাব ঘটেছে। আমরা বারবার বিভিন্ন উপায়ের মাধ্যমে, এই সংসদীয় ব্যবস্থার মধ্যে দিয়ে মন্ত্রিমহাশয়ের কাছে বক্তব্য তুলে ধরেছি কিন্তু দুঃখের বিষয়—আমি প্রত্যেকটি জেলার মাননীয় সদস্যদের কাছ থেকে খবর নিয়েছি যে এখন ধান বোনার সময় আসছে কিন্তু ধানের বীজের দাম ৯০—১০০ টাকা, পাটের বীজের কেজি ৮ টাকা থেকে ১৮ টাকা। আমাদের মাননীয় ফজলে হক, স্বরাষ্ট্র বিভাগের রাষ্ট্রমন্ত্রী, তিনি আমাদের ওখানে একটি কর্মীসভা হয়েছিল, সেখানে তাঁকে জানিয়েছিলাম যে জলংগী মার্কেটিং কো-অপরেটিভ সোসাইটির মাধ্যমে কিছু পাটবীজ দেওয়া হয়েছিল কিন্তু সেই বীজ রাতের অন্ধকারে সেয়ার হোল্ডারদের নামে ডিষ্ট্রিবিউশন হয়েছে, কি জয়বাংলার দিকে চলে গিয়েছে কিম্বা কোন গুপ্ত পথে চালান করে দেওয়া হয়েছিল।

[2-40—2-50 p.m.]

এমন একটা অবস্থা সেখানে, একটা অস্বাভাবিক অবস্থা চলেছে, একদিকে যেমন টেষ্ট রিলিফের কাজ নাই, অন্য দিকে জি. আর. নাই, এই অবস্থায় আবার ধানের দর হু-হু করে বেড়ে চলেছে, চালের দর বেড়ে চলেছে। আপনি স্যার, খবর নিন্ দেখবেন একটা অস্বাভাবিক অবস্থা চলেছে সর্বত্র।

আমি স্যার, আপনার মাধ্যমে আর একটা বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে স্যার, পানীয় জলের কি অবস্থা, এমন এমন জেলা নাই যেখানে পানীয় জলের অভাব নাই। টিউবওয়েল পানীয় জল দিচ্ছে না, আজকে যে সেচের জল দেয় টিউবওয়েল, সেখানে জল উঠছে না, স্যালো টিউবওয়েল বসিয়ে অনেক জেলায়ই জল দিচ্ছে না। অথচ এখানে আমরা দেখি মন্ত্রিমহাশয় যখন উত্তর দেন বা কোন সাবজেক্টের উপর বলেন, তখন কথা শুনে মনে হয় বুঝি ৭ দিনের মধ্যে ব্যবস্থা হয়ে যাবে। আমরা দাবী জানালে পরে স্যালো টিউবওয়েল, ডীপ টিউবওয়েল হয়ে যাবে। আজকে সাত দিন নয়, ৩৫ দিন হয়ে গেল, একটা অস্বাভাবিক অবস্থা চলছে সবত্র, আমরা স্যার, কার কাছে আবেদন করব? এই এসেম্বলী শেষ হলে আমরা আপন আপন বাড়ী চলে যাব, আপনি যদি আমার এলাকায় খবর নেন তা দেখবেন যে এমন অবস্থা সেখানে আমাদের পিঠের ছাল বাচানই দায় হবে। গ্রামে হাউস বিল্ডিং গ্রাণ্ট-এর কি হবে, টেষ্ট রিলিফের কি হবে, জি. আর. এর কি হবে, পাটের বীজ কোথায়, এই সব কথা বলে আমাদের তাড়া করছে। সেখান থেকে সহরে আসছি, সহরে এসেও তারা ধাওয়া করছে, এসেম্বলী হোষ্টেলে থাকি, সেখানে পারমিশন নিয়ে এক একজন লোকের পিছনে ১০০ জনের মত লোক লাইন দিয়ে আসছে, আমাদের বই পত্র পড়ারও উপায় নাই—একটা অস্বাভাবিক অবস্থা চলেছে। কাজেই এই অবস্থা যদি চলতে থাকে, তাহলে এক একটা বিল আনবেন এখানে আর পাশ করবেন এবং এইভাবে ৫।৭ বছর চলে যাবে, আর তাতেই কি লোকের ক্ষুধা নিবৃত্তি হয়ে যাবে? আমরা এখানে মেন্শন করছি, কলিং এটেনশন দিচ্ছি এবং অনেক প্রসেসের মাধ্যমে মন্ত্রিসভা এবং হাউসকে জানাচ্ছি, সদস্য মহাশয়দের কাছ থেকে মন্ত্রিমহাশয়রাও শুনতে পাচ্ছেন, আমার কিন্তু মনে হচ্ছে মন্ত্রিমহাশয়রা এক কান দিয়ে শুনছেন আর আর এক কান দিয়ে তাদের বেরিয়ে যাচ্ছে, গ্রামের দিকে তাকান, বিহিত ব্যবস্থা করুন। একটা ইন্কুইয়ারীও হচ্ছে না। আমি আমার জেলা থেকে ৩।৪ দিন আগে এসেছি, সেখানে একটা সাব ডিভিশনে ১২ হাজার টাকা দিয়েছেন,—৬টা স্কীমে টেষ্ট রিলিফ হবে ১২টি ব্লকে, চিন্তা করুন স্যার, কি অবস্থা। সর্বত্র এই অবস্থা, অন্যান্য সদস্যদের জিজ্ঞাসা করুন, আপনি স্যার বুকে হাতদিয়ে বলুন আজকে কি অবস্থা চলেছে। এই যদি অবস্থা হয়, তাহলে আমরা ইলেক্টরেটদের যে কথা দিয়ে এসেছিলাম তা রক্ষা করতে পারবো কিনা সেটা বিচার করে দেখুন, আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যদের কাছে এ বিষয়টা তুলে ধরছি, সমস্ত সমস্যা না হোক্ আমরা অন্ততঃ আংশিক সমাধানও চাই। ৫ বছরের কাজ ৩৫ দিনে হবে না জানি কিন্তু ৩৫ দিনের সরকার বলে আমরা বেশী দিন বাঁচতে পারব না। এখানে চার দিকে আইন প্রণয়ন করে দমন করবার চেষ্টা করছেন, রাউডিজ্ম দমন করবার চেষ্টা করছেন, কিন্তু যে অভাব দেখা দেবে তা চিন্তা করে দেখুন। ২২ দিন ২৪ দিন চাষীর ঘরে ভাত নাই, গম ভাঙ্গিয়ে যেগুলো খাবে তার জন্য জলের ব্যবস্থাও নাই, সর্বত্র এই অবস্থা চলছে। সেজন্য আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করে সুবিচার চাইছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার নিকট একটু সময় চাইছি, বাধ্য হয়ে আজকে একটু ইণ্টারভেনশন করতে হচ্ছে। আমি আনন্দিত যে মুখ্যমন্ত্রী মহাশয়

এই সময় এসেছেন। স্পীকার মহাশয়, একটা জিনিষ আপনার নিশ্চয়ই মনে আছে যে আমাদের এই আইনসভায় বিরোধী দল নাই এবং যে ধরণের ঘটনা এখানে প্রতিদিন মেনসন করা হচ্ছে, বিরোধীদল যদি থাকত তাহলে অন্ততঃ আধঘণ্টা এই সভায় কোন কাজ হত না। গণতান্ত্রিক প্রগতিশীল মোর্চার অংশীদার পার্টির নেতা হিসাবে কয়েক মিনিট আমার ইণ্টারভিন করা কর্ত্তব্য। আধঘণ্টা বা ৪৫ মিনিট-এর কথা বলবনা, আমি যে কথাটা বলতে চাইছি, প্রতিদিন আমি এখানে লক্ষ্য করছি মেনশনের সময় অনেক গুরুত্বপূর্ণ বিষয় আমাদের সদস্যরা এই সভায় তুলেন।

যদি সাধারণ চলতি হিসাবে বা শুধু মেনসন হিসাবে একে গ্রহণ করা হয় এবং অগ্রাহ্য করা হয় অর্থাৎ এটা শুনতেও পারি, নাও শুনতে পারি, এটা রেকর্ড করতে পারি, নাও করতে পারি তাহলে কিন্তু ভুল হবে। কারণ আইনসভাতে প্রাকটিস-এর ভেতর দিয়ে কতগুলি নূতন নূতন প্রিসিডেণ্ট, কনভেনসন ক্রিয়েটেড হয়। আমি লক্ষ্য করছি সভ্যরা মেনসনের ভেতর দিয়ে, মেনসনের সুযোগ নিয়ে অনেক গুরুত্বপূর্ণ কথা বলেন যেটা হয়ত অনেক সময় ডিবেটেও আসেনা। কাজেই আমি আশাকরি এই মেনসনের সময় মন্ত্রিবা এবং মুখ্যমন্ত্রিমহাশয় এখানে থাকবেন এবং কি কি বিষয় আসছে সেই বিষয় নোট নেবেন যাতে তাঁদের দৃষ্টির বাইরে এগুলি না যায়। আজকে দুটি গুরুত্বপূর্ণ বিষয় উঠেছে এবং আমি সেই বিষয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটি বিষয় যা উঠেছে তা হল খাদ্য, পানীয়জল, চাষবাস ইত্যাদি বিষয় নিয়ে গ্রামে চরম দুর্দশা দেখা দিয়েছে। আর একটি বিষয় যা উঠেছে তা হ'ল মারপিঠ, গুণ্ডামি এবং নানারকম অত্যাচার। আজকে মেনসনের মাধ্যমে আসানসোলে মারপিঠ, অত্যাচার, কুপার্শ ক্যাম্পে মারপিঠ এইসব কথা উঠেছে। আমি শুনেছি সোনারপুরেও এই ঘটনা ঘটেছে। আমি কালকে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেছি কাশীপুরে এরকম ঘটনা ঘটেছে। এই যে মারপিঠ, অত্যাচার চলছে তাতে কোথাও দেখছি পুলিশ মারপিঠ করছে, আবার কোথাও দেখছি পুলিশ চুপ করে আছে। আবার কোথাও দেখছি গুণ্ডারদল পার্টির নাম নিয়ে, তাদের সাইনবোর্ড নিয়ে অত্যাচার করছে এবং পুলিশ চুপ করে আছে, কোন রকম হস্তক্ষেপ করছেনা। আমি মনে করি এর প্রতিকার এখনই করা দরকার। গ্রামের পানীয়জল, খাদ্য, রিলিফ ইত্যাদি বিষয় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যেমন অবহিত হবেন ঠিক সেইরকম এই মারপিঠ, অত্যাচার, মেয়েদের লাঞ্ছনা প্রভৃতি ব্যাপারেও চিফ মিনিষ্টার এমনভাবে অবহিত হবেন যাতে ১৫দিন বা ১মাসের মধ্যে যারা এইসমস্ত মারপিঠ করছে তারা যেন বুঝতে পারে যে এই সব চালাকি আর চলবে না। অর্থাৎ সি. পি. এম, সি. পি আই., যুব কংগ্রেস এবং কংগ্রেসের সাইনবোর্ড নিয়ে এইসব জিনিষ যে আর চলবেনা এটা যেন তারা বুঝতে পারে, আমরা চিরকাল দেখেছি একদল গুণ্ডা রুলিং পার্টির আশ্রয় নিতে চায়, পার্টির প্রোটেকসন চায়। ১৯৬৯ সালে দেখেছি এরকম একদল সি. পি. এম এর আশ্রয় নিয়েছিল। আজকে হয়ত তারাই আবার যুবকংগ্রেস এবং কংগ্রেসের আশ্রয় নেবে এবং পুলিশ সেখানে চুপ করে থাকবে। কাজেই চিফ মিনিষ্টার এরকম ব্যবস্থা অবলম্বন করুন যাতে পশ্চিমবাংলার জনসাধারণ-এর এরকম একটা ধারনা হয় যে সরকার শান্তি-শৃঙ্খলার চেষ্টা করছেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, বিশ্বনাথবাবু যে কথা বললেন সেটা গুরুত্বপূর্ণ এবং সরকারের নজর সেদিকে আছে বিশেষকরে আইন শৃঙ্খলার ব্যাপারে। যেখানে যেখানে মারামারি হচ্ছে সেখানে সেগুলি থামাবার জন্য চেষ্টা করা হচ্ছে। আমি একবার নয়, দু'বার নয়, বারবার বলেছি সরকার দৃঢ় প্রতিজ্ঞ 'ল এ্যাণ্ড অর্ডার' মেনটেন করবার জন্য। কেউ যদি কংগ্রেসের ফ্ল্যাগ নিয়ে, সি. পি. আই এর ফ্ল্যাগ নিয়ে বা সি. পি. এম এর ফ্ল্যাগ নিয়ে গুণ্ডামি করে তাহাল পুলিশ তাকে গ্রেপ্তার করবে, তার বিরুদ্ধে এ্যাকসন নেবে। নদীয়া জেলায় কিছু

ঘটনা ঘটেছে এবং সেখানে গ্রেপ্তার করা হয়েছে, অন্যান্য জায়গায়ও গ্রেপ্তার করা হচ্ছে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের দৃষ্টি আছে বলে আমরা পুলিশ ভেরিফিকেসন করছি, প্রত্যেক সরকারী কর্মচারীর জন্য। অর্থাৎ গুণ্ডা যাতে সরকারী কর্মচারী হিসাবে নিযুক্ত না হয় সেটা আমাদের দেখা কর্তব্য। এই বিষয়ে আমরা সজাগ আছি বলে এই কয়েক মিনিটের মধ্যেই ওয়েস্ট বেঙ্গল মেনটেনানস অব পাবলিক অর্ডার বিল এই হাউসে উত্থাপন করছি

### Resignation of Membership

**Mr. Speaker :** Honourable Members, I have to make an announcement.

Shri Mohammad Gofurur Rahaman of vill. Sultanganj, P.O. Kutubganj, Dist. Maldah, who was elected to be the West Bengal Legislative Assembly from 41-Maldah constituency, has resigned his membership to the West Bengal Legislative Assembly with effect from 19th April, 1972.

### Statement Under Rule 346

**Mr. Speaker :** Hon'ble Minister-in-charge of Agriculture and Community Development may make a statement under Rule 346.

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় স্পীকার মহাশয়, গ্রামে জলসরবরাহ করার ব্যাপারে সরকার একটা ব্যবস্থা নিয়েছেন, সেই ব্যাপারে আমি একটা ষ্টেটমেণ্ট করছি। আগে জলসরবরাহের যে নিয়ম ছিল তার বদল করে মোটামুটি ব্লক লেভেলে ওয়াটার সাপ্লাই এর একটা কমিটি করা হয়েছে সেই কমিটির কনভেনার হচ্ছেন বি. ডি. ও এবং মেম্বার হচ্ছেন স্থানীয় এম. এল. এ কিংবা তার নমিনি প্রতিনিধি এবং প্রত্যেক অঞ্চল থেকে একজন করে গভর্ণমেণ্ট নমিনি থাকবেন এবং সাব এ্যাসিস্ট্যাণ্ট ইনজিনিয়ার পাবলিক হেলথ প্রত্যেক ব্লকের সঙ্গে এ্যাটাচ থাকবেন, তিনিও মেম্বার এবং এই কমিটির সভাপতি হচ্ছেন এম. এল. এ, যদি এম.এল. এ উপস্থিত না থাকেন তাহলে ননঅফিসিয়াল মেম্বার যাঁরা আছেন তাঁদের মধ্যে থেকে একজনকে সভাপতি করা যেতে পারে। এবং তিনিই সেই সভা পরিচালনা করবেন এবং এর ফাংশান হচ্ছে এক একটা ব্লকের যে সমস্ত জায়গাতে টিউবওয়েল কিংবা ওয়েল খারাপ হয়ে গেছে অথবা যে সমস্ত জায়গায় পিনপয়েণ্ট সাইট ঠিক করবেন, অথবা সাইট সিলেকশন করবেন এইকমিটি সেইসমস্ত টিউবওয়েল মেণ্টেনেন্স, রিসিংকিং এবং সিংকিং এর জন্য সমস্ত ব্যবস্থা নেবেন এবং সেই হিসাবে গভর্ণমেণ্টের একটা অর্ডার প্রত্যেক সদস্যদের দেবার জন্য রেখেছি, আশাকরি আপনারা সেটা সকলে নিয়ে নেবেন।

[2-50—3-00 p.m.]

### The West Bengal Maintenance of Public Order Bill, 1972.

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Maintenance of public order bill, 1972.

( Secretary then read the Title of the Bill )

**Shri Siddhartha Shankar Roy :** Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Maintenance of Public Order Bill, 1972, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা উত্থাপন করতে গিয়ে আমার সদস্যদের সম্মুখে কতকগুলো কথা বিস্তারিতভাবে রাখতে হবে, কারণ এই বিল সম্বন্ধে কতকগুলো সন্দেহজনক বক্তব্য রাখা হয়েছে। সে বিষয়ের বিরুদ্ধে কিছু বলছি না, আমি খালি সরকার কেন এই বিলটা আনছেন, সেটা মাননীয় সদস্যদের সামনে রাখবার চেষ্টা করছি। এই বিল উচিত কিনা—সেটা মাননীয় সদস্যরা নিশ্চয়ই বিচার করবেন কিন্তু এই বিলটা কেন রাখা হয়েছে তার জন্য নিশ্চয়ই আমায় দায়িত্ব, আমার কর্তব্য প্রত্যেক মাননীয় সদস্যদের সামনে বিস্তারিতভাবে আমার বক্তব্যের মাধ্যমে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত নির্বাচনে যখন পশ্চিমবাংলার মানুষ আমাদের বিপুল সংখ্যাগরিষ্ঠতায় এই বিধানসভায় পাঠায়, তখন তারা এই আশা নিয়ে পাঠিয়েছিল এটাই ছিল তাদের প্রথম আশা যে আমরা শান্তি ফিরিয়ে আনতে পারবো, পশ্চিমবাংলায় আমাদের মোর্চার যে বিপুল জয়, তার প্রধান কারণ ছিল পশ্চিমবাংলার মানুষ চেয়েছিল শান্তির পরিবেশে বাস করতে, যাতে তাদের জীবন-যাপন করতে কোনরকম কষ্ট না হয়, অশান্তি যাতে দূর হয় এই পশ্চিমবাংলা থেকে, সেদিক থেকে আমাদের একটা বিরাট দায়িত্ব আছে, আমাদের দায়িত্ব আছে প্রত্যেকটি পশ্চিমবাংলার মানুষের প্রতি, তারা যাতে শান্তিপূর্ণভাবে জীবন-যাপন করতে পারে। কিছুক্ষণ আগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মাননীয় বন্ধু বিশ্বনাথ মুখার্জী মহাশয়, যেকথা বলেছিলেন 'ল এ্যাণ্ড অর্ডার' সম্বন্ধে, তাঁর সঙ্গে আমি সম্পূর্ণ একমত, 'ল এ্যাণ্ড অর্ডার' আরও অনেক ভাল করতে হবে, অনেকটা ভাল হয়েছে, প্রত্যেক জায়গা থেকে খবর আসছে, পশ্চিমবাংলার বাইরে যাঁরা থাকেন, তাদের ধারণা পশ্চিমবাংলার অবস্থা অনেক ভাল হয়ে গেছে, শান্ত হয়ে গেছে। কিন্তু আমরা চাই আরও ভাল করতে, জায়গায় জায়গায় এখনও হামলা হচ্ছে, কিছু কিছু জায়গায় এখনও আমাদের লিফলেট সিজ করতে হচ্ছে, যেসমস্ত এ্যাডভেনচারিস্ট লিফলেটের মাধ্যমে ভায়লেন্স প্রচার করে, সেই লিফলেটগুলো আমাদের সিজ করতে হচ্ছে। সুতরাং কিছু কিছু মানুষ এখনও আছে যারা বোমার পথে বিশ্বাসী, রিভলবারের পথে বিশ্বাসী, ইণ্ডিভিজুয়্যাল মার্ডারের পথে বিশ্বাসী।

যারা individual violance-এর পথে বিশ্বাসী, তাই তাদের সম্পর্কে আমাদের সতর্ক থাকতে হবে। এ বিষয়ে যদি পূর্বাহ্ণে আমরা সতর্ক না হই, তাহলে সেটা আমাদের পক্ষে দায়িত্ব-জ্ঞানহীনতার কাজ হবে, সে সরকার হবে দায়িত্ব-জ্ঞানহীন সরকার। তাই পশ্চিমবঙ্গের প্রত্যেক ভাইবোনের কাছে আমাদের একটা কর্তব্য আছে তাদের জীবনে যাতে আর অশান্তি না আসে সেটা দেখা। ছাত্র-সমাজ থেকে অশান্তি দূর করতে হবে, শিক্ষা প্রতিষ্ঠান থেকে অশান্তি দূর করতে হবে, আমাদের জাতীয় জীবনের প্রত্যেকটি ক্ষেত্র থেকে অশান্তি দূর করতে হবে। আর দূর করতে হবে কালোবাজারী ও চোরাবাজারীদের যেসমস্ত সমাজবিরোধী কার্যকলাপ। যারা Essential Commodities নিয়ে কালোবাজারী করে, চোরাবাজারী করে তাদের সেই পাপ ব্যবসা যাতে আর চালাতে না পারে সেটাও আমাদের দেখা কর্তব্য, দেখার দরকার আছে। ঠিক সেইরকমভাবে Essential Services যেগুলি আছে, তার কাজকর্ম যাতে ঠিকমত চলে তাও আমাদের দেখতে হবে। ইলেকট্রীক লাইট, পাওয়ার যা সকলের দরকার, থার্মাল প্ল্যাণ্ট, পাওয়ার তা কেউ যাতে ধ্বংস করতে না পারে, যখন-তখন বন্ধ করতে না পারে আমাদের কর্তব্য তার চেষ্টা করা। এই সমস্ত essential services এর কাজ তারা যাতে ঠিকমত চালিয়ে যেতে পারে তাও আমাদের দেখতে হবে। সেইজন্য আমরা এই বিল নিয়ে খুব গভীরভাবে scrutinise করেছি, এ বিল আনা উচিত কি না, আমার কাছে কয়েকজন বন্ধু অনুরোধ করেছে, এই বিল না এনে পারা যায় কি না। কালকেও এই সম্পর্কে বিশ্বনাথবাবুর সঙ্গে কথাবার্তা হচ্ছিল। তাঁর সঙ্গে অনেকগুলি ব্যাপারে আমি একমত—কালকে অনেকক্ষণ ধরে অনেক রাত পর্যন্ত কথাবার্তা হয়েছে। আজও

এক ঘণ্টা দেড় ঘণ্টা তাঁর সঙ্গে আলোচনা করে দেখেছি এবং এই সিদ্ধান্তে পৌছেছি যে এই বিল আনা ছাড়া সরকারের কোন উপায় নাই, গতি নাই। তার কারণ কতকগুলি জিনিষ যা হচ্ছে বা বলা যায় হবার আশঙ্কা হচ্ছে, এখন থেকে যদি সে সম্বন্ধে আমরা সতর্ক না হই, সরকার কতকগুলি ক্ষমতা হাতে না নেয়, তাহলে ভবিষ্যতে প্রয়োজনের সময় আমরা ঠিকমত ব্যবস্থা করতে পারবো না ; ভবিষ্যতে যদি কোন অরাজকতা সময়মত আমরা বন্ধ করতে না পারি, তাহলে দেশের মানুষ কোনদিন আমাদের ক্ষমা করবে না। আমরা বলেছি administration-এর কথা, আমরা বলেছি গণতন্ত্রের কথা। Administration-এর কথাও ভেবেছি। শুধু কংগ্রেস পার্টির কথা ভেবেছি তা নয়, আমি সরকারের কথা বলছি—গণতন্ত্রের কথা বলছি, আমি বলছি সংবিধান অনুযায়ী আমাদের যে administration, সেই administration-এর কথা। যদি অরাজকতা বন্ধ করতে না পারি, তাহলে মানুষের অবিশ্বাস জন্মে যাবে আমাদের উপর, গণতন্ত্রের উপর। অবিশ্বাস জন্মে যাবে every way of life-এর উপর। তারজন্য আমাদের উপর যে দায়িত্ব ন্যস্ত হয়েছে, সেই দায়িত্ব আমাদের যথাযথভাবে নিষ্ঠার সঙ্গে পালন করতে হবে। আমরা একটা নীতি অনুযায়ী চলতে চাচ্ছি। সংবিধানের মাধ্যমে আমরা সমাজে আনতে চাচ্ছি বিপ্লব, আমরা শান্তির পথে সমাজে আনতে চাচ্ছি বিপ্লব, আমরা অহিংসার পথে সমাজে আনতে চাচ্ছি বিপ্লব। তাই আমরা যদি আগে থেকে সতর্ক না হই, তাহলে আমাদের এই সমস্ত প্রচেষ্টা নষ্ট হয়ে যাবে। অরাজকতা নিয়ে আসবে। তাই আমরা যদি ভুল করে আজ সরকারের হাত থেকে অনেকগুলি ক্ষমতা ছেড়ে দেই বা ক্ষমতা কেড়ে নেই, তাহলে পরে দেখবো যে, যে আগুন জ্বলবে, তা নেভাবার কোনরকম ব্যবস্থা করা যাবে না। দু-তিন বছর আগের ইতিহাস পশ্চিমবঙ্গের যদি দেখি, বেশী দূর যেতে হবে না, যখন Preventive Detention Act সরকারের হাত থেকে চলে গেছে, যখন West Bengal Security Act সরকারের হাত থেকে চলে গেছে, তখন চতুর্দিকে জেলায় জেলায়, মহকুমায় মহকুমায়, গ্রামে গ্রামে যে আগুন জ্বললো, সে আগুন নেভাবার ক্ষমতা তখন সরকারের ছিল না। দ্বিতীয় যুক্তফ্রণ্ট সরকারের আমলে আমরা দেখেছি কী অসহায় অবস্থায় সরকার ও তার administration দাঁড়িয়ে আছে। কোনরকম ব্যবস্থা কিছু নাই, একটা গুণ্ডার রাজত্ব চলছে।

মাননীয়া ইলা মিত্র একটা গুরুতর কথা বলেছেন। আমি তা স্বীকার করি Under ordinary circumstances police verification-এর ব্যবস্থা সরকারী কর্মচারীদের ক্ষেত্রে থাকার কোন দরকার নাই। কিন্তু অবস্থাটা কি হচ্ছে? এখন আমাদের অত্যন্ত সতর্ক থাকতে হবে। আমাদের উপর পশ্চিমবঙ্গের মানুষ যে দায়িত্ব দিয়েছেন, তার যোগ্য আমাদের হতে হবে। এই দায়িত্ব পালনের যোগ্যতা যদি আমাদের না থাকে, এই দায়িত্বের যোগ্য যদি আমরা না হতে পারি, তাহলে আমাদের উচিত এই সরকার থেকে বেরিয়ে চলে যাওয়া।

[ 3-00—3-10 p.m. ]

কঠোর হয়ত হবে অনেকগুলি ব্যাপার। কিন্তু কঠোর হতে হবে নিজেদের শক্তি বাড়াবার জন্য। কঠোর হতে হচ্ছে কেন না যাতে পশ্চিমবঙ্গের মানুষের জীবনে সুখ আসে তার জন্য কঠোর হতে হচ্ছে, পশ্চিমবঙ্গের মানুষের জীবনে যাতে শান্তি আসে তার জন্য কঠোর হতে হচ্ছে, পশ্চিম-বঙ্গের যাতে সামগ্রিক উন্নতি হয় তার জন্য কঠোর হতে হচ্ছে। এখানে যে আইনটা আনা হয়েছে কেউ কেউ বলবেন যে এটা আনার কি দরকার—মিসা আছে তো। কিন্তু এই আইন সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, মিসা হচ্ছে প্রিভেনটিভ ডিটেনশন এ্যাক্ট, পিউনিটিভ এ্যাকশন আইন নয়। মিসায় ধরে এক বছর রাখা যায় উইদাউট ট্রায়ালে কিন্তু উইদাউট ট্রায়ালে আটকে রাখার আমরা

পক্ষপাতি নই সব সময়। যদি কেউ অন্যায় করে থাকে তাকে কোর্টে নিতে হবে অন্য আইনে। এবং সেইজন্য অন্য আইন রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিসা আইনে কোর্টে নিয়ে যাবার কোন প্রভিশন নাই। মিসা হচ্ছে প্রিভেনটিভ আইন, আর এই আইন হচ্ছে পিউনিটিভ আইন। মানুষকে উইদাউট ট্রায়ালে ধরে রাখার পক্ষপাতি আমাদের দল নয়, আমাদের মোর্চা নয়,আমিও নই। আমাদের সে ইচ্ছা নেই বলেই তার জন্য একটা পিউনিটিভ আইন আনা দরকার, এবং এই বিলটা একটা পিউনিটিভ আইন।

দ্বিতীয়তঃ মিসায়, যে গাড়ি করে স্মাগলিং করছে, বন্দুক স্মাগলিং করছে, বোমা স্মাগলিং করছে সেই স্মাগলারকে হয়ত ডিটেন্ করা যায় কিন্তু সেই গাড়ি ডিটেন করা যায় না। সেই গাড়ি মিসায় রিকুইজিসন করা যায় না। এই আইনে সেই ক্ষমতা দেওয়া হচ্ছে। যেসমস্ত জিনিষ নিয়ে বোমা বাজী করা হচ্ছে রিভলবার ছোড়া হচ্ছে ইত্যাদি, ইত্যাদি সেগুলি রিকুইজিশন করার ক্ষমতা এই আইনে আছে যেটা মিসায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইনে ৬৮ চেপটার আছে, প্রথম চেপটার হচ্ছে ডেফিনেশন চেপটার; মানুষ আইনের সাহায্য পাবেন। এই ডেফিনশেন চেপটারে আছে এসেনশিয়াল সার্ভিসের ডেফিনিশন, এসেনশিয়াল কমোডিটিস-এর ডেফিনিশন,, প্রোটেকটেড প্লেসের ডেফিনিশন, সাবভার্সিভ এ্যাক্ট-এর ডেফিনেশন, এইগুলির কথা এমন বিস্তারিতভাবে কোন আইনে কোথাও পাবেন না। আমরা যদি দেখি এই আইনের দ্বারা সমস্ত বে-আইনি কাজ বন্ধ করা সম্ভব হচ্ছে অর্থাৎ এর বিকল্প আইন দ্বারা বে-আইনি কাজ বন্ধ করা যায় তবে বলব এই রকম আইন করার দরকার নেই। কিন্তু যেরকম বে-আইনি কাজ বন্ধ করার চেষ্টা এই আইনের দ্বারা হবে সেরকম আর অন্য আইনের দ্বারা সম্ভব হবে না। এসেনসিয়াল সারভিসের এসেনসিয়াল কমোডিটির প্রটেকটেড প্লেসের সাবভার্সিভের ডেফিনেশন সমস্ত কথাই এই আইনে আছে। দ্বিতীয় চ্যাপটার, সেকেণ্ড চেপটার যেটা, এই বিলে সেটা হচ্ছে প্রোটেকটেড প্লেস, অনেক প্রোটেকটেড প্লেস আছে যেমন ডকইয়ার্ড, কলকাতা ডকইয়াড বন্ধ করে দেবার যদি চেষ্টা করা হয় তাহলে এই আইন সেখানে প্রয়োগ করতে হবে। ষ্টিল প্লাণ্ট যা বাংলাদেশে আছে সেগুলি যদি বন্ধ করে দেবার চেষ্টা করা হয় ক্ষতি করার চেষ্টা করা হয়, ভেঙ্গে দেবার চেষ্টা করা হয় তাহলে ক্ষমতা রাখতে হবে যাতে সেটা না হয়। থারম্যাল প্লাণ্ট ও আরও কিছু এসেনশিয়াল সারভিসের জিনিষ আছে পশ্চিমবাংলায় সেগুলি যদি কেউ ভেঙ্গে দিতে চায় যদি বন্ধ করে দিতে চায়, তুলে দিতে চায় তাহলে সরকার কি চুপ-চাপ বসে থাকবে—কেবল আমাদের ক্ষমতা নেই আমরা কিছু করতে পারব না তা বললে চলবে না; তক্ষুণি করতে হবে। ঐ ইণ্ডিয়ান পেনাল কোড বোঝালেই হবে না, তক্ষুণি এ্যাকশন নিতে হবে। কাজেই পশ্চিমবাংলার মানুষের এইসব দুঃখের কথা চিন্তা করতে হবে সরকারকে। তৃতীয় চ্যাপটারে দেখতে পাবেন যে আমরা সাবভার্সিভ এ্যাক্ট-এর কথা বলেছি, চাপটার ৮এ দেখতে পাবেন যে সাবোটেজ যেটা সেটা একটা নতুন অফেন্স বলে ঘোষণা করা হয়েছে এবং তার একটা ডেফিনেসন আছে, সাবোটেজ সম্বন্ধে পরিষ্কারভাবে এই বিলের ক্লজ ৮এ দেওয়া হয়েছে, আর কোন আইনে আমরা পাব? যে সমস্ত সাবোটেজ আমরা দেখেছি, যেসমস্ত সাবোটেজ আমরা মাঝে মাঝে শুনি, এইসমস্ত সাবোটেজের হাত থেকে বাঁচব। চতুর্থ ক্লজে আছে পাবলিক সেফটি, যেট একটা নতুন অফেন্স, নিউ অফেন্স আমরা ক্রিয়েট করেছি। একটা হচ্ছে সাসপিসাস ক্যারিং অব আর্মস। ধরুন একজন জোতদার তার লাইসেন্স আছে বন্দুক রাখার। সে বন্দুক নিয়ে চললো কৃষকরা যারা মাঠে কাজ করছে বা তাদের কতকগুলি দাবী-দাওয়া নিয়ে চেঁচামেচি করছে সেখানে গিয়ে কৃষকদের মারধোর করলো। সেখানে কি আমরা চুপ করে বসে থাকবো লাইসেন্সড আর্ম নিয়ে যাচ্ছে বলে? জোতদাররা লাইসেন্সড আর্ম

নিয়ে কৃষকদের মারবার চেষ্টা করলে আমরা তাদের গ্রেপ্তার করবো তাদের বিরুদ্ধে মামলা করবো দরকার হলে তাদের বন্দুক কেড়ে নেবো, সে লাইসেন্সড বন্দুকই হোক আর আনলাইসেন্সড বন্দুকই হোক। এটা সেকসন ১০তে পরিষ্কারভাবে লেখা আছে। যদি কারও হাতে পিস্তল বা বন্দুক, সে লাইসেন্সড বা আনলাইসেন্সড হোক যদি তাদের হাতে থাকে তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে যদি সেটা আণ্ডার সাসপিসাস হয়। ক্লজ ১১তে লুটিং সম্বন্ধে আছে। এখানে লুটিংয়ের বিবরণ দেওয়া হয়েছে। আপনারা দেখেছেন পশ্চিমবাংলার জনজীবনে গত পাঁচ বছর ধরে যে লুটিং হয়েছে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় নি। কেন্দ্রীয় সরকার প্রেসিডেনসিয়াল এ্যাক্ট করেছিলেন—এবং এই এ্যাক্টটা নুতন নয় এটা ১৯৭০ সাল থেকে আছে—এটা প্রেসিডেনসিয়াল এ্যাক্ট হিসাবে এসেছিল—সেখানে লুটিং কথাটা আছে ক্লজ ১১তে—লুটিং কি কি সেগুলি বলে দেওয়া হয়েছে এই রকম যারা করবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা করতে হবে। তারপর রেডিং—স্কুল কলেজে বা অন্য কোন প্রতিষ্ঠানে রেডিং করলো—মারধোর করলো—বিশ্বনাথবাবু ঠিকই বলেছেন দু-এক জায়গায় এইরকম হচ্ছে—এখানে পরিষ্কারভাবে বলা আছে যে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এটা আমরা মিসাতেও ধরতে পারি ঠিক কথা—কিন্তু সেখানে মাত্র এক বছর রাখতে পারবো—আর এখানে সাত বছর পর্যন্ত জেল হবে। এই ক্ষমতা সরকারের হাতে থাকার দরকার আছে জনস্বার্থে। তারপর ক্লজ ১৩ এটাতে কারও কারও আপত্তি আছে—কিন্তু এটা অত্যন্ত জরুরী—এটাতে স্পেশ্যাল পাওয়ার লস ইউজ ফোর্স আছে। ট্রাম গাড়ী সামনে আছে আগুন নিয়ে ট্রাম গাড়ীতে লাগাতে যাচ্ছে স্কুল কলেজ আছে ট্রেন আছে তাতে আগুন লাগাতে যাচ্ছে। সেখানে পুলিশ চুপচাপ করে বসে থাকবে—কোন কাজ করতে পারবে না। আগুন লাগাবার পর সে মিসাতে গ্রেপ্তার হবে ট্রাম পুড়ে যাবার পর বাস পুড়ে যাবার পর ট্রেন পুড়ে যাবার পর হাসপাতাল পুড়ে যাবার পর দুগ্ধকেন্দ্র পুড়ে যাবার পর সেখানে ব্যবস্থা হবে। এখানে সরকারের ক্ষমতা থাকা দরকার অগ্নিসংযোগ করার আগে সেটা বন্ধ করা দরকার। এবং সঙ্গে সঙ্গে তার বিচার হওয়া দরকার। ক্রিমিন্যাল প্রসিডিওর কোড বা ইণ্ডিয়ান ক্রিমিন্যাল কোড-তে যে ধারা আছে সেই ধারা অনুযায়ী এইসমস্ত কাজ বন্ধ করা যায় না। তারপর চ্যাপ্টার ৫—এখানে কিছু কিছু কথা আছে। আমি নিজেই সেখানে একটা এ্যামেণ্ডমেণ্ট এনেছি। হেড কনষ্টবল পর্যন্ত সেখানে অথরিটি দেওয়া হয়েছিল—কিন্তু আমি দেখছি যে এই হেড কনষ্টবল পর্যন্ত অথরিটি দেওয়া উচিত নয় এ. এস. আই পর্যন্ত অথরিটি দেওয়া উচিৎ। আমার মাননীয় বন্ধু শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয় এ ব্যাপারে আমাকে বলেছেন। তারপর বেলের কথা। আমাদের অভিজ্ঞতা আছে, এখানে মাননীয় বিজয় সিং নাহার মহাশয় আছেন। তিনি উপমুখ্যমন্ত্রী ছিলেন, বিশ্বনাথবাবু আছেন তিনি কোয়ালিসন সরকারের সমর্থক তাঁরাও জানেন। মার্ডার চার্জ থাকা সত্ত্বেও একটার পর একটা বেলে খালাস হয়ে যাচ্ছে। এইরকম বহু গুরুতর অভিযোগ আছে তবুও বেলে খালাস হয়ে গেছে। এখানে একজনও কি সদস্য আছেন যিনি আশ্চর্য হন নি বা দুঃখীত হন নি সেই সময়?

[ 3-10—3.35 including adjournment ]

যখন শুনতেন তার জেলাতে খুনের আসামী বেলে খালাস হয়ে যাচ্ছে। একজনও মাননীয় সদস্য এখানে আছেন, যিনি বলবেন তার জেলাতে খালাস হয় নি। আছেন কি? অথচ এটা জজদের দোষ নয়, Magistrateদেরও দোষ নয়, আইনটাই তাই। Indian Criminal Procedure Codeএ যে Section আছে সেই Sectionএ আছে। Jndicial interpretationএ পাওয়া গেছে তাতে 497, 498 তাতে বেলে খালাস করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভাল করে জানেন, কারণ আপনি খ্যাতনামা একজন Crimlnal Lawyer ছিলেন যে inter-

pretationএ Judicial decision দিয়েছেন ঐ Sectionএর উপর। সেই Sectionএ ক্ষমতা আছে Courtএ murderএর আসামীকে বেলে খালাস করা। আমরা হতবাক হয়ে দেখেছি যে একটার পর একটা যারা খুন করছে তারা বেলে খালাস হয়ে গেছে, তাদের কিছুই করা যায় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কি জিজ্ঞাসা করতে পারি গত পাঁচ বছরে কয়জন, যারা খুনের অভিযোগে অভিযুক্ত তাদের শাস্তি হয়েছে বা সাজা হয়েছে? খুনের আসামী বেলে বেরিয়ে গেলো; তারপর সেইসব সাক্ষীদের সঙ্গে দেখা-সাক্ষাত করল সেই সাক্ষীরা কি আর কখনও সাক্ষী দিতে আসে। এইরকম অবস্থার সম্মুখীন হতে হয়েছে। তার জন্য এখানে আমরা একটা ব্যবস্থা করেছি। আপনারা হয়ত দেখেছেন, এটা করা দরকার, কারণ এটা নূতন ধরনের একটা ব্যবস্থা। অবশ্য এই ব্যবস্থা ১৯৭০ সাল থেকে আছে নূতন করে নয়। তবে ১৯৭০ সালে নূতন করে গণনা হচ্ছে। বলা হয়েছে If there appear reasonable ground, there unless the procecution has been given reasonable opportunity to oppose the application for such release and such application is opposed by the prosecution unless the court is satisfied that the reasonable grounds of believing that he is not guilty of any of them punishable or imprisonment of life or imrisonment of 7 years or moreআমরা ক্ষমতাটা Courtএর একটু খর্ব করে দিচ্ছি। Bell দেবার কতকগুলি জিনিষ সুস্পষ্ট ভাবে দেখতে হবে তারপর তারা বেলে খালাস করবেন তার আগে নয়। তা ছাড়া arrest on reasonable suspicion করছি। এটা ৯৭০ সাল থেকে আছে। এটা কিছু নূতন নয়। আমি মাননীয় সদস্যদের জানাতে চাচ্ছি যে এটা ১৮৬১ সালে ছিল। পুরানো আইনে, নূতন আইনে তা পাওয়া যাচ্ছে। আমরা সেগুলি কেটে দিয়েছি, এই রকম Provisions, Section 15, Clause 15এ এই বিলে যেটা আছে arrest without warrent on reasonable suspicion সেটা মাননীয় সদস্যরা পাবেন Section 54 of Criminal Proceedure Codeএ, Section 23 of the Police Act, 1861, Indian Gamble Act, Section 13এ, Indian Railway Act, 1932, Indian Explosive Actএ Section 13, Forest Actএ Section 63, Bengal Excise Act 1940-41, Bengal Cruelty on Animalsএ Section 22, 151 I. P. C. এইরকম বহু আইন আছে। এটা এখানে ঢোকান হয়েছে। এটা একটা ভয়ঙ্কর কিছু হিটলারের মত ক্ষমতা নিচ্ছি না। এটা প্রত্যেকটি গণতন্ত্রে এই আইন আছে। এটা নূতন কিছু নয়। এটা ১৯৭০ থেকে আছে। তাছাড়া দেখতে পাবেন যে এর পরে আছে Clause 16 যেখানে যে গাড়ী বা মোটর বা অন্য কোন জিনিষ Thinor Commodity যেটা নিয়ে বোমাবাজী করা হয়, বন্দুক চালান হয়, পিস্তল চালান হয়, সেটা requisition করে নেবার ক্ষমতা আছে as a Preventive Act, আমরা ভাবছিলাম এখানে এই যে Jeep গাড়ীটা চালাচ্ছে তার ভিতরে এতগুলি বন্দুক আছে এটা বিবেচিত হবে এবং এই কারণে সেটা আমরা requisition করে নিলাম সে হয়ত কোন দোষ করেনি কিন্তু as a Preventive measure আমরা এটা করছি।

তাছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, চ্যাপটার ৬এ সাপ্লিমেন্টারী এণ্ড প্রসিডুরাল-এর ব্যাপারগুলি আছে, যেগুলি আপনি অধ্যক্ষ মহাশয় জানেন, মাননীয় সদস্যরাও জানেন যে এইরকম আইন, এইরকম সাপ্লিমেণ্টারী এণ্ড প্রসিডুরাল জিনিস থাকা দরকার সেগুলি সম্বন্ধে বিশেষ নূতন করে বলার কোন দরকার নেই। এখন কথা হচ্ছে নিশ্চয়ই আমরা অসাধারণ ক্ষমতা হাতে নিচ্ছি, এ বিষয়ে আমি বিশ্বনাথবাবুকে মেনে নিচ্ছি। এই অসাধারণ ক্ষমতা ১৯৭০ সালে নিতে হয়েছিল যখন এখানে প্রেসিডেন্টস রুল হয়, অর্থাৎ যুক্তফ্রন্ট সরকারের পতনের পর এই ক্ষমতা নেওয়া হয়েছিল। ১৯৭১-৭২ সালেও এই আইন চলেছে এবং তারপর এটা অর্ডিন্যান্স হিসাবে এসেছে,

প্রেসিডেণ্টস এ্যাক্ট হিসাবে ছিল এবং অর্ডিন্যান্স হিসাবে ছিল বলে এখন আমরা তাই এটাকে বিল আকারে হাউসে এনেছি যাতে বিধানসভায় এটা আইন হিসাবে পাশ হয়। ক্ষমতা নিশ্চয়ই নেওয়া হয়েছে। অনেকগুলি ক্ষমতা নেওয়া হয়েছে যে ক্ষমতা ক্রিমিন্যাল প্রসিডিওর কোড, ইণ্ডিয়ান পেন্যাল কোডে পাওয়া যায় নি। কিন্তু প্রশ্নটা হচ্ছে ক্ষমতা নেওয়ার প্রশ্ন নয়, আমি মনে করি প্রশ্নটা হচ্ছে ক্ষমতা অপব্যবহারের প্রশ্ন এবং এই ক্ষমতার অপব্যবহার যাতে না হয় সেটাই আমাদের দেখা কর্তব্য। আমাদের দায়িত্ব সেটা দেখা, যাতে এই ক্ষমতার অপব্যবহার না হয়। তারজন্য ১৯৭১-৭২ সালে যতগুলি কেস হয়েছে সেগুলির খোঁজ-খবর আমি নিয়েছি এবং তার থেকে দেখা যাচ্ছে এই যে এত গণ্ডগোল হয়ে গেল তা সত্বেও ১৯৭১ সালে ওয়েষ্ট বেঙ্গল পুলিশ মাত্র ৩০৯টি কেস করেছে এই আইনে, ক্যালকাটা পুলিশ করেছে ১২৬টি কেস এই আইনে এবং ১৯৭২ সালে ফেব্রুয়ারী মাস পর্যন্ত ওয়েষ্ট বেঙ্গল পুলিশ করেছে ৩২টি কেস এই আইনে ও ক্যালকাটা পুলিশ করেছে ৩৯টি কেস এই আইনে। তাছাড়া মাননীয় সদস্যদের কাছে যদি কোন কিছু থেকে থাকে দিতে পারবেন, আমার কাছে তো সব খবর নেই, বিশ্বনাথবাবুও দিতে পারবেন। প্রত্যেকটি কেস কোর্টে গেছে। কোথাও কি কোর্ট জাজমেণ্টে বলেছে যে ক্ষমতার অপব্যবহার হয়েছে? সেরকম দৃষ্টান্ত যদি আমি পাই তবে নিশ্চয়ই যে যে ব্যাপারে ক্ষমতার অপব্যবহার করা হয়েছিল সেই ব্যাপারগুলি সম্বন্ধে কিছু একটা ব্যবস্থা করতে পারি সেটা দেখবো এবং যাতে এই রকম আর না হয় সেটাও দেখতে পারি। তাই আমি মাননীয় সদস্যদের কাছে আপিল করছি বিশেষ করে বিশ্বনাথবাবুর কাছে যে কোর্টের জাজমেণ্ট থেকে কেস গেছে। ১৯৭১ সালে ৩০৯টি কেস হয়েছে, ১৯৭২ সালের ফেব্রুয়ারী পর্যন্ত ৩২টি কেস করেছে ওয়েষ্ট বেঙ্গল পুলিশ এই আইনে এবং ক্যালকাটা পুলিশ ১৯৭১ সালে ১২৬টি ও ১৯৭২ সালে ৩৯টি ধরে, কোথাও আজ ম্যাজিষ্ট্রেটের কাছে বলেছেন কিনা সেটা জানলে সুবিধা হবে যে কোথায় ক্ষমতার অপব্যবহার হচ্ছে। কাজেই সেই ক্ষমতার অপব্যবহার আমরা বন্ধ করবো এই প্রতিশ্রুতি নিশ্চয়ই আপনাদের কাছে দিতে পারি আমি তাই আপনাদের কাছে এই বিলটি রাখছি। আমি জানি আমাদের কিছু সি. পি. আই. বন্ধু আছেন তাঁরা এটাকে সমর্থন করবেন না। কারণ, ১৯৭০ সালে কনসালটেটিভ কমিটিতে এই আইন যখন এসেছিল তাঁরা তখন এর বিরোধিতা করেছিলেন। তাই আমরা জানি তাঁরা এটাকে সমর্থন করবেন না, তাঁরা এর বিরোধিতা করবেন। কিন্তু এতে যাঁরা ভাবছেন আমাদের মোর্চা ভেঙে গেল, তাঁরা অত্যন্ত ভুল করছেন। এতে মোর্চা ভাঙবে না। সি. পি. আই., কংগ্রেস দল খুব ম্যাচিওরপার্টি। আমরা যখন মোর্চা করি তখন নিজেদের আইডেনটিটি নষ্ট করে দিই নি। আমাদের শক্ররা নির্বাচনের সময় বলতো যে সি. পি. আই., কংগ্রেস হয়ে গেল, কংগ্রেস, সি. পি. আই. হয়ে গেছে। কিন্তু সি. পি. আই, কংগ্রেস হয় নি, আর কংগ্রেসও সি. পি. আই. হয় নি। আমাদের আইডেনটিটি আমরা হারাই নি। আমাদের মধ্যে দু-একটি জিনিষে প্রভেদ নিশ্চয়ই থাকবে, না থাকলে একটা আনহেলদি সাইন হবে। কাজেই এই যে মতের প্রভেদ আছে এটা অত্যন্ত হেলদি সাইন এবং এইরকম দু-একটি জিনিষে যদি মতের ডিফারেন্স থাকে তাহলে সেটা একটা হেলদি সাইন হবে। আসলে আমাদের মোর্চাকে গণতান্ত্রিক পথে এগিয়ে নিয়ে যাবার জন্য নানারকম প্রোগ্রাম, সোস্যাল ফিলজফি আমরা চাই তারই জন্য মোর্চা করেছিলাম। কাজেই সেই অনুযায়ী আমাদের কাজ করতে হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। তাই যাঁরা ভাবছেন যে সি. পি. আই. আমাদের বিরুদ্ধে ভোট দেবেন, আমাদের সমর্থনে আমরা ভোট দেব, তাতে কিছু যায় আসে না, কিন্তু তারা চিরকাল যেমন ভুল করেছেন এবারেও তেমনি ভুল করছেন। প্রদ্যোৎ মহান্তি মহাশয় অনেক আশার সঙ্গে তাকিয়ে আছেন আমি হয়ত আজকে ঘোষণা করবো যে আমাদের মোর্চা ভেঙে গেল। কিন্তু আমাদের মোর্চা ভাঙবে না, ভাঙবার জন্য আমরা মোর্চা তৈরী করিনি। এই কথা বলে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের কাছে বিলটি রাখছি।

[3-35—3-45 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তৃতা খুব মনোযোগ দিয়ে শুনেছি এবং তাঁর বক্তৃতার শেষ ভাগে তিনি যে কথা বলেছেন যে এই আইনের ব্যাপারে আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক জোটের দুই শরিকের মধ্যে মতভেদ হওয়া মানে জোট ভেঙ্গে যাওয়া নয়, আমাদের প্রত্যেকের আলাদা আইডেনটিটি আমরা রেখেছি, রাখতে পেরেছি এবং তা থাকবে আর জোটও থাকবে, এটা শুনে খুবই আনন্দিত হয়েছি এবং পশ্চিমবাংলার জনসাধারণ এতে আশ্বস্ত বোধ করবেন। কিন্তু তাঁর যুক্তিগুলির দ্বারা আমি একটুও কনভিনসড হই নি, সেইজন্য আমি আপনার কাছ থেকে সময় নেব এবং প্রত্যেক ধারাতে যা লেখা আছে আর তিনি যা যুক্তি দিয়েছেন সেগুলি খণ্ডন করবার চেষ্টা করবো। তবে সর্বাগ্রে আমি একটু ভূমিকা করতে চাই। সেটা হচ্ছে, রাজ্যপালের ভাষণের উপর প্রথম বক্তৃতাতেই আমাদের পার্টির পক্ষ থেকে আমি ঘোষণা করেছিলাম যে আমাদের মনোভাব এই সরকারের প্রতি ইতিবাচক নতিবাচক নয়, আমরা অপজিসনের ভূমিকা নিতে চাই। তারজন্য অবশ্য পরবর্তীকালে মাননীয় প্রফুল্লচন্দ্র সেন কটাক্ষ করেছিলেন কিন্তু আমাদের যুক্তি ছিল এই যে আমরা একসঙ্গে মিলে জনসাধারণের কাছে গিয়ে এই মোর্চাকে ভোট দিতে বলেছিলাম, তাতে গভর্ণমেণ্ট কংগ্রেস দল করতে পারেন কিন্তু তাতে আমাদের দায়িত্ব চলে যায় না। জনসাধারণকে যে প্রতিশ্রুতি সকলে মিলে আমরা দিয়েছিলাম এবং তাতে তাদের মনে যে আশা জেগেছে সেটা যাতে সরকার সফল করতে পারেন তারজন্য সরকারকে সর্বতোভাবে সাহায্য করা আমাদের উচিত। আর যদি সরকার কোন বিষয়ে বিপথে যাচ্ছেন বলে মনে হয় তাহলে যাতে তারা বিপথে না যান সে চেষ্টা আমাদের করা উচিত। সাধারণভাবে অপজিসন খুব খুশি হয়, যদি গভর্ণমেণ্ট ভুল করে, দোষ করে বা বে-ইজ্জৎ হয় বা ডিসক্রেডিটেড হয়। অপজিসন মনে মনে আনন্দিতই হয় এইজন্য যে ভালোই হয়েছে ওরা বে-ইজ্জৎ হয়েছে।

কিন্তু আমাদের মনোভাবটা এই যে বর্তমান যে কংগ্রেস গভর্ণমেণ্ট সেই গভর্ণমেণ্ট যদি ভুল, দোষ করে এবং মানুষের কাছে বে-ইজ্জৎ হয় তাহলে তাতে আমাদের আনন্দ হয় না, আমাদের তাতে দুঃখ হয় এবং আমরা সেটা মনে করি দুর্ভাগ্যজনক। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী যে ভূমিকা করেছেন তার কিছুটা খণ্ডন করে এই আইনের ধারায় ধারায় দেখাতে চাই যে এইরকম আইন কোন জনপ্রিয় সরকার চাইতে পারে না। মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন এবং সকলেই জানেন যে এই আইন ১৯৭০ সালে রাষ্ট্রপতি শাসনে এসেছিল এবং এই আইন এনেছিলেন আমলারা, পুলিশরা। প্রচণ্ড ক্ষমতা তাঁরা চেয়েছিলেন। তাঁরা সব সময় ক্ষমতা চান, তাঁদের ধারণা ক্ষমতা না হলে শাসন করা যায় না। যত ক্ষমতা তাদের দাও তারা ন্যায্যভাবে সেই ক্ষমতা প্রয়োগ করবে না যা প্রয়োগ করলে এই সব অশান্তি দূর হত, দমিত হত। তারা বলবে আমরা ক্ষমতা কম পেয়েছি আরও একটু ক্ষমতা আমাদের দাও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী, যিনি একজন বড় আইনজ্ঞ ছিলেন, তিনি কি জানেন না যে আমাদের প্রচলিত আইনগুলিতে যে ক্ষমতা দেওয়া আছে সেই ক্ষমতা যুক্তিযুক্তভাবে, ন্যায্যভাবে প্রয়োগ করলে যেসমস্ত অপরাধের কথা বলা হচ্ছে তা প্রায় সমস্তই দমন করা যায়? আমরা কি চোখের সামনে দেখিনি যে এই অমিত ক্ষমতা পুলিশের হাতে থাকা সত্ত্বেও প্রকাশ্যে দিন দুপুরে গুণ্ডারা আক্রমণ করেছে, খুন করেছে, বাড়ীতে আগুন ধরিয়ে দিচ্ছে, পুলিশ আটকেছে এই ক্ষমতা নিয়ে? আগে যে ক্ষমতা ছিল তাতেও আটকাতে পারত, তা পারে নি। তবুও যে অতিরিক্ত ক্ষমতা চাইল, পেল কিন্তু তাতেও আটকায় নি। তাদের যেটা যখন মনে হয় উচিত সেটুকু তারা করে, বাকিটা তারা করে না, বা প্রচণ্ড চাপ পড়লে করে, তা না হলে তারা করে না, কিন্তু সব সময় তাদের অজুহাত যে আমাদের হাতে যথেষ্ট ক্ষমতা নেই।

মুখ্যমন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন বলে বলছি যে ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের সময় প্রিভেন্টিভ ডিটেনসান আইনের ক্ষমতা ছেড়ে দেওয়া হল, সিকিউরিটি ক্ষমতা ছেড়ে দেওয়া হল, ফলে দেশে আগুন জলে গেল। আমি মুখ্যমন্ত্রীকে বলব সম্পূর্ণ ভুল, আপনি না বুঝে সি. পি. এম.-র সাফাই গেয়েছিলেন, সি. পি. এম. কে জাষ্টিফাই করলেন। ঐ ক্ষমতা ছেড়ে দেওয়া হল, জেনেই ছাড়েনি, ছেড়েছিল এইজন্য যে তখন স্বরাষ্ট্র দপ্তর যাঁর হাতে ছিল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দপ্তর যাঁদের হাতে ছিল তাঁরা এইসব বে-আইনী কাজ করতে দিয়েছেন, মারপিট, অত্যাচার করতে দিয়েছেন, আক্রমণ করতে দিয়েছেন এবং পুলিশকে চেপে রেখেছেন। পুলিশের হাতে যদি ক্ষমতা থাকত তাহলে প্রিভেন্টিভ ডিটেনসান, সিকিউরিটি আইনে সি. পি. এম.-র লোকেরা আটক হত এবং সেই সমস্ত গুণ্ডারা যারা কংগ্রেস ত্যাগ করে সি.পি এম. দলে গিয়েছিল তারা ডিটেণ্ড হত। কোন জেলা কমিটি, লোকাল কমিটির সেক্রেটারীর নেতৃত্বে যখন একদল গিয়ে অপর দলকে আক্রমণ করেছে তখন যদি নেতারা তাদের শাস্তি দিতেন তাহলে আগুন জ্বলত না। ১৯৬৯ সালে জ্যোতিবাবুর ইচ্ছা ছিল সিকিউরিটি আইনটা যেন ল্যাপ্স করে না যায়। আমরা ঘোরতর আপত্তি করেছিলাম যে এই রকম বেআইনী আইন কোন গণতান্ত্রিক সরকার নিজের হাতে রাখতে পারেন না এবং তার সমস্ত এ্যাডমিনিষ্ট্রেসান, পুলিশকে সেই অমিত ক্ষমতার অধিকারী করতে পারেন না, যদি করেন তাহলে গণতন্ত্র, ব্যক্তি স্বাধীনতা সমস্ত ধোঁকাবাজী। আমাদের তীব্র প্রতিবাদের ফলে পার্টির তরফ থেকে বলা হল দরকার নেই, সিমপ্লি নির্দেশ দিলেন তাঁদের পার্টির নেতাদের যে তোমরা মারপিট করতে পারবে না, লুঠতরাজ করতে পারবে না, করলে আমরা ডিসিপ্লিনারি এ্যাক্‌সান নেব।

[3-45—3-55 p.m.]

বর্তমান মুখ্যমন্ত্রী তা করবেন কি না? ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয় তখনকার দিনে আই. বি-র যিনি কর্তা ছিলেন জ্যোতিবাবু, তাঁকে ডেকে বললেন যে বিভিন্ন দলে কত সমাজবিরোধী ঢুকেছে, আমাদের শাসকদলের মধ্যে কত সমাজবিরোধী ঢুকেছে, সি. পি. এম., সি. পি. আই. ফরোয়ার্ড ব্লক, এস. ইউ, সি., আর. এস. পি. ইত্যাদি বিভিন্ন দলের মধ্যে কত সমাজবিরোধী ঢুকেছে তার একটা তালিকা কর। আর তার সঙ্গে কত জোতদার ঢুকেছে তার একটা তালিকা কর। তার পর দিন তিনি আমাকে বললেন, দেখুন, আমাদের বিভিন্ন শরিক দলের মধ্যে এই সমস্ত গুণ্ডা জোতদার বদমাইসরা ঢুকে পরস্পরের বিরুদ্ধে মারামারি লাগিয়ে দিচ্ছে এবং এইভাবে চলতে থাকলে আমাদের ফ্রন্ট ভেঙ্গে যাবে। সুতরাং একটা কাজ করা যাক, আপনি কি রাজী আছেন? আমি বললাম, কি কাজ বলুন, বললে, তবে বলতে পারবো। তিনি বল্লেন, একটা লিষ্ট তৈরি করা হোক এবং সেই অনুসারে আমরা ধরবো। আমরা সি. পি. এম. হলেও ছেড়ে দেব না, সি. পি, আই. বলে ছেড়ে দেব না, কাউকেই আমরা ছেড়ে দেব না। সরকার সকলকেই ধরবে এবং আপনারা বিভিন্ন দলের নেতারা যার সম্বন্ধে আণ্ডারটেকিং দেবেন যে আমি আণ্ডারটেকিং দিচ্ছি যে এর ব্যবহারের জন্য আমি দায়ী থাকলাম তাকেই ছাড়বো। তা না হলে সকলকে ধরে রাখবো। আমি দু'হাত তুলে বললাম চমৎকার প্রস্তাব, এত সুন্দর প্রস্তাব হতে পারে না। এই প্রস্তাবকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং এই প্রস্তাব যদি আপনি যুক্তফ্রন্টে নিয়ে আসেন পাশ করিয়ে দেব, ক্যাবিনেটে যদি নিয়ে আসেন পাশ করিয়ে দেব। তারপরে আর কিছুদিন হয়ে গেল পাত্তা নেই। জ্যোতিবাবুকে বললাম কি হল সেটার? তিনি বললেন, না, সেটা হবে না। বুঝলাম আমি যে, সে প্রস্তাব পার্টি থেকে নাকচ করেছে। কেন নাচক করেছে। কেন নাকচ করেছে দল ভাঙ্গা হবে কি করে দল বাড়ানোর কাজ—দল বাড়াও আন্দোলন করে দল বাড়াও, নায্য কাজ করে দল বাড়াও

কনষ্ট্রাকটিভ কাজ করে দল বাড়াও। অন্যদের উপর হামলা করে, অন্যদের টেরোরাইজ করে ভয় পাইয়ে দিয়ে মার ধর করে, লুঠতরাজ করে, দল বাড়িয়ে ছিলেন কিন্তু সেই দল বাড়ানো টিকলো না, এবারের নির্বাচনে জনসাধারণের বেশির ভাগ এক বাক্সে ভোট দিলেন তাঁদের বিরুদ্ধে, তারা পরাজিত হয়েছেন, মাত্র ১৪টি আসন পেয়েছেন। আমি এই কথা বর্তমান মুখ্যমন্ত্রীকে মনে করিয়ে দিচ্ছি যে গভর্ণমেণ্টের যদি মতলব থাকে, ইচ্ছা থাকে যে এইসব লুঠতরাজ হতে দেব না, এইসব দাঙ্গা হাঙ্গামা হতে দেব না, অন্যায় হতে দেব না, তা হলে গভর্ণমেণ্টের হাতে যে ক্ষমতা আছে, তাই যথেষ্ট আছে। আরো এ্যাড করছেন। যে আগুন জ্বলেছিল সে আগুন এর জন্য জ্বলেনি, যে পি. ডি. এ্যাক্ট ছিল না অথবা সিকিউরিটি এ্যাক্ট ছিল না, সে আগুন এইজন্য জ্বলে ছিল যে সরকার পরিচালনা যাঁরা করছিলেন যে বড় বড় পার্টি যাঁদের হাতে স্বরাষ্ট্র দফতর ছিল, ভূমি রাজস্ব ছিল, শ্রম দফতর ছিল, তাঁরা সে অরাজকতা বন্ধ করতে চান নি। তাঁরা সে অরাজকতার ভেতর দিয়ে নিজেদের বাড়াবেন এই আশা করে অরাজকতা জিইয়ে রেখেছিলেন, চালু রেখেছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে পশ্চিমবাংলার মানুষ শান্তি চান—আমি শান্তি দিতে চাই। ভাল কথা। কিন্তু কি রকম শান্তি তাঁরা চেয়েছেন। না খেতে পেয়ে মরার শান্তি আছে, অত্যাচার করে পিটিয়ে মারলো যারা বড়লোক পয়সা আছে পুলিশ আমলা এসবে শান্তি হয়ে গেল, সেও শান্তি। কিন্তু আমাদের দেশের মানুষ যে শান্তি চায় তা হল ন্যায় বিচার। সেটা হচ্ছে সাধারণ মানুষের জীবন জীবিকা, সাধারণ মানুষের স্বাধীনতা, সাধারণ মানুষের ন্যায্য অধিকার রক্ষা করে তাদের শান্তি যারা বিপন্ন করে তাদের দমন করে মানুষ শান্তি চায়! মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি এটা নূতন আনছেন ডেফিনেশান-এর ভেতর দিয়ে এ্যাসেনসিয়াল সারভিস করে ডিফাইন করে, কালো বাজারী ইত্যাদি দূর করতে পারি। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব তিনি বলেছেন কাল, তিনি সারা রাত ধরে এটা পড়েছেন, আমি বলব আরও পড়ুন এখানে বসে তিনি আরও ভাল করে দেখুন এ্যাসেনসিয়াল সারভিসের ডেফিনেশানটা আরও পড়ুন এবং দেখুন সেখানে কালোবাজারীদের সম্বন্ধে কোন ইঙ্গিত আছে কি না?

কিন্তু কালোবাজারী সম্বন্ধে কোন ইঙ্গিত আছে কিনা আপনি নিজে পড়ে দেখুন। Essential commodities সম্বন্ধে কিছু নেই, Essential Service সম্বন্ধে আছে। অরাজকতা যদি দূর না করতে পারি তাহলে শান্তির পথে আমরা বিপ্লব আনতে পারব না—একথা তিনি বলেছেন। আমরা এর প্রতিবাদ করে বলছি যে ক্ষমতা ছাড়াই শান্তির পথে দেশের অগ্রগতি আনা যায়। শান্তির পথেই প্রগতি আসতে পারে। বর্তমানে যে ক্ষমতা আছে সেই ক্ষমতা যদি ঠিকমত প্রয়োগ করা যায় তাহলে কাজ করা সম্ভব। আসল কথা হচ্ছে শাসকদল যদি খেয়াল রাখেন যে আমরা দলের নাম নিয়ে কেউ অন্যায় করতে পারবো না এবং কেউ যদি অপরাধ করতে চায় তাহলে তার সম্বন্ধে আমরা কঠোর হব তাহলে বর্তমানে যে আইন আছে সেই আইনেই তাঁরা করতে পারেন। এবার আমি আমার যুক্তিতে আসছি। এই যে জরুরী আইন করেছিলেন Maintenance of Public Order Act, তাতে তখন কি তাঁরা অজুহাত দিয়েছিলেন—the Bill seeks to make special provisions for the maintenance of public order by the prevention of illegal acquisition, possession or use of arms and the suppression of subversive activities endangering public safety and tranquility and for matters connected therewith or incidental thereto, etc., etc., অর্থাৎ ১৯৭০ সালে abnormal একটা অবস্থার সৃষ্টি হয়েছিল এবং তারজন্য আমাদের এই আশ্বাস দিচ্ছেন যে abnormal situation-এর জন্য abnormal আইন আমাদের করতে হবে। ঠিক যে সময় Prevention of Violent Activities Act তারা পাশ করান। সেখানে তাঁর abnormal

situation-কে define করলেন কিভাবে, না abnormal situation হচ্ছে "There is increasing anxiety for the violent activities in West Bengal of Naxalites, other smaller extremist groups and anti-social groups, etc., etc. As the existing laws have been found to be inadequate for dealing the situation, it is necessary to give the State Administration the powers, etc., etc., এই যে abnormal situation-এর কথা তাঁরা বললেন তা বলায় আমরা যখন Governor-এর officer-দের সঙ্গে এ নিয়ে argue করি তখন তাঁরা বলেন যে কোন আইনসভা, মন্ত্রিসভা নেই এবং তা যদি থাকত তাহলে তাঁদের পেছনে একটা বিরাট জনসমর্থন থাকত এবং তাহলেই তাঁরা প্রচলিত আইন দিয়ে শান্তিশৃঙ্খলা স্থাপন করতে পারতেন। কিন্তু আমাদের আমলাতন্ত্রের পেছনে কোন আইনসভা, মন্ত্রিসভা, জনসমর্থন নেই, সেক্ষেত্রে আমাদের যদি কোন Special power না দেন তাহলে আমরা কি করে শান্তিশৃঙ্খলা আনি। তাদের যে একটা যুক্তি ছিল, মুখ্যমন্ত্রী হিসাবে আপনারও কি সেই যুক্তি আজ আছে আজ ২১৬টা seat নিয়ে আপনার দল এই আইনসভায় এসেছেন, গভর্ণমেণ্ট তৈরী করেছেন এবং আপনার সমর্থনে আরও ৩৭ জন M.L.A. আছেন—অর্থাৎ দুই মিলিয়ে ২৫৩ জন M.L.A. আরও ২ জন M.L.A. আছেন বিরোধী বলতে পারেন না। সুতরাং বিরোধী বলতে মাত্র ২১ জন। এরকম ঘটনা পশ্চিমবাংলায় কবে হয়েছে বলতে পারেন? আমরা ১৯৬৯ সালে maximum ২১৮টা seat পেয়েছিলাম। কিন্তু এবার ২৭৯ জনের মধ্যে ২৫৩ জন M.L.A. গভর্ণমেণ্টের সমর্থনে আছেন। আপনারা পেয়েছেন শতকরা ৫৯ ভাগ ভোট, আমরা পেয়েছি শতকরা ৮ ভাগ ভোট। এরকম একটা বিরাট জনসমর্থন নিয়ে গভর্ণমেণ্ট হয়েছে। ১৯৭০ সালে নকশালী উপদ্রব যখন চূড়ান্ত এবং যার ফলে তখন চারিদিকে স্কুল কলেজ পুড়ছে, পুলিশকে গুলি মেরেছে, পুলিশ পাণ্টা গুলি মারছে, ভ্যানে বোমা ছোড়া হচ্ছে সে সময় একটা সরকার যার পেছনে কোন public support নেই, এইরকম একটা রাষ্ট্রপতি শাসনে আমলরা অনুভব করল যে এরকম একটা পরিস্থিতিতে আমরা বিশেষ ক্ষমতা চাই।

[3-55—4-05 p.m.]

তাও তো আমরা সমর্থন করতে পারি নি। আমরা বলেছি এই ক্ষমতা ছাড়াও করতে পারেন। কিন্তু আজকে মুখ্যমন্ত্রী বিপুল জনসমর্থন নিয়ে, আইনসভায় বিপুল সমথন নিয়ে এসেছেন। ১৯৭০ সালে ধাওয়ান সাহেব যেকথা বলেছিলেন, তিনি যে যুক্তি দেখিয়েছিলেন তা কি তিনি দিতে পারেন? আমরা বলি এইরকম একসট্রাঅর্ডিনারী পাওয়ার দেওয়ার দরকার নেই। আপনি বলেছেন, আমি স্বীকার করছি বেশী ক্ষমতা নিচ্ছি, অসাধারণ ক্ষমতা নিচ্ছি। আমি বলবো, আপনি নিচ্ছেন না অসাধারণ ক্ষমতা, আপনি দিচ্ছেন। এই আইনে এসিষ্ট্যাণ্ট পুলিশ অফিসার থেকে আরম্ভ করে সমস্ত অফিসারদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। শুধু তাই নয় আপনি যদি খেয়াল করেন তাহলে দেখবেন গভর্ণমেণ্ট অথবা গভর্ণমেণ্ট অফিসাররা শুধু ক্ষমতা প্রয়োগ করতে পারেন তাই নয় কারখানার ম্যানেজার, সুপারভাইজার বা লেবার অফিসারের উপর ক্ষমতা দেওয়া যায়, এই ক্ষমতা ব্যবহার করা যায়। আপনি এইসব ক্ষমতা তাদের হাতে তুলে দিচ্ছেন, আপনি বলছেন আপনি নিচ্ছেন। কিন্তু কখন আপনার কাছে আসবে। সমস্ত ক্ষমতা প্রয়োগ হয়ে যাবার পর। তাও আসবে না। প্রিভেনটিভ ডিটেনশন হলে আসতো। কিন্তু এখানে বিচারের ব্যবস্থা আছে। কাজেই আসবে না, সুতরাং ক্ষমতা গভর্ণমেণ্ট নিচ্ছেন না, ক্ষমতা তুলে দিচ্ছেন অসংখ্য পুলিশ অফিসারের হাতে নন-অফিসিয়াল এবং ভেসটেড ইনটারেসটের হাতে। কাদের বিরুদ্ধে? আপনি বলছেন এ্যানটি-সোস্যালদের বিরুদ্ধে। কিন্তু আমি কতকগুলো ধারা পড়ে যাবো যাতে আছে শ্রমিকের নায্য আন্দোলন, কৃষকের নায্য আন্দোলন, গণতান্ত্রিক নায্য আন্দোলন দমন করার স্কোপ এই আইনের

মধ্যে রাখা হয়েছে এবং তা অফিসারদের হাতে দেওয়া হয়েছে। ইমারজেন্সী লেজিসলেসন করার সময় কি যুক্তি দেওয়া হয়েছিল? একটা অপরাধ হয়ে গেলো অপরাধী ধরতে অসুবিধা হচ্ছে প্রিভেনটিভ ডিটেনসান নেই বলে, অতএব মিসা হলো। আর একটা বলেছিলেন সাক্ষী পাচ্ছি না, সাড়া পাচ্ছি না ভয়ে কেউ সাক্ষী দিতে আসছে না। কিন্তু এই আইনে কি বলছেন? আদালতে যেতে হবে, সাক্ষী দিতে হবে সে দিকে কি হবে? মিসাকে সমথন করি নি। বলেছি প্রচলিত আইনের মধ্যে ডিটেণ্ড করা যায়। কিন্তু তবু মিসা আইন করেছেন, তার উপর এইটা কেন করছেন? এই সব অপরাধীদের ধরবার কোন আইন কি নেই? আপনি মুখ্যমন্ত্রী আপনি পশ্চিমবাংলার একজন লিডিং ল'ইয়ার এবং এটা বললে খোসামোদ করা হবে না যে আপনি ভারতেরও একজন লিডিং ল' ইয়ারও বটে। আপনার মন্ত্রিসভায় অনেক ল'ইয়ার আছেন দেখতে পাচ্ছি। শঙ্করবাবুকে দেখতে পাচ্ছি, ভোলাবাবুকে দেখতে পাচ্ছি, সাত্তার সাহেব আছেন এবং আরও অনেকে আছেন। আমি তো লে ম্যান, আমি তো আইন পাশ করে আদালতে বক্তব্য রাখি নি। কিন্তু আপনি কি জানেন না এক্সপ্লোসিভ এ্যাক্ট, আর্মস এ্যাক্ট, ক্রিমিন্যাল প্রসিডিওর এ্যাক্ট—সেগুলো কভার করবার চেষ্টা করা হয়েছে এর মধ্যে বেশীর ভাগ জায়গায়। আপনি ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের ১০৭ ধারায় ডিটেন করতে পারেন কি না? এবং ১৪৪ ধারায় আপনি আন ল'ফুল এ্যাসেম্বলী করতে পারেন কি না, আপনি ক্রিমিনাল প্রসিডিওর কোডেতে ১০৭ ধারা, প্রিভেনটিভ ডিটেনসন এ্যাক্টে এ্যারেষ্ট করতে পারেন, ১৪৪ ধারায় আপনি ডিসপার্স করতে পারেন এবং এই ডিসপার্স করবার ক্ষেত্রে যে ক্ষমতা দেওয়া আছে আন ল' ফুল এ্যাসেম্বলী ডিসপার্স করার সেটা অমান্য করলে সাজা দেওয়া তার সমস্ত ব্যবস্থাই ইনডিয়ান পেনাল কোড, ক্রিমিনাল প্রসিডিওর কোডে দেয়া আছে কিন্তু আপনি সেখানে কি করেছেন? সেখানে ৬মাস জেল, এক বছর কিম্বা ৬মাস জেল আছে, সেটা আপনি করে দিচ্ছেন পাচ বছর, সাত বছর কি দশ বছর, কোন পাপে কোন দণ্ড। আপনি বক্তৃতায় বলেছেন যেসব খুন করে দিচ্ছে, তাদের সাজা হচ্ছে না, জামীন পেয়ে যাচ্ছে। আমি জানি খুন করে বেরিয়ে যাচ্ছে, জামীন পেয়ে যাচ্ছে কিন্তু ক্রিমিনাল প্রসিডিওর কোড, ইনডিয়ান পেনাল কোড-এর ৩০২-এর করেসপনডিং সি. আর পি. সি. ধারায় এটা পরিষ্কার লেখা আছে যে যতক্ষণ না কোর্ট সাটিসফাইড হন সেটা মোটমুটি নির্দোষ বলে বেল নাও দিতে পারে তা সত্ত্বেও বেল পেয়ে যাচ্ছে। আর এখানে যেসমস্ত অপরাধের কথা বলেছেন বিচারে যখন আসবে তখন আপনি দেখবেন একটি জায়গাকে সংরক্ষিত বলে ঘোষণা করলেন বা কোন একটা কারখানাকে যেই সংরক্ষিত কারখানা বলে ঘোষণা করলেন সেখানে বিড়লার কারখানায় বিড়লার পাশ না পেয়ে কেউ ঢুকতে পারবেন না। বিড়লা পাশ দিলেন না। ইউনিয়ন লীডারকে বা যাদের সাসপেণ্ড করলেন তাদের পাশ দিলেন না। যদি গেটে মিটিং করে তাহলেও আইনে ব্যবস্থা আছে লয়টারিং সেই লয়টার করাও চলবে না। তাহলেও দে ক্যান কাম আণ্ডার দিস এ্যাক্ট। এমন কি সে যদি ইউনিয়ন অফিসে বসে আলোচনা করে তাহলেও মানা আছে প্রিপারেসন অব দিস এ্যাক্ট। যদি অন্য কোন জায়গায় বসে তাহলেও এই আইনের আওতায় আসবে, সাজা হবে। কি অপরাধের জন্য আপনি কি আইন আনছেন। আজকে মার্ডার কেসের সঙ্গে তুলনা করছেন। কি অপরাধের জন্য আপনি এই আইন নিয়ে আসছেন। এই আইনের আওতায় প্রত্যেকটি ধারা আপনি পড়ে দেখুন তাতে কি রেখেছেন। অতি তুচ্ছতম একটা অপরাধ তার জন্য আপনি বেলের ব্যাপারে নিয়ে আসছেন মার্ডার কেসের মত। ৩০২ ধারায় যে ষ্ট্রিক্ট নিয়ম আছে জামীনের সেইরকম ব্যবস্থাই এই আইনে করা হবে, সে জামীন পাবে না। আপনি বলছিলেন মার্ডার কেসেরও জামীন হয়। মার্ডার কেসের অপরাধী যদি জামীন পেয়ে যায় তাহলে এই তুচ্ছতম অপরাধে যদি জামীন না পাওয়া যায় এই আইনে যদি থাকে তাহলে আপনি

কি করে দুটোকে মিলাচ্ছেন ? আসলে একটা আনব্রিডিল্ড এ্যাবসোলিউট পাওয়ার পুলিশকে দিচ্ছেন। আমি খুব খুশী হয়েছি যে আপনি এটাকে সংশোধন করেছেন। হেড কনস্টেবল যেখানে ছিল সেখানে আপনি ছোটবাবু, মেজবাবু, সেজবাবু, বড়বাবুকে ক্ষমতা দিয়েছেন। প্রচলিত আইনে আছে ও. সি. অব দি পুলিশ-ষ্টেসন, তাঁকে ক্ষমতা দেয়া আছে, সেটাকে না করে আপনি হেড কনস্টেবল পর্যন্ত করে দিয়েছেন। যাই হোক আপনি বলেছিলেন এটা ঠিক নয় ছোটবাবু, মেজবাবু, সেজবাবু, বড়বাবু এই চারজনকে ক্ষমতা দেওয়া হয়েছে। আপনি আরও অন্যান্য অনেককে ক্ষমতা দিয়েছেন, তারা এ্যারেষ্ট করতে পারবে উইদাউট ওয়ারেণ্টে। আপনি বললেন, তাই যদি থাকে তাহলে ১৫নং ধারায় বিশেষভাবে সেই ক্ষমতা দেওয়ার কি দরকার ছিল ? এইগুলিতে যদি না পড়ে যেসব আইন আছে অনেক ভেবেচিন্তে সব আইন তৈরী হয়েছে, সাধারণ নাগরিকদের অধিকার রক্ষা করেও এ্যারেষ্ট করবার কি ক্ষমতা দেওয়া যায়—সেখানে ম্যাক্সিমাম দেওয়া আছে। এতে সন্তুষ্ট নয় আমলাতন্ত্র। তারজন্য সম্পূর্ণ ক্ষমতা চেয়েছেন যাতে কোন আইনের মধ্যে পড়বে না। এই যে ১৫নং ধারা তাতে আপনি দিয়েছেন বিনা ওয়ারেণ্টে যাকে খুশী গ্রেপ্তার করতে ছোটবাবু, মেজবাবু, সেজবাবু পারবেন এবং যে-কোন অফিসে এরজন্য ভারপ্রাপ্ত যিনি তিনি করতে পারবেন।

[ 4-05—4-15 p.m. ]

ধারার দিক থেকে দেখুন, চ্যাপটার টু, ৬ এর (১) এ, এসেনসিয়াল, এই যে আপনি বলছেন উদ্দেশ্য এই উদ্দেশ্যের সঙ্গে ধারাগুলির মিল কোথায় সেটাতে আমি বুঝতে পারছি না। এ্যাক্সেস টু সার্টেন প্লেসেস, এই যে এ্যাক্সেস টু সার্টেন প্লেসেস এই যে প্রিভেণ্ট করবার জন্য এটা করা হল তাতে ৬ (১) এ If as respects any place or class of places the State Government considers it necessary or expedient in the public interest or in the interest of the safety and security of such place or class of places that special precautions. তাহলে এখানে এনি প্লেস, আপনি তাকে এমন কি লিংক পর্যন্ত করলেন না যে গভর্ণমেণ্ট অথবা যে অফিসার প্রয়োগ করবে তার একটা দায়িত্ব থাকবে টু প্রুভ এনি থিং যে, হ্যাঁ, এই প্লেসটা কোন ব্যাপারে essential in the interest of the safety and security of such place or class of places. সেই প্লেস এবং ক্লাস অব প্লেসেস পাবলিক ইণ্টারেষ্ট এর সঙ্গে জড়িত, কি এসেনসিয়াল সার্ভিস তা পর্যন্ত কিছু বলেন নি, এ্যাবসুলিয়টলি আনকোয়ালিফায়েড। বলছেন ইন দি ইনটারেষ্ট অব দি সেফটি এ্যাণ্ড সিকিউরিটির জন্য এই মেনটিনেন্স অব পাবলিক অর্ডার বিল কিন্তু এখানে বলছেন না, কোন রকম লিঙ্ক পর্যন্ত রাখছেন না এখনে পুলিশ অফিসারকে প্রমাণ করতে হবে যে এটা পাবলিক ইনটারেষ্টে দরকার ছিল। শুধু বলে দিচ্ছেন In the public interest or in the interest of the safety and security of such place, বিড়লার বাড়ীর সামনে যুবসঙ্ঘ ডিমনসট্রেট করলো যে তুমি আমাদের এখান থেকে সব অফিস তুলে নিয়ে যাচ্ছে, লোকজনকে এখানে কাজ দিচ্ছেনা, বেকার করে দিচ্ছে। জ্যোতিবাবু পুলিশ পাঠিয়ে দিয়েছিলেন বিড়লার বাড়ী প্রটেক্ট করবার জন্য। খবর নিয়ে জেনেছিলাম যে বিড়লারা তখন বাড়ীতে ছিলনা তবুও তিনি পুলিশ পাঠিয়েছিলেন তাদের প্রটেক্ট করবার জন্য। কিন্তু জ্যোতি-বাবুর সেই পুলিশ পাঠিয়ে দেবার জন্য আপনার এই আইনের ক্ষমতার দরকার হয় নি, অর্ডিনারি আইনেই তিনি পুলিশ পাঠিয়ে দিয়েছিলেন। আপনি যে আইন করতে যাচ্ছেন তাতে আর জ্যোতিবাবুর দরকার হবে না, তুচ্ছতম তুচ্ছ অফিসার যদি মনে করেন যে বিড়লার বাড়ীটা সেফগার্ড করা দরকার ইন দি ইনটারেষ্ট অব দি সেফটি এ্যাণ্ড সিকিউরিটি অব সাচ প্লেস তাহলে এমন একটা অর্ডার জারী করলেন সেখানে, তারপর সেখানে যুবসঙ্ঘ যদি ডিমনসট্রেড করুক

আর না করুক তাহলেও তারা এই আইনের আওতায় আসবে। যদি তারা ডিমনষ্ট্রেশন নাও করে তবু যুবসংঘ অফিসে বসে থাকে সার্কুলার রোডে তাহলেও তারা লয়টারিং-এ পড়বে, আর তারা যদি অফিসে বসে মিটিং করে ঠিক করে যে ডিমনষ্ট্রেশন করবে তাহলেও তারা পড়বে এই আইনে কারণ প্রিপারেশন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** এই আইনটা আড়াই বৎসর হল আছে, জ্যোতিবাবু পুলিশ পাঠিয়েছিলেন কিন্তু আমরা পাঠাই নি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**ঃ সেই উত্তর আমি দেবো। যদি এই আইন আড়াই বৎসর হওয়া সত্ত্বেও প্রয়োগ না হয়ে থাকে তাহলে এই মরা আইনকে জিইয়ে রেখে আপনার দুর্নাম হবে। বসুন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** অন্যায়ভাবে প্রয়োগ করা হয় নি, অন্যান্য জায়গায় যা হয়েছে তা পরে বলবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** এখানে in the interest of the safety and security of such place or class of places. তারপর সেকশন ৬ (২), এখানে দেখবেন No person shall, without the permission of the State Government or of any person in authority connected with the protected place duly authorised by the State Government in this behalf or of the District Magistrate or of the Sub Divisional Magistrate having jurisdiction, enter, or be on or in, or pass over, any protected plece and no person shall loiter in the vicinity of any such place আর কত 'অর' বসাবেন ? ডিক্সনারিটা বোধ হয় হাতের কাছে ছিল না। যেগুলি পারেন নি or pass over, any protected place and no person shall loiter in the vicinity of any such place. তাহলে দেখুন or any person in authority connected with the protected place duly authorised by a Sub Divisional Magistrate. কোথায় আছে ষ্টেট গভর্ণমেণ্ট, অর ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, অর সাবডিভিশনাল ম্যাজিষ্ট্রেট। যদি অথরাইজ করেন একজন নন অফিসিয়ালকে, যে এই প্লেসের সঙ্গে কনসার্ণড তাকে যদি অথরাইজ করেন তাহলে তার পাশ ছাড়া সেই প্লেসে আর কেউ ঢুকতে পারবে না। আপনার এই আইন অনুসারে পশ্চিমবাংলায় সমস্ত কলকারখানায় জোতদারের জমি, খনি, বাগিচা, যদি ইচ্ছা করেন তাহলে তাকে প্রটেকটেড প্লেস ডিক্লিয়ার করে দিতে পারেন। আপনি বলবেন যে আপনার ত ইচ্ছা নেই, ভাল কথা। হয়ত আপনার মুখে শুনবো শ্রমিক আন্দোলন, কৃষক আন্দোলন, গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করার ইচ্ছা আপনার আছে কি না কিন্তু ইচ্ছা অনিচ্ছার উপর ত আইন তৈরী হয় না, আইন যখন তৈরী করছেন, ক্ষমতা যখন নিচ্ছেন সেই ক্ষমতা নেবার স্কোপ কি এবং সেটা লেজিটিমেট কি না, গণতান্ত্রিক সরকারের রীতি নীতির সঙ্গে তার কোন সামঞ্জস্য আছে কি না কনসিসটেনসি আছে কি না সেগুলি দেখা দরকার। ৬ (২)—কারণ আমি আগেই বলেছি যে একটা প্রটেকটেড প্লেস করে দিলেন, একটা কারখানা, প্রাইভেট কারখানার মালিকের লোককে ক্ষমতা দিয়ে দিলেন পাশ দিতে, সে ইউনিয়নের লিডারদের পাশ দিলো না এবং কিছু বিচার না করেই তার চাকরী গেল।

ইণ্ডাষ্ট্রিয়েল এ্যাক্টে আসতে হবে না। পাশ দিলেন না কারখানায় ঢুকবার, তারপর এই ব্যাপার নিয়ে গেট মিটিং করতে হলেই আইনে পড়ে গেল, লয়টারিং ইন্ দি ভিসিনিটি, ৬(২)টা দেখুন। এই সত্ত্বেও যদি নিরুপায় হয়ে মিটিং করে তিন বছরের জেল অর ফাইন অর বোথ হবে। আপনি আইন প্রয়োগ করবেন না বুঝলাম, কিন্তু কি জিনিষ করছেন দেখুন, কি ব্যাপারের সঙ্গে

কি শাস্তি, যেখানে ফাঁসীর আসামীর বিচার হয় না, অসংখ্য আসামী ঘুরে বেড়াচ্ছে, বিচার হয় না, বিচার হবে সে আশাও রাখি না, সেখানে কি অপরাধের জন্য কি শাস্তি আপনি করছেন সেটা দেখুন। তিন বছরের জেল অর ফাইন অর বোথ, কিরকম এগ্রাভেটেড ফর্ম—৭(বি), সেই জেল বাড়িয়ে ৫ বছর করা আছে। যদি এ্যাটেম্পটেড এনট্রী হয়, তাও এনট্রী নয়, এ্যাটেম্পটেড এনট্রী হলেই পাঁচ বছর জেল দিতে পারবে। এটার আবার প্রমাণ করবার দায়িত্ব থাকবে যে অপরাধী, তার, ফরাসী আইন, এই অপরাধে সমস্ত প্রিন্সিপল অব ল' যা ভারতবর্ষে চালু আছে, এ আইনে উল্টে দিচ্ছেন সারেপটিশাস্লি, সোজাসুজি ঠিক করবেন। সারা দেশে যদি একটা ডিবেট হত তাহলে ফাণ্ডামেন্টাল প্রিন্সিপল অব ল, আমাদের দেশের আইন বদলে দিত, পুলিশ প্রমাণ করবে না ; সেই অপরাধী, যাকে অভিযুক্ত করা হয়েছে তাকেই প্রমাণ করতে হবে যে সে নিরপরাধ। আর যদি প্রমাণ করতে না পারে যে সে নিরপরাধ তাহলে জামীন পর্যন্ত পাবে না, এই অবস্থায় আইন নিয়ে এসেছেন। সেখানে এ্যাটেম্পটেড করছে বলে দিল পুলিশ, বিনা পাশে কারখানায় ঢুকতে চেষ্টা করেছিল বলে দিলেই, তার কোন প্রমাণ নাই কোন ভিত্তি নাই, শুধু চেষ্টা করেছে বলে দিলেই পাঁচ বছরের জেল হবে।

তারপরে আসুন চ্যাপটার থ্রীতে। স্যাবোটেজ—কি ডেফিনিশন করা হয়েছে ? No person shall do any act with intent to injuriously affect, whether by impairing the efficiency or impeding the working of anything or in any other manner whatsoever, or to cause destruction of or damage. এই স্যাবোটেজের ডেফিনেশন যদি ব্যুরোক্রেটরা না করতে পেরে থাকে আপনারা কেন করলেন না ? সমস্ত ল'ইয়ারদের ডেকে কেন স্যাবোটেজের ডেফিনেশন করতে পারছেন না, ওমনিবাস ডেফিনেশন ঢুকিয়ে দেবেন ? or in any other manner whatsoever with the intent to injuriously affect whether by impairing the efficiency or impeding the working of anything or in any other manner whatsoever. সেটাই স্যাবোটেজ হয়ে গেল ? এত বড় একটা গুরুতর কথা স্যাবোটাজ, সেই জিনিষের এই ডেফিনিশন হল ? আর তার উপর দাঁড়িয়ে যা কিছু গুরুতর শাস্তি ১০ বছরের জেল দেবার বিধান হচ্ছে, টেন ইয়ার্স পানিস্‌মেণ্ট হয়ে যাচ্ছে সেকশন ৮(১)-তে আছে ইনটেণ্ট টু ইঞ্জুরিয়াসলি এ্যাফেক্ট এটসেট্রা, এ, বি, সি, ডি, করে করে এলেন ট্রামওয়ে, রোড, ক্যানেল এটসেট্রা করে ষ্টেট অর প্রাইভেট ট্রান্সপোর্ট এই সমস্ত করে করে সিউয়েজ ওয়ার্কস পর্যন্ত এলেন, কিভাবে পাবলিকের সঙ্গে লিংক করলেন, কত কথা ঘুরিয়ে ফিরিয়ে করলেন। এই আইনে একটা ট্রাম ওয়ার্কার যদি লেজিটিমেট ইণ্টারেষ্টে ষ্ট্রাইক করে তাহলে তাকে ১০ বছর জেল দিতে পারেন, এমনকি ষ্ট্রাইক করারও দরকার নাই, ডিউটি না করলেই, এ্যানি ওনিশন করলেই আইনের কণ্ট্রাভেনশন হল এবং এই আইনে যে ডেফিনিশন দিচ্ছেন তাতে এ্যানি ওমিশন উইল অলসো বি কন্সিডার্ড এ্যাজ কণ্ট্রাভেনশন ল'ফুল অথরিটি এ্যাডমিনিষ্ট্রেটারকে করে দিলেন, এ্যাডমিনিষ্ট্রেটার বা অথরাইজড পার্সন বলে দিল যে তোমার ঝুলিঝালা নিয়ে অমুক জায়গায় হাজির থাকা চাই, সে বললে যাবনা, তাহলেই সেটা ওমিশন হয়ে গেল। That ommission itself comes under this Act.

[ 4-15—4-25 p.m. ]

এফিসিয়ান্সি ইমপেয়ার্ড হোল, রানিং ইমপেয়ার্ড হোল, সব কিছু হোল, সব কিছু আপনারা নিয়ে এসেছেন। তবুও আমি মাপ করলাম কারণ আমি বুঝলাম পাবলিক ইণ্টারেষ্টের সঙ্গে কানেক্ট করেছেন। তারপর লিখেছেন সেকসন এইট (৪) ডি-তে any building or other property used in connection with the production, distribution or supply of any

essential commodity or maintenance, of any essential service, any sewage work. কমা এবং লাষ্ট প্যারাতে দেওয়া হচ্ছে ২টি জ্যাম। এটা হচ্ছে অন্তরের কথা— মাইন এণ্ড ফ্যাক্টরী। তাহলে কি বাদ গেল? আপনার ছেলেপুলে, নাতি-নাতনী, ভায়রাভাই, জামাই ইত্যাদি সব কিছু চলে এল, আর কিছু বাকী নেই। মাইনস, ফ্যাক্টরী চলে এল তার যদি এফিসিয়ানসী ইমপিয়ার্ড হয়, রানিং ইমপিয়ার্ড হয়, ইঞ্জুরি কিছু একটা হয় ছাট কামস্ আণ্ডার সাবভার্সন। সিদ্ধার্থবাবু যদি মনে কিছু না করেন তাহলে আপনাকে একটা কথা বলি। আমি বাচ্চা বেলায় ইংরেজ আমলে স্বদেশী করেছি, ১৯২৯ সালে ষ্টুডেন্ট মুভমেন্টে জয়েন করেছি, ১৯৩০ সালে ইংরেজের জেল খেটেছি, ১৯৩২ সালে গ্রামে গিয়েছি, আইন অমান্য করেছি জেল খেটেছি এবং তারপর কমিউনিষ্ট হয়েছি অনেক বুঝেসুজে যে শুধু জেল খাটলেই হবে না, সমাজ ব্যবস্থা পাল্টাতে হবে। আমি ইংরেজ আমলেই কমিউনিষ্ট হয়েছিলাম। মহাত্মা গান্ধীজী যাকে পাশবিক হিংসা বলেছেন, ইংরেজের সময়ে আমরা বৃটিশ সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সমস্ত দল মিলে ইংরেজের যেসমস্ত আইনকে আমরা তীব্র ভাষায় নিন্দা করেছি, ভৎসনা করেছি যে এটা সভ্য জগতের আইন নয়, এটা বর্বর জগতের আইন—আপনি সিদ্ধার্থবাবু একজন আইনজ্ঞ হয়ে দেখুন ইংরেজের সময়ে ইংরেজের বিরুদ্ধে যখন চরম দেশজোড়া বিদ্রোহ সেইসময় তাঁরা এ রকম কোন আইন করেছিলেন কি? সাবভাসিভ এ্যাক্ট এ রকম কোন ডেফিনেসন ভারতবর্ষের কোন আইনে হয়েছে কি? ১৯৭০ সালে রাষ্ট্রপতির শাসনের সময়ে আমলা এবং পুলিশ মিলে তার ডেফিনেসন তৈরীকরবে এবং জনসাধারণের ভোটে নির্বাচিত আইনসভা এবং মন্ত্রীসভা সেই ডেফিনেসন স্বীকার করে নেবে, তাঁরা উল্টে পাল্টে দেখবে না কি ডেফিনেসন দিচ্ছে? আমি মনে করি এটা আপনার পক্ষেও বিবেচনা করা সম্ভব নয় এবং আমি বিশ্বাস করি আপনিও বুঝবেন যে আমাদের দেশের মঙ্গলামঙ্গল, জনসাধারণের ব্যক্তি স্বাধীনতা কখনও আমলাদের উপর ছেড়ে দেওয়া যায় না। সে কমা, ফুলষ্টপ খুঁজে দেখবে কোথায় আমার অধিকার আছে, কোথায় আমি ক্ষমতার অধিকারী। অথচ যে ক্ষমতা তাঁর আছে তা দিয়ে কিন্তু সে অনেক উপকার করতে পারে, অনেক দোষীকে ধরতে পারে। কিন্তু সে কি করেছে? আমি মিসার সময়ে বলেছিলাম পুলিশকে কারখানার মালিক, জোতদার ডাকলেই পায় কিন্তু পুলিশ কি স্মাগলিং ধরে? যেসমস্ত ডাকাতি হচ্ছে সেই ডাকাতদের কি তারা ধরে? মার্ডারার ঘুরে বেড়াচ্ছে এবং তাকে ধরার বেলায় বলছে, স্যার, ধরতে পারছি না। চোখের সামনে স্মাগলার ঘুরে বেড়াচ্ছে তাকে ধরা যাচ্ছে না এমন অবস্থা চলছে। কাজেই তাঁরা যে ক্ষমতা চাইবেন আপনারা একটা পপুলার গভর্ণমেন্ট হয়ে তাঁদের সে ক্ষমতা চোখ বুজে ছেড়ে দেবেন এটা কখনও হওয়া উচিত নয়। আমি আপনাদের অনুরোধ করব আপনারা ২১৬ জন মেম্বার এখানে রয়েছেন আপনাদের বিরাট শক্তি রয়েছে কাজেই দয়া করে আপনারা এই আইন উইথড্র করুন। আপনারা থরোলি স্ক্রুটিনি করে যদি মনে করেন এই আইন আনা কোন গণতান্ত্রিক সরকারের পক্ষে অযোগ্য নয়, ন্যায়সঙ্গত তাহলে যে কোন মুহূর্তে আপনারা একে পাশ করিয়ে নিতে পারবেন। ১২ মাসের জন্য যদি এই আইন ল্যাপ্স করে যায় তাতে কিছু যায় আসে না। আপনি নিজেই বলেছেন মাত্র কয়েকটি কেস হয়েছে এই আইনে। কাজেই যদি ল্যাপ্স করে যায় তাতে কিছু আসে যাবে না। আপনাদের ২১৬ জন মেম্বার রয়েছে আপনারা এই আইন পাশ করে নিতে পারবেন। কাজেই আপনারা ভাল করে স্ক্রুটিনি করুন। তারপর, চাপটার থ্রী, এইট (টু)তে রয়েছে ওমিসন। ওমিসন পর্যন্ত হোল, ইনটেণ্ট থাকলেও হোল, এইট (থ্রী) তে ১০ বছর হোল ৯ নং ধারায়। তারপর চাপটার ফোর-এ বললেন লুটিং এণ্ড রেইডিং। সেকসন টেন-এ দেখুন সেখানে বলা হচ্ছে আর্মস এণ্ড এ্যমুনিসন ইত্যাদি। রেজনবল সাসপিসন যদি আমার থাকে reasonable suspicion that he does not carry it on his person or

have it in his possession or under his control for a lawful object, shall, unless he can show that he was carrying it on his person or that he had it in his possession or under his control for a lawful object, be punishable with imprisonment for a term which may extend to seven years.

আপনি বললেন যে জোতদার বন্দুক নিয়ে যাচ্ছে মারতে। ল'ফুলি যাচ্ছে, কারণ বন্দুকের জন্য তার লাইসেন্স আছে—আমি তাকে ধরলাম এবং ৭ বছর জেল দিয়ে দিলাম। সিদ্ধার্থবাবু আমি আগেও বলেছি এবং এখনও বলছি আপনি নিজেকে প্রবঞ্চনা করবেন না। আপনার আইন কার্য্যকরী করবার জন্য যে ইন্সট্রুমেন্ট, সেই ইন্সট্রুমেন্ট—বন্দুক নিয়ে জোতদার যাচ্ছিল বলে তাকে ধরে নিয়ে ৭ বছর জেলে পুরে দেবেন, বরং চাষী যদি জোতদার বন্দুক নিয়ে এসেছে দেখে লাঠি নিয়ে এসে দাঁড়ায় এবং বলে বন্দুক ছুঁড়লে লাঠি মারবো এবং পুলিশ যদি এই বিষয়ে সংবাদ পায় তাহলে আগে চাষীদের ধরে নিয়ে জেলে পুরবে। কিন্তু আপনি ক্ষমতা কাকে দিচ্ছেন? জোতদার হোক, চাষী হোক,—আমি একটা আর্মস ক্যারি করছি লিগ্যাল, কিন্তু আমার ইনটেনশন কি ছিল, এই রিজনেবল সাসপিশনের ভিত্তিতে আপনি ওকে পাকড়াও করে ৭ বছর জেলে দিয়ে দিতে পারেন? জোতদার বলে কেন দেবো? হলোই বা জোতদার, সেও তো প্রোটেকশনের জন্য বন্দুক নিতে পারে। শুধু সে বন্দুক নিল এবং তা ব্যবহার করলো না, কিছু হলো না, আপনি তাকে ধরে নিয়ে সাত বছর জেল দিয়ে দিলেন, এটা কি ব্যাপার? এটা কি আগেকার কাজীর বিচার হচ্ছে, এটা কি হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রীর বিচার হচ্ছে, আমি তো কিছুই বুঝতে পারছি না। আপনি এটা কি করে করেন? লুটিং—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি জানেন যে এখানে রুল অব এভিডেন্সকে বদলে দেওয়া হয়েছে এবং সমস্ত আইনজ্ঞ যারা এখানে বসে আছেন এবং মন্ত্রীসভাতেও আছেন, তাঁরা দয়া করে এটা নোট করবেন যে যদি সমস্ত বদলে দিতে হয় তাহলে সেইগুলো সোজাসুজি বদলে দেওয়া হোক। রুল অব এভিডেন্সকে আপনি বদলে দিচ্ছেন, তার প্রেমিসেসকে বদলে দিচ্ছেন, এখানে বলছেন যে রিজনেবল সাসপিশনের উপর করতে পারি কিন্তু সেই অভিযুক্তকে প্রমাণ করতে হবে যে সে আইনসঙ্গতভাবে এটা নিয়েছিল এবং সেটা যদি সে প্রমাণ করতে না পারে তাহলে তার জামিনও হবে না। ইনডিরেক্টলি আপনি সেটা বদলে দিচ্ছেন। তারপর চ্যাপটার ফাইভে আসুন, এবার আমলাতন্ত্রের অন্তরের কথা শুনুন—"শুধু কি মুখের বাক্য শুনেছ দেবতা, শোননি কি জননীর অন্তরের কথা"— এবার আমলাতন্ত্রের অন্তরের কথা শুনুন রিকুইজিশন অব প্রপার্টি—মুখ্যমন্ত্রী যে উদাহরণ দিলেন যে বে-আইনী অস্ত্রশস্ত্র নিয়ে একটা গাড়ী যাচ্ছিল, আমার বর্তমান আইনে সেই গাড়ী ধরবার অধিকার নেই, আমি এই আইনে সেই গাড়ীটাকে ধরে ফেললাম, গাড়ীটাকে রিকুইজিশন করে ফেললাম। মুখ্যমন্ত্রী মহাশয়, এই আইনের কি তাই উদ্দেশ্য? দেখুন এই আইন কিরকম নরম, কিরকম সুন্দর, কিরকম চমৎকার পাখীর পালক দিয়ে যেন গায়ে বুলিয়ে দেওয়া হচ্ছে। তাদের এতক্ষণ পর্যন্ত জনসাধারণকে নিয়ে কারবার হলো, সেখানেতে খড়্গ তুলে এই মারমার, কাটকাট—এই তুমি কিছু করতে পারছো না, এই ইনটেন্ট থাকলে হয়ে গেল পাঁচ বছর, সাত বছর, দশ বছর। এদের বেলায় কি হচ্ছে? চ্যাপটার ফাইভে, কমপেনসেশন বাই এগ্রিমেন্ট হবে, তিন মাসের মধ্যে টাকা দিতে হবে। কিন্তু যদি একটা কারখানা প্রটেক্টেড প্রেস হয়, তার শ্রমিক কিংবা তার ইউনিয়নের সঙ্গে গভর্ণমেন্ট কোন কনসাল্ট করবে না, ডিক্লেয়ার করবার আগে এদের নিতে গেলে একটা এগ্রিমেন্ট করতে হবে, এগ্রিমেন্ট না হলে আর্বিট্রেটার হবে এবং আর্বিট্রেটার একজন জাজকে হতে হবে। ঐ সেজবাবু, ছোটবাবু, মেজবাবুর দ্বারা হবে না, এটা তো প্রপার্টিড ক্লাস নিয়ে কারবার করা হচ্ছে, সেইগুলো তো হতভাগা, হাঘরে লোক, সুতরাং তাদের জন্য ছোটবাবু, মেজবাবু, সেজবাবু—এখানে কিন্তু জাজ হওয়া চাই, জাজ না হলে হবে না এবং সেই সঙ্গে

পকুানিয়ারী লস শুধু নয়, যে সারকামস্ট্যান্সে তিনি কনসিডার করে আরও যদি কিছু তাকে দওয়া যায়, তারও সেখানে ব্যবস্থা করা হবে। এদিকে সিদ্ধার্থবাবু আপনি নিজে জানেন, কারণ াপনি কনষ্টিটিউশন এ্যামেণ্ডমেন্টের একজন উদ্যোক্তা এবং সেই কনষ্টিটিউশন এ্যামেণ্ডমেন্ট করে াপনারা বলেছেন পাবলিক ইণ্টারেষ্টে যদি নিতে হয়, সংবিধানের যে ডাইরেকটিভ প্রিন্সিপিল্‌স, ার জন্য যদি নিতে হয় তাহলে তার বাজার দর দেবে না, এই নিয়ে এত হৈ চৈ করলেন, সংগ্রাম রলেন, সুপ্রিম কোর্টের সঙ্গে লড়াই করলেন, এবার এখানে একটা অত্যন্ত অন্যায় করেছিল তা ায়সঙ্গত ভিত্তিতে প্রপার্টিটা রিকুইজিশন করে নেন—ভীষণ পাবলিক ইণ্টারেষ্ট, এই অবস্থায় রকুইজিশন করেছেন।

4-25—4-35 p.m. ]

ভীষণ Public interest এর বিরুদ্ধে চলছে, সেই সময় আপনি requisition করছেন। সেখানে াপনি কত রকম মায়া দয়া খাতির—কত রকম কি দেখাচ্ছেন! তিন মাসের মধ্যে দিতে হবে—ধু তাই নয়—Persons concerned may also nominate an expert. সেখানে আবার জকে সাহায্য করবার জন্য গভর্নমেন্ট একজন expert নিযুক্ত করছেন। যে ভদ্রলোক concerned চনিও expert একজন নিযুক্ত করতে পারবেন। শুধু তাই নয়—শেষটা আরও চমৎকার ppeal করতে পারবেন হাইকোর্টের কাছে up to 5 thousand. কিন্তু যদি পাঁচ হাজার টাকা । তার বেশী মূল্য হয়। কিন্তু কোন গরিব মধ্যবিত্তের property যদি আপনি requisition-equisition করেন, তার ক্ষেত্রে সেখানে হাইকোর্টে আপীল করবার কোন ক্ষমতা নাই, অধিকার ার নাই। পাঁচ হাজার টাকা মূল্যের সম্পত্তি হলেও তিনি হাইকোর্টে যেতে পারবেন না। াপনাদের বলবো—আপনারা মুখেই সমাজবাদের কথা বলেন হামেশা। এদের ক্ষেত্রে কোন াপীলের প্রভিশন নাই। তাদের জন্য কোন আলাদা ট্রাইবুনালের ব্যবস্থা নাই। আর এখানে াচ হাজার টাকার উপর হলে হাইকোর্টে আপীল করবার সুযোগ দেওয়া হয়েছে। আর বাকী রা সম্পত্তিহীন লোকগুলো আছে তারা হতভাগা অমানুষ। এই Chapter VI দেখুন—যেমন rocedure miscellaneous provision রেখেছেন দয়া করে অত সহজে discuss করবেন না। ই আইনে যতখানি বিষ কামড়ে দেওয়া যায়, এর যে Sting, সেই Sting-এর যদি কোথাও ভাব হয়ে যায়, তারজন্য এই ব্যবস্থা এখানে রাখা হচ্ছে। সহজ কথা নয়। এই upplementary and Procedural ব্যবস্থার মধ্যে সেটা থাকছে। Clause 18 পড়ুন। ny person who attempts to contravene, or abets, or attempts to abet, or does ny act preparatory to, a contravention of any of the provisions of this Act r of any order made thereunder shall be deemed to have contravened that rovision or, as the case may be, that order. এই কি আইন? এই আইন কোন মানুষ খনো আশা করতে পারে? So Comprehensive Plan করবার সময় দেখতে পাননি Com-rehensive কাজ করবার জন্য। সেখানে ৩১৭টা loophole দেখছি। মানুষকে পেটাবার জন্য কত কম ব্যবস্থা। Any person who attempts to contravene or abets or attempts o abet or does any act preparatory to, a contravention of any of the provi-ions of this Act or of any order made thereunder shall be deemed to have ontravened that provisions or, as the case may be, that order shall be deemed o have contravened shall be dreamed to have contravened. এই আইন? চুলোয় াক্—Criminal Procedure Code, চুলোয় যাক্ Indian Panel Code. চুলোয় যাক্ াইকোর্টের নজির, সুপ্রীম কোর্টের Precedent. কিছুই মানতে হবে না আমাদের এখন আইন

চাই—যে আইনে আদালতের কোন রায়ই কার্য্যকরী হবে না। হাইকোর্ট বা সুপ্রীম কোর্ট—এক একটা বিষয়ের উপর রায় দিয়ে যে Precedent তৈরী করেছেন, তার কিছুই কার্য্যকরী হবে না। আমি Consult করবার জন্য Indian Penal Code ও Criminal Procedure Code একটু সামান্য উল্টেপাল্টে দেখছিলাম। তাতেও আপনারা সন্তুষ্ট নন; তা আপনারা নাকচ করে দিয়ে এমন একটা definition এখানে দিতে চাচ্ছেন—Any Act preparatory to contravention. অমনি শাস্তি হয়ে গেল। কোন্ দেশের আইনে এই ব্যবস্থা আছে? আইনে যে দোষীকে আত্মপক্ষ সমর্থন করবার সুযোগ দেওয়া হয়েছে। কিন্তু এই আইনে তার সুযোগ নাই। আপনি বলছেন কোন সিটিজেনকে আপনি বধ করছেন না। আইনে ক্ষমতা হাতে রেখেও যদি আপনি বধ না করেন, সে হয়ত আপনার দয়া। কিন্তু আপনি যখন এই ক্ষমতা দেবেন কোন অফিসারকে তখন কি হবে? আইনে এতদিন যে Protection-এর ব্যবস্থা ছিল, এখানে আজকে তা আপনি রাখছেন না। আমি অনেক সময় নিয়েছি, শেষ করে এনেছি প্রায়। আমি বলবো আপনি তলিয়ে আইনটা বিচার করে দেখেন নাই, তাড়াহুড়োর মধ্যে আপনাকে এটা করতে হয়েছে।

ইণ্ডিয়ান আয়রন এণ্ড ষ্টীল প্রটেকটেড প্লেস হলো, ইউনিয়ন অফিসে বসে এই নিয়ে আলোচনা হলো, কিন্তু সেটা এ্যাক্ট প্রিপেয়রেটরি হতে পারে, এবং ওদের আণ্ডারে আসতে পারে এবং কনটারভেন্স হলো বলে বিবেচিত হতে পারে। আইনের জেনারেল প্রিন্সিপিল নিয়ে প্রিপারেসন ইজ নট এ্যান অফেন্স। এখানে আপনারা তাও এনেছেন যদিও আপনারা সকলে ব্যারিষ্টার। তার পরে ২০ (৪) সামারি ট্রায়াল, ব্যাপার কি নকশাল আপসার্জ হচ্ছে। বাংলাদেশে যখন ১৯৭০-৭১ সালে এই রকম একটা সাংঘাতিক ধরনের নকশালি গণ্ডগোল হলো, তখন মনে করুন যদি একটা পপুলার গভর্ণমেণ্ট থাকত ন্যায্যভাবে সেই গভর্ণমেণ্ট চলত, তাহলে তা দমন করতে পারত। তবুও আমলাতন্ত্র বলল যে একটা ভীষণ ব্যাপার হচ্ছে বলেই ক্ষমতা নিয়েছে এবং নিয়ে সামারি ট্রায়াল নিয়ে ছিল যা ২০ (৪) দিয়েছেন। আমার মনে আছে ১৯৩০ সালে আইন অমান্য করেছিলাম বলে ধরে নিয়ে এসে স্পেসাল মেজিষ্ট্রেট সেখানে ছিল তার সামনে দাঁড় করিয়েছিল। আমরা তখন আত্মপক্ষ সমর্থন করতাম না, মহাত্মা গান্ধীর নিদেশ ছিল 'তোমরা আত্মপক্ষ সমর্থন করবে না'। শুধু ম্যাজিষ্ট্রেটকে দেখিয়েই সেখানে সঙ্গে সঙ্গে রায় হয়ে গেল—এমন কি পুলিশ অফিসার কোর্টবাবু কেউ কিছু বলল না, কি বৃত্তান্ত কিছু না সঙ্গে সঙ্গে রায় হয়ে গেল। আপনারা কি চান আজকে গণতান্ত্রিক ভারতবর্ষে যেখানে সংবিধান আছে, যে সংবিধানে মানুষের অনেক মৌলিক অধিকার প্রটেকটেড আছে, তাও যথেষ্ট নয় আমার মনে হয় এবং ওনারাও মনে করছেন এবং যার জন্য সংবিধান সংশোধন করেছেন সাধারণ মানুষের মৌলিক অধিকার বাড়াবার জন্য। আজকে সেই অবস্থায় একটা সামারি ট্রায়ালের অধিকার এই প্রসিডিয়োরে দিয়ে দিচ্ছেন। লাষ্ট আমি এইটা বলছি ২১ (১) নো অর্ডার আণ্ডার দিস এ্যাক্ট স্যাল বি কল্ড ইন এ্যানি সিভিল অব ক্রিমিনাল কোর্ট। তাহলে আমাদের যেতে হবে কোথায় সুপ্রিম কোর্টে? জমি পুরোপুরি রেখে দিয়েছে, আর আপনি আইনে ব্যবস্থা করেছেন এরপরও ওরপরও, সমস্ত এ্যাপিলের ব্যবস্থা রেখে দিলেন, ট্রাইবুনালের ব্যবস্থা রেখেছেন, তারপর হাই-কোর্টে ইনজাংশান দিচ্ছে। (At this stage the red light was lit) স্পীকার, স্যার, আমাকে একটু সময় দেবেন কারণ বুঝতেই পারছেন আমাকে ক্লজ বাই ক্লজ বলতে হচ্ছে। ধরুন আমরা উদাহরণ দিলাম যে ইণ্ডিয়ান আইরন এ্যাণ্ড ষ্টিল ডিক্লেয়ার করে দিলেন প্রটেকটেড বলে। ইউনিয়ন অফিসে মিটিং করলো যে আমরা মানব না। সেই রিপোর্টের ভিত্তিতে আমাকে অভিযুক্ত করা হয়েছে, তুমি প্রিপারেশন করলে আমাকে মারবার জন্য, আর আমি আদালতে বলতে পারব না হোয়েদার দিস অর্ডার ইজ নট জাসটিফায়েড ইভেন আণ্ডার দিস এ্যাক্ট। তবুও আমরা যেতে

ারব না, তাহলে কার কাছে যেতে পারব? সিদ্ধার্থবাবু বলবেন যে বিশ্বনাথবাবু আপনি আমার াছে আসতে পারতেন। কিন্তু এই আইন লোক দেখে করা নয়, কোন আইন কোন মন্ত্রীর থ চেয়ে হয় না, মুখ্যমন্ত্রীর মুখ চেয়ে হয় না। কোন মুখ্যমন্ত্রী ভাল কি মন্দ সৎ কি অসৎ তা েখে হয় না, আইনটা আপনা থেকে করতে হবে আইনের প্রিন্সিপল বুঝে সাধারণের দিকে চেয়ে ার বিচার করে, সাধারণ লোকের কথা বিচার করে। প্রটেকটেড প্রেস বলে ডিক্লেয়ার হলো, ার বিরুদ্ধে ইলিগ্যাল কি লিগ্যাল তার কোন প্রভিশন রাখা হয় নি। আপনারা ২২৬ দিয়ে িল্লী চলে যাও তাহলে দিল্লী গিয়ে ২২৬ করে যদি কিছু করতে পারেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ামি ক্লজ বাই ক্লজ আলোচনা করেছি এবং অন্যান্য আইনে যে ক্ষমতা দেওয়া আছে তা দেখিয়েছি বং এই এতো ক্ষমতা ওদের হাতে দেওয়ার কোন কারণ নেই। তাই আমি বলেছি ই ক্ষমতা সেইসব শত্রুর বিরুদ্ধে প্রয়োগ করতে হবে, যাদের হাতে দিয়েছেন, তাদের কে িশ্বাস করবে?

[-35—4-45 p.m.]

শেষে আমি এই কথা বলবো যে আপনারা যেমন আমাকে বলেছেন যে এতগুলি মামলা হয়েছে াটে, কোথাও বলেছেন এই ক্ষমতার অপব্যবহার হয়েছে—আমি ফ্রাঙ্কলি স্বীকার করছি। ারণ আমি আইনজ্ঞ নই। কিন্তু প্রথম কথা হোল আমি ভাবতেও পারিনি যে এইরকম আইন াপনারা রিভাইব করবেন। এবং সেইজন্যই আমি উকিলের কাছে যাই নি কোনরকম খোঁজ বর করি নি কোথায় কি আদালতে কি হয়েছে, কি রায় হয়েছে না হয়েছে এসব আমি কিছুই রি নি। আপনারা গভর্ণমেণ্টের তরফ থেকে জোগাড় করেছেন তো? যে এতগুলি কেস লকাতায় হয়েছে বা কলকাতার বাইরে হয়েছে আপনারা দেখান কোর্ট কি মন্তব্য করেছে কি না। কান জনপ্রিয় সরকারের এইভাবে আইন করা উচিত নয়। গণতন্ত্রের সঙ্গে এর কোন সঙ্গতি েই আমি আবার বলছি যে কোন্ আইনে কি ক্ষমতা দেওয়া হোল তার উপর শান্তি-শৃঙ্খলা নির্ভর রে না। যে শাসক দলের পিছনে জনসাধারণের সমর্থন থাকে এবং তারা যদি আইন-শৃঙ্খলা ায় রাখতে চান তাহলে প্রচলিত আইনে যে ক্ষমতা দেওয়া আছে তা যথেষ্ট। কারণ তার িছনে সঙ্ঘবদ্ধ লোক আছে—তাদের কাছে প্রচলিত আইন যথেষ্ট। আর তা যদি না থাকে াহলে শুধু আমলাতন্ত্রের হাতে বা পুলিশের হাতে ক্ষমতা এইভাবে তুলে দিলে তার ফল কখনও ল হবে না। এই আইন প্রচলিত ছিল এবং ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার ছিল এবং তাদের িছনে সঙ্ঘবদ্ধ জনসাধারণও ছিল যদি বিভিন্ন সরিক দল চাইতো তাহলে তারা এই অরাজকতা ন্ধ করতে পারতো এবং আপনারাও যদি চান তাহলে আপনারাও পারবেন। আমি খুব বিনয়ের ঙ্গে আবেদন করবো যে এইরকম একটা ক্ষমতা একটা পপুলার গভর্ণমেণ্ট নিয়ে দোষী হবেন না, নসাধারণের মনে একটা আতঙ্কের সৃষ্টি করবেন না। এইভাবে পুলিশের হাতে ক্ষমতা দেবেন া। কেন না এইভাবে কোন মানুষের পক্ষে সম্ভব নয় অপরাধ প্রিভেণ্ট করা। সুতরাং এই অস্ত্র ম্বরন করুন। এই ব্রহ্মাস্ত্র তুলে দিচ্ছেন এমন সমস্ত লোকের হাতে যারা চিরকাল অপপ্রয়োগ রে থাকেন এবং এটা অপপ্রয়োগ করবে। সুতরাং আমি আবেদন করবো আপনারা সময় নন—আজকে এই আইনটিকে উইথড্র করুন ১২ মাস সময় নিন নেক্সট যে সেসন হবে ঐ জুলাই াসে যদি মনে করেন সেই সময় আসুন। ইতিমধ্যে ভাল করে থরোলি ডিসকাস করে দেখুন কটা পাবলিক ডিবেট করুন, সেমিনার করুন, উকিলদের ডাকুন এইসমস্ত করে যদি মনে করেন াহলে ভালভাবে সংশোধন আকারে ভবিষ্যতে আইনসভায় নিয়ে আসবেন আপনাদের যথেষ্ট ভাটের জোর? আপনারা একথা বলবেন না যে কেসগুলি আছে তার কি হবে—সামান্য কয়েকটি কসের জন্য এইরকম বলবেন না। তাদের বিরুদ্ধে অন্য যা কিছু ব্যবস্থা নেওয়া যাবে। আমি

একটি কথা মনে করিয়ে দিচ্ছি যে পি. ডি. এ্যাক্টকে বৃথা প্রয়োগ না করে এদিকে তাকে নিয়ে আসুন। ঐ নকশাল আন্দোলনের সময় থেকে আমি দু'আড়াই বছর ধরে জেলখানায় রয়েছি বর্তমান প্রচলিত আইনের বলে। আমি এরকম শত শত কেস দিতে পারি যে আড়াই বছর ধরে জেলখানায় আছে বিচারাধীন বন্দী তাদের বিরুদ্ধে আজ পর্যন্ত চার্জসিট হয় নি। এটা আমি ১৯৬৯ সাল থেকে বলছি নকশাল মুভমেন্টের পর থেকে। আড়াই বছর জেলখানায় আছে বেল পায়নি—তাদের মিসা আইনে বা পি. ডি.-তে ধরা হয় নি তবুও রয়েছে জেলখানায়। তাহলে বর্তমান আইনে ক্ষমতা নেই একথা বলা চলে না। বহু অপপ্রয়োগ আমি দেখেছি বহু নিরপরাধ লোকদের ধরে রেখে দেওয়া হয়েছে। আবার বহু অপরাধী তাদের পুলিশ দেখতে পাচ্ছে না, খোঁজ পাচ্ছে না। তাদের বিরুদ্ধে সাক্ষ্য পাচ্ছে না বলে তাদের ছেড়ে দিতে হচ্ছে। তাই বলছি যে এই ক্ষমতা নেবেন না। এই ক্ষমতার কোন প্রয়োজন নাই। প্রচলিত আইনে যথেষ্ট ক্ষমতা আছে। এই স্বৈরাচারী ও স্বেচ্ছাচারী ক্ষমতা কোন জনপ্রিয় গণতান্ত্রিক সরকারের পক্ষে নেওয়া কলঙ্কজনক। সেইজন্য আমি আবার অনুরোধ করছি এটা প্রত্যাহার করে নিয়ে ভালভাবে বিচার বিবেচনা করে পাবলিক ডিসকাসন করে ভবিষ্যতে প্রয়োজন হলে আবার আনবেন এবং তা সংশোধন করে নিয়ে আসবে—এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে এই এসেম্বলীর সাউথ গেটের দিকে প্রায় ১২হাজার শিবিরে কর্মী শোভা যাত্রা করে এসেছেন তাদের চাকুরীর জন্য। পুলিশ তাদের রাজভবনের কাছে গতিরোধ করেছে। এখানে মুখ্যমন্ত্রী আছেন তিনি এ বিষয়ে কি ব্যবস্থা নেবেন তারজন্য অনুরোধ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনি বলেছেন, এখানে মুখ্যমন্ত্রী আছে তিনি শুনেছেন। এরপর আপনি বসুন আপনার ইনফরমেসন দেওয়া হয়ে গেছে। এ ব্যাপারে আমি আর বক্তৃতা করতে দেবো না।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** স্যার, আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে তিনি একবার···

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপমি তো বলেছেন এরপর যদি কিছু করবার থাকে তাহলে উনি তা করবেন। আমি এর সম্বন্ধে আর কিছু বলতে দেবো না।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** তাদের দাবীটা আমি মাননীয় সদস্যের থেকে অনেক ভাল করে জানি এবং কারা কি করছে না করছে সমস্ত খবর আমর কাছে আছে। তাদের একবার নয়, দু'বার নয়, হাজারবার বলেছি সরকারের বক্তব্য কি। এইরকমভাবে বারবার সরকারকে বলে লাভ নেই। মাননীয় সদস্যরা জানেন যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৪২লক্ষ টাকা এনেছি তাদের দুই মাস চালাবার জন্য। অবস্থা হচ্ছে এইরকম যতগুলি সরকারী চাকুরী খালি হবে তাদের এবং Census employeesদের নেওয়া হবে। এখানে এইভাবে বারবার আসলে তাদের কোন সুবিধা হবেনা এটা পরিষ্কার ভাবে বলতে চাই।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** তাহলে আমাকে তাদের দাবীটা বলতে দিন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** নেতৃত্বের লড়ায়ের মধ্যে আমি নেই। আমি অত্যন্ত দুঃখীত যে এই দরিদ্র শিবিরবাসীদের নিয়ে একটা নেতৃত্বের লড়াই চলছে। কেউ ৪হাজার নিয়ে আসছে, কেউ ৫হাজার নিয়ে আসছে। আমি যতদিন মুখ্যমন্ত্রী আছি ততদিন এটা হতে দেবনা। সেট যদি আমার কংগ্রেসদলেরও কেউ করে তবুও সমর্থন করবো না।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** মননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে West Bengal Maintanance of Public Order Bill নিয়ে আমাদের মধ্যে,আমাদের প্রগতিশীল মোর্চার মধ্যে একটা লড়াই চলছে এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। বাংলাদেশের মানুষ বহু আশা করে, বহু কষ্ট স্বীকার করে, C. P. I-এর বহু কর্মী জীবন দিয়ে, যুবকংগ্রেসের বহু কর্মীরা বাংলার মাটি রক্তে ভিজিয়ে এই প্রগতিশীল সরকারকে আজকে গদিতে আসীন করেছে। আমরা বাংলাদেশের মানুষরা চাইবে না যে আমাদের মধ্যে কোনরকম বিরোধ বা কোনরকম বিভেদের বা কোনরকম দৃষ্টিভঙ্গীর পার্থক্য থাকে। শ্রদ্ধেয় বিশ্বনাথবাবুকে আমি শ্রদ্ধা করি, আমি আশা করবো, আমি যে বক্তব্য তার সামনে উপস্থিত করবো বিভিন্ন socialist দেশের আইন দেখিয়ে আমি প্রমাণ করবার চেষ্টা করবো যে আমরা এমন কিছু করিনি যা প্রগতিশীল দেশে দেখতে পাওয়া যাবে না। সর্বপ্রথম আমি বিশ্বনাথবাবুর দৃষ্টি আকর্ষণ করবো যে Crime এর বর্তমান যে defination সেটা হচ্ছে, it is a bourgeois Merutalis in human Consciousness এবং এই Crime সম্বন্ধে আমাদের পুজনীয় লেনিন, পৃথিবীর জনগণের পুজনীয় নেতা লেনিন সাহেব দুস্থ জনগনের নেতা পুজনীয় লেনিন সাহেব বলেছেন এই crime যদি ঘটে crime যদি সংঘটিত হয় তাহলে সরকারের একটা পবিত্র কর্তব্য আছে। সেই কর্তব্য লেনিন সাহেবর কথা অনুযায়ী হচ্ছে let not a single crime go undetected. এমন একটা crime আমাদের দেশে হবে সেটা যে রকম Crimeই হোক না কেন, যত তুচ্ছ হোক না কেন সেই crimeটা detected হবে না, ধরা পড়বে না। এই ব্যবস্থা কোন্ রাষ্ট্র সবচেয়ে প্রগতিশীল যে রাষ্ট্র অর্থাৎ রাশিয়া সম্বন্ধে আমার যে শ্রদ্ধা আছে Socialismএ যখন আমরা বিশ্বাস করি সেই রাষ্ট্রের প্রধান এবং প্রথম বক্তব্য এবং কর্তব্য হচ্ছে let not a single crime go undetected. আজকে কিছুক্ষণ আগে বিশ্বনাথবাবু এখানে বলেছেন, আমাদের দেশে খুনোখুনি হচ্ছে। সেই খুনোখুনির ব্যবস্থা অর্থাৎ বিহিত ব্যবস্থা করতে পারছি না। কিন্তু যদি বিহিত ব্যবস্থা করতে চাই তাহলে এই ধরণের আইন প্রয়োগ করা হয়, তাহলে বিশ্বনাথবাবুর কাছে অনুরোধ করবো তার মুখ দিয়ে আপত্তি করা সম্ভব কি না সেটা সহজ মনে তিনি বিবেচনা করে দেখবেন। Public undertaking রাষ্ট্রীয় পরিবহন সম্বন্ধে গত কয়েকদিন ধরে দৃষ্টি আকর্ষণী চলছে এবং ভিন্ন ভিন্ন প্রশ্নকরা হয়েছে। সেখানে বলা হয়েছে যে আমাদের যেসমস্ত public undertaking এর মালিকানা হচ্ছে আমাদের দেশের নিরন্ন জনসাধারণ যারা রাস্তা দিয়ে হাটতে পারেনা, যেহেতু রাস্তা নেই। তারা খেতে পায়না, যেহেতু তাদের পয়সা নেই, public undertaking এর এই যে মালিকানা সেটা আমাদের পশ্চিমবঙ্গের কৃষক, যারা সম্পত্তির মালিক, যারা factory worker যারা এই public undertaking এর মালিক তাদের দিকে তাকিয়ে যদি এই আইন না করি তাহলে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ উজ্জ্বল হবে কি না সেটা আপনারা বিবেচনা করে দেখবেন।

[ 4-45—4-55 p.m. ]

যে আইন আজকে আমাদের এখানে মাননীয় সিদ্ধার্থবাবু নিয়ে এসেছেন তাতে আমি দেখতে পাচ্ছি যে এই ধরনের আইন পানিসমেণ্ট এর ব্যবস্থা সোভিয়েত ল'বা সোভিয়েত দেশে অনেক বেশী আছে এল, সি. আর, এস, অর্থাৎ Law on Criminal Responsibility for Crimes against the State ( L.C.R.C.S. ) এল, সি, আর, এস, আর্টিকেল ৫, সেকসান ৫এ বলা হচ্ছে **Wrecking is destruction or damage by explosion, fire, or other means, of enterprises, structures, ways and means of transport, and communication or other State or social property, mass poisoning or the spread of epidemic or epizootic diseases with the object of weakening the Soviet State. The crime is**

punishable by deprivation of liberty for a period of from eight to fifteen years with confioation of property, or by death, with consfication of property. তাহলে র‍্যাগিং মানে হচ্ছে ড্যামেজ, ক্ষতি করা, নষ্ট করা ডেষ্ট্রাকসন or damage by এক্সপ্লোসন আমরাও ঠিক সেই জিনিস এখানে করেছি। সোভিয়েত ল, আর্টিকেল ৫, এল, সি, আর, সি, এস, যেটা আছে আজকে আমাদের এই আইনটায় মোটামুটি সেইভাবে প্রযোজ্য হচ্ছে পাবলিক আণ্ডারটেকিং এর উপর। আশপাশ থেকে হয়ত দেখছি অন্যান্য জিনিসগুলি। সোভিয়েত দেশে যদি এই রকম অপরাধ সংঘটিত হয় তাহলে সেখানে এই রকম পানিসমেন্টের ব্যবস্থা করা হয়েছে এবং সেই জন্য আমাদের দেশে আজকে এটা করা হয়েছে আপ টু সেভেন ইয়ারস্ অর উইথ ফাইন—সেখানে হচ্ছে কম্পালসারি ইমপ্রিজনমেণ্ট জেল দিতে হবে এবং সেখানে যা বলা হয়েছে সেটা হচ্ছে ৮ টু ১৫ ইয়ারস্ মিনিমাম প্রিজনমেণ্ট, কাজেই সোভিয়েত দেশে প্রিজনমেণ্ট হচ্ছে ৮ থেকে ১৫ বছর। দ্বিতীয় হচ্ছে স্যাবোটেজ এই স্যাবোটেজের যে অর্থ তাদের দেশে সেই অর্থে স্যাবোটেজ নয়, যে অর্থে আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে ব্যবহার করেছেন সেকসান ৮এ যে No person shall do any act. এটা স্যাবোটেজের মধ্যে আসবে। আজকে যে স্যাবোটেজের কথা আমরা চিন্তা করি সেই স্যাবোটেজের কথা হয়ত আমাদের এই ওয়েষ্ট বেঙ্গল মেণ্টিন্যান্স অব পাবলিক অর্ডারে খানিকটা আছে। কিন্তু সেকসান ৮এ বলা হয়েছে এই স্যাবোটেজ যদি সোভিয়েত দেশে করা হয় তাহলে টু দি সোভিয়েত ( এল, সি, আর, সি, এস, ) সেকসান ৬এ আছে Sabotage is an act or omission designed to undermine industry, transport, agriculture, the monetary system, trade or other branches of the national ecomny এখানে যেটা সবচেয়ে প্রয়োজনীয় সেটা হচ্ছে ন্যাশনাল ইকনমিতে যদি কেউ বাধা সৃষ্টি করে তাহলে সোভিয়েত সরকার, সোভিয়েতের জনগণ সেই লোককে কোনদিন ক্ষমা করবে না। ডেমোক্রাসি বিপন্ন, গণতন্ত্র বিপন্ন—কিন্তু গণতন্ত্রের নামে লাইসেন্স দেওয়া যেতে পারে না। দেশের ক্ষতি করার কাজে আমাদের পশ্চিমবঙ্গের লোকদের উঠে দাঁড়াতে হবে এই নিয়ে either will govern or will have to get out. আমাদের কাজ করে দেখিয়ে দিতে হবে, নাহলে এই ভোটই শেষ ভোট, আমাদের ছেড়ে চলে যেতে হবে। স্যাবোটেজ সম্বন্ধে সোভিয়েত দেশে যে পানিসমেণ্টের ব্যবস্থা আছে সেটা যদি একটু অনুগ্রহ করে দেখেন তাহলে দেখতে পারেন, সেখানে আছে, বিশেষ করে আমি বিশ্বনাথবাবুর কাছে অনুরোধ রাখছি এটা দেখার জন্য, sabotage involved use of continual purposes of state or publc establishment, enterprises and organisations, or the hampering of their normal operation. It is punishable by deprivation of liberty for a period of from eight to fifteen years, with consfication of property ৮ থেকে ১৫ বছরের জেল দেওয়া হবে। এই কাজ যদি আমরা না করি তাহলে প্রাইভেট সেক্টর আর পাবলিক সেক্টর যাই হোক না কোন পাবলিক সেক্টর-কে যদি কার্যকরী করতে হয় তাহলে সোসালিষ্ট লিগ্যালিটি আমাদের দেশে আনতে হবে, সোনার পাথরবাটী হতে পারে না। সুতরাং সেদিকে সেই ডাইরেকসান এই আইনে খানিকটা এসেছে এবং সেটার মিল খানিকটা আমরা খুঁজে পাচ্ছি সোভিয়েতে, যে সমস্ত পিনাল লিগ্যাল সিসটেম আছে তার মাধ্যমে। বিশ্বনাথবাবু বলছেন যে এই আইনের মধ্য দিয়ে সরকারের হাতে আসবে অসীম ক্ষমতা এবং সরকারের কণ্ট্রোল—আমি শুধু তাঁর কাছে এটুকু অনুরোধ করবো, কেন না তাঁকে আমি যথেষ্ট শ্রদ্ধা করি, তাঁকে ক্রিটিসাইজ করার মন নিয়ে আমি আমার এই বক্তব্য রাখছি না, তাঁর কাছে নিবেদনের মত নিয়ে আমার বক্তব্য পেশ করার চেষ্টা করছি।

আমি তাঁর কাছে অনুরোধ করবো—তিনি তো জানেন যে আমাদের দেশে যে জুডিসিয়ারী আছে এটার উপর বর্তমানে একজিকিউটিভ কনট্রোল নেই। সেপারেশান অব একজিকিউটিভ ফ্রম জুডিসিয়ারী যেটা আপনাদের টাইমে অর্থাৎ ইউনাইটেড ফ্রন্টের সময় আমাদের দেশে এসেছিল। তারপরে বিচারালয়ে বা বিচারের মধ্যে একজিকিউটিভ কনট্রোলের যে অভিযোগটা তিনি করেছেন যে সরকার সমস্ত ক্ষমতা দখল করছেন এবং এই ক্ষমতার বলে সরকারের যা ইচ্ছা তাই করতে পারেন, ইচ্ছা করলে কারুর মাথাও কাটতে পারেন আমি মনে করি বা বিশ্বাস করি যে আমাদের আইন এই প্রমাণ দেয় যে এটা সম্ভব নয়। তবে এই পর্যন্ত হতে পারে যে পুলিশ একটা কেস করতে পারে। কিন্তু পুলিশ সাজা দিতে পারে না। সেখানে যে একজন উকিলের দ্বারা ডিফেনডেড হবে, সাক্ষ্য প্রমাণ দিয়ে নিজের বক্তব্যও সে বলতে পারবে। সুতরাং এই একজিকিউটিভ কনট্রোল এর মধ্যে আসছে না। তারপরে আর একটা জিনিষ আমি আপনাদের সামনে উপস্থিত করতে চাই। সুপ্রিম কোর্ট অব ইউ. এস. এস. আর. সেখানে বলা হচ্ছে on 18th May, 1963, the Constitution stipulates that administration of justice in the USSR can be carried out by the courts and there no man can be declared guilty of crime or subject to criminal punisment in any other manner, সুতরাং সোভিয়েত দেশে আমরা দেখতে পাচ্ছি যে ক্রিমিন্যাল কোর্টে বা কোর্টের মাধ্যমে সাজা হবে। আমাদের দেশে তাই এসেছে। সুতরাং সরকারের যে কনট্রোল এটা এখানে পাওয়া যাচ্ছে। এই আইন যদি প্রয়োগ বা বলবত না করি তাহলে সরকারকে মিসা এ্যাক্ট প্রয়োগ করতে হবে সেটা অন্ততঃপক্ষে আমি মনে করি বিশ্বনাথবাবু চান না। এখানে It is a trial without a man being defended. এটা নিশ্চয়ই কোনোদিন তিনি চাইতে পারেন না কারণ আমি জানি আজীবন তিনি তাঁর বিরোধীতা করেছেন। সুতরাং এই আইনের বিরোধীতা করে মিসা আইনকে জোরদার করার কোন মানে হয় না। সেকশন ১৮ সম্বন্ধে তিনি বলেছেন পৃথিবীতে এই রকম কোন আইন নেই যে এ্যাটেম্‌ট করলে বা এ্যাবেট্ করবার চেষ্টা করলে সাজা হবে, আমি বিশ্বনাথবাবুকে আমাদের বর্তমানে যে আইন আছে ইণ্ডিয়ান পেনাল কোডে তাতে সেকসন ৫১১ তাতে ঐ যে ধারাটা আর আমাদের সেকসন ১৮ সেটা মোটামুটী একই ধারা It is almost similar to section 511 of the Indian Penal Code. আমি আর একটা কথা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করবো সেকশন ৪৯৭ আমাদের দেশে ছিল, সেখানে যেভাবে এই আইনের পরিবর্তন হয়েছে তিনি অনুগ্রহ করে বিবেচনা করবেন এটা সম্ভব কি না—কেননা এই আইনের যে ল্যাঙ্গুয়েজটা, ৪৯৭ যেটা এ্যামেণ্ডমেন্ট করা হচ্ছে সেখানে সেটা শুধু মেণ্টেনন্স অফ পাবলিক অর্ডারের ক্ষেত্রে প্রয়োগ হবে, মোটামুটি আমাদের সব আইনের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে। সেইজন্য আমি অনুরোধ করবো তিনি অনুগ্রহ করে দেখবেন যে, এই যে কথাটা unless the Court is satisfied that these are reasonable grounds for believing that he is not guilty of an offence punishable with death etc., he is not guilty of an offence. এই কথাটা নিতান্ত শক্ত কথা If he is not guilty of an offence, then there will be no case. আমরা দেখেছি কলকাতার বুকে যখন ট্রাম বাস পোড়ানো হয় তখন সত্যি-কারের যারা অপরাধী তারা পালিয়ে যায়। কিন্তু ৬ মাস ১ বছর যদি তারা জেলে আবদ্ধ থাকে Liberty of a citizen of a free country cannot or should not be curtailed in this way. আজকে আমরা সেদিনের দিকে ফিরে যেতে চাই না যেদিন পশ্চিমবাংলায় আগুন জেলে আমাদের দেশে সর্বনাশ করা হয়েছিল এবং আমাদের দেশের শান্তি শৃঙ্খলা ছিল না বা মায়ের বুক থেকে ছেলেকে টেনে তার রক্ত ছিটিয়ে পৈশাচিক উল্লাশ করা হয়েছিল। কাজেই আমাদের প্রয়োজন হলে এ ধরনের আইন আসবে কিন্তু সেখানে একটা চেক্ আছে সেটা হচ্ছে ইনডিপেণ্ডেট জুডিশিয়ারি।

[4-55—5-05 p.m.]

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা বিধেয়ক ১৯৭২ আইনকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আইন যখন গ্রহণ করা হয় তখন সেই আইনের পিছনে যে ভূমিকা থাকে সেই ভূমিকাকে বিচার করবার দরকার আছে। আমার মনে হয় আজকে যে আইন এখানে এসেছে সেই আইনের পিছনে যে ভূমিকা আছে সেই ভূমিকাটি বিচার করা আগে দরকার এবং সেই বিচারটা ঠিক হলে আজকে যে বিরোধিতা সেটা অন্ততঃ কিছুটা লঘু হবে। আমি একথা বিশ্বাস করি এবং মনেপ্রাণে স্বীকার করি যে সরকার যখন আইন তৈরী করেন তখন সেই আইনের যে উদ্দেশ্যই থাকুক না কেন সেই আইনের প্রয়োগ যারা করেন তাদের উপর পার্টিকুলার আইনটার মর্য্যাদা রক্ষিত হয়। যেরকম অবস্থা চলছে তাতে একথা বিশ্বাস করা বা সন্দেহ করার অবকাশ আছে যে হয়ত আইনটার অপপ্রয়োগ ঘটবে। কিন্তু সঙ্গে সঙ্গে এই বিবেচনাটা রাখতে অনুরোধ জানাব বিশেষ করে যাঁরা বিরোধিতা করছেন যে পশ্চিমবঙ্গের বর্তমান অবস্থাটা যা এবং যা হতে পারে সেখানে যদি সরকারের হাতে এই ধরনের কোন ক্ষমতা না থাকে তাহলে রাতারাতি শান্তিপূর্ণ অবস্থা ফিরিয়ে আনার জন্য যে প্রতিশ্রুতি দিয়েছি, আমাদের মোর্চার পক্ষ থেকেও দিয়েছি এবং আমাদের সরকারের পক্ষ থেকেও দিয়েছি সেটা রক্ষিত হবে কি না। শ্রদ্ধেয় বিশ্বনাথবাবু দুটি ক্ষেত্রের উপর গুরুত্ব দিয়েছেন—কল-কারখানার ক্ষেত্রে মালিকের স্বার্থে পুলিশ ক্ষমতার অপপ্রয়োগ করবে, কিংবা জোতদারের স্বার্থে পুলিশ ক্ষমতার অপপ্রয়োগ করবে। পুলিশ যেভাবে চলছে তাতে এই ধরনের ঘটনা ঘটতে পারে কিন্তু সঙ্গে সঙ্গে এই বিবেচনাটা আমরা রাখব যে-সরকার আজকে এখানে ক্ষমতায় এসেছেন, যে-সরকারের পিছনে পশ্চিমবঙ্গের মানুষ সমর্থন জানিয়েছে সেই সরকার এই আইনের প্রয়োগের ক্ষেত্রে যদি কোনরকম ঐধরনের ঘটনা ঘটে বিশেষ করে যারা প্রয়োগ করবে তাদের দিক থেকে কোন ঘটনা ঘটে এবং জবাবদিহি করার যে অবকাশ আছে, যে বিরাট ক্ষেত্র রয়েছে সেখানে নিশ্চয়ই সাবধানতা অবলম্বন করবেন বিশেষ করে বিধানসভার সদস্যরা যেভাবে আমলাতন্ত্রের, পুলিশের বিরুদ্ধে বক্তব্য রাখছেন তাতে এই সরকার সেই সম্বন্ধে সচেতন হবেন। একথা ঠিক যে কল-কারখানার শ্রমিকদের স্বার্থ, গণতান্ত্রিক অধিকার রক্ষা করার জন্য সমস্ত কিছু ব্যবস্থা আছে কিন্তু তা সত্ত্বেও কল-কারখানার ভেতর উৎপাদন ব্যহত হচ্ছে, শ্রমিক অশান্তি সৃষ্টি হচ্ছে। একথা ভুললে চলবে না যে গত পাঁচ বছরে জোতদারদের সম্বন্ধে আমাদের যে মনোভাব, আমাদের সি. পি. আই. বন্ধুদেরও সেই মনোভাব। আজকে গ্রামাঞ্চলে কৃষি উৎপাদনকে বানচাল করার ঘটনা ঘটেছে। যেখানে চাষ করবে সেখানে সেই গ্রামের যারা কৃষি মজুর তাদের দিয়ে চাষ না করিয়ে বাইরে থেকে মজুর নিয়ে এসে কাজ করতে দেওয়া হয়েছে রাজনৈতিকভাবে এবং স্থানীয় মজুরদের কাজ না দেওয়ার ফলে তাদের রুজিরোজগার বন্ধ করা হচ্ছে এবং সেই কৃষি কাজ ব্যহত করার চেষ্টা করা হচ্ছে। অন্যদিকে কল-খানার ক্ষেত্রে এই ধরনের ঘটনা আছে যে লে-অফের পর কারখানা খুলল এগ্রিমেণ্ট হল এবং সেই এগ্রিমেণ্টের পর সেই কারখানায় নানা রকম ঝঞ্ঝাট হচ্ছে, মালিক সেখানে বিভিন্ন ইউনিয়ন সৃষ্টি করছে, ইউনিয়নের মধ্যে লড়াই লাগিয়ে দিচ্ছেন, সেখানে যদি ঐভাবে বিচার বিবেচনা করেন তাহলে ভাল হবে না।

আমি আইনজ্ঞ নই তাই আমি আইনের আলোচনা করতে চাইছি না কিন্তু এর ভূমিকা সম্পর্কে একটু আলোচনা করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাওড়া ষ্টেশন বা শিয়ালদহ ষ্টেশন থেকে যেসমস্ত ইলেকট্রিক ট্রেন বা বিদ্যুৎচালিত ট্রেন যায় তার ইলেকট্রিক ফ্যান কি আছে? তার আসন আজ ক'টা আছে, তার দরজা ক'টা আছে? এটা কারা সৃষ্টি করছেন? এই লোকেদের হাতে যদি এই ক্ষমতা থাকে তাহলে এ ধরনের ক্ষতি হবে। তাই এ সম্পর্কে

ব্যবস্থা নেওয়া দরকার। মাননীয় সদস্যরা সকলেই জানেন এইরূপ অবস্থায় ষ্টিফ হওয়া দরকার। আমাদের গণতান্ত্রিক ব্যবস্থা আছে, আইন আছে, কাল যদি এই বিধানসভায় মনে করি যে এই আইন ছুঁড়ে ফেলে দেওয়া দরকার তাহলে তা ফেলে দেব ; কাজেই এই অবস্থার পরিপ্রেক্ষিতে এটা বিবেচনা করতে অনুরোধ জানাই যাঁরা এর বিরোধিতা করছেন তাঁদের। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 p.m.]

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে আমাদের সামনে যে বিল এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিগত তিন বৎসরে যুক্তফ্রন্টের আমলে দেশের কি অবস্থা হয়েছিল। গত ১৯৬৯ সালে এই বিধানসভা যখন পুলিশ আক্রমণ করেছিল তখন এই হাউসের যিনি স্পীকার তিনি জানালার ভেতর দিয়ে গিয়ে প্রাণ বাঁচিয়েছিলেন। বাংলাদেশের মানুষের তখন কোন নিশ্চয়তা ছিল না, মানুষের জীবনের কোন নিশ্চয়তা ছিল না, মান সম্ভ্রম ছিল না, সম্পত্তির নিশ্চয়তা ছিল না। এই অবস্থা যা যুক্তফ্রন্টের আমলে হয়েছিল তা আমরা হতে দিতে পারি না। গত তিনদিন আগে ১৫ তারিখে লালবাগের এলাহিগঞ্জে সেখানে একটা লোককে সেদিন ষ্টাব করা হয়েছিল। সে এখনও হাসপাতালে মুমূর্ষু অবস্থায় রয়েছে। পুলিশ আছে, প্রশাসন আছে, তাকে কোর্টে হাজির করা হল কিন্তু যেহেতু তার বিরুদ্ধে সাফিসিয়েণ্ট এভিডেন্স নেই সেই কারণে তাকে বেল আউট করে দিল। ডাকাত ধরে কোর্টে চালান দিল, সঙ্গে সঙ্গে হাতে তালি দিয়ে আসামী বাসে ফিরে যাচ্ছে পুলিশের কিছু করবার নেই। এই অবস্থায় মানুষ থাকতে চায় না। মানুষ স্বস্তি পেতে চায়। তাই বর্তমানে এই আইনের প্রয়োজন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন যে আজকে দেশে কি অবস্থা চলেছে— মার্ডার কেসের আসামী বেল আউট হয়ে যাচ্ছে, ডাকাত আজ বেল আউট হয়ে যাচ্ছে, খাদ্যে ভেজালকারী বেল আউট হয়ে যাচ্ছে, তাদের বিচার হচ্ছে না অসহায়ের মত মানুষ দাঁড়িয়ে আছে। এর যদি প্রতিরোধ করতে আমরা না পারি তাহলে আমরা কি করে শান্তিতে বসবাস করতে পারবো। আমরা চাই সকলের উন্নতি। গুটি কয়েক লোকের ব্যক্তিস্বাধীনতা হরণ করা হচ্ছে বলা হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা চিন্তা করতে হবে যে হাজার হাজার লোকের যাদের ব্যক্তিস্বাধীনতা হরণ করে গোটাকয়েক ব্যবসায়ী তাঁদের শাসন করতে চাচ্ছে। খুব নগণ্য কয়েকজন এর উদ্দেশ্য সাধন করবার জন্য কৌশলে এগুলি করছেন। সঙ্গে সঙ্গে আমাদের চিন্তা করতে হবে আজকে এই জনসাধারণ তারা অসহায়, তারা নিরাপত্তা বোধ করতে পাচ্ছে না। আজকে আমাদের এর সঙ্গে যদি উপযুক্ত আইন না থাকে তাহলে আমরা কি করে গণতন্ত্র রক্ষা করবো? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিগত বন্যায় বাংলাদেশের সব ধ্বংস হয়ে গেছে। বাংলাদেশে ধানের বীজ নেই, পাটের বীজ নেই, কোন খাবার নেই। এমন কতকগুলি সংস্থা আছে যাঁরা পাটের বীজ সাপ্লাই করেন। এই গোটাকয়েক ব্যবসায়ী তারা এটা নিয়ে ফটকাবাজী করছে। আপনি জানেন যে এন. এস. সি.—ন্যাশনাল সীড কর্পোরেশন তারা গভর্ণমেণ্টের পক্ষ থেকে সাবসিডি পান। তারা জনসাধারণের জন্য বীজ সংগ্রহ করে। তাদের এই বীজ কম দামে দেওয়া দরকার যেহেতু সাপ্লাই পাচ্ছে। তারা সেই লেবেল পরিবর্তন করে কোম্পানীকে বেশী দামে বিক্রি করে দিচ্ছে। এটা একটা কোরাপসান। এই কোরাপসান বা দুর্নীতি আজ ছেয়ে গেছে। তা থেকে মুক্তি পেতে হলে বর্তমানে কাজ করা প্রয়োজন। যে কথা মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন ও আমার বন্ধু কুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয় সমর্থন করে গেছেন যে আগে এই ধরণের আইন সোভিয়েত দেশে প্রচলিত ছিল। তখন আমাদের বন্ধু সি. পি. আই.-এর বিশ্বনাথবাবু তাতে আপত্তি করেন নি। সুতরাং আমাদের

বাংলাদেশে এই আইন প্রচলিত থাকবে তাতে আর বাধা কোথায়? আমি আশা করবো আমার সি. পি. আই. বন্ধুরা এই আইনের সমর্থনে বক্তৃতা করবেন। আমি এই বিলকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতি ইলা মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল যে আমরা সমর্থন করতে পারিনা সে কথা আমরা পূর্বেই বলেছি। যদিও লেখা রয়েছে এই বিলের নাম যে The West Bengal Maintenance of Public Order Bill, 1972, কিন্তু একথা বিশ্বনাথবাবু আগেই যা বলে গেছেন সেই কথাই বলতে হচ্ছে যে এটা জনস্বার্থ বিরোধী আইন বলে আমরা মনে করছি এবং সেই কারণে একজন Communist হিসাবে আমরা এই বিল সমর্থন করতে পারি না। গণতান্ত্রিক মোর্চার যে সরকার আমরা জনসাধারণের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলাম যে গণতন্ত্র আমরা রক্ষা করব এবং ১৭ দফা কর্মসূচী আমরা রূপায়িত করব। বর্তমানে গণতন্ত্র রক্ষার নামে যদি এই ধরনের বিল আসে নিশ্চয় আমরা সেটা ঠিক করছি না এবং নিশ্চয় এ সম্বন্ধে আমাদের বক্তব্য রাখা উচিৎ। কিন্তু এতে যে মোর্চা ভেঙ্গে যাচ্ছে তা নয়। আমার মনে হয় খুব তাড়াতাড়ি মুখ্যমন্ত্রী এই বিলটা পড়েছেন। তিনি একজন বড় আইনজ্ঞ হিসাবে যদি প্রত্যেকটা লাইন এর ভালভাবে দেখতেন তাহলে এই বিলটা আনার কথা তিনি চিন্তা করতেন না এছাড়া আজ খবরের কাগজে দেখলাম এই বিলটা আনা হবেনা এবং এ সম্পর্কে তিনি ভাবছেন। শেষ মুহূর্তে ভাবলাম যে হয়ত এই বিলটা তিনি withdraw করবেন। কিন্তু এই বিলটা আসায় আমরা কিছুতেই একে সমর্থন করতে পারি না। আমরা শুধু কেন, কোন জনপ্রিয় সরকার এই বিলটা সমর্থন করতে পারেন না। ১৯৭০-৭১ সালে যখন প্রচণ্ড নকশালী হামলা চলছিল তখন আমরা তার বিরুদ্ধে বলেছি। সমস্ত স্কুল কলেজ একের পর এক পুড়ছে, খুন হচ্ছে, গুলি চলছে, বাড়ী গাড়ী পুড়ছে, গলা কেটে ফেলা হচ্ছে। এইরকম একটা অরাজক অবস্থার সময় এই আইন চালু ছিল। কিন্তু এই আইন প্রয়োগ করে তখন সেই অবস্থা দমন করা যায় নি। মুখ্যমন্ত্রী বললেন Bengal Police মাত্র ৩০৯ টা Case করেছে, Calcutta Police ১২৬ টা case করেছে। তাহলেই বুঝতে পারছেন যে উদ্দেশ্য নিয়ে এই আইন রচিত হয়েছিল—অর্থাৎ যে উচ্ছৃঙ্খল অবস্থায় নকশালীরা তাণ্ডব নৃত্য করছিল সেই অবস্থায় এই আইন হয়েছিল—সেই আইন কি এখন প্রয়োজন আছে? এখন অবস্থা অনেক শান্তি হয়েছে। তা ছাড়া যে সমস্ত ধারা এখানে উপস্থিত করা হয়েছে সে সমস্ত ধারা আমাদের Penal Code C. R, P. C.-তে আছে। ইচ্ছা করলেই তাতে ধরা যায় এবং শাস্তি দেওয়া যায়। কিন্তু তা সত্বেও এ ধরনের আইন কেন উপস্থিত করছেন তা বুঝতে পারছি না এবং এখনও আমরা ভাবছি যে মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে চিন্তা করে তিনি এই বিল withdraw করবেন।

বিশ্বনাথবাবু ধারায় ধারায় বলেছেন, আমি এতো বিস্তারিতভাবে না বলে মূল কতকগুলো উল্লেখ করতে চাই। যেমন একটু আগে আমাদের বন্ধু দীপ্তিবাবু সোভিয়েট ল'র কথা উল্লেখ করলেন। কিন্তু আমাদের এখানে সোভিয়েট সোসাইটির মতো হয় নি এবং ইণ্ডাষ্ট্রি সোভিয়েট কায়দায় গড়ে উঠে নি তবু সোভিয়েট ল'র কথা বললেন। তিনি কি জানেন সোভিয়েটে উকিল বা ব্যারিষ্টার কিভাবে চলেন? তা যদি জানতেন তাহলে যেখানে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা রয়েছে সেখানে সোভিয়েট ল'র কথা তুলে তার যৌক্তিকতা প্রমাণ করতে চাইতেন না। এখানে একজন ল' ইয়ার, উকিল বা ব্যারিষ্টার তারা মামলা করার জন্য যত খুশি টাকা নিতে পারেন। গরীবরা তাই মামলা চালাতে পারে না। বড়লোকেরা প্রচুর টাকা দিয়ে মামলা চালায়। তারা বড়লোকরা যদি মার্ডার করে তাহলে তারা টাকা খরচ করে উদ্ধার হয়ে যায়। কিন্তু এইরকম ব্যবস্থা সোভিয়েট ল'তে নেই। নিজে দেখে এসেছি, ল' ইয়ারদের সঙ্গে কথা বলেছি। সেখানে ল'

ইয়ারদের একটা কমিটি আছে। যদি কোন কেস হয় একটা মিনিমাম ফি সেই কমিটিকে দিতে হয় এবং সেই কমিটিই সমস্ত মামলা পরিচালনা করে। কিন্তু ওখানে-এখানে যেরকম ব্যবস্থা প্রচলিত অর্থাৎ ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় যা হয় যার টাকা আছে তার সমস্ত সুযোগ থাকবে, আর যার টাকা নেই তার কিছু থাকবে না এই রকম ব্যবস্থা সোভিয়েট ল'এ এ্যাপলিকেবল হতে পারে না। কাজেই ধারায় যেকথা বলেছেন আমি সেটার উল্লেখ করতে চাই এ্যাকসেস টু সারটেন প্লেসেস বলে প্রটেকটেড প্লেস বলে যে কথা হয়েছে সেখানে যে কথাগুলো বলে দেওয়া হয়েছে অর্থাৎ "No person shall, without the permission of the State Government or of any person in authority connected with the protected place duly authorised by the State Government in this behalf or of the District Magistrate or of the Sub Divisional Magistrate having jurisdiction, enter, or be on or in, or pass over, any protected place and no person shall loiter in the vicinity of any such place" এই প্রোটেকটেড প্লেস বলতে কি বোঝা যাবে? ধরুন একটা বে-আইনী মেছোঘেরী সেটাকে যদি কেউ দখল করতে যায় সেটা বে-আইনী কাজের মধ্যে পড়ে যাবে? শুধু তাইনয় বিড়লার কারখানা ধরুন। মূলত তাদের রক্ষার জন্যই আমরা যথেষ্ট আশঙ্কা বোধ করছি এই আইন বড়লোকদের রক্ষা করবার জন্যই আমাদের মনে প্রবলভাবে সন্দেহ জাগাচ্ছে, আনা হয়েছে। তাছাড়া, এই বিলটা আজকের দিনে কিভাবে আনা যেতে পারে? ওই ধারার মধ্যে বলা হচ্ছে প্রোটেকটেড প্লেস বলে ডিক্লেয়ার করা হলে তার আশেপাশে যদি কেউ থাকে বা কোন কথা ভাবে বা লয়টারিং করে এইরকম ধরনের একটা ভেবে নেওয়া হচ্ছে লয়টারিং করছে বা এনটার করার চেষ্টা করছে এইরকম ভাল সাজার ব্যবস্থা করা হয়েছে। এটা গণতান্ত্রিক ব্যবস্থা হতে পারে না এবং কোন জনপ্রিয় সরকার এই আইন পাস করতে পারে বলে আমার জানা নেই। যখন পশ্চিমবাংলা আমলাতন্ত্রের অধীনে ছিল এবং ধাওয়ান সাহেব যখন ছিলেন গভর্নর তিনি নিশ্চয় দীপ্তিবাবুর মতো ওই রকমভাবে লেলিন পড়ে এবং সোভিয়েট সমাজ ব্যবস্থা কিভাবে হয় তদন্ত করে নিশ্চয় এটা করেন নি। তাহলে এই সমস্ত ধারা এখানে উল্লেখ করতে পারতেন না। তারপর দেখুন চ্যাপ্টার টুয়ের ৬ নম্বর ধারায় বলা হচ্ছে, "If any person congravenes any of the provisions of this section, shall be punishable with imprisonment for a term which may extend to three years, or with fine, or with both.

[ 5-15—5-25 p.m. ]

যদি কাউকে মনে হচ্ছে লয়টার করছে বা ভাবছে সেইরকম আমরা ধরে নিতে পারি শ্রমিক এবং মালিকের সম্পর্কে কি—এখানে তা সকলেই জানেন কোন শ্রমিককে যদি সাজা দেবার ইচ্ছা থাকে মালিক যদি প্রটেকটেড এরিয়া বলে তার কারখানা ডিক্লেয়ার করিয়ে নিতে পারে এবং সেখানে যদি মালিক মনে করে যে শ্রমিক হয়ত তার ক্ষতি করতে পারে, সেখানে পাঁচ বছর, সাত বছর পর্যন্ত জেল হতে পারে, শাস্তি হয়ে যেতে পারে। আর সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে যে এই যে পেনাল কোডের যে সমস্ত ধারা আছে তাতে চোর যদি চুরি করে তাহলে তাকে দোষী সাব্যস্ত করতে সাক্ষী সাবুদ লাগে। এই একটা বিল যেখানে আমি প্রথম দেখলাম যে তাদের কোনরকম সাক্ষী সাবুদ দিয়ে প্রমাণ করবার কোন দরকার নেই। তাকে যদি মনে করা হয় যে, সে অন্যায় করছে তা হলে পর তার উপর শাস্তিমূলক ব্যবস্থা আনা যেতে পারে। এই ধরনের বিল কোথাও আছে বলে আমি জানি না। তারপরে প্রিভেনসন অব সাবভার্সিভ এ্যাক্টের কথা আমাদের বন্ধু বললেন যে ট্রাম পুড়িয়ে দেয়, বাস পুড়িয়ে দেয় কিম্বা তিনি ট্রেনে চলতে গিয়ে দেখেন যে ট্রেনের আলো নেই, আয়না নেই, নিশ্চয়ই আমরা এই সমস্ত পোড়ানো বা চুরি করা

সমর্থন করি না কিন্তু আজকে আমাদের যে গণতান্ত্রিক সমাজব্যবস্থা সেই সমাজব্যবস্থায় মানুষের এই অবস্থা হয়েছে। এই অবস্থা মানুষের মনে সৃষ্টি হয়েছে যে দেশ আমার নয়, এই সম্পত্তি আমার নয়, এ-দেশ, এ-সম্পত্তি আমার এই কথা যদি মনে করার সুযোগ সে পেত তাহলে নিশ্চয়ই এইভাবে তারা ট্রাম, বাস পোড়ানো বা লাইট, ফ্যান খুলে নিয়ে যেত না। এই কথা আপনারা সকলেই জানেন যে ২৫ বছর দেশ স্বাধীন হওয়ার পরেও শতকরা ৯০ভাগ লোক গরীব থেকে গেছে আর শতকরা ১০ ভাগ লোক অবস্থাপন্ন হয়েছে। সেই গরীব মানুষের জন্য সাজা শাস্তির ব্যবস্থা করার কোন মানে আছে বলে আমি মনে করি না। তারপরে পাবলিক সেফটি অর্ডার-এ যেখানে বলেছেন Any person who carries on his person or knowingly has in his possession or under his control any arms, ammunition or military stores as defined in the Arms Act, 1972, চ্যাপটার ফাইভে যদি কেউ বন্দুক নিয়ে যায় তাহলে তো আর্মস এ্যাক্টে তাকে ধরা যেতে পারে, তারজন্য এই আইন করবার দরকার ছিল না। চ্যাপটার ফাইভে যে কথা বললেন মিসলেনিয়াস প্রভিসনের কথা বলেছেন, রিকুইজিসন অব প্রপার্টি এটা বলতে গিয়ে এই ধারায় যেটা উপস্থিত করেছেন মূল বিলে সেটাই আসল লক্ষ্য। অন্যদিকে বড়লোকদের সম্পত্তি আপনারা কিভাবে রক্ষা করতে পারেন তারজন্য আপনারা এই বিল নিয়ে এসেছেন এটা আমরা ধরে নিতে পারি। কিভাবে—যদি কোন মালিকের কারখানা বা বাড়ী আপনারা রিকুইজিসন করেন তাহলে আপনারা ক্ষতিপূরণ দেবেন, অথচ ২৫তম সংবিধান সংশোধন বিল হয়েছে সেখানে এই কথা পরিষ্কার বলা হয়েছে যে কোনরকম ক্ষতিপূরণ না দিয়ে পাবলিক ইনটারেষ্টের জন্য আমরা সেই সমস্ত সম্পত্তি বা জায়গা নিয়ে নিতে পারি। সেদিন বাজেটে আমরা এই কথা বলেছি যে সমস্ত বস্তীজমি এবং খালি জমি পড়ে রয়েছে সেই জমিগুলি নিয়ে শ্রমিকদের জন্য বাড়ী তৈরী করে দিতে পারেন সেই চেষ্টা আমরা করতে বলেছি। কারণ আমাদের ২৫তম সংবিধান সংশোধন বিল পাশ হয়ে সেই সুযোগ এসেছে কিন্তু আজকে আমরা অন্যদিকে উল্টো আইন এখানে আনছি। যদিকারো বাড়ী আমরা রিকুইজিসন করি তাহলে যথেষ্ট ক্ষতিপূরণ দেব এবং সেটা গভর্ণমেণ্ট এবং সেই বাড়ীর মালিকের সঙ্গে কথা বলে আমরা ক্ষতিপূরণ দিতে পারব। এবং তাও আমরা কোন্ মালিকের সঙ্গে, কোন্ বাড়ীওয়ালার সঙ্গে কথা বলবো যাকে ৫ হাজারের কম ক্ষজিপূরণ দিতে হবে, সেই বাড়ীওয়ালা কোর্টে যেতে পারবে না, আপীল করতে পারবে না কিন্তু ১লক্ষ—২লক্ষ টাকা এইরকম যদি বাড়ীওয়ালা হয় এবং তারসঙ্গে গভর্ণমেণ্টের যদি টার্মসে না মেলে তাহলে পরে সেই বাড়ীওয়ালা মামলা, আপীল করতে পারবে এবং আরো বেশী টাকা গভর্ণমেণ্টের কাছ থেকে আদায় করতে পারবে এই ব্যবস্থা আপনারা এই বিলের মধ্যে রেখেছেন। তাহলে কি বলব এটা জনসাধারণের স্বার্থে, শ্রমিকের স্বার্থে এই বিল এনেছেন? শ্রমিক বিরোধী, সাধারণ মানুষ বিরোধী আইন এবং গণতন্ত্রে বিরোধী আইন গণতান্ত্রিক আন্দোলন বিরোধী আইন আপনারা এনেছেন। চ্যাপটার ফোরে বড়লোকদের সম্পত্তি যাতে আপনারা রক্ষা করতে পারেন তারজন্য এখানে ধারাগুলি উপস্থিত করেছেন এবং বড়লোকদের যে সুযোগ দেয়া উচিত সেটা যথাযথভাবে আপনারা এখানে উপস্থিত করেছেন। সেজন্য এর প্রতিটি ধারার আমরা বিরোধিতা করছি। কাজেই এই বিলের প্রতিটি ধারার আমরা বিরোধিতা করছি। তারপর দেখুন, এই যে চ্যাপটার ছয়, সাপ্লিমেণ্টারি এ্যাণ্ড প্রসিডিউরাল-এ Any person who attempts to contravene or abets or attempts to abet or does any act preparatory to, a contravention of, any of the provisions of this Act or of any order made thereunder shall be deemed to have contravened that provision,as the case may be, that order. অর্থাৎ যে কোন ভাবে বিচার না করে যদি মনে হয়ে থাকে, এই ব্যক্তি দোষী তখন দায়িত্বটা আপনারা দিয়ে দিচ্ছেন একজন কনেষ্টবলের হাতে। যাই

হোক পরবর্ত্তীকালে সংশোধন করে বলেছেন তারচেয়ে উর্দ্ধতন এ্যাসিষ্টেণ্ট সাব-ইনসপেক্টার ও তার উর্দ্ধতন লোককে অর্থাৎ পুলিশকে আপনারা অবাধ ক্ষমতা দিয়ে দিচ্ছেন। একথা বলছেন না যে গভর্ণমেণ্টই তার হাতে ক্ষমতা রেখেছেন। অথচ আমরা বারবার একথা বলছি যে যদি আমরা গরীবি হটাও এই শ্লোলগানকে কার্যকরী করতে চাই তাহলে পর একদিকে আমাদের যেমন জোত-দার জমিদাদের বিরুদ্ধে লড়তে হবে, একদিকে যেমন কারখানার মালিকদের বিরুদ্ধে লড়তে হবে তেমনিভাবে আমাদের দেশের আমলাতন্ত্রের এক অংশ যারা সর্বতভাবে মালিক ও জমিদার শ্রেণীর সঙ্গে যুক্ত হয়ে আমাদের জনস্বার্থের সমস্ত কাজে বাধা দিচ্ছে তার বিরুদ্ধেও আমাদের লড়তে হবে। এই কথা যখন আমরা বলেছি প্রত্যেক বিষয়ে এবং জনসাধারণের কাছে যখন আমরা এই প্রতিশ্রুতি দিয়েছি তখন এইভাবে পুলিশের হাতে অবাধ যে ক্ষমতা আপনারা এই বিলের মধ্যে দিয়ে দিচ্ছেন তার আমরা বিরোধিতা করছি। তারপর যেমন আছে আপনার ক্লজ ২০ এবং ২১ তে সামারি ট্রায়াল অর্থাৎ দরকার হলে খুব তাড়াতাড়ি তাকে শাস্তি দেবার জন্য খুব কম সময়ের মধ্যে তার বিচার শেষ করে দিতে পারেন। অথচ কঠিন কঠিন অনেক লোককে, পাঁচ বছর ধরে আণ্ডার ট্রায়ালে পড়ে আছে তাদের কোন বিচার হয়নি কিন্তু এইসমস্ত ক্ষেত্রে পুলিশ যে সমস্ত লোক তাদের কাছে ক্রিমিনাল বলে মনে হচ্ছে তাদের উপর সভ্য শাস্তি আপনারা ব্যবহার করবেন এবং অপব্যবহার করবেন যেটা কোনরকম জনস্বাথের সঙ্গে মেলে না। এইসমস্ত দিক থেকে বিচার করে প্রতিটা ধারার বিরোধিতা করছি। এবং আশা করবো যে শেষ পর্যন্ত এই বিলটা সিদ্ধার্থবাবু আর একবার বিবেচনা করবেন এবং বিলটা প্রত্যাহার করবেন। কারণ যে উদ্দেশ্যে যে সময়, ১৯৭০ সালে এই বিলটা রচিত হয়েছিল সেইসময় রাজ্যপালের শাসন ছিল। ধাওয়ান ছিলেন গভর্ণর পশ্চিমবঙ্গের। কোন জনপ্রিয় সরকার গঠিত হয়নি, বিশেষ করে নকশাল উৎপীড়ন দমনের জন্য এবং সেই সময় সত্যি সত্যিই নকশাল দমনের প্রয়োজনীয়তা ছিল কিন্তু দুঃখের বিষয় এই আইন হওয়া সত্বেও এই আইন দিয়ে সেই নকশাল উপদ্রবকে আপনারা থামাতে পারেন নি কিন্তু এখন যখন একটা জনপ্রিয় সরকার গঠিত হয়েছে এবং অনেক সংখ্যাধিক্যে এই সবকার প্রতিষ্ঠিত হয়েছে সেই সরকার কঠোর হস্তে যে সমস্ত দুর্নীতি, যেসমস্ত অবিচার তার বিরুদ্ধে লড়াই করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন এখন সেইরকম ক্ষেত্রে এইরকম একটা জনস্বার্থ বিরোধী আইন পাশ করবেন না। এই কথা বলে সিদ্ধার্থবাবুকে আবার অনুরোধ করবো এই বিল প্রত্যাহার করে নিতে এবং তা না হলে আমরা এই বিলের বিরোধিতা করবো।

[5-25—5-35 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজ পশ্চিমবাংলার জনশৃঙ্খলা বিধেয়ক ১৯৭২ বিল নামে যে গুরুত্বপূর্ণ বিল এখানে এসেছে, সেই বিলের সমর্থনে আপনার মাধ্যমে দুই একটি কথা রাখতে চাই। স্মরণ করা ভাল এই বিল এমন একটা সময়ে প্রথমে পার্লা-মেণ্টে আনা হয়েছিল যখন বাংলাদেশের পরিস্থিতি এমন যে এখানকার আকাশে বাতাসে সব দিক থেকে মনে হচ্ছিল যে আগুন জ্বলছে। আপনার হয়ত মনে আছে তখনকার সময়ে আমাদের এখানে যুক্তফ্রণ্টের পুলিশ বিভাগের যিনি মন্ত্রী ছিলেন জ্যোতি বসু মহাশয়, যিনি এবারে এই সভায় আসতে পারেন নি, তার জন্য আমরা দুঃখিত নিশ্চয়ই, তারই শৈথিল্যে, আইন-শৃঙ্খলা বিঘ্নের প্রেরণা একদিন মানুষকে ঠেলে দিয়েছিল সাধারণের জননিরাপত্তা বিঘ্ন করে তুলতে। সঙ্গে সঙ্গে সেদিন বাংলাদেশের নকশালবাড়ীতে আর্সন, লুট চলেছিল ইউ এফ-এর সাধারণ মানুষকে জমি বিতরণের নামে, তখন দেখেছিলাম কয়টি জোতদার খুন হয়েছিল জোতদার বা কৃষক, ভূমিহীনকে ভূমিহীন দিয়ে চেপে ধরে মারা হয়েছিল। আপনি দেখেছিলেন ডায়মণ্ডহারবারে এক বিধবা রমণী যিনি ১০বিঘা জমির মালিক তাকে নারিকেল গাছেরসঙ্গে বেঁধে উলঙ্গ করে পিটিয়ে মারা হয়েছিল।

সেদিন আমরা দেখেছি, সাধারণ মানুষ আমরা যারা শান্তিকামী তারা তাকিয়ে দেখেছি, এই পুলিশ যারা রক্ষক তাদের ৩০০|৪০০ জনকে মারা হয়েছিল, জখম করা হয়েছিল ৩০|৪০ জনকে। পুলিশ পার্সোনালকে কিভাবে হত্যা করা হয়েছিল সেই সময় আমরা দেখেছি। আমি অবশ্য একথা বলতে চাইনা সাধারণ মানুষ বেশী কষ্ট পাক, কিন্তু যারা জনসাধারণের শান্তিশৃঙ্খলা রক্ষা করে চলবে তাদের আমরা নিশ্চয়ই প্রটেকশন দেবার চেষ্টা করব। আমরা চাইনা যে কোন মানুষ সংকটে পড়ুক, কোন ছাত্র বা শিক্ষক বা কোন কৃষক বা কোন নারী নির্যাতিত হোক, অত্যাচারিত হোক, লাঞ্ছিত হোক কিম্বা মৃত্যু বরণ করুক। একই সঙ্গে আমি উপাধ্যক্ষ মহাশয় আপনার চোখের সামনে তুলে ধরতে চাই সাঁইবাড়ীর ঘটনা যেখানে প্রকাশ্য দিবালোকে রাজপথে দাঁড়িয়ে মানুষ মানুষকে খুন করেছিল, সেই জিনিষ কল্পনাও করা যায় না। অথচ সেদিন জ্যোতিবসুর দলের উস্কানিতে কিছু লোক কি করেছিল? মায়ের সামনে তার ছেলেকে কাটা হল, এবং তার রক্ত নিয়ে মায়ের বুকে মাখিয়ে দেওয়া হল। তারপরে সি. পি. এম-এর একজন নেতা ময়দানে জনসভায় বলে দিলেন, তিনিও আজকে এখানে আসতে পারেন নি, সাঁইবাড়ীর ঘটনায় আমরা সুখী, আনন্দিত, উল্লাসিত, এমনও কথা আমরা খবরের কাগজে দেখেছি। আজকে যদি আমরা সেদিকটায় তাকিয়ে দেখি তাহলে দেখব আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন—এত বড় কঠোর আইন থাকা সত্ত্বেও ১৯৭১ সালে এই দেশে সারা ওয়েষ্ট বেঙ্গলে কেস হয়েছিল ৩০৯ এবং ১৯৭২ সালে ৩২, আর কলকাতায় কেস হয়েছিল ১৯৭১ সালে ১২৬ এবং ১৯৭২ সালে ৩৯টি। তাহলে আমাদের আজকে এদিকটায় চিন্তা করতে হবে। আমরা দেখলাম মাননীয় বিশ্বনাথবাবু কিছুটা ভাবাবেগে, কিছুটা ইমোশনে এবং কিছুটা লজিক্যাল ওয়েতে মোটামুটি মানুষকে বুঝাতে পেরেছেন তার ষ্ট্যাণ্ড পয়েন্ট রাইট, আবার যখন ওদিকের কথা শুনি তখন মনে হয় তারাই রাইট। কিন্তু আসলে ব্যাপারটা হচ্ছে মনের বাঘে খায় না কি বনের বাঘে খায়? যদি হিসাবে দেখি যে বনের বাঘে খায় তাহলে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি কড়া আইন এনেছেন, সেই হিসাবেই আমি বলছি যে আমরা ২১৬ জন এম. এল. এ-কে বাংলাদেশের মানুষ নির্বাচিত করেছে। আমরা পুলিশ অফিসারদের হুঁসিয়ার করে দিই যে ১৯৭১ সালে রাষ্ট্রপতি শাসনের আমলে পশ্চিমবাংলায় ১৯৭১ সালে ধরেছিল ৩০৯টি কেস আজকে সেটা প্রমাণ করে দেখিয়ে দিন, সেদিনও আইন ছিল, আইন শৃঙ্খলা ছিল, সারা বছরে যেখানে ৩০৯টি কেস হয়েছিল আজকে ১৯৭২ সালে সেখানে ৫০টি কেসও হয় নি।

১৯৭১ সালে যে ক্যালকাটা পুলিশ ৩২টি কেস করেছিল আজকে ১৯৭২ সালে ক্যালকাটা পুলিশ এই আইন হাতে রেখে যদি ৩২টির জায়গায় ৫টি কেস-ও করতে না পারে তাহলে কি করবে? কাজেই প্রশাসনকে ঢেলে সাজাতে হবে। আমাদের দিকে মন দিতে হবে, কলকারখানার দিকে মন দিতে হবে, শ্রমিকদের কল্যাণের জন্য আইন করতে হবে, ছাত্র এবং শিক্ষকের মান মর্যাদা রক্ষা করার জন্য প্রগতিশীল দৃষ্টিভঙ্গী নিয়ে আইন তৈরী করা দরকার এবং দেখিয়ে দেওয়া দরকার যে শিক্ষাক্ষেত্রে অরাজকতা বিরাজ করছে না। আজকে খবরের কাগজে দেখবেন নির্বিঘ্নে পরীক্ষা হচ্ছে। আজকে আমাদের দেখতে হবে সরকার কার পক্ষে। আমরা বলেছি শ্রমিকদের কল্যাণ করবো, ভূমিহীন কৃষকের পক্ষে লড়াই করবো, আমরা বলেছি বর্গাদারকে প্রটেকশন দেবো। বর্গাদারদের নিয়ে কোন জুয়া খেলা চলবে না। আজকে শিক্ষক এবং ছাত্রদের মধ্যে বিরোধের যে মূল কারণ রয়েছে সেগুলি দেখতে হবে, শিক্ষাক্ষেত্রে অরাজকতার মূল দেখতে হবে এবং তাকে সমূলে বিনাশ করতে হবে। এটা যদি না হয় তাহলে আইন তৈরী করেও তাকে করায়ত্ব করা যাবে না। পুলিশ ডিপার্টমেন্টে যিনি সাব-ইন্সপেক্টর আছেন তাঁর ক্ষেত্রে দেখেছি ক্ষমতা যখন তাঁর হাতে আসে তখন তাঁর লোম ফুলে যায়। মাননীয় সদস্যরা এবং মুখ্য-

মন্ত্রী মহাশয় বলেছেন যে সজাগ এবং সচেতন থাকবেন যাতে বিচক্ষণতার সঙ্গে প্রয়োগ হয়। আমি পুলিশ এ্যাডমিনিস্ট্রেশনকে হুঁশিয়ার করতে চাই যে দমন-পীড়ন-মূলক ব্যবস্থা অতিরিক্ত মাত্রায় বাড়িয়ে দিয়ে সরকারকে মিশলেড্ করতে চাইলে বা গণতান্ত্রিক মোর্চাকে হেয় প্রতিপন্ন করতে চাইলে বাংলাদেশের মানুষ তাঁদের ক্ষমা করবে না। এই বিল যথাযথভাবে প্রয়োগ হবে এবং একথা প্রমাণ করবে যে বনের বাঘে মানুষকে খাবে না, মনের বাঘেও মানুষকে খাবে না।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক**: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ জননিরাপত্তা বিল সম্পর্কে বলতে গেলে প্রথমেই মনে জাগে এই বিলের প্রয়োজনীয়তা কিজন্য হোল। তবে কি প্রশাসনিক দক্ষতার অভাব ঘটেছে, না সরকার আরও ক্ষমতা চান? আমার মনে হয় দুটোই। আজকে একথা কারুর অজানা নয় যে, এক শ্রেণীর দুর্বৃত্ত জনজীবনে বিশৃঙ্খলা এবং বিভীষিকা সৃষ্টি করে জনজীবনকে বিপর্যস্ত করতে চলেছে। তারা শুধু যে সরকারকে বিভ্রান্ত করছে তা নয়, তারা বিভীষিকা সৃষ্টি করে দেশের মধ্যে অন্তর্ঘাতমূলক কাজের একটা চিত্র তুলে ধরেছে এবং তাতে আমরা দেখেছি দৈনিক খুন, ডাকাতি, লুঠ এবং অস্ত্রের অবাধ ব্যবহার চলেছে। তারা এটা যে অর্থের জন্য করছে তা নয়, এর পেছনে এঁদের রাজনৈতিক উদ্দেশ্য আছে। যে আইন আছে তার দ্বারা একে রোধ করা যায় না তা নয় অথবা সরকারের প্রশাসন যে অক্ষম তাও নয়, আসল কথা হোল সরকারের যে আইন আছে সেটা এমন সবল নয় যার দ্বারা একে রোধ করতে সক্ষম হওয়া যায় এবং সেইজন্যই এই বিল আনা হয়েছে। এই বিল পাশ হলে জনজীবনে নিরাপত্তা আসবে এবং সকলে শান্তিতে বাস করতে পারবে। যে আইন পাশ হচ্ছে সেটি ২৫টি ধারা সম্বলিত একটি আইন।

[ 5-35—5-45 p.m. ]

পুরাতন আইনে এই সব আছে, কিন্তু পুরাতন আইন ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোড লর্ড মেকলে ১৮৯৮ সালে এবং ইণ্ডিয়ান পেনাল কোড ১৮৬০ সালে তৈরী করেছিলেন, তখন দেশের যা পরিস্থিতি ছিল এখন সেই পরিস্থিতি নেই। সেই আইনের পরিবর্তন হওয়া দরকার। এর জন্য বহু আবেদন নিবেদন করে ১৯৫৪ সালে ক্রিমিন্যাল প্রসিডিয়োর এ্যাক্টের ডঃ কাটজু ইণ্ডিয়ান পার্লামেণ্টে সামান্য সংশোধনী এনেছিলেন, কিন্তু এখনও পর্যন্ত এর আরও সংশোধনী আনার প্রয়োজন আছে। সেইজন্য আমি বলবো যে এই আইন আনা বর্তমানে অত্যন্ত আবশ্যক এবং শুধু তাই নয়, আমি এই আইনের মধ্যে কয়েকটা ধারা সম্বন্ধে আপনার মাধ্যমে নিবেদন করবো এবং যে বিল আনা হয়েছে সেই বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিলের ১৪নং ধারায় বলা হয়েছে ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোডের ৪৯৭ ধারার সংশোধন করার জন্য, কিন্তু আমি বলছি —আমি মফঃস্বলের আইনজীবী হিসাবে, এই আইনের যে ফাঁক থাকছে—৪৪৭ ধারা অনুযায়ী যখন আমরা ম্যাজিস্ট্রেটের কাছে জামিনের জন্য আবেদন করি তখন তিনি হয়তো প্রসিকিউশন অর্থাৎ অভিযোগ আনয়নকারীর বক্তব্য না শুনে জামিন দেবেন না, তিনি রিফিউজ করলেন। পরের দিনই সেশন জাজের দায়রা আদালতে সেই জামিন আদায় করতে আমরা সক্ষম হয়েছি এবং সেখানে জামিন পাওয়া যায়। সেইজন্য শুধু ৪৪৭ ধারা সংশোধন করলেই হবে না, ৪৪৮ ধারাও সংশোধন আবশ্যক। যে উদ্দেশ্য নিয়ে ৪৪৭ ধারা সংশোধন করছেন সেই উদ্দেশ্য ব্যর্থ হবে যদি ৪৪৮ ধারা সংশোধন না করেন। তাই নিবেদন করবো আপনার মাধ্যমে—এই সম্বন্ধে অনেকেই বলছেন যে পুলিশ এই আইনের অপব্যবহার করবে। এই আইনের অপব্যবহার কি হবে না হবে সেই বিষয়ে আমি কিছু বলতে চাই না, তবে পুলিশের সম্বন্ধে তাদের ভাবতে হবে যে এই পুলিশও সমাজজীবনের একটা অংশ, তারাও শান্তিতে স্ত্রী, পুত্র-কন্যা নিয়ে বাস করতে চায়, তারা

চায়না যে এই দেশের মধ্যে অরাজকতা চলুক। তার মানে আমি এই কথা বলছি না যে পুলিশ একেবারে ধোয়া তুলসী পাতা, তবে মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে নিশ্চয়ই লক্ষ্য রাখতে হবে যাতে এই আইনের অপব্যবহার না হয় এবং এই আইন অপব্যবহার না করতে পারে তারজন্য তীক্ষ্ণ দৃষ্টি দেওয়া একান্ত কর্তব্য। এই বিলের উপর সমর্থন জানিয়ে বলবো যে এই বিল পাশ করলে আমাদের জন-জীবনে একটা শান্তি আসবে যেটা শুধু আমাদের কথা নয়, এটা এই রাজ্যের সমস্ত জনগণের কথা, তাদের অন্তরের কথা। তারা চায় সুখেশান্তিতে বাস করতে। আমার আগে মাননীয়া সদস্যা ইলাদেবী বললেন যে গরিবী হটাও করলে এই আইন হবে না, কিন্তু এই আইনের সঙ্গে গরীবি হটানোর কি সম্পর্কে আছে আমি বুঝতে পারছি না। যে অপরাধী সে সব সময়েই অপরাধী, যে চোর, যে খুনী, যে ডাকাত, সে সব সময়েই অপরাধী, সেখানে গরীব বড়লোকের কোন সম্পর্ক নেই। সেখানে যে অপরাধ করবে সেই সাজা নেবে। অনেকে বললেন মিসা আইন—মেন্টিনেন্স অব ইণ্টারন্যাল সিকিউরিটি এ্যাক্ট হয়েছে, হয়েছে সত্য কথা কিন্তু মেন্টিন্যান্স অব সিকিউরিটি এ্যাক্ট এর ধারা অনুযায়ী দু'বছর আটক করে রাখা যাবে, সেই কারণে এই আইনের ৪৪৭ ধারার এ্যামেণ্ডমেণ্ট করা হয়েছে,কিন্তু ৪৪৭ ধারার এ্যামেণ্ডমেণ্ট করাসত্ত্বেও আমি একটা বিষয়ে নিবেদন করছি সেটা হচ্ছে ক্রিমিন্যাল প্রসিডিয়োর এ্যাক্ট এর ১২৭ এবং ১২৮ ধারায় যে ফৌজদারী কার্য বিধির সংশোধনী এনেছেন সে সম্বন্ধে আমি বলবো, তারা হয়তো ক্রিমিন্যাল প্রসিডিয়োর এ্যাক্টের বিষয়টা দেখেন নি, সেখানে ৪২৭ ধারায় বলা আছে যে ম্যাজিষ্ট্রেট অব দি অফিসার-ইন-চার্জ অব এ পুলিশ ষ্টেশন, কিন্তু অফিসার-ইন-চার্জ যিনি তিনিও দারোগা এবং অন্য দারোগাও দারোগা, এই দারোগারা হয়তো এমনি দারোগা হিসাবে কাজ করছে, তারা হয়তো পরে অফিসার-ইন-চার্জ হিসাবে কাজ করবেন, অতএব সেই জন্য দারোগাদের সম্বন্ধে আইনের মধ্যে যেটা আসছে সেটা প্রকৃতপক্ষে নূতন কিছু আসছে না। আগে যা আইন ছিল, সেই আইনকে পুনরায় কড়াকড়িভাবে করার জন্য এই ব্যবস্থা করা হচ্ছে। তবে আমি সর্বশেষে মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো যে এই বিলের ৪৪৮ ধারার সম্বন্ধে যেন সজাগ থাকেন এবং এই আইনের দিকে বিশেষভাবে দৃষ্টি দিয়ে এই আইনটা পাশ করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে আমাকে বলবার সুযোগ করে দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীনন্দন সাউ**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকের এই পশ্চিমবঙ্গ জন শান্তি-শৃঙ্খলা বিধেয়ক ১৯৭২, যেটা আমার মুখ্যমন্ত্রী এই বিধানসভায় আজকে এনেছেন, আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। এই আইন আজকে সাধারণ মানুষের স্বার্থে প্রণয়ন করা হচ্ছে। এই আইনে আজকে আমি লক্ষ্য করছি কৃষক, শ্রমিক, খেটে খাওয়া সাধারণ মানুষের স্বার্থে এখানে রক্ষা করার ব্যবস্থা হচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন মালিক বন্দুক নিয়ে যখন ধাওয়া করে কৃষকদের, যখন তারা আন্দোলন করতে যায়; সেই মুহূর্তে আমি লক্ষ্য করেছি অনেকে এর পক্ষে ও বিপক্ষে সমালোচনা করেছেন। আমি একটা কথা এখানে স্মরণ করিয়ে দিতে চাই আজকে কৃষকদের আন্দোলন চলবে কিনা, কৃষকদের আন্দোলন আজকে বাধাপ্রাপ্ত হচ্ছে, শ্রমিকদের আন্দোলনও বাধা পাচ্ছে। এই আইন তাই কৃষক ও শ্রমিকদের স্বার্থে প্রণীত হতে চলেছে। যখন গণতান্ত্রিক আন্দোলনের জন্য শ্রমিক যাচ্ছে, তখন মালিক বন্দুক দিয়ে ভয় দেখাচ্ছেন, কৃষক ও শ্রমিকদের স্বার্থে এই আইন প্রণয়ন হচ্ছে। এই আইনকে আমি সমর্থন করছি। বিধানসভার ২১৬জন কংগ্রেস সভ্য এখানে এসেছেন আজকে দেশে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠিত করবার জন্য, দেশকে প্রগতির পথে উন্নতির পথে এগিয়ে নিয়ে যাবার জন্য, দেশের গরিবী হটানোর জন্য, তারজন্য আজকে শান্তিশৃঙ্খলা দেশে বজায় রাখবার জন্য এই আইনের প্রয়োজনীয়তা

আমরা উপলব্ধি করছি। এই আইনের প্রয়োজনীয়তা উপলব্ধি করেই এই আইন আমরা পাশ করতে চাচ্ছি।

আমাদের বন্ধু বিশ্বনাথবাবু বলেছেন যুক্তফ্রণ্ট সরকারের সময়েও এই ধরনের আইন ছিল, কিন্তু সেই আইন তারা মানে নি। একথা তিনি স্বীকার করেছেন। আজকে যে চুরি-ডাকাতি লক্ষ্য করছি, দুর্নীতিপরায়ণ কালোবাজারী, মুনাফাখোরদের পুলিশ ছেড়ে দেয়, কোর্ট থেকে ছাড় পেয়ে এরা সমাজকে অসুস্থ করে তুলেছে। এই কালোবাজারী, মুনাফাবাজরা সমাজের দুষ্ট ক্ষত, সমাজকে এরা অসুস্থ ও পঙ্গু করে ফেলছে। এই আইনে তাদের সায়েস্তা করা সম্ভব হবে। এই আইন গরীবদের স্বার্থে প্রণীত হচ্ছে। গরিবী হটাও—তার জন্য চাই দেশে শান্তি ও শৃঙ্খলা। পশ্চিমবঙ্গে শান্তিশৃঙ্খলা রক্ষা ও সাধারণ মানুষের স্বার্থরক্ষা এর জন্যই এই বিল আনা হচ্ছে।

ওঁরা বলেছেন বড়লোকের স্বার্থে এই বিল আনা হয়েছে। তাঁরা বলেছেন ৫হাজার টাকার বেশী বা প্রতি মাসে আড়াই শো টাকা তাঁরা নাকি কোর্টে আপিল করতে পারবেন। আমি এই সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যাদের আয় ৫হাজার টাকা বা প্রতিমাসে আড়াইশো টাকা এঁরা কি ধনী? আজকের আইন গরীবের স্বার্থে, এই আইন গরিবী হটানোর দিকে। আজকে নকশাল আন্দোলন স্তিমিত হয়ে গেছে। অতএব দেশে আর আইনের কোন দরকার নাই। একথা বলা ঠিক নয়। এই আইন হচ্ছে অন্যায় ও দুর্নীতির বিরুদ্ধে। আজকে যদি একে স্তব্ধ করতে হয়, কালোবাজারী, খুনীদের দমিয়ে রাখতে হয়, তাহলে এই আইন চাই।

পশ্চিমবঙ্গ জনশান্তিশৃঙ্খলা রক্ষার জন্য যে আইন আমাদের মুখ্যমন্ত্রী এনেছেন, তাকে আবার আমি পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকানাই ভৌমিক**: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই আইনের যে আমরা বিরোধিতা করছি কেন, সেই সম্পর্কে আমাদের পার্টি, আমাদের পরিষদীয় লীডার ও ডেপুটি লীডার তাঁরা বলেছেন। কিন্তু আমার বক্তব্য পরিস্কারভাবে কতকগুলি বিষয় আপনার কাছে বিবেচনার জন্য রাখতে চাই।

[ 5-45—5-55 p.m. ]

প্রথম কথা অরাজকতা, বিশৃঙ্খলতা, ধ্বংসাত্মক কাজ ইত্যাদি বন্ধ আমরা করতে চাই কারো চেয়ে কম নয়। কিন্তু আমাদের মূল বক্তব্য হচ্ছে, এই যে বর্তমান আইন আছে এটাই তারপক্ষে যথেষ্ট, তার জন্য এই ধরনের একটা জনস্বার্থবিরোধী, গণতন্ত্রবিরোধী অসাধারণ আইন আনবার কোন প্রয়োজন নেই। এই আইন যে অগণতান্ত্রিক একটা অসম্ভব আইন তা মুখ্যমন্ত্রী মহাশয়ও বলেছেন এবং স্বীকারও করেছেন যে এটা একটা অস্বাভাবিক আইন তবু এটাই আনার দরকার হচ্ছে পশ্চিমবাংলার জন্য এবং তিনি স্বীকার করেছেন যে খুনী লোকেদের ধরা যাচ্ছে না বর্তমান আইনে, সেইজন্য এই ধরনের আইন করার দরকার হচ্ছে। অবশ্য মাননীয় সদস্য দীপ্তিবাবু তাঁর মুখ্যমন্ত্রীর এই অগণতান্ত্রিক আইনকে সোভিয়েট আইনের সমস্ত ধারা দিয়ে প্রমাণ করবার, বোঝাবার চেষ্টা করেছেন খুবই হাস্যকরভাবে, এইটা বোঝাবার জন্য যে সমাজতান্ত্রিক আইন এই পুঁজিবাদী দেশে প্রয়োগ করছে। কিন্তু আমার মনে হয় মাননীয় সদস্য মহাশয় অনেক পড়াশুনা করেছেন কিন্তু হজম করতে পারেন নি। যে কারণে একটা ক্যাপিটালিষ্ট সোসাইটি যেখানে একচেটিয়া পুঁজি আছে, যেখানে ওঁরা বলছেন, 'গরিবী হটাও' ওঁরা বলছেন আরবান সিলিং কর, ওঁরা বলছেন ল্যাণ্ড রিফর্ম কর, ওঁরা বলছেন জোতদার, জমিদার হটাও, ওঁরা বলছেন এই সব কথা—যেখানে তিনি বলবার চেষ্টা করছেন যে সোভিয়েট আইন অনুযায়ী

আমরা এই আইন করবার চেষ্টা করছি। যেখানে শোষনহীন সমাজ প্রতিষ্ঠিত, যেখানে ব্যক্তিগত মালিকানা নেই, যেখানে ষ্টেট সমস্ত বিতরণ করছে, যেখানে আমলাতান্ত্রিক স্কোপ নেই, জনগণের সমর্থন নিয়ে যেখানে তারা চলে, সেই আইনকে কোট করে উনি প্রমাণ করেছেন যে এইটা সোভিয়েট দেশের আইনের অনুকরণ। আমার মনে হয় এর কোন জবাব দেওয়ার প্রয়োজন নেই, আমরা ওঁর সঙ্গে একমত নই। এইটা যে হাস্যকরযোগ্য সে কথা সহজেই বোঝা যায়। আর একটা কোশ্চেন উঠেছে যে এই আইন না হলে পরে পশ্চিমবাংলার অরাজকতা বন্ধ হবে না, প্রোডাকশান বাড়বে না, সমস্ত কলকারখানায় জমিতে ক্ষেতে খামারে এমন অবস্থা পুষ্টি হয়েছে যাতে উৎপাদন বাহত হচ্ছে। আমি আপনার মাধ্যমে জানতে চাই মুখ্যমন্ত্রী যখন উত্তর দেবেন তিনি বলবেন যে এই আইন প্রয়োগ করে তাঁরা উৎপাদন বাড়াবার গ্যারান্টি দেবেন কি না। এই আইন তো ছিল ১৯৭০-১৯৭২ সালে, তাহলে কতটা উৎপাদন বেড়েছে তার একটা ফিগার দিয়ে বুঝিয়ে দেবেন।

দ্বিতীয় কথা, পশ্চিমবাংলার উৎপাদনে অরাজকতা তার কারণ জমিতে অসন্তোষ, কৃষকের সঙ্গে জোতদারের লড়াই, ইত্যাদি। কিন্তু এই কথা সত্য সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সমস্ত রিপোর্টে প্রকাশ যে পশ্চিমবাংলার নানান সঙ্কটের মধ্যে প্রধানতঃ নিভর করছে এখানকার অর্থনৈতিক সংকটই যা এখানকার প্রধান সমস্যা। শিল্পে অসন্তোষ, শ্রমিক অসন্তোষের ফলে যদি উৎপাদন কমে থাকে সে খুবই সামান্য। আমি আগেও বলেছিলাম যে মিঃ এ. এল. ডায়াস পর্যন্ত বলেছেন আমাদের শতকরা ২৫ থেকে ৩০ ভাগ উৎপাদন কমার জন্য এইসমস্ত অসন্তোষকে দায়ী করা যায়। শতকরা ৭০ ভাগ উৎপাদন বাড়ে না তার কারণ হচ্ছে যে একচেটিয়া পুঁজিপতি জোতদার, জমিদার এতে বাধা দিচ্ছে। পশ্চিমবাংলার মূল যে সমস্যা সে সমস্যার সমাধানের জন্য আজকে আমাদের আইন-সভার সদস্যদের উপর জনসাধারণ নির্ভর করছে এবং তাদের কাছে আমরা ১৭ দফা কর্মসূচীকে কার্য্যকরী করব বলে প্রতিশ্রুতি দিয়ে এখানে এসেছি। কিন্তু আপনারা এই মূল সমস্যাকে ঘুরিয়ে দিয়ে একটা অগণতান্ত্রিক স্বৈরাচারী আইনকে সমর্থন করে মূল প্রশ্নকে ঘুরিয়ে মূল সমস্যা থেকে দূরে চলে যাচ্ছেন।

তৃতীয় কথা হচ্ছে তিনি বলেছেন যে, আমাদের এই আইন না থাকার জন্য যারা খুনী তাদের ধরতে পারি না। তাহলে ইণ্ডিয়ান পেনাল কোডের ৩০২ ধারা কোথায় ছিল? ৩০২ ধারা প্রয়োগ করে খুনী ধরা হয় নি কেন, তাদের কি রিনিউ করেছেন, আর ১৯৭০ থেকে ১৯৭২ পর্যন্ত এই আইন চালু ছিল, তা সত্ত্বেও কতটা কি করেছেন, কতজন খুনীকে ধরেছেন, কতটা শান্তি বজায় রেখেছেন, কতটা উৎপাদন বেড়েছে? সেইজন্য আমি উদাহরণ দিতে পারি এবং তার থেকে বোঝা যেতে পারবে। অপর দিকে আমরা জানি এই যে পশ্চিমবাংলার সমস্যা শুধু একটা আইনের সমস্যা নয়, এই সমস্যা সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক। আজকে পশ্চিমবাংলায় স্থায়ীভাবে শান্তিশৃঙ্খলা যদি ফিরিয়ে আনতে হয় তাহলে সেই অবস্থায় আমাদের পরিবর্তন করতে হবে। নিশ্চয়ই মাননীয় সদস্যরা আমার সঙ্গে একমত হবেন এবং আমরা সবাই জানি যে আজকে এইসমস্ত যে অসন্তোষ ছাত্র-যুবকদের, কৃষকদের এবং শ্রমিকদের মধ্যে তা নানা ধরনের অসন্তোষ এবং এই অসন্তোষের সুযোগ নিয়ে এণ্টিসোস্যালরা তা অন্য দিকে ব্যবহার করছে, কংগ্রেসলরা তাদের অন্য দিকে প্রবাহিত করছে এবং এই অসন্তোষকে কেন্দ্র করে এখানে আমেরিকান গুপ্তচররা সমাজবিরোধীদের মধ্য দিয়ে নানা ধরনের কারবার করবার চেষ্টা করছে। সেখানে আঘাত করার বদলে শুধু কড়া আইন করলেই শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনা হবে এই যদি মনে করেন তাহলে পর আসল সমস্যার সমাধান হবে না। আমি সেইজন্য আর একবার পরিষ্কার করে বলে দিতে চাই যে শান্তিশৃঙ্খলার প্রয়োজন এবং এই ধরনের সাবোটেজ, ক্রাইম, খুন,

জথম, রাহাজানি আমরা বন্ধ করতে চাই—কিন্তু বর্তমান আইন তার জন্য যথেষ্ট। বরং আমরা বলবো যে আইন কেন প্রয়োগ হচ্ছে না—কি কারণে প্রয়োগ হচ্ছে না, কোন কোন অফিসার গোলমাল করছে, কোন কোন পুলিশ অফিসার ফাঁকি দিচ্ছে এবং কিভাবে সেটা ভেষ্টেড ইণ্টারেষ্টের বিরুদ্ধে না লাগিয়ে সাধারণ গরীব মেহনতী মানুষের বিরুদ্ধে লাগানো হচ্ছে এগুলি জানা প্রয়োজন। মাননীয় সদস্য একজন বলেছেন যে আমরা পুলিশ ও আমলাতন্ত্রকে কণ্ট্রোল করবো আমাদের পিছনে জনসাধারণ আছে। কিন্তু কন্ট্রোল যদি করতে পারেন তাহলে ১৯৭১-৭২ সালে দেখা গেছে এই আইন তো ছিল—কিন্তু কন্ট্রোল হয় নি কেন? আজকে সবাই বলছে পুলিশের উপর আমলাতন্ত্রের উপর কন্ট্রোল করার ব্যর্থতার জন্য এইসব হচ্ছে। তাই আমি বলি যে এই পুলিশ এবং আমলাতন্ত্রকে কন্ট্রোল করতে হলে আগে আমাদের লিডারসিপের দৃঢ় মনোভাব দরকার। কোন্ দৃষ্টিভঙ্গীতে আইন প্রয়োগ হবে কার বিরুদ্ধে এবং কার পক্ষে যাবে—মেহনতী মানুষদের না ভেষ্টেড ইণ্টারেষ্টের পক্ষে প্রয়োগ হবে সেই সমস্ত বিষয় বিবেচনা করে দেখতে হবে। আমি এ সম্পর্কে একটা উদাহরণ দিতে চাই। এখানে কমপেনসেসনের ধারা আছে তাতে বলা আছে যে কমপেনসেসন তিন মাসের মধ্যে দিয়ে দেওয়া হবে। আমি জিজ্ঞাসা করি যে সমস্ত ছোট ছোট জমির মালিক যাদের জমিদারী গেছে, যাদের কমপেনসেসন দেবার কথা বলা হয়েছিল, যাদের অনেক দিন ধরে কমপেনসেসন পাওনা আছে তাদের রাস্তাঘাট সমস্ত জমি নেওয়া হয়েছে অনেক পুকুর, ঘরবাড়ী নেওয়া হয়েছে যে স্কীমেই হোক সে কেলেঘাই স্কীমেই হোক বা অন্যান্য স্কীমেই হোক বিভিন্ন স্কীমের যে সমস্ত জমি নেওয়া হয়েছে তাদের কমপেনসেসন দেবার বেলায় তিন মাসের মধ্যে কমপেনসেসন দেবার কথা উঠেছে, তিন মাসের মধ্যে কমপেনসেসন মিটিয়ে দিতে হবে বাই এগ্রিমেণ্টে মিটিয়ে দিতে হবে—যদি বাই এগ্রিমেণ্ট না হয় তাহলে বাই আরবিট্রেসন মিটিয়ে দিতে হবে। এই যে এখানে ধারাটি আনা হয়েছে সুন্দরভাবে প্রপার্টেড ক্লাসকে বাঁচানোর জন্য, ভেষ্টেড ইণ্টারেষ্টকে বাচাবার জন্য, আমলাতন্ত্রকে সুন্দরভাবে রক্ষা করারজন্য পালিশ করে এই আইনএনেছেন এবং মুখ্যমন্ত্রী মহাশয় এই আইনকে চালাবার চেষ্টা করছেন যদিও স্বীকার করেছেন এই আইন অসাধারণ অস্বাভাবিক অবস্থার জন্য। আইন করার ব্যাপারে একটা দৃষ্টিভঙ্গী থাকে সেটা হচ্ছে এই যে আমরা গণতন্ত্রকে সম্প্রসারিত করতে চাই এবং জনসাধারণও চায় যে গণতন্ত্র সম্প্রসারিত হোক, জনসাধারণ চায় আমাদের মধ্যে যে ভীতির ভাব আছে সেটা কেটে যাক, জনসাধারণ চায় আমাদের মধ্যে কৃষক, মজুর, মেহনতী মানুষের মধ্যে এমন একটা সাড়াজাগুক যাতে, একটা নূতন ধরনের আন্দোলন নূতন ধরনের ভরসা সৃষ্টি হতে পারে। একথা সবাই জানেন যে শুধু আইন করলেই আইন কার্যকারী হয় না। আইনের পিছনে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষের আন্দোলন ও সহযোগিতা না থাকে। কোন আইন কাগজে-কলমে পাশ করলেই তা যতই কড়া আইন হোক, যতই ভাল হোক তা কার্যকরী হয় না যদি জনসমর্থন না থাকে। আমরা দেখেছি অনেক আইন পাশ হয়েছে—ল্যাণ্ড রিফর্ম থেকে আরম্ভ করে, শ্রমিক আইন থেকে আরম্ভ করে অনেক আইন হয়েছে—কিন্তু তা কার্যকরী হয় নি কেন? আমরা চীৎকার করি কেন কার্যকরী হয় নি, কেন কার্যকরী হয় নি। আমরা ভোট পাবার জন্য জনসাধারণের কাছে কেন আমরা বলেছি যে এই ১৭ দফা কর্মসূচী কার্যকরী করবো আমাদের ভোট দাও এবারে আমাদের পরীক্ষা করে দেখ আমরা ওগুলি কার্যকরী করবোই। কারণ সবাই আমরা জানি শুধু আইন করলেই হয় না তা কার্যকরী করার জন্য জনসাধারণের মধ্যে একটা ব্যাপক উৎসাহ সৃষ্টি করতে হয়।

[ 5-55—6-05 p.m.]

তা যদি করতে হয় তাহলে পশ্চিমবঙ্গের গণতন্ত্রকে সম্প্রসারণ করা দরকার। আরো বেশী এমন একটা অবস্থা দরকার যাতে মানুষ কোন দিক থেকে ভয় না পায়; তাদের যেটুকু অধিকার

আছে তা যেন সংকুচিত না হয়। কিন্তু এই আইনে মূলতঃ মানুষের সেই গণতান্ত্রিক অধিকারকে সংকুচিত করবে। মানুষকে নতুন নতুন আন্দোলনের দিকে উৎসাহ দেবার বদলে তাদের মনকে দুমড়ে দেবে এবং যে সমস্ত vested interest, যারা একচেটিয়া পুঁজি এবং কায়েমী স্বার্থের প্রতিনিধি তাদের এই আইনে সাহায্য করবে। সেজন্য আমরা এই আইনের বিরোধীতা করছি এবং এই আইনকে ভাল করে বুঝবার জন্য শেষ সময়ে বারেবারে আবেদন জানাচ্ছি যে, এই আইন আনবেন না। এই আইনে কোন সমস্যা সমাধান করতে পারবেন না। এই আইনে দেশে production বাড়াতে সাহায্য করবে না। এই আইনে দেশের vested interest-কে আরো বেশী উৎসাহিত করবে। ইতিমধ্যে গ্রামাঞ্চলে বলতে আরম্ভ করেছে বড়বড় জোতদাররা, বিভিন্ন কারখানার মালিকরা বলতে আরম্ভ করছে যে, এবারে আমাদের জমানা ফিরে এসেছে। এবারে দেখে নেবো চাষী কি করে জমি পায়। এবারে দেখে নেব কি করে তোমরা জমি দখল কর। যে সমস্ত জমি দখল করেছো তা কি করে বজায় রাখ? কারখানায় এবার দেখে নেব কি করে strike কর? দেখে নেব কি করে মালিকের উপর চাপ সৃষ্টি করে দাবী আদায় কর। এই সমস্ত vested interest, যাঁরা পুঁজিবাদী, সাম্রাজ্যবাদের পক্ষে, জোতদার জমিদারের পক্ষে তারাই এই জিনিষ আরম্ভ করেছে। এই আইনে তাদের সাহায্য করবে। এই আইন যখন বেরোচ্ছে, এই আইন যখন প্রকাশিত হবে, তখন এই vested interest কায়েমী স্বার্থের দল বুঝবে যে, হাঁা, এই রকম একটা আইন আছে যেখানে পুলিসের উপর নির্ভর করে, পুলিসকে হাত করে, আমলাতন্ত্রকে হাত করে, A.S.I. পর্যন্ত এই আইনে যদি হাত করতে পারি—তাহলে যে কোন লোককে, যে কোনরকমভাবে শাস্তিবিধান করতে পারব। তাদের বিনা warrant-এ আটক করে রাখতে পারব নানারকমভাবে। সেজন্য ঐ আইনের প্রতিক্রিয়াশীল যে দিক সে দিক থেকে ভালকরে বুঝে করতে হবে। সর্বশেষে আমি বলতে চাই, আমরা যদি বর্তমান আইন প্রয়োগ করি এবং সুষ্ঠভাবে যদি তা প্রয়োগ করা হয়, একটা দৃষ্টিভঙ্গী নিয়ে যদি প্রয়োগ করা হয় যে weeker section-এতে সাহায্য পাবে। গণতান্ত্রিক আন্দোলনের উপর এটা প্রযুক্ত হবে না। কৃষক, মজদুর, মেহনতী মানুষের উপর প্রযুক্ত হবে না। আমাদের যে existing আইন আছে তা আমাদের দেশের যে প্রতিক্রীয়াশীল শক্তি, যারা কায়েমী স্বার্থবাজ, যারা চোরাকারবারী, যারা মজুতদার তাদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে, সেইভাবে যদি করা হয় তাহলে আমাদের শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনতে সুবিধা হবে। সর্বোপরি তা আসবে না, যতক্ষণ না আমরা বেকারদের কাজ দিতে পারি। বেকারদের বুভুক্ষু রাখবো—যদি আমরা তাদের কাজ দিতে ফেল করি, যত কড়া আইন নিয়ে আসুন না কেন আমাদের দেশের এই সঙ্কট, এই বিক্ষোভকে চাপা দেওয়া যাবে না, ঠিক তেমনি কৃষককে যদি ন্যায্য জমি বিলি করা না যায়, জোতদার, জমিদারের জমি কেড়ে নেবার জন্য এবং সুষ্ঠুভাবে বিলি করার জন্য ceiling এর উপর দিয়ে দেওয়ার জন্য যদি তার ব্যবস্থা না করতে পারি, আমরা যদি সত্যিকারের দেশের উৎপাদন বাড়াবার জন্য ব্যাপক সাহায্য, ব্যাপক electrification না করতে পারি, যা আমরা প্রতিশ্রুতি দিয়েছি, ১৭ দফা কর্মসূচীতে যা আমরা ঘোষণা করেছি যে আইনসভার মধ্যে বিভিন্ন মন্ত্রীদের তরফ থেকে বারে বারে ঘোষণা করা হয়েছে, যে, হাঁা, আমরা প্রতিশ্রুতি রক্ষা করব, দেশের মৌলিক সমস্যা সমাধান করব। এইসমস্ত জিনিষ যদি না করতে পারি, যদি এর উপর নতুন নতুন ব্যবস্থা গ্রহণ করতে না পারি তাহলে শুধু আইন দিয়ে শান্তিশৃঙ্খলা রক্ষা করা হয় না। সেজন্য অমি বলব যে, একটা নতুন দৃষ্টিভঙ্গী এই বিলের মধ্যে আনা হয়েছে সেটার আমরা বিরোধীতা করছি। আমি বলছি একটা নতুন দৃষ্টিভঙ্গী নিতে হবে। দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। আমাদের পশ্চিমবাংলার মানুষ আজকে ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত সাত ধরনের গভর্ণমেণ্ট-এর অভিজ্ঞতা পেয়েছে। তারা দু'টি যুক্তফ্রণ্ট সরকারের অভিজ্ঞতা পেয়েছে। তার মধ্যে আবার প্রফুল্ল ঘোষের মন্ত্রিসভার অভিজ্ঞতাও পেয়েছে।

ধর্মবীরের মন্ত্রিসভার অভিজ্ঞতা পেয়েছে। ধাওয়ান মন্ত্রিসভার অভিজ্ঞতা পেয়েছে। তাঁরা democratic coalition-এর অভিজ্ঞতা পেয়েছে। ডায়াসের অভিজ্ঞতা পেয়েছে। বিভিন্ন অভিজ্ঞতার মধ্য দিয়ে আজকে পশ্চিমবঙ্গের মানুষ চলেছে। তারা আজকে অনেক বেশী সচেতন, অনেক বেশী তাদের অধিকার সম্পর্কে সচেতন, অনেক বেশী radical, অনেক বেশী অগ্রসর ভূমিকা তারা নিয়েছে। যার জন্য পশ্চিমবাংলায় আজকে এত বড় বিভেদকামী C.P.M.-কে পরাস্ত করে এবং এখন প্রতিক্রিয়াশীল শক্তির বাহক এবং ধারক হিসাবে দাঁড়িয়েছিল এবং তাদের শোচনীয়ভাবে পরাজিত করে—আজকে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাকে জয়যুক্ত করেছে।

এটা ইতিবাচক দিক। এটাই জনসাধারণের মনোভাব এবং এটাই জনসাধারণের অভিজ্ঞতা এবং এই অভিজ্ঞতাকে আজকে বুঝতে হবে, সম্মান দিতে হবে এবং সম্মান দিয়ে আমাদের গোটা দেশকে চালাতে হবে। আজকে পশ্চিমবাংলার আইনসভায় যখন দেখবো যে জনসাধারণের দৈনন্দিন জীবনের মূল প্রশ্নগুলি সমাধান করবার যে গুরুত্ব—তার বদলে আজকে এই জননিরাপত্তা আইন হচ্ছে পশ্চিমবাংলার যেন সর্বগ্রাসী মহৌষধী (?) এইভাবে যখন দেখছি তখন মানুষের মধ্যে সৎ দৃষ্টিভঙ্গী সম্পর্কে নানা প্রশ্ন এসে যাচ্ছে। সেইজন্য আমরা এই কথা পরিষ্কারভাবে বলতে চাই যে আমরা শান্তি এবং শৃঙ্খলা চাই, উৎপাদন বৃদ্ধি চাই, যে সমস্ত খুনী আছে তাদের গ্রেপ্তার করতে চাই, ন্যায়বিচার চাই এবং যে আইন আছে তার সুষ্ঠু প্রয়োগ আমরা চাই এবং গরীব অংশের উপর আঘাত না আসে, কায়েমী স্বার্থের উপর যাতে আঘাত আসে, গরীবদের যাতে রক্ষা করতে পারি সেইরকম মনোবল সৃষ্টি আমরা করতে চাই এবং আমাদের দেশের উন্নতির জন্য ১৭ দফা কর্মসূচীর রূপায়ণ আমরা চাই, কাজেই সেই দৃষ্টিভঙ্গী নিয়ে যদি আমরা বিচার করে দেখি তাহলে দেখবো যে এই আইন কিছুতেই আনা যায় না, একে কিছুতেই সমর্থন করা যায় না। এই আইন এতটুকুও গণতন্ত্রসম্মত নয়,এই আইন জনপ্রিয় সরকারের মনোভাবকে প্রতিফলিত করে না,নির্বাচনে জনতা যে রায় দিয়েছে এই আইন সেই মনোভাবকে প্রতিফলিত করে না। এই আইন শুধু প্রতিক্রিয়াশীল শক্তি ও পুঁজিবাদী শক্তিদেরই হাতকে শক্তিশালী করবে। সেইজন্য আমি সর্বশেষে আবার আবেদন জানাবো যে এটাকে আপনি ভাল করে বিচার বিবেচনা করে দেখুন। এটা সেনটিমেণ্টের প্রশ্ন নয়, ভেদের প্রশ্ন নয়, এটা সমগ্র জাতির প্রশ্ন, সমগ্র দেশের প্রশ্ন, গণতান্ত্রিক অধিকারের প্রশ্ন। সুতরাং সেদিক থেকে বিচার করে এত দেরীতে হলেও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এটাকে প্রত্যাহার করে নেবেন, এই আশা করে আমি এই বিলের বিরোধিতা করছি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাইস বলেছেন, 'সিল ডেমোক্র্যাসী টু সেভ ডেমোক্র্যাসী'। পশ্চিমবাংলার আজকে যে অবস্থা সেই অবস্থায় আমরা ধরে নিতে পারি যে এখন হাওয়া খানিকটা পরিষ্কার, কিন্তু বিপদ যে কেটে গেছে এটা কেউ হলফ করে বলতে পারেন না। এই বিধানসভায় যাঁরা নির্বাচিত হয়েছিলেন তাঁদেরই একটি অংশ মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বিধানসভা বর্জন করেছেন এবং তাঁরা রুমানিয়ার মাধ্যমে চায়নার সঙ্গে যোগাযোগ রক্ষা করছেন। কাজেই আশঙ্কা করা যায় যে হয়ত শেষ পর্যন্ত নকশালপন্থীদের সঙ্গে তাদের পথ মিলে যাবে। আজকে পশ্চিমবাংলায় আরো একটি অবস্থা রয়েছে যে বাংলাদেশে যেখানে নকশালবাড়ী আন্দোলন গড়ে উঠেছে সেখানে চায়নার সহযোগিতা রয়েছে এবং ভারতীয় উপমহাদেশে যে ৬২ কোটি মানুষের ঐক্য গড়ে উঠেছে সেই ঐক্যকে ভাঙবার জন্য চায়না সবসময় সজাগ আছে। ইতিহাসের অভিজ্ঞতায় আমরা দেখেছি ওরা সাধারণতঃ অন্তর্ঘাতমূলক কার্য্যকলাপ এবং হিংসাত্মক পথ ধরে এগোতে চান। কাজেই তার বিরুদ্ধে ভবিষ্যতের রক্ষাকবচ আমাদের রাখা দরকার

এবং সেইজন্যই আমরা এই আইনকে সমর্থন করছি। সেইজন্য এই আইনের দ্বারা তাদেরই বিরুদ্ধে সতর্কবাণী উচ্চারণ করা হয়েছে, যারা এই গণতান্ত্রিক সমাজব্যবস্থাকে চ্যালেঞ্জ করছে এবং তাদের বিরুদ্ধেই এই আইন প্রয়োগ করা হবে। এই আইন একটা কঠোর সতর্কবাণীর কথা স্মরণ করিয়ে দিচ্ছে। তাই যে আইন আনা হয়েছে তাকে আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে, আত্মবিশ্বাস নিয়ে, আত্মপ্রত্যয় নিয়ে সমর্থন করছি। কেননা, পশ্চিমবাংলার যে গণতান্ত্রিক সমাজব্যবস্থার অংশীদার আমরা হয়েছি সেই সমাজব্যবস্থাকে শক্তিশালী করতে গেলে, একে বাঁচাতে গেলে আমাদের গণতন্ত্রের যারা শত্রু তাদের সম্পর্কে পরিষ্কার ধারনা থাকা দরকার। শত্রু কারা? যারা খাবারে ভেজাল দেয়, যারা কালোবাজারী করে, যাদের বাড়ীভাড়া ৮।১০ লক্ষ টাকা বেড়ে যায়, যাদের ব্রীজ তৈরী করার পরে ভেঙে যায় সেই পি. ডবলিউ. ডি-র ইঞ্জিনীয়ার যারা ঠিকাদারদের মাধ্যমে তৈরী করে, পশ্চিমবাংলার মানুষের আস্থা নষ্ট করে দেয় এবং প্রশাসনযন্ত্রের প্রতি আস্থা নষ্ট করে দেয়, এসেনসিয়াল সার্ভিসকে ব্যহত করে তারাই হচ্ছে আমাদের শত্রু।

[6-05—6-15p.m.]

হরিণঘাটায় যন্ত্রপাতি চুরি হয়ে যায়, দুর্গাপুরে মেটাল চুরি হয়ে যায়, চুম্বক চুরি হয়ে যায়, এরা শত্রু, এই আইন তাদের বিরুদ্ধে একটা রক্ষাকবচ, যে রক্ষাকবচের দ্বারা যারা গণতন্ত্রের শত্রু তাদের থ্রেটেন করছি এই আইন প্রয়োগ করে বা তাদের সতর্ক করে দিচ্ছি যে এটা আমরা মেনে নেব না। নির্বাচনের আগে আমরা জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে একটা সন্ত্রাসমুক্ত আবহাওয়া সৃষ্টি করবো। কাজেই নির্বাচনের পরে সেই সন্ত্রাসমুক্ত আবহাওয়ার পক্ষে এই আইনকে আমরা সমর্থন করতে পারি। আমরা মনে করে নেব যে এই আইনের দ্বারা কোন ট্রেড ইউনিয়ন আন্দোলন ব্যহত হবে না, এটা আমরা ধরে নেব। কেন ধরে নেব, সেখানে যদি দেখি বিড়লার বাড়ী রক্ষা করতে এই আইন প্রয়োগ করা হচ্ছে বা এই আইন জোতদারদের পক্ষে যাচ্ছে তাহলে পশ্চিমবাংলার গণতান্ত্রিক আন্দোলন তো সেখানে থেমে যাবার কথা নয়। পশ্চিমবাংলার মানুষ যাঁরা নির্বাচনে ভোট দিয়েছেন—যাঁরা সন্ত্রাসমুক্তির প্রতিশ্রুতিকে ভোট দিয়েছেন,সাধারণ মানুষের উন্নয়নের জন্য ভোট দিয়েছেন, তাঁরা ভোট দিয়েছেন এইজন্য যে গণতান্ত্রিক আন্দোলন পশ্চিম-বাংলায় গড়ে উঠবে। যদি দেখা যায় এই আইন প্রয়োগ করা হচ্ছে জোতদারদের পক্ষে বা বিড়লার পক্ষে তাহলে নিশ্চয়ই আমি আশা করবো যে শ্রীবিশ্বনাথ মুখার্জীর নেতৃত্বে কোলকাতায় মিছিল বেরুবে, ইলা মিত্রের নেতৃত্বে মনুমেন্টের তলায় বিরাট জনসমাবেশ হবে এবং নির্বাচনের ফলাফলের দ্বারাও তার অভিব্যক্তি ঘটবে। সুতরাং গণতান্ত্রিক আন্দোলন এর দ্বারা ব্যহত হবে না। গণতন্ত্রকে রক্ষা করার জন্যই এই ধরনের আইন বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে নেওয়া হয়েছে। ব্রিটেনেও এই ধরনের আইন প্রয়োগ করা হয়েছিল। গণতন্ত্রকে হাতে নিয়ে বা গণতন্ত্রের সুযোগ নিয়ে গণতন্ত্রের ফাউণ্ডেশানে ডিনামাইট যারা লাগাতে যাবে এ আইন তাদের বিরুদ্ধে কঠোর সতর্কবাণী। অতএব, এই আইন প্রয়োগ করা হবে তাদেরই বিরুদ্ধে যারা এই সমস্ত কাজ করে ডেমোক্র্যাটিক মিনস অব লাইফের প্রতি লোকের আস্থা নষ্ট করতে চায়। এ আইন প্রয়োগ করা হবে তাদেরই বিরুদ্ধে যারা দেশের মধ্যে অন্তর্ঘাতি আদর্শ ছড়াবার চেষ্টা করছে। আজকে পশ্চিমবাংলা শান্ত হলেও এটা ধরে নিতে পারি না যে অশান্তির সব আগুন, সব উৎস নিভে গিয়েছে। আমরা নতুনভাবে পশ্চিমবাংলাকে গড়ে তুলতে চাইছি যেখানে কলেকারখানায় উৎপাদন হবে এবং যার দ্বারা দেশ নতুনভাবে গড়ে উঠবে। কাজেই সেখানে যাতে অশান্ত শক্তি, হিংস্র শক্তি বা গণতন্ত্র বিরোধী শক্তি মাথা চাড়া দিয়ে উঠতে না পারে তারই জন্য এই আইন এবং কেবলমাত্র সেই কারণেই এই আইনকে আমি অত্যন্ত আনন্দের সঙ্গে স্বাগত জানাচ্ছি।

**শ্রীপ্রদ্যোতকুমার মহান্তিঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী যে জনশৃঙ্খলা রক্ষা আইন করবার জন্য আমাদের সামনে এনেছেন সে বিলের বিরোধীতা করবার জন্য আমি দাঁড়িয়েছি। স্যার, বিরোধীতা করছি এইজন্য যে জনশৃঙ্খলা রক্ষা করতে চাওয়া হচ্ছে কতকগুলি জনস্বার্থ বিরোধী ধারার দ্বারা। সর্বোপরি, আমি বুঝে উঠতে অক্ষম হচ্ছি যে কেন এইরকম একটা বিল আনার প্রয়োজন হল বা এইরকম একটা আইন করবার প্রযোজন হল। আমি দেখেছি এবং আমার থেকে স্বরাষ্ট্রমন্ত্রী আরো ভালো করে জানেন যে ১৯৬৭ সালের পূর্ব পর্যন্ত যে ক্রিমিনাল আইন প্রচলিত ছিল, এখনও আছে, তার দ্বারা অনেক গুরুতর অপরাধীকে শাস্তি দেওয়া যেত। কিন্তু ১৯৬৭ সালের পর আমরা দেখেছি এবং শুধু দেখেছি না, মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী একটা তথ্য রেখেছেন - প্রকৃত তথ্য, যে অনেক খুনি আসামী ঘুরে বেড়াচ্ছে, ১৯৬৭ সালের পর তাদের কোন শাস্তি বিধান হচ্ছে না। বেলে খালাস হয়ে সাক্ষীদের কাছে ঘুরে বেড়াচ্ছে সাক্ষী নষ্ট করবার জন্য। তাঁর সঙ্গে আমি একমত হলেও স্বরাষ্ট্রমন্ত্রী যে কারণ দিয়েছেন যে যথাযথ আইন ছিল না পি. ডি. এ. ছিল না বলে এই সমস্ত খুনি আসামী ঘুরে বেড়াতো, এই ব্যাপারে আমি তাঁর সঙ্গে একমত হতে পারি না। ওঁর প্রতি পরিপূর্ণ শ্রদ্ধা রেখে বলছি যে বর্তমান মুখ্যমন্ত্রী তখন পশ্চিমবঙ্গ বিধানসভায় বিরোধী দলের নেতা, তিনি জানেন পুলিশ বিভাগ ১৯৬৭ সালের পর দুর্নীতিতে ছেয়ে গিয়েছিল। পূর্বে যে দুর্নীতি ছিল না তা নয় ১৯৬৭ সালের পর পুলিশ বিভাগ অধিকতর দুর্নীতি পরায়ন হয়ে উঠেছিল এবং শুধু পুলিশ বিভাগ নয় ক্রিমিনাল কোর্টের ম্যাজিষ্ট্রেসী পর্যন্ত দুর্নীতি পরায়ন হয়ে উঠেছিল। কারণ, যে ক্রিমিনাল আইন ছিল সেই আইন যথাযথভাবে প্রয়োগ করতে সরকার দ্বিধা বোধ করেছেন, সরকার প্রয়োগ করতে চান নি এবং আপনারা জানেন যে তদানীন্তন মুখ্যমন্ত্রী বলছেন কেস তুলব না, স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন কেস তুলে নাও, আবার আইন মন্ত্রী বলছেন সব কেস তুলব না। কেউ বলছেন কেস তুলব না, আবার কেউ বলছেন তুলে নাও, ফলে ম্যাজিষ্ট্রেটরা ছিলেন প্রিজনার অব ইণ্ডিসিসান, তাঁরা সমস্ত রকম আইনের প্রয়োগ থেকে বিরত ছিলেন এবং তার জন্য বহু খুনী আসামী যারা বছরের পর বছর বেল পেত না তারা বিভিন্ন জায়গায় ঘুরে বেড়িয়েছে, আরো অন্যায় কাজ করেছে। মুখ্যমন্ত্রী মহাশয় তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় একথা বলেছেন ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রিজিন্সে এটা আনছি কেন, না, আনছি To deal with the Law and order problems of state more effectively—আমরা শুধু জানি—পশ্চিমবাংলার বর্তমান মুখ্যমন্ত্রী বিধানসভায় এবং বিভিন্ন জনসভায় বলেছেন যে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলার উন্নতি হচ্ছে এবং কেন্দ্রীয় সরকার একই সুরে বলছেন যে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা দিনের পর দিন উন্নতি হচ্ছে। যদি পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা দিনের পর দিন উন্নতির দিকে যেতে থাকে এবং আমিও বিশ্বাস করি পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা উন্নতির দিকে চলেছে তাহলে এই আইন আনার কোন প্রয়োজন হচ্ছে আমি বুঝতে পারছি না। মুখ্যমন্ত্রী মহাশয় জানেন এবং আমি বিশ্বাস করি যে দেশে অনেক দিন পরে একটা স্থায়ী সরকার প্রতিষ্ঠিত হওয়ার জন্য জনসাধারণের মনে আস্থার ভাব ফিরে এসেছে। আজকে যারা এইসব অসামাজিক কাজ করে তাদের পিছনে হয়ত যথেষ্ট সমর্থন থাকে, সেজন্য মানুষ ভীত হয়ে সেইসব অসামাজিক কাজে বাধা দিতে পারে না। আজকে স্থায়ী সরকার প্রতিষ্ঠিত হওয়ার জন্য জনসাধারণের মনে একটা আস্থার ভাব ফিরে এসেছে, আজকে যদি সৌভাগ্যক্রমে গণতান্ত্রিক মোর্চা ভেঙ্গেও যায় তাহলেও কংগ্রেস দল যে বিরাট গণতান্ত্রিক রায় নিয়ে নির্বাচিত হয়ে এসেছে তাতে জনসাধারণের সরকারের উপর পরিপূর্ণ আস্থা প্রকাশ পেয়েছে, তাতে দিনের পর দিন আইন-শৃঙ্খলার উন্নতি হচ্ছে, সেক্ষেত্রে ল' এণ্ড অর্ডার প্রবলেম-কে মোর এফেক্টিভলি ডিল করার জন্য এই ধরনের আর একটা আইন কেন তৈরি করা হচ্ছে সেটা বুঝে উঠতে পারছি না। এই বিলের

সেকসান ১৩ এবং ১৫-র প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এতে দেখতে পাচ্ছি সরকার শুধু ক্ষমতা নিচ্ছেন না, পুলিশ বিভাগের উপর যে ক্ষমতা ছিল সেটা আরও বর্ধিত করা হচ্ছে—মোর কনসেনট্রেশান অব পাওয়ার অন পুলিশ ডিপার্টমেণ্ট। আমরা জানি এবং আপনারা সকলে জানেন Power Corrupts and absolute power Corrupts absolutly. যে পুলিশ বিভাগ দুর্নীতিপরায়ণ সেই পুলিশ বিভাগের উপর আরো ক্ষমতা দেওয়া হচ্ছে এবং বলা হচ্ছে যে কোন পুলিশ অফিসার এ্যারেষ্ট করতে গেলে কোন ম্যাজিষ্ট্রেটের আদেশের প্রয়োজন হবে না, কোন ওয়ারেণ্টের প্রয়োজন হবে না। একজন এ্যাসিষ্টেণ্ট সাব-ইনসপেক্টর বা তার উর্দ্ধতম কোন লোক যে কোন সময়ে সন্দেহ মনে করলে তাকে ধরে নিয়ে গিয়ে যদি আটকায়, তার বাড়ীঘর, গাড়ী, সম্পত্তি নিয়ে নেয় তাহলে তার বিরুদ্ধে কোর্টে যাওয়া হবে না, সেকসান ২১ সি ধারায় কোন সিভিল ও ক্রিমিনাল কোর্টে যাওয়া যাবে না।

[ 6-15—6-25 p.m. ]

আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী প্রখ্যাত আইনজ্ঞ। অনেক আইনজ্ঞের মতে শুনেছি সিভিল ক্রিমিনাল কোর্টে বলতে High Court কে বোঝায় না, যদি Civil Criminal Court মানে High Court হয় তাহলে High Court-এ আসতে পারে এ বিধান দ্বারা, তাহলে ঐ High Court-এ আসা একটা গ্রামের লোকের পক্ষে কতখানি ব্যয় সাধ্য এবং দুস্কর ও High Court-এ মামলা করতে কতদিন লাগে সেটা মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই আমার চেয়ে ভাল বোঝেন। এরূপ গণতন্ত্র বিরোধী সেকসান রেখে বলা হয়েছে যে আইন তৈরী করবো সে আইনে জনশৃঙ্খলা রক্ষা করবো। সেকসান ১৭ মধ্যে আছে যাতে Notice সার্ভ করতে বলা হয়েছে। যদি কারো বাড়ী নিয়ে নিই, যদি কারো গাড়ী নিয়ে নিই, Property requisition করে, সেই Notice এর সময় বলা হচ্ছে যে, সে Notice ঐ ঘর বাড়ী নেওয়া হচ্ছে সে Notice পেল কি না তা কোর্টে বিচার করা চলবে না। কোর্ট শুধু দেখে নেবে যে Notice Publication হয়েছে কি না, Publication করলেই হয়ে গেল, Notice তার কাছে পৌছাল কি না বা সে পেল কি না সেটা কোর্টের গ্রাহ্য করবার দরকার নেই, Notice Publish করলেই হয়ে গেল বাড়ী নেবার ক্ষমতা তা আর কোর্টে Challenge করা যাবে না। এই বিধান Section 17 মধ্যে রয়েছে। অতএব যখন আইন-শৃঙ্খলার উন্নতি হচ্ছে, যেখানে 'মিসা' আইন আছে এবং যেখানে existing criminal laws আছে, এবং যার দ্বারা দেখছি সমস্ত জনশৃঙ্খলা রক্ষা করা যাচ্ছিল এবং দোষীকে শাস্তি দেওয়া ও অন্যায় যে করছে তাকে শাস্তি দেওয়া যায়, এরূপ সব আইন থাকা সত্ত্বেও এরূপ একটা গণতন্ত্র বিরোধী এবং পুলিসের হাতে ক্ষমতা যে দেওয়া হচ্ছে, সেজন্য আমি এ বিলের বিরোধিতা করছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো যে তিনি এ বিল প্রত্যাহার করে নেন ও প্রত্যাহার করে নিয়ে যে Existing Criminal Laws আছে তাকে দৃঢ়ভাবে প্রয়োগ করুণ ও প্রয়োগ করে পশ্চিমবাংলার শান্তিশৃঙ্খলা ফিরে আনুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশঙ্কর ঘোষ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বিল এই হাউসে এনেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। এই বিল আমরা সমর্থন করছি কিন্তু আমাদের গণতান্ত্রিক মোর্চার সি. পি. আই. সদস্যরা এই বিলের বিরোধিতা করেছেন। যদিও আমাদের এতে মতভেদ আছে তবু প্রথমেই আমি এই কথা বলতে চাই যে এই বিরোধীতাতে আমাদের গণতান্ত্রিক মোর্চায় কোন চিড় আসবে না, কোনো আঘাত আসবে না। আমাদের গণতান্ত্রিক মোর্চা আছে—থাকবে। কারণ আমাদের যে বিরোধ সেটা গণতান্ত্রিক বিরোধ। সি. পি. আই. এর এতে ভিন্ন মত। আমাদের দুটো মত থাকতে পারে কিন্তু গণতান্ত্রিক মোর্চা

থাকবে। এই বিল সমর্থন প্রসঙ্গে বলতে চাই যে এই বিল নূতন বিল নয়। ১৯৭০ সালের এই বিল ছিল। বাংলাদেশে যখন অরাজকতা ছিল তখন এটা এসেছিল। পার্লামেন্ট কনসালটেটিভ কমিটিতে এটা আলোচিত হয়। এই বিলের মাধ্যমে ১৯৭১ সালে প্রায় ৪৫০ জন লোককে ধরা হয়েছিল এবং ফেব্রুয়ারী, ১৯৭২ পর্যন্ত ৭১ জন লোককে ধরা হয়েছিল। এই বিল অরাজকতার বিরুদ্ধে ব্যবহৃত হয়েছিল। আমরা যখন নির্বাচন করেছি তখনও এই বিল সমর্থন করেছি, এর বিরোধীতা করি নি। জনসাধারণের কাছে নির্বাচন, সকলের কাছে আমাদের বক্তব্যে দেখা যায় যে এই ব্যবস্থার সমর্থন এবং জনসাধারণ আমাদের ভোট দিয়েছেন ও এই বিলকে সমর্থন জানিয়েছেন। তাঁরা এই বিলের পক্ষে ভোট দিয়েছেন শান্তির জন্য। যে সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছিল শান্তির জন্য তার ভেতরে এই প্রেসিডেনসিয়াল এ্যাক্টও ছিল। এই প্রেসিডেনসিয়াল এ্যাক্টএ জনসাধারণ কিছু বলেন নি—জনসাধারণ শান্তির জন্য একে সমর্থন করেছেন নির্বাচনের রায়ে। জনসাধারণ যে এ্যাক্ট সমর্থন করেছেন সেই এ্যাক্টকেই আমরা সমর্থন করছি ও আজকে আইনের মাধ্যমে চালু করতে চাচ্ছি। এই বিলটার উদ্দেশ্যে বলা হয়েছে যে এটা হচ্ছে স্যাবোটেজ বা সাবভারসিভ এ্যাক্টিভিটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য।

এটা সমালোচনা করা হয়েছে যে ক্রিমিনাল প্রসিডিওর কোড রয়েছে, পেনাল কোড রয়েছে যা কিছু ক্ষমতা চাচ্ছেন তা সমস্তই অন্য আইনে রয়েছে। তাই যদি হয় তাহলে এটাকে প্রতিক্রিয়াশীল বিল বলার কোন কারণ নেই। যা ক্ষমতা চাচ্ছি তা পেনাল কোড, ক্রিমিনাল প্রসিডিওর কোড এবং অন্যান্য আইন আছে। যা সমালোচনা করা হয়েছে তার উপরেই এই কথা বলতে চাই। অর যদি বলা হয় যে, না, এই বিলে আপনি বলছেন যে সাবোটেজ, সাবভারসিভ এ্যাক্টিভিটিস যদি করা হয় তাহলে ৭।১০ বছর কারাদণ্ড হবে। ক্রিমিনাল প্রসিডিওর কোড-এ আছে ৬ মাস, পেনাল কোড-এ আছে ৯ মাস। তাহলে আপনারা এত কারাদণ্ড দিতে চাইছেন কেন? আমরা বলব যে হাঁা আমরা এ বিষয় এনেছি। এই বিলে যে সমস্ত স্যোসাল অফেন্স রয়েছে তাতে যে পানিসমেণ্ট আছে সেটার পরিমাণ অনেক বেশী। যেসব দেশে সোসালিস্ট লিগালিটি বলবত আছে সেখানেও এ প্রথা প্রচলিত আছে। আপনারা সকলেই জানেন সোভিয়েত রাশিয়াতে যেটা ব্যক্তিগত অফেন্স, সেই ব্যক্তিগত অফেন্স-এর যে পানিসমেণ্ট সোভিয়েত অফেন্স-এর পানিসমেণ্ট তার চেয়ে অনেক বেশী। যেমন মার্ডার এর পানিসমেণ্ট ১০ বছর, থেপ্ট অব পাবলিক প্রপারটির জন্য প্যানিসমেণ্ট ২০ বছর কিম্বা পাবলিক প্রপার্টি রবারির জন্য প্যানিসমেণ্ট প্রায় ২০ বছর। এর যে কারণ এটা হচ্ছে সোসাল লিগালিটির ব্যাপার ব্যক্তিগত মানুষের উপর যে আক্রমণ তারজন্য যে প্যানিসমেণ্ট, সমাজের বিরুদ্ধে যে আক্রমণ তারজন্য প্যানিসমেণ্ট অনেক বেশী হবে। সুতরাং আমাদের এই বিলে ৫।৭।১০ বছর যে বলেছি সেটা সেই কারণেই বলেছি। আমাদের বিলে যে অনুচ্ছেদগুলি আছে তার যে সমালোচনা করা হয়েছে সে সম্বন্ধে আমি বলতে চাই। আমাদের সকশন ২ (৮)-তে আমরা সাবভারসিভ এ্যাক্ট-এর ডেফিনেশন দিয়েছি এবং বলেছি জনস্বার্থ বিরোধী কাজ তা সাবভারসিভ এ্যাক্ট। যাদের হাতে বে-আইনী অস্ত্র আছে সেটা সাবভারসিভ এ্যাক্ট এক্সপ্লোসিভ আছে সেটাও সাবভারসিভ এ্যাক্ট। আমাদের দেশে যে অরাজকতা এসেছিল, নৈরাশ্য এসেছিল, ধ্বংসের বিপ্লবের কথা যেটা শুনেছিলাম, ভেঙ্গে দেবার জন্য যে ইনক্লাবের কথা শুনেছিলাম, তার বিরুদ্ধে যদি ব্যবস্থা নিতে হয় তাহলে গণতন্ত্রকে জোরদার করতে হবে। গণতন্ত্র তখনই জোরদার হতে পারে না যদি সামাজিক সাম্য না থাকে এবং গণতান্ত্রিক সরকার যদি শাসন না করেন, সমাজবিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা না নেন। আমরা যদি সফ্‌ট ষ্টেট চালাই তাহলে আমাদের সোসালিষ্ট ডেমোক্রাটিক ষ্টেট হবে না। ভারতবর্ষ ছাড়া এশিয়ার নানা জায়গায় এই সফ্‌ট ষ্টেট আছে। সুইডিশ সোসিওলোজিষ্ট গুণার সিরডাল এই সফ্‌ট ষ্টেটের বিরুদ্ধে বলেছেন

এবং বর্তমানে জনমত এই সফ্‌ট ষ্টেট এর বিরুদ্ধে। সমাজবিরোধী কাজ যেখানে হচ্ছে সেখানে তার ৬।৯ মাস দণ্ড চলতে পারে না। আমরাও সেখানে গণতন্ত্র সফল করতে পারবো না, গণতন্ত্রকে জোরদার করাতে পারবো না। আমাদের যে থারমাল প্লাণ্ট, পাওয়ার প্লাণ্ট রয়েছে সেখানে আমরা ঘোষণা করতে পারি এগুলি প্রোটেক্টেড প্লেস। এই ঘোষণা কোন শ্রমিক, কৃষক, আন্দোলনের বিরুদ্ধে ব্যবহৃত হবে না। সরকার এ কথা বলেছেন এই বিল ব্যবহার করা হবে সমাজবিরোধীদের বিরুদ্ধে। আমরা সেকশন ৬-এ বলেছি আমরা প্রটেক্টেড প্লেস বলে কতকগুলি জায়গাকে ঘোষণা করতে পারবো। এই ঘোষণা কোন পুলিশ অফিসার করবেন না, এই ঘোষণা করবেন ষ্টেট গভর্ণমেণ্টের হাই ষ্টেট অথরিটি এবং ঘোষণা করবেন পাবলিক ইণ্টারেষ্টে। অবশ্যই কোন বিপদের আশঙ্কা নেই। একটা থারমাল প্লাণ্ট বা ব্রিজ কনষ্ট্রাকসনের সময়ে যদি বলা হয় এটা প্রটেক্টেড প্লেস তাহলে অন্যায় হবে না। কারণ যেখানে কোটি কোটি টাকা খরচ হচ্ছে সেখানে যদি নকশালীরা গিয়ে বিপ্লব করতে যায় তাহলে সরকারের এই যে শক্তি তা সেখানে তারা প্রয়োগ করবেন।

[ 6-25—6-35 p.m. ]

সেইজন্য আমরা সেকসান ৬ নিয়েছি। তারপর এই বিলে একটা গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ হচ্ছে সেকসান ৮। এই সেকসান-এর বিরুদ্ধে সমালোচনা হয়েছে। কিন্তু এই সেকসানে বলছে যদি কোন সরকারী বাড়ী বা যন্ত্রপাতি, রেলওয়ে, এয়ার-ফিল্ড, পোর্ট, ডক এইসমস্ত জায়গায় যদি ধ্বংসের জন্য নাশকতামূলক কাজ হয় তবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। আমরা ৭ বছর অবধি দণ্ড ধার্য করেছি, কিন্তু সোভিয়েত রাশিয়ার এটা ১০ বছর রয়েছে। এটা জনস্বার্থবিরোধী নয়। এটা সমাজেরই কাজ। আমরা সমাজের পরিবর্তন আনতে চাইছি। কিন্তু সফ্‌ট হলে সেই লক্ষ্যে পৌছতে পারবো না। সেটা ডেমোক্রেটিক ষ্টেটও হবে না, সোসালিষ্ট ষ্টেটও হবে না।

তারপর রয়েছে সেকসান ১০। সেটায় আমরা বলেছি যদি কারো হাতে কোন অস্ত্র থাকে যেটা সন্দেহজনকভাবে রয়েছে তারই বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। আইনগতভাবে থাকতে পারে, যদি সেভাবে থাকে ল' ফুল অবজেক্টে থাকে, তবে আইনের মধ্যে পড়ছে না। সুতরাং সেকসান ১০-এর বিরুদ্ধে কোন সমালোচনা গঠনমূলকভাবে চলতে পারে না। আর আমরা বলেছি যদি শিক্ষায়তনে আক্রমণ করা হয়, আগুন দেওয়া হয় তারজন্য কঠোর শাস্তির ব্যবস্থা হবে। যে সরকার সমাজতান্ত্রিক, যে সরকার গণতান্ত্রিক, জনস্বার্থের দিকে যাকে দেখতে হবে তাকে এসব করতে হবে। আমরা জনসাধারণকে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে শান্তি ফিরিয়ে আনবো। আমাদের দেশের সমস্ত জায়গায় শান্তি ফিরিয়ে আনতে হবে, আমরা যেসব প্রকল্প করছি তাতে যাতে নাশকতামূলক কাজ না হয়, শিক্ষামূলক প্রতিষ্ঠানে যাতে নাশকতামূলক কাজ না হয় সেদিকে আমাদের দেখতে হবে। আমরা দেখলাম প্রেসিডেন্সী কলেজের লেবরেটরী পুড়ে ছাই হয়ে গেলো বিপ্লবের নামে। এই বিপ্লবের বিরুদ্ধে জনসাধারণ রায় দিয়েছেন। জনসাধারণ যে কংগ্রেসকে ভোট দিয়েছেন তাঁরা ধ্বংসের বিপ্লব চান নি, তাঁরা সৃষ্টির বিপ্লব চেয়েছেন বলে। তাঁরা ধ্বংসের ইনক্লাব চান নি, তাঁরা সৃষ্টির ইনক্লাব চেয়েছেন। তাঁরা যা চেয়েছেন তা যদি করতে হয় তাহলে শক্ত হাতে করতে হবে, নির্মমভাবে করতে হবে তাদের বিরুদ্ধে, যারা নকশালপন্থী, যারা উগ্রপন্থী, সমাজবাদে বিশ্বাস করে না, গণতন্ত্রে বিশ্বাস করে না, সংবিধানে বিশ্বাস করে না। আমরা সংবিধানকে বাঁচিয়ে রাখতে চাই। গণতান্ত্রিক পথে সমাজতান্ত্রিক পথে যাতে লক্ষ্যে পৌছতে পারি তারজন্য যদি শাস্তি দিতে হয় তাহলে গণতন্ত্রের প্রয়োজনেই তা করতে হবে এবং এটা জনস্বার্থেই প্রয়োজন। আশা করি এই বিল হাউসের সকল সদস্যই, শুধু কংগ্রেস সদস্যরা নয়, সি. পি. আই সদস্যরাও সমর্থন জানাবেন।

**শ্রীভোলানাথ সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। মাননীয় বিশ্বনাথ মুখার্জী ক্লজ বাই ক্লজে ক্রিটিসিজম করেছেন। উনি বলেছেন এই বিল অনুসারে কোন বিচার পাবে না, আদালত পাবে না, কোন কোর্টে যেতে পারবে না, জেল হয়ে যাবে সেটা কিন্তু ঠিক নয়। আপনি দেখুন সেকসান ২০তে লেখা আছে, 'No Court shall take cognizance of any alleged contravention of the provisions of this Act or of any order made thereunder, except on a report in writing of the facts constituting such contravention, made by a public servent duly authorised by the State Government in this behalf." তার মানে হলো এ্যারেষ্ট হতে পারবে, কিন্তু পানিশমেণ্ট হওয়ার আগে, প্রসিকিউসান হওয়ার আগে, নর্মাল প্রসিডিওর অনুযায়ী কোর্টে যাবে। সেকসান ২০তে যেটা বলেছে, "No order made in exercise of any power conferred by or under this Act shall be called in question in any civil or criminal Court." এর মানে হলো যে অর্ডার অব এ্যারেষ্ট দেওয়া হবে বা কোন একজিকিউটিভ অর্ডার সেটার জন্য যেতে হবে রিট কোর্টে। ছাট ডাজ নট মিন যে এতে সুট লাই করেছে না তা নয়, বা আইনের ভয় কিছু নেই তা নয়। দেখুন এখানে রয়েছে, "To provide for special provisions for the maintenance of Public Order by the prevention of illegal acquisition, possession or use of arms and the suppression of subversive activities endangering public safety and tranquility and for matters connected therewith or incidental thereto কারো নিশ্চয় কোন রাইট বা পাবলিক ট্রানকোয়ালিটি বা পাবলিক সেফটি সেটা ভায়োলেট করা হবে না। "The provisions of this Act and of any orders made thereunder shall have effect not with standing anything inconsistent therewith contained in any other law for the time being in force or in any instrument having effect by virtue of any such law."

এর মানে যদি আইন না থেকে থাকে তাহলে পরে এই আইনটা প্রিভেল করবে, অর্থাৎ যদি ছটো আইনে কনফ্লিক্ট হয় তাহলে এই আইনটা প্রিভেল করবে। কোন আইন এখনও পর্যন্ত নাই যেখানে সেকসন সিক্সের মত প্রটেকটেড প্লেসে ক্রিমিনাল ট্রেসপাস আইনে এই জিনিষটা কভার করে না। সুতরাং এটা একটা নূতন জিনিষ। তারপরে সাবোটেজের কোন আইন নেই, যাতে সাবোটেজের কোন পানিসমেণ্ট দেওয়া যায়। সুতরাং সাবোটেজকে এখানে আনা হয়েছে পানিসমেণ্ট দেবার জন্য। তার কারণ আমরা আমাদের ষ্টেটকে গড়তে চলেছি। অনেক বেশী ইণ্ডাষ্ট্রি এখানে ইনভলভড, আমাদের দেশ সোসালিষ্টিক প্যাটার্ণে চলেছে, অনেক বেশী ইণ্ডাষ্ট্রি এখানে হবে সেখানে We cannot risk the violence, we cannot risk the disturbances which we have seen before. তারপরে বিশ্বনাথবাবু বলেছেন পানিসমেণ্ট খুব এক্সেসিভ হয়েছে তার কারণ এটা প্রিভেণ্টিভ ল', এটা রিট্রিবিউটিভ ল' নয়। প্রিভেন্টিভ ল-এ পানিসমেণ্টের ভয় দেখিয়ে লোকে যাতে অন্যায় না করে যদিও অন্য জায়গায় এর চেয়েও অনেক বেশী পানিসমেণ্ট দেখতে পাবেন। ডেকইটি কেস, এমন কি এ্যাটেম্পট টু ডেকইটি যদি ক্রিমিনাল প্রসিডিওর কোড কনসাণ্ট করেন তাহলে দেখতে পাবেন অনেক বেশী পানিসমেণ্ট। ডেকইটি কেস, এ্যাটেম্পট টু মার্ডার কেস এ্যাটেম্পটের কথা বলা হয়েছে ক্রিমিনাল প্রসিডিওর কোডে এ্যাটেম্পট যদি অফেন্স হয় তাহলে এ্যাটেম্পট টু কমিট ছাট ক্রাইম ইজ অলসো এ্যান অফেন্স। সুতরাং এর মধ্যে ভয়ের কিছু নাই, এটা নূতন কিছু আইন নয়। তারপরে বিশ্বনাথবাবু আরো বলেছেন রুল অব এভিডেন্স চেঞ্জ করা হয়েছে সেকসন ১৪। সেকসন ১৪-এ কি বলেছেন? সেখানে রুল অব এভিডেন্স চেঞ্জ করা হয় নি—He is presumed to be innocent under this law unless

contrary is proved. এটাই খালি চেঞ্জ করা হয়েছে রুল অব প্রসিডিওর নেমলি এক্সপার্টি যাতে বেল না পায়, যাতে এতবড় একটা আইন যেখানে পাব্লিক ইউটিলিটি ইজ ইনভলভড, পাবলিক প্রপার্টি ইজ ইনভলভড যাতে ডিপার্টমেণ্টকে হেয়ার করে, পুলিশকে হেয়ার করে তারপরে যেন বেল দেয়। দ্যাট ইজ দি ওনলি থিং, দ্যাট ইজ প্রসিডিওরাল এভিডেন্স কিন্তু রুল অব এভিডেন্সের সঙ্গে কোন ডিফারেন্স হচ্ছে না। সুতরাং এখানে কিছু অন্যায় করা হয় নি। তারপরে বিশ্বনাথবাবু আবো বলেছেন যে ৫ হাজার টাকা হাইকোর্টে আপীল লাই করবে না। এই ক্রিটিসিজমের আমি কোন জাষ্টিফিকেসন দেখতে পাই না। এখানে অনেক কিছু আছে যেটা সুপ্রীম কোর্টে যেতে পারে না। ২০ হাজার টাকার কম হলে সুপ্রীম কোর্টে যেতে পারে না কতকগুলি একসেপসন না হলে। যদি ৫হাজার টাকার কম হয় তাহলে অনেক জায়গায় যেতে পারে না, ১৫হাজার টাকার কম না হলে ডিষ্ট্রিক্ট জাজের কাছে আপীল লাই করে, আর কম হলে সাব-অর্ডিনেট জাজের কাছে লাই করে। এইরকম সব জুরিসডিকসনের ব্যাপার আছে। ৫হাজার টাকা যার প্রাপ্য তার এগেনষ্টে যদি ষ্টেট আপীল করে তাহলে কি রকম লাগবে? তাছাড়া ষ্টেট আপীল ইজ গিভিন টু অল, রাইট অব আপীল ইজ গিভিন টু অল। যদি ষ্টেট আপীল করে তাহলে দেখতে পাবেন যে আননেসেসারী এক্সপেণ্ডিচার আর একটা পয়েণ্টে বলা হয়েছে ক্রিমিনাল প্রসিডিওর কোডে আন-ল'-ফুল এ্যাসেম্বলী সেকসন ১০৭, সেকসন ১৪৪ এই দুটো পড়ে দেখবেন এর সঙ্গে সেকসন ১৫-এর কোন সম্পর্ক নাই। একটু ভাল করে পড়ে দেখছিলাম ১০৭, ১৪৪ এটাই টেমপোরারী অর্ডার দেওয়া যায় এবং এটি ম্যাজিসট্রেটকে অর্ডার দিতে হয়, এর জন্য ডিলেটরী প্রসেস হয় এবং এরজন্য কোর্টে যেতে হয়। আর সেকসন ১৫-এ বলা হয়েছে any police officer may, without an order from a Magistrate and without a warrant, arrest any person who is reasonably suspected of having committed any offence under this Act,

[ 6-35—6-45 p.m. ]

তার সঙ্গে ১০৭ এবং ১৪৪র যদি তুলনা করেন তাহলে ভুল হবে কারণ তাহলে পরে কোর্টে যেতে হয়। কোর্টে যেতে হলে, একটা মানুষ বোমা মেরে একটা ফার্স উড়িয়ে দিল, আপনি তার পরদিন কোর্টে গিয়ে ১৪৪ ধারা করলেন এর কি জাসটিফিকেশন? আজকে নকশালদের পরিপ্রেক্ষিতে কোন কিছু জাসটিফিকেশন থাকতে পারে না। আপনারা বলছেন যে বিগ অফিসার, ডিষ্ট্রিক্ট জাজ, বেশী টাকা যেখানে সেখানে ডিষ্ট্রিক্ট জাজ, যেখানে বড়লোক ইনভলবড সেখানে ডিষ্ট্রিক্ট জজ, আর অন্য লোকের বেলায় সেটা নয়। কিন্তু এটা ঠিক নয়। কারণ যেখানে কমপেনসেসনের ব্যাপার, সেখানে প্রপার্টি ইভ্যালুয়েশনের ব্যাপার সেটা যদি আপনি একটা পুলিশ অফিসারের উপর ছেড়ে দেন তাহলে কোন কাজই হবে না। সুতরাং সেখানে আইন আছে, সেখানে রীতি আছে, নীতি আছে, সেখানে এভিডেন্স নিয়ে দেখতে হবে, এ্যাসেস করতে হবে যে যা ক্লেম করা হচ্ছে তা ঠিক কি না। এবং চিফ জাজের উপর আপনারা রিলাই করতে পারেন। জুডিসিয়ারির উপর আমাদের প্রত্যেকেরই ফেত আছে সেই জন্য জুডিসিয়ারিকে মেনে নেওয়া হয়েছে ফর দি পারপাস অব গ্রানটিং দিস কমপেনসেশন। আর একটা বলা হয়েছে এই সেকশন ১৮এ, মাননীয় বিশ্বনাথবাবু একটু রসিকতা করে বলছেন, যে আর কোন ওয়ার্ড পান নি বলে ব্যবহার করেন নি। কিন্তু আপনারা দেখবেন যে, যে কয়েকটি ওয়ার্ড ব্যবহার করা হয়েছে সেই ক'টি ওয়ার্ডই ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোডে ব্যবহার করা হয়েছে আর কিছু হয় নি। অর্থাৎ কিনা এ্যাবেটমেণ্ট অব এ ক্রাইম ইজ এ্যান অফেন্স ইন ইটসেল্‌ফ—এটা সবাই জানেন। আর বলা হয়েছে এ্যাটেম্পট টু এ্যাবেড, কনট্রাভেনশন অর এ্যাটেম্প টু কনট্রাভেন এটা ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে দেখুন, ইনডিয়ান পেন্যাল কোডে দেখুন এটা পাবেন, এছাড়া আর কিছু

পাবেন না। নূতন কিছু এই আইনে করা হয় নি। আসল যে আইন করা হয়েছিল সেটা সাবসটানটিভ আইন। তার মানে হল কি, যেখানে আপনার স্যাবোটেজ হচ্ছে, যেখানে আপনার পাবলিক সেফটি অর পাবলিক অর্ডার এনডেনজাড হচ্ছে, পাবলিক প্রপার্টি ডেসট্রয়েড হচ্ছে, সেখানে প্রিভেনটিভ মেজার হিসাবে পানিসমেণ্টের ব্যবস্থা করা হচ্ছে ৩বৎসর, ৫বৎসর, ৭বৎসর। ঠিক কথা, কিন্তু এইরকম ৩বৎসর, ৫বৎসর, ৭বৎসর অনেক জায়গায় দেখবেন। এ্যাটেম্পট টু কমিট ডেকয়িটি সেখানে ৭বছর আছে বোধ হয়। আপনারা দেখবেন অনেক জায়গায় ৭বছর আছে এবং অনেক কিছু আছে। আইনত পরিবর্তন হবেই কারণ আমরা ত রিট্রিবিউশন চাচ্ছিনা, আমরা চাইছি প্রিভেনশন যাতে কেউ না করে। এই আইনটা দেখে, এই আইনটা বুঝে যেন তারা সে কাজটা করে। যেটা দেশের প্রপার্টি, যেটা আমার আপনার ট্যাক্স দিয়ে তৈরী, যেটা সরকার গরীবের জন্য তৈরী করেছেন, যেটা সরকার সোসিয়ালিষ্টিক ডিউপযেণ্ট থেকে তৈরী করেছেন সেই প্রপার্টি যাতে নষ্ট না হয় সেই জন্যই এটা করা হচ্ছে। এই আইনের মধ্যে আমি কোন গলদ দেখছি না, সেইজন্য মাননীয় বিশ্বনাথবাবুর ক্রিটিসিজিম আমি এগ্রি করতে পারছি না এবং আইনের কোন এ্যাপারেণ্ট ডিফেক্ট দেখতে পাচ্ছি না। আর নীতির কথা আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলে দিয়েছেন, এই আইনের প্রয়োজন আছে এবং আপনারা এটা স্বীকার করে নেবেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব যে একটা জবাব দেবার কিছু আছে বলে আমি বোধ করছি না প্রধানতঃ এই কারণে যে আমার সহকর্মীরা যে বক্তব্য রেখেছেন এবং তার পূর্বে আমাদের দলের বক্তারা যে বক্তৃতা দিলেন তারপরে আমার যে খুব একটা বলার দরকার আছে বলে মনে করি না। যেটা আজকে নীতিগতভাবে অর্থমন্ত্রী মহাশয় মাননীয় সদস্যদের কাছে রাখলেন সোস্যালিষ্ট লিগ্যালিটির কথা, যেটা তিনি সোভিয়েট ল' এবং সোভিয়েট সোসাইটি থেকে বললেন। আজকাল নিউ জুরিসপ্রুডেন্স যেটা হয়েছে—বিশ্বনাথবাবু নীতিগতভাবে জুরিসপ্রুডেনশিয়াল এর উপর অনেকগুলি কথা বলেছেন সেইজন্য আমিও এই জুরিসপ্রুডেনশিয়ালের উপর কতকগুলি কথা রাখতে চাই। সোস্যালিষ্ট লিগ্যালিটির কথা যা বললেন অর্থমন্ত্রী মহাশয় তাতে তিনি বললেন যে তা সোস্যালিষ্ট কান্ট্রিতে প্রত্যেক দেশেই আছে। ঠিক সেইরকমভাবে আমরা দেখতে পাচ্ছি যাদের আমরা সোস্যালিষ্ট কান্ট্রি বলছি না, হয়ত কাউকে ডেমোক্র্যাটিক কান্ট্রি বলছি বা অন্য কাউকে বলছি অন্য কিছু তাদেরও দেখতে পাচ্ছি যে তারাও একই জিনিসকে, সোস্যালিষ্ট লিগ্যালিটিকে পাবলিক ওয়েল-ফেয়ার অফেন্স বলে আখ্যা দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি দেখেন তাহলে দেখতে পাবেন তার ১৯৮ পৃষ্ঠায়

Much more recently the common lawyers have directed the attention to this type of criminal offence and characterised the whole group as public welfare offence. It is clear that as a group this type of offence, while coming under the general law book, the criminal law is of an essentially different character from the criminal offence based on individual wrong doing. In the balance of values, it is generally considered more essential that violations of food laws should be strictly punished in the interest of the public rather than the degree of individual guilt should be measured in each case".

তারজন্য আমরা দেখতে পাচ্ছি সারা বিশ্বে কি সোস্যালিষ্ট দেশই হোক, আর নন্-সোস্যালিষ্ট দেশই হোক, নূতন আইনের চিন্তাধারা এসেছে, যেখানে বলা হয়েছে সমাজের বিরুদ্ধে যতগুলি ক্রাইম আছে তা শক্ত হাতে ব্যবস্থা করতে হবে। ইণ্ডিভিজুয়েল মারডার একটা জিনিষ, কিন্তু সমাজের বিরুদ্ধে যা তা আরও বড় জিনিষ এবং সেটা আরও জোরের সঙ্গে সরকারের ব্যবস্থা করতে হবে। তার জন্যই আমাদের আইন যেটা ১৯৭০ সালে প্রেসিডেণ্ট এ্যাক্ট হিসাবে এসেছিল সেটা

একটা নূতন চিন্তাধারা অনুযায়ী আনা হয়েছে। সিকিউরিটি এ্যাক্ট যেটা পূর্বে ছিল পশ্চিমবঙ্গে, তা থেকে কতকগুলি জিনিষ বদলে এই আইন আনা হয়েছে। আমাদের এই সভার কংগ্রেস সদস্যদের কাউকে কাউকে বিশ্বনাথবাবু বলতে চেয়েছেন আপনারা তো প্রগ্রেসিভ আপনারা কেন এই আইন আনছেন? আমরা যারা এই সভায় আছি তারা কেউই ইন্দিরা গান্ধীর মত প্রগ্রেসিভ নই, তিনিই এই আইন করেছিলেন। (হিয়ার, হিয়ার) সুতরাং তিনি যে আইন করেছিলেন তাকে আপনারা নিশ্চয়ই সমর্থন করবেন। এই আইন নূতন ফিলোজফি অনুযায়ী, নূতন চিন্তাধারা নূতন বৈপ্লবিক জুরিসপ্রুডেনশিয়েল রিভোলিউশন অনুযায়ী আনা হয়েছে। এটাতে নীতিগতভাবে আপত্তি থাকতে পারে বলে আমি জানি না। বিশ্বনাথবাবু বললেন অনেক আইন থাকছে, অনেক অসুবিধা হবে, এটা যদি জ্যোতি বসু বলতেন তবে বুঝতাম। এই আইন কার বিরুদ্ধে লাগান হয়েছে? গুণ্ডা, ব্ল্যাক মার্কেটিয়ারদের বিরুদ্ধে লাগানো হয়েছে কিন্তু কোন চাষী কি কোন সৎ মানুষের বিরুদ্ধে কি লাগানো হয়েছে? তাই আমি মাননীয় সদস্যদের কাছ থেকে জানতে চেয়েছি এই যে ৪০০ কেস হয়েছে, একটা জাজ্‌মেণ্টও কি দেখাতে পারেন যে অন্যায়ভাবে প্রয়োগ করা হয়েছে কি কোন চাষী, কিংম্বা কোন দরিদ্র বা মধ্যবিত্ত বা শ্রমিকের বিরুদ্ধে এই কেস প্রয়োগ করা হয়েছে? আমি নিশ্চিত যে আইনের প্রয়োগ ভালভাবেই হয়েছে। বিশ্বনাথবাবু বলছেন কেন সরকার এই ক্ষমতা নিচ্ছেন? কেন না এই ক্ষমতা শ্রমিকের বিরুদ্ধে যাবে, কৃষকের বিরুদ্ধে যাবে, মধ্যবিত্তের বিরুদ্ধে যাবে। আমি জিজ্ঞাসা করছি সে কথা আসছে কি করে? এই আইন কার জন্য? যারা স্যাবোটাজ করে, এ্যান্টিসোসাল এ্যাকটিভিটি করে, ট্রেনে আগুন লাগায়, প্ল্যান্ট ধ্বংস করে, জাতীয় ষ্টীল সম্পত্তি বিনষ্ট করে তাদের বিরুদ্ধে এই আইন প্রযোগ করা হয়েছে। এই আইন কার জন্য? যারা আর্মস্ এ্যামিউনিশন স্মাগল্ করে আনছে, বন্দুকের রাজনীতি অনুসরণ করে, যারা বোমার রাজনীতি অনুসরণ করে তাদের জন্য এই আইন হচ্ছে। সুতরাং যদি জ্যোতি বসু এই আইনের বিরোধিতা করতেন তাহলে বুঝতাম। বিশ্বনাথবাবুর কাছে এটা আমি আশা করি নি। যদিও কন্‌সাল্‌টেটিভ কমিটিতে তাঁরা বিরোধিতা করেছিলেন সুতরাং আপনি বিরোধিতা করবেন, করা দরকারও, আপনি করেছেন সেজন্য আমি দুঃখিত নই, সেটা আপনাকে করতে হবে। করেছেন বলে যে মোর্চা ভেঙ্গে গিয়েছে তা বলিনি, তা হবেও না। বিশ্বনাথবাবু প্রটেক্‌টেড প্লেস সম্বন্ধে বলতে গিয়ে বিড়লার বাড়ীকে তিনি প্রটেক্‌টেড প্লেস করে দিয়েছেন। আইন ছিল দু'বছর আড়াই বছর, কখনও কি বিড়লার বাড়ীকে প্রটেক্টেড প্লেস বলে ঘোষণা করা হয়েছে? আমার এখানে আছে প্রটেক্‌টেড প্লেস কোনগুলি। প্রটেক্‌টেড প্লেস হচ্ছে কাষ্টমস্ হাউস, পাওয়ার হাউসেস অব দি ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ডি. ভি. সি. পাওয়ার ষ্টেশন, দুর্গাপুর ষ্টীল প্ল্যাণ্ট, প্ল্যাণ্ট অব দি মাইনিং এণ্ড এলায়েড মেশিনারী কর্পোরেশন।

**[6-45—6-55 p.m.]**

আমরা প্রটেক্‌টেড প্লেস করেছি এ. আই. আর. ষ্টুডিও, আমরা প্রটেক্‌টেড প্লেস করেছি পাওয়ার হাউস অব দি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেসন, আমরা প্রটেক্‌টেড প্লেস করেছি টেলিফোন এক্সচেঞ্জ, গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া প্রেস, চিত্তরঞ্জন লোকোমটিভ ওয়ার্কস, দুর্গাপুর ষ্টীল এটসেট্রা। প্রকাণ্ড লিষ্ট এর রয়েছে যেগুলি জাতীয় স্বার্থে দরকার সেগুলিকে প্রটেক্‌টেড প্লেস করা হয়েছে যাতে কেউ সেখানে এসে বোমা দিয়ে উড়িয়ে দিতে না পারে অগ্নিসংযোগ করতে না পারে, জাতীয় সম্পত্তির কোন রকম ক্ষতি করতে না পারে। আমি বিশ্বনাথবাবুকে একথা বলতে পারি কোন শিল্পপতির গৃহ প্রটেক্‌টেড প্লেস এই সরকার করবেন না—অন্য কোন সরকার করবেন কি না জানি না। বিশ্বনাথবাবু সৎ মানুষ তাই তিনি স্বীকার করেছেন তিনি

এক সময় যে মন্ত্রীসভার মন্ত্রী ছিলেন সেই মন্ত্রীসভার হোম মিনিষ্টার বিড়লাকে প্রটেকসন দিয়েছিলেন। আমাদের মন্ত্রীসভা এই জিনিস করবে না এবং কোন শিল্পপতিকে অযথা প্রটেকসন দেবেনা একথা আমি বিশ্বনাথবাবুকে বলতে পারি। তিনি এক সময় যে মন্ত্রীসভার সদস্য ছিলেন সেই মন্ত্রীসভার জ্যোতিবাবু নামে এক ভদ্রলোক বিড়লাকে প্রটেক্সন দিয়েছিলেন। তারপব বিশ্বনাথবাবু বলেছেন কেন এটা করছেন, অন্য আইনে এই ক্ষমতা আছে। অন্য আইনে যেসমস্ত ক্ষমতা আছে এই আইনেও যদি সেই ক্ষমতা থাকে বা আসে তাহলে এই আইন এলে ক্ষতি কি? কিন্তু অন্য আইনে যদি না থাকে তাহলে এই ক্ষমতা নিশ্চয়ই আনা দরকার যাতে সমাজে কেউ বিশৃঙ্খলা না আনতে পারে। প্রদ্যুতবাবু বলেছেন অবস্থা যখন ভাল হয়েছে তখন কি দরকার এই আইনের? তিনি কথাটা একটু ঠাট্টা করেই বলেছেন। আমি বলেছি অবস্থা ভাল হলেও আমাদের আরও দায়িত্বের সঙ্গে সমস্ত দিকে লক্ষ্য রাখতে হবে যাতে আর কোনদিন অবস্থা খারাপ না হয়। আমরা এরজন্য চেষ্টা করছি এবং পশ্চিমবাংলাকে যাতে সমৃদ্ধির পথে নিতে পারি, তাকে শক্তিশালী করতে পারি তারজন্য এই আইন আমরা করছি। আমি আপনাদের এটুকু বলতে পারি আমরা বিএ্যাকসন্যারি হিসেবে এই আইন আনি নি, প্রগ্রেসিভ হিসেবেই এনেছি। আমরা এই আইন জাতীয় স্বার্থে ব্যবহার করবো, সাধারণ মানুষের স্বার্থে ব্যবহার করব কোন ব্যক্তিগত স্বার্থে একে ব্যবহার করব না একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Siddhartha Shankar Ray that the West Bengal Maintenance of Public Order Bill, 1972, be taken into consideration, was then put and a division taken with the following result :—

## DIVISION—I

| Ayes—138 | Noes—32 |
|---|---|
| Abdus Sattar, Shri | A. M. O. Ghani, Dr. |
| Abedin, Dr. Zainal | Anwar Ali, Shri Sk. |
| Aich, Shri Triptimay | Basu, Shri Ajit Kumar (Hoog) |
| Ali Ansar, Shri | Besra, Shri Manik Lal |
| Baidya, Shri Paresh | Bhattacharjee, Shri Shibapada |
| Banerjee, Shri Mrityunjoy | Bhattacharya, Sri Sakti Kumar |
| Banerjee, Shri Ramdas | Bhattacharyya, Shri Harasankar |
| Bapuli, Shri Satya Ranjan | Bhowmik, Shri Kanai |
| Barui, Shri Durgadas | Das, Shri Bimal |
| Bera, Shri Sudhir Chandra | Das Mahapatra, Shri Kamakhya-Nandan |
| Bhattacharya, Shri Narayan | |
| Bhattacharyya, Shri Pradip | Dihidar, Shri Niranjan |
| Biswas, Shri Ananda Mohan | Duley, Shri Krishnaprasad |
| Bose, Shri Lakhmi Kanta | Ganguli, Shri Ajit Kumar |
| Chaki, Shri Naresh Chandra | Ghosal Shri Satya |
| Chakraborty, Shri Gautam | Ghosh, Shri Sisir Kumar |
| Chakravarty, Shri Bhabataran | Halder, Shri Kansari |

**Ayes**

Chattaraj, Shri Suniti
Chatterjee, Shri Kanti Ranjan
Chattopadhay, Shri Sukumar
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Rajani
Das, Shri Sarat Chandra
De, Shri Asamanja
Deshmukh, Shri Netai
Doloi, Shri Rajani Kanta
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
George Albert Wilson-de Roze, Shri
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh, Shri Nitai Pada
Ghosh, Shri Prafulla Kanti
Ghosh Moulik, Shri Sunil Mohan
Gofurur Rahaman, Shri Md.
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh Sohanpal
Hajra, Shri Basudeb
Halder, Shri Birendra Nath
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shi Benjamin
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Khan, Samsul Alam Shri
Lakra, Shri Denis
Lohar, Shri Gaur Chandra
M. Shaukat Ali, Shri

**Noes**

Karan, Shri Rabindra Nath
Mahata, Shri Thakurdas
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath
Omar Ali, Dr. Sk.
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Roy, Shri Soroj
Saren, Shri Joyram
Sarkar, Shri Nitaipada
Sinha, Shri Nirmal Krishna

**Ayes** **Noes**

Mahato, Shri Madan Mohan
Mahato, Shri Kinkar
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chandra
Mahabubul Haque, Shri
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Mal, Shri Dhanapati
Malladeb, Shri Birendra Bijay
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Prabhakar
Mandal, Shri Santosh Kumar
Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Moitra, Shri Arun Kumar
Majumdar, Shri Jyotirmoy
Molla Tasmatulla, Shri
Mondal, Shri Aftabuddin
Mondal, Shri Jokhi Lal
Moslehuddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Sanat Kumar
Mukherjee, Shri Sankar Lal
Mukherjee, Shri Sibdas
Mukhapadhya, Shri Tarapoda
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopol Das
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Arabinda
Naskar, Shri Gobinda Chandra
Nurunnesa Sattar, Shrimati
Paik, Shri Bimal
Panja, Shri Ajit Kumar

| Ayes | Noes |
|---|---|
| Parui, Shri Mohini Mohan | |
| Paul, Shankar Das | |
| Pramanick, Shri Gangadhar | |
| Pramanik, Shri Monoranjan | |
| Pramanik, Shri Puranjoy | |
| Roy, Shri Ananda Gopal | |
| Roy, Shri Birendra Nath | |
| Roy, Shri Bireswar | |
| Roy, Sri Debendra Nath | |
| Roy, Shrimati Ila | |
| Roy, Shri Jagadananda | |
| Roy, Shri Jotindra Mohan | |
| Roy, Shri Krishna Pada | |
| Roy, Shri Madhu Sudan | |
| Roy, Shri Santosh Kumar | |
| Saha, Shri Dulal | |
| Saha, Shri Dwijapada | |
| Sahoo, Shri Prasanta Kumar | |
| Samanta, Shri Saradindu | |
| Samanta, Shri Tuhin Kumar | |
| Santra, Shri Sanatan | |
| Saraogi, Shri Ramkrishna | |
| Saren, Shrimati Amala | |
| Saren, Shri Dasarathi | |
| Sarkar, Shri Jogesh Chandra | |
| Sen, Shri Bholanath | |
| Sengupta, Shri Kumar Dipti | |
| Shamsuddin Ahmed, Shri | |
| Sharafat Hussain, Shri Sheikh | |
| Shaw, Sachi Nandan | |
| Singh Roy, Shri Probodh Kumar | |
| Sinha, Shri Debendra Nath | |
| Sinha, Shri Panchanan | |
| Sinha Roy, Shri Bhawani Prosad | |
| Sur, Shri Ganapati | |
| Tewari, Shri Sudhansu Sekhar | |
| Tirkey, Shri Iswar Chandra | |
| Topno, Shri Antoni | |
| Tudu, Shri Budhan Chandra | |

The Ayes being 144 and the Noes 30, the motion was carried.

### Clauses 1 to 7

**Mr. Speaker** : There are no amendments to clauses 1 to 7. So I put clauses 1 to 7 to vote.

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যামেণ্ডমেণ্ট নেই কিন্তু প্রত্যেকটির উপর ডিভিশন হতে পারে, আমি আপনার অনুমতি নিয়ে একটা ছোট্ট ষ্টেটমেণ্ট করতে চাই যে কেন আমরা ক্লজ বাই ক্লজ ডিভিশন চাইছি। আমার কথা হলো "এই সর্বাংগে দংশিল ফণী কোথায় বাঁধবো তাগা" এই আইনের কোন ক্লজটাকে আপত্তি করবো, এবং কোনটাকে সমর্থন জানাবো এর সবটাই পড়ে দেখেছি। কোনটাই সমর্থন যোগ্য নয়।

[6-55—7-05 p.m.]

মুখ্যমন্ত্রী ও অন্যান্য বিদ্বান ও আইনজ্ঞ ব্যক্তি যাঁরা উত্তর দিলেন, তাতে আমার কোন পয়েণ্টের উত্তর হয় নাই। সব তাঁরা এড়িয়ে গেছেন। আর যে উত্তর তাঁরা দিয়েছেন তাতে একটা নতুন কথা শুনলাম। এটা নাকি ভারবর্ষের প্রথম সোসালিষ্ট আইন socialist juris prudence অনুসারে। ১৯৭০ সালে রাষ্ট্রপতির শাসনে বিনয় ভূষণ ঘোষ যখন প্রধান adviser ছিলেন, তখন এখানকার বুরোক্রাটরা এবং পুলিশরা দিল্লীর বুরোক্রাটদের সঙ্গে পরামর্শ করে যে আইন তৈরী করেছিলেন, সেটা হচ্ছে ভারতের প্রথম সোসালিষ্ট আইন। সেই হিসাবে তাঁদের কেন ভারত-রত্ন উপাধি দেওয়া হবে না। সেও আমার একটা প্রশ্ন আজকে মুখ্যমন্ত্রীর কাছে রয়ে গেল।

আর যেসব আলাদা আলাদা কথা তাঁরা বলেছেন, আমি তার প্রত্যেকটা সম্বন্ধে আর কি বলবো? আমি একটু general বলেছি আর সব আইনই তো আছে, তবে এটা করতে ক্ষতি কি? আমার পয়েণ্টটা ছিল এই সব বিষয়ে আইন আছে, কিন্তু প্রত্যেকটার scope বাড়িয়ে দেওয়া, definition বদলে দেওয়া, শাস্তি বাড়িয়ে দেওয়ার চেষ্টা এর মধ্যে করা হচ্ছে এবং গুরু অপরাধের জন্য যদি গুরুতর শাস্তি হতো ১০ বছর, ১৫ বছর কোন অপরাধীর, তাহলে আমার কোন আপত্তি ছিল না। কিন্তু লঘুতম অপরাধের জন্য গুরুতম শাস্তির বিধান করা এটা কোনক্রমেই যুক্তিযুক্ত হয় না। তাছাড়া সেই বিধানে কখনো ব্লাকমার্কেটিয়ারদের বিরুদ্ধে নয়, অত্যাচারীদের বিরুদ্ধে নয়। এটা মোটেই সোসালিষ্ট আইন নয়। পুরাদস্তুর capitalist system এর মধ্যে বুরোক্রাট ও পুলিশরা যে আইন চেয়েছেন, এটা সেই আইন।

আমি যে পয়েণ্ট রেখেছিলাম, আর ওঁরা যে উত্তর দিলেন, আমি right of reply হিসাবে তার কোন উত্তর দিতে চাই না। না হলে প্রত্যেকটা ব্যাপারে আমি লিখে রেখেছিলাম যে আমাদের প্রত্যেকটা প্রশ্ন তারা এড়িয়ে গেছেন। তবু আমি আশা করবো আজকে ওঁরা ভোটের জোরে পাস করলেও thoroughly তাঁরা এই আইনকে examine করবেন, revied করবেন তার উপর পাবলিক সেমিনার করবেন, debate করবেন, ল' ইয়ারদের ডাকবেন এবং অন্যান্য সকলকে ডাকবেন। তারপরে thoroughly এটাকে framing করে তাঁদের মতকে পুনর্বিবেচনা করবেন। এই আশা প্রকাশ করে আমি আর প্রত্যেকটা ধারা বাই ধারা ডিভিশান কল করছি না। এই কথা আপনার কাছে পেশ করলাম।

The question that clauses 1 to 7 do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 8

**Mr. Speaker :** There is one amendment in the name of Shri Kumar Dipti Sen Gupta.

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, I am not moving the amendment.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 9 to 13

The question that clauses 9 to 13 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 14

**Mr. Speaker :** There are three amendments. Two are in the name of Shri Kumar Dipti Sen Gupta and No. 5 is in the name of Shri Gyan Singh Sohanpal. The amendments are in order.

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, I do not move the amendments. I shall simply request the Hon'ble Chief Minister to kindly consider, since the police administration is not today quite clean, many innocent persons are brought inside the jail, whether it will be desirable for him, or whether he will reconsider what I have tried to express through my amendment No. 4, which will have a wider effect on all the sections and provisions of the Indian Penal Code.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that in clause 14 (a) in line 3, for the words "of or above the rank of a head constable", the words "above the rank of Assistant Sub-Inspector of Police" be substituted.

Sir, the Hon'ble Chief Minister, who is the mover of the Bill, has made my task easier. The Hon'ble Chief minister while moving the Bill has been pleased to express his willingness to accept the change that I propose to make through this amendment. I thank him for this and would now request him to formally accept the amendment.

Thank you

**Shri Siddhartha Shankar Ray :** This is accepted.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** এ্যামেণ্ডমেণ্ট যখন উঠেছে, এই এ্যামেণ্ডনেণ্ট, আইন যা আছে তার চেয়ে ভাল। কিন্তু এখানে আমি অনুরোধ করতে চাই যে পুরানো আইন যা আছে অফিসার-ইন-চার্জ অব পুলিশ ষ্টেশন, সেটা কিন্তু নেওয়া হচ্ছে না, বলা হচ্ছে any Sub-Inspector will be given this power. I shall request the Government. যদি অফিসার-ইন-চার্জ হন he may be Inspector, he may be Sub-Inspector. আমরা আপোর্ট করতে পারি, আদার ওয়াইজ আমরা ভোটে পারটিসিপেট করবো না-আই ও বলবো না এবং নো ও বলবো না।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** মাননীর অধ্যক্ষ মহাশয়, অফিসার ইনচার্জ পুলিশ ষ্টেশন আমরা রাখতে চেয়েছিলাম। আজকে অনেক আলোচনা হয়েছে এখানে। এই আইনে যে ক্রাইমগুলি হয়, সেগুলি সম্বন্ধে সেখানে অনেক অফিসার তারা গিয়ে কাজ করেন। ধরুন কাজে স্যাবোটেজ হচ্ছে প্লাণ্টের কিম্বা একটা জিনিষ নষ্ট করে দিচ্ছে, আর অফিসার ইনচার্জ পুলিশ ষ্টেশন সে ছাড়া

যদি অন্য কেউ না করতে পারে না যেতে পারে তাহলে পুলিশ ষ্টেশনের কাজও সেখানে চলতে পারে না। তারজন্য দরকার, কাজের সুবিধার জন্য অন্য অফিসার, অফিসার ইনচার্জের জায়গায় যাতে অন্য অফিসার যেতে পারে তার চেষ্টা করা। যদি কাজের অসুবিধা না হতো তাহলে বিশ্বনাথবাবুর এই প্রস্তাব আমরা নিতাম, কিন্তু কাজের যে অসুবিধা তারজন্য শ্রীজ্ঞানসিং সোহনপাল মহাশয়ের যে এ্যামেণ্ডমেন্ট সেটা আমরা সমর্থন করছি।

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 14(a), in line 3, for the words "of or above the rank of a head constable", the words "above the rank of Assistant Sub-Inspector of Police" be substituted, was then put and agreed to.

The question that clause 14. as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 15 to 25 and Preamble

The question that clauses 15 to 25 and the Preamble do stand part of the Bill was then put and agreed to

**Shri Siddartha Shankar Ray** : Sir. I beg to move that the West Bengal Maintenance of Public Order Bill. 197 ', as settled in the be psassed.

[ 7-05—7-15 p.m. ]

The motion of Shri Sidhartha Shankar Ray that the West Bengal Maintenance of Public Order Bill. 1972, as settled in the Assembly, be passed was then put and divisiou taken with the following result :

### DIVISION—II

**Ayes—144**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Aich, Shri Triptimay
Ali Ansar, Shri
Baidya, Shri Paresh
Banerjee, Shri Mrityunjoy
Banerjee, Shri Ramdas
Bapuli, Shri Satya Ranjan
Barui, Shri Durgadas
Bera, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Narayan
Bhattacharyya, Shri Pradip
Biswas, Shri Ananda Mohan
Bose, Shri Lakhmi Kanta
Chaki, Shri Naresh Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran

**Noes—30**

A. M. O. Ghani, Dr
Basu, Shri Ajit Kumar (Hoog)
Besra, Shri Manik Lal
Bhattacharjee, Shri Shibapada
Bhattacharya, Sri Sakti Kumar
Bhattacharyya, Shri Harasankar
Bhowmik, Shri Kanai
Das, Shri Bimal
Das Mahapatra, Shri Kamakhya-Nandan
Dihidar, Shri Niranjan
Duley, Shri Krishnaprasad
Ganguli, Shri Ajit Kumar
Ghosal Shri Satya
Ghosh, Shri Sisir Kumar

**Ayes**

Chattaraj, Shri Sunit,
Chatterjee, Kanti Ranjan
Chattopadhay, Shri Sukumar
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Rajani
Das, Shri Sarat Chandra
De, Shri Asamanja
Deshmukh, Shri Netai
Doloi, Shri Rajani Kanta
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr Md.
Gayen, Shri Lalit
George Albert Wilson-de Roze, Shri
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh, Shri Nitai Pada
Ghosh, Shri Prafulla Kanti
Ghosh Moulik, Shri Sunil Mohan
Gofurur Rahaman, Shri Md.
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh Sohanpal
Hajra, Shri Basudeb
Haldar, Shri Birendra Nath
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shi Benjamin
Isore, Shri Sisir Kumar
Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Khan, Samsul Alam Shri
Lakra, Shri Denis
Lohar, Shri Gaur Chandra
M. Shaukat Ali, Shri

**Noes**

Karan, Shri Rabindra Nath
Mahata, Shri Thakurdas
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath
Omar Ali, Dr. Sk.
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Roy, Shri Soroj
Saren, Shri Joyram
Sarkar, Shri Nitaipada
Sinha, Shri Nirmal Krishna

**Ayes** **Noes**

Mahato, Shri Madan Mohan
Mahato, Shri Kinkar
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chandra
Mahabubul Haque, Shri
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Mal, Shri Dhanapati
Malladeb, Shri Birendra Bijay
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Prabhakar
Mandal, Shri Santosh Kumar
Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Moitra, Shri Arun Kumar
Majumdar, Jyotirmoy
Molla Tasmatulla, Shri
Mondal, Shri Aftabuddin
Mondal, Shri Jokhi Lal
Mandal, Shri Khagendra
Moskhuddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Sanat Kumar
Mukherjee, Shri Sankar Lal
Mukherjee, Shri Sibdas
Mukhapadhya, Shri Tarapoda
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopol Das
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Arobinda
Naskar, Shri Gobinda Chandra
Nurunnesa Sattar, Shrimati
Paik, Shri Bimal

**Ayes** **Noes**

Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohan
Paul, Shri Bhabani
Paul, Shankar Das
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Roy, Shri Ananda Gopal
Roy, Shri Birendra Nath
Roy, Shri Bireswar
Roy, Sri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy, Shri Jotindra Mohan
Roy, Shri Krishna Pada
Roy, Shri Madhu Sudan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Surendra
Saha, Shri Dulal
Saha, Shri Dwijapada
Sahoo, Shri Prasanta Kumar
Samanta, Shri Saradindu
Samanta, Shri Tuhin Kumar
Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramkrishna
Saren, Shrimati Amala
Saren, Shri Dasarathi
Sarkar, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Sengupta, Shri Kumar Dipti
Shamsuddin Ahmed, Shri
Sharafat Hussain, Shri Sheikh
Shaw, Sachi Nandan
Singh Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Sur, Shri Ganapati
Tewari, Shri Sudhansu Sekhar
Tirkey, Shri Iswar Chandra

| Ayes | Noes |
|---|---|
| Topno, Shri Antoni | |
| Tudu, Shri Budhan Chandra | |

The Ayes being 144 and the Noes 30, the motion was carried.

**The West Bengal Slum Areas** ( Improvement and Clearance ) **Bill, 1972.**

**Shri Subrata Mukhopadhaya :** Mr. Speaker, Sir, with your leave I beg to introduce the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1972.

( Secretary then read the Title of the Bill )

**Shri Subrata Mukhopadhaya :** Sir, I beg to move that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1972, be taken into consideration.

Sir, this Bill seeks to replace the Ordinance promulgated on 23rd March, 1972, almost without modification except in clauses 14(3) (c) and 19(1).

Sir, the House is well aware of the appalling situation in the slums of Metropolitan Calcutta Roughly speaking, about millions live under sub-human condition in these slums. It is a life of squalor and filth of which we are all ashamed.

Obviously, the living condition in these slums must be bettered right now without any further delay Apart from the question of being a health-hazard to the community and the breeding ground of explosive socio-political and malcontents, the existence of slums, as they stand today, is the negation of our sense of self-respect. If we are to be true to ourselves, our ideals and our responsibilities, we must improve and clear the slums.

As early as in 1958, the State Government enacted the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers Act for tackling appalling living conditions of the slum dwellers. But that Act was oriented to clearance alone entailing costly and time-consuming acquisition of various degrees of proprietory interests and made no provision for improved living conditions. The principle of assessment of compensation on the basis of "purchase price" of 1946 as laid down in the Act, has been held to be arbitrary and unconstitutional by the Courts while examining similar provisions in other statutes. The mandatory provisions there for alternative accommodations to affected persons within a redius of one mile of their existing place of residence proved to be in constraint.

In view of these experiences, the State Government decided to have a new comprehensive enactment provided for effecting environmental improvements in the living conditions of slum dwellers in the shape of such basic amenities like water supply, electricity, sanitary, latrines, drainage, sewerage, etc., in accordance with the improvement scheme under clause 10. For this purpose acquisition of the right of user, as clause 11 provides, over the private passage or pathways may be made by the compensation payable in pursuance of clause 15(2) In the areas where such improvements can be made only by demolishing the existing structures, the Bill envisages clearance and redevelopment in accordance with a scheme prepared under clause 13. For this purpose clause 14 provides for acquisition of any property within, adjoining or surrounded by any slum areas with compensation payable to the expropriated persons on the basis of the net annual income as laid down by the clause 15(2).

The West Bengal Slum Areas ( Improvement and Clearance ) Act, 1971 ( Presidedt's Act No. II of 1971 ) was enacted under the provisions already pointed out by me. In keeping with the Constitutional requirements the Act was replaced with slight modifications by Ordinance promulgated by the Governor immediately after the revocation of the proclamation by the President. This Ordinance has now to be replaced by the Act of the State Legislature.

**ডাঃ এ. এম. ও. গণি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা এসেছে যে উদ্দেশ্য নিয়ে তাকে আমরা সকলে আন্তরিকভাবে সমর্থন জানচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে আজ থেকে ১৫ বছর আগে এই Slum clearance বিলকে নিয়ে আমরা এই বিধানসভায় তীব্র আলোচনা করেছি। তখন আমরা বিরোধীদলে ছিলাম। আপনিও বিরোধীদলে আমাদের সঙ্গে ছিলেন এবং তখনকার reactionary কংগ্রেস সরকারের Slum clearance বিল ছিলো তাতে আমরা অনেক চেষ্টা করে অনেক কিছু পরিবর্তন করতে পেরেছিলাম। তারজন্য একটা Selection কমিটি হয়েছিল এবং তার দ্বারা আমরা অনেক চেষ্টা করে এমন একটা অবস্থার মধ্যে এটা পাশ করেছিলাম যেটা তখনকার সরকার এটা প্রয়োগ করতে পারল না। আজকে আপনি দেখছেন Statement of object and Reasons দেওয়া আছে। "Nothing tangible could however be done to deal with the massive problem of slums under the provisions of the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum dwellers Act, 1958, mainly because of certain inherent drawbacks in the Act and inadequacy of funds for undertaking outright clearance by acquisition.'

[ 7-15—7-25 p.m. ]

তখন আমরা বলেছিলাম যে বড় বড় জমিদারদের এত বেশী কমপেনসেশন দিলে এক্সপেনসিভ হয়ে যাবে স্লাম ক্লিয়ারেন্স হবে না। যাই হোক সে যুগ চলে গেছে। আজকে যে নূতন কংগ্রেস সরকারের যুগ এসেছে তাদের কাছে আমরা আশা করেছিলাম যে আরো ভাল চেহারা নিয়ে বিলটি আমাদের কাছে আসবে। তখন আমরা বলেছিলাম যে স্লাম শুধু কলকাতাতেই নয় বাহিরের অনেক জায়গাতে আছে, সমস্ত প্রদেশে আছে এবং সেই উদ্দেশ্য নিয়ে এই বিলটি এসেছে যেটা প্রয়োগ হবে সমস্ত প্রদেশে এবং বিশেষ করে লোকসংখ্যা বাড়ার জন্য যখন আরবানাইজেশ

চলেছে কলকাতা সহর ছাড়া বাহিরের মফঃস্বল সহর ও সহরের আশাপাশের গ্রামের গরীব মানুষরা আসায় ঐ স্লামের কাজে একটা সমস্যা সৃষ্টি করেছে। সেইজন্য এই বিলটা এসেছে এবং আমরা এটাকে স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এতে কয়েকটি জিনিস আছে যা দেখে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। এখানে ক্লজ ৩-তে বলা হয়েছে "If the State Government is satisfied that the conditions of the land, huts or other structures in any area is such that the continued existence of such conditions would be injurious to public health or safety". এর সঙ্গে একটি ক্লজ এ্যাড করা যেতে পারে যেগুলির এরিয়া বর্তমান আইনের বাহিরে, কলকাতা এবং আশপাশের যেগুলি স্লাম অলরেডি ডিক্লেয়ার হয়ে গেছে এবং রেজিষ্টার্ড হয়ে গেছে স্লাম এরিয়া, তাদের বাদ দিয়ে যেসব জায়গা রেজিষ্টার্ড হয় নি কিম্বা স্লাম এরিয়া বলে গৃহীত হয় নি, সেইসব জায়গার মাপকাঠি দেওয়া যেতে পারে স্লাম এরিয়া বলে ডিক্লেয়ার করবার জন্য এবং যেগুলি স্লাম এরিয়া বলে ডিক্লেয়ার্ড হয়ে গেছে তাদের বাদ দিয়ে এই মাপকাঠি দেওয়া হল। কেন না যেগুলি অলরেডি স্লাম এরিয়া ডিক্লেয়ার্ড করে দিয়েছেন সেগুলিকে যদি আবার নূতন করে সার্ভে করতে যান তাহলে মিছামিছি মূল্যবান সময় নষ্ট হয়ে যাবে। কাজেই এগুলিকে বাদ দিয়ে যেগুলি ডিক্লেয়ার হয় নি সেগুলি সার্ভে করুন। তারপরে আমরা দেখতে পাচ্ছি Where sewer mains exist or have been laid within one hundred metres. এগুলি রেগুলারাইজ করবার জন্য নোটিশ দেবেন হাট ওনারসদের কাছে। আমার মতে যারা ঐ বসতি হাট ওনারস রয়েছে, ঠিকা টেনেন্টস রয়েছে তারা কিন্তু বড়লোক নয়। তাদেরকে লো মিডল ক্লাশ বলা যেতে পারে। তাদের সম্বন্ধে একটা কিছু রেখে দিলে ভাল হয়। আমার মনে হচ্ছে ঐ ১০০ মিটারের বদলে যদি ৫০ মিটার করে দেন—আশপাশের মেন না করে যদি লাইন করে দেন, মেন হয়ত অনেক দূরে থাকতে পারে, আশপাশেও না থাকতে পারে, কিন্তু লাইন ড্রন করে দেওয়া যদি যায় তাহলে তারা sewer কানেকট স্যানিটরি, করে নিতে পারে। সেইজন্য হাট ওনারস এবং ঠিকা টেনান্টস-এর ব্যাপারটা একটু ভেবে দেখতে পারেন। তারপরে আর একটি জায়গায় রয়েছে "If within a period of three years from the date of issue of the notification undrer sub-section (1), no declaration is published under sub-section (2), such notification shall cease to have effect on the expiration of that period". এত সময় দিচ্ছেন কেন? ১ বছর হলেই যথেষ্ট। এত সময় দিলে মিছামিছি তারা সময় নষ্ট করে দেবে। আমাদের ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স-এ ছিল, এখন দেখছি না—আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ ১৩(ডি)-র প্রতি। সেখানে দেখছি "The provision of alternative accommodation, temporary or permanent, for the inhabitants of the area who may be displaced by reason of the execution of the Scheme or any part thereof". এর সম্বন্ধে কি ব্যবস্থা করা হবে সেটা ভাল করে বিলে মেনসান করা নেই। বর্তমান হাটগুলি ভেঙ্গে দেবার পরে তাদের কোথায় সরাবেন? আপনার মনে আছে অধ্যক্ষ মহোদয়, ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স বিল-এ আমরা বলেছিলাম যে তাদের হাফ এ মাইল কিংবা হাফ কিলোমিটার radius-এর মধ্যে রিহ্যাবিলিয়েটেড করতে হবে টেমপোর‍্যারিলি এবং একটা পাকা বিল্ডিং-এর জন্য বলেছিলাম—মফঃস্বলে পাকা বিল্ডিং না হলেও অন্ততঃ একটা বাসস্থান থাকা দরকার, তাদের ক্যাম্পে যাতে সরিয়ে না দেওয়া হয় সেটা একটু দেখবেন।

তার জায়গায় যে বিল্ডিং তৈরি হবে—স্লাম ক্লিয়ার করে একটা বাড়ী তো তৈরি করা হবে, সেখানে স্লাম ডুয়েলারসরা যেতে পারবে কিনা—আইনে অধিকার আছে, কিন্তু কি পরিমান ভাড়া

নেবেন তার উপরই ডিপেণ্ড করে ঐ হাটে যারা থাকতো তারা ঐ সব বাড়ীতে যেতে পারবে কি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন, কোলকাতা শহরে বহু এরকম বিল্ডিং হয়েছে, গভর্ণমেণ্ট হাউসিং এষ্টেট হয়েছে, ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টও করেছে কিন্তু আমাদের অভিজ্ঞতা এই যে গভর্ণমেণ্ট হাউসিং এষ্টেটর যেসব ফ্লাট রয়েছে তার ভাড়া অত্যন্ত বেশী। এমন কি ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের যেসব ফ্লাট রয়েছে তার ভাড়া গভর্ণমেণ্ট হাউসিং এষ্টেটের থেকে কম। আমার এরিয়াতে ক্রিষ্টোফার রোডে লো ইনকাম গ্রুপ হাউসিং স্কীমে যেটা সি. আই. টি করেছে তার একটা ফ্লাট যাতে একটি ঘর, ছোট একটি স্পেস, কিচেন, বাথরুম রয়েছে তার ভাড়া ২০।২২ টাকা। কিন্তু কড়েয়াতে গভর্ণমেণ্ট হাউসিং এষ্টেটে সেখানে টু রুমস—ছোট ছোট রুম, তার ভাড়া ৭৮ টাকা। তাছাড়া অন্যান্য জায়গায় আরো বেশী আছে—২০০।২৫০।৩৫০ টাকা আছে ডিপেনডিং আপন দি সাইজ। আমার মনে হয় গভর্ণমেণ্ট হাউসিং এষ্টেটে যে ভাড়া তা নিশ্চয় আরো কম হওয়া উচিত বা হতে পারে। তারপরে ল্যাণ্ডের জন্য যে কমপেনসেশন দেবেন সেটা একটা স্লাব সিসটেম করলে ভাল হয় না কি? কারন প্রায় সব জমিদার বড়লোক এবং তাদের অনেক বেশী কমপেনসেশন দিতে হবে, কাজেই সেখানে একটা স্লাব সিসটেম করা যায় কি না সেটা আপনারা ভেবে দেখবেন। কেন না আগে ছিল এবং এতেও বোধ হয় আছে যে ইনটারমিডিয়ারী কমপেনসেশন যা দেবেন সেটা ল্যাণ্ডের ২০ টাইমস এবং হাটের জন্য দেবেন ৫ টাইমস। জমির মালিকরা জমিদার, তারা বড়লোক, কিন্তু হাট ওনাররা বেশীরভাগই লোয়ার মিডিল ক্লাস, গরিব মানুষ। জমিদারদের ২০ টাইমস দেবেন আর হাট ওনারদের ৫ টাইমস দেবেন এটা সম্বন্ধে বিবেচনা করে দেখবার জন্য অনুরোধ জানিয়ে বলছি গরীব মানুষদের প্রপোরসনেটলি বেশী দেওয়া উচিত এবং বড় জমিদারদের কম দিতে পারেন। আমি ফরম্যালি কোন এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি না তবে গভর্ণমেণ্টকে বলছি এগুলি এ্যাকসেপ্ট করে দেখুন কোন পরিবর্তন করা যায় কি না যাতে বস্তিবাসীদের সাহায্য করা হবে। স্লাম এরিয়া পরিষ্কার করে নতুন বিল্ডিং যা করবেন তাতে যাতে বস্তিবাসীরা কম কষ্ট পায় এবং বড় বড় জমিদার তাদের যদি টাকা নিতে হয় তাই নিয়ে করবেন এবং গভর্ণমেণ্ট সাবসিডাইসড হারে ভাড়া যাতে কম হয় এবং বস্তিবাসীরা ঐ বাড়ীতে যাতে থাকতে পারে সেই ব্যবস্থা করবেন। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে শেষ করছি।

**শ্রীশিবপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলকে সমর্থন করছি এইজন্য যে আমরা এতক্ষণ ধরে যে বিষয়টা অর্থাৎ আইন শৃঙ্খলার বিষয়ে যা আলোচনা করলাম সেটা শুধু আইন পাশ করেই আইন শৃঙ্খলা রাখা যায় না, যদি না এমন একটা পরিবেশ আমরা তৈরী করি যে পরিবেশের মধ্যে মানুষ সুন্দরভাবে বাঁচবে, মানুষের মত বাঁচবে বা তারা বিকাশ লাভ করার সুযোগ পাবে। সেই পরিবেশ যদি না থাকে, যদি দেখা যায় একদল মানুষ প্রাসাদতুল্য বাড়ীতে বাস করছে, আর একদল মানুষ অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে ধুঁকে ধুঁকে মারা যাচ্ছে তাহলে যতই আমরা আইন পাশ করি না কেন মানুষ বিদ্রোহ করবেই। আজকে এটাই হচ্ছে সমাজের বড় প্রশ্ন। সরকারও আজকে প্রতিজ্ঞাবদ্ধ। বাংলাদেশের মানুষ একটা রায় দিয়েছেন নির্বাচনের মারফত যে তাঁরা চান বাংলাদেশে শান্তিশৃঙ্খলা থাকুক।

[7-25—7-35 p.m.]

আমরা যেটা দেখেছি সন্ত্রাসের যেসব কারণে শিকার হয় এই কারণগুলি যদি অবসান করতে না পারি তাহলে মানুষের বিদ্রোহ করাটা স্বাভাবিক। নকশালবাড়ী সম্পর্কে আইন শৃঙ্খলার ক্ষেত্রে আমরা বলেছি, নকশালবাড়ী যুবকদের বিভ্রান্ত করতে পেরেছে, আজকে স্লাম এরিয়ায়,

বহু বস্তিতে, কলোনীতে দেখুন সেইসব যুবকদের বিভ্রান্ত করে সন্ত্রাসের রাস্তায় নিয়োজিত করেছে। এর মূল কারণগুলি আমাদের দূর করতে হবে। এই অর্থ নৈতিক বৈষম্য রয়েছে—একদল মানুষ অস্বাস্থ্যকর জায়গায় ধুঁকে ধুঁকে মরছে, যক্ষা রোগে মরছে, মানুষের মত বাঁচবার পরিবেশ নেই, আর একদল প্রাচুর্যের মধ্যে বাস করছে, এই যে অর্থ নৈতিক বৈষম্য একে যদি দূর করতে না পারা যায় তাহলে যতই শান্তিশৃঙ্খলার জন্য আইন পাশ করি না কেন মানুষ বিদ্রোহ করবে। এই যে সন্ত্রাস সৃষ্টি করে এ্যান্টি সোসাল এ্যাকটিভিটি করে-এর কিন্তু শিকার হয় এইসব বস্তির কলোনীর ছেলেরা, অথচ এরা করে না। আজকে ওয়াগন ভাঙ্গে বড় বড় লোক এবং পুলিশ, আর তার শিকার হয় এই বস্তির কলোনীর ছেলেরা। আজকে যদি পুলিশ, বড় বড় লোক না থাকে তাহলে ওয়াগন ভাঙ্গতে পারে না। আজকে স্মাগলিংএর শিকার হচ্ছে বস্তির কলোনীর ছেলেরা। আজকে যে সেকসান স্মাগলিং করছে তারা হচ্ছে বড় বড লোক এবং তার সাথে পুলিশের যোগ রয়েছে, কিন্তু তার শিকার হচ্ছে এইসব ছেলেরা। গ্রামে চালের চোরা-কারবারী করছে জোতদাররা, কিন্তু শিকার হয় অন্যরা। সুতরাং যে পরিবেশের মধ্যে মানুষ তার পরিপূর্ণ বিকাশ লাভ করতে পারে সেই পরিবেশ যদি সৃষ্টি করতে না পারি তাহলে আইন শৃঙ্খলা যতই পাশ করিনা কেন মানুষ স্বাভাবিকভাবে বিদ্রোহ করবে। আজকে নকশালবাড়ী ডেবরা, গোপীবল্লভপুর-এর যে আন্দোলন তার কতকগুলি কণ্ডিসান ছিল, সেই কণ্ডিসানগুলি কৃষকদের সেই দাবিগুলি নিয়ে তাদের বিভ্রান্তির পথে নিয়ে যাবার চেষ্টা করেছে। আজকে যদি সেই কৃষকদের সমস্যার সমাধান না করা যায় তাহলে যতই আইন পাশ করুক না কেন আমার মনে হয় সাধারণভাবে কৃষক বিদ্রোহ করবে। আজকে ব্যারাকপুর বেলটের উপর যে কলোনী রয়েছে তারা সন্ত্রাসের শিকার হচ্ছে। তারা দেখতে পাচ্ছে যেভাবে তারা বাস করছে, যে অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে থাকছে তাতে কোন সভ্য জগতের মানুষ বাস করতে পারে না। আজকে আমরা বাংলাদেশের বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে প্রতিশ্রুতিবদ্ধ। সেটা যদি আমরা করতে না পারি তাহলে যতই আইন পাশ করি না কেন, জনশৃঙ্খলার কথা বলি না কেন আজকে এরা বিভিন্ন দিকে শিকার হতে বাধ্য। আজকে বস্তি উন্নয়ন সম্পর্কে যে আইন এসেছে সেই আইন শুধু আইনই থাকবে যদি না বস্তি জীবনের উন্নতি করা যায়। আজকে আমরা দেখি একটা অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে সমস্ত জীবন রয়েছে। একদল মানুষ দেখতে পাচ্ছে প্রাচুর্যের মধ্যে বাস করছে, প্রচুর আলো, জল, বাতাস পাচ্ছে, আর একদল মানুষ বস্তিতে অস্বাস্থ্যকর ঘরে যেখানে আলো নেই, জল নেই, বাতাস নেই এমন একটা আবহাওয়ার মধ্যে বাস করছে, ফলে তাদের মধ্যে একটা ফ্রাসটেসানের ভাব রয়েছে, এই যে সমাজব্যবস্থা একে আমাদের ভেঙ্গে তছনছ করে দিতে হবে। যদি সত্যিকারে আইন শৃঙ্খলা রক্ষা করতে হয় তাহলে আমাদের এমন একটা পরিবেশ ক্রিয়েট করতে হবে যে পরিবেশ বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে ক্রিয়েট করার জন্য আমাদের সরকার প্রতিজ্ঞাবদ্ধ, সেই পরিবেশের মধ্যে এই রকম বৈষম্য থাকবে না। সেটা যদি না করতে পারি তাহলে যতই আইন পাশ করি না কেন সাধারণ মানুষ বিদ্রোহ করবে। সুতরাং এই যে বস্তি আইন আমরা পাশ করছি এতে বস্তির উন্নতি আমাদের এমনভাবে করতে হবে যাতে বস্তির মানুষ আলো, জল, বাতাস পায়, তারা যেন মনে না করে রাত্রিবেলায় যখন ঘুমিয়ে থাকবে তখন বৃষ্টি হলে তাকে বিছানাপত্র গুটিয়ে নিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে বৃষ্টিতে ভিজতে হবে। আজ তাঁরা যাতে মনে করতে না পারেন যে তাদের বোন ঐ বস্তির মেয়ে বলে যদি তার বিয়ে ভাল ছেলের সঙ্গে না হয়, তার পরিচয় বস্তির ছেলে বলে সমাজের কাছে অপাংক্তেয় হয় এই যে পরিবেশ এই পরিবেশকে আজকে যদি মুক্ত করতে না পারেন, যদি পরিবেশ থেকে মানুষকে বাঁচার অবস্থায় আনতে না পারেন তা হলে আইন পাশ করলেও লোক সন্ত্রাসের শিকার হবে। এই

যাঁরা এ্যান্টিসোসাল এ্যাকটিভিটি করেন যে বিজনেস ম্যান সারকেল আছে আমি মনে করি এ্যান্টিসোসাল এ্যাকটিভিটির মূল উদ্যোক্তা তারা। এই এ্যান্টিসোসাল এ্যাকটিভিটি আজকে বন্ধ করা যায় যদি এই পুলিশ ও এই দু'টা সেকসানকে দমন করা যায় তাহলে কোন এ্যান্টিসোসাল এ্যাকটিভিটি হতে পারে না। প্রমাণ বলতে পারি ওয়াগান ব্রেকিং, স্মাগলিং যে কোন কথাই বলুন না কেন এ্যান্টিসোসাল এ্যাকটিভিটিতে এই যে ওয়াগান ব্রেকিং করা হয় সেই মাল কারা কেনে? মাল কেনে বিজনেস ম্যানরা। এই বিজনেস ম্যানরা তাকে সহযোগিতা করে, আর সহযোগিতা করে পুলিশ, এবং শিকার হয় হতভাগ্য যুবকরা যারা ধুঁকে ধুঁকে মরছে ঐ সব কলোনীর বড় বড় বস্তির মধ্যে। সুতরাং তাঁরাই হচ্ছেন শিকার, আর শিকার হচ্ছেন গ্রামের কিছু কিছু গরীব কৃষক ছেলে যারা চোরাই চালান করছে। কিন্তু যে চোরা চালান করে ঐ বিজনেস ম্যান, বড় বড় জোতদার তাদের হাতে বড় বড় পুলিশ অফিসার আছে। সমাজের এই যে বৈষম্য রয়েছে এটা দূর করতে হবে। এটা দূর করার চেষ্টা করুন। যে ১৭ দফা কর্মসূচী আপনারা উপস্থিত করেছেন তাকে কার্য্যে পরিণত করুন। আমি মনে করি তাকে কার্য্যে পরিণত করলে বাংলা-দেশে যুবকশক্তি যে ভাবে পেছনে এসে দাঁড়িয়ে বিপুলভাবে জিতিয়েছে এবং ফলে যে আইন শৃঙ্খলা আজকে জেগেছে তাকে পুলিশ নিরাপত্তা দিচ্ছে না, পুলিশ তাদের বাঁচাতে চেষ্টা করছে না। তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে আমরা বাংলাদেশের আইন শৃঙ্খলা রক্ষা করবো। তাই আমার মনে হয় যতই আইন পাশ করুন না কেন যদি সাধারণ মানুষ এই চিন্তা করেন, তাদের উন্নতির জন্য চিন্তা না করেন তাহলে আইন শৃঙ্খলা ঐ আইনেই থেকে যাবে তাকে কার্য্যে পরিণত করা যাবে না। সে ক্ষেত্রে আমি মনে করি আজকে যে আইন বস্তি উন্নয়নের ক্ষেত্রে এসেছে, সেটা শুধু কলকাতায় নয় যাতে সমস্ত বাংলাদেশে এই আইন হয় তা আমরা দেখতে চাই। ৫ বছরের মধ্যে এরূপ একটা বস্তি নেই বা থাকবে না এই অবস্থা আমাদের সরকার এনে দিয়েছেন এটা দেখতে চাই। এই অবস্থার সৃষ্টি করতে হবে। একটা জিনিষ বুঝতে হবে একটা ফুলকে যদি আলো-বিহীন অবস্থায়, যতই সুন্দর হোক না কেন, তাকে রেখে দেন তাহলে সে মরে যাবে। আবার যদি বাগানের জলহাওয়ায় তাকে মানুষ করেন সে ফুল একটা গোলাপ আকারে দেখা দেয়। এটা আজকে বুঝতে হবে, এটা না যদি বোঝা যায় তাহলে আমরা যে সমাজবাদের চিন্তা করছি গরীবী হটাও এর কথা চিন্তা করছি, যে বক্তব্য দিচ্ছি, যে আইন শৃঙ্খলার কথা বলছি, সে কিছুই থাকবে না। তাই আমি মনে করি এই যাঁরা স্লামে বাস করছেন, বস্তিতে বাস করছেন তাদের দিকে একটু নজর দেবেন। যাঁরা এতদিন ধুঁকে ধুঁকে মরছেন, বস্তিতে কোনমতে অন্ন সংস্থান করছেন আজকে যখন বস্তি উন্নয়ন করবেন তখন তারা যাতে ঘর পায় অল্প টাকায় তার ব্যবস্থা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ কদছি।

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ বস্তি অঞ্চল উন্নয়ন ১৯৭২ এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পৃথিবীতে মানুষ যেখানেই জন্মগ্রহণ করুক না কেন তার পরিবেশ মানুষকে তৈরী করে, পরিবেশ মানুষকে নিয়ন্ত্রণ করে, পরিবেশ মানুষকে পরিচালিত করে। পরিবেশকে যত পরিচ্ছন্ন রাখা যায় সুন্দর রাখা যায়, সেখানের মানুষও তত সুন্দর ও চিন্তাশীল হয়ে ওঠেন।

[ 7-35—7-42 p.m. ]

এই আইনের মাধ্যমে সরকার এই জিনিষটা তৈরী করতে চাচ্ছেন। সরকার চাইছেন গরীব মানুষ যাঁরা বস্তী অঞ্চলে বাস করেন, যাঁরা প্রতিদিন অনুভব করেন আমাদের জীবনে নিরাপত্তা নেই, আমাদের অর্থনৈতিক দিক থেকে কোন উন্নতি নেই তাদের যাতে উন্নতির দিকে নিয়ে আসা

যায় সে জন্যই এই আইন আনা হচ্ছে। আমাদের সরকার যখন আইন তৈরী করছেন অন্যায়কে দমন করার জন্য, অন্যদিকে তেমনি সমাজজীবনকে উন্নতভাবে গড়ে তোলার জন্য আইন রচনা করছেন। সব্যসাচীর মত এক দিকে সমাজজীবনে অত্যাচারকে দমন করছেন আইনের মাধ্যমে, অন্যদিকে যারা নিপীড়িত হচ্ছে অর্থনৈতিক বৈষম্যতার জন্য তাদের জন্য নূতন করে পরিবেশ রচনা করা হচ্ছে যে পরিবেশের মধ্যে দাঁড়িয়ে তারা অনুভব করবে আমরা স্বাধীন ভারতবর্ষের নাগরিক এবং সেই হিসাবে আমাদের সুন্দরভাবে বাঁচার অধিকার আছে। যারা বিত্তশালী ধনী বড় বড় দালানওলা অট্টালিকায় থাকেন তাঁদের কেবলমাত্র বাঁচার অধিকার নেই—তাদেরও বাঁচার অধিকার আছে। জন্ম নিয়েছি গরীবের বাড়ীতে বলে সেটা আমাদের কোন অপরাধ নয়। সুতরাং এই আইনের সমর্থন কেবলমাত্র যুক্তির মাধ্যমে নয়, যুক্তির মধ্য দিয়ে এই আইনকে সকলের সমর্থন জানান উচিৎ আগামীদিনে নূতন পশ্চিমবাংলা গড়ার বিষয় নিয়ে। তাই আপনার মাধ্যমে এই আইনকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী:** মি: স্পীকার, স্যার, সবচেয়ে আনন্দের কথা এবং আপনার মাধ্যমে সদস্যদের ধন্যবাদ জানাই যে এই বিলের বিরোধীতা করে একজন সদস্যও এই হাউসের মধ্যে বক্তব্য রাখেন নি। সমর্থন করে অনেকে কিছু কিছু ধারায়, উপধারায় পরিবর্তন চেয়েছেন। যেমন ডাঃ গণি বলেছেন Cl. 11(5) সম্বন্ধে। কিন্তু কোন formal amendment না থাকায় এখন সেই ধারায় এবং উপধারায় কোন পরিবর্তন সম্ভব নয়। আমরা এটা সমস্ত সহানুভূতি দিয়ে বিচার করতে চাই। সামগ্রিকভাবে বিলটা জনকল্যাণমূলক বিল। বিলের একটা খসড়া place করা হয়েছে। আরও কিছু কিছু মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন সমর্থন করার জন্য এবং তাঁরা যে পরিপ্রেক্ষিতে বক্তব্য রেখেছেন তা ঠিক প্রাসঙ্গিক নয়। যেমন শিবপদবাবু যা বলেছেন তাঁর সঙ্গে আমি সব জায়গায় একমত নই। সমস্ত দেশে সমস্ত সমাজবিরোধী কার্য্যকলাপের জন্য পুলিশ এবং অন্যান্যরা দায়ী একথা আমি বিশ্বাস করি না। কারণ তা যদি হোত তাহলে পুলিশ এবং সেই শ্রেণীর মানুষের উপর নানারকম আইন এবং বিধিপ্রয়োগের একটা সামাজিক ব্যবস্থা করা হোত। কিন্তু আমাদের অভিজ্ঞতা দিয়ে দেখেছি কোলকাতা এবং শহরতলীতে বস্তীউন্নয়ন যদি না হয় তাহলে T.B. রোগ সারতে পারে না। তাই সরকার জনকল্যাণমূলক কথা চিন্তা করে এই বিল এনেছেন এবং পুরাতন বিলকে নূতনভাবে পাশ করান হচ্ছে। এদিক থেকে সকলের অভিনন্দন জানানো দরকার। তাই আমি সকলকে অনুরোধ করব যেটা পাশ করা হয়েছে সেটাকে সকলে অনুমোদন করুন।

The motion of Shri Subrata Mukhopadhaya that the West Bengal Slum Areas ( Improvement and Clearance ) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 26 and Preamble

The question that Clauses 1 to 26 and the Preamble do stand part of the Bill was then Put and agreed to.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-42 p.m. till 1 p.m. on Wednesday, the th April, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesay, the 26th April, 1972, at 1 p.m.

PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair 10 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 197 Members.

### Oath or Affirmation of Allegiance.

[ 1-00—1-10 p.m. ]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

( There was none to take Oath )

**Mr. Speaker :** Qnestions relating to public undertakings of commerce and Industries Depertment may be held over as the Honble Minister in-charge is not available today.

### STARRED QUESTIONS

**( to wkich Oral answers were given )**

### গড়বেতা থানায় সেচকার্য ও বিদ্যুৎ সরবরাহ

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২০২।) **শ্রীসরোজ রায় :** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা থানা এলাকায় সেচকার্যের সাহায্যের জন্য যে গভীর নলকূপ, নদী থেকে জল তোলার ব্যবস্থা অগভীর নলকূপ ইত্যাদি আছে এগুলিতে বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা আছে ;

(খ) থাকিলে কয়টি ক্ষেত্রে ; এবং

(গ) মেদিনীপুর জেলার বিভিন্ন থানায় গ্রামাঞ্চলে বর্তমান বৎসরে আরও কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয়েছে এবং আগামী বৎসরে কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ হবে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** (ক) আছে।

(খ) ৪টি গভীর নলকূপের ক্ষেত্রে।

(গ) ১৯৭১ সালে বিভিন্ন থানার ৫০টি মৌজায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হইয়াছে। ১৯৭২-৭৩ সালে কতকগুলি মৌজায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হইবে তাহা চূড়ান্ত হয় নাই।

**শ্রীসরোজ রায় :** ঐ যে চারটা গভীর নলকূপের ক্ষেত্রে—এটা কোন কোন জায়গায় ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** নামগুলি এখন দিতে পারছি না, নোটিশ দিলে পরে জানাতে পারি।

**শ্রীসরোজ রায় :** এই যে আপনি (গ) প্রশ্নের জবাব দিলেন ৫০টি থানায় বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ করবেন। এখানে কতগুলি মৌজা আজে সেই মৌজাগুলি ফাইনালাইজেশন হয় নি, আপনারা যখন নামগুলি ফাইনালাইজ করবেন—যেমন আমার কাছে তথ্য আছে কোন্ কোন্ জায়গায় ১০।১২টি লিফট ইরিগেশন আছে সেখানে বিদ্যুৎ না গিয়ে যেখানে মাত্র একটা লিফট ইরিগেশন আজে সেখানে দিচ্ছেন, সেইজন্য এই মৌজাগুলি যখন ফাইনালাইজ করবেন যে কোন্ কোন জায়গায় যাবে তখন সেখানকার লোক্যাল এম, এল, এ,-দের সঙ্গে কনসাল্ট করবেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** নিশ্চয়ই করবো। এই স্কীমগুলি আগেই ছিল, প্রেজেণ্ট গভর্ণমেণ্ট আসার পরে আমরা এ্যাটেনশন দিচ্ছি যাতে ডিপটিউবয়েল, শ্যালো টিউবওয়েল, রিভার লিফ্ট ইরিগেশনে যাতে আমরা আগে ইলেকট্রিসিটি দিতে পারি।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** এই যে বৈদ্যুতিকরণ সম্বন্ধে আপনি বললেন যে ৫০টি জায়গায় করা হবে ১৯৭১-৭২ সালে, আমার প্রশ্ন হচ্ছে যে জায়গাটা সিলেকশন করবেন সেটা গ্রামের কারা করবেন ? সেখানে লোকাল এম, এ, ও, বা যাঁরা এ্যাডমিনিস্ট্রেশনের সঙ্গে যুক্ত আছেন তারা করবেন ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** এগুলি প্রেজেণ্ট গভর্ণমেণ্ট আসার আগেই সিলেক্টেড হয়েছিল। এই পলিসি নিয়েছিল তখন যে ডেভেলাপমেণ্ট বোর্ড এবং ডিষ্ট্রিক্টে ডেভেলাপমেণ্ট বোর্ড ছিল তাদের মাধ্যমেই এইগুলি সিলেক্টেড হতো। আমরা বর্তমানে যে পলিসি নেবো তা পরে এ্যানাউন্স করবো। কিন্তু এখন আমাদের চিফ মিনিষ্টার এ্যানাউন্স করেছেন যে দশ হাজার গ্রামে ইলেকট্রিফিকেশন করবেন। কি প্রসেসে করবেন সেই প্রসেসে এম, এল, এল. এ যারা আছেন তাদের কাছ থেকে তার সাজেশন নিয়ে এবং টেকনিক্যাল ফেসিলিটিজ দেখে তার পলিসি ঠিক করা হবে এবং সেই পলিসি আপনাদের জানান হবে।

**শ্রীসরোজ রায় :** এখানে আপনি লোক্যাল মেশিনারি যেটা করবেন ভাবছেন—পুরানো মেশিনারি সম্বন্ধে উল্লেখ করলেন, আপনি কি এমন কিছু ভাবছেন যে এই নূতন মেশিনারি কাদের সঙ্গে আলাপ-আলোচনা করে করবেন ? মেশিনারিটা কিভাবে হবে চিন্তা করছেন ?

**শ্রীআবুল বরকত আত'য়াল গণি খান চৌধুরী :** সে চিন্তা এখনও করিনি। এখন যে ষ্টেজে আছে তাতে আমরা এবার ১০ হাজার গ্রামে দেবো। এটা একটা টেরিফিক স্কীম হাতে নিয়েছি। এ বিষয়ে ডিপার্টমেন্টের কাছে আমরা একটা স্কীম চেয়েছি যে এই ১০ হাজার গ্রামে কিভাবে হতে পারে এবং এ্যাজ আই সেইড, প্রত্যেক ডিষ্ট্রিক্টে আপনাদের সঙ্গে বসে আপনাদের সাজেশন নেবো যে কোথায় প্রাইয়োরিটি দেওয়া হবে ডিপটিউবয়েল, রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম এ্যাণ্ড স্যালো টিউবয়েলকে।

**শ্রীঅশ্বিনী রায় :** এই যে আপনি বললেন প্রাইয়োরিটির ক্ষেত্রে লিফ্‌ট ইরিগেশনের কথা। ডি, ভি, সি, এরিয়াতে বহুদিন হল লিফ্‌ট ইরিগেশন চালু আছে। এই জায়গায় আরো বেশী সম্প্রসারণ করা যায় সেকথা চিন্তা করে ডি, ভি, সি, এরিয়াতে প্রাইয়োরিটি দেওয়ার কথা চিন্তা আপনি করছেন কি না?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** আমি ত বারবার আপনাদের বলছি যে ১০ হাজার গ্রামে দেবার কথা যা আমাদের চিফ মিনিষ্টার বলেছেন সে সম্বন্ধে আমরা আগে ডিপার্টমেণ্টালি কি করে ফিজিবিল হবে উইদিন দি স্পেসিফায়েড পিরিয়ড অব টাইম সেটা আমরা আগে দেখছি। এটা দেখবার পরে কোন কোন এরিয়াতে করবো সেটা আপনাদের সঙ্গে বসে এ্যাডজাষ্ট করবো। ডি, ভি, সি, এরিয়াতে হবে না তাতো নয়।

[ 1-10—1-20 p. m. ]

## Educated Unemployed Youths

*163. (Admitted question No. *238.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if the Government has prepared any time-bound scheme or proposal for creating adequate avenues for employment of the educated unemployed youths of this State: and

(b) if so—

(i) what are the schemes or proposals ; and

(ii) how many educated unemployed youngmen are likely to be benefited by such scheme within the current year ?

**Dr. Gopl Das Nag :**

(a) Not yet.

(b) (i) and (ii)—Does not arise at this stage.

**শ্রীরজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মেদিনীপুর জেলায় যে সমস্ত শূন্য পদগুলি আছে সেগুলিতে মেদিনীপুর জেলার বেকার ছেলেদের নেবার সম্ভাবনা আছে কি না?

**ডঃ গোপাল দাস নাগ :** এই প্রশ্ন থেকে এটা উঠে না, নোটিশ দিলে বলে দেব।

**শ্রীসরোজ রায় :** আপনি প্রশ্নের প্রথমটার জবাবে বললেন নট ইয়েট, সুতরাং পরেরটা ডাজ

এ্যারাইজ বললেন, যাই হোক কয়েকদিন আগে ক্যাবিনেট বেঞ্চ থেকে একটা ষ্টেটমেণ্ট ছিল যে মাঞ্চলে কতকগুলি স্মল ইণ্ডাষ্ট্রি করা হয়েছে যেগুলিকে কটেজ বলে বলা হয়েছে, তাতে কিছু ন্এপ্লয়েডদের প্রব্লেম সল্‌ভড হবে, এ বিষয়টা আপনি জানেন কি ?

**ডঃ গোপাল দাস নাগ :** না এটা আমার জানা নাই।

**শ্রীনিতাইপদ সরকার :** আপনি কি এটা জানেন যে ইতিপূর্বে সরকার থেকে এমন একটা াষণা করা হয়েছিল যে কলেজের ছাত্রদের অবসর সময়ে, ছুটির সময়ে কাজের ব্যবস্থা করবেন, এটা F কিনা ?

**ডঃ গোপালদাস নাগ :** না, আমার জানা নাই।

**শ্রীনিতাইপদ সরকার :** আপনি কি জানাবেন যে-সমস্ত অফিসে এখন কিছু কিছু পদ লি আছে এই বছরের মধ্যে সেগুলি পূরণ করা হবে কিনা এবং ওভারটাইম বন্ধ করে দিয়ে এই রের মধ্যেই সেই পদে লোক নিয়োগের ব্যবস্থা হবে কিনা ?

**মিঃ স্পীকার :** দিস কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** খবরের কাগজে এটা দেখেছি যে বাংলাদেশের চা-শিল্প যদি ষ্ট্রায়ত্ত করা হয় তাহলে অনেকগুলি লোকের কর্মসংস্থান হবে। এখন এই চা-শিল্প যদি ষ্ট্রায়ও হয় তাহলে কি সেখানে শিক্ষিত এবং অর্ধশিক্ষিত ছেলেদের কর্মসংস্থান হবে ?

**মিঃ স্পীকার :** যদি রাষ্ট্রায়ত্ত করা হয় তাহলে, আই ডিসএলাউ ইট, দুটো প্রশ্ন করেছেন, ডাজ নট এরাইজ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** বাংলাদেশের চা-শিল্প রাষ্ট্রায়ত্ত করা হলে সেখানে লোকের র্মসংস্থান হবে কিনা ?

**মিঃ স্পীকার :** আগে রাষ্ট্রায়ত্ত করা হবে কিনা, হোয়াই আর ইউ পুটিং টু কোশ্চেন ?

**ডঃ এ. এম. ও' ঘানি :** আপনি ঐ প্রশ্নের উত্তরে বললেন নট ইয়েট, এখন এই যে স্কীম াপেয়ার্ড করার কথা, এই সম্বন্ধে কোন স্কীম বা পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**ডঃ গোপাল দাস নাগ :** নিশ্চয়ই আছে।

**শ্রীঅশ্বিনী কুমার রায় :** আপনি বললেন কোনরকম প্রোগ্রাম নেওয়া হয় নি, কিন্তু আমার াছে কতকগুলি জিনিষ এসেছে যেমন রুরাল ইলেকট্রিফিকেশন প্রোগ্রাম নিয়েছেন, ড্রিঙ্কিং য়াটার ব্লক লেভেলে সাপ্লাই করবার স্কীম নিয়েছেন, এই দুটি স্কীমে কতগুলি লোককে স্কিল্ড বং আন্সকিল্ড মিলিয়ে নেওয়া হবে তা বলতে পারেন কি ?

**মিঃ স্পীকার:** দিস কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

## ফ্রেজারগঞ্জের বাঁধ

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫।) **শ্রীমনোরঞ্জন হালদার :** সেচ ও বিদ্যুৎ ভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ফ্রেজারগঞ্জের সাগরসংলগ্ন বাঁধটি নির্মাণের পরেই ভাঙ্গিয়া সাগরে মিশিয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, (১) এ বাবদ কত টাকা খরচ হইয়াছিল ; (২) এ ব্যাপারে সরকার ঠিকাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কি ?

**শ্রীআবদুল বরকত আতায়াল গনি খান চৌধুরী ঃ**

(ক) হ্যাঁ, ফ্রেজারগঞ্জে অবস্থিত মৌসিনি দ্বীপের দক্ষিণস্থ বাঁধটি নির্মাণের পর ১৯৬৮ ও ১৯৭০ সালে সমুদ্রের তরঙ্গের আঘাতে ও প্রবল সাইক্লোনে ভাঙ্গিয়া যায়।

(খ) (১) ১৯৬৮ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত বাঁধটির মেরামত, নির্মান বাবদ ও রিটায়ার্ড বাঁধনির্মান বাবদ প্রায় ২০ লক্ষ টাকা খরচ করা হইয়াছিল।

(ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে

(২) সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রশ্ন ঠিক উঠে না। কারণ প্রকৃতির ভয়াবহ প্রতিকূলতার জন্যই বাঁধটিকে কার্যক্ষম রাখা সম্ভব হয় নাই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় স্পীকার মহাশয়, ১৬৪ এবং ১৬৫ নম্বর প্রশ্নের কি হোল ?

**মি: স্পীকার :** ১৬৪ এবং ১৬৫ নম্বর প্রশ্ন হেল্ড ওভার হয়েছে। সংশ্লিষ্ট দুটি দপ্তরের মন্ত্রীদ্বয় আজকে এখানে উপস্থিত নেই বলে তাঁরা আমাকে রিকোয়েষ্ট করেছেন এই দুটি প্রশ্ন হেল্ড ওভার করবার জন্য।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, পয়েন্ট অব অর্ডারের মাধ্যমে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আজ কয়েকদিন ধরেই লক্ষ্য করছি রেলেভেন্ট গ্রাউণ্ড এবং ইরেলেভেন্ট গ্রাউণ্ডে কোশ্চেন হেল্ড ওভার করতে বলা হচ্ছে। সংশ্লিষ্ট মন্ত্রী এখানে না থাকলেও ক্যাবিনেট মন্ত্রিরা এখানে রয়েছেন এবং আমি মনেকরি বিধানসভার কাছে সমগ্র মন্ত্রিসভাই দায়ী। আমি কয়েকটি দপ্তর সম্পর্কে লক্ষ্য করছি তাঁরা আপনার কাছে কোশ্চেনের রিপ্লাই দিচ্ছে না। ইউ আর দি সোল কাস্টোডিয়ান অব দিস হাউস, আপনি লক্ষ্য করুন আপনি যে কোশ্চেন এ্যাকসেপ্ট করছেন তার রিপ্লাই হয় আপনার কাছে আসছে না অথবা কোন কোন কারণে তাকে হেল্ড ওভার করা হচ্ছে। এই যে অস্বাভাবিক অবস্থা চলছে তাতে আমাদের যে প্রিভিলেজ আছে সেটা আমরা পাচ্ছি না। সেইজন্য আপনার মাধ্যমে বলছি আমাদের প্রিভিলেজ যদি এইভাবে ক্ষুন্ন হয় তাহলে আমরা অন্যভাবে আপনার পার্মিসন চাইব এই ব্যাপারে আলাদাভাবে ডিসকাসন করার জন্য। কাজেই আপনি মন্ত্রিসভার সদস্যদের বলুন তাঁরা যেন সময়মত উত্তর দেন।

**মি: স্পীকার :** It is a matter concerning the privilege of this House. I draw the attention of the Hon'ble Chief Minister as the Leader of the House. কোশ্চেনের ব্যাপারে মেম্বারদের একটা প্রিভিলেজ আছে কাজেই যে ডিপার্টমেন্ট যে কোশ্চেন রিসিভ করবেন সেই ডিপার্টমেন্টের মিনিষ্টার এখানে থাকবার চেষ্টা করবেন। হাউসের মেম্বারদের অধিকার আছে কোশ্চেন দিয়ে তাঁরা তার এ্যানসার পাবেন। আজকে তাঁরা যখন এখানে নেই তখন I draw the attention of the ParliamentaryAffairs Minister and other Ministers here and through them I also request the Leader of the House,the Chief Minister to see to it from the next day. যে মিনিষ্টারের নামে যে কোশ্চেন থাকবে তিনি এখানে উপস্থিত থাকবার চেষ্টা করবেন। তবে তিনি যদি এখানে থাকতে না পারেন তাহলে ষ্টেট মিনিষ্টার বা

আদার মিনিষ্টার যাঁরা থাকবেন তাঁরা রেডি থাকবেন রিপ্লাই দেবার জন্য। হাউসের মেম্বারদের প্রিভিলেজ যাতে নষ্ট না হয় সেদিকে আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** থ্যাঙ্ক ইউ, স্যার।

**শ্রীমনোরঞ্জন হালদার :** মন্ত্রিমহাশয় এটা কি মনে করছেন যে এই বাঁধ নির্মাণের ব্যাপারে ঠিকাদার দুর্নীতির আশ্রয় নিয়েছিল?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খাঁন চৌধুরী :** এ নিয়ে গবেষণা হয়েছে। গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার লোক এসে ইনভেষ্টিগেসন করে বলেছেন এটা প্রাকৃতিক দুর্যোগের জন্য হয়েছিল।

**শ্রীমনোরঞ্জন হালদার :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই বাঁধের ডাইমেনসন কত ছিল?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খাঁন চৌধুরী :** নোটিশ দিলে ডিটেল্স বলতে পারব।

**শ্রীমনোরঞ্জন হালদার :** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই বাঁধ পুনর্নিমাণের জন্য চিন্তা করছেন কিনা?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খাঁন চৌধুরী :** এটা খুব কণ্ট্রোভার্সিয়াল কথা। গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার লোক নভেম্বর মাসে আসবে এবং মতামত দেবে, তারপর আমরা চিন্তা করব।

**শ্রীঅশ্বিনী রায় :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, টোটাল এক্সপেনডিচার ফর দি কন্‌সট্রাকসন অব দিস এমব্যাঙ্কমেণ্ট কত হয়েছিল?

**মিঃ স্পীকার :** হি হ্যাজ অলরেডি রিপ্লাইড, ২০ লক্ষ টাকা হয়েছিল।

[ 1-20—1-30 p.m. ]

## মহেশতলায় বন্ধ ই সি ই কারখানা

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২।) **ডাঃ ভুপেন বিজলী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, মহেশতলায় ই, সি, ই, কারখানা গত দেড় বৎসর কাল বন্ধ হইয়া আছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ কারখানা খোলার সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**ডাঃ গোপাল দাস নাগ :**

(ক) হ্যাঁ।

(খ) কারখানা বন্ধের ব্যাপারে একটি শ্রম বিরোধ Sixth Industrial Tribunal-এর বিবেচনাধীন রহিয়াছে।

## দুর্গাপুরে পয়ঃপ্রণালীর জল হইতে সেচ পরিকল্পনা

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯।) **শ্রীআনন্দগোপাল মুখার্জী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) দুর্গাপুর ইস্পাত নগরীর পূর্ব প্রান্তে শোভাপুর, বিজড়া, পরাণগঞ্জ, হরিবাজার,

জেমুয়া, পাড়দৈ, ফুলঝোর প্রভৃতি গ্রামের প্রায় তিন হাজার বিঘা জমি শিল্প নগরীর পয়ঃপ্রণালী হইতে স্থায়িভাবে চাষের জন্য জল পাইতে পারে এবং তাহার ফলে উক্ত গ্রামগুলির তিন হাজার বিঘা জমি হইতে বছরে তিনটি ফসল পাওয়া যাইতে পারে ;

(২) উক্ত শিল্প নগরীর পয়ঃপ্রণালীর জল হইতে পশ্চিমে ও দক্ষিণে কুড়ুরিয়া, আঁমরাই, কাণ্ডেশ্বর, ডাঙাবাদ, ভিডিঙ্গী, বেনাচিতী গ্রামের প্রায় তিন হাজার বিঘা জমি বরাবর সেচ পাইতে পারে এবং ঐ সকল জমিতে বছরে তিনটি করিয়া ফসল হওয়ার সম্ভাবনা আছে :

(খ) অবগত থাকিলে, উক্ত এলাকাসমূহে পয়ঃপ্রণালী দ্বারা সেচের কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে তাহা কি ; এবং

(গ) পারুলিয়া, কমলপুর, নাচন, ধবনী গ্রামে ইস্পাত কারখানার পরিত্যক্ত টিউবওয়েল-গুলির পুনরুদ্ধার করিয়া ঐ এলাকার প্রায় দুই হাজার বিঘা জমিতে সেচের ব্যবস্থা করার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি ?

**শ্রীআবুল বরকত আতাল গণি খান চৌধুরী ঃ**

(ক (১) দুর্গাপুর শিল্প নগরীর পয়ঃপ্রণালী হইতে চাষের জল সরবরাহের কোন পরিকল্পনা নাই।

(ক) (২) এই ধরনের কোন পরিকল্পনা নাই।

(খ) এই ধরনের কোন পরিকল্পনা নাই।

(গ) দুর্গাপুর ইস্পাত কারখানায় পরিত্যক্ত নলকূপগুলির পুনরুদ্ধার করিয়া সেচের কোন পরিকল্পনা কৃষি বিভাগের নাই।

**Krishna Glass Factory**

*172. ( Admitted question No. *380. ) **Shri Lalit Gayen** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the Krishna Glass Factory of Baruipur and Jadavpur has laid off its workers in 1970 ;

(b) if so, what steps the Government have taken to re-open it ; and

(c) when the factory is expected to re-open to start its production once again ?

**Dr. Gopal Das Nag :**

(a) No. Krishna Silicate and Glass Works Ltd. ( Glass Factory ) closed down its units at Baruirpur and Jadavpur with effect from 17th Octobar, 1970, and 22nd October, 1970, respectively.

(b) After a good deal of efforts at bipartite and tripartite levels, a memorandum of settlement with both the Unions at tripartite level was reached on 4th June, 1971, in respect of both the Units of the Company. Under the terms of the agreement the closure of both the Units was to be lifted from 7th June,

1971 in phased manner. But the management failed to implement the terms of the agreement and did not re-open the factories on the plea of imposition of additional excise duty.

(c) With a view to taking over the management of the company the Government of India appointed, at the request of the State Governmnet, a Committee to investigate into the affairs of the Company under section 15 of the Industrial Development & Regulation Act. This Committee, however, could not proceed with the investigation in view of the fact that the Calcutta High Court by an order dated 16th November, 1971, had appointed an Official Liquidator for winding up the business of the Company. An attempt is being made to enable the Committee to make the investigation with the prior permission of the High Court. In the circumstances, it is not possible to name a date when the factory is expected to start its production once again.

Necessary action for prosecution of the Directors of the Company under section 29 of the Industrial Disputes Act, 1947 for breach of the relevant terms of the said tripartite memorandum of settlement are being taken by the Government.

**শ্রীললিত গায়েন :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এটা রি-ওপেন করার জন্য আর কতদিন থাকতে হবে ?

**ডাঃ গোপাল দাস নাগ :** এটা রি-ওপেনের প্রশ্ন ওঠে না। রি-ওপেন করবার জন্য মেমোরাণ্ডাম অব সেট্‌লমেণ্ট হয়েছিল, তার শর্তগুলো ডিরেক্টাররা না মানার জন্য ভায়োলেশন অব দি টার্মস অব এগ্রিমেণ্টের অপরাধে সেকশন ২৯ অব দি ইণ্ডাসট্রিয়্যাল ডিসপিউট্‌স এ্যাক্ট অনুযায়ী তাদের বিরুদ্ধে সরকার ব্যবস্থা অবলম্বন করছেন এবং এই কারখানাটা— সরি স্যার, আই ডিড নট রেড দি এ্যানসার 'সি'।

**Water Supply in flood-affected areas of Midnapore District**

*173. (Admitted question No. *287.) **Shri Bijoy Das** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state what are the steps taken by the Government to supply water in the flood-affected areas of Sabang, Pingla and Mayna block of Midnapore district ?

**S ri Abu Barkat Atawal Ghani Khan Chowdhury :**

Sabang and Pingla are within the Command of Midnapore Canal and receive Irrigation from the canal. Mayna is not within Midnapore canal command and there is no arrangement for supply of Irrigation to Moyna an a regular footing. This year, however, as a special measure Cangsabati waters are being supplied to Mayna, Sabang and Pingla for Boro Irrigation.

**Mr. Speaker** : Starred question No. 174 is held over.

**Shri Kashinath Misra :** On a point of order, Sir,

**Mr. Speaker :** There is no point of order during question hour.

**শ্রীকানাই ভৌমিক :** ময়না ব্লককে কেন এখনো সেচ এলাকার মধ্যে গ্রহণ করা হচ্ছে না—

মন্ত্রিমহাশয় তা জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গণি খান চৌধুরী :** যেটাকে আমরা canal command area বলি, তার মধ্যে এখনো ওটা পড়ে না বলেই special reason-এ কংসাবতী থেকে বোরোতে জমির জল দিয়েছিলাম এবার।

**শ্রীকানাই ভৌমিক :** এ বছর নয়—গত ৩।৪ বছর থেকে জল দেওয়া হচ্ছে—U. F.-র সময় থেকে। বারবার বলা সত্ত্বেও কেন ওটাকে জল দেওয়ার জন্য include করা হচ্ছে না ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গণি খান চৌধুরী :** আমি এ ব্যাপারটা দেখবো—যদি technically impossible না হয়, তবে ওটা include করা হবে।

**শ্রীকানাই ভৌমিক :** এই যে জল সরবরাহ করা হয়েছে—তা অত্যন্ত কম, তাড়াতাড়ি জল সরবরাহ না বাড়ালে হাজার হাজার বিঘা জমির বোরো ধানের ফসল নষ্ট হয়ে যাবে, এ কথা কি আপনি জানেন ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গণি খান চৌধুরী :** এখানে ঐ প্রশ্নের থেকে একথা ওঠে না, তবু বলবো—বোরোতে জল সাপ্লাই করবার বিষয়ে স্পীকারের permission নিয়ে হাউসকে আমি সরকারের present policy জানাবো।

**শ্রীকানাই ভৌমিক :** আজই জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গণি খান চৌধুরী :** হ্যাঁ।

**Mr. Speaker :** If he gets the permission of the chair, of course.

**শ্রীবিজয় দাস :** ঐ সবং, ময়না প্রভৃতি এলাকায় deep tubewell থেকে জল সরবরাহের কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গণি খান চৌধুরী :** এটা Irrigation বিভাগের নয়, Agriculture-কে প্রশ্ন করুন।

**শ্রীবিজয় দাস :** এ বছর মে মাসে জল সরবরাহের জন্য কোন ব্যবস্থা ওখানে করা হবে কি না ?

**Mr. Speaker :** The question does not arise.

## রেমন ইঞ্জীনিয়ারিং কারখানা ও আরতি কটন মিলস্

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৩।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রেমন ইঞ্জিনীয়ারিং কারখানা ও আরতি কটন মিলস্ দীর্ঘ চার বৎসর যাবৎ বন্ধ রয়েছে ;

(খ) সত্য হলে, বন্ধের কারণ কি ; এবং

(গ) সরকার এই দুইটি কারখানা খুলবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন বা করছেন ?

**ডাঃ গোপাল দাস নাগ :**

(ক) হ্যাঁ।

(খ) আরতি মিলের বিষয় ভারত সরকার আইন অনুসারে তদন্ত করাইয়াছেন। তদন্ত কমিটির মতে পরিচালনার ত্রুটির জন্যই মিলটি বন্ধ হইয়াছে।
নানা মামলায় জড়িত রেমন ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত আইনানুগ তদন্ত এখনও সম্ভব হয় নাই। তবে অনুমান করা যায় যে এক্ষেত্রেও পরিচালনার অব্যবস্থাই কারখানাটির বর্তমান অবস্থার কারণ।

(গ) আরতি মিলের আইনানুগ তদন্ত রাজ্য সরকারের সুপারিশেই হয়, কিন্তু ঐ তদন্তে মিলের বর্তমান অবস্থার যে স্বরূপ প্রকাশ পায় তাহাতে ভারত সরকার মিলটির চালাবার দায়িত্ব গ্রহণ যুক্তিসংগত মনে করেন নাই। রেমন ইঞ্জিনিয়ারিং-এর তদন্ত যাহাতে সম্ভব হয় সে বিষয়ে চেষ্টা চলিতেছে। উল্লেখ্য যে প্রতিষ্ঠানটি বর্তমানে কোর্টে লিকুইডেশনের জন্য বিচারাধীন আছে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** এই আরতি কটন মিল সম্পর্কে ত্রাণ ও পুনর্বাসন দপ্তর যে .৬ লক্ষ টাকা ঋণ লইয়াছিল—তা এখন সুদে-আসলে ১২ লক্ষ টাকায় ডিগ্রী হয়েছে। ত্রান ও পুনর্বাসন দপ্তর থেকে এটার দখল করা হচ্ছে না—যদিও শ্রম দপ্তর থেকে কারখানাটা চালু করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। এ কথা কি সত্য?

**ডা: গোপালদাস নাগ:** হ্যাঁ, একথা সত্য। রিলিফ দপ্তর থেকে টাকা দেওয়া হয়েছিল এবং সুদে-আসলে তা এখন অনেক বেশী টাকা হয়ে গেছে। এটা সত্যি অনুমান করা গিয়েছিল যে ভারত সরকার National Textile Corporation-এর মাধ্যমে এটা চালাবার ব্যবস্থা করতে পারেন। কিন্তু পরে দেখা গেল ঐ কারখানার এখন কোন যন্ত্রপাতি আর অবশিষ্ট নাই—যার দ্বারা পুনরায় ঐ কারখানাটি চালু করা সম্ভব হয়। সব ভেঙ্গে ফেলে দিয়ে—নতুন যন্ত্রপাতি বসিয়ে তবে চালু করা সম্ভব। বর্তমানে সেই প্রস্তাব পরিত্যক্ত হয়েছে। এখন পরীক্ষা করে দেখা হচ্ছে রিলিফ দপ্তর যে টাকা কারখানাকে ধার দিয়েছিল তার বিনিময়ে সমস্ত রকম encumbrance-free করে হাই কোর্টের অনুমতি নিয়ে ওটা গ্রহণ করতে পারে কিনা। তা যদি সম্ভব হয়, তাহলে ঐ কারখানা নতুন করে গড়ে আবার চালানো সম্ভব হবে।

[1-30—1-40 p.m.]

**শ্রীমৃগেন মুখার্জী:** ২৬. ১২. ৭১ তারিখে আনন্দবাজার পত্রিকায় এবং আকাশবানী থেকে একটা সংবাদ দেওয়া হয়েছিল যে বৈদেশিক বাণিজ্য মন্ত্রী শ্রী এল. এন. মিশ্রের সংগে একটা আলোচনা রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে হয়েছে। এবং সেই রিপোর্টে বলা হয়, শতকরা ৪৯ ভাগ রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার ৫১ ভাগ দিয়ে ৬টি মিলকে ১৯৭২ সালের ৩১ মার্চের মধ্যে খোলা হবে অথচ এখানে দেখা যাচ্ছে যে সরকার রাজি হন নি। তাহলে আগে এনকোয়ারি পরে রিপোর্ট, না আগে রিপোর্ট পরে এনকোয়ারি! এই নিউজটা বুঝতে পারছি না।

**ডা: গোপাল দাস নাগ:** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, একটা সময় এইটা বিবেচনা করা হয়েছিল যে ন্যাশন্যাল টেকসটাইল কর্পোরেশন গ্রহণ করে নতুন করে চালাতে পারবে, কিন্তু পরে অনুসন্ধান করে দেখা যায় যে এর এমন কিছুই স্পিনাডল ভাল অবস্থায় নেই যার দ্বারা আবার কারখানাটি চালু করা যায়। এটা যদি চালু হয় করতে তাহলে নতুন করে আরও দু-একটি কারখানা বন্ধ করতে হবে। সেই প্রশ্ন বিবেচনা করে এই ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের প্রস্তাবটি রিলিফ, রিলিফ-রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট ভালভাবে পরীক্ষা করে দেখছে। এক কথা আমি আগেই বলেছি।

**শ্রীমৃগেন মুখার্জী :** মন্ত্রিমহাশয় বলেছেন যে, অনুমান হতে পারে, অনুসন্ধান বা এনকোয়ারী এই অনুমানের বা অনুসন্ধানের ভিত্তি কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** সেটা আমি জানি না, যাঁরা করেছিলেন তাঁরা বলতে পারবেন।

**শ্রীমৃগেন মুখার্জী :** আপনার দপ্তর করেছিল কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** না, আমার দপ্তর করে নি। ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট এণ্ড রেগুলেশন এ্যাক্টএর মধ্যে এটা, এর কাসটোডিয়ান ভারত সরকার।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** এক জন অবাঙ্গালী সুদখোর ঐ মিলটা চালাবার জন্য টাকা ধার দিতে রাজি হয়েছে, এবং সে সরকারী দপ্তর থেকে জানতে পেরেছে যে এইটা নেওয়া হবে না। সেই-জন্য সে মালিকের সঙ্গে যোগাযোগ করছে এবং বলছে যে আমি টাকা দেব কারখানা খোল।

**ডঃ গোপাল দাস নাগ :** এই রকম আমাদের কাছে কোন খবর নেই।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** রেমন কারখানার, শ্রী বি,জি, রায় যিনি আই,আর,সি-র টেকনিক্যাল ডিরেকটর, তিনি একজন স্যাথানে পছন্দমত মেনেজিং ডিরেকটর দেবার জন্য টালবাহানা করছেন, অথচ রেলওয়ে বোর্ড থেকে ভার্বালি বলা হয়েছে তাঁরা ওয়াগানের অর্ডার দেবেন। টেকনিক্যাল এনকোয়ারী কমপ্লিট হয়ে গিয়েছে এবং টেকনিক্যাল এনকোয়ারীতে বলা হয়েছে যে রেমন চালান যাবে। সমস্ত রিপোর্টটি আছে, অথচ ওয়াগন-এর ব্যাপারে টালবাহানা চলছে এবং বি, জি, রায় তার ম্যানেজিং ডিরেকটারকে দেবার জন্য টালবাহানা করছেন। মাননীয় শ্রমমন্ত্রীকে এই ব্যাপারে একটু আলোকপাত করতে বলছি।

**ডঃ গোপাল দাস নাগ ঃ** ভেতরের এত খবর আমাদের জানা নেই। তবে এইটুকু জানি যে রেমন ইনজিনীয়ারিং কারখানা বর্তমানে যে কার্যকারী অবস্থায় আছে তাতে ওদের প্রায় শতকরা ৬০ থেকে ৭০ ভাগ খালি রেলওয়ে ওয়াগন করা যেতে পারে, বাকি ৩০ ভাগ যা রেলওয়ে ওয়াগন ছাড়া অন্য জিনিস তৈরী করা সম্ভব, সুতরাং ঐটা ভারত সরকারের কাছ থেকে একটা গ্যারেন্টি না পেলে সেখানে এই ধরনের ওয়াগনের অর্ডার দিতে পারি না। এখানে টেকনিক্যাল কোলাবরেশনের প্রশ্ন আছে। যেমন ইনজিনীয়ারিং কারখানা খুলে পুরাতন ম্যানেজমেণ্টের হাতে দিতে চাই না এবং মাননীয় সদস্য নিশ্চয়ই এই আহ্বান করবেন না। এব এর সাথে অনেক রকম মামলা রয়েছে সেগুলি সহজ সরল করতে হবে। তবে আমি জানাতে পারি মাননীয় সদস্য মহাশয়কে যে রেমন ইনজিনীয়ারিং কারখানাটি আমরা রাইট অফ করে দিচ্ছি না। ঐটা খোলার জন্য আমরা সাধ্যমত চেষ্টা করছি এবং নিশ্চয়ই একটা কিছু সুত্র বার করতে পারব যেটা ভারত সরকারের কাছে গ্রহণযোগ্য হবে এবং কার্য্যকরী করা আমাদের পক্ষে সম্ভব হবে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** প্রত্যেকবার শ্রম দপ্তর থেকে বলা হচ্ছে যে লিকুইডেসন ডেট পড়ে সেখানে শ্রম দপ্তরের সেক্রেটারিয়েট থেকে এবং আই,আর,সি,থেকে ম্যাজিষ্ট্রেটের কাছে যাচ্ছে এবং আলোচনা হচ্ছে যে খোলা হবে এবং এই করতে করতে ডেফার হচ্ছে এবং সর্বশেষ যে দিন দেওয়া হয়েছে লিকুইডেসনের ঐ ৯ই মে এবং লেটেষ্ট আই,আর,সি, থেকে যে পাঠানো হয়েছে তাতে বলা হয়েছে যে ৫ই মে ডিসকাসন হয়ে যাবে। আমি শ্রমমন্ত্রীকে জানাতে চাই যে এই কেবল জলের তলায় ডুবে যাচ্ছে পরে আর তোলা যাবে না। তখন আবার শ্রমদপ্তর জানাবেন কি যে অনেক দেরী হয়ে গেছে, মেসিনারী খারাপ হয়ে গেছে, আগে বলেছিলাম কিন্তু এখন

অনুসন্ধান করে জানা যাচ্ছে যে খোলা যাচ্ছে না—এই সম্পর্কে শ্রমমন্ত্রী মহাশয় কিছু জানাবেন কি ?

**ডঃ গোপাল দাস নাগ :** এ বিষয়ে শ্রম দপ্তরের কিছু করবার নেই। আমি আগেই বলেছি যে এটা যদি লিকুইডেসনে যায় এবং সমস্ত এনকামব্রেন্স নিয়ে যদি এটাকে গ্রহণ করা যায় তাহলে সেটা আইনত সুবিধা হবে এবং দায়-দায়িত্ব সীমাবদ্ধ থাকবে। সুতরাং লিকুইডেসনকে আমরা পছন্দ করি এবং এই লিকুইডেসনের মাধ্যমে সরকার রিজার্ভ প্রাইসে গ্রহণ করতে পারবেন তাতে ভাল হবে। সেদিকে তাই চেষ্টা করে দেখা যাচ্ছে যে সহজে দায়-দায়িত্বমুক্ত হয়ে কারখানাকে সরকারী পরিচালনাধীনে আনার একটা ভাল প্রতিশ্রুতি ইঞ্জিনীয়ারিং কোম্পানী সেগুলি টেকনিক্যাল কোলাবরেসনের মধ্য দিয়ে নিয়ে এসে এই কারখানা চালু করা যাবে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** মাননীয় শ্রমমন্ত্রী এই সদিচ্ছা পোষণ করেন কি যে আরতি কটন মিল ও রেমন কারখানা চালু হবে এবং তা চালু হলে কত দিনের মধ্যে খুলতে পারে ?

**ডঃ গোপাল দাস নাগ :** কোন টাইম-বাউণ্ড প্রোগ্রাম দেওয়া সম্ভব নয়, আমি আবার জানাচ্ছি এবং আগেও বলেছি যে কোন কারখানা রাইট অফ করার ইচ্ছা সরকারের নেই। সব কারখানাতেই যতটুকু আছে তার সুযোগ নিয়ে যাতে আরও কর্মসংস্থান করা যায় তার দিকে সযত্নে চেষ্টা করবো।

**শ্রীএ. এম. ও গনি :** মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে, মাননীয় সদস্য যেসব ভেতরের খবর দিলেন তা ওনার জানা নাই। তাহলে কি সরকারের কোন মেসিন নাই যাতে এই সব খবর পাওয়া যায় ? কারণ যেসব খবর ঘটনা হয়ে গেছে, যেগুলি সাধারণ সদস্যরা জানেন, সেগুলি আপনার জানা নাই ?

**ডঃ গোপাল দাস নাগ :** মাননীয় সদস্য যে কথা বলেছেন সেটা অন্য একটা ইনষ্টিটিউসনের ব্যাপার। কোন একজন কর্মচারী ব্যক্তিগত মতামত যদি কিছু করে থাকেন সে সম্বন্ধে খবর রাখা সম্ভব নয়। যদি এটা কোন অফিসিয়াল রিপোর্ট হোত তাহলে নিশ্চয় সরকার খবর রাখতেন। কিন্তু সেই প্রতিষ্ঠানের কোন অফিসার ব্যক্তিগতভাবে কোন বন্ধু-বান্ধবের কাছে তাঁর ব্যক্তিগত মতামত যদি প্রকাশ করে থাকেন তাহলে সেটা গ্রহণযোগ্য কি বিশ্বাসযোগ্য সেকথা হচ্ছে না—তবে সেই খবর সরকার রাখেন না, রাখার প্রয়োজনও মনে করেন না।

## 'কাঁঠুয়া' মাঠের জলনিকাশের পরিকল্পনা

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২।) **শ্রীআফতাবউদ্দিন মণ্ডল :** সে› ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক, হাওড়া জেলার সর্ববৃহৎ শস্যক্ষেত্র "কাঁঠুয়া" মাঠের জলনিকাশের জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে কি ধরনের পরিকল্পনা করিয়াছেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী :** (ক) হ্যাঁ।

(খ) এক কোটি সাত লক্ষ টাকা ব্যয়ে উলুবেড়িয়া মহকুমার জন্য একটি সার্বিক জলনিকাশী

পরিকল্পনা সি, এম, ডি, এ, কর্তৃপক্ষ তাহাদের ১৯৭১-৭২ সালের প্রোগ্রামে অন্তর্ভূক্ত করিয়াছেন। কাঁদুয়া মাঠের জলনিকাশী ব্যবস্থা উক্ত পরিকল্পনার অন্তর্ভূক্তির জন্য বিবেচনাধীন আছে। তাহা ছাড়া এই মাঠের উত্তর দিকে একটি জলনিকাশী খাল খনন করা নিম্ন দামোদর পরিকল্পনার অন্তর্ভূক্ত করা হইয়াছে। এই খাল খনন হইলে উত্তর দিকের জল মোটেই এই নিম্ন এলাকায় ঢুকিতে পারিবে না।

**শ্রীআফতাবউদ্দিন মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে একটা নূতন খাল খনন করে উত্তর দামোদরের সঙ্গে সংযুক্ত করা হবে। সেই খালটার নাম কি জানাবেন যেটা নিয়ে এতো গোলমাল হচ্ছে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** এই কাদুয়া মাঠটা হচ্ছে খুব নীচু জায়গা। এখানকার জল বের করার জন্য আমরা কতকগুলি স্কীম নিয়েছি। একটি হচ্ছে লোয়ার দামোদর স্কীম—তাতে খাল খনন করার চেষ্টা করা হচ্ছে। যে জন্য আমাদের খুব অপোজিসন ফেস করতে হচ্ছে। এটা সি, এম, ডি, এ-এর এনটায়ার স্কীমে করা হয়েছে। এইরকম আরও দু-একটি স্কীম লডাউন করার চেষ্টা হচ্ছে যাতে ঐ লো ল্যাণ্ড থেকে জল বের করা যায়। আর আপনি যে নামটির কথা জিজ্ঞাসা করলেন সেটা আমি এখন বলতে পারছি না—নোটিশ দিলে বলতে পারি।

[ 1-40—1-50 p.m. ]

**আফতাবউদ্দিন মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই খাল কাটান কত দিন নাগাদ সম্পন্ন হবে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** আমাদের acquisition নিয়ে গোলমাল হচ্ছে। কাজেই তাড়াতাড়ি acquisition করার চেষ্টা হচ্ছে, হলে তারপর কাজ আরম্ভ করা যাবে।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কাঁদুয়া খালের মুখে, উলুবেড়িয়ার হুগলী নদীর মুখে যে sluice gate হবার কথা ছিল CMDA-এর প্ল্যানে সেটা কবে আরম্ভ হবে। কারণ বর্ষা গতপ্রায়। আমরা শুনেছি যে মালপত্র কিছু কিছু উলুবেড়িয়ার ডাকবাংলোতে পড়েছে। দীর্ঘদীন ধরে শুনে আসছি যে CMDA-এর প্ল্যানে একটা sluice gate হবে। এখন পর্যন্ত তার কাজ আরম্ভ হওয়ার প্রস্তুতি দেখছি না কাজেই এটা কবে আরম্ভ হবে এবং এই বর্ষার আগে শেষ হবে কিনা ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** আপনারা ভাল করে জানেন যে আমাদের টাকা পয়সার জন্য আমরা অনেক কাজ আরম্ভ করতে পারি নি। CMDA আমাদের অনেক কাজ করে দিয়েছে। আমরা এটা CMDA-এর মধ্যে এনে কাজ আরম্ভ করার চেষ্টা করছি।

**শ্রীআফতাউদ্দিন মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই কাঁদুয়ার মুখে জল নিকাশের ব্যবস্থা সম্পন্ন করার জন্য শ্যামপুর থেকে ফাগুয়ানা পর্যন্ত খাল খনন করার জন্য সরকার থেকে একটা প্রচেষ্টা চালান হয়েছিলো সেটা বাস্তবে রূপায়িত হয়নি। সেটা বাস্তবে রূপ দেবেন কি ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** নোটিশ চাই।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে হুগলী নদীর মুখে, কাঁদুয়া খালের মুখে যে sluice gate হওয়ার কথা আছে, ঐ gate যদি হয়, ওখানকার আমতা, উলুবেড়িয়ায় হাজার হাজার চাষী ঐ gate হবার জন্য অত্যন্ত আনন্দিত হয়েছে কিন্তু এখন তারা হতাশ হয়ে পড়েছে যে গণতান্ত্রিক সরকার এই CMDA plan-এ এখানে হবার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু এখন পর্যন্ত না হবার জন্য। বর্ষা এসে গেছে। হুগলী নদীতে যেভাবে জোয়ার উঠছে তাতে আশেপাশে যেসব জমি আছে তাতে নোনা জল ঢুকে যাচ্ছে এবং যেসব ফসল হচ্ছে তা সব নষ্ট হয়ে যাচ্ছে।

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** জল নিকাশের জন্য একটা পরিকল্পনা আছে। সেই পরিকল্পনায় তাড়াতাড়ি কাজ চালু করা হবে, এবং আপনারা জানেন ওখানে কয়েকটি খাল আছে নবীনবাবু খাল, ভুজবপুরের খাল ইত্যাদি অনেক খাল আছে। এই খালগুলি সংস্কার করলে অবস্থা ভাল হতে পারে এবং সেটা চিন্তা করছি।

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় CMDA পরিকল্পনা মধ্যে কোন্ কোন্ খাল গুলি অন্তর্ভূক্ত করা হয়েছে সেটা জানাবেন কি ?

**Mr. Speaker :** This supplementary does not arise.

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় CMDA পরিকল্পনা অনুযায়ী যদি খাল খনন করা যায় আমার ধারণা কাঁদুয়ার মুখের জল সরানোর সমস্যার সমাধান করা যাবে না এবং এই problem থেকেই যাবে। কেঁদুয়ার উত্তর থেকে দক্ষিনের—

**Mr. Speaker :** It is a matter of opinion.

## বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮।) **শ্রীপ্রফুল্ল মাইতি :** সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পটাশপুর থানার বারচৌকা বেসিনের বন্যানিয়ন্ত্রণের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(২) থাকিলে—

(ক) কবে এই কাজ আরম্ভ করা হবে ; এবং

(খ) ঐ প্রকল্প বাবদ কত অর্থ বরাদ্দ করা হয়েছে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** (১) হঁ্যা।

(২) (ক) চতুর্থ পরিকল্পনার সীমিত বরাদ্দের মধ্যে এই প্রকল্পের রূপায়ণের জন্য অর্থ বরাদ্দ করা সম্ভব হয় নাই বলিয়া, বর্তমানে এই প্রকল্পের কাজ আরম্ভ করিবার কোন প্রস্তাব নাই।

(খ) 'ক' অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন ওঠে না।

**শ্রীপ্রফুল্ল মাইতি ঃ** অর্থ বরাদ্দ কবে নাগাদ পাওয়া যেতে পারে এমন কোন আশ্বাস মন্ত্রিমহাশয় দিতে পারবেন কি ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী ঃ** এই ষ্টেজে আমরা কোন আশ্বাস দিতে পারব না। তবে আমরা ইণ্ডিয়া গভর্ণমেণ্টের কাছে টাকা চেয়েছি, টাকা পেলে আমরা তাড়াতাড়ি কাজ আরম্ভ করবো।

**শ্রীপ্রফুল্ল মাইতি ঃ** মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে ঐ এলাকায় পর পর বন্যার ফলে গত ৫।৬ বছরের মধ্যে একবারও চাষ হয়নি।

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী ঃ** আমাদের স্কীমের মধ্যে এটা আছে, কিন্তু টাকার অভাবে আমরা করতে পারছি না। টাকা চেয়েছি, টাকা পেলেই কাজ আরম্ভ করে দেব।

## ডাবুর স্লুইস গেট

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০।) **শ্রীপঞ্চানন সিন্‌হা ঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যানিং থানার ডাবুর (২৪-পরগণা) স্লুইস গেট কোন্ সালে কত টাকা ব্যয়ে তৈয়ারি করা হইয়াছিল ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত স্লুইস গেট তৈয়ারির কিছুকালের মধ্যেই অকেজো হইয়া পড়ে ;

(গ) সত্য হইলে, এ বিষয়ে কোন তদন্ত হইয়াছিল কিনা এবং হইলে তাহার রিপোর্ট কি ; এবং

(ঘ) ঐ এলাকার জলনিকাশের জন্য কোন বিকল্প ব্যবস্থা করা হইয়াছে কিনা এবং হইলে, কি কি ব্যবস্থা করা হইয়াছে এবং কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** (ক) ডাবুর Sluice gate ১৯৫৭ সালে ১৪ লক্ষ ২১ হাজার টাকা ব্যয়ে তৈরী করা হইয়াছিল।

(খ) হ্যাঁ, নির্মাণের অনতিকাল পরেই একটা ঘুর্ণীবার্ত্তা দেখা যায়। Sluice gateটি আর কাজে লাগানো যায় নি।

(গ) এ সম্পর্কে Centre এক উচ্চ পর্য্যায়ের তদন্তের ব্যবস্থা করিয়াছেন। কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশন ও পশ্চিমবঙ্গের নদী গবেষণা সংস্থার উচ্চপদস্থ কর্মচারীগণ এই তদন্ত করিয়াছিলেন। নদী গবেষণা সংস্থা তাহাদের ১৯৬১ সালের বার্ষিক বিবরণীতে এই স্লুইস অব্যবহার্য্য হইয়া যাওয়ার কারণ বর্ণনা করিয়াছেন। বিস্তৃত বিবরণ এখানে বলা সম্ভব নহে।

(ঘ) ডাবু স্লুইস অব্যবহার্য্য হইয়া পড়ার পর ঐ অঞ্চলের জল নিষ্কাশনের সাময়িক সুরাহার জন্য ১৯৫৯ সালে একটি ... নির্মাণ করা হয়। বর্তমানে ৯ লক্ষ ৬৯ হাজার টাকা ব্যয়ে জল নির্গমনকারী একটি দশ ভেণ্ট বিশিষ্ট... ...নির্মাণ করা হইতেছে। সিমেণ্ট ও......... ... এর অভাবের জন্য নির্মাণের কাজ কিছুটা বিলম্বিত হইতেছে। বাংলাদেশের যুদ্ধের জন্য wagan-এর অভাব হয় ফলে প্রয়োজনীয় মাল-মশলা সংগ্রহে বিলম্ব হয়।

**শ্রীপঞ্চানন সিংহা ঃ** মন্ত্রিমহাশয় বললেন ডাবুর স্লুইস গেট ১৯৫৭ সালে প্রায় ১৫ লক্ষ টাকা খরচ করে করা হয়েছিল এবং কিছুদিনের মধ্যে সেটা অকেজো প্রমাণিত হয়। এই ডাবুর স্লুইস গেট তৈরী হবার কত মাস বাদে বা কত বছর বাদে এই ডিফেক্ট ধরা পড়ল সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী :** সেটা আমি বলতে পারছি না, নোটিশ দিলে

বলতে পারব। তবে এ নিয়ে বহু তদন্ত হয়েছে এবং তদন্ত হবার পরে আমি আপনাকে যে উত্তর দিলাম দ্যাট ইজ দি ফাইনডিংস অব দি এক্সপার্টস।

**শ্রীসুধীরচন্দ্র দাস** : এই যে তদন্ত হয়েছে সেই তদন্তে কাকে দায়ী করা হয়েছে, এই স্লুইশ গেট অকেজো হয়ে থাকায় জন্য দায়ী কে সেটা বলবেন কি ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী** : রিপোর্ট আমার কাছে নেই, নোটিশ দিলে আমি বলতে পারব।

**শ্রীপঞ্চানন সিন্‌হা** : ১৫ লক্ষ টাকা খরচ করে এই যে স্লুইস গেট তৈরী হল, তৈরী হবার কতদিন পরে বা ক-বছর পরে অকেজো প্রমাণিত হল সে সম্পর্কে মন্ত্রিমহাশয় কিছু বলতে পারছেন না, তাঁর উত্তরে তিনি এটা জানালেন। তবে আমি সেখানকার বাসিন্দা হিসাবে মন্ত্রিমহাশয়কে ফর ইনফর্মেসন জানাতে পারি যে স্লুইশ গেট উদ্বোধন হবার প্রায় সঙ্গে সঙ্গেই অকেজো হয়ে পড়ে। এইভাবে সরকারের ১৫ লক্ষ টাকা নোনা জলে ডুবিয়ে দেওয়া হয়েছে, মন্ত্রিমহাশয় এটা খবর নিলে জানতে পারবেন। আমি এ বিষয়ে খুব ইন্টারেষ্টেড ছিলাম। উনি জানালেন যে এই তদন্তের রিপোর্ট এখন পর্যন্ত আনাতে পারেন নি। যাই হোক, মাননীয় শ্রীসুধীর দাস মহাশয়ও এ বিষয়ে জানতে চাইলেন, কিন্তু সেটারও কোন সদুত্তর পাওয়া গেল না। এখন নতুন যে স্লুইশ গেট তৈরী করা হচ্ছে সেটার জল নিষ্কাশণ ক্যাপাসিটি কত মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

[ 1-50—2-00 p.m. ]

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী** : কতটা জল যাবে বলা মুশকিল। তবে ৯ লক্ষ ৬৯ হাজার টাকা খরচ হবে। বিস্তারিত নোটিশ না দিলে বলতে পারবো না।

**শ্রীপঞ্চানন সিন্‌হা** : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে স্লুইস গেট তৈরী হচ্ছে এবারে বর্ষার পূর্বে তার কাজ শেষ হবে কিনা বা এই জলনিকাশের যে অব্যবস্থা আছে সেই অব্যবস্থা এবারে বর্ষার পূর্বে শেষ হবে কিনা ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী** : আপনারা জানেন যে মেটিরিয়ালের অভাবে অনেক কাজ যে স্পিডে চলা উচিত সে স্পিডে চলছে না। আমরা মেটিরিয়াল যোগাড় করবার চেষ্টা করছি, পেলে আমি বলতে পারি হয়ত হয়ে যেতে পারে। তবে হানড্রেড পাসসেন্ট এ্যাসিওরেন্স দিতে পারছি না।

**শ্রীপঞ্চানন সিন্‌হা** : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পুরাতন অজেজো যে শ্লইস গেটটি রয়েছে যেটি নির্মাণ করতে প্রায় ১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছিল সেই গেটটি কি সরকার এ্যাবাণ্ডন করলেন ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury** : Mr. K. L. Rao and other experts investigated the matter and they said that was not lit for the purpase.

**শ্রীপঞ্চানন সিন্‌হা** : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, স্লুইস গেটের সংলগ্ন যে খাল আছে সেই জলনিকাশী খালের দুই পাড়ের মধ্যে দক্ষিণ পাড়ে একটি ভেড়ী আছে কিন্তু উত্তর পাড়ে কোন ভেড়ী নেই, এটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতায়াল গণি খান চৌধুরী** : এ প্রশ্ন ওঠে না।

**Mr. Speaker** : Starred questions Nos. *178 and *179 are held over.

## সেচ বিভাগে নিযুক্ত অবসরপ্রাপ্ত অফিসার ও চিফ ইঞ্জিনীয়র

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৯) **শ্রীতুহিন কুমার সামন্ত**: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এমার্চ, ১৯৭২ তারিখে সেচ ও বিদ্যুৎ বিভাগে কতজন অবসরপ্রাপ্ত অফিসার পুনর্নিযুক্ত হইয়া বিভিন্ন পদে নিযুক্ত আছেন ;

(খ) ইহাদের বেতন কত ;

(গ) এই বিভাগের কোন অফিসারের বিরুদ্ধে কোনও ভিজিলেন্স রিপোর্ট আছে কি ;

(ঘ) থাকিলে, কতজনের বিরুদ্ধে অভিযোগ আছে ;

(ঙ) এই বিভাগে কয়জন চিফ ইঞ্জিনীয়র আছেন ;

(চ) এই সংখ্যা বৃদ্ধির কোন প্রয়োজনীয়তা সরকার অনুভব করিতেছেন কিনা ; এবং

(ছ) বর্তমান চিফ ইঞ্জিনীয়ারগণ কি পদ্ধতিতে নিযুক্ত হইয়াছেন ?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খান চৌধুরী :**

(ক) সেচ বিভাগে একজন মাত্র

(খ) ইহার বেতন সর্বসমেত ২৫০০ টাকা, কিন্তু উহা হইতে ইহার পেনসন (pension) ইত্যাদি বাবদ ৬২৫ টাকা ৫৫পঃ বাদ যায়।

(গ) হ্যাঁ, সেচ বিভাগে আছে।

(ঘ) দশজনের বিরুদ্ধে।

(ঙ) সেচ বিভাগে Chief Engineer এবং Chief Engineer ক্ষমতাসম্পন্ন একজন উত্তর বঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান আছেন।

(চ) সরকার এ সম্বন্ধে বর্তমানে বিবেচনা করিতেছেন।

(ছ) তিনজন Chief Engineer সকলেই Superintending Engineers পদ হইতে পদোন্নতি হইয়াছে। উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান এই বিভাগের একজন অবসরপ্রাপ্ত Chief Engineer এবং তাঁহাকে ঐ পদে পুনর্নিযুক্ত করা হইয়াছে।

**শ্রীতুহিন কুমার সামন্ত:** যে সমস্ত অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স রিপোর্ট আছে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তার গুরুত্ব অনুভব করে তাদের সম্বন্ধে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করছেন কি না।

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী :** নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবো। তবে ষ্টেজেস আছে। সেই ষ্টেজেসে ফাইনালিটি না এলে ব্যবস্থা অবলম্বন করা যায় না। আপনাদের একটু আগে বলেছি ১০টি ভিজিলেন্স কেস সম্বন্ধে। তারমধ্যে একজন অফিসারের বিরুদ্ধে প্রসিডিংস হয়ে গিয়েছে এবং পি. এস. সি-তে পাঠানো হয়েছিল, পি, এস, সি. রেকমেণ্ডেসান আমাদের কাছে পাঠিয়েছেন। আমরা তার বিরুদ্ধে এ্যাকসান শীঘ্রই নিচ্ছি। চার জন অফিসারের বিরুদ্ধে প্রসিডিংস ড্র করা হয়েছে এবং এনকোয়ারিং অফিসার তার শুনানি করছেন। আর একজন অফিসারের বিরুদ্ধে প্রসিডিংস ড্র করা হয়েছে। চার জনের বিরুদ্ধে যে অভিযোগ আছে তা এখনও প্রাইমাফেসি ষ্টেজে আছে, এখনই কিছু বলা যায় না।

**শ্রীতুহিন কুমার সামন্ত:** যে সমস্ত অবসরপ্রাপ্ত অফিসারের পুনর্নিয়োগ হয়েছে তাদের কোন ভিত্তিতে পুননিয়োগ করা হয়েছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতায়ুল গনি খাঁন চৌধুরী:** এটা মাননীয় সদস্য খুব ভাল করে জানেন যে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া নিয়েছিলেন যখন প্রেসিডেণ্ট রুল ছিল। সুতরাং গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া এটা নিশ্চয়ই চিন্তা করে নিয়েছেন।

**শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায়:** একথা কি সত্য যে আপনার বিভাগে সব থেকে বেশী রিটায়ার্ড অফিসার এবং ইঞ্জিনিয়ারদের পুনর্বাসন দেওয়া হয়েছে ?

**মিঃ স্পীকার:** দিস কোয়েশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীঅজিত কুমার বন্দ্যোপাধ্যায়:** মিঃ স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে বলতে চাই যে মাননীয় রাজ্যপাল বার বার কথা দিয়েছেন কোন রিটায়ার্ড অফিসার বা রিটায়ার্ড ইঞ্জিনিয়ারদের রি-এমপ্লয়েড করা হবে না। কিন্তু সেচ বিভাগে সব থেকে বেশী রিটায়ার্ড অফিসার বা রিটায়ার্ড ইঞ্জিনিয়ারদের রি-এম্পলয়েড করা হয়েছে। সুতরাং এই বিভাগ রাজ্যপালের যে নির্দেশ সেটাকে কি ভাওলেট করে নি ?

**মিঃ স্পীকার:** কত নম্বরের প্রশ্ন হচ্ছে সেটা আপনি জানেন তো ? কত নাম্বার বলুন ?

**শ্রীঅজিত কুমার বন্দ্যোপাধ্যায়:** এ্যাডমিটেড কোয়েশ্চেন নাম্বার ৩৯৯ এবং স্টারড কোয়েশ্চেন নামার ১৮১।

**Mr. Speaker:** On this question two answers have been supplied to me—one from the Irrigation Department and the other from the Electricity Department, and hence there is some confusion in this particular matter.

**শ্রীঅজিত কুমার বন্দ্যোপাধ্যায়:** মিঃ স্পীকার, স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি একথা কি সত্য যে ইরিগেশান ডিপার্টমেণ্টে সব থেকে বেশী রিটায়ার্ড অফিসারদের নিযুক্ত করা হয়েছে এবং রাজ্যপাল যে কথা দিয়েছেন ১৭ই মে তারিখে যে কোন রিটায়ার্ড অফিসারকে আর রি-এ্যাবজর্ব করা হবে না, কিন্তু এইভাবে তাদের রি-এ্যাবজর্ব করার ফলে রাজ্যপালের নির্দেশকে কি ভাওলেট করা হয়নি ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdury:** Retired Officers are not being re-employed. প্রেসিডেণ্ট রুলের সময় স্পেসিফিক্যালি গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার রেকমেণ্ডেসানে নর্থ বেংগল ফ্লাড কন্ট্রোলের চেয়ারম্যান মিঃ মুখার্জীকে রি-এম্পলয়েড করা হয়েছিল।

**শ্রীতুহিনকুমার সামন্ত:** এই সমস্ত অফিসারদের আর ফারদার রিএমপ্লয়েড করার কথা চিন্তা মন্ত্রিমহাশয় করছেন কি ?

**Shri Abul Berkat Atawal Ghani Khan Chowdhury:** I can assure the honourable Member that they will never get extension.

**শ্রীবিজয় সিং নাহার:** মিঃ স্পীকার, স্যার, আপনি বললেন এই প্রশ্নের দুটো উত্তর এসেছে। মাননীয় মন্ত্রিমহাশয় কেবল সেচ বিভাগের উত্তর দিয়েছেন, বিদ্যুৎ বিভাগের উত্তর আমরা শুনতে পাইনি। সেটা কি আর একবার উত্তর দেওয়া হবে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খাঁন চৌধুরী:** হাঁ।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন সেচ বিভাগের একজন এসিসট্যান্ট ইঞ্জিনীয়ার মাল পাচার করবার জন্য আজকে গ্রেপতার হয়েছে ?

( নো রিপ্লাই )

[ 2-00—2-10 p.m. ]

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কতজন চিফ ইঞ্জিনীয়ার এখন আমাদের আছেন ও আগে কতজন ছিলেন ?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খান চৌধুরী ঃ** ২ বছর আগে ২জন ছিল,তিনজন এখন করা হয়েছে ও দরকার হলে চারজন করা হবে যদি পারফরমেন্স থাকে। আমরা কাজ করতে চাই।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আগে একজন চিফ ইঞ্জিনীয়ার এত কাজ করতো। আগে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বর্তমানে কি তারচেয়ে বেশী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ?

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খাঁন চৌধুরী ঃ** পূর্বে ২২ বছরে যা হয়নি আমরা তিন বছরে তা করবো।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় গতকাল আমাদের হাউসে আমাদের একটা রিটিন এনসার দিয়েছিলেন, তাতে বলা হয়েছিল যে ১৯৭২-৭৩ সালে বর্ধমান জেলার কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ করা হবে। উত্তরটা বিভ্রান্তিকর ও অসম্পূর্ণ। আমি দাবী করছি যে অবিলম্বে বিভাগীয় মন্ত্রিমহাশয় হাউসে একটা ষ্টেটমেণ্ট করুন ও মন্ত্রি মহাশয় আমাদের বিভ্রান্তি দূর করুন যে আগামী ৭২-৭৩ সালে বর্ধমান জেলার কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ করা হবে। এর একটা সঠিক হিসাব তিনি আমাদের হাউসে দিন।

**শ্রীআবুল বরকত আতায়াল গনি খাঁন চৌধুরী ঃ** আমি সমস্ত কিছুই আপনাকে বলেছি। তাছাড়া যদি আপনি বলেন তবে আমি পরে ষ্টেটমেণ্ট করবো।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা ষ্টেট বাস ওয়ার্কার্স ইউনিয়ন এর একটা মিছিল এখানে উপস্থিত হয়েছে। সেই মিছিলকে এসপ্ল্যানেডে আটক করে রেখেছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তাদের কাছে উপস্থিত হতে ও তাদের বক্তব্য শুনতে। আমি আশা করবো মন্ত্রিমহাশয় এ বিষয়ে কিছু বলবেন।

**Mr Speaker :** Starred held over questions No. 123, 129 and 130 are also held over today.

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় স্পীকার মহাশয় আমি একটা শর্ট নোটিশের কোশ্চেন দিয়েছিলাম সেটা সেদিন হেল্ড ওভার হয়, আজও হেল্ড ওভার হচ্ছে। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাগজে বেরিয়েছে স্ক্যানডেল এই নিয়ে অলরেডি স্ক্যানডেল হয়েছে। এই বিষয়ে আমি আপনার প্রোটেকসন চাচ্ছি। মন্ত্রিমহাশয় কবে এর জবাব দেবেন ?

**Mr. Speaker :** Parliamentary Affairs Minister can give me some information about the date of reply.

**Shri Gyan Singh Sohan Pal :** The reply will be given by the first week of May.

## ভগবানগোলা থানাধীন গ্রামে বৈদ্যুতিকরণ ব্যবস্থা

*১৮২। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭।) **শ্রীমহম্মদ দেদার বক্স :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমার অন্তর্গত ভগবানগোলা থানার কোন গ্রামেই আজ পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হয় নি ;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ ঐ গ্রামগুলিতে বৈদ্যুতিকরণের কাজ আরম্ভ হইবে ?

**The Minister for power Department :**

(ক) সত্য নয়।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) অতিরিক্ত ৫টি মৌজায় বিদ্যুৎ সম্প্রসারণের প্রকল্প চুড়ান্তকরণ হইয়াছে এবং ওয়ার্ক অর্ডার জারী করা হইতেছে।

## Compensation for acquisition of land

*184. ( Admitted question No *286., ) **Shri Bijoy Das :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) what are the steps taken by the Government for payment of compensation for lands acquired in connection with the re-excavation of Banskhara and Ganapat Khals in Sabang P. S. in Midnapore district ; and

(b) when the payment of such compensation is expected to be completed ?

**The Minister for Irrigation and Waterways Department :**

(a) Five Land acquisition cases are involved in the schemes of which estimates of compensation in respect of two cases (L.A. case Nos. 130 of 1968-69 and 159 of 1968-69 ) relating to acquisition of Land for Banskhaua Khal have been received in this department. These two estimates will be sanctioned shortly in consultation with the Land and Land Revenue Department. The estimates for the remaining three cases are yet to be recived from the collector, Midnapore, through the Commissioners, Burdwan Division for sanction after scrutiny.

(b) 50% of the total value of structures on Land acquired in connection with the scheme has already been paid by the Collector, Midnapore. It is expected that payment in respect of all the cases will be completed with two months or so.

## পটাশপুর থানায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

*১৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *২৯৯।) **শ্রীপ্রফুল্ল মাইতি :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পটাশপুর থানা গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে—

(১) কতগুলি গ্রাম ঐ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে ; এবং

(২) কবে ঐ কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Mi ster for Power Department :**

(ক) হ্যাঁ।

(খ) (১) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্তৃক মঞ্জুরীকৃত প্রকল্পে ৯৮টি মৌজা অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(২) কাজ ইতিমধ্যেই শুরু করা হইয়াছে।

## মগরাহাট বেসিন স্কীম

*১৮৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৩২২।) **শ্রীমনোরঞ্জন হালদার :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার মগরাহাট বেসিন স্কীম-এর কাজ কতদিনে সম্পন্ন হবে বলে আশা করা যায় ;

(খ) ১৯৭২-৭৩ সালে এই কাজের জন্য কত টাকা মঞ্জুর আছে ; এবং

(গ) উক্ত বৎসরে কত মাইল খাল কাটার পরিকল্পনা আছে ?

**The Minister for Irrigation and Waterways Department :**

(ক) ১৯৭১ সালের ফেব্রুয়ারী মাসে পূর্ব-মগরাহাট জল নিকাশী প্রকল্পের কাজ আনুমানিক ২৯৬·৫০ লক্ষ টাকা ব্যয়ে আরম্ভ করা হয়। টাকা বরাদ্দ ঠিকমত পাইলে কাজটি চার বৎসরে সম্পূর্ণ করা যাইবে।

(খ) ১৯৭২-৭৩ সালের পরিকল্পনা খাতে ইহার জন্য ২৫ লক্ষ টাকা ব্যয়েব বরাদ্দ আছে।

(গ) এই বৎসরে ধোসা গ্রামের নিকট পিয়ালী নদীর পারে নূতন খালের উপর একটি জল নিষ্কাশনী স্লুইস তৈয়ারী করা হইবে। প্রায় ১৬ মাইল দীর্ঘ খাল কাটার কাজ হইবে। ইহা ছাড়া

কুলতলীতে মাতলা নদীর পারে পশ্চিমবঙ্গের বৃহত্তম স্লুইস নির্মাণের জন্য মাল মশলা সংগ্রহ এবং প্রাথমিক কার্য আরম্ভ করা হইবে।

**Steps to re-open Closed and Sick Industries**

*188. ( Admitted question No. *240. ) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Closed and Sick Industries Department be pleased to state the steps the Government proposes to take to re-peon the sick and closed Industries of the State ?

**The Minister for closed and Sick Industries Department :**

Amongst the various steps that Government has been taking to re-open the closed industrial units in the State the most important is conciliation in cases in which the closure is due mainly to labour dispute. Secondly, in cases where the closure is due to mismanegement, the units are re-opened by taking over the management under the law. Thirdly, re-construction by IRCI of units closed down due to financial stringency is another method. Fourthly, the State Government has also been trying to re-start good plants under liquidation after the plants are purchased by good going concerns free from encumbrances.

The State Government has also assumed powers for freezing for a short period the past liabilities of the sick and closed units under certain conditions with a view to making the reattainment of viability of these units easy.

**নিম্ন দামোদর প্রকল্প**

*১৮৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৩২১।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডল :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন দামোদর প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ;

(খ) আগামী বর্ষায় এই এলাকায় বন্যার হাত হইতে রক্ষা করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) নিম্ন দামোদর ও মানদারিয়া খালের সংস্কারের ফলে যে সমস্ত চাষীর জমি নষ্ট হইতেছে তাহাদের ক্ষতিপূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**The Minister for Irrigation and Waterways Department :**

(ক) নিম্ন দামোদর পরিকল্পনার জন্য মোট ব্যয় হইবে ২০ কোটি টাকা। এ পর্যন্ত ব্যয়

হইয়াছে মাত্র ১ কোটি টাকা। কাজেই তখন হইতে বৎসরে ৩ কোটি টাকা করিয়া সংস্থান করিতে পারিলে ৭ বৎসরে এই প্রকল্পের কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

(খ) নিম্ন দামোদর প্রকল্পের কাজ আমতা খালের পতন মুখ ( আউট-ফল এণ্ড ) হইতে শুরু করা হইতেছে বলিয়া ঐ স্থান হইতে আমতা পর্যন্ত খাল অঞ্চলের চারিপাশের দ্রুত জল নিষ্কাশনের জন্য হ্রাসপ্রাপ্ত হইবে।

(গ) নিম্ন দামোদর প্রকল্পের জন্য যে সকল জমির প্রয়োজন সেই সমুদয় জমি বঙ্গীয় জমি দখল আইন অনুসারেই সংগৃহীত হইতেছে। এবং সংগ্রহ আইনানুসারে ঐ সমস্ত জমির মূল্য বাবদ প্রয়োজনীয় ক্ষতিপূরণের অর্থ জিলা কালেক্টররা দিবেন। আইনানুসারে যথোপযুক্ত ব্যবস্থা করিতেছেন।

## UNSTARRED QUESTIONS

**(to which written answer were laid on the table)**

### জেলাওয়ারী বানী মিলের সংখ্যা

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১।) **ডঃ ওমর আলী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় ২০শে ফেব্রুয়ারী, ১৯৭২ তারিখে জেলাওয়ারী লাইসেন্স প্রাপ্ত ও লাইসেন্সবিহীন বানী মিলের (হাস্কিং মিল) সংখ্যা কত; এবং

(খ) লাইসেন্সবিহীন বানী মিলের লাইসেন্স দেওয়ার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি না এবং থাকিলে তাহা কি?

**The Minister for Food and Supplies:**

(ক) পশ্চিম বাংলায় ২০শে ফেব্রুয়ারী ১৯৭২ তারিখে লাইসেন্সপ্রাপ্ত বানী মিলের (হাস্কিং মিলের) সংখ্যা সর্বমোট ৬,১০৪। জেলাওয়ারী বিস্তারিত হিসাব এতৎসহগ্রথিত বিবরণীটিতে প্রদত্ত হইল।

লাইসেন্সবিহীন বানী মিলের কোন হিসাব এই দফতরের কাছে নাই।

(খ) পশ্চিম বাংলায় প্রতি বৎসর যে পরিমাণ ধান উৎপন্ন হয় তাহার তুলনায় লাইসেন্সপ্রাপ্ত চাল কল ও বানী মিলের উৎপাদন ক্ষমতা অধিক হওয়ায় ঐ লাইসেন্সপ্রাপ্ত মিলগুলিকেই বৎসরের বেশ কিছু সময় নিষ্ক্রিয় থাকিতে হয়। এই অবস্থায় লাইসেন্সবিহীন বানী মিলের জন্য নতুন লাইসেন্স মঞ্জুর করিলে তাহা ধান্যের মূল্য উর্ধ্বমুখী করিবে এবং সরকার নির্ধারিত মূল্যে সরকারী সংগ্রহ পরিকল্পনা ব্যাহত করিবে। কারণ লাইসেন্সপ্রাপ্ত মিলের তুলনায় ফসলের উৎপাদন কম হওয়ায় বানী মিলের মালিকগণ নিজ নিজ স্বার্থে ধান ক্রয়ের ব্যাপারে প্রতিযোগিতা করিতে দ্বিধা করিবেন না বলিয়া অনুমিত হয়।

বানী মিলগুলিতে সাধারণতঃ এক বা একাধিক হলার ব্যবহৃত হয়। হলার যুক্ত বানী মিলের সংখ্যা বৃদ্ধি ভারত সরকার কর্তৃক গৃহীত নীতিরও পরিপন্থী কারণ হলার দ্বারা চাল উৎপাদন অপচয়মূলক। এই সব কারণে সমগ্র প্রশ্নটি সরকারের বিবেচনাধীন আছে।

*Statement referred to in reply to* Clause (Ka) *unstarred question No.58*

বিবরণী

| ক্রমিক নং | জিলার নাম | বানী মিলের সংখ্যা |
|---|---|---|
| (১) | হাওড়া | ৫৩৯ |
| (২) | ২৪-পরগণা | ৮৪৬ |
| (৩) | নদীয়া | ২৬১ |
| (৪) | দার্জিলিঙ | ১৯ |
| (৫) | মুর্শিদাবাদ | ২৪৫ |
| (৬) | বর্ধমান | ৬৫৭ |
| (৭) | মেদিনীপুর | ১,৭৯৪ |
| (৮) | জলপাইগুড়ি | ৭৫ |
| (৯) | পশ্চিম দিনাজপুর | ১৩৩ |
| (১০) | বাঁকুড়া | ২৯৮ |
| (১১) | বীরভূম | ৩২৮ |
| (১২) | মালদহ | ৫২ |
| (১৩) | কোচবিহার | ১০৯ |
| (১৪) | পুরুলিয়া | ৪৩ |
| (১৫) | হুগলী | ৭০৫ |
| | মোট— | ৬,১০৪ |
| | | (ছয় হাজার একশত চার) |

## শালবনী থানার ডেয়ারী ও ফডার ফার্মে টাকা বরাদ্দের পরিমাণ

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩) **শ্রীঠাকুর দাস মাহাতো :** পশু-পালন এবং পশু চিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান ১৯৭২-৭৩ সালের বাজেটে ৬১৮ নং বিশ্বখাদ্য কর্মসূচীর আওতাভুক্ত প্রকল্পের জন্য ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের কাছ থেকে যে ৩ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে তার থেকে মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী থানার ডেয়ারী ও ফডার ফার্মের জন্য টাকা বরাদ্দ আছে কিনা; এবং

(খ) থাকিলে, কত টাকা বরাদ্দ আছে এবং সেই টাকা কবে কিভাবে খরচ করা হইবে ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services (Dairy Development ):**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান ১৯৭২-৭৩ সালের বাজেটে ৬১৮ নং বিশ্বখাদ্য কর্মসূচীর আওতাভুক্ত প্রকল্পের জন্য ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের কাছ থেকে বরাদ্দকৃত ৪ কোটি ৮০ লক্ষ ৬৯ হাজার টাকার মধ্যে শালবনী ও শিলিগুড়িতে দুইটি পশুখাদ্য ফ্যাক্টরী স্থাপনের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৩০ লক্ষ টাকা। শীঘ্রই এই ফ্যাক্টরী স্থাপনের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়। ইহা ছাড়া; শালবনীতে কলিকাতার খাটালের গরু ও মহিষের পুনর্বাসনের জন্য তিন কোটি টাকার একটি প্রকল্প ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের অনুমোদনের জন্য প্রেরণ করা হইয়াছে। ইহা এখন ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনের অনুমোদনের অপেক্ষায় আছে।

### Road between Sukiapokhri and Maney B ijang

60. (Admitted question No. 201.) **Shri Nandalal Gurung :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) Whether Government invited tenders for the construction and or the improvement of the road between Sukiapokhri and Maney Bhanijang in the district of Darjeeling;

(b) if so, when the tenders were opened;

(c) if any tender wss accepted; and

(d) the reasons for delay in issuing work order ?

**The Minister for Public Works:** (a) and (c) Yes.

(b) On the 1st February, 1972.

(d) Work order was issued on the 23rd February, 1972. The intervening period between the opening of tenders and issue of work order was not long.

### সাবরেজেষ্ট্রী অফিসে এক্সট্রা মোহারির

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** আইন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, এই রাজ্যের সাবরেজেস্ট্রী অফিসগুলিতে এক্সট্রা-মোহারিররা কাজ করেন ;

(খ) অবগত থাকিলে, কতজন এক্সট্র-মোহারির বর্তমানে সারা রাজ্যে কাজ করিতেছেন, এবং

(গ) উক্ত এক্সট্রা-মোহারিরদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না এবং থাকিলে কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনা কার্যকরী করিবার সম্ভাবনা রহিয়াছে?

**The Minister for Law:**

(ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) ১,৪৫০ জন।

(গ) সাধারণতঃ উহাদের সরকারী কর্মচারী হিসাবেই গণ্য করা হয়। তবে উহাদের বেতনহারের সুবিধা নাই। সম্প্রতি সিদ্ধান্ত হইয়াছে যে উহাদের নিয়মিত সরকারী কর্মচারীদের ন্যায় বেতনহারের সুবিধা দেওয়া হইবে না।

## ভগবানগোলায় মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২) **শ্রীমহঃ দেদার বকস:** পল্লী জল সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্সিদাবাদ জেলার ভগবান গোলা থানার জন্য ১৯৭১-৭২ সালে কয়টি নলকূপ মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) উক্ত নলকূপের মধ্যে ভগবানগোলা ১নং এবং ২নং ব্লকে কয়টি নলকূপ দেওয়া হয়েছে; এবং উক্ত সময়ে কোথায় কয়টি নলকূপ বসান হয়েছে?

**The Minister for Rural Water Supply :**

(ক) পল্লী জল সরবরাহের অন্তর্গত ২০টি নলকূপ (টিউবওয়েল) মঞ্জুর করা হয়েছে।

(খ) দুইটি ব্লকের প্রতিটিতে ১০টি করিয়া নলকূপ (টিউবওয়েল) মঞ্জুর হইয়া থাকিলেও ওয়ার্কিং ডিভিসান উদ্বাস্তু সমস্যা ও বন্যাত্রাণ কার্যে নিযুক্ত থাকায় ১৯৭১-৭২ সালে কার্য সম্পূর্ণ করা সম্ভব হয় নাই।

## দাঁতন মুন্সেফী আদালত ভবন

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন মুন্সেফী আদালত ভবনটির জন্য নূতন ভবন নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) এ ভবন নির্মাণের কাজ ত্বরান্বিত করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Public Works :**

(ক) ভিত্তি খনন কার্য করিবার পর নিযুক্ত ঠিকাদার বাড়ী তৈয়ারীর মাল-মসলার মূল্যবৃদ্ধির অজুহাতে কাজটি করিতে অস্বীকার করায় উহা আপাততঃ স্থগিত আছে।

(খ) সংশ্লিষ্ট নির্বাহী বাস্তুকারকে অচিরে নুতন ঠিকাদার নিযুক্ত করিয়া কাজটি শুরু করিবার জন্য যথোপযুক্ত আদেশ দেওয়া হইয়াছে।

### বাঁকুড়া জেলায় নলকূপের সংখ্যা

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** পল্লী জল সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় পানীয় জলের জন্য কতগু নলকূপ আছে; এবং

(খ) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলার কতগুলি গ্রামে পানীয় জলের জন্য নূতন নলকূপ বসবার পরিকল্পনা আছে?

**The Minister for Rural Water Supply:**

(ক) ১,১২০টি চালু অবস্থায় আছে।

(খ) পরিকল্পনাটি এখন বিবেচনাধীন। চূড়ান্ত সিদ্ধান্ত নেবা পর সংখ্যা বলা যাবে।

### গভীর নলকূপ ও রিভার পাম্পে শিফট-এর প্রচলন

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৭।) **শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গভীর নলকূপ ও রিভার পাম্পগুলি হতে আরও বেশী সেচের জল সরবরাহের উদ্দেশ্যে একাধিক শিফট-এর প্রচলন করার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) যদি থেকে থাকে তবে গ্রামীণ বেকারদের এই অতিরিক্ত শিফট-এর জন্য নিযুক্ত করার কোন পরিকল্পনার কথা সরকার বিবেচনা করছেন কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

### Establishment of a Medical College in Midnapore District

66. (Admitted question No. 437) **Shir Ranlit Kumar Daloi** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government has any proposal for starting a Medioal College in Midnapore district; and

(b) if so, when the proposal is likely to implemented?

**The Minister for Health:** (a) None at present.

Does not arise.

### খাতড়া থানার প্রাইমারী হেল্‌থ সেণ্টার

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া জেলার খাতড়া থানার প্রাইমারী হেল্‌থ সেণ্টারে কর্মরত কর্মচারী ও ডাক্তারগণ গত দু'মাস যাবৎ বেতন পান নি ;

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি ;

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করেছেন ; এবং

(গ) ঐ হেল্‌থ সেণ্টারে মোট কতজন স্টাফ আছেন ?

**The Minister for Health :**

(ক) তাঁহারা নিয়মিত বেতন পাইতেছেন। কেবল মাত্র ১৯৭২ সালের ফেব্রুয়ারী মাসে বেতন অনিবার্য কারণে পান নাই।

(খ) (১) সেণ্টারের মেডিক্যাল অফিসার ঐ মাসের বেতনের টাকা ট্রেজারী হইতে লইয়া ফিরিবার সময় টাকাসহ তাঁহার ব্যাগ চুরি হইয়া যায়। এজন্য সময়মত বেতন দেওয়া সম্ভব হয় নাই।

(২) সরকার তদন্তসাপেক্ষে অবিলম্বে সমপরিমাণ টাকা দেওয়ার আদেশ দিয়াছেন। পুলিশ তদন্ত চলিতেছে।

(গ) মোট ২৬ জন।

## বাংলা ষ্টেনোগ্রাফার

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৯।) **শ্রীকাশীনাথ মিশ্র :** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মহাকারণে বিভিন্ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীদের সংখ্যার তুলনায় বাংলা ষ্টেনোগ্রাফারের সংখ্যা কম ; এবং

(খ) সত্য হইলে বাংলায় কাজকর্ম করার জন্য ষ্টেনোগ্রাফার নিয়োগ করার কি ব্যবস্থা করা হইয়াছে ?

**The inister for Finance :**

(ক) হ্যাঁ।

(খ) পাবলিক সার্ভিস ক'মিশন, পশ্চিমবঙ্গকে অচিরে নির্বাচনী পরীক্ষার ব্যবস্থা করিয়া অন্ততঃ কুড়ি জন যোগ্যপ্রার্থীর নাম অবিলম্বে পাঠাইবার জন্য অনুরোধ করা হইয়াছে।

## সমগ্র স্বাস্থ্য দপ্তরের যানবাহনের সংখ্যা

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪:১।) **শ্রীঅশ্বিনী রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্য দপ্তরের অধীনে বর্তমানে মোট কয়টি ও কি কি প্রকারের যানবাহন ( প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হইতে রাজ্য দপ্তরের প্রধান অফিস সমেত ) আছে ;

(খ) তন্মধ্যে কতগুলি অচল ও সচল অবস্থায় আছে ;

(গ) অচল গাড়িগুলি গড়ে কতদিন ধরিয়া অচল অবস্থায় পড়িয়া আছে ; এবং

(ঘ) অচল গাড়িগুলি মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Health :**

(ক) ১,০২৮টি। সংলগ্ন তালিকায় বর্ণিত প্রকারের যানবাহন আছে।

(খ) অচল—২৪৬ ; সচল—৭৮২।

(গ) গড়ে ৩ হইতে ৬ মাস।

(ঘ) সম্ভবপর সকল ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

*Statement referred to in reply to* (ka) *of unstarred No.* 69.

**তালিকা**

| ক্রমিক সংখ্যা | যানবাহনের মার্কা ও প্রকার | সংখ্যা |
|---|---|---|
| (১) | CJ3B (জীপ) | ২৪৮ |
| (২) | Willy's DJ5 (জীপ) | ৭ |
| (৩) | Willy's DJ6 (জীপ) | ৪৭ |
| (৪) | Willy's CJ6 (জীপ) | ৯৫ |
| (৫) | Tempo Viking | ৩১ |
| (৬) | Willy's F.C. 150 | ১০২ |
| (৭) | Bedford Van | ১৬ |
| (৮) | Ambassador | ১৮ |
| (৯) | Doge Bus | ১ |
| (১০) | Trucks and Pick ups | ৯১ |
| (১১) | Dodge Power Wagon | ৪৪ |
| (১২) | Bedford Bus | ৯ |
| (১৩) | Ambulance | ১৭৫ |
| (১৪) | Dodge Utility | ২ |
| (১৫) | Fiat | ১ |
| (১৬) | Renault | ২৯ |
| (১৭) | Bedford Personnel Carrier | ১৬ |
| (১৮) | Jeep Truck | ৮ |
| (১৯) | Miscellaneous Types | ৮৯ |
| | | ১,০২৮টি |

### সন্দেশখালি ও হিংগলগঞ্জ থানা অঞ্চলে বিদ্যুৎশক্তি সম্প্রসারণের প্রকল্প

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪।) **শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল ঃ** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশখালি ও হিংগলগঞ্জ থানা অঞ্চলে বিদ্যুৎশক্তি সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহার কাজ শুরু হইতে পারে ?

**The Minister for Power:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) হিংগলগঞ্জে বৈদ্যুতিকরণের কাজ ইতিমধ্যেই শুরু করা হইয়াছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 14 notices of calling attention on the following subjects, namely :—

1. Shortage of wheat affecting T. R. works in Murarai Police Station from Dr. Motahar Hossain.
2. Death in the clashes at Nabadwip. Krishnagar and Kalyani towns from Shri Nitaipada Sarkar.
3. Test Relief work in the flood affected area in Howrah Dristrict from Shri Rabindra Ghosh.
4. Alleged attack on the Youth Congress, Yuba Sangha and Communist workers by the hired goondas of the Textile Inland Agency on B. T. Road, Cossipore —from Shri Nitaipada Sarkar.
5. Police verification before employment in West Bengal Government Services—from Shrimati Ila Mitra.
6. Alleged clash between the rice-smugglers and the Yuba Congress at Ukra railway station on 24th Aprial, 1972—from Shri Sachinandan Sau.
7. Want of any ambulance car at the disposal of Mohammedbazar block hospital—from Shri Nitaipada Ghosh.
8. Acute scarcity of drinking water in draught-affected areas in Purulia district—from Shri Madan Mohah Mahato.
9. Misuse and misappropriation of money by the contractors in collusion with P. W. D. officials in connection with the construction of National Highway No. 34—from Shri Ramendra Nath Dutt.

10. Lack of electric supply by W. B. S. E. B. affecting water supply in Calcutta from 26th afternoon – from Shri Abdul Bari Biswas.

11. In action of police to apprehend culprits in connection with dwip Dham, in Nadia district – from Shri Biswanath Roy.

12. The post of D. I. in Purulia lying vacant for a long time leading to the sufferings of teachers and others - from Shri Sarat Chandra Das.

13. Alleged corruption with Government officials in connection with purchase of a cine-projector for Murshidabad district publicity office—from Shri Md. Idris Ali.

14. Lack of irrigation facilities at Bhagabangola Centre in Murshidabad district—from Shri Mohammad Dedar Baksh.

I have selected the notice of Shrimati Ila Mitra on the subject of police verification before employment in West Bengal Government services. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

## Mention Cases

**Dr. Md. Fazle Haque :** 2nd of May.

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা :** স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। কোলকাতায় United Tyres Private Ltd. নামে একটা tyre retandson-এর trading concern আছে। এই কোম্পানী Punjab National Bank এবং State Finance Corporation থেকে ১২।১৪ লক্ষ টাকার বেশী ঋণ নিয়েছে। এরা ঋণ পাবার মূলে সরকারের কাছে এরা বলেছিল বাহিরে থেকে tyre আমদানী করতে হবে তারজন্য প্রতিবার আমাদের -র যে ক্ষয়ক্ষতি হয় সেটা আমরা পূরণ করব। tyre retantion-এ মাধ্যমে এটা সরকারী order N.C.D.C., N.M.D.C., N.M.T.C. Durgapore Steel Factory ইত্যাদির কাছ থেকে regular order ওঁরা পেয়ে আসছেন। এর মাধ্যমে ওদের প্রচুর লাভ হওয়া সত্ত্বেও ওঁরা ওখান থেকে টাকা নিয়ে মধ্যপ্রদেশের রায়পুর দিল্লীতে ব্যবসায় প্রসার করছে। এবং দুর্নিতির দ্বারা এই tyre retantion-এর মাধ্যমে লক্ষ লক্ষ টাকা কামাচ্ছে। এদের মূল যে কারখানা যেটা তারাতলায় হয়েছে সেটা বন্ধ করে সাথে যাবার লাভ হবে এবং শ্রমিক সাধারণের উপর অমানুষিক অত্যাচার যথেচ্ছোচিত ব্যবহার করে যাচ্ছে।

[2-10—2-20 p.m.]

যার ফলে তারা একটা মাত্র প্রার্থনা করেছিল যে আমাদের অন্তত সব স্কেল ঠিক করে দেওয়া হোক, আমাদের ক্ষেত্রে নিয়মিত ষ্ট্যানর্ডাড করে দেওয়া হক। কিন্তু তা উপেক্ষা করে এই মালিক ক্লোজারের নোটিশ দিয়েছে। আমি আপনার মাধ্যমে লেবার মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। এই সমস্ত মালিক ষ্টেট ফিন্যান্স কর্পোরেশন থেকে টাকা নিয়েছে, কিন্তু ওয়ার্কার যারা পে

পে-স্কেলের দাবী করেছে তারজন্য তারা এখান থেকে কারখানা রায়পুরে ট্রান্সফার করবার চেষ্টা করছে। মাননীয় শ্রমমন্ত্রীর কাছে তাদের পক্ষ থেকে ১১-৪-৭২ তারিখে রিপ্রেসেনটেশান দেওয়া হয়েছিল এবং তখন বলা হয়েছিল শ্রম দপ্তরে লাভ-ক্ষতির হিসাব দাখিলের জন্য এবং যতক্ষণ না কারখানার হিসাব নিকাশ পরীক্ষা করা হয় ততক্ষণ পর্য্যন্ত কারখানার ষ্ট্যাটাস কে মেনটের করার জন্য করা হয়েছিল এবং ক্লোজার নোটিশ মুলতুবী রাখতে বলা হয়েছিল। এই কথা শ্রমমন্ত্রী বলেছিলেন এবং তারা সেকথা স্বীকার করে গিয়েছিল। কিন্তু আমরা দেখলাম মালিক পক্ষ ক্লোজার নোটিশ মুলতুবী না রেখে আগামী ২৮শে তারিখ ক্লোজারের শেষ দিন তারা বের করে দেওয়ায় অনিশ্চিত বিপদের মুখে ঠেলে দেবে এবং শুধু তাই নয় তারা এখানে ত ষ্টেট ফিন্যান্স কর্পোরেশনের টাকা নিয়েছে তার কি হবে? সুতরাং আগামী দিনে শ্রমিক কর্মচারীর জীবন ও ও জীবিকা একই সবেরই ভবিষ্যত বিপন্ন হয়ে পড়ছে বলে আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীএবং সংশ্লিষ্ট শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা হয়।

**শ্রীরবীন্দ্র ঘোষ:** উলুবিড়িয়া অঞ্চলের ত্রাণ ব্যবস্থার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি ত্রানমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার একটা বনার্ত এলাকা উলু-বেড়িয়ার অনেক অঞ্চলে গত ১৯৭১ সালে ভীষণভাবে বন্যা হয়েছিল এবং উলুবেড়িয়ার শ্যামপুকুর থানা এলাকা গত জানুয়ারী মাস পর্যন্ত ডুবেছিল, যাতা-য়াতের উপায় ছিল না। আমরা জেলাশাসকের কাছ থেকে শুনতে পেয়েছি যে উলুবেড়িয়ার ১লক্ষ ২০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। মাননীয় ত্রানমন্ত্রী নিশ্চয় জানেন যে এটা যথেষ্ট নয়। কাজেই আমি মনে করি ওই সব এলাকায় যে সব রাস্তাঘাটের অংশ নষ্ট হয়ে গিয়েছে যদি টি, আর মারফত মেরামত না হয় তবে অসুবিধা হবে। মানুষ এবারের বর্ষায় দুরবস্থার মধ্যে পড়বে। বর্ষার সময় ঘর থেকে বেরোতে পারবে না। তাই মাননীয় ত্রানমন্ত্ররী কাছে আবেদন যেন টি, আর, ওয়াকের টাকা আরও বেশি করে মঞ্জুর করা হয়। যদি তা না করা হয় তাহলে রাস্তাঘাটের টি, আর, ওয়ার্কের কাজ হবে না। যে সব এলাকা অনুন্নত এলাকা রাস্তাঘাট-এর কাজ না হলে অধিবাসীদের খুব অসুবিধা হবে। সেখানে ১৯৭১ সালের বন্যার পর একটাও রাস্তা নেই, মানুষ চলতে পারে না। তাই মাননীয় ত্রানমন্ত্রী এই বন্যা এলাকার দিকে লক্ষ রাখবেন এবং যথেষ্ট রিলিফের যাতে আরও বেশি টাকা দেওয়া যায় তার ব্যবস্থা করবেন আশা করি।

**শ্রীরূপসিং মাজী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুরুলিয়া জেলার বিভিন্ন থানা এবং বিভিন্ন অঞ্চলের কয়েকটি শোচনীয় বিশেষ পরিস্থিতির প্রতি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি মহাশয়ের কাছে এবং মাননীয় সদস্যবন্ধুদের কাছে পেশ করছি। আমি দিন কয়েক আগে এই সেসান যখন মুলতুবী ছিল তখন আমার জেলার বিভিন্ন থানার বিভিন্ন অঞ্চলে সাইকেলে করে ঘোরাঘুরি করে দেখেছি যে সাধারণ মানুষ চিকিৎসার অভাবে জর্জরিত এবং পীড়িত হয়ে পড়েছে তা ভাষায় প্রকাশ করা চলে না। বিশেষ করে এই সময় সংক্রামক রোগ দেখা দেয়, সেই সংক্রামক রোগ সংক্রান্ত ব্যাপারে আমি বলতে চাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আমি আকর্ষণ করতে চাই যে পুরুলিয়া জেলার বিভিন্ন অঞ্চলে গত দেড় মাস যাবৎ বসন্ত এবং ডায়রিয়া রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং তার প্রতিকারের কোন ব্যবস্থা এখন পর্যন্ত করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পুরুলিয়া জেলার বিভিন্ন থানা এবং অঞ্চলে এমন অনেক গ্রাম আছে এবং এমন অনেক বড় বড় পল্লী আছে যে তার ৮।১০ মাইল জুড়ে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই। সেই সমস্ত জায়গায় বসন্ত, ডায়রিয়া রোগে গরীব সাধারণ মানুষের কোন চিকিৎসার কোন

ব্যবস্থা নেই, যার ফলে তারা মারা যাচ্ছে এবং দিনের পর দিন অসুখে ভুগছে, এই বিষয়ে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এই বিষয়ে তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীললিত গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তা হল বারুইপুর থানার অন্তর্গত চম্পাহাটী গার্লস হাই স্কুলে ১৯৬৬ সালের নির্বাচনের পর ১৯৬৮ সালে একবার অডিট হয়নি। ১৯৬৬ সালেও কোন অডিট হয়নি। সেখানে একজন স্বার্থানেষী ব্যক্তি বিশেষ করে যিনি সম্পাদক তিনি নিজস্ব তিন জন মহিলাকে শিক্ষিকার পদে নিয়োগ করেন। তাঁরা তিন বোন এখন পর্যন্ত শিক্ষিকার পদে বহাল আছেন। সেখানে দেখা যাচ্ছে আর যে সমস্ত নুতন শিক্ষিকা এসেছেন তাঁদের উপর এরা অত্যন্ত দুর্ব্যবহার করছেন এবং সেখানে টাকা পয়সা তছরূপ হয়ে যাচ্ছে। আমি দেখে বলেছিলাম এবং সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর বি, ডি, ওর হাতে দেওয়া হয়। সেখানে তিনি সরেজমিনে তদন্ত করতে গেলে তাকে অত্যন্ত অপমান করা হয় এবং সেখানে এই জন্য একটা বিরাট বিক্ষোভের নানা দেখা দিয়েছে। সেই জন্য আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি সাত দিনের মধ্যে একজন ইনসপেক্টরকে যেন পাঠানো হয় যাতে তিনি সমস্ত বিষয়টা তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে পারেন।

**শ্রীরমেন্দ্র নাথ দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার এন,এইচ, ৩৪ যে রাস্তা আছে সেই রাস্তাটি চওড়া করা হচ্ছে। রায়গঞ্জ থেকে ডালখানা পর্যন্ত এর কাজ চলছে। আমি এই কাজ দেখতে গিয়েছিলাম। এখানে এত নিকৃষ্ট শ্রেণীর ইট ব্যবহার করা হচ্ছে যে সেগুলিকে মাটি বললেও চলে। আনবার্ণড ইট দিয়ে তৈরী হচ্ছে। এ বিষয়ে আমি তাদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কিন্তু তার কোন প্রতিকার হয়নি। এটা পাবলিক রাস্তা, এন, এইচ, ৩৭ এর রাস্তা পি, ডবলিউ, ডির ইঞ্জিনিয়াররা সব সময় যাতায়াত করছে এবং প্রত্যেকেই দেখছে অথচ কাজ এই ভাবেই হয়ে যাচ্ছে। আজকে তাদের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোন পরিবর্তন হয়নি। এরকম করে রাস্তা করার দরুন প্রতি বছরই রাস্তা নষ্ট হচ্ছে এবং বছর বছর মেরামত করার জন্য লক্ষ লক্ষ টাকা সরকারের খরচ হচ্ছে। আমার মনে হয় এই সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ করার মধ্যে কনট্রাকটর এবং সরকারী কর্মচারীদের মধ্যে যোগাযোগ আছে। এখানে যে একজিকিউটিভ ইঞ্জিনীয়ার আছে তার জীপ গাড়ী আছে, অন্য কয়েকজন যে ইঞ্জিনীয়ার আছে তাঁদেরও জীপ গাড়ী আছে। এই সব জীপ গাড়ী দেওয়া হয়েছে শুধু ঘুরে বেড়াবার জন্য না কাজ দেখাবার জন্য? তারা এমনভাবে মেজার করছে মনে হয় তাদেরও এর মধ্যে শেয়ার আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তিনি যেন ইমিডিয়েট এ্যাকসান নেন, নাহলে রাস্তা হয়ে গেলে যে ক্ষতি হবার তা হয়ে যাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 2-20—2-30 p.m. ]

**শ্রীগণেশ চন্দ্র হাটুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করতে চাই। হুগলী জেলার আরামবাগ মহকুমা শহরে অবস্থিত প্রাচীন এবং একটি প্রথম শ্রেণীর কলেজ, নেতাজী মহাবিদ্যালয়, এর ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় দুই হাজার এবং এর মধ্যে ছাত্রীদের সংখ্যা প্রায় পৌনে দু'শো। পশ্চিমবঙ্গ

সরকারের এ্যাসিসটেন্ট অ্যাকাউন্টস্ অফিসার, মিস্টার কে, গাঙ্গুলী ও বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক মিস্টার এইচ, কে, ব্যানার্জী তাঁদের তদন্ত রিপোর্টে ঐ কলেজের পরিচালক মণ্ডলীর সম্পাদক ও অধ্যক্ষ-এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করেছেন। ঐ কলেজের এস, সি, বিল্ডিং কনস্ট্রাকসনের জন্য ৮১ হাজার টাকা, ল্যাবোরেটরির উন্নতির জন্য ৫০ হাজার টাকা ও লাইব্রেরীর উন্নতির জন্য ১৫ হাজার টাকা ইউ, জি, সি, ও ষ্টেট গভর্ণমেণ্ট মঞ্জুর করেছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের এ্যাসিস্টেন্ট এ্যাকাউন্টস্ অফিসার, মিস্টার কে, গাঙ্গুলি তার তদন্ত রিপোর্টে ঐ কলেজের তৎকালীন সম্পাদক ডাক্তার হরিশঙ্কর মুখার্জীর বিরুদ্ধে আনুমানিক ১১ হাজার টাকার মত তহবিল তছরুপের অভিযোগ এনেছেন। অভিযোগ আসার পূর্বে ডাঃ হরিশঙ্কর মুখার্জী সম্পাদকের পদ থেকে ইস্তফা দিয়েছিলেন। তারপর ঐ কলেজের জি, বি, সম্পাদক হন হুগলী জেলার স্বনামধন্য ব্যক্তি ডাঃ রাধাকৃষন পাল। পশ্চিমবঙ্গ সরকারের ঐ অফিসার ডাঃ রাধাকৃষ্ণ পাল সম্পর্কে তদন্ত রিপোর্টে যা লিখেছেন তা এইরূপ "Dr. Radha Krishna Pal the persent Secretary of the college, was advanced a sum of Rs. 50,000 (Rs. 32,000 received as loan for staff quarters from Government and Rs. 18,150 towards purchase of furniture and equipments) during the year 1960-61 and although long 9 years have elapsed the advance so paid yet remained to be adjusted. These amouts did not pass tthrough cash book and the practice is fraught with the gravest risk of being misappropriated in its entirety." তদন্ত হওয়ার পূর্বেই ডাঃ রাধাকৃষ্ণ পাল সম্পাদক পদ থেকে ইস্তফা দেন। বর্ধমান বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ ঐ জি, বি, কে বাতিল করে নূতন জি, বি, রি-কনৃষ্টিটিউট করেন। দুর্ভাগ্যের বিষয় ঐ নূতন জি, বিকে পুরাতন জি, বি-র দু'জন সদস্য মহামান্য আদালতের সাহায্য নিয়ে ইনজাংটেড বা অকেজো করে দেন। এর ফলে.........  .....

**Mr. Speaker :** Mr. Hatui, please take your seat.

**শ্রীশক্তিপদ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের হরিণঘাটায় একটি দুগ্ধ সংস্থা রয়েছে, এই সংস্থায় অত্যন্ত অগণতান্ত্রিক উপায়ে, কোন বিজ্ঞপ্তি না দিয়ে ৬২ জন লোককে নিয়োগপত্র দেওয়া হয়েছে এবং তা রাইটার্স বিল্ডিং থেকে দেওয়া হয়েছে। এর ফলে সেই জায়গায় অনেক বিক্ষোভ সৃষ্টি হয়েছে। স্থানীয় যুব কংগ্রেস ও সি, পি, আই, যুবকদের মধ্যে সেখানে এই নিয়ে বিক্ষোভ সৃষ্টি হয়েছে এবং এর বিরুদ্ধে অভিযান সুরু হয়েছে এবং এই অভিযান অনশনে পর্যবসিত হয়েছে। সেখানে বেকাররা এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং-এর সামনে পর্যায়ক্রমে অনশন ধর্মঘট চালাচ্ছে যাতে সেখানে বে-আইনীভাবে নিযুক্ত ব্যক্তিরা প্রবেশ করতে না পারে। এই ধর্মঘটের আজ পাঁচ দিন। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যাতে সেখানে উত্তেজনা আর বৃদ্ধি না পায় এবং সুষ্ঠু ব্যবস্থা অবিলম্বে করা হয়। পুলিশ সেখানে দাঁড়িয়েছে, এই ব্যাপার নিয়ে সেখানে একটা দারুণ উত্তেজনার সৃষ্টি হয়েছে। এই যে অগণতান্ত্রিক উপায়ে সেখানে নিয়োগ করা হয়েছে সেটা বন্ধ করে দিয়ে তাদের নিয়োগপত্র বাতিল করে দিয়ে সরকারীভাবে যেভাবে বিজ্ঞপ্তি দিয়ে প্রচার করে নিয়োগ করা হয় এবং সরকারী সংস্থা মারফত করা হয় তার জন্য আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সবুজ বিপ্লব করছি। আমার বিধানসভা কেন্দ্র নাদন ঘাট, সেখানকার পূর্বস্থলী থানার এক নম্বর এবং দু'নম্বর ব্লকে এবং কাল্না থানা পাট চাষের জন্য খ্যাত এবং সেখানে পাট প্রধান কৃষিজাত দ্রব্য। কৃষকদের প্রধান

উৎপন্ন ফসল হচ্ছে পাট। প্রায় সাত থেকে আট হাজার একর জমিতে পাট চাষ হয়ে থাকে। কিন্তু সরকারের ঔদাসিন্যে এবং অমনোযোগিতার ফলে প্রায় শতকরা ৫০ ভাগ জমিই সেখানে অনাবাদী থাকার আশংকা দেখা দিয়েছে। এই পাট জমিতে প্রায় ৬০ হাজার মণ পাট উৎপন্ন হয় এবং তার দাম হচ্ছে ন্যূনপক্ষে ৩০ লক্ষাধিক টাকা। আপনি জানেন স্যার, পাটচাষীর সর্বভারতীয় জাতীয় আয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, আমি এখানে সে কথা তুলছি না। আমার কথা হচ্ছে এই এলাকার অর্থনীতি পাট চাষের উপর নির্ভর করে কিন্তু এই পাটচাষ ব্যর্থ হতে চলেছে, কারণ পাটের বীজের অভাব। গত বন্যায় পাট চাষীরা পাটের বীজ সংগ্রহ করতে পারে নাই, এবারে ১০।১২ টাকায় পাট বীজ বিক্রী হচ্ছে, ব্ল্যাক মার্কেটিং হচ্ছে, তাও সব সময় পাওয়া যাচ্ছে না। ফলে পাট বীজের অভাবে সেখানে পাট চাষ ব্যর্থ হতে চলেছে। যে সমস্ত জায়গায় রিভার পাম্প এবং ডিপ টিউবওয়েলে জল দেওয়া হয় সেখানে আগে পাট চাষ হয় পরে আই, আর, (আট) ধান হয়। কিন্তু পাট চাষের সময় চলে যাচ্ছে। এটা আপনি জানেন যে বৃষ্টি পড়লেই পাট চাষ সুরু হয়। আমি তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে একথা জানাতে চাই যে অবিলম্বে যদি সেখানে পাটের বীজ না যায় তাহলে হাজার হাজার একর জমি অনাবাদী হয়ে পড়ে থাকবে, হাজার হাজার চাষীর সর্বনাশ হবে এবং এই এলাকায় একটা বিরাট অর্থনৈতিক পর্যয় দেখা দেবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার ? আকর্ষণ করতে চাইছি। এটা শুধু গ্রামবাংলায় যারা বাস করে তাদের ক্ষেত্রেই প্রযোজ্য। াপনি স্যার, জানেন গত ১১।১২ বছর ধরে বাংলাদেশের বিভিন্ন জায়গা একদিকে যেমন খরায় নষ্ট হয়েছে অন্য দিকে অতিবৃষ্টি এবং অনাবৃষ্টি দরুন অর্থনৈতিক কাঠামো চুরমার হয়ে গেছে। এই স্ত দায়ে পড়ে দেখা যাচ্ছে গ্রামের দিকে যে সমস্ত ছোট ছোট চাষী জোতের মালিক আধিকাংশ ন্ত্রে তাদের জমি অল্প মূল্যে বিক্রী করে দিতে বাধ্য হচ্ছে মহাজন এবং বড় বড় পয়সাওয়ালা লোক-দের কাছে। তারা এই জমি খোসকবালা করে ১০০।২০০ টাকায় জমি বিক্রী হয়েছে বলে লিখিয়ে নচ্ছে। চাষীরা টাকা ফেরত দিতে গেলে সেই ক্রেতা মহাজনরা জমি ফেরত দিতে চায় না। এই কম একটা অস্বাভাবিক অবস্থার মধ্যে সেই চাষী পরিবাররা পড়ে আছে। আমি এবিষয়ে ন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে আমাদের যিনি ভূমি এবং ভূমি রাজস্বমন্ত্রী আছেন, যনি নাকি গ্রামবাংলার চাষীদের কথা বিশেষভাবে চিন্তা করছেন, তাঁদের কথা ভাবছেন, তাঁর ষ্টি আকর্ষণ করছি। আমি ভেবেছিলাম যে তিনি এমন একটা আইন আনবেন যার মাধ্যমে গ্রামের সাধারণ চাষীরা আশ্বস্ত হবে। কিন্তু অধিবেশন প্রায় সমাপ্তির পথে এগিয়ে চলেছে। মামরা দেখতে পাচ্ছি, তাই আমি মন্ত্রিসভা এবং সদস্যদের কাছে এ' বিষয়ের প্রতি দৃষ্টি মনীতভাবে আকর্ষণ করছি। অনেক দিন হয় আমাদের বাংলাদেশে ভূমি ফেরত আইন এসেছে, াজকে এইরকম বিধ্বস্ত বাংলাদেশে, খরাপীড়িত বাংলাদেশে অতিবৃষ্টি এবং অনাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ংলাদেশের চাষীদের কথা চিন্তা করে ছোট ছোট চাষীদের জমি ফেরৎ দেবার কথা চিন্তা করে আইন আনছেন কিনা জানতে চাই।

2-30—2-40 p.m.]

আমি এই বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, মন্ত্রিসভা চিন্তা করে দেখুন ্যাণ্ড রেসটোরেসন আইন অনতিবিলম্বে এনে সাধারণ যে সমস্ত চাষী আছে আছে তারা যাতে

জমি ফেরত পায় এবং সেই জমির মুল্যে যখন ফেরত দেবার কথা চিন্তা করা হবে তখন বাজার দরের কথা চিন্তা করে লং টার্ম কিসস্তিতে দেবার ব্যবস্থা করা হয়।

**শ্রীপঞ্চানন সিন্‌হা:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত এক গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সকলেরই জানা আছে শি ব্যবস্থার নামে পশ্চিমবাংলার প্রাথমিক অথবা জুনিয়র বেসিক স্কুলগুলিতে বছরের পর ব বিপুল পরিমাণে অব্যবস্থা চলেছে। গত ১৭ তারিখে আমি আমার কন্সটিটিউয়েন্সী (২৪-পরগ জেলার বাসন্তী কেন্দ্রে) একটি স্কুল দেখতে গিয়েছিলাম - জুনিয়র বেসিক স্কুল, ক্যানিং, দেউ জুনিয়ার বেসিক স্কুল। সেখানে গিয়ে দেখলাম স্কুল বাড়ী প্রায় ১৯ মাস আগে পড়ে গে মাটির ঢিপি পড়ে রয়েছে, স্কুল বাড়ী নেই। স্কুলের ছেলেরা ১৯ মাস যাবৎ পাশের অন্য এক স্কুলে গিয়ে ভর্তি হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় আজ ১৯ মাস ধরে একজন মাষ্টার সহ ৫জন টী মাইনে পেয়ে যাচ্ছেন। স্থানীয় ইন্সপেক্টর যিনি আছেন তিনি কি কৌশলে এটা দিচ্ছেন জানি না টিচারলেস স্কুল আমরা জানি, কিন্তু স্কুললেস টিচার এটা জানতাম না। কাজেই আমি আপনা দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া দেউলি অঞ্চলে আমি আর একটি স্কুল দেখতে গিয়েছিলাম- চণ্ডীবাড়ী স্কুল।

**Mr. Speaker:** You are referring to a second item, you may have hundred of problems in a school.

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রামবাংলা বন্যাক্লিষ্ট, দুর্দশাগ্রস্ত কৃষকদের কথা মন্ত্রিমহাশয়ের কাছে জানাতে চাই। গ্রামে বন্যায় যে সমস্ত ক্ষতি হয়েছে সেক্ষেত্রে দেখতে পাচ্ছি কোনরকম প্রতিকার পাওয়া যাচ্ছে না। যে সমস্ত কৃষকে এবং গরীব মানুষের ঘরবাড়ী ভেঙ্গে গিয়েছিল, ফসলের হানি হয়েছিল তারা নানাভাবে আবেদ করে জি, আর, ছাড়া আর কিছু সাহায্য পায়নি। আপনার কেন্দ্র বাগদা, আমাদের নদীয়া জেলা মত দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। আপনি নিজে জানেন সেই সমস্ত মানুষ আজ পর্যন্ত অনে গৃহ নির্মান ঋণ, কৃষি ঋণ পায় নি। নদীয়া, মালদহ, মুর্শিদাবাদ, হাওড়া এবং হুগলীর খবর জা যে সেখানে হাজার হাজার দরখাস্ত ডি, এম-এর কাছে পড়ে রয়েছে। আমি যখন গত ১ তারিখে ডি, এম-এর কাছে যাই তখন তিনি হাত জোড় করে বললেন আমি লক্ষ লক্ষ টাক সরকারের কাছে চেয়েছি কাজেই সরকার যদি অনুমোদন করে পাঠিয়ে দেন তাহলে আমি দেব আমি এই ব্যাপারে আপনার কাছে একটি একজামপল দিচ্ছি। রাণাঘাট ব্লকে যেখানে হাউ বিল্ডিং গ্র্যান্টের জন্য দুইলক্ষ ৮৭ হাজার টাকা চাওয়া হয়েছে সেখানে মাত্র ৭৭হাজার টাকা দেওয় হয়েছে অর্থাৎ তিন ভাগের দু'ভাগই বাকী রয়েছে। সেখানে কৃষি ঋণ এবং অন্যান্য ঋণও বাক রয়েছে। মানুষ আজ না খেয়ে রয়েছে বলে তারা আমাদের ঘেরাও করেছে এবং বলেছে যে আমর এই দুর্দশার মধ্যে রয়েছি। গ্রামে গেলেই এইসব অবস্থা আমাদের দেখতে হয়। কাজেই আ অনুরোধ করছি আমাদের এখানে বসতির ব্যবস্থা করে দিন এবং বলে দিন যে এম, এল, এ- আর গ্রামে যাবে না, রাইটার্স বিল্ডিং বা এ্যাসেম্বলী হাউসে থাকবেন। এই ব্যবস্থা হলে গ্রামে লোকেরা আর আমাদের ওইসব কথা বলবে না।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রি মহাশয়ের, কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া প্রতিদিন বিদ্যুৎ সরবরাহ ঠিক মত না হবার জন্য সেখানকার হাঁসপাতালে ভীষ

ভাবে অসুবিধা দেখা দিয়েছে, যখন অপারেশন হয়, হয়তো সেই সময় আলো বন্ধ হয়ে গেল, যার ফলে সেখানে অনেক রোগী মৃত্যুমুখে পতিত হচ্ছে। সেখানে পানীয় জলের অসুবিধা দেখা দিয়েছে। ওখানে যে পাওয়ার সাপ্লাই কোম্পানী রয়েছে তার নাম ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার সাপ্লাই কোম্পানী, একটা ব্যক্তি পুঁজির প্রতিষ্ঠান। ঐ প্রতিষ্ঠান কিছুদিন আগে পর্যন্ত বি, এম, ইলিয়াসের ছিল এবং এখন তার বেনামে ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার সাপ্লাই কোম্পানী চালাচ্ছে। এই কোম্পানী যে মুনাফা লুটছে—ওখানে যে রাস্তা ওয়ারিং এবং মিটার,—যখন থেকে তৈরী হয়েছে সেদিন থেকে সেইগুলো সেখানে আছে, তার কোন পরিবর্তন হয়নি। সেইজন্য রাস্তা এবং হাসপাতালের আলো নিভে যায় এবং তার ফলে নানা দিকে ভীষণ অসুবিধা দেখা দিয়েছে এবং জনসাধারণের মধ্যে একটা ক্ষোভ দেখা দিয়েছে। সেইজন্য আমি আপনার মারফৎ অনুরোধ জানাবো মন্ত্রিমহাশয়কে, তিনি যেন ঐ প্রতিষ্ঠানকে জাতীয়করণ করে নেবার ব্যবস্থা করেন অবিলম্বে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রি এবং মন্ত্রিসভার কাছে একটা জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ভারতবর্ষের প্রতিরক্ষা উৎপাদন মন্ত্রী বিদ্যাচরণ শুক্লা বলেছেন যে বেঙ্গল রেজিমেণ্ট তৈরী করা সম্ভব নয় এবং তার কারণ স্বরূপ তিনি বলেছেন যে জাতিভিত্তিক বেঙ্গলী রেজিমেণ্ট করা সম্ভব নয়। এই বাঙ্গালী রেজিমেণ্টের দাবী আমরা দীর্ঘকাল ধরে করেছি— সেই ব্রিটিশ শাসনের আমল থেকে বাঙ্গালীদের নন-মার্টিয়েল জাতি বলে গণ্য করা হতো, তারাও কোনদিন বাঙ্গালী রেজিমেণ্ট তৈরী করেনি। আসল কারণ ছিল বাঙ্গালীরা দুর্ধর্ষ দেশপ্রেমিক জাতি, যদি তাদের রেজিমেণ্ট করা হয় তাহলে ব্রিটিশ শাসনের দিন তাড়াতাড়ি শেষ হয়ে যাবে, এইজন্য তারা বাঙ্গালী জাতিকে নন-মার্টিয়েল জাতি বলতো। তা যে তারা নয় বাংলাদেশের মুক্তি সংগ্রামে সেটা প্রমাণিত হয়ে গেছে এবং তা ছাড়া হাজার হাজার লক্ষ লক্ষ তরুণ বাঙ্গালী যুবক আজকে চাকরীর জন্য হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। আমি মনে করি যদি বাঙ্গালী রেজিমেণ্ট হয় তাহলে হাজার হাজার তরুণ যুবক আজকে চাকরী পাবে। অত্যন্ত দুঃখের কথা, এই অতি যুক্তিযুক্ত দাবীর প্রতি কর্ণপাত তাঁরা করছেন না, সেই জন্য আমি মন্ত্রিমহাশয় এবং মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করবো তাঁরা যেন এই বিষয়ে বিশেষ করে কেন্দ্রীয় সরকারকে চাপ দেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩ তারিখে লোহ যবনিকার অন্তরালে ৩৮৯ জন বিচারাধীন বন্দীকে আমি কথা দিয়ে এসেছি যে আপনাদের কথা পশ্চিম বঙ্গ আইন সভার মধ্যে বলবো, আপনাদের কথা অধ্যক্ষ মহাশয়কে জানাবার চেষ্টা করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়,আসানসোলের সাবজেল একটা অভিশপ্ত জেল। সেই অভিশপ্ত জেলে ৯জন নকশাল বন্দীকে ওয়ার্ডাররা পিটিয়ে হত্যা করেছিল। ঐ জেলের সোজা মেন গেট দিয়ে আসামীরা পালিয়ে গিয়েছিল এবং ওয়ার্ডাররা উৎকোচ গ্রহণ করে চুপ করেছিল। গত ২২ তারিখে গণনার সময় একটা গোলমালের সুযোগ নিয়ে ৫জন বিচারাধীন কয়েদী-সেখানকার ওয়ার্ডাররা নির্মম ভাবে মারধোর করেছে। অপরাধ—বিচারাধীন বন্দীরা প্রতিদিন তাদের বরাদ্দকৃত রেশন থেকে ৫২ কে, জি মাল চুরি করা হ'ত এবং তা চুরি করে ওয়ার্ডাররা এটা বলে। কয়েদীরা তার প্রতিবাদ করেন এবং জেল সুপারিনটেন্ডেণ্ট তার প্রতিকার করার ফলে সেই চুরিটা বন্ধ হয়ে যায় এবং তার ফলে সেই সমস্ত বন্দীদের ২২ তারিখে সাড়ে পাঁচটার সময় মারধোর করা হয়।

[ 2-40—2-50 p-m. ]

গত ২৩ তারিখ থেকে উক্ত বিচারাধীন বন্দীরা আসানসোল স্পেশাল জেলে অনির্দিষ্টকালের জন্য অনশন ধর্মঘট সুরু করেন। স্থানীয় কর্তৃপক্ষ তার মোকাবিলা করতে সমর্থ না হওয়ায় আমাকে জানাতে বাধ্য হয়। আমি সেখানে গিয়ে বন্দীদের সঙ্গে দেখা করি। তারা বলে—দেওয়ালের সঙ্গে দাঁড় করিয়ে আমাদের ওরা গুলি করে মারবে বলে ওয়ার্ডাররা শাসিয়েছে। যেমন করে তারা নকশালবন্দীদের মেরেছিল, তেমনি করে তারা আমাদের খুন করবে। কেন না আমরা তাদের কার্য্যকলাপের বিরুদ্ধে প্রতিবাদ করি। আমাদের হাতে শেকল, পায়ে বেড়ি পরা। আমাদের কথা কাকে বলবো, কে শোনে? কোন লোক নাই, আমাদের বিরুদ্ধে যে চক্রান্ত হচ্ছে, তার যদি প্রতিবিধান না হয়—৭ দিনের মধ্যে, তাহলে আমাদেরই সেই গুলি করে খুন করে মারবার ষড়যন্ত্রের প্রতিবিধান করতে হবে। আমরা ঐ special jail থেকে পালিয়ে আসার চেষ্টা করেছি বলে আমাদের তারা গুলি করে মারবে, খুন করবে। এই চক্রান্তের যদি কোন বিহিত ব্যবস্থা না হয় ৭ দিনের মধ্যে, তাহলে আমরা আবার অনশন ধর্মঘট করবো। এই কারার অন্তরালের বিচারধীন বন্দীদের কথা আপনার মাধ্যমে বিধানসভার কাছে রাখলাম।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় মন্ত্রিমণ্ডলী ও বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ভগবানগোলা থানায়—কিছুদিন থেকে শুনছি, ক্রাশ প্রোগ্রামে কিছু রাস্তা নেওয়া হবে এবং ঐজন্য একটা তালিকাও প্রস্তুত হয়েছে। কিন্তু জেলা শাসকের কাছ থেকে মৌখিকভাবে জেনেছি, তালিকাটি অনুমোদিতও হয়েছে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সেখানে কোন ক্রাশ প্রোগ্রামে রাস্তা নির্মাণের কাজ সুরু হয় নাই। কিন্তু পাশাপাশি দেখা যাচ্ছে, এবং কাগজেও দেখতে পাচ্ছি অন্যান্য জেলায় ও অন্যান্য মহকুমায় ঐ ক্রাশ প্রোগ্রামে কতকগুলি রাস্তা তৈরীর কাজ আরম্ভ হয়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি, যে যাতে ওখানে অতি সত্বর এই ক্রাশ প্রোগ্রামে যে সমস্ত রাস্তার স্কীম দেওয়া হয়েছে, সেগুলি যত সত্বর পারা যায় অনুমোদন করে তার কাজ আরম্ভ করলে ওখানকার শ্রমিকরা খেয়ে পরে বাঁচতে পারবে। বর্তমানে সেখানে তাদের কোন কাজ নাই। আর T. R. ও যা হচ্ছে, তাও যথেষ্ট নয়। এ সম্বন্ধে পুনঃ পুনঃ সরকারের দৃষ্টি আকর্ষণ করেও কোন ফল পাচ্ছি না। বিশেষ করে এই ভগবানগোলা থানা, একটা অবহেলিত এলাকায় যাতে সত্বর এর একটা সুব্যবস্থা হয়, তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে সনির্বন্ধ অনুরোধ আপনার মাধ্যমে জানাচ্ছি।

## tatement under Rule 346

**Mr. Speaker :** I call upon the Minister-in-charge of Irrigation to make a statement,

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** Mr. Sperker, Sir, the policy of supply of irrigation for Boro in 1972 and high yielding summer I.R.(8) or Boro was not in vogue in the fifties and the flow of Irrigation project under the control of I.&.W. Department was not designed to provide any Irrigation for the summer or Boro crop. The canals had to be repaired during the sumer from April. An Agricultural Production Committee decided as far back as 1969 that no Boro irrigation should be provided beyond 31st March, i.e.. for Boro crops. Large Scale irrigation after winter also eats up Khariff reserve

badly and protective irrigation in July may prove difficult, if not impossible. What is more, Boro crop requires a large dose of irrigation and this also makes it difficult to arrange for Boro irrigation without jeopardising the interests of Khariff and Rabi. All the same having regard to the widespread flood havoc and the sufferings of the people in those areas, the Government have assured for Boro irrigation as far as possible and for this year only even at the risk of depleting Khariff reserve and endangering Kharif irrigation in July. The statement below indicates the project target for Rabi coverage and Rabi-Boro covarage last year and the Rabi-Boro coverage attempted this year.

**Rabi target—1971**

D.V.C. Canal—1,14,634. This year we hove done 1,75,000 plus 52,000 outside command area.

Mayurakshi—Last year we had done 52,300 and this year we have done 76,000

Kangsabati—Last year we had done 50,000 and this year we have done 80,000.

Sir, this year we have irrigated a total of 3,83,400 acres. The coverage attempted is more than double the project target but because huge transmission loss and the repair and construction works in progress in the canals outside Rabi command, the I.&.W. Deparment had to regret supply generally to Rabi canals only. In the case of Khariff only the whole area is outside its command. The Department cannot also arrange for any irrigation outside the command areas by diverting water to drainage channels outside D. V. C. or Mayurakshi systems In the context of last year's flood damage Boro irrigation will be continued till 30th April for this year only at very grave risk to Khariff supply and supply for other purposes. It cannot be continued beyond 30th April in any case.

**Mr Speaker** : We now take up the West Bengal Relief Undertaking (Special Provisions) Bill,1972.

**শ্রীশরৎচন্দ্র দাস** : স্যার, আমাদের যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব, যা আপনি য়্যাডমিট করেছিলেন তা কিন্তু আপনি আমাদের বলতে দিলেন না।

**মিঃ স্পীকার** : কোনটা বলুন তো।

**শ্রীশরৎচন্দ্র দাস** : যেটা এ্যাডমিট করেছিলেন।

**মিঃ স্পীকার** : কবে দিয়েছিলেন।

**শ্রীশরৎচন্দ্র দাস** : স্যার, আজ দিয়েছি।

**মিঃ স্পীকার** : ক'টার সময়।

**শ্রীশরৎ চন্দ্র দাস** : আজ ১০টার সময়।

**Mr. Speaker** : You should know the procedure. That is about the calling attention notice. Today I have received 14notices and out of them I have onlyone according to rules I cannot accept more than one calling attention notice and so I have acepted only one and I have also stated that the Minister-in-charge of the Department concerned will make statement theron on the 2nd day of May. More than one calling attention notice cannot be accepted by me according to the rule.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছিলাম যে লোকসভায় যখন অধিবেশন চলে তখন সেই সময় মাননীয় সদস্যদের প্রায় দিনে হাফ য়্যান আওয়ার করে

ডিসকাশনের সময় দেয়। স্যার, আমাদের এখানে আজ কয়েকদিন ধরে সভা চলছে এবং এই হাফ য়্যা'ন আওয়ার করে সময়ের সেই ক্ষমতা আমাদের প্রায় সংকুচিত হয়ে পড়েছে, সেইজন্য আমি রুলিং চাইছি যে আমাদের অনেক ত্রুটি-বিচ্যুতির কারণ নিয়ে আমরা পয়েন্ট অফ প্রিভিলেজ-এর মাধ্যমে আপনার কাছে জানাতে চাই যে অনেক বক্তাই হয়ত তাঁদের বক্তব্য পরিষ্কার করতে পারছেন না, ফলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি আশা করছি যে আপনি লোক-সভার দৃষ্টান্ত অনুসারে আমাদের একটু সুযোগ দেবার ব্যবস্থা করবেন।

[2-50—3-30 p. m. ]

**Mr. Speaker:** Mr. Biswas, I will draw your attention to rule 58. Half-an hour discussion is allowed on a matter arising out of an ambiguity in respect of question answerd. For that a notice is to be givien. I have recevied perhaps only one notice to that effect from one honourable member. That was placed before the Business Advisory Committee and the Committee has decided that we shall, first of all, take up all the Bills because these are ordinance Bills—that we are legislating. If the Bills are not passed the Ordinances will lapse. So, the Business Advisory Committee was pleased to hold that we must take up the Bills first and, once we have done our work with these Bills the members will get the chance to raise half-an-hour discussion on any matter that they desire to give notice of I can assure you that this matter will be placed before the next meeting of the Business Advisory Committee, as you have raised it and a definite decision will be taken in that meeting.

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ আমাদের নন-অফিসিয়াল মেম্বারদের প্রত্যেক উইকে একদিন করে নন-অফিসিয়াল রেজলিউসন ডিসকাসন করার প্রিভিলেজ আছে। গত কয়েক সপ্তাহ ধরে আমাদের বিধানসভা চললো কিন্তু আমাদের নন-অফিসিয়াল মেম্বারদের কোন রকম রেজলিউসন ডিসকাসন করার সুযোগ দেওয়া হয় নি। যাতে প্রত্যেক সপ্তাহে একদিন করে নন অফিসিয়াল রেজলিউসন ডিস্কাসন হয় তারজন্য আপনি টাইম এ্যালট করে দিন।

**Mr. Speaker :** Honourable members, I may inform you that two and a half hours are generally allotted in a week for private members. This matter was also discussed in the Business Advisory Committee. It has been decided that after the Ordinance Bills, time will be allotted for the private members. Surely, I will place this matter before the Bussiness Advisory Committee in the next meeting and try to allot, at least, two and a half hours, as provided under the rules . I will look into the matter and see that sufficient time is allotted to the private members.

**The West Bengal Relief Undertakings (Special Provisons) Bill, 1972**

**Dr. Gopal Das Nag :** Sir, I beg to introduce the West Bengal Relief Undertakings (Special Provisions) Bill, 1972.

(Secretary then read the title of the Bill).

**Dr. Gopal Das Nag :** Sir, I beg to move that the West Bengal Relief Undertakings (Special Provisions) Bill, 1972, be taken into consideration.

স্যার, বর্তমানে পশ্চিমবঙ্গে যে দুর্বল এবং বন্ধ শিল্প প্রতিষ্ঠানগুলি রয়েছে তার সমস্যা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রায় ৪৭০টি ছোটবড় কারখানা বন্ধ হওয়ার ফলে বেশ কয়েক হাজার কর্মক্ষম, দক্ষ মানুষ বেকার হয়েছে, তার চেয়ে বড় কথা ৪৭০টি থেকেও বেশী সংখ্যক কারখানার বর্তমান অবস্থা ভাল নয়, প্রায় বন্ধ হওয়ার মুখে। ফলে আরো অনেক বেশী শ্রমিক যাঁরা আজ কাজ করছেন তাঁদের বেকার হয়ে যাবার ভয় রয়েছে। বন্ধ কারখানাগুলি চালু করার জন্য এবং দুর্বল শিল্পগুলিকে পুনরায় সবল করার জন্য পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যে বহু টাকা হয় ধার দিয়েছেন অথবা বিনিযোগ করেছেন অথবা জামিন থেকে রাষ্ট্রিয় ব্যাঙ্কগুলি থেকে ধারের ব্যবস্থা করে দিয়েছে। তাছাড়া অনেকগুলি ক্ষেত্রে সরকারকে সরাসরি পরিচালনার দায়িত্ব গ্রহণ করতে হয়েছে। চাকুরীর সুযোগগুলি সংরক্ষিত রাখা এবং ঐ শিল্পগুলিতে নূতন নূতন আরো অনেক চাকুরীর সুযোগ সৃষ্টি করার জন্য এই বিরাট সংখ্যক বন্ধ কারখানাগুলি চালু করা দরকার। একথা ধ্রুবসত্য, সেই দায়িত্ব সরকারের গ্রহণ করার প্রশ্ন বড় হয়ে উঠেছে এবং আমাদের সেই দায়িত্ব গ্রহণ করতে হচ্ছে। সুতরাং এইরকম একটা অস্বাভাবিক বিরাট অবস্থায় এইরকম সমস্যার মোকাবিলা করার জন্য সরকারের হাতে কিছুদিনের জন্য বিশেষ একটা ক্ষমতা থাকা দরকার। সরকার Under the West Bengal Relief Undertakings (Special Provisions) Act, 1971, (President's Act IV of 1971) such necessary powers were resumed by the State Government. On the withdrawal of the President's Rule, the West Bengal Relief Undertakings Special Provisions) Ordinance,1972 (West Bengal Ord. V of 1972 was promulgated pending the promulgation of an Act of the State Legislature for the continued validity of the orders in force under the said Presidential Act.

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই পটভূমিকায় আজকে আমাদের এই বর্তমান বিলটি হাউসের consideration-এর জন্য আনতে হচ্ছে। এই বিলের দ্বারা সরকার কারো কোন অধিকার সংকুচিত করেছেন না, বা কারো কোন অধিকারকে অপহরণ করার চেষ্টা করছেন না। কেবলমাত্র শিল্পের বৃহত্তর স্বার্থের জন্য চাকুরীর যে সুযোগগুলি আছে সেগুলিকে সংরক্ষিত করার স্বার্থে এবং এই শিল্পগুলিকে পুনর্গঠন করে আরো অনেক সংখ্যক চাকুরী সৃষ্টি করা দরকার। কেবলমাত্র নির্দিষ্ট সময়ের জন্য কিছু কিছু পুরাতন যে দায়-দায়িত্ব যে দায়-দায়িত্বগুলি পুরাতন পরিচালকরা নিজেদের অব্যবস্থার জন্য নানারকম পরিবেশে দায়-দায়িত্বগুলি চালিয়ে দিয়েছিলেন ঐ শিল্পগুলির উপর এবং যারজন্য হয় শিল্পগুলি দুর্বল হয়ে গেছে না হয় বন্ধ হয়ে গেছে। সেই দায়-দায়িত্ব থেকে কিছু দিনের জন্য অব্যাহতি পাবার জন্য এবং কিছু কিছু শ্রমিক আইন কিছু দিনের জন্য স্থগিত রাখার জন্য সরকার কিছু ক্ষমতা চান। যে ক্ষমতার জন্য— এই বিলটি আনা হয়েছে। এই বিলের দ্বারা যে দায়-দায়িত্বের কথা বলা হয়েছে সেই দায়-দায়িত্ব বরাবরের জন্য স্বীকার করা হচ্ছে না বা কোনরূপ শ্রমিক আইনের বাইরে বরাবরের জন্য এই Industrial Undertakings নিয়ে যাবার কথা বলা হচ্ছে না। কেবলমাত্র বন্ধ কারখানাগুলিকে চালু রাখা প্রয়োজন পুনর্বিন্যাসের প্রয়োজন সুগঠিতভাবে সুপরিচালিতভাবে এগুলি আরো প্রসারের জন্য প্রয়োজন এবং সেজন্য অল্প কিছুদিনের জন্য এইরকম ধরনের একটা ক্ষমতা সরকারের থাকা দরকার। এই সময়ের জন্য ঐ অধিকারগুলি প্রয়োগ স্থগিত রাখার কথা বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে আমাদের দেশের অন্যান্য অনেকগুলি প্রদেশে যেমন মহারাষ্ট্র, গুজরাট, রাজস্থান, মধ্যপ্রদেশ, তামিলনাড়ু এবং কেরলে অনুরূপ আইন চালু আছে। এই থেকে বোঝা যায় যে শিল্পের প্রয়োজনে চাকুরীর সুযোগগুলি সুসংরক্ষিত করার জন্য এবং ভবিষ্যতে আরো নূতন

চাকুরী সৃষ্টির জন্য সরকারকে জনসাধারণের স্বার্থে, জাতীয় অর্থনীতির স্বার্থে অন্যান্য প্রদেশে এই ধরনের আইন করতে হয়েছে। তাছাড়া এই আইনটায় নূতন কিছু নেই, যে আইন প্রচলিত ছিল তার কনটিনিউয়েটি রাখার জন্য এই আইনটি আনতে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের পরিপ্রেক্ষিতে আমাদের কন্সটিটিউশনাল পজিসানটা বোঝা দরকার, সেইজন্য আমি জানাচ্ছি—

It may be mentioned here that the constitutional position in this regard is that the subject matter of the Bill is included within entry 24 of the State List in the Seventh Schedule to the Constitution of India and is within the competence of the State Legislature. The Bill contains provisions which are repugnant to the provisions of certain existing or earlier laws specified in the schedule to the Bill with respect to matters enumerated in the concurrent List. The Bill, when passed by the State Legislature, will be required to be reserved for the consideration of the President under Article 200 of the Constitution. The Bill has no financial implication, but the operation may involve expenditure which might have to be borne out of the Consolidated Fund of the State. Recommendation of the Governor under Article 207 (3) of the Constitution of India has accordingly been obtained.

With these words, Sir, I commend my motion for acce[pta]nce of the House.

(At this stage the House adjourned for 20 minutes

[ 3-30—3-40 p.m.]

**After adjournment**

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী সিক ইণ্ডাস্ট্রিজের উপর যে বিল এনেছেন এতে কারখানা খোলা যাবে সুখের বিষয়, এটাকে অভিনন্দন জানানো যেত যদি এরমধ্যে কতকগুলি শ্রমিক স্বার্থ বিরোধী ধারা না থাকতো। এই কারখানাগুলির অবস্থা সম্পর্কে আলোচনা করতে গিয়ে বা বন্ধের কারণ সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। আমরা জানি, ১৯৬৬ সালেই বলা যেতে পারে, ঠিক যখন সারা পৃথিবীতে পুঁজিবাদী দেশগুলির সামনে একটা নতুন কথা এসেছিল যে শিল্পে স্লাম্প বা মন্দা এসেছে এবং তার সুযোগ নিয়ে সেখানে যখন শ্রমিক শ্রেণীর উপর নানা সংকটের বোঝা চাপাতে চেষ্টা করেছিল ঠিক সেই সময় আমাদের দেশের অর্থনীতিতেও তার প্রভাব এল। আমাদের দেশের পুঁজিপতিরাও শ্রমিকদের উপর সেই বোঝা চাপাবার চেষ্টা করেছিল। আমরা জানি, সেদিন যেমন ফ্রান্সের শ্রমিক শ্রেণী প্রায় ৯০ লক্ষ শ্রমিকের বিরুদ্ধে সাধারণ হরতাল করেছিল, ইংল্যাণ্ডের শ্রমিকরা তার প্রতিবাদ করেছিল, ঠিক তার সাথে ভারতবর্ষের শ্রমিক শ্রেণীও তার প্রতিবাদ করেছিল এবং সেই প্রতিবাদ আন্দোলনে এ, আই, টি, ইউ, সি ; আই, এন, টি, ইউ, সি এবং অন্যান্য কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ান সংস্থাগুলিও যোগ দিয়েছিল। আমাদের সকলের মনে আছে ঠিক সেই সময় তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী মোরারজী দেশাই আমাদের সামনে ওয়েজ ফ্রিজ প্রোগাম এনেছিলেন, আমরা তার বিরোধিতা করেছিলাম। এই কথাগুলি এইজন্য বলছি যে এই সংকট নিয়ে আসার বা এই সংকট যা সৃষ্টি করা হয়েছিল এটা একটা বিশেষ উদ্দেশ্য দিয়ে মালিক শ্রেণী করেছিলেন এবং যার ফলে তার বোঝা চাপিয়ে শ্রমিক শ্রেণীর জীবনে একটা অসহনীয় দুর্দশা আনার চেষ্টা করেছিলেন। সেদিন তার বিরুদ্ধে সংগ্রাম করা হয়েছিল কিন্তু পরবর্তীকালে তারা এক একটি কারখানা বন্ধ করতে আরম্ভ করলেন। এখানে উল্লেখযোগ্য যে এই কারখানা বন্ধের কারণ হিসাবে আমাদের দেশের বুর্জোয়া কাগজগুলি মূলতঃ দেখাতে চেয়েছিলেন যে শ্রমিক শ্রেণীই এর জন্য দায়ী। তার কারণ ঠিক সেই সময়, যুক্তফ্রন্টের সময় সি. পি. এম, এর দ্বারা যে সময় সন্ত্রাস,

হত্যালীলা চলছিল এবং কিছু কিছু জায়গায় তারা শ্রমিকদের মধ্যে দাঙ্গা হাঙ্গামা নিয়ে এসেছিল। তার সুযোগ নিয়ে এই প্রচার জনমানসে বিশেষ দাগ কেটেছিল। কিন্তু আসল ঘটনা তা নয়। আমরা দেখতে পাবো যেমন রাজ্যসভায় কিছুদিন আগে শ্রীকল্যাণ শঙ্কর রায় এম. পি'র এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় শিল্পমন্ত্রী শ্রীমৈনুল হক চৌধুরী বাংলাদেশের বন্ধ শিল্প সম্বন্ধে একটা রিপোর্ট পেশ করেছিলেন। বাংলাদেশ সম্পর্কে তিনি একটি সমীক্ষা রিপোর্ট দিয়েদিলেন। তিনি বলেছেন, দুরকম সমীক্ষা হয়েছিল। প্রথম সমীক্ষা হয়েছিল ১০০ জন, এর বেশী শ্রমিক যে সমস্ত কারখানায় নিয়োগ করা হয়েছে এই ধরনের ৫৪টি কারখানায়। তারা সমীক্ষা করে বলেন ২৯·৩ পারসেণ্ট কারখানা যা বন্ধ হয়েছে তারজন্য দায়ী শ্রমিকদের বিক্ষোভ বা তার ফলেই বন্ধ হয়েছে। আর বাকি মালিকদের অব্যবস্থার ফলে বন্ধ হয়েছে। দ্বিতীয় সমীক্ষায় দেখানো হয় ৭৬টি কারখানাকে। এই সমীক্ষা মূলত মালিকদের ষ্টেটমেণ্টের উপর ভিত্তি করেই করা হয়েছে। এতে কোনরকম শ্রমিকদের স্টেটমেণ্ট বা কোন ট্রেড ইউনিয়নের স্টেটমেণ্ট নেই। মালিকদের স্টেটমেণ্টের উপর যে সমীক্ষা হয় তাতে দেখানো হয় শতকরা ২১ ভাগ কারখানা বন্ধ হয়েছে মোটামুটি লেবার ইনডিসিপ্লিন-এর ফলে। ঘেরাও অথবা লেবার, লেবার ভায়োলেন্সের ফলে কোন কারখানা বন্ধ হয়নি। এমন কি হরতাল, স্লোডাউন-এর ফলে মাত্র ৬·৬ পারসেণ্ট এবং ১·১ পারসেণ্ট কারখানা বন্ধ হয়েছে। এটা এই সমীক্ষায় দেখা যায়। এ ছাড়া বলা হয় ফাইনানসিয়াল ষ্ট্রিনজেন্সীর ফলে আসলে যার নাম মালিকদের অব্যবস্থা এবং অপদার্থতা' তার ফলে ৪৩·৪ পারসেণ্ট কারখানা বন্ধ হয়েছে এই বাংলাদেশে। এর সংগে আরো যোগ করা যেতে পারে ১০·৫ পারসেণ্ট কারখানা বন্ধ হয়েছে মালিকদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব এবং কলহের ফলে। কাজেই বলা যেতে পারে মালিকদের অপদার্থতা অন্তর্দ্বন্দ্বের ফলে ৫৩ পারসেণ্টের বেশী কারখানা এই পশ্চিমবাংলায় বন্ধ হয়েছে। ৯·২ পারসেণ্ট কারখানা বন্ধ হয়েছে চাহিদার অভাবে, ৭·৯ পারসেণ্ট কারখানা বন্ধ হয়েছে কাঁচা মালের অভাবে। এ থেকে দেখা যায় যে শ্রমিকরা মূলতঃ এই কারখানা বন্ধের জন্য দায়ী নয়। তাছাড়া আরো কয়েকটি কারখানার কথা বলব, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ও জানেন যে মুদ্রার জেসপ কারখানা কেন বন্ধ হয়েছে। তার কারণ আমরা প্রত্যেকে জানি। সেখানে চুরি, অব্যবস্থার ফলে এ কারখানাকে সরকারকে নিতে হয়েছে। যেমন ধরুন ক্যালকাটা ট্রামওয়েজ, সেখানে শ্রমিকদের গাফিলতির ফলে সরকার নেয়নি, সেখানে পুরান দিনের যে ট্রাম কারস তার মেরামতের কোন ব্যবস্থা ছিল না, রাস্তা ঘাট মেরামতের কোন ব্যবস্থা ছিল না, চরম অব্যবস্থার জন্য ক্যালকাটা ট্রামওয়েজকে নিতে হয়েছিল। তারপর ধরুন স্ত্যাক্সবি কারখানা, সেখানে দেখা যায় এক্সপার্ট কমিটি বসান হয়েছিল সরকারের তরফ থেকে যে এক্সপার্ট কমিটিতে শ্রমিকদের কোন প্রতিনিধি ছিল না, তার মধ্যে ছিল কস্ট এ্যাকাউন্ট্যাণ্ট, ওয়ার্কস ইঞ্জিনিয়ার এবং সরকারী প্রতিনিধি। তাঁরা অনুসন্ধান করে বলেছেন এই কারখানা বন্ধের কারণ হচ্ছে মিসম্যানেজমেণ্ট মালিকদের অব্যবস্থার ফলে এই কারখানা বন্ধ হয়েছে। তারপর ব্রেথওয়েট ইঞ্জিনিয়ারিং-এও ঠিক একই অবস্থা। সেখানে একটা এনকোয়ারী কমিটি বসান হয়েছিল, তাঁদের যে ফাইণ্ডিংস তাতে তাঁরা বলছেন শ্রমিকদের দোষে নয়, মালিকদের অব্যবস্থার ফলে এই ঘটনা ঘটেছে। তারপর স্মীথ স্টেনিসস্ট্রীট, মুদ্রার কারখানা, সেখানেও ঠিক একই অবস্থা, সেখানে শুধু মালিকের অব্যবস্থার জন্য নয় সেই কারখানার টাকা অন্য কারখানায় রপ্তানি করার ফলে ঐ কারখানা বন্ধ, তারপর কাপড়ের কলগুলির ক্ষেত্রে দেখা যাবে এই পশ্চিমবাংলায় প্রায় ১৫টির বেশী কাপড়ের কল বন্ধ হয়েছিল। শ্রমিকরা কাজের বোঝা নেয়নি বলে নয় বা তারা কোন বিক্ষোভ করছে বলে এই কারখানাগুলি বন্ধ হয়নি, মূলতঃ এই কারখানাগুলি বন্ধের জন্য দায়ী হচ্ছে মালিকদের অব্যবস্থা, অ-যোগ্যতা, অপদার্থতা। তারপর ধরুন ঢাকেশ্বরী কটন মিল, মাত্র সেদিন শ্রমমন্ত্রী মহাশয় দেখে

এসেছেন আমরা প্রত্যেকে জানি যে ঢাকেশ্বরী কটন মিল মূলত: মালিকদের মধ্যে ঝগড়া, তাদের নিজেদের অপদার্থতার ফলে ঐ কারখানা বন্ধ হয়েছিল। সেখানে শ্রমিক উৎপাদন দেয়নি বলে বা হরতালকে অবলম্বন করে ঐ কারখানা বন্ধ হয়নি। সেদিন সেন র‍্যালে কারখানা খোলা হল। সেখানে খোলার যে উৎসব, সেই উদ্বোধনী সভায় মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় উপস্থিত ছিলেন, মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন, তাঁরা জানেন এই কারখানা ঠিক একই কারণে,—উৎপাদন দেয়নি বলে নয়,—বন্ধ হয়েছিল। সেন র‍্যালে কারখানার নামে ১ কোটি টাকা সরকার থেকে নেওয়া হয়েছিল কিন্তু সেই টাকা অন্য কোম্পানী সেন এণ্ড পণ্ডিত কোম্পানীতে ট্রান্সফার করে। রাজ্যসভায় এর উপর আলোচনা হয় এবং এর উপর একটা প্রশ্নের উত্তরে জবাব দেয় যে মালিকের মিসএ্যাপ্রোপ্রিয়েসান অব ফাণ্ডের ফলে এই কারখানা বন্ধ হয়েছিল। এছাড়া কয়লাখনি অঞ্চলে দেখা যাবে যে সারা ভারতবর্ষে ১৫টি কয়লাখনি বন্ধ হয়েছে, তার মধ্যে ১২টি বন্ধ আছে পশ্চিমবঙ্গে। এগুলি শ্রমিকরা উৎপাদন করেনি বলে, হরতাল বলে, বা শ্রমিকরা ইনডিসিপ্লিন্ড বলে বন্ধ আছে তা মোটেই নয়, এখানে মালিকদের অব্যবস্থা, চুরি এবং নানা রকম দুর্নীতির ফলে এবং এটা যে একটা জাতীয় সম্পদ এই দৃষ্টিভঙ্গির অভাব থাকার ফলে এই কয়লাখনিগুলি বন্ধ আছে। মেনধেমো কোলিয়ারীতে প্রচুর কয়লা রিজার্ভ রয়েছে, কেন্দ্রীয় সরকার এন.সি.ডি.সি. মারফত নিচ্ছেন না, যেহেতু পশ্চিমবঙ্গ সরকার নিলাম ডাকিয়ে এনসিডিসি মারফত নেবার ব্যবস্থা করেন নি। এই সমস্ত ঠেলাঠেলির ফলে এই খানিটি বন্ধ আছে। তারপর ধরুন ইণ্ডিয়ান অক্সিজেন কারখানা, সেখানে মালিকরা ইতিমধ্যে গাইতে শুরু করেছেন যে তাঁরা সঙ্কটের মুখে। এদের অপচয় একটা ঘটনা থেকে বোঝা যাবে—এই কোম্পানীর ম্যানেজিং ডিরেক্টরের বেতন হচ্ছে ২০ থেকে ৩০ হাজার টাকা পার মান্থ। সুতরাং এই হচ্ছে ঘটনা। সেদিক দিয়ে আমি বলতে চাই যে এই বন্ধের কারণগুলি শ্রমিক থেকে নয়। এটা মালিকের সম্পূর্ণ দায়িত্ব। মালিকদের অব্যবস্থার ফলেই এই ঘটনা ঘটছে—এটা আমি বলতে চাই। মালিকদের সৃষ্ট যে অব্যবস্থা, অপব্যয়, আত্মকলহ এর ফলে যে বন্ধ হল—সে কারখানা খোলার সময় যদি শ্রমিকের উপর তার কাজের বোঝা চাপান হয়, শ্রমিকের সুযোগ-সুবিধা যদি কাটা হয়, তাহলে এ জিনিষ মেনে নেওয়া যেতে পারে না। কারণ একের দোষে অন্যকে সাজা দেওয়া যায় না এই কথা মনে রাখতে হবে। যেমন আইনে আছে যে কারখানাগুলি এক থেকে পাঁচ বছর পর্যন্ত সরকার প্রয়োজনে পরিচালনাধীনে রাখবেন। এখন কথা হচ্ছে সরকারী পরিচালনাধীনে এই আইনের ফলে যে সমস্ত কারখানা সরকার থেকে আর্থিক সুযোগ সুবিধা নিয়েছিল সরকার যেখানে সিউরিটি ছিলেন এরূপ কারখানাও নিতে পারেন, যদি নেবার কথা ওঠে। এর ফলে চালু কারখানাগুলিও দেখা যাবে আবার বন্ধ হবে যেহেতু আমাদের দেশে এটা হয় নি যে কারখানা ক্লোজার করা বে আইনী। এর উপর একটা অর্ডিনান্স জারি হয়েছে যে অর্ডিনান্স-এর ফলে বলা হয়েছে যে ৬০ দিনের নোটিশ দিতে হবে। কারখানা বন্ধ করা বা ক্লোজার ইনিলগান এই কথা কিন্তু আসে নি। ঠিক সেই সময় যদি এই আইন আসে তাহলে দেখা যাবে সরকারের সাহায্যে স্বভাবতই এই কারখানাগুলি খোলার যা বন্ধ আছে—সেগুলি খুলবে ও ৫ বছর পর্যান্ত, এই আইনে যে ইঙ্গিত আছে, শ্রমিকদের সুযোগ-সুবিধা কাটা হল—বেতন কাটা হল, ইত্যাদি এই সব কাটার পর তাকে ৫ বছর চালিয়ে লাভজনক করা হল, এইভাবে লাভজনক করে সেই কারখানা-গুলিকে আবার মালিকের হাতে তুলে দেওয়া হল। আবার দেখা যাবে দু-তিন বছর পর তারা লুটে পুটে খাচ্ছে। আবার কারখানা সরকারের হাতে দেওয়া হবে। এক একটা অদ্ভুত ব্যাপার। আমরা মনে করি এ জিনিষ সমীচীন নয়। এই আইনের মধ্যে এরূপ একটা ধারা আছে যাতে বলা আছে যে এ্যাওয়ার্ড স্থগিত রাখা হবে। এখন প্রশ্ন হচ্ছে যে বহু আন্দোলনের মধ্য দিয়ে যেসমস্ত এ্যাওয়ার্ড চালু হয়েছিল বা যেসমস্ত সুযোগ-সুবিধা শ্রমিকরা পেয়েছিল যদি তা বন্ধ করে দেওয়া হয়

তাহলে শ্রমিকশ্রেণীর জীবন যাত্রার মান কোথায় যাবে এই কথা চিন্তা করতে হবে। অন্যদিকে আর একটা কথা আমি শ্রমমন্ত্রী মহাশয়কে বলবো তিনি নিজে এই কথা চিন্তা করবেন যে ফিপটিন্‌থ লেবার কনফারেন্স-এ ঠিক হয়েছিল যে একজিস্‌টিং ফেসিলিটিস কারো কাটা যেতে পারবেনা। তাতে আই এন টি ইউ সি, এবং এ আই টি ইউ সি, এবং অন্যান্য কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ান সংগঠনগুলি ছিল। শ্রম মন্ত্রী মহাশয় নিজেও একজন ট্রেড ইউনিয়ান নেতা। আমি ট্রেড ইউনিয়ান নেতা হিসাবে তাঁকে ভাল করেই জানি। আমি তাঁর কাছে এই কথা বলবো যে, যে সিদ্ধান্ত ফিপটিনথ লেবার কনফারেন্সে হয়েছিল সেই সিধান্তের পরিপন্থী কোন পদক্ষেপ নেবেন কি? যেটা ৪ (এ) এ্যাণ্ড (বি) এই ধারায় উল্লিখিত আছে সেই কথা জিজ্ঞাসা করবো। আমরা দেখছি যে আজকে আমাদের দেশে শিল্পগুলিতে মূলত সংকেট শ্রমিকদের বেতন বাড়াচ্ছে বলে নয়। আজ পর্য্যন্ত যে পরিসংখ্যান পাওয়া গেছে আমাদের দেশের শিল্পগুলিতে মোট যে একসপেনডিচার—টোটাল এক্সপেনডিচার-এর মাত্র ১৫ থেকে ২০ পারসেন্টের বেশী কোথাও ওয়েজেস এণ্ড সেলারিজ বাবত আজ পর্য্যন্ত খরচ হয়নি। তাহলে এওয়ার্ড যা কিছু পেয়েছে তা যদি খর্ব করা হয় তাহলে শ্রমিকদের মধ্যে যে অনুপ্রেরণা বা উৎসাহ তা আসা সম্ভব নয়। আমরা এর বিরোধিতা করতে চাই। আমরা বরং বলতে চাই যদি ভায়েবল করতে হয়, ইকনমিক প্রোডাক্সসান যদি করতে হয় তাহলে অন্য পথে হবে। সেটা আমরা জানি। আমরা জানি ওভার হেড খাতে খরচ কমাতে হবে। আমি জানি কয়েকটা কোম্পানীরকিছু জায়গায় কোল ফায়ারিং, অয়েল ফায়ারিং হচ্ছিল। কিন্তু এখন তার পরিবর্ত্তে ঐ অয়েল ফায়ারিং হওয়ার ফলে ৫.৬লক্ষ টাকা এক্সপেনডিচার বেড়ে গেছে। সেখানে আবার কোল ফায়ারিং করা যায় কি না এসব দিকে নজর দেওয়া উচিত হবে, এবং ওভারহেড একস্‌পেনডিচারগুলির দিকে দেখতে হবে। এবং টেকনিকাল মেথড যা রয়েছে বা প্রোডাকসান মেথড যা রয়েছে এ সম্পর্কে শ্রমিকদের সঙ্গে বা শ্রমিক সংগঠনের সঙ্গে আলোচনা করে তার পরিবর্ত্তন করতে হবে। এছাড়া অন্য পথে পরিবর্ত্তন করা সম্ভব নয়।

[3-40—3-50 p.m.]

যদি উৎপাদন বাড়ানোর কথা বলে কাজের বোঝা বাড়িয়ে বেতন কাটার ব্যবস্থা হয় তাহলে শ্রমিকদের মধ্যে অসন্তোষ হবে এবং বন্ধ কারখানা খোলার ব্যাপার তারা এটাকে penalty হিসাবে নেবে। একারণে তারা উৎপাদন বাড়ানোতে উদ্বুদ্ধ হবে না। বন্ধ কারখানা খোলা হোক এটা আমরা সকলেই চাই। আজকে প্রত্যেকে জানেন যে বন্ধ কারখানা খোলার নামে Industrial Reconstraction Corporation যেটাকে ভারত সরকার ২৫ কোটি টাকা দিয়েছে তারা যেখানে যেখানে কারখানা খুলতে গেছে ঠিক সেখানে সেখানে পূর্ব সর্ত তারা রেখেছে যে শ্রমিকদের কাজের বোঝা বাড়াতে হবে। সেনর‍্যালেতেও কাজের বোঝা বাড়ান হল এবং তার বিনিময়ে তারা কোন পয়সা পাবে না। এই জিনিষটা আজ এসে গেছে। তাই শ্রমিকদের বেতন কাটানোর পথ যদি এই আইন করে দেয় তাহলে তাকে আমরা দুঃখজনক বলে মনে করি এবং সেটা সমর্থন করা যায় না। এর স্থানে I.R.C.-র যে programme সেই programme-এর ফলে বন্ধ কারখানায় শ্রমিকদের সংখ্যা surplus হবে, সেন-র‍্যালই তার প্রমাণ। আজ মালিক কারখানা বন্ধ করে দিয়ে শ্রমিকদের অনাহারের মুখে ঠেলে দিচ্ছে এই সময় যদি শ্রমিকদের বেতন কাটার programme নেওয়া হয় তাহলে একটা জিনিষ মনে রাখতে হবে যে যারা মুনাফা করলে,

উৎপাদন বড়াল অথচ মালিকদের অব্যবস্থার ফলে কারখানা বন্ধ হল তার সুযোগ নিয়ে যদি সরকার এই আইন করেন এবং সরকারী সাহায্যে শ্রমিকদের কাজের বোঝা বাড়ান হয় তাহলে দীর্ঘদিন শ্রমিকরা তা মেনে নেবে না। আমরা তাই মনে করি clause(a) clause(b) শ্রমিক শ্রেণীর স্বার্থবিরোধী এবং সেটা আমরা সমর্থন করি না। পরিশেষে আমি বলতে চাই আজ এমন একটা অবস্থা সৃষ্টি হচ্ছে যেমন Calcutta State Transport-এ দেখা গেল সেখানকার worker-দের জন্য যে award সেটা আজও implementation হল না। ২৪ বছর পর্য্যন্ত State Transport-এর worker-রা কাজ করার পরও Corporation হল না। এর ফলে সেই জায়গায় একটা বিরাট loss হচ্ছে। কয়লাখনিতেও কোন award চালু হল না, বেতন বাড়ল না এবং বেতন কাটার জন্য উৎপাদন বৃদ্ধিতে তারা উৎসাহ পেল না। আমরা চাই কারখানা খোলা হোক। এই আইনের মধ্য দিয়ে যে কারখানাগুলি মালিক বন্ধ করে দিয়েছে তার মালিকানা সরকারের হাতে যদি তুলে দেওয়া হত এবং তবেই শ্রমিকরা উদ্বুদ্ধ হোত এবং উদ্বুদ্ধ হোত awarsd-এর মাধ্যমে যেসমস্ত সুযোগ-সুবিধা তাদের প্রাপ্য তা যদি দেওয়ার ব্যবস্থা হোত আর এসব করলেই প্রাণভরে তারা কাজ করবে এবং কারখানার উৎপাদনের পরিমাণ বাড়াবে। এই পথই দেওয়ার জন্য সরকারের কাছে আবেদন করবো। কিন্তু অন্য পথও আছে। আমি মনে করি যে এই আইন যেভাবে রচিত তাতে চালু কারখানাকেও ইঙ্গিত দেওয়া হবে যে তোমাদের যদি ইউনিট আনইকনমিক হয় তাহলে তোমরা ননভায়াকেল বলে নোটিশ দাও— টেক ওভার করা হবে। তাহলে আমাদের কাজের বোঝা বাড়িয়ে বেতন কেটে সব ঠিক করে দেওয়া হবে। আমি বলি না লক্ষ্যটা খারাপ। লক্ষ্য খুব সাধু। কারখানা খোলা হবে। কিন্তু আইন রচিত হওয়ার পরে সে আইন কিভাবে কার্য্যকরী হয় তা দেখতে হবে, কিভাবে আইন ইম্পলিমেন্ট হয় সেটা দেখতে হবে। এই আইনের মধ্যে রয়েছে যে মালিক শ্রমিকের কাজের পদ্ধতি এবং বেতনের কাঠামো ঠিক করার চেষ্টা করবে। আমরা চাই উৎপাদন বাড়ুক। কিন্তু বিনামূল্যে যেন না হয় এবং সেটার যেন অপব্যয় না হয় সেটা দেখতে হবে। আমরা চাই পূর্ণ সহযোগীতা। এটা কারখানার স্বার্থে, শিল্পের স্বার্থে, দেশের স্বার্থে এবং আমার নিজের বাঁচার স্বার্থে। কিন্তু আমি যদি ক্রমে ক্রমে অভুক্ত থাকি, অসুস্থ থামি তাহলে উৎপাদন বাড়তে পারে না কারো স্বার্থই রক্ষা হতে পারে না। এটা আমরা প্রত্যেকে জানি মিনিমাম ওয়েজেস পাচ্ছি, কিন্তু লিভিং ওয়েজেস পাচ্ছি না, বাঁচার মজুরী এখনও পাই না। এ দেশের শ্রমিকদের অধ্যক্ষের এ্যাওয়ার্ডগুলির একটা ইতিহাস আছে এবং শ্রমিক শ্রেণীকে বিভিন্ন জায়গায় আন্দোলনের মধ্য দিয়ে এ্যাওয়ার্ডের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়েছিল। সেটার জন্য শ্রমিকদের যে লাভ হয়েছিল সেটা কেটে দেওয়া অন্যায় হবে। পাঁচ বছর এই এ্যাওয়ার্ডের মাধ্যমে যেটা আদায় করেছিল সেটা সাসপেণ্ড হল। আবার পাঁচ বছরে জীবনযাত্রা ব্যয়ের সূচক বেড়ে গেলো। এটা আবার শ্রমিকরা পাবে কিনা জানিনা। পাঁচ বছর পাঁচ বছর দশ বছর পিছিয়ে যাবে এবং মোরারজী দেশাই যে ওয়েজফ্রিজ চেয়েছিলেন প্রকৃতপক্ষে সেই ওয়েজ ফ্রীজই হতে চলেছে। তাই শ্রমমন্ত্রীর কাছে আবেদন করবো এই দুটো ধারা সম্পর্কে ভাবুন এবং আমরা যে সংশোধিনী প্রস্তাব এনেছি সেটা গ্রহণ করুন। এটা যদি করা হয় তাহলে আমি মনে করবো একদিকে যেমন কারখানা খোলা হবে তেমনি তাদের সহযোগিতাও এনসিওর্ড হবে এবং যারা কারখানা বন্ধের চেষ্টা করবে তারা তা পারবে না এবং সেদিক দিয়ে আপনারা এক নূতন পথের পথিক হবেন। আমরা শ্রমমন্ত্রী এবং মন্ত্রী নগুলীকে অভিনন্দন জানাবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে বিল এনেছেন সেই বিলটিকে কোন সংকোচের সঙ্গে নয়, কোন দ্বিধার সঙ্গে নয়, আমি আন্তরিকভাবে সমর্থন

রছি। মাননীয় বন্ধু শ্রীনিরঞ্জন ডিহিদার মহাশয় যেমন একজন শ্রমিক নেতা, তেমনি আমিও াষ্ট্রীয় মজদুর কংগ্রেসের নেতা না হলেও সর্বভারতীয় ওয়ার্কিং কমিটির সদস্য আজকে াভাবিকভাবে বিলটির মধ্যে যেখানে কয়েকটি আইনকে খর্ব করা হচ্ছে এবং যে আইনের সঙ্গে শ্রমিক সাধারণের মৌলিক স্বার্থ জড়িত সে সম্পর্কে নিশ্চয় আমাদের ক্ষোভ বা দুঃখ হতে পারে াবং তার প্রকাশ আমরা করতে পারি।

3-50—4-00 p.m. ]

প্রশ্ন এখানে নয়, প্রশ্ন হচ্ছে আমরা কি আন্দোলনের জন্য আন্দোলন করবো, না একটা নূতন চন্তা, নূতন ভাবনা, নূতন পথ ধরে চলবো? আজকে পশ্চিমবঙ্গে যে সমস্ত বন্ধ এবং দুর্বল শিল্পগুলি মাছে, বন্ধ শিল্পগুলি খোলার আশা সুদূরপরাহত হয়ে গেছে। দুর্বল শিল্পগুলি আজ, কাল কিম্বা ০ দিন পরে বন্ধ হবে। এই অবস্থায় সরকার যদি নিয়ে নেয় তাহলে সেটা কার টাকা? মাননীয় শ্রমমন্ত্রীমহাশয় কার টাকা দিচ্ছেন? কোটি কোটি মানুষের টাকা, সেই টাকা কেবলমাত্র শ্রমিক সম্প্রদায়ের টাকা নয়, পল্লীর দরিদ্র কৃষক সেই টাকা দিচ্ছেন, একজন গরীব-মধ্যবিত্ত টাকা দিচ্ছেন, অন্য কেউ টাকা দিচ্ছেন না। এই টাকার সঙ্গে সমাজের সামগ্রিক স্বার্থ জড়িত। Industrical disputes Act, West Bengal Shops and Establishments Act. এই এ্যাক্টগুলিকে আজকে সামগ্রিকভাবে খর্ব করার কথা বলা হয়েছে। নিশ্চয়ই শ্রমিক আন্দোলন নিয়ে যারা ঘোরাফেরা করেন তাদের ক্ষোভ হবে, দুঃখ হবে, কিন্তু বিকল্প কি করার আছে? আজকে কি অব্যবস্থা? মহামতী গোখেলে বলেছিলেন হোয়াট বেঙ্গল থিংক্স টুডে ইনডিয়া উড থিংক টমরো। আজকে সারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশ বিভিন্ন দিক দিয়ে এগিয়ে যাচ্ছে, আর পশ্চিমবঙ্গ বিভিন্ন দিক দিয়ে পিছিয়ে যাচ্ছে। কেন পিছিয়ে পড়ছে, নিজেদেরই মনকে জিজ্ঞাসা করতে হবে। বিশেষ করে শ্রমিক আন্দলনে যাঁরা আছেন তাঁরা জানেন দুর্গাপুরে ইস্পাত কারখানা সেখানে মুনাফা হয় না, কিন্তু স্যার বীরেনের ছোট্ট কোক-চুল্লী থেকে মুনাফা হয়। ব্যক্তিগত মালিকানায় পরিচালিত এ. সি. সি. কোম্পানী মুনাফা করে, কিন্তু দুর্গাপুরের মাইনিং এ্যালায়েন্স মেশিনারি কারখানা মার খায়। আজকে আমরা এই অবস্থায় এসে দাঁড়িয়েছি। আজকে জাতীয়করণের কথা বলছেন। কিন্তু এই যে জাতীয়করণ হচ্ছে সেই জাতীয়করণের মধ্যে এত অসাধুতা, এত কর্মবিমুখতা অনুপ্রবেশ করেছে যার ফলে সরকারের মঙ্গল করার ইচ্ছা থাকলেও তা বানচাল হয়ে যাচ্ছে। আজকে তাই আমাদের নতুন করে ভাবতে হবে, নতুন করে চিন্তা করতে হবে। আন্তর্জাতিক শ্রম মহাবিদ্যালয়ে জাপানে দেখেছি সাকার সবচাইতে বড় কাপড়ের কল আছে, সেখানকার ইউনিয়নের জেনারেল সেক্রেটারীকে জিজ্ঞাসা করেছিলাম, প্রথম বিশ্বযুদ্ধ গেল, দ্বিতীয় বিশ্বযুদ্ধ গেল, নাগাসিকা, হিরোসিমা হ'ল এ্যাটম বোম পড়ল তা সত্বেও আপনারা কিভাবে এগিয়ে চলেছেন? এর উত্তরে তিনি আমাকে বলেছিলেন যে আমরা দুঃখে পড়েছি, কষ্ট করেছি, এ্যাটম বোমা পড়ার পরেও নতুন করে জাপান তৈরী করেছি। আমরা যদি উৎপাদন কষ্ট করে না বাড়াতে পারি, নিজেদের কল্যাণ যদি নিজেরা না করি তাহলে আমাদের ভিক্ষাবৃত্তি অবলম্বন করতে হ'ত। কিন্তু জাপানী জাত ভিক্ষাবৃত্তি অবলম্বন করতে চায় না। আজকে সেই জন্য পশ্চিমবাংলার প্রগতিশীল, বন্ধুদের বলছি যে দুর্বল শিল্পগুলি ধুঁকে ধুঁকে ধ্বংস হয়ে যাচ্ছে আজকে ঢাকেশ্বরীর মত মিল১০।২২।৫০বছরের মধ্যে বন্ধ হয়ে নিঃশেষহয়ে যাচ্ছে। সেইজন্য এই সরকার চেষ্টা করছেন যাতে এই শিল্পগুলি বন্ধ না হয়ে যায়! যেগুলি খোলার কোন সম্ভাবনা ছিল না, সেগুলিকে

আর্থিক সাহায্য দিয়ে ইকুইটি সেয়ার কেনার মাধ্যমে সেগুলি বাঁচাবার চেষ্টা করছেন। কিন্তু দেখা গিয়েছে সরকার থেকে অনেকেই যাঁরা টাকা নিয়েছেন তাঁরা মনে করেন গৌরী সেনের টাকা। এটার কোন মূল্য নেই। আজকে টাকার যদি মূল্য থাকতো তাহলে লক্ষ লক্ষ কোটি কোটি জনগনের টাকা মার যেত না। তাই আজকে মানবিকভাবে আমাদের দুঃখ হতে পারে, ক্ষোভ হতে পারে, এবং বড় বড় যে সমস্ত শিল্পগুলি চালু হবে, সেখানে যে শ্রমিকদের মৌলিক আন্দোলনের অধিকার তা অনেকাংশে থর্ব হবে এবং শ্রমিক আন্দোললেনর কর্মী হিসাবে মনে করি এটা হয়ত সমর্থন করা যায় না কিন্তু আমি মনে করি "নান্য পন্থা বিদ্যতে আয়নায়" তাছাড়া অন্য কোন পথ নেই, এছাড়া বাঁচবার অন্য কোন রাস্তা নেই। আজকে আমি তাই বিশ্বাস করি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সকলে মিলে এই বিশ্বাসটুকু করার চেষ্টা করবো এই যে ক্ষয়িষ্ণু বাংলাদেশ, এই যে অবক্ষয়ের মধ্যে বাংলাদেশের অর্থনীতি ধুকছে, আজকে লক্ষ লক্ষ বেকার তাদের কোন কাজের সম্ভাবনা নেই, আজকে নূতন কোন কর্মদ্যোগে নেই, নূতন কোন কলকারথানা খুলছে না,এই হতাশার অন্ধকারের মধ্যে আমরা নিমজ্জিত হতে চলেছি, এই নিমজ্জিত হওয়ার পূর্বেই আমাদের ভাবতে হবে পথগুলি কি, কোন পথে আমি কাজ করতে পারি। উৎপাদনের কথা বললে শ্রমিক আন্দোলনের কর্মীরা লজ্জা পান, শ্রমিকদের কাছে হয়ত তিনি অপ্রিয় হয়ে যাবেন কিন্তু আমাদের উৎপাদনের কথা বলতে হবে। উৎপাদন যদি না হয় তাহলে মজুরি বাড়িয়ে কিছু হবে না। আমরা তেল মাথায় তেল দিচ্ছি, যিনি তিন শত টাকার মাইনের চাকুরী করেন তাকে চার শত টাকা পাইয়ে দেবার জন্য গুণ্ডাবাজী করছি কিন্তু যে বেকার যুবক এম.এস.সি পাশ, টেকনিক্যাল কোয়ালিফিকেশন যার আছে তাদের ৫০ টাকা মাইনে করতে পারি না এমন লক্ষ লক্ষ ছেলের কথা কৈ আমরা তো ভাবছিনা। আমরা শ্রমিকদের বলছি না যে সরকারী প্রচেষ্টায় দুর্গাপুরে যদি মুনাফা কর তাহলে লাভ হবে কার ? যদি ৫ কোটি টাকা মুনাফা কর সে টাকা বিড়লার বাড়ী যাবে না, সে টাকা টাটার বাড়ী যাবে না, এই টাকায় তৈরী হবে আরো নূতন নূতন শিল্প, তাতে আরো আমাদের বেকার যুবকরা কাজ পাবে। আজকে যে শ্রমিক তাকে শুধু শ্রমিক দরদী হলে চলবে না, সেই শ্রমিক বন্ধুদের মনে করতে হবে যে তুমি দেশসেবক, দেশ গড়তে হবে। আজকে তুমি চাকরী পেয়েছো, দুধে ভাতে না হোক নুন ভাত তার জোটে কিন্তু এরা নুন ভাতও পাবে না কোন দিন। যারা আজকে নকশালপন্থী হচ্ছে, শান্তি হরণ করছে, তাদের সামনে হতাশার অন্ধকার, এই সমস্ত লক্ষ লক্ষ যুবক সম্প্রদায়ের জন্য নূতন নূতন চিন্তা করতে হবে। আন্দোলনের জন্য আন্দোলন না করে আসুন সকলে মিলে এই বিল আমরা সমর্থন করি। হয়ত প্রগতির যে মাপকাঠি সেই মাপকাঠিতে নিজেকে খাটো মনে হবে কিন্তু আমি মনে করি যা করা হয়েছে তা অবশেষে দেখবেন, পরিণামে দেখবেন আগামী দিনের কল্যাণের জন্যই করা হয়েছে।

**শ্রীশক্তিপদ মাঝি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আজকে আইন সভায় যে বিলটা অনুমোদনের জন্য এসেছেন, রিলিফ আণ্ডারটেকিংস ( স্পেশাল প্রভিশন্স ) বিল, ১৯৭২, সেজন্য সম্পূর্ণভাবে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই বিলের যে উপকারিতা আছে সেই উপকারিতার কথা চিন্তা করে আমি একে সমর্থন না করে পারি না এবং তাই সকলকে এই বিলের প্রতি সমর্থন জানাবার জন্য অনুরোধ করছি। আজকে আমাদের বাংলাদেশের সামগ্রিক উন্নতির জন্য যদি চিন্তা করতে হয় তাহলে নিশ্চয়ই আমাদের চিন্তা করতে হবে। এথানে যে সমস্ত কারথানা বন্ধ রয়েছে সেগুলি কি করে খোলা যায়, সেথানে শ্রমিকদের নূতন করে কাজে নিয়োগ করা যায়, যে সমস্ত কারথানা দুর্বল হয়ে পড়ে রয়েছে সেই সমস্ত কারথানাকে কি করে সবল করা

যায় তা আমাদের চিন্তা করতে হবে। এখানে যে কারণে উৎপাদন ব্যাহত হচ্ছে সেই কারণ আমাদের খুঁজে বের করতে হবে যে কি কারণে এই উৎপাদন ব্যাহত হচ্ছে। আমি এখানে কয়েকটি স্পেসিফিক উদাহরণ দিয়ে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাঁকুড়ার মেজা থানায় যে খনির সুযোগ রয়েছে সেই খনির সুযোগকে আমরা ঠিকভাবে গ্রহণ করতে পারিনি। সেখানে মালিকরা ঠিকভাবে শ্রমিকদের মর্যাদা দিচ্ছে না, ন্যায্য পাওনা, মিনিমাম ওয়েজেস্ ইত্যাদি থেকে মালিকরা তাদের সম্পূর্ণভাবে ডিপ্রাইভ করছে। কি কারণে মজুররা ঠিকভাবে সুযোগ পাচ্ছে না তা খোঁজ নিয়ে এই বিলের যাতে আমরা সেখানে পুরোপুরি সুযোগ নিতে পারি তারজন্য আজকে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

[ 4-00—4-10 p.m. ]

যে সমস্ত কলকারখানা জাতীয়করণ হয়েছে সেই সমস্ত কলকারখানায় আজ কেন ক্ষতি হচ্ছে, কেন আমাদের লোকসান হচ্ছে, অথচ ব্যক্তিগত যে সমস্ত সম্পত্তি, সেই সমস্ত কলকারখানা চলছে, সেখানেই বা লাভ হচ্ছে কেন। আজকে কি তার শুধু শ্রমিকই দায়ী? তা নয়। যাদের উপর পরিচালনার দায়িত্ব রয়েছে, উপর মহলের অফিসার রয়েছে, তাঁদের আমলাতান্ত্রিক মনোভাব এবং শ্রমিকদের প্রতি অসন্তোষজনক ব্যবহারই তার জন্য আমার মনে হয় একমাত্র দায়ী। এগুলির দিকে আমরা যদি ঠিকভাবে নজর দিতে পারি, সরকার যদি এদিকে বিশেষ ভাবে নজর দেন, তাহলে যে সমস্ত কলকারখানায় ক্ষতি হচ্ছে সে সমস্ত টাকার বিনিময়ে কারখানা আরও খুলতে পারি এবং যে সমস্ত বেকার ভাইয়েরা চাকুরির জন্য তাকিয়ে আছে তারা এই সমস্ত কারখানায় কাজ করার সুযোগ পাবে। আমি আশা করি সরকার এদিকে নিশ্চয়ই দৃষ্টি দেবেন যাতে সেই সমস্ত কারখানায় ক্ষতি না হয় এবং শ্রমিক ভাইয়েরা যারা সেখানে চাকুরি করছে বা শ্রম দিচ্ছে তাদেরকেও আমরা অনুরোধ করব, বাধ্য করব যাতে কাজে ফাঁকি না দিয়ে সরকারী প্রচেষ্টাকে সুন্দর করে তোলার চেষ্টা করে। এই কথা বলে আমি বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভায় মাননীয় শ্রমমন্ত্রী কর্তৃক ওয়েষ্ট বেঙ্গল রিলিফ আণ্ডারটেকিং (স্পেশাল প্রভিশনস) বিল বলে যে বিল উত্থাপিত হয়েছে, আমি সভার একজন সদস্য হিসাবে পশ্চিমবাংলার সমস্যা জর্জরিত অর্থনৈতিক পটভূমিকার পরিপ্রেক্ষিতে তাকে বিশেষভাবে স্বাগত এবং সমর্থন জানাই আজকে পশ্চিমবাংলার বুকে সব চেয়ে বড় অগ্নিগর্ভ সমস্যা হচ্ছে বেকার সমস্যা এবং সেই সমস্যা ক্রমাগত প্রকট হতে সুরু করল সেদিন থেকে যেদিন আমাদের পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো কিছু অধোন্নত শিল্প দেশী-বিদেশী কিছু উন্নত শিল্পের প্রতিযোগিতার সম্মুখীন হয়ে তার উৎপাদন-এর পরিমাণ পাল্লা দিয়ে বাড়াতে না পেয়ে সংকুচিত করতে বাধ্য হয়। তার ভয়াবহতা চরম হল পশ্চিমবাংলার বুকে সেদিন যেদিন আমরা দেখলাম ১৯৬৭-৬৯ সালে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে পশ্চিম বাংলার বুকে যুক্তফ্রন্ট সরকার কায়েম হল, আমরা দেখলাম নগ্ন রাজনীতির বহিঃপ্রকাশ হিসাবে কিভাবে সেদিন মার্কসবাদী পার্টির নেতারা শ্রমদরদীর আলখাল্লা পরে কেমি মোরসীপাট্টা নিয়ে শ্রমিকদের পাইয়ে দেবার রাজনীতিতে প্রলুব্ধ করে মালিকদের বিরুদ্ধে লেলিয়ে দিল, যার ফলে হাজার হাজার কারখানার দরজা বন্ধ হয়ে গেল, উৎপাদন ব্যবস্থা বিপর্যস্ত হল। আমরা দেখলাম সেদিন লক্ষ লক্ষ শ্রমিক বেকার হল, আমরা দেখলাম সেদিন আমাদের দারুন বিপর্যয় ঘনিয়ে এল। আমরা

যখন ছোট বেলায় বাগানে বাগানে ঘুরে বেড়াতাম তখন কখনো কখনো পুকুরে ঢিল মারতাম, ঢিল পড়লে জলের মাঝখানে যে তরঙ্গ ওঠে সে তরঙ্গ আর কেন্দ্রীভূত থাকে না কিছুক্ষণের মধ্যেই জলের মধ্যে একটা আলোড়ন সৃষ্টি করে, ঠিক তেমনিভাবে হাজার হাজার কলকারখানার দরজা বন্ধ হওয়ার ফলে সৃষ্টি হল বেকারী, কমতে লাগল জাতীয় আয়, কমতে লাগল কার্য্যকরী চাহিদা, এইভাবে সমাজের সমগ্র অর্থনৈতিক কাঠামোয় কার্বাঙ্কল ঘায়ের তীব্রতা দেখা দিল, যাকে বলে ইকনমিক্সের ভিশাস সার্কল, দুষ্ট চক্রে পরিণত হল। এই দুষ্ট চক্র থেকে পশ্চিমবঙ্গকে বাঁচাতে হলে আজকে যে প্রভিশন রয়েছে, সমস্ত রুগ্ন শিল্পকে গভর্ণমেণ্ট থেকে ফিনান্‌শিয়াল ফ্যাসিলিটিজ দিতে হবে। যে সমস্ত শিল্প কারখানার দরজা বন্ধ হয়ে যাবে, সেই সমস্ত শিল্পকে বাঁচাতে হলে লোন্স এ্যাডভানস দিতে হবে। যদি সরকারের টাকা সীমিত থাকে ব্যাঙ্কের গ্যারাণ্টি হিসাবে কাজ করে তাদের ঋণের সুযোগ দিতে হবে এবং প্রয়োজনবোধে ইকুইটি শেয়ার কিনে তাদের মূলধনের টাকার ব্যবস্থা সরকারকে করতে হবে। সরকারের কাছে, আপনার কাছে এটাই আমার সব চেয়ে বড় দাবী যে আজকে দেখতে হবে এই টাকার যেন সদ্ব্যবহার ঘটে। সরকারের কর্তৃত্বাধীন এবং পরিচালনাধীন সমস্ত কলকারখানা আছে তার ম্যানেজমেণ্ট,এর উপর যেন প্রপার কনট্রোল থাকে। কারণ বিগত দিনের অভিজ্ঞতায় দেখেছি যেসমস্ত টাকা সরকার দিয়েছিলেন এই সমস্ত রুগ্ন শিল্পকে বাঁচাবার জন্য পাস্ট লাইয়েবিলিটি সেই সমস্ত মীট আপ করতে গিয়ে দেখা গেল সেই টাকা পুরোপুরি নষ্ট হয়ে গেছে। এই বিলকে স্বাগত জানাচ্ছি তার কারণ হচ্ছে একটা রুগ্ন শিল্পকে বাঁচাতে গেলে ইকনমিক্সের একটা টার্ম আছে— নার্স দি বেবী এণ্ড প্রটেক্ট দি চাইল্ড এণ্ড ফিড দি এ্যাডাণ্ট। তার পরিপ্রেক্ষিতে আমরা জানি একটা শিল্পকে বাচাতে গেলে সাময়িক ভিত্তিতে যে ফাইনানশিয়াল অবলিগেশন থাকে, তাথেকে রুগ্ন শিল্পকে মুক্ত করার ব্যবস্থার কথা এই বিলে বলা হয়েছে বলে এই বিলকে আমি স্বাগত জানাচ্ছি। আরও স্বাগত জানাচ্ছি এই কারণে যে পাঁচ বছর এক নাগাড়ে রিলিফের ব্যবস্থা না করে টার্মওয়াইজ এক বছর অন্তর দেবার ব্যবস্থা করা হয়েছে এবং তার ফলে পরনির্ভরশীলতা হবে না। আমার বক্তব্য হচ্ছে ষ্টপ গ্যাস মেজারমেণ্ট হিসাবে বা পুলটিস হিসাবে ফাইনানশিয়াল অবলিগেশন পেলে সেই শিল্প বেঁচে থাকতে পারে না। আমার দাবী হচ্ছে এই সমস্ত সিক্ ইণ্ডাষ্টিজ, এই সমশ্চ বন্ধ কলকারখানাগুলিকে বাচাতে গেলে একটা এক্সপার্ট কমিটি করা দরকার। তাদের বিচার্য্য হবে পাস্ড্ রেকর্ড'স দেখা— কেন শিল্প বন্ধ হল, তাদের বিচার করতে হবে তার অর্থনৈতিক সম্ভাবনা আছে কিনা, বিচার করতে হবে সেই শিল্পের সম্ভাব্য উৎপাদন কতটা, বিচার করতে হবে সেই শিল্পের বাজারের সম্ভাবনা আছে কিনা, বিচার করতে হবে সেই শিল্প বিদেশী বাউন্টিপ্রাপ্ত শিল্পের সঙ্গে—প্রতিযোগিতা করতে পারবে কিনা, বিচার করতে হবে আর্থিক সাহায্য পেলে সেই শিল্প নিজের পায়ে দাঁড়িয়ে স্বাবলম্বী হতে পারবে কিনা। তবে আমার সব চেয়ে বড় দাবী এবং আবেদন নিবেদন হচ্ছে কোন শিল্পকে এক বছর দেওয়া হবে, কোন্ শিল্পকে তিন বছর দেওয়া হবে, কোন শিল্পকে পাঁচ বছর দেওয়া হবে, এটা ভালকরে বিচার করতে হবে তা যদি না করি তাহলে তা রাজনৈতিক দিক থেকে একটা দুর্নীতি বা ঘুসের চক্র গড়ে উঠতে পারে। এই সব থেকে বাঁচাতে গেলে সব চেয়ে বড় দরকার প্রশাসনিক কাঠামোকে সংস্কার সাধনের মাধ্যমে বলিষ্ঠ এবং সুস্থ মনোভূমির দিকে এগিয়ে নিয়ে যাওয়া। আমি সরকারের কাছে আবেদন জানাব এক বছর বা দুবছর বা পাঁচ বছর বা ডিসক্রিশনারী পাওয়ারের উপর ছেড়ে না দিয়ে প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করে সমস্ত শিল্পের প্রতি সুবিচার করে, বন্ধ কলকারখাবার দরজা খুলে, রুগ্ন শিল্পকে বাঁচিয়ে দুষ্ট চক্রের হাত থেকে পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচিয়ে প্রগতির দিকে এগিয়ে নিয়ে গিয়ে, পশ্চিমবাংলার

অর্থনীতিক কাঠামোর ভারসাম্য ফিরিয়ে আনা যেতে পারে একথা বিলে আছে বলে ধন্যবাদ জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সম্মানিত শ্রমমন্ত্রী মহাশয় আজকে আমাদের সামনে যে বিল উত্থাপন করেছেন সেই বিল উত্থাপন করবার উদ্দেশ্য যদি আমরা বিশ্লেষণ করি তাহলে দেখতে পাব এর পেছনে মূলতঃ দুটি উদ্দেশ্য কাজ করেছে। একটি হল সাবষ্টেটেন্‌শিয়াল লস হন প্রোডাকশন এবং দ্বিতীয়টি এমপ্লয়মেণ্ট। অর্থাৎ জাতীয় উৎপাদনের ক্ষতি রোধ করা এবং দ্বিতীয় চাকরির সুযোগ বৃদ্ধি করা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এমন একদিন ছিল যেদিন এই বিল ছিল না, এই আইন ছিল না, কিন্তু ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় পশ্চিম বাংলা শিল্পে প্রথম স্থান অধিকার করেছিল। আজকে এমন কি প্রয়োজনীয়তা দেখা দিল, পটভূমিকার কি পরিবর্তন হল যার জন্য এই বিল এসেছে? যদি আমরা বিশ্লেষণ করি তাহলে আমরা দেখব বাইরের জগতের কলকারখানায় শ্রমিক বিক্ষোভ, রাজনৈতিক ঘূর্ণাবর্ত্তা.ইত্যাদি সামাজিক পটপরিবর্তন একটু আগে মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদার মহাশয় বলেছেন শ্রমিক বিক্ষোভ জাতীয় উৎপাদনহীনতার কারণ নয়। ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এই ৪।৫ বছর যদি আমরা কারখানাগুলি পর্যবেক্ষণ করি তাহলে দেখতে পাব সেখানে উৎপাদনহীন সমাজ ব্যবস্থা তৈরী করবার প্রচেষ্টা চলেছে, আমরা দেখতে পাব সেখানে শ্রমিক আন্দোলনের নাম করে, মজুরি বৃদ্ধির নাম করে তারা উৎপাদন দিনের পর দিন ব্যাহত করেছে। উৎপাদন ব্যাহত করে যেমন সমাজের মান উন্নয়ন করা যায় না, ঠিক তেমনি শ্রমিকের অতি প্রয়োজনীয় ন্যায়সঙ্গত অর্থনৈতিক দাবীদাওয়াকেও পূরণ করা যায় না। কাজেই সেদিক থেকে এই বিলের প্রয়োজনীয়তা আছে বলে আমি স্বীকার করি। এই বিলে আরও একটি ধারা সংযোজিত থাকলে পরে আমি যতখানি খুসী হতাম সেই ধারাটি না থাকায় আমি ততখানি খুসী হতে পারছি না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই আমার সঙ্গে এই ব্যাপারে একমত হবেন যে গত কয়েক বছর যাবৎবৃহত্তর কোলকাতাঅঞ্চলেসমস্ত শিল্প এবং অন্যান্য কলকারখানা সেণ্ট্রালাইজড হতেচলেছে আমরা দেখতে পাচ্ছি যানবাহনের সুযোগ, বিদ্যুতের সুযোগ এবং অন্যান্য কাঁচামালের সুযোগ পাবার জন্য বৃহত্তর কলকাতা এলাকার মধ্যে শিল্পপতিরা কলকারখানা তৈরীর ইচ্ছা পোষণ করছে, যার ফলে এক মাত্র বৃহত্তর কলকাতা ব্যতিরেকে বৃহত্তর গ্রামবাংলার যে শিক্ষিত এবং অশিক্ষিত বেকার সম্প্রদায় তারা যোগাযোগের অব্যবস্থার জন্য এবং তাদের নিজেদের জগতের সঙ্গে সঠিক পরিচয় না থাকার জন্য সব থেকে বেশী ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে এই বিলের মধ্যে আমার অন্ততঃ এটাই ধারনা হয়েছে ব্যক্তিগতভাবে, এই বিলের মাধ্য যদি একটা ক্লজ সংযোজিত থাকতো যে এই সরকার গ্রামবাংলার অবস্থিত দুর্বল এবং বন্ধ কারখানাগুলোকে সর্বপ্রথম এবং পরিমাণে বেশী সাহায্য করবেন এবং আগামী ৫ বছর ধরে এই সরকার গ্রামবাংলার বন্ধ এবং দুর্বল শিল্পগুলোকে অধিকতর সাহায্য দেবেন—এই ধারা যদি এই বিলে সংযোজিত থাকতো তাহলে আমার বিশ্বাস আজকে অনেক শিল্পতি গ্রামবাংলায় নূতন করে কলকারখানা তৈরীর ইচ্ছা পোষণ করতেন। দ্বিতীয়তঃ গ্রামবাংলায় এখনও পর্যন্ত যে সমস্ত ক্ষুদ্রশিল্প এবং যে সমস্ত দুর্বল শিল্প রয়েছে আমি জানি বীরভূমের আহমেদপুরে একটা চিনির কারখানা গত কয়েক বছর যাবৎ বন্ধ হয়ে পড়ে রয়েছে। তার পাশে আরও কিছু ক্ষুদ্রশিল্প একই উৎপাদনের মাধ্যমে তৈরী হতে পারতো, সেইগুলোও বন্ধ হয়ে পড়ে রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই স্বীকার করবেন গ্রামবাংলার এই সমস্ত বন্ধ এবং দুর্বল শিল্পগুলোকে অধিকতর সাহার্যোর প্রতিশ্রুতি যদি এই বিলে থাকতো তাহলে আজকে এই ইনডাসট্রিয়াল সেণ্টধলাইজেশন এটা ভেঙ্গে যেত, এই আমার ব্যক্তিগত

বিশ্বাস। আমি আশা করি সমমানীয় শ্রমমন্ত্রি এদিকটা চিন্তা করবেন এবং তিনি তাঁর বিলট কিছুটা সংশোধন করে নেবেন। আমি আশা করছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে মাধ্যমে জাতীয় উৎপাদন বৃদ্ধির এবং চাকুরীর সম্প্রসারণের জন্য যথেষ্ট ব্যবস্থা করা হয়েছে—ে চিন্তা পোষণ করা হয়েছে, সেই চিন্তা পোষণ করতে গিয়ে যে কথা বলা হয়েছে and there b provide employment to a large number of workers. এই টু, এলার্জ নাম্বার অ ওয়াকার্স, এটা একটা ভেগ টার্ম। আমি আশা করেছিলাম যে এই বিলের মধ্যে প্রগতিশী সরকারের জনপ্রিয় শ্রমমন্ত্রি, তিনি অন্ততঃ কতখানি ফাইন্যান্স এ্যাসিসট্যান্স এবং এই বিলবে আইনে রূপান্তরিত করে কার্য্যকরী করতে পারলে আগামী বছরের মধ্যে বা আগামী এক বছরে মধ্যে গড়ে কত বেকার যুবকবে চাকরী দেওয়া যেতে পারে তার একটা ধারণা—তার একটা মোটা মুটি ষ্টাটিসটিক্স সদস্যদের সামনে তুলে ধরবেন যাতে আমরা এই বিলটাকে আরও স্বাগত জানাতে পারি। এটা না থাকার জন্য আমি দুঃখিত। তবুও এই সরকারের উৎপাদন বৃদ্ধি করে মান উন্নয়নের এই প্রচেষ্টাকে আমি স্বাগত জানাচ্ছি। বন্দেমাতরম।

[ 4-10—4-20 p.m. ]

**শ্রীগিরিজা ভূষণ মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা খুব ভাল করে পড়েছি এবং আমার যা ইম্‌প্রেশন হয়েছে, যে রিলিফ আণ্ডারটেকিং, এই রিলিফটা কাকে—রিলিফ ফর ওয়ার্কার্স অর রিলিফ ফর ম্যানেজার্স অব দি কোম্পানী? প্রশ্নটা হচ্ছে এই যে এই বন্ধ কারখানাগুলো খোলা নিশ্চয়ই দরকার। কিন্তু বন্ধ কারখানাগুলো খুলে যাতে আবার চালু থাকে তারও ব্যবস্থা দরকার। কিন্তু এই বিলের মধ্যে যে প্রভিশন আছে তাতে আমি দেখছি যে এক বছরের জন্য নেবেন, দু'বছরের জন্য রাখবেন, তৃতীয় বছরে হয়তো ছেড়ে দেবেন। এইরকম আরও পরিষ্কার করে যদি বলতে হয় তাহলে বদমাইস মালিকগুলো সরকারকে কারখানা মেরামতের একটা প্রতিষ্ঠান হিসাবে গ্রহণ করবে। সরকার সেই কারখানা নেবেন এবং নিয়ে কারখানা চালু করবেন। অর্থনৈতিক দিক থেকে যখন সামঞ্জস্যপূর্ণ হবে, তখন আবার মালিককে ফেরত দিয়ে দেবেন। এটা যা রয়েছে, আমার মনে হয় এই বিলের যে প্রধান উদ্দেশ্য, সেই উদ্দেশ্যটা ব্যর্থ করে দেবে এই ধারাগুলো।

এদিক থেকে আমি নিশ্চয়ই বলবো যে এই বিল মঙ্গলজনক হবে যদি এই বিলের ধারাটা এমনভাবে রূপান্তরিত করা হয় যাতে সরকার প্রয়োজন মনে করলে যতদিন খুশী তা দখলে রাখতে পারবেন। এইভাবে যদি এটাকে নতুন করে ঢেলে সাজান হয়, তাহলে সত্যিকার আইন যেটা হবে, তা কার্যকরী হবে।

আমি দেখেছি আমাদের জেলায় যে কারখানাগুলি আছে, তারা চোরের দল। শ্রমমন্ত্রীর বাড়ীর কাছে হনুমান ফাউণ্ড্রী আছে, শ্রীবৈদ্যনাথ ফাউণ্ড্রী আছে, সেই বন্ধ কারখানাগুলিকে নতুন করে প্রতিষ্ঠা করে আবার মালিকদের হাতে ফিরিয়ে দেওয়া হয়। আবার সেই কারখানা তারা গ্রহণ করবে, বেকার সমস্যা সমাধানের জন্য তারা চেষ্টা করবে। শ্রমমন্ত্রীর বাড়ীতে হাজার হাজার লোক প্রতিদিন যাচ্ছে—কাজের প্রত্যাশায়। তাঁর উপর একটা প্রেসার বা চাপ নিশ্চয়ই আছে যাতে এই কারখানাগুলি খুলে কিছু লোকের জীবিকার ব্যবস্থা করা যায়। এই দৃষ্টিভঙ্গী নিয়েই কারখানাগুলি চালু করা হবে। কারখানা তো

খুললেন—তারপরে সেই কারখানা কে চালাবে? ঐ সেই জগন্নাথ আগরওয়ালা, যে কারখানা খুলে না রেখে বন্ধ করে রেখেছে? সেই প্রীতি পেপার মিল, সেই কারখানা খুলে দিয়ে, তার মালিককে আরো কিছু টাকা লুট-পাট করে নেবার সুযোগ দিচ্ছেন। এই তো এর অবশ্যম্ভাবী পরিণতি হবে। একথা মনে রাখতে হবে, বাংলাদেশে যে সব শিল্পপতি আছে, তাদের মধ্যে দেশপ্রেমিক একজনও নাই। সেই তাদের হাতে যদি আবার এই কারখানাগুলিকে চালাবার ভার দেওয়া হয়, তাহলে আরো বেশী সংখ্যক কারখানা sick কারখানায় পরিণত হবে, তারাই কারখানাকে sick করে তুলবে নোটিশ দিয়ে, কারখানা ইচ্ছেমত close করে দেবে। তার পেছনে আমরা দাঁড়াবো—তাদের এই সুযোগ করে দেওয়া হবে। বদমায়েস মালিকরা এতদিন ইচ্ছে করেই কারখানাগুলো বন্ধ করে দিয়েছে, এবং এখনো দিচ্ছে। আমার পূর্ববর্তী একজন বক্তা বললেন, অতীতে সেই সমস্ত কারখানা কখনো বন্ধ হতো না, চালু ছিল, সুন্দর ছিল। আর আজকে কি হয়েছে? অনেক পরিবর্তন হয়েছে। আজকে শ্রমিক আন্দোলন অনেক এগিয়ে গিয়েছে, সরকারেরও অনেক আইন হয়েছে, ইন্‌কাম ট্যাক্সও অনেকে বেড়েছে। মালিকরা আগে যে মধু পেত, তা আর আজকে পাচ্ছে না। তাই তারা কারখানা বন্ধ করে দিচ্ছে। শ্রমিক আন্দোলন তারজন্য দায়ী নয়। খুব সামান্য অংশে, খুব নগন্য অংশে শ্রমিকদের জন্য বন্ধ হয়েছে। মালিকদের বদমায়েসী প্রধানতঃ এই বন্ধের জন্য দায়ী। হুগলী কটন মিলস্—ওনারদের মধ্যে ঝগড়া হবার ফলে বন্ধ হয়ে গেল, তা নিয়ে হাইকোর্ট হচ্ছে। বঙ্গেশ্বরী কটন মিলসে্ আগে অনেক লাভ হয়েছে। বহুদিন কারখানার সংস্কার করেনি ফলে বন্ধ করে দিল। এখন সরকার তার ভার নিয়ে চালাচ্ছেন! তাতে অনেক টাকা ঢেলেছেন, আরো ঢালতে হবে। এইভাবে কি দীর্ঘদিন চলবে? তা চলতে পারে না। এর ঠিক ঠিক পরিচালনার জন্য একটা পাকাপোক্ত ব্যবস্থা করতে হবে। Relief Undertaking নেবে as relief measures to workers নেবে। সেখানে unemployed youths-দের কর্মসংস্থানের প্রয়োজন, তাদের রিলিফ দেবার ব্যবস্থা নিশ্চয়ই হবে। এটাকে মালিকদের রিলিফ দেবার জন্য না হয়। তাদের unemployment problem solve করার ব্যবস্থা এই বিলের ধারায় রয়ে যাচ্ছে। মালিকদের রিলিফ হয়ে যাচ্ছে। আমি চাই বাংলাদেশে যে মালিক আছে, তারা বাঙ্গালী মালিক নয়। বাঙ্গালী মালিকের সংখ্যা অতি নগণ্য। ঐ মালিকরা অধিকাংশই এখানে টাকা লুঠ করতে এসেছে। টাকা লুঠ করে তারা রাজস্থানে নিয়ে যাবে। আমি এর মধ্যে প্রাদেশিকতার কথা বলছি না। আমি বলতে চাচ্ছি—এদের মধ্যে দেশপ্রেমিক কোন মালিক আছে কি না সন্দেহ। যেসব মালিকদের সত্যিকারের বন্ধ কারখানা খুলবার আগ্রহ আছে, তারা ধন্যবাদ পাবার যোগ্য। বন্ধ কারখানা খুলবার সরকারী আগ্রহকে কেউ কেউ ভুলভাবে নেবে, এর সুযোগ কোন কোন মালিক নেবে, কিছু অর্থ অর্জন করবার জন্য।

[ 4-20—4-30 p. m. ]

যারা অর্থগৃধ্নু তাদের শায়েস্তা করার ব্যবস্থা আমাদের রাখতে হবে এই রিলিফ আন্ডার-টেকিং-এর মধ্য দিয়ে। আমি আর বক্তৃতা কিছু বাড়াব না। আমি শুধু এইটা বলব যে এমনভাবে আইন করা হোক যাতে করে আমরা বেকার সমস্যার সমাধান করতে পারি। নিশ্চয়ই এর মধ্যে দিয়ে পুরো সমাধান হবে না, আংশিক সমাধান হবে। এবং সেইটুকু সমাধানও তো হবে এবং বন্ধ কারখানাগুলি চালু করতে পারব। মালিক যাতে অন্যায়ভাবে সুযোগ নিয়ে কারখানা বন্ধ

করতে না পারে সেটা যাতে আমরা ব্যবস্থা রাখতে পারি এই দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধরনের একটা বিল বিধানসভায় এসেছে এইটা সত্যই খুব আনন্দের কথা, কারণ এর মাধ্যমে পশ্চিমবাংলার বহু বন্ধ কলকারখানা যে গুলি হাজার হাজার শ্রমিকের অন্ন নষ্ট করেছে, হাজার হাজার শ্রমিক বেকার হয়ে আছে, পরিবারের সকলে কষ্ট পাচ্ছে—সেখানে এই আইনের বলে সরকার পারবেন কিছু কিছু বন্ধ কলকারখানা নিজেদের হাতে নিয়ে নিতে। মাননীয় সদস্য বললেন যে, মালিকের দিকে তাকিয়ে না শ্রমিকের দিকে তাকিয়ে, কোন দিকে তাকিয়ে এই বিল এনেছেন? মালিকের দিকে তাকিয়ে নিশ্চয়ই এই বিল আনা হচ্ছে না, এটা আনা হচ্ছে শ্রমিকের দিকে তাকিয়ে। কয়েকটি মালিক, যদি তাদের কারখানা বন্ধ হয়ে যায় তাহলে তাদের অর্থনৈতিক বনিয়াদ ক্ষতিগ্রস্ত হতে পারে, কিন্তু সেখানে একদম নষ্ট হয়ে যাবে না। আর যদি কারখানা বন্ধ হয়ে যায়, যে শ্রমিক প্রতিদিন মাইনে পায় দু'টাকা কি তিন টাকা তার ফলে তার আর কোন অলটারনেটিভ ওয়ে থাকে না যার মাধ্যমে তারা রোজগার করতে পারে। সুতরাং আমাদের দৃষ্টি শ্রমিকের দিকে রয়েছে এবং তাদের দিকে তাকিয়ে আমরা এই আইন আনতে চলেছি। হয়ত অনেক আমাদের সন্দেহ আছে যে এটা আনার ফলে শ্রমিকদের যেটা অধিকার, শ্রমিকদের যে গণতান্ত্রিক অধিকার ট্রেড ইউনিয়ন করার সে অধিকার খর্ব হবে। না সেরকম কোন অধিকার খর্ব হবে না। তাঁরা ট্রেড ইউনিয়ন করতে পারবে এবং তার মাধ্যমে তাঁরা বাইপার্টাইট কিম্বা ট্রাইপার্টাইট মাধ্যমে তাঁদের সমস্ত অভাব-অভিযোগ নিয়ে আলোচনা করতে পারবেন, পরামর্শ নিতে পারবেন। সুতরাং আমরা এর মাধ্যমে শ্রমিকের ন্যায্য অধিকার কেড়ে নিচ্ছি এই কথা ঠিক নয়। আমরা নিশ্চয়ই চাই না যে শ্রমিকের ন্যায্য অধিকার নষ্ট হয়ে যাক্। কিন্তু যে-কারখানা একদম বন্ধ, যেখানে তারা চাকুরী করতে পারছে না, এক পয়সা মাইনে পাচ্ছে না, সেখানে আগে আমাদের আগে দেখা কর্তব্য যে তাদের আমরা কতক্ষণে চাকুরী দিতে পারব। যদি কারও চাকুরী না থাকে, কারখানা বন্ধ আছে সেখানে ভবিষ্যতে কি হবে যদি আমরা এই কথা মনে করি যে শ্রমিকের অধিকার কেড়ে নিয়েছি আমাদের ব্যবস্থায় তাহলে সেটা ভুল হবে। আজকে পশ্চিমবাংলার বহু শিল্প কারখানা বন্ধ হয়ে আছে।

সেগুলিকে যদি নূতন করে তৈরী করা সম্ভবপর না হয় তাহলে এই ভয়াবহ বেকার সমস্যা দূর করা কিছুতেই সম্ভব হবে না। তাই আমি মনে করি যে আইনের মাধ্যমে সরকারের হাতে ক্ষমতা আসবে সরকার পারবেন কোন বন্ধ কারখানা নিজের হাতে তুলে নিতে। এর মধ্যে দু'টি ইউনিট যেখানে প্রায় ২৪০০ কর্মী কাজ করেন সেগুলি এই এ্যাক্টের আওতায় এসে গেছে। ৪টি ইউনিটে যেখানে প্রায় ৫ হাজার শ্রমিক কাজ করে সেগুলিও টেকওভার করা হয়েছে এবং এটা কিছু দিনের মধ্যেই এই আইনের আওতায় আসবে এবং আরও ৪টি ইউনিট খুব শীঘ্র গ্রহণ করা হবে। এইভাবে সরকার আস্তে আস্তে আগিয়ে যাচ্ছে। অনেকে বলেছেন যে তাড়াহুড়া করে নয় সুচিন্তিতভাবে বিচার বিবেচনা করে এই কারখানাগুলি খোলা দরকার যাতে সেগুলি আবার বন্ধ হয়ে না যায় তাহলে লাভ কি? সেইজন্য আসতে আসতে এগিয়ে যেতে হবে এবং এর মাধ্যমে কতগুলি কারখানা খোলা সম্ভব এবং সেখানে শান্তি কিরকমভাবে ফিরিয়ে আনতে পারা যায় তার চেষ্টা করতে হবে। আজকে উৎপাদন বৃদ্ধির দিকে যদি নজর না দিই তাহলে কলকারখানায় নূতন কর্মসংস্থান হবে না। তাই যাতে কলকারখানায় উৎপাদন বৃদ্ধি করা যায় সেদিকে সরকার নজর রাখছেন। তাই আমি বিশ্বাস করি যে এই আইন পশ্চিমবাংলার বন্ধ কারখানা খুলে

দেবার একটা নূতন পথ দেখাবে। যদি কোন মালিক মনে করেন যে আমাদের কারখানায় লস হচ্ছে অতএব কারখানা বন্ধ করে দাও সরকার নিয়ে নেবে তাহলে তারা ভুল করবেন। কারণ সরকার সেখানেই আগিয়ে যাবেন মালিকদের জন্য নয় যখন সরকার দেখবে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে আছে তাদের সংস্থান হচ্ছে না তখন সরকার আগিয়ে যাবেন। সুতরাং আমি বিশ্বাস করি যে এইসভায় এই আইনটি সম্মিলিতভাবে সকলেই সমর্থন জানাবেন এবং কলকারখানা খোলার ক্ষেত্রে সরকারী পদক্ষেপকে স্বাগত জানাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শেষে আমি আশা করি যে পশ্চিমবাংলার এই বন্ধ কলকারখানা খোলা সুরু হয়ে গেছে এবং আগামী দিনে আরও অনেক কলকারখানা খুলবে এবং সেজন্য আমরা যে স্লোগান দিয়েছি মিছিলে যে বক্তব্য রেখেছি সেটা হচ্ছে এই যে শ্রমিকদের মালিকানা দিতে হবে। শ্রমিকদের মালিকানায় প্রতিষ্ঠীত করার উদ্দেশ্য সামনে রেখে এই আইন আনা হয়েছে আশা করি সকলের এতে সমর্থন পাওয়া যাবে।

**শ্রীগোপালদাস নাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি নূতন কিছু নয়। বর্তমানে যে আইন চালু আছে ১৯৭১ সাল থেকে তার ধারাবাহিকতা বজায় রেখে এই বিল আনা হয়েছে। এই বিলটি যেমন পশ্চিমবাংলায় নূতন নয়, তেমনি সারা ভারতবর্ষের অন্যান্য যে সমস্ত শিল্পপ্রধান প্রদেশ আছে সেখানেও এটা নুতন নয়। আমি আগেই বলেছি যে অনেকগুলি প্রদেশে এই আইন প্রচলিত আছে এবং যেভাবে আমরা আইনটিকে এখানে এনেছি ঠিক সেইভাবেই প্রচলিত আছে। ভারত সরকারেরও এইরকম ধরণের একটা আইন আছে। সুতরাং আজকে আমরা নুতন কিছু করতে যাচ্ছি না। আজকে দেশের স্বার্থে, শিল্প বাঁচার স্বার্থে, শ্রমিকদের চাকুরীর স্বার্থে এই বিলটি আনা হচ্ছে।

[ 4-30—4-40 p.m.]

এবং সেগুলিকে সুসংরক্ষিত রেখে শিল্পগুলিকে সুন্দরভাবে পুর্ণবিন্যাস করার পর যাতে আরো বেশী সেখানে চাকুরীর সংস্থান হতে পারে এই উদ্দেশ্যে। অন্যান্য প্রদেশেও এই ধরনের আইন করতে হয়েছে এখানেও করতে হচ্ছে। এবং কেন করতে হচ্ছে সেটা অনেকটা নিরঞ্জনবাবু পরিষ্কারভাবে বলেছেন। যদিও তিনি এই বিলের দু' একটি ধারার বিরোধিতা করতে চেয়েছেন এবং সংশোধনী প্রস্তাবও দিয়েছেন তথাপি এই বিলটির যে মূল উদ্দেশ্য বা তার যে সার্থকতা সেটা পরিষ্কারভাবে তিনি বলেছেন এবং অনুভব করেছেন। সুতরাং আমার কাজ অনেকটা সহজ করে দিয়েছেন। নিরঞ্জনবাবু একটা কথা বলেছেন সে বিষয়ে তার সঙ্গে আমি একমত। তিনি বলেছেন এই যে কারখানা বন্ধ হওয়ার কারণ বা দুর্বল হওয়ার কারণ সব সময় শ্রমিক নয় এই বিষয়ে আমি তার সঙ্গে একমত। পশ্চিমবঙ্গ সবকারের পক্ষ থেকে যে সমীক্ষা করেছিলেন শ্রমদপ্তরের মাধ্যমে সেই সমীক্ষা থেকে আমি বলেছি এবং আমি ইতিপূর্বে বিধান সভায় বলেছি যে এই কলকারখানাগুলি বন্ধ হয়ে যাওয়ায় বা দুর্বল হয়ে যাওয়ার প্রধান কারণ যে malpractice এবং mismanagment. সে বিষয়ে কোন সন্দেহ নাই। এবং এই কারণে বন্ধ হয়ে গেছে বলে আরো বেশী করে Relief Undertaking Act-এর দরকার দেখা দিয়েছে। এই আইন সম্বন্ধে নিরঞ্জনবাবু একটু ভুল বুঝেছেন। আমি যখন amendment-এর উপর বলবো তখন সেটা পরিষ্কারভাবে বলবো। এই আইনটা কেন করতে হচ্ছে সেটা একটু পরিষ্কারভাবে বলা দরকার। এই যে বন্ধ কলকারখানা-গুলি বা দুর্বল কারখানাগুলি এ গুলিকে revive করে, Reconstruct করে তাদের কতকগুলি

Standard বা পদ্ধতিতে অনেকে ঠিক করেছি। তার মধ্যে দুটি পদ্ধতি হচ্ছে—একটা পদ্ধতি হচ্ছে হয় পশ্চিমবঙ্গ সরকার সরাসরি participate করবে এবং Bank-এর সঙ্গে যোগাযোগ করে কিছু অর্থ সাহায্যের বন্দোবস্ত করে দেবে অর্থাৎ directly or indirectly পশ্চিমবঙ্গ সরকার Finance-এর দায়িত্ব নেবে। আর একটা পদ্ধতি হচ্ছে institutional financing-এর বন্দোবস্ত করে দেওয়া। সরকারী সাহায্যে যে কারখানাগুলি খোলা হবে বা পুনর্বিন্যাসের চেষ্টা করা হবে সেখানে আমরা দেখতে পাচ্ছি এখন পর্যন্ত যে পদ্ধতিতে হচ্ছে আগে একটা সুনির্দিষ্ট পরিকল্পনা করে নেওয়া হয়। Expert study and survey করার পর একটা time bound programme করা হয়। একটা time bond cash flow করা হয়। সেই Cash flow যেটা করা হয় তাতে recurring liabilities as recurring expenditure কিভাবে meet up করা হবে সেটা ঠিক করা হয়। Reconstruction-এর জন্য কিভাবে টাকা খরচ করা হবে সেটাও ঠিক করা হয়। এখন Cash flow করে দেখা গেল একটা Cotton mills-কে revive করার জন্য এক কোটি ২৫ লক্ষ টাকার দরকার এবং ৩ বছর সময় লাগাব। কোথাও IRCI করেন, কোথাও Investigation Committee করেন,expert opinion পাওয়া গেল। সেই ভাবে টাকার ব্যবস্থা করা হ'ল,Bank-এর সঙ্গে করা হল, DevelopmentCorporation করা হল হয়ত পশ্চিমবঙ্গ সরকার কিছু দিলেন। এটা তিন বছরের programme এবং existing recurring liabilitions সেটাকে ভিত্তি করে এই programme সেখানে যদি হঠাৎ নুতন liability এসে যায় তাহলে whole programme upset হতে পারে। এটা একটা time bound programme এবং সেই programme execute করার জন্য expert opinion, cash flow বা অন্যান্য financial institution-এর সঙ্গে সেই programme যাতে রাখা যায় এবংhomourকরা যায়,তার কাজ ঠিকমত যাতে করা যায় তারজন্য সরকারের হাতে একটা power থাকা দরকার। ঐ যে cash flow ভিত্তিতে হল, তার বাইরে যদি কিছু থাকে সেটা Moratorium করেন। এই আইনের মানে এই নয় যে রিলিফ আণ্ডারটেকিং-এর মাধ্যমে সরকার কোন আণ্ডারটেকিং-এর ক্ষমতা নিজের হাতে নিচ্ছেন না। সরকার যদি কখন কোন কারখানার দায়িত্ব নিজে গ্রহণ করেন বা পরোক্ষভাবে সেই কারখানাকে সুযোগ দিয়ে নূতন এজেন্সী ক্রিয়েটের মাধ্যমে চালাবার চেষ্টা করেন যেমন বঙ্গলক্ষ্মী কটন মিলস-এর ব্যাপারে করা হয়েছে অর্থাৎ যে কথা সুকুমার বাবু বলেছেন যে দেশের সাধারণ মানুষের যে টাকা সেই টাকা বিনিয়োগ করে যদি ঐ কারখানা চালু করবার ব্যবস্থা করতে হয় পাবলিক ইন্টারেষ্টে তাহলে সরকারকে এই আইনে ইভোকের সুযোগ দেওয়া হবে, টেক ওভার করবার জন্য এই আইন নয়। টেক ওভার করা বা পরিচালনার অন্যান্য দায়িত্ব নেওয়া বা পূর্ণ দায়িত্ব নেওয়া সে দলিলের মাধ্যমেই হোক বা আইনের মাধ্যমেই হোক তখনই এই আইনের প্রশ্ন এসে যাচ্ছে এবং সেটা আসছে যে প্রোগ্রামের ভিত্তিতে নেওয়া হচ্ছে তার উপর। সেই প্রোগ্রামের পরে কিন্তু টোটালি আপসেট হয়ে সমস্ত পরিকল্পনা বানচাল হয়ে যাচ্ছে, তারই জন্য করা হচ্ছে। আর একটি জিনিস আছে, এই কারখানাগুলি বন্ধ হল কেন? নিরঞ্জনবাবুর কথাই ধরুন—একটা সাংঘাতিক মিসম্যানেজমেণ্ট হয়েছে, ম্যালপ্রাকটিস হয়েছে। তাহলে নেট রেজাল্ট কি হল? যেদিন কারখানা বন্ধ হচ্ছে, যেদিন সিক ইণ্ডাষ্ট্রিজস বলে আমাদের কাছে আসছে সেদিন আমরা খাতা খুলে কি দেখছি? নেট ভ্যালু মাইনাস হয়ে গেছে, টু হোয়াট এক্সটেণ্ট? ইকুইটি এণ্ড ডেট রেসিও, ১ ১০. ইভেন ইন সাম কেসেস মোর খ্যান ১ঃ১৯. এই যে দেনা এক এর এগেনেষ্টে ১০ যেখানে ধরে নেওয়া হল মূলধনের বিরুদ্ধে সেখানে টাকা সুদ ভাবে নেয়, ধার নেওয়া হয় না। তার মধ্যে অনেক মার-প্যাঁচ আছে। গিরিজাবাবু যে কথা বলতে চেয়েছিলেন যে সেই কারখানায় কার স্বার্থে আজকে রিলিফ আণ্ডারটেকিং হচ্ছে? আজকে যদি এইরকম ধরনের ক্ষমতা

সরকারের হাতে না থাকে তাহলে ঐ যে মালিক অন্যায় বা অসাধুতার বশবর্তী হয়ে যেভাবেই হোক ম্যানিপুলেসন করে এক কোটি টাকার মূলধনে কারখানার ঘাড়ে ১০ কোটি টাকার দেনা চাপিয়ে দিয়ে সরে পড়ল তাহলে সরকার কি জাতীয় স্বার্থে ১০ কোটি টাকার দায়িত্ব নেবে? নিরঞ্জনবাবু যেকথা বললেন সেটা যদি সত্য হয় তাহলে সেই দেনার দায়িত্ব সরকার নেবে না। অর্থাৎ পুরাতন ম্যানেজমেণ্ট তার ফেলিওর হোক, তার মিসডিড হোক তার জন্য যে লায়াবিলিটি জমিয়ে রেখে যাচ্ছে তার দায়িত্ব সরকার নিজের প্রচেষ্টায় যখন সেই কারখানা বাঁচাবার জন্য যাচ্ছেন নিতে প্রস্তুত নন, তার উপর মরাটোরিয়াম করার জন্য সরকার অধিকার চাইছেন। তৃতীয় কথা হচ্ছে আপনারা বলছেন যে একটি নির্দ্দিষ্ট সময় না দেখিয়ে বরাবরের জন্য আইনটা হোক না কেন— সেটাতে আমি পরে আসছি। ধরুন সরকার গেল না, কি হবে? শ্রমিকদের পাওনা-টাওনার উপর মরাটোরিয়াম আপনারা পছন্দ করেন না, আমিও পছন্দ করি না। যদি আজকে এই আইন না থাকে তাহলে সরাসরি একটি কারখানা লিকুইডিসনে যাচ্ছে। যেখানে নেট ভ্যালু মাইনাস হয়ে গেছে সেখানে ইকুইটি এণ্ড ডেট রেসিও, ১ : ১০ অর মোর, সেই কারখানা লিকুইডিসনে যাচ্ছে। লিকুইডিসেনে যখন যাচ্ছে তখন কিন্তু সিকিওর্ড লোন যেগুলি আছে সেগুলি লিকুইডিসনের আওতার বাহিরে থাকছে। শ্রমিকদের পাওনা তো সিকিওর্ড লোন নয়। তাহলে শ্রমিকদের এও বলুন সব জলে চলে গেল, উপরন্তু চাকুরীও গেল। কাজেই সে যে কাজ করে খেত সেটাও চলে গেল। তাহলে এখন কথা হচ্ছে তাদের ফাস্ট সিকিউরিটি হচ্ছে এমপ্লয়মেণ্টর সিকিউরিটি, আগে তাদের চাকুরী থাক। পাওনা কেড়ে নেবার প্রশ্ন নয়, তাদের যে প্রথম স্বার্থ চাকুরী, সেটা সিকিওর্ড করা হোক এবং তাদের নিজেদের স্বার্থ রক্ষা করার জন্য এই একটি এ্যারেঞ্জমেণ্ট সরকারের হচ্ছে এবং প্রথম পদ্ধতি হচ্ছে যদি কিছু পাওনা-গণ্ডা হয় সেটা এ্যাট দি মোষ্ট তুমি দাবী-দাওয়া সরকারের কাছে করো না, দাবী-দাওয়া করতে পার, কিন্তু সেই নিয়ে হাইকোর্টে যাচ্ছে, সরকারের এ্যাওয়ার্ড ভায়োলেট করছ।

[ 4-40—4-50 p.m. ]

দাবী দাওয়া করতে পারো, আন্দোলন করতে পারে, চুক্তি করতে পারো, ট্রাইপারটাইট আলোচনা হতে পারে কোন আপত্তি নেই, কেবলমাত্র সরকারকে ভায়োলেশন অব এ্যাওয়ার্ড বা ভায়োলেসন অব এগ্রিমেণ্ট এই অপরাধে হাইকোর্টে টেনে নিয়ে গিয়ে বিচারাধীন করো না। এই অধিকারটুকু চাওয়া হয়েছে, তার চেয়ে বেশী চাওয়া হয়নি। কোথাও বলা হয়নি তাদের যে একজিসটিং ফেসিলিটিজ সেটা কেটে দেব বা কোথাও বলা হয়নি যে তাদের নতুন যে ফেসিলিটিস ফ্লো করতে পারে ফ্রম ডিফারেণ্ট এ্যাওয়ার্ড এণ্ড ডিফারেণ্ট এগ্রিমেণ্ট সেগুলি আমরা কেটে দেব। আমরা শুধু বলেছি দু'টি স্বার্থ এখানে ইনভল্‌ভড হচ্ছে, সেই লোকটির চাকুরীটা সিকিওর করা, তার স্কোপ ফর এমপ্লয়মেণ্ট বা সোর্স অফ এমপ্লয়মেণ্ট এটা ইনটাক্ট রাখা, এইটা তার ইনটারেস্ট, আর আমাদের ইণ্টারেস্ট হচ্ছে বেকার সমস্যার খানিকটা সমাধান করা। কারণ নতুন করে যদি কারখানা খুলতে চাই তাহলে যে সময় ও টাকা লাগবে তার চেয়ে অনেক কম টাকা এবং সময় আমরা পুরানো কারখানাগুলি চালু করে তার চেয়ে বেশী লোক নিযুক্ত করতে পারবো। পুরাতন কারখানা যদি রিকন্সট্রাক্ট করতে পারি ৩।৪ বছরের মধ্যে তাহলে সেই কারখানার ১।২ বছরের মধ্যে এ্যাক্সপানসান করে ডবল লোকের চাকুরীর সংস্থান করতে পারব, যেটা নতুন কারখানায় নতুনভাবে করলে হবে না। সুতরাং এই আইনে আমরা নতুন কিছু চাইনি, পুরাতন যে আইন

ছিল তারই কনটিনিউটি রাখতে চাইছি এবং বলবৎ করতে চেয়েছি। এই আইন পশ্চিমবাংলায় নতুন ঘটনা নয়, ভারতবর্ষের অন্য অনেক শিল্প প্রধান প্রদেশে যেমন মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ু এমন কি কেরালায় পর্যন্ত ঠিক অনুরূপ আইন প্রচলিত আছে। সুতরাং নতুন কিছু নয় এবং সেই দিক থেকে বিচার করে আর একটি কথা আমি চিন্তা করতে বলব। আমাদের এই সরকার টাইমবাউণ্ড প্রোগ্রামের কমিটেড সরকার, আপনারা যদি চান সেই টাইমবাউণ্ড প্রোগ্রাম সরকার অনার করুক, ফুলফিল করুক একজিকিউট করুক তাহলে সরকারের হাতে আপনাদের কিছু বাড়তি পাওয়ার দিতেই হবে। সরকারকে ঠুঁটো জগন্নাথ করে যদি বলেন এই ১৭ দফা কর্মসূচী রূপায়ণ কর, ঐ সমস্ত রুগ্ন বন্ধ কারখানা খুলে দাও বা চালু কর তাহলে তা অসম্ভব। পাওয়ার সরকারের হাতে অনেক বেশী দেওয়া হয়েছে মিসা এ্যাক্ট ইত্যাদিতে। কিন্তু কিভাবে দিয়েছি? যে সরকারকে কাজ করতে গেলে হাতে পাওয়ার দরকার এবং এইভাবে দিয়েছি যে একটা গণতান্ত্রিক সরকার যে সরকারের পেছনে বিপুল জনসমর্থন আছে, কমিটেড সরকার টু সার্টেন ইডিওলজি, টু সার্টেন ওয়ার্ক প্রোগ্রাম, কোনদিন অন্যায়ভাবে কোন আইনের সুযোগ নিয়ে কারুর বা বিশেষ করে সাধারণ মানুষের ক্ষতি করবে না এটা আমাদের ফার্ম কনভিকসান আছে তবেই আমরা সরকারকে এত পাওয়ার দিয়েছি। সুতরাং আজকে এই টাইমবাউণ্ড প্রোগ্রাম যদি চান সরকার অনার করুক, এক্সিকিউট করুক, ইমপ্লিমেণ্ট করুক তাহলে এই ধরনের ক্ষমতা সরকারকে দিতেই হবে। তবে তার মানে এই নয় যে সরকারকে অন্যায় করবার সুযোগ দিচ্ছেন শ্রমিক স্বার্থ ক্ষুণ্ণ করবার সুযোগ দিচ্ছেন। এই প্রসঙ্গে বঙ্গলক্ষ্মী কটন মিলকে একটা উদাহরণস্বরূপ রাখা যায়। পশ্চিমবাংলা সরকার সমস্ত দায় দায়িত্ব নিয়ে ট্রেড ইউনিয়ান লিডারদের নিয়ে কমিটি করে এই মিলটি চালাবার ব্যবস্থা করে দিয়েছেন এবং আজ পর্য্যন্ত পশ্চিমবঙ্গ সরকার এর পেছনে দিয়েছেন ৪৭ লক্ষ টাকা। এই টাকা যথেষ্ট নয় ঐ বঙ্গলক্ষ্মী মিলকে রিকন্সট্রাক্ট করে রিভাইভ করবার জন্য। আমি জানি এবং যাঁরা দায়িত্ব নিয়েছেন তাঁরাওজানতেন শুধু সরকারের সঙ্গে সহযোগিতা করবার জন্যই তাঁরা দায়িত্ব নিয়েছিলেন। সেই মিল কিন্তু আমরা রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্ট ইনভোক করেছি এবং করার পরে ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী ঐ শ্রমিকদের ডিয়ারনেস এ্যালাউনসেস বেড়েছে ২১ টাকা কত পয়সা। সেই টাকার উপর কিন্তু মোরাটোরিয়াম পশ্চিমবঙ্গ সরকার চান নি। ৭ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকার আরো এ্যাডিসান্যাল রিসোর্সেস সেখানে প্রোভাইড করেছে যতদিন পর্য্যন্ত না ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন নিচ্ছে যাতে ঐ এ্যাডিশানাল দায় দায়িত্ব বঙ্গলক্ষ্মী কটন মিলের এ্যাডভাইসারী কমিটি মিট করতে পারেন। আর একটা কনট্রাষ্ট আমি আপনাদের সামনে রাখছি। সেটা হচ্ছে মোহিনী মিল। এটা সরকারী সাহায্যে নয়, আই আর সি আই-এর সহযোগিতায় সেণ্ট্রাল ব্যাঙ্কের ফাইনানসিং নিয়ে খুলছে। তারও ঠিক অনুরূপভাবে ক্রাশ প্রোগ্রাম হয়েছে। তার সঙ্গে সরকারর বিশেষ কোন সম্পর্ক ছিল না। আমরা শুধু ট্রাইপার্টাইট লেবার এগ্রিমেণ্টটা করে দিয়েছিলাম। কিন্তু সেখানে দেখা যাচ্ছে, ঐ ট্রাইপার্টাইট এগ্রিমেণ্ট হল, ২১ টাকা কত পয়সা ডি.এ বাড়লো ডিফ্রিজিং-এর পর কিন্তু মোহিনী মিলের শ্রমিকরা সে টাকা পায়নি। আজকেই আমি দুটি ট্রেড ইউনিয়ান এ আই টি ইউ সি; আই এন টি ইউ সি-র কাছ থেকে যৌথভাবে মেমোরাণ্ডাম পেয়েছি যে মোহিনী মিলের শ্রমিকদের ঐ টাকা এখনও দেওয়া হয়নি। তাহলে সরকার যে সংস্থা নিয়েছে, যার পুরো টাকা পশ্চিমবঙ্গ সরকারকে আজ পর্যন্ত দিতে হচ্ছে, ৪৭ লক্ষ টাকা দিয়েছি তার মধ্যে ২০ লক্ষ্য টাকা ইরোডেড হয়ে গেছে, উইদাউট হেজিটেসান যেদিন এর লায়েবিলিটি এ্যাক্সেপ্ট করেছে সেদিন আমরা আরো ৭ লক্ষ টাকা মঞ্জুর করেছি ক্যাবিনেট থেকে। আর একটি সংস্থা যেখানে সরকারের প্রশ্ন নেই, যেখানে রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্ট প্রযোজ্য হয় না সেখানে কিন্তু এই টাকা আজও দেওয়া হয়নি। আমাদের

ক্ষমতা থাকা সত্বেও সেখানে কিছু করতে পারিনি, কারণ, ট্রেড ইউনিয়ন সংস্থা চুক্তি করে ১০ টাকায় রফা করল, অথচ এই কণ্ট্রাক্টে সে ২১ টাকা আছে। কাজেই সরকারের উপর কিছু বিশ্বাস রাখতে হবে, একথা বলার প্রয়োজন নেই যে সরকারের হাতে যদি পাওয়ার দিই তাহলে সেই পাওয়ার মিসইউজড্ হবে। সেই ক্ষমতার সদ্ব্যবহার হবে না একথা ঠিক নয়। এই কয়েকটি কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অনুরোধ করব এই বিলটা যেভাবে আছে সেইভাবে অনুমোদন করতে।

The motion of Dr. Gopal Das Nag that the West Bengal Relief Undertaking (Special Provisions) Bill, 1972, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 3

**Mr. Speaker :** There are two amendments to Clause 3 given by Shri Niranjan Dihidar. The amendments are in order.

**Shri Niranjan Dihidar :** Sir, I am not moving the amendments.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 4

**Mr. Speaker :** There is one amendment to Clause 4 given by Shri Niranjan Dihidar. The amendment is in order. I would request Shri Dihidar to move his amendment.

**Shri Niranjan Dihidar** : Sir, I beg to move that the following proviso be added to clause 4 (b), namely :—

"Provided that nothing contained in the aforesaid clauses 4 (a) and 4 (b) shall affect adversely the existing rights, benefits and privileges of the workers accruing as a result of and flowing from the existing statutes and/or agreements, awards in this regard".

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মি: স্পীকার, স্যার, যে এ্যামেণ্ডমেণ্ট নিরঞ্জন ডিহিদার মুভ করেছেন তার উপর আমি একটু বলতে চাই। মাননীয় শ্রমমন্ত্রী এবং কর্মসংস্থান মন্ত্রীর উপর আমাদের যথেষ্ট আস্থা আছে। তাঁর কার্যকলাপ আমরা ১৯৭১ সালে কোয়ালিশান গভর্নমেণ্টের সময় দেখেছি এবং এখনও দেখছি এবং ট্রেড ইউনিয়নে মহলে, শ্রমিক সাধারণ মহলে তাঁদের একটা আস্থা আমাদের মন্ত্রীর প্রতি আছে যে তাঁদের প্রতি অন্যায়, অবিচার তিনি করেন না।

[4-50—5-00 p.m.]

শ্রমিকরা নিজে থেকে কারখানা খুলতে চায়, যাতে কাজ বজায় রাখা যায়। তারা বলে ভাই

স্বেচ্ছায় Voluntarily ছেড়ে দিচ্ছি, তারা বলে এটা চাই না, এই যে চেতনা এর প্রধান কারণ যাতে তারা কাজ পায়, যাতে নাকি কারখানা চলে, production চলে। এরূপ অনেক কারখানা নিতে আমরা বাধ্য হচ্ছি, সেগুলিকে মালিকরা চুষে শেষ করে নিংড়ে নিয়ে বন্ধ করে রেখে গেছে, যে লাভ হয়েছে তা খরচ করে, শেষ করে দিয়ে সব উড়িয়ে দিয়ে, শেষে বহু টাকা দেনা করে নিংড়ে চুষে নিয়ে ছেড়ে দেয়। সুতরাং কতটা capital investment করা উচিত। কতটা productive হতে পারে না পারে এসব বিচ্ছিন্ন কথা আলোচনা হয়েছে। কিন্তু মূল উদ্দেশ্য যে বেকার সমস্যা নিয়ে যাতে re-open হয়, লোকে কাজ পায় এবং production চালু হয়। কিন্তু আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি উনি বলেছেন যে suspended থাকবে Section 4 (b)-র প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বলা হয়েছে "That the operation of all or any of the contracts, assurances of property, agreements, settlements, awards, standing orders or other instruments in force (to which any relief undertaking is a party or which may be applicable to any relief undertaking) immediately before the date on which the State industrial undertaking is declared to be a relief undertaking, shall remain suspended or that all or any of the rights, privileges, obligations and liabilities accruing or arising thereunder before the said date, shall remain suspended. এবারে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি or shall be enforcable with such modifications and in such manner as may be specified in such modification. এখন এই যে clause এক দিক দিয়ে justified। যে মালিকরা capital খেয়ে ফেলে, তার মুনাফা খেয়ে ফেলে, profit খেয়ে ফেলে, ১ কোটি টাকা দেনা করে চলে গেলেন এবং Government-কে যদি প্রথমে কারখানা নিয়ে এসব দিতে হয় তাহলে কারখানা খুলতে হবেনা বা কারখানা চালাতে হবে না। কিন্তু শ্রমিকদের যেগুলি legal rights বা contract থাকে বা যে অধিকার accrue করেছে, agreement থেকে যে অধিকার accrue করেছে সেগুলি তো জোচ্চুরি নয়, এতে কারখানার capital খেয়ে যায় না, এতে কারখানার profit খেয়ে যায় না, এতো তো Machine গোপনে বেচে দেয় নি, সে তো কারখানার সব machine বেচে দেয় নি, কাঁচামাল বেচে দেয় নি গোপনে, বা আর একটা কারখানার নাম করে ঐ ব্যবসায়ের সঙ্গে জড়িয়ে দিয়ে সেই Company-র নামে এই Company-র সমস্ত মুনাফা চুষে নেয় নি। তাহলে শ্রমিকদের সঙ্গে যে obligations ছিল যে agreement ছিল, যে Contract ছিল, তা existing industrial এবং অন্যান্য আইনে শ্রমিকদের যে অধিকার—যদি সে অধিকারকে suspend করবার ক্ষমতা আমরা Goverment-কে দিচ্ছি। দিচ্ছি তাই নয় আমরা তাকে মডিফাই করবার ক্ষমতা দিচ্ছি। With such modification and in such manner as may be specified in such notification. মন্ত্রিমহাশয় এই কথা বললেন যে ওরা স্বেচ্ছায় করছে। সে তো ভাল কথা। স্বেচ্ছায় করবার অধিকার সব সময় আছে। এই amendment-টা কেন তিনি নিতে পারলেন না জানি না। এতে বলা আছে "Provided that nothing contained in the aforesaid clauses 4(a) and 4(b) shall affect adversely the existing rights, benefits and privileges of the workers accruing as a result of an flowing from the existing statutes and/or agreements, awards in this regard". শ্রমিকরা স্বেচ্ছায় সব সময় modified করতে পারবে by mutual agreement it can be done. By agreement an agreement or contract can be modified. By agreement statutory provision can be suspended. By agreement they can do it. শ্রমিকরা স্বেচ্ছায় by agreement they can do it. কিন্তু

এখানে ক্ষমতা দিয়ে দিচ্ছি এবং কারখানায় administrator এ্যাপয়েণ্ট হবে as a matter of fact, তারাই recommend করবে, Departmental Secretary recommend করবে, Deputy Secretary recommend করবে, Director recommend করবে, Administrator recommend করবে এবং virtually তাদের হাতে ক্ষমতা প্রদত্ত Government by notification করবে কিন্তু virtually তাদের হাতে ক্ষমতা। সেজন্য মাননীয় সদস্য শ্রীনিরঞ্জনবাবু এই amendment-টা মুভ করেছেন। কিন্তু মন্ত্রিমহাশয় আমাদের একটা পরিষ্কারভাবে এসিওরেন্স দিন যে Government এর উদ্দেশ্য নয় এই আইনের সুযোগ গ্রহণ করে ওয়ারকারদের নায্য পাওনা কেড়ে নেওয়া হবে না বা তাদের নায্য পাওনা গণ্ডা কেড়ে নেওয়া হবে এজন্য suspend করে দিচ্ছি—দিতে পারছিনা। কিন্তু চিরকাল সাসপেণ্ড করে রাখা আমাদের উদ্দেশ্য নয়। আর modify এক তরফা গায়ের জোরে স্বেচ্ছাচারীভাবে করে দেব না। যদিও আইনে ক্ষমতা আছে modify আলাপ-আলোচনার মধ্যে দিয়ে করবো এবং এই ধারার অপপ্রয়োগ করবো না।

কিন্তু যদি মন্ত্রিমহাশয় এরকম একটা আশ্বাস পরিষ্কারভাবে দেন যে সরকারের উদ্দেশ্য মোটেই নয় যে এই আইনের সুযোগ গ্রহণ করে শ্রমিকদের ন্যায্য অধিকারগুলি কেড়ে নেওয়া এবং suspend করে রাখা। এখন দিতে পারছি না,চেয়ে দেখ,কিন্তু চিরকাল suspend করে রাখা উদ্দেশ্য নয়—তাহলে হোত। আর modification আমরা একতরফা করে দেব না। যদিও এই আইনে ক্ষমতা আছে modification আমরা by agreement করব আলাপ আলোচনার মধ্য দিয়ে করব এবং ধারার অপপ্রয়োগ আমরা করব as from as workers are concerned. ওঁর কাছ থেকে যদি এরকম assurance আমরা পাই তাহলে আমাদের পার্টি থেকে এই amendment-এর উপর আমরাও division call করব না—যদিও amendment move হয়েছে ; voice vote হবে। এই statement করছি।

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মোচার Deputy Leader বিশ্বনাথবাবু যা বললেন সে কথার উত্তর দিতে গেলে আমাকে পুনরায় বলতে হচ্ছে immediatly before · · · · · সে সময় যদি কিছু পাওনা হয়ে থাকে এই award বলে এবং তার পরবর্তীকালে যদি কিছু হয় তাহলে এইটুকু শুধু affected হচ্ছে। অর্থাৎ যে আইন ও D.A. পাচ্ছিল আগের agreement অনুযায়ী সেটার উপর কিছু হচ্ছে না এর সরাসরি কিছু কেটে দেওয়া হচ্ছে না। খালি এটুকু বলা হয়েছে যে যদি সরকার বা undertaking যে সরকারী পরিচালন ব্যবস্থা তারা দিতে না পারে তাহলে তাদের আইনে টেনে নিয়ে যাওয়া যাবে না। আমি আগেই বলেছি যে সরকার যেখানে Relief Undertaking Act in rule করেছে সেখানে এক মুহূর্ত সরকার দ্বিধা করেনি শ্রমিকদের ন্যায্য পাওনা দিতে এবং আমার বিশ্বাস সরকারের ভবিষ্যতেও এ বিষয়ে কোন দ্বিধা হবে না। রিলিফের প্রয়োজনে modification-এর ব্যবস্থা করার প্রয়োজন আছে। আমরা চাচ্ছি যদি কখনও এরকম প্রয়োজন দেখা দেয় যে total programme upset হয়ে যাচ্ছে তবে ঐ নূতন agrreement কিছু হওয়ার জন্য স্থগিত না রেখে সরকারকে সেখানে invoke করতে হবে। সেখানে সরকার নিশ্চয় শ্রমিক সংগঠনের সঙ্গে পরামর্শ না করে করবেন না এবং এটা ঠিক যদি কোন বিশেষ modification সরকারকে করতে হয় তাহলে এমনভাবে modification করতে হবে that must be acceptable to the workers. সরকার শুধু notification করলেই workers-রা তা মেনে নেবে না workers-রা strike, go slow ইত্যাদি নানারকম অসুবিধা সৃষ্টি করতে পারে। কিন্তু আমরা তা চাই না। আমরা চাই কারখানায় কাজ হোক। সুতরাং যে কোন modification করি, moratorium করি তা এমনভাবে

আমাদের করতে হবে যা acceptable to workers হবে। তা করতে গেলে একমাত্র পথ হচ্ছে সরকারী directive দিয়ে শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে আলোচনা অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের সঙ্গে একমত করা। এরকম ধরনের suspension বা moratorium বা modification করা যায় না। একথা চিন্তা করে আজ যে নীতি সরকার অনুসরণ করে যাচ্ছেন বা ভবিষ্যতে করবেন সেই নীতির দিকে তাকিয়ে একথা বলতে পারি যে সরকার কখনও অন্যায়ভাবে শ্রমিকদের পাওনা এই আইনের সুযোগ নিয়ে কেড়ে নেবে না এবং কোন অধিকার খর্ব করবে না—এই আশ্বাস দিতে পারি। যদি এরকমভাবে কোন অবস্থার পরিপ্রেক্ষিতে এই আইন সরকারকে invoke করতে হয় শ্রমিকদের কোন পাওনার উপর moratorium করার জন্য তাহলে নিশ্চয় আমরা তা শ্রমিক সংস্থাগুলির সঙ্গে আলোচনা করে করব। এই আশ্বাস আমরা দিতে পারি এবং আমি এর বিরোধিতা করছি।

[5-00—5-10 p.m. ]

The motion of Shri Niranjan Dihidar that the following proviso be added to clause 4 (b), namely :—

"Provided that nothing contained in the aforesaid clauses 4 (a) and 4 (b) shall affect adversely the existing rights, benefits, privileges of the workers accruing as a result of and flowing from the existing statutes and or agreements, awards in this regard" was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 5 to 9, Schedule and Preamble

The question that clauses 5 to 9, Schedule and the Pramble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Gopal Das Nag :** Sir, I beg to move that the West Bengal Relief Undertakings (Special Provisions) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Statement Under Rule 346

**Mr. Speaker :** I call upon Shri AjitKumar Panja, Hon'ble Health Minister to make a statement.

**Shri Ajit Kumar Panja :** Mr. Speaker, Sir, on the 12th April, 1972, one of our honourable members, Shri Lalit Gayen, handed over to me a bottle said to contain milk. It was alleged in a petition forwarded with that bottle that the milk was adulterated and the petition is signed by Shri Debabrata Chatterjee, General Secretary, 24-Parganas Chhatra Parishad. The milk as contained in that bottle was forwarded as sealed to the Director, Central Combined Laboratory, for chemical analysis. The report received indicated that one drop of Phenyl was added as a preservative. The Chemical Analyst was of opinion that Phenyl is never used as a preservative but Formaline should have been used. The contents of the bottle got curdled for not adding the proper preservative. Correct analysis figures were not obtained by the analyst as the liquid lost its homogeneity and its original quality on curdling. However, the

sample was taken in for general analysis under the provisions as framed under the Prevention of Food Adulterotion Act, 1954. It transpired that section 11 1) read with section 12 of the prevention of Food Adulteration Act, 1954, was not complied with while obtaining the sample. The sections provided that a notice in writing is required to be given on the spot to the person from whom the sample is taken indicating the intention of the liquid being analysed. It should be put in three containers properly marked and sealed. One such container should be delivered to the person from whom the sample was taken, the second was to be sent to the Public Analyst and the third one was to be retained for production in case any legal proceedings are taken. Under the circumstances, Sir no legal proceedings could be initiated as the legal formalities were not complied with. However, as it appeared to me that on general analysis the container said to contain milk was in fact adulterated, I ordered as follows :

"The above report shows that the milk supplied by the contractor was not of the quality as per the rules. I understand that the contract of that contractor stands determined by efflux of time on 30th April, 1972. Therefore, the contract under the circumstances should not be renewed and no fresh contract should be given to such contractor in future."

### The Calcutta Municipal ( Amendment ) Bill, 1972.

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, I beg to introduce the Calcutta Municipal ( Amendment ) Bill, 1972.

( Secretary then read the title of the Bill )

Sir, I beg to move that the Calcutta Municipal ( Amendment ) Bill, 1972, be taken into consideration.

**Shri Abu Hafiz Md. Ismail** : Councillor from the Constituency No. 64 of the Calcutta Corporation, died on 7th September, 1971. The casual vacancy had, under section 69(1) of the Calcutta Municipal Act, 1951, read with rule 53 of the Calcutta Corporation ( Conduct of Election of Councillors ) Rules, 1952, to be filled up within six months from the 7th September, 1971. Accordingly the Commissioner, Calcutta Corporation, had by a notification dated the 22nd January, 1972, called upon the constituency concerned to elect a person for the purpose of filling up the said vacancy and fixed the 27th February, 1972, as the polling date for the said purpose. In the mean time the date of election to the State Assembly had been fixed on the 11th March, 1972. In view of the fact that holding of municipal elections too near to the date of the election to the Assembly might cause difficulties to the intending candidates, municipal elections that were due to be held in February and March, 1972, had already been postponed. It was not, however, possible to do so in respect of the bye-election to the Calcutta Corporation referred to above due to the absence of any provision for doing so in the Calcutta Municipal Act, 1951. It was the view of the State Government that the bye-election to the Calcutta Corporation due to be held on the 27th February, 1972, should like other municipal elections be postoponed. It was for this reason that an enabling proviso was inserted in section 69(1) of the Calcutta Municipal Act, 1951, by promulgating the Calcutta Municipal (Amendment) Ordinance, 1972, on the 18th February, 1972.

Sir, I have just read out a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining therein the circumstances under which the Calcutta Municipal (Amendment) Ordinance, 1972, was promulgated on 18th February, 1972.

The enabling proviso should be permanently continued so that when a contingency like the present one arises in future the date of the by election can be shifted to a suitable date by the State Government to the convenience of all concerned. The object of the Bill is merely to continue the provisions of the Ordinance and there will be no expenditure to give effect to the provisions of the Bill. I am sure that the Bill will receive full support of all sections of the House.

Sir, with these words I commend my motion for acceptance of the House.

[ 5-10—5-20 p.m. ]

**শ্রীকানাইলাল সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয় যে বিলটা আজ এনেছেন সেই বিলটা সমর্থন করে আমি দু'একটি কথা বলতে চাই। এই বিলটার বিশেষ প্রয়োজন হয়ে পড়েছিল তার কারণ আমাদের এই সেকশন ৬৯ (১) অব দি ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, এই ৩৩-এর এ্যাক্টে যা আছে তাতে একটা কথা ছিল যদি কোন সদস্যর পদ শূন্য হয় তাঁর মৃত্যুতেই হোক, রেজিগনেশনেই হোক, বা অন্য কোন কারণে হোক, যদি কোন পদ শূন্য হয় তাহলে কমিশনার ছয় মাসের মধ্যে এই শূন্য পদ পূরণ করবেন। কিন্তু কোন যদি আপৎকালীন অবস্থা আসে যখন নিবাচন করা সম্ভব নয়, যেমন আমাদের একটা অবস্থা হয়েছিল আমাদের সহকর্মী, বন্ধু আবু হাজি মহম্মদ ইসমাইল, ৭ই সেপ্টেম্বর '৭১, অকাল মৃত্যুর ফলে সেখানে আবার নির্বাচন করতে হয়। আমাদের কমিশনার ২৭শে ফেব্রুয়ারী '৭২-এ ইলেকশনের নোটিশ দিয়েছিলেন। হঠাৎ আমাদের বিধান সভার নির্বাচন ১১ই মার্চে স্থিরিকৃত হবার ফলে আমাদের কর্পোরেশনের নির্বাচন সম্ভব হয় না। এই এ্যাক্টে এমন কোন কথা লিপিবদ্ধ ছিল না যাতে এই নির্বাচন বন্ধ করা যায়। সেই জন্য তিনি এই বিল এনেছেন যাতে সরকার নির্বাচন আরো দু'মাস বন্ধ করতে পারেন। এর ফলে যাঁরা নির্বাচনে দাঁড়াবেন তাদের অনেক সুবিধা হবে। তাছাড়া হঠাৎ হয়ত কলকাতা সহরে একটা আপৎকালীন অবস্থা হল, কিম্বা কোন জায়গায় সংক্রামক ব্যাধি দেখা দিল যার ফলে হয়ত নির্বাচন করা সম্ভব নয় সেখানে যদি সরকারের হাতে এই ক্ষমতা না থাকে তাহলে বিশেষ অসুবিধার মধ্যে সরকারকে পড়তে হবে এবং জনসাধারণকেও পড়তে হবে। এখানে মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তাতে এই কথা লিপিবদ্ধ করতে চাচ্ছেন যে ছয় মাসের মধ্যে যে ইলেকশন করার কথা আছে, তাঁরা যদি মনে করেন যে কোন আপৎকালীন অবস্থার জন্য তা করা সম্ভব নয় তাহলে আরো দু'মাস বাড়িয়ে দিতে পারেন—এই সংশোধনীকে আমি সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdur Rauf Ansari** : Mr. Speaker, Sir, while supporting the Bill just now moved by the Municipal Services Minister, I feel the Statement of Objects and Reasons which has been given before the House is quite enough to convince every member of the House about the necessity of the Bill. This Bill came because of a peculiar circumstance and a special reason which was never foreseen.

It so happned that one of our colleagues, Shri Abu Hafiz Md. Ismail, Councillor from the Constituency No. 64 of the Calcutta Corporation, died. Under the Calcutta Municipal Act this is a fact that election had to be held. Under the Act if a vacancy arises it should be filled up within six months by the Commissioner Here we find that the Commissioner acted according to the rule and the date was fixed on 27th February, 1972. But just after a few days there was going to be General Election and the city of Calcutta, the State of West Bengal as also the wards were involved in the election. Naturally to keep democracy in existence and to have democracy in practice, citizens must be given chance to exercise their rights freely. So, if both the elections are held together then people's mind may not act properly. On the other hand, candidates may not have clear ideas about how to place their cases before the public. So in order to have a clear election, in order to have a just and fair election, in order that the electorate may exercise their rights freely and rightly and in a democratic way, this Ordinance was brought into existence and it has now been placed before the House in the shape of a bill. There was another reason. It is stated here that under the Bengal Municipal Act there is no such bar that it can not be changed in peculiar situation But there is no such scope under the Calcutta. Municipal Act to help the rate payers, to help the citizen, to help the electorate, the people and the intending candidates. I feel it is quite justified, it is quite reasonable. At the same time I find here that the State Government may extend the period for two years if such a situation arises. There is no bar that it cannot be held within six months. If there is any vacancy in future that can be filled up within six months but if three arise any special circumstances to enable the people to exercise their rights, it may be extended. I hope the House will appreciate it and with one voice will unitedly support the Bill which has just been placed before it by the Government. I have got nothing more to say. It is very vital and very rightly it has been explained in detail in the Statement of Objects and Reasons. So I, do not want to add any word to it. With these few words, I extend my support to this Bill and I expect the support of the members also as it has been brought under special circumstances. In future the Commissioner can hold election within sixty days but if there is no such situation it can be extended. So I expect that the whole House will support the Bill.

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** স্পীকার, স্যার, আমি এই হাউসের প্রতিটি সভ্যের কাছে একান্তভাবে কৃতজ্ঞ যে তাঁরা আজকে এই বিল নিয়ে আলোচনা করলেন এবং সরকার পক্ষ থেকে যে বিল আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানিয়েছেন। আমি তাঁদের প্রতি আমার আস্থা, আমার বিশ্বাস এবং তাঁদের প্রতি ধন্যবাদ জানানোর সংগে সংগে আমি বলছি যে স্যার, I beg to move that the Calcutta Municipal ( Amendment ) Bill, 1972, be taken into consideration.

The motion was then put and agreed to.

**Clauses 1, 2, 3 & the Preamble.**

The question that clauses 1, 2, 3, and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, I beg to move that the Caloutta Munioipal (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment.

The House was then adjourned at 5. 22 p.m. till 1 p.m. on Friday, the 28th April, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 28th April, 1972, at 1 p.m.

PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 12 Ministers, 1 Minister who is not member of the Assembly, 7 Ministers of State, 1 Deputy Minister and 186 Members.

[ 1-00—1-10 p.m. ]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

( There was none to take oath )

STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**চক্রবেড় রেল**

*৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৬। ) **শ্রীঅশ্বিনী রায়ঃ** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় চক্রবেড় রেল নির্মাণের প্রকল্পটি কি চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে ; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে—

(১) প্রকল্পের জন্য মোট ব্যয়বরাদ্দ কত ; এবং

(২) উক্ত প্রকল্প অনুসারে কাজ কবে নাগাদ আরম্ভ হইবে এবং কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** :

(ক) চক্রবেড় রেল প্রকল্পটি চূড়ান্তভাবে বাতিল করিয়া দেওয়া হইয়াছে। ইহার পরিবর্তে ভূ-গর্ভস্থ রেলপথ ভারত সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

**শ্রীঅশ্বিনী রায়** : *এই চক্ররেল প্রকল্পটা বাতিল করা হলো কেন ?*

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : এটা এক্সপার্ট দিয়ে পরীক্ষা করানো হয় এবং যে পার্পাসে করা হয়েছিল, সেই পার্পাসে সল্ভ হবে না বলে আমরা ভূ-গর্ভ রেলপথের পরিকল্পনা গ্রহণ করেছি।

**শ্রীঅশ্বিনী রায়** : ভূ-গর্ভ রেলপথের যে পরিকল্পনা, তার চূড়ান্ত জবাব—whether survey has been completed.

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : সার্ভে এখনও কমপ্লিট হয় নি, শুধু মাত্র পরিকল্পনাটা গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা হচ্ছে কোনখান থেকে কোন রাস্তা দিয়ে যাবে, সেটা শুধু স্থির হয়েছে।

**শ্রীঅশ্বিনী রায়** : যখন একটা পরিকল্পনা বাতিল করে আর একটা পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, তখন নিশ্চয়ই তার প্রাথমিক কাজগুলো শেষ করে অন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তাহলে ঐ দুটো পরিকল্পনার একটা হচ্ছে চক্রবেড় রেলপথ এবং আর একটা হচ্ছে ভূ-গর্ভস্থ রেলপথ, এর কোন বাজেট এসটিমেট হয়েছে কি, যে এত টাকা খরচ হবে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : ভূ-গর্ভস্থ রেলপথ সম্বন্ধে একটা এ্যাপ্রক্সিমেট হিসাব করা হয়েছে তাতে ১৪৩ কোটি টাকা খরচ হবে।

**শ্রীঅশ্বিনী রায়** : এই যে ১৪৩ কোটি টাকা, এটা কি খালি ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেন্ট দেবেন, না সেন্ট্রাল গভর্ণমেন্টও দেবে, না, পুরোপুরি সেন্ট্রাল গভর্ণমেন্ট দেবে, কার কত অংশ ? ষ্টেট গভর্ণমেন্টের কত এবং সেন্ট্রাল গভর্ণমেন্টের কত ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয় নি, সেন্ট্রালের সঙ্গে আলোচনা চলছে।

**শ্রীঅশ্বিনী রায়** : তাহলে ভূ-গর্ভস্থ রেলপথের প্রকল্পটা এখন কোন পর্যায়ে এসেছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : এই সম্বন্ধে একটা প্রারম্ভিক আলোচনা হয়েছে সেন্ট্রাল গভর্ণমেন্টের সঙ্গে ইনফর্মাল।

**শ্রীনিতাইপদ সরকার** : কবে নাগাদ এটা শুরু হতে পারে ? আগামী মার্চ না জুন মাসে —কবে নাগাদ ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : এটা সুনির্দিষ্টভাবে কিছু বলতে পারছি না।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—আমরা দেখতে পাচ্ছি কলকাতার দুরবস্থা, যানবাহনের সমস্যা সমাধানের জন্য এক সময় সরকার থেকে কখনও চক্ররেল কখনও ভূ-গর্ভ রেল, এই ধরনের পরিকল্পনা, এটা থেকে ওটা, ওটা থেকে এটা করা হচ্ছে—আলোচনা করা হচ্ছে, সার্ভে করা হচ্ছে—এবার যে ভূ-গর্ভ রেল সার্ভে করছেন, এটা নিশ্চিতরূপে গ্রহণ করা হবে কলকাতার মানুষকে রক্ষা করার জন্য যানবাহনের সমস্যা থেকে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : গ্রহণ করার সম্ভাবনা রয়েছে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** পরিকল্পনা যেটা বাতিল করা হয়েছে ওই পরিকল্পনা তৈরী করতে কত টাকা খরচ হয়েছিল ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** নোটিশ চাই।

### ৩৪ নং জাতীয় সড়ক

*৬৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৭।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩৪নং জাতীয় সড়কের ( রাণাঘাট-কৃষ্ণনগর ভায়া বীরনগর-তাহেরপুর ) নির্মাণকার্য এখনও শেষ না হওয়ার কারণ কি ; এবং

(খ) ঐ রাস্তাটির নির্মাণকার্য ত্বরান্বিত করিয়া রাস্তাটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ**

(ক) রাণাঘাট-কৃষ্ণনগর ভায়া বীরনগর-তাহেরপুর রাস্তাটি জাতীয় সড়কের অংশ হিসাবে নির্মাণ করার জন্য ভারত সরকারের কাছে প্রস্তাব দেওয়া হয় ; কিন্তু শেষ পর্যন্ত জাতীয় সড়কটি শান্তিপুর ঘুরিয়া যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় বীরনগর-তাহেরপুরের মধ্য দিয়া সরাসরি রাস্তাটি ষ্টেটহাইওয়ে হিসাবে নির্মাণ করা হইতেছে। বলাবাহুল্য, এত দীর্ঘ (প্রায় ১৫ মাইল) একটি রাস্তা রাজ্য-সরকারের খাত হইতে ব্যয়ভার বহন করিয়া নির্মাণ করিতে সময় লাগিবে, বিশেষতঃ অপ্রচুর অর্থবরাদ্দের পরিপ্রেক্ষিতে। তৎসত্ত্বেও যে সকল স্থানে জমির দখল পাওয়া গিয়াছে সেই সকল স্থানে মেশিন সাহায্যে মাটির কাজ করিয়া স্কীমটি ত্বরান্বিত করা হইতেছে এবং মাটির কাজ শেষ হইলেই অর্থসঙ্গতি সাপেক্ষে পরবর্তী পর্যায়ের কাজ সুরু হইবে।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** এই রাস্তাটির নির্মাণ কার্য কতদিন আগে সুরু হয়েছিল ?

**শ্রীভোলানাথ সেন ঃ** খবরটা এখন পুরোপুরি নেই।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** আমি মন্ত্রিমহাশয়কে রেডি রেফারেন্স হিসাবে জানাচ্ছি। প্রায় ১৮ বছর আগে এটার ব্যাপারে ঠিক হয়েছিল। কিন্তু আজও প্রকৃতপক্ষে নির্মাণকার্য সুরু হয় নি। কিন্তু যে লক্ষ লক্ষ টাকার মেটিরিয়ালস দেওয়া হয়েছিল তা থেকে প্রায় ৫০ হাজার টাকার জিনিষপত্র চুরি গিয়েছে বলে জানা গেছে।

**শ্রীভোলানাথ সেন ঃ** ক্ষমা করবেন। একটা কাগজ পাওয়া গিয়েছে। ১৯৬৪-৬৫ সালে কাজ আরম্ভ হয়। কিন্তু কাজ করিতে গিয়ে ২৩,৮৩,৪০২টাকা ৩১শে মার্চ, ১৯৭২ সাল অবধি গিয়ে দেখা যাচ্ছে প্রায় ২২ লক্ষ টাকা প্রয়োজন এবং এই কাজ শেষ করতে আরও কিছু দিন সময় লাগবে। কিন্তু সবচেয়ে দুঃখের কথা হল এই পোগ্রেস হয় নি তার কারণ হচ্ছে ল্যাণ্ড এ্যাকুইজিশন ক্যালেকটার পসেসন দিতে পারছেন না। রাস্তার দু'দিকের লোকেরা কোন কোন জায়গায় আপত্তি করছে। অনেক জায়গায় আবার ইনজাংশান নেওয়া হয়েছে লোয়ার কোর্ট এবং হাইকোর্ট থেকে। সেইজন্য অনেক জায়গায় দেখবেন রাস্তা অনেকটা হয়ে গিয়েছে কিন্তু মাঝে মাঝে হয় নি। যেখানে ইনজাংশান নেই সেখানে কাজ অনেক দূর এগিয়ে গিয়েছে বলে আমার

কাছে হিসাব আছে। যদি ইনজাংশান ভ্যাকেট হয়ে যায় এবং ল্যাণ্ড এ্যাকুজিশান ক্যালেকটারে কাছে জমি দিতে রাস্তার পাশের লোকেরা আপত্তি না করে এবং টাকা পাওয়া গেলে আশা কি অদূর ভবিষ্যতে এটা কমপ্লিট করা সম্ভব হবে।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** এই রাস্তাটার তিনের চার অংশ আমার কেন্দ্রের মধ্যে এবং এই রাস্তা দিয়ে আমাকে স্বাভাবিকভাবে যাতায়াত করতে হয়। মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন যে ১৯৬৪-৬৫ সালে এই কাজ সুরু হয়। মাঝে এক মাইল হয়েছে বাকি আবার আধ মাইল হয় নি, আবার হয়তো কিছুটা হয়েছে। যেভাবে হয়েছে তাতে যে রাস্তাটুকু হয়েছে সমস্ত রাস্তাটা হয়ে গেলে সেগুলো আবার সমাপ্ত করার দরকার হবে এবং এইভাবে রাস্তাটা সমাপ্ত হবে এবং আবার যেট হয়েছে সেটা নূতন করে করতে হবে। এইভাবে কাজে দীর্ঘ সময় লাগবে। এই সম্পর্কে আপনি কি ভাবছেন?

**শ্রীভোলানাথ সেন:** এটা স্পেকুলেশান ছাড়া কিছু নয়। যতদিন কোর্ট থেকে ইনজাংশান ভ্যাকেট না হবে এবং রাস্তার দু' পাশে এনক্রোচার যারা আছেন তারা শান্ত হবে এবং ক্ষান্ত হবে ততদিন রাস্তা কমপ্লিট সম্ভব নয়। এ ছাড়া ৯টা ব্রীজ করার প্রয়োজন। রাস্তাটা পুরোপুরি করতে টাকার প্রয়োজন এবং পরিপূর্ণ টাকা পাওয়া গেলে এটা সম্পূর্ণ করা সম্ভব হবে অদূর ভবিষ্যতে। তবে আসল ডিফিক্যালটি হচ্ছে ইনজাংশান এবং ল্যাণ্ড এ্যাকুইজিশান প্রসিডিংস এবং ওই এলাকায় যারা এনক্রোচ করে আছে সেখানে পসেসান পাওয়া যায় নি বলে হয় নি।

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীনরেশচন্দ্র চাকী:** আমি যেটুকু জানি তাতে মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন, তা ঠিক উত্তর হল বলে আমার মনে হচ্ছে না। এই পজেশন পাওয়া যায় না এইরকম ক্ষেত্রে—মাত্র একটা ক্ষেত্রে বীরনগরে—ওখানে মামলা ছিল। সেখানে পাওয়া যায় নি। আর একটা ক্ষেত্রে সেখানে রেকর্ড........

**Mr. Speaker :** No more discussion on the matter. আপনার সাপলিমেনটারি যদি কিছু থাকে বলুন, আপনি ডিশকাশন করবেন না।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** আমি কোশ্চেন করছি। সেখানে এনক্রোচমেণ্ট করে সরিয়ে দিয়েছে, এবং সরিয়ে দেওয়া সত্ত্বেও, স্পেশ করা সত্ত্বেও কি কারণে হয় নি সেটা আমি জানতে চাই?

**শ্রীভোলানাথ সেন:** এনক্রোচমেণ্ট করে যেখানে যেখানে সরানো হয়েছে সেইসব জায়গায় রাস্তা কম্প্লিট করতে টাকার প্রয়োজন। বেশিরভাগ জায়গায় যেখানে কাজ কম্প্লিট হয়নি—সমস্ত রেকর্ড আমার কাছে আছে, এর থেকে দেখা যাবে যে ল্যাণ্ড এ্যাকুইজিশন কালেক্টর পজেশন দিতে পারেন না বলে এবং হাইকোর্টে ইনজাংশান বা অন্য কোর্টে ইনজাংশান আছে বলে কম্প্লিট করা যাচ্ছে না।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** এই রাস্তা থেকে ৬০।৭০ হাজার টাকার মূল্যের মাল-মশলা চুরি গিয়েছে, এই খবরটা কি মন্ত্রিমহাশয় জানেন?

**শ্রীভোলানাথ সেন:** না।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি—যে সমস্ত মামলা বা

ইনজাংশান আছে, সেগুলি যাতে তাড়াতাড়ি শেষ হয় সে সম্বন্ধে সরকার কি কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন ?

**মিঃ স্পীকার ঃ** কিছু করবার নেই, হাইকোর্টে।

## আসানসোল পৌর এলাকার গ্রামগুলিতে পৌর সুযোগ-সুবিধা

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭২।) **শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মিউনিসিপ্যাল সারভিসেস বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল পৌর এলাকায় সম্প্রতি অন্তর্ভুক্ত গোপলপুর, কুমারপুর, নরসমুদা ও ধাদকা গ্রামগুলিতে পৌর সুযোগ-সুবিধা সম্প্রসারিত করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) না থাকিলে তাহার কারণ কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ**

(ক) ইহা আসানসোল পৌর সভার বিবেচ্য বিষয়। তবে সরকার অবগত আছেন যে আবর্জনা পরিষ্কার এবং গ্রীষ্মকালে ট্রাকবাহিত পানীয় জল সরবরাহ ব্যতীত অন্য কোন পৌর সুযোগ-সুবিধা এই এলাকায় সম্প্রসারিত করার প্রস্তাব এখন পৌর কর্তৃপক্ষের বিবেচনাধীন নাই।

(খ) ইহার কারণ এই যে এই এলাকা হইতে পর্য্যাপ্ত পরিমাণ পৌর কর আদায় হয় না এবং বাকী এলাকা হইতে যে কর আদায় হয় তাহা হইতে এমন অর্থ উদ্‌বৃত্ত থাকে না যাহার দ্বারা এই সম্প্রতি অন্তর্ভুক্ত এলাকাতে অন্যান্য পৌর সুযোগ-সুবিধা সম্প্রসারিত করা যাইতে পারে। আমরা অবস্থা উন্নতি করার চেষ্টা করবো।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** যেহেতু ওখানে কোনরকম পৌর সুযোগ-সুবিধা দেওয়া হয় না, সেহেতু ঐ এলাকায় যেখানে ট্যাক্স বসান হচ্ছে, সেখানে ট্যাক্স কি মকুব করা হবে ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** ট্যাক্স মকুব করার কথা আসতে পারে না। ট্যাক্স যাতে ভাল ভাবে আদায় হয় এবং যাতে ঐ অবস্থার - যা আপনি জানিয়েছেন, তার যাতে উন্নতি করা যায় তার চেষ্টা করা হবে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** গ্রামগুলিকে মিউনিসিপ্যালিটির মধ্যে নেওয়া হলো এবং তারপর তারা যা সুযোগ-সুবিধা পাওয়ার কথা সেটা পেল না অথচ ট্যাক্স দিতে হচ্ছে তাহলে সেখানকার লোকেরা মিউনিসিপ্যালিটির ট্যাক্স দিতে অনুপ্রাণিত হবে কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আপনি অবগত আছেন, যে সরকার সবে মার্চ মাসের থেকে কাজের ভার নিয়েছেন। তবে আমরা সমস্ত অসুবিধা সম্বন্ধে সম্পূর্ণ সজাগ এবং যত তাড়াতাড়ি এই অসুবিধা দূর করতে পারা যায়, তার জন্য আপনার সরকার সম্পূর্ণ সচেষ্ট।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** আমি বলছি, মন্ত্রিমহাশয় বলবেন কি যে যতদিন এইটা করা না হচ্ছে ততদিন পর্যন্ত গ্রামগুলিকে এই মিউনিসিপ্যালিটির আওতা থেকে বাদ দেবার কোন পরিকল্পনা নেবেন কি না ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** আপনি কি মনে করেন এই প্রস্তাব সরকারের পক্ষে নেওয়া উচিত হবে ?

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী :** আপনি বললেন যে ওরা যা দেয় তাতে কুলায় না বা এইদিক দিয়ে দেওয়া যাচ্ছে না, ঠিক আছে—কিন্তু যে ট্যাক্স সেখান থেকে আদায় হয়, সেই ট্যাক্স ওখানকার জন্য খরচ করবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** সেই ট্যাক্সের বেশী নিশ্চয় খরচ হয় সেখানে, এছাড়া বাইরের থেকে জল ইত্যাদি আরও যে অসুবিধা তা দূরীকরণেরও চেষ্টা করা হয়।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী :** এই যে টাকা খরচ হয় সেখানকার ট্যাক্সের—সেই টাকা কি কি বাবদ খরচ হয় ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** আমাকে প্রশ্ন করে জানাবেন—আমি জেনে নিয়ে তার উত্তর দেবো।

**শ্রীঅশ্বিনীকুমার রায় :** প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে ঐ ধরনের ডেভলপড এরিয়া ; আণ্ডার ডেভেলপড এরিয়া এবং আনডেভেলপড এরিয়া থাকে আসানসোলেই আছে। ডেভেলপড এরিয়ার কথা থাক। ঐ আনডেভেলপড এরিয়াকে ডেভেলপড করবার জন্য সরকার থেকে বিশেষ নজর দেওয়া হয়। এখন এই সহরের গুরুত্ব বুঝে সরকার থেকে ঐ অঞ্চলকে ডেভেলপড করবার জন্য বিশেষভাবে ভাবছেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** নিশ্চয় ভাবছি।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে যেখানে ট্যাক্স কম পাওয়া যায় সেখানে সার্ভিস কম হয়। সরকারের আচার-আচরণ বৈষম্যমূলক হওয়া উচিত নয়। ট্যাক্স আদায় কম হলে সার্ভিস কম হবে এটা কি সরকারের নীতির অন্তর্ভুক্ত ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** মাননীয় সভ্য যে কথা বললেন আমি সে কথা বলিনি। সবই সরকারের সমস্যাধীন—সরকার কোন কোন জায়গায় কাজ করতে পারে—আবার কোন কোন জায়গায় কাজ করতে পারে না তার কারণ ট্যাক্স পুরোপুরিভাবে কালেকসন না হবার ফলে যে কাজ করা উচিত সে কাজ সরকার করতে পারছে না।

## রাজনৈতিক হত্যার সংখ্যা

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫।) **শ্রীসুধীরচন্দ্র দাস :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সাল হইতে ২৯এ ফেব্রুয়ারী, ১৯৭২ পর্যন্ত কলিকাতা সহর কোন্ কোন্ জেলার কোন্ কোন্ স্থানে কতগুলি রাজনৈতিক হত্যার ঘটনা সরকারের গোচরে আসিয়াছে; এবং

(খ) এই হত্যাগুলির কতগুলি ক্ষেত্রে অপরাধী ধরা পড়ে নাই ?

**Mr. Speaker :** Starred question No. 67 is held over because the reply not been received.

**Shri Subrata Mukhopadhya :** But Sir, I am ready with the answer, it held over question.

**Mr. Speaker :** But according to the procedure a copy of the answer has to be laid on the table. That has not been done. Alright you read the answer and starred question No. 83 may also be taken up along with this.

[ 1-20—1-30 p.m. ]

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** (ক) মোট ১ হাজার ৭ শত ৫১টি। ১৯৭২ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৩৮ জন। ১৯৭১ সালে ১ হাজার ১ শত ৬৯ জন। ১৯৭০ সালে ৪৩৬ জন। ১৯৬৯ সালে ১০৮ জন।

শ্যামপুকুর ১৯৬৯ সালে একজন, ১৯৭০ সালে ১০ জন, ১৯৭১ সালে ১১ জন আর ১৯৭২ এর ২৯-২-৭২ পর্যন্ত একজনও নয়। স্যার, এটা ডিটেল দিতে গেলে অনেক সময় লাগবে, I will place that on the table.

(খ) এই হিসাব সংগ্রহ করা হয়েছে, এখনও সম্পূর্ণ হয় নি।

**Mr. Spearker :** Starred question No. 83 may be taken up with this.

## Political Murders in West Bengal

*83. (Admitted question No. *86.) **Shri Kumardipti Sengupta :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of political murders in West Bengal in the months of January, February and March (up to 24th), 1972 ;

(b) how many of the victims were Congress and C. P. I. supporters ; and

(c) the steps the Government has taken so far to prevent such crimes in future ?

**Shri Subrata Mukhopadhyay :** (a) 56, (b) Congress—16, C. P. I.—1, (c) Elaborate preventive measures in the form of deployment of police pickets, patrols in specially vulnerable areas were taken. Steps have also been taken for successful and speedy investigation of the cases including arrests of persons responsible for such crimes.

**Mr. Speaker :** Starred question No. 87 of Shri Aswini Roy may also be taken up with this.

## নির্বাচনাকলে রাজনৈতিক হত্যা

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭।) **শ্রীঅশ্বিনী রায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রি। অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে নির্বাচনকালে (১৯৭২) রাজনৈতিক হত্যার কোনও তথ্য আছে কি ;

(খ) থাকিলে ১৯৭২ সালের ৩রা ফেব্রুয়ারী হইতে ১৬ই মার্চ পর্যন্ত রাজনৈতিক হত্যার মোট সংখ্যা ; এবং

(গ) উক্ত সংখ্যার মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মীদের সংখ্যা কত ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** (ক) হ্যাঁ, (খ) ৬জন, (গ) ৪জন C. P. M., ২জন নব কংগ্রেস দলের কর্মী।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলছেন এখনও হিসাব পাওয়া যায় নি। আমার প্রশ্নটা ছিল,এই হত্যা করার ক্ষেত্রে অপরাধী ধরা পড়ে নাই এমন ক্ষেত্র কয়টা। এটার যদি এখন পর্যন্ত তথ্য না পান তাহলে held over করে রাখা হোক। এটা জানা খুব দরকার, কেননা দীর্ঘদিনের ব্যাপার—এখনও হত্যাকারী ধরা পড়ে নাই। এটাই আমার প্রশ্ন ছিল কত জায়গায় এবং কোন কোন জায়গায়। সেজন্য এটাকে held over করা হোক এটাই আপনার কাছে আমার অনুরোধ।

**Mr. Sperker :** Mr, Das, the difficulty will be that the number of cases in which the accused persons have not yet been arrested might differ with the passage of time. At Present there is one number and after some months or may be some weeks some more persons might be apprehended and the number might naturally change. So the number will always be changing from day to day. Therefore, if you give a specific time and then ask how many have been arrested up to that time and how many have not been arrested, then the Minister can possibly reply, otherwise if the time limit is not fixed, then it will be difficult for the Minister to give the exact number.

**শ্রীসুধীর চন্দ্র দাস :** আমার প্রশ্নটি খুব পরিষ্কার ছিল যে কোন্ কোন্ ক্ষেত্রে কতগুলি অপরাধী একেবারে ধরা পড়েনি এটা আমি জানতে চেয়েছিলাম। সেই ক্ষেত্রগুলি পরিষ্কার করে কোন তথ্য পাওয়া যাচ্ছে না, তাই আপনি সেটা পরিষ্কার করে বলুন। কাজেই কোন্ কোন্ ক্ষেত্রে হত্যাকরী একেবারে ধরা পড়ে নি সেটা জানাবেন কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** এর হিসাব সংগ্রহ করা হচ্ছে, এখন কমপ্লিট হয় নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** সাঁইবাড়ী এবং আমাদের স্বর্গত বন্ধু নেপাল রায় এবং শ্রদ্ধেয় নেতা হেমন্ত কুমার বসুর হত্যাকাণ্ড কি এই তথ্যের সঙ্গে একাকারে দেখা দিয়েছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** এটা অপ্রাসঙ্গিক স্যার।

**Mr. Speaker :** Mr. Biswas, there is a separate question regarding late Hemanta Kumrr Basu.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** শ্রদ্ধেয় নেতা হেমন্ত কুমার বসুর হত্যাকাণ্ড কি এই তথ্যের সঙ্গে সংযুক্তিকরণ করা আছে ?

**Mr. Speaker :** Mr, Biswas, this question does not arise because it deals with ll the cases taken together. I understand, it will not be possible for the Minister o give replies in respect of specific cases. You will have to give notice for that.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** যে সমস্ত রাজনৈতিক হত্যাকারী এখন ফেরার আছে তাদের গ্রপ্তারের জন্য সরকার কি কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**Mr. Speaker :** According to law, the Government is bound to arrest them Inder C.R.P.C.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** ১৯৬৯ সালের সাঁইবাড়ীর মার্ডার কেসের আসামীরা গ্রেপ্তার হয় নি, এই ব্যাপারে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা সেটা মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি ?

**Mr. Speaker :** Publio may or may not be arrest in a case. If there is any such specific allegation, you can prove that question.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** বর্দ্ধমান জেলায় যে সমস্ত রাজনৈতিক হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে সেই সমস্ত হত্যাকাণ্ডের হত্যাকারীদের ধরবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** সারা রাজ্যে যে ব্যবস্থা অবলম্বন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ওখানেও সেইভাবে চলছে।

**শ্রীনরেশ চন্দ্র চাকী :** পুলিশের গাফিলতির জন্য বহু ক্ষেত্রে আসামী ধরা পড়ে নি ও এইরকম আরো হত্যাকাণ্ড সংঘটিত করছে, এই খবর কি ঠিক ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** নকশালবাড়ী ট্রাবলের জন্য সব সময় অপরাধীদের ধরা সম্ভব হয় না, তাছাড়া মোটামুটি অপরাধীদের ধরার চেষ্টা হচ্ছে এবং বেশীরভাগ জায়গাতেই ধরা হয়েছে।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** এই যে গ্রেপ্তার হয়েছে, এ পর্যন্ত কতগুলি কেসে শাস্তি হয়েছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কোর্টের বিচারাধীন থাকবেন, তারপরে শাস্তি দেওয়া না দেওয়া ডিপেণ্ড, নির্ভর করছে।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** বিচার হবার পর ১৯৭০ সাল থেকে আজ পর্যন্ত কতগুলি কেসে শাস্তির ব্যবস্থা হয়েছে, জানাবেন কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কোর্ট যদি অর্ডার দেয় নিশ্চয়ই শাস্তি হয়েছে, কোর্ট যদি অর্ডার না দেয় শাস্তি হয় নি। এতে আমাদের কিছু নেই।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** শাস্তি কোর্টের অর্ডারের ব্যাপার নয়, বিচারের ব্যাপার। বিচার চলছে তার মধ্যে কোন অপরাধী শাস্তি পেয়েছে ?

**Mr. Speaker :** This does not arise out of this question because he is not posted with all the facts. It requires notice.

**শ্রীলক্ষ্মীকান্ত বসু :** আইনে শাস্তি হচ্ছে না, আদালত হয়ত আসামীকে ছেড়ে দিচ্ছে এবং প্রমাণ করতে না পারলে পুলিশের শাস্তি হয় বা পুলিশকে সো-কজ করা হয়। এইরকম বহু মামলা আদালতে গিয়ে বেকসুর খালাশ হয়ে যাচ্ছে। কাজেই পুলিশ এই যে হয়রান করছে তারজন্য কি শাস্তি দেওয়া হয়েছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** আপনি স্পেসিফিক ঘটনা লিখে দিন, আমি তদন্ত করে দেখবো।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** রাজনৈতিক হত্যাকাণ্ডের কতগুলি মামলা পুলিশের তদন্তাধীনে আছে, আর চার্জসিট দেওয়া কতগুলি কেসের ফাইন্যাল রিপোর্ট তৈরী হয়েছে, সেটা জানাবেন কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** স্পেসিফিক ঘটনা দিয়ে আপনি জানান আমরা উত্তর দেবো।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** ক্লিয়ার কাট থ্রু আউট ওয়েষ্ট বেঙ্গল আমি জানতে চেয়েছি যে সারা বাংলাদেশে রাজনৈতিক হত্যাকাণ্ড সম্বন্ধে যেসমস্ত মামলা হয়েছে স্পেসিফিক কতগুলি মামলায়

পুলিশ চার্জ সিট বা কতগুলিতে ফাইন্যাল রিপোর্ট দিয়েছে এবং কতকগুলি এখন পর্যন্ত পুলিশে তদন্তাধীনে রয়েছে ?

**Mr. Speaker :** He has told that he requires notice.

[1-30—1-40 p.m.]

**শ্রীঅশ্বিনী রায় :** ৮৭ নং প্রশ্নের 'খ' 'গ' এর বিভিন্ন রাজনৈতিক দলের কর্মী কতজন মা গিয়েছেন এর উত্তরে বললেন দুজন নব কংগ্রেস, ৪ জন সি. পি. এম। মাননীয় মন্ত্রিমহাশয় f জানাবেন এদের কোন জায়গায় মার্ডার করা হয়েছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** পলাশী উইমেন্স ক্যাম্প, থানা বীজপুর, ২৪ পরগণা, দু'টি দা সংঘর্ষ হয়েছিল সি. পি. এম. এবং কংগ্রেসে। তারিখ ১৫।২।৭২, মৃত-১ সি. পি. এম। বীজপ থানার কেস নং ১৮ (২)। ২৪ পরগণার যাদবপুর থানায় ২২।২।৭২। কদমতলা পূর্ব সিঁথি থান দমদম, ২৪ পরগণা, ৫।৩।৭২ তারিখে। বর্ধমানের সেন র‍্যালে কলোনী, থানা বরবানী, ২১।২।' তারিখে। এছাড়া আর একটি ঘটনার বিবরণ, এণ্টালী থানায় ২৯।২।৭২ তারিখে ও ১।৩।' তারিখে, এরা সি. পি. এম. সমর্থক।

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ৬টি কেস সম্বন্ধে কি মাম দায়ের করা হয়েছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** হ্যাঁ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এই ৬৭ নং প্রশ্নের মধ্যে সাঁই বাড়ীর ঘটনা এসে যায়, যে ঘট নিয়ে এনকোয়ারী কমিশন হয়েছিল। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সাঁই বাড় হত্যাকাণ্ড নিয়ে যে কমিশন; সেই কমিশনের যে রায় বেরিয়েছে তাতে সি. পি. এম.-এর কে নেতা জড়িত ছিলেন কিনা ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** এ সম্পর্কে আলাদা প্রশ্ন দেবেন উত্তর দেবো।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সাঁই বাড়ীর হত্যাকা যেসমস্ত সরকারী কর্মচারীর উপর কমিশন রায় দিয়েছেন তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্র করা হয়েছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** নোটিশ চাই।

## Roads under Bharatpur police-station

*68. (Admitted question No. *85.) **Shri Kumardipti Sengupta :** Will t Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the total mileage of roads maintained by the Zilla Parishad and t State Government in the police-station of Bharatpur, in the distri of Murshidabad ;

(b) if there is any metalled road in the area ; and

(c) if the Government has any immediate contemplation of conversion the important kuochha roads in the said area into metalled ones ?

**Shri Bholanath Sen :**

(a) About 22 miles of roads are maintained by Government.

(b) Yes.

(c) Metalling of three roads in the area is under contemplation.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যে তিনটি রাস্তার কথা উল্লেখ করলেন, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সেই রাস্তা তিনটি কি কি?

**Shri Bholanath Sen :** Rods of Bharatpur Police Station under contemplation in 4th plan for development of Bharatpur-Lohardaga-Salar Via Sisgram, Golkuthi Sako to Mayurakshi.

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে তিনটি রাস্তার নাম করলেন সেই তিনটি রাস্তার যোগফল কত কিলোমিটার জানাবেন কি ?

**শ্রীভোলানাথ সেন ঃ** নোটিশ চাই।

## ঢাকুরিয়া উন্নয়ন পরিকল্পনা

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮২।) **শ্রীসোমনাথ লাহিড়ী ঃ** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার ঢাকুরিয়া নির্বাচন ক্ষেত্র এলাকার উন্নয়ন সম্পর্কে সি. এম. ডি. এ-র কোন পরিকল্পনা আছে কি,

(খ) পরিকল্পনা থাকিলে—

(১) পরিকল্পনাগুলি কোন্ কোন্ অঞ্চলে ও কি কি বিষয়ে;

(২) উহার মধ্যে কোন্ কোন্ পরিকল্পনার কাজ আরম্ভ হইয়াছে এবং ঐগুলি সম্পন্ন করিবার ভার কোন্ প্রতিষ্ঠানের উপর ন্যস্ত হইয়াছে;

(৩) ঐ পরিকল্পনাগুলির জন্য ব্যয়বরাদ্দ কত; এবং

(৪) বাকী পরিকল্পনাগুলির কাজ কবে নাগাদ শুরু হইবে?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) পানীয় জল সরবরাহ, জল নিষ্কাশন পয়ঃ প্রণালী, রাস্তাঘাট মেরামত ও উন্নয়ন, বস্তী উন্নয়ন এবং অন্যান্য উন্নয়নমূলক প্রকল্পের কাজ নেওয়া হইয়াছে। ঢাকুরিয়া নির্বাচন এলাকার মধ্যে যে অংশ টালিগঞ্জ থানার অন্তর্ভুক্ত সেই অঞ্চল টালিগঞ্জ পানীয় জল সরবরাহ প্রকল্পদ্বারা উপকৃত হইবে। Tallygunge Storn Drainage and Sewerage Scheme রূপায়িত হইলে নিম্নোক্ত অঞ্চল উপকৃত হইবে।

উত্তরে—বজবজ শাখার রেল লাইন।

পূর্বে—ডায়মণ্ডহারবার শাখার রেল লাইন।

দক্ষিণ ও পশ্চিমে টালিনালা।

রাস্তাঘাট বিষয়ে—রাজা সুবোধ মল্লিক রোড (গড়িয়া হাট ব্রিজ হইতে যাদবপুর সেন্ট্রাল রোড পর্যন্ত) ১২০ ফুট চওড়া করা হইতেছে। প্রিন্স আনোয়ার শা' রোড ৮৪ ফুট চওড়া করা হইতেছে।

ঢাকুরিয়া অঞ্চলে বস্তী ও বাস্তহারা উপনিবেশগুলিতে রাস্তা, জল সরবরাহ, নর্দমা, শৌচাগার, বৃহৎ ব্যাসের নলকূপ খনন, কালভার্ট নির্মাণ, জমি ভরাট ইত্যাদির জন্য বৃহত্তর কলিকাতা উন্নয়ন সংস্থার বেশ কয়েকটি পরিকল্পনা রহিয়াছে। পরিকল্পনাগুলি কলিকাতা পৌর প্রতিষ্ঠানের ৯৪নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত। অন্যান্য প্রকল্পের মধ্যে ২টি স্বাস্থ্য কেন্দ্র (ও. পি. ডি.) শীঘ্রই স্থাপন করা হইবে—১টি হালতু অঞ্চলে, অন্যটি ঢাকুরিয়া কে. পি. রায় লেনে। তাছাড়া যোধপুর পার্কে একটি শিশু উদ্যান প্রকল্প মঞ্জুর করা হইয়াছে। শিক্ষার ব্যাপারে কিছু প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব ভবন মেরামত ও উন্নয়নের জন্য অনুদানের প্রশ্ন বিবেচনাধীন আছে।

(২) পানীয় জল সরবরাহের কাজ বহু পূর্বেই আরম্ভ হইয়াছে। এই কাজ সি. আই. টি. করিতেছে। জল নিষ্কাশন ও পয়ঃ প্রণালী—২টি প্রকল্পের কাজে হাত দেওয়া হইয়াছে। এগুলি সম্পন্ন করিবার ভার প্রধানতঃ সি. এম. ডব্লু. এস. এ-র উপর ন্যস্ত আছে। আনোয়ার শা' রোডে পাইপ বসাইবার কাজ খানিকটা সি. আই. টি.-কে দেওয়া হইয়াছে।

সুবোধ মল্লিক রোড ও আনোয়ার শা রোড চওড়া করিবার কাজ আরম্ভ হইয়া গিয়াছে এবং এই কাজ সি. আই. টি-কে দেওয়া হইয়াছে।

বস্তী বিষয়ক আটটি প্রকল্পের মধ্যে দুটির পরিকল্পনা রচিত হইতেছে। ছয়টিতে কাজ চলিতেছে। কাজটি করিবার দায়িত্ব কেন্দ্রীয় পূর্ত দপ্তরের উপর রহিয়াছে।

অন্যান্য বিশেষ প্রকল্পের মধ্যে—ছোট স্বাস্থ্য কেন্দ্র দু'টি রূপায়ন সি. এম. ডি. এ. ও সরকারের স্বাস্থ্য-বিভাগের মিলিত উদ্যোগে রূপায়িত হইবে। এ সম্পর্কে প্রাথমিক কাজ আরম্ভ হইয়াছে। আশা করা যায় যে এ বছরেই ঐ ছোট স্বাস্থ্য কেন্দ্র দুটি চালু করা সম্ভব হইবে।

শিশু উদ্যান প্রকল্পটি কলিকাতা পৌর সংস্থা রূপায়িত করিবেন। প্রকল্পটি মঞ্জুর করা হইয়াছে এবং কাজ শীঘ্রই আরম্ভ হইবে।

(৩) টালিগঞ্জ জল সরবরাহ প্রকল্প যাহা ঢাকুরিয়া নির্বাচন এলাকাকে আংশিকভাবে উপকৃত করিবে তাহার জন্য অনুমিত মোট ব্যয় হইবে ২ কোটি টাকা।

টালিগঞ্জ ড্রেনেজ প্রকল্পের অনুমিত ব্যয় ৩ কোটি ৪ লক্ষ টাকা। টালিগঞ্জ Sewerage Project এর অনুমিত ব্যয় ১ কোটি ৬১ লক্ষ টাকা। North East Tallygunge Drainage Project—এর অনুমিত ব্যয় ২ কোটি ২৭ লক্ষ টাকা, সুবোধ মল্লিক রোড এবং আনোয়ার শা রোড চওড়া করিবার জন্য অনুমিত ব্যয় হইবে যথাক্রমে ৮৭ লক্ষ ও ৫ কোটি ৭০ লক্ষ টাকা।

বস্তী উন্নয়নের আনুমানিক ব্যয় ৩১ লক্ষ টাকা। যোধপুর পার্ক শিশু উদ্যানের অনুমিত ব্যয় ১ লক্ষ ৩৫ হাজার টাকা।

(৪) উপরোক্ত বিভিন্ন প্রকল্পগুলির মধ্যে যেগুলি এখনও আরম্ভ করা হয় নাই সেগুলি খুব শীঘ্রই আরম্ভ করা হইবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে টোটাল তিনটি পরিকল্পনার জন্য যে টাকাটা এষ্টিমেটেড করা হয়েছিল এর মধ্যে কত টাকা খরচ হয়েছে?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** নোটিশ দিতে হবে।

### Metalled Roads in Murshidabad District

*70. ( Admitted question No. *89. ) **Md. Idris Ali** : Will the Minister-in-Charge of the Public Works Department be pleased to state—

(a) the number of pucca roads constructed in Murshidabad district during the United Front regime, i.e., during the period 1967-70 ;

(b) when the construction of Ages Bug to Harirampur Ghat Road has been started ;

(c) if the road has been completely constructed ;

(d) if not, the reasons thereof and the time by which it is likely to be completed ;

(e) if the Government is aware of the fact that bricks are being stolen from stacks on the roadside of the said road ; and

(f) if so, what steps the Government has taken in this regard ?

**Shri Bholanath Sen** : (a) 19 ( nineteen ) roads in parts ;

(b) January, 1969 ;

(c) No ;

(d) Controversy arising from public objection in regard to the alignment at 8th and 9th miles of the roads has delayed the completion of the road. If possession of land for the entire road is received within this year, the road may be completed in 1973.

(e) No ;

(f) Does not arise.

### মানিকতলা উন্নয়ন পরিকল্পনা

*৭১। ( অনুমোদিত প্রশ্ন নং *৮৪ ।) **শ্রীমতী ইলা মিত্র :** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার মানিকতলা এলাকায় উন্নতির জন্য সি. এম. ডি. এ কর্তৃক কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে বস্তী উন্নয়ন ও জল নিষ্কাশনের কোন ব্যবস্থা থাকিলে তাহা কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :**

(ক) মাণিকতলা, তপসিয়া, ট্যাংরা অঞ্চলের জন্য ১ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয়ের একটি সার্বিক পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়নের কাজে হাতে দেওয়া হইয়াছে। এই প্রকল্প রূপায়িত হইলে সংশ্লিষ্ট এলাকায় মাথাপিছু ৫০গ্যালন জল দৈনিক সরবরাহ করা যাইবে। মাণিকতলা মেন রোড, উল্টাডাঙ্গা মেন রোড এবং নারিকেল ডাঙ্গা মেন রোড চওড়া করা হইতেছে। সি. আই. টি. রোড হইতে উল্টাডাঙ্গা মেন রোডে যাইবার জন্য সার্কুলার ক্যানেল এ্যাপ্রোচ রোডের উপর একটি সেতু নির্মিত হইবে।

জল নিষ্কাশন ও পয়ঃ প্রণালীর জন্য Manicktola Storn Deainage Project এবং Manicktola Sewerage Project প্রকল্প দুটি মঞ্জুর করা হইয়াছে।

মাণিকতলা অঞ্চলে বস্তী উন্নয়নের জন্য সি. এম. ডি. এর পরিকল্পনা রহিয়াছে উহা সম্পাদনের জন্য কলিকাতা পৌর প্রতিষ্ঠানের উপর দায়িত্ব অর্পন করা হইয়াছে। কাজ সম্পন্ন হইতে এখনও কিছু সময় লাগিবে। বস্তী উন্নয়নের ব্যবস্থাগুলির মধ্যে জল সরবরাহ, জল নিষ্কাশনের ব্যবস্থা, খাটা পায়খানা ভাঙ্গিয়া স্বাস্থ্যসম্মত শৌচাগারের ব্যবস্থা ইত্যাদি রহিয়াছে। কলিকাতা ২৮ ও ২৯ নং ওয়ার্ডের জন্য আনুমানিক ১,৭০,০০০ টাকা পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছে।

অন্যান্য বিশেষ প্রকল্পের মধ্যে আছে—Manicktola Work.cum-leaving Centre—গরীব জনসাধারণের জন্য ৪৫০টি ফ্লাড নির্মিত হইতেছে। এই প্রকল্পের অধীনে আরও ৪৪০টি ফ্লাট নির্মানের জন্য কাজ শীঘ্রই আরম্ভ করা করা হইবে।

বস্তী পুনর্বাসন প্রকল্প—মাণিকতা মেন রোড এবং মাণিকতলা Sewerage Scheme রূপায়নের জন্য যে সমস্ত বস্তীবাসী গৃহহারা হইবেন তাহাদের পুনর্বসনের জন্য ১৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে ৬৮২টি ফ্লাট তৈয়ারীর কাজ শুরু করা হইয়াছে।

স্বাস্থ্য প্রকল্প—সি. এম. ডি. এ-র স্বাস্থ্য প্রকল্পের অংশ হিসাবে মাণিকতলা অঞ্চলে ১টি স্বাস্থ্যকেন্দ্র খোলা হইবে। পার্ক—নিম্নলিখিত পার্কের নির্মান প্রকল্পের জন্য সি. এম. ডি. এ. ৪ লক্ষ ৩৫ হাজার টাকা মঞ্জুর করিয়াছেন :—

(১) বাগমারী পার্ক,

(২) গুরুদাস পার্ক,

(৩) ওড়িয়াবাগান পার্ক,

(৪) ষষ্টিতলা পার্ক।

(খ) উপরোক্ত জল নিষ্কাশন ও পয়ঃ প্রণালী প্রকল্প দু'টির মধ্যে Manicktola Drainage Project-এর মাধ্যমে জল নিষ্কাশনের ব্যবস্থা করা হইবে।
বস্তী উন্নয়ন প্রকল্পের কথা 'ক'-তে বলা হইয়াছে।

[ 1·40—1·50 p.m. ]

**শ্রীমতি ইলা মিত্র :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সেখানে সি. এম. ডি. এ-র কাজ আরম্ভ হয়েছে কি না?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কিছু কিছু কাজ আরম্ভ করেছে।

**শ্রীমতি ইলা মিত্র :** কোন কোন জায়গায় কাজ আরম্ভ করে কিন্তু তারপর আবার বন্ধ করে দিয়েছে, অনেক জায়গায় মাটি খুঁড়ে ঢিপি করে রাখা হয়েছে। যে সমস্ত ফিরিস্তি দেখলাম সেই সম্পর্কে কোন কাজ আরম্ভ হয়নি এমন কি মাণিকতলা মেন রোড—বেলাঘাটা ৭৪।৭৫ নম্বর বস্তীতে কাজ আরম্ভ করে তারপর হঠাৎ কি কারণে সমস্ত বন্ধ হয়ে গেছে। আর কোন কাজ হয় নি ও কোন কাজ আরম্ভ হয় নি। এই সম্পর্কে মন্ত্রিমহাশয় অবহিত আছেন কি?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** আপনি জানালেন যখন কাজ আরম্ভ হয় নি তখন সেখানে কাজ আরম্ভ করবার চেষ্টা করবো। কিছু কিছু জায়গায় কাজ আরম্ভ করা হয়েছে কিন্তু মেটিরিয়াল্সের অভাব হচ্ছে। মেটিরিয়াল পেলে কাজ আরম্ভ করা হবে।

**শ্রীমতি ইলা মিত্র :** সামান্য যে জল নিষ্কাশনের ব্যবস্থা তা সেখানে নেই। সামান্য জলে

মানিকতলায় গলা পর্যন্ত ডুবে যায়। এই জল নিষ্কাশনের ব্যবস্থা কি সরকারের পক্ষ থেকে করা হবে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** আমি ঐ অঞ্চলে জল নিষ্কাশনের ব্যবস্থাগুলি তো বলে দিলাম যে কি ব্যবস্থা করা হয়েছে।

## সরিষাহাট-ফলতা রোড

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭।) **শ্রীশেখ দৌলত আলী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরিষাহাট-ফলতা (ভায়া সাধুর হাট) রাস্তার সংস্কারের কাজ কবে থেকে সুরু হবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীভোলানাথ সেন ঃ** সাধুর হাট হইয়া সরিষাহাট-ফলতা রাস্তা সংস্কারের কোন পরিকল্পনা সরকারের নাই।

## C. M. D. A. Scheme for Entally Area

*73. (Admitted question No. *88,) **Dr. A. M. O. Ghani :** Will the Minister-in-Charge of the Planning and Development Department be pleased to—

(a) give an idea of the development schems taken up in the Entally Assembly State Constituency area by the C.M.D.A. , and

(b) state—(i) if the Tiljala-Darapara area is covered by it, (ii) the stage of work in Kasia Bagan area, Gobra Gorasthan area and Baniapukur Gulpara area, and (iii) the steps being taken to prevent annual flooding in the lowlying areas in Christopher Road, Hajis Road and up to Topsia ?

**Shri Subrata Mukhopadhaya :** (a) Under different Sectors viz. Swerage and Drainage, Bustee Improvement and some Special Projects a number of schemes have been included in the C.M.D. Programme. Under Sewerage and Drainage Sector provision has been made under North-East Tollygunge Drainage Scheme for laying pipes in Topsia Road, Topsia Road south and Tiljala Road. Under Bustee Improvement Sector there are schemes for improvement of Bustees within Entally Assembly Constituency area. The improvement work have been entrusted to the Calcutta Corporation for execution. Besides, there are schemes for construction of a 4 storeyed building for treatment of mental diseases under the C.M.D.A. health facilities augmentation programme work for which is in progress and have been sanctioned. Under C.M.D.A. primary education development programme following schemes have been sanctioned.

(i) Construction of a School-cum-Community Centre.

(ii) Four new primary school buildings.

(iii) Financial assistance on grant-in-aid basis to the existing recognised primary schools for repairs, renovations etc. in the Assembly Constituency area.

(b) (i) Yes, in respect of some schemes.

(ii) The bustee improvement programme in Kasia Bagan area is nearing completion. The Scheme for construction of a School-cum-Community Centre in Kasia Bagan area at an estimated cost of Rs. 78,400/-has been sanctioned very recently. C.M.P.O. is executing this scheme.

The Sewerage and Drainage Schemes which will cover entire Tiljala Road will be taken up in 1973.

(iii) From the junction of Christopher Road and Huges Road a drainage channel is being exacavated to join the Topsia pumping station the capacity of which will be augmented before the next monsoon. This will relieve the problem o fflooding in the area considerably.

**ডাঃ এ. এম. ও. গনি :** আপনি বললেন কিছু কিছু Community Education Centers আছে, কিন্তু এগুলি বলবেন কি কোন কোন জায়গায় আছে ?

**শ্রীসুব্রত মুখার্জি :** এখন ঠিক বলতে পারছি না।

**ডাঃ এ. এম. ও. গনি :** তিলজলা তারাপাড়া area আপনার constituency-র ঠিক পাশে—সেখানে জল সরবরাহ ও নিষ্কাশনের কোন ব্যবস্থা নেই। এ বিষয় কি কি কাজ আরম্ভ করা হয়েছে বলবেন কি ?

**শ্রীসুব্রত মুখার্জি :** যে drainage-এর কথা বললেন তাতে কিছুটা cover করবে, বাকীটা শুনে রাখলাম—কি ব্যবস্থা করা যায় দেখব।

**ডাঃ এ. এম. ও. গনি :** Chistopher Road থেকে তপসিয়া পর্য্যন্ত বর্ষাকালে ঐ সমস্ত area জলে ডুবে যায়। ১৯৬৮ সালে এত ডুবে গিয়েছিল যে মানুষকে সেখান থেকে বাড়ী ছেড়ে refugee হতে হয়েছিল। এবারের বর্ষায় কি সেরকম হবে ?

**শ্রীসুব্রত মুখার্জি :** এর একটা ব্যবস্থা করা হচ্ছে। এই পরিকল্পনার মধ্যে সেটা affected হবে না, এরজন্য আলাদা একটা ছোট পরিকল্পনার কথা আমরা চিন্তা করছি।

**ডাঃ এ. এম. ও. গনি :** জল pumpout করার জন্য Extra কিছু ব্যবস্থা করা হচ্ছে কি ?

**শ্রীসুব্রত মুখার্জি :** এখনও সেরকম কোন ব্যবস্থা হয় নি।

## বিষ্ণুপুর-রাধামোহনপুর, জামনা-বারবেট্যা এবং গোলগ্রাম-মলিঘাটি রাস্তা

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯।) **শ্রীরবীন্দ্রনাথ বেরা :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডেবরা থানার বিষ্ণুপুর রাধামোহনপুর রাস্তার সার্ভে করা হয়েছে ;

(খ) সত্য হলে ঐ রাস্তার কাজ কবে নাগাদ সুরু হবে ;

(গ) ঐ রাস্তা পিংলা থানার নয়া পর্যন্ত এক্সটেনশন করার কোন পরিকল্পনা আছে কি ;এবং

(ঘ) পিংলা থানার জামনা, বারবেট্যা এবং ডেবরা থানার গোলগ্রাম-মলিঘাটি রাস্তা নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**শ্রীভোলানাথ সেন :**

(ক) না ;

(খ) প্রশ্ন উঠে না ;

(গ) ঐ

(ঘ) অর্থাভাব হেতু জামনা-বারবেট্যা রাস্তার কাজ সুরু করা সম্ভবপর হয় নাই। চল : পরিকল্পনাকালে কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায়।

অপর রাস্তাটি নির্মাণের কোন পরিকল্পনা নাই।

## খুন, চুরি, ডাকাতি ও ছিনতাই

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯।) **শ্রীনিতাইপদ সরকার:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৭১-৭২ সালের ২০এ মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি খুনের ঘটনা ঘটিয়াছে;

(২) উক্ত খুনের মধ্যে কতগুলি রাজনৈতিক কারণে ঘটিয়াছে; এবং

(৩) ঐ সময়ে চুরি, ডাকাতি ও ছিনতাই-এর কতগুলি ঘটনা ঘটিয়াছে?

[ 1-50—2-00 p.m. ]

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়:**

(১) মোট—২,৪১৫টি

(২) ১২২টি

(৩) চুরি—৪১,৫২৯

ডাকাতি—১,৮২৩

ছিনতাই—১,৮৯৯

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি—এই যে রাজনৈতিক কারণে যে খুন হয়েছে ১২২টি, এর মধ্যে কোন্ দলের কতজন খুন হয়েছে?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** দলগত সংখ্যা জানতে গেলে নোটিশ দিতে হবে।

**শ্রীনিতাইপদ সরকার:** ছিনতাই-এর যে সংখ্যা বলেছেন ১,৮৯৯টি, এর মধ্যে রেলের ছিনতাই যেগুলি হয়েছে—রানাঘাট-শিয়ালদহ লাইনে বিশেষ করে, তার সংখ্যা কত ধরা আছে?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** এটারও নোটিশ চাই।

**শ্রীনিতাইপদ সরকার:** এই সমগ্র ছিনতাই ঘটনার মধ্যে কি রেলের ছিনতাই-এর ঘটনাগুলি পড়ে না?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** মোট যে ছিনতাই-এর সংখ্যা দেওয়া হয়েছে তারমধ্যে রেলের ও অন্য ছিনতাই সবই recorded আছে। আলাদা হিসেব রেলের চান তো, নোটিশ দিতে হবে।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু:** এই যে চুরি, ডাকাতি ও ছিনতাই-এর ঘটনার পরিসংখ্যান আপনি দিলেন, এই পরিসংখ্যান অনুযায়ী আজ পর্যন্ত কতগুলি চুরি, ডাকাতি, ছিনতাই ধরে অপরাধীকে শাস্তি দেওয়া হয়েছে—জানাবেন কি?

**Shri Subrata Mukhopadhyaya:** Notice please.

**শ্রীঅশ্বিনী রায়:** এই যে মোট খুন ইত্যাদির পরিসংখ্যান দিলেন, এতে দেখা যাচ্ছে রাজনৈতিক বাদে অরাজনৈতিক খুন বেশীর ভাগ হয়েছে, এই অরাজনৈতিক খুনগুলি কোন্ কোন কারণে হয়েছে বলবেন?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** বিভিন্ন কারণে হয়েছে। মূল basic difference রাজনৈতিক ও অরাজনৈতিক খুন এটা পারিবারিক কারণে হতে পারে, সামাজিক কারণে হতে পারে, ধর্মীয় কারণেও হতে পারে।

**শ্রীনিতাইপদ সরকার:** এই চুরি, ডাকাতি, ছিনতাই-এর যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, এই সংখ্যা তো বেড়েই চলেছে—এটা কমানোর জন্য কোন সুনির্দিষ্ট কর্মপন্থা চিন্তা করছেন কি?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** বাড়ে তো নাই বরং কমে গেছে। সরকার যে সমস্ত প্রচেষ্টা নিয়ে চলেছেন, তাতে আশা করা যায় তা একেবারে বন্ধও হয়ে যেতে পারে।

## হিঙ্গলগঞ্জ-হেমনগর রোড

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭।) **শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "হিঙ্গলগঞ্জ-হেমনগর রোড" রাস্তাটির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) এই রাস্তার কাজ কবে নাগাদ শেষ হবে ?

**শ্রীভোলানাথ সেন :** এই রাস্তার পঞ্চম হইতে দ্বাদশ মাইল এবং অষ্টাদশ (18th) হইতে একবিংশ (21th) মাইল পর্যন্ত অংশে ঝামা বাঁধাই কাজ শেষ হইয়াছে। প্রথম হইতে পঞ্চম মাইলে মাটির কাজ শেষ হইয়াছে এবং ত্রয়োদশ (13th) হইতে অষ্টাদশ (18th) মাইলে মাটির কাজ চলিতেছে। আগামী বৎসরের মধ্যে কাজ সম্পূর্ণ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## কলিকাতায় পুলিশের গুলিতে নিহতের সংখ্যা

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২১।) **শ্রীলক্ষ্মীকান্ত বসু :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ সাল থেকে ১৯৭২ সালের ২০এ মার্চ পর্যন্ত পুলিশের গুলিতে কলিকাতায় কতজন নিহত হয়েছে ;

(খ) কলিকাতা অঞ্চলে থানা-ভিত্তিক এই নিহতের সংখ্যা কত , এবং

(গ) পুলিশের গুলি চালনায় প্রতিটি ক্ষেত্রে কোনও তদন্ত হয়েছে কি ?

**Mr. Speaker** : Starred question No. 77 is held over because the answer has not been received.

**Shri Subrata Mukhopadhaya :** Sir, I am ready with the answer.

**Mr. Speaker. :** You may read the answer but a copy thereof should be laid on the table immediately after the question is over.

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** ১৯৯জন।

থানা ভিত্তিক তালিকা সংশ্লিষ্ট সহপত্রে প্রদত্ত হইল।

পুলিশ রেগুলেশন অব ক্যালকাটার ধ অনুযায়ী তদন্ত ৬-১০-৭০ থেকে ৫-১-৭১ পর্যন্ত সরকারী আদেশবলে বন্ধ ছিল। অন্যান্য গুলি চালনার ঘটনার তদন্ত হয়েছে এবং হচ্ছে।

## থানা ভিত্তিক নিহতের তালিকা

| ক্রমিক নং | থানার নাম | নিহতের সংখ্যা |
|---|---|---|
| (১) | শ্যামপুকুর | ২১ |
| (২) | জোড়াবাগান | ১৪ |
| (৩) | বড়তলা | ৭ |
| (৪) | আমহার্ষ্ট স্ট্রীট | ৬ |

| ক্রমিক নং | থানার নাম | নিহতের সংখ্যা |
|---|---|---|
| (৫) | কাশীপুর | ৩৭ |
| (৬) | চিৎপুর | ৭ |
| (৭) | মানিকতলা | ৯ |
| (৮) | উল্টাডাঙ্গা | ৩ |
| (৯) | বেলিয়াঘাটা | ৩৭ |
| (১০) | ফুলবাগান | — |
| (১১) | নারকেলডাঙ্গা | ১ |
| (১২) | এণ্টালী | ১০ |
| (১৩) | বেনিয়াপুকুর | ২ |
| (১৪) | বড়বাজার | — |
| (১৫) | জোড়াসাঁকো | ৫ |
| (১৬) | হেয়ার ষ্ট্রীট | — |
| (১৭) | মুচিপাড়া | ৩ |
| (১৮) | তালতলা | ৬ |
| (১৯) | পার্ক ষ্ট্রিট | — |
| (২০) | হেষ্টিংস | ১ |
| (২১) | আলিপুর | ২ |
| (২২) | নিউ-আলিপুর | — |
| (২৩) | ওয়াট্‌গঞ্জ | — |
| (২৪) | একবালপুর | — |
| (২৫) | বালীগঞ্জ | — |
| (২৬) | ভবানীপুর | ৫ |
| (২৭) | টালীগঞ্জ | ৮ |
| (২৮) | করায়া | ৭ |
| (২৯) | গার্ডেন রীচ | ১ |
| (৩০) | সাউথ পোর্ট পুলিশ ষ্টেশন | ৩ |
| (৩১) | নর্থ পোর্ট ,, ,, | ২ |
| (৩২) | বউবাজার | ২ |
| | | মোট—১৯৯ |

**শ্রীলক্ষ্মীকান্ত বসু :** আমার প্রশ্নের উত্তরটা বোধ হয় পরিষ্কার হলো না। থানা ভিত্তিক নিহতের সংখ্যা আমি এখনো পাই নি, সেটা একটু বলুন।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** শ্যামপুকুর-২১, জোড়াবাগান-১৪, বড়তলা-৭, আমহার্স্টষ্ট্রীট-৬, কাশীপুর-৩৭, চিৎপুর-৭, মাণিকতলা-৯, উল্টাডাঙ্গা-৩ বেলেঘাটা-৩৭ ফুলবাগান-নেই, নারকেলডাঙ্গা-৮, এণ্টালি-১০ বেনিয়াপুকুর-২, বড়বাজার-নেই, জোড়াসাঁকো-৫, হেয়ারষ্ট্রীট-নেই, মুচিপাড়া-৩, তালতলা-৬, পার্কষ্ট্রীট-নেই, হেষ্টীংস-১, আলিপুর-২, নিউআলিপুর-নেই, ওয়াটগঞ্জ-নেই, একবাল

পুর-নেই; বালিগঞ্জ-নেই, ভবানীপুর-৫, টালিগঞ্জ-১ কড়েয়া-৭, গার্ডেনরীচ-১ সাউথপোর্ট পুলিশষ্টেন-৩, নর্থপোর্টপুলিশষ্টেন-২, বহুবাজার-২, মোট-১৯৯জন।

**শ্রীলক্ষীকান্ত বসু :** এই যে এতগুলি ব্যক্তি মারা গেছেন এর মধ্যে কয়জন পুলিশের সংঘর্ষ-কালীন মারা গেছেন আর কয়জন তথাকথিত পালাতে গিয়ে পুলিশকে গুলি করে মারতে হয়েছে।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** নোটিশ চাই।

**শ্রীলক্ষীকান্ত বসু :** এই যে ১৯৯জন মারা গেছেন এই ১৯৯জন কি ১৯৯জন ব্যক্তির হাতে মারা গেছেন না কম সংখ্যক ব্যক্তি কেননা আমার কাছে রিপোর্ট আছে একজন ব্যক্তির রেকর্ড আছে ১০।১২।১৪জন মারা গেছেন। মাননীয় মন্ত্রী জানাবেন কি যে কয়জন পুলিশে এতজনকে মেরেছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** নোটিশ প্লীজ।

**শ্রীমতিইলা মিত্র :** বেলেঘাটা থানার অন্তর্গত পুলিশের গুলিতে ৩৭জন মারা গেছেন কিন্তু পুলিশ রিপোর্টে বলে ৮৫ জন।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** রেকর্ডের সংখ্যা হল ৩৭জন।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** এইসব গুলিচালনা কি প্রতিটি ক্ষেত্রে যুক্তিসঙ্গত ছিল ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কোন বিশেষ ক্ষেত্রের কথা যদি বলেন তাহলে অনুসন্ধান করে দেখতে পারি।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** আমি জিজ্ঞাসা করছি যে গুলি চালিয়ে লোক মারা গেছে এইগুলি চালনার প্রয়োজন ছিল কি, যুক্তিসঙ্গত ছিল কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কোন জায়গার কথা বলছেন সব জায়গায় তো গুলি চালায় নি সুতরাং যুক্তি যুক্ত কিনা তা বলতে পারব না।

**শ্রীজ্যোর্তিময় মজুমদার :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি তিনি যে একটা সময়সীমা নির্ধারণ করে বললেন যে এই সময়ের মধ্যে তদন্ত বন্ধ ছিল আমি জিজ্ঞাসা করছি যে তদন্ত কেন বন্ধ রাখা হয়েছিল ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** অনেক সময় তদন্ত করা সম্ভব হয় নি এখন সেগুলি তদন্ত হচ্ছে।

**শ্রীজ্যোর্তিময় মজুমদার :** পশ্চিমবঙ্গে প্রতি জেলে আমরা ঘটনাচক্রে জানতে পেরেছি পুলিশের গুলিচালনায় বেশ কিছু সংখ্যক ব্যক্তি মারা গেছেন। প্রতিটি ক্ষেত্রে তদন্তের আদেশ দেওয়া হয়েছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** প্রতিটি ক্ষেত্রে তদন্তের প্রয়োজন হয় নি।

**শ্রীজোর্তিময় মজুমদার :** যে সমস্ত ক্ষেত্রে তদন্তের আদেশ দেওয়ার প্রয়োজন হয় নি সেসব ক্ষেত্রে সরকার কি অবহিত আছেন যে গুলি চালনায় প্রয়োজনীয়তা ছিল ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কোন ক্ষেত্রে বলছেন, তাহলে বুঝতে পারব।

**Mr. Speaker :** This question relates to Calcutta area only.

**শ্রীজ্যোর্তিময় মজুমদার :** কলকাতার জেলেও পুলিশ গুলি চালিয়ে হত্যা করেছে।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** কলকাতায় কোথায় ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : আলিপুর সেন্ট্রাল জেলে পুলিশ গুলি চালায় নি।

[2-00—2-10 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়** : এই ঘটনার এনকোয়ারি হয়ে গিয়েছে। এর জজ এ্যাপয়েন্টেড হয়েছিল এবং আমাদের যিনি ওয়ার্কস এ্যাণ্ড হাউসিং মিনিষ্টার তিনি সরকার পক্ষের কৌশলী, ষ্ট্যাণ্ডিং কাউনসেল হিসাবে ছিলেন। রিপোর্টটা হয়ে গিয়েছে।

**শ্রীজ্যোর্তিময় মজুমদার** : শুধুমাত্র এটাই নয়। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে এইরকম ঘটনা ঘটেছে এবং এইসব তদন্তের রিপোর্ট এই হাউসে আমরা চোখে দেখতে চাই যে কোন অবস্থায় ওয়ার্ডার ও পুলিশ জেলের মধ্যে গুলি চালাতে বাধ্য হয়েছে।

**Mr. Speaker** : Mr. Mojumdar, I appreciate your point very much but that does not come within the purview of the present question which is being answered by the Hon'ble Minister. That is a separate matter. I feel you have a legitimate point in asking for an explanation from the Ministry itself but that should come in a different from either as a separate question or as a motion before the House.

**শ্রীজ্যোর্তিময় মজুমদার** : মাননীয় স্পীকার মহাশয়, আমার অনুরোধ আপনার কাছে যে কোন পর্যায়ে ওয়ার্ডার ও পুলিশ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে গুলি চালিয়েছে। কারণ সেই সময় কোন নির্বাচিত সরকার ছিলনা, এখন পশ্চিমবঙ্গে নির্বাচিত সরকার এসেছে, আমরা দেখতে চাই যে ঠিক সেই সময় পুলিশ ও ওয়ার্ডার জেলের মধ্যে কোন পরিস্থিতির চাপে পড়ে গুলি চালাতে বাধ্য হয়েছে।

**Mr. Speaker** : Question hour is over.

### হেমন্ত বসুর হত্যার তদন্ত

*90, (Short Notice) (Admitted question No. *22.)

**শ্রীরবীন্দ্র ঘোষ** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শ্রদ্ধেয় জননায়ক হেমন্ত কুমার বসুর হত্যাকাণ্ডের সহিত জড়িত ব্যক্তিদের গ্রেপ্তার করা হইয়াছে কি;

(খ) এই বিষয়ে যে তদন্ত চলিতেছে তাহা এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে এবং কতদিনের মধ্যে তদন্ত শেষ হইবে; এবং

(গ) ইহা কি সত্য যে হত্যাকাণ্ডে লিপ্ত থাকার অপরাধে কয়েকজনকে ইতিমধ্যে গ্রেপ্তার করা হইয়াছিল ও পরবর্তীকালে তাহাদের মুক্তি দেওয়া হইয়াছে?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** :

(ক) না,

(খ) পুলিশ ঘটনাটির তদন্ত শেষ করে আদালতে একটি মামলা রুজু করেছেন এবং মামলাটি বর্তমান আদালতের বিচারাধীন,

(গ) ইহা সত্য যে প্রাথমিক তদন্তে পুলিশ ঘটনার দিন সন্দেহক্রমে ঘটনাস্থলের নিকট দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছিলেন। কিন্তু বিস্তারিত তদন্তে তাঁদের বিরুদ্ধে উপযুক্ত সাক্ষ্য প্রমাণ না থাকায় তাঁদের ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যিনি আসামী ছিলেন হেমন্ত বাবুকে যে হত্যা করেছিলেন যেদিন, সেখানে কুকুর রক্ত মাখা অবস্থায় তাকে জলের ট্যাংকের ভিতর থেকে ধরে এনেছিল এবং সেই আসামীকে গ্রেপ্তার করা হয়েছিল, কার নির্দেশে তাকে ছেড়ে দেওয়া হয়েছিল? যে আসামী ছিল, রথীন দেব, কমুনিষ্ট পার্টির সেখানকার সম্পাদকের ভাইপো।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হেমন্ত বাবুর মৃত্যুটা এই সরকার অত্যন্ত গুরুত্বপুর্ণ একটা ঘটনা বলে মনে করে। তারজন্য খুব ভালভাবে তদন্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। কারণ এটা লজ্জার কথা হেমন্ত বাবুর মত নেতা কলকাতার রাস্তায় তাকে হত্যা করা হল, তাঁকে হত্যা করা হল কিন্তু এখন পর্যন্ত যে দোষী তার সাজা হল না। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অনুরোধ করব যে এটা এখন বিচারাধীন, সাবজুডিসী কেস, এ বিষয়ে হাউসে এখানে কিছু না বলাই উচিত। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁরা যদি কিছু জানতে চান, ঘোষ মহাশয়ও যদি কিছু জানতে চান আমার সঙ্গে ঘরে আসুন, আমাদের ফাইলে যা যা আছে দেখবেন কিন্তু এই ব্যাপারটা সাবজুডিসী বলে অনেকগুলি জিনিষ আছে, যেগুলি আমার মনে হয় এখন বলা উচিত নয় প্রকাশ্যে।

**শ্রীমতী ইলা মিত্র ঃ** এই ঘটনায় সেদিন যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের কি ছেড়ে দেওয়া হয়েছে?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** আমি যে কথা বললাম সেকথাই আবার রিপিট করছি।

## মালদহ জেলার রাস্তা

*91. (Short Notice) (Admitted question No. *60.)

**শ্রীরবীন্দ্রনাথ মুরমু ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মালদহ জেলার আইহো, বুলবুলচণ্ডী হইয়া নালাগোলা পর্যন্ত যে পাকা রাস্তা আছে তাহা বর্তমানে ব্যবহারের সম্পূর্ণ অকেজো হইয়া পড়িয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত রাস্তাটি সংস্কারের কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে কবে নাগাদ উহার কার্য আরম্ভ হইবে?

**শ্রীভোলানাথ সেন ঃ** (ক) ও (খ)—এই রাস্তার বুলবুলচণ্ডী হইতে হবিবপুর পর্যন্ত যে অংশটি সরকারের তত্ত্বাবধানে আছে, সেটি গত বৎসর বন্যায় বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছিল; উহার সংস্কারের কাজ আরম্ভ করা হইয়াছে।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** এই যে সংস্কার কত দিনে শেষ হবে জানাবেন কি?

**শ্রীভোলানাথ সেন ঃ** আমাদের এই অংশটাব মেরামতের কাজ আরম্ভ হয়েছে কিন্তু আশানুরূপ অগ্রসর হয় নি, রেলওয়ে ওয়াগনের অভাবে প্রয়োজনীয় মাল মশলা সংগ্রহ করতে অসুবিধা হচ্ছে, রক্ষণাবেক্ষণ নূতন কিছু গৃহীত হয় নি, যেটা আছে সেটাই আমরা দেখছি।

ডি. এ. ষ্টোনচীপ একেবারে পাচ্ছে না, তাই আমরা মফঃস্বলে যারা আছি তারা যে কি দুরবস্থার মধ্যে আছি, আশাকরি মন্ত্রিমহাশয় বুঝবেন। তাই তিনি পশ্চিমবঙ্গে ষ্টোনচীপ সাপ্লাই করবার কোন ব্যবস্থা করবেন কি ?

**শ্রীভোলানাথ সেন :** ষ্টোনচীপস্ সাপ্লাই পি, ডবলিউ, ডি, করে না, ষ্টোনচীপের অভাব আছে বলে আমি মনে করি না, অভাব হচ্ছে ওয়াগনের, পাকুড় এবং অন্যান্ত জায়গায় অনেক ষ্টোনচীপস্ পড়ে আছে, ওয়াগন অভাবের জন্য ষ্টোনচীপ্স আনবার অভাবে পি, ডবলিউ, ডি, করতে পারে না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় রেলওয়ে মিনিষ্টারকে এ সম্বন্ধে চিঠি দিয়েছেন। আশা করছি কিছু দিনের মধ্যে এই অসুবিধার অবসান ঘটবে।

## বাঙ্গুর হাসপাতালে ডাক্তারদের উপর দুষ্কৃতকারীদের হামলা

*১৯১। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৪।) **শ্রীনিতাইপদ সরকার :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপুর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বাঙ্গুর হাসপাতালের ডাক্তারগণ কিছু দুষ্কৃতকারী কর্তৃক প্রহৃত হইয়াছেন, এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, ও

(২) দুষ্কৃতকারীদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :**

(ক) হ্যাঁ।

(খ) (১) বিগত ১৫ই এপ্রিল শেষরাত্রি ২টা ৪০ মিনিটের সময় তলপেটে গুলিবিদ্ধ অবস্থায় শ্রীউত্তম ধর নামে জনৈক ২০ বছর বয়স্ক যুবককে এম. আর. বাঙ্গুর হাসপাতাল, এমার্জেন্সী রুমে আনা হয়। তাঁর অবস্থা খুব আশঙ্কাজনক ছিল এবং নাড়ীর গতি ক্ষীণ ছিল। তাঁকে সঙ্গে সঙ্গে ইনডোরে ভর্তি করা হয় এবং উপস্থিত হাউস সার্জন ও আর. এম. ও. তাঁর যথোপযুক্ত চিকিৎসা করেন। পরে ডি. এম. ও. ও সার্জনকে ডাকা হয়; কিন্তু রোগী ভোর ৩টা ৩০ মিনিটের সময় অর্থাৎ এমার্জেন্সীতে আনার ৫০ মিনিট পর মারা যায়। উপযুক্ত চিকিৎসার অভাবেই উত্তম ধর মারা যায়, এই অভিযোগ ১৭ই এপ্রিল বেলা ১০-৫০ মিনিট নাগাদ ১৫।২০ জন যুবক বাঙ্গুর হাসপাতালের মধ্যে ডি. এম. ও.কে প্রচণ্ডভাবে প্রহার করে। তিনজন ওয়ার্ডবয় ডি. এম. ও.কে বাঁচাতে গিয়ে প্রচণ্ডভাবে প্রহৃত হয়।

(২) পুলিশ তদন্ত চলছে।

অ.

এই **শ্রীনিতাইপদ সরকার :** আপনি বলেছেন তদন্ত চলছে। কাউকে এ ব্যাপারে গ্রেপ্তার সরং হয়েছে কি ?

**অজিতকুমার পাঁজা :** এখন পর্যন্ত গ্রেপ্তারের খবর আমার কাছে আসে নি।

## ডায়মণ্ডহারবার রোডের প্রশস্তীকরণ

*৭৮। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫৮।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্য যে, ডায়মণ্ডহারবার রোডের প্রস্তাবিত প্রশস্তীকরণের কাজ বন্ধ রাখা হয়েছে ;

(খ) সত্য হইলে বন্ধ রাখার কারণ কি ,

(গ) কবে নাগাদ এই রাস্তার প্রশস্তীকরণের (ওয়াইডেনিং) কাজ শেষ হবে বলে আশা করা যায় ;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, প্রস্তাবিত প্রশস্তীকরণের ফলে এই রাস্তার দুই পাশের বহুসংখ্যক ব্যবসায়ী, দোকানদার ও হকার বৃত্তিচ্যুত হবে ; এবং

(ঙ) এই বৃত্তিচ্যুত ব্যবসায়ীদের পুনর্বাসনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ?

**Minister-in-charge for Public Works Department :—**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

(ঘ) হাঁা।

(ঙ) ইহা বৃহত্তর কলিকাতা উন্নয়ন সংস্থার (C.M.D.A.)বিবেচনাধীন আছে।

## সুরেন ধরচৌধুরীর হত্যার তদন্ত

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ১৯৭১ সালে ব্যারাকপুরে আন্দামান ফেরত বিপ্লবী সুরেন ধরচৌধুরীকে দুষ্কৃতকারীরা গুরুতরভাবে মাথায় আঘাত করে এবং ফলে তাঁর মৃত্যু ঘটে ;

(খ) অবগত থাকিলে এ সম্পর্কে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ;

(গ) এই ধৃত ব্যক্তিরা কোন রাজনৈতিক দলভুক্ত কি না এবং হইলে কোন্ দলভুক্ত ; এবং

(ঘ) সরকার এই ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Minister-in-charge for the Home (Public) Department. :—**

(ক) হাঁা।

(খ) একজনকে গ্রেপ্তার করা হইয়াছে। আরো দুই ব্যক্তি আদালতে আত্মসমর্পণ করিয়াছে।

(গ) না। তবে আসামীরা সকলেই সি. পি. এম.-এর সমর্থক।

(ঘ) এ সম্পর্কে একটি মামলা বিচারাধীন আছে।

## পঞ্চায়েত বোর্ডের নির্বাচন

কর্তৃ

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮।) **শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহারতে অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(খ) ৬৫ নির্বাচন পুনরায় করার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা এবং করিয়া থাকিলে কখন ?

**Minister-in-Charge for the Panchayat Department :—**

(ক) পশ্চিমবঙ্গে কোন পঞ্চায়েত বোর্ড নাই।

পশ্চিমবঙ্গে পঞ্চায়েতী রাজপ্রতিষ্ঠানসমূহ চারি শ্রেণীতে বিভক্ত, যথা :

(১) গ্রাম পঞ্চায়েত।

(২) অঞ্চল পঞ্চায়েত।

(৩) আঞ্চলিক পরিষদ।

(৪) জিলা পরিষদ।

গ্রাম ও অঞ্চল পঞ্চায়েতের প্রথম নির্বাচন ১৯৫৮ হইতে ১৯৬৪ খৃষ্টাব্দের মধ্যে অনুষ্ঠিত হইয়াছিল।

১৯৬৪-৬৫ খৃষ্টাব্দে জিলা ও আঞ্চলিক পরিষদ স্থাপন করা হয়।

(খ) বিষয়টি সরকার গভীরভাবে বিবেচনা করিতেছেন।

## জন-নিরাপত্তা আইনে আটক

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩০।) **শ্রীঅশ্বিনী রায়** : স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রী-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আভ্যন্তরীণ জন-নিরাপত্তা আইন (মিসা) চালু হইবার পর হইতে ২০এ মার্চ, ১৯৭২ পর্যন্ত এই রাজ্যে প্রতিমাসে দলগতভাবে কতজন—

(ক) গ্রেপ্তার হইয়াছেন,

(খ) আটক রহিয়াছেন, এবং

(গ) মুক্তি পাইয়াছেন ?

**Minister-in-Charge for the Hone (Special) Department :—**

(ক) আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা আইনে বিভিন্ন ব্যক্তিকে রাজ্যের নিরাপত্তা, জন-শৃঙ্খলা সমাজের পক্ষে অত্যাবশ্যক সরবরাহ এবং সেই সংক্রান্ত কাজ চালু রাখা, প্রভৃতি বিষয়ের পক্ষে ক্ষতির কার্য হইতে নিবৃত্ত করিবার জন্য আটক করা হয়। কোন বিশেষ দলভুক্তির জন্য কাহাকেও ঐ আইনে আটক করা হয় না। সুতরাং আটক ব্যক্তিদিগের দলগত হিসাবের প্রশ্ন উঠে না। যাহা হউক ঐ আইন চালু হইবার পর হইতে ২০শে মার্চ পর্যন্ত ঐ আইনে এই রাজ্যে মোট ৩২৯৩ জন ব্যক্তিকে আটক করা হয়। আটকের মাসিক হিসাব বিধান সভার লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ২০শে মার্চ, ১৯৭২-এ ২৫৫৩ জন ব্যক্তি আটক ছিলেন। মাসিক আটকের হিসাব বিধান সভার লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ২০শে মার্চ, ১৯৭২ পর্যন্ত ৭৩৭ জন আটক ব্যক্তি মুক্তি পাইয়াছেন। মুক্তির মাসিক হিসাব বিধান সভার লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

**Monthwise break-up of the persons detained under the M. I. S. Act, 1971.**

| | | |
|---|---|---|
| June, 1971 | ... ... | 7 |
| July, 1971 | ... ... | 3 |
| Aug., 1971 | ... ... | 197 |
| Sept., 1971 | ... ... | 306 |
| Oct., 1971 | ... .. | 568 |
| Nov., 1971 | ... ... | 667 |
| Dec., 1971 | ... ... | 478 |
| Jan., 1972 | .. .. | 557 |
| Feb., 1972 | ... ... | 395 |
| March, 1972 (upto 20th) | | 115 |
| | | 3293 |

**Statement of persons in detention under the M. I S. Act, 1971.**

| | | | |
|---|---|---|---|
| At the end of June, | 1971 | | 7 |
| At the end of July, | 1971 | | 10 |
| At the end of August, | 1971 | | 200 |
| At the end of September, | 1971 | .. | 501 |
| At the end of October, | 1971 | | 1,025 |
| At the end of November, | 1971 | | 1,579 |
| At the end of December, | 1971 | | 1,951 |
| At the end of January, | 1972 | . | 2,354 |
| At the end of February, | 1972 | | 2,574 |
| On the 20th March, | 1972 | ... | 2,553 |

**Monthwise break-up of persons released from detention under the M. I. S. Act, 1971.**

| | | | |
|---|---|---|---|
| August, | 1971 | ... | 7 |
| September, | 1971 | ... | 5 |
| October, | 1971 | ... | 43 |
| November, | 1971 | ... | 113 |
| December, | 1971 | ... | 105 |
| January, | 1972 | ... | 154 |
| February, | 1972 | ... | 175 |
| March (upto 20th) | | ... | 135 |
| | | | 737 |

## মহিশীলা কলোনীর মাতৃসদন

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩।) **শ্রীনিরঞ্জন ডিহিদার**: পৌরসভা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল পৌর এলাকার অন্তর্গত মহিশীলা কলোনীতে অবস্থিত সরকারী সাহায্যপুষ্ট মাতৃসদনটি বন্ধ হইয়া আছে ;

(খ) সত্য হইলে বন্ধের কারণ কি ;এবং

(গ) ঐ মাতৃসদনটি পুনরায় চালু করিবার কোন পরিকল্পনা আছে কিনা ?

**Minister-in charge for the Local Self Government Department :**

(ক) হ্যাঁ। ইহা একটি বেসরকারী প্রতিষ্ঠান।

(খ) ও (গ)—সরকারের জানা নাই।

## সি, এম, পি, ও-তে অ-ভারতীয় ব্যক্তির সংখ্যা

*৮৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১২৩।) **শ্রীসোমনাথ লাহিড়ী**: পরিকল্পনা এবং উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেশনে কোনো অ-ভারতীয় বিশেষজ্ঞ বা কর্মচারী আছেন কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি—

(১) ঐ অ-ভারতীয়দের সংখ্যা কত,

(২) উহাদের জন্য আনুমানিক বাৎসরিক খরচা কত, এবং

(৩) ঐ অ-ভারতীয়দের নাম কে বা কারা সুপারিশ করেন ?

**Minister-in-charge for the Planning and Development Department :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## সেন্সাসের ছাঁটাই কর্মচারীদের পুনর্নিয়োগ

*৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *১৮১।) **শ্রীলক্ষীকান্ত বসু**: স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সেন্সাসের ছাঁটাই কর্মচারীদের পুনর্নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**Minister-in-charge for the Home Department :**

সেন্সাসের ছাঁটাই কর্মচারীগণ ভারত সরকার কর্তৃক নিযুক্ত হয়েছিলেন। আদমসুমারির কাজ শেষে প্রায় ২০০০ কর্মচারী ছাঁটাই হইলে ভারত সরকারের রেজিষ্ট্রার জেনারেল রাজ্য সরকারকে এই সমস্ত বরখাস্ত কর্মচারীগণকে চাকুরী দিবার কথা বিবেচনা করিতে অনুরোধ করেন। ভারত সরকারের এই অনুরোধ এবং বরখাস্ত কর্মচারীগণের অভিজ্ঞতার কথা বিবেচনা করিয়া রাজ্য সরকারের অর্থদপ্তর এ বিষয়ে একটি সার্কুলার প্রচার করেন। তাহাতে, বিভিন্ন দপ্তরে বর্তমানে

যেসব পদ খালি রহিয়াছে এবং ভবিষ্যতে যেসব পদ খালি হইতে পারে সেইসমস্ত পদে বরখাস্ত সেন্সাস কর্মীদের নিয়োগের অগ্রাধিকার দেওয়ার জন্য রাজ্য সরকারের সকল বিভাগকে অনুরোধ জানানো হইয়াছে। রাজ্য সরকারের উদ্বৃত্ত কর্মচারীর Surplus Pool-এর যে লিষ্ট আছে, তার মধ্যে প্রাক্তন সেন্সাস কর্মচারীদেরও গণ্য করা হইবে। আজ পর্যন্ত হিসাবে দেখা যায়—প্রায় ৫০০ ছাঁটাই সেন্সাস কর্মচারী রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে নিযুক্ত হইয়াছেন। এই প্রসঙ্গে বলা যাইতেছে যে, চাকুরীতে নিয়োগের ব্যাপারে ছাঁটাই সেন্সাস কর্মচারীগণ এবং শরণার্থী শিবিরের কর্মচারীগণ সমভাবে বিবেচিত হইবেন।

## হলদিয়া বন্দর পরিকল্পনায় কর্মসংস্থান

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০।) **শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দর পরিকল্পনায় এ পর্যন্ত পশ্চিমবঙ্গের কতজন বেকারের কর্মসংস্থান হইয়াছে ;

(খ) হলদিয়া বন্দর পরিকল্পনা রূপায়ণের জন্য যাহাদের জমি সরকার অধিগ্রহণ করিয়াছেন এবং যাহার ফলে জমি মালিকদিগকে নিঃস্ব ও বাস্তুচ্যুত হইতে হইয়াছে সেই সকল পরিবারের কতজনের কর্মসংস্থান হইয়াছে ;

(গ) এই পরিকল্পনায় আরও কত কর্মসংস্থানের সম্ভাবনা আছে ; এবং

(ঘ) এই কর্মসংস্থান সম্পর্কে পশ্চিমবঙ্গের অগ্রাধিকার আছে কি না ?

**Minister-in-charge for the Planning and Development Department :**

(ক) সুতাহাটা 'এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ' হইতে গৃহীত ও দক্ষিণ পূর্ব রেলওয়ে হইতে গৃহীত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে ২৯শে ফেব্রুয়ারী, ১৯৭২ এই তারিখ পর্যন্ত ৬৩৬৭ জনের কর্মসংস্থান হইয়াছে ; ইহারা প্রধানতঃ জেলার ও স্থানীয় কর্মসংস্থা।

এই সংখ্যা ছাড়াও বিভিন্ন কণ্ট্রাকটারের অধীনে আরও কর্মী রহিয়াছেন। সেই সব কর্মীরা প্রধানতঃ বহিরাগত। ৬৩৬৭ জনের চাকুরী সূত্র নিম্নরূপ :—

| | | |
|---|---|---|
| (১) | দক্ষিণ পূর্ব রেলওয়ে | ২৮২৫ |
| (২) | বিভিন্ন কনট্রাকটারদের অধীনস্থ কর্মীসংখ্যা | ৩০৮৮ |
| (৩) | কলিকাতা বন্দর কর্তৃপক্ষ ( সি. পি. সি. ) | ৪০২ |
| (৪) | ভারতীয় তৈল করপোরেশন | ৫২ |
| | মোট | ৬৩৬৭ |

(খ) বাস্তুচ্যুত পরিবারবর্গের মধ্য হইতে ২৯শে ফেব্রুয়ারী, ১৯৭২ তারিখ পর্যন্ত ১২২৮ জনের কর্মসংস্থান হইয়াছে।

(গ) হলদিয়া পরিকল্পনার অন্তবর্তী সংস্থাগুলি এখনও সম্পূর্ণ হয় নাই। মোটামুটি কর্মসংস্থানের আশা এইরূপ :—

| | | |
|---|---|---|
| (১) | বন্দর | ১৫,০০০ |
| (২) | নতুন শহর তাম্রলিপ্ত | ১০,০০০ |
| (৩) | তৈল শোধনাগার | ৫,০০০ |
| (৪) | সার কারখানা | ২০,০০০ |
| (৫) | পেট্রো কেমিক্যালস | ১০,০০০ |
| (৬) | জাহাজ শিল্প | ১০,০০০ |
| (৭) | অন্যান্য শিল্প | ৩০,০০০ |
| (৮) | নৌ-বাহিনীর স্কুল, হাওয়া অফিস, ও. আই. আর ওয়ার্কস | ৫,০০০ |
| | মোট | ১,০৫,০০০ |

(ঘ) কলিকাতা বন্দর কর্তৃপক্ষ (সি. পি. সি.) ও ভারতীয় তৈল করপোরেশন (আই. ও. সি.) সাধারণতঃ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কর্মী সংগ্রহ করিয়া থাকেন, ইহাতে স্থানীয় বাসিন্দাদের সুবিধা হয়।

**Alleged attack of house of Yuba Congress leader at Jiaganj**

*88. (Admitted question No. *87.) **Shri KumardiptiS engupta :** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the house of some Yuba Congress leader was attacked with bombs at Jiaganj, Murshidabad, after election ; and

(b) if the answer is in the affirmative, what effective steps have been taken by the Police to apprehend the miscreants ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) No.

(b) Does not arise.

**American Ford Foundation, C. M. P. O. and C. M. D. A.**

*89, (Admitted question No. *124.) **Shri Somnath Lahiri :** Will the Minister-in-charge of the Planning and Development Department be pleased to state—

(a) whether there is any relation between the American Ford Foundation and the C. M. P. O. and/or the C. M. D. A. ; and

(b) if the reply to (a) is in the affirmative, will the Minister kindly state the nature of those relations ?

**Minister-in-charge for the Planning and Development Department :**

(a) There is a consultant client relationship between Ford Foundation and Calcutta Metropolitan Planning Organisation. The nature of this relationaship is described in answer to the question (b). There is however no formal relationship between Ford Foundation and Calcutta Metropolitan Development Authority as yet.

(b) Consultancy assistance in connection with the preparation of a Comprehensive Development Plan for the Calcutta Metropolitan District, and Urban and Regional Planning and Development including training and research in metorpolitan and regional problems.

## UNSTARRED QUEETIONS

**(to which written answers were laid on the table)**

### ফলতা থানার গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণ

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯।) **শ্রীমোহিনীমোহন পাত্রুই :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফলতা থানার প্রতি গ্রামে বৈদ্যুতিকরণের কাজ এ বছর হইতে আরম্ভ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনে এ কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Power :**

(ক ফলতা থানার অন্তর্গত ১৩৩টি মৌজার মধ্যে ৮৮টি মৌজার বৈদ্যুতিকরণের কাজ চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে শেষ হইবে।

(খ) ১৯৭২ সনের মে মাসের মধ্যে উক্ত কাজ আরম্ভ হইবে।

### সড়ক যানবাহনে যাত্রী-চাপ বৃদ্ধি

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪।) **শ্রীঅশ্বিনী রায় :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে সড়ক যানবাহনে যাত্রী-চাপ বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ১৯৭১ সালের ১লা ডিসেম্বর বর্ধমান, হুগলী ও হাওড়া জেলার কোন্ জেলায় কতগুলি বাস ছিল এবং উহাদের গড় পরিবহণ ক্ষমতা কত ছিল; এবং

(২) ডিসেম্বর ১৯৭১ হইতে মার্চ, ১৯৭২ পর্যন্ত ঐ তিন জেলায় অতিরিক্ত কতগুলি বাস চালু ছিল এবং পরিবহণ ক্ষমতা কত ছিল?

**The Minister for Home (Transport) :**

(ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) (১) উক্ত তারিখে জেলাওয়ারী বাসের সংখ্যা এবং উহাদের গড় পরিবহণ ক্ষমতা ছিল নিম্নরূপ :

| জেলার নাম | বাসের সংখ্যা | বাসপ্রতি গড় পরিবহণ ক্ষমতা |
|---|---|---|
| বর্ধমান | ৪৩৭ | ৩৫ |
| হুগলী | ৩৫১ | ৩২ |
| হাওড়া | ৪৮৮ | ৩০ |

(২) ডিসেম্বর, ১৯৭১ হইতে মার্চ, ১৯৭২ পর্যন্ত ঐ তিন জেলায় অতিরিক্ত বাসের সংখ্যা এবং তাহাদের পরিবহণ ক্ষমতা নিম্নে দেওয়া হইল :

| জেলার নাম | অতিরিক্ত বাসের সংখ্যা | বাসপ্রতি গড় পরিবহণ ক্ষমতা |
|---|---|---|
| বর্ধমান | ৮ | ৩২ |
| হুগলী | ৫৩ | ৩২ |
| হাওড়া | ৫৬ | ৩০ |

## বিদ্যুৎচালিত তাঁত চালু করার প্রকল্প

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৬।) **শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) পশ্চিমবাংলায় কিছু সংখ্যক বিদ্যুৎচালিত তাঁত নূতন করে চালু করবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ;

(খ) থাকিলে –

(১) কতগুলি তাঁত বর্তমান বৎসরে চালু হইবে বলিয়া আশা করা যায় , এবং

(২) এ সম্বন্ধে কোন উপদেষ্টা কমিটি গঠিত হয়েছে কিনা ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) হ্যাঁ।

(খ) (১) দুই হাজার।

(২) হ্যাঁ।

## সরকার পরিচালনাধীন জঙ্গল

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭২।) **শ্রীযতীন্দ্রমোহন রায় :** বনবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় জেলা ভিত্তিক সরকারের পরিচালনাধীন জঙ্গলের সংখ্যা কত, এবং

(খ) বনবিভাগ হইতে গত ২ বৎসরের কোন্ বৎসরে সরকারের তহবিলে কত টাকা জমা হয় ?

**The Minister for Forests :**

(ক) সংখ্যাদ্বারা জঙ্গলের হিসাব রাখা হয় না। আয়তনের হিসাবে পশ্চিমবাংলায় জেলাভিত্তিক সরকারের পরিচালনাধীন জঙ্গলের পরিমাণ নিম্নরূপ :

| জেলা | বর্গ কিলোমিটার |
|---|---|
| দার্জিলিং | ১,১৬২ |

| জেলা | বর্গ কিলোমিটার |
|---|---|
| জলপাইগুড়ি | ১,৭০১ |
| কুচবিহার | ৫৭ |
| বাঁকুড়া | ১,৪০৪ |
| বীরভূম | ১৫০ |
| বর্ধমান | ২৮২ |
| মেদিনীপুর | ১,৬৯১ |
| পুরুলিয়া | ৮৭৬ |
| হুগলী | ৩ |
| ২৪-পরগণা | ৪,২৬৩ |
| মালদা | ১৩ |
| পশ্চিম দিনাজপুর | ১২ |
| নদীয়া | ১৩ |
| মুর্শিদাবাদ | ৭ |
| মোট | ১১,৬৩৪ |

(খ) ১৯৭০-৭১ সালে দু'কোটি কুড়ি লক্ষ পঞ্চাশ হাজার আট শ' তিরানব্বই টাকা; এবং সদ্য সমাপ্ত ১৯৭১-৭২ সালের হিসাব এখনও শেষ না হওয়ায় অনুমিত আয় তিন কোটি চব্বিশ লক্ষ টাকা।

## ব্যাঙ্কে সুদের হার

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৩।) **শ্রীযতীন্দ্র মোহন রায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় প্রতিষ্ঠানের জন্য রিজার্ভ ব্যাঙ্ক হইতে গৃহিত ঋণের উপর বর্তমান সুদের হার কত;

(খ) প্রভিন্সিয়াল ব্যাঙ্ক শতকরা কত হার সুদে জেলা সমবায় ব্যাঙ্কগুলিকে টাকা দাদন দেন; এবং

(গ) গ্রামের সমবায় কৃষি উন্নয়ন সমিতির সভ্যদের নিকট হইতে কত হার সুদে টাকা আদায়ের নির্দেশ দেওয়া হয়?

**The Minister for Co-operation :**

(ক) সুদের হার নিম্নরূপ—

(১) কৃষিকার্যের জন্য স্বল্প মেয়াদী (১ বৎসরে পরিশোধ্য) ঋণের ক্ষেত্রে শতকরা বার্ষিক চার টাকা,

(২) কৃষি ও আনুষঙ্গিক কার্যের জন্য মধ্য মেয়াদী (৩ হইতে ৫ বৎসর পরিশোধ্য) ঋণের ক্ষেত্রে শতকরা বার্ষিক সাড়ে চার টাকা, এবং

(৩) সার ক্রয়ের জন্য ঋণের ক্ষেত্রে শতকরা বার্ষিক আট টাকা।

(খ) সুদের হার এইরূপ—

(ক) প্রশ্নের উত্তরে উল্লিখিত (১) নম্বরের ক্ষেত্রে শতকরা বার্ষিক পাঁচ টাকা, (২) নম্বরের ক্ষেত্রে শতকরা বার্ষিক পাঁচ টাকা পঁচাত্তর পয়সা,

(খ) প্রশ্নের উত্তরে উল্লিখিত (৩) নম্বরের ক্ষেত্রে কোন জেলা সমবায় ব্যাঙ্ককে টাকা দাদন দেওয়া হয় না। কেবলমাত্র পশ্চিমবঙ্গ রাজ্য মার্কেটিং ফেডারেশনকে বার্ষিক ৯ টাকা সুদে দাদন দেওয়া হয়।

(গ) (১) কৃষিকার্য বাবদ স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে শতকরা বার্ষিক ১০½ টাকা।

(২) কৃষিকার্য ও আনুষঙ্গিক কার্যের জন্য মধ্য মেয়াদী ঋণের ক্ষেত্রে শতকরা বার্ষিক ৯½ টাকা।

**Return of refugee from Bangladesh**

76. (Admitted question No. 403.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether the Government has received any information about return of refugees from Bangladesh ; and

(b) (i) if so, the number of such refugees returned up to 31st March, 1972 ; and

(ii) what action the Government proposed to take to arrest this trend ?

**The Minister for Refugee and Rehabilitation :**

(a) Yes.

(b) (i) No refugee appears to have returned within 31st March, 1972. Only in the last week, about 75 refugee families came back to West Bengal.

(ii) The B. S. F. have been instructed to keep strict watch to prevent any further entry of refugees in West Bengal from Bangladesh.

**পুরুলিয়া জেলার ছাত্রদের মেডিক্যাল কলেজে ভর্তি**

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮১।) **শ্রীশরৎচন্দ্র দাশ ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ছয় বৎসর যাবৎ পুরুলিয়া জেলার একটি ছেলেও মেডিক্যাল কলেজে ভর্তি হইতে পারেন নাই ;

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি,

(২) ঐ জেলার জন্য নির্দিষ্ট কোন কোটা আছে কিনা ; এবং

(গ) ঐ জেলার ছাত্ররা যাহাতে মেডিক্যাল কলেজে ভর্তি হইতে পারেন তজ্জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) বর্তমানে মেধার ভিত্তিক মেডিক্যাল কলেজসমূহে ছাত্রছাত্রী ভর্তি হইয়া থাকেন। সুপ্রিম কোর্টের জাজমেণ্ট অনুসারে জেলাভিত্তিক আসন বণ্টনের প্রথা ১৯৬৮ সাল হইতে বাতিল করা হইয়াছে। অতএব ছাত্রছাত্রী ভর্তির কোনও জেলাওয়ারী পরিসংখ্যান রাখা হয় না।

(খ) (১) 'ক'-এর উত্তর দ্রষ্টব্য।

(২) না।

(গ) 'ক' প্রশ্নের উত্তরে বর্ণিত কারণে জেলাওয়ারী ব্যবস্থা অবলম্বন করা সম্ভব নয়।

## বিষ্ণুপুর থানায় গভীর নলকূপ বসানোর প্রকল্প

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬২১।) **শ্রীরামকৃষ্ণ বর** ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ চব্বিশ-পরগনার বিষ্ণুপুর থানায় এই বৎসরে গভীর নলকূপ বসানোর কোন পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকিলে (১) কোথায় কোথায় বসানো হইবে এবং (২) কবে থেকে কাজ আরম্ভ হবে বলে আশা করা যায় ?

**The Minister for Agriculture :**

(ক) এই বৎসর বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকায় নূতন গভীর নলকূপ বসানোর কোন কার্যসূচী বর্তমানে নেই। যোজনা বহির্ভূত কেন্দ্রীয় সাহায্য পাওয়া গেলে নূতন নলকূপ স্থাপনের কার্যসূচী গ্রহণ করা হবে।

(খ) এই প্রশ্ন উঠে না।

## কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭।) **শ্রীঅশ্বিনী রায়** ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে জেলাভিত্তিক বর্তমানে কতগুলি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক আছে ;

(খ) ব্যাঙ্কগুলির নাম ও ঠিকানা ও প্রতিষ্ঠার সময় ;

(গ) এ ব্যাঙ্কগুলি ১৯৬৯-৭০ সাল হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত প্রতি বৎসর রিজার্ভ ব্যাঙ্ক হইতে কত ঋণ গ্রহণ করেছে এবং কত টাকা পরিশোধ করেছে ; এবং

(ঘ) গ্রামীণ সমবায় বা বৃহৎ সমবায় ঋণদান সমিতির ১৯৭১-৭২ সালে অনাদায়ী ঋণের পরিমাণ কত ?

**The Minister for Co-operation :**

(ক) আটটি জেলাভিত্তিক কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক আছে। ইহা ছাড়াও তেরটি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক আছে যাহাদের কর্মক্ষেত্রের পরিধি এক বা একাধিক মহকুমা লইয়া গঠিত।

(খ) 'ক' চিহ্নিত ক্রোড়পত্রে তথ্য পেশ করা হইল।

(গ) 'খ' চিহ্নিত ক্রোড়পত্রে তথ্য পেশ করা হইল।

(ঘ) ১৯৭১-৭২ সমবায় সাল ৩০শে জুন, ১৯৭২ তারিখে শেষ হইবে। সুতরাং প্রয়োজনীয় তথ্য এখন দেওয়া সম্ভব নহে। ১৯৭১-৭২ সালে গ্রামীণ সমবায় এবং বৃহৎ সমবায় ঋণদান

সমিতি হইতে মোট আদায়যোগ্য স্বল্পমেয়াদী ঋণের পরিমাণ ছিল ১,৫৬৪·৯৪ লক্ষ টাকা এবং তাহার মধ্যে ৩১শে মার্চ, ১৯৭২ পর্যন্ত ১,৩৫৫·৫৩ লক্ষ টাকা অনাদায়ী আছে।

*Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 79.*

"ক"

| ব্যাঙ্কের নাম ও ঠিকানা | | প্রতিষ্ঠার সময় |
|---|---|---|
| ১। কোচবিহার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ ও জিলা কোচবিহার | . | ২-২-১৯৬৩ |
| ২। জলপাইগুড়ি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ ও জিলা জলপাইগুড়ি | ... | ৬-৪-৪৯ |
| ৩। দার্জিলিং জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ কালিম্পং, জিলা দার্জিলিং | .. | ২-৭-৫৯ |
| ৪। রায়গঞ্জ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ রায়গঞ্জ, জিলা পশ্চিম দিনাজপুর | .. | ২১-১১-৪৭ |
| ৫। বালুরঘাট কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ বালুরঘাট, জিলা পশ্চিম দিনাজপুর | ... | ২৪-৫-১৫ |
| ৬। মালদহ জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ ও জিলা মালদহ | . | ১-১-৫৮ |
| ৭। মুর্শিদাবাদ জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ বহরমপুর, জিলা মুর্শিদাবাদ | ... | ২৫-৭-৫৯ |
| ৮। নদীয়া জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ কৃষ্ণনগর, জিলা নদীয়া | ... | ২৪-২-৬১ |
| ৯। ২৪-পরগণা উত্তর কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ বারাসাত, জিলা ২৪-পরগণা | .. | ৩০-৮-৫৮ |
| ১০। ২৪-পরগণা দক্ষিণ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ ডায়মণ্ড-হারবার, জিলা ২৪-পরগণা | . | ১১-৪-২৩ |
| ১১। হাওড়া জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ উলুবেড়িয়া, জিলা হাওড়া | | ১১-৮-৫৮ |
| ১২। হুগলী জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ চুচুরা, জিলা হুগলী | | ২৯-৪-৬৬ |
| ১৩। তমলুক-ঘাটাল কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ তমলুক, জিলা মেদিনীপুর | ... | ২৬-১-৬৫ |
| ১৪। বলাগেড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ সাতমাইল, জিলা মেদিনীপুর | ... | ৩০-৬-২৬ |
| ১৫। মুগবেড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ মুগবেড়িয়া, জিলা মেদিনীপুর | ... | ১-২-২৪ |
| ১৬। মেদিনীপুর-খেলার-বলরামপুর-বেলিয়াবেড়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ<br>পোঃ ও জিলা মেদিনীপুর | . | ৬-২-৬৫ |

| | | | |
|---|---|---|---|
| ১৭। বাঁকুড়া জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ পোঃ ও জিলা বাঁকুড়া | ... | ... | ৬-৩-৫৯ |
| ১৮। পুরুলিয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ পোঃ ও জিলা পুরুলিয়া | ... | ... | ১৯৪৭ |
| ১৯। বীরভূম জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ পোঃ সিউড়ী, জিলা বীরভূম | ... | .. | ২৯-১২-৬২ |
| ২০। বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ পোঃ ও জিলা, বর্ধমান | ... | ... | ২৬-১-১৭ |
| ২১। কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ পোঃ কাটোয়া, জিলা বর্ধমান | ... | ... | ৩০-১২-৬০ |

*Statement referred to in reply to elause (Ga) of unstarred question No.* 79

"খ"

(লক্ষ টাকার হিসাব)

| কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের নাম। | ১৯৬৯-৭০ রিজার্ভব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের পরিমাণ | ১৯৬৯-৭০ পরিশোধিত ঋণের পরিমাণ | ১৯৭০-৭১ রিজার্ভব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের পরিমাণ | ১৯৭০-৭১ পরিশোধিত ঋণের পরিমাণ | ১৯৭১-৭২ (২১-৪-৭২ পর্যন্ত) রিজার্ভব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের পরিমাণ | ১৯৭১-৭২ (২১-৪-৭২ পর্যন্ত) পরিশোধিত ঋণের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১। বাঁকুড়া জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ২৬.৩৯ | ২০.০০ | ৯.৭১ | ২০.০০ | ... | ৯.৭১ |
| ২। বল্লাগেড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১০.০০ | ১০.০০ | ৬.৪১ | ১০.০০ | ৫.৬৩ | ... |
| ৩। বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৯২.০০ | ৪৭.৭৯ | ৩১.৭৭ | ৬৮.৫০ | ১৫.৮৩ | ৩১.৭৭ |
| ৪। বীরভূম জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৬৫.৪১ | ৫০.০০ | ১৮.১৬ | ৪১.০৩ | ১৪.৫৯ | ১৪,৫১ |
| ৫। কুচবিহার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১০.৯০ | ৪.৩৮ | .. | ১০.০০ | .. | ... |
| ৬। দার্জিলিং জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ... | ... | ০.৮১ | ... | ১.৯১ | ১,৭২ |
| ৭। হাওড়া জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৩০.৭১ | ১৬.৯৪ | ৬.৩৯ | ২১.৮১ | ৬.৭৪ | ৩.২১ |
| ৮। হুগলী জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৪০.৭০ | ১৮.৩৬ | ১৩.৪৬ | ৩০.০০ | ১.৭৯ | ১৩.৪৬ |

( লক্ষ টাকার হিসাব )

| কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের নাম। | ১৯৬৯-৭০ রিজার্ভব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের পরিমাণ | ১৯৬৯-৭০ পরিশোধিত ঋণের পরিমাণ | ১৯৭০-৭১ রিজার্ভ ব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের পরিমাণ | ১৯৭০-৭১ পরিশোধিত ঋণের পরিমাণ | ১৯৭১-৭২ (২১-৪-৭২ পর্যন্ত) রিজার্ভব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের পরিমাণ | ১৯৭১-৭২ (২১-৪-৭২ পর্যন্ত) পরিশোধিত ঋণের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ৯। জলপাইগুড়ি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১.০০ | ১.০০ | .. | .. | .. | ... |
| [illegible]। কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ২০.৩০ | ১৭.০৫ | ২.৭৩ | ৭.৬০ | ... | ২.৭৩ |
| ১১। মেদিনীপুর-জেলার -বলরামপুর-বেলিয়া-বেড়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১৩৯.৭১ | ৭১.৯৪ | ৫৯ ০৬ | ১০০.০০ | ২৮.৪৯ | ২৭.০০ |
| ১২। মালদহ জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ২৩.১৭ | ১১.৩৭ | ১০.২৯ | ১৫.০৬ | ... | ৬.৮৭ |
| ১৩। মুর্শিদাবাদ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৪০.০০ | ১৮.১৩ | ৬.৯৪ | ৪০.০০ | ৫.৬০ | ২.০৩ |
| ১৪। নদীয়া জিলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৫১.২০ | ১৪.১০ | ২২.১২ | ৪৫.০০ | ১২.৩৫ | ৯.৩৩ |
| ১৫। পুরিলিয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ৩.৪৬ | ১.২১ | . | ২.২৫ | .. | ... |
| ১৬। রায়গঞ্জ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১৭.৬৮ | ১৩.৭২ | ৩.৯৪ | ৯.৪৪ | ৪.৪৫ | ১.৯৪ |
| ১৭। তমলুক-ঘাটাল কেন্দ্রীয় সমবায় ব্যাক লিঃ | ৬৮.১২ | ১৫.০৪ | ৬১.৬৬ | ৬০.৬২ | ৬৬.০১ | ৬৩.৯৪ |
| ১৮। ২৪-পরগণা উত্তর কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১৭.৬৯ | ৩৩.০০ | . | ... | ... | ... |
| ১৯। ২৪-পরণা দক্ষিণ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ১৮.১৭ | ১৩.৭২ | ... | ৬.৪৫ | ... | ... |
| ২০। বালুরঘাট কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিঃ | ... | ... | ... | ... | ... | ... |

২১। মুগবেড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লি: ... ... ... ... ... ...

বি: দ্র:—উপরে রিজার্ভ ব্যাঙ্ক হইতে স্বল্প মেয়াদী ঋণ গ্রহণ ও পরিশোধের হিসাব দেওয়া হইল। স্বল্প মেয়াদী ঋণ নিয়মমত ১২ মাসে পরিশোধ করিতে হয়। প্রতি বৎসর যে ঋণ পরিশোধের অঙ্ক দেখান হইয়াছে তাহা পূর্ব বৎসরে গৃহীত ঋণ বা তাহার পূর্বের বকেয়া ঋণ বাবাদ ধরিতে হইবে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker :** The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of discrimination against the Bengallee Engineers in the matter of employment in Durgapur Steel Complex—attention called by Shri Ananda Gopal Mukherjee on the 12th April, 1972.

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য :** স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি। ১৯৭১ সালে দুর্গাপুর ইস্পাত কারখানায় ১৩৩ জন ইঞ্জিনিয়ার নিয়োগ করা হয় তাহার মধ্যে পশ্চিমবঙ্গবাসীর সংখ্যা ৩৩ জন। অর্থাৎ মোট পদ সংখ্যার শতকরা ২৫ ভাগ পশ্চিমবঙ্গবাসীর দ্বারা পূর্ণ করা হইয়াছে। এই ব্যাপারে বিশেষ করিয়া পশ্চিমবঙ্গে বেকার ইঞ্জিনিয়ারদের সংখ্যাধিক্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া হিন্দুস্থান ষ্টিল লিমিটেডের চেয়ারম্যানের নিকট মুখ্য সচিব ১৫ই ফেব্রুয়ারী তারিখের একটি চিঠিতে এই রাজ্য হইতে আরও বেশী সংখ্যক ইঞ্জিনিয়ার নিয়োগের জন্য আবেদন জানান। হিন্দুস্থান ষ্টিল লিমিটেডের বর্তমান চেয়ারম্যান তাহার উত্তরে জানাইয়াছেন যে, এই রাজ্য হইতে গ্রাজুয়েট ইঞ্জিনিয়ার পদের জন্য প্রার্থীর সংখ্যা মোট প্রার্থীর সংখ্যার শতকরা ১০ ভাগ মাত্র। সুতরাং মোট পদ সংখ্যার যে শতকরা ২৫ ভাগ পশ্চিমবঙ্গবাসীর দ্বারা পূর্ণ করা হইয়াছে তাহা খুবই সন্তোষজনক। অন্যান্য রাজ্য হইতে নিযুক্ত ইঞ্জিনিয়ারের সংখ্যা শতকরা ২৫ ভাগের অনেক কম; এই রাজ্যের অনেক ইঞ্জিনিয়ার অন্যান্য রাজ্যে অবস্থিত ইস্পাত কারখানায় নিযুক্ত করা হইয়াছে। এই ব্যাপারে হিন্দুস্থান ষ্টিল লিমিটেডের চেয়ারম্যানের সঙ্গে পত্রালাপ করিবার ইচ্ছা সরকারের আছে যাহাতে ভবিষ্যতে এই রাজ্যের যথেষ্ট সংখ্যক গ্রাজুয়েট ইঞ্জিনিয়ার ওই ইস্পাত কারখানায় নিযুক্ত হয়।

**Mr. Speaker :** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of death of three persons and damage of 60,000 maunds of potato due to collapse of the cold storage building at Rasulpur—attention called by Shri Aswini Roy on the 25th April, 1972.

**Dr. Md. Fazle Haque :** With reference to the calling attention notice given by Shri Aswini Roy regarding the collapse of the cold storage building at Rasulpur in P. S. Memari, district Burdwan on the 16th April, 1972, resulting in the death of three persons, including one M. L. A. of Uttar Pradesh, and damage of 60 thousand maunds of potatoes, with your permission I have to make the following statement.

A cold storage building at Rasulpur in P. S. Memari, district Burdwan, collapsed at about 4 a.m. on the 16th April, 1972. The cold storage was owned by a private limited company named Chasi Cold Storage Private Limited. Rescue operations were undertaken by the local authorities and the services of fire brigade requisitioned from Durgapur, Burdwan and Howrah. Services of the mobile civil emergency force and of civil defence personnel were also utilised. The dead body of the machine operator was recovered from the debris on the 16th April. The dead bodies of Satya Prakas, who is stated to have been the proprietor of the cold storage, and his wife Sm. Soubhagyabati Devi, a member of the U. P. Legislative Assembly, were recovered on the 18th April. The Chief Minister of Uttar Pradesh and the Speaker of the U. P. Legislative Assembly were kept informed of the death of Sm. Soubhagyabati Devi and of her husband. From the reports available it is estimated that about 40 thousand quintals of potatoe were kept in the cold storage At the instance of the district authorities local committee consisting of officials and non-officials were set up to supervise the salvage operations. Services of Army authorities were requisitioned by the Government to provide two cranes for the removal of the debris. Salvage operations have been going on in full swing and the latest reports are that approximately 30 thousand quintals of potatoe have been retrieved. The stock has been distributed among depositor growers on production of receipts and other evidences. As the salvage operation is still under way it is not possible to assess the quantum of loss incurred by depositor grower on the one hand and the owner and the traders on the other. However almost all the growers who had their potatoes in deposit have by now received back their stock.

An enquiry by the Additional District Magistrate, Burdwan, assisted by the technical officers has in the meantime been ordered to ascertain the cause of mishap and also to find out if there was any delay in undertaking rescue operations and, if so, reasons therefore and persons responsible.

**Mr. Speaker** : I have received 6 Notices of Calling Attention on the following subjects, namely :—

1. Acute scarcity of water in Kalyani area under P. S. ONDA in Bankura district—from Shri Kashinath Misra.
2. Distribution of vested and D. V. C. lands—from Shri Balai Lal Seth,
3. Acute scarcity of drinking water in Asansol town—from Shri Sukumar Bandopadhyay.
4. Electrification of the area under Bhagabangola P. S.—from Shri Mohammed Dedar Baksh.
5. Alleged murder in broad daylight at Kalipur in Hooghly district—from Shri Md. Safiullah.
6. Recovery of bombs, pipe guns etc., by the police from Hindu Hostel on the 27th April, 1972—from Shri Rajani Kanta Doloi.

I have selected the notice of Shri Rajani Kanta Doloi on the subject of recovery of bombs, pipe guns etc., by the police from Hindu Hostel on the 27th April. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, of give a date for the same.

**Shri Sidhartha Sankar Roy** : On the 2nd May next.

**শ্রীনিতাইপদ সরকার** : অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় স্পীকার মহাশয়, আমাদের প্রাইভেট মেমবার্স বিজিনেসে বিভিন্ন মোশন আলোচনার জন্য শুক্রবার দিনটা পাই, কিন্তু এই সেশনে কোন সুযোগ আমাদের দেওয়া হচ্ছে না। তাই আমি বলছি আজকে মুখ্যমন্ত্রী আছেন এবং মন্ত্রিমণ্ডলীর অন্যান্য সদস্যরাও এখানে আছেন—আমাদের সুনির্দিষ্টভাবে বলা হোক এই সেশনের মধ্যে আমাদের দাবীদাওয়া সম্বলিত যে প্রাইভেট মেম্বার্স রিজলিউশন—বিভিন্ন মোশন সম্পর্কে সময় দেওয়া হবে কি না। আর একটা বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি, মুখ্যমন্ত্রী আছেন—আপনারা সবাই জানেন ভিয়েতনামে আমেরিকার জঘন্যতম আক্রমণ চলেছে, এই আক্রমণ সম্পর্কে এই হাউসের সকলে আমরা অন্তরে অন্তরে ভিয়েতনামবাসীদের প্রতি সমর্থন করে চলেছি। এই হাউসে মুখ্যমন্ত্রী একটা প্রস্তাব উত্থাপন করুন ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে সমর্থন জানিয়ে এবং যাতে সেখানে বোমাবর্ষণ বন্ধ করা হয়—

**Mr. Speaker** : This cannot be a point of privilege. Regarding your first point of privilege I can assure you that from the next week time will be allotted for private members' business. In the meantime we will hold a meeting of the Business Advisory Committee where date and time for the purpose will be fixed. From the next week you will get time for private members' business, as may be decided by the Business Advisory Committee.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ৬ই এপ্রিল, ১৯৭২ তারিখের দৈনিক যুগান্তরে পিকক ইংলিশ রিডার্স-এ ভুলের নমুনা এই শীর্ষক খবর বেরোয়। সেই খবরে এই কথা প্রকাশ পায়, যে বই পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অনুমোদিত এবং প্রশংসিত—প্রিফেসে লেখা হয়েছে গত ১৯৬৪ সাল থেকে ফার্ষ্ট এর প্রিন্টিং তারপর এটা চলে আসছে। এই বইতে ২০০ থেকে ২৫০টি জায়গায় ভুল আছে আর এই ভুল আমাদের একজন বন্ধু অধ্যাপক ব্যোমকেশ ঘোষ মহাশয়, যিনি গুরুদাস কলেজের প্রফেসর, তিনি ডিটেকশন করেছেন এবং লাল কালি দিয়ে মোটামুটি চিহ্নিত করে বলেছেন যে এই সমস্ত জায়গাতে ভুলগুলো আছে, আমি বুঝতে পারছি না—

**Mr. Speaker** : Mr. Biswas, I think there is no point of order in it. You can, with permission of the Chair, mention the matter and draw the attention of the Education Minister or the Cabinet and the House.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : With your permission I shall mention this matter and I shall be very much glad if you kindly permit me. তাই আমি বলছিলাম দৈনিক যুগান্তরের উদ্ধৃত অংশের খবরের কাগজের কাটিংটি এবং সংশ্লিষ্ট বইটি আপনার কাছে দাখিল করছি। আমি আশা করবো যে আপনি আমাদের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে এই বিষয়টা পাঠিয়ে দেবেন এবং এটা যাতে প্রকৃত সংশোধন হয় এবং এই ভুলের জন্য ছাত্রছাত্রীদের যে প্রভূত ক্ষতি হয়েছে, তার হাত থেকে রক্ষা করবেন, এই বলে আমি শেষ করলাম।

## MENTION CASES

[ 2-20—2-30 p.m. ]

**ডাঃ সেখ ওমর আলি ঃ** মাননীয় স্পীকার, স্যার, কয়েকদিন আগে খবরের কাগজে একটা খবর বেরিয়েছিল। সেই খবরে এই কথা বলা হয়েছে যে মহাকরণের ভূমি বিভাগ জেলার ভূমি আধিকারিকদের কাছে এক সার্কুলার পাঠিয়েছেন দখলদার চাষীদের জমি থেকে উচ্ছেদ করবার নির্দেশ দিয়ে। খবরে আরো দেখা যাচ্ছে সেই সার্কুলারের কপি নিয়ে জোতদাররা তাদের যে দখলীকৃত জমি ১৯৭০ সালে বা তার আগে যা বেনামী করা হয়েছিল, যা চাষীরা দখল করে নিয়েছিল এখন জোতদাররা এই সার্কুলার দেখিয়ে জেলার ভূমি অধিকারিকগণের কাছে সাহায্য চাচ্ছেন চাষীদের জমি থেকে উৎখাত করে নিজেরা দখল নেবার জন্য। আরো প্রকাশ যে বিভিন্ন থানার পুলিশ অফিসাররা চাষীদের থানায় ডেকে এনে জমি যাতে অবিলম্বে ছেড়ে দেয় তার জন্য নির্দেশ দিচ্ছে। এই সংবাদে আমরা খুব উদ্বেগ বোধ করছি। এই যদি সত্যি হয়, তাহলে ভূমি সংস্কার আইন কর্য্যকরী করা যে কি অবস্থা দাঁড়াবে, তা বলা খুবই মুস্কিল। যখন নতুন সিলিং আইন হচ্ছে—মাননীয় রাজ্যপাল এই সিলিং আইন চালু করবার প্রতিশ্রুতি তাঁর ভাষণে দিয়েছেন, তখন যদি জোতদাররা পুলিশ প্রশাসনের সাহায্য নিয়ে ঐ রকম সার্কুলারের ভিত্তিতে জোতদারদের লুকিয়ে রাখা জমি যা চাষীরা দখল করেছিল,তা এইভাবে নিয়ে নিতে পারে, তাহলে একটা ভয়ানক জটিল অবস্থা দেখা দেবে। এই সম্পর্কে প্রকৃত অবস্থা কি, আর সার্কুলারের ব্যাপারটাই বা কি—এটা অতি সত্বর জানবার জন্য ভূমি এবং ভূমি সংস্কার মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রীশচীনন্দন সাউ ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার কাছে আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা উল্লেখ করে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সে বিষয়টি হচ্ছে ময়ূরাক্ষী ক্যানেল, সেই ক্যানেল আজকে জল দেওয়া বন্ধ করে দিয়েছে। আপনি জানেন স্যার, বীরভূম জেলার এবছর উচ্চ ফলনশীল ধান চাষ করা হচ্ছে এবং চাষ প্রায় শেষ হয়ে গেছে। কিন্তু এই মুহূর্তে কর্তৃপক্ষ সেখানে জল দেওয়া বন্ধ করে দিয়েছেন। আমাদের চাষীরা Irrigation Department -কে এটা জানান সত্বেও অদ্যাবধি সেখানে জল দেবার কোন ব্যবস্থা তাঁরা করেন নি। মুরারৈ,নান্নুর, সিউড়ী, লাভপুর, বোলপুর ইত্যাদি অঞ্চলে এই জল দেওয়া হঠাৎ বন্ধ করা হয়েছে। বীরভূম একটা গরীব জেলা। এই মুহূর্তে সেখানে জল দেওয়া বন্ধ করার দরুন জেলার যথেষ্ট ক্ষতি হবে; চাষীরাও হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। সত্বর সেখানে জল দেবার ব্যবস্থা গৃহীত হোক। আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকার বাংলাদেশের কৃষিজোতের উৎপাদন যাতে বৃদ্ধি পায় এবং বাংলাদেশ যাতে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয় তার জন্য নানান রকম পথ নিয়েছে, তার ভিতর ওয়াটার লিফটিং পাম্প হাউস করে,যাতে চাষীরা জল পেতে পারে তার ব্যবস্থা হচ্ছে। আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরকে জানাতে চাই যে, এই ওয়াটার পাম্প খরিদ সম্পর্কে এগ্রিকালচারাল মেনুয়েলে সরাসরিভাবে বলা আছে যে It is clearly laid down in the Agricultural Manual, Part III, page 385, that pump-sets should be approved by the Expert Committee after conducting necessary trials and tests and testing of pump-sets should be done at a place where adequate and suitable arrangement for such testing exists. কিন্তু এইটা সম্পূর্ণ উপেক্ষা করে সংশ্লিষ্ট বিভাগের সেক্রেটারী,

কমিশনার এবং চিফ ইঞ্জিনিয়ার, তারা তাদের খুশী মত পাম্প সেট খরিদ করে। বিশেষ করে সাব-ষ্ট্যাণ্ডার্ড পাম্প খরিদের ব্যবস্থা করা হয়। ব্লক ডেভেলপমেণ্ট অফিসকে দায়িত্ব দেওয়া হয় এই সমস্ত পাম্প খরিদ করার জন্য। এবং চাষীরা এই সমস্ত সাব-ষ্ট্যাণ্ডার্ড পাম্প কিনে অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়। এই সমস্ত কোম্পানী তাদের সার্ভিস দেবার কোন ব্যবস্থা নেই। এইসব সাব-ষ্ট্যাণ্ডার্ড পাম্পে যে পরিমাণ জল দেওয়ার ব্যবস্থা থাকা উচিত সেই পরিমাণ জল এতে উঠে না, যার ফলে চাষীদের কৃষি উৎপাদন সম্পূর্ণ ব্যাহত হয়। যে টারগেটে পৌছানর কথা, তারা তার শতকরা ১০ ভাগ মাত্র টারগেটে পৌছাইতে পারে। ম্যানুয়াল ইনষ্ট্রাকশন যেসমস্ত আছে সেগুলি না মেনে, অন্যায়ভাবে এইগুলি করেন। তাই আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই বিষয়ে তাঁরা যেন একটু নজর দেন এবং এইসমস্ত ক্ষেত্রে ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যা ঘটেছে তার জন্য একটা এনকোয়ারী কমিটি করে, এর একটা বিহিত করুন।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** এই মেনশনটা উনি করলেন, এইটা সম্বন্ধে আমাদের কাছে অনেক অভিযোগ এসেছে এবং সরকারের অর্থ, বহু লক্ষ লক্ষ টাকা তছরূপ হচ্ছে, এইজন্য এই বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা ষ্টেটমেণ্ট দাবী করছি এবং তিনি নাই, তাই মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি তিনি এখানে একটা ষ্টেটমেণ্ট দেবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের এখানে আলোচনা করছি। আপনি জানেন যে বাঁকুড়ায় আজ বেশ কিছুদিন ধরে জলের অভাব হচ্ছে এবং জল কষ্ট দেখা দিয়েছে, তাতে সাধারণ মানুষের পক্ষে জীবনধারণ করা খুব কষ্টকর হয়ে পড়েছে। সেখানকার কুয়া এবং পুকুর শুকিয়ে গিয়েছে, সেখানে অবিলম্বে পানীয় জলের সরবরাহ সরকারের পক্ষ থেকে করা দরকার। তা ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কল্যাণীতে জল কষ্ট দেখা দিয়েছে, তাই আমি বলছি আপনার মাধ্যমে যে, অবিলম্বে এই সমস্ত জায়গায় জলের ব্যবস্থা করুন।

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও এই জলের ব্যাপারে বলবো। কিন্তু অসোনসোলের যে জলের সমস্যা তা অন্য জায়গার জলের সমস্যা থেকে একটু অন্য ধরনের। বর্তমানে আসানসোলে তাপমাত্রা হচ্ছে ১১৮ ডিগ্রি এবং কারখানাতে ১২০ ডিগ্রি। এবং এর ফলে প্রায় ১০০ লোক হৃদ রোগে আক্রান্ত হয়েছে। আসানসোলে ১৯৫১ সালে যখন ৭৫ হাজার লোক দেখা গিয়েছে তার উপর ভিত্তি করে যে ওয়াটার ওয়ার্কস রয়েছে, যে ৪ মিলিয়ন গ্যালন করে অর্থাৎ ১·২ জল সরবরাহ করা হবে। এবং এখনও সেই অনুপাতে জল সরবরাহ করা হয় তার ফলে ভয়াবহ অবস্থা চলেছে। এছাড়া গ্রামাঞ্চলে খড়ের ঘরে আপনা থেকে আগুন লেগে যাচ্ছে। এর জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে টেলিগ্রাম করেছিলাম, চিঠি দিয়েছি কথাবার্তা বলেছি। যেখানে ৪ মিলিয়ান গ্যালন জলের দরকার সেখানে মাত্র ১·২ মিলিয়ান গ্যালন। এই ব্যাপারটি শুধু একটি, মন্ত্রিমহাশয়ের দপ্তরের অন্তর্ভুক্ত নয় দু' তিনটি দপ্তরের সঙ্গে জড়িত। তাই আমি এটা মেনসন করার প্রয়োজন মনে করেছি। এখানে আমাদের মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন আমরা তাঁর কাছে মেমোরেণ্ডাম দিয়েছি। যাতে অনতিবিলম্বে এটা ফাষ্ট প্রায়রিটি পায় এবং ঐ গ্রামাঞ্চলের সমস্যা যাতে সমাধান করা হয়, যাতে আগুন না লাগে তার জন্য ব্যবস্থা করা হোক।

**শ্রীমতি ইলা মিত্র:** স্যার, আমি এই ব্যাপারে একটু গুরুত্ব দিতে অনুরোধ করছি।

কারণ সেখানে কারখানায় ১২০ ডিগ্রি তাপ—সেখানে ওয়ার্কারসদের কি অবস্থা। আমি এই ব্যাপারে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মেমোরেণ্ডাম দেওয়া হয়েছে সেখানে ১০০ লোকের মৃত্যুর খবর আছে। অনতিবিলম্বে সেখানে সল্ট ট্যাবলেট বা অন্য কোনরকম ব্যবস্থা করা হোক।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** বছর বছর ধরে এই সমস্যা থেকে গেছে। এই সমস্যার সমাধান করা হয় নি। নূতন মন্ত্রিসভা গঠন করার পর প্রায়রিটি দেওয়া হয়েছিল এই ব্যাপারে। আপনি হয়তো জানেন ৬ই মে রানীগঞ্জ যাবো। এবং আসানসোলের যে জল সরবরাহ সমস্যা সে সম্বন্ধে চিন্তা করা হচ্ছে। যিনি আসানসোলের মাননীয় সদস্য তিনিও জানেন এই সমস্যা সমাধান করা কত শক্ত—সেখানে কতকগুলি ডিফিকালটিজ আছে—সেই ডিফিকালটিজ কি করে কাটানো যায় তার চেষ্টা করছি।

**শ্রীশরৎ চন্দ্র দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলায় একটা অস্বাভাবিক ও অস্বস্তিকর পরিবেশ সৃষ্টি হয়েছে। সেখানে গত মার্চ মাস থেকে কোন ডি. আই নাই। গত নভেম্বর মাস থেকে ৩১শে মার্চ পর্যন্ত একজন বেআইনীভাবে ডি. আই ছিলেন। তার জন্য প্রত্যেক প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ে যেসব শিক্ষক আছেন তাদের বেতন, ভাতা, ছুটি সব বন্ধ হয়ে গেছে। অর্থ প্রয়োগের কোন ক্ষমতা না থাকায় ডি. আই অফিসে যাঁরা কাজ করছেন সেখানেও অচল অবস্থা হয়েছে। ডি. আই যিনি ছিলেন তিনি ৩১শে মার্চ পর্যন্ত ছিলেন। তাঁর নভেম্বর মাসে চলে যাবার কথা। জানি না কি কারণে তাঁকে ৩১শে মার্চ পর্যন্ত রাখা হোল। গত ২৫শে মার্চ আমরা যখন এসেম্বলী নিয়ে ব্যস্ত ঠিক সেই সুযোগ নিয়ে যে সমস্ত প্যানেল সাসপেণ্ড করে রেখে দেওয়া হয়েছিল তা অগ্রাহ্য করে তাদেরই প্রায়রিটি দিয়ে সেইসমস্ত প্যানেলের সকলকেই নিয়োগ করলেন। সেইজন্য আমি শিক্ষা মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করি যে নিশ্চয়ই একটা আশু ব্যবস্থা গ্রহণ করে পুরুলিয়া জেলার এই দুর্ভাগ্যতা থেকে তাকে মুক্ত করবেন। এবং এইরকম ডি. আই বেআইনীভাবে রাখা নিশ্চয়ই একটা পরিচ্ছন্ন এ্যাডমিনিস্ট্রেশনের কাজ নয়। এইভাবে উইদাউট ডি. আই থাকায় স্কুলগুলি একেবারে নষ্ট হয়ে যাচ্ছে সে বিষয়ে একটু দৃষ্টি দেবেন।

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** নিশ্চয়ই আমি এ ব্যাপারে অনুসন্ধান করবো এবং ব্যবস্থা অবলম্বন করবো।

**শ্রীশৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজ আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে হুগলী জেলার ত্রিবেনীতে ত্রিবেনী টিস্যু বলে একটি কারখানা আছে। সেই কারখানাটি অন্যান্য কারখানার তুলনায় এই কারখনাতে শ্রমিক কর্মচারী ভাল মাহিনা ও অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করছেন। সেখানে কর্মীরা ১০০-র বেশী বোনাস পেয়েছে। এবং এখানে কোন অসুবিধা না থাকা সত্বেও আমরা যেখানে ইণ্ডাষ্ট্রী বাড়াবো ভাবছি সেখানে এই কারখানার কিছু ইউনিট এই রাজ্যের বাহিরে অর্থাৎ মহীশূর রাজ্যে নিয়ে যাওয় হচ্ছে।

আজ কোন অজ্ঞাত কারণে মহীশূর রাজ্যে নিয়ে যাওয়া হচ্ছে! শুধু তাই নয়, আপনি শুনেছেন Philips India Company, যার পশ্চিম বাংলায় বছরে ৬৫ হাজার radio unit তৈরী করার licence ছিল এবং বাড়াবার জন্য যখন তারা অনুমতি চাইলেন তখন তারা তা পেলেন না। কিন্তু যখন এই Company মহীশূর রাজ্যে কারখানা সম্প্রসারণের কথা বললেন, যখন তাদের বছরে ১২ হাজার radio set তৈরী করার অনুমতি ছিল সেটা বাড়িয়ে তাদের ৭ লক্ষ set তৈরী করার অনুমতি দেওয়া হয়েছিল। শুধু একটা/দু'টা ঘটনা নয়, আমার কাছে বিরাট তালিকা আছে। সেখানে বহুক্ষেত্রে পশ্চিমবঙ্গে শিল্পোন্নতি, শিল্প বিকাশে এইভাবে বাইরে থেকে আঘাত করা

হয়েছে। আজ পশ্চিমবঙ্গের মানুষ যখন কর্মসংস্থানের জন্য আপ্রাণ চেষ্টা করছে তখন এইরকমভাবে হাজার হাজার মানুষ তাদের কর্মসংস্থানের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হ'ল। এসব খবরে আমরা আশ্চর্য হয়ে গেছি। আজকে সুপরিকল্পিতভাবে পশ্চিমবঙ্গের বিরুদ্ধে প্রচার চালান হচ্ছে। এখানে অন্যায় অত্যাচারের রাজত্ব কায়েম হচ্ছে। এখানে শিল্পোন্নতির কোন সুযোগ-সুবিধা নেই। অন্যদিকে যখন শিল্পপতিদের লোভ দেখান হচ্ছে; তারা যদি অন্য রাজ্যে শিল্প স্থাপন করেন বা সম্প্রসারণ করেন তাহলে তাদের অনেক সুযোগ-সুবিধা দেওয়া হবে, যেমন বিদ্যুৎ, জমি সরবরাহ, tax-এর সুযোগ-সুবিধা ইত্যাদি। আজকে কোন শিল্পপতি যদি পশ্চিমবঙ্গে কোন শিল্প স্থাপন এবং সম্প্রসারণের জন্য licence-এর আবেদন করেন তখন কেন্দ্রীয় সরকারের উচ্চপদস্থ কর্মচারীরা যে-কোন আছিলায় তাদের সেই licence বাতিল করে দেন অথবা পিছনে রেখে দেন, এবং দিল্লীতে রাজ্যের যে প্রতিনিধিরা থাকেন তাঁরা সেই শিল্পপতির সঙ্গে যোগাযোগ করে তাঁদের সুযোগ-সুবিধা কবুল করেন এবং পশ্চিমবঙ্গের বিরুদ্ধে অপপ্রচার করেন—তাঁদের বিভ্রান্ত করে অন্য রাজ্যে শিল্পকে নিয়ে যাবার জন্য অনুপ্রাণীত করেন এবং এই চক্রান্তে সব সময়ে তাদের সহযোগিতা করে ঐ কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা। তাই, আজকে এই যে অবস্থা—আমার কাছে list আছে, যদি সময় দেন তাহলে পড়ে দিতে পারি।.........

**মিঃ স্পীকার:** আপনি এটা সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের হাতে দিয়ে দেবেন, উনি দেখবেন।

**শ্রীমদন মোহন মাহাতো:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের নিকট একটা গুরুত্বপূর্ণ জরুরী বিষয় উত্থাপন করছি। আপনি জানেন আমাদের পুরুলিয়া জেলা খরা কবলিত জেলা। সেখানকার বিভিন্ন স্থানে ঘুরে দেখেছি পানীয় জলের ভীষণ অভাব ঘটেছে। বাঁধ, পুকুর, কূপ প্রায় সবই শুষ্ক হয়ে গেছে। এক-দেড় মাইল থেকে পল্লীর জনগণকে পানীয় জল সংগ্রহ করতে হচ্ছে। মানুষ নানা কারণে অর্ধ শুষ্ক পুকুর, যেখানে গো-মহিষাদিকে স্নান করান হচ্ছে, সেই পুকুরের জল পান করে কোনরকমে বেচে আছে। এই দৃশ্য যে শুধু মর্মন্তুদ নয়, ভয়াবহ এবং দুর্বিসহ। এই অবস্থা চলতে থাকলে পুরুলিয়াবাসীদের কলেরা ইত্যাদি মারাত্মক রোগের শিকার হবেন এ বিষয়ে কোন সন্দেহ নাই।

তদানিন্তন যুক্তফ্রন্ট সরকার এই পানীয় জলের অভাব সাময়িকভাবে নিবারণের জন্য truck-এ জল সরবরাহ করে বার্থ হয়েছেন। পুরুলিয়ার মানুষকে এই জলকষ্টের হাত থেকে বাচাতে পারেন নি। শুধু অর্থ ব্যয় করেছেন প্রচুর এই সমস্যা সমাধানের জন্য। এই জেলার পানীয় জলের কূপগুলি—শুকিয়ে যাওয়া, মজে যাওয়া, ধ্বসে যাওয়া কূপগুলিকে পুনগঠন করে নূতন কূপ নির্মাণ করে এবং নলকূপ বসিয়ে, এবং স্থানে স্থানে যেখানে সম্ভব পাতকূয়া নির্মাণ করে—কিন্তু কোন গ্রামেই truck-এ জল দিয়ে নয় এই সংকটের সমাধানের জন্য মন্ত্রিমহাশয় তৎপর হবেন, এই আশা তার কাছে আমি করছি।

[ 2-40—2-50 p.m. ]

**শ্রীগণেশচন্দ্র হাটুই:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টির প্রতি এখানে উল্লেখ করতে চাচ্ছি সেটি আগেই বলা হয়েছে, তা হচ্ছে জলের অভাব। হুগলী জেলার জাঙ্গীপাড়া এলাকায় প্রায় ৪০০ নলকূপ অকেজো হয়ে পড়ে আছে। এই প্রচণ্ড গরমে সাধারণ মানুষ জল খেতে পাচ্ছে না। তারা এখন দুবেলা দুমুঠো খেতে পাচ্ছে না, কারণ তাদের কোন কাজ এখন নেই। টেষ্ট রিলিফের কাজ যেটা চলছে সেটাও খুব শম্বুক গতিতে চলছে। কাজেই সেটা তরান্বিত করতে পারলে সাধারণ মানুষ দু'বেলা দু'মুঠো খেতে পায়। তারা খেতে তো পাচ্ছেই না, তার সঙ্গে সামান্য একটু যে জল খাবে, সেই জলেরও কোন বন্দোবস্ত নেই। তাই অবিলম্বে যাতে এই

টিউবওয়েলগুলি সংস্কার করা যায় সেদিকে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতি ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ একটি বিষয় এখানে উপস্থিত করছি। মিস সবিতা সিন্‌হা, এম. এ., ডি. লিট, লেডি ব্রাবোর্ন কলেজের অধ্যাপিকা, তিনি পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক সিলেকটেড হয়েছেন, তার পরে এ্যাপয়েন্টমেণ্ট পেয়েছেন। কিন্তু গভর্ণমেণ্ট কলেজের নিয়ম হচ্ছে দু'বছরের মধ্যে কনফার্ম করতে হবে। কিন্তু তাঁর দু'বছর উত্তীর্ণ হয়ে গেছে। গত ২০শে নভেম্বর, ১৯৬৯ তরিখে তিনি এ্যাপয়েণ্টমেণ্ট পেয়েছেন, প্রায় আড়াই বছর হতে চলল, এখন পর্যন্ত তাঁর কনফারমেসন হয় নি। উপরন্তু এখন শোনা যাচ্ছে আজকে এইরকম একটা সই হয়ে যাচ্ছে যে তাঁর চাকুরীটা চলে যাবে, সেইজন্যই আমি এটা এখানে তুলছি। এখন একটা জনপ্রিয় সরকার হয়েছে। একজন গভর্ণমেণ্ট কলেজের অধ্যাপিকা যিনি ডি. লিটও বটে, কোন কারণ না দেখিয়ে ২ বছর উত্তীর্ণ হয়ে যাবার পরে, ২ বছরের মধ্যে তাঁর কনফারমেসন হওয়া উচিত ছিল, তাঁর এইরকম একটা চাকুরী যাবার ঘটনা ঘটতে যাচ্ছে, এটা এক নম্বর ব্যতিক্রম ঘটছে। আর দ্বিতীয় ব্যতিক্রম শোনা যাচ্ছে তাঁর চাকুরী যাতে আজকেই চলে যায় সেইরকম ধরনের একটা সই হবার ব্যবস্থা হচ্ছে। কাজেই এই সম্বন্ধে অবিলম্বে অনুসন্ধান করে, হস্তক্ষেপ করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর এবং বিধানসভার মাননীয় সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের। কারণ এটা যদিও আমার এলাকার অভিজ্ঞতা নিয়ে বলছি, কিন্তু এটা পশ্চিম-বাংলার ব্যাপার। গত ডেমোক্রাটিক কোয়ালিসন সরকারের আমলে ভূমি সংস্কার কমিটি যে গঠিত হয়েছিল তার মাধ্যমে অনেক ভূমিহীন কৃষককে ডি. সি. আর.-এর মাধ্যমে জমি দেওয়া হয় এবং সেই জমিতে তারা চাষ করে, ফসল বোনে। কিন্তু জোতদার এবং জমিদাররা হাইকোর্টে কেস করে ইনজাংশন নিয়ে গিয়ে সেখানকার স্থানীয় জে. এল. আর. ওর মাধ্যমে সেগুলি দেখালে পরে সেই ফসল থেকে বঞ্চিত হয়। মানে তারা গরীব, থালা, বাটি, ঘটি বিক্রী করে কিছু এনে তারা সেই টাকা দিয়ে ডি. সি. আর. নিয়েছে। আমাদের এই জনপ্রিয় সরকারের কাছে আমি আশা করবো যে এর একটা সুব্যবস্থা হওয়া দরকার। আমার মনে হয় যে, বোধ হয় ১ লক্ষের উপর হাইকোর্টে কেস পেনডিং রয়েছে। এটার একটা সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণ করা না হলে এই যে গরীব প্রজারা টাকা দিয়ে ডি. সি. আর.-এ একটা জমি নিয়ে তারা ফসল বুনে ফসল থেকে বঞ্চিত, এইভাবে মানে যে ভূমিসংস্কার নীতি গ্রহণ করা হয়েছে বা হবে, এটা সত্যি কথা মানে লোকদের কাছে একটা হাস্যরূপ ঘটনায় পরিণত হবে। তাই আমি পুনরায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং আমাদের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অদূর ভবিষ্যতে এই বিষয়ে ঐ যেসমস্ত ইনজাংশন রয়েছে সেগুলি এমন কোন ব্যবস্থা অবলম্বনের মাধ্যমে যাতে সেই ইনজাংশন ভেকেট করা হয় এবং তারা সত্যিকারে যে জমি ডি. সি. আর.-এর মাধ্যমে পেয়েছে, তাদের দখল দিয়ে, চাষবাসের সুযোগ-সুবিধা যেন করে দেওয়া হয়, এই আমার বক্তব্য।

**শ্রীসুকুমার বন্দোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন এবং সভার মাননীয় সদস্যরাও জানেন যে এক বছর বন্ধ থাকার পর সেনর‍্যালে সাইকেল কারখানার গত ৩১শে মার্চ আমাদের পরম শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছিলেন। কিন্তু গত কয়েকদিন থেকে ঐ সেনর‍্যালে সাইকেল কারখানার কর্তৃপক্ষ বলছেন যে কারখানাটি নাকি আবার বন্ধ করে দেবেন। তাদের ১কোটি ১০লক্ষ টাকা দেওয়া হয়েছে। কিন্তু কর্তৃপক্ষ আমাকে বলেছেন যেহেতু আমি সেনর‍্যালে সাইকেল কারখানার

মজত্বর, কংগ্রেসের জেনারেল সেক্রেটারী, যদি আরো টাকা আমরা না পাই তাহলে আমাদের পক্ষে কারখানা চালানো সম্ভবপর হবে না। ইতিমধ্যেই তাঁরা সমস্ত শ্রমিকদের বলতে আরম্ভ করেছেন যেমন ধরুন গ্রভস দেবার ব্যাপারে বলছেন যে গ্রভস দিতে গেলে টাকা নেই, কারখানা বন্ধ হয়ে যাবে। ক্যানটিনের সমস্ত সুযোগ-সুবিধা কেড়ে নিয়েছেন এবং প্রতিদিন শ্রমিকদের বলছেন এ জিনিষ দিতে পারব না, ও জিনিষ দিতে পারব না, কেন না কারখানা আবার বন্ধ হয়ে যাবে। আমার বক্তব্য হচ্ছে এই কারখানার উপর পরোক্ষভাবে ১৫ হাজার এবং প্রত্যক্ষভাবে প্রায় ৪ হাজার মানুষের ভাগ্য জড়িত আছে। কর্তৃপক্ষ কারখানা বন্ধ করার চক্রান্ত করেছেন। ১কোটি ১০লক্ষ টাকা দেবার পরেও ১মাসের মধ্যে কারখানা খোলা হয় নি। তারা সরকারকে ব্ল্যাক মেল করতে চাইছে এবং তার সঙ্গে সঙ্গে বলছে কারখানা বন্ধ হয়ে যাবে যদি টাকা না পাই। তার ফলে শ্রমিকদের মধ্যে একটা আশঙ্কা হচ্ছে যে কারখানা হয়ত বন্ধ হয়ে যেতে পারে। তাই আমি আপনার মাধ্যমে আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কেন না এই কারখানাটি তাঁরই আশীর্বাদে খোলা হয়েছিল, সেই চক্রান্তকে প্রতিহত করার জন্য সরকার যেন সক্রিয় ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন ধরে আমরা দেখতে পাচ্ছি যে পার্ক ষ্ট্রিটের মোড়ে যেখানে গান্ধীজীর ষ্টাচু আছে তাতে আলো দেওয়া হচ্ছে না। সন্ধ্যাবেলা থেকে রাত্রি ১১টা পর্যন্ত ঘুরে দেখেছি সেখানে কোন আলোর ব্যবস্থা হচ্ছে না যদিও আগে দেওয়া হত। কাজেই সেখানে যাতে আলো দেওয়া হয় সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকৃষ্ট করছি।

## Statement under Rule 346

**Mr. Speaker** : Hon'ble Chief Minister will now make a statement under Rule 346.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সরকার কিছুদিন আগে একটা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ২৩০টি গ্রামে এপ্রিল মাসের শেষে বৈদ্যুতিক শক্তি আনয়ন করা হবে। অর্থাৎ কি না ২৩০টি গ্রামে নতুন করে বৈদ্যুতিক শক্তি আসবে বা পাওয়া যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত আনন্দের সঙ্গে বলছি যে ২৩০টি নয় ২৩৪টি গ্রামে বৈদ্যুতিক শক্তি আনার কাজ ২৮শে তারিখেই অর্থাৎ দু'দিন আগে আমাদের কাজ শেষ হয়ে গিয়েছে এবং ২৩৪টি গ্রামে ১লা মে থেকে বৈদ্যুতিক শক্তি যাবে। এটা আমার আরো বলা উচিত যে আমরা দেখেছি যুক্তফ্রন্ট যখন ছিল তখন বছরে ২৫০টি হ'ত না। আর আমরা এক মাসের ভেতরে ২৩৪টি গ্রামে করেছি। আমি দোষ দিতে চাইছি না, কেউ হয়ত চেষ্টা করেন নি যার জন্য পশ্চিমবঙ্গের স্থান সর্বনিম্নে। এটা লজ্জার কথা, দুঃখের কথা যে পশ্চিমবঙ্গের শতকরা মাত্র ৭টি গ্রামে বৈদ্যুতিক শক্তি ছিল, যেখানে হরিয়ানার মত প্রদেশে প্রতিটি গ্রামেই বৈদ্যুতিক শক্তি চলে গিয়েছে। এটা দুঃখের কথা ছিল বলেই আমরা জনসাধারণের সামনে প্রতিটি বক্তৃতায় এই বক্তব্য রেখেছিলাম যে এই বৈদ্যুতিক শক্তির ব্যাপারে পশ্চিমবঙ্গের মুখে যে কালিমালেপন করা হয়েছে সেই কালিমা আমরা মুছে দেবার চেষ্টা করবো। আর সেই প্রতিশ্রুতি অনুযায়ী আমরা ২৩০টি গ্রাম সম্বন্ধে প্রতিজ্ঞা করেছিলাম এবং ২৩৪টি গ্রামে করা হয়েছে। তবে এতে যা অসুবিধা হয়েছিল সেটাও বলা দরকার। বাঁকুড়ার বড়জোড়াতে কাজ যখন চলছিল তখন মেন পাওয়ার ট্রান্সফরমারটা চুরি হয়ে গেল, যার ফলে ১৭টি গ্রামে বিদ্যুত শক্তি দেবার কাজটা একটু পিছিয়ে গিয়েছিল। কিন্তু এই

চুরি যাবার জন্য খুব কাজের ক্ষতি হয় নি। আমরা অন্য ব্যবস্থা করে, সুটেবল ট্রান্সফরমার যোগাড় করে বড়জোড়ায় ১৭টি গ্রামের ইলেকট্রিফিকেসনের কাজ করে দিয়েছি এবং ১লা মে থেকেই এই ১৭টি গ্রামে বিদ্যুত শক্তি আসবে। অর্থাৎ কিনা ২৩৪টি গ্রামে নতুন করে ১লা মে থেকে বিদ্যুত শক্তি আসবে। আমি কালকেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক জেলায় যে কয়েকটা গ্রামে করা হয়েছে বাঁকুড়ায় ৩০টি গ্রামে, বীরভূমে ১০টি গ্রামে, কোচবিহারে ৫টি গ্রামে, হুগলীতে ২০টি গ্রামে, বর্ধমানে ২০টি গ্রামে, হাওড়ায় ১০টি গ্রামে, মেদিনীপুরে ৩০টি গ্রামে. মুর্শিদাবাদে ৩০টি গ্রামে, নদীয়ায় ২০টি গ্রামে, মালদহে ১৫টি গ্রামে, ২৪-পরগণায় ৩০টি গ্রামে, পুরুলিয়াতে ১০টি গ্রামে এবং এ ছাড়া হুগলী জেলার গোঘাট থানায় ৪টি হয়েছে, এই নিয়ে ২৩৪টি হয়ে গেল। ৪টি গ্রাম হচ্ছে বেদবাড়ী, নলডুবি, মেহেরবানপুর, মুলুক সবই হচ্ছে পুলিশ ষ্টেশন গোঘাট। এই ২৩৪টি গ্রামে নতুন করে বৈদ্যুতিক শক্তি গিয়েছে। আমি কালকেই সাইক্লোস্টাইল করে মিনিষ্ট্রি অব পাওয়ার থেকে এই গ্রামের নামগুলি দিয়ে দেব। আমি প্রত্যেক মাননীয় সদস্য মহাশয়কে অনুরোধ করব তাঁরা যেন বিভিন্ন এলাকায় যাচাই করে দেখেন ঠিকমত বিদ্যুত শক্তি যাচ্ছে কি না। এই কাজটা তদারক করে দেখা উচিত। সঙ্গে সঙ্গে আমি আমার সহকর্মী পাওয়ার মিনিষ্টারকে ধন্যবাদ দিচ্ছি এবং ধন্যবাদ দিচ্ছি বিশেষ করে পাওয়ার ডিপার্টমেণ্ট কর্মী ও অফিসারগণকে যাঁরা অক্লান্ত পরিশ্রম করে এই অসম্ভবকে সম্ভব করতে পেরেছেন পশ্চিমবঙ্গে। আমরা পশ্চিমবঙ্গে অসম্ভবকে সম্ভব করব এই প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করতে যথাসাধ্য চেষ্টা করব এই বিষয়ে কোন সন্দেহ নেই।

[ 2-50—3-20 p.m. including adjournment. ]

## Motion for extension of time for presentation of Reports of Public Accounts Committee

The Chairman (Shri Deo Prakash Rai) : Sir, I beg to move that the time for presentation of the Reports of the Committee on Public Accounts on the Appropriation Accounts and the Finance Accounts of the State for the years 1964-65, 1965-66, 1966-67, 1967-68, 1968-69 and Audit Reports thereon be extended till the 31st March, 1973.

I would like to mention in this connection that the Accounts for the years 1964-65, 1965-66, 1966-67, 1967-68 and 1968-69 and Audit Reports thereon were laid before the House on 30th March, 1967, 26th July, 1967, 21st March, 1969 and 4th August, 1969 and 17th May, 1971 respectively. But the previous Committees could not examine all these accounts during their tenure due to dissolution of the House by Presidential Proclamation. The Committee on Public Accounts for the year 1969-70 examined the Accounts only for the year 1965-66 and the Audit report thereon and the draft report on the same was prepared but could not be presented to the House The Committee would have to conduct examination of accounts for all these years and would require some time to examine those accounts and submit the reports. Hence I beg to present the motion for extension of time.

**Mr. Speaker :** I think the motion is accepted by the House.

( Pause )

The motion is adopted.

## LEGISLATION

### The Calcutta Metropolitan Development Authority Bill, 1972.

**Shri Subrata Mukhopadhyay :** Sir, I beg leave to introduoc the Calcutta Metropolitan Development Authority Bill, 1972.

( Secretary read the title of the Bill )

**Shri Subrata Mukhopadhyay :** Sir, I beg to move that the Calcutta Metropolitan Development Authority Bill, 1972, be taken into consideration.

Sir, the basic development plan for the Calcutta Metropolitan District prepared by the Calcutta Metropolitan Planning Organisation in 1966 envisaged an investment of Rs. 107 crores during the first phase of five years for the development of Calcutta Metropolitan District. A programme could not be taken up for implementation due to lack of funds. Allocation of funds from the State Government's plan programme for C. M, D. development was inadequate to cope with the magnitude of the problem—Rs.42.88 crores only during the fourth plan. A though reappraisal of the problem was done. A massive programme of Rs. 150 crores comprising various sectors of development was identified.

The accelerated programme was decided to be partly financed from receipts under the Taxes on Entry of Goods in Calcutta Metropolitan Area Act, 1970 (President's Act No. 18 of 1970), since re-enacted by the State Legislative Assembly in the current session.

Additional Fund was also considered necessary to be raised by market borrowings, within C. M. D. there are two Corporation and 33 Municipal bodies. It was not feasible to let each of these bodies raise loans. Diffusion of civic authorities among so many local bodies with chronic inadequacy in technical, financial and other resources and proliferation of administrative agency were not conducive to a planned and co-ordinated development of the area which was and still is the crying need of the time.

Calcutta Metropolitan Development Authority was accordingly constituted under the Calcutta Metropolitan Development Authority Act, 1970 (President's Act No. 17 of 1970), for the purpose of financing development programme and servicing of loans raised for the purpose.

The Caltutta Metropolitan Development Authority was also empowered to perform the function of formulation of plans, co-ordination of their execution by itself or through other agencies and supervision of such development projects as are financed by it.

The President's Act was replaced by an Ordinance promulgated by the Governor immediately after the revocation of the Proclamation by the President.

The present Bill seek to replace that Ordinance.

( At this stage the House adjourned for 20 miuutes )

[ 3-20—3-30 p.m, ]

**শ্রীমতী গীতা মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে আলোচ্য বিল তার উদ্দেশ্য ও সেতুর যে বিবরণ দেওয়া হয়েছে তাতে হুগলী নদীর দু'তীরে সারিবদ্ধ শহরপুঞ্জ যা দেখা যায় এবং বর্ধমান কোলকাতা মহানগরীর পরিমণ্ডলী নামে যার পরিচিত পৌরশঙ্খ বহির্ভূত শহরাঞ্চল ছাড়া ২টি পৌরনিগম এবং অন্য ধরনের ৩৩টি পৌরপ্রতিষ্ঠান লইয়া প্রায় ৪৯০ বর্গমাইল ব্যাপক যে অঞ্চল

সেই অঞ্চল ঐতিহাসিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক কারণবশতঃ একটা সঙ্ঘবদ্ধ অঞ্চল হিসাবে পরিগণিত। এই কারণে তার সুসঙ্ঘবদ্ধ উন্নতিবিধান করাই হচ্ছে এই বিলের উদ্দেশ্য। এখানে এই শহরপুঞ্জ শুধু শহরগুলি নয় সারা পশ্চিমবাংলার দূরদূর গ্রামে এমন মানুষ আছে যাদের কাছে এই এলাকা প্রাণকেন্দ্র বলে গণ্য হয়। তার জন্য সত্যি সত্যি এই যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সাধন করার জন্য সরকার কোন গ্রামেই করতে পারেন তাহলে তাঁরা সকলের কাছে ধন্যবাদের পাত্র যে হবেন সে বিষয়ে সন্দেহ নেই এবং সেই উদ্দেশ্যের সঙ্গে দ্বিমত হবে না এমন কোন রাম বৃদ্ধু ভূ-ভারতে আছে বলে জানা নেই। কিন্তু এই উদ্দেশ্য কি এই বিলের দ্বারা সাধিত হবে? সেই প্রশ্ন আমাদের সামনে উপস্থিত হয়েছে। স্বভাবতঃই আমরা চাই এমন একটা সংস্থা তৈরী হোক যে সংস্থা এরকম মহৎ উদ্দেশ্য সাধণের উপযুক্ত যন্ত্র হবে। কিন্তু বিলটা খুব ভাল ভাবে পড়ে এ বিষয় ভরসার চেয়ে নির্ভরসা বেশী হয়েছে। বিলের সবাঙ্গে আমলাতন্ত্রের বিচিত্র রসকেলী দেখা যাচ্ছে। এর কারণ বোধহয় ১৯৭০ সালে রাষ্ট্রপতি শাসনের আমলে এই বিল সম্পূর্ণভাবে বড় আমলাদের দ্বারা রচিত হয়েছিল। এই আইনের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। অতএব তাড়াতাড়িভাবে এই বিল আনা হয়েছে। সেইজন্য যথেষ্ট পরীক্ষা করে এর উপযুক্তভাবে পরিবর্তন না করে এই বিল আনতে হচ্ছে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং উপস্থাপিত যিনি করলেন সেই রাষ্ট্রমন্ত্রীকে একথা জানিয়ে রাখতে চাই যে এই অবস্থা বুঝে আমরা বিলের বিরোধীতা করব না। কিন্তু এই বিলে কতকগুলি সমালোচনা আমরা উপস্থিত করব যেগুলি গঠনমূলক হবে নিশ্চয় এবং তার সঙ্গে নিতান্ত নীতিনিষ্ঠ সমালোচনা।

আমরা আশা করবো মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় রাষ্ট্রমন্ত্রী সেগুলো বিবেচনা করে দেখবেন এবং সে সম্পর্কে তাঁদের মতামত উপস্থাপন করবেন। সংশোধনগুলি সম্পর্কে পরবর্তীকালে আমাদের বেঞ্চের মাননীয় সদস্যরা উপস্থাপিত করলে সেগুলো সম্বন্ধে আমাদের তরফে আমরা আমাদের বক্তব্য উপস্থাপিত করবো। এই ভূমিকার সঙ্গে সঙ্গতি রেখে স্বাভাবিকভাবে আমাকে পরীক্ষা করে দেখতে হবে যে ওই যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সাধন করবার জন্য যে যন্ত্র তৈয়ারী করা দরকার (সি, এম, ডি, এ বা মহানাগরিক উন্নয়ন প্রাধিকার যার নাম অবশ্য আমি সময় সংক্ষেপের জন্য সি, এম, ডি, এ বলে বলবো যদিও আমি বাংলার পক্ষে কর্ণে খারাপ লাগলেও ক্ষোভ করবেন না), যাদের উপর সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে এই বিরাট কর্মকাণ্ড রূপায়নের জন্য সেই সংস্থার যে গঠন অথবা তার যে গঠন প্রণালী তার মধ্য দিয়ে এই মহৎ উদ্দেশ্য সাধন করবার মতো উপযুক্ত যন্ত্র সৃষ্টি করা হচ্ছে কি না। বিচিত্র রসকলী এখানে আমলাতন্ত্রের। তারাই সবচেয়ে বেশী জবরদস্ত। একটু পরীক্ষা করে দেখুন। দু'টো সংস্থা প্রাধিকারিক বা অথরিটি। আর দ্বিতীয় সংস্থাটি বলা হয়েছে উপদেশ পরিষদ। এখানে এই দু'টি সংস্থাতেই আমলাতন্ত্রের প্রতিনিধিত্ব। প্রথম সংস্থাটিতে রাজ্যের মুখ্যমন্ত্রীকে বাদ দিলে আর যারা রইলেন তারা হলেন তিনজন বড় আমলা। মুখ্যমন্ত্রী তো সব সময় থাকবেন না। আর তিনজন মিউনিসিপ্যালিটির প্রতিনিধি। আবার কলকাতা কর্পোরেশন সরকারের হাতে। সেই সরকার থাকাকালে এই তিনজন মিউনিসিপ্যালিটির প্রতিনিধির মধ্যে একজন কম হয়ে যাওয়ার সম্ভাবনা। কারণ বিলের মধ্যে আছে স্বায়ত্তশাসন ব্যবস্থার পরিচালনার অভিজ্ঞতা বা পরিচালনায় যে ব্যক্তি অভিজ্ঞ এবং সরকার মনোনীত করবেন তিনি হবেন এবং তিনজনের মধ্যে দু জন মিউনিসিপ্যালিটির কমিশনার হবেন। কিন্তু তৃতীয় ব্যক্তি স্বায়ত্তশাসন ব্যবস্থা পরিচালনায় অভিজ্ঞতা বা জ্ঞান সম্পন্ন যে ব্যক্তিকে সরকার মনোনীত করবেন। এখানে অবশ্যই অভিজ্ঞতা বা জ্ঞান সম্পন্ন হবেন তিনি যার কলকাতা পৌরসভা বা পৌর প্রশাসনে অভিজ্ঞতা আছে বলে তিনি মনোনীত হবেন তিনি হচ্ছেন এ্যাডমিনিস্ট্রেটর। সেটা আইনে লেখা নেই। কিন্তু এই বিলের পিছনে যে মানসিকতা আছে

তা হচ্ছে এ্যাডমিনিসট্রেটর। জবরদস্ত আমলারা তিনজন, জনপ্রতিনিধি মিউনিসিপ্যালিটির দু-জন এবং আরও একজন কলকাতার তরফ থেকে তিনিও বোধ হয় আমলাই হবেন। তারপর উপদেশ পরিষদ তার অবস্থা আরও সংগীন। এই উপদেশ পরিষদে ২২ জন থাকবেন।

[3-30 - 3-40p.m.]

মুখ্যমন্ত্রীকে বাদ দিলে এই ২২ জনের মধ্যে যে ৬ জনকে নিশ্চিতভাবে জনপ্রতিনিধি বলা যায় অর্থাৎ মিউনিসিপ্যাল কমিশনাররা এবং একজন এম. এল. এ এই মিলে তাদের মোট সংখ্যা হল পাঁচ, আর নিশ্চিতভাবে যারা বিভিন্ন সংস্থা থেকে আসা, শুধু সরকারী নয়, সরকারী কর্পোরেশন, ট্রাম ইত্যাদি অমুক-তমুক থেকে আসা তার বড় আমলাই হবেন—তাদের সংখ্যা হবে ১১। তাহলে দেখুন ২২—ছেড়ে দিন মুখ্যমন্ত্রীকে, তাহলে দাঁড়াল ২১, ২১-এর মধ্যে নির্বাচিত হলেন ৫ এবং বড় বড় আমলা হলেন ১১, এখন সেখানে ২ জন এক্সপার্ট নিয়োগ করার কথা সরকার বলছেন। আমরা এক্সপার্ট নিয়োগ করতে চাই, এক্সপার্ট থাকাই উচিত এবং বিশেষ জ্ঞান যাদের আছে, টেকনিক্যাল দক্ষতা যাদের আছে, তাদের থাকা দরকার কিন্তু তারাই যে বেসরকারী হবেন এইরকম কোন ব্যবস্থা এখানে দেখছি না, বিশেষ করে যে জায়গাটায় এই ক্লজটা আছে তার সামনে আমলা, পেছনে আমলা আর মাঝখানে হঠাৎ তারা সামলা হবেন এটা আমার বিশ্বাস হচ্ছে না। এখন আমি ধরে নিতে পারি এখানে আরো সরেস পরিস্থিতি হল। এই বোর্ড জনপ্রতিনিধিত্বের কথা বিবেচনা করবেন। রাষ্ট্রপতির শাসনের আমলে সবাই বলেন এই বিল রচিত হয়েছিল—তা সবাই আমরা জানি। রচনা যখন করা হয়েছিল কোন নির্বাচিত মন্ত্রিসভা ছিল না এটাও সকলে জানেন। সেই অবস্থায় আমলাতন্ত্রের বিপুল চাপ থাকবে এটাও আমরা জানি। তা সত্ত্বেও আমরা তো এই সব কথা বলছি, এখন একটা রিলেভ্যাণ্ড হয়ত আপত্তি উঠতে পারে। আপনি বললেন কি মশাই, এত বড় একটা কাজ তাতে যদি জ্ঞানীগুণী প্রশাসকেরা না থাকেন তাহলে সে কাজ চলবে কেমন করে? বিশেষ করে সংশ্লিষ্ট বিভাগের প্রধানদের আপেক্ষিক গুরুত্ব থাকবে না, তবে কি আপেক্ষিক গুরুত্ব থাকবে নির্বাচিত প্রতিনিধিদের? হলেনই বা তারা নির্বাচিত প্রতিনিধি, তাই বলে তাদের যোগ্যতা হবে? অধ্যক্ষ মহাশয়, এই কথা শুনে আমার একটা পুরানো গল্প মনে পড়ে যাচ্ছে, আবার গল্পটা এখন কবিতাতেও হচ্ছে। সুতরাং আমি এখানে উদ্ধৃতি না দিয়ে পাচ্ছি না। একটু সময় যদি যায় মাপ করে দেবেন—সেটা হল—

বিদ্যা বোঝাই বাবু মশাই চড়ে সখের বোটে
মাঝিরে কন বলতে পারিস সূর্য্যি কেন ওঠে
চাঁদটা কেন বাড়ে কমে জোয়ার কেন আসে
মূর্খ মাঝি অবাক হয়ে ফ্যালফ্যালিয়ে হাঁসে।
বাবু বলেন সারা জনম মরলি রে তুই খাটি
জ্ঞান বিনা তোর জীবনটা যে চারি আনায় মাটি।

এখন এইভাবে ক্ষেপে ক্ষেপে ১২টা জ্ঞানগত প্রশ্ন জিজ্ঞাসা করলেন এবং তার উত্তরে মাঝির কাছ থেকে নির্ভেজাল মূর্খতা পেয়ে বাবু সিদ্ধান্ত করলেন যে মাঝির জীবনের বারো আনাই বরবাদ। মাঝিতো খুবই বিমর্ষ, যাই হোক এমন সময় হবি তো হ'ভয়ঙ্কর তুফান উঠলো। তখন উল্টে মাঝি বাবুকে জিজ্ঞাসা করল, বাবু সাঁতার জান, বাবু বললেন না তো। তখন মাঝি বললো বিদ্যা বোঝায় বাবু মশাই এখন যে তোমার জীবনের ষোল আনায় বরবাদ হয়ে গেল—আমি বাঁচাই কি করে? তা এখন অধ্যক্ষ মহাশয়, এই কথা বলবার জন্য মনে করবেন না যে আমি সরস্বতী কিন্তু বিদ্যাস্থানে ভয়েবচঃ। তা নয় সরস্বতীর উপর আমার অগাধ আস্থা, দেবদেবীর উপর বিশ্বাস

থাক আর নাই থাক কিন্তু সরস্বতী এত বিদ্যারূপিণী তখন আমার বিদ্যার প্রতি খুব আগ্রহ কি বিদ্যা বোঝাই প্রশাসনিক কর্তারা হবেন কিনা এটা আমার সন্দেহ আছে। তবে এই কথা বলা বলে কেউ রাগ করবেন না। আমার কথাটা মোটেই এই নয় সি. এম. ডি. এ-তে নৌকাে কোন প্রশাসনিক বিদ্যা বোঝাই লোক থাকতে পারবেন না, অবশ্যই থাকতে পারবেন এবং থাকা তাদের উচিত। অবশ্য একজন টেকনিক্যাল লোক থাকবেন না, শুধু প্রশাসনিক কর্তারা থাকবে সরকারের তরফ থেকে নিশ্চয়ই এটা ভাববার কথা। যাই হোক প্রশাসনিক কর্তাদের থাকাে আমার কোন নালিশ নেই। এবং তাই শুধু নয়, প্রশাসনিক কথা হলেই যে তাদের বিদ্যা বোঝা বাবু মশাইদের মত হতে হবে, তাও কিন্তু আমার প্রতিপাদ্য নয়। যদিও অনেক ক্ষেত্রে বিদ্য বোঝাই বাবু মশাইদের মত হয়ে তাঁরা পড়েন এটা সত্যি কথা তবু ও অনেক দক্ষ প্রশাসক আছে সেই বিষয়ে সন্দেহ নাই। কিন্তু, অধ্যক্ষ মহাশয়, ইচ্ছা করেই হোক আর বাধ্য হয়েই হোক, বা বললাম এইজন্য আমার যাঁরা সতীর্থ আছেন এখানে তাঁরা একটু খেয়াল করবেন, জনসমু যাঁদের সাঁতার দিতে হয়, জনপ্রতিনিধিরা নিশ্চয়ই ওটা ভাববেন না, ভোর বেলা থেকে আর করে রাত্রি পর্যন্ত চললো চললো চললো, লোক আসে লোক আসে লোক আসে আপনি চান ব না চান। আপনার লোকের সঙ্গে সম্পর্ক রাখতেই হবে। সুতরাং ইচ্ছা করেই হোক আর বা করেই হোক জনসমুদ্রে যাঁরা অনবরত সাঁতরাচ্ছেন অর্থাৎ জন প্রতিনিধিরা, বিশেষ করে যেস কর্পোরেশন ও মিউনিসিপ্যাল এলাকায় কাজ হবে তার নির্বাচিত প্রতিনিধিরা আরো অধি সংখ্যায় যদি না থাকে, অধ্যক্ষ মহাশয়, তাহলে ১৬ জনই বরবাদ হয়ে যেতে পারে। এটা কি একেবারে অমূলক, অপ্রাসঙ্গিক? ভেবে দেখুন দেখি।

এবার আসুন আর এক সরেস আমলাতান্ত্রিক, অগণতান্ত্রিক ব্যাপার। অর্থাৎ গঠন পদ্ধ উপরোক্ত দু'টি সংস্থায় যে কয়েকজন জনপ্রতিনিধি স্থান পেয়েছে তাঁরাও আবার তাঁদের নি নিজ এলাকা থেকে নির্বাচিত হয়ে আসেন নি, সবাই রাজ্য সরকার কর্তৃক মনোনীত হবেন দেখুন, অধ্যক্ষ মহাশয়, এই মনোনয়ন এমন একটা বাই হয়ে উঠেছে—আমার ঠাকুরমার ভীষ শুচীবাই ছিল, আমারও প্রায়ই মনোনয়ন বাইএর কথা মনে পড়ছে। কি রকম দেখুন, ১৩ ন ধারার ৩নং উপধারায় বলা আছে যে উপদেশ-পরিষদের সভাপতি যখন উপদেশ পরিষদের সভা হ তখন উপদেশ-পরিষদের সভাপতি যদি উপস্থিত না থাকেন তাহলে সেই পরিষদ সভায় ে সভাপতিত্ব করবেন তাও পরিষদের মেম্বাররা ঠিক করবেন না, সভাপতি আগে থেকে মনোনয় করে রেখে দেবেন যে সভায় তিনি না থাকলে কে সভাপতিত্ব করবেন। ভেবে দেখুন আমি যা আমার ঠাকুরমার শুচীবাই এর কথা বলেই থাকি মনোনয়ন বিষয়েতে তাহলে কি এমন অপরা করেছি। কর্পোরেশনের কাউন্সীলাররা আসবেন, মিউনিসিপ্যালিটি থেকে কমিশনার আসবেন যাঁরা তাঁদের নির্বাচিত করবেন না। এইরকম ধারা ধরে ধরে গেলে দেখবেন শেষ পর্য এটা অসম্ভব। আমরা ত বলেছি যে আমলারা এটা রচনা করেছিল, তাদের জলাতঙ্কের ম নির্বাচন আতঙ্ক হওয়া অসম্ভব নয়। কিন্তু আমাদের এখানে এখন জনপ্রিয় সরকার হয়ে তাদের পক্ষে নিশ্চয়ই এই ব্যবস্থার সংশোধন করাটা এমন কিছু কঠিন কাজ নয় এবং আমা এটাই মনে হয়।

তারপর আর একটা কথা, এই বিলে প্রাধিকারকে অর্থাৎ কিনা যে অথরিটি তাকে খুব ছো করা হয়েছে এবং ছোট করে তার সঙ্গে সঙ্গে তাকেই বেশীর ভাগ ক্ষমতা দেওয়া হয়েছে এবং তা সঙ্গে বড় সংস্থা যেটা হচ্ছে উপদেশ পরিষদ তাকে উপদেশ দেওয়া ছাড়া আর কোন ক্ষমতাই দেওয় হয় নি। কিন্তু, অধ্যক্ষ মহাশয়, এটা কি ঠিক যে উন্নয়ন প্রকল্পের জন্য প্রতি বছর ৪৪ কোটি টাক খরচ হচ্ছে এবং বৎসরে বৎসরে আরো বাড়বে বলে যাতে আশ্বাস পাওয়া যাচ্ছে সেইরকম একট

সংস্থায় একটা ছোট বডির দরকার হতে পারে কাজ করবার জন্য কিন্তু তার পূর্ণ কর্তৃত্ব ; সেই ছোট বডিটার উপর থাকবে, অপেক্ষাকৃত বৃহত্তর যে সংস্থা সে খালি উপদেশ দিয়ে বেড়াবে, তার আর কোন কর্ম নেই এটা কি খুব গণতান্ত্রিক পদ্ধতি হল? আমার তা মনে হয় না। সেই দিক থেকে মনে হয় উপদেশ পরিষদ গঠনের, তার অধিকারের, বর্তমানে যে অধিকার রাখা হয়েছে, কয়েকটি নয়, একটি অধিকার রাখা হয়েছে উপদেশ দান তার বদলে বরং তাকে উচিত ছিল দেওয়া, সে উপদেশ পরিষদ না হয়ে সেটা পরিষদ হিসাবে ব্যবহার করে তাকে সেখানে যাতে প্রাধিকারের অর্থাৎ ডেভেলপমেণ্ট অথরিটির বাজেট, তার মূল কার্যধারা, কোন প্ল্যানকে কখন অগ্রাধিকার দিতে হবে, সভার সিদ্ধান্ত এ্যাপ্রুভ করা, ডিস-এ্যাপ্রুভ করা এবং কোন প্ল্যান কোন এজেন্সি কার্যকরী করবে, এই সব বিষয় সিদ্ধান্ত নেবার উপর, প্রাধিকারের উপর তাদের কিছু নিয়ন্ত্রণ, সামগ্রিক নিয়ন্ত্রণ, এটা খুব দরকার ছিল বলে আমার অন্ততঃ মনে হচ্ছে, অধ্যক্ষ মহাশয়।

[3-40—3-50 p.m.]

এই প্রসঙ্গে বলা যায়—অধ্যক্ষ মহাশয় চলে গিয়েছেন, উপাধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় আমার চাইতে ভাল ওয়াকিবহাল ছিলেন এবং এখানকার অনেক পুরানো মাননীয় সদস্যরাও ওয়াকিবহাল ছিলেন, ইতিপূর্বে যখন এই বিধানসভায় সি. এম. ডবলিউ. এ. বিল তৈরী হয়, তখন বিধান সভায় এইরকম একটা বিতর্ক উঠেছিল যে বড় একটা বডির অধিকার ছোট একটা বডির উপর থাকবে কি না—এইরকম একটা আইডেন্টিক্যাল অবস্থায় আসেনি, যতটুকু আমি জেনেছি পরবর্তীকালে এই বিধানসভায় এই সিদ্ধান্তই হয়েছিল যে বৃহত্তর সংস্থাকে গণতান্ত্রিকভাবে গঠন করে তার উপর সামগ্রিকভাবে খানিকটা পরিমাণে অধিকার দেওয়া হোক্। আমি একথা বলছিনা এমতাবস্থায় সি. এম. ডি. এ. বিল সি. এম. ডবলিউ এস এ বিলের মত হতে পারে। কিন্তু এটা মূল কথা, মূল নীতি স্বীকৃত হয়েছিল যে বৃহত্তর সংস্থাকে আরও গণতান্ত্রিক করা এবং সেই গণতান্ত্রিক সংস্থার খানিকটা অধিকার ক্ষুদ্রতর সংস্থার উপর প্রতিষ্ঠা করা। এই মূল কথা আমার মনে হয়, আরও গণতন্ত্র সম্মত। সেদিক থেকে আমি এই প্রস্তাব উপস্থিত করছি যে এক দিকে দু'টি সংস্থারই গণতান্ত্রিক চরিত্র আরও বৃদ্ধি করা হোক, অপর দিকে এই বৃহত্তর সংস্থাকে কেবল উপদেশ দেওয়ার জন্য মাঝে মাঝে মিটিং বসিয়ে এ্যাজ ফিক্সড বাই বলে এলাউয়েন্স ইত্যাদি নেওয়ার জন্য নেমন্তন্ন না করে তাদের এই বিষয়ে ল্যাজ উল্টে সত্যিকারের ভার দেওয়া হোক এই বিলে। অধ্যক্ষ মহাশয়, এই বিলের উদ্দেশ্য এবং হেতুর বিবরণে আছে, দু-নম্বর অনুচ্ছেদে আছে যে প্রায়োধিক আর্থিক এবং অন্যান্য সংগতির অভাবে দীর্ঘকাল প্রপীড়িত স্থানীয় প্রতিষ্ঠানগুলির মধ্যে পৌর কর্তৃত্ব যেভাবে ছড়াইয়া আছে এবং প্রশাসনিক কর্তৃপক্ষের সংখ্যা যেভাবে বাড়িয়া চলিয়াছে, সমগ্র অঞ্চলের পরিকল্পিত ও সুসমঞ্জস্য উন্নতিবিধানের পক্ষে তাহা অনুকুল ঘটনা নয়, এবং তারই জন্য এই মহানগরীর উন্নয়ন প্রাধিকার হচ্ছে। অধ্যক্ষ মহাশয়, প্রশাসনিক কর্তৃপক্ষের সংখ্যা যেভাবে বাড়িয়া চলিয়াছে তার কি মীমাংসা হল এই বিলের দ্বারা আমি ভাল বুঝতে পারি না। সি. এম. ডি. এ. হল, সি. এম. ডবলিউ এস. এ. রইল এবং শুনছি নাকি বিগত ২৬শে পর্বতের মিটিং-এ—আমার ভুল হলে আমায় সংশোধন করে দেবেন, এই রকম আমি শুনছি সি. এম. ডবলিউ এস. এ. এবং সি, এম, পি, ও. বিভিন্ন নিজস্ব এজেন্সী মারফৎ এবং বিভিন্ন এজেন্সী মারফৎ এই এলাকার মধ্যে যেসমস্ত নির্মাণ প্রকল্প করবে সেগুলি সি, এম ডবলিউ, এস, এ, ভবিষ্যতে সংরক্ষণ করবে। তার মানে সে জীবিত থাকবে। সি, এম, পি, ও তার কি হল, সি, এম, পি, ও, থাকবে। কেন একথা বলছি? ২৬শে তারিখে যে মিটিং হয়েছে তাতে যে রিভিউ পেশ করা হয়েছে তাতে ৪র্থ প্ল্যানে সি এম, পি, ও-এর আইটেম অব এক্সপেণ্ডিচার ধরা হয়েছে— অর্গানাইজেশনাল এক্সপেণ্ডিচার ১ কোটি ৪৭ লক্ষ টাকা। যদি সংস্থা জীবিত না থাকে তারজন্য

তো আর অর্গানাইজেশনাল এক্সপেণ্ডিচার হতে পারে না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি পরশুরামের ভুষণ্ডীর মাঠ পড়েছেন, আমার সতীর্থরাও নিশ্চয়ই অনেকে পড়েছেন, আর এই গল্প যিনি একবার পড়েছেন, তিনি তো আর তা ভুলতে পারবেন না, ভুলা সম্ভব নয়, সি. এম. ডি. এ. সি. এম. পি. ও., সি, এম, ডবলিউ, এস, এ, সব মিলিয়ে প্রশাসনিক কর্তৃত্বের যে মাল্‌টিপ্লিসিটি কমানোর জন্য বন্দোবস্ত করা হয়েছে তা দেখে আমার কি মনে হচ্ছে জানেন? শিবুর তিন জন্মের তিন স্ত্রী এবং নৃত্যকালীর তিন জন্মের তিন স্বামী আসিয়া এমন কাণ্ড আরম্ভ করল যে ভুষণ্ডীর মাঠে কাক পর্য্যন্ত পড়া কঠিন হইয়া পড়িল।

এরকম ৩টি কাকের তৈরী ৩টি সংস্থায় সকলে থাকবেন এবং প্রশাসনিক বন্দোবস্ত কমপ্লিট হয়ে যাবে এরকম কোন যাদুমন্ত্র আমার জানা নেই। কাজেই ভুষণ্ডীর মাঠে তাকানোর জন্য জনপ্রিয় মন্ত্রিমণ্ডলী নিশ্চয়ই ব্যবস্থা করবেন। সি. এম. ডি. এ এবং সি. এম. ডবলিউ. এস. এ-কে আপনারা একসঙ্গে করে দিতে পারেন। সি. এম. ডি, এ এবং সি. এম. ডবলিউ. এস্. এ. মিলে নূতন সংস্থা তৈরী হতে পারে। সি. এম. ডি. এ একটা ষ্ট্যাটুটরি বডি তারা ২জন না হয় মিলল। সি. এম. পি ও একটা সরকারী বডি তাঁদের সঙ্গে গিয়ে মিলবে এটা আপনারা হয়ত বলতে পারেন। কিন্তু তারও প্রতিকার আছে। আজকে রেডিওতে শুনলাম এবং শুনে খুব আনন্দিত হলাম যে, আমাদের পশ্চিমবাংলার বর্তমান সরকার একটা নূতন পরিকল্পনা সংস্থা তৈরী করবেন যে পরিকল্পনা সংস্থা সমগ্র পশ্চিমবাংলার উন্নয়নের জন্য পরিকল্পনা করবেন ষ্টেট প্ল্যানিং বোর্ড। এটা ভাল কথা। এটা হওয়া সব দিক থেকেই প্রয়োজন এটা সকলেই বলছেন। এই ষ্টেট প্ল্যানিং বোর্ডের হাতে সমগ্র রাজ্যের শিল্প, কৃষি পরিবহন, নগর উন্নয়ন, আঞ্চলিক পরিকল্পনা ইত্যাদি মাষ্টার প্ল্যান তৈরী করবার জন্য নিশ্চয়ই ভার দেবেন এটা আমরা ধরে নিতে পারি। সি. এম. পি. ও-কে সেই মাষ্টার প্ল্যান তৈরী করবার জন্য সি. এম. ডি এ র যে অঞ্চল তার ভার যদি দেন, সি. এম. পি ও-কে তার এজেন্সী হিসাবে যদি কাজ করান তাহলে আপনারা বলছেন মাল্টিপ্লিসিটি হবে না। আবার আপনারাই বলছেন সি. এম. পি. ও রাখা যেতে পারে। কিন্তু যদি মার্জনা করতে পারি তাহলে এই মূলমাষ্টার প্ল্যান তৈরী করবার কাজ তাদের হাতে দেওয়া উচিত। সি. এম. ডি. এ এবং সি. এম. ডবলিউ. এস্. এ. মিলে কি হতে পারে? তারা সেই রচিত মাষ্টার প্ল্যানকে একজিকিউট করবার যে প্ল্যান, অপারেট করবার যে প্ল্যান, তার বিস্তৃত বিবরণ, কিভাবে এবং কি কায়দায় মাষ্টার প্ল্যান তৈরী হবে সেটা এই সি. এম. ডি. এ. এবং সি. এম. ডবলিউ. এস্. এ. মিলে একসঙ্গে করতে পারেন। তাছাড়া বিভিন্ন এজেন্সীর মাধ্যমে একে কাজে পারণত করবার চেষ্টা চরিত্রও তারা করতে পারেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই আইনের মধ্যে আরও দুটি জিনিষ যা পড়েছিলাম তার একটি হচ্ছে প্রশাসনিক সংস্থা যাতে বেশী না হয় এবং আর একটি হচ্ছে প্রায়গিক, আর্থিক এবং অন্যান্য সংগতির অভাবে দীর্ঘকাল প্রপীড়িত স্থানীয় প্রতিষ্ঠানগুলির মধ্যে পৌর কর্তৃত্ব যেভাবে ছড়িয়ে আছে তার প্রতিকার করবার জন্যই নাকি এই সি. এম. ডি. এ। স্বভাবতঃই এই প্রতিকারটা যারা এইসব পৌর এলাকায় ছড়িয়ে আছে অর্থাত ৩৫টি মিউনিসিপ্যালিটি এবং পঞ্চায়েত তাঁরা চান। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে মিউনিসিপ্যালিটির যাঁরা কর্মকর্তা আছেন তাঁরা নিশ্চয়ই এই বিষয় বলবেন। সি. এম. ডি. এ তৈরীর ব্যাপারে বর্তমানে যখন অনেক টাকা লেগে গেছে তখন একটা কথা উকিঝুকি দিচ্ছে যে, এই প্রায়গিক বন্দোবস্তকে আরও গোছানোর জন্য তবে কি এটা হয়েছে যে এই মিউনিসিপ্যালিটি-গুলিকে দিয়ে আগামী দিনে বেশী কাজ না করিয়ে সি. এম ডি. এ-কে দিয়ে প্রত্যক্ষভাবে বেশী কাজ করানোর দিকে ঝোঁক দেবেন? এখন পর্যন্ত তার প্রাকটিস্ নেই, এখন পর্যন্ত বরং তার উল্টোটাই দেখছি। সি. এম. ডি. এ. নিজে ১টি—২টি কাজ করছেন, সি. এম. পি. ও-র কাছ

থেকে তাঁরা প্ল্যান নিয়ে আসছেন, অপরাপর সংস্থাগুলির কাছ থেকে প্ল্যান নিয়ে আসছেন এ সেটা অপরাপর এজেন্সীকে দিয়েকরাচ্ছেন এবং সেই করানোর ভেতরে মেট্রোপলিটন এলাকাগুলি বড় এজেন্সী। কিন্তু তাহলেও একটা ভয় এইসমস্ত মিউনিসিপ্যালিটিগুলির মনে উকিঝুঁ দিচ্ছেন কারণ তাঁরা জানেন আমলাতান্ত্রিক কাঠামো যদি থাকে সেই আমলাতন্ত্রের নির্বাচি প্রতিনিধিরা তাঁদের বড় একটা পছন্দ করবেন না। এই ভয় তাঁদের আছে। এই ভয় যে ঠি নয় এটা অবশ্য ভবিষ্যতে প্রমাণ করবে এবং আমি আশা করি এটা হবেনা। এটা বাদ দিয়ে ৩৩ পৌর অঞ্চলকে প্রশাসনিক দিক থেকে যদি সুবিধা দিতে হয় তাহলে বড় ছোট না রেখে তাদে একসঙ্গে করে একটা এলাকা করে দিন। অর্থাত যাঁরা জননেতা, মাঝারি ধরণের নেতা বা যাঁ কমিশনার ধরণের নেতা হিসাবে পরিচিত হয়েছেন তাঁদের ব্যাপকভাবে এইকাজে যুক্ত করে রাখা জন্য একটা ব্যবস্থা এই মিউনিসিপ্যালিটিগুলিকে এজেন্সী করার ভেতর দিয়ে রাখতে হবে এটাকে কোনভাবে এড়িয়ে যাবার চেষ্টা করা নিশ্চয়ই উচিত হবে বলে আমি মনে করি না।

[ 3-50—4-00 p.m. ]

এখন হচ্ছে কি জানেন, সম্প্রতিকালে কলকাতা কর্পোরেশনের নানাপ্রকার অযোগ্যতা দেখ দিয়েছে এবং কলিকাতা কর্পোরেশনের সুপারসেশনের পরে—তার আগে হয়তো কিছু ছিল কিং সম্প্রতি যেন একটা শোনা যাচ্ছে ঐ সমস্ত নির্বাচিত পৌর সংস্থাগুলো একেবারে দুর্নীতির আড্ডা এই বিষয়ে আমি বলতে চাই যে কলকাতা কর্পোরেশনের আজ যা দোষ থেকে থাকুক না কে সি, এম, ডি,এ, যে বস্তী উন্নয়ন পরিকল্পনা করেছিলেন, তাতে সি, এম, ডি, এ, যেটুকু প্রত্যক্ষ কাজ করেছিলেন, কলকাতা কর্পোরেশন তার চেয়ে খুব একটা খারাপ করেছে বলে আমার জানা নেই এবং তারা যা খরচের হিসাব দিয়েছেন তাতে সি, এম, ডি, এ, যেমন বরাদ্দ টাকা থেকে কিছু বেশী খরচ করতে পেরেছেন, কলকাতা কর্পোরেশনও সেই খাতে অন্ততঃ কিছু বেশী টাকা খরচ করতে পেরেছেন। যদিও সি, এম, ডি, এর অপরাপর পরিকল্পনার অনেক কিছুই কলকাতা কর্পোরেশন আদৌ খরচ করে উঠতে পারেনি। তাছাড়া এই বিষয়ে সন্দেহ নেই, তখনও কলকাতা কর্পোরেশনের সাধারণ অবস্থা খুব গোলমেলে হয়ে দাঁড়িয়েছিল। কিন্তু তাই বলে নির্বাচিত প্রতিনিধি মাত্রই গোলমাল করেছে, এইরকম ধারনা যদি কারও হয়ে থাকে, সেটা মোটেই ভাল হবে না এবং বাস্তবিক পক্ষে ঘটনাবলীও তা সাক্ষ্য দেয়। দেখুন ২৮শে এপ্রিল সি. এম. পি. ও যে সমস্ত এজেন্সিকে দিয়ে কাজ করান, সেইসমস্ত এজেন্সিরা কত টাকা খরচ করেছে, তার যে বিবরণ তাঁরা পেশ করেছেন তাতে দেখা যায় যে ১৯৭১-৭২ সালে আদায় মিউনিসিপ্যালিটিকে যা কিছু কাজ করবার জন্য সি. এম. ডি. এ. দিয়েছিল তার মোট টাকা বরাদ্দ ছিল ২'কোটি এগার লক্ষ টাকা। সেই আদার মিউনিসিপ্যালিটিজ,তারা নিশ্চয়ই খরচ করেছেন এবং ২'কোটি পঁচিশ লক্ষ টাকা বরং তারা খরচ করেছে। সুতরাং আদার মিউনিসিপ্যালিটিজ—তাদের পারফরমেন্সের দিক থেকে তারা কিছু খারাপ কাজ করেছে বলে দেখা যাচ্ছে না, বরং ভাল করেছে। আমি আবার বলছি এই বিল এমন নয় যে আদার মিউনিসিপ্যালিটিজ দিয়ে কাজ করাবেন না বরং এখনও করাচ্ছেন, কিন্তু এ বিষয়ে যেন—ভবিষ্যতে কাজকর্মের দিক থেকে এইরকমই করানো যায় যে বিভিন্ন সংস্থাকে দিয়ে সি. এম. ডি. এ. যে কাজকর্ম করাবেন, তার মধ্যে মিউনিসিপ্যালিটিগুলো একটা বড় স্থান অধিকার করে থাকে, কারণ সেখানে সি. এম. ডি. এ.-র প্রত্যক্ষ সংস্থা এবং অন্যান্য সংস্থা, এই বিষয়ে বেশ ভাল কাজ করেছে। একদম করেনি তা আমি মোটেই বলবো না। এইরকম বিশেষ কিছু সংস্থা আছে সেইসমস্ত বিষয় আজকে আলোচ্য বস্তু নয়, এবং আমি বলছিও না। কিন্তু আজকে আমার কথা হচ্ছে জনপ্রতিনিধিদের ব্যাপারে তাদের হাতে একজিকিউটিভ পাওয়ারটা—আর একটু এগিয়ে দেবার দিক থেকে আমি এই কথাগুলো উল্লেখ করছি। আর একটা কথা

হচ্ছে এই সি. এম. ডি. এ. সম্বন্ধে আমরা যে এত সমালোচনা করলাম, আপনারা বলতে পারেন—কিন্তু বাস্তবটা তা নয়, সাম্প্রতিককালে সি. এম. ডি. এ. যা কাজ কর্ম করেছে তাতে লোকের মনে অনেক আশা হচ্ছে যে টাকা পয়সা আসছে। তার একটু পরীক্ষা হওয়া দরকার সরেজমিনে যে কতখানি ভাল মন্দ হয়েছে। তার দু-একটা উদাহরণ আমি দিচ্ছি। প্রথম কথা বলে রাখি, সভায় কথা উঠেছে যে সি. এম. ডি. এ. মেলাই টাকা নিয়ে এসেছে-- এই বিষয়টা আমাদের সি. এম. ডি. এ.-র উপর রাগ নয়, নিশ্চয়ই তারা আনবে। কিন্তু সত্য কথাটা লোকের কাছে স্পষ্ট করে বলা দরকার। ৪০ কোটি টাকা ১৯৭১-৭২ সালে সি. এম. ডি. এ. পেয়েছে এটা তারা নিজেরা বলেছে, তাদের রিপোর্টে আছে। তার মধ্যে টাকা কোথা থেকে এসেছে—৯ কোটি ৩৭ লক্ষ টাকা এর আগের বছর যা বেঁচেছিল তা থেকে—পশ্চিমবঙ্গ ষ্টেট প্লানিং-এর বরাদ্দ থেকে ৯ কোটি ৫৪ লক্ষ টাকা—এন্ট্রি ট্যাক্স থেকে এবং ৪ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের থেকে পাওয়া বস্তির জন্য অনুদান ৩ কোটি ১২ লক্ষ, বিশেষ কেন্দ্রীয় ঋণ ৪ কোটি। আর বাজার ছেকে নেওয়া ঋণ ৮কোটি ২৫ লক্ষ টাকা এবং Bank overdraft ছিল ১কোটি ৫৪ লক্ষ টাকা। তাহলে দেখা যাচ্ছে বিভিন্ন খাতে যে টাকা তাঁরা পেয়েছেন ও খরচ করেছেন তার সিংহভাগই হচ্ছে সরকারী টাকা। এই টাকা সরকার C. M. D. A.-র হাতে তুলে দিলেন। শেষে যে ৮কোটি ২৫ লক্ষ টাকা এটা বলা যায় C. M. D. A. মার্কেট লোন নিয়েছেন। টাকার ব্যাপারে বলা যায় এই সংস্থা বিপুল গৌরবে উদ্ভাসিত একটা রেকর্ড। এই সরকারের দেওয়া এত টাকা এটা আসল কথা নয়। এই বিলে বলা হয়েছে—পরিকল্পনা করবেন, রূপায়ণ, সমস্ত কিছু বিধান করবেন নিশ্চয়ই C. M. D. A. এ অনেক উন্নয়নমূলক কাজ হচ্ছে— তাতে লোকে আনন্দিত হচ্ছে—তাতে এ বিষয়ে কোন সন্দেহ নাই। আগেই বলেছি C. M. D. A. পরের দেওয়া পরিকল্পনা নিয়ে কাজে এগিয়েছেন, পরিকল্পনা নিজে করেন নাই, কাজে এগোবার সময় ঐ execution planningটা ঠিকমত হচ্ছে কি না তা ফলেন পরিচিয়তে। কিন্তু তার পরিচয় এখনো পুরা পাওয়া যাচ্ছে না।

বস্তি উন্নয়নের যে পরিকল্পনা তা C. M. D. A. plan নয়, প্রধানতঃ C. M. P. O.-র কাছ থেকে নেওয়া। এর physical planning করা হয় নাই,—তাই আশংকা –কেবল কাগজের প্ল্যানের উপর দাগ কেটে execution হচ্ছে এদের দ্বারা C. M. P. O.-র নিজস্ব এজেন্সি নিয়েছে যেন C. M. D. A.

একটা উদাহরণ দেই—খিদিরপুরে বস্তির প্রয়ঃপ্রণালী যেটা তৈরী হয়েছে তার পাইপের ডায়েমিটার হলো ১২ইঞ্চি ; সেই প্রয়ঃপ্রণালী যখন গিয়ে কর্পোরেশনের পয়ঃপ্রণালীতে পড়লো, যেখানে কর্পোরেশনের পাইপের ডায়েমিটার ৯ইঞ্চি। বলুন তো এটা কি করে সম্ভব হবে ১২ইঞ্চি ব্যাসের পাইপের ময়লা ৯ইঞ্চি ব্যাসের পাইপের মধ্য দিয়ে নেওয়া ? কাজেই execution-এর সময় একটা physical checking আনা প্রত্যেক কাজের। এদিক থেকে কাজের রেকর্ডটাকে মোটেই উজ্জ্বল বলা যাচ্ছে না।

তারপর material planning সম্বন্ধে কোন কথা বললে হয়ত আপনারা রাগ করবেন জানি। তবু একটু না বলে উপায় নাই। যেখানে ৪০কোটি টাকার উপর কাজ হবে, কলকাতায় সেখানে ১০কোটি টাকার মালমসলা সরবরাহের সুষ্ঠু ব্যবস্থা নাই—না সিমেণ্ট, না ইস্পাত ইত্যাদি, ওয়াগন নাই। Wagon shortage, wagon shortage, wagon shortage—এই সব কথা শুনছি। এটা বাস্তব ঘটনা। এটা বুঝি তবু সুষ্ঠু প্লানিং করতে হবে এবং সেইরকমভাবে material planning যদি C.M.D.A. না করেন, তাহলে কাজের সময় মুস্কিল দেখা দিতে বাধ্য—মুস্কিল দেখা দেবে।

আর বেশী বলবো না, এবার শেষ করে এনেছি। নমুনা যা দেখছি, সেই সম্বন্ধে একটু অভিযোগ করছি। পরীক্ষায় পাশ করিয়ে নিয়ে অভিযোগকে ফেল করিয়ে দেবেন—তা মোটেই আমি অনুভব করছি না।

তারপর C. M. D. A.-এর প্রচার কার্য্য কি রকম চলছে তার কথা একটু বলা দরকার এই প্রচার কার্য্যের জন্য নাকি ১২ লক্ষ টাকা খরচ হয়েছে জানি না সত্যি কি না। তবে আমার বাড়ীতে তো বেশ মোটা চক্‌ চকে কাগজ পত্র এসে পৌচেছে। হয়ত C. M. D. A. আরো ভাল করে থাকতে পারে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীর কাছে বলতে চাই—relevant সমালোচনা নীতিগত সমালোচনা আমি এখানে উপস্থিত করেছি এবং আমার amendment-ও আমি move করেছি। আমি আশা করি আপনার এর অন্তর্নিহিত প্রধান Spirit ও বক্তব্য অগণতান্ত্রিক Sting, আমলাতান্ত্রিক নির্ভরতার দোষ ত্রুটি সম্বন্ধে যে যে অভিযোগ করেছি তা দূর করবার জন্য যা উপযুক্ত ব্যবস্থা তাই গ্রহণ করবেন, তা না হলে পশ্চিমবঙ্গের হৃদপিণ্ড এই কলকাতা—তাকে টাকা দিয়েও উদ্ধার করা যাবে না।

[4-00—4-10 p.m.]

**Shri Abdur Rauf Ansari**: Mr. Deputy Speaker, Sir, I whole-heartedly support this Calcutta Metropolitan Development Authority Bill, 1972, which has been placed by the Minister of State. Sir, you know this is an era of science, technology and planning. While these are developing similarly human requirements are also developing by leaps and bounds. Now the State of West Bengal and this city of Calcutta and its suburbs have their problems. In order to fight the growing population and the problems arising out of this growing population and in order to meet the civic amenities of the human being residing in Calcutta, in the greater part of Calcutta, may I say, in the whole of West Bengal, it is very much essential that the State should come forward with certain plans. It is really a very happy thing and it is a pleasure that at least this Government has come forward with a planning for 35 Municipalities and two Corporation, You know, Sir, most of these civic bodies of West Bengal, may I say, of the country—you will find from books of the accounts, the balance and the accounting system—are mostly lacking in the fund. Most of them finish their balance at the end of the month in order to meet the establishment charges, So what to speak of planning for development. It is a problem for the municipalities even to meet the contractors' bills, to keep the maintenance from day to day and so how can they think for development and planning ? So to fight the problems arising out of the civic requirements the emergence of this C. M. D. A. has brought a blessing in disguise to many people in the matter of civic amenities. Mr. Deputy Speaker, Sir, you go to Chowringhee, you will find palatial and attractive buildings and air-conditioned hotels If you go hundred yards east of Chowringhee you will find that men are living in the bustees in inhuman way. I live in that area. I have seen their conditions. C. M. D. A. came there to a great rescue of these people. They had never thought that they would see electric light, they had never thought that there would be electric bulbs, they had never thought that they would be relieved from service privy, they had never expected that their drainage system would be improved because they had very limited resources of their own to improve it. But the C. M. D. A. had started their operation for improvement of these bustees and

even now they are working for this purpose. I find now that their privies have been remodelled Their kutcha roads have been made pucca. You know, Sir, in the rainy season particularly in Calcutta some of the roads are full of water and muds and all that, and the condition of the bustee people becomes too bad. It was the C M D A who came into operation and worked for their improvement. Now it is gradually improving. As I have said some of the kutcha roads have been made pucca and some other roads are going to be pucca. These things have not been done so far due to financial in capacity of the landlords and due to poverty of the people living their. Their latrines were out of date, they could not remodel it, they could not construct and remodel anything up-to-date as they have no financial capacity but the C. M. D. A had come to help them and had improved a lot and would continue to improve. The C M D A is a planning body and in the Calcutta Corporation it is functioning within 35 municipalities including two Corporations it is functioning.

Of course, the performance is not so speedy as it was expected. But there are other factors also I came to these bustees in 1970, in the beginning of January. The work, for improving these bustees, was taken up then but even today it has not been completed in the Calcutta Corporation area. Similarly there are various other factors, one of the important factors is that the Calcutta Corporation has got limited number of contractors in the city who are working. I think they have the capacity of 10 thousand, but they have secured the contracts of 10 to 12 lakhs. What they are doing ? They have started work in one bustee but the work is not up to the mark. Then they take up another bustee. When there is hue and cry in the other bustee they accelerate their speed in that bustee Things are going on in these ways and hence the delay. Sir, we have got young, educated, unemployed engineers. Let us make some co-operative societies and employ the engineers. Give them a chance and if they come forward and take up the work in Calcutta and outside in the other municipalities which come under the C. M. D. A., I think, they will do the work in a better way, and they will do the work efficiently, patriotically and speedily also Sir, C. M. D. A. cannot do the work alone because there are other municipalities. They have also been given certain amount of help. These municipalities have other difficulties. They have not got the technicians, they are lacking in men, they are lacking in technicians, lacking in engineering staff. So the subsidy comes from the C. M. D. A. Of course the Calcutta Corporation have enough men and they have their own way of working. But sometimes the C. M. D. A. also helps them and in fact, in most of the cases the C. M. D. A. is helping in their work. Formerly, the C. M. D. A. came into existence only with the purpose of undertaking drainage schemes and water supply schemes and a few other things. But I am very happy to know that the C. M. D. A. has increased and expanded the area of its activities. It is not only limited to water supply and drainage schemes now but it has extended its area of activity to the field of education and even to burning ghats and burial grounds. They are also going to give subsidy to these. Sir, I have got much to say but the time is very short, I support this Bill because I think that it has brought blessing in disguise to the people of Calcatta, to the people living in the bustee area although some may say that the bustee area has given birth to the anti-social elements. But the problem is very serious. We have pledged ourselves to 'Garibi Hatao' to bring socialism and to improve their living conditions. That is our commitment. In order to fulfil this commitment the C. M. D. A. is coming forward. The poorer sections of the people never dreamt that their bustees would be converted into pucca buildings, there would be good drainage system because they had no money to do all these things out of their own money. So naturally,

they are grateful to the C. M. D. A. for providing them with such civic amenities as are enjoyed by the people residing in the Chowringhee area. Now, one thing I must say, Sir, that from amongst these bustee peoples there are students who are getting positions in the University Examinations, getting ranks from first to tenth places although it may be a fact that the anti-social elements give birth to their children there. Their children also occupy high class marks in the Higher Secondary Examination, in the High School Examination and in the Pre-University Examination. Sir, the C. M. D. A is helping them in order to remove their poverty, to bring in socialism and so on and so forth.

(At this stage the red light was lit)

Sir, I do not want to violate your orders, The red signal is always an alarming signal. Once again I say that I whole-heartedly support this Bill The Authority will be composed of 7 men of which four persons are elected and three persons are from the Government side along with the Chief Minister who is very much competent. The Bill has been drafted in a very nice way and I do not think any change is necessary, Proper thinking has been given on it for the efficient running of the C. M D A. I again support the Bill and I think the entire House will support it. Thank you.

[4-10—4-20 p.m.]

**শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি, এম, ডি-এর বিলের আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে সর্বপ্রথম আমি বলি সরকার বর্তমানে যে সমস্ত প্রকল্প গ্রহণ করছেন সেই প্রকল্পে সমস্ত সার্থক রূপদান হবে তখনই, যখন সরকারী আমলারা ঠিকমত কাজ করবেন। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে সরকারী আমলাদের কাজের তদারক করুন, তাদের প্রতি নজর রাখুন। কলকাতার একটা বিরাট অঞ্চল হচ্ছে বস্তি। এই বস্তি অঞ্চলের কথা বলতে গিয়ে আমি এ কথা বলবো যে আজকের দিনে একজন মানুষ শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বা বড় বড় অট্টালিকায় বাস করবেন আর একজন মানুষ বস্তির নরককুণ্ডের মধ্যে বাস করবেন, এটা কখনই হতে পারে না—সমর্থন করা যায় না। তাই আমি বস্তি উন্নয়নের প্রসঙ্গে আপনার মাধ্যমে একটা প্রস্তাব রাখছি। এই বস্তিবাসীদের উচ্ছেদ না করে বস্তির উপর আচ্ছাদন দিয়ে ঢালাই করতে হবে এবং তার উপরে কতকগুলি কক্ষ নির্মাণ করতে হবে। নিচের বস্তিবাসীরা উপরের নির্মিত কক্ষে উঠে যেতে পারবেন। তারপর যখন নিচের বস্তি ফাঁকা হয়ে যাবে তখন সেগুলি ভেঙ্গে দিয়ে সেখানে বাজার তৈরী করা যাবে এবং সেই বাজারের উপরের বস্তিবাসীরা কেনাবেচা করতে পারবেন এবং এর দ্বারা বর্তবানে হর্কাসদের সমস্যার একটা সমাধান করা সম্ভব হবে। এই সি, এম, ডি, এ-র বিলে আলোচনায় অংশ গ্রহণ করে আপনার মাধ্যমে সরকারের একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে সরকার শুধু মাত্র কলকাতার উন্নতির জন্য ব্যস্ত। কলকাতার উন্নতির জন্য সি, এম, ডি, এ, করছেন, হাওড়ায় দ্বিতীয় সেতু নির্মাণ ও অন্যান্য প্রকল্প বলছি আমাদের এগুলি প্রয়োজন আছে। কিন্তু সেই প্রসঙ্গে আমি একথা বলতে চাই যে আমাদের গ্রামবাংলার কথাও যেন সরকার চিন্তা করেন। আমি গ্রামবাংলা থেকে এসেছি আমি বলতে চাই যে সরকার যেন গ্রামবাংলার উন্নতির জন্য সচেষ্ট হন গ্রামবাংলার মধ্যে একটা দারুন ভয়াবহ পরিস্থিতি বর্তমানে বিরাজ করছে, সেখানে বিরাট একটা বেকার সমস্যা রয়েছে। বর্ষারদিনে সেখানে রাস্তা ঘাটের যে অবস্থা হয় তা নিশ্চয়ই আমাদের অনেক সদস্যই জানেন। সঙ্গে সঙ্গে আমি গরীব ভাইবোনদের কথা বলতে চাই, যাদের চালে খড় নাই, অন্ন নাই, বস্ত্র নাই পশ্চিমবাংলার এক বৃহৎ অংশ হচ্ছে এই গ্রামবাংলা। গ্রামবাংলার কথা বিশেষভাবে চিন্তা করতে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। হাওড়ায় দ্বিতীয়

সেতু নির্মাণ করা হচ্ছে কলকাতার উপর চাপ কমাবার জন্য কিন্তু আমি বলবো যে একটি, দুটি, তিনটি সেতুও যদি করেন তাহলেও কলকাতার উপর চাপ কমান সম্ভব হবে না। কলকাতার চাপ যদি কমাতে হয় তাহলে স্বর্গত বিধানচন্দ্র রায়-এর যে পরিকল্পনা সেই পরিকল্পনা গ্রহণ করতে হবে। এই পরিকল্পনায় আছে কলকাতার বড় বড় অফিসগুলিকে স্থানান্তরিত করতে হবে। কল্যাণী, বর্ধমান, হুগলীর বিভিন্ন জায়গায় অফিসগুলিকে সরিয়ে যদি নেওয়া হয় তাহলে কলকাতার উপর চাপ কমবে তা নাহলে এই চাপ কমান যাবে না। আজকে আনন্দবাজার পত্রিকার একটি বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বরুণ সেনগুপ্তের একটি আর্টিকেলের একটা হিসাবে জানা যায় যে সি, এম, ডি-এর নানা কাজকর্মে বৃহত্তর কলকাতায় প্রায় ২০ হাজার লোকের কর্মসংস্থান হয়েছে এর মধ্যে ১৮ হাজার লোক অন্য রাজ্যের এবং মাত্র ২হাজার হচ্ছে স্থানীয় বেকার। এটা একটা বিরাট বৈষম্য। এ বিষয়ে খুব দ্রুত একটা কিছু করা চাই—স্থানীয় বেকারদের নিয়োগের জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে বলতে চাই যে আজকে পশ্চিমবঙ্গে যে ভয়াবহ বেকার সমস্যা রয়েছে সেই বেকার সমস্যাকে যদি দূর করতে হয় তাহলে স্থানীয় লোকেদের অগ্রাধিকার দিতে হবে, এবং বাঙ্গালী বেকারদের অধিক নিয়োগ করতে হবে, এই প্রস্তাব আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি আপনার মাধ্যমে। আমি এই প্রসঙ্গে বলবো যে, গ্রামবাংলার উন্নতির জন্য সরকারকে ভিন্ন ভিন্ন অংশে সমগ্র পশ্চিমবাংলাকে ভাগ করে যদি এক একটা জোনাল ডেভেলাপমেণ্ট কাউন্সিল তৈরী করেন তাহলে নিশ্চয়ই এটার দ্বারা গ্রামবাংলার সমস্যার কিছু অংশ দূর হবে।

পরিশেষে আমি আর একটি কথা নিবেদন করবো যে বর্তমান সি, এম, ডি, এ-র কাজের দিকটা কতটা হচ্ছে সেটা এই বিলের মাধ্যমে আমাদের কাছে পৌঁছে দেওয়া হয় নি। কিন্তু প্রচারের পরিমাণটা অধিক সংখ্যায় হচ্ছে এবং এই প্রচারের জন্য সরকারের অর্ধেক অর্থ ব্যয় করা হচ্ছে। কিছুদিন পূর্বে মাননীয় রাজ্যপাল মহাশয় একটি লেখার মাধ্যমে সি, এম, ডি, এ-র মধ্যে অনেক উন্নত ধরনের প্রকল্পের কথা বলেছিলেন। কিন্তু এই বর্তমান প্রকল্পটি সেই রাজ্যপালের ভাষণের সঙ্গে কিছুটা তফাৎ আছে, এটা আমি লক্ষ্য করছি। তাই এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং সেই সঙ্গে সঙ্গে গ্রামবাংলা যে পশ্চিমবঙ্গের বৃহৎ অংশ, সেই গ্রামবাংলার উন্নতির জন্য আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে আমি বলব যদি দেশের বিরাট অংশ যে গ্রামবাংলা সেই গ্রামবাংলাকে উপেক্ষা করে শুধুমাত্র কলকাতার উন্নতির জন্য সরকার সচেষ্ট হন তাহলে পরে এই সরকারের পতন অবশ্যম্ভাবী, আজ না হোক, কাল কিম্বা ১০বছর বাদে এই সরকারের পতন হবেই। সমস্ত শরীরকে প্রতারণা করে যদি কেবল মুখে রক্ত সঞ্চালন হয় তাহলে তাকে যেমন স্বাস্থ্য বলা যায় না, তেমনি পশ্চিমবঙ্গের যে বৃহৎ অংশ গ্রামবাংলা সেই অংশকে বাদ দিয়ে শুধু কলকাতার উন্নতির জন্য যদি সরকার সচেষ্ট হন তাহলে সমগ্র দেশের উন্নতি, দেশের অগ্রগতি হবে বলে আমি মনে করতে পারি না। জয়হিন্দ।

**শ্রীশিশির কুমার ঘোষ ঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার নামে যে সংশোধনী প্রচারিত হয়েছে তার মধ্যে কিছুটা ত্রুটি আছে, সেটা আমি প্রথমে সংশোধনের জন্য বলছি। ৫ (এইচ) যেটা আছে সেটা হবে eleven elected representatives of the municipal corporations and other municipalities within the Calcutta Municipal Area. এটা ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়া হবে, বোধ হয় মিউনিসপ্যাল এরিয়া লেখা আছে।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনি ক্লজের কথা যেটা বলছেন সেটা সেকেণ্ড রিডিং-এ বলবেন। যখন ক্লজ বাই ক্লজ ধরা হবে তখন আপনি এটা বলবেন। আপনি যদি এ্যামেণ্ডমেণ্ট করেন

তাহলে সেটা সেকেণ্ড রিডিং-এ বলবেন। এখন এমনি আপনার যা বক্তব্য সেটা বলুন। ক্লজ নিয়ে যখন আমরা ধরবো তখন আপনি বলবেন।

**শ্রীশিশির কুমার ঘোষ:** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, সি, এম, ডি, এ, বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে এই কথা প্রত্যেক সদস্যই বলবেন যে অনেক দিনের অবহেলিত কলকাতা মহানগরীর এখন এই সি, এম, ডি, এ-র মাধ্যমে যেভাবে উন্নতি করবার চেষ্টা করা হচ্ছে তাতে পৌর অঞ্চল এবং কলকাতা সহর সকলেই আনন্দিত। কিন্তু এই প্রকল্পকে সঠিকভাবে রূপ দিতে গেলে যাদের মাধ্যমে রূপ দেওয়া হবে সেই সম্পর্কে আজ বিভিন্ন বক্তা তাঁদের বক্তব্য তুলেছেন, আমিও আমার বক্তব্য রাখছি। কেবলমাত্র যদি আমলাদের উপর এত বড় প্রকল্পের রূপ দেবার চেষ্টা করা হয় তাহলে আমি মনে করি যে এই এত বড় প্রকল্পকে সঠিকভাবে রূপ দেওয়া যাবে না। ডেপুটি স্পীকার মহাশয়, যারা বিভিন্ন পৌরসভায় আছেন তাঁদের এই অভিজ্ঞতা আছে যে যেভাবে কাজ হচ্ছে সেইভাবে কাজের জন্য এই সি, এম, ডি, এ-র টাকা দারুনভাবে অপচয় হচ্ছে। ব্যাপারটা কি? ব্যাপারটা হচ্ছে প্রথমে রাস্তা হল। রাস্তার টাকা পাওয়া গেল, রাস্তা মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ করে দিলেন। তারপর এলো জলের পাইপ। অর্থাৎ যে রাস্তা আমি তৈরী করলাম সেই রাস্তা আবার খুঁড়ে ফেলে জলের পাইপ বসল এবং জলের পাইপের সেই রাস্তা মেরামত হতে না হতেই আর একটি প্রকল্প এসে হাজির হল, সেটা হল সুয়ার লাইন। অর্থাৎ কিনা যে রাস্তাটি আমরা তৈরী করলাম অন্ততঃ শীঘ্রই আর এই রাস্তাটি কাটা হবে না। কিন্তু আমাদের প্রকল্পের ত্রুটির জন্য, প্রায়রিটি বেসিসে যেটা হওয়া উচিত ছিল সেটা না হবার জন্য ঐ রাস্তাগুলির আবার দুরবস্থা হল, সি, এম, ডি, এ-র টাকার অপচয় হল এবং মানুষের যে অসুবিধা ছিল সেই অসুবিধাগুলি রয়েই গেল।

[4-20—4-30 p.m.]

ডেপুটি স্পীকার মহাশয়, এই যে সব এজেন্সির মাধ্যমে সি, এম, ডি, এ কাজ পরিচালনা করছেন সেই সমস্ত এজেন্সির অবস্থা কি? আমি মনে করি এই কাজগুলি যদি সেই সমস্ত পৌর অঞ্চলের পৌর কর্তৃপক্ষের মাধ্যমে করানো সম্ভব হত তাহলে বোধ হয় আজকে পৌর অঞ্চলে যে অসুবিধা দেখা দিয়েছে সেগুলি দেখা দিত না। স্যার, আপনি জানেন, এই গরমের দিনে পানীয় জল নিয়ে চারিদিকে কি হাহাকার দেখা দিয়েছে। লক্ষ লক্ষ টাকা খরচ করে পৌর-সভাগুলির পানীয় জল প্রকল্প চালু করবার জন্য পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিংকে দায়িত্ব দেওয়া হল। তাঁরা করলেন। কি করলেন সেটাতে পরে আসছি। তাঁরা একটা দাঁড় করালেন। তারপরে যখন পৌরসভাগুলি চাইলেন এই বলে যে তোমরা এবারে প্রকল্পগুলি আমাদের হ্যাণ্ড ওভার কর সেই সময় দেখা গেল যে অজস্র লিক। সমস্ত রাস্তাঘাট ভেসে যাচ্ছে। এমন কি নতুন যে সমস্ত রাস্তা সে সমস্ত রাস্তা খুঁড়ে লিক সারাতে হয়। যখন বলা হল এগুলি সারিয়ে দাও, তারা বললে, যেহেতু কনট্রাকটর টাকা মিটিয়ে নিয়ে চলে গিয়েছে অতএব এ আর রিপেয়ার করা সম্ভব হচ্ছে না। এর ফলে আমরা জানি, কয়েকটি পৌরসভা তারা পানীয় জলের প্রকল্প চালু করতে পারছে না। কিন্তু যদি মিউনিসিপ্যালিটির সুপারভিসানে থাকতো, যদি এখানে লোক্যাল অথরিটি—তাদের সুপারভিসান থাকতো তাহলে কণ্ট্রাকটাররা যেভাবে ফাঁকি দিয়ে গিয়েছে যারজন্য সমস্ত পাইপ লিক হয়ে গিয়েছে এরকম কাজ হতে পারতো না বা লোক্যাল অথরিটির সুপারভিসানে থাকলে নিশ্চয় এতটা অপচয় হোত না। সেখানে সে প্রকল্প যথাযথভাবে হত। অন্য দিকে ইরিগেশান এণ্ড ওয়াটার ওয়েজের দায়িত্বে যে খাল কাটা বা যে ড্রেনেজের ব্যবস্থা নেওয়া হয়েছে সেগুলির অবস্থা দেখুন। প্রথমতঃ যেখানে যেখানে কাজ করছেন—যেহেতু তাদের লোক্যাল অথরিটির সঙ্গে

যোগাযোগ নেই বা প্রকল্প করার সময় কোন রিপ্রেজেনটেটিভ বা রিপ্রেজেনটেসান অব দি লোক্যাল অথরিটি না থাকায় এমন প্রকল্প তৈরি করছেন যে প্রকল্প ত্রুটিপূর্ণ। কোথাও আংশিক-ভাবে হয়ে বন্ধ হয়ে আছে, কোথাও একদম সম্ভব হচ্ছে না। এই যে অবস্থা যার জন্য সি, এম, ডি, এ, ; আই, এণ্ড ডব্লুকে যে টাকা দিয়েছেন সে টাকার বেশীর ভাগ ফেরৎ যাবে। এই যে অবস্থা এর সমাধান করতে গেলে প্রথম কথা হচ্ছে আমলাতন্ত্রের উপর নির্ভর করলে এই সমস্যার সমাধান হবে না। যদি এখানে জনপ্রতিনিধিমূলক জেনারেল কাউনসিল থাকত, যদি জনপ্রতিনিধিরা এখানে বক্তব্য রাখার সুযোগ পেতেন—বিচার করবার, প্ল্যান দেবার সুযোগ পেতেন তাহলে এই ঘটনাগুলি ঘটতো না এবং এই প্রকল্পগুলিকে তাঁরা আরো তরান্বিত করে আরো সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারতেন। স্যার, আপনি জানেন, বিভিন্ন পঞ্চায়েতে বা বিভিন্ন মিউনিসি-প্যালিটিতে—যেমন ধরুন ব্যারাকপুর সাবডিভিসনের কথা—সেখানে সি, এম, ডি, এ,-র কাজের জন্য কর্তৃপক্ষ দুটি রোলার রেখেছেন। সেখানে সময় বেঁধে দেওয়া হয়েছে, তাড়াতাড়ি সমস্ত অঞ্চলে কাজ করতে হবে অথচ মাত্র ৮টি রোড রোলার থাকার দরুন সমস্ত অঞ্চলের কাজ পড়ে আছে, সেখানকার কাজ তরান্বিত হচ্ছে না। এদিকে মনসুন আসছে কাজেই স্বাভাবিকভাবে এ বছরের জন্য কাজ হেল্ড-আপ হয়ে যাচ্ছে। স্যার, আমরা বুঝতে পারি যখন ষ্টোন চিপ্‌স পাওয়া যায় না জবাব আসে ওয়াগান পাওয়া যাচ্ছে না। আমরা বুঝতে পারি যখন ড্রেন বন্ধ হয়ে আসে তখন সিমেণ্ট পাওয়া যাচ্ছে না বলা হয়। কিন্তু যখন গ্রামবাংলা জলে ভাসে সি, এম, ডি, এ ; আই, এণ্ড ডব্লুকে প্রচুর টাকা দেয় তখন যদি সেখানে জনপ্রতিনিধিরা থাকেন তাহলে নিশ্চয়ই তাঁরা এ বুদ্ধি দেবেন যে এখনই তোমরা পাকা করতে না পারো, ইঁটের দাম যদি বেশী থাকে, সিমেণ্ট যদি পাওয়া না যায় তাহলে একটা কাজ করতে পারো। সেটা হচ্ছে, গ্রামের হাজার হাজার বেকার যুবকদের নিয়ে এসে কোদাল দিয়ে মাটি কেটে কাঁচা ড্রেন করে দাও যাতে আগামী মনসুনে গ্রামের মানুষ জলের হাত থেকে বাঁচে। স্যার, সেটা করা যেত কিন্তু সে কথা আজ কে বলবে? আমলাতন্ত্র যে হিসাব করে দিয়েছে, যে প্রকল্প করে দিয়েছে সেটা অনড়, অচল। কাজেই স্যার, এইভাবে যদি করা যেত অর্থাৎ যে সমস্যা আছে সেই সমস্যার নাড়ির সাথে যদি যোগাযোগ থাকতো তাহলে সমাধানের রাস্তাও বের করা যেত। সেই সুযোগ করে দিতে হবে। সেজন্য মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার বক্তব্য হচ্ছে এই সুন্দর প্রকল্পটিকে সঠিক রূপ দেওয়ার জন্য যাতে এর পরিচালকমণ্ডলীর মধ্যে জনপ্রতিনিধিত্বের ভাগটা বেশী মাত্রায় থাকে, যাতে বিভিন্ন পৌর সভার মাধ্যমে কার্য পরিচালনা করবার সুযোগ থাকে, যাতে গ্রাম পঞ্চায়েতের মানুষ সি. এম. ডি. এ.-র টাকা প্রপার্লি ইউটিলাইজড্ যাতে হয় তারজন্য অংশ গ্রহণ করতে পারে, তার জন্য আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর কাছে অনুরোধ করব। তাঁরা এই যে এ্যাডভাইসারি কাউন্সিল এটাকে জেনারেল কাউন্সিলে রূপ দিন, জেনারেল কাউন্সিলে রূপ দিয়ে জনপ্রতিনিধিত্বমূলক করবার ব্যবস্থা করুন। পৌরসভা অঞ্চলগুলিতে বিভিন্ন এজেন্সীর মারফৎ যে কাজ করাবার চেষ্টা হচ্ছে সেই এজেন্সির মারফৎ কাজ না করে ডাইরেক্ট পৌরসভার মাধ্যমে যাতে কাজ হয় তার জন্য যেন চেষ্টা হয়, পৌরসভাকে যেন সুপারভাইজিং অথরিটি দেওয়া হয়, তাহলে আমার মনে হয় যে অপচয় ত্রুটি দেখা যাচ্ছে সেই ত্রুটির হাত থেকে আমরা বাঁচব। সেজন্য মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি বলতে চাই সি, এম, ডি, এ,-র কাজে বহু স্থানে আপনারা দেখবেন ১২ লক্ষ টাকা, ফার্ষ্ট ফেজে ৫ লক্ষ, সেকেণ্ড ফেজে ৭ লক্ষ টাকা মিউনিসিপ্যালিটিতে দেওয়া হল, সেখানে রাস্তা খুঁড়ে অন্য লাইন ঢোকাবার জন্য যে কত টাকা অপচয় হয় তার ঠিক নেই। এই যদি অবস্থা হয় তাহলে আগামী দিনে আমাদের সি, এম, ডি, এ,-র জন্য কেবল টাকা স্যাঙ্কসন করলেই হবে না, সেই টাকা যাতে প্রপার্লি ইউটিলাইজড হয়, সেই টাকা যথার্থ ব্যবহৃত হয়ে যাতে পৌরসভার, গ্রামের উপকার হয় তার ব্যবস্থা থাকা দরকার। সেজন্য আমার বক্তব্য হচ্ছে এই যে প্রকল্প এই

প্রকল্পের জন্য জনপ্রতিনিধিত্বমূলক ব্যবস্থা থাকা দরকার। আমরা নিশ্চয়ই মনে করি এক্সপার্ট থাকা দরকার, আমলা, এক্সপার্ট থাকা দরকার। আমলা, এক্সপার্টদের বাদ দেওয়ার কোন যুক্তি নেই, কিন্তু জনপ্রতিনিধিদের সংখ্যা তদ্রূপ থাকা উচিত যাতে গ্রামের যে মূল সমস্যা, অন্যান্য সমস্যা—সেটা গ্রামের মানুষ মিলেমিশে প্রকল্পগুলি রূপায়নের সময় উল্লেখ করতে পারে। পরিকল্পনা হয়ে গেলে সেটাকে রূপ দেওয়ার সময় প্রতিনিধিরা যাতে অংশ গ্রহণ করতে পারে তার ব্যবস্থা থাকা উচিত। আমি সংশোধনীর সময় এই সমস্ত বিষয়ে আলোচনা রাখব।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতা মহানগরী প্রাধিকার বিধেয়ক, ১৯৭২, যেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন, যেটা মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় বিধান সভায় উত্থাপন করেছেন, এই বিলকে আমি সর্বান্তকরণে এবং সম্পূর্ণরূপে সমর্থন জানাচ্ছি এবং এই বিলের দ্বারা ৪৯০ বর্গমাইল ব্যাপি যে বিরাট মহানগরী উপকৃত হবে তাতে আমার দৃঢ় বিশ্বাস রয়েছে। এজন্য এই বিলের উত্থাপনকারী মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই বিলটা হচ্ছে অথরিটি প্রাধিকার, এটার দরকার ছিল এবং এর আগে এর প্রয়োজনীয়তা উপলব্ধি করে রাষ্ট্রপতি শাসনে এটা অর্ডিন্যান্স রূপে এসেছিল। অনেক চিন্তা করে দেখা হয়েছে যে এটার দরকার আছে। এটা বিভিন্ন এলাকায় বিভিন্নস্থানে প্রশাসনিক কর্তৃপক্ষের হাতে ছিল, তখন তারা ঠিকমত উন্নয়নের জন্য পরিকল্পনা এবং রূপায়নের মধ্যে কোন সমন্বয় সাধন করতে পারেন নি এবং তাঁদের সেই আর্থিক সঙ্গতি এবং অন্যান্য সঙ্গতির অভাবে সেই ৪৯০ বর্গমাইল ব্যাপি যে শহরপুঞ্জ কলকাতা মহানগরী তার যেভাবে উন্নতি হওয়া দরকার ছিল তা হয়নি। এটা সম্ভব নয়। কারণ, আমরা ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখেছি একটা অঞ্চলে যদি ১০টা গ্রাম পঞ্চায়েত থাকে তাহলে পৃথক পৃথকভাবে পরিকল্পনা করে সেটাকে বাস্তবে রূপায়নের ক্ষেত্রে সমন্বয়-সাধন করতে পারেনি বলে উন্নতি হয়নি। কাজেই ৪৯০ বর্গমাইল ব্যাপি যে শহরপুঞ্জ তার উন্নয়নের জন্য যে পরিকল্পনা, যে রূপায়ন তার মধ্যে যে সমন্বয়সাধন করবে তার জন্য একটা উপযুক্ত যন্ত্র থাকা দরকার।

[4-30—4-40 p.m.]

সেই যন্ত্র বা সেই অথরিটি না থাকলে কাজ হবে না। কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে এই অথরিটিতে আমলাতন্ত্রের প্রাধান্য বেশী হয়েছে। কিন্তু আমলাতন্ত্রের কথা আপনি জানেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চই জানেন যে মুখ্যমন্ত্রী এখানে সভাপতি রয়েছেন। ডিপার্টমেণ্টাল এক্সপার্ট অর্থাৎ বিভাগীয় সুদক্ষ তাঁর অনুপস্থিতিতে অনেক সময় কাজ করা যায় না, সেজন্য এখানে যে বিভিন্ন বিভাগীয় অভিজ্ঞ এবং বিশেষজ্ঞদের নেওয়া হয়েছে আমার মনে হয় এটা খুবই যুক্তিযুক্ত হয়েছে। তারপর এই উপদেষ্টা কমিটি রয়েছে। সেখানে দেখা গেছে যেভাবে নেওয়া হয়েছে সেটা ঠিক। এবং আমরা দেখতে পেয়েছি যে বিভিন্ন স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষের মধ্যে যে শাসন ছড়িয়ে ছিল তার সমন্বয়সাধন করতে পারে নি। বহু জায়গায় দেখা গেছে—বিশেষ করে কলকাতা কর্পোরেশনে দেখা গেছে যে এর প্রতিনিধি নির্বাচিত থেকেও তারা ঠিকমত কাজ করতে পারে নি যার ফলে কলকাতা কর্পোরেশন বিল করে সরকারকে নিয়ে নিতে হয়েছে। অতএব এটা যুক্তিযুক্ত যে স্থানীয় নির্বাচিত প্রতিনিধি থাকলেই কাজ হবে আর সরকার নিয়োজিত ব্যাপার সেখানে যা আছে তাহলে হবে না এরূপ বলে দেওয়া নাই। যারা সত্যকারের বিশেষজ্ঞ বা যাদের সেইরকম দৃষ্টি আছে বা জ্ঞান আছে তাদের নেওয়া হবে, ফলে এই কলকাতা মহানগরী উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও রূপায়নের সমন্বয়সাধন এবং বাস্তবিক পক্ষে সেটা রূপায়িত হবে ও ভাল কাজ হবে। আমি বিলটা পড়ে দেখেছি—এই আমলাতন্ত্রের প্রাধান্য বা উপদেষ্টা কমিটি বর্তমান বিলে যেটা আছে সেটা যুক্তিযুক্ত হয়েছে। সেইজন্য এই বিলও বিশেষ করে এই বিলের

দ্বারা কলকাতা সহ ৪৯০ বর্গমাইল ব্যাপী জনসাধারণ উপকৃত হবেন সেটা আশা রাখি এবং সেই আশা নিয়ে এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, আমি আর একটা আবেদন করে যাব কারণ আমি গ্রামবাংলার লোক। এই কলকাতা পশ্চিম বাংলার হৃৎপিণ্ড এটার উন্নতি সাধনে ক্ষান্ত হলে চলবে না, তাই জনপ্রিয় সরকারকে এবং মুখ্যমন্ত্রীকে ও সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে একটা অনুরোধ করবো যে এরূপ পরিকল্পনা গ্রহণ করুন যাতে গ্রাম বাংলার উন্নতি হয়। আমি এই অনুরোধ করে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয় ভারত।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা মহানগরী উন্নয়ন প্রাধিকার বিধেয়ক, ১৯৭২ যে বিল এখানে উপস্থাপিত করা হয়েছে আমি এই বিলকে সমথন করছি। সমর্থন করছি কারণ ভারতীয় অর্থনীতির প্রাণকেন্দ্র এই কলকাতা। এই কলকাতা ও তার পাশ্ববর্তী অঞ্চল নিয়ে সুষ্ঠু উন্নয়ন এবং সুষ্ঠু ব্যবস্থার জন্য একটা বিধিবদ্ধ উপযুক্ত ক্ষমতাসম্পন্ন একটা সংগঠনের উপর দায়িত্ব থাকা বাঞ্ছনীয়, এবং সে ব্যবস্থা করবার জন্য এই বিল এসেছে। আমি এই বিলকে স্বাগত জানাই। এবং স্বাগত জানানোর সঙ্গে সঙ্গে এর ক্রটি বিচ্যুতি সম্পর্কে আলোচনা করতে চাই। প্রথম হল এর যে গঠন প্রণালীর কথা বলা হয়েছে যে বিধি ব্যবস্থায় একটা উপদেষ্টা পরিষদ আর একটা প্রাধিকার দুটার গঠন ব্যবস্থা সম্পর্কে আমার কিছু কিছু আপত্তি আছে। আমার মনে হয় এটা আরো গণতন্ত্র সম্মত করা যেতে পারতো। দৈনন্দিন জীবনে যারা বিভিন্ন মানুষের সঙ্গে, বিভিন্ন সমস্যার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত সেইসব জনপ্রতিনিধিদের আরও ব্যাপক সংখ্যায় এইগুলিতে আনলে ভাল হত, এবং বিশেষ করে বলতে চাই এম. পিদের কথা। যে এলাকার অধিকার, প্রাধিকার নিয়ে তৈরী করা হয়েছে ৪৯০ বর্গ কিলো মিটার এলাকা সেই সমস্ত এলাকায় যে সমস্ত এম. পি. আছেন তাদের নিয়ে একটা কমিটি করা।

এর পেছনে দুটি কারণ আছে তাঁরা বিভিন্ন সমস্যার সঙ্গে জড়িত। তাঁরা তাঁদের ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে তাঁরা এই সমস্যার প্রতি যেমন দৃষ্টি আকর্ষণ করতে পারতেন, তেমনি অন্যদিকে আমাদের পরিকল্পনাগুলিকে কার্যে রূপদান করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যাতে আরও অধিক অর্থ পশ্চিমবঙ্গ সরকার ও C.M.D.A. যাতে পায় তারজন্য চাপ সৃষ্টি করতে পারতেন। সেজন্য নির্বাচিত প্রতিনিধি হিসাবে তাঁদের থাকা উচিৎ এবং বিভিন্ন দপ্তরের যেমন উন্নয়ন ও municipal দপ্তরের মন্ত্রীদেরও থাকা উচিত। আর একটা কথা হচ্ছে অনেক ঢাক ঢোল পিটিয়ে শুধু কোলকাতা নয়, সারা পশ্চিম বাংলায় পরিকল্পনার কথা রেডিও, paper ইত্যাদির মাধ্যমে বলা হয়। কিন্তু আমরা দেখি যে নুন আনতে পান্তা ফুরিয়ে যায়। দিনের পর দিন পরিকল্পনার কথা বলা হয়। কিন্তু কোন কাজ হয় না। একটা জিনিষ আসতে না আসতে অন্যটা আশাবাদ হয়। অর্থাৎ রাস্তায় কাজ শেষ হতে না হতে, অন্যদিকে অন্য সমস্যা দেখা দেয়। সেজন্য এই অবস্থা দূর করবার জন্য বিভিন্ন পরিকল্পনা রূপদানের জন্য একটা নির্দিষ্ট সময় সীমা বেঁধে দিতে হবে এবং এর মধ্যে যদি সেই প্রকল্পকে কার্যে রূপদান না করা হয় তাহলে তার সঙ্গে সংশ্লিষ্ট যেসব কর্মচারী ও ব্যক্তি আছেন তাঁদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। তার কারণ আমরা দেখেছি এর জন্য আমাদের গ্রামবাংলার মানুষের মধ্যে একটা দারুন সমস্যার সৃষ্টি হয়েছে। আর একটা কথা হচ্ছে পরিকল্পনাকে রূপদান করার জন্য যেসব জিনিষের দরকার সেসব জিনিষ যাতে নিয়মিতভাবে সরবরাহ করা হয় তার দিকে দৃষ্টি দেওয়া দরকার। কারণ তা না হলে গ্রাম-বাংলার মানুষের দুরবস্থা কিভাবে বাড়ে তার দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আজ কোলকাতা উন্নয়নের জন্য যেসব materials-এর দরকার সেসব নিয়মিত সরবরাহ হচ্ছে না। শুনছি wagon-এর জন্য এই অচস্থা হচ্ছে। এর ফলে এখানকার গ্রামগুলি রূপদান করতে দেরী হচ্ছে এবং এরজন্য

অর্থ বরাদ্দ অর্থের অপচয় হচ্ছে। শুধু তাই নয় কোলকাতা শহরের জন্য গ্রাম বাংলা থেকে প্রচুর পরিমাণ সিমেণ্ট, রড ইত্যাদি কোলকাতায় আনা যাচ্ছে। এর ফলে গ্রামের সাধারণ মানুষ তার ব্যাক্তিগত কাজের জন্য, একটা Building-এর জন্য, বা রাস্তার জন্য সেখানে মোটেই সিমেণ্ট, রড পাওয়া যাচ্ছে না। এর জন্য সেখানে একটা দারুণ crisis সৃষ্টি হয়েছে এবং সেখানে যারা মুনাফাখোরী আছে তারা সিমেণ্ট, রড নিয়ে ফটকাবাজী আরম্ভ করেছে। সেজন্য কোলকাতার উন্নয়নের জন্য নিয়মিতভাবে সরবরাহের দাবী করছি। এরসঙ্গে আর একটা দাবী করছি যে বিভিন্ন কমিটির মত এখানে একটা Vigilance Committee করুন। অর্থাৎ C. M. D. A. কাজের জন্য একটা Vigilance কমিটি করার দাবী জানাচ্ছি। এদের কাজ হচ্ছে নির্দিষ্ট সময়ের মধ্যে যথেষ্ট সংখ্যক অগ্রগতি হচ্ছে কি না তা দেখা। দ্বিতীয়তঃ এই প্রকল্পকে রূপদান করতে গিয়ে যেসব রাঘব-বোয়াল আছে যারা টাকা চুরি করে বা অন্য পথে যেসব সরকারী কর্মচারী ও contractor বা সরকারী অর্থের অপচয় করে প্রকল্পের বাধা প্রাপ্ত করায় তাদের দেখার জন্য এই Vigilance Committee থাকা দরকার। অর্থাৎ নির্দিষ্ট সময়ের কাজ শেষ হবার জন্য এবং দুর্নীতির চক্র যাতে না গড়ে ওঠে তা দেখার জন্য Vigilance কমিটি করার জন্য অনুরোধ জানিয়ে এবং এই বিলকে স্বাগত জানিয়ে আমি শেষ করছি।

[4-40—4-50 p.m.]

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভাগিরথীর তীরে অবস্থিত এই বুড়ি কলকাতা মহানগরীকে আমি ভালবাসি। আমাদের মতো অনেক যারা এই কলকাতায় জন্মেছি, বড় হয়েছি, লেখাপড়া করেছি এবং বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলন করেছি আমরা সকলেই কলকাতাকে ভালবাসি। পৃথিবীর যে কোন দেশকে ভালবাসার তুলনায় তা অনেক বেশী। এই বুড়ি কলকাতা তার সর্বাঙ্গে ক্ষতের দাগ, লাঞ্ছনার দাগ। এই বুড়ি কলকাতার চৌরঙ্গীর অংশটুকু বাদ দিলে নোংরা। দক্ষিণ টালিগঞ্জ আর তার পাশে বেহালা, উত্তরে শ্যামবাজার আর বাগবাজার রাস্তাঘাট ফাটা, পানীয় জল পাওয়া যায় না। কিন্তু তার প্রাণশক্তি নিঃশেষ হয়ে যায় নি। আমি বিশ্বাস করি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলনে পৃথিবীর ইতিহাস যেদিন লেখা হবে সেদিন কলকাতার মানুষের নাম সাম্রাজ্যবাদ বিরুদ্ধে আন্দোলনের ক্ষেত্রে উজ্জ্বলরূপে লেখা থাকবে। কিন্তু স্বাধীনতা পাবার ২৫ বছর পরে কলকাতার বিশেষ কোন উন্নতি হচ্ছে বলে মনে হয় না। আজকে মন্ত্রীমণ্ডলী সীমাবদ্ধ পরিবেশে হলেও কলকাতার উন্নয়নের যে চেষ্টা চালাচ্ছেন এই চেষ্টা যদি আন্তরিক হয়, সৎ হয় তাহলে মন্ত্রিমণ্ডলীকে সাধুবাদ জানাবো। অসংখ্য কলকাতাবাসী এবং কলকাতার শহরতলীতে বসবাস যারা করেন এবং জীবন ও জীবিকা নির্বাহ করেন তাদের পক্ষে মন্ত্রীমণ্ডীকে সাধুবাদ জানাবো। কলকাতার উন্নয়নের ব্যাপারে একটা কথা হলো যে সমাজতন্ত্রের কথা মন্ত্রীমণ্ডলী বলেন সেই সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী রেখে যেমন চৌরঙ্গী তৈরী হয়েছে তেমনি কলকাতার লক্ষ লক্ষ মানুষ যারা রাস্তায় বাস করে ফুটপাতে বাস করে কলকাতার চৌরঙ্গীর পাশে জলের জন্য হাহাকার করে তাদের দিকেও তাকাবেন। সেদিকে লক্ষ্য রেখে কাজ করবেন। যে বিল এসেছে মোটামুটিভাবে তাকে সমর্থন করি। কিন্তু কিছু সমালোচনা আছে। আমি যে সংশোধিনী এনেছি তার মূল কথা হচ্ছে যে কলকাতার উন্নয়ন করবে কারা। কলকাতার উন্নয়নের জন্য সরকার যে বিল এনেছেন তাতে দুটো পরিষদের কথা বলা হয়েছে। এদিকে আছে প্রাধিকারী অর্থাৎ সি. এম, ডি, এ, আর একদিকে আছে উপদেশ পরিষদ। এই বিলের আদ্যপান্ত পড়ে দেখলাম। সরকারের যে কোন বিল রচনার মধ্যে একটা বুরোক্রেটিক বায়াস, কোন কোন ক্ষেত্রে আমলাতান্ত্রিক নির্ভরতা লক্ষ্য করছি। এই বিলটা যখন হয়েছিল তখন অবশ্য রাষ্ট্রপতির শাসন দেশে ছিল। আমলারাই বিল করেছিলেন।

আমলারা ভাবেন জনসাধারণের উপর তারা সুপারম্যান। তাঁরাই সমস্ত ভাল কাজ করতে পারেন অন্যরা পারেন না। কিন্তু আমাদের ভারতবর্ষ যে গণতন্ত্র গ্রহণ করেছে তাতে নির্বাচিত মানুষের হাতে শাসনকার্য্য পরিচালনার দায়িত্ব দিয়েছে। আমলাতন্ত্র যদি সর্বগুণসম্পন্ন বা সর্বক্ষমতাসম্পন্ন হতো তাহলে রাষ্ট্রপতির শাসনই তো ভাল ছিল। এই ক'দিন আগে কেন নির্বাচন হল এবং আমরা নির্বাচিত হলামই বা কেন? আই, এ, এস এবং আই, সি, এস রাই দেশের শাসন করতে পারতেন। সেদিন শুনছিলাম মাননীয় মন্ত্রী ভোলানাথ সেন মশাই বলছিলেন আমরা ব্রেক-নিক স্পীডে সোস্যালিজম করতে চাই। আমার কথাটা মনে আছে। কিন্তু সোস্যালিজিমের একটা সংজ্ঞা আছে। আমরা সাইনটিফিক সোস্যালিজিমে বা বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাস করি। আপনারা বিশ্বাস করেন গণতান্ত্রিক সমাজতন্ত্রে। কেউ ব ল ফেবিয়ান সোস্যালিজিমের কথা। কিন্তু যে সোস্যালিজিমে যেই বিশ্বাস করুন তা গণতন্ত্র বাদ দিয়ে হয় না।

কিন্তু বিলটা পড়ে মনে হল বিলটা তৈরীর পেছনে যে সোস্যালিজিমের ছাপ আছে তাকে একটা নূতন সংজ্ঞায় অভিহিত করতে পারা যায় সেটা হচ্ছে বুরোক্র্যাটিক সোস্যালিজম আমলাতান্ত্রিক সমাজতন্ত্রের সঙ্গে আমলাতান্ত্রিকতার কোন সম্পর্ক নেই এই কথা মনে রাখা দরকার। যে বিল এসেছে সেই বিলেতে ধরা যাক প্রাধিকার যাদের নিয়ে হয়েছে সেই প্রাধিকারের মধ্যে আমরা লক্ষ্য করে দেখছি তাদের মধ্যে বেশীরভাগই মুখ্যমন্ত্রী ছাড়া প্রায়ই সবই আমলা। আমলারাই সব করবেন তাহলে কি এটাই আমাদের স্বীকার করে নিতে হবে যে গণতান্ত্রিক প্রতিষ্ঠানের জায়গায় আমলারাই সব কিছু পরিচালনা করবেন এবং এটাই কি মনে করে নিতে হবে যে সেল্‌ফ গভর্ণমেন্টের জায়গায় গুড গভর্ণমেণ্ট করার নামে আমলাদের প্রতিষ্ঠাকেই প্রতিষ্ঠিত করা হবে। আমলাদের সব পজিসনকে শক্ত করা হবে এটাই কি মনে করে নিতে হবে। আমি শুধু মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যে এমন একটা সংগঠন তৈরী করুন বিলটাকে একটু ঘুরিয়ে নিন। যখন এই সভা থেকে ১৯৬৬ সালে সি, এম, ডবলিউ, এস, এ এই বিলটা স্যাংসন হয়েছিল, পাশ হয়েছিল, সিলেক্ট কমিটিতে গিয়েছিল তারপরে এই বিলের পরিবর্তন হয়। তখন যে উপদেষ্টা পরিষদ ছিল তাকে জেনারেল কাউনসিল করে দেওয়া হয়। আজকে মন্ত্রিমহাশয়ের কাছে প্রস্তাব করছি একটা সাধারণ পরিষদ তৈরী করুন, সেই সাধারণ পরিষদের মধ্যে যে সমস্ত মিউনিসিপ্যালিটি--কর্পোরেশনগুলি আছে তাদের যে সমস্ত নির্বাচিত প্রতিনিধি তাঁদের নিয়ে আসুন। আমি আরো প্রস্তাব করছি যে, যে সমস্ত পার্লামেন্টের মেম্বার সি, এম, ডি-এর এলাকার মধ্যে পড়বেন তাঁরা আসুন। আমি প্রস্তাব করি সি, এম, ডি, এ-র এরিয়ার ভেতর যে সমস্ত এম,এল, এ-রা পড়বেন তাঁদের প্রতিনিধিরাও আসুন। এঁদের নিয়ে একটা গণতান্ত্রিক প্রতিষ্ঠান গড়ে তুলুন। কোটি কোটি টাকা খরচ হবে সেটা বুঝা যাচ্ছে। সেই কোটি কোটি টাকার বাজেট অনুমোদন করবে কে? এই বাজেট সেই সাধারণ পরিষদের কাছে আসুক, তাদের অনুমোদন ছোট্ট প্রাধিকার তৈরী করুন, তার মধ্যে মিউনিসিপ্যালিটির একজন করে প্রতিনিধি দিন যাঁরা সেগুলিকে চালাবেন। এই বিলটি যখন বাংলা করা হয়েছে--আমি বাংলার শিক্ষকতা করি, সুতরাং ভুল বাংলার নির্দেশ করার অধিকার আমার আছে। বলা হয়েছে হুগলী নদীর দুই তীরে সারিবদ্ধ যে শহরগুলি দেখা যায় এবং বর্তমানে কলিকাতা মহানগরীর পরিমণ্ডল নামে যাহার পরিচিতি এর সঙ্গে বলা হয়েছে প্রায়ধি ও আর্থিক ও অন্যান্য আর্থিক সঙ্গতির অভাবে দীর্ঘকাল প্রপীড়িত স্থানীয় প্রতিষ্ঠানগুলির মধ্যে যেভাবে ছড়াইয়া আছে এবং প্রশাসনিক কতৃপক্ষের যেভাবে সংখ্যা যেভাবে বাড়িয়া চলিয়াছে অর্থাৎ এই অংশটুকু পড়লে মনে হয় যেভাবে পৌর কতৃপক্ষ ছড়াইয়া আছে এবং যেভাবে প্রশাসনিক কতৃপক্ষ বাড়িয়া চলিয়াছে এটা বোধ হয় মাননীয় মন্ত্রিমহাশয় যিনি বিলটা উপস্থাপিত করেছেন তাঁর অভিপ্রেত নয়। আসল কথাটা তো উল্টো, আসল

কথা হচ্ছে এইভাবে পৌর কর্তৃত্ব ছড়িয়ে যাবে, এইভাবেই তো পৌর কর্তৃত্ব, প্রশাসনিক কর্তৃত্ব আরো বেশী একষ্টেণ্ডেড হবে, আরো বেশী সম্প্রসারিত হবে। তা না হলে আমরা গণতান্ত্রিকরাষ্ট্র কিভাবে গড়ে তুলছি। ছড়িয়ে থাকাটা কোন ডিসকোয়ালিফিকেসন নয়, অন্যায় নয়, অপরাধ নয়। সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি তার মূল কথাই হচ্ছে এই বিলটাকে আমরা সমর্থন করি, বিলের উদ্দেশ্যকে সমর্থন করি কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাও বলি যে এই বিলটাকে পরিবর্তন করা হোক, অন্ততঃ মাননীয় মন্ত্রিমহাশয় এই কথা আমাদের কাছে বলুন যে গণতান্ত্রিক যে সংগঠন আছে প্রশাসনিক কর্তৃপক্ষ মিউনিসিপ্যালিটি ইত্যাদি তাদের প্রতিনিধি উপযুক্ত মাত্রায় থাকবে। এখানে ক্যালকাটা কর্পোরেশনের কথা বলা হয়েছে। কেউ কেউ বলেছেন যে ক্যালকাটা কর্পোরেশনের অযোগ্যতার জন্য এটাকে বাতিল করে দেওয়া হয়েছে। আমি জানি না আমি এখন পর্যন্ত মনে করি কোন একজন এ্যাডমিনিষ্ট্রেটর তিনি যত বড়ই আই, এ, এস বা আই, সি, এস হোন বা মাত্র একজন রাষ্ট্রমন্ত্রী তিনি কলকাতা কর্পোরেশনের সমস্ত অন্যায়কে দূর করে দেবেন এটা আমি বিশ্বাস করি না কিন্তু এ সত্বেও আমরা যে গণতান্ত্রিক রাষ্ট্রকাঠামোকে গ্রহণ করেছি তার মধ্যে স্বায়ত্তশাসন আছে। স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানগুলি থাকবে এবং তাদের যে অধিকার তা সম্প্রসারিত করা হবে। ২৫ বছর পরে আপনি বিল উপস্থিত করতে গিয়ে বলেছেন যে পৌর প্রতিষ্ঠানগুলির আর্থিক অসঙ্গতি রয়েছে। আমি উল্টো প্রশ্ন করতে পারি যে ২৫ বছর ধরে এই পৌর প্রতিষ্ঠানগুলির আর্থিক অসঙ্গতি কেন রয়েছে? ২৫ বছর ধরে আপনার এ্যামিউজমেণ্ট ট্যাক্স নিয়ে নেবেন, সমস্ত রকমের করগুলিকে নিয়ে নেবেন আর পৌর সভাগুলির ঘাড়ে দেবেন শুধুমাত্র হোল্ডিং ট্যাক্স আদায় করতে।

[ 4-50—5-00 p.m. ]

সুতরাং আমি এটা বলতে চাই যে আপনারা বিলটাকে ভালভাবে পড়ুন, নূতন করে চিন্তা করুন এবং এইভাবে অন্ততঃ একটা বিল যাতে পৌর প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব যথেষ্ট পরিমাণে বিলের মধ্যে থাকে এবং উপরের পরিষদকে জেনারেল কাউন্সিল সাধারণ পরিষদে পরিণত করুন, তার কাছে বাজেট অনুমোদনের ক্ষমতা দিন এবং প্রাধিকারকে ছোট করে প্রাধিকারের মধ্যে অন্ততঃ নির্বাচিত প্রতিনিধির সংখ্যা, আমলাগোষ্ঠীর বাইরে,একটা গণতান্ত্রিক প্রতিষ্ঠান তৈরী করুন এটা চাই। আর একটা কথা বলতে চাই এই প্রসঙ্গে, সি, এম, ডি, এ-র কাজকর্ম ইত্যাদি হচ্ছে, সি, এম, ডি, এ, কতটুকু কাজ করছে আমার এলাকায়,বসে তা দেখতে পাচ্ছি। এখানে প্রচুর টাকা নিনাদ হচ্ছে, ঢাক বাজছে প্রচুর এবং সাধারণ মানুষের মধ্যে ধারণা এমন তৈরী হয়েছে যে যা কিছু করার সি. এম, ডি, এ, করে দেবে। থানা করতে গেলেও সি, এম, ডি. এ. ড্রেন তৈরী করতে গেলেও সি, এম, ডি, এ,। রাস্তা তৈরী করতে গেলেও সি, এম, ডি, এ, সি, এম. ডি. এ. প্রচুর পেপার তৈরী করছে, কাগজপত্র তৈরী করছে। অনেক বড় বড় অফিসার নিযুক্ত হয়েছে, কাজকর্ম বেশী এগুচ্ছে বলে আমার মনে হয় না। আমি শুধু বলি সি, এম, ডি, এ,-র কাজকর্মগুলিকে আরো বেশী বৈজ্ঞানিক করা হোক। প্ল্যানিং করে করা হোক। আমার আগে শিশিরবাবু বলে গিয়েছেন, আমাদের বেহালা এলাকায় দেখেছি এই যদি হয়, যে রাস্তা সি, এম, ডি, এ, তৈরী করে গেল তারপর সেখানে জলের পাইপ ঢুকবে, আলোর লাইন ঢুকবে, আবার রাস্তাটা খোড়া হল এবং সি, এম, ডি, এ, মিউনিসিপ্যালিটিকে টাকা দিচ্ছে রাস্তাটা তৈরি করবার জন্য। পরবর্তীকালে এক বৎসর দেড় বৎসরের মধ্যে যে কোয়ালিটির রাস্তা তৈরী হচ্ছে সেই কোয়ালিটি যদি নষ্ট হয়ে যায় কে সারাবে তা? কোন দায়িত্ব কারো নেই। এই সমস্ত যে বৈষম্যগুলি রয়েছে সি, এম, ডি, এ,তে তা দূর করা দরকার। পরিশেষে আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে কোটি কোটি টাকার কাজ হবে অথচ

এম্পলয়মেণ্ট পসিবিলিটি তৈরী হবে না, এটা কি কথা। ৪০ কোটি টাকার কাজ হবে কটা লো নূতন এম্পলয়মেণ্ট পেয়েছে, কটা লোক নূতন চাকরী পেয়েছে? বড় বড় কনট্রাকটার যা কর্পোরেশনের কনট্রাকটারি করে, অন্যান্য জায়গায় কনট্রাকটারি করে কোটি কোটি টাকা কনট্রাক্ট নিয়েছে, লক্ষ লক্ষ টাকার কনট্রাক্ট নিয়েছে এবং তাদের সেই পুরাণো লোক দিয়ে কা করবার চেষ্টা করছেন। আমি মন্ত্রিমহোদয়কে অনুরোধ করবো যে সি, এম, ডি, এ,-র কর্তৃপক্ষে মাধ্যমে যে—যারা বেকার, ইঞ্জিনিয়ারিং যারা পাশ করেছে, নূতন ভাল ভাল ছেলে, আরো অনে শিক্ষিত বেকার আছে, তাদের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া যায় কি না। সি, এম, ডি, এ,ে সেই ব্যবস্থা আপনারা করুন। না হলে কোটি কোটি টাকা খরচ হবে অথচ এত শিক্ষিত বেকা যারা পশ্চিম বাংলার কলকাতায় এবং তার আশেপাশে আছে তারা কর্মসংস্থানের সুযোগ পাবে না। অধিকাংশ টাকাই ঐ রাঘব বোয়ালের পকেটে চলে যাবে। এই ব্যবস্থার জন্য, এই ঠিকাদারী রা করার জন্য নিশ্চই আমরা এবার বিধান সভায় আসিনি। আমরা সমাজতন্ত্র ইত্যাদির কথ বলছি না এটা আমি মনে রাখতে বলি এবং বিশেষভাবে মন্ত্রিমহাশয়কে সেই ব্যাপারে দৃ রাখবার জন্য অনুরোধ করছি। পরিশেষে আমি এটা বলি এখানে এই যে প্রাধিকার আে তাদের মধ্যে আপনার উত্তর ২৪-পরগণার লোকদের নিন, মিউনিসিপ্যালিটির অন্তত একজ নির্বাচিত প্রতিনিধি নিন। দক্ষিণ ২৪-পরগণার একজন নির্বাচিত প্রতিনিধি নিন, হাওড়ার নিন হাওড়া হুগলী অঞ্চলে যে সমস্ত গঙ্গার ধারে মিউনিসিপ্যালিটিগুলি আছে তাদের প্রতিনিধি নি এবং এটা প্রমাণ করুন যে মিউনিসিপ্যালিটিগুলি, তাদের আর্থিক সঙ্গতি আপনারা বাড়িয়েছে সি, এম, ডি, এ,-র মাধ্যমে। এটাই এ্যাটিচিউড হোক, এটাই দৃষ্টিভঙ্গী হোক যে যে মিউনিসি প্যালিটির আর্থিক অসংগতি আপনারা দূর করছেন এবং যেখানে মিউনিসিপ্যালিটিগুলির সামগ্রি পরিকল্পনা করার ক্ষমতা নেই, আপনারা সি, এম, ডি, এ, মারফত সামগ্রিক পরিকল্পনা কে দিচ্ছেন এবং সত্যি সত্যিই গণতন্ত্রকে বাচিয়ে রেখে গণতন্ত্রের অধিকারকে প্রতিষ্ঠা করে স্বায়ত্ত শাসনমূলক প্রতিষ্ঠানকে, বিশেষ করে কলকাতা মহানগরী এবং তার শহরতলীর উন্নতির জন্য যথাযথ ব্যবস্থা আপনারা অবলম্বন করছেন এই দৃষ্টিভঙ্গীর দিক থেকে বিলটাকে রিড্রাফ্‌ট করুন। নূত করে এই বিধান সভায় উপস্থিত করুন এই দাবী আমি করছি।

**শ্রীহেমন্ত দত্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই কলকাতা মহানগরীর উন্নয়নের জ যে বিল এসেছে সেটা আমি সমর্থন করি এবং তাকে স্বাগত জানাই। আমি যে অঞ্চল থেকে এসেছি সেটা এখান থেকে প্রায় দেড়শ' মাইল দূরে, বঙ্গোপোসাগরের তীরে, যার পর আর বাংল দেশ নাই। সেখান থেকে আসতে হলে কয়েক বৎসর আগে আড়াই দিন লাগতো, এখন হয় কম সময় লাগে—৬।৭ ঘণ্টা লাগে। একেবারে সুদূর পল্লীগ্রাম, হয়ত আপনারা বলবেন আদা ব্যাপারীর জাহাজের কি দরকার, সি, এম, ডি, এ, কলিকাতা মহানগরী উন্নয়নের আলোচন করবার কি সার্থকতা আছে কিন্তু আমরা এই গণতন্ত্রের যুগে, সমাজতন্ত্রের যুগে এই সম্পর্কে আমাদের কিছু জানা দরকার। কলকাতা মহানগরী একদিন ছোট্ট কয়েকটি গ্রামে সুতানাটি গোবিন্দপুর থেকে সূত্রপাত। সেদিন এখানে সমুদ্রের জলে কুমীর আসতো, বনে বাঘ ভাল্লুক খেল করতো সেই কলিকাতা আজকে সময়ের আবর্তনে ক্রমোন্নতির পথ বেয়ে আজকে পৃথিবীর অন্যত বৃহত্তম নগরী হয়েছে। এর মধ্যে অনেক সুখ-স্বচ্ছন্দ আছে, এখানে ৭৫ লক্ষ লোক বাস করে, এ সুখ-স্বাচ্ছন্দ আরো বৃদ্ধি হওয়া দরকার এটা আমরা অনুভব করি। তাই এই সম্পর্কে বৈজ্ঞানিক ভাবে চিন্তা করবার সময় এসেছে।

এই সহর কলকাতা বাংলাদেশে তথা ভারতবর্ষের প্রাণকেন্দ্র বলে আমি মনে করি। এট ভারতবর্ষের কৃষ্টিকেন্দ্র, উন্নয়ন কেন্দ্র এবং ভারতবর্ষের বাণিজ্যকেন্দ্র। এটাকে ভারতবর্ষের মুখপা

বললেও চলে। এমন একদিন ছিল যখন ১৯১১ সাল পর্যন্ত ভারতবর্ষের রাজধানী ছিল, তারপরে বাংলাদেশের রাজধানী হয়েছে। এতে লক্ষ লক্ষ লোক কোটরে কোটরে বাস করে। যারা ভুক্তভোগী তারাই জানে যে কলকাতার অনেক সমস্যা—রাস্তার সমস্যা আছে, ফুটপাথে অনেক লোক থাকে, পানীয় জলের সমস্যা আছে যে সম্বন্ধে মানুষ এর মধ্যেই সোচ্চার হয়ে উঠেছে, যানবাহনের সমস্যা আছে বাদুড়-ঝোলা হয়ে যাতায়াত করতে হয়, বিভিন্ন সমস্যা আছে এবং তার জন্যই দু'বছর আগে একটা প্রকল্প রচনা করা হয়েছে ১৯৭০ সালে, এবং সেই স্বায়ত্তশাসিত সংস্থার হাতে এর ভার তুলে দেওয়া হয়েছে। এটা আমরা জানি। এর জন্য যে বিরাট মণ্ডল গড়ে তোলা হয়েছে তাকে বলা হয় সহরমণ্ডল। আজকে গ্রামবাংলা থেকে যারা এসেছি, সেই গ্রামবাংলার কথা আমাদের ভুলে গেলে চলবে না। এখানে এই সহরে ৭৫ লক্ষ লোক বাস করে, এদের সুখ সুবিধার জন্য চুঙী কর বসানো হয়েছে, এই চুঙী কর থেকে আসবে ১০৭ কোটি টাকা আর ৪৩ কোটি টাকা আসছে ডেভেলপমেণ্ট বাজেট থেকে। এই চুঙী কর বসানোর ফলে জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে, গ্রামবাংলার মানুষও এই বাড়াদামে জিনিষপত্র কিনবে। সুতরাং এর উন্নয়নের মূলে গ্রামবাংলার সাধারণ লোকের, দরিদ্র লোকের অবদান আছে, এটা অনস্বীকার্য। সুতরাং এই থেকে গ্রামবাংলার জন্য কিছু ব্যয় করা উচিত বলে মনে করি। তাছাড়া দেখা যায় উন্নয়ন সংস্থার মাধ্যমে যে সমস্ত নিয়োগ করা হয় তাতে নানা ত্রুটিবিচ্যুতি থাকে। অনেক জায়গায় দেখা যায় লার্ণট ফ্রম দি রিলায়েবল্ সোর্স বলে যারা দরখাস্ত করে, তাদের মধ্য থেকেই অনেককে নিয়োগ করা হয়। কোন কোন সময় এ্যাড্ভারটাইজমেণ্ট করা হয় বটে কিন্তু সেটা অনেকটা লোক দেখান ব্যাপার বলে জানতে পারি। আমি বলি তাই যে গ্রামবাংলার জন্য একটা কোটা যদি করে দেওয়া হয় তা হলে ভাল হয়। এখানে ছেলেরা ভাল পরিবেশের মধ্যে পড়াশুনা করে, প্রাইভেট টিউটর রাখে ১০০।২০০ টাকা দিয়ে, তাদের সঙ্গে গ্রামবাংলার ছেলেরা কম্পিট করতে পারে না। কেন না তাদের অবস্থা তেমন নয়। সেজন্য মেরিট অনুযায়ী যে মেডিক্যাল এবং ইঞ্জিনীয়ারিং কলেজে ভর্তির ব্যাপার আছে এটা গ্রামবাংলার উপর অবিচার বলে মনে করি সেজন্য পুরাণো যে রীতি ছিল সেটা হলেই ভাল হয়। তাছাড়া হুগলী ব্রীজ ইত্যাদির যে কাজ হচ্ছে তাতে আপনি দেখবেন হুগলী ব্রীজ কমিশনার্স যেসমস্ত ব্যবস্থা আছে তাতে অনেক রিটায়ার্ড অফিসার বসানো হয়েছে। যেখানে ৫৮ বছর থেকে কমিয়ে ৫৫ বছর করা হচ্ছে, ইঞ্জিনীয়ার গ্রাজুয়েট ডি. ফিল. এই সমস্ত উচ্চ শিক্ষিত লোকেরা যেখানে ঘুরে বেড়াচ্ছে, সেখানে এই সমস্ত রিটায়ার্ড লোকদের বসানো যুক্তিযুক্ত বলে আমি মনে করছি না। তারপর এ্যাড্মিনিষ্ট্রেশন সম্বন্ধে অনেকে বলেছেন। যা দেখতে পাচ্ছি তাতে এই সংস্থার মধ্যে অনেক বেশী মাইনে সম্পন্ন লোক আছে। যেখানে বুর্জোয়া আমলাতন্ত্রের কবল থেকে বেরোবার জন্য চেষ্টা করছি সেখানে এই মাথাভারী শাসনের চাপে পড়ে অনেক বেশী অর্থ ব্যয় করে ফেলছি বলে মনে করি। তা ছাড়া কাঁড়ি কাঁড়ি টাকা খরচ করলেই যে ভাল ব্যয় হয় তা আমি মনে করি না। অনেক ক্ষেত্রে জানবেন যে এই সমস্ত বুর্জোয়া কনট্রাক্টাররা এমন কায়দা কানুন করে, যার জন্য যে ইট পাওয়া যায় ১২০ টাকা করে, দুষ্ট চক্রের ফলে সেই ইটের দাম গিয়ে দাড়াচ্ছে ১৭০ টাকা, যে সিমেণ্টের দাম বার টাকা সাড়ে বার টাকা তার দাম গিয়ে দাড়াচ্ছে ১৫।১৬ টাকা, বিভিন্ন ব্যুহের মধ্য দিয়ে এই দাম গিয়ে দাড়াচ্ছে যার ফলে অনেক বেশী দাম দিয়ে কিনতে হচ্ছে। ষ্টীলের কনট্রোল দাম ১,২০৫ টাকা এমন করা হয়েছে যে ফ্রি মার্কেটে তার দাম পড়ছে ১,৯০০ টাকা।

[ 5-00—5-10 p.m. ]

এইভাবে বিভিন্ন দিক থেকে এটা আমরা মহৎ উদ্দেশ্য হিসেবে করেছি তাতে কোন সন্দেহ নেই। কিন্তু তার স্বার্থকতা তখনই হবে যখন আমরা দেখব সম্পূর্ণভাবে সততার সঙ্গে, দক্ষতার সঙ্গে এটা

প্রতিপালন করা হচ্ছে। এটা যদি না হয় তাহলে এই লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যয় করে এই পরিকল্পনার স্বার্থক রূপায়ন হবে এটা আমি মনে করি না। আজকে এই যে বিরাট অর্থব্যয় কোলকাতার জন্য করা হচ্ছে একে আমি স্বাগত জানাচ্ছি। কিন্তু একটা কথা মনে রাখতে হবে কোলকাতার এই ৭৫ লক্ষ লোকের ব্যবস্থা করলেই যে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি লোকের ব্যবস্থা করা হবে তা নয়। গ্রামকে উপেক্ষা করলে হবে না। আপনারা বলেন—গো ব্যাক টু ভিলেজ। কিন্তু গ্রামে যদি সেই পরিবেশ না থাকে, ডাক্তার বাড়াবার ব্যবস্থা না হয়, পানীয় জল না পায়, শহরে আসা যাওয়ার সুবিধা না থাকে, বন-জঙ্গলে সাপ ঘুরে বেড়ায় তাহলে কোন্ ডাক্তার সেখানে যাবে? আমরা এটাকে জগতের সামনে তুলে ধরতে পারি। কিন্তু একটা কথা মনে রাখা দরকার যে আমরা পোষাকা কাপড় পরি কিন্তু আটপৌরে কাপড়েরও প্রয়োজন আছে। কাজেই গ্রামের ব্যবস্থা করতেই হবে। সমস্ত রক্ত মুখে এলে সেটা স্বাস্থ্যের লক্ষণ নয়। গ্রামকে উপেক্ষা করলে চলবে না, তারজন্যও বরাদ্দ রাখতে হবে। আজকে আমাদের মনে রাখতে হবে বিভিন্ন মেম্বাররা তাঁদের সমস্যা-সঙ্কুল এলাকার কথা নিয়ে এখানে এসেছেন। একথা বলে আজকে কোলকাতা মহানগরীর উন্নয়নের জন্য যে বিল আনা হয়েছে, যে পরিকল্পনা আনা হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**ডাঃ কানাইলাল সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের রাষ্ট্রমন্ত্রী সি, এম, ডি, এ, বিল যেটা এনেছেন তাকে স্বাগত জানিয়ে, সমর্থন করে বক্তব্য বলব। কোলকাতা আমার জন্মভূমি কাজেই কোলকাতাকে আমি নিশ্চয়ই ভালবাসি। এই কোলকাতার সঙ্গে আমি ওতপ্রোতভাবে জড়িত কারণ আমি কোলকাতা শহরে ১৯৫৬ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত পৌরপিতা ছিলাম। আমার বাড়ী কোলকাতার প্রান্তে বলে কোলকাতার আশেপাশে যেসমস্ত মিউনিসিপ্যালিটি আছে কিভাবে সেগুলি গড়ে উঠেছে, কি তার সমস্যা সেটা আমি প্রত্যক্ষভাবে জানি। আমার অনেক বন্ধু এখানে বলেছেন কোলকাতা শহরের কিছু উন্নতি বা উপকার হয় নি। কিন্তু আমি জানি ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৫১ সালে আসার পর কোলকাতা শহরের প্রচুর উন্নতি হয়েছে। যদি জলের কথা বলেন তাহলে আমি বলব আপনারা জানেন আগেকার দিনে টালা—পলতার জল দিয়ে কোলকাতা শহরের জল সরবরাহ করা হোত। তখন বস্তি এলাকায় জল সরবরাহের ব্যবস্থা ছিল না। বস্তি এলাকায় লোক রাজপথে বড় বড় থাম্বা ছিল সেখান থেকে জল নিত, ১।২ মাইল দূর দূর এলাকা থেকে লোকেরা এসে জল নিয়ে যেত। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, নাইনটিন ফিফ্‌টি-ওয়ান আসার পর কোলকাতা কর্পোরেশনের পৌরসভা একটা বিশেষ আইন বলে বস্তির জল সরবরাহ করেন। অর্থাৎ কিছুটা পাইপ লাইন দিয়ে, কিছুটা ছোট ছোট টিউবওয়েল দিয়ে জল সরবরাহের ব্যবস্থা করেন। আপনারা জানেন কোলকাতা শহর যখন তৈরী হয় তখন এটি একটি ছোট শহর ছিল, এখানে কয়েক লক্ষ লোকের বাস ছিল এবং টালা-পলতা থেকে সরবরাহ হোত। কিন্তু বঙ্গ বিভাগের পর অর্থাৎ পার্টিসন—এর পর প্রচুর লোক এই কোলকাতা শহরে বসবাস করবায় ফলে কোলকাতা জনবহুল হয়ে পড়ে এবং এখানে জলের চাহিদা বেশী হয়। কোলকাতা কর্পোরেশন তখন গভীর নলকূপ খুলে তার দ্বারা কোলকাতা শহরের জলের চাহিদা মেটায়। তাছাড়া আপনারা জানেন কোলকাতা শহর বা তার আশেপাশে বাড়ীঘরদোর কম ছিল। আমাদের সুয়রেজ কানেকসান খুব কম ছিল—সুয়রেজের চাপ খুব কম ছিল যার ফলে ময়লা পরিষ্কার হয়ে যাবার কোন অসুবিধা ছিল না। কিন্তু জনসংখ্যা বাড়ার ফলে এবং প্রচুর পরিমাণ বাড়ীঘর হবার ফলে আমাদের যে পয়ঃপ্রণালী আছে তার পক্ষে সেই ময়লা বহন করার ক্ষমতা নেই। তাছাড়া আপনারা জানেন কলকাতায় যা ছিল আমরা ছোট বেলায় দেখেছি কলকাতায় একভাগ স্থল এবং তিনভাগ জল ছিল,

যার ফলে গরমের সময় সমস্ত পুকুর খাল বিল শুকিয়ে যেত। কলকাতা সহর খাল-বিলে ভর্তি ছিল, বর্ষা যখন আসত তখন আমরা দেখতাম সমস্ত জল যেগুলি নিকাশী হওয়া প্রয়োজন সেগুলি খাল বিল ভরিয়ে দিয়ে জল নিকাশীর কাজ করতো, তাতে কোন অসুবিধা হত না। তাছাড়া কলকাতা শহরের দুধারে বড় বড় নালা ছিল তাতে প্রচুর জল থাকতে পারত, যার ফলে কলকাতার জল নিকাশীর কোন অব্যবস্থা হত না। কিন্তু এই জনবহুল হবার ফলে প্রচুর খাল-বিল বন্ধ করে ফেলা হয়েছে, শুধু কলকাতাই নয়, বেহালা, খড়দা, টিটাগড়, দমদম, আশেপাশের সমস্ত মিউনিসিপ্যালিটিতেই যেখানে প্রচুর পরিমাণে খাল-বিল ছিল সেই সমস্ত ভরাট করে ফেলা হয়েছে এবং তাতে বাড়ীঘর করা হয়েছে, তার ফলে দুটো চাপ সৃষ্টি হয়েছে। একটা হচ্ছে যে জলগুলি পুকুরে গিয়ে ন্যাচারাল ড্রেনেজ হত সেগুলি বন্ধ হয়েছে। তাছাড়া যেসব নতুন বাড়ী হয়েছে তার জল যাবার বন্দোবস্ত ঠিকমত নেই যার ফলে কলকাতা শহর এবং আশপাশের শহরে পানীয় জলের একটা সমস্যা দাঁড়িয়েছে এবং সুয়রেজের একটা অবস্থা দাঁড়িয়েছে, তাছাড়া জল নিকাশীর একটা অব্যবস্থা দাঁড়িয়েছে যার ফলে আজকে কলকাতা শহর এবং আশেপাশে শহর একটা নরক-কুণ্ডে পরিণত হয়েছে। তাই আমি মনে করি আজকে সি. এম. ডি. এ-র যে বিল আনা হয়েছে এই বিল গোটা কলকাতা শহর কেন আশেপাশের মিউনিসিপ্যালিটির পক্ষেও আশীর্ব্বাদস্বরূপ। এটা যদি না আসতো তাহলে আজকে কলকাতা শহর এবং আশেপাশের শহরের মানুষের পক্ষে দু'এক বছর পরে আর বাস করা সম্ভব হত না। আপনি জানেন আমাদের মত দক্ষিণে বা দক্ষিণ দেশে যেখানে জলের খুব অব্যবস্থা রয়েছে, সেখানে জলের অভাবে ম্যালেরিয়া কলেরা, টাইফয়েড এইসব রোগ নিয়মিতভাবে চলেছে। আপনারা জানেন যেসব স্বাধীন দেশ যেমন গ্রেট বৃটেন বা অন্যান্য জায়গায় একটা যদি টাইফয়েড রোগ হয় তাহলে সেখানে বিপুলভাবে ইনভেষ্টিগেসন হয়ে যায় যার জন্য একটা গল্প আছে যাকে আমরা টাইফয়েড মেরি বলি। একজন মহিলা ছিলেন তাঁর ক্রনিক টাইফয়েড ছিল, তিনি যে বাড়ীতে কাজ করতেন সেই বাড়ীর আশেপাশে টাইফয়েড রোগ ছড়িয়ে যেত। সেইজন্য সারা গ্রেট বৃটেনে সেই সময় ইনভেষ্টিগেসন আরম্ভ হয়ে যায়। তাতে দেখা যায় ঐ মহিলা যেখানে কাজ করতে যান সেখানে টাইফয়েড সুরু হয়। তখন তাকে জেলখানার ধরে নিয়ে যাওয়া হয় এবং পরীক্ষা করে দেখা যায় যে তিনি ক্রনিক টাইফয়েড রোগগ্রস্থ। তখন তাকে বলা হয় তার গলব্লাডারটা অপারেশন করতে। তিনি রাজী হন না, তাকে জেলে পুরে রাখা হয়। তাহলে দেখুন অন্যান্য দেশে একটা টাইফয়েড রোগ হলে কিভাবে তারা সাবধান হন। কিন্তু আমাদের এই বাংলাদেশে বিশেষতঃ কলকাতা এবং তার আশেপাশে টাইফয়েড রোগ প্রতিবছর নিয়মিতভাবে হয়ে চলেছে। তার কারণ হচ্ছে আমাদের ঐ খাটা পায়খানাগুলো। আপনারা জানেন ১৯৪৭ সালে আমরা স্বাধীন হয়েছি, আজকে ১৯৭২ সাল। আজকে তিরিশ বছর হয়ে গেল কিন্তু আমরা এখন দেখছি যে সকালবেলা মেথর মাথায় করে মল নিয়ে যাচ্ছে, রাস্তায় গাড়ীটা থাকে, তাতে মল ঢালছে। কোন স্বাধীন দেশে এই জিনিস চলতে পারে এটা আমি চিন্তা করে বুঝে উঠতে পারছি না। আবার আপনারা দেখুন যেখানে ময়লাগাড়ী বেশী নেই সেখানে তারা সেই বাড়ীর কাছাকাছি হাইড্রেনটি খুলে সর্ব লোকের সামনেই সেই হাইড্রেনেতে মল ঢালতে আরম্ভ করে।

এই যে পানীয় জলের সমস্যা, জল নিকাশীর সমস্যা, পয়ঃপ্রণালী সমস্যা এসব পৌরসভাগুলির দ্বারা দূরীকরণ সম্ভব নয় তাই আমরা মনে করি এই বিলের দ্বারা C.M.D.A.-র মত সংস্থাই এই সব সমস্যাগুলি দূরীকরণ করতে পারবে।

[ 5-10—5-20 p.m. ]

এই যে অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি করছে—তা বন্ধ করবার জন্য এই C.M.D.A. বিলটা বিশেষভাবে দরকার হয়ে পড়েছে। এই বিল আমাদের কাছে আশীর্ব্বাদস্বরূপ। এই বিল যদি না

আসতো তাহলে কলকাতা সহরে বসবাস করা অসম্ভব হয়ে উঠতো। এই বিলকে আমি স্বাগত জানিয়ে ও সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতক্ষণ যে বিলটা আমাদের সরকার পক্ষ থেকে উত্থাপন করা হচ্ছে, তরে উপর বিতর্ক আমি মনোযোগের সাথে শুনলাম। আমি সকলকে আপনার মাধ্যমে ধন্যবাদ জানাই এই কারণে যে মোটামুটি বিলের Spirit এবং Outlook সকলে মেনে নিয়েছেন। কেউ সরাসরি এই বিলের বিরোধিতা করেন নাই। কেউ কেউ অবশ্য সমালোচনা করতে গিয়ে কোথাও কোথাও গঠনমূলক মন্তব্য করেছেন এবং Suggestion রেখেছেন। তবে একটা জিনিষ আমি আশা করেছিলাম যে মোটামুটি এর spirit maintain করে মেনে নিয়ে কিছু কিছু বক্তব্য তাঁরা রাখবেন। আমি আশা করেছিলাম বেশীর ভাগ বক্তব্য তাই থাকবে। সেদিক থেকে আমি হতাশ হয়েছি। কারণ অনেক মাননীয় সদস্য বিশেষ কোন যুক্তি এর বিরুদ্ধে পান নাই, তবু সমালোচনা করতে হবে বলে সমালোচনা এইরকম একটা attitude নিয়েছেন। তার ফলে গল্প ও ছড়া ইত্যাদির আশ্রয় তাঁদের নিতে হয়েছিল।

এটা কোন নূতন বিল নয়, পূর্বে এটা অর্ডিন্যান্স ছিল; এখন বিল আকারে এনে আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে। C. M. D. A.-র কাজ সুরু হয়ে গেছে। যে ভাবে C. M. D. A.-এর কাজের সমালোচনা করা হচ্ছে, সেটা ঠিক ঠিক প্রাসঙ্গিক হয়ত হয় নাই। দুটো মূল কথা এখানে উপস্থাপিত হয়েছে, একটা হচ্ছে আমলাতন্ত্রের প্রভাব, আর একটা হলো এর গঠনে জনপ্রতিনিধিত্বের অভাব। এর মধ্যে আমলাতন্ত্রের বিরাট প্রভাব আছে এটা আমি স্বীকার করি না। তার কারণ আমলাতন্ত্র শব্দটা এমন একটা শব্দ যেখানে ইচ্ছা—এর প্রয়োগ হবে এবং প্রয়োগ হলে, যে তা যথার্থ হবে, অব্যর্থ হবে তা নয়। অনেক I. C. S., I. A. S. আছেন এর সঙ্গে যুক্ত। তাঁরা সদস্য হলেই কি গোটা কাঠামোটা অচ্ছুৎ হয়ে গেল? এই ধারণা নিয়ে বিলের বিতর্কে অংশগ্রহণ করা ঠিক যুক্তিযুক্ত হবে না। C. M D. A.-র যে কমিটি আছে, এর মধ্যে realistic outlook আছে, scienfitic outlook আছে। সর্বোপরি এর মধ্যে আছে একটা অভিজ্ঞতার ফল। আমাদের এ ব্যাপারে অভিজ্ঞতা হয়েছে একটা realistic এবং scientific outlook-এর মাধ্যমে আমরা নতুন করে একটা শহর একটা জনপদ তৈরী করতে চলেছি। সেদিক থেকে আশা করবো মাননীয় সদস্যরা এটা গ্রহণ করবেন। আর এতে জনপ্রতিনিধিত্ব নাই—এটাও আমি স্বীকার করবো না। জনপ্রতিনিধিত্বের হাতে এর মূল দায়িত্ব ও নেতৃত্ব রয়ে গেছে। সেটা আশাকরি আপনারা বিচার করবেন।

আর একটা কথা বলা দরকার। একটা সুষ্ঠু পরিকল্পনা ছাড়া উন্নয়নমূলক কোন কাজ হতে পারে না। এটা একটা সাবিক সত্য। আমরা দেখেছি পশ্চিমবঙ্গে বিভিন্ন সময়ে বিভিন্ন সরকার উন্নয়ন করবার একটা মানসিকতা দেখিয়েছেন, চেষ্টা করেছেন। কিন্তু যেহেতু তার মধ্যে কোন বৈজ্ঞানিক পরিকল্পনা ছিল না, তার জন্য উন্নয়নও ঠিকমত হয় নাই। পঞ্চবার্ষিকী পরিকল্পনা ভারতবর্ষে হয়েছে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা রাশিয়ায়ও হয়েছে। রাশিয়ার ফল দিয়েছে ভাল, এই কারণে যে এই পরিকল্পনায় realistic এবং scientific outlook ছিল। যার ফলে প্রতি বছর তারা একটা net result পিপ্‌লের কাছে তুলে ধরতে পেরেছে। কিন্তু আমাদের এখানে তা সম্ভব হচ্ছে না। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় বৃহত্তর কলকাতায় অনুরূপভাবে বছর বছর ফল দেখতে আমরা সমর্থ হবো। একটা সংগঠনের যদি ছোট কমিটি থাকে, তাহলে সেই কমিটি

থেকে দ্রুত result পাওয়া যায়। এবং অত্যন্ত ভাল ফল—result পাওয়া যায়। এখানে dynamic শব্দটা ব্যবহার করা উপযুক্ত, কাজে গতিশীলতা দরকার। যাঁরা মনে করেন এই গতিশীলতা দরকার, তাঁরা নিশ্চয়ই ছোট কমিটির গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনুধাবন করতে পারবেন। আমরা যারা বিভিন্ন সংগঠন করি —আমরা জানি সেখানেও এই outlook আছে। ছোট কমিটি হোক্, তাতে contract বেশী হবে, কাজে গতিশীলতা বেশী হবে, সেখানে সিদ্ধান্ত তাড়াতাড়ি নেওয়া যাবে এবং কাজের তত্বাবধান করাও সুবিধা হবে।

কমিটি বিরাট বড় করা যায়, কিন্তু ছোটোর চেয়ে বড়তে ক্ষমতা কমে যায়। কাজেই অনেকে চেয়েছেন বিভিন্নভাবে কমিটি সম্প্রসারণ করতে, আমরা বলব, অনুরোধ করব যে এই দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁরা জিনিষটা বিচার করে দেখবেন। তবে যেহেতু তারা কয়েকটি সাজেসন দিয়েছেন সেহেতু আমরা সেগুলি নিয়ে পরবর্ত্তীকালে নিশ্চয়ই চিন্তা করব। প্রথম কমিটিতে ৭জন আছেন, ১১জনের সাজেশন দিয়েছেন। আমি মনে করি মাননীয় সদস্য চিন্তা করবেন এবং আমাদের নির্দিষ্ট সংখ্যাকে গ্রহণ করবেন। আর একটা প্রস্তাব আছে এর মধ্যে, জেনারেল কাউনসিল, এ্যাডভাইসারি কমিটির পরিবর্তে আমরা তা জানি এবং আমাদের কিছু এক্সপিরিয়েন্সও আছে, এবং সেই একসপিরিয়েন্সে আমরা দেখেছি সি, এম, ডব্লু, এস, এ-কে। যদি জেনারেল কাউনসিল নতুন করে করি তাহলে তার একটা নতুন করে নাম দিতে হবে, আর এইটা সি, এম, ডাব্লু,এস, এ-এর বাইরে করলে এফেকটিভ হবে না। আমরা তাই তা না করে সি, এম, ডাব্লু, এস, এ-মত একটা এফেকটিভ এ্যাডভাইসারি কমিটি করেছি, এবং সেটা প্রস্তাব করে পেশ করেছি বিলের মাধ্যমে এবং আমরা আশা করব যে সেটা আপনারা বিচার করে গ্রহণ করবেন। কিছু কিছু সদস্য বলেছেন যে সি, এম, ডি, এ-এর মত একটা অথোরিটি গ্রামগুলির জন্য করা দরকার। গ্রামের সম্বন্ধে সরকার চিন্তা করছেন। তবে এই বিলের সঙ্গে তার কোন সম্পর্ক আছে বলে আমি মনে করি না। অনেকে মন্তব্য করেছেন যে, যে উন্নয়নটা যেখানকার জন্য সেটা সেখানকার করের দ্বারা রূপায়িত হবে, এবং চুঙ্গি কর সেটা এই অথোরিটির হাতে এসে পড়বে কেন? যাতে এর শেয়ার গ্রামের লোকেরাও পায় তার ব্যবস্থা করার কথাও বলেছেন। এটাই অনেক আগেই আলোচনা হয়ে গিয়েছে, ফলে আমি আর এইটা সম্বন্ধে নতুনকরে আলোচনা করতে চাই না। কলকাতার মানুষ যে কর দিচ্ছে সেটা কলকাতার উন্নয়নের জন্য ব্যয় হবে। তা ছাড়া এইটা গ্রাম বা শহর নিয়ে চিন্তা করার ব্যাপার নয়। তাছাড়া সি, এম, ডি, এ,-এর মধ্যে, অর্থাৎ এই উন্নয়নমূলক কাজের মধ্যে ঠিক পুরো গ্রাম নয় এইরকম বহু এলাকাও চলে আসবে। আমি সবশেষে অনুরোধ করব যে আপনারা সকলে এই বিলকে সমর্থন করবেন। দ্বিতীয়তঃ আগামী দিনে এর কথা চিন্তা করবেন এবং তৃতীয়তঃ আমি অনুরোধ করব যে আপনারা সকলে এই বিলকে গ্রহণ করবেন।

The motion of Shri Subrata Mukhopadhaya that the Calcutta Metropolitan Development Authority Bill, 1972, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2 and 3**

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 4

**Mr. Speaker :** There are three amendments to clause 4 by Shri Biswanath Chakrabarti. I call upon Shri Chakrabarti to move his amendments.

[5-20—5-30 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জি :** স্পীকার স্যার, আমাদের পার্টির তরফ থেকে কয়েকটি এমেণ্ডমেণ্ট আছে সেই এমেণ্ডমেণ্টগুলি আমরা মুভ করবো কিনা সেটা নির্ভর করছে মন্ত্রীর উত্তরের উপর। সেইজন্য আমি আমাদের পার্টির পক্ষ থেকে একটা ছোট বিবৃতি দিতে চাই। রাষ্ট্রমন্ত্রী যে উত্তর দিলেন তাতে আমরা একেবারেই সন্তুষ্ট হতে পারি নি। আমরা জানি আইনের খসড়া অনেক দিন আগে হয়েছে—এ আইনটা আছে আমরা তাই জানি—এটা নূতন করে কিছু করা হয় নি তাও জানি এবং তাড়াহুড়া করে আনা হয়েছে তাও জানি,আর এর একটা কমা, সেমিকোলন, ফুলষ্টপ পাল্টানো হয় সবই আছে তাও জানি। কিন্তু এখানে যে সমালোচনা হোল সেই সমালোচনাকে নাম মাত্র গ্রহণ করে উত্তর দেওয়া হোল। এভাবে আমরা মেনে নিতে পারবো না। বিদ্রুপ করার মনোভাব গভর্ণমেণ্টের তরফ থেকে থাকা উচিত নয়। আমি বিলটি পুনরায় আলোচনা করতে চাই না। আমি শুধু মুখ্যমন্ত্রীর কাছে পরিষ্কার আশ্বাস চাই—আজকে এই বিল এইভাবে পাশ হোক —কিন্তু অদূর ভবিষ্যতে গভর্ণমেণ্ট সমগ্র বিষয়টি পুনর্বিবেচনা করবেন এই আশ্বাস চায়। এবং যা কিছু এই আইন সভার মধ্যে এবং বাইরে বিভিন্নভাবে যেসব প্রশ্ন উঠেছে সবগুলি ভালভাবে পুনর্বিবেচনা করে একটা কমপ্রিহেন্‌সিভ আইন ভবিষ্যতে আনবেন, এই প্রতিশ্রুতি যদি মুখ্যমন্ত্রীর কাছ থেকে পাই তাহলে আমরা আমাদের তরফ থেকে যেসব এমেণ্ডমেণ্ট আনা হয়েছে সেগুলি মুভ করবো না। কিন্তু সেইরকম প্রতিশ্রুতি যদি না পাই তাহলে আমরা সকলে বুঝবো যে এগুলি বিবেচনা করতে আপনারা প্রস্তুত নয়, এবং ভবিষ্যতে একটা কমপ্রিহেন্‌সিভ আইন আনতেও প্রস্তুত নয়। তাহলে এই এমেণ্ডমেণ্টগুলি যা আমরা দিয়েছি তা আমরা মুভ করতে বাধ্য হবো। আমি আশা করি যদি মুখ্যমন্ত্রী এই সময় থাকেন হাউসে আসুন এবং এসে যদি তিনি বলেন আর যদি না আসেন তাহলে রাষ্ট্রমন্ত্রী এ ব্যাপারে যদি আশ্বাস দেন তাহলে ভাল। তাঁদেরই বলার উপর নির্ভর করছে এই সংশোধনী মুভ করবো কি না।

**শ্রীসুব্রত মুখার্জি :** বিদ্রুপের কিছু নাই। আমি বিদ্রুপ করি নি। তবে আলোচনা করতে গিয়ে ব্যাঙ্গ করে কিছু বললে তা বিদ্রুপ করা হয় না। আর মুখ্যমন্ত্রী এখানে নাই। তাই এ ব্যাপারে আমি প্রতিশ্রুতি দিতে পারছি না।

**Shri Biswnnath Chakrabarti :** Sir, I beg to move that for clause 1 (e), the following be substituted, namely :—

(e) two members of the Legisiative Assembly from C. M. D. A. area to be elected by the M. L. A.s of the C. M. D. A. area ;

(f) (i) one Councillor selected by the Calcutta Corporation or the Mayor himself ;

(ii) one Councillor selected by the Howrah Municipality or the Chairman himself ;

(iii) one Commissioner to be elected from amongst the Commissioners of Municipalities in North 24-Parganas District ;

(iv) one member to be elected from amongst the Commissioners of Municipalities in South 24-Parganas District ;

(v) one member to be elected from among the Municipal Commissioners of Municipalities on the west of the Hooghly river (other than Howrah);

Sir, I also beg to move that in clause 4(4) in line 1, for the words "clause (e)" the words "clauses (e) and (f)" be substituted.

Sir, I also beg to move that in clause 4(4) in line 3, for the words "nomination by the State Government" the word "election" be substituted,

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** আপনার suggestionগুলি আমি মনে রাখব। I oppose all the amendments.

[5-30—5-40 p.m.]

The motion of Shri Biswanath Chakrabarti that for clause 4(1) (e), the following be substituted, namely :—

(e) two members of the Legislative Assembly from C. M. D. A. area to be elected by the M. L. A.s, of the C. M. D. A. area ;

(f) (i) one Councillor selected by the Calcutta Corporation or the Mayor himself;

(ii) one Councillor selected by the Howrah Municipality or the Chairman himself;

(iii) one Commissioner to be elected from amongst the Commissioners of Municipalities in North 24-Parganas District ;

(iv) one member to be elected from amongst the Commissioners of Municipalities in South 24-Parganas District ;

(v) one member to be elected from among the Municipal Commissioners of Municipalities on the west of the Hooghly river (other than Howrah).

Was then put and a division taken with the following result :—

## DIVISION—I

### AYES—21

A.M.O. Ghani, Dr.
Ali Ansar, Shri
Basu, Shri Ajit Kumar (Hoog.)
Bhattacharya, Shri Sakti Kumar
Bhattacharyya, Shri Harasankar
Bhowmik, Shri Kanai
Chakrabarti, Shri Biswanath
Das, Shri Bimal
Dihidar, Shri Niranjan
Duley, Shri Krishnaprasad
Ganguly, Shri Ajit Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar

### NOES—98

Abdul Bari Biswas, Shri
Abdur Rauf Ansari, Shri
Abedin, Dr. Zainal
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Ramdas
Bar, Shri Ram Krishna
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Biswas, Shri Kartic Chandra
Chakravarty, Shri Bhabataran

AYES

Mitra, Shrimati Ila
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Wilson-De Roze, Shri George Albert

NOES

Chatterjee, Shri Debabrata
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Bijoy
Das, Shri Rajani
Das, Shri Sarat Chandra
Das, Shri Sudhir Chandra
Daulat Ali, Shri Sheikh
De, Shri Asamanja
Deshmukh, Shri Netai
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Gayen, Shri Lalit
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh Sohanpal
Hajra, Shri Basudeb
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Mahanto, Shri Madan Mohan
Mahapatra, Shri Harish Chandra
Mahbubul Haque, Shri
Maiti, Shri Braja Kishore
Maity, Shri Prafulla
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit

**AYES** **NOES**

Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Mojumdar, Shri Jotirmoy
Mondal, Shri Amarendra
Mondal, Shri Jokhi Lal
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Sanat Kumar
Mukhapadya, Shri Tarapoda
Mukhopadhaya, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Naskar, Shri Gobinda Chandra
Parui, Shri Mohini Mohon
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy, Shri Madhu Sudan
Roy, Shri Mrigendra Narayan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Dulal
Saha, Shri Dwija Pada
Samanta, Shri Saradindu
Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramakrishna
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Shamsuddin Ahmed, Shri
Shaw, Shri Sachi Nandan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Satyanarayan

| AYES | NOES |
|---|---|
| | Singha Roy, Shri Probodh Kumar |
| | Sinha, Shri Debendra Nath |
| | Sinha, Shri Panchanan |
| | Sinha Roy, Shri Bhawani Prosad |
| | Sur, Shri Ganapati |
| | Tirkey, Shri Iswar Chandra |
| | Tudu, Shri Budhan Chandra |

The Ayes being 21 and the Noes 98, the motion was lost.

The motion of Shri Biswanath Chakrabarti that in clause 4(4) in line 1, for ie words "clause (e)" the words "clause (e) and (f)" be substituted, was then ut and a division taken with the following result :—

## DIVISION—II

| AYES—21 | NOES—102 |
|---|---|
| M.O. Ghani, Dr. | Abdul Bari Biswas, Shri |
| i Ansar, Shri | Abdur Rauf Ansari, Shri |
| su, Shri Ajit Kumar (Hoog.) | Abedin, Dr. Zainal |
| attacharya, Shri Sakti Kumar | Aich, Shri Triptimay |
| attacharyya, Shri Harasankar | Anwar Ali, Shri Sk. |
| owmik, Shri Kanai | Bandopadhayay, Shri Shib Sankar |
| akrabarti, Shri Biswanath | Bandyopadhyay, Shri Sukumar |
| s, Shri Bimal | Banerjee, Shri Ramdas |
| hidar, Shri Niranjan | Bar, Shri Ram Krishna |
| ley, Shri Krishnaprasad | Bauri, Shri Durgadas |
| nguly, Shri Ajit Kumar | Bera, Shri Rabindra Nath |
| osal, Shri Satya | Biswas, Shri Ananda Mohan |
| osh, Shri Sisir Kumar | Chakraborty, Shri Gautam |
| tra, Shrimati Ila | Chakravarty, Shri Bhabataran |
| ikherjee, Shri Biswanath | Chatterjee, Shri Debabrata |
| ikhopadhyaya, Shrimati Geeta | Chattopadhyaya, Dr. Sailendra |
| irmu, Shri Rabindra Nath | Das, Shri Barid Baran |
| aon, Shri Prem | Das, Shri Bijoy |
| ulmali, Shri Lalchand | Das, Shri Rajani |
| y, Shri Aswini | Das, Shri Sarat Chandra |
| lson-De Roze, Shri George Albert | Das, Shri Sudhir Chandra |
| | Daulat Ali, Shri Sheikh |
| | De, Shri Asamanja |
| | Deshmukh, Shri Netai |
| | Dolui, Shri Hari Sadhan |
| | Dutt, Shri Ramendra Nath |

| AYES | NOES |
|---|---|
| | Dutta, Shri Adya Charan |
| | Dutta, Shri Hemanta |
| | Ekramul Haque Biswas, Shri |
| | Gayen, Shri Lalit |
| | Goswami, Shri Sambhu Narayan |
| | Gyan Singh Sohanpal |
| | Hajra, Shri Basudeb |
| | Halder, Shri Manoranjan |
| | Hatui, Shri Ganesh |
| | Hembram, Shri Sital Chandra |
| | Hembrom, Shri Benjamin |
| | Hembrom, Shri Patrash |
| | Hemram, Shri Kamala Kanta |
| | Isore, Shri Sisir Kumar |
| | Jana, Shri Amalesh |
| | Khan, Shri Gurupada |
| | Mahanto, Shri Madan Mohan |
| | Mahapatra, Shri Harish Chandra |
| | Mahbubul Haque, Shri |
| | Maiti, Shri Braja Kishore |
| | Maity, Shri Prafulla |
| | Majhi, Shri Rup Sing |
| | Maji, Shri Saktipada |
| | Majumdar, Shri Bhupati |
| | Mandal, Shri Arabinda |
| | Mandal, Shri Gopal |
| | Mandal, Shri Probhakar |
| | Mandal, Shri Santosh Kumar |
| | Mazumdar, Shri Indrajit |
| | Md. Safiulla, Shri |
| | Md. Shamsuzzoha, Shri |
| | Misra, Shri Ahindra |
| | Misra, Shri Kashinath |
| | Mitra, Shri Haridas |
| | Mohammad Dedar Baksh, Shri |
| | Mohammad Idris Ali, Shri |
| | Mohanta, Shri Bijoy Krishna |
| | Mojumdar, Shri Jotirmoy |
| | Mondal, Shri Amarendra |
| | Mondal, Shri Jokhi Lal |
| | Moslehuddin Ahmed, Shri |

| AYES | NOES |
|---|---|
| | Mukherjee, Shri Sanat Kumar |
| | Mukhapadya, Shri Tarapoda |
| | Mukhopadhaya, Shri Subrata |
| | Mukhopadhyaya, Shri Ajoy |
| | Naskar, Shri Gobinda Chandra |
| | Parui, Shri Mohini Mohon |
| | Pramanik, Shri Monoranjan |
| | Pramanik, Shri Puranjoy |
| | Roy, Shri Bireswar |
| | Roy, Shri Debendra Nath |
| | Roy, Shrimati Ila |
| | Roy, Shri Jagadananda |
| | Roy, Shri Madhu Sudan |
| | Roy, Shri Mrigendra Narayan |
| | Roy, Shri Santosh Kumar |
| | Roy, Shri Suvendu |
| | Saha, Shri Dulal |
| | Saha, Shri Dwija Pada |
| | Saha, Shri Radha Raman |
| | Samanta, Shri Saradindu |
| | Santra, Shri Sanatan |
| | Saraogi, Shri Ramakrishna |
| | Sarker, Shri Jogesh Chandra |
| | Sen, Shri Bholanath |
| | Shamsuddin Ahmed, Shri |
| | Shaw, Shri Sachi Nandan |
| | Shukla, Shri Krishna Kumar |
| | Singha, Shri Satyanarayan |
| | Singha Roy, Shri Probodh Kumar |
| | Sinha, Shri Debendra Nath |
| | Sinha, Shri Panchanan |
| | Sinha Roy, Shri Bhawani Prosad |
| | Sur, Shri Ganapati |
| | Tirkey, Shri Iswar Chandra |
| | Tudu, Shri Budhan Chandra |

The Ayes being 21 and Noes 102, the motion was lost.

The motion of Shri Biswanath Chakrabarti that in clause 4 (4) in line 3, for he words "nomination by the State Government" the word "election" be ubstituted, was then put and a division taken with the following result :—

## DIVISION—III

| AYES—22 | NOES—104 |
|---|---|
| M.O. Ghani, Dr. | Abdul Bari Biswas, Shri |

## AYES

Ali Ansar, Shri
Basu, Shri Ajit Kumar (Hoog.)
Bhattacharya, Shri Sakti Kumar
Bhattacharyya, Shri Harasankar
Bhowmik, Shri Kanai
Chakrabarti, Shri Biswanath
Das, Shri Bimal
Dihidar, Shri Niranjan
Duley, Shri Krishnaprasad
Ganguly, Shri Ajit Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Sinha, Shri Nirmal Krishna
Wilson De Roze, Shri George Albert

## NOES

Abdur Rauf Ansari, Shri
Abedin, Dr. Zainal
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Ramdas
Bar, Shri Ram Krishna
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Biswas, Shri Ananda Mohan
Biswas, Shri Kartic Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Debabrata
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Rajani
Das, Shri Sarat Chandra
Das, Shri Sudhir Chandra
Daulat Ali, Shri Sheikh
De, Shri Asamanja
Doloi, Shri Rajani Kanta
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh Sohanpal
Hajra, Shri Basudeb
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Benjamin
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar

**AYES**

**NOES**

Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Mahanto, Shri Madan Mohan
Mahapatra, Shri Harish Chandra
Mahbubul Haque, Shri
Maity, Shri Prafulla
Majhi, Shri Rup Sing
Majumdar, Shri Bhupati
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Mojumdar, Shri Jotirmoy
Mondal, Shri Amarendra
Mondal, Shri Jokhi Lal
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Sanat Kumar
Mukhapadya, Shri Tarapoda
Mukhopadhaya, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Naskar, Shri Gobinda Chandra
Parui, Shri Mohini Mohon
Paul, Shri Bhawani
Poddar, uhri Deokinandan
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy, Shri Madhu Sudan
Roy, Shri Mrigendra Narayan

**AYES** **NOES**

Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Dulal
Saha, Shri Dwija Pada
Samanta, Shri Saradindu
Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramakrishna
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Shamsuddin Ahmed, Shri
Shaw, Shri Sachi Nandan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Satyanarayan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Sur, Shri Ganapati
Tewary, Shri Sudhanshu Sekhar
Tirkey, Shri Iswar Chandra
Wilson-De Roze, Shri George Albert

The Ayes being 22 and Noes 104, the motion was lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 5 to 12**

The question that clauses 5 to 12 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 13**

**Shri Sisir Kumar Ghosh :** Sir, I beg to move that in clause 13(1), lines 2 and 3, for the words "An Advisory Council for the purpose of advising it on the formulation and co-ordination plans" the words "a General Council for the purpose of approval of Budget and policy matters" be substituted.

Sir, I also beg to move that for clause 13 (2) the following members, namely :

"(2) The General Council shall consist of the following members, namely :—

(a) The Chairman of the Metropolitan Authority, ex-officio, who shall be the President thereof ;

(b) the Vice-Chairman of the Metropolitan Authority, ex-officio ;

(c) the Chairman of the Board of Trustees for the improvement of Calcutta ;

(d) the Chairman of the Board of Trustees for the improvement of Howrah ;

(e) one person holding office, for the time being, as the Commissioner of the Corporation of Calcutta ;

(f) two non-official persons with knowledge of town planning and architecture to be nominated by the State Government ;

(g) one representative of the Department of Health of the State Government ;

(h) eleven elected representatives of the municipal Corporations and other municipalities within the Calcutta Metropolitan Area ;

(i) Chief Engineer of the Calcutta Electric Supply Corporation Ltd. ;

(j) Administrator of the Calcutta Tramways Company Limited ;

(k) a member of the Board of Director of the Calcutta Metropoliton Water and Sanitation Authority ,

(l) Director of the Calcutta Metropolitan Planning Organisation ;

(m) three members of the West Bengal Legislative Assembly from Calcutta Metropolitan Area to be selected by the Speaker representing major shades of opinion ;

(n) the Cheif Administrative Officer, Metropolitan Transport Project (Railways), Calcutta ; and

(o) four Members of the Lok Sabha from among the M.P.s of Calcutta Metropolitan Area.

**শ্রীশিশির কুমার ঘোষ ঃ** স্যার, আগেই বলা হয়েছে যে আমরা সাধারণ ভাবে চাই যে এই এ্যাডভাইসরি কাউন্সিল না থেকে এমন একটা কাউন্সিল হওয়া উচিত যে কাউন্সিলের ক্ষমতা থাকবে প্লান এ্যাপ্রুভ করবার, অর্থাৎ এ্যাপ্রুভিং অথরিটি। এই জেনারেল কাউন্সিলের জন্য আমরা প্রস্তাব করেছি এবং আমরা মনে করি এইভাবে যদি সংশোধনীটা গৃহীত হয় তাহলে বেশীরভাগ জনপ্রতিনিধি তাঁদের নিজেদের এলাকার সমস্যা সঠিকভাবে তুলে এনে যে সমস্ত এক্সপার্টরা এর সঙ্গে যুক্ত আছেন তাঁদের নিয়ে নিজেদের মনের মত জনসাধারণের স্বার্থে পরিকল্পনা তৈরী করতে পারবেন। এই পরিকল্পনা যা জনসাধারণের স্বার্থে হবে তার পরামর্শদাতা বা বুদ্ধিদাতারা যদি জনপ্রতিনিধিরা হন তাহলে সেই পরিকল্পনা হবে সুষ্ঠু, গণতান্ত্রিক এবং সেই জাতীয় পরিকল্পনাই বাংলাদেশের মানুষ চায়।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** আমি আদৌ এটা গ্রহণ করতে পারলাম না।

[ 5-40—5-50 p.m. ]

The motion of Shri Sisir Kumar Ghosh that in clause 13(1), lines 2 and 3, for the words "An Advisory Council for the purpose of advising it on the formulation

and co-ordination of plans" the words "a General Counil for the purpose of approval of Budget and policy matters" be substituted, was then put and a division taken with the following result :—

## DIVISION—IV

**AYES—21**

A.M.O. Ghani, Dr.
Ali Ansar, Shri
Basu, Shri Ajit Kumar (Hoog.)
Bhattacharya, Shri Sakti Kumar
Bhattacharyya, Shri Harasankar
Bhowmik, Shri Kanai
Chakrabarti, Shri Biswanath
Das, Shri Bimal
Dihidar, Shri Niranjan
Duley, Shri Krishnaprasad
Ganguly, Shri Ajit Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Sinha, Shri Nirmal Krishna

**NOES—109**

Abdul Bari Biswas, Shri
Abdur Rauf Ansari, Shri
Abedin, Dr. Zainal
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Ramdas
Bar, Shri Ram Krishna
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bhattacharya, uhri Narayan
Biswas, Shri Ananda Mohan
Biswas, Shri Kartic Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Debabrata
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Bijoy
Das, Shri Rajani
Das, Shri Sarat Chandra
Das, Shri Sudhir Chandra
Daulat Ali, Shri Sheikh
De, Shri Asamanja
Deshmukh, Shri Netai
Doloi, Shri Rajani Kanta
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh Sohanpal
Hajra, Shri Basudeb

**AYES** **NOES**

Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Benjamin
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Lohar, Shri Gour Chandra
Mahanto, Shri Madan Mohan
Mahapatra, Shri Harish Chandra
Mahbubul Haque, Shri
Maiti, Shri Braja Kishore
Maity, Shri Prafulla
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Majumdar, Shri Bhupati
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Moitra, Shri Arun Kumar
Mojumdar, Shri Jotirmoy
Mondal, Shri Amarendra
Mondal, Shri Jokhi Lal
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Sanat Kumar
Mukherjee, Shri Sibdas
Mukhapadya, Shri Tarapoda
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhendu
Naskar, Shri Gobinda Chandra

AYES

NOES

Paik, Shri Bimal
Parui, Shri Mohini Mohon
Paul, Shri Bhawani
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Dulal
Saha, Shri Dwija Pada
Samanta, Shri Saradindu
Saraogi, Shri Ramakrishna
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Shamsuddin Ahmed, Shri
Shaw, Shri Sachi Nandan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Satyanarayan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Sur, Shri Ganapati
Tewary, Shri Sudhanshu Sekhar
Tirkey, Shri Iswar Chandra
Wilson-De Roze, Shri George Albert

The Ayes being 21 and the Noes 109, the motion was lost.

The motion of Shri Sisir Kumar Ghosh that for clause 13(2) the following be substituted, namely :—

"(2) The General Council shall consist of the following members, namely : —

(a) The Chairman of the Metropolitan Authority, ex-officio, who shall be the President thereof ;

(b) the Vice-Chairman of the Metropolitan Authority, ex-officio ;

(c) the Chairman of the Board of Trustees for the improvement of Calcutta ;

(d) the Chairman of the Board of Trustees for the improvement of Howrah ;

(e) one person holding office, for the time being, as the Commissioner of the Corporation of Calcutta ;

(f) two non-official persons with knowledge of town planning and architecture to be nominated by the State Government ;

(g) one representative of the Department of Health of the State Government ;

(h) eleven elected representatives of the municipal Corporations and other municipalities within the Calcutta Metropolitan Area ;

(i) Chief Engineer of the Calcutta Electric Supply Corporation Limited ;

(j) Administrator of the Calcutta Tramways Company Limited ;

(k) a member of the Board of Director of the Calcutta Metropolitan Water and Sanitation Authority ;

(l) Director of the Calcutta Metropolitan Planning Organisation ;

(m) three members of the West Bengal Legislative Assembly from Calcutta Metropolitan Area to be selected by the Speaker representing major shades of opinion ;

(n) the Chief Administrative Officer, Metropolitan Transport Project (Railways), Calcutta ; and

(o) four Memers of the Lok Sabha from among the M.P.s of Calcutta Metropolitan Area was then put and a division taken with the following result :—

## DIVISION—V

| AYES—21 | NOES—110 |
| --- | --- |
| A.M.O. Ghani, Dr. | Abdul Bari Biswas, Shri |
| Ali Ansar, Shri | Abdur Rauf Ansari, Shri |
| Basu, Shri Ajit Kumar (Hoog.) | Abedin, Dr. Zainal |
| Bhattacharya, Shri Sakti Kumar | Aich, Shri Triptimay |
| Bhattacharyya, Shri Harasankar | Anwar Ali, Shri Sk. |
| Bhowmik, Shri Kanai | Bandopadhayay, Shri Shib Sankar |
| Chakrabarti, Shri Biswanath | Bandyopadhyay, Shri Sukumar |
| Das, Shri Bimal | Banerjee, Shri Ramdas |
| ihidar, Shri Niranjan | Bar, Shri Ram Krishna |
| lley, Shri Krishnaprasad | Bauri, Shri Durgadas |
| nguly, Shri Ajit Kumar | Bera, Shri Rabindra Nath |
| osal, Shri Satya | Biswas, Shri Ananda Mohan |
| sh, Shri Sisir Kumar | Biswas, Shri Kartic Chandra |
| a, Shrimati Ila | Chakraborty, Shri Gautam |
| herjee, Shri Biswanath | Chakravarty, Shri Bhabataran |

**AYES**

Mukhopadhyaya, Shrimati Geeta
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem
Phulmali, Shri Lalchand
Roy, Shri Aswini
Sinha, Shri Nirmal Krishna

**NOES**

Chatterjee, Shri Debabrata
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Bijoy
Das, Shri Rajani
Das, Shri Sarat Chandra
Das, Shri Sudhir Chandra
Daulat Ali, Shri Sheikh
De, Shri Asamanja
Deshmukh, Shri Netai
Doloi, Shri Rajani Kanta
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh Sohanpal
Hajra, Shri Basudeb
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Benjamin
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Lohar, Shri Gour Chandra
Mahanto, Shri Madan Mohan
Mahapatra, Shri Harish Chandra
Mahbubul Haque, Shri
Maiti, Shri Braja Kishore
Maity, Shri Prafulla
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Majumdar, Shri Bhupati

of

AYES

NOES

Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Moitra, Shri Arun Kumar
Mojumdar, Shri Jotirmoy
Mondal, Shri Amarendra
Mondal, Shri Jokhi Lal
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Sanat Kumar
Mukherjee, Shri Sibdas
Mukhapadya, Shri Tarapoda
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhendu
Naskar, Shri Gobinda Chandra
Paik, Shri Bimal
Parui, Shri Mohini Mohon
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy, Shri Madhu Sudan
Roy, Shri Mrigendra Narayan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Dulal
Saha, Shri Dwija Pada
Samanta, Shri Saradindu
Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramakrishna
Sarker, Shri Jogesh Chandra

| AYES | NOES |
|---|---|
| | Sen, Shri Bholanath |
| | Shamsuddin Ahmed, Shri |
| | Shaw, Shri Sachi Nandan |
| | Shukla, Shri Krishna Kumar |
| | Singha, Shri Satyanarayan |
| | Singha Roy, Shri Probodh Kumar |
| | Sinha, Shri Atish Chandra |
| | Sinha, Shri Debendra Nath |
| | Sinha, Shri Panchanan |
| | Sinha Roy, Shri Bhawani Prosad |
| | Sur, Shri Ganapati |
| | Tewary, Shri Sudhanshu Sekhar |
| | Tirkey, Shri Iswar Chandra |
| | Wilson-De Roze, Shri George Albert |

The Ayes being 21 and the Noes 110, the motion was lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

*Clauses 14 to 23 and the Preamble*

The question that clauses 14 to 23 and the Preamble do stand part of the Bill, was put and agreed to.

**Shri Subrata Mukhopadhaya :** I beg to move that the Calcutra Metropolitan Development Authority Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ছোট্ট বিবৃতি এই সঙ্গে করতে চাই। আমরা এরূপ আশ্বাস পেয়েছিলাম গভর্ণমেণ্টের পক্ষ থেকে.........

**Mr. Speaker :** Mr, Mukherjee, the Bill has already been passed.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই কারণ অনেকের হয় ত অভিজ্ঞতা না থাকতে পারে। যদি এখন এখানে অপোজিসান বসতো তাদের লিডার একটা বিল থেকে আর একটা বিলে যাবার আগে আপনার কাছে কোন দৃষ্টি আকর্ষণ করতে পারতো কি না ?

**Mr. Speaker :** You can do that but without any reflection on the Bill. ( ভয়েস—এ তো পাশ হয়ে গেছে। )

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা যদি ধৈর্য ধরে কেউ না শোনেন বা প্রতিবাদ করেন তাহলে সেটা সব সময় শোভন নয়। আমি একটা ষ্টেটমেণ্ট করতে ডিউটি বাউণ্ড হচ্ছি এইজন্য যে, আমরা একটা আশ্বাস পেয়েছিলাম যে গভর্ণমেণ্ট এটা সামগ্রিকভাবে

বিবেচনা করবেন ভবিষ্যতে এরূপ ধরণের একটা ষ্টেটমেণ্ট করবেন। ওঁরা এ ব্যাপারে কেউ উত্তর প্রত্যুত্তর করবেন না কারণ এটা স্যার আপনার ব্যাপার। স্যার, আমরা এরূপ একটা আশ্বাস পেয়েছিলাম যে সামগ্রিক জিনিষটা ভবিষ্যতে পুনরায় বিবেচনা করা হবে এবং ষ্টেটমেণ্ট করা হবে। এবং আমরাও কোন এ্যামেণ্ডমেণ্ট মুভ করবো না, ভোট তো দূরের কথা—আদৌ আমরা মুভ করবো না। কিন্তু এখানে সেরূপ কথা বলা সত্ত্বেও রাষ্ট্রমন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন এই উত্তরের জন্য আমরা আমাদের এ্যামেণ্ডমেণ্ট মুভ করতে বাধ্য হয়েছি। সমস্ত সদস্য এই স্পিরিটে এটা নেবেন এবং বুঝবেন।

### The West Bengal Improvement Laws (Amendment) Bill, 1972.

**Shri Prafull Kanti Ghosh :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Improvement Laws (Amedment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill).

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, I beg to move that the West Bengal Improvement Laws (Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, under the Hooghly River Bridge Act, 1969, the Hooghly River Bridge Commissioners were to construct a high level bridge across the river Hooghly with necessary approaches to such bridge. The Board of Trustees for the Improvement of Calcutta and the Board of Trustees for the improvement of Howrah both possessed considerable skill and experience and highly trained personnel necessary for the execution of works for the improvement and development of the areas within their respective jurisdiction. For a smooth and efficient execution of the Bridge project, the Hooghly River Bridge Commissioners might like to draw upon the skill, experience and resources of the Boards by entrusting them with the construction of the approaches to the Bridge. But neither the Calcutta Improvement Act, 1911, nor the Howrah Improvement Act, 1956, provided for a situation where the Board constituted under its provisions could undertake the execution of the works as an agent of any statutory authority.

[5-50—6-00 p.m.]

It was, therefore, felt that a provision should be made in each of these Acts to enable each Board to undertake, with the previous sanction of the State Government, execution of any works in any area within its jurisdiction on behalf of any person on such terms and conditions as might be agreed upon between the Board and such person. Accordingly, during the operation of the Proclamation issued by the President of India on the 19th March, 1970, under Article 356 of the Constitution of India in relation to the State of West Bengal, the West Bengal Improvement Laws (Amendment) Act, 1971 (President's Act, No. I of 1971), was enacted to serve the above purpose.

Under Clause (2) of Art. 357 of the Constitution of India, the provisions of the said President's Act was to cease to have effect on the expiration of a period of one year from the date of withdrawal of the President's Proclamation issued under Art. 356, i.e., on the 2nd April, 1972. The continuance of the provisions of the President's Act was, however, still essential beyond that

period, for the execution of the works connected with the construction of the approaches to the new Hooghly Bridge and also for the execution of various improvement and development works undertaken in Calcutta and Howrah under the auspieces of the Calcutta Metropolitan Development Authority. In the circumstances, the provisions of the West Bengal Improvement Laws (Amendment) Act, 1971, was re-enacted by promulgating the West Bengal Improvement Laws (Amendment) Ordinance, 1972, on the 22nd March, 1972.

Sir, I have just read out a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining the circumstances under which the West Bengal Improvement Laws (Amendment) Bill, 1972, was promulgated on 22nd March, 1972. Before the new provisions were incorporated by the President's Act, i.e., by the West Bengal Improvement Laws (Amendment) Act, 1971, the Board of Trustees for the improvement of Calcutta and the Board of Trustees for the improvement of Howrah were empowered to execute improvement and development works, e.g., general improvement schemes, street schemes, etc., of their own only. They could not execute any work on behalf of other persons, or in other words, they could not execute the construction of the approach roads of the new Hooghly Bridge and improvement and development works of the Calcutta Metroplitan Development Authority. By the new provisions incorporated by the President's Act and continued by the West Bengal Improvement Laws (Amendment) Ordinance, 1972, the Boards are now competent to execute all such works as well besides their own schemes. Obviously, therefore, these provisions should be continued permanently in the two Acts. The object of the Bill is to continue the provisions of the President's Act and the Ordinance which replaced the President's Act. There will be no expenditure for giving effect to the provisions of the Bill. I am sure that all sections of the House will fully support the Bill.

Sir, with these words, I commend my motion for acceptance of the House.

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল আনার সময় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যথেষ্ট ব্যাখ্যা করেছেন। কাজেই এরপর আর আমাদের বক্তৃতা দেবার প্রয়োজন হয় না। আমরা এই বিলকে সমর্থন করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী নদীর উপরে সেতু নির্মাণের যে পরিকল্পনা করা হয়েছে এবং তারজন্য যে আইনটা Ordinance আকারে ইতিপূর্বে ছিল এবং সেটা এখন বিল আকারে নিয়ে আসা হয়েছে সেই বিলকে আমরা সর্বান্তকরণে সমর্থন করছি। এটুকু বিশ্বাস রাখি গঠনমূলক ও কল্যাণমূলক যে সমস্ত কাজ সরকার গ্রহণ করেছেন সেই কাজ করার পক্ষে যদি আইনসঙ্গত কোন বাধা থাকে তাহলে সেটা অপসারণ করা নিশ্চয় আমাদের কর্তব্য এবং আমার মনে হয় বিধান সভায় মাননীয় সদস্যরাও একে সমর্থন করবেন। আজ হুগলী নদীর উপরে যে ব্রীজ হবে তার দ্বারা আমাদের বাণিজ্যিক উন্নতি হবে এবং সেই সঙ্গে সঙ্গে হাওড়া ব্রীজের উপর আজ অত্যধিক ভীড়ের জন্য যানবাহন ও লোকচলাচলের যে অসুবিধা হচ্ছে তা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। সুতরাং এরকম ধরণের একটা পরিকল্পনা দরকার ছিল।

এই পরিকল্পনা কেবলমাত্র হাওড়া এবং কলকাতার মধ্যে হলেও অর্থাৎ ব্রীজ নির্মাণের জায়গা হাওড়া ও কলকাতার মধ্যে হলেও সারা পশ্চিমবঙ্গবাসীর স্বপ্ন ও সাধনা এটা। সেইজন্য এই স্বপ্ন ও সাধনা পূরণ হলেও আমরা উপকৃত হবো, জনগণ উপকৃত হবে। সেইজন্য আজকে যে বিলটা আনা হয়েছে আমি তাকে পুনরায় সর্বান্তকরণে সমর্থন করছি।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** স্পীকার স্যার, যে বিলটা এই হাউসের সামনে আমি উত্থাপন করেছিলাম তাকে মাননীয় সদস্যরা তাঁদের সমর্থন জানিয়েছেন। এই সমর্থন জানানোর জন্য তাঁদেরকে আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে বলবো যে মাননীয় সদস্যরা জানেন ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবাংলার কি চেহারা ছিল, কি অবস্থা ছিল, রাজনীতি সামাজিক জীবনকে একেবারে কলুষিত করে তুলেছিল। তাই ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সালের মধ্যে আমরা দুঃখের সঙ্গে দেখেছি সংবিধান বলেছে পাঁচ বছর অন্তর একবার নির্বাচন হওয়ার দরকার সেখানে ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে এই পশ্চিমবঙ্গে চারবার নির্বাচন হলো। আজ আমরা একটা স্থায়ী সরকার গঠন করতে পেরেছি। আজ পশ্চিমবাংলার সামনে এবং আমাদের সামনে নানান সমস্যা দেখা দিয়েছে। আজ আমাদের এই পশ্চিমবাংলার সর্বাঙ্গীন উন্নতি করবার জন্য নানা রকম পরিকল্পনা আনতে হচ্ছে। তাই একটা বিশেষ পরিকল্পনা হচ্ছে এই বিল। আমি আবার বলবো আজকে মাননীয় সদস্যরা যে মনের পরিচয় দিয়েছেন তারজন্য আমি তাঁদেরকে একান্তভাবে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prafulla Kanti Ghosh that the West Bengal Improvement Laws (Amendment) Bill, 1972, be taken into consideration was then put and agreed to.

*Clauses 1 to 4 and the Preamble*

The question that clauses 1 to 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, I beg to move that the West Bengal Improvement Laws (Amendment) Bill, 1972, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### Third Report of the Business Advisory Committee

6-00—6-07 p.m. ]

**Mr. Speaker :** I beg to present the Third Report of the Business Advisory Committee which at its meeting held on the 28th April, 1972, in my chamber considered the question of allocation of dates and time for disposal of legislation and other business and recommended as follows :

| | | |
|---|---|---|
| Tuesday, 2-5-72 ... | (i) | The West Bengal Public Demands Recovery ( Amendment ) Bill, 1972. ( Introduction, Consideration and Passing) ... 1 hour. |
| | (ii) | Government Resolution for imposition of a ceiling on urban property. ... 2 hours. |

| | | |
|---|---|---|
| Tuesday, 2-5-72 ... | (iii) | Motion under rule 185 regarding high prices of essential commodities by Shri Abdul Bari Biswas ... 2 hours. |
| Wednesday, 3-5-72 ... | (i) | The West Bengal Apartment Ownership Bill, 1972. (Introduction, Consideration and Passing) ... 2 hours. |
| | (ii) | Government Resolution regarding protection of wild animals and birds ... 1 hour. |
| | (iii) | Motion under rule 185 regarding recognition to the German Democratic Republic by Shrimati Ila Mitra ... 1 hour. |
| Thursday, 4-5-72 | (i) | The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972. (Introduction, Consideration and Passing) 2 hours. |
| | (ii) | Matter under rule 194 regarding inadequacy of Test Relief and Gratuitous Relief by Shri Gangadhar Pramanik ... 2 hours. |
| Friday, 5-5-72 ... | (i) | The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972. (Introduction, Consideration and Passing) ... 1 hour. |
| | (ii) | Private Members' Business Resolutions 3 hours. |

The Minister-in-charge of Parliamentary Affairs may now move for acceptance.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছ থেকে বিজ্‌নেস এ্যাডভাইসরি কমিটির যে রিপোর্ট শুনলাম তাতে দেখলাম আরবান এরিয়ায় সিলিং-এর উপর দুই ঘণ্টা সময় বরাদ্দ করা হয়েছে। আপনি নিশ্চয়ই জানেন যে দীর্ঘদিনের প্রতিক্ষিত এই রেজলিউসানটার জন্য আমরা অপেক্ষা করে আছি। এবং বিশেষ করে আমরা যারা গ্রামবাংলার প্রতিনিধি আমরা রেজলিউসনের উপর অংশ গ্রহণ করতে চাই। সুতরাং আমি অনুরোধ করব যাতে অন্ততঃপক্ষে এই রেজলিউসনের উপর একটা ফুলডে এ্যালট করেন তারজন্য আমরা—মেম্বাররা আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি** ঃ স্যার, আমরা বিলের কপিটা কবে পাব? সেকেণ্ড তারিখে যে বিলটা আসবে তার কপি কি আমরা পাব কাল। ২৪ ঘণ্টা আগে যদি না পাই তাহলে এ্যামেণ্ডমেণ্ট দিতে হবে, বক্তৃতা দিতে হবে—সেই সব কি করে হবে? We must get copy tomorrow.

**Mr. Speaker :** I understand that the Bills have not yet been printed. I shall see that the Bills are circulated tomorrow so that you can get sufficient time.

**Shri Biswanath Mukherjee** : We shall get sufficient time if the Bills are circulated tomorrow but we cannot submit anything within 24 hours. The Assembly will be closed day after tomorrow. At least tomorrow we must have copies.

**Mr. Speaker :** I understand the difficulties of the honourable members. You must have sufficient time to go through the Bills, to place your amendments if any and all that. If the Bills are not circulated tomorrow, I shall consider the matter. Regarding the point that has been raised by Shri Abdul Bari Biswas that one complete day should have been allotted for discussing the Government Resolution on the ceiling on urban properties which is coming up before the House, I think that the members from all groups and parties were present in the meeting of the Business Advisory Committee and they expressed their views in the meeting. They have decided that two hours would be sufficient for discussion on the Resolution because they all agreed on principle that there should be a ceiling on urban properties. That was the consensus of the members of the Business Advisory Committee. At any rate, all shades of opinions were represented in the Business Advisory Committee meeting and they all agreed to the time schedule as has been placed before the House. You should all agree to the Business Advisory Committee's proposal that has been placed before the Assembly.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মিঃ স্পীকার স্যার, আপনি ত দেখলেন এই হাউসের মেম্বারদের কনসেনসাস ওপিনিয়ন। আমরা চেয়েছি কি, আমরা চেয়েছি যে ফুল ডিসকাশন হোক ম্যাটারটার উপরে। আপনি জানেন যে এটা খুব বিতর্কিত বিষয় হওয়া উচিত হবে না। কিন্তু তবুও আমাদের কিছু বক্তব্য রাখতে হবে প্রত্যেকের, এই বিষয়ের উপর আমরা সকলে পার্টিসিপেট করতে ইচ্ছা করছি। স্যার, দয়া করে আপনি এটা রিকনসিডার করুন। এটা বিজনেস এ্যাডভাইসরি কমিটির কাছে আমার অনুরোধ যে এটা কনসিডার করে একটা ফুল ডে ডিসকাশনের সুযোগ দিন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** স্যার, আমি জানতে চাই যে গভর্ণমেণ্ট কি আরবান সিলিং এর উপর কোন আইন আনবেন, না আরবান সিলিং এর উপর একটা প্রস্তাব নিয়ে আসবেন। কারণ সারা ভারতে একটাই আইন হবে এবং দিল্লীতে এটা পাশ হবে। তা যদি হয় তাহলে সারাদিন ধরে এটা আলোচনা করার কি অবকাশ থাকতে পারে তা বুঝতে পারছি না। আইন আসছে কোথায় ?

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে ধরণের সাজেসন রেখেছেন আমি পরে এটা বিবেচনা করে দেখছি যে এর কোন পরিবর্তন এখন করা যাচ্ছে না।

**Mr. Speaker** : Mr. Mukherjee, you are right. Only one Resolution is coming. Perhaps the Central Government would be requested to legislate on the matter.

**Shri Gyan Singh Sohanpal** : Mr. Speaker, Sir, I beg to move that the 3rd

Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was agreed to.

### *Adjournment*

The House was then adjourned at 6-07 p.m. till 1 p.m. on Saturday, the 29th April, 1972, at the Assembly House, Calcutta.

## roceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 29th April, 1972, at 1 p.m.

### PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 12 Ministers, 1 [inister who is not member of the Assembly, 4 Ministers of State, 1 Deputy Iinister and 194 Members.

### OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

1·00—1·10 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an ath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

### LEGISLATION

**Shri Gurupada Khan :** Sir, I beg to introduce the West Bengal Land eforms (Amendment ) Bill, 1972.

(Secretary then read the title of ihe Bill)

Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 972, be taken into oonsideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ঐতিহাসিক বিল আপনার মাধ্যমে ই হাউসে উপস্থিত করছি। যদিও যে বিলটা উপস্থাপিত করছি সেটা রাষ্ট্রপতি শাসনের আমলে ারে এটা কিছু কিছু করে এ্যাক্টরূপে প্রচলিত হয়েছিল তার জন্য এই হাউসে আমাদের মাননীয় দস্যরা যাতে অনুমোদন করেন তারজন্য এই বিল কন্সিডারেশনের জন্য আমি ইণ্ট্রোডিউস করছি। ননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯শে মার্চ, ১৯৭০ সাল হতে ১লা এপ্রিল, ১৯৭১ সনের মধ্যে ষ্ট্রপতি শাসনকালে পশ্চিমবঙ্গ-ভূমি সংস্কার আইন দুবার সংশোধন করা হয়। পশ্চিমবঙ্গ

ভূমিসংস্কার সংশোধনী আইন ১৯৭০ দ্বারা বর্গাদারদের স্বার্থ সুরক্ষিত করা হয় এবং পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধন ১৯৭১ দ্বারা কৃষিজমি পরিবার ভিত্তিক নূতন উর্ধসীমা নির্ধারিত হয়। এই দুটি রাষ্ট্রপতিকৃত আইনের মেয়াদ ১লা এপ্রিল, ১৯৭২ সালে উত্তীর্ণ হয়ে যাবার কথা ছিল। কাজেই এই আইন দুইটির বিধানগুলিকে কার্য্যকরী করে রাখার জন্য গত ২২শে মার্চ, ১৯৭২ সালে ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস এ্যামেণ্ডমেণ্ট অর্ডিনান্স জারী করতে হয়েছিল। সামান্য কিছু পরিবর্ত্তনের পর ঐ অর্ডিনান্সকে আইনে পরিণত করার জন্যই বর্ত্তমান বিধেয়কটি উপস্থাপিত করা হয়েছে।

আপনারা সকলেই জানেন যে বর্গাদারকে আইন মোতাবেক ভাগচাষ কোর্টের আদেশ ছাড়া উচ্ছেদ করা বে-আইনী এবং দণ্ডনীয় অপরাধ। বর্গাদারকে যাতে সহজে উচ্ছেদ করা না যায়, সেই উদ্দেশ্য সংশ্লিষ্ট ধারাগুলিকে প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। নিজ চাষের প্রয়োজনে ৩ হেক্টার অর্থাৎ প্রায় ৭·৪১ একর পর্যন্ত জমি আনতে যতটুকু জমি প্রয়োজন তার বেশী জমি থেকে বর্গাদারকে উচ্ছেদ করা চলবে না এবং দেখতে হবে যেন কোন ক্ষেত্রেই বর্গাদারের চাষের জমি ১ হেক্টারের কম হয়ে না পড়ে।

অর্থাৎ মালিক বর্গাদারকে ভূমিহীন করে নিজ চাষে জমি আনতে পারবে না। তারপর যা আমাদের কোন আইনে ছিল না বর্তমান আইনে সেই সুযোগ দেওয়া হয়েছে এবং সেদিক থেকে একে যুগান্তকারী আইন বলতে পারি। সেটা হচ্ছে বর্গাদারের মৃত্যুর পর তার উত্তরাধিকারীকে বর্গাচাষের স্বত্ব দেওয়া। বর্গাদারের মৃত্যু হলে তার উত্তরাধিকারীদের বর্গাচাষের কোন অধিকার ছিল না। আইন সংশোধন করে উত্তরাধিকারীদের সেই অধিকার দেওয়া হয়েছে। যেখানে জমির মালিক চাষের হাল, বলদ, বীজ, সার সরবরাহ করে না সেখানে বর্গাদারদের প্রাপ্য ফসলের অংশ শতকরা ৬০ভাগ থেকে বাড়িয়ে ৭৫ভাগ করা হয়েছে। বর্গাদার বর্গাজমি চাষ করার অধিকারে ইস্তফা দিয়েছে বা চাষ করা ছেড়ে দিয়েছে এই অজুহাতে বর্গাদারদের উচ্ছেদ ও জমির মালিকের ওই জমি খাস চাষে আনা বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে। একজন বর্গাদার তার নিজ মালিকানার জমি ও বর্গা জমি মিলে ১৪ পয়েণ্ট ৮৩ একরের বেশী রাখতে পারবেন না। এই সিলিং-এর অতিরিক্ত জমি বর্গাদার চাষ করলে জমির মালিক অন্য কোন ভূমিহীন কৃষককে ওই অতিরিক্ত জমির বর্গাদার নিযুক্ত করতে পারবেন। কিন্তু কোন ক্ষেত্রেই জমির মালিক ওই জমি খাস চাষে আনতে পারবেন না। পূর্বেই বলা হয়েছে ১৯৭১ সালের পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধনী আইনে কৃষি জমির মালিকানার উর্ধসীমা নূতন করে বেধে দেওয়া হয়েছে। পূর্বে প্রত্যেক রায়ত বাস্তু বাদে ২৫ একর পর্যন্ত কৃষি জমি রাখতে পারতেন। নূতন আইনে কৃষি জমির সিলিং পরিবার ভিত্তিক করা হয়েছে। অর্থাৎ একজন রায়তে কত জমি রাখতে পারবেন তা নির্ধারিত হবে তিনি কোন পরিবারের অন্তর্ভুক্ত হলে সেই পরিবারের লোকসংখ্যা এবং পরিবারের অন্যান্য রায়তদের কার কত জমি আছে তার উপরে। দুই হতে পাচ জন সদস্য বিশিষ্ট পরিবার সেচ এলাকায় ১২ পয়েণ্ট ৩৬ একর পর্যন্ত জমি রাখতে পারবেন এবং অসেচ এলাকায় ওই জমির উর্ধসীমা হবে ১৭ পয়েণ্ট ৩০ একর। পরিবারের সদস্য সংখ্যা পাচের উপর হলে প্রত্যেক অতিরিক্ত সদস্যের জন্য পয়েণ্ট ৫০ হেক্টর অর্থাৎ প্রায় ১পয়েণ্ট ২৪ একর করে বেশী জমি রাখতে পারবেন। কিন্তু কোন ক্ষেত্রে উর্ধসীমা সেচ এলাকায় ১৭ পয়েণ্ট ৩০ একর এবং অসেচ এলাকায় ২৪ পয়েণ্ট ২২ একরের বেশী হবে না। ফলের বাগান কৃষি জমি বলে সিলিং-এর আওতায় আনা হয়েছে। তবে ফলের বাগান থাকলে প্রযোজ্য সিলিং-এর উপর আরও ৬ পয়েণ্ট ৯২ একর অথবা ফলের বাগানের সমপরিমাণ জমির মধ্যে যা কম হবে তাও রাখতে পারবেন। একান্তভাবে

দাতব্য বা ধর্মীয় উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ইন্সটিটিউসন, ট্রাস্ট কিংবা এনডাউমেণ্ট-এর জমি সিলিং-এর আওতায় আসবে। তবে সরকার ওই সিলিং বাড়াতে পারবেন যদি উক্ত ইন্সটিটিউসন, ট্রাষ্ট বা এনডাউমেণ্টের উদ্দেশ্য পুরণের জন্য জমিটির প্রয়োজন, তার আয় নয় বলে সরকার নিঃসন্দেহ হন। দি ওয়েষ্ট বেঙ্গল এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট অনুযায়ী প্রাক্তন মধ্যস্বত্বাধিকারীদের যে নিয়মে ক্ষতিপূরণ দেওয়া হয় সেই একই নিয়মে এই নূতন সিলিং-এর অতিরিক্ত সরকারে ন্যাস্ত জমির ক্ষতিপুরণ দেওয়া হবে। আশা করা যাচ্ছে যে, এই নূতন সিলিং-এর ফলে প্রায় দুই হতে তিন লক্ষ একর কৃষিজমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করা যাবে। অর্ডিন্যান্সের বিধানের যে সামান্য পরিবর্তন করা হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হোল ১৪ এম ধারার ৫ উপধারা। ব্যক্তিগত ট্রাষ্ট বা এনডাউমেণ্টের জমি ওই ট্রাষ্ট বা এনডাউমেণ্ট সৃষ্টিকারী রায়তের বা ঐ রায়ত মৃত হলে তার উত্তরাধিকারীদের জমি বলে ধরা হবার কথা ছিল। যদি এই রায়ত বা তার উত্তরাধিকারীরা কোন উপস্বত্ব ভোগ না করে তাহলে সেই জমি তাদের জমির মধ্যে ধরা ঠিক হবে না আবার যারা বাস্তবিক স্বার্থে উপস্বত্বভোগী তাদের বাদ দেওয়াও ঠিক নয়। সেইজন্য নূতন বিধানে বলা হয়েছে সর্বসাধারণের স্বার্থের সংশ্লিষ্ট নয় এমন ট্রাষ্ট বা এনডাউমেণ্টের জমি যারা বাস্তবিক ওই জমির উপস্বত্ব ভোগ করেন তাদের জমি বলে সিলিং সংশোধন করবার সময় ধরা হবে।

[1-10—1-20 p.m.]

ইন্সটিটিউশনকে পরিষ্কার ভাবে সিলিং-এর আওতায় আনার জন্য রায়ত বলে গণ্য করা হবে। পুকুর কৃষিজমি নয় বলে কৃষিজমির সংজ্ঞা থেকে বাদ দেওয়া হয়েছে। জমি কেনার অগ্রাধিকারের, প্রিএমশনের মামলাগুলোর শুনানী তরান্বিত করার জন্য বিচার বিভাগীয় রেভিন্যু অফিসারের কাছ থেকে মুন্সেফের কাছে দেওয়া হয়েছে, আপীল শুনবেন জেলা জজ। তপশিলী ভুক্ত উপজাতির মামলায় রেভিন্যু অফিসারের রায়ের বিরুদ্ধে আপীল শুনবেন মুন্সেফ এবং রিভিশনের দরখাস্ত বিচার করবেন জেলা জজ। আজকে আমরা যখন সমাজতন্ত্রের পথে উত্তীর্ণ হতে যাচ্ছি, এই জটিল পরিস্থিতে আমি মনে করি যে এখন হয়তো ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টের কিছু কিছু পরিবর্তন প্রয়োজন, সেই পরিবর্তন হয়তো ভবিষ্যতে হতে পারে। তাই পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের আরও কিছু হয়তো সংশোধনের প্রয়োজন আছে। এই সংক্রান্ত বিষয়গুলি বিশেষভাবে আমরা বিচার করে দেখছি। আশা করা যায় যে শীঘ্র এই সব সংশোধনী প্রস্তাবগুলি বিধানসভায় উপস্থাপিত করার জন্য নিশ্চয়ই আমরা গুরুত্বসহকারে বিচার-বিবেচনা করে দেখবো। অর্ডিন্যান্সের কার্যকাল আগামী ৪ঠা মে, ১৯৭২ তারিখে শেষ হয়ে যাবে। কাজেই বর্তমান বিধেয়কটি এর মধ্যে আইনে পরিবর্তন না করলে, আইনের দিক থেকে অত্যন্ত অসুবিধার সৃষ্টি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের প্রতি বিশেষ অনুরোধ করবো তাঁরা যেন সর্বসম্মতিক্রমে এটা অনুমোদন করেন।

**Shri Abdul Bari Biswas** : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 6th day of July, 1972.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিসংস্কার সংশোধন বিধেয়ক, ১৯৭২ নামে যে বিলটা আমাদের ভূমি এবং ভূমি রাজস্বমন্ত্রিমহাশয় বিধান সভায় এনেছেন তাতে আমি একটা এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি এবং তাতে আমি চেয়েছি যে এই Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 6th day of July, 1972. মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়ের যে বক্তব্য তা সুস্পষ্ট এবং অনুধাবনযোগ্য এবং আমরা নিশ্চয়ই এই বিষয়ে গুরুত্ব দিয়ে চিন্তা করে এই বিলের যে সময় সীমা বা মেয়াদ আগামী ৪ঠা মে, ১৯৭২তে শেষ হয়ে যাচ্ছে, অতএব এই বিল যে এখন

পাশ করিয়ে নেওয়া দরকার সেই বিষয়ে কোন সন্দেহ নেই এবং মন্ত্রিমহাশয়ের প্রতি আমি এক খুসী হলাম যখন তিনি এই কথা—বিল আনার সঙ্গে সঙ্গে স্বীকার করলেন যে এই বিল আরং সংশোধনের দরকার আছে এবং এই রকম সংশোধন আনার জন্য তিনি অন্ততঃ পক্ষে চেষ্ট করবেন। আমরা এই বিলে কি দেখেছি? বহুদিন ধরে আমরা আশা করেছিলাম যে পশ্চিম বাংলার বিধান সভায় এই সংক্রান্ত বিষয়ে এমন একটা বিল আসবে যে বিলের সঙ্গে সাধার মানুষের সম্বন্ধে আরও মধুরতর হবে, সাধারণ চাষীরা আরও বেশী উপকৃত হবে। কিন্তু এই ক্ষেত্রে তা হয় নি। কারণ হচ্ছে এই বিল যখন অর্ডিন্যান্স আকারে আনা হয় তখন দেশে কোন জনপ্রিয় সরকার ছিল না। জনপ্রিয় সরকার এখন এসেছে, আমরা আশা করবো সেই জনপ্রিয় সরকার সমস্ত বিষয়গুলো ভালভাবে বিচার বিবেচনা করে এই বিল আরও পূর্ণাঙ্গ আকারে আগামী দিনে এই বিধান সভায় আনবে বলে আশা রাখি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গোটা পশ্চিম বাংলায় যেমন একদিকে পার্বত্য অঞ্চল, অপরদিকে বন্যাঞ্চল এবং আর এক দিকে খরা পীড়িত এলাকা, যেখানে প্রায় কোন সময়ই বৃষ্টি স্বাভাবিক ভাবে হয় না। এই সমস্ত বিচার বিবেচনা করা উচিত ছিল। এই বিলে যে সমস্ত লিপিবদ্ধ আছে তার মধ্যে পার্বত্য এলাকা বলে দার্জিলিং জেলাকে বাদ দেওয়া হয়েছে কিন্তু পুরুলিয়া এবং বাঁকুড়া যে পার্বত্য এলাকা সে সম্বন্ধে এই বিলে কিন্তু কোন কিছুর উল্লেখ নেই এবং সেই সঙ্গে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে শুধু একটা বিল এনে সাধারণ মানুষের উরকার করছি বলে আমরা যদি আনন্দে উৎফুল্ল হই তাহলে ভুল করা হবে।

পার্লামেণ্টে এই বিলের বিষয়ে অনেক বিতর্ক আরম্ভ হয়েছে—সেখানে Land Reforms কমিটি তৈরী করা হয়েছে। তাঁরা এই সমস্ত বিষয়ে সর্বভারতীয় ক্ষেত্রে বিচার বিবেচনা করে দেখেছেন। আপনি গতকালকার খবরের কাগজগুলো যদি দেখেন তাহলে নিশ্চয়ই বুঝতে পারবেন—পার্লামেণ্টে যারা ভারতবর্ষে ভূমির সীমা কি হবে—এই নিয়ে যখন আলোচনা হচ্ছিল, তখন সেখানে একটা ঝড় উঠে ছিল Land Reforms কমিটীর একটা মন্তব্যকে কেন্দ্র করে। আমি অতদূর যেতে চাই না। একটা কথা এখানে স্মরণ করিয়ে দিতে চাই—পশ্চিমবাংলার মানুষ আজ যা চেয়েছেন, তা হচ্ছে আপনারা আজকে পরিবার ভিত্তিক জমির সীমা নির্ধারণ করেছেন। আমি খুব স্পষ্ট করে বলে দিতে চাই সময়ের পরিবর্তন হচ্ছে এবং দেশের মানুষও বিপুলভাবে বাড়ছে এবং তার সঙ্গে পদ্ধতি রেখে, সমাজের পরিবর্তনশীলতার সঙ্গে সঙ্গতি রেখে বিল আনছেন। আপনি স্বীকার করেছেন—par capita যেখানে ২৫ একর ছিল, অমনি এখন সেখানে তার কাছাকাছি ১২ বিঘা করছেন। কাজেই সমাজের পরিবর্তনের সঙ্গে সঙ্গে আপনাদের আইনেরও পরিবর্তন হচ্ছে। সে ক্ষেত্রে একটু বিচার বিবেচনা করে যদি আপনি দেখেন—তাহলে আজকে আমি বলবো—এই বিলে দয়া করে বলে দিন—মা এবং বাবাকে কোন্ পরিবারের সংজ্ঞার মধ্যে দেখছেন? যে amendment উনি এনেছেন, তা বাস্তবিকই প্রনিধানযোগ্য। মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করবো—এই বিলের পরিবারের সংজ্ঞায় মা এবং বাবাকে কোন্ categoryতে তিনি ফেলেছেন? আশা করি পরে এ সম্পর্কে একটা স্পষ্ট জবাব তিনি দেবেন। তা না হলে এ সম্বন্ধে একটা বিভ্রান্তির সৃষ্টি হবে।

আপনি একটা পরিবারের দু-জন লোকের জন্য আড়াই হেক্টর জমি দিচ্ছেন। আর তিন থেকে পাঁচ জনের পরিবারের জন্য পাঁচ হেক্টর জমি রাখছেন। পরিবারে পাঁচ জনের উপর হলে—জন প্রতি অতিরিক্ত ০·৫০ হেক্টর করে পড়বে। আর উর্ধসীমা বেধে দিয়েছেন ১২ বিঘা। আমি তার প্রতিবাদ করি না। এই ব্যাপারে নিশ্চয়ই একমত। পরিবার ভিত্তিক সিলিং বাদ দিয়ে

per capita ceiling করুণ irrigated এবং non-irrigated এবং Production-এর ভিত্তিতে সব জমি এক categoryতে দেখালে চলবে না। কোন এলাকার জমি এক category হবে ; Sandy land—যে সমস্ত জমি বালি, তা আর এক category হবে। জলপাইগুড়ি জেলার জমি সাধারণতঃ ⅔ অংশ বালি। তার জন্য সিলিং-এ কি কি ব্যবস্থা করেছেন? আপনি নিশ্চয়ই এই সমস্ত প্রশ্নের উত্তর দেবেন।

আপনি Agricultural lands-এর কথা বলেছেন। অনেকে রীভার বেডের জমি রেখেছেন, তাঁরা জানেন প্রসাধনে বসে আছেন অর্দ্ধেকবালি, ⅔ অংশ বালি, সেই জমি সিলিং বহির্ভূত বলে দেখান হয়। আমি যদি ৭২ বিঘা জমির মালিক হই, একটা পরিবারের ১০ বিঘা জমি দু-ফসলী জমি, বাকি ৬২ বিঘা জমি Sandy Land, সেখানে Production কোথায়? মাননীয় মন্ত্রি-মহাশয়কে এ সম্বন্ধে বুঝিয়ে বলতে হবে। তাই আমি বলবো এই বিল সম্বন্ধে প্রচুর আলোচনার প্রয়োজন আছে।

আর একটা এলাকার কথা আমি এখানে তুলে ধরতে চাই। এই কিছুদিন আগে বিহারের পূর্ণিয়া জেলা থেকে একটা অংশ আমাদের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে। সেখানকার জমির দলিল সংক্রান্ত কাগজপত্র নিয়ে পুরুলিয়ার এক বন্ধু আপনার সঙ্গে দেখা করেছিলেন।

[ 1-20—1-30 p.m.]

এই সমস্ত জায়গায় বিগত কালে যে সেটেলমেণ্ট হয়েছিল সেই সেটেলমেণ্টের সময় দেখা গিয়েছে, বিহারে হিন্দী ভাষী উর্দ্দূভাষী এবং কাইথি ভাষীদের দলিল ঐ সব ভাষায় লেখাপড়া হতো এবং আপনার অফিসাররা যখন গেল, তারা কি থেয়ে যে লেখা পড়া শিখেছে এবং তারা ঐ সব ভাষা না জেনেই কেনই যে গেল—যার ফলে ওরা পড়তে পারে না আর তার ফলে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্থ হয়। এই মত ব্যবস্থা কোন গণতান্ত্রিক রাষ্ট্রে চলতে পারে না। অতএব আমরা কি দেখেছি সেটেলমেণ্ট রেকর্ডে, সেখানে ডিড নং ২১২২, তারিখ ৩০।৯।৫৪, ডিড নং ২৫২৩, তারিখ ৩০।৯।৫৪, ডিড নং ১৮২, তারিখ ১৪।৫।৫৪, এইরকম প্রচুর দলিল দস্তাবেজ আছে। আমার অন্য বন্ধু বললেন যে উদোর ঘাড়ে বুদোর বোঝা চাপিয়ে দিয়েছে। জমির যারা ক্রেতা তাদের নামে রেকর্ড না হয়ে যারা বিক্রেতা তাদের নামে রেকর্ড হয় এই প্রথম শোনা গেল। যদি দু'জনের নামে জমি কিনে থাকে একজনের নাম সেটেলমেণ্ট রেকর্ডে দেখান হলো, আর মন্তব্য কলমে লেখা হলো ১৯৩০ সালের চৈত্র মাস পর্যন্ত বলবত থাকিবে, চৈত্র মাসের ৩০ তারিখের পর দেখা গেল যে সে জমি সরকারে ভেষ্টেড হয়ে গেল এই তো অবস্থা। তাই আপনি এখনও এই সেটেলমেণ্টের আওতায় বলতে পারেন না যে ভূমিহীনকে জমি দেবেন এবং এই আইনের আওতা থেকে জমি উদ্ধার করতে পারবেন কোথায় আমি তাই কিছু বুঝতে পারছি না। আপনি জমি বিতরণ করতে লেগেছেন কিন্তু পশ্চিমবাংলার যারা বড় বড় ল্যাণ্ডলর্ড আছে যাদের জমিচোর বলা হয়, যারা বিগ রায়ত আজকে এই আইন বলে তারা আরও বেশী জমি লুকোবার সুযোগ পেয়ে গেছে। কিরকমভাবে সুযোগ পেয়েছে, না আগে পার কেপিটা ৭৫ বিঘা ছিল আজকে তার সংখ্যাটা বাড়িয়ে দিয়েছেন, তার ফলে বড় মেয়ে তার ৭৫ বিঘা, আর একজন তার ৭৫ বিঘা—তার ফলে হচ্ছে কি, না একই ফ্যামেলির জমি আলাদা আলাদা ভাবে পরিবারের মধ্যে এইভাবে ভাগ বণ্টন করে দেবার সুযোগ করে দিয়েছেন নিশ্চয়ই এই কথা আপনি বুঝতে পারছেন। আজকে একজন বড় জমিদারের জমি বিভিন্ন নামে ভাগ করা আছে। আজকে সেই সমস্ত জমি চলে যাচ্ছে চোরা পথে। আমি আপনাদের হুসিয়ার করে দিতে চাই, আপনারা ৫টি জেলায় মাত্র সেটেলমেণ্ট বসিয়েছেন ওটা কিন্তু জমিচুরি করার আর একটা ফন্দি, বড় বড় জোতদার বা রায়ত তাদের কোন একটি জেলায় জমি থাকে না,

বিভিন্ন জেলায় জমি থাকে। আজকে যদি ৫টি জেলায় মাত্র সেটেলমেণ্ট করার কাজে হাত দেন আর বাকি ১১টি জেলাকে বাদ দেন, তাহলে পর দেখতে পাবেন সেদিক দিয়ে জমি চলে যাচ্ছে, আপনি খোঁজেও পাবেন না। তাই আমরা আশা করব যে সারা পশ্চিমবাংলায় এক সঙ্গে সেটেলমেণ্ট করবেন। প্রতিটি জায়গায় আপনি বলেছেন আমাদের খুসী করবার জন্য, বর্গাদার-দের জন্য সেফগার্ড তৈরী করে দিয়েছেন, যার দ্বারা বর্গাদাররা শতকরা ১০।১৫ ভাগ ফসল সংগ্রহ করেছে। নিশ্চয়ই এইটা আনন্দের কথা যে আজকে বর্গাদাররা তাদের হেরিডিটারি রাইট পেয়েছে কিন্তু আপনি এই কথা কি জানেন যে কিছু বর্গাদার আছে যারা আজকে জমিওয়ালার ফসল দেয় না, আপনি তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করবেন? আজকে শুধু এক তরফা কথা বললেই চলবে না। আমরা তিন ভাই আছি—৬৩ বিঘা জমির মালিক। ২১ বিঘা করে এক জনের জমি বর্গাদারকে দিয়েছি। একই বর্গাদার ৬৩ বিঘা জমি চাষ করে, তাহলে বিকল্প উপায়ে বর্গাদারের নামে আর একটা কি ল্যাণ্ডলর্ড তৈরী করা হচ্ছে না। আপনি বিবেচনা করুন আমি বর্গাদারের বিরুদ্ধে বলছি না। এখানে হয়ত অনেকে বলবেন যে আজকে এই কথা কেন উঠেছে। কিন্তু আমি এই কথা পরিষ্কারভাবে বলে দিতে চাই যে আজকে ঐ আইনের আওতারে ম্যাক্সিমাম প্রডাকসান থেকে মিনিমাম প্রডাকসান একটা ঠিক করে দেওয়া উচিত ছিল যেখানে চাষীরা এই কথা ভাববে যে আমাদের চাষের জমি থেকে উৎপাদন কোন হারে হবে। ভাগচাষ বোর্ডের অনুমতি ছাড়া কাউকে উচ্ছেদ করা যাবে না এই কথা ঠিক কিন্তু আজকে যদি বর্গাচাষী ফসল না দেয় তাহলে আইনের কি বিধান রাখা হয়েছে এই কথা আপনাকে পরিষ্কার করে বুঝিয়ে বলতে হবে।

পক্ষান্তরে আমি বলতে চাই যে এই যে বর্গাচাষী তাদের যে আমরা সত্ত্ব দিয়েছি, সেই সত্ত্ব দেওয়া যে একটা বৈপ্লবিক নীতি সে বিষয়ে কোন সন্দেহ নেই। বর্গাচাষীরা এতে উপকৃত হবে, তাদের হেরিডিটারী রাইট ফিরে পাবে, তারজন্য আমরা খুশী। উপসংহারে আমি দু-একটি কথা বলতে চাই। আজকে এখানে এই বিল এনেছেন, এই বিলে ভেড়ী বাদ দিয়েছেন, পুকুর বাদ দিয়ে রেখেছেন। আপনি পাড়াগাঁয়ের মানুষ, গরীবের দরদী বন্ধু এই যে কলকাতা শহরে ১৪খানা বাড়ী রেখে, ২০।২৫ খানা বাড়ী রেখে, লক্ষ লক্ষ টাকার বিজনেস করে, রক্ত শোষণ করে তাদের কি করতে পেরেছেন? আমি দক্ষিণ ২৪-পরগণার ক্যানিং এর দিকে গিয়েছি, হিঙ্গলগঞ্জ, বাসন্তীর দিকে গিয়েছি, সেখানে রাস্তায় যাবার সময় দেখতে পাবেন ২৫ বিঘা জমি ভেড়ীর নাম করে রাখতে গিয়ে কয়েক হাজার বিঘা জমি ঘিরে রেখেছে। সমাজের এত বড় অন্যায়, পাপ, নিয়েই বরদাস্ত করা যায় না, আপনি তার জন্য এই আইনে কি ব্যবস্থা করেছেন একথা দয়া করে বলবেন। এইভাবে আজকে চলবে না। তাই আমি বলছি যে ভেড়ীওয়ালাদের আওতাভুক্ত করুন এবং তাই করে তাদের পরিষ্কার করে বলে দিন এইভাবে ভেড়ী, পুকুরের নাম করে জমি রেখে দেওয়া চলবে না। পুকুরকে বাদ দিতে গিয়ে, এখানে পুকুর চুরি হয়ে যাবার সম্ভাবনা দেখতে পাচ্ছি। তাই আমি বলছি ভেড়ী ও পুকুরকে আওতায় আনুন, এনে যাতে এতটুকু বেশী জমি না রাখতে পারে, সেইভাবে কমিটি করে দিন এবং আরও কথা ভেবে দেখতে হবে যাদের বিকল্প আয়ের ব্যবস্থা আছে শহরে বাড়ী আছে, ব্যবসা আছে, সমস্ত কিছু আছে, অথচ পাড়াগাঁয়ে জমি আছে, সেই জমি তাদের দেবেন কি না, সেটা ভেবে দেখতে হবে। আমার কথা হচ্ছে স্যার যাদের বিকল্প রোজগারের পথ আছে, এখানে বাড়ী ভাড়া দিয়ে লক্ষ লক্ষ টাকা রোজগার করে, মাছ ব্যবসা করে লক্ষ লক্ষ টাকা রোজগার করে, তাদের আবার মেছো ভেড়ী বা জমির কি প্রয়োজন? এটা নিশ্চয়ই ভেবে দেখতে হবে, সেইজন্য প্রগতিশীল চিন্তা ধারা নিয়ে আমরা যখন কাজ করতে আরম্ভ করেছি, আমার বিশ্বাস আরও দৃঢ় পদক্ষেপ নিয়ে আমরা এগিয়ে যেতে পারবো

আমাদের ভয় করলে চলবে না। তাই আমি বলি শুধু ভয় নয়। আমাদের যখন গ্রামবাংলার মানুষ আমাদের মুখের দিকে তাকিয়ে নয়, আমাদের ইন্দিরা গান্ধীর যে বলিষ্ট নীতি তার দিকে তাকিয়ে সারা দেশের মানুষ আমাদের ভোটে বলীয়ান করে এখানে এই বিধানসভায় পাঠিয়ে দিয়েছে, আজকে গণতান্ত্রিক মোর্চার এতগুলি সদস্য নিশ্চয়ই এই বিধানসভায় আইন তৈরী করতে গিয়ে তা প্রহসনে পরিণত করতে পারবে না। আজকে তাই আমি বলি আরও ভালভাবে চিন্তা করে দেখুন ঐ ভেড়ীওয়ালাদের সম্বন্ধে ব্যবস্থা করুন। আজকে আপনি বড় বড় পুকুর যেখানে আছে, ফিসারী এগ্রিকালচার যেখানে আছে সেদিকেও লক্ষ্য রাখুন। আমার ওখানে গিয়ে দেখবেন মুর্শিদাবাদ জেলায় খড়গ্রামে, আমি পরিষ্কার নাম করে বলছি, যে সেখানে এমন একটা দীঘি আছে যা দেড় মাইল লম্বা। যেখানে বছরে হাজার হাজার টাকায় মাছ হতে পারে, এছাড়া মাছ বিক্রি করে তারা নিজেদের সংসার চালাচ্ছে, সেখানে একটা সংস্থানের পথ হবে। আবার ঐদিকে ৭৫ বিঘা জমি যখন করে রেখেছেন, তখন সেখানে নানারকম ব্যবস্থা করতে লাগবে। এই দিকটা আপনি খতিয়ে দেখেছেন কি? আমি আপনার কাছে বক্তব্য রাখতে চাইছি এই জমিকে সামনে রেখে, এই আইনকে সামনে রেখে বড়লোকের বাড়ীতে বিয়ের হিড়িক পড়ে গেছে—তাড়াতাড়ি বিয়ে দাও, নাহলে জমি থাকবে না। এই আগাছা রেখেদিলে বড়লোকেরা আইনের ফাঁক দিয়ে চলে যাবে, কারণ তারা বেশ ভাল করে বুঝতে পেরেছে যে তাদের ভিত্তি নড়ে গেছে। আমি মুর্শিদাবাদ জেলার কথা বলছি, যুক্তফ্রণ্টের সময় সেটেলমেণ্ট অফিসার ও তার কর্মচারীদের মুখে নাম দিয়ে জমি বিতরণ করেছে। আর আজকে জমির ভাগ দেবার জন্য নানারকম ষড়যন্ত্র করছে, এই সমস্ত তথাকথিত সি. পি. এম বাবুদের ডেকে এনে ট্রেনিং দিচ্ছে এবং সি. পি. এম ক্যাডারদের হাতে জমি দিয়ে বলছে তোমরা গণ্ডগোল বাধিয়ে দাও এবং এইভাবে গণ্ডগোল করার কাজ শুরু হয়ে গেছে। আপনি সে খোঁজ রাখেন কি? আমি আপনার সামনে কতকগুলি নাম করে বললাম যে সেটেলমেণ্ট অফিসারকে ভাল চক্ষে দেখুন, তাদের ভাল বাসুন একথা আজ কি করে বলি। ওই সেটেলমেণ্ট অফিসাররা আমাদের এদিকে অনেক সর্বনাশ করেছে, আজও সর্বনাশ করার জন্য প্রস্তুত হয়ে আছে। আর আপনারা এই রাইটার্স বিল্ডিংসে যে কি হয়ে আছে সেখানে ক্রেন লাগালেও উঠবে না। আমি বারবার বলছি যে রাইটার্স বিল্ডিং-এর চাকুরেদের সার্ভিস রোল পরিবর্তন করুন। এখানে আপনার দপ্তরে বহু অফিসার, কর্মচারী, আপনার অধীনে আছে। কারণ পশ্চিমবাংলার মধ্যে সর্ববৃহৎ দপ্তর আপনার। জমির খাজনার কথা কিছু বলি, আমি ভাবছিলাম যে আমাদের এই প্রগতিশীল সরকার জমির খাজনা তুলে দেবে।

[ 1-30—1-40 p.m. ]

আপনার establishment-এর যা cost, আপনার যে আইন তা থেকে কি লাভ হয় আপনি বলবেন। আপনার কয়েক লক্ষ টাকা ব্যয়। আপনি Production ভিত্তিক tax করুন কিন্তু জমির খাজনা তুলে দিন। আমরা এটা আশা করিনি। আমরা আশা করেছিলাম বোধ হয় আপনি একটু আশাভরসা দেবেন যে সমগ্র জমিকে উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে বিতরণ করে দেবেন। আমি আগেও বলেছি এবং এখনও বলছি, গত ১২ বছরে নিম্ন চাষী, নিম্নমধ্যবিত্ত চাষী বহু ছোট ছোট চাষী তারা তাদের নিজেদের জমিকে ঐ মুনাফাখোর, মজুতদার ঐ বড়লোকের ঘরে বিক্রয় করতে বাধ্য হচ্ছে। কোর্ট কবলার নামে, দিতে বাধ্য হচ্ছে এটার আপনি খোঁজ রাখেন না। আমি আশা করেছিলাম যে এই আইনের মধ্যে বোধ হয় এমন একটা provision থাকবে সেটাকে আমরা আলাদাভাবে দেখলে পরে ভূমি ফেরৎ আইন বলে আখ্যা দিতে পারি, Land Restoration Act বলে আখ্যা দিতে পারি। সেখানে ছোট ছোট চাষীদের প্রভূত উপকার করা

হবে। কিন্তু কৈ তাতো দেখলাম না! আমি সেজন্য আপনার দাবী করবো যে, এই আইন পূর্ণাঙ্গ নয়, এই আইন অসমাপ্ত, কাজেই আপনি ভালভাবে একটু চিন্তা করুন। এখানে একটা ফলের বাগান সম্পর্কে বলা হয়েছে যে ২১ বিঘা বা তার সমপরিমাণ জমি—নিশ্চয়ই, আপনি তা করতে পারেন। কেউ বারণ করছে না। নিশ্চয়ই ২১ বিঘা জমি রাখবেন। কিন্তু যদি ফলের বাগান থাকে যদি ফলের বাগান থাকে কেন? যদি ফলের বাগান থাকে মানে আপনারা বাগানের জন্য বলুন। তাহলে enquiry করতে গিয়ে যার ফসলের জমি তাকে করে দেবেন ফলের বাগান। ফলের বাগান করে দিয়ে জমি চুরি করতে আর একটু সুবিধা হয়ে যাবে কাজেই এটা পরিষ্কার নয়। ফলের বাগানের জন্য ১ হেক্টর বা ২ হেক্টর পাবে। কিন্তু যদি থাকে কথাটা—যদি থাকবে কেন? যদি থাকবে না। থাকবে একথা বলতে হবে।

আর একটি কথা আমি আপনার মাধ্যমে বলতে চাই, আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে এই সমস্ত জিনিষগুলি ভালভাবে চিন্তা করে দেখবেন। আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই যে, ১৯৬৪ সালের পরে ঐ পশ্চিমদিনাজপুরের ইসলামপুর সাব ডিভিশনের প্রায় ১০ হাজার বিঘা জমি কতকগুলি লোক জোরজবরদস্তি করে দখল করে নিয়েছে। মালিকানায় তারা ceiling-এর আওতার বর্হিভূত ছিল না। গ্রামে এই জমি দখল হয়ে গেলো সরকার কেন চুপ করে বসে আছেন? এগুলি দেখবেন, কারা এই সমস্ত বর্গাদার, কারা এই সমস্ত চাষী, কারা এই সমস্ত লোক, এটা হিসাব করে দেখবেন। আমাদের পশ্চিমদিনাজপুরের অনেক M.L.A. এখানে আছেন তাঁরা হয়ত এই প্রসঙ্গ তুলবেন। কিন্তু আমি যে খবর রাখি তাতে প্রায় ১০ হাজার বিঘা জমিতে ঐ ১৯৬৪ সালের পর রাতারাতি বাড়ী তৈরী করে রায়ত হয়ে গেল। এরা কারা, এরা কি ceiling-এর বর্হিভুত বসলো কি না, এটা বিচার করে দেখবেন। এরা কোথাকার লোক, কোথা থেকে এসেছে, কি তাদের গোত্র, এটার হিসাব আপনি খতিয়ে দেখবেন। আমাদের মুর্শিদাবাদ জেলার কথা বলি। আমাদের মুর্শিদাবাদ জেলায় অনেক খাল, বিল আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাল আছে, ডোবা জায়গাগুলি আমার বিলের মধ্যে জমি আছে। বড় বড় বিল আছে, আমাদের সরকারকে ১৯৬২ সাল থেকে ঐ বিলটা সংস্কার করার কথা বলেছি, তাদের কর্ণমূলে প্রবেশ করিয়েছিলাম যে বিলটি ১২ মাস জলের তলায় থাকে সেটা ceiling-এর মধ্যে পড়বে না। এ ব্যাপারে আপনারা কি বলছেন? এই আইনের মধ্যে ডোবা জমি সম্বন্ধে পরিষ্কার বক্তব্য কিছু দেখছি না। দেখছি এই বিলের মধ্যে চাষের জমিকে আওতাভূক্ত করে ঐ ৭২ বিঘার মধ্যে চালিয়ে দিয়ে এর ৬০ বিঘা যদি জলের মধ্যে থাকে—তুমি গিয়ে না খেয়ে মরোগে—যে ১০ বিঘা আছে তুমি সেটা চাষ কর, আর আমরা ৬০ বিঘা ধরবো। কাজেই এই বিষয়ে একটা পরিষ্কার আইন আপনারা করতে পারতেন না? নিশ্চয়ই করতে পারতেন। তাই আমি বলি প্রকৃত চাষীকে আপনারা দেখে দিন,আপনারা Land Reform Committee তৈরী করুন। প্রত্যেকটি জেলা থেকে ঐ কৃষি এবং কৃষি বিষয়ক ব্যাপারে যারা deal করেন তাদের নিয়ে একটা Land Reform Committee তৈরী করুন প্রত্যেক জায়গায় পাবত্য অঞ্চলে, বন অঞ্চলে, লোনা অঞ্চলে এবং আরো বিভিন্ন জায়গায় এই জমির Category ভাগ করে তাদের দেখে একটা ceiling বেঁধে দিন general idea-র উপর বসাবার চেষ্টা করুন। তা না হলে কতগুলি জেলায় চাষীকে এতে ক্ষতিগ্রস্ত হতে হবে এবং তারা মারা যাবে। তাই আমি যে বক্তব্য রাখতে চেয়েছিলাম এসবের জন্য বিষদ তথ্য রাখবার জন্য এবং বিষদভাবে পর্য্যালোচনা করার জন্য আমি Circulation বিল দিয়েছিলাম। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় যখন একথা বলেছেন তখন নিশ্চয়ই এই ব্যাপারে হয়ত চাপাচাপি সৃষ্টিকরতে পারবো না। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমরা কথা চাই যেমন তিনি প্রারম্ভিক ভাষণে বলেছেন তেমনি আর একবার অনুগ্রহ করে

বললেন যে এই বিলকে সমানে ভেবে আরো ভাল আকারে, আরো বিষদভাবে চাষীদের স্বার্থ সংরক্ষিত করে, বর্গাদার চাষীদের আরো ওয়েল ফর্টিফায়েড করে, ছোট ছোট চাষীদের স্বার্থ সংরক্ষিত করে আরো ভাল বিল এনে আমাদের বাংলাদেশের সাধারণ নিম্নমধ্যবিত্ত মানুষদের স্বার্থ সংরক্ষিত করবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I call upon Shri Haji Sajjad Hussain to speak. Mr. Hussain, you may speak on your motion for circulation of the Bill.

**Shri Haji Sajjad Hussain :**

स्पीकर सर, मैं आपके है उस में अपने सब-डिविजन इस्लामपुर—डिस्ट्रिक्ट दिनाजपुर में कुछ सर्वे विभाग वाले जो गल्ती किए हैं, उसको आपके थ्रू अपने लैण्ड रेमन्यु मिनिस्टर साहब के सामने रखना चाहता हुं। हमारा सब-डिविजन इस्लामपुर १-११-१९५६ को ट्रान्सफर किया गया, बिहार से बंगाल में। हमलोगों का यह सब डिविजन पूर्निया जिला के सदर सब डिविजन में रहता था। हमारा यह सब डिविजन जब बंगाल में या तो हमारे यहाँ का लैंग्वेज हिन्दी-उर्दु-कैथी और देवनागरी था। लेकिन जब हमलोग बंगाल में आगये तो वहाँ की भाषा बंगाल हो गई। अब हमलोगों को बंगाल सीखना पड़ता है। और हम लोग बंगला सीखते है। बंगला बोलने को शिक्षा हम करते है, मगर अभी फिरभी सही बंगला नहीं बोल सकते हैं। हमलोग बिहार के स्कूलों में हिन्दी-उर्दू-कैथी पढ़े थे। मगर अब हमलोग अब अपने बाल-बच्चों को कोशिश करते हैं, बंगला लैंग्वेज सीखाने की।

हमारा इस्लामपुर सब डिविजन पहले जब बिहार में था, तो सन् १८५५ में सर्वे रेकार्ड शुरू हुआ था। इसके आगे सर्वे रेकार्ड हुआ था, सन् १८०४ ई० में। सन् १८०४ ई० में बिहार में सर्वे रेकार्ड शुरू हुआ था। उसके बाद सन् १८५५ ई० में सर्वे रेकार्ड शुरू हुआ था। मगर ठीक से तस्दीक नहीं हो सका था कि करनदीघी-ग्वालपुकुर-इस्लामपुर और चोपड़ा थाने व कुछ पोर्शन को ट्रन्सफर कर दिया गया—बंगाल में। बंगाल में हमलोगों को ट्रन्सफर कर दिया गया सन् १८५५ ई० में। खाना पूरी तस्दीक बिहार में हुआ था मगर वह सन खत्म हो गया, सन कुछ बिहार में ही रहगया। फिर जब हमलोग बंगाल में आये तो सर्वे रेकार्ड शुरू हुआ, बंगाल में करीब १८५६ में। सन् १८५७ में बंगाल में लैण्ड सेटिल्मेन्ट शुरू हुआ। बंगाल के जितने भी सेटिल्मेन्ट अफिसर, कानूनगो वगैरह वहाँ गये, तो सब बंगला जानते थे। वो लोग उर्दु-हिन्दी-कैथी-देवनागरी कुछ भी नहीं जानते थे। इसलिए वहाँ जितना भी डाकूमेन्ट था, वे लोग उसको नहीं समझ सके। और शम की अभी न शाभ के

नाम से और शाम की जमीन शाम के नाम से दर्ज कर दिया। बिलकुल गलत तरीके से सर्वे कर दिया। सब रेकार्ड उल्टा-पूल्टा कर दिया।

स्पीकर सर, मैं आपके जरिए आपने लैण्ड रेभन्यू मिनिस्टर साहब के सामने एक बात रखना चाहता हूँ। हमारे यहाँ एक बलकोला टाउन है। उसमें लोगों का करीब २-३ तल्ला पक्का मकान है। राजा पी० सी० लाल जो वहाँ के जमीन्दार थे, उनका मकान पड़ता है, पूर्निया टाउन में। उनकी वहाँ पर जमीन्दार थी। वहां हाट है, बाजार है। राजा पी० सी० लाल से लोगों ने बन्दोबस्त लिया था, उन्हों ने दाखिला भी दिया था। इसका हिन्दी में अमलनामा है। वहाँ मकान है, मार्केट है, दूकाने से जहे से लाखों लाखों रुपये का काम होता है। लाखों लाखों मन पाट वहाँ से कलकत्ता भेजा जाता है। मगर उसका कोई रेकार्ड नहीं है। जिनके पजेशन मे है, उनका रेकार्ड में नाम नहीं है। उसका रेकार्ड राजा पी० सी० लाल को नाम से हो गया। राजा पी० सी० लाल के नाम से रेकार्ड होने की वजह से सब जमीन मेस्ट हो गयी। राजा पी० सी० लाल ने जितनी जमीन का बन्दोबस्त किया था, उस में से उनके पजेशन में कुछ भी नहीं है। उसपर पजेशन है, खरीद ने वालों का। कसूर सिर्फ यही था कि जब यह एरिया बिहार में थी, तभी इसका बन्दोबस्त हुआ था और सब कागजात उर्दू-हिन्दी में है। हम लोगों का सेटिलमेन्ट का कागजात उर्दू-हिन्दी-कैथी और देवनागरी में है। स्पीकर सर, सबूत के तौर पर मैं बहुत सा कागजात आपके सामने लाया हुँ।

[ 1-40—1-50 p.m. ]

स्पीकर सर, मैं जो कागजात यहाँ लाया हुँ, उनको लैण्ड रेभन्यू मिनिस्टर साहब के सामने पढ़कर सुनाता हुँ। एक दलील है, जिसका नम्बर ६३६६ इसका सेटिलमेन्ट हुआ था २८-१२-५४ को। यह जब बिक्री किया गया तो इसको खरीद किया, दो आदमियों ने-सखावत हुसैन और लताफत ने। इसको दलील कैथी और देशी हिन्दी में है। जिसका इनलोगों के पास बिहार के टाइम का जमीन्दार की रसीद है—बिहार सरकार की रसीद है—बंगाल सरकार की रसीद है। मगर अफसोस की बात है कि सिर्फ सखावत हुसैन के नाम से ही रेकार्ड होता है। जब सर्वे का पर्चा लिया तो देखा गया कि सिर्फ एक ही आदमी का नाम है। मगर सर्वे तो दोनों खरीददारों के नाम से होना चाहिए था—दोनों के नाम से रेकार्ड होना चाहिए था। मगर कलम में एक का नाम उड़ा दिया गया। लताफत हुसैन का नाम नहीं है। यह मोट जमीन होती है—२५ एकड़ ८० डिसमिल। इस २५ एकड़ ८० डिसमिल का आधा

सखावत हुसैन के नाम से होना चाहिए और आने का मालिक खलाफत को होना चाहिए। इस जमीन का आधा १४ एकड़ ४५ डिसमिल होता है। मगर दोनों जमीन को एक साथ करके अब उस खतियान में लिख दिया गया कि ता० ३-६-१६७० तक बलवत थाकवे। मजे की बात है कि उसमें लिख दिया गया कि 'आपके बड़े भाईने आगे बताया है और हमने उस खतियान में लिख दिया। इधर .दोनों जमीन को एक करके १८ एकड़ ६० डि० कनून में उतार उतार कर सखावत को कलम में तो उड़ा दिया गया उसे मेस्टकर दिया गया। और सब जमीन को मेस्ट करके किसी के नाम नगदी और किसी के नाम शिकमी कर दिया। यह हाल है, इस्लामपूर सब डिविजन का। मैं लैण्ड रेभन्यु मिनिस्टर साहब से कहना चाहता हूँ कि अगर ऐसा केस हम यहाँ लाना चाहें, तो उन कागजातों को हमें ट्रक पर लाद कर लाना पड़ेगा। हमको मामुली कागजात मिला है, और हम उसे यहाँ लाए हैं।

एक डीड होता है सन् १६१८ ई० में। कितने दिन पहले डीड होता है। राजा पी० सी० लाल की रसीद है। बिहार सरकार की रसीद है। बंगाल सरकार की रसीद है। मगर कागजात जो बेचारा दिया, वह नोट करके दिया। उसे मैं पढ़कर सुनाता हुँ। कवाला खरीद की ता० २० मई सन् १६१८ ई०। मगर गुजिस्त सर्वे में मेरे नाम से सर्वे नहीं हुआ वाल्किभामी दार के नाम से होगया। स्पीकर सर, इतना पुराना दलील है। जिसने खरीदा है, उसके नाम से सर्वे नहीं हुआ, सर्वे कर दिया गया, पहले मालिक के नाम से। एक डीड है, जमीन कवाला खरीदार का। मगर बंगाल के रेकार्ड में जमीन्दार के नाम से रेकार्ड करदिया गया, ताकि जमीन मेस्ट हो जाय।

३ नम्बर अमलनामा हिन्दी पर है। दलील हिन्दी में है, उसे जमीन्दार ने दिया है। जमीन्दार ने खजना के लिए मुन्सिफ कोर्ट में नालिश किया—कटिहार मुन्सिफ कोर्ट में। रैयत पर मुन्सिफ कोर्ट से डिग्री हुआ। मैं रैयत ने खजना जमा कर दिया। खजना जमा करके डिग्री की नकल ले दिया। डिग्री की नकल देवनागरी में है, जिसकी ये सार्टिफाइड 'कापी है। अण्डर सदर सब डिविजन पुर्नियां का ट्रन्सफर हो गया बिहार से बंगाल में। सर्वे जो हुआ, सर्वे पर्चा खत्म हो गया। अफसोस की बात है कि इनके नाम से जमीन नहीं रहगई जिन्हों ने लिया था, बल्कि उसे जमीन्दार के नाम से कब दिया गया।

४ नम्बर—यह है कबुलियत। कबुलियत का माने यह है कि अगर कोई आदमी जमीन्दार से जमीन खरीदता है या लेता है तो उसे कबुलियत देनी पड़ती है कि इतनी

जमीन फला मौजा फला थाना में फला से लेते हैं और कबुलियत कर देते हैं कि हरसाल इस जमीन का खजना अदा करदेंगे। अगर हम खजना अदा नहीं करेंगे तो हम अपनी जमीन से वरतरफ हो जायगे—माने छोड़ देंगे। यह उर्दू में दलील है। दलील नम्बर है ८८२ और इसकी तारीख हुई १४-४-१६४५ ई०। ता० १४-४-१६४५ ई० को पुराने सर्वे मे खतियान कर दिया गया। मगर आफसोस की बात यह है कि जमीन इसके नाम से नहीं रह गई। कागजात में तो खरीददार का नाम खत्म हो गया। मगर जमीन—जमीन में है और खरीददार का नाम साफ हो गया।

एक दलील है ३०-६ १९५४ का। इनका कहना है कि कवाला खरीददार के नाम से तस्दीक ठीक रहा। बंगाल सरकार के तस्दीक में नसीमुद्दीन का नाम रहा। उसके बाद उसका नाम नहीं रहा। तस्दीक का पर्चा लाया गया। नसीमुद्दिन का नाम रहा। मगर उसके बाद उसका नाम नहीं रहा। बंगाल सरकार की रसीद है। विहार सरकार की रसीद है, मगर जमीन उसके नाम से न करके दूसरे के नाम से कर दिया गया ताकि जमीन को जिसने लिया है, उसकी जमीन भेरट हो जाय।

यह भी एक हिन्दी में दलील है। नसीमुद्दिन का सेम केस है, ता० ३०-६-१९५४ का डिग्री है, कटिहार कोर्ट का। मगर इसका भी वही हिसाब है। ये भी इसके नाम से रेकार्ड नहीं हुआ।

मौजा अमलावाड़ी में बंगाल का सर्वे हुआ। पुराने दलील की रसीद है। उस रसीद में दो एकड़ ३३ डिसमिल रेकार्ड होता है। मगर बंगाल सरकार में यह एक एकड़ १८ डि० रेकार्ड होता है। इस तरह से २ एकड़ ३३ डि० का रेकार्ड एक एकड़ १८ डि० होता है। क्या जमीन सूखगई ? या जमीन कहीं माग गई ? आखिर ये जमीन गई कहां ?

स्पीकर सर, हमारे इस्लामपुर सब डिविजन में हम लोग १० हजार बीघा जमीन से वेदखल हैं। वहां पर १० हजार बीघा जमीन वेदखल का है। अमलाबाड़ी में सर्वे के पर्चे में मोट २७ एकड़ ६५ डि० जमीन में चार एकड़ ५७ डि० दर्ज है। तो मैं पूछता हूँ कि क्या वाकी जमीन भाग गइ या जमीन सुख गई ? आखिर वाकी जमीन कहां गई ?

[ 1-50—2-00 p.m. ]

स्पीकर सर, मैं आपके माध्यम से कहना चाहता हूँ कि इस्लामपूर सब डिविजन

में स्पेशल कैम्प कोर्ट बैठाने का इन्तजाम किया जाय, ताकि जितनी भूल हुई है, उसका संशोधन हो सके। अगर कोर्ट कैम्प का इन्तजाम नहीं किया गया तो इसका संशोधन नहीं हो सकेगा। इस तरह के बहुत से केश हैं, अगर उन सभी केशों के बारे में यहां कुछ कहना चाहूं, तो उन कागजातों को ट्रक पर शर्ती करके लाना पड़ेगा। हमारा रिक्वेस्ट है, लैण्ड रेभन्यु मिनिस्टर से कि वे हमारे सब डिविजन इस्लामपुर कोर्ट और थाने में एक—एक कोर्ट कैम्प दें। ताकि जितनी भुले हुई हैं, उनका संशोधन करने का और उनको सही करने का मौका मिले। अगर अब भी सही-सही सर्भे रेकार्ड नहीं हुआ, तो पब्लिक का तो नुकशान होगा ही, साथ ही साथ गवर्नमेन्ट का भी लास होगा।

जिन लोगों के उपर भार दिया गया था वो लोग कामजात को नहीं संभाल सके हैं क्यों कि जिन आफिसरों पर इसका दायित्व था, वे लोग वहां की भाषा नहीं सके थे। इसलिए बिहार से ऐसे आफिसरों को टेम्परेरी लाया जाय जो हिन्दी-उर्दू-कैथी और देवनागरी जानते हों। वहां पर कुछ पुराने वकील लोग हैं, उनको टेम्परेरी सर्भिस में लाया जाय ताकि हमारे यहां के जो सेटलमेन्ट अफिसर वहां पर जांय, उनके साथ मिलकर उनको डाकूमेन्ट समझा सकें, क्यों कि हमारे यहां का डाकुमेन्ट हिन्दी-उर्दु-कैथी और देवनागरी में हैं। हमारे यहां के जो अफिसर जायगे उनको वे लोग पढ़ कर सुना देंगे। अगर ऐसा नहीं किया गया तो वहां के आदमियों को बहुत ज्यादा तकलीफ होगी और वहां का आदमी मर जायगा।

हमारे यहां ऐसा हुआ सन् १९६४ के बाद बहुत से बेदखली केश शुरू हुए। अण्डर इस्लामपुर सब डिविजन में हजारों घर रातों रात बन गए। घर तो बनाया गया, दो कट्ठे जमीन पर मगर १० डिसमिल २० डिसमिल ५० डिसमिल जमीन में बाउण्डरी करके दखल कर लिया गया। सन् १९६७ युनाइटेड फ्रन्ट मिनिस्टरी के जमाने में श्रीनिशीथ नाथ कुण्डु मिनिस्टर थे। मैं ने श्रीअजय बाबु से कहा कि हमारे इस्लामपुर सब डिविजन में इन्क्वयरी कराइए-मैंने उनको इसके लिए मेमोरण्डम दिया था कि वहां पर बहुत से जुल्म हुए हैं। श्रीअजय बाबू ने श्रीनिशीथ नाथ कुण्डु को इसका भार सौंपा। श्रीनिशीथ नाथ कुण्डु ने वहां का दौरा किया। हर जगह गए। हम लोगों ने डाकूमेन्ट से प्रमाणित कर दिया—गवा हों की गवा ही भी हो गई, मगर उन्होंने लिखित रिपोर्ट नहीं दिया। सिर्फ मखली चीफ मिनिस्टर को बोल दिए कि बहुत सा जुल्म हुआ।

सन् १६६७ ई० में जब लैण्ड रेभन्यू मिनिस्टर सत्तार साहब थे, तब भी हमने मेमोरेण्डम उनको दिया था। हमने उनसे कहा था कि अबतो कॉंग्रेस रिजीम आगया, अब आप लोग हम लोगों की मदद कीजिए। वेस्ट दिनाजपुर की ११ सीटों में सभी ११ सीटें कॉंग्रेस को ही मिली हैं। वहाँ जो गल्त हुआ हैं, उसका संशोधन करने का बन्दोवस्त कीजिए। सत्तार साहब डाइरेक्टर को अपने गमरे में बुलाकर बोले कि इनसे इनकी बातें सुनिए और इन्तजाम कीजिए। मैं ने उनसे कहा कि आपके अफिसरों ने सर्भे रेकार्ड करने में गल्ती की हैं। क्यों कि विहार का सर्भे रेकार्ड हिन्दू-ऊर्दू-कैथी और देवनागरी में था, जिसको वे लोग समझ नहीं सके। आप कमसे कम उसे ठीक कीजिए। डाइरेक्टर साहब ने वादा किया कि इस्लामपुर सब डिविजन में जब हम जाँयगे तो आपको साथ लेकर कहाँ-कहाँ रेकार्ड खराब किया गया हैं, उसे देखकर ठीक करा देंगे। पीछे डाइरेक्टर साहब वहाँ गए जरुर, मगर हमको साथ नहीं लिए। चुपचाप अपने अफिसारों को लेकर न जान कहाँ-कहाँ गए ? और उल्टा—सोधा क्या—क्या करके चले आए ? वहाँ पर जितने रेकार्ड करने वाले आफिसारों ने भूल की थी, उन्हीं को साथ लिया। हमको साथ में इसलिए नहीं लिया कि भुल पकड़ में आतायगी।'

इसलिए हमारा आपसे रिक्वेस्ट हैं कि आप उस भूल का संशोधन करने के लिए हर थाने में एक—एक कोर्ट कैम्प बैठने का इन्तजाम कीजिए। और जहां—जहां कागजातों की गल्ती हुई हैं, उसे देखकर ठीक करवा दीजिए।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজস্বমন্ত্রীর পশ্চিবাংলায় ভূমিসংস্কার সংশোধন বিলের প্রতি আমি একটা সংশোধনী দিয়েছি ? কারণ বহু প্রতীক্ষার পর ২৫ বছর ধরে ভূমিসংস্কার ও ভূমিনীতি সম্বন্ধে কথাবার্তা হয়ে এল, কিন্তু খুব পরিতাপের বিষয় ২৫ বছর শাসনের পর একটা সুষ্ঠু এবং ভাল ভূমিনীতি সরকার গ্রহণ করতে পারলেন না। আমরা যে সংশোধনী দিয়েছিলাম তাতে মন্ত্রিমহাশয় বললেন আগামী ৪ঠা মে,আমাদের Ordinance-এর date শেষ হয়ে যাচ্ছে বলে যদি এই বিলটা পাশ না হয় তাহলে ওটা lapse হয়ে যাচ্ছে। আমরা সকলে এই বিলের জন্য প্রতীক্ষা করছিলাম। ভূমির প্রতি বিশেষভাবে সমস্ত ভারতে এবং সর্বাধিক বাংলাদেশে যেরকম চাপের সৃষ্টি হয়েছে তাতে ভূমির প্রকৃতিগত অবস্থা না দেখে এত তাড়াতাড়ি করে এই বিলটা আনা হয়েছে তাতে যেভাবে বিচার বিবেচনা করা উচিৎ ছিল সেভাবে মন্ত্রিমহাশয় বা Council of Minister-রা করেন নি। ২৫ বছরের জঞ্জালকে ২৫ দিনে শেষ করার জন্য যেভাবে তাড়াতাড়ি চেষ্টা করেছেন তাতে মনে হয় খরতপ্ত রৌদ্র থেকে এসে ঠাণ্ডা খাওয়ার মতন অবস্থা। এর ফলে বিশৃঙ্খলা দমন করার জন্য যে ব্যবস্থা করছেন সেটাও হবে না এবং আমার আশঙ্কা যে আবার একটা বিশৃঙ্খলা সৃষ্টি হবে। প্রকৃতি বিভিন্ন জেলা ও স্থানে বিভিন্ন রকম। উত্তরবঙ্গে ভূমিগত প্রকৃতি আলাদা। বাঁকুড়া, ঝাড়গ্রাম, পুরুলিয়া ভূমিগত প্রকৃতি আলাদা। ২৪-পরগণা ও নদীয়ার

ভূমির নমনীয়তা ও উৎপাদিকা শক্তি আলাদা। এসমস্ত জিনিষ ভূমিরাজস্বমন্ত্রী ভালভাবে দেখেন নি। সেজন্য আমি বিলটাকে Select Committee-তে refer করার প্রস্তাব করেছি। জমির প্রকৃতি ও উৎপাদিকা শক্তি বিচার করে তাঁরা যদি সিলিং-এর নিশ্চয়তা করতেন তাহলে একটা স্থায়ী সমাধান হোত। মন্ত্রিমহাশয় বলেছেন এটা আজকের ভূমির শেষ নীতি নয়—আবার নানা রকম সংশোধন আনা হবে। অর্থাৎ বহু প্রতীক্ষার পর একটা ইতি ইতি ভাব থেকে যাচ্ছে এবং তাতে ভাল কাজ হবে বলে মনে হচ্ছে না। এর যে কতকগুলি বুনিয়াদের ভিত্তির দিক আছে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় এবং Council of Minister-দের দৃষ্টি আকর্ষণ করছি। এদেশে ভূমি বণ্টন সম্বন্ধে কয়েক বছর ধরে যে চাপ সৃষ্টি হচ্ছে সেটা অনুধাবন করতে হবে ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত যতটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে ভূমির ব্যাপারে আন্দোলন হয়েছিল ততহ রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে আন্দোলন হয়েছিল। সেখানেই পরিতাপের বিষয় যে যাদের দুই decimal জায়গা নেই তারাই ভারতবর্ষে জমি বণ্টন আন্দোলনে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে গেছেন।

[2-00—2-10 p.m. ]

জমির উপর চাপের কারণ কি? মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস বলেছেন জমি রাখবার অধিকার যে ফাণ্ডামেণ্টাল রাইটস দিয়েছেন সেটা যতক্ষণ না সংশোধন করছেন ততক্ষণ পর্যন্ত ভূমি সমস্যার সমাধান হতে পারে না। এটা অসম্ভব কথা যে একটা সিলিং এনেই কিছু করতে পারেন। একজন উকিল তিনি এক হাজার, দু হাজার বা তিন হাজার টাকা রোজগার করছেন। তিনি জমি রেখেছেন। আমার জেলায় কোন কোন বিজনেসম্যান অনেক টাকা রোজগার করেন যেমন একজন বিড়ির কারখানার মালিক সকাল হলে এক হাজার টাকা ইনকাম করেন তিনিও কিছু জমি রেখেছেন। উকিল, ব্যারিষ্টার বা বড় বড় লোক বা সরকারী কর্মচারী তাঁরাও জমি রেখেছেন। সরকার যে পয়সা দিচ্ছে তাতে চলে না বলে আমাদের কাছে মাগ্‌গী ভাতা বা বোনাস দাবী করেন। কিন্তু তাদেরও জমি আছে। সে সম্বন্ধে সরকার কি চিন্তা করছেন? আমাদের দেশ নষ্ট করেছে বৃটিশ শাসন এবং বিগত কংগ্রেস শাসনে যা হয়েছে তাতেও উৎফুল্ল বা আনন্দিত হওয়ার কিছু নেই। আগে যারা কুমোর তারা তাদের কাজ করেই চালাতো, জমি চাইতো না। যারা স্বর্ণশিল্পী তারা সোনার কাজই করতো, জমি চাইতো না। ছুঁতোর যারা তারা কাঠের কাজই করতো, তাদের তাই দিয়ে চলতো। জমির প্রয়োজন ছিল না। তাঁতশিল্পী অর্থাৎ তাঁতীরা তাঁতের কাজ করেই চলতো তাদের জমির প্রয়োজন ছিল না। এইভাবে ছোট ছোট শিল্প ছিল। যখন এই সমস্ত ক্ষুদ্রশিল্প এবং শিল্পী ধ্বংস হলো এবং নষ্টের দিকে চললো তখন ছুতোর তার কাজ ছাড়লো, জমির আশ্রয় গ্রহণ করলো জমির উপর চাপ সৃষ্টি হলো। এইভাবে স্বর্ণশিল্পী, তাঁতী জমির আশ্রয় গ্রহণ করলো এবং জমির উপর চাপ সৃষ্টি হয়েছে। এইসব শিল্পী যাঁরা তাঁদের কাজ ছেড়েছেন সেই শিল্পে যদি তাঁদের পুনরায় প্রবেশ করাতে পারেন এবং সেই শিল্পে স্বাবলম্বী করাতে পারেন তাহলে ভূমির উপর চাপ কম হবে। এই সমস্ত ব্যবস্থা আছে যাদের এবং বড় বড় বিজনেসম্যান যাদের রুজি রোজগারের ক্ষমতা আছে তাদের জমি রাখার অধিকার থেকে বঞ্চিত করতে হবে। তাহলে ভূমি সমস্যার সমাধান হবে। তা না হলে হবে না। এই বিলটা পড়ে দেখলাম কত জমি রাখতে পারবে তার কথা বলা হয়েছে, কিন্তু জমি দেওয়ার কথা বলা হয় নি। যদি জমি বিলির কথা বলা থাকতো তাহলে খুসী হতাম। খুব তাড়াতাড়ি করে বিলটা আনা হয়েছে এবং যদি এই বিলটা সিলেক্ট কমিটিতে যেতো তাহলে ভাল হতো। আমি পুরুলিয়া জেলার প্রতিনিধি হিসাবে পুরুলিয়ার কথা কিছু বলতে চাই। মাননীয় বিশ্বনাথবাবু যখন মন্ত্রী ছিলেন তখন খরার সময় তিনি পুরুলিয়ায় গিয়েছিলেন। তিনি বলেছিলেন পুরুলিয়ার জমির সিলিং হওয়া উচিত বলে আমি মনে করি না। আবদুস সাত্তার সাহেব যখন গতবার ভূমি ও ভূমিরাজস্ব

বিভাগের মন্ত্রী ছিলেন তখন তিনিও ওখানে গিয়ে বলেছিলেন পুরুলিয়ার সিলিং হওয়া উচিত নয়। কারণ সমস্ত বাংলাদেশ ভেসে গেল পুরুলিয়ায় ধান হয়। বর্ধমান, নদীয়া জেলায় যেমন বছরে তিনটি ফসল হয়, পুরুলিয়া তেমনি তিন বছরে একটা ফসল হয়।

স্যার, পুরুলিয়ার জমি দেখে, চিন্তা করে, তার প্রকৃতিগত উৎপাদিকা শক্তি দেখে তার সিলিং করা হয় এবং ধীরে সুস্থে দেখে যেন জমির সিলিং করা হয় ও পার্মানেন্ট ভূমি সংস্কার কমিটি গঠন করা হয়। উক্ত কমিটী প্রত্যেক জেলায় জমির কতটা উৎপাদন শক্তি, বছরে কতবার ফসল উৎপাদন হবে এইসব দেখেশুনে যদি আইনটা পাশ করা হতো তাহলে আমার মনে হয় ভাল হতো। তারপর মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় এই বিলের মধ্যে ষ্টেটস্ ল্যাণ্ড এ্যাকুইজিশন এ্যাক্টের কথা বলেছেন। ষ্টেট ল্যাণ্ড এ্যাকুইজিশন এ্যাক্টে কিছু লোকের খুবই ভাল হয় কিন্তু কিছু লোকের এতে সর্বনাশ হয়। আমি নিশ্চিত করে বলবো যে এই এ্যাক্টে সংশোধন আনা উচিত। আপনাদের যে কানুনগু বা আমিন যারা সারভে করতে যায় এবং কোন প্রজার জমি যদি এ্যাকুইজিশন করে তখন সেই প্রজার যদি আড়াই হাজার বিঘা জমি কেনা থাকে তাহলে দু'শত, আড়াই শত বিঘা জমি এ্যাকুইজিশন করে দেন, এই কথা বলেন। সেই অফিসাররা, ষ্টেটস্ ল্যাণ্ড এ্যাকুইজিশন অফিসার, ডিষ্ট্রিক্ট অফিসার যদি একবার কোন একটা নির্ধারিত সীমা বেঁধে দেন তখন আর সরকারের কিছু করবার থাকে না, সেটার পুনর্বিবেচনা করার কোন উপায় নেই ষ্টেট ল্যাণ্ড এ্যাকুইজিশনে। সেখানে যাতে সরকারের হাতে ক্ষমতা থাকে, সরকার ত অনেক ক্ষমতাই নিয়েছেন তাহলে এই ক্ষমতাটা কেন ছাড়ছেন যেটায় পাবলিকের কষ্ট হবে। সরকারের প্রয়োজনে অনেক আইন হয় এবং মাননীয় মন্ত্রীরা সরকারের প্রয়োজনে কয়েকদিনে যেরকম আইন আনলেন, পাবলিকের প্রয়োজনেও সেইরকম কিছু আইন আসা উচিত। এই আশা ও বিশ্বাস আমরা করবো। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করে মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। বহু প্রতিক্ষার পর এইরকম একটা বিল এসেছে, যদিও বড় তাড়াহুড়া করে এনেছেন তবুও সেটা যথাযথভাবে পালন করার জন্য পার্মানেন্ট কমিটি হোক এবং তারা সমস্ত দেখাশুনা করে যাতে একটা সুষ্ঠু স্থায়ী সমাধান হয় এবং শান্তি শৃঙ্খলা দেশে বজায় থাকে, যেন উৎপাত শুরু না হয়। গণতন্ত্র মানে গণউৎপাত কেউ মনে না করেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিত বসু** (সিঙ্গুর) ঃ অধ্যক্ষ মহাশয়, আমরা এখানে ভূমিসংস্কার বিলের উপর যে সংশোধনী এসেছে তার উপর আলোচনা করছি। এই ব্যাপারে কোন ভুল নেই যে আমাদের দেশের প্রথম এবং প্রধান কাজ হচ্ছে প্রকৃত ভূমিসংস্কার করা। অনেক দেরী হয়ে গিয়েছে, দীর্ঘদিন ধরে কথা হচ্ছে ভূমিসংস্কার করতে হবে। কিছু কিছু আইন এদেশে, ওদেশে চালু করা হয়েছে কিন্তু শেষ পর্যন্ত ভালভাবে পর্যালোচনা করলে দেখা যাবে যে প্রকৃত ভূমিসংস্কার করা হয়নি। এখন সারা দেশে সকলেই দেখছেন যে এর সময় এসেছে। বারবার চিফ মিনিষ্টার্স কনফারেন্স হচ্ছে, সেখানে নানারকম কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা একরকম বলছেন, আবার অনেকে অনেক কথা বলছেন যার জন্য ভূমিসংস্কারের উপর আজকে চিফ মিনিষ্টারদের বারবার মিটিং হচ্ছে। অর্থাৎ এটা এই সময় না করলে আর উপায় নেই এই রকম অবস্থায় এসে গিয়েছে। এই পরিপ্রেক্ষিতে, অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রধান বক্তব্য হচ্ছে যে এইটুকু আইনের ভিতর দিয়ে সামান্য কিছু সংশোধন করে আপনি আজকের দিনের চাহিদা মিটাতে পারবেন না। কাজেই এই রকম পরিস্থিতিতে আপনাকে একটা ভাল দেখে বিল আনতেই হবে এছাড়া অন্য কোন পথ নেই। একটা ভাল বিল আনতে গেলে নিশ্চয়ই আইন যা ছিল সেই আইনকে ইমপ্রুভমেণ্ট করে কোন লাভ নেই কারণ এই ইমপ্রুভমেণ্ট দিয়ে

আজকে বাংলাদেশের যে সমস্ত লোকের স্বার্থে ভূমিসংস্কার হওয়া দরকার তাদের প্রতি সুবিচার করতে পারেন নি। এবং আজকে বলে রাখি আমাদের ভূমিসংস্কার আন্দোলনে যে সমস্ত মানুষ অন্যায়ভাবে জমি থেকে বঞ্চিত হয়েছিল তারাই দীর্ঘকাল ধরে আন্দোলন করে এসেছে। সেই আন্দোলনে আমাদের দেশের বহু লোকের রক্তক্ষয় হয়েছে।

[2-10—2-20 p.m.]

কাজেই এই সমস্ত জিনিষ উঠে যাচ্ছে না আমাদের দেশে এবং ইতিহাসের গতিপথ, কৃষকের স্বার্থে যে ভূমিসংস্কার হওয়া দরকার বহুকাল আগে থেকে এই ইঙ্গিত বারবার দিচ্ছে। এবং এটা করা যাচ্ছে না পড়ে থাকছে বলেই চার দিকে নানা বিশৃঙ্খলা এবং গণ্ডগোল দেখা দিচ্ছে। আজকে এই সমস্ত ব্যাপার আর ফেলে রাখা চলে না, এখনই করতে হচ্ছে, এই অবস্থা এসে পড়েছে। ইট হ্যাজ অলরেডি বিন ঠু লেট। দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলায় শোষনমুক্ত ভূমি ব্যবস্থা গড়ে তোলার জন্য পশ্চিমবাংলার কৃষকরা আন্দোলন করছে। আজকে এই আন্দোলনের ফলে এই দাঁড়িয়েছে যে সিলিং-এর বেশী জমি যার হাতে আছে, তার হাত থেকে সেই জমি নিয়ে এসে ভূমিহীন ফার্মাস-এর মধ্যে বিলি করতে হবে। এখন যারা এখনও জমিতে স্বত্ব পায়নি কিন্তু চাষ করে যাচ্ছে তাদের যাতে জমি থেকে উৎখাত করা না হয় চাষের অধিকার থেকে বঞ্চিত না করা যায় তার বন্দোবস্ত করতে হবে এবং আমাদের বাংলাদেশের যারা মার্জিনাল ফার্মাস তাদের হাতে যাতে সেই জমি রেখে দিতে পারে তার জন্য সামাজিক এবং অর্থ নৈতিক ব্যবস্থা করতে হবে। এটাই আজকে ইম্পারেটিভ ডিউটি হিসাবে আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। অধ্যক্ষ মহাশয়, ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় এষ্টেট একুইজিশন এ্যাক্টের কথা জানেন, সেখানে জমির উর্ধসীমার কথা বলা হয়েছিল, সরকার সমস্ত জমি নিয়ে নিল, জমিদারদের জমির উর্ধসীমা ও একটা করা হয়েছিল। উর্ধসীমার যত কিছু আইনই আমাদের দেশে করুন না কেন সেগুলি কার্যকরী হয় না এবং পরবর্তীকালে দেখা যাবে যে সেগুলি তারা বিলি টিলি করছে। কেননা যেহেতু আমাদের দেশে আজও এমন লক্ষ লক্ষ লোক রয়েছে যাদের হাতে সিলিং-এর অতিরিক্ত জমি রেখে দিচ্ছে এবং এই জমিগুলি যাদের পাবার কথা তারা অন্যায়ভাবে বঞ্চিত হচ্ছে। এই বাস্তব অবস্থার সামনা-সমেনি দাঁড়িয়ে যদি আজকে সুবিচার করতে হয় তাহলে সিলিং-এর অতিরিক্ত জমি যা যেখানে আছে সেটা পুরোপুরি পেতে হবে। এর আগে সিলিং আইন দুর্বল ছিল, সেই দুর্বলতা দূর করার কথা ভাবছেন, তার জন্য পারবারগত সিলিং-এর কথা আইনে উল্লেখ আছে, এটা নিশ্চয়ই খুব ভাল জিনিষ; দীর্ঘদিন ধরে এর জন্য আন্দোলন হয়েছে, এটা স্বীকৃত।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, ট্রেজারী বেঞ্চে মাননীয় ভদ্রলোক কে এসে বসলেন, চিনতে পারলাম না।

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** তিনি এ্যাডভোকেট-জেনারেল।

**শ্রীঅজিত বসু ঃ** এখন এই যে মোটামুটি পরিবার ভিত্তিক সিলিং হচ্ছে এটা দীর্ঘদিনের আন্দোলনের ফলেই হতে চলেছে। কিন্তু একটা কথা জিজ্ঞাসা করতে চাই। এই যে পরিবার ভিত্তিক সিলিং যেটা হচ্ছে এটা কিভাবে ধরেছেন। এমন কোন ফাঁক সেখানে নেই তো যার ভিতর দিয়ে হাজার হাজার বিঘা জমি অন্য দিকে চলে যেতে পারে? ধরুন বাড়ীর কর্তা তার পাঁচ জন লোককে নিয়ে তার পরিবার, বাড়ীর বড ছেলের নামে যদি আগেকার দিন থেকেই জমি ট্রান্সফার করে রেখে থাকে, সে যদি ফ্যামিলী করে থাকে তাহলে তো তা নিয়ে সে আলাদা রায়ত হয়ে যাচ্ছে। তাহলে আগেকার সিলিং আইনের ফাঁক দিয়ে যারা এর-ওর নামে বাড়ীর বিভিন্ন লোকের নামে এবং এমন কি জন্তু-জানোয়ারের নামে জমি বে-নামী করে রেখেছেন, যে জমি

আজকে ভূমিহীনদের মধ্যে বিলি করার কথা ভাবছেন এবং যেটা আজকের দিনে খুব বড় জিনিষ, সেটা কি করে হবে যদি না এই যে বিভিন্ন লোকের নামে আলাদা আলাদা সংসার দেখিয়ে জমি নিয়ে ভাগলেন সেই জমি হাতে না আনতে পারেন ?

আলাদা আলাদা সংসার তাদের অনেকেরই হয় না, তারা শুধু কাগজকলমে আলাদা হয়ে বসে আছে। সেইজন্য বলছি পরিবারের যে বড় ছেলে থাকবে তার নিজের আয়ে কেনা জমি ছাড়া পরিবারের সম্পত্তির কোন একটা অংশ কোন ট্রানজেকসনের মাধ্যমে তার কাছে গিয়ে যদি পড়ে তাহলে সেগুলিকে ফ্যামিলি সিলিং-এর আওতায় আনা হবে। তা যদি আপনারা না করেন তাহলে জমি চুরি কি করে আপনারা ধরবেন তা আমি বুঝতে পারছি না। আমি ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই তাঁরা ৬টি থানায় সর্ট করছেন, এ্যালফাবেটিক্যালি নাম সাজাচ্ছেন যে কার কত জমি আছে। এই ৬টি থানার মধ্যে সাগর আছে, গলসী আছে, উত্তরবঙ্গের শিলিগুড়ি, ফাঁসিদেওয়া প্রভৃতি আছে। ডাইরেকটোরেট থেকে যে বই বেরিয়েছে সেখানে বলা হয়েছে শিলিগুড়ি, ফাঁসিদেওয়া, নকশালবাড়ী, খরিবাড়ী প্রভৃতি এলাকায় যদি ফ্যামিলি সিলিং হয় তাহলে শতকরা ৪ পয়েন্ট ৪ ভাগের বেশী জমি আমরা পাব না এইভাবে হিসেব বেরিয়ে আসছে যে সাগরে আমরা ৫ পয়েন্ট তিনের বেশী জমি পেতে পারব না। মোটামুটি এই ৬টি থানার হিসেব থেকে যা বেরিয়ে আসছে তাতে দেখছি আমরা খুব জোর ৬ পয়েন্ট ৩ ভাগ জমি পেতে পারব। তারপর দেখুন এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট যখন পাশ হয় তখন আশা করা হয়েছিল যে আমরা পশ্চিমবাংলার মোট জমির ৩৭পয়েন্ট ৩ ভাগ জমি বিতরণের জন্য পেতে পারব। কিন্তু দীর্ঘকাল পর অর্থাৎ ১৯৭১ সালের জুন মাস পর্যন্ত আমাদের হিসেব হোল যে ওই আইনে আমরা পশ্চিমবাংলায় শতকরা ৯ ভাগের বেশী জমি পাব না। কাজেই আজকে জমি পাবার জন্য যে আইন করা হচ্ছে তাতে আমরা যদি এই সমস্ত লুপহোলস্ বন্ধ করতে না পারি তাহলে বেশী জমি পাব না। ধরুন, আগেকার দিনে প্রচুর বে-নামী হয়েছে, অনেক জমি বিভিন্ন নামে সরিয়ে রাখা হয়েছে। আজকে পরিবারগত সিলিং আমরা করছি, কিন্তু একটা পরিবারে ৫জনের বেশী যে লোক থাকবে তার অতিরিক্ত জমি তারা পাবে না। আগে জন্তু-জানোয়ারের নামে জমি ট্রান্সফার করা হোত, অতিরিক্ত নামে তাঁরা দিয়ে দিতেন যেগুলি বার করবার কেউ নেই। পাড়া-প্রতিবেশীরা বলবেন না, জনসাধারণকে তো আমরা ডাকছি না কাজেই তাঁরাও বলবেন না এবং তার ফলে যার বাড়ীতে ৩জন আছে সে ৭ জনের নাম বলবেন। আপনারা হয়ত বলবেন আমরা রিটার্ণ দিতে বলেছি, আমরা জমি বার করব। জমি বার করবেন বলতে পারেন, কিন্তু কি করে বার করবেন জানি না। একটা সেটেলমেণ্ট যা হয়েছে সেই সেটেলমেণ্টে একটা লোকের কত জমি আছে মাত্র ৬টি থানায় সেটা সাব্যস্ত হয়েছে। কাজেই গোটা বাংলাদেশে জমির রিটার্ণ নিয়ে তাকে সর্ট করলে কার কত জমি আছে সেটা ঠিক করা যাবে না। সেইজন্য আগামী দিনে আমি মোটামুটি এই বক্তব্য রাখতে চাই যে, আমরা জমি চাই, আমরা পরিবারগত সিলিং চাই, এর নামে, ওর নামে যে জমি আছে সেগুলিকে পরিবারের মধ্যে আনতে হবে, আলাদা কৈফিয়ত দেখালে হবে না তাকে ফ্যামিলি প্রোপার্টি হিসাবে গ্রহণ করতে হবে।

[2-20—2-30 p.m.]

এবং নিজের টাকায় কেনা পরিবারের, নিজের অর্জিত অর্থে কেনা যদি বাইরের জমি থাকে সেইগুলোকে আলাদাভাবে ধরা যেতে পারে। কিন্তু পরিবারের জমি এখানে ওখানে যেটা ট্রান্সফার করা আছে, সেটা সমস্ত ফ্যামিলি প্রপার্টি হিসাবে ধরতে হবে এবং প্রত্যেককে ফ্যামিলির একটা হিসাবে ধরতে হবে। আর একটা কথা হচ্ছে, আমরা দেখেছি আগেকার দিনে যখন বলা হলো অর্চার্ড বা ফলের বাগানকে কৃষিজমির বাইরে রাখা হবে তখন রাতারাতি দুটো আম গাছ

লাগিয়ে ফলের বাগান বলে রেকর্ড হয়ে গেল। আবার যখন ফিশারীকে বাদ দেওয়া হয় তখন বিরাট বিরাট চাষের জমি ট্যাঙ্ক ফিশারী বা মেছো ভেড়ীতে পরিণত হয়ে গেল এবং সেইরকমভাবে রেকর্ড হয়ে গেল। ২৪-পরগনা জেলাতে দীর্ঘকাল ধরে সংগ্রাম চলছে। ২৪-পরগনা জেলার মেছো ভেড়ীগুলোর বেশীর ভাগ কাল্টিভেব্‌ল এবং কাল্টিভেটেড ল্যাণ্ড, সেইগুলো সব ট্যাঙ্ক ফিশারীর মধ্যে চলে গেল। তাছাড়া যে জিনিস করা হতে লাগলো সেটা হচ্ছে এই যে বেনামে অনেক বকমভাবে যেমন ফলের বাগান বলে খানিকটা জমি বের করে দেওয়া হলো—ট্যাঙ্ক ফিশারী বা মেছো ভেড়ীর নামে প্রচুর জায়গা জমি এদিকে ওদিকে রেখে দেওয়া হলো। তাছাড়া একটা জিনিস যেটা হতে লাগলো সেটা হচ্ছে দেবোত্তর প্রভৃতি নামে প্রচুর জায়গা বে-নামী করে রেখে দেওয়া হলো, এই জিনিস গোটা পশ্চিমবাংলায় হয়েছে। কাজেই এই সমস্ত দিক বিচার বিবেচনা করে যদি জমি পাবার সত্য সত্যই আমাদের সদিচ্ছা থাকে এবং নিশ্চয়ই সেটা আমাদের সকলেরই আছে, সেটা আমরা বিশ্বাস করি, তাহলে এই সমস্ত লুপহোলগুলো বন্ধ করে একটা ভাল আইন না আনলে এটুকু আইন করে আজকে জমি পেয়ে যাবো বলে আমরা মনে করতে পারছি না। কাজেই এরজন্য ঠিক মত ব্যবস্থা করতে হবে। আর একটা বিষয় হচ্ছে আমাদের দেশে আজও উচ্ছেদ হচ্ছে। এতগুলো বর্গাদারদের আইন হয়েছে, কিন্তু বর্গাদারেরা উচ্ছেদ হচ্ছে প্রতি বছর, জানি না কে কি ভাবেন বা কে কি বলেন কিন্তু আমরা স্পষ্টভাবে মনে করি যে বর্গাদারদের জমিতে চাষের অধিকার আছে এবং ছোট ছোট মালিকদের ক্ষেত্রে কিছু কিছু রিসামশনের ব্যাপার যা আইনে আছে থাক, কিন্তু মোটামুটি তাদের জমিতে চাষের অধিকার আছে এবং তাদের জন্য যে আইন করা হয়েছে সেটা খুব—যে বর্গাদাররা তাদের কায়িক পরিশ্রম করে ২৫ ভাগ পাবে, চাষের খরচ যে দেবে সে ২৫ ভাগ পাবে এবং জমির মালিক পাবে ২৫ ভাগ, যদিও জমির মালিকের ২৫ ভাগ বণ্ট হিসাবে পাওয়া অন্যায়, আজকের দিনে কিন্তু এই প্রশ্ন আসে—আইন হবার পর গত ১০ বছরে পশ্চিমবাংলায় বর্গাদার-এর সংখ্যা এত কমে গেল কেন? এত বর্গাদার জমি থেকে উৎখাত হয়ে গেল কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত সেন্সাস রিপোর্ট এবং এবারের সেন্সাস রিপোর্টে জানা যায় শতকরা ১০ ভাগ বর্গাদারের সংখ্যা কমে গেছে। এটা নিশ্চয়ই তারা ইচ্ছা করে ছাড়ে নি। সমস্ত জায়গায় বর্গাচাষীরা উচ্ছেদ হবার আগে একবার মাথা উঁচু করে দাঁড়িয়ে চেষ্টা চরিত্র করে গেছে, কোথাও ভাল ফল পেয়েছে লড়াই করে, কোথাও অন্ততঃ পক্ষে প্রতিবাদ করে—এইভাবে তারা লড়ছে যাতে তাদের উচ্ছেদ হতে না হয়। এই উচ্ছেদের বিরুদ্ধে এত আইন থাকা সত্ত্বেও গত ১০ বছরে শতকরা ১০ ভাগ বর্গাচাষী জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে। আর একটা কথা হচ্ছে যে আইন করে দেওয়া হয়েছে যে এই ফসল পাওয়া ইত্যাদি—this is an improvement upon previous Land Reforms Act. নিশ্চয়ই এটা একটা ইমপ্রুভমেণ্ট, কিন্তু কোথায় এই জিনিসটা পাচ্ছে? কোনখানে পাচ্ছে না। তবে কোনখানে পশ্চিমবাংলা আটকে আছে? আমরা মোটামুটি চাই যে তলার মানুষ এই জমিগুলো তাদের হওয়া উচিত। এই দৃষ্টিভঙ্গী আজকে না থাকলে মোটামুটি এই জিনিসগুলো ঠিক পথে নিয়ে যাওয়া যাবে না। কাজেই আইন করতে গিয়ে যে জায়গায় আটকে গেছি, অর্থাৎ উচ্ছেদ করবো সেটার যদি পেনাল ক্লজ না থাকে তাহলে উচ্ছেদ বরাবর হয়ে যাবে—নানা কায়দা-কানুন করে ফসল আদায় করতে পারবে, কিন্তু যে উচ্ছেদ করছে তার সম্বন্ধে আপনি যদি কোন পেনাল ক্লজ না রাখেন তাহলে মোটামুটিভাবেও এই আইন কার্য্যকরী হবে না।

যে ভাগচাষীকে অন্যায়ভাবে কেউ বঞ্চিত করছে, তাকে কম দিচ্ছে, সেই অন্যায়কে প্রতিরোধ করতে গেলে একটা penal clause এখানে রাখা দরকার। তা না হলে মোটামুটি আপনি ঐ বর্গাদার বা ভাগচাষীদের জমি থেকে উচ্ছেদ বন্ধ করতে পারবেন না। অন্যায়ভাবে ভাগচাষীদের

কাছ থেকে জোর করে under duress লিখিয়ে নেওয়া হয়েছে, তুমি লিখে দাও—তারা লিখে দিয়েছে আমরা ভাগচাষী বরাবর আমরা এই জমি ভাগে চাষ করে আসছি। কেউ কেউ আবার এর বিরুদ্ধে আন্দোলনও করে আসছে। শতকরা পাঁচ জন হয়ত সাক্ষ্য দেবে আর বাকি ৯৫ জন হয়ত সাক্ষ্য দেবে না যে জোর করে লিখিয়ে নেওয়া হয়েছে। বর্গাদার উচ্ছেদের জন্য যে সমস্ত Provisions করা হয়েছে—তা কার্যাকরী করা হচ্ছে না এই আইনের মধ্য দিয়ে।

শেষ কথা হচ্ছে এই খাজনা প্রথা একদম বিলোপ করা দরকার। সেই আইনও কার্য্যকরী করা হচ্ছে না। সেটা ঠিক করুন। তার জন্য সুনির্দিষ্ট কিছু নাই।

এই ভূমিসংস্কার আইনকে কার্য্যকরী করতে গেলে শুধু আপনার সরকারী কর্মচারীদের দ্বারা বিশেষ সুবিধা আপনি করতে পারবেন না। এই আইনকে কার্য্যকরী করতে গেলে সর্বস্তরে প্রতি জেলায়, জেলাস্তরে আপনাদের একটি সর্বদলীয় কমিটি করতে হবে। আমরা একটা amandmentও সেইভাবে দিয়েছি। মোটামুটি এই ব্যাপারে জনসাধারণের সহযোগিতা নিতে হবে। কৃষকদের স্বার্থে এই ভূমিসংস্কার আইন যাঁরা চান, সেইরকম লোক নিয়ে একটা করে সর্বদলীয় কমিটি প্রতি জেলায় করা প্রয়োজন। যাঁরা আজকে জমি পাবেন, তাঁদের এ ব্যাপারে আহ্বান জানাতে হবে। তাঁরা জমি কোথায় লুকান আছে ধরিয়ে দেবেন। যদি তাঁরা আগে বুঝতে পারেন, যে এতটা করে জমি তাঁদের দেওয়া হবে, তাঁরা অগ্রণী হয়ে এসে আপনাদের সাহায্য করবেন। তাদের সক্রিয় সাহায্য ছাড়া পশ্চিমবাংলায় ভূমিসংস্কার আইন কার্য্যকরী হতে পারে না। তাই আপনার কাছে আবেদন জানাবো একটা comprehensive ভূমিসংস্কার বিল সত্বর আপনি আনুন—যা আজকে দেশের স্বার্থে বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মিঃ স্পীকার, স্যার, আজকে ভূমিসংস্কার আইন যেটা মন্ত্রিমহাশয় এখানে উত্থাপন করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। বাংলাদেশে ভূমিসংস্কার একটা সবচেয়ে বড় সমস্যা; সে সমস্যা সারা ভারতবর্ষে যত দেশ আছে, যত রাষ্ট্র আছে—তার মধ্যে পশ্চিমবাংলার ভূমিসমস্যা সবচেয়ে বেশী। অবশ্য ভূমি সমস্যা সমাধানের জন্য Land Reforms Act. (10 of 1956), প্রথম জন্মলাভ করে। তার আগে Bengal Tenancy Act, 1885 ছিল। তারপর তার amendment হয়েছিল 1938-এ। এই যে দু-বার Bengal Tenancy Act হলো এবং পরে তার amendment হলো—বৃটিশ রাজত্বের সময়ে—The then British rulers for their personal interests being politically motivated.

এই সমস্ত আইনগুলি তখন করা হয়েছিল—দেশের মধ্যে একটা loyal subjects করবার জন্য। তখন বৃটিশ সরকার চাচ্ছিলেন—a good class of people, middle class people, জমিদার এবং জোতদারদের মধ্য দিয়ে toiling masses কি করে control করা যায়। তার জন্যই ছিল ঐ Bengal Tenancy Act. কিন্তু স্বাধীনতা পাবার পর তদানীন্তন কংগ্রেস সরকার চিন্তা করছিলেন--ভূমিসংস্কার আইনের পরিবর্তন করা একান্ত দরকার। সেইজন্য Land Reforms Act এবং Estate Acquisition Act পাশাপাশি পাস করা হলো। ভূমিসংস্কার আইনের important portion বিশেষ করে যা পরিবর্তন করা হয়েছে—তার মধ্যে সবচেয়ে বড় বিশেষ লক্ষ্যণীয় হলো বর্গাদারদের rights এবং interests এবং সাধারণ চাষীকে মালিকদের হাত থেকে রক্ষার প্রচেষ্টা আজকে আমাদের জনপ্রিয় সরকার নিয়েছেন। আজকে আমরা নিশ্চয়ই বলবো—এটা একটা বৈপ্লবিক প্রচেষ্টা এই সরকারের। এর মধ্য দিয়ে আগামী দিনে land distribution-এর যে সমস্ত defect—land distribution সম্পর্কে যে সমস্ত আমলাতন্ত্রের হাত লম্বা করা ছিল—

ভাগচাষ বোর্ড মারফৎ হাত লম্বা করা ছিল যার ফলে চাষীদের উপর মালিক অত্যাচার করবার সুযোগ পায়, তার পরিবর্তন করা হয়েছে এই বিলের মারফৎ।

[2-30—2-40 p.m.]

এই বর্তমান এ্যামেণ্ডমেণ্টে তারা ধারাগুলিকে ছোটো করে, পরিবর্তন করে, তাকে কনক্রিট রূপ দিয়ে দেখান হচ্ছে, যারা টয়েলিং মাস যারা পুয়র কালটিভেটরস যারা বর্গাদার যারা রিয়েল টিলর অব দি সয়েল তাদের কি করে আমরা ল্যাণ্ড দিতে পারি, কি করে তাদের উপকার করতে পারি, তাদের কি করে আমরা ওপ্রেশন এবং ইভিকশনের হাত থেকে রক্ষা করতে পারি। আগে আমরা দেখেছি এই ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট যখন হয় তখন কতগুলি অল্প ধারা নিয়ে তৈরী হয়েছিল। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবাংলা এতই সমস্যা সংকুল দেশ এবং অন্ততঃ ল্যাণ্ড নিয়ে যে সমস্ত প্রবলেম চলছে তার জন্য দরকার আছে আজকে এই ভূমিসংস্কার। ভূমিরাজস্ব মন্ত্রী আমাদের যে বিলটা এনেছেন তার আমি প্রথম লাইন থেকে শেষ লাইন পর্যন্ত পাঠ করেছি, আমি দেখতে পাচ্ছি এবং যেটা রূপ নিতে যাচ্ছে সেটা সাধারণ চাষীর কাছে, সাধারণ কৃষকের কাছে বহু প্রতিক্ষিত। আমরা দেখেছি ভূমি সংস্কার আইনের প্রথম এ্যামেণ্ডমেণ্ট হয়েছিল ১৯৬৮ সালে, তারপর ১৯৬৯ সালে, কিন্তু আমরা জানি না কেন দু-এক জন সদস্য বলছেন এই ভূমিসংস্কার আইনগুলিকে আরও পরিষ্কার করে তোলা দরকার? দু'দু'বার যুক্তফ্রণ্ট সরকার হয়েছে এবং দু'বার তারা এ্যামেণ্ড করেছে কিন্তু কিছুই করতে পারে নি। আর বিগত কংগ্রেস সরকার ভূমিসংস্কারের ক্ষেত্রে যা চিন্তা করেছিলেন, আজকে আমরা তা কার্যো রূপায়িত করছি। এই এ্যাক্টের মধ্যে যথেষ্ট ইমপর্টেণ্ট জিনিস আছে, এবং সিলিং সিসটেমকে আমরা স্বীকৃতি জানাই। আমরা সিলিং সিসটেন রেখেছিলাম যে জমি প্রত্যেকের কতখানি থাকবে আর ভেসটেড ল্যাণ্ড কতখানি থাকবে। অর্চাড যেসব আছে সেগুলি সিলিং থেকে ছাড় দিয়ে দেওয়া ছিল এবং এইটা প্রত্যেকের একটা জমি চুরির পথ ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই এ্যাক্টের মধ্যে যতগুলি প্রভিশন আছে তার মধ্যে বলা রয়েছে—It provides rights, obligations and institution of holding, consequential limitation of transfer, subletting control and regulation of Bargadar system and fine system of revenue collection. তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যদি এই বিলের প্রতিটি ধারা পর্যালোচনা করে দেখি তাহলে দেখব যে প্রতিটি ধারা, প্রতিটি অক্ষর জনস্বার্থে, প্রতিটি সাধারণ গরীব কৃষকের জন্য করা হয়েছে। আমরা আজকে যদি এইটাকে যথাযথ রূপ দিতে পারি, আমরা যদি এইটাকে আগামী দিনে কার্যকরী করতে পারি তাহলে আমার মনে হয় নিশ্চয়ই এই ভূমিসংস্কার আইনের আসল উদ্দেশ্য সার্থক হবে।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এবং আমি এই বিধান সভার মাননীয় সদস্যদের এবং মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে প্রাথমিক শিক্ষকদের যে সমিতি তাঁরা বিভিন্ন দাবী-দাওয়ার ভিত্তিতে মিছিল করে এসেছেন।

**মিঃ ডেপুটি স্পীকার:** শুনুন আপনি বক্তৃতা করবেন না, আপনি দৃষ্টি আকর্ষণ করবার জন্য যা দেবার তা দিয়ে যান।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি সেখানে গিয়ে তাদের এ্যাটেণ্ড করুন এবং এই বিধান সভার সদস্যরা সেখানে প্রাথমিক শিক্ষকদের সঙ্গে মিট করুন।

**মিঃ ডেপুটি স্পীকার:** আপনাকে আমি কোন বক্তৃতা করতে দেব না, আপনি ঐ কাগজখানা আমার কাছে দিয়ে যান, আমি মিনিস্টারকে পাঠিয়ে দিব।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** সদস্যদের আমি সেখানে যেতে অনুরোধ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার :** সদস্যদের যাঁর ইচ্ছা হবে তিনি যাবেন।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত সংক্ষেপে এই ভূমিরাজস্ব বিল যা মন্ত্রিমহাশয় এনেছেন, সে সম্বন্ধে দু'একটি কথা বলব। এটা একটা গুরুত্বপূর্ণ বিল, তাতে কোন সন্দেহ নেই। এই সংশোধনী বিলটিকে আমি সমর্থন জানাই, তার কারণ ভূমি সমস্যা একটা অত্যন্ত জটিল সমস্যা এবং আমরা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়ে এসেছি যে আমরা ভূমি সমস্যার সমাধান করব আইনের মাধ্যমে, গায়ের জোরে বা লাঠিবাজি করে বা বিশৃঙ্খলার সৃষ্টি করে নয়। আইনের মাধ্যমে ভূমির যে সমস্যা তাকে, তা আমরা সমাধান করব, সেদিক থেকে আজকে এই যে সমস্ত গুরুত্বপূর্ণ সংশোধনী এবং বিল মন্ত্রিমহাশয় এনেছেন, সেগুলি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এতে দেশের জনসাধারণের এবং গ্রামাঞ্চলের কল্যাণ সাধিত হবে বলে আমি বিশ্বাস করি। যেমন ধরুন বর্গাদার সমস্যা সম্বন্ধে বর্গাদারের স্বার্থকে নিশ্চিন্ত করার জন্য যে বিল আনা হয়েছে তা অত্যন্ত আশাপ্রদ, এবং সিলিং বেঁধে দেবার গুরুত্বপূর্ণ বিষয়কে বৈপ্লবিক নীতি বলে মনে করি। লাঠিবাজি না করে, রক্তপাত না ঘটিয়ে আইনের মাধ্যমে সিলিং বেধে দেওয়া যায় একথা আমরা প্রমাণ করে দিয়েছি, সেটা জনগণ নিশ্চয়ই অনুধাবন করবেন। আরও অনেক ভাল ভাল জিনিষ এই বিলের মধ্যে রয়েছে। আমার সময় অত্যন্ত অল্প। সংক্ষেপে বলতে হচ্ছে কারণ আমাকে এমনি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে চলে যেতে হবে। আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিকে আলোচনা করতে চাই। আমরা সমাজতন্ত্র আনব বলে প্রতিশ্রুত। কিন্তু সেই সমাজতন্ত্র কোথায়? গ্রামে যারা বাস করে, পশ্চিমবাংলার সেই গ্রামের মানুষ আজকে সম্পূর্ণরূপে কৃষির উপর নির্ভরশীল। সেই কৃষিকে বৈজ্ঞানিক ভিত্তিতে উৎপাদনক্ষম করে প্রকৃত কৃষিজীবির হাতে যদি জমি দিতে না পারি, তাহলে সমাজতন্ত্রের উদ্দেশ্য ব্যর্থ হবে। প্রকৃত কৃষিজীবি যারা জমির উপর নির্ভরশীল তাদের হাতে জমি না দিতে পারা সমাজতন্ত্র বিরোধী বলে মনে করি। সিলিং বাধার উপর জমির মালিকানা প্রয়োগ করা যাবে না। আমার জমি ৩০ বিঘা থাকতে পারে, সিলিং হয় তো ৫০ বিঘা যাচ্ছে। সেই ৩০ বিঘা জমির মালিক যদি এমন লোক হয়, যার উৎপাদনের সাথে কোন সংযোগ নাই, শুধু জমির মালিকানার সাথে সংযুক্ত জমির সঙ্গে যার কোন সম্পর্ক নাই, যারা জমির কেবল খাজনা দেয়, তারজন্য তারা জমির মালিক তাদের কি ব্যবস্থা করা হবে। এবং এটা যদি বাস্তবে পরিণত হয়, তাহলে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি, সমাজতন্ত্রের প্রতিশ্রুতি তা থেকে তাহলে আমরা অনেক দূরে চলে যাব। আজকে তাকিয়ে দেখুন গ্রামঞ্চলে যে সিলিং আছে, সেখানে যে জমি আছে হয় তো সামান্যও থাকতে পারে, কিন্তু অনেক জমি আছে, যা সিলিংয়ের চেয়ে বেশী তাদের আইনের মাধ্যমে তাদের সেই লুকিয়ে রাখা জমি বের করতে হবে। মিসা আইন প্রয়োগ করে সেগুলি হয় তো উদ্ধার করতে পারব কিন্তু তাতে কি হোলো জমির মালিক যারা তারা কোন উৎপাদনে কোনরকম যোগ থাকবে না। সে জমিকে সন্তানসম পালন করে না। শুধু শোষণ করে শহরে নিয়ে চলে আসে। তাদের মাধ্যমে দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব কি না সেটা দেখবেন। আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমশাইয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে গ্রাম বাংলার কথা বলি, গান্ধীজী বলেছেন গাঁওমে চল। রবীন্দ্রনাথ বলেছেন ফিরে চলো মাটির টানে তাই আজকে দেশের যুবক, ছাত্রদের বলছি গ্রামে ফিরে চল। কিন্তু গ্রামে তারা আজ ফিরবে কোথায়? গ্রামে গিয়ে তারা কি করবেন? গ্রামের একমাত্র উপজীবিকা জমি। সেই জমির স্বত্ব সমস্ত শোষণ করে নিয়ে কলকাতায়—রাজধানীতে নিয়ে চলে আসছে সেখানে C.M.D.A.-র মাধ্যমে পাতাল রেল থেকে আরম্ভ করে চক্র রেল ইত্যাদি সব কিছুর ব্যবস্থা হচ্ছে।

আমি কলকাতাকে হিংসা করি না। কলকাতা একটা ইণ্টারন্যাশন্যাল সিটি—কলকাতার উন্নতি প্রয়োজন। কিন্তু গ্রামাঞ্চলের যদি উন্নতি করতে না পারি গ্রামের মানুষ যদি আকৃষ্ট না হয়, গ্রামের সম্পদ যদি গ্রামের মানুষের জন্য না হয়, তাহলে ফল কি হবে?

[ 2-40—2-50 p.m. ]

সমস্ত মানুষ কলকাতার দিকে ছুটবে। আমাদের বর্ধমানের লোক, পুরুলিয়ার লোক, মেদিনীপুরের লোক—সমস্ত জায়গার লোক জীবিকার সন্ধানে শহর কলকাতায় চলে আসবে। ফলে কি হবে? পাঁচ বছর, ১০ বছর পরে যে সমস্যা এতদিন কলকাতায় ছিল সেটাই থেকে যাবে তার কোন সমাধান হবে না। কাজেই গ্রামে চলো একথা কার্য্যকরী করতে গেলে গ্রামে এমন জিনিষ করতে হবে যে জমি তার হবে যে গ্রামে বাস করবে। কৃষক, শ্রমিক যে জন এই রোদে ও বৃষ্টিতে দারুন দুর্ভিক্ষের মধ্যে বাস করে। আজকে গ্রামে পানীয় জল নেই, রাস্তাঘাট নেই, শিক্ষার ব্যবস্থা নেই, চিকিৎসার ভাল ব্যবস্থা নেই সেখানে জমির মালিক তারা হবে, তার সিলিং কম কি বেশী আমি বুঝি না সে সেই গ্রামে বাস করুক। গ্রামের উৎপাদিত সম্পদ, বর্ধিত হারে তার সম্পদ নূতন বৈজ্ঞানিক ভিত্তিতে চাষী সস্তায় গ্রামে সেটা ব্যয় করুক। দেশে তিন তলা দালান তুলুক। গ্রামের ভোগ্যপণ্য ব্যবহার করার চেষ্টা করুক তাহলেই গ্রামের উন্নতি হবে এবং গ্রামের উন্নতির মাধ্যমে আজকে দেশেরও উন্নতি হবে। কাজেই ভূমিসংস্কার আইন সম্বন্ধে এ কথাই বলতে চাই যে প্রকৃত কৃষিজীবী যারা, যারা কৃষির উপর নির্ভরশীল, সেই মানুষ গ্রামের যে সম্পদ সেটা গ্রামেই ব্যবহার করবে, উৎপাদিত অংশ বিলাস করবার জন্য, বাড়ী করবার জন্য। দেহের রক্ত যদি মুখে এসে জমে তাহলে যেমন তাকে স্বাস্থ্য বলা যায় না তেমনি যদি গ্রামের সমস্ত সম্পদ যদি শহরে এসে জমে স্ফীত হতে থাকে তাহলে এটাকেও ঐ রকম স্বাস্থ্যের মত বলা যায় না। কাজেই এই আইনের মাধ্যমে কৃষিজীবী যারা তাদের জমি দেওয়া হোক, কৃষিজীবী ছাড়া যারা অন্য বৃত্তি করে বাড়ী ভাড়া হোক, বা অন্য জিবিকা আছে, ট্রাক আছে, বাস আছে, Industry আছে তাদের জমির মালিকানা থাকবে কিনা সেটা চিন্তা করুন। এবং তাদের বলা যে তোমরা গ্রামে যাও, গ্রামে বসবাস কর, গ্রামের সম্পদ গ্রামে ব্যয় কর, গ্রামের উন্নতি জন্য চিন্তা কর তাহলে গ্রামের জমির মালিকানা থাকবে। গ্রামের সম্পদ আমি পাবো, গ্রামের দুঃখ আমি পাবো না, গ্রামকে শোষণ করবো আর গ্রামে গিয়ে থেকে গ্রামের উন্নতির চেষ্টা করবো না তাদের জমির মালিকানা থাকা চলবে না। এর প্রতিবিধানের জন্য এই কয়েকটি কথা বলে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এটা সংশোধন করায় চেষ্টা করুন এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে ভূমিসংস্কার আইনের উপর যেসমস্ত আলোচনা স্বরু হয়েছে তাতে আমার মনে হচ্ছে যে, আমাদের বর্তমান সমাজ ব্যবস্থা যা আছে, সেখানে সমাজের বিত্তশালী মানুষের প্রভাব এত প্রচণ্ড যে সেই জায়গায় গ্রামের দারিদ্র কৃষক সমাজের স্বার্থে প্রকৃত ভূমিসংস্কার করা একটা দুরূহ কাজ। তা স্বত্বেও আমি মনে করি যে বর্তমান সমাজের এই Set-up-এর ভিতরে যদি শাসক party এবং তার যে Administration সেই Administration যদি সঠিকভাবে এই আইন কার্য্যকরী করার জন্য ব্যবহার করতে পারেন তাহলে কিছু না কিছু গরীব সাধারণের স্বার্থে করা যেতে পারে। সেই কারণের জন্য আমি পুর্বে ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে, আমাদের দেশে ১৯৫৫-৫৬ সাল থেকে অনেক আইন হয়েছে ভূমিসংস্কারের উপর এবং তার amendment-ও হয়েছে। কিন্তু আজ পর্যন্ত বাংলাদেশের গ্রামে যে প্রধান সমস্যা সেই সমস্যা হল উচ্ছেদ বন্ধ করা। এই উচ্ছেদ আজও কোনক্রমেই বন্ধ হয় নি, বন্ধ করা যাবে না। সেই কারণের জন্য একদিকে ভূমির কেন্দ্রী ভবনকে ঠেকাবার জন্য

নানা রকম আইন-কানুন করবার চেষ্টা করেছি। এটা ঠিক এই Assembly-তে অনেক বার ভূমিসংস্কার করার জন্য অনেক ধরনের আইনের পরিবর্তন সংশোধন এনেছেন। কিন্তু আসলে যে কৃষক গ্রামে রয়েছে, যে কৃষক অনাহারে থাকে, দরিদ্র যারা কৃষি কাজের জন্য সামান্য অর্থ খরচ করবার ক্ষমতা নেই। তাদের কৃষির উপর যে সামান্য আক্রমণ সেই আক্রমণ আজও বন্ধ হয় নি। সেখানে আজ ব্যাপকভাবে এই আইনের আওতার মাধ্যমে তারা চালিয়ে যাচ্ছে। সুতরাং প্রথমে আমাদের চিন্তা করা দরকার যে যদি ভূমিসংস্কার প্রকৃতপক্ষে আমাদের দেশের কৃষি সঙ্কটকে দূরীভূত করবার জন্য ব্যবহার করতে চাই তাহলে উচ্ছেদকে প্রতিহত করবার জন্য, উচ্ছেদ বন্ধ করবার জন্য এমন ব্যবস্থাবলী গ্রহণ করা দরকার যাতে কোনক্রমে কোন চাষী তার চাষের ক্ষেত থেকে বঞ্চিত হতে না পারে, এটাই হল প্রথম কাজ। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে উচ্ছেদের বিভিন্ন রূপ সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। আমরা দেখেছি প্রথমতঃ যে আক্রমণটা আসে সেই আক্রমণটা আসে সাধারণতঃ আনরেকর্ডেড বর্গাদারের উপর। আপনি জানেন যে গ্রামাঞ্চলের শতকরা ৯০।৯৫ ভাগ বর্গাদার হচ্ছে ভাগ কালটিভেটর, কি দখলীকার চাষী, সেই চাষীরা আনরেকর্ডেড অবস্থায় রয়েছে। আমাদের এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্টে ৫এ প্রসিডিংস আছে। সেই প্রসিডিংস-এর মধ্যে তাদের রেকর্ড হওয়া এবং উদ্বৃত্ত কি উদ্বৃত্ত নয় নিরুপিত হওয়াটা এইসব সুযোগ থেকে কোনক্রমেই এই ৫এ প্রসিডিংসে বিচার হয় নি। ফলে দীর্ঘ দিন যাবৎ তারা সেখান থেকে শেষ পর্যন্ত বিচারের খাতায় পৌছাতে পারেনি, এক তরফা রায় হয়ে যায় এবং মালিক পক্ষ এই ঘটনাবলী দীর্ঘদিন যাবৎ চালিয়েছে। দ্বিতীয়তঃ উচ্ছেদ প্রথমতঃ আনরেকর্ডেড যারা তাদের উপর আসে জবর উচ্ছেদ এবং সেই জবর উচ্ছেদকে সাপোর্ট দেয় ফৌজদারী কোর্ট। কাজেই ফৌজদারী কোর্টের মাধ্যমে একজন প্রকৃত যে ভাগচাষী তাকে উচ্ছেদ করা হয় যে ও আমার চাষী নয় বলে এবং চাষীকে অস্বীকার করে। কাজেই এই অস্বীকৃতির মাধ্যমে সে কেস ট্রেসপাস করল জোর করে আমার ধান লুঠ করে নিয়ে গেছে, এই বলে তার উপর আক্রমণ আসে এবং চাষী পুরানো চাষী, কিন্তু গরীব বলে কোর্টে গিয়ে উকিলের ফি জোগাতে জোগাতে কেস ডিফেণ্ড করে সে মার খেয়ে গেল, চাষী উচ্ছেদ হয়ে গেল। তাছাড়া ভাগচাষী বোর্ডের ভিতর দিয়ে বর্তমানে ভাগচাষী কোর্টে তার ভিতর যে আইন রয়েছে আজকে তাকে বাই পাস করে সিভিল কোর্টে মানি স্যুট ডিক্রী করে এই চাষীদের উচ্ছেদ করে দেওয়া হচ্ছে। অর্থাৎ এত হেভি তাদের উপর প্রাপ্য অংশের চাপ সৃষ্টি করা হয়, এত বেশী পরিমাণে ডিক্রী করা হয় যে তাতে তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। সুতরাং বাধ্য হয়ে সারেণ্ডার করে তাকে জমি ছেড়ে যেতে হয়। তৃতীয়তঃ ভাগ কোর্টের মারফতে যেদিক থেকে উচ্ছেদের প্রশ্ন আছে সেখানে একসেপসন্যাল রয়েছে যেখানে বলা হয়েছে যে এই কোর্টের মাধ্যম ছাড়া উচ্ছেদ হবে না। যখন আইন প্রয়োগ করা হচ্ছে তখন বলছেন ও আমার ভাগের ফসল দেয় নি। কাজেই ভাগের ফসল নিয়ে কিম্বা না নিয়ে, ভাগের ফসল নিয়ে রসিদ না দিয়ে, আবার ভাগের ফসল না নিয়ে ভাগ দেয়নি এই কথা বলে উচ্ছেদ করা হচ্ছে এবং এই উচ্ছেদের ভিতর দিয়ে ভাগ কোর্টের যে সুযোগ-সুবিধা আছে সেই সমস্ত সুযোগ সুবিধার ব্যবস্থা করতে পারে নি, এইটা একটা কারণ। চতুর্থতঃ আইনের মধ্যে ৩টি কারণ রয়েছে যে উপযুক্ত কারণ ছাড়া যদি জমি চাষ না করে এটা একটা কারণ —আর কারণ আছে যে যদি ফসল কম ফলে, আর যদি অংশ না দেয়। এই যে ফসল কম ফলে এটা এমনই একটা হেঁয়ালির প্রশ্ন যে এদিক দিয়ে যেকোন বর্গাদারকে আইনানুগভাবে উচ্ছেদ করা যায়।

[ 2-50—3-00 p.m. ]

আমরা জানি, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গ্রামের ভাগচাষীদের আর্থিক সংগতি কতটুকু,

সে কতখানি চাষের ক্ষেত্রে সার প্রয়োগ করতে পারে, উপযুক্তভাবে চাষ করতে পারে বা গরু বলদ ভালোভাবে পুষতে পারে। অর্থাৎ তার আর্থিক স্বচ্ছলতা কতখানি সেটা আমরা জানি। তাছাড়া সরকারী যে লোন বণ্টনের ব্যবস্থা আছে আপনি জানেন স্যার, গ্রুপ লোন ছাড়া ঐ বর্গাদারদের অন্য লোনের আশা নেই। তার মানে ২০০ টাকা ১০জনকে কি ৫০০ টাকা ১২জনকে ভাগ করে দেওয়া হবে। তারমধ্যে আবার ঘুষ বা তদবিরের জন্য যে খরচ সেটা না হয় বাদই দিলাম, কেন না সেটা তো দিতেই হবে, ফলে সে যেটুকু পায় তাতে সে কতখানি সার দেবে সেটা বুঝতেই পারছেন। সে ক্ষমতা তার নেই। তাছাড়া আপনারা জানেন, গ্রামের ভাগচাষীরা বা বর্গাদাররা কি দারিদ্রের মধ্যে জীবনযাপন করে। সুতরাং সার দেওয়া তো দূরের কথা যে কয়দিন চাষ করবে সে কয়দিন সে দুবেলা খেয়ে শক্তি রাখতে পারবে কিনা বা লাঙ্গল চালাতে পারবে কিনা বা ঐ রুগ্ন বলদ তাদের ভালো করে খেতে দিতে পারবে কিনা সেটা আগে দেখুন। তা যদি না থাকে তাহলে এই যে প্রভিসান রাখা হয়েছে যে চাষে অবহেলা—তারমানে আপনারা ব্যবস্থা করে দিচ্ছেন যে সেই বর্গাদার যাতে জমিতে না থাকতে পারে, চাষের সুযোগ করে দিয়ে, তাদের সামর্থ ঘুচিয়ে দেবার ব্যবস্থা না করে কোন বর্গাদারের কাছ থেকেই এই দাবী করা যায় না যে তোমাকে সঠিকভাবে, উপযুক্তভাবে চাষ করতে হবে তা না হলে তোমার সে জমিতে চাষ করার অধিকারই থাকবে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ ছাড়া বেনামা বা পাল্টা বর্গাদার দাঁড় করিয়ে দিয়ে তাদের উচ্ছেদের নতুন আক্রমণ বর্তমানে চলেছে। সুতরাং এই বর্গাদারদের রক্ষা করার জন্য প্রথমতঃ উচ্ছেদ বন্ধ করার জন্য কি আইন দরকার সেটা দেখা দরকার। কারণ উচ্ছেদ বন্ধ করতে না পারলে আপনারা যতই চেষ্টা করুন আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে বলছি যে দীর্ঘদিন ধরে বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য অনেক আইন হয়েছে কিন্তু কি কারণে তাদের রক্ষা করতে পারছেন না বা তারা চাষের উন্নতি করতে পারছে না, বা কি কারণে আর্থিক অবস্থার জন্য চাষীদের জমি ছেড়ে দিতে হচ্ছে সেটা দেখুন। গ্রামাঞ্চলে ভূমিহীন কৃষক বা গরীব মানুষদের যে জমি দেওয়া হচ্ছে আপনারা জানেন, সেই জমিতে যে এরা সঠিকভাবে বা যথেষ্টভাবে চাষ করবে সে ক্ষমতা বা সঙ্গতি তাদের নেই। এটা যথার্থ, এটা সত্য আজকে তাই সেই কারণের জন্য—জমি দেওয়ার সুচিন্তা নিশ্চয় আমাদের করতে হবে, সে বণ্টন ব্যবস্থা আমাদের আনতে হবে তা না হলে কৃষি সঙ্কট থেকে আমাদের মুক্তি নেই একথা সত্য কিন্তু আমাদের বিশেষভাবে নজর দিয়ে কি করে তার জমি রক্ষা করা যায় বা কি করে চাষআবাদ করবার মত উপযুক্ত সামর্থ তারজন্য সৃষ্টি হয়। আর একটা পয়েন্ট, ভূমির কনসেনট্রেসান প্রতিরোধ করবার জন্য ফ্যামিলি সিলিং করেছি। বাড়তী জমি বের করে ভূমিহীন গরীব চাষীদের মধ্যে আমরা বণ্টন করতে চাই, শুভ ইচ্ছা সন্দেহ নেই। কিন্তু দেখতে হবে যে এতদিন পর্যন্ত যে জমিদারীদখল আইনের মধ্যে, ভূমিসংস্কার আইনের মধ্যে ল্যাণ্ডের যে সিলিং ছিল সেই কেন বানচাল হয়েছে। আমাদের এটা বুঝতে হবে যে আমরা চাইলেই বা আইনে কতকগুলি শব্দ রাখলেই সেটা যে কার্যকরী হবে তার কোন গ্যারানটি নেই। কারণ আমরা দেখেছি যে মানুষের উপর এই আইনকে কার্যকরী করবার জন্য দায়দায়িত্ব দেওয়া হয় সেই মানুষরা আবার সেই আইন বানচাল করবার জন্য শতপ্রকার চেষ্টা করে। তাকে প্রতিরোধ করবার উপায় কি? সেই কারণের জন্য আমার বক্তব্য হল এই যে ভূমি বণ্টন করবার জন্য উপযুক্ত কমিটি তৈরি করা দরকার, যাতে সেই কমিটি ডেমোক্র্যাটিক হয় সেই ব্যবস্থা করা দরকার। সেজন্য মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেই অ্যামেণ্ডমেন্টটা আশা করি মাননীয় সদস্যরা বিশেষ চিন্তা করে দেখবেন। প্রপালি কনষ্টিটিউটেড যে বডি সেই বডির উপর দায়িত্ব দিয়ে যথাযথ ভূমি বণ্টনের ব্যবস্থা যদি না হয় তাহলে তার পিছনে আবার একটা বিরোধিতা বা জটিলতা এসে হাজির হবে

এবং আইনের ফাঁক ধরে সেটাকে বানচাল করবার জন্য প্রচেষ্টা হবে। এই যে বেনামী এবং বাড়তী জমি যা লুকান রয়েছে তাকে ৫এ প্রসিডিংস দিয়ে ধরবার চেষ্টা করছেন। ৫এ-কে এড়িয়ে গেলে চলবে না। ৫এ থাকলে পর প্রকৃত যে সিলিং আইনের মধ্যে নির্ধারিত হয় সেই সিলিং সঠিক প্রয়োগ করতে পারবেন। সেই ৫এ বাদ দিয়ে যদি রাখেন, ৫এ প্রসিডিংস যদি এই আইন মারফত বাধা হয়ে যায় তাহলে অনেক জমি এইভাবে বেনামীর পথে চলে যাবে যেগুলি লিগ্যালাইজড হয়ে যাবে। সেই কারণে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে হাইকোর্টে যে সমস্ত কেস পেণ্ডিং রয়েছে দীর্ঘদিন যাবত, ১/২ বছর নয়, ১৯৬৭ সাল থেকে বহু কেস হাইকোর্টে পেণ্ডিং হয়ে আছে আজকে আন্দোলনের ভেতর দিয়ে, সাধারণ মানুষের উদ্যোগের ভেতর দিয়ে আপনার হাতে বেশ কয়েক লক্ষ জমি আসবার সম্ভাবনার সৃষ্টি হয়েছিল, হাইকোর্টে সমস্ত কেস পেণ্ডিং হয়ে থাকার জন্য, সেই কেসের রায় না বেরনোর জন্য বহু জমি আটক হয়ে পড়ে আছে। আপনি যতই ল্যাণ্ড রিফর্ম আইন পাশ করুন না কেন হাইকোর্টে মালিক দীর্ঘদিন মামলা ঝুলিয়ে রেখে জমি আটকে রাখবে। এই যে কিছু সরকারী কর্মচারী আমাদের ভূমি সমস্যাকে একটা জটিল অবস্থার মধ্যে এনেছে আশাকরি মাননীয় মন্ত্রিমহাশয় এটা বিচার বিবেচনা করে সেইরকম ধরণের একটা আইন আনুন যাতে প্রকৃতপক্ষে কৃষকের স্বার্থ রক্ষিত হবে।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভূমিসংস্কার আইনটা যেভাবে আনা হয়েছে তার বহু পরিবর্তন দরকার এই বিষয়ে কোন সন্দেহ নেই এবং তাড়াতাড়ি করে আনতে যাওয়ার জন্য খুঁটিনাটি আলোচনা করে এর পরিবর্তন করা সম্ভব হয়নি তবুও আমাদের কিছু কিছু নীতিগত হিসাবে বিবেচনা করা দরকার। আইনটা যদি সিলেক্ট কমিটিতে যায় এবং তাড়াতাড়ি সংশোধন করে পাশ করাতে হয় তাহলে কয়েকটি বিষয়ে আলোচনা করতে চাই। পরিবারের সংজ্ঞাটা খুব অদ্ভুত ঠেকেছে। পরিবারের সংজ্ঞায় বিধবা মা নেই, ঠাকুরমা নেই, অবিবাহিতা বোন নেই। ক্লজটা দেখলে বুঝতে পারা যাচ্ছে যে পরিবারের সংজ্ঞা দেব অথচ বিধবা মা, ঠাকুরমা, অবিবাহিতা বোন থাকবে না এটা কেন হয়েছে তা আমি বুঝতে পারছি না।

[ 3-00—3-10 p.m. ]

এটা যথেষ্ট বিবেচনা করে পরিবারের সংজ্ঞার মধ্যে রাখা উচিত ছিল। দেবোত্তর সম্পত্তি নিয়ে একটা কথা উঠেছে যে সিলিং-এর মধ্যে দেবোত্তর সম্পত্তি ধরা হবে। কিন্তু আমরা জানি এতে কারচুপি আছে, জানি রাতারাতি দেবোত্তর সম্পত্তি সৃষ্টি করা হয়েছে। দেবতার উদ্দেশ্যে যে সম্পত্তি দান করা হয়েছে সেবাইতরা যারা নিত্যপূজা করেন যেখানে নিত্য পূজা পালপার্বন হয় সিলিং-এর মধ্যে না ধরে বাইরে রাখা উচিত। কিন্তু এটা ঠিক করা হয় নি। আবার অপর দিকে মুসলমানদের যে ওয়াক অব সম্পত্তি তাকে আইনের আওতায় আনা হয় নি। এটা হিন্দু ধর্মের আচরণের যে নিয়ম দেবতা প্রতিষ্ঠা করে সম্পত্তি দান করেছে সঠিক খরচ হচ্ছে তাকে আলাদা করে দেওয়া উচিত বলে আমি মনে করি। আর একটা মূলনীতির ব্যাপারে এসেছে যে, ভেষ্টেড জমি যেটা ভাগচাষীকে দেওয়া হবে তাকে রায়ত হিসাবে স্বীকার করে নেওয়া হচ্ছে। এই আইনে এতদিন তাকে বন্দোবস্ত দেওয়া হয়েছিল, স্থায়ী বন্দোবস্ত এখন রায়ত হিসাবে স্বীকার করে নেওয়া হচ্ছে। আমার ভয় একটা জায়গায় যে জমি তাকে দিতে চাই সে জমি সে ব্যবহার করুক, গরীবের হাতে জমি বণ্টন হোক এটা আমি চাই। কিন্তু সেই জমির মালিক বেশীরভাগ ক্ষেত্রেই ঐ গরীব যাকে জমি বণ্টন করা হয়েছে সে জমি রাখতে পারে না, বিক্রি করে ফেলবে এটা আমরা ভয় হয়। এক বছর পর রায়তের তাতে পূর্ণ কর্তৃত্ব যদি দিতে হয় তাহলে বিক্রির যে স্বত্ব আছে যে হয়ত তা করবে—তাকে রক্ষা করা যাবে কি করে। তার যদি আমরা রেসট্রিকসান

না করতে পারি, জমি বণ্টন গরীবকে করতে গিয়ে সে যদি বাধ্য হয়ে বিক্রি করে দেয় তাতে কাজ হবে না এ বিষয়ে একটা সুচিন্তিত রেসট্রিকসান রাখা দরকার। আর একটা ক্লজ আছে রিটার্ণ দাখিল না করলে রেভিনিউ অফিসার এক হাজার টাকা পর্যন্ত দণ্ড দেবেন। কিন্তু এ্যাপিলের কোন ব্যবস্থা নেই। তারপরের কতকগুলি ধারায় দেখবেন রেভিনিউ অফিসারকেই দণ্ডমুণ্ডের কর্ত্তা হিসাবে দেখান হয়েছে। সেখানে দুর্নীতির বড় বড় আড্ডা হয়ে আছে এ কথা সকলেই জানেন। সেই রেভিনিউ অফিসারদের হাতেই ক্ষমতা দেওয়া হয়েছে। তারা ঠিক করবেন কোন জমি ইরিগেটেড থাকবে না থাকবে, কোন জমি ভেষ্ট করলো, রিটার্ণে কোনটা ভেষ্ট করা উচিত নয় ইত্যাদি বিচার করবার সম্পূর্ণ ক্ষমতা থাকবে তাদের উপর। এর ফলে যথেষ্ট হয়রানি হবে। এর একটা রাস্তা থাকা দরকার এটা অনুভব করছি। অর্থাৎ রেভিনিউ অফিসারের রায়ের বিরুদ্ধে একটা এ্যাপিল করবার ব্যবস্থা থাকা উচিত এটা মনে করি। রিটার্ণ দেবার পরও রায়ত তার রিটেইনড্ ল্যাণ্ড বিক্রি করতে পারবে না এরূপ একটা স্বত্ব আছে। এটা তো তার বিক্রি করবার স্বত্ব। ঐ রিটার্ণ মত উৎবৃত্ত জমি দখল না নেওয়া পর্যন্ত বিক্রি করতে পারবে না দখল নিতে অনেক বিলম্ব হয় সেজন্য তার রিটার্ণের রিটেনড্ জমির মধ্যে বিক্রি করতে দেওয়া উচিত। আর একটা জিনিষ দেখতে পাচ্ছি যে বর্গাদারদের ৭৫ ভাগ দেওয়া হবে। ৭৫ ভাগ তারা পাবে ভাল কথা, আর ২৫ভাগ পাবে জোতদার। কিন্তু আমার কাছে এরূপ অনেক কেস এসেছে। এসব অদ্ভুত ব্যাপার যে এগ্রিকালচার ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে ৫০।৫০ভাগ তাদের কাছ থেকে আদায় করে নেওয়া হচ্ছে।

একেই সিলিং করা হল, তারপর ২৫ ভাগ করে দেওয়া হল share. তারপর Agriculture Income Tax আইনে ৫০।৫০ ভাগ হয়েছে বলে তার উপর আদায় করা হচ্ছে। এমন অনেক case আছে, B. D. O. report দিয়েছে ১৯৬৭ সালে বন্যার জন্য এই জমিতে ধান হয়নি। অথচ Agriculture Income Tax Office তা শুনছে না। এই অবস্থায় পরিবর্তন করা প্রয়োজন বলে মনে করি। পরিশেষে আমি একটা বলব ভূমিসংস্কার আইন আমরা করেছিলাম খাদ্য বাড়ানোর জন্য। কিন্তু সেই খাদ্য বাড়ানোর programme ব্যর্থ হয়েছে। এর জন্য আমাদের আলাদা ভাবে programme করা দরকার। এই programmeও আমাদের খাদ্য বাড়ানো এবং বেকার সমস্যার সমাধান হতে পারে। অর্থাৎ যেটা slogan দেওয়া হচ্ছে "সবুজ বিপ্লব" সেটা তাহলে সফল হতে পারে। মাঠে চাষ করার জন্য যদি ভাল ব্যবস্থা করা যায়, জল, সার ও উন্নত প্রণালীর চাষ করার দিকে যদি বেকার যুবকদের নিয়ে একটা পরিকল্পনা করা যায় এবং এর জন্য যদি কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মুখ্যমন্ত্রী এনে দিতে পারেন তবেই পশ্চিমবাংলার চেহারা পরিবর্তন করা যায় এবং বেকার সমস্যা সমাধান করা যেতে পারে। ভূমিসংস্কার আমরা যতই করি না কেন, আমাদের খাদ্য বাড়বে না, বেকার সমস্যার সমাধন কোন সময় হবে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলালচাঁদ ফুলমালী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিসংস্কার আইন আজ আলোচিত হচ্ছে। নির্বাচনের পূর্বে এই হাউসে আমরা যারা নির্বাচিত হয়ে এসেছি তারা বেশীকরে বক্তৃতা দিয়েছি যে গরিবী দূর করব। আজ সেই গরিবী হটাতে গেলে আসলে ভূমিসংস্কারের প্রয়োজন। ভূমিসংস্কার যদি সঠিকভাবে কার্যকরী না করতে পারি তাহলে বেকার সমস্যার সমাধান বা দেশকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করা সম্ভব নয়। ভূমিসংস্কার সম্বন্ধে এই Assembly ভবনে অনেক নূতন নূতন আইন এসেছে। ভূমিসংস্কার আইনে আছে জোতদার জমি লুকিয়ে রাখবে এবং যে জোতের মালিক অন্যায়ভাবে এবং বেআইনীভাবে কৃষককে উচ্ছেদ করবে সেই জোতের মালিকের ৬ মাস জেল বা হাজার টাকা জরিমানা বা দুটো একসঙ্গে হতে পারে। এই ধরনের ব্যবস্থা ভূমি সংস্কার

আইনে লেখা আছে শুনেছি। কিন্তু আজ পর্যন্ত আমার এলাকাতে কোন একটা জোতদারকে ভাগচাষ, চাষ অফিসার বেআইনী উচ্ছেদের বিরুদ্ধে গ্রেপ্তার করেনি বা জেলে ভরেনি। আজ এই মুখরোচক আইন দেখে আমরা খুসী হচ্ছি। এই আইনকে কার্যকরী করতে হলে আমাদের সমস্ত সদস্য এবং সরকারকে কঠিন এবং সক্রিয় হতে হবে। আমরা যে বক্তৃতা দেব সেই বক্তৃতার পূর্ণ বয়ানকে কাজে লাগাতে হবে।

[ 3-10—3-40 p.m. including adjounment. ]

সেইভাবে যদি আমরা লাগতে পারি বা চলতে পারি একসঙ্গে কৃষকের সার্থে যদি আন্দোলন করতে পারি তবেই এই আইন কার্য্যকরী করা সম্ভব হতে পারে। তার সাথে সাথে আমি জানি অনেক জমি আছে, অনেক বাস্তুভিটা আছে কিন্তু সেই জমির মালিকের নাম নেই। অথচ অপরের নাম সেই জমির রেকর্ডে আছে। সেই রেকর্ড সেটেলমেণ্ট অফিসে গিয়ে দেখছি যে নামে রেকর্ড আছে সেটেলমেণ্ট অফিসে গ্রামে এসে দেখি সেরকম নাম সাত পুরুষে নেই। এইরকমভাবে জমি লুকিয়ে রেখেছে। জমির যে প্রকৃতপক্ষে মালিক তাকে যদি ধরতে হয় তাহালে অবিলম্বে সেটেলমেণ্ট করা দরকার। তা না হলে এই জমি ধরা যাবে না। আমি ভূমিসংস্কার বিলের ক্ষমতা সম্পর্কে দু' একটা কথা বলবো। ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল এবং আজকে ১৯৭২ সাল এই কয়েক বছরের মধ্যে যে বর্গাদার উচ্ছেদ হবে না, বর্গাদার নিজের হাল, গরু, বলদ, বীজ, সার ইত্যাদি দেবেন তিনি পাবেন ৭৫ ভাগ এবং মালিক পাবেন বাকি ২৫ ভাগ এই কথা শুনে খুব আনন্দ হলো। খুসিও হলাম। আর এক ধরনের হবে যে বর্গাদার শুধু খাটবে, মালিক সাজ সরঞ্জাম, সার দেবে সেই বর্গাদার পাবে ৫০ ভাগ এবং মালিক পাবে ৫০ ভাগ। সেটাও খুব মজার কথা। কিন্তু কার্য্যক্ষেত্রে দেখা গেল তার ফলে যে ব্যাপকভাবে বর্গাদার কৃষক উচ্ছেদ হয়েছে এবং সেই উচ্ছেদের আইন দেখতে গিয়ে ভাগচাষী বোর্ডে জে এল. আর. ও.-ও অফিসে কৃষক তার জমি রাখতে পারে নি। অনেক ক্ষেত্রে জে, এল, আর. ও. ভাগচাষী অফিসার তদন্ত করে দেখেছেন প্রকৃত বর্গাদার এবং দীর্ঘ দিন তারা এই জমি চাষ করছে। কাজেই উচ্ছেদ হওয়া উচিত নয়। জোতদার মহাশয় ঘরে ফিরে গিয়ে যুক্তি করলেন একে কি করে জব্দ করা যায়। তখন বলেছে, তুমি আমার চালে বলদ রাখতে পারবে না, তোমাকে ধান ধার দেবো না, লাঙ্গল দেবো না। তোমরা আইনত পাচ্ছ, উচ্ছেদ করবো না, চাষ কর গা। ভাতে না মেরে পাতে মারার ষড়যন্ত্র চলচ্ছে। তার ফলে কৃষক জমি ছাড়তে বাধ্য হচ্ছে। আবার যদি কোন কৃষক অন্য কারো কাছে হাওলাত করে গরু, লাঙ্গল নেয় এবং তা দিয়ে চায করতে চেষ্টা করে তখন দেখে এইভাবে জব্দ করা গেলো না, তখন সেই জোতদার একটা দেওয়ানী কেস করলো, একটা ফৌজদারী কেস করলো আর একটা হাইকোর্টে কেস করলো। সেই ফসল পাকতে পাকতে অর্ডার চলে গেলো এই জমির পজেসানকারীকে যেন সাহায্য করা হয়।

সরকারের একটা আইন ছিল, গতবারে নির্দেশ ছিল সেই নির্দেশ হচ্ছে যে ফসল বুনেছে সেই ফসল কাটবে। কিন্তু আমরা সেই সময় দেখলাম যখন কৃষক কষ্ট করে ধান বুনলো, ফসল কাটার আগে যখন ফসল কাটতে যাচ্ছে তখন হাইকোর্টের পরোয়ানা থানার বড় বাবু নিয়ে হাজির হচ্ছেন। হাজির করে বলছেন যে তোমাকে ধান কাটতে দেবো না এই দেখ হাইকোর্টের হুকুম। থানার বড় বাবুকে যখন কৃষকেরা বললো যে আমি ধান বুনেছি কিনা দেখুন, আমাদের সরকারের রায় আছে যে, যে ফসল বুনেছে সেই ফসল কাটবে, আপনি গ্রামে গিয়ে এনকোয়ারি করুন, তখন থানার বড়বাবু বা এস. ডি. ও. সাহেব বলছেন আমাদের হাত পা বাঁধা উপায় নেই। এই দেখুন পরোয়ানা আমাদের জোতদারের পক্ষে যেতেই হবে। তুমি পুতেছো আমি জানি তবুও তোমাকে সাহায্য

করতে পারবো না। এই হচ্ছে প্রকৃত অবস্থা। এই অবস্থার মুকাবেলা করতে হলে আমাদের শক্ত ও কঠিন হতে হবে, বক্তৃতায় শুধু শেষ করলে হবে না। একজন আমার বন্ধু বললেন যে আমরা লাঠি ঠেঙ্গা নিয়ে যেন জমি দখল করতে না যাই। বন্ধুগণ চোরা না শোনে রাম নামের কাহিনী, যারা জমিকে চুরি করে লুকিয়ে রাখে, কৃষককে উচ্ছেদ করে জব্দ করে, যারা দেশের সমস্ত উন্নতি ও প্রগতির পথকে আটকে রাখতে চায় তাদেরকে শান্তি জল দিয়ে শান্ত করা যাবে না। তাদের জব্দ করতে গেলে, সংগ্রাম করে, আন্দোলন করে কি করে মানুষের অধিকার আদায় করতে হয় সেটা আমরা জানি। কোন অন্যায় নয়, গলা কাটা নয়, মুণ্ডু কাটা নয়, সেই ন্যায়সঙ্গত দাবীকে আদায় করার জন্য তারা এগিয়ে যাবে এবং সঙ্গে সঙ্গে সরকারকে দেখিয়ে দেবে, সরকারকে সাহায্য করবে, সরকারের আইনকে বাস্তবে রূপায়িত করবে। এইভাবে মাননীয় সমস্ত সদস্যকে এবং সরকারকে সেই পথে অনুসরণ করে চলতে হবে। সেইভাবে যদি আমরা চলতে পারি তাহলে আমাদের প্রগতির পথ প্রশস্ত হবে এবং দেশের মানুষের আশীর্বাদ এই প্রগতিশীল সরকারের কাছে আসবে। এই হচ্ছে আমার মোটামুটি বক্তব্য। আমার চেয়ে অনেক লোকে, অনেক মানুষ অনেক সমস্যার কথা বলেছেন, যত দিন যাচ্ছে একটু একটু করে তাদের মধ্যে হতাশার ভাব দেখা যাচ্ছে, সেই হতাশার বোঝা আর যাতে না আসে সেই সৎ সাহস নিয়ে এই বিলকে সমর্থন করে—বিশেষ করে, সেই পথে আমাদের এগুতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

( At this stage the House was adjourned for 20 minutes. )

( *After Adjournment.* )

[ 3-40—3-50 p.m. ]

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত**: মিঃ ডেপুটি স্পীকার স্যার, আজকে ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস বিল যেটা আমাদের সামনে উপস্থিত করা হয়েছে, তাকে আমি স্বাগত জানাই। গরিবী হটাও আন্দোলন পরিপ্রেক্ষিতে যে দুর্গম পথে আমরা চলেছি, তাতে এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ। এর আগে পশ্চিমবঙ্গের ভূমি নিয়ে আমরা বহু রাজনীতি দেখেছি, বহু কৃষকের রক্ত আমাদের পশ্চিমবঙ্গের মাটিকে রঞ্জিত করেছে, বহু মায়ের চোখের জল তাদের সিঁথির সিন্দুর ধুয়ে দিয়েছে, রাজনীতির মধ্য দিয়ে বহু দুঃখের ছবি আমাদের চোখের সামনে ভেসে উঠেছে। আজকের দিনে শ্রী গুরুপদ খান, মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাই এইজন্য যে এর পূর্বে যে সমস্ত মন্ত্রী আপনার পদ অলংকৃত করেছিলেন, তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হরেকৃষ্ণ কোঙার, যিনি নিজেকে দুঃখীদের দোস্ত বলে পরিচয় দেন, তার আমলে কোনদিন এই জমির সীমানা ৭৫ বিঘা থেকে কমিয়ে বর্তমানে যে সিলিং ধার্য্য হয়েছে ১৮ বিঘা থেকে ৫১ বিঘা সেচ এলেকায়, এটা কি কোনদিন হয়েছে? কোন দিন করেন নি। সি. পি. আই. অফিসের পাশে যেদিন সি. পি. এম.-এর গণ্ডগোল হয়েছিল তখন ক'টা জোতদারের গায়ে হাত পড়েছিল? সেখানে কষ্ট পেতে হয়েছিল নিরন্ন কৃষককে। তাই আমি আপনাকে স্বাগত জানাই। আজকে যে উদ্বৃত্ত জমি আমরা পাব সেই জমি দিয়ে গরিবী হটাও আন্দোলনের যে প্রতিশ্রুতি দিয়েছিলাম ইলেক্টরেটদের কাছে, সেটা আমরা অক্ষরে অক্ষরে প্রতিপালন করতে চলেছি। কিন্তু আজকে এটা চিন্তা করতে হবে যে আইনটা যেভাবে এসেছে তাতে সমস্ত কিছু সম্পন্ন হওয়া বোধ হয় সম্ভব হচ্ছে না। ১৯৫৬ সালে লাষ্ট সেটেলমেণ্ট হয়েছিল, রেকর্ড অব রাইটস্ যেভাবে তৈরী হয়েছিল সেই সময় তাতে বহু জমি বেনামীতে লুকিয়ে রেখেছে, সেই জমি আজকে যদি বের করতে না পারা যায় তাহলে ভূমিহীন কৃষককে জমি দেব কোথা থেকে? আজকে অবস্থা যা তাতে হাজার হাজার লক্ষ লক্ষ বর্গাদার-এর নাম বর্গাদার হিসাবে সেটেলমেণ্ট রেকর্ড নাই। আমাদের আইনের উদ্দেশ্য কি? এর উদ্দেশ্য হচ্ছে ভূমিহীন কৃষককে ভূমি দিতে

হবে। তাহলে চোরাই ভূমি যেটা তা বার করতে হবে, আর বর্গাদার যাতে নিশ্চিন্তে এই জমি চাষ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। যে সেটেলমেণ্ট রেকর্ডস অব রাইটস আমাদের সামনে আছে এবং যে প্রশাসন আমাদের সামনে দেখতে পাচ্ছি, তাতে যে ভূমিহীন কৃষককে ভূমি দেওয়া হবে এবং বর্গাদার সুখেস্বচ্ছন্দে বাস করতে পারবে, তা আমি বিশ্বাস করি না। কিছুদিন আগে আমি জমির মধ্যে দিয়ে যাচ্ছিলাম, আমাদের প্রশাসনিকের উপর গরীব লোকের যে কি রকম আস্থা সেটা বুঝবার সুযোগ হয়েছিল, সেটা গল্প হলেও সত্যি, আমি তার একটু অবতারণা করছি।

আমি যখন রাস্তা দিয়ে যাচ্ছিলাম তখন দেখি জমির মধ্যে একটা বিরাট গর্ত। আমার সঙ্গে সাধারণ চাষী যাঁরা ছিলেন তাঁরা বললেন, বাবু, সরকারী কর্মচারী যাঁরা এখানে রয়েছেন তাঁরা এটাকে লিখবেন দখলকার ইঁদুর। এই যদি প্রশাসনিক অবস্থা হয় তাহলে যত সদিচ্ছাই আপনাদের থাকুক না কেন আপনারা কি করতে পারবেন? আমরা কি করছি? আমরা বর্গাদারদের পাচ্ছি না। লক্ষ লক্ষ সেটেলমেণ্ট রেকর্ড আপনার সামনে এনে দিতে পারি যেখানে বর্গাদারের নাম পর্যন্ত নেই, তাদের নাম লেখা হয় না। আমরা আজকে আনন্দ পাচ্ছি গরীবের উপকার করার জন্য, আমরা এই সুন্দর ঠাণ্ডা পরিবেশে চোখের জল ফেলছি। হরেকৃষ্ণ বাবুরা যা করেছেন আমরা তা করতে চাই না। আমরা কাজ করতে চাই, আমাদের বুক ফুলিয়ে লোকের সামনে বলতে হবে, তাদের কাছে অঙ্কের মত দেখিয়ে দিতে হবে এই উপকার আমরা করেছি, ভূমিহীন কৃষককে ভূমি দিয়েছি, বর্গাদারের স্বার্থ রক্ষা করেছি। কিন্তু প্রকৃতপক্ষে উই আর পুটিং দি কার্ট বিফোর দি হর্স—এ গাড়ী তাহলে কিন্তু চলবে না। আমাদের গণতান্ত্রিক মোর্চার প্রতি যে বিপুল সমর্থন আছে তার কথা চিন্তা করে বলছি এই সমর্থন যদি উঠিয়ে দেওয়া হয় তাহলে পশ্চিমবাংলায় নৈরাজ্যের সৃষ্টি হবে সি, পি, এম, চলে গেছে বলে আজকে আমাদের আনন্দের দিন নয়, আজকে আমাদের কাজের দিন। সেটেলমেণ্ট রেকর্ডের কথা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন। মেছোঘেরীর নাম করে বহু জমি লুকিয়ে রাখা হয়েছে, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত বহু লোক খুন হয়েছে এই মেছোঘেরীর জন্য। আজকে এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্টে ট্যাঙ্ক ফিসারীর জন্য একটা কথার উপর আমরা নির্ভর করছি। আমরা বাস্তব অবস্থা বুঝতে চাই না, ভাবতে চাই না, উপলব্ধি করতে চাই না। আজকে ট্যাঙ্ক ফিসারীর ডেফিনেসন পরিবর্তন করায় লোকের মনের মধ্যে এই সন্দেহ জেগেছে যে আমরা গরীবের কাজ করি না। আজকে এটা ঘুচিয়ে দেবার সময় এসেছে। আমরা সেচ এবং অসেচ এলাকায় সিলিং করেছি। এটা যেন একটা ম্যাথামেটিক্যাল কথা। এটা যেন বাই এ ষ্ট্রোক অব পেন অর্থাৎ এক কলমের খোঁচায় সমস্ত পশ্চিমবাংলার জমি দু'ভাগে ভাগ করে দেওয়া হয়েছে। সেচ এবং অসেচ। বাগড়ীর সেচ এবং অসেচ এলাকা বর্ধমানের সেচ এবং অসেচ এলাকার সঙ্গে তুলনা হয় না। একটা অবজেকটিভ স্ট্যাণ্ডার্ড থাকবে। মৌজা বেসিসে যদি না করতে পারেন বা টাকার অঙ্ক ধরে যদি নোটিফাইড প্রাইস না করতে পারেন তাহলে সুষম বণ্টন বা সোস্যাল জাষ্টিস্ কোনদিন সম্ভব হবে বলে আমি মনে করি না। আপনারা স্ট্যাণ্ডার্ড হেক্টর বলে একটা কথা বলেছেন। আমি দেখছি এই স্ট্যানডার্ড হেক্টর বা স্ট্যাণ্ডার্ড একর কথাটা আসছে কেরালা ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট, নাইনটিন সিক্সটি-ফোর থেকে। এই নাইনটিন সিক্সটি-ফোর-এর এ্যাক্টের পর আরও কয়েকটা এ্যাক্ট এসেছে—দি কেরালা ল্যাণ্ড রিফর্মস্ এ্যাক্ট, নাইনটিন সিক্সটি-নাইন। এ্যাক্ট অব নাইনটিন সিক্সটি-ফোরের পেজ ১০৩—এতে তাঁরা ষ্ট্যাণ্ডার্ড একরের ডেফিনেসন বলে দিয়েছেন আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি এই যে আপনি অঙ্কের মধ্যে ফেলে দিয়েছেন টু পয়েণ্ট ফিফ্‌টি কিম্বা পয়েণ্ট ফিফ্‌টি কিম্বা ওয়ান পয়েণ্ট ফর্টি যাদের জন্য এই জিনিস করছেন কেউ সেটা বুঝতে পারছে না। কেরালাতে

যেভাবে করেছে সেইভাবে যদি একটা সিডিউল বা লিষ্ট আপনি দিতে পারতেন তাহলে সাধারণ মানুষ বুঝতে পারত কতখানি জমি সে রাখতে পারবে, বর্গাদার বুঝতে পারত সে কত জমি চাষ করবার অধিকারী। সাধারণভাবে এই জিনিস করা হয়েছে, মোটেই এর মধ্যে গুরুত্ব দেওয়া হয়নি। এছাড়া আজকে আর একটা বড় কথা হচ্ছে আমরা বহু অপচয় করছি। রাস্তাতে চুরি হয়, বাড়ী ধ্বসে পড়ে যায়। সরকারী কর্মচারীদের যে কাজ তারজন্য অপব্যয় হয় না, কিন্তু যে বর্গাদার নিজে খেতে পায় না, ছেলেকে কাপড় দিতে পারে না, পথে হাটতে গিয়ে উল্টে পড়ে যায় সেই বর্গাদারকে জব্দ করবার জন্য জোতদার ক্রমান্বয়ে একটার পর একটা মামলা করে যাচ্ছে।

[ 3-50—4-00 p.m. ]

আমরা বহু অপচয় করছি সরকারী কাজের মধ্যে দিয়ে। জি. আর., টি. আর. রিলিফের মধ্যে দিয়ে বহু টাকা যাচ্ছে, কিন্তু সৎ কাজে একটা টাকা ব্যয় করা হোক। আজকে বর্গাদার, যারা উচ্ছেদের মামলার মধ্যে পড়ে যাচ্ছে কিম্বা অন্য মামলার মধ্যে পড়েছে, তাদের যদি লিগ্যাল এইড না দিই, তাহলে কেবল সোস্যাল জাষ্টিস্ বা সামাজিক ন্যায় বিচারের কথা আমাদের মুখে সাজে না। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আমাদের এখানে কয়েকটি এ্যামেণ্ডমেণ্ট আছে, অত্যন্ত আনন্দের কথা আপনি আমাদের ভরসা দিয়েছেন, আশা দিয়েছেন যে সেইগুলো আপনি বিবেচনা করে দেখবেন, এবং যদি সেইগুলো বিবেচনা যোগ্য হয়, তাহলে সেইগুলো গ্রহণ করবেন।

**শ্রীব্রজকিশোর মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধন বিষয়ক যে বিল আনা হয়েছে, তাকে আমি সমর্থন করতে দাঁড়িয়েছি বটে, তবুও সমর্থন করতে গিয়ে অনেক সংশয়, অনেক প্রশ্ন আমার মনে এসেছে। ১৯৫৫ সাল থেকে আমরা ভূমিসংস্কার-এর নাম করে রিফর্মের নাম করে ভূমিকে কি অবস্থায় নিয়ে যাচ্ছি, সেইজন্য আমরা সংস্কার করার কথা চিন্তা করেছি বলে এই বিলে আমার মনে হয়নি। রিফর্ম করতে গিয়ে ভূমি যে ক্রমাগত ডিফর্মড হয়ে যাচ্ছে, একদিকে শিব গড়বার প্রচেষ্টা করছি, আর একদিকে ভূমিতে অস্বচ্ছ প্রশাসনের ফলে ক্রমাগত নানা রকম সমস্যা দেখা দিচ্ছে এবং সেইসব ভূমি টুকরো টুকরো হতে হতে একটা অবৈজ্ঞানিক পরিস্থিতিতে এসে উপস্থিত হয়েছে। সেদিকটা ভেবে এই বিল প্রস্তুত করার সময় যথেষ্ট সচেতন ছিল বলে আমার মনে হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি সমস্যা নিশ্চয়ই একটা বিরাট সমস্যা। আমরা একবার সংস্কার করে দেখেছি যে অনেক বাধা বিপত্তি, অনেক অসুবিধা আমাদের সামনে দেখা দিয়েছে। যারা এই ভূমির উপর বসে যুগ যুগ ধরে একদল মানুষকে অনবরত শোষণ করে চলছিল, তারা যখন দেখলো যে তাদের স্বার্থে আঘাত লাগছে, তখন তারা আমাদের আইনের যে দুর্বলতার সুযোগ আছে, সেই দুর্বলতার সুযোগ নিয়ে এবং আমাদের এক অস্বচ্ছ দুর্নীতিগ্রস্ত যে প্রতিষ্ঠান, তাদের সাহায্য নিয়ে আজকে ভূমি ব্যবস্থাকে এমন একটা পর্যায়ে নিয়ে এসেছে যাতে আমার মনে হয় যদি আমরা এখানে শুধু বসে আইন তৈরী করে দিই তাহলে এমন একটা অবস্থায় চলে যাবে যাতে সমস্যা সমাধান করার নাম করে আমরা আরও জটিল সমস্যার সৃষ্টি করে ফেলবো। অতএব একটা সাময়িক প্রলেপ হিসাবে কিছুদিন এটা অর্ডিন্যান্স হয়েছিল, এটাকে বিলে রুপান্তরিত করে নিতে হবে, এই উদ্দেশ্য নিয়ে করা হয় এবং অদূরভবিষ্যতে খুব তাড়াতাড়ি এটা সুচিন্তিত ভাবে আবার একটা নতুন বিলের আকারে আনা হবে, এমনি কোন প্রতিশ্রুতি যদি আমাদের কাছে রাখা হয় তাহলে আমরা মনে করি সত্যই আমাদের কিছু ভাল কাজ করার ইচ্ছা আছে। তা নাহলে এই

গতানুগতিক পদ্ধতিতে চলে আর যা করি না কেন ঐ প্রশাসনের হাতে যদি সমস্ত কিছু দায়দায়িত্ব ছেড়ে দিই তাতে আমরা যত ভাল করার চেষ্টা করি না কেন যত শিব গড়ার চেষ্টা করি না কেন, বস্তুত পক্ষে একটা বাঁদর গড়ে তুলবো। আজকে আমরা ভূমি সমস্যা নিয়ে চিন্তা করছি, বর্গাদারদের জন্য চিন্তা করছি আমার পূর্বে অনেকেই আলোচনা করেছেন যে বর্গাদাররা কিভাবে বঞ্চিত হচ্ছে কিন্তু আমার মনে হয় যে আমরা যদি অতি দ্রুত সেটলমেণ্ট না করি, আবার নতুন করে সমস্ত পরীক্ষা-নিরীক্ষা করে ভূমি কি অবস্থায় আছে, এতদিন পর, এত গণ্ডগোল, এত ঝড়ঝাপটায় কি অবস্থায় জমি আছে, যদি দ্রুতগতিতে তা ঠিক না করা হয় তাহলে আমাদের সামনে একটা পরিষ্কার ছবি ফুটে উঠবে না।

আমি একটু আগে বলেছি যে আমাদের ভূমিসংস্কার যা আমরা করতে চলেছি—আমার মনে হয়েছে এই ভূমিসংস্কার করতে গিয়ে আমরা উত্তরাধিকার আইন যেটা আছে, তার সঙ্গে এর কোন সঙ্গতি রাখি নাই। ভূমিকে টুকরো টুকরো করতে গিয়ে দেশের সম্পদকে আমরা কি অবস্থায় নিয়ে যাচ্ছি তা এক মুহূর্তের জন্যও চিন্তা করছি না। আজকে আমার মনে হয় এই ধরনের reformation করে এই ভূমি সমস্যার কোন সমাধান আমরা আনতে পারবো না যদি না মূল আইন—যে উত্তরাধিকার আইন, সেটা পরিবর্তন করে, কি করে জমি চাষ করবো সেই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন, আর কি করে আমাদের সমাজের—যারা একদল সুবিধাবাদী লোক, যারা আর একদল লোককে শোষণ করছে তার পথ রোধ করতে পারি। সবদিক দিয়ে যদি আইনের সমন্বয় সাধন না করা যায়, তাহলে কিছুতেই আমরা লক্ষ্যে পৌছিতে পারবো না। সংস্কার করে—মানে ছেঁড়া কাপড়কে মাঝে মাঝে রিপু করে নিয়ে পুরাণ কাপড়কেই পরা হবে। সংস্কারের কথা বলে কেবল টুকরো টুকরো আইন পাশ করলে চলবে না। মূল আইন আমাদের যেটা উত্তরাধিকার আইন যদি সংস্কার করতে হয়, তাহলে পার্লামেণ্টে জানাতে হবে। আমাদের এখানে কি করে সেই আইনের সঙ্গে সামঞ্জস্য বিধান করে এই ভূমিসংস্কার আইনকে রূপ দিতে পারি, তার কথা চিন্তা করতে হবে। আজকে প্রশ্ন এসেছে—একটা সিলেক্ট কমিটি করে তাতে আইনের খুঁটিনাটি সবদিক পরীক্ষা-নিরীক্ষা, বিচার-বিবেচনা করে দেখে, উপযুক্তভাবে চিন্তা করে—তারপর আইনে রূপ দেবার জন্য চেষ্টা করা উচিত। এটা একটা উপযুক্ত প্রস্তাব। যদিও এই মুহূর্তে আমি half hazardly এই প্রস্তাবকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রিমহাশয় যে amendment প্রস্তাব এনেছে তা আমি সমর্থন করছি।

**শ্রীশান্তি কুমার দাসগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে যে ভূমিসংস্কার বিষয়ক আইনটি এসেছে, তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং সেই সঙ্গে যে সংশোধনী অর্থাৎ যেটা আমাদের select কমিটিতে পাঠাবার কথা হয়েছে—তাকেও আমি সমর্থন জানাচ্ছি। আমার মনে হয় যে সংস্কার কথাটাকে আমরা খুব সাধারণ অর্থে ব্যবহার করে থাকি অর্থাৎ কোন রকমে একটা জোড়াতালি দিয়ে। আমার পূর্ববর্তী বন্ধু বললেন—ছেঁড়া কাপড়কে রিপু করা—সেই ধরনের কিছু করাটাকে আমরা সংস্কার মনে করি। মূল বিষয় যদি তলিয়ে দেখি এটাও সত্যিকারের সংস্কার একথাটা আমরা প্রায়শঃ ভুলে গিয়ে থাকি। আমি দেখছি যে, আমাদের ধারণা হয়েছে যে ভূমির সীমা বেঁধে দেওয়া অথবা কে কত শেয়ার বা অংশ পাবেন, এটা বেঁধে দেওয়া, এটাকেও আমরা সংস্কারের নামে চালাচ্ছি। আমার মনে হয় আরো গভীরে প্রবেশ না করলে আমাদের দেশে পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে ভূমিসংস্কার পুরাপুরি হতে পারে না। একটা জিনিষের সংস্কারের অর্থ তাকে সর্বদিক দিয়ে উন্নত করে তোলা। আমাদের ভূমিসংস্কার যদি করতে হয়, ভূমির যা উৎপাদন হচ্ছে, সেই উৎপাদনকে সম্পূর্ণভাবে কাজে লাগানো এবং সবচেয়ে বেশী উৎপাদন কিভাবে হয় সেদিকে যদি যেতে পারি, তাহলে আমরা বুঝতে পারবো,

সত্যিকারের ভূমিসংস্কারের কথাটা। আপনারা ভেবে দেখুন আমাদের দেশের ভূমিগুলো কি রকম! মাঠে ঘাঠে আমরা অনেকে গিয়েছি, আমরা দেখেছি—ছোট ছোট ভাগে জমিগুলো রয়েছে।

[ 4-00—4-10 p.m. ]

যদিও ছোট ছোট ভাগে জমি থাকে, কিন্তু ছোট ছোট ভাগে জমি যখন থাকে তখন তার থেকে সব চেয়ে বেশী উৎপাদন সম্ভব হয় না। আমাদের দেশের সবচেয়ে বেশী উৎপাদনই দেশের মঙ্গল করতে পারবে এই লক্ষ্য নিয়ে ভূমিসংস্কার আইন করা হয়েছিল এবং বস্তুত পক্ষে যেগুলি হয়েছে সেগুলি নিশ্চয়ই গ্রহণযোগ্য। কিন্তু আরও গভীর যুক্তির জন্য আমি আমাদের বন্ধুকে অনুরোধ করব যারা এই ধরনের বিল আনেন তাদের কাছে আপনার মাধ্যমে, যে কথাটা আমি শুধু বলতে চাই সেটা হচ্ছে উদবৃত্ত জমি যাতে সরকার পায় এবং সেটাকে আমরা ভূমিহীনদের মধ্যে বণ্টন করে দিতে পারি এইরকম কথা খুব বেশী চলছে। আমাদের নিজেদের ধারণা এবং এই বিল যিনি এনেছেন তিনি আরও ভাল করে জানেন যে ভূমিহীন চাষী পশ্চিমবঙ্গে যা আছে তাদের যদি জমি ভাগ করে দেওয়া যায় তাহলে এক এক জনের ভাগে আধ বিঘা করে পড়বে কিনা সন্দেহ, অথচ ইকোনমিক হোলডিং করে করলে পরে বহু ভূমিহীনকে বঞ্চিত করতে হবে। তাহলে ভূমিসংস্কার যা আধা-আধি ভাবে আমরা করতে যাচ্ছি তাতে বহু ভূমিহীন চাষীকে বঞ্চিত করে রাখতে হবে। তাই আমি বলব আমাদের বন্ধু মন্ত্রিমহাশয়কে যে যদি আমরা স্টেট ফারমিং অথবা কো-অপারেটিভ ফারমিং না করতে পারি তাহলে ভূমির সবচেয়ে বেশী উৎপাদন বা উৎপাদন শক্তি বৃদ্ধি করা সম্ভব হবে না। তাই ছোটো ছোটো চাষীদের উৎসাহিত করতে হবে সমবায় পদ্ধতিতে চাষ করবার জন্য। যদি সত্যিকারের দেশের উন্নতি আমরা করতে চাই তাহলে যে পথে সমাজতন্ত্র আসতে পারে সেই পথে আমাদের চলতে হবে। আমাদের কাছে তিনি যে বিল এনেছেন সেটা গ্রহণ করে আমি বলছি পরবর্তিকালে তিনি যেন একটা পরিপূর্ণ বিল আনেন যাতে আমরা সত্যিকারের ভূমিসংস্কারের ব্যবস্থা করতে পারি এবং সমাজতন্ত্রের পথে চলছি বলে আত্মবিশ্বাস লাভ করতে পারি এবং সাধারণ মানুষের বিশ্বাস জন্মাতে পারি এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা ভূমি সংক্রান্ত যে কোন আইন আনতে চাই, একটা কথা যদি স্মরণ থাকে যে আমরা পুরোনো দিনে যে এষ্টেসস এ্যাকুইজিশন এ্যাক্ট আনতে চেয়েছিলাম, ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট আনতে চেয়েছিলাম সেটার পিছনে ছিল বাংলাদেশের লক্ষ লক্ষ কৃষকের সংগ্রাম, তারাই এইরকম অবস্থার সৃষ্টি করেছিল যার ফলে আমরা ঐগুলিকে নিয়েছিলাম। আজকে মন্ত্রিমহাশয় বলছেন যে এটা একটা ঐতিহাসিক বিল। কিন্তু ঐতিহাসিক কথাটা বলতে গেলে এইটা মনে হয় যে আজকে এই পরিস্থিতিতে এই বিলের ভিতর দিয়ে বাংলা-দেশের ক্ষেত্রে একটা অবস্থার সৃষ্টি করতে হবে বাংলাদেশের অর্থনীতির ক্ষেত্রে, বাংলাদের সামাজিক ক্ষেত্রের অগ্রগতি। অস্বীকারের কিছু নেই যে পশ্চিমবাংলার অর্থনীতি ভূমিসংস্কারের উপর অনেকখানি নির্ভরশীল। গ্রাম অঞ্চলে যে ব্যাপক বেকার সমস্যা সেই সমস্যা ভূমিসংস্কারের ভিতর দিয়ে কৃষকের স্বার্থে অনেকখানি আজকে কমান যায়। সেদিকে লক্ষ্য রেখে এই বিলকে আমরা যদি ঐতিহাসিক বিল বলি, আজকে যেটার এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে, আমার মতে এইটা ঐতিহাসিক বিল নয়। আজকে ব্যবস্থা যদি কিছু করতে হয়, যে কথা আমাদের অনেক বন্ধু বলে গিয়েছেন যে একটা পূর্ণাঙ্গ আইন আনার দরকার আছে। কিন্তু এই প্রশ্ন উঠেছে যে আজকে আমরা যে ল্যাণ্ড রিফর্মস বিল এনেছি—এটাকে আনতে গেলে আজকে যে পরিস্থিতি হয়ে আছে,

আজকে কৃষকরা যে অবস্থায় আছে, আজকে জমি যে অবস্থায় আছে, আজকে ভাগচাষীরা যে অবস্থায় আছে তার উপর দাঁড়িয়ে আজ যদি কোন বিল আনি তাহলে আমাদের যে উদ্দেশ্য, সেটা হলো কৃষকদের স্বার্থ রক্ষা করব, তাদের আরও বেশী জমি দেব, জমি বার করে আনবো, ভাগচাষীর স্বার্থ রক্ষা করব।

এই যদি লক্ষ্য হয় তাহলে আমি যখন আপনাদের সামনে তথ্যগুলি দেব সেগুলি জোগাড় করতে না পারলে আবার যখন পূর্ণাঙ্গ আইন আমরা আনবো তখন সেটাকে আমরা পূর্ণাঙ্গ করতে পারবো না। মন্ত্রিমহাশয় একটি কথা বলে গেছেন ঠিক যে ভাগ চাষের যে আইন ছিল ৬০।৪০ সেটাকে আমরা পাল্টে ২৫।৭৫ করেছি এবং সেটা আমরা নিশ্চয়ই অগ্রগতি করেছি। কিন্তু প্রশ্নটা কোথায়? ভূমিসংস্কার আইন যখন পাশ হয় আপনি হিসাব যদি করেন তাহলে দেখবেন যে তার বোধ হয় অর্ধেক ভাগচাষীর জমি গেছে। ভাগচাষীরা আজকে গেল কোথায়, কিভাবে ভাগচাষীদের উচ্ছেদ করল তার একটা ইতিহাস খুঁজে পেতে বের করা দরকার, নাহলে যত দিন যাচ্ছে ল্যাণ্ড রিফর্ম হচ্ছে কিন্তু ভাগচাষীর জমি রিটেইন্‌ড্ তার স্বার্থ সংরক্ষণ করা, তার কোন পজিটিভ দিক আমরা বের করতে পাচ্ছি না। আজকে দেখুন প্রত্যেকটি জেলাতে প্রতিদিন ভাগচাষীরা উচ্ছেদ হয়ে যাচ্ছে, যারা জেন্টুইন ভাগচাষী তারাও উচ্ছেদ হয়ে যাচ্ছে নানা দিক থেকে। কিন্তু তাদের সেই স্বার্থের দিক থেকে এমন কোন একটা ব্যবস্থা করা হয়নি। আমাদের যেমন একজন বন্ধু বললেন যে অর্ডিন্যান্স একটা আইন এখানে হওয়া দরকার যে কোনরকম উচ্ছেদ চলবে না। তারপরে একটা বিষয়ে হিসাব-নিকাশ করুন যে সত্যিকারে কে-কে ভাগচাষী এবং তাদের একটা রিটেইন্‌ড্ করা চাই। এইভাবে যদি সবটা না দেখা যায় তাহলে কোন রকম পূর্ণাঙ্গ আইনের কথা মন্ত্রিমহাশয় বলে গেলেও খুব সুখের বিষয় সেদিন সেটা পূর্ণাঙ্গ আইন হবে না। আমি কয়েকটি হিসাব দিলে আপনি বুঝতে পারবেন যে হিসাবের মাঝখানে কি রকম গণ্ডগোল হচ্ছে। ১৯৫৫-৫৬ সালে সরকার থেকে যে বর্গাদারদের রেকর্ড অব রাইটসের সংখ্যা দেখানো হয়েছিল তাতে বলা হয়েছিল মোট আবাদী জমির অর্থাৎ ৭ লক্ষ ৭১ হাজার ৭৮১ একর জমি বর্গাদারী প্রথায় চাষ হয়। তারপরে গেল কি—রেভিনিউ সদস্য পি. কে. সেন তিনি বললেন এইরকম ১ লক্ষ ৩৫ হাজার আবাদী জমি আছে এবং ১ কোটি ১৫ লক্ষ একর জমিতে ধান চাষ হয় এবং তার মধ্যে শতকরা ২৫ ভাগ জমিতে বর্গাদারী চাষ হয়। এটার হিসাব যদি করেন তাহলে দেখবেন একটুখানি তফাৎ হয়ে যাচ্ছে। তারপরে ১৯৬১ সালে যে সেনসাস হয় তাতে হিসাব পাওয়া যায়, সেখানে বলা হয় শতকরা ৩৪·৪ ভাগ ভাগচাষ হয়। তারপর দেখা গেল কি? পরিকল্পনা কমিশন বা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এস. কে. বসু এবং এস. কে. ভট্টাচার্য্য তাঁদের তদন্ত রিপোর্ট পেশ করলেন, তাতে দেখা গেল ৪৫ ভাগ আবাদী জমি বর্গাদারী প্রথায় চাষ হয়। বিভিন্ন সময় বিভিন্ন সরকারী রিপোর্ট থেকে যে তথ্যগুলি পাওয়া গেল তাতে দেখা যাচ্ছে সেগুলি গোলমেলে তথ্য। কোন্‌টা সঠিক তথ্য তা বোঝা মুস্কিল। ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট যখন পাশ হল তারপর থেকে দেখা গেল বর্গাদার চাষীদের উচ্ছেদ করে শেষ করে দেওয়া হল। ফলে অবস্থা যা এসে দাঁড়িয়েছে তাতে দেখা যাচ্ছে তার উপর যেটুকু আইনত আমরা নিতে যাচ্ছি সেটা ঠিক, কিন্তু যারা উচ্ছেদ হয়ে গেল তাদের কি হবে সেটা ভেবে দেখা দরকার। এদিকে আমরা নতুন করে জমি দিতে যাচ্ছি কিন্তু আর একদিকে যাদের হাতে জমি ছিল তারা উচ্ছেদ হয়ে যাচ্ছে। সেইজন্য উচ্ছেদ বন্ধ করতে গেলে সেখানে কিভাবে পজেটিভ ওয়ে নেওয়া দরকার, যারা উচ্ছেদ হয়ে গেল তাদের সম্পর্কে হিসাব-নিকাশ করে কিভাবে তাদের বের করে আনবো সেটাও একটা চিন্তা করে দেখা দরকার। তারপরে হচ্ছে জমি ট্রান্সফারের হিসাব সম্পর্কে একটু দেখা দরকার। জমির ট্রান্সফার কিভাবে হচ্ছে সে সম্পর্কে অনেক বলে গেছেন। এই জমি ট্রান্সফার সম্পর্কে আমাদের ১৯৬৭ সালের দিকে

ফিরে যেতে হবে। আমরা যারা গ্রামে থাকি তারা দেখেছি যে ১৯৬৭ সালে যখন লেভি হল তখন সেই লেভিকে ফাঁকি দেবার জন্য তহশীলদারদের সঙ্গে সহযোগিতা করে জমিগুলিকে ট্রান্সফার করে দেওয়া হল।

[ 4-10—4-20 p.m. ]

এইভাবে জমি বিভাজন হতে থাকলো এবং সেখানে পৃথক পৃথক ভাবে একটা পরিবার দেখা দিতে লাগলো। সেগুলি সম্পর্কে আপনি কি করলেন? সেগুলি খোঁজ করে বার করা দরকার সেজন্য আমি লক্ষ্য করে দেখেছি, পরিবারের উপর যখন প্রথম লেভী হয়, তারপর যখন লেভী হল—এক একটা family দেখেছি প্রথম লেভীতে যেভাবে তারা চাষ করছিল দ্বিতীয় বার যখন লেভী হল, জমি আর একভাবে transferred হয়ে গেল এই জিনিষগুলি আজকে জমি চুরি নানাভাবে আইনের ভিতর থেকে নানাভাবে প্যাচ কসে এই জমিগুলিকে আজকে চুরি করা হচ্ছে। সেইসব জমিগুলিকে আমাকে বার করা দরকার। এই আইনের মধ্যে যে দুর্বলতা আছে, সেগুলিকে অনেকে point out করেছেন যে, family যেটা বলা হয়েছে—সাবালক পুত্র, যার জমি আছে, একই সংসারে বাস করে তাকে আলাদা family হিসাবে গণ্য করা হবে। এইভাবে যদি witness থাকে তবে জমিগুলি পাওয়া যাবে। আইনে হাত-তালি দেওয়া যায়—পূর্বের তুলনায় radical করা হল। কিন্তু যার জন্য জমিটা বের করে আনবো, জমিটা যাকে দেবো অর্থাৎ যাকে বলা যায় অর্থনৈতিক পরিবর্তন করবো, যেটা সারা বাংলাদেশের অর্থনীতিতে একটা গতি সৃষ্টি করবে, প্রগতির দিকে সেটা কিন্তু করা যাবে না। কিছু লোক জমি পাবেন, এই আইনে কিছু কিছু করে বণ্টন করে দেওয়া হল। Ceiling কমিয়ে কিন্তু দেওয়া হল, যেসমস্ত জমি গেছে, সেই জমিগুলিকে বার করা নিয়ে মুসকিল হবে। বহু family সেখানে হয়ে গেল। ১৯৬৬ সালে সরকারী সমীক্ষায় ২৫ একর জমির উর্দ্ধে যেসমস্ত জমির জোত ছিল বলে দেখান হয়েছিল তাতে দেখা যায় যে অবশ্য আমি যেটা বলছি সেটা সরকারী হিসাবেই বলছি—সেখানে একটা জায়গায় দেখান হয়েছিলো ৪ লক্ষ ৭১ হাজার ১৬৮ একর আবাদী জমি এগুলি সমস্ত বেনামী হয়ে গেছে, চুরি হয়ে গেছে। ১২ লক্ষ ৪৩৩ একর আম বাগান, সেগুলি বেনামী হয়েছে, চুরি হয়ে গেছে। ১ লক্ষ ৫৫ হাজার ৫৪১ একর আবাদযোগ্য আবাদী জমি এই সমস্ত বেনামী হয়ে গেছে, ১ লক্ষ ৩৭ হাজার ৪৬৩ একর আবাদী পতিত জমি এসমস্ত বেনামী হয়ে গেছে এটা ছিল ১৯৬৬ সালের সরকারী সমীক্ষার একটা সংবাদ যা বের হয়েছিলো। এখন প্রশ্ন হচ্ছে সেই সমস্ত জমি কোথায়, কিভাবে সেই সমস্ত জমি transferred হয়ে গেল? কিভাবে সেইসব জমি ভাগ হয়ে হয়ে বিভিন্ন familyর সৃষ্টি হ'ল, সেগুলিকে বের করা দরকার আছে। আমার যতদূর মনে আছে ১৯৫৮ সালে এই আইনসভায় বেনামী জমির কথা তোলা হয়েছিল তাতে যে Land Reform Department থেকে হিসাব দেওয়া হয়েছিলো, আমরা যা হিসাব দিয়েছিলাম তাতে অনেক বেশী দেখান হয়েছিলো শিয়ারা শোলের ক্ষিতিপতি নাথ ৬ হাজার ৩৯৫ একর জমি বেনামী করে রেখেছে। শিয়ারা শোলের রাজা ৫ হাজার ৩ শত ৯৫ একর জমি বেনামী করে রেখেছেন, এক দাগায় এন. সি. রায়, ২ হাজার ১৯১ একর জমি বেনামী করে রেখেছেন। জে. পাল. চৌধুরী ৫৭০ একর জমি বেনামী করে রেখেছে। বর্দ্ধমানের মহারাজার তখনকার হিসাবে দেখান হয়েছিল ৩৮৫ একর জমি বেনামী করে রেখেছেন। এখন প্রশ্ন হচ্ছে, এই যে জমিগুলি বেনামী করে রাখা হল, এই জমিগুলি কোথায় গেল, কার কাছে গেল, সেগুলি কি আলাদা কোন family হয়ে গেলো কিনা সেগুলি যদি দলিল-দস্তাবেজ খুঁজে বের করা যায় তাহলে বাংলাদেশে আমরা একটা আত্মসন্তুষ্টি লাভ করতে পারবো যে, পুরানো যে Land Reform হয়েছিলো, তার থেকে অনেক বেশী একটা radical land reform করলাম। এই radical land reform এর ভিতর থেকে কিন্তু অর্থ নৈতিক ক্ষেত্রে কোন

রকম radicalization আসবে না। এখনও উচ্ছেদ চলছে, এই কয়েক দিনের হাউসে কয়েক বার প্রশ্ন উঠেছে যে শ্রমিক, যে কৃষকরা জমি বার করে এনেছিলো ২৫ একরের উর্দ্ধের জমি এবারে নতুন সরকার হওয়ার ফলে গ্রামের জোতদারদের বোধ হয় মাথায় ঢুকে গেছে যে পুরানো কংগ্রেস এসেছে, কাজেই সমস্ত জায়গায় তারা আবার জমি দখল করে সেটাকে কিভাবে আলাদাভাবে রাখতে পারে সেইরকম চেষ্টা করছে। তাছাড়া আরো অন্যান্য দিক আছে, আপনি জানেন যেসমস্ত religious trust আছে তাতে নানা ভাবে জমি আছে। একটা অদ্ভুত সংবাদ আপনাদের কাছে দিই একটা মুসলমান রিলিজিয়াস ট্রাষ্ট যাকে বলে ওয়াকফ ষ্টেট সেখানে দেখলাম দ্যাট ইজ ফর মুসলিম সেইখানে মতোয়ালীর নাম শুনলে আশ্চর্য হবে। মুনসী আবদুল তার মতোয়ালী হোল কালাচাঁদ দাস, পীর মকদুম তার মতোয়ালী হোল কমলাকান্ত পাল, সেখ নুর তার মতোয়ালী হোল রবীন্দ্রনাথ বর্ধন, উত্তর সাহাপুর মসজিদ ও মাজার তার মতোয়ালী হোল গোবিন্দ মণ্ডল, সেখ আবদুল গফ্ফর তার মতোয়ালী হোল ডাঃ বিজয় জ্যোতি রায়, এই রকম বহু জমি বার করতে হবে। কিন্তু সেই জমি পাবেন কোথায়? আর একটা দেখুন ধবনপুর পীরোত্তর তার মতোয়ালী হোল রাজকৃষ্ণ মাইতি দিগর। আমি ছোট একটা কথা বলতে চাই যার সঙ্গে আমাদের মন্ত্রিমহাশয় একমত হবেন যে একটা ঐতিহাসিক আন্দোলন গড়ে তুলতে হবে। আজকে নূতন মন্ত্রীসভা হয়েছে এবং তাঁরা যে নীতি নিয়ে এসেছেন মানুষকে প্রতিশ্রুতি দিয়েছেন আজকে বিশেষ করে বাংলাদেশের গ্রামাঞ্চলে শতকরা ৭৬ ভাগ মানুষ কৃষির অধীনে। যদি তাদের কিছু করতে হয় তাহলে যেসমস্ত দলিল-দস্তাবেজ আছে সেগুলি বের করতে হবে। এরপর যখন আইন আসবে যেসমস্ত জমি হস্তান্তর হয়েছে সেটা কিভাবে হয়েছে তা খোঁজ করে দেখতে হবে। আগে ১৯৫৩ সালে যে আইন আনলেন তার ছয় মাস আগে থেকে গান গাইতে আরম্ভ করলেন এই আইন আসছে, এই এসে গেল এই এল যাতে তাদের সুযোগ দিয়ে দিলেন সেখানে যার যা প্রয়োজন আছে তার পরিবারের জন্য বিভিন্ন নামে তা বেনামী করে দেওয়া গেল। এইভাবে বহু বে-আইনী হস্তান্তর হয়েছে। সেখানে সেগুলি বের করতে গেলে তার যে রেকর্ড অব রাইট আছে সেই রেকর্ড তদন্তের প্রয়োজন আছে। শেষ কথা হোল যাদের জন্য আইন করতে যাচ্ছি, যা বন্ধ করতে চাচ্ছি তারা বাংলাদেশে অনেক রক্ত দিয়েছে এবং যাদের জন্যই এই আইন তাদের নিয়ে যদি কমিটি না করি যদি একটা পিপলস কমিটি, একটা কৃষকদের কমিটি না করি তাদের সঙ্গে সহযোগিতা না করলে কিছুই হবে না। সেখানে যতই আইন হোক, সে আইন নিয়ে আসলে আজকে কার্যকরী করা যাবে না। আমি আশা করি মন্ত্রিমহাশয় যখন একটা সামগ্রিক আইন আনবেন তখন সেখানে একটা সামগ্রিক রূপ কি সেটা রাখবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 4-20—4-30 p.m. ]

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধনী বিধেয়ক এই যে বিলটা বিভাগীয় মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন সভার একজন সদস্য হিসাবে আমি সেই বিলের উদ্দেশ্যকে স্বাগত জানাই। কিন্তু সেই উদ্দেশ্যকে বাস্তবায়িত করার উদ্দেশ্য বৈজ্ঞানিক ভিত্তিতে প্রতিষ্ঠিত কোন কার্যকরী ব্যবস্থার কথা এই বিলে উল্লেখ আছে বলে আমি মনে করি না। আমি উদ্দেশ্যকে স্বাগত জানাই এই কারণে যে আজকে যদি ইন্দরাগান্ধীর নেতৃত্বে বিশ্বাসী হয়ে 'গরীবী হটাও' অভিযানকে সফল করে তুলতে এবং সত্যি সত্যি পশ্চিমবাংলার বুকে সমাজবাদ কায়েম করতে চাই তাহলে পশ্চিমবাংলার বুকে যাদের সংখ্যা প্রায় শতকরা ৭০ভাগ সেই কৃষককুল এবং যাদের মধ্যে অধিকাংশই ভূমিহীন কৃষক তাদের জীবনে প্রতিষ্ঠিত হবার সুযোগ করে দিতে হবে, জমির উপর স্বত্ব দিতে হবে। কারণ তখন কেবলমাত্র তাদের উৎপাদনের প্রবণতা

বাড়তে পারে বা উৎপাদন বাড়তে পারে, আয় বাডতে পারে, জাতি ও দেশের অর্থ নৈতিক সমৃদ্ধি হতে পারে এবং তার ফলে দেশ এগিয়ে যেতে পারে। আমরা গান্ধীজীর আদর্শে বিশ্বাস করি। লাঙ্গল যার জমি তার এই মতাদর্শকে যদি বাস্তবে রূপায়িত করতে চাই তাহলে এই বিল নিশ্চিত-ভাবে আমাদের সমর্থন করতে হবে। কেন না আজকে পশ্চিমবাংলার বুকে আমরা জানি মোট জনসংখ্যার মধ্যে প্রায় ১১ একের এগারো ভাগ লোকের সংখ্যা হচ্ছে ভূমিহীন কৃষক। তাদের মধ্যে যদি সত্যি সত্যি ভূমি বণ্টন করে জমির স্বত্ব দিতে হয় তাহলে একটা বিরাট পরিমাণ জোতের উদ্ধার প্রয়োজন। কিন্তু সেই জোতের উদ্ধার ঘটাতে গিয়ে আজকে এই বিলে পরিবার ভিত্তিক জোতের সীমা যা নির্ধারণ করা হয়েছে ৭ ষ্টাণ্ডাড হেক্টারে এই যে সীমা নির্ধারণ করা হল আমি কিন্তু এই বিলের মধ্যে এই সীমা নির্ধারণের কোন বৈজ্ঞানিক ভিত্তি খুঁজে পেলাম না। আমরা দেখেছি বিগত দিনে কয়েক বছর আগে ভারতবর্ষের সরকার এই জোতের সীমা নির্ধারণ করতে গিয়ে একজন বিখ্যাত অর্থনীতিবিদ যাঁর নাম শ্রীকুমারাপ্পা, তার নেতৃত্বে একটি কমিটি গঠন করেছিলেন। সেই কুমারাপ্পা কমিটিকে বলা হয়েছিল যে আপনি এমন কিছু ভিত্তির কথা বলুন যে ভিত্তির ভিত্তিতে জোতের সীমা নির্ধারণ করা যায়। কুমারাপ্পা কমিটি দুটি ক্রাইটেরিয়ানের কথা বলেন। এক নং হচ্ছে, একটা হাল এবং একজোড়া বলদের উৎপাদনের ক্ষমতা সম্পূর্ণ সদব্যবহারের জন্য কতটা জমি প্রয়োজন তা প্রথমে নির্ধারণ করা দরকার। দু-নম্বর বলেছিলেন, বর্তমানের মূল্যমানের পরিপ্রেক্ষিতে একটা আদর্শ পরিবারের নিম্নতম জীবনযাত্রার মান সুনিশ্চিত করতে কতখানি জমির দরকার। এই উভয় মাপকাঠির পরিপ্রেক্ষিতে জোতের আয়তনের সীমা নির্ধারণ করা দরকার। আমি ভেবেছিলাম এই যে বিলটা আসছে তার একটা সায়েনটিফিক বেসিস থাকবে কিন্তু এখানে কেবল বলে দেওয়া হয়েছে এত থাকবে ব্যক্তি পিছু, এত থাকবে পরিবার পিছু, এত থাকবে লোক পিছু। কিন্তু এখানে সায়েনটিফিক, ইকনমিক বেসিস আছে বলে আমি মনে করি না বা আমি যেটা পড়েছি তার মধ্যে খুঁজে পাই নি। আর একটা বড় কথা, সত্যি সত্যি যদি এই ভূমিহীন চাষীদের দুঃখ, দারিদ্র, লাঞ্ছনা, বঞ্চনার কথা ভাবতে হয় এবং অর্থ নৈতিক দিক দিয়ে যদি সত্যি সত্যি তাদের প্রতিষ্ঠিত করতে হয় তাহলে কেবলমাত্র ২।৪ বিঘা জমি দিলেই চলবে না। চিন্তা করতে হবে যে এই জমি নিয়ে কি ভাবে তারা চাষের কাজ সমাধা করতে পারে। চিন্তা করতে হবে যে আমরা যদি তাদের কিছু না দিই তাহলে স্বভাবতঃ তারা ইকনমিক হেল্প এ্যাণ্ড আদার ফেসিলিটিসের জন্য মহাজন সম্প্রদায়ের উপর নির্ভরশীল হয়ে পড়বে। আমরা জানি, আমরা তাদের যতই জমি দিই না কেন যদি তারা মহাজন সম্প্রদায়ের উপর নির্ভরশীল হয়ে পড়ে তাহলে কোন লাভ হবে না। স্যার, মহাজনদের কবলে পড়ে পশ্চিমবাংলার ভূমিহীন কৃষকদের কি অবস্থা হচ্ছে সেটা বোঝাতে গিয়ে আমি একটি ফরাসী প্রবাদের কথা উল্লেখ করবো। ফরাসী দেশে একটা প্রবাদ আছে সেটা হচ্ছে Credit and other economic facilities support the farmer as the hangman's rope supports the hang. অর্থাৎ জল্লাদের রজ্জু আসামীকে মৃত্যু পথে যেভাবে সাহায্য করে থাকে ঠিক তেমনিভাবে ভারতবর্ষে বা বাংলাদেশে এই ভূমিহীন কৃষকদের এই অর্থ নৈতিক সাহায্য সেইভাবে সাহায্য করে থাকে। কাজেই আমরা যদি এই ল্যাণ্ড লেজিসলেসানকে সত্যি সত্যি বাস্তবায়িত করে ভূমিহীন কৃষকদের অর্থ নৈতিক সংস্কার সাধন ঘটাতে চাই, অর্থ নৈতিক উন্নতি ঘটাতে চাই বা এটাকে সার্থক করতে চাই তাহলে আমাদের যেমনভাবে জমি দেওয়ার কথা চিন্তা করতে হবে তেমনিভাবে এই জমিকে কাজে লাগিয়ে যাতে তারা জীবনে প্রতিষ্ঠিত হতে পারে সেইভাবে অর্থ নৈতিক সাহায্য দেওয়ার কথাও চিন্তা করতে হবে।

দ্বিতীয় কথা হচ্ছে আমি এই বিলে দেখেছি জমিকে গোপন রাখলে বা ভূমিসংস্কারের ধারাকে

অগ্রাহ্য করলে কেবলমাত্র আইন বা সামান্য শাস্তির কথা বলা হয়েছে। আমি এটাকে মনে করি একটা সোস্যাল ক্রিমিন্যাল। সেজন্য তাদের পরিষ্কারভাবে জমি চোর আখ্যায় আখ্যায়িত করে সোসিয়ালি হেকেল করতে হবে, না হলে এই ব্যবস্থা দিনের পর দিন চলতে থাকবে। আর এই বিলে বলা হয়েছে বর্গাদার উচ্ছেদ চলবে না, এটা নিশ্চিতভাবে আমি স্বাগত জানাই। আমি গ্রামের ছেলে, গ্রামে দেখেছি যে বর্গাদার চাষ করে তাকে যে জমির মালিক সে রসিদ দেয় না, রসিদ সে যখন চায় তখন জমির মালিক বলে যে তোমাকে কোনরকম সাহায্য দেব না, জমি থেকে উতখাত করে দেব, তাকে মামলার ভয় দেখায়। ভূমিহীন কৃষক পুলিশের কাছে যায়, থানায় যায় কিন্তু কোন সাহায্য পায় না। সেজন্য বর্গাদার উচ্ছেদ করার কথা শুধু আইনের ভাষায় লিখলে চলবে না, সেটাকে বাস্তবে কার্যকরী করার দিকে দেখতে হবে। আর একটা কথা, আমরা সোস্যালিজম যখন প্রতিষ্ঠা করতে চাই তখন আমি একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে ছোট আকারে জমি যদি বিলি করা হয় তাহলে সাবডিভিসান অব ফ্রাগমেন্টেসান অব হোলডিং হয়, তাতে উৎপাদন বাড়তে পারে না, অর্থ নৈতিক আয় বাড়তে পারে না, জাতীয় সম্পদ গড়ে উঠতে পারে না। আমরা যদি সত্যসত্যই সোসালিজম চাই তাহলে এই ধরনের অর্ডিন্যান্স যখন বিলে রূপান্তরিত করা হচ্ছে তখন এতে সেটা না থাকলেও ভবিষ্যতে নিশ্চয়ই থাকবে, একথা যদি না থাকে তাহলে অর্থ নৈতিক পুনরুজ্জীবন করা সম্ভব নয়। আমি আবার বলব মাননীয় মন্ত্রিমহাশয় এইসমস্ত কথা চিন্তা করে একটা পূর্ণাঙ্গ বিল এনে আমাদের পশ্চিমবঙ্গের মানুষকে বাঁচান।

**শ্রীশচীনন্দন সাউঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার যে সংশোধনী বিল এসেছে তাকে স্বাগত এবং সমর্থন জানিয়ে কিছু বক্তব্য রাখছি। আমরা এই আইনকে সমর্থন করছি এইজন্য যে এই আইনে আমরা লক্ষ্য করেছি বর্গাদারকে উচ্ছেদ করা হবে না। আমরা যারা গ্রাম বাংলার মানুষ আমরা লক্ষ্য করেছি জমির মালিকরা কিভাবে এইসমস্ত বর্গাদারকে উচ্ছেদ করে। আজকে আমরা সেইসমস্ত মানুষের জীবনযাত্রার মানকে উন্নত করার প্রতিশ্রুতি দিয়ে এখানে উপস্থিত হয়েছি। তাদের জীবনের মানকে উন্নত করার জন্য আজকে এই যে আইন এসেছে এই আইনে দেখছি বর্গাদারকে চাষের ক্ষেত্রে, মালিকানার ক্ষেত্রে এগিয়ে দেওয়া হয়েছে, বর্গাদারকে উচ্ছেদ করা যাবে না এবং সেইসমস্ত বর্গাদারদের ছেলেরা বংশানুক্রমে সুযোগ ভোগ করতে পারবে। এই আইনে বলা হয়েছে যে বর্গাদার যারা চাষ করবে তাদের ৭৫ ভাগ দেওয়া হবে। আমরা দেখেছি যারা জমির মালিক তারা বেশীর ভাগ ফসলের বেশী হার পায়। এখন এই আইনের ফলে ফসলের বেশী হারটা গরীবী হঠাও আন্দোলনের পরিপ্রেক্ষিতে ৭৫ ভাগ গরীব চাষীর হাতে যাবে যারা রোদে পুড়ে জলে ভিজে সমস্ত শক্তি দিয়ে ফসল উৎপন্ন করে। সেজন্য আমি এই আইনকে স্বাগত জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের জেলা বীরভূমে লক্ষ্য করেছি যে মালিকরা গরীব চাষীদের ভয় দেখিয়ে লিখিয়ে নিচ্ছে যে তোমরা এই জমিতে চাষ কর না, তোমরা ভূমিহীম কৃষক, তোমরা মজুর হিসাবে এই জমিতে কাজ কর। আমি মনে করি এই আইনের দ্বারা তারা উপকৃত হবে। বর্গাদাররা সত্যিকারে জমি চাষ করে। আজকে আমাদের প্রগতিশীল সরকার ফসলের উৎপাদন বাড়াবার জন্য গ্রামবাংলায় বৈদ্যুতিক-করণের চেষ্টা করছেন, সেখানে স্যালো টিউবওয়েল, ইরিগেশানের মাধ্যমে চাষ করে ফসল বাড়াবার চেষ্টা করছেন। আজকে কৃষক যদি মাঠে বেশী ফসল উৎপন্ন করতে পারে, গরীব মানুষ যাদের ঘরে চাল থাকে না, পরবার কাপড় থাকে না, ওষুধের জন্য চিৎকার করে বেড়াতে হয়, সেইসমস্ত গরীব বর্গাদাররা যদি ৭৫ ভাগ ফসল পায় তাহলে তাদের জীবনের মান নিশ্চয়ই উন্নত হবে। সেজন্য আমি এই আইনকে স্বাগত জানাই। আজকে বর্গাদাররা যাতে ২।৩ টি ফসল ওঠাতে

পারে, উৎপাদন যাতে বৃদ্ধি পায় তারজন্য আমি মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-30—4-40 p.m.]

তিনি বলেছেন যে পরে তিনি এ বিষয়ে পুরাপুরি দৃষ্টি দেবেন। ৪ঠা মে এই অর্ডিনান্স শেষ হয়ে যাচ্ছিল সেইজন্য তিনি তাড়াতাড়ি এনেছেন। আগামী দিনে বলবো তিনি এসব দিকে দৃষ্টি দেবেন, এই ইরিগেটেড এলাকা ও নন্ ইরিগেটেড এলাকা বলে নানা দাবী করা হয়েছে। এই যে ইরিগেটেড এলাকা—এই ইরিগেটেড এলাকায় প্রতি কৃষকের যে জমি আছে তাতে তারা চাষ করবে না, জল পাওয়া যায় যখন এবং আইন আছে এত বিঘায় জল পাবে তখন তাকে চাষ করতে হবে। তাদের প্রত্যেককেই চাষ করতে হবে আইনে এরূপ বিধিবদ্ধ থাকা উচিত। এই যদি আইনে থাকে তাহলে T-R এর জন্য যে চাষী চীৎকার করছে, মাথা খুঁড়ছে, কাজ পাচ্ছে না—কাজ নেই বলে বলছে তা থাকতে হবে না। বার মাস যখন জল তখন চাষী ফসল তুলতে পারবে। ঐ কৃষকের ছেলে যার ২০, ২৫, ৩০, বিঘা জমি আছে তাকে মাষ্টারীর জন্য বা অন্য চাকরীর জন্য ঘুরে বেড়াতে হয় না, তারা কাজে লিপ্ত থাকতে পারে এই জমি সুপারভিসানের জন্য—এসব দিক দিয়ে আমি মনে করি যে মন্ত্রিমহাশয় এসমস্ত কিছু দৃষ্টি দেবেন। আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি শোষিত নিপীড়িত মানুষের পক্ষে এটা প্রতিষ্ঠিত হচ্ছে এবং গরিবী হটাবার একটা পদক্ষেপ বলে একে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকংসারি হালদার:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, যে বিল এসেছে সেটা খুব উৎসাহ ব্যঞ্জক নয়। সরকার কৃষকের হাতে জমি দেবার জন্য, ভাগচাষী উচ্ছেদের জন্য যে আইন লিপিবদ্ধ করেছেন তার মধ্যে বহু গলদ আছে। কৃষক জমি পাবার জন্য বহুদিন ধরে আন্দোলন করে আসছে। বহু রক্ত তাকে দিতে হয়েছে, বহু ত্যাগ স্বীকার করতে হয়েছে। কংগ্রেস সরকার এক সময় আন্দোলনের চাপে "ধেবর কমিটি" করিয়েছিলেন। তাঁরা বলেছিলেন কৃষককে জমি দিতে হবে তা না হলে কৃষকের দারিদ্রতা দূর করা যাবে না। আজকে গরিবী হটাও যে শ্লোগান এসেছে সেটা যদি সত্য সত্যই কার্যকরী করতে হয় তাহলে কৃষকের উচ্ছেদ বন্ধ ও ভাগচাষীর অধিকার স্বীকার করতে হবে। কিন্তু এই যে আইন এসেছে তাঁর মধ্যে যেটা সবচেয়ে বড় গলদ সেটা আমি তুলে ধরতে চাই। সেটা হল ফিসারি সম্বন্ধে কোন কিছু লিপিবদ্ধ নেই। কলকাতার পাশে বেলেঘাটা থেকে আরম্ভ করে যে হাজার হাজার বিঘা জমি সরকার সাপুই নস্কর ফ্যামেলি দখল করে রেখেছে এবং সে সমস্ত জমি এক সময় কৃষকের দখলে ছিল, সে জমিগুলিতে কখনও তারা ময়লা বা সাগরের লোনা জল ঢুকিয়ে দিয়ে মেছো ভেড়ী করে মোটা টাকা রোজগার করেছে। না ভাঙ্গার জমি প্রায় দুই হাজার একরের মত। সমীর সরকার, সেখানে সরকারের বাহাবো পুলিশ ক্যাম্প বসিয়েছে। কয়েকদিন আগে বানতলায় আমাদের মন্ত্রী শ্রীগোবিন্দ নস্কর গিয়েছিলেন, তাঁর কাছে এইকথা আমরা তুলে ধরেছিলাম, যে আজকে কি অবস্থার জন্য সরকার এদের মেছো ভেড়ীর জন্য পুলিশ ক্যাম্প বসিয়েছেন। অমিয় নস্কর ঠিক নির্বাচনের আগে যে জমিগুলিতে চাষীরা I.R-8 ধান চাষ করেছিল সেই ২০০ বিঘার মত ফলন্ত জমিতে পচা জল ঢুকিয়ে নষ্ট করে দিল। আর তাঁকেই রক্ষা করতে এগিয়ে এল পুলিশ ক্যাম্প। কিন্তু মন্ত্রিমহাশয় যিনি প্রতিশ্রুতি দিয়ে ছিলেন যে সাত দিনের মধ্যে পুলিশ ক্যাম্প তুলে দেবেন সেই পুলিশ ক্যাম্প এখনও রয়েছে। এবং ঐ বানতলায় মিটিং হয়ে গেল, তখন কংগ্রেস কৃষক সংগঠন তাঁরাও এ ব্যাপারে দাবী করেছিলেন যে ঐ মেছো ভেড়ীর মালিকরা যারা কৃষকের সর্বনাশ করছে তাদের সম্বন্ধে একটা ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিন্তু এ বিলে সে ব্যবস্থা নেই কেন? তারা নাকি একটা বিরাট আকারে কমপ্রিহেনসিভ বিল আনছেন। কবে আনছেন জানি না।

কিন্তু এর মধ্যে দেখছি যেসমস্ত জায়গায় নদীর ধারে বা যেসমস্ত জায়গার ধারে ময়লা নোনা জল রয়েছে সে সমস্ত জায়গার বাঁধ ভেঙ্গে দেওয়া হয়েছে। এবং ঐ সমস্ত জমি মেছো ভেড়ী করে মোটা লাভ করা হচ্ছে। আমাদের দেশে মাছের চাষ হোক, আমি তার বিরোধীতা করছি না কারণ প্রোটিন খাদ্য আমাদের দেশে দরকার—আমি সেটা পছন্দ করি।

কিন্তু যে সমস্ত জমি মাছ চাষের উপযোগী যে জমিতে কোনদিন চাষ হচ্ছে না, সে জমিগুলিতে মেছোভেড়ী রাখা হোক এবং সেগুলি একটা শিলিং-এর মধ্যে বেঁধে দেওয়া হোক। এটা যদি না করা হয় তাহলে আইনের ফাঁকে অনেক জমি কৃষককে আবার হারাতে হবে। কারণ আমি জানি সাগর থেকে সুরু করে ক্যানিং, ভাঙড়, ও সন্দেশখালি এলাকার নদীর বাঁধ ভেঙে দিয়ে নূতন ভাবে মাছ চাষের ব্যবস্থা হচ্ছে। যারা মাছ চাষ সম্বন্ধে অভিজ্ঞ তাদের ধারণা এক একর জমিতে ১ টন মাছ চাষ হতে পারে। সেজন্য ধান চাষ কি করে হবে? এটা আমাদের বন্ধ করতে হবে। কিন্তু এই বিলে সে রকম কোন ধারা নেই। আমাদের ওখানে যখন যুক্তফ্রণ্ট সরকার ছিল, তাদের অনেক ত্রুটি বিচ্যুতি ছিল। কিন্তু যুক্তফ্রণ্ট সরকার একটা কাজ করেছিল। তারা জোতদার এবং মেছোভেড়ীর মালিকদের জন্য police camp দিয়ে ভাগচাষীদের উচ্ছেদ করার ব্যবস্থা করেনি। আজ গণতান্ত্রিক সরকারের কথা বলে একদিকে আপনারা বলবেন ভাগচাষ উচ্ছেদ করব না, কৃষককে জমি দেব, আর অন্য দিকে পুলিশ ক্যাম্প বসিয়ে তাদের হুমকী দেখাব যে তোমরা যদি ঐ ভেড়ীর মধ্যে যাও তা'হলে বন্দুক দিয়ে গুলি করা হবে। এইভাবে ছোট ছোট মাছ চাষীদের রুজী-রোজগার বাদ করে দেওয়া হচ্ছে। এই যে বড় বড় মেছোভেড়ীর মালিকরা ব্যবসা করছে, এই যে বড় বড় মেছোভেড়ীর মালিকরা কি মজুরী দেয় তা শুনলে অবাক হবেন। পানা ও জোঁকের মধ্যে সকাল থেকে ২টা পর্যন্ত কাজ করে তারা ১·৫০ মজুরী পায়। আমাদের যে minimum wage আছে সেটা কি ওখানে চালু করতে পারব না? সেজন্য বলছি যেখানে fishary আছে সেখানে minimum wage বেঁধে দিতে হবে এবং যেসমস্ত fishary সিলিং-এর আওতায় আসবে তাদের ন্যূনতম বেতন বেঁধে দেবার ব্যবস্থা করতে হবে। তারপর সামনে চাষ এসে যাচ্ছে, জোতদাররা এতদিন পূর্বের কংগ্রেসের কথা চিন্তা করছিল, কিন্তু এখন যে নব কংগ্রেসের নূতন রূপের কথা তারা চিন্তা করতে পারছে না। বরং তারা ভাবছে যে আবার সেই পুরাতন কংগ্রেসী রাজত্ব ফিরে এসেছে. অতএব ভাগচাষ উচ্ছেদ করতে হবে। সুতরাং তারা উচ্ছেদের ব্যাপক ষড়যন্ত্র করছে এবং পুলিশের সাহায্য নিচ্ছে। আমি আশা করব মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে একটা ব্যবস্থা গ্রহণ করবেন। ভাগচাষ সম্বন্ধে একটা কথা বলব যে আমাদের মন্ত্রিমহাশয় অনেক লব্ধপ্রতিষ্ঠ আইনজ্ঞ আছেন। আমি তাঁদের কাছে জিজ্ঞাসা করছি যে সুন্দরবন অঞ্চলে ভাগচাষী যারা জোতদারের injuction এর জন্য High Court থেকে উচ্ছেদ হয়েগেছে তাদের পক্ষে কি থালা, ঘটি, বাটি বিক্রি করে High Court-এ মামলা করা সম্ভব? যদিও ধরেনি ভাল ভাল আইনজীবিরা কি তাদের কাছ থেকে যেটা fee নেবেন না, ১৯৪৬ সালের তেভাগা আন্দোলন থেকে বিভিন্ন কৃষক আন্দোলনের সঙ্গে আমি জড়িত আছি। আজ সরকার আইন করতে পারেন তেভাগা কেন আমরা ৩।৪ ভাগ কৃষকদের দেব। কিন্তু কৃষক কি তা পাচ্ছে? মন্ত্রিমহাশয়রা বিভিন্ন জায়গায় গিয়ে reception নিয়ে আসছেন, কিন্তু আপনারা কি খবর নিয়ে দেখেছেন যে কৃষকরা কতটুকু জমি থেকে ধান পাচ্ছে?

[4-40—4-50 p.m.]

বিশেষ করে আজ তিন চার বছরের মধ্যে চাষ হয় নি। তাদের না আছে গরু, না আছে বীজ ধান। সুতরাং একদিকে মামলার উচ্ছেদের নোটিশ আর একদিকে তারা জমি চাষ করবে— এই সমস্ত দিকগুলো আমাদের ভাবতে হবে। সম্প্রতি ভাগচাষীদের রেকর্ড করার জন্য একটা

সার্কুলার দেওয়া হয়েছে জে, এল, আর, অফিসে। কিন্তু আমি সোনারপুরে গিয়ে খোঁজ নিয়ে দেখেছি সেটা ভাগচাষীকে জানাবার ব্যবস্থা করেন নি। কিভাবে দেবো জমির মালিককে নোটিশ—চাষীকে দেবো কিনা আমরা জানি না তাই দিতে পারছি না একথা বলছেন তাঁরা। বৈশাখ মাস পড়ে গেলো, এখনও সার্কুলার গেলো না; চাষীরা রেকর্ড করবে কি করে? যুক্তফ্রণ্ট সরকারের আমলে গরীব ভাগচাষীদের ক্ষেত্রে কোর্ট ফি মুকুব করা হয়েছিল। কিন্তু এখন কোর্ট ফি দিতে হবে, প্রসেস ফি দিতে হবে। একজন ভাগচাষীকে যদি বিভিন্ন ফি হিসাবে পাচ টাকা দিতে হয় তাহলে তার পক্ষে ভাগচাষ করা অসম্ভব। তাদের স্বার্থ রক্ষা হচ্ছে না। সেইজন্য বলছি এই বিলের মধ্য দিয়ে আমি খুব একটা আশার আলো দেখতে পাচ্ছি না।

বিদ্যাধরী নদী মজে গিয়েছে! হাজার হাজার বিঘে নষ্ট হয়ে গিয়েছে। এই চর সরকারের পাওয়া উচিত। এইটা সরকারের ন্যস্ত জমি। একটা কোর্টের রায় আছে যে এটা সরকারে ন্যস্ত হওয়া উচিত। এই জমিটা সরকারে ন্যস্ত হলে কৃষকদের মধ্যে বিলি করার সুব্যবস্থা হয়। কিন্তু দুঃখের বিষয় এই যে এই চরটা জোতদার বা জমিদাররা বিভিন্ন কৌশলে দখল করে নিয়েছে। কারণ এই যে আজকের সমাজব্যবস্থায় যদি টাকা থাকে তো তিনি রেকর্ড করাতে পারেন এবং পুলিশের ব্যবস্থা নেওয়া তাঁর পক্ষে সম্ভব। সমস্ত কিছু তাঁরা করতে পারেন। সুতরাং এই সমস্ত জমি যেসব চাষী দখল করে আছে তাদের উচ্ছেদের ব্যবস্থা হয়েছে। কয়েকদিন আগে ওই বিদ্যাধরীর চরের সাঁওতাল ভাগচাষীদের উচ্ছেদের নোটিশ হয়েছে। অথচ আইন আছে যে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের অর্ডার ছাড়া কারও কেনার অধিকার নেই। কিন্তু ওই জমি কিভাবে অন্য নামে চলে গেলো এবং উচ্ছেদের নোটিশ হলো জানি না। বহু জমি পড়ে রয়েছে যে সমস্ত জমি ভাগচাষীকে দেওয়া যায় এবং ভূমিহীন চাষীদের মধ্যে বিতরণ করা যায়। সেইজন্য আমি এখানে দাবী করছি কৃষকদের স্বার্থরক্ষার জন্য আইনে রেকর্ডের ব্যাপারে চাষীদের স্বার্থ যাতে তাড়াতাড়ি রক্ষা করা যায় সেজন্য ঢোল সওরত করা হোক বা অঞ্চল প্রধান বা অঞ্চলের অধ্যক্ষের মারফত বিলি করার ব্যবস্থা হোক যাতে এই নোটিশগুলি তাড়াতাড়ি ভাগচাষীদের কাছে পৌছায় এবং কৃষকরা সুযোগটা নিতে পারে। নইলে এই যে জমি বিলি করা হয়েছিল আগের বছর জে, এল, আর, ও, মারফত যে সমস্ত জমি তারা চাষ করে আসছিল তাদের হঠাৎ এই জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। এবং নূতন লোককে সেই জমি বন্দোবস্ত করে দেওয়া হচ্ছে কারণ তারা বিশেষ টাকা দেয় নি। কিম্বা—ঐ যে সাঁওতাল চাষীদের কথা বলছিলাম, তারা কয়েক হাজার টাকা সরকারকে দিয়েছিল কিন্তু তাদের কোন রশিদ দেওয়া হয় নি। এই সমস্ত নিরক্ষর চাষী যারা আইনের কথা বোঝেনা, যারা সহজ লোকের কথায় ভুলে যায়, যারা সহজ ভদ্রলোকের কথায় ভুলে যায়, তারা এইভাবে বঞ্চিত হয়। সুতরাং আজকে আমাদের যে সরকার গঠিত হয়েছে প্রিয় জনপ্রতিনিধি দিয়ে এবং স্থানীয় কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য আমাদের যাঁরা এম. এল. এ. আছেন ও স্থানীয় কর্মী যাঁরা আছেন তাঁদের নিয়ে একটি কমিটি গঠন করা হোক যাতে সত্যিকারের ভাগচাষী ও ভূমিহীন চাষীদের স্বার্থ রক্ষা করা যায়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅরবিন্দ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বহু সমস্যা জর্জরিত বাংলাদেশে যখন একটা স্থায়ী প্রগতিশীল সরকার গঠিত হয়েছে, আজকে পশ্চিমবাংলায় যখন আইনশৃঙ্খলার পথে একটা জনপ্রিয় সরকার সুপ্রতিষ্ঠিত হয়েছে, আজকে পশ্চিমবাংলায় কৃষকদের বে-আইনী আন্দোলন যখন স্তিমিত, এমনি এক মুহূর্তে আমাদের দল সরকারের বিভাগীয় মন্ত্রিমহাশয়ের তরফ থেকে ভূমিসংস্কার সংশোধন বিল, ১৯৭২, আনা হয়েছে তাকে আমি পূর্ণ স্বাগত জানাই,

পূর্ণভাবে তাকে সমর্থন জানাই। উপাধ্যক্ষ মহাশয়, নির্বাচনের প্রাক্কালে আমরা গ্রামে গ্রামে, এলাকায় এলাকায় মানুষের কাছে যেটা রেখেছিলাম, যে বক্তব্য রেখেছিলাম সেটা হল এই যে আমরা চাই পশ্চিমবঙ্গে একটা আইনের শাসন প্রতিষ্ঠিত হোক। বিগত দিনে এই সমস্ত কৃষক ভাইদের নিয়ে যে রক্তের হুলী খেলা চলছিল, এই সমস্ত নীরিহ শান্তিপ্রিয় কৃষক ভাইদের নিয়ে যে সস্তার রাজনীতি চালান হয়েছিল, আমরা সেখানে এই সমস্ত চাষী ভাইদের, কৃষক ভাইদের বলেছিলাম যে আমাদের আইনের অনুশাসনের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় একটা শান্তিপূর্ণ স্থায়ী সরকার গঠন করবো। তাই এই স্থায়ী প্রগতিশীল সরকারের তরফ থেকে এই বিলটা, যে বিলটার জন্য আমরা বহুদিন অপেক্ষা করছিলাম, অত্যন্ত জরুরী বিল, অন্যান্য সমস্যা রয়েছে পশ্চিমবাংলায় কিন্তু বড় সমস্যা হচ্ছে এই ভূমি সমস্যা। বিশেষ করে সুন্দরবন এলাকা থেকে আমরা প্রতিনিধি হয়ে এসেছি, আমরা জানি এই সুন্দরবন এলাকার মানুষের যে ক্ষুধা সেই ক্ষুধা হল জমির ক্ষুধা। এই জমির ক্ষুধা যদি মিটান যায় তাহলে দেখবেন বিগত দিনে যে রাজনীতির খেলা চলছিল বিগত দিনে যে হুলী খেলা, অকারণে সুন্দরবনের মাটি লাল করে তোলা। এই জিনিষ নিশ্চয়ই আর আগামী দিনে হবে না। তাই আজকে এই ভূমিসংস্কার বিলটা আনবার সঙ্গে সঙ্গে আমাদের যিনি বিভাগীয় মন্ত্রী তিনি বলেছেন জনকল্যাণকামী কৃষকের স্বার্থে কোন আইন প্রয়োজন হয় তাহলে এটা বিধানসভার মধ্য দিয়ে আনতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে কৃষক ভাইদের আশীর্বাদ নিয়ে তাদের প্রতিনিধি হিসাবে এখানে এসেছি, তার সার্থক রূপায়ণ ঘটবে। আজকে এই জিনিষটা আমি এই ভূমিসংস্কার আইনের অনুকূলে দাবী করবো সঙ্গে সঙ্গে সংশোধন দেবার সেটা হল যে ভাগচাষীদের ক্ষেত্রে আমাদের বিভাগীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন যে প্রকৃত ভাগচাষী তারা ৭৫ ভাগ পাবে, আর মালিকরা পাবে ২৫ ভাগ। আর সিলিং যেটা বেঁধে দেওয়া হচ্ছে এই সিলিং-এর উর্ধে এক ছটাক জমিও কেউ রাখতে পারবে না। তাদেরকে জমি-চোরদের মধ্যে ফেলা হবে। আমি অভিনন্দন জানাই তাঁকে যে এই আইন যা করা হয়েছে তাতে তাদের দণ্ডিত করা হবে। কিন্তু তিক্ত অভিজ্ঞতা দ্বারা আমরা যে জিনিষ অনুভব করেছি, যে জিনিষ আমরা দেখেছি সেটা হল এই যে হাজার হাজার বিঘা জমি যারা ভোগ করে রিসিভার বা কেয়ারটেকার হিসাবে কোর্টের তরফ থেকে একটা আইন করে মামলা করে তারা ঐ হাজার বিঘা দখল করে রেখে দিচ্ছে।

[ 4-50—5-00 p.m. ]

আজকে আমরা জানি কেমন করে কোন্ কোন্ ব্যক্তি জমি বেনাম করে রেখেছে। এটা অত্যন্ত দুর্ভাগ্য যে আইনের কারচুপির ফলে আইনের এই সমস্ত ফ্যাকড়ার ফলে এই বেনামী ধরা যাচ্ছে না। ফলে কারও নামে ৪০ বিঘা, কারও নামে ৫০ বিঘা সিলিং-এর মধ্যেই রেখে দিচ্ছে। ছাগল, কুকুর, ভেড়া ইত্যাদি প্রত্যেকের নামে হাজার হাজার বিঘা জমি রেখে দিচ্ছে এবং আজও বহাল তবিয়তে তারা সেই সব জমি ভোগদখল করে যাচ্ছে। দেখা যাচ্ছে কারও নামে রয়েছে ২২০০ বিঘা এবং সেই সমস্ত বহাল তবিয়তে ভোগ দখল করছে। আমি স্যার, নাম করে বলতে পারি অতুল সাউ এই রকমভাবে ১৪০০ বিঘা জমি ভোগদখল করছে। আর ভূমিহীন যারা তারা জমি পাচ্ছে না। আমি জানি না উর্ধতন কর্তৃপক্ষের কোন রকম নির্দেশ থাকে কিনা থানার ও.সি. কিছু করে না চাষীরা হয়রানি হয়। সুতরাং এই সমস্তের যদি প্রতিকার না হয় তাহলে এ নিয়ে ভূমিহীনদের মধ্যে বিক্ষোভ থাকবে। বিভাগীয় মন্ত্রিমহাশয় যিনি এই বিল এনেছেন আমি তাঁকে অনুরোধ জানাবো যে ভাগচাষী সে রেকর্ডেড হউক আর আনরেকর্ডেড হউক তাকে স্বীকৃতি দিতে হবে এবং একথা বলে এই বিলকে স্বাগত জানাচ্ছি কিন্তু সাথে সাথে একথাও জানাই যে

রেজেষ্ট্রিকৃত কৃসি মজুরী কবুলতি দেওয়া চাষীকে ভাগচাষী সাব্যস্ত করতে হবে। সাদা কাগজে বা ষ্ট্যাম্প ও জমির উপর স্বাক্ষর করে কবুলতি দেওয়া চাষীকে স্থানীয় প্রমাণ সাপেক্ষে ভাগচাষী সাব্যস্ত করতে হবে। যে সমস্ত জমি স্থানীয় ভাগচাষীরা কয়েক বৎসর যাবৎ বরাবর ভাগে চাষ আবাদ করে আসছে, বহুক্ষেত্রে সেই সকল জমি নিজেদের লোকের নামে গোপনে ভাগ রেকর্ড করে রেখেছে। এইরূপ রেকর্ডভুক্ত সেই সকল লোক কোন দিন সেই জমি চাষ আবাদ বা দখল করে না। একপক্ষেত্রে জমির প্রকৃত চাষীকে স্থানীয় প্রমাণ সাপেক্ষে ভাগচাষী সাব্যস্ত করতে হবে।

বেনাম জমির ব্যাপারে শুধু এটুকু বলতে চাই যে সমস্ত বেনাম জমি স্থানীয় প্রমাণের দ্বারা সেটেল্‌মেন্ট অফিসারের বিচারে ভেষ্টেড হয়েছে, জোতদারেরা উক্ত বেনামদারদের দ্বারা মিথ্যা মামলা রুজু করিয়ে সেই সকল জমির উপর ইনজাংশন দিয়ে বিলি বন্দোবস্ত করিয়েছে। এই ইনজাংশন আদেশ বাতিল করতে হবে। তা না করলে ভাগচাষীদের অধিকার দেওয়া যাবে না। তাহলে আমরা গরিবী হঠাবার যে কর্মসূচী নিয়েছি এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠার পথে এগিয়ে যেতে চাচ্ছি সেটা ব্যাহত হবে। আমি আশাকরি আমি যে কথাগুলি আপনার এখানে রাখলাম ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় এদিকে লক্ষ্য দেবেন। এই কথা বলে বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমধুসূদন রায়ঃ** স্পীকার স্যার, আজকে ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্ম Bill যেটা এসেছে, সেটা আমি সমর্থন করছি। কারণ এই যে সেকশন আট, যেটা এ্যামেণ্ড করা হয়েছে এর জন্য আমি অত্যন্ত আনন্দিত। আগেকার সেকশনে (সেকশন ৮-তে) প্রিএমশনের মামলাগুলি, হক সুভার মামলাগুলিতে কো-শেয়ারারদের প্রেফারেন্স ছিল, এই হক সভার প্রিএমশন কেসগুলি আগে রেভিনিউ অফিসারদের কাছে, যারা স্পেশালি এমপাওয়ার্ড, তাদের কাছে হত। তাতে দেখা যেত কতকগুলি জমির মালিক কষ্ট-প্রাইসে জমি বিক্রী না করে কিছু বেশী দাম নিয়ে অন্য লোকদের কাছে বিক্রী করে দিত, ক্রেতা ৫০০ টাকার জমি ৭০০ টাকায় কিনে বসে থাকত। বাধ্য হয়ে যে অংশীদার প্রিএমশনের জন্য স্পেশালি এমপাওয়ার্ড অফিসারের কাছে কেসগুলি ফাইল করত। এখন ৭০০ টাকার জমি ৭০০ টাকায় রেকর্ড করাতে আইনে যে নিয়ম আছে সে অনুযায়ী তার উপর টেন পার্সেণ্ট কষ্ট ধরে, ৭০০ টাকার জমি ৭৭০ টাকা লিখিয়ে তবে ফাইল করতে হয়। আমি আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি এই সব কেস অনেক ক্ষেত্রেই দু'তিন বছর চলে, ফলে ক্রেতা এই তিন বছর এই জমির ফসল তো' ভোগ করেই, আর দামও বেশী লেখানোর জন্য লাভবান হয়, তারপরে হয়ত রায় বেরোয়।

অর্থাৎ দুদিকে সে ফসল লাভ করছে তিন বছর ধরে আবার ২০০ টাকা দাম বেশী পাচ্ছে। এবার সেখানে এ্যামেণ্ড করে for the words "Revenue Officer specially empowered by the State Government in this behalf" the words "Munsif having territorial jurisdiction" shall be substituted.

এটা করা হয়েছে। মুনসিফ-এর কাছে এটা দেওয়া হয়েছে অর্থাৎ জুডিসিয়াল ডিপার্টমেণ্টের উপর এই যে কেসগুলির দায়িত্ব দেওয়া হয়েছে তাতে বিচার বিভাগের কাছ থেকে আমরা সুবিচার আশা করতে পারি এবং সেই জন্য ভূমিসংস্কারের যে সংশোধনী বিল এসেছে সেটাকে আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি আর একটা কথা যা বলতে চাই সেটা হচ্ছে একদিকে যেমন এ্যামেণ্ড করে জুডিসিয়াল ডিপার্টমেণ্টের উপর ভার দেওয়া হোল আবার অন্য দিকে সেকসন নাইনটিন এ্যামেণ্ড করে বিচার বিভাগের কাছ থেকে তাদের অধিকার খর্ব করে একজিকিউটিভ

ডিপার্টমেন্টের উপর দেওয়া হোল। সেকসন নাইনটিন ছিল অ্যাপিল অব দি ভাগচাষ কেসেস এবং এগুলি আগে মুনসিফরা করতেন। কিন্তু এই এ্যামেণ্ডমেণ্ট দেখা যাচ্ছে এটা সাবডিভিসনাল অফিসাররা করবেন। আমার মনে হয় ভূমি রাজস্বমন্ত্রী প্লাস এবং মাইনাস করে দুই বিভাগকেই সন্তুষ্ট রাখছেন। সেকসন এইট—এতে মুনসিফকে পাওয়ার দিলেন আবার সেকসন নাইনটিন এ্যামেণ্ড করে জুডিসিয়াল ডিপার্টমেণ্ট-এর যে পাওয়ার সেটা কেটে দিলেন এবং এইভাবে তিনি বোধহয় একটা ব্যালেন্স করলেন। যাহোক, ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যখন বলেছেন তিনি একটা কমপ্রিহেনসিভ বিল আনবেন তখন তাঁর কাছে আমার অনুরোধ হচ্ছে সেকসন নাইনটিন অর্থাৎ যেটা ভাগচাষের এ্যাপিল সেগুলি যেন মুনসিফ-এর কাছে দেওয়া হয়। কারণ আমরা দেখেছি এস. ডি. ও-র কাছে যখন ভাগচাষের কেসের এ্যাপিল ফাইল করা হয় তখন বছরের পর বছর সেই কেসগুলি পড়ে থাকে এবং কেসগুলির অর্ডার সিটে লেখা থাকে ডি. এম. ইজ আউট অন ডিউটি অথবা লেখা থাকে ডি. এম. ইজ আদারওয়াইস্ বিজি অন এত। এইভাবে এই কেসগুলির ক্ষেত্রে দেখা যায় বছরের পর বছর চলে যাচ্ছে। কাজেই আমি মন্ত্রিমহাশয়ের কাছে এই অনুরোধ রাখছি যে, ভাগচাষের এ্যাপিলগুলো যেন জুডিসিয়াল ডিপার্টমেণ্টের উপর ভার দেওয়া হয়। আমি আর একটা কারণে এই বিলকে সমর্থন করছি এবং সেটা হচ্ছে ইনসারসন অব এ নিউ চাপটার টু বি। আগে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট এ্যাক্ট এ্যাকুইজিসন এ্যাক্ট অনুযায়ী এক একজনকে ব্যক্তিভিত্তিক জমি দেওয়া হোত অর্থাৎ ৭৫ বিঘা করে জমি রাখতে পারতেন। এই নূতন সেকশন বসাবার জন্য ফ্যামিলি সিলিং হোল। ফ্যামিলি সিলিং-এ কিছু কিছু জমি কমে আসছে। আগে যখন এক একজন ৭৫ বিঘা করে জমি রাখতে পারতেন তখন দেখা যেত জমির মালিকরা তাদের ছেলের নামে, বৌয়ের নামে, পোষা কুকুরের নামে পর্যন্ত জমি রাখতেন। এই সেকসন দেবার জন্য জমির মালিকদের সেই সুযোগ নষ্ট হয়েছে। এইজন্যও আমি এই বিলকে সমর্থন করছি। আইনে কিন্তু আর একটা ফাঁক আছে। একজন ব্যক্তি ২৬ বিঘা পর্যন্ত জমি রাখতেন অর্থাৎ যদি তার স্ত্রী বা কেউ না থাকে তাহলে তিনি ২৬ বিঘা পর্যন্ত জমি রাখতে পারতেন। আগামী ৩১শে মে পর্যন্ত ৭নং ফর্মে দাখিল করা আছে, কাজেই ৩১শে মে পর্যন্ত অনেক মালিক আছেন যাঁরা বিয়ে করেছেন এবং একজনের বেশী হলে সেখানে ৫২ বিঘা পর্যন্ত রাখতে পারছেন। আমার মনে হয় অনেক মাননীয় সদস্য আছেন যাঁরা ৩১শে মের আগে এই ধরনের বিয়ের নিমন্ত্রন পাবেন। আর একটা জিনিস হচ্ছে এই এ্যামেণ্ডমেণ্টের মধ্যে রুলস্ চেঞ্জ করা উচিত ছিল। ভাগচাষের মামলাগুলি ফাইল করার অধিকার ছিল রুলস্ সিক্স (থি) তে। কিন্তু এই যে সাচ্ এ্যাপ্লিকেসন মে বি প্রেজেনটেড বাই দি এ্যাপ্লিক্যাণ্ট অর বাই হিজ এজেণ্ট বলা হয়েছে এই এজেণ্ট একটা ভেগ কথা। এই এজেণ্ট হচ্ছেন কারা? দেখা গেছে এই এজেণ্ট হচ্ছেন তথাকথিত পলিটিক্যাল পার্টির নেতারা। অসৎ উদ্দেশ্যে যে ভাগচাষের মামলা করছে এরকম বহু উদাহরণ আমি মেকলিগঞ্জের দিতে পারি। সেখানে ভাগচাষীর পক্ষে জবাব দিচ্ছে কি, না, যুক্তফ্রণ্টের আমলে ইহা বেনামী বলিয়া ঘোষিত হইয়াছে। অর্থাৎ যুক্তফ্রণ্টের আমলে আধা গজ শালু কিনে জমির উপর পুতে দিয়েছে বেনামী বলে। এইভাবে পলিটিক্যাল পার্টির তথাকথিত নেতারা ভাগচাষ মামলাগুলি করেছে। কাজেই এজেণ্টের ডেফিনেসন ক্লিয়ার না হবার জন্য ভাগচাষীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হচ্ছে এবং তাদের অধিকার থেকে তারা বঞ্চিত হচ্ছে। যাহোক, মন্ত্রিমহাশয় যখন বলেছেন তিনি একটা কমপ্রিহেনসিভ বিল আনবেন তখন তার প্রতি দৃষ্টি রেখে আমি এই সংশোধনী বিল সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[ 5-00—5-10 p.m. ]

**ডাঃ ওমর আলি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় ভূমি ও ভূমি সদ্ব্যবহার

মন্ত্রী ভূমিসংস্কার সংশোধনী বিলটা এনেছেন, এনে তিনি দাবী করেছেন যে এই বিলটা একটা ঐতিহাসিক বিল এবং কয়েকজন মাননীয় সদস্য এই বিলের উপর আলোচনা করতে গিয়ে, তাঁরাও দাবী করেছেন যে এই বিলটা নাকি সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গঠণের দিকে অগ্রগতির পথ নির্দিষ্ট করছে। যাহোক, সেই প্রসঙ্গে কয়েকটি কথা আমি এখানে বলতে চাই। আপাততঃ ভূমিসংস্কার বলতে যা আমরা বুঝি তা হলো এই এমন একটা সংস্কার যে সংস্কারের মধ্যে দিয়ে যে কৃষক জমি চাষ করে সে যেন জমির মালিক হতে পারে। আমি আরও বুঝি যাতে জমিজমার ব্যাপারে কয়েকজন চাষীর একচেটিয়া কর্তৃত্বের বিলোপ ঘটানো যায় যাতে ভূমিহীনকে জমি দেওয়া যায়, যাতে জমির চোরাকারবারী বন্ধ করা যায়, যাতে কৃষক উচ্ছেদ বন্ধ করা যায়, যাতে অভাবের দায়ে বা সন্দেহজনক উপায়ে হস্তান্তরিত জমি আবার ফিরিয়ে দেওয়া যায় এবং যাতে কৃষকের মনে এমন একটা উৎসাহ সৃষ্টি করা যায় যার ফলে কৃষি পুর্নগঠণ হতে পারে। এই দৃষ্টিভঙ্গী থেকে যদি এই বিলটা বিচার করে দেখা যায় তাহলে দেখা যাবে এই বিলটা সম্পূর্ণ নয়, অসম্পুর্ণ। অনেকগুলো কারণে এই অসম্পূর্ণতা থেকে গেছে আমি সেই রকম কয়েকটি বিষয়ের প্রতি সংক্ষিপ্ত ভাবে আলোচনা করছি। এই বিলে যে সমস্ত বিধান দেওয়া রয়েছে—এই বিধানে কিন্তু কৃষকদের উপর থেকে যে সামন্ত শোষণ চলে, তার অবসান হবে না, কারণ ভাগচাষীদের পক্ষে যে বক্তব্যই বলা হোক না কেন, উচ্ছেদের বিরুদ্ধে যা বক্তব্য বলা হোক, ভাগের ব্যাপারে যা বক্তব্য বলা হোক, তার বেশীর ভাগ যে কার্যকরী হয় না, সেই অভিজ্ঞতা আমাদের সকলের আছে। সুতরাং আইনের ফাঁক দিয়ে আইনকে কার্যকরী না করে, কার্যকরী না হতে দিয়ে যে শোষণ ভাগচাষীদের উপর চলে, সেই শোষণ চলতে থাকবে, ভাগচাষীদের উচ্ছেদ ঠেকানো যাবে না এই আইনের ধারাগুলির মধ্যে দিয়ে। জমি বের করে আনার কথা বলা হয়েছে মন্ত্রিমহাশয় তাঁর বিলে বলেছেন যে ২/৩ তিন লক্ষ একর জমি বেরিয়ে আসবে, যে জমি ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা সম্ভব হবে। এর আগে যখন ভূমিসংস্কার আইন পাশ হয়েছিল এবং তার আগে যখন জমিদারী দখল আইন পাশ হয়েছিল ১৯৫৩ সালে তখনও এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে ১১লক্ষ, ১২ লক্ষ একর জমি বেরিয়ে আসবে ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করার জন্য। কিন্তু বাস্তবে দেখা গেছে যে খুব কম পরিমাণ জমি বেরিয়ে এসেছে এবং যা বেরিয়ে এসেছে তাও পুরোপুরি কৃষকদের হাতে তুলে দেওয়া সম্ভব হয়নি আইন পাশ হবার ১৭।১৮ বছর পরেও। একটা তথ্য আছে যা সরকারীভাবে স্বীকার করে নেওয়া হয়েছে যে ১৯৭১ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট ৮লক্ষ ৩হাজার ৪১৫ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। অথচ তারও মধ্যে ১লক্ষ ৭০ হাজার ৭৪৬ একর জমি ইনজাংশন এবং বিভিন্ন কোর্টে কেসে আটকে রয়েছে। জমির মালিকরা এই জমি ভোগ করছে, এই জমি কৃষকদের হাতে তুলে দেওয়া যায় নি। এবারে আইনের বিধানে পরিবারের বয়স্ক পুত্র, বিবাহিত পুত্র, এদের পৃথক পরিবারভুক্ত করার যে বিধান হয়েছে, তার ফলে অনেক জমি কয়েকজন লোকের হাতে জমা থেকে যাবে।

যে জমি বেরিয়ে আসতে পারতো, সে জমি আর বেরিয়ে আসবে না।

তাছাড়া জমি ছাড় দেওয়ার ব্যাপার রয়েছে। এই exemption-এর ব্যাপার নিয়ে বহুবার বহু আলোচনা হয়েছে। গত আইনের সবচেয়ে বড় ত্রুটি ছিল তাতে এমনভাবে ছাড় দেওয়া হয়েছিল যে সেই ছাড়ের মধ্য দিয়ে লক্ষ লক্ষ একর জমি জোতদাররা নিজেদের দখলে রাখতে পারতো। এবারও তাকে পুরোপুরি সংশোধন করা হয় নাই ছাড় দারুনভাবে কমিয়ে দেওয়া হয় নাই। এখানে ফলের বাগান ছাড় দেওয়া হচ্ছে, পুকুর, মেছোঘেরী, দেবত্তর ইত্যাদি এইসমস্ত জমি ছাড় দেওয়া হয়েছে। চা-বাগানের মালিকের অধিনে যে ৫লক্ষ একর জমি রয়েছে, তা বের করে এনে ভূমিহীনদের বিলি করা সম্ভব হতো। এই আইনের মধ্যে সেই চাবাগানের জমি বের

করবার ব্যবস্থা নাই। হিসেব করলে দেখা যাবে এত জমি আটক থাকবে যে শেষ পর্যন্ত ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করবার জমিই পাওয়া যাবে না।

এর উপর আবার সেচ ও অসেচ এলাকার যে ব্যাখ্যা দেওয়া হচ্ছে, কেন্দ্রীয় কৃষি ও সেচ মন্ত্রকের ব্যাখ্যায় যে তফাৎ তাকে কেন্দ্র করে আসল ভূমিসংস্কার আইনকে বানচাল করবার চেষ্টা হচ্ছে। এখানে বলা হয়েছে সরকারীভাবে সেচ ও বে-সরকারী সেচ। বর্তমানে বে-সরকারী সেচের দারুন বিস্তৃতি ঘটেছে। শ্যালোটিউবওয়েলের মাধ্যমে গ্রামে গ্রামে যে বে-সরকারী সেচ চলছে, তাতে করে গ্রামের বিত্তবান চাষীরা সেচের ব্যবস্থা করতে পারবেন। এই বে-সরকারী সেচের জমিকে এই আইনের আওতার মধ্যে আনা হচ্ছে না। শুধু সরকারী সেচের জমিকে ধরা হচ্ছে। এরফলে গ্রামের বিত্তবান ব্যক্তিরা বহু জমি নিজের দখলে রেখে দেবার সুযোগ পাবে। এই বিলে তার প্রতিবিধানের কোন ব্যবস্থা নাই।

১৯৫৩ সালের ৫ই মের আগে যে লক্ষ লক্ষ একর জমি জোতদাররা নানাভাবে এধার ওধার করে দিয়েছে বেনামী করেছে তাও ধরবার ব্যবস্থা এই বিলে নাই। যেহেতু জমিদারদের তখন ক্ষমতা ছিল আনরেজিষ্টার্ড পাট্টার মাধ্যমে জমি হস্তান্তর করতে পারতো। সেই জন্য বিগত সেটেলমেণ্টের সময় ১৯৪৮ বা ১৯৪৯ সালের তারিখে যে পাট্টা ছিল তার সাপোর্টে পুরান চেক দাখিলা দেখিয়ে নাম রেকর্ড করে নিল। এইভাবে লক্ষ লক্ষ একর জমি বাইরে থেকে গেল। আমরা দেখেছি এই জমির ধান অমুক বাড়ীতে যাচ্ছে। সেটা ধরা হলে দেখা গেল ১৯৪৮ সালের বা ১৯৪৯ সালের পাট্টা আছে। বুঝেও এই জমি ধরা যাচ্ছে না। এই সম্পর্কে একটা উপযুক্ত ব্যবস্থা করা দরকার। কিন্তু এই বিলের মধ্যে তার কোন বিধান নাই। গত সেটেলমেণ্টের সময় অনেকরকম কারচুপি হয়েছে। মধ্যস্বত্বের অনেক জমি রায়তি জমি বলে রেকর্ড হয়ে গেছে। এছাড়া আরো দুটো জিনিষ আছে জমি উদ্ধার করবার পর বিলি করার কথা বলা হয়েছে। এই বিলি করবার ব্যাপারে বলা হয়েছে যারা ভাগচাষী থাকবে এবং জমি যাদের দখলে থাকবে, তাদেরকেই জমি দেওয়া হবে। এটা ঠিক পদ্ধতি নয়। আগে একজন ভাগচাষী ছিল, এখন আর নেই, জোতদার তাকে উচ্ছেদ করে কিছুদিন আগে তার পেটোয়া কোন লোককে বসিয়েছে, এখন সে ভাগ্যবান হয়েগেল, জমি পেল। কিন্তু আসলে যে ভূমিহীন, যে কিছু আগে ভাগচাষী ছিল, সে আর জমি পেল না। এই বিধানের পরিবর্ত্তন করা দরকার। তাছাড়া রায়তি দেওয়ার প্রশ্নে Conditional করার দরকার আছে। তা নাহলে সব মালিকের হাতে চলে যাবে।

[5-10 - 5-20p.m.]

আমি শেষ কথা বলছি এই যে আইন এর মধ্যে ভাল দিক নিশ্চয়ই আছে, গত ভূমিসংস্কার আইন বা তার সংশোধনীর চেয়ে প্রগতিশীল এইটা অনেক বেশী। এবং এইটা কৃষকদের উৎসাহিত করবে তাতে সন্দেহ নাই কিন্তু এটা প্রয়োগ করা সব চেয়ে বেশী গোলমেলে হবে। কারণ প্রয়োগের ব্যাপার সেই আমলাতন্ত্রের উপর। এবং এই শাসন যন্ত্রের উপর ভরসা কৃষকের নাই। তাই ভূমি বণ্টন ব্যবস্থা এমন ভাবে করতে হবে যাতে কৃষকরা উৎসাহ পায় এবং বণ্টনের ব্যাপারে কোন অসুবিধা না হয়। সেখানে আমলাদের উপর বণ্টন ব্যবস্থা না রেখে আমাদের কয়েকজন সদস্য যে সংশোধনী দিয়েছেন যে কৃষক সংগঠনের দ্বারা মজদুর সংগঠনের দ্বারা বা এই সব সংগঠন এবং বিভিন্ন রাজনৈতিক দলের মাধ্যমে যদি বণ্টন কমিটি করা যায় তাহলে আইনটার সাহায্যে সত্যিকারের ভূমিহীনরা জমি পাবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এবং আশা করব যে আগামী দিনে তিনি আরও অনেক সংশোধন করে আমাদের মন্তব্যগুলি মেনে একটা পুণাঙ্গ বিল আনবেন।

**Shri Sheikh Sharafat Hussain :**

डिप्टी स्पीकर सर, मैं आपके सामने आपके माध्यम से डिपार्टमेन्ट को दृष्टि आकृष्ट करना चाहूँगा, वेस्ट दिनाजपुर डिस्ट्रिक्ट के इस्लामपुर सब डिविजन की तरफ से।

ये इस्लामपुर सब डिविजन १ नम्बर १९५६ में बिहार का इलाका था। उसी दिन यह ट्रान्सफर होके बंगाल में आया। जब यह इलाका बंगाल में आया तो हम लोगों को इस्लामपुर सब डिविजन वालों को बहुत सी उम्मी दें दिलाई गई। इसके साथ-साथ हम लोगों को बहुत सा सब्जबाग दिखाया गया। लेकिन ज्यों-ज्यों दिन बितता गया, हमलोग आहिस्ता-आहिस्ता गिरते गए। उसके बाद बजाय सब्जबाग के वहाँ के लोग धीरे-धीरे पस्त होते गए। शायद स्पीकर सर, आपको मालूम होगा जो जमाना गुजरा सन् १९६४ और सन् १९६५ का, उसमें इस्लामपुर सब डिविजन में आंधी वह गईतुफान वह गया, वहां को माइनारिटियों पर। जिसका मिशाल खोजने पर भी और कहीं शायदन मिले।

इस्लामपूर सब डिविजन माइनारिटी प्रधान इलाका है। वहां ज्यादा तादद में माइनारिटी के लोग रहते हैं। वह इलाका जो बिहार से ट्रान्सफर होकर बंगाल में आया है, वह इलाका स्टेट रिऑर्गेनाइजेशन कमिशन की रिपोर्ट के अनुसार ही आया है। उसके बारे में स्पीकर सर, मैं आपके माध्यम से डिटेल में पढ़कर सुनाना चाहता हूँ कि हम इस्लामपुर सब डिवजन वालों के साथ क्या-क्या वादा किया गया था ?
While making this recommendation we have to take note of the fact that certin portions of Islampur Sub-division is pre-dominantly inhabited by Muslims who would be concerned by transfer of this area to West Bengal on the ground that linguistic and cultural rights might suffer and that the possible settlement of the displaced persons from East Bengal might dislocate their lives. It would therefore be necessary for the West Bengal Government to take effective steps such as, the recognition of special provision of Urdu in this area for education and official purpose.

मैं डि० स्पीकर सर, इस लाइन पर जोर देना चाहता हूं। The density of population in this area is such that there is little scope for any re-settlement of the displaced persons The West Bengal Government would, therefore, do well to make a clear announcement to the

effect that no such re-settlement would be undertaken. This Act would go a long way in our opinion in dispelling the doubts and fears सर, आपके माध्यम से यही कहना चाहता हूँ कि बजाय इसके वहाँ के लोगों के साथ जो शलूक करने के लिए वाद किया गया, उसका उल्टा वहाँ बहुत ज्यादा जूल्म किया गया। सन् १९६४ के वाद वहाँ ऐसे षड़यन्त्र चले कि मैं कहूँगा इसके लिए वहाँ जो गवर्नमेन्ट थी, वह दायी थी।

मेरे कहने का मतलब यह है कि जिस के पास दो बीघा जमीन थी-चार बीघा जमीन थी-पाँच बीघा जमीन थी या दश बीघा जमीन थी—अण्डर सिलिंग लैण्ड था, उस पर जबरदस्ती कब्जा कर लिया गया। कुछ लोग रातों रात बाहर से आदमी मंगाकर जबरदस्ती कब्जा कर लिए। ऐसे जमीनों पर कब्जा ही नहीं किया गया बल्कि इस्लामपुर सब डिविजन में वहाँ के अभाटों को लाकर उनपर डी० आई० आर० का प्रयोग किया गया। इसके लिए मैं गवर्नमेन्ट से अपील करूँगा। इस्लामपुर सब डिविजन में इतने ज्यादे लोग अरेस्ट हुए कि शायद ही वेस्ट बंगाल में कहीं लोग अरेस्ट हुए होंगे। उसके वाद भी वहाँ के लोगों की जमीनें—माइनारटियों की, दो बीघा चार बीघा जो अण्डर सिलिंग लैण्ड था, उस पर जबरदस्ती कब्जा कर लिया गया। जिसका एक और मिशाल मैं आपके सामने पेश करना चाहता हूँ।

मुहम्मद हुसैन के पास ६ एकड़ ७० डिसमिल जमीन थी, उसमें से एक एकड़ १४ डिसमिल पर दूसरे ने कब्जा कर लिया।

मुहम्मद इशाक के पास २ एकड़ ६० डिसमिल जमीन थी, जिसमें से ६० डिस्मिल पर दूसरे ने कब्जा कर लिया।

मुहम्मद यूसूफ के पास एक एकड़ ६६ डिस्मिल जमीन थी, उसमें से एक एकड़ ६६ डिस्मिल पर दूसरे आदमी ने कब्जा कर लिया।

मुहम्मद वसीरूद्दीन के पास टोटल लैण्ड एक एकड़ ६६ डिस्मिल था, जिसमें एक ६६ डिस्मिल पर दुसरे ने कब्जा कर लिया।

मुहम्मद फारूकी के पास चार एकड़ १६ डिस्मिल जमीन थी, जिसमें से १ एकड़ ८४ डिस्मिल पर दुसरे ने कब्जा कर लिया।

अब्दुल रजीक के पास १० एकड़ १८ डिस्मिल जमीन थी, जिसमें से ३ एकड़ ५८ डिस्मिल पर दुसरे आदमी ने कब्जा कर लिया।

मुसम्मात सुल्ताना खातून के पास ८ एकड़ २ ढिस्मिल जमीन थी, जिसमें से ३ एकड़ ५३ ढिस्मिल पर दुसरे ने कब्जा कर लिया।

मुहम्मद नोआमन के पास १२ एकड़ ७० डिस्मिल जमीन थी, जिसमें से १ एकड़ ७८ डिस्मिल पर दुसरे आदमी ने कब्जा कर लिया।

मुसम्मात हफ्सा खातून के पास टोटल लैण्ड ६ एकड़ १३ डिस्मिल था, जिसमें से ६६ डिस्मिल पर दुसरे ने कब्जा कर लिया।

मुसम्मात सफूरा खातून के पास ८ एकड़ २५ डिस्मिल जमीन थी, जिसमें से ५ एकड़ ८२ डिस्मिल पर दुसरे आदमी ने कब्जा कर लिया।

मुसम्मात मोमीना खातून के पास १३ एकड़ ५ डिस्मिल जमीन थी, जिसमें से ३ एकड़ पर दुसरे ने कब्जा कर लिया।

मुसम्मात हवीवा खातून के पास १२ एकड़ ५६ डिस्मिल जमीन थी, जिसमें से ३ एकड़ जमीन पर दुसरे ने कब्जा कर लिया।

मुसम्मात ताहेरा खातून के पास चार एकड़ ८३ डि० जमीन थी, जिसमें से एक एकड़ २६ डि० पर दुसरे ने कब्जा कर लिया।

गियासद्दीन के पास १६ एकड़ ३७ डिस्मिल जमीन थी, जिसमें से चार एकड़ पर दुसरे आदमी ने कब्जा कर लिया।

सायरा खातून के पास टोटल लैण्ड ८ एकड़ ६० डिस्मिल था, जिसमें से २ एकड़ लेण्ड पर दुसरे ने कब्जा कर लिया।

मुसम्मात कलुआनी के पास कुल २ एकड़ जमीन थी, जिसमें पूरे दो एकड़ पर ही दुसरे आदमी ने कब्जा कर लिया।

स्पीकर सर, मैं यही कहना चाहता हुँ कि उस तरह की वहुत सी मिशालें हैं, जिनको सामय न रहने की वजह से मैं आपके सामने पेश नहीं करपा रहा हुं। मैं अपील करूंगा कि लैण्ड रेभन्यु डिपार्टमेन्ट के मिनिस्टर साहव इस्लामपुर सव डिविजन में स्पेशल कैम्प वन्दोवस्त करें और पहले की गवर्नमेन्ट जो इसके लिए दायी है, उसका संशोधन अव करना चाहिए।

पहले इस्लामपुर सब डिविजन से कांग्रेसी ही चुनकर आते थे, मगर बीच में वहाँ के लोग कांग्रेस को भूल गए थे। अब श्रीमती इन्दिरा गांधी की नीति पर आसरा करते हुए, इस्लामपुर सब डिविजन की तीनों सीटों पर कांग्रेसी ही चुनकर आये हैं। वहाँ के लोगों को पूरी उम्मीद है कि उनके साथ इन्साफ किया जायगा। इस लिए डि० स्पीकर सहब, आपके माध्यम से आपील करूंगा कि लैण्ड रेभन्यू डिपार्टमेन्ट वहाँ पर स्पेशल कैम्प-कोर्ट कायम करे ताकि जो गल्तियाँ हुई हैं, उनका संशोधन किया जाय।

**শ্রীতুহীন সামন্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় আমি একজন ভূমিহীন সদস্য। সমস্যাটা অতি বিরাট যা পাঁচ মিনিটে বলা যায় না। একটু সময় আপনার কাছে চেয়ে নেবো। জানি সমস্যাটা বিরাট এই কারণে বললাম—বিশেষ করে বিল যেটা এসেছে সেটা হোল বোঝার উপর শাকের আঁটি। আমি ইকনমিক্স পড়েছি। ইকনমিক্সে প্রডাকটিভ ল্যাণ্ড এবং আন-প্রডাকটিভ ল্যাণ্ড-এর কথা আছে। ইন দি টার্মস অব ইকনমিক্স জমির ব্যাপারে প্রডাকটিভ ও আনপ্রডাকটিভ এই দুইটি আওতার মধ্যে আসে। কারণ জমির মধ্যে ডাঙ্গা, ডহর, খাল, বিল আছে, বাস্ত আছে কলকাতা সহরের জমি আছে। জমির উৎপাদন ক্ষেত্রকে যদি বিবেচনা করি তাহলে দেখবো যে জমি জমি উৎপাদন করে তার মূল্য কতখানি। আবার সহরাঞ্চলে যে জমি আছে তার মূল্য কতখানি। এ্যাক্ট ৩-তে ১৯৭২ সালে একটা সিলিং করা হয়েছিল ৭৫ বিঘা অর্থাৎ ২৫ একর করা হয়েছিল। অনেক জনকে জমি দেওয়া হয়েছে লাইসেন্স করে—আবার কাউকে কাউকে পার্মানেন্ট লাইসেন্স দিয়ে দেওয়া হয়েছে। ল্যাণ্ড রিফর্ম করে কেন?

[5-20—5-30 p.m.]

গ্রাম বাংলার শোষণকে মুক্ত করার জন্য tax ঠিকমত ঠিক করার জন্য জমির পরিমাণ কত ঠিক সেটা সরকারের কাছে সঠিক তথ্য থাকার জন্য। আমরা Land Reforms পড়েছি Estate Acquisition করেছি, জমি নিয়েছি, ভূমিহীনদের মধ্যে বিতরণও করিয়েছি। সব ভূমিহীন কি জমি পেয়েছে? সব ভূমিহীনরা কিন্তু জমি পায়নি। এবারে মোটামুটি ভাবে নূতন আইন এসেছে পরিবার ভিত্তিক। পরিবার ভিত্তিকের defination পরে দেবো। জোতদারের ব্যাখ্যা, কৃষকের ব্যাখ্যা, এটা দেওয়া প্রয়োজন। কৃষকের ব্যাখ্যা প্রকৃত জোতদারের যে ব্যাখ্যা সেই ব্যাখ্যার terms যা use হয় তা আমরা এখনও পর্যন্ত জানি না। এক এক জায়গায় এক এক রকম ভাবে হয়। আমরা সাধারণতঃ রায়তি স্বত্ব হিসাব ব্যবহার করি। রায়তি স্বত্ব আইনসিদ্ধ ব্যাপার। যদি আমরা পরিবারভিত্তিক জমির ceiling বেঁধে দিয়ে আমরা দেখি যে জমি উদ্বৃত হবে। মাননীয় C. P. I. একজন সদস্য বললেন যে ভূমিহীন কৃষকদের দেওয়া যাবে। সব ভূমিহীনকে কি দেওয়া যাবে? যে ceiling করা হবে সেই ceiling এর পরেও কিন্তু প্রচুর ভূমিহীন থেকে যাবে যারা ভূমি পাবে না। আমি একজন ভূমিহীন। লেখাপড়া শিখে ক্ষেতে চাষ করতে যাই। আমিও কৃষকের ছেলে, চাষীর ছেলে। কৃষক বলতে যা বোঝায় যে মাঠে কাজ করে tillers of the land আমিও tillers of the land. বেকার যুবক। জমি পাবার আমারও অধিকার আছে। ceiling করার পরে আমাকে কি জমি দিতে পারবেন? মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে আমি একথা জিজ্ঞাসা করি? পরিবারের কথার আলোচনা পরে করছি। সমস্যাটা তা নয়, সমাজতন্ত্রের পথে এগিয়ে যেতে চাই। অনেক পথ আছে সেসব পথের কথা পরে বলবো। পরিবার

ভিত্তিকের কথা এসেছে, আমাদের গ্রামবাংলায় আমরা কি? যারা ১৫ বিঘা জমির মালিক তারা কি বড় লোক? তারা কি বিরাট উচ্চ মধ্যবিত্ত, বিরাট বড় লোক? আমি কিন্তু মনে করি না। আজকের দিনে ১৫ বিঘা জমির দাম ১৫ হাজার টাকা। সেই জায়গায় কলকাতার তিন কাঠা জমির দাম তিন পনেরো ৪৫ হাজার টাকা, তাহলে দেখা যাচ্ছে যে ৪ কাঠা, ৫ কাঠা জমির মূল্য গ্রামের ১৫ বিঘা জমির সমান। গ্রামবাংলায় আজকে ১৫ বিঘা জমি কয় জনার আছে? খুব কম লোকের আছে—প্রায় নেই বললেই চলে। ১০ বিঘা, ১১ বিঘা, ১২ বিঘা করে আছে, তারা মধ্যবিত্ত বা নিম্ন মধ্যবিত্ত পর্য্যায়ও পড়ে না। আজকে গ্রামবাংলার চিত্র এই। Ceiling করুন তাতে ক্ষতি নেই কিন্তু গ্রামবাংলার অর্থনৈতিক দিকের কথাও চিন্তা করুন। গ্রাম বাংলার কথাও চিন্তা করতে হবে। পরিবারের defination দিয়েছেন—যে স্বামী, স্ত্রী, অবিবাহিত ছেলে-মেয়ে। খুব ভালকথা, আমরা অনেক পরিবারের কথা জানি। পরিবারের কথা actual কোথা থেকে এসেছে, কাকে কাকে নিয়ে পরিবার হয় বিয়ে করলে পরিবার হয় কিনা? পরিবারের এক ছেলের বিয়ে হয়ে গেল, বিয়ের পর কি হল? তার যদি ১০ কাঠা জমি থাকে সেখানে কিন্তু সে রায়তি পর্য্যাবসত হয়ে যায়। অবিবাহিতের ক্ষেত্রে হল কিন্তু বিবাহিতের ক্ষেত্রে হ'ল না। ছেলে মেয়ের defination-এ দেখান হল। একটি ছেলে ও একটি মেয়ে। একটি ছেলে ceiling হবার পরে জন্মগ্রহণ করলো; সরকার কি তাকে জমি দেবে? একটি ছেলে মরে গেল সরকার কি তার জমি কেড়ে নেবে? কাজেই কোন clear identification এই বিলে নেই। এই বিলে সেটা থাকা উচিৎ ছিল কিন্তু সেটা আমরা দেখতে পাই নি। তারপর পরিবার ভিত্তিক জমি ceiling এর ক্ষেত্রে দেখতে পাচ্ছি সমাজের উপর একটা বিরাট আঘাত আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু কিছু গ্রামবাংলার সমাজের কথা আমি জানি। মুসলিম পরিবারে ভাই বোন বিবাহ হয় এই জমি রাখার জন্য। হয়ত একটা এমন আঘাত আসতে পারে জমিটাকে বাঁচাতে হবে? ভাই-বোনের মধ্যে তাহলে জমিটাকে আঁকড়ে রাখার জন্য সে পথের দিকে কি আসবে? সম্ভবপর নয়, সোসাল সামাজিক infuture-এ হয়ত এমন একটা অবস্থায় এসে আমরা পৌঁছতে পারি সেখানে জমির প্রবলেব একটা প্রবলেম হয়ে দাঁড়াবে বলে আমি মনে করি।

যদি সমাজতন্ত্র করতে চান তাহলে আমাদের রাজস্বমন্ত্রী মহাশয় জমিগুলিকে সব নিয়ে নিন এবং নিয়ে সমবায় ভিত্তিতে করুন। এক একটি পরিবারে এক বিঘা থেকে এক বিঘার সেয়ার হবে, ৫০ বিঘা থেকে ৫০ বিঘার সেয়ার হবে, এইভাবে সেয়ার-এর ভিত্তিতে চাষ করার বন্দোবস্ত করুন। সেয়ার করে তাদের লোকদের দেবার চেষ্টা করুন, এইভাবে কিন্তু আমাদের এগোন দরকার। এই সব এ্যাকচুয়্যাল ডেফিনেসন? এই ডেফিনেসন অনুযায়ী কিন্তু জমির সিলিং করা যায় না, অসম্ভব। তাই আমি বলতে চাই মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় যেন এদিকটা একটু চিন্তা করে দেখেন। একটি পরিবারে পিতা, অবিবাহিত ছেলে, মেয়ে ইত্যাদি নিয়ে যৌথ পরিবার আছে, আর একজনের পরিবারে যদি ৪।৫ ভাই থাকে তাদের জমিজমা কিভাবে ঠিক হবে সেটা দেখা দরকার। কাজেই পরিবারের ডেফিনেসনটা ঠিক করুন। শুধু তাই নয়, পরিবারের কর্তা আমি হলাম, সেই জমি আমার বিক্রী করার রাইট থাকবে কি না সেটাও দেখতে হবে। অনেক সময় দেখা যায় যে সেই জমি আয়ত্বে আছে সমগ্র জমি আমি বিক্রী করে দেব। আমি যদি বিক্রী করে দিই তাহলে আমার ছেলে মেয়েদের আপত্তি থাকবে কিনা, ছেলে-মেয়েরা সেখানে কি বলবে সে জিনিসের স্পষ্ট নির্দেশ থাকা প্রয়োজন ছিল। কারণ পরিবার ভিত্তিতে কথা ওঠায় প্রত্যেকটি পরিবারের জমিটি হচ্ছে সামগ্রিক অংশ। সেদিকটা চিন্তা করার দরকার আছে বা আমি বিক্রী করে দিলাম ছেলে মেয়েরা হাওয়ায় ভেসে বেড়াল, সেখানে তাদের রাইট থাকল কিনা সেটা দেখা

দরকার। হিন্দু ম্যারেজ এ্যাক্টে কি আছে? মেয়ের যদি বিয়ে হয়ে যায় বিয়ে হয়ে যাবার পরেও সে কিন্তু বাবার সম্পত্তি দাবী করতে পারে। একটি ফ্যামিলি ছেড়ে অন্য একটি ফ্যামিলিতে চলে গেল বটে, কিন্তু সেখানকার সম্পত্তির দাবীদার হল, এখানকার সম্পত্তির দাবীদার হল এক সঙ্গে। কাজেই সেক্ষেত্রে ওনারসিপ নিয়ে গণ্ডগোল লাগবে। কাজেই হু উইল বি দি ওনার অব দি ল্যাণ্ড, জমি দাবী করার অধিকার কার থাকবে, জমিটা নেবার অধিকার কার থাকবে এই সব কথা চিন্তা করা দরকার এবং তারপরে পরিবার ভিত্তিতে সিলিং-এর কথা চিন্তা করুন এবং পরিবারের ভিত্তি আয়ত্বে আনার চেষ্টা করুন। তা নাহলে পরিবার ভিত্তি করতে গেলে গ্রাম-বাংলায় আগুন জলবে, গ্রামবাংলায় জমি নিয়ে ফটকাবাজী চলবে, আরো অনেক জিনিস চলবে। সি. পি. আই. এর বন্ধুরা বর্গাদার উচ্ছেদের কথা বলেছেন। ১৯৬৭।৬৯ সালে বর্গাদার উচ্ছেদের ব্যাপারে সবাই কোমর বেঁধে লেগে পড়লেন। তার মধ্যে এ্যাকচুয়াল যারা ৪০।৫০ বছরের বর্গাদার তারা পর্যন্ত উচ্ছেদ হয়ে গেল, তাদের কিভাবে পুনঃপ্রতিষ্ঠিত করা যায় সে সম্বন্ধে এই বিলে কিছু আছে কি? ল্যাণ্ড সার্ভে করুন, সিলেক্ট কমিটি তৈরী করুন। ল্যাণ্ড সার্ভে করে যারা জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে সামগ্রিকভাবে তাদের কথা আগে চিন্তা করুন এবং বর্গাদারের ন্যায্য অধিকার রাখার চেষ্টা করুন। ধন্যবাদ।

**শ্রীজোকি লাল মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কিছু বক্তব্য এখানে রাখতে চাই। আজকে যে বিলটি এসেছে সেটি খুব অল্প সময়ের মধ্যে এসেছে বলে এর মধ্যে কতকগুলি ত্রুটি আছে। এই বিলটিতে যদি জেলা ভিত্তিক জমির উর্দ্ধসীমা নির্ধারিত করা হত তাহলে আমার মনে হয় ভাল হত। আমাদের মালদহ জেলার কথা আমি বলছি। মালদহ জেলায় ৫২ বিঘা জমি উর্দ্ধসীমা ঠিক হয়নি। মালদহ জেলার মানিকচক্, কালিয়াচক্ থানার অনেক জমি গঙ্গার ভাঙনের মুখে। আজকে হয়ত ৫২ বিঘার মালিক অনেকে আছেন। কিন্তু বিগত যে কয়েকটি বন্যা হয়ে গেছে তাতে দেখা যাচ্ছে যারা অবস্থাপন্ন গৃহস্থ ছিলেন তারা আজকে অভাবগ্রস্ত হয়ে পড়েছেন। কাজেই সমগ্র পশ্চিমবঙ্গের ক্ষেত্রে একই আইন না হয়ে জেলাভিত্তিক আইন হওয়া উচিত। তাছাড়া আর একটি জিনিস যেমন চা বাগান, পুকুর, ভেড়ী ইত্যাদি সিলিং এর আওতা থেকে বাদ দেওয়া হয়েছে, এটা ঠিক হয়নি। কেন না অনেকে হয়ত পুকুর কিম্বা ভেড়ী করে অনেক জমি রেখেছেন এবং এটা অন্যায়ভাবে রেখেছেন। পরিবারের সংজ্ঞা সম্বন্ধেও অনেক সদস্য আলোচনা করেছেন। এই পরিবারের সংজ্ঞাটা আমার মতে ঠিক হয়নি। আমরা সকলেই জানি যে বাঙালী পরিবারে বিধবা বোন, পিসী, মাসী ইত্যাদি অনেক থাকেন। তাদের সম্বন্ধে কোন কিছু বলা হয়নি। যদি কারো পরিবারে এইসমস্ত সদস্য থাকেন তাহলে সেই পরিবারের কর্তা যিনি তিনি যদি না দেখেন তবে সরকার কি তাদের দেখাশুনা করবার ব্যবস্থা করবেন। অতএব পরে যখন বিলটি আসবে তখন পরিবারের সংজ্ঞার পরিবর্তন করা দরকার।

[ 5-30—5-40 p.m. ]

একটা কথা ক্ষতিপূরণ সম্পর্কে বলব। আমার মনে হয় জমি যখন সরকারের বর্তাবে তখন সেই জমির ক্ষতিপূরণ গভর্ণমেণ্ট যাতে খুব তাড়াতাড়ি দেয় তার ব্যবস্থা করা দরকার। কারণ আমরা জানি, ৭৫ বিঘার যে সিলিং হয়েছিল তার ক্ষতিপূরণ অনেকে পায় নি। ফলে এককালে যারা বড় জোতদার ছিল তারা বর্তমানে খুব অসুবিধার মধ্যে পড়েছে। অতএব বিলে এটা থাকা উচিত ছিল যে, যে মুহূর্তে জমি সরকারে বর্তাবে তার ক্ষতিপূরণের ব্যবস্থাও সঙ্গে সঙ্গে হয়ে যাবে। যাই হোক, মাননীয় মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করছি, বলছি যে পরে যখন বিলটা

পরিবর্তিত আকারে আসবে তখন সে সমস্ত ক্রটির কথা এখানে যাতে আলোচনা হয় সেগুলি যাতে দূর করা যায় সে দিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন। এই বলে যদিও বিলটা ক্রটিপূর্ণ তবুও এটাকে সমর্থন করে শেষ করছি।

**শ্রীবিমল দাস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় যে ভূমিসংস্কার বিলটা এনেছেন সেটা বিলম্বে হলেও তার মধ্যে অনেক ফাঁক থাকলেও আমি সেটাকে অভিনন্দিত করছি। যেদিন আমাদের দেশ স্বাধীন হয়েছিল সেদিন অন্যান্য মানুষের সাথে সাথে আমাদের দেশের চাষীরাও ভেবেছিল এবারে তাদের দুঃখের দিন মিটে গেল, তাদের জমির ক্ষুধা এবারে মিটবে। তাই সেদিন থেকে এই ভূমিসংস্কারের দাবী আমরা প্রচণ্ডভাবে করেছিলাম। প্রথম দিকে আপনাদের মনে আছে বার বার বাংলাদেশের মাটি চাষীদের চোখের জলে ভিজে গিয়েছিল। গ্রামাঞ্চলে দারিদ্র, বুভুক্ষ, অনাহার আজও লেগে আছে। কিন্তু কৃষকদের চেতনা বাড়লো যে কৃষকের দিনগুলি ছিল কান্নার ধারাপাত সেই কৃষকের দিনগুলি বিদ্রোহের দিনে পরিণত হয়ে উঠল। আপনারা জানেন, তারপরে হাড়োয়া, সন্দেশখালি, কাকদ্বীপে কৃষক সংগ্রাম সুরু হল। আমরা একথা জানি, যে দিন বাদ বিসম্বাদ মিটে যাবে, যেদিন সত্যি গ্রামাঞ্চলে অর্থনীতিতে একটা রূপান্তর আসবে, গ্রামের মানুষের জীবনে সুখ শান্তি আসবে সেদিন বাংলা-দেশের কৃষক সমাজের স্মৃতির রাজধানীর দিগন্তে ভেসে রাত্রি শেষের শুকতারার মত একটি সংগ্রামের কাহিনী জলজল করে জলবে, সে হচ্ছে কাকদ্বীপের কৃষক সংগ্রামের কাহিনী। স্যার, আমরা জানি কাকদ্বীপের কৃষক সংগ্রামের পটভূমিতে প্রথম বাংলাদেশে ভূমিসংস্কার আইন এসেছিল। কিন্তু ১৯৫৩ সালের ৫ই মের পরে জমি যে হস্তান্তরিত বে-আইনী করা হয়েছিল সেদিন থেকে জোতদাররা কিন্তু একটির পর একটি চক্রান্ত করেছিল। বিভিন্ন কায়দায় তারা লক্ষ লক্ষ বিঘা জমি লুকিয়ে রেখেছিল। আমি এমন একটা জেলা থেকে এসেছি যেখানে স্যার, জোতদাররা শুধু তাদের আত্মীয়স্বজন বা চাকর বাকরদের নামেই জমি লুকিয়ে রাখেনি, সেখানকার একজন জোতদার তার প্রিয় হাতী মাতঙ্গিনীর নামেও ৭৫ বিঘা জমি লুকিয়ে রেখেছিল। কাজেই বিভিন্ন কায়দায় জোতদাররা জমি চুরি করে আইনকে বৃদ্ধাংগুষ্টি দেখাবার চেষ্টা করেছিল। আমার জেলার একটা জায়গার কাহিনী আমি জানি যেখানকার জোতদাররা তাদের গ্রামের বশংবদ লোকেদের নামে জমি রেজিষ্টি করে দিয়েছিল আজকে যখন তাদের ছেলেরা সাবালক হচ্ছে তখন তারা আবার সেই বশংবদ লোকেদের কাছ থেকে তাদের ছেলেদের নামে জমি কিনে নিচ্ছে। আর এমনি করেই তারা আইনের সমস্ত উদ্দেশ্যকে ব্যর্থ করে দিতে চেয়েছিল। আজও যে আইন আসছে নিশ্চয়ই সেটা অন্যান্য আগের আইনের চেয়ে অনেক বেশী শক্তিশালী, এতে অনেক ফাঁক ভরাট করার চেষ্টা করা হয়েছে তবুও কিন্তু এরমধ্যে অনেক ফাঁক থেকে যাবে। স্যার, আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন, যখন আমরা এই আইন পাশ করতে যাচ্ছি তখন কিন্তু গ্রামের জোতদারের চক্রান্ত ফেনিয়ে উঠেছে। স্যার, আপনি জানেন, যে সমস্ত কারখানায় নিয়োগপত্র দেওয়া হয়না আমরা মালিকদের বলি কারখানার মজুরদের নিয়োগপত্র দাও, এরজন্য আমরা অনেক আন্দোলনও করেছি কিন্তু এখন গ্রামাঞ্চলে দেখতে পাবেন জোতদাররা তাদের কৃষকদের নিয়োগপত্র দিচ্ছে। আসল উদ্দেশ্যটা কি? জোতদাররা কি এতই মহৎ হয়ে গেল, উদার হয়ে গেল? না, তা নয়, আসল উদ্দেশ্য হচ্ছে, যারা ভাচাষী ছিল পুরুষানুক্রমে তাদের ভাগচাষ থেকে উচ্ছেদ করে মজুর হিসাবে লিখিয়ে নেওয়া হচ্ছে যাতে আইনের চোখে ফাঁকি দেওয়া যায়। এই চক্রান্ত তারা সুরু করেছে। কাজেই বলতে চাই, এই ফাঁক ভরাট করা উচিত; তা না হলে এই আইনের আসল উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে।

দ্বিতীয় কথা আমি বলতে চাই মেছোঘেরীকে এই আইনের আওতা থেকে বাদ দেওয়া

হয়েছে। ২৪-পরগনা জেলায় অনেক অসাধু সেটেলমেণ্ট কর্মচারী জোতদারদের তুষ্ট করবার জন্য মেছোঘেরী বলে রেকর্ড করে নিয়েছে। একথা ঠিক যে আমি যে জেলা থেকে এসেছি সেই জেলায় ফলের বাগান রয়েছে, এই ফলের বাগানের জন্য আলাদা সিলিং করা হয়েছে। আমি মনে করি মানুষ ধান চাষ করে কি অপরাধ করছে। ধান চাষ করলে মানুষ যে সিলিং পাবে ফলের বাগান থাকলে আরো বেশী সিলিং পাবে। কাজেই আমি মনে করি সমগ্র সিলিং এর মধ্যে বাগানকে অন্তর্ভুক্ত করা উচিত ছিল, এরজন্য আলাদা সিলিং করা উচিত হয়নি। এরফলে জোতদাররা আরো বেশী জমি রাখবার সুযোগ পেল, এটাই হচ্ছে আমার মূল বক্তব্য। তৃতীয় কথা আমি বলি আজকে আমরা যখন জমি বিতরণ করতে যাব তখন একটা কথা মনে রাখা প্রয়োজন যে আমরা জমির রায়তি স্বত্ব দিতে যাচ্ছি, যাদের জন্য আমরা এই আইন করছি সেই গ্রামাঞ্চলের কৃষকদের মধ্যে জমি বিতরণ করে গ্রামীন অর্থনীতিতে একটা রূপান্তর আনব এজন্য আমরা এই আইন করতে যাচ্ছি, তা না হলে দেশ এগোতে পারবে না এবং গত ২৫ বছরের অভিজ্ঞতায় দেখা গেছে যে গ্রামাঞ্চলের মানুষের ক্রয় ক্ষমতা বাড়েনি বলে আমাদের আভ্যন্তরীন বাজার বাড়েনি। যে দেশে ৮০ ভাগ মানুষ শিক্ষিত সেই দেশে এত বেকার সমস্যা নেই, অথচ আমাদের দেশে ২২ভাগ শিক্ষিত হতে না হতে শিক্ষিত বেকারের সংখ্যা বাড়ছে। এর কারণ শিল্প কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে,গ্রামের মানুষের ক্রয় ক্ষমতা নেই, কি করে তারা শিল্পজাত দ্রব্য কিনবে। সেজন্য গ্রামীন অর্থনীতিতে যদি রূপান্তর আনতে হয়, গ্রামীন মানুষের জীবনে সুখ সমৃদ্ধি আনতে হয়, যদি আমরা এই উদ্দেশ্য নিয়ে থাকি যে আমরা জমি বিলি করব ভূমিহীনদের মধ্যে তাহলে একথা মনে রাখা উচিত যে আজকে আমরা যাদের রায়তি স্বত্ব দেব তারা যাতে সেই রায়তি স্বত্ব বজায় রাখতে পারে, তারা যাতে আবার সেই জমিতে ফাল লাঙ্গল বীজ সার যোগাড় করতে না পেরে সেই জমি বিক্রি করতে না পারে, জোতদার যাতে সেই জমি ফিরিয়ে নিতে না পারে তার ব্যবস্থা করা উচিত। তা না হলে এই আইনের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে অন্যান্য যে সমস্ত ভূমিসংস্কার আইন এসেছিল তারচেয়ে এই আইনটা হয়ত অনেকটা বলিষ্ঠ। কিন্তু এই আইনের মধ্যে যে ত্রুটি বিচ্যুতি রয়ে গেছে যখন পূর্ণাঙ্গ বিল আসবে তখন এই সমস্ত ত্রুটি বিচ্যুতি দূর করে দিয়ে সত্যিকারে এমন একটা আইন করা যাবে যে আইন নিঃসংশয়ে গ্রামাঞ্চলের দারিদ্র, বুভুক্ষা, অনাহার মিটিয়ে দিয়ে নবজীবনের স্বপ্ন লাগাতে পারবে। এই কয়েকটি কথা বলে আমি এই আইনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিসদ্ব্যবহার এবং ভূমিসংস্কার রাষ্ট্রমন্ত্রী মহাশয় আজকে আমাদের সামনে যে বিল উত্থাপন করেছেন সেই বিলকে উত্থাপন করার সময় তিনি একটা বিশেষণে বিশেষিত করেছেন, বলেছেন ঐতিহাসিক বিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে ঐতিহাসিক শব্দটা এসেছে ইতিহাস থেকে, আর ইতিহাস শব্দটা ইতিপূর্বে বাস্তবে যেসব ঘটনা ঘটেছিল সেইসব ঘটনা, সেইসব আক্ষরিক অর্থে এই বিল ঐতিহাসিক নয়। এই বিল যখন এখনও পূর্ণাঙ্গ বিল নয় তখনই এই বিলকে সমর্থন করা যায় না। কেন পূর্ণাঙ্গ নয় প্রশ্ন উঠতে পারে। এই বিলের আসল স্পিরিট কি? এই বিলের কি একমাত্র লক্ষ্য পশ্চিমবঙ্গের বুকে কোন মানুষকে আমরা ৫।৭ হেক্টরের বেশী জমি রাখতে দেব না? যদি এই স্পিরিট হয় তাহলে বলব এই বিল উত্থাপন করার প্রয়োজন নেই। আর যদি এই বিলের এই স্পিরিট থেকে থাকে যে আমরা গরীবী হঠাব, আমরা গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠিত করব, আমরা গ্রামবাংলার বুকে কোন জোতদারের হাতে সাধারণ মানুষকে শোষণ করতে দেব না, তাহলে আমি আশা করব সেই স্পিরিট নিয়েই সরকার এই বিল উত্থাপন করেছেন। কিন্তু

দুঃখের কথা গ্রামবাংলার বুকে একজন জোতদার বা জমির মালিকের ৭৫ বিঘা থেকে যখন ৬০।৬১ বিঘায় নেমে এসেছে তখন সঙ্গে সঙ্গে তিনি ৬০।৬১ বিঘার উর্ধে যে সমস্ত জমি রয়েছে সেই জমিগুলি বিক্রি করতে সুরু করেছেন এবং এই জমি কারা কিনছেন, না, যাঁরা ৭।৮।১০ বিঘার জমির মালিক অর্থাৎ নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর মানুষ তারা।

[5-40—5-50 p.m.]

এর পরে যখন সরকার থেকে তার কাছে নোটিশ যাচ্ছে যে তোমার জমি ভেষ্ট হবে, আগে সেই জমির মালিক যে বিক্রি করেছে নিম্ন মধ্যবিত্তকে সেই জমির দাগ নম্বর এবং খতিয়ান নম্বর সরকারের কাছে পাঠিয়ে দিয়েছেন যে এই জমি খাস সরকারের হাতে ন্যস্ত করলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁচ সাত বিঘা জমি কিনেছেন, কোন অপরাধ তাঁর। সরকারের জেলা অফিস থেকে তার কাছে যাচ্ছে সে জমি যখন রায়তি স্বত্ব করে দিতে চাচ্ছেন তখন আমরা দেখতে পাচ্ছি সেই জমির মালিক অন্য লোক। সেই জমির মালিক পাঁচ ছয় কি সাত বিঘা জমির মালিক হয়ত যে দেড় হাজার বা দু হাজার টাকা দিয়ে গায়ের রক্ত জল করে সেই জমি কিনেছে। বলুন আজ সেই জমির ক্ষতিপূরণ কে দেবে? ঐ ৫।৭ বিঘা জমির মালিকের দাবী। আজকে এই বিলের ধারায় বলবো যে সেই জমির মালিকের কাছে থেকে ক্ষতিপূরণ আদায় না করে যে বিক্রি করেছে তার কাছ থেকে আদায় করা হবে। এই বিলে এ সব নেই। সেইজন্য এই বিলকে পূর্ণাঙ্গ বিল বলতে পারবো না। দ্বিতীয়তঃ, যে পরিবার ভিত্তিকের কথা এই বিলে বলা হয়েছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন আমাদের পশ্চিমবাংলায় যে আমলাতান্ত্রিক অফিসারের দল বসে আছেন তাঁদের কথা। আজ পশ্চিমবাংলায় এই সরকার চলাকালীনও যে প্রশাসনিক অবস্থা যে পুলিশি অবস্থা চলেছে তা আপনি জানেন। আজ একটা আমলাতান্ত্রিক অফিসার যা আছে দেখতে পাবেন যে পরিবারের সংখ্যা ৫ থেকে ৭ হয়ে যাচ্ছে। সন্তান জন্ম গ্রহণ করছে না তা সত্ত্বেও একটি পরিবারের সংখ্যা ৫।৭।৮ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত বলবেন যে পুলিশ ভেরিফিকেসান করবো। পুলিশ ভেরিফিকেসানের কথা আমাদের শোনাবেন না, আমাদের দেশে একজন পুলিশকে ১০।১৫।২০ টাকা দিলে পরিবারের সংখ্যা ৮ থেকে ১০ করতে পারে। এটা বাস্তব সত্য। এটা এই বিলের সংশোধন করা উচিত ছিল। তৃতীয়তঃ, আমরা দেখতে পাচ্ছি এই বিল উত্থাপন করবার সময় গ্রামবাংলার বুকে জমিদার যে জমি ছেড়ে গেছে তা ভূমিহীন কৃষককে দেবার প্রচেষ্টা আছে ঠিক কথা। কিন্তু আমি একজন ব্যক্তি যার একসঙ্গে মেদিনীপুরে দশ বিঘা, পুরুলিয়ায় ১৮ বিঘা, দার্জিলিং-এ ৬ বিঘা জমি আছে। আপনি বলুন পশ্চিমবাংলার আমলাতান্ত্রিক অফিসারেরা বিভিন্ন জেলায় যে ব্যক্তিগত সম্পত্তি এইভাবে ছিটে ফোঁটা ছড়িয়ে আছে তাকে ধরে উদ্ধার করতে পারবেন? আসল জমির পরিমাণ বার করতে পারবেন? শুধু তাই নয় পশ্চিমবাংলায় এরূপ অনেক ব্যক্তি আছেন যার আমি ভুরি ভুরি উদাহরণ দিতে পারি যার পশ্চিমবাংলায় জমি আছে, বোম্বেতে জমি আছে, মাদ্রাজে জমি আছে, নয়াদিল্লীতে জমি আছে। তার জমির পরিমাণ কি করে নির্দ্ধারিত হবে তার কোন ঘোষণা এই বিলে করেন নি। এই বিলকে পূর্ণাঙ্গ বিল আমি বলতে পারবো না। আমি আশা করবো ভূমিসংস্কার ও সদব্যবহার দপ্তরের মন্ত্রী এই সমস্ত দিক বিচার বিশ্লেষণ করে একটা নূতন বিল উত্থাপন করবেন। আজকে আলোচনার প্রথম দিকে এ্যাডভোকেট জেনারেল উপস্থিত ছিলেন, এখন তিনি নেই থাকলে তাঁর কাছে আমি জানতে চাইতাম। আমি আশা করবো সরকার এ বিষয়ে সম্পূর্ণ সচেতন হয়ে নবরূপে একে নিয়ে আসবেন, এইভাবে তাড়া করে বিল পাশ করার যে ইচ্ছা তা থেকে বিরত থাকবেন। বন্দেমাতরম। জয় হিন্দ।

**শ্রীশিশির কুমার ইসোর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমরা নির্বাচনের আগে জনগণকে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা সমাজতন্ত্র আনব, জমিতে চাষীর অধিকার স্বীকৃত হবে। চাষীকে জমি দিতে হবে এটাই ছিল প্রধান কথা। বর্তমানে বিলে যেভাবে জমির সিলিং, পরিবারের সংজ্ঞা এবং বর্গাদারের উত্তরাধিকার প্রভৃতি অধিকার স্বীকৃত হয়েছে তাতে আমরা মনে করি ভূমি সমস্যার মত একটা জটিল সমস্যার প্রথম পদক্ষেপ হিসাবে আমরা এটা গ্রহণ করতে পারি। তাছাড়া মন্ত্রিমহাশয় আমাদের কথা দিয়েছেন যে এর পর তিনি আরও বৈজ্ঞানিক চিন্তাধারার উপর প্রতিষ্ঠা করে—একটা বিল এসম্বন্ধে নিয়ে আসবেন এবং তাতে সাধারণ মানুষের স্বার্থ রক্ষিত হবে। বর্তমান যে পরিস্থিতি তাতে এই বিল আনার একান্ত দরকার ছিল। এই বিলের প্রয়োজন আজ আছে। আমরা যেভাবে আজ ভূমি সমস্যা এবং চাষীদের সমস্যার মুখোমুখি হয়েছি তাতে জমির সিলিং করে দিয়ে যাতে সরকারের হাতে জমি আসে এবং সেই জমি ভূমিহীনদের মধ্যে বণ্টন করা যায় সেদিক থেকে এই বিলে অবশ্য কিছু কিছু জিনিষ সংযোজিত হওয়া প্রয়োজন ছিল। যেমন এই বিলে জমির শ্রেণী বিন্যাস ও আরও সমীক্ষার দরকার ছিল। পশ্চিম বাংলার এদিকে ৬ বিঘা জমির যেরকম সুবিধা হবে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি বা কুচবিহারে ৬ বিঘা জমি দিলে সে সমস্যার সমাধান হবে না। এরকম আরও কিছু কিছু জিনিষ আছে যা এই বিলে থাকা বাঞ্ছনীয় ছিল। আজ যেটা বড় সমস্যা সেটা হচ্ছে বর্গাদার সমস্যা। আমরা দেখতে পাচ্ছি জমি থেকে বর্গাদার উচ্ছেদ করা হচ্ছে। তাদের স্বার্থ সব জায়গায় রক্ষা করা হচ্ছে না। বর্গাদারদের স্বার্থ রক্ষা কিভাবে করা যায় সরকারকে সে বিষয়ে আরও সচেষ্ট হতে হবে। সরকারের এই জমি সংক্রান্ত ব্যাপারগুলি যে বিভাগের উপর ন্যস্ত সেখানেই সবচেয়ে বেশী দুর্নীতি আছে। আমি প্রস্তাব করি সরকার নিশ্চয় এ বিষয়ে সচেষ্ট হবেন বিলকে কিভাবে ভালভাবে বাস্তবায়িত করা যায়। অতীতে দেখা গেছে সরকারের সদিচ্ছা ছিল কিন্তু তা নষ্ট হয়ে যায় আমলাতন্ত্রের মনোভাবের জন্য এবং তারপর বাস্তবক্ষেত্রে রূপদানের অভাবে। বর্তমানে যে বিল আনা হয়েছে তাকে বাস্তবে কিভাবে রূপায়িত করা যায় সে বিষয়ে সরকারকে বৈজ্ঞানিক উপায়ে গ্রহণ করতে হবে এটাই আমরা আশা করি। আমরা দেখেছি ভূমি বণ্টন ব্যবস্থার উপযুক্ত পরিবেশ সৃষ্টি হয়নি বলে এবং ভূমি বণ্টন ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলে যুক্তফ্রন্টের আমলে একটা রক্তক্ষয়ী সংগ্রাম সারা বংলাদেশে সৃষ্টি হয়েছিল। আমার যদি ভূমি সমস্যার কথা সম্যকভাবে উপলব্ধি না করতে পারি এবং এর যদি সুষ্ঠুভাবে সমাধান না করি তাহলে আরও রক্তক্ষয়ী সংগ্রাম হতে পারে। মন্ত্রিমহাশয় বলেছেন সব দিক বিচার বিবেচনা করে এর পর তিনি একটা comprehensive বিল নিয়ে আসবেন এবং ভূমিহীন মানুষদের সমস্যার সমাধান হবে এই আশা নিয়ে আমি শেষ করছি।

[ 5-50—6-00 p.m. ]

**শ্রীঅশ্বিনী রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও বহুদিন এই বিধানসভার সদস্য ছিলেন এবং এখনও আছেন এবং আমিও ছিলাম। বহুদিন আমরা আলোচনা করেছি ভূমি সংস্কার নিয়ে। এখন আমাদের উদ্দেশ্যটা কি ? আমরা যা করতে চাই তার কতগুলো মূল নীতি আছে, মৌলিক নীতি আছে সেই নীতি অনুযায়ী। Third plan directive principle ৪৮ পাতায় বলা হয়েছে to achieve self-sufficiency in food grains and increase agricultural production to meet the requirements of industry and export. এখন এইটা যদি মূল নীতি হয় তাহলে আমাদের নীতি অনুযায়ী আমাদের পক্ষে আইনগুলো তৈরী করতে হবে। এই যে তৃতীয় পরিকল্পনার সময়ে যে মূল্যায়ন হয়েছে সেই মূল্যায়নের ক্ষেত্রে পরিকল্পনার রচয়িতেরা

যাঁরা আছেন তাঁরা বলে গিয়েছেন এই যে জমির ক্ষেত্রে বিশেষত পশ্চিমবাংলায় যেথানে ভাগচাষীরা প্রচুরভাবে আছে, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় ভাগচাষীর সংখ্যা বেশী এবং এই ভাগচাষ প্রথাতেই চাষ হয় যাদেরকে আমরা বলি সত্যিকার উৎপাদক অর্থাৎ রিয়েল প্রডিউসার, এদেরকে অধিকারে রাখতে হবে, তাদের অধিকার বাড়াতে হবে। সেইদিকে মূল্যায়ন কমিটি বলে গিয়েছেন টেন্যানসি রাইটস বা প্রজাস্বত্ব দেবার কথা বলা হয়েছে। তৃতীয় পরিকল্পনা হয়ে গিয়েছে এত বছর হয়ে গেল. চতুর্থ পরিকল্পনায় আমরা পৌচ্ছি, আরম্ভ হয়ে গিয়েছে। সেই অনুযায়ী আমাদের মূল্যায়ন করা উচিত। আমরা এই আইনের পরিবর্তন করছি, উৎপাদন বাড়াবার জন্য, উৎপাদকের অধিকার রক্ষার জন্য। সেইদিকে কতটুকু এগোতে পারছি সেইটা হচ্ছে মাপকাঠি। প্রথমেই আসি এক নম্বর ক্লজে তার দু'নম্বর উপধারায় কি করছেন? প্রজাস্বত্ব দিচ্ছেন? না। উচ্ছেদ বন্ধ করছেন? না। উনি যে সংশোধনীটা এনেছেন সেই সংশোধনীর মানেটা কি? সেই সংশোধনী বলছে যে সেকসান ১৪ থেকে ২০-এর মধ্যে ১৪ বাদ দিয়ে ১৫ থেকে ১৭ এগুলো হচ্ছে বর্গাদার সংক্রান্ত। উচ্ছেদ রয়েছে এর মধ্যে। এইটা ১৩ই জুলাই, ১৯৭০ সাল থেকে আরম্ভ হচ্ছে এবং এই সেকসানটা ১৩ই জুলাই, ১৯৭০ সাল থেকে আরম্ভ করতে চাইছেন। অদ্ভুত কথা। আজ পর্যন্ত যত আইন আছে যথনই ব্যবস্থা হয় তথন থেকে চালু হয়। কাজেই এর মানেটা কি? ১৩ই জুলাই, ১৯৭০ সালের আগে যে সমস্ত ভাগচাষী উচ্ছেদ হয়েছে এই আইনে বর্তমান পরিস্থিতিতে তাকে রক্ষা কবচ দিতে পারবে না, প্রজাস্বত্ব দেওয়া তো দূরের কথা। প্রচুর ভাগচাষী উচ্ছেদ হয়েছে তাদেরকে আমরা বাঁচাতে পারবো না। তাহলে ১৯৭০ সালের আগে হচ্ছে না। এথানে এই সম্পর্কে উনি যদি একটা জিনিস করতেন তাহলে ভাল হতো। আমাদের পক্ষ থেকে যে সংশোধিনী আছে ১৯৬৭ সাল থেকে এটা প্রয়োগ করা উচিৎ এবং with respective effect করা উচিত। তাহলে একটা জিনিষ বুঝতাম স্বত্ব দিতে পারছেন না, কিন্তু কয়েক বছরের মধ্যে যে ভাগচাষীরা উচ্ছেদ হয়ে গিয়েছে তাদেরকে রক্ষা করতে পারছেন? এথানে একটা সন্দেহ আছে মনে মনে বলতে হয় যে মোটিভেটেড। কিন্তু উনি যে ব্যবসাযে ছিলেন তাতে সৎ লোক বলে জানি। তাই সেটা বলছি না। এই শেষকালে উনি হস্তান্তর সম্পর্কে যতটুকু সুবিধা দিচ্ছেন কিন্তু পরে হস্তান্তর চলবে না। যাই হোক, জমিটা বরাদ্দ করে একটা রক্ষা কবচ দিয়েছেন। উনি যদি ১৯৬৯ সাল থেকে ভাগচাষীদের রক্ষা কবচ দিতেন তাহলে ভাল হতো। এথানে ১৪ থেকে ২০ ধারা এইরকম ভাবে আছে। পরবর্তীকালে যেগুলো আছে সেগুলোর ডেট রেট্রোসপেকটিভ করার চেষ্টা করছেন না।

এই যে ধারাগুলি সম্পর্কে, যেমন আমরা বলি প্রগতিশীল গণতান্ত্রিক সরকার, বিশেষ করে বিভিন্ন রাজ্যেও এই ধরণের সরকার আছে, বিশেষ করে কেরালায় আছে। সেই কেরালায় কি করেছিল? ১৯৬৩ সালে এই আইন পাশ হয়েছিল কেরালায়, কেরালা ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট, ১৯৬৩ পাশ হয়েছিল তাতে তারা বলেছে যে যথন থেকে পাশ হচ্ছে তথন থেকেই এই আইন কার্যকরী হবে। কাজেই তিনি এই সেকশন-এ এইভাবে সংশোধনী নিয়ে এসে কার উপকার করবেন জানিনা, অন্তত রেট্রোসপেকটিভ, আরো ৫।৬ বছর পিছে থেকে চালু করার কথা বলতে পারতেন। এথানে ফ্যামেলি সিলিং-এর কথা বলেছেন। অবশ্য কেরালায় এই আইন চালু হয়েছে, কয়েকটি সদস্য কেরালার আইনের কথা বলেছেন তাদের মনে সন্দেহ আছে। এথানে এই যে আইনের ক্ষেত্রে বাস্তব প্রয়োগ সেই বাস্তব প্রয়োগ আইনের মধ্যে কিভাবে করবেন সেটা যদি বলা না থাকে তাহলে আশঙ্কা হয়। তিনি বলতে পারেন যে আইনের অধিকার আছে রুল করবেন, রুলে সব ঠিক করতে পারবেন না। কেরালায় যে আইন আছে সেথানে সিলিং-এর

ব্যাপারে জমির ধরণটা কি সেটা বিচার বিশ্লেষণ করে ১৯৬৩ সালের এ্যাক্ট টু, সেখানে ২।২৭-এ দু'টি জিনিস বলেছেন বাস্তব প্রয়োগের ক্ষেত্রে ড্রাই ল্যাণ্ড আর ওয়েট ল্যাণ্ড এইভাবে জিনিসটাকে ভাগ করেছে এবং এটা করে তারা ১০।১২টি জেলাকে আবার অন্তত প্রত্যেকটি জেলাকে ৭।৮টি বিভাজন করেছে। এর দ্বারা বাস্তব প্রয়োগের ক্ষেত্রে সুবিধা হবে। এখানে বাগিচা সম্পর্কে, বিভিন্ন ফসল সম্পর্কে আইনে একটা ২নং ধারায় সিডিউল, তপশীলি করে রেখেছে। যেমন উদাহরণস্বরূপ বলি ত্রিবান্দ্রমে বাগিচার ক্ষেত্রে ওয়ান এ্যাণ্ড হাফ একার্স এবং কুইনলে সিলিং হচ্ছে ১ একর, নানা এলাকায় বিভিন্ন বিষয়ের ক্ষেত্রে এই ধরণের সিলিং করে গিয়েছে আইনে, রুলে নয়। এখানে এই ধরণের জিনিসটা থাপছাড়া কতকগুলি সংশোধন এনেছেন। এখানে সংশোধনী সমগ্র আইনটাতেই আনা উচিত ছিল কিন্তু তিনি তা আনেন নি।

[ 6-00—6-10 p.m. ]

সিলিং-এর ক্ষেত্রে যেটা আছে এই সম্পর্কে এটা বলতে চাই যে আজকে নবকংগ্রেস পার্টির মধ্যে এ নিয়ে বিতর্ক উঠেছে যে সিলিং কত হবে, এখানে ১০ একর করার কথা ভাবা হচ্ছে। আমরা সেজন্য সংশোধনী দিই নাই। আমরা যা দেখছি কেরলে যা আছে পশ্চিমবাংলায়ও এটা বলা হউক। সেখানেও বিতর্ক উঠেছে। আজকে প্ল্যানিং কমিশন যেটা বলে গিয়েছে সিলিং করবার ক্ষেত্রে দুটি জিনিষ ভেবে দেখতে হবে। সেখানে বলেছে—for a family of five members may be fixed within the range of 10 to 15 acres of perennial irrigated area on land under assured irrigation from the Government souroe capable of growing two crops.

এই ধরনে প্ল্যানিং কমিশন বলে গিয়েছে, এবং সিলিং-এর ক্ষেত্রে এই সমস্ত করতে হবে। এখন এগুলি ভেবে চিন্তে করা উচিত ছিল। কিন্তু আর একটা কথা বলে গেলেন কম্পেনসেশন যেটা আইনে আছে সেটা ভাবুন। টুয়েন্টিফিপ্থ এ্যামেণ্ডমেণ্ট অব দি কন্ষ্টিটিউশন হওয়ার ফলে আর তো দিতে পারছেন না। সুতরাং এই ধরণের বলা উচিত নয়। এই টুয়েন্টিফিপ্থ কনষ্টিটিউশন এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্সেপ্ট হওয়ার ফলে কেরালায় ও দেয়নি, কানন দেবন হিল্‌স এ্যাক্ট, ১৯৭১ অনুযায়ী যে জমি নিয়েছেন তার জন্য তারা দেন নি, সেজন্য এই ধরণের বলা উচিত নয়। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে থাপছাড়া আইন না এনে—১৯৫৩ সাল থেকে যে আইন অন্তত: ১০ বার টুকরো টুকরো এ্যামেণ্ডমেণ্ট হল, তা না এনে একটা কম্প্রিহেনসিভ আইন আনবেন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীঅরবিন্দ মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধনী বিল যা আজকে বিধানসভায় উত্থাপিত হয়েছে, তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। এটা একটা অর্ডিনান্স আকারে ছিল। এক্ষণে তাকে আইনে পরিণত করা হচ্ছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এটা একটা বড় সমস্যা। এই সমস্যা সমাধানের মধ্যে অনেকাংশে কৃষককুলের আশা-আকাঙ্খা নিহিত আছে বলে আমি মনে করি। আমাদের জনপ্রিয় সরকার পশ্চিমবাংলায় সাধারণ মানুষের অর্থনৈতিক ও সামাজিক কাঠামোর আমূল পরিবর্ত্তন আনতে প্রতিশ্রুতিবদ্ধ। এই বিলে যে সমস্ত প্রতিশ্রুতির কথা বলা হয়েছে তাতে নি:সন্দেহে বলা যেতে পারে এটা সমাজবাদ প্রতিষ্ঠাকল্পে একটা বলিষ্ঠ পদক্ষেপ। বড় বড় ভূম্যধিকারীরা যাতে বেশী পরিমাণে ভূমি লুকিয়ে না রাখতে পারে তার জন্য এই আইন প্রণয়নের বিশেষ প্রয়োজন বলে মনে করি। ছোট ছোট চাষী ভাগচাষী ও ক্ষেতমজুর প্রভৃতি কৃষককুলের স্বার্থের কথা বিবেচনা করে এই বিল বিধানসভায় আনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন জানাতে গিয়ে আমি আপনার

মাধ্যমে দুটি বিষয় সম্বন্ধে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করতে চাই। দীর্ঘদিন হয়ে গেল পশ্চিমবাংলায় রিভিশনাল সেটেলমেন্ট হয়ে গিয়েছে। কিন্তু উক্ত সেটেলমেন্টে বহু ত্রুটিবিচ্যুতি বিদ্যমান আছে। সে কারণে যাতে অনতিবিলম্বে পুনর্বার সেটেলমেন্ট করা হয় তার জন্য আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি সেই সঙ্গে আরও জানাতে চাইছি, যে সেটেলমেন্ট চলাকালীন যাতে চাষীদের টুকরো টুকরো জমিকে একত্রিত করে চকবন্দী প্লটে আনিয়া সমবায় ভিত্তিতে চাষের ব্যবস্থা করা হয়। এই ব্যবস্থা অনুযায়ী প্রতিটি চাষীর চাষের সুবিধা অধিক শস্য ফলনের প্রসার হবে বলে মনে করি। পরিশেষে এই বিলকে আন্তরিক সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগিয়াসুদ্দীন আমেদ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় ভূমি সংশোধন সম্পর্কে যে বিল এই সভায় উপস্থাপিত করেছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং তাঁর অনুসৃত বিলকে স্বাগত জানাচ্ছি। বৃটিশ আমল থেকে এই দেশে যে ভূমি ব্যবস্থা চালু ছিল তাতে আমাদের দেশে ধন বৈষম্য ঘটিয়েছিল। আমাদের দেশের বুদ্ধিজীবিরা এবং বিত্তবানরা দরিদ্র লোকের মূর্খতা এবং দারিদ্রের সুযোগ নিয়ে আমাদের দেশের ধন সম্পত্তি, ভূ-সম্পত্তি কুক্ষিগত করে রেখেছে এবং একটা বিরাট জনসমষ্টিকে পশুর ন্যায় জীবন ধারণ করতে বাধ্য করেছিল। সেই দুস্থ জনগণের অবস্থার উন্নতির জন্য যে বিল এই বিধানসভায় মন্ত্রিমহাশয় উপস্থাপিত করেছেন সেইজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিমবাংলায় শতকরা ৮০জন লোক গ্রামবাংলায় বাস করে এবং সেই গ্রামবাংলার প্রায় সমগ্র জনগণই কৃষির উপর নির্ভরশীল। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই গ্রামবাংলার সমস্ত জনগণের প্রায় ৮০ জনের কোন জমিজমা নেই। তারা কৃষির উপর নির্ভরশীল এবং বর্গা জমির উপর নির্ভর করে জীবন অতিবাহিত করেন। বর্তমান বিলে সেই ভূমিহীনরা যাতে এক স্ট্যানডার্ড একর জমির মালিক হতে পারেন তার আংশিক বন্দোবস্ত করেছেন বলে আমি এই বিলকে স্বাগত জানাচ্ছি। অতীতে এই ভূমিহীন কৃষকরা ভিখারীর মত জীবন যাপন করত, তাদের জোতদার এবং মালিকদের উপর নির্ভর করে জীবন যাপন করতে হোত। তাদের স্বার্থ রক্ষা করবার জন্য এই বিলে ব্যবস্থা করা হয়েছে। এখন আর জমির মালিকরা তাদের ইচ্ছামত জমি থেকে উচ্ছেদ করতে পারবে না। এছাড়া আরও ব্যবস্থা হয়েছে যে, জমির কোন বর্গাদার যদি মারা যান তাহলে সেই জমি তার হস্তচ্যুত হবে না, তার বংশধরগণ তাদের অধিকার এই জমির উপর বজায় রাখতে পারবেন। আরও ব্যবস্থা হয়েছে যে, বর্গাদারগণ তাদের বর্গা জমি এখন ব্যাঙ্কে জমা রেখে কৃষির উন্নয়নের জন্য ঋণ গ্রহণ করতে সক্ষম হবেন। কাজেই আমরা দেখছি এই বিলে বর্গাদারদের উন্নয়নের জন্য চেষ্টা করা হচ্ছে। পূর্বে বর্গাদাররা মাত্র ৬০ ভাগ ফসল তাদের ভোগ দখলে আনতে পারতেন। এখন সেটাকে বাড়িয়ে শতকরা ৭৫ ভাগ করা হয়েছে। পক্ষান্তরে মালিকের উপরে সিলিং ধার্য হওয়ায় তারা ইচ্ছামত জমি নিজেদের কুক্ষিগত করে রাখতে পারবে না। ইতিপূর্বে কোন ধর্ম প্রতিষ্ঠান, কোন জনহিতকর প্রতিষ্ঠান অন্য কোন জনহিতকর প্রতিষ্ঠানের নাম করে অনেক বিত্তবানরা নানা অছিলায়, তার তত্বাবধানের নামে তার উপস্বত্ব ভোগ করতেন। বর্তমান বিলে সেই সমস্ত ফাঁকিবাজী বন্ধ করা হয়েছে। আদিবাসীদের মূর্খতার এবং অজ্ঞতার সুগোগ নিয়ে কেউ যদি তাদের জমি থেকে উচ্ছেদ করার চেষ্টা করেন সেটা যাতে বন্ধ হয় সেই ব্যবস্থাও করা হয়েছে। আমি মনে করি এই যে ভূমি সংশোধনী বিল আনা হয়েছে এটা একটা নূতন ইতিহাস সৃষ্টি করেছে। বর্গাদারের স্বার্থ সংরক্ষণের ক্ষেত্রে আমি এই বিলকে ম্যাগনাকার্টা বলে অভিহিত করি। এই বিল পূর্ণাঙ্গ এবং স্বয়ংসম্পূর্ণ এরকম মনে করার কারণ নেই। বর্গাদার মাত্র ৭ বিঘা জমির মালিক হতে পারছে। এর দ্বারা তার আর্থিক উন্নতি সম্ভব নয়। তবে বর্গাদারদের জন্য কিছু ব্যবস্থা যে হয়েছে সেইজন্য আমি

আনন্দিত এবং সেই কারণে আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমি মনে করি দারিদ্র মোচনের জন্য এই বিল একটা সুদৃঢ় পদক্ষেপ।

[ 6-10—6-20m.p. ]

**শ্রীবিজয় দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বিধানসভায় পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধনী বিল যেটা উপস্থাপিত হয়েছে, আমি তা পুরাপুরি সমর্থন করতে গিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিসংস্কার একটা জটিল বিষয়, বিশেষতঃ পশ্চিমবাংলার ক্ষেত্রে যেখানে শতকরা ৮০ জন লোক ভূমির উপর নির্ভরশীল, যেখানে লোকসংখ্যার তুলনায় আবাদযোগ্য ভূমির সংখ্যা অতি নগণ্য, যেখানে ভূমির প্রকৃতি বিভিন্ন রকমের এবং যেখানে আবহাওয়া ও জলবায়ুর গুণে ভূমির উৎপাদিকা শক্তি বিভিন্ন রকমের—তা সত্ত্বেও ভূমিসংস্কার সমস্যার সুষ্ঠু সমাধান না করলে, প্রকৃত চাষীর হাতে জমি না তুলে দিলে পশ্চিমবাংলার অর্থ-নৈতিক পুণর্গঠন কখনও সম্ভবপর হবে না। সেদিক থেকে বিচার করে দেখলে দেখা যাবে, আজকে যে বিল এই বিধানসভায় উপস্থাপিত হয়েছে এটা বিশেষ গুরুত্বপূর্ণ বিল এবং এই বিলটাকে একটা প্রগতিশীল বিল হিসাবে আখ্যা দেওয়া যেতে পারে। এই বিল একদিকে যেমন পারিবারিক ভিত্তিতে জমির সর্বোচ্চ সীমা বেঁধে দিয়ে উদবৃত্ত জমি সরকারের ন্যস্ত করার ব্যবস্থা হয়েছে এবং সেই সমস্ত জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলির ব্যবস্থা রয়েছে তেমন প্রকৃত বর্গাদারদের স্বার্থ সংরক্ষণেরও উপযুক্ত রক্ষা কবচের ব্যবস্থা করা হয়েছে। এইরূপ একটা প্রগতিশীল বিল আনার জন্য আমি আমাদের ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পশ্চিমবাংলায় জোতদার এবং জমিদার শ্রেণীর যে অত্যাচার তা কারো অজানা নেই। নাটকে, গল্পে, নভেলে, কবিতায় এর ভূরিভূরি প্রমাণ রয়েছে। এই প্রসঙ্গে কবিগুরুর লেখা দুই বিঘা জমি কবিতাটি মনে পড়ে, কবি লিখেছেন,

> "শুধু বিঘা দুই ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে,
> বাবু কহিলেন বুঝেছ উপেন ওটুকু লইব কিনে"।

এই ভূস্বামী সম্প্রদায় ও জোতদার শ্রেণী অন্যায়ভাবে অবৈধভাবে কৃষকদের মুখের গ্রাস কেড়ে নিয়ে স্বনামে বেনামে শতশত একর জমি ভোগ করে এসেছে। এদের অত্যাচারে বাংলাদেশের কৃষকরা আজ অনাহারে অর্দ্ধাহারে মৃতপ্রায়। এই কৃষককুলকে অনাহারের হাত থেকে রক্ষা করতে হলে নিশ্চয়ই এই পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধন বিলটির যথেষ্ট ভূমিকা রয়েছে। কিন্তু পশ্চিম-বাংলায় যেভাবে আজ জোতদারশ্রেণী পুলিশের সাহায্যে এবং জি. এল. আর. ও অফিসের সহযোগিতায় প্রকৃত ভাগচাষীদের উচ্ছেদ করার জন্য কোমর বেঁধে লেগে পড়েছে তাতে সন্দেহ আছে যে সত্যিকারে পশ্চিমবাংলায় ভাগচাষীদের উন্নতি হবে কি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আবেদন করতে চাই যাতে এই আইনের যথাযথ প্রয়োগ হয় এবং প্রকৃত ভাগচাষীদের স্বার্থ রক্ষা করা হয় সেইদিকে তীক্ষ্ণ নজর যেন দেন। নির্বাচনের প্রাক্কালে আমি গ্রামে গ্রামে ঘুরেছি এবং সেখানে কৃষকদের অবস্থা আমি নিজের চোখে দেখেছি এবং এমনও দেখেছি যে মার্চ মাসে মাঠে ধান শুকোচ্ছে, সেই ধান কাটবারও কোন ব্যবস্থা হয় নি। আমি খোঁজ নিয়ে দেখেছি জোতদাররা ১৪৪ ধারা ১৪৫ ধারা জারী করে রেখেছেন সেই জমির উপর। এইভাবে ভাগচাষীদের পেটে মারা যাচ্ছে। কাজেই এদিকে বিশেষভাবে আমাদের লক্ষ্য করতে হবে।

পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার বিলে ভাগচাষীদের রক্ষার বিধান হয়েছে সত্য। কিন্তু দুর্নীতিপরায়ন আমলাতন্ত্রের দ্বারা কি করে কৃষকদের স্বার্থ রক্ষা করা হবে তা বোঝা যায় না। সত্যিকার যদি

কৃষকদের স্বার্থ রক্ষা করতে হয়, তাহলে সেজন্য সর্বদলীয় কমিটী গঠন করা দরকার—যারা প্রকৃত ভূমির অবস্থা বুঝবে, ভাগচাষীদের সম্বন্ধে খোঁজ খবর নিতে পারবে, যারা ভাগচাষীদের সম্বন্ধে ঠিক ঠিক তথ্য ও রিপোর্ট দাখিল করতে পারবে। এবং তাদের দ্বারা প্রকৃত ভাগচাষী নিরূপন হতে পারবে। আমাদের কাছে রাশি রাশি দরখাস্ত আসছে ভাগচাষীদের কাছ থেকে জমি বণ্টনের দাবী করে।

এই বিলটিকে সমাজতন্ত্রের পথে একটা প্রগতিশীল বলিষ্ঠ পদক্ষেপ বলা যেতে পারে, পারিবারিক ভিত্তিতে জমির সর্বোচ্চ সীমা বেঁধে দিয়ে যে জমি সংগ্রহের কথা মন্ত্রিমহাশয় বলেছেন, আমার ভয় হচ্ছে ঠিক যথেষ্ট পরিমাণ জমি তার দ্বারা সংগ্রহ হবে কি না সন্দেহ। এখন পর্যন্ত অনেক জমিদার ৭নম্বর রিটার্ণ দলিল করেন নাই, হাইকোর্টের ইনজাংসন প্রার্থনা করেছেন। কিভাবে জমি উদ্ধার করা হবে, সে সম্বন্ধে কোন স্পষ্ট বিধান এই বিলের মধ্যে নাই। আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখবো শত শত হাজার হাজার বিঘা জমি যা বেনামী হয়েছে, তা উদ্ধার করবার ব্যবস্থা নিন্ এবং সেই জমি উদ্ধার করে যারা ভূমিহীন কৃষক ভাগচাষী, তাদের মধ্যে বিতরণের ব্যবস্থা করুন। এই কথা কয়টী বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলা সরকারের মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী যে Land Reforms (Amendment) Bill, 1972 এখানে এনেছেন, আমরা মনে করি যে নীতির দ্বারা অনুপ্রাণিত হয়ে এই বিল তিনি সভার সমক্ষে এনেছেন, সেই নীতি আমাদের সমর্থনের দাবী করে। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা এই বিলের সমালোচনা করি এইজন্য যে আমাদের গভীর আশঙ্কা যে নীতির দ্বারা অনুপ্রাণিত হয়ে তিনি এই বিল এনেছেন এই বিলটা আইনে পরিণত হলে পর এই আইনের দ্বারা সেই নীতি বা সেই আদর্শে পৌছান যাবে না। যে বিলটি আমাদের সামনে এনেছেন ঠিক এই রকমের না হলেও কিছু অদল বদল করবার পূর্বে আমরা রাষ্ট্রপতির শাসনের আমলে অর্ডিন্যান্স মারফৎ এই বিল পেয়েছিলেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি এর কিছুটা বিচার বিবেচনা করে দেখেন, তাহলে দেখবেন সেই অর্ডিন্যান্স বলে পশ্চিমবাংলার খুব কম জমিই ভূমিহীনকে দেওয়া গেছে। জমি পাওয়া যায়নি এইজন্য যে সেই অর্ডিন্যান্সের মধ্যে যে অর্ডিন্যান্সকে এখন বিলে রূপান্তর করা হয়েছে তারমধ্যে কতকগুলি inherent defects থেকে গিয়েছে। আইনটা পড়লেই তা সহজে বোঝা যাবে। পূর্বে যে সমস্ত আইন পাশ করা হয়েছে বা যেসমস্ত আইন পূর্বে ছিল, West Bengal Estates Acquesition Act, Hindu Succession Act, Hindu Code Bill—তার সঙ্গে এই বিলের অনেক অসঙ্গতি রয়েছে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি অর্ডিন্যান্সের আমলে যে Land Reforns Ordinance বলা হয়েছিল - রাষ্ট্রপতির শাসনের আমলে এই অসঙ্গতির সুযোগ নিয়ে সরকার বেনামী জমির দখল নিতে চাইলে ও আইনের আশ্রয় নিয়ে যাঁরা জমি লুকিয়ে রাখতে চান, তাঁরা সেই জমি সরকারের হাতে আসতে দেন নাই।

[6-20—6-30 p.m.]

যদিও সরকার বা কিছু সরকারী কর্মচারী বাহবা নেবার জন্য কিছু কিছু জমি দখল নিয়েছেন বলে বলা হয়েছে, কিন্তু মহামান্য বিচারালয় এর আদেশে সে জমি কাগজে কলমে সরকার পেলেও, জমি ভূমিহীনদের ভিতর বিতরণ করা সম্ভব হয় নি। অথচ আজকে তাড়াহুড়ো করে সেই অসঙ্গতিগুলি দূর না করে যদি আমরা এই বিল পাশ করিয়ে দিই তাহলে যে উদ্দেশ্য নিয়ে, যে আদর্শ এবং নীতিতে উদ্বুদ্ধ হয়ে এই আইন করা, সে সব ব্যর্থ হয়ে যাবে। আমার মনে হয় সেইজন্য এই বিলটা আইনে পাশ না করিয়ে আরও আইনজ্ঞদের পরামর্শ নিয়ে, যাতে জমি বেশী করে সরকারের

হাতে আসতে পারে তারজন্য একটা পূর্ণাঙ্গ বিল করা উচিত সিলেক্ট কমিটির মাধ্যমে। দ্বিতীয়তঃ, আমি দেখছি সরকারী বিলে বলা হয়েছে যে বর্গাদারদের যে রাইটস যে অধিকার আমরা তা বেশী রাখবার চেষ্টা করেছি। তাতে বলা হয়েছে জমির মালিক পাবেন ২৫ ভাগ আর বর্গাদার ৭৫ ভাগ। ভুমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় তিনি আমাদের মত একটা গ্রামাঞ্চলের প্রতিনিধি হয়ে এসেছেন, তিনি জানেন এবং বহু সদস্যই জানেন যে কাগজে কলমে ৭৫ ভাগ আর ২৫ ভাগ হয়ে গেল কিন্তু বর্গাদার ৭৫ ভাগ পাচ্ছে না বা কোন মালিক এই ২৫ ভাগ পাচ্ছে না। এইজন্য, এই যে ৭৫ ভাগ আর ২৫ ভাগ আইনে লিপিবদ্ধ করা হয়েছে, সেটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে করা হয় নি। বহু ভাগচাষী আছে যাকে ৭৫ ভাগ দেওয়া উচিত, এবং তাকে লাঙ্গল দেওয়া, বীজ দেওয়া, সার দেওয়ার যে নিয়ম আছে তা খুব কম মালিকই দেয়, যার ফলে ভাগচাষী বাধ্য হয় জমি থেকে উচ্ছেদ হয়ে যেতে এবং এটা বন্ধ করার বিষয়ে সরকারের কোন ব্যবস্থা নেই। ফলে সেই মালিক বা চাষী কেউ তাদের ন্যায্য অংশ পাচ্ছে না। অনেক ক্ষেত্রে জমিটা অনাবাদী থেকে যাচ্ছে, যার ফলে আমাদের উৎপাদন ব্যাহত হচ্ছে। বর্গাদার উচ্ছেদ বন্ধ করতে আমাদের সরকার বদ্ধপরিকর কিন্তু সরকার যদি কোন জমি দখল নেন, তারা নেবেন ফ্রি ফ্রম অল এনকামব্রেনসেস অর্থাৎ যে জমি সিলিং এর বাইরে থাকে সেই জমিতে যে বর্গাদার থাকে তাকেও তো সরকারকে উচ্ছেদ করতে হচ্ছে বা যে ভাগচাষী থাকে তাকে উচ্ছেদ করতে হচ্ছে। সরকার এক দিকে বলছেন যে আমরা ভাগচাষী উচ্ছেদ বন্ধ করব আর একদিকে নিজেই যে জমি নিচ্ছে সেইজমির ভাগচাষীকে উচ্ছেদ করছেন ফ্রি ফ্রম অল এনকমব্রেনসেস। এইটা সরকার করেছেন, এবং এই বসিয়ে দেওয়া ভাগচাষীদের কি ব্যবস্থা হবে সে সম্বন্ধে এই বিলের মধ্যে উল্লেখ থাকা উচিত ছিল, সেই ব্যবস্থা কিন্তু বিলের মধ্যে নেই। সরকার যা সিলিং করেছে, নিশ্চয়ই সেটা করা উচিত এবং প্রয়োজনবোধে ২০ একর থেকে ১০ একরে কমিয়ে আনতে হবে। কিন্তু যেখানে সিলিং আমরা করছি সেখানে ফেমিলির ডেফিনেসন আমরা দিচ্ছি এবং আজকে সরকারের বিচার করে দেখা উচিত যে তাদের কাছে সেটা ইকনমিক হোলডিং হচ্ছে কি না? বাংলাদেশে ১৯৫৩ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত কত বিল এসেছে, যেমন ১৯৫৩ সালে ওয়েষ্ট বেঙ্গল এষ্টেট একুইজিশন এ্যাক্ট হলো, তারপর ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট হলো, ১৯৬৭ সালে সেটা এ্যামেণ্ড হলো এবং ১৯৭১ সালে সেটা অর্ডিনেন্স হলো এবং ১৯৭২ সালে সেটা বিল হয়ে এসেছে কিন্তু পশ্চিমবাংলার দুর্ভাগ্য যে একটা পূর্ণাঙ্গ ভুমিসংস্কার আইন হলো না। আসল ভুমিসমস্যার সমাধান করতে হলে কতটা জমি সরকার নিল সেটা বড় কথা নয় বা কতটা জমি ভুমিহীনকে দিলাম সেটা বড় কথা নয়। আজকে যারা ভুমিহীন যারা ভুমির উপর নির্ভরশীল এবং যে গ্রামীন অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল তাকে সুদৃঢ় করতে হলে কতটা জমির প্রয়োজন কতটা জমি হলে ইকনমিক হোল্ডিং হয় সেটা বিচার করে সিলিং বাঁধা উচিত। এটা হয়তো আমি না মানতে পারি এই বিধানসভার সদস্য না মানতে পারে—কিন্তু আইনজ্ঞ বা কোন কৃষি বিশেষজ্ঞ বা কৃষি অর্থনীতিবিদকে নিয়ে একটা কমিটি গঠন করা উচিত যাঁরা পশ্চিমবাংলার ভুমিসমস্যা বিচার করবেন কৃষিসমস্যা বিচার করতে পশ্চিমবাংলার অর্থনীতির কথা বিচার করবেন এবং মতামত দেবেন যে কি পরিমাণ জমি দিলে ইকনমিক হোল্ডিং হয় যার উপর শতকরা ৭৫ ভাগ গ্রামীণ অর্থনীতি নির্ভরশীল। সেটা কি করলে ইকনমিক হোল্ডিং, তা ঠিক করে সিলিং বাঁধা উচিত ছিল। সেইভাবে সিলিং আমরা বাঁধছি না। সরকার কখনও মনে করছেন ১৭ একর কখনও সাড়ে সাত একর কখনও করছেন ২৫ একর কখনও বলছেন ৪৫ এইভাবে ভুমিসংস্কার সাধন করে কি আমরা প্রগতির পথে এগোবো? তা না করে আমরা বিরাট্‌ জটিলতার সৃষ্টি করছি। এইভাবে আমরা দেখতে পাচ্ছি যে যদি একটা বিধবার তিনটি নাবালক নিয়ে সিলিং নিয়ে থাকছে কিন্তু সেই নাবালক যখন সাবালক হবে সে যদি জমি

হস্তান্তর করতে চায় তাহলে সে ভাগচাষীকে উচ্ছেদ করতে পারবে কি না, করা উচিত কি না তার বিধান এর মধ্যে থাকা উচিত ছিল। আর একটা কথা যারা ভাগচাষ করছে তাদের রাইট নিশ্চয় স্থায়ী করবো, করা উচিত। কিন্তু যার কাছ থেকে জমি নিলাম তাকে সাত একর দিই বা ১৭ একর দিই যাই নির্দেশ করে দিই না কেন সে জমিগুলি যাতে শান্তিপূর্ণভাবে চাষ করতে পারে স বিধান থাকা উচিত ছিল। আমরা দেখেছি অনেক রাজনৈতিক দল ঠিক করেছেন যে তাঁরা আন্দোলনের পথে নামবেন তাঁরা ল্যাণ্ড মুভমেণ্ট ভুমি দখল আন্দোলন করবেন। সেই আন্দোলন করতে গিয়ে দেখেছি যে ল্যাণ্ড সিলিংয়ের মধ্যে থাকা সত্ত্বেও জমি জবর দখল হয়েছে। যেসমস্ত জমি জবর দখলের মধ্যে রয়েছে সেই জমি ছাড়াবার জন্য সরকার কোন ব্যবস্থা করছেন না যদিও সেটা সিলিংয়ের অন্তর্ভুক্ত জমি। এই জমির লড়াই করতে গিয়ে সরকারের কোন সাহায্য পাই না। মেদিনীপুর জেলায় ১৯৭০ সালে দেখেছি একদিনে একসাথে ৪টি লোককে হত্যা করা হয়েছে এই জমির নাম করে। সেখানে যে সিলিং বেঁধে দিচ্ছেন সেই সিলিংয়ের মধ্যে জমি সে পাচ একর বা দশ একর যাই করুন না কেন তারাও সমাজের অংশ যাতে শান্তিপূর্ণভাবে তারা চাষ করে জীবিকা নির্বাহ করতে পারে তাদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা করতে পারে সংসার নির্বাহ করতে পারে তার ব্যবস্থা করা এই বিধানের মধ্যে থাকা উচিত ছিল। সবশেষে একথা বলি যে ল্যাণ্ড এ্যাকুইজিসন এ্যাক্ট ১৯৫৩-এর ৬নং ধারায় যে ২৫ একর জমি রাখার কথা বলা হয়েছে এগ্রিকালচারাল ল্যাণ্ড সেটা পরিবর্তন করে এই আইন আনলে ভাল হোল। কারণ যখন ১৯৭১ সালে অর্ডিন্যান্স-এর ফলে যা হোল তাতে ইনজাংসন হওয়ার ফলে কোন জমিতে অর্ডিন্যান্স প্রয়োগ করা যায় নি। আমি আবার মন্ত্রিমহাশয়কে সরকার এবং বিধানসভার সদস্যদের এই কথাই বলছি যে সেই আইন পরিবর্তন না করে এই আইন তৈরী করলে এই আইনে ব্যর্থতা আসবে কোন ফল হবে না। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচনা খুব বিক্ষিপ্ত হয়ে গেছে। এবং সময় শেষ হয়ে এসেছে। এই অবস্থায় আমাদের কিছুটা ধৈর্য আছে বলবার—ভাবছি কতটা বলবো। আমাদের জয়নাল আবেদিন সাহেব আমাদের মন্ত্রী তিনি যে এতক্ষণ ধৈর্য ধরে শুনছেন কি উদ্দেশ্যে এ বিষয়ে আমি পরে শুনবো। এখন কথা হল এই যে এখানে আলোচনার ভিতর নিশ্চয় অনেকে সমালোচনা করেছেন, অনেকে সমর্থনও করেছেন। কিন্তু কতকগুলি মৌলিক প্রশ্ন উঠেছে। একটি মৌলিক প্রশ্ন হল এই যে গ্রামের জমি নিয়ে নেওয়া হচ্ছে তা গ্রামের জমির উপর এতো রাগ কেন? আমার সংক্ষেপে উত্তর হচ্ছে ইতিহাসে আমরা দেখেছি যখনই

[ 6-30—6-40 p.m. ]

সামন্ততান্ত্রিক বা আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থার উপরে আঘাত এসেছে তখনই তার প্রতিবাদে তারা পুঁজিবাদের দিকে আঙ্গুল দেখিয়েছেন যে ওখানে এত টাকা জমে আছে, ওখানে কিছু করছেন না এখানে কেন করছেন। আমি বলছি যে দু' জায়গাতেই করা যাক। ভূমিসংস্কারের ব্যাপারে যারা এই প্রশ্ন তুলেছেন যে শহরের জমি বা সম্পত্তির এত দাম, শহরের এত টাকা, গ্রামের জমির উপর এত রাগ কেন? আমি তাদের অনুরোধ করবো যে গ্রামে ভূমিসংস্কার করা হোক আর শহরের যে বিত্তবান তাদের কিভাবে খর্ব করতে পারেন সেই ব্যবস্থা করুন। সেটা শুধু শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করলে হবে না। তার কারণ শহরের প্রকৃত যারা বিত্তবান তাদের সম্পত্তি কতটুকু। যেখানে সম্পত্তি বলছেন জমি বা বাড়ী তাদের আসলে কারখানা, ব্যবসা-বাণিজ্য, ব্যাংকে জমান টাকা, তারা শত শত কোটি টাকার মালিক—আপনি শহরের সম্পত্তির সীমা

বাঁধলেও তাদের খর্ব করতে পারছেন না। সুতরাং প্রথমে সবচেয়ে যারা উপরে আছেন তাদের আঘাত করা যাক। আসুন আমরা আইন সভা থেকে সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব পাশ করি যে ঐ ৭৫ টি একচেটিয়া পুঁজিবাদী পরিবার আছে তাদের সেই পুঁজি গভর্ণমেণ্ট নিয়ে নিক। সেটা রাষ্ট্রীয়করণ করা হোক এবং একচেটিয়া পুঁজিবাদের কবজা আমাদের দেশের অর্থনীতির উপর ভেঙ্গে দেওয়া হোক, তাহলে বুঝবো যে, হ্যাঁ যারা গ্রামে ভুমি সংস্কারের ব্যাপারে শহরের সম্বন্ধে তারতম্য দেখে বিচলিত হয়েছিলেন তারা বাস্তবিক গ্রামের জোতদারদের রক্ষা করবার জন্য একথা বলছেন না, তারা আসলে বাস্তবিক চান। যদি গণতান্ত্রিক একটা সংস্কার গ্রামের বেলায় হয় তাহলে শহরের বেলায় হোক এবং আমি সেটা সম্পূর্ণ সমর্থন করি। আর একটা মৌলিক প্রশ্ন উঠেছে—সেটা হল এই যে এই জমি বণ্টন করে কি হবে? কতজনকে দেবেন, কতজন পাবে, নিয়ে বা কি হবে, তাদের দিয়ে বা কি হবে তার চেয়েও—আবার কেউ কেউ বলেছেন যে সমবায়ে চাষ করা হয়, রাষ্ট্রীয় খামার করা হয়, আবার কেউ বলেছেন সমস্ত জমি রাষ্ট্রীয়করণ করেন তাহলে ভাল হয়। আমি তাদের উদ্দেশ্যের প্রতি কোন কটাক্ষ করছি না। বাস্তবিক শেষ পর্যন্ত এ বিষয়ে কোন সন্দেহ নাই যে সমাজতন্ত্র যদি করতে হয় এবং সমাজতন্ত্রের দিকে যদি পদক্ষেপ করতে হয় তাহলে গ্রামের উৎপাদনের ব্যবস্থা হয়, সমবায়ের মধ্যে আনতে হবে না হয় রাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে আনতে হবে, এই বিষয়ে কোন সন্দেহ নাই। তা না হলে শেষ পর্যন্ত শোষণ বন্ধ হবে না। যত ছোট করে দিন আবার বড় হবে, আবার শোষণ হবে। উৎপাদন বৃদ্ধির দিক থেকে সেটা বোঝা দরকার। কিন্তু এখানে সমস্ত জমি রাষ্ট্রীয়করণের কথা—সব সমবায় করা হোক, রাষ্ট্রীয় খামার করা হোক, একথা বলে কোন লাভ নেই। যে ক্ষেত্রে আমাদের দেশে বড় বড় যে ভু-স্বামী তাদের যে কনসেনট্রেশন অব ল্যাণ্ড, মনোপলি অব ল্যাণ্ড সেটাকে ভেঙ্গে দেওয়ার জন্য প্রকৃত প্রস্তাব হল না এবং যারা একেবারে ভুমিহীন, যাদের এক ছটাক বলতে জমি নেই, যাদের পা ফেলবার মত জায়গা নেই, তাদের সামান্য একটু কোমরে বল, একটু দাড়াবার জায়গা যে ক্ষেত্রে দেওয়া হল না, সেই অবস্থাতে আমরা এই সমবায়, রাষ্ট্রীয় খামার করার কথা ভাবতে পারছি না। এটা নিশ্চয়ই করা দরকার, এটা না হলে কিছুই হবে না। কিন্তু এটা এখনই সম্ভব বলে মনে হচ্ছে না। তবে হ্যাঁ নিশ্চয়ই, এই জমি কয়জনকে দেবেন? যে কয়জনকে দেওয়া সম্ভব তাই দেবেন? বেকার সমস্যার সমাধান করতে পারছেন? যতক্ষণ পর্যন্ত বেকার সমস্যার সমাধান না করতে পারছেন ততক্ষণ পর্যন্ত কিছু লোককে চাকুরী দেবেন না, কিছু লোককে কাজ দেবেন না? যতক্ষণ পর্যন্ত সকলকে কাজ দিতে পারছি না ততক্ষণ পর্যন্ত কাউকে কাজ দেব না একথা তো কখনও বলেন না। তা যদি না বলেন তবে একথা কেন? সকলকে যদি জমি না দিতে পারি তবে কিছু লোককে দেব না। কাজেই যতটা পারেন জমি বার করুন, যতটা পারেন দিন। আবার সঙ্গে সঙ্গে এ কথাও ঠিক সমবায় খামারের দিকে, রাষ্ট্রীয় খামারের দিকে অগ্রসর হন যাতে প্রকৃত সমাজবাদ স্থাপন হতে পারে। কিন্তু সমবায়কে উৎসাহিত করা যায়, কিন্তু আইনে কি সেই ব্যবস্থা আছে? আইনে জমির মালিককে এই অধিকার দেওয়া হয়েছে তিনি রিটার্ণ সাবমিট করবার সময় দেখে নেবেন কোন জমিকে রাখবেন আর কোন জমিকে ছাড়বেন। বহুদিনের অভিজ্ঞতায় আমি দেখেছি ছাড়া ছাড়া জমি দিয়েছেন গভর্ণমেণ্ট। প্রথম যখন বেরল তখন যেটা খারাপ জমি তাই দিয়েছেন এবং যে জমি চাষের অযোগ্য তাও চাষের জমি বলে দিয়েছেন। আবার চাষের জমি, চাষের জমি নয় বলে রেখে দিয়েছেন। এ রকম অসংখ্য দৃষ্টান্ত আছে, তার মধ্যে আমি যেতে চাই না, আমরা যারা জমি আন্দোলন, কৃষি আন্দোলনের সঙ্গে দীর্ঘদিন ধরে জড়িত আছি তারা এটা জানি। এই আইনে গত ১৮ বছর ধরে বয়োবৃদ্ধি হয়েছে এবং ওরা যেসব কার্যকলাপ করেছেন এই আইনে, আমরা হাতে-নাতে দেখেছি, মাঠে দেখেছি, দপ্তরে দেখেছি এবং আমরা জানি কিভাবে হয়। সুতরাং যাদের জমি দিলেন তাদের

সমবায়ে করবার কোন উপায় নেই। এখানে একটা জমি দিয়েছেন, ওখানে একটা জমি দিয়েছেন, সেখানে একটা জমি দিয়েছেন, এখানে এক বিঘা দিলেন, ওখানে এক বিঘা দিলেন, সেখানে এক বিঘা দিলেন, এই ভাবে যদি দেন তাহলে সমবায় করবেন কি করে তাদের নিয়ে? তাদের নিয়ে যদি সমবায় করতে হয় তাহলে অন্ততঃ একটা বিধান গভর্ণমেন্টের থাকা দরকার যে জমির মালিকদের যেখানে যেখানে তাদের জমি আছে তার ভিতর যেটা রাখছেন সেটা একটি প্লটে রাখুন কিম্বা যেটা দিচ্ছেন সেটা যতদুর সম্ভব একটি প্লটে দিন তাহলে সেখানে যে ভুমিহীন জমি পাবে তাদের নিয়ে একটি সমবায় করে কৃষির উন্নতি করার হয়ত চেষ্টা করা যেতে পারে যে এই পয়েন্টে দিয়েছি। আমি বেশী বলব না, কারণ আইনে এই সব ব্যাপার নেই। কিন্তু এই আলোচনা যখন উঠেছে তখন আমি বলছি যে সমবায়, জমির জাতীয়করণ শেষ পর্যন্ত করতেই হবে, সমবায় রাষ্ট্রীয় খামার শেষ পর্যন্ত করতেই হবে, তা না হলে আমাদের মত গরীব জনবহুল দেশে কোন সমাধান নেই এবং হবেও না। কিন্তু সেই পথে যদি যেতে হয় তাহলে আগে তারজন্য ভুমিসংস্কার করতেই হবে। আমি একটি ছোট্ট আইনের কথা বলে নিয়ে এই আইন সম্বন্ধে আমার কতকগুলি মন্তব্য করতে চাই। এ্যাডভোকেট জেনারেল এসেছিলেন, কিন্তু চলে গেলেন কেন আমি তা জানি না। তিনি বোধ হয় এসেছিলেন এই ভেবে যে হয়ত আইনের প্রশ্ন আসবে, তাঁকে উত্তর দিতে হবে। বোধ হয় চলে গেলেন এই ভেবে যে এখানে কেউ আইনের প্রশ্ন তুলবেন না, শেষ পর্যন্ত দেখে চলে গেলে ভাল হত। কারণ আমি এখানে একটি আইনের প্রশ্ন তুলছি। এটা ১৪ এক্ট, নো সিভিল কোর্ট স্যাল হ্যাভ জুরিসডিকশান টু ডিসাইড, ইটিসি, ইটিসি, এই ধারা থাকা সত্বেও সিভিল কোর্ট তার জুরিসডিকসানে নিচ্ছে, এর প্রতিকার কি? আমি এ্যাডভোকেট জেনারেলকে জিজ্ঞাসা করতাম, তিনি হয়ত উত্তর দিতে পারতেন না, তিনি হয়ত জে. এল. আর. ও.-কে জিজ্ঞাসা করতেন, আমি জানি না এর কি প্রতিকার আছে। আমার পূর্বে অনেকে এই হাউসে ভুমিহীনদের সম্বন্ধে বলেছেন। আমার মাননীয় বন্ধু তুহিনবাবু কি রকম ভুমিহীন জানি না, কিন্তু প্রকৃত একজন ভুমিহীন ক্ষেত মজুর বাড়ীর ছেলে বক্তৃতা করবার সময় বীরভূমের বিষয়ে একটি কথা বলেছেন যে প্রথমে জে. এল. আর. ও. রায় দিল। অন্যায় রায় বলল। তাই জে. এল. আর. ও. যখন তদন্ত করে বলল যে এই ভাগচাষী বলে রায় দিল তখন হাইকোর্ট থেকে ইনজাংসন চলে এল, সিভিল কোর্ট থেকে ইনজাংসান চলে গেল এবং জে. এল. আর. ও. স্থগিত হয়ে গেল এবং সেখানে চাষী উচ্ছেদ হয়ে গেল, সে বিচার কবে হবে জানি না। আমি জানি গত ১০।১২ বছরে এইরকম হাজার হাজার কেস আমাদের কাছে এসেছে যেখানে সিভিল কোর্টের মারফৎ যতটুকু আইন ছিল ভাল হোক মন্দ হোক, সে আইন জোতদাররা ফাঁকি দিচ্ছে কিরকমভাবে তার কোন ঠিক ঠিকানা আছে কিনা সেটা উকিলবাবুরা বলতে পারবেন, তাদেরই পরামর্শে নানারকম পথ উদ্ভব হয়েছে কিভাবে আইনকে ফাঁকি দেওয়া যায়। যেমন ধরুন আমি প্রজা নই, কস্মিনকালেও কেউ নই, আমার সঙ্গে জমিদারবাবু, জোতদারবাবু এইরকম এ্যারেঞ্জমেণ্ট করলেন যে আমি তোমার বিরুদ্ধে নালিশ করবো, তুমি আমার প্রজা খাজনা দাও নি। তোমায় যখন জিজ্ঞাসা করবে তুমি বলবে হ্যাঁ হুজুর খাজনা দিতে পারিনি, ঠিক হয়ে গেল। এইভাবে প্রজা সম্পর্ক স্থির হয়ে যাবে। ইতিমধ্যেই একটা লেখাপড়া হয়ে থাকলো, সে জমি না দাবী করার কথা লিখে রাখল। এখন টাকা ওর খাতায় লিখে রাখল। তাই ঠিক এইভাবে মালিকের সঙ্গে চাষীর একটা যোগসাজস করা হচ্ছে। শুধু জমির স্বত্ব এবং ভাগচাষীর সম্পর্ক এইভাবে করা হচ্ছে তা নয়, যদি সময় থাকতো আমি উদাহরণ দিতাম যে প্রজার ব্যাপারে প্রকৃত সিভিল কোর্ট ইনটারভেনসান করবার সুযোগ পাচ্ছে এবং করে আইন অপব্যবহার করে দিচ্ছে। আপনারা বলছেন যে আমার অধিকার আছে ডিক্লারেটরি সুট আমাদের কাছে নিয়ে এসেছে, কেস আমরা করবো এমন কি ভাগচাষী কি না সে সিভিল কোর্টে ডিসাইড করছে,

এদিকে ভাগচাষ কোর্ট বলছে ভাগচাষ বলে ভাগচাষীর ফলে রায় দিচ্ছে সিভিল কোর্টে এসে কি করে রদ হয়ে যাচ্ছে—ডিক্লেয়েটরি সুট হয়ে যাচ্ছে, সেটা নিয়ে নিলেন, সেখানে রদ হয়ে গেল।

[ 6-40—6-50 p.m. ]

এই যে চলেছে এটা ঠেকাবেন কি করে? আপনি লিখে রেখেছেন আইনে যে জুরিসডিকসান নেই কিন্তু জুরিসডিকসান নেই কেন? অন্য আইনের দিক থেকে ডিক্লারেটরী সুট এবং অন্য নানারকম সুট আনবার সব সময় তার অধিকার রয়েছে এবং সেই অধিকার নিয়ে আসছে। সেই অধিকার নিয়ে এসে আপনার আইনকে বরবাদ করে দিচ্ছে। আমি অবশ্য একটা ড্রাফ্‌ট করেছি, সেই ড্রাফ্‌ট আমি পড়তে চাই না বা এ্যামেণ্ডমেণ্ট হিসাবে দিতে চাচ্ছি না, পরে মন্ত্রিমহাশয়কে দেব, তিনি সেটা আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করে দেখবেন। কিন্তু যদি একটা ব্যবস্থা না করেন যে সিভিল কোর্টের জুরিসডিকসন হবে না তার মানে কি? সেটাকে যদি না এমনভাবে বাঁধতে পারেন যে বাস্তবিক এই সিভিল কোর্টের জুরিসডিকসন হবে না এই সাবজেক্টগুলি, এই ম্যাটারগুলি যেখানে ইনভলভড সেখানে অন্য আইন থাকলে সিভিল কোর্টের জুরিসডিকসন হবে না এর একটা ক্লিয়ার প্রভিসন এর মধ্যে না থাকলে বানচাল হয়ে যাবে। হাইকোর্টের কথা এক্ষেত্রে উঠেছে। হাইকোর্ট মহামান্য, আমাদের আইনসভাও মহামান্য—আইনসভার ভেতরে আমি হাইকোর্টের সমালোচনা করতে পারি কিন্তু বাইরে করলেই আদালতের অবমাননা হয়ে যাবে। আমি মহামান্য হাইকোর্ট কি করেন সেটা আমাদের চোখের সামনে দেখেছি। একটা ইনজাংসন দশ বছর দেওয়া আছে। গভর্নমেণ্ট একটা জমি নিয়েছে—৮।১০।১২ বছর ইনজাংসন রয়েছে—তার মানে কি? তুমি যদি মনে কর—বিচার কর, বলো এই আইন বে-আইনী, তুমি যদি বলো এই আইন প্রয়োগ করা হয় নি, সেটা তুমি বিচার করে বল যে এই আইন প্রয়োগ হয় নি কিন্তু বিচার করব না, আর হাইকোর্টের অধিকার নিয়ে ইনজাংসন দিয়ে ১০।১২ বছর আটকে রেখে দিলাম তাহলে আইনসভায় আইন করারই বা কি দরকার আর প্রশাসনেরই বা কি দরকার তা আমি বুঝি না। এখন এ সম্বন্ধে কি করা যায়? এতে কি সংবিধান সংশোধনের প্রয়োজন, না কি আমরা আইনের মধ্যে ব্যবস্থা করতে পারি সেইসব কথা চিন্তা করা দরকার। কারণ তা যদি না হয় তাহলে এই সব ধারা রাখার কোন মানে হয় বলে আমি মনে করি না। এখন এই আইন সম্বন্ধে নিশ্চয়ই আমি বলব যে আমাদের বন্ধু শ্রীআবদুল বারি বিশ্বাস, সাজ্জাদ হোসেন সাহেব এরা যে সার্কুলেসনের দাবী করেছেন সেটা তাঁরা উইথড্র করবেন। তাঁদের অনেক পয়েণ্ট আছে যা বিচার করা দরকার আমি বুঝি আমি বিশ্বাস করি ইসলামপুর মহকুমায় অনেক গণ্ডগোল আছে সেইসব মন্ত্রিমহাশয় বিচার করবেন কিন্তু সার্কুলেসনে দেবার মানে কি? আইনকে কি ল্যাপ্স করিয়ে দেওয়া? যে আইন আগের আইনের চেয়ে কিছুটা অগ্রসর কোন সন্দেহ নেই এবং টু দ্যাট এক্সটেণ্ট আমরা সকলে সেটা সমর্থন করি, আমরা তাকে ল্যাপ্স করিয়ে দিলে একটা ভণ্ডুল কাণ্ড হয়ে যাবে। সুতরাং নিশ্চয়ই সেজন্য এটা আনেন নি, আলোচনার উদ্দেশ্যেই বা কথাটা তোলবার জন্যই এনেছেন। এটা ওঁরা উইথড্র করবেন বলে আমি মনে করি। তেমনি আবার শরৎ দাস মহাশয় সিলেক্ট কমিটিতে দেবার কথা বলেছেন। ঠিকই আমি এটা মন্ত্রিমহাশয়কে বলব যে আগামী সেসনে যখন তিনি একটা কম্প্রিহেনসিভ আইন আনবেন দয়া করে এমন সময় আনবেন যাতে আইনসভা চলাকালীন একটা সিলেক্ট কমিটির সুযোগ থাকে। সিলেক্ট কমিটির সিষ্টেম কি উঠে গেল—এখন কি অর্ডিনান্স করেই রাজত্ব হবে? সময় পেরিয়ে যাচ্ছে, অতএব একদিনে আধদিনে অর্ডিন্যান্স করে আইন করা হচ্ছে, কোন আলাপ আলোচনা করার সুযোগ তাতে থাকে না। কাজেই সিলেক্ট কমিটি করতে হবে, তবে শরৎ দাস মহাশয় যা বলেছেন সেইরকম সিলেক্ট কমিটি

করলে কোন ভূমিসংস্কার আইন হবে বলে আমি বিশ্বাস করি না। সেই নামগুলি আমি বলছি না কিন্তু সিলেক্ট কমিটি আপনাদের করতে হবে বা এই আইনের ব্যাপারটা যখন ভবিষ্যতে আনবেন তখন সিলেক্ট কমিটি করতে হবে, ডিসকাসন করতে হবে,রিপোর্ট তৈরী করতে হবে, করে প্রপারলি আনতে হবে। তা না হলে আলোচনার কোন ক্ষেত্র থাকছে না। এখন কথা হল এই আইনে অনেক ইমপ্রুভ করা দরকার। অনেক জায়গায় অনেক স্কোপ আছে ইমপ্রুভ করার। এই বিষয়ে অনেক সদস্যই বলেছেন, আমি দু-চারটির বেশী কথা বলব না কিন্তু মূল কথা হল ইম্পলিমেনটেসন। আমি এবং আমরা অনেকেই যখন ১৯৫২ সালে প্রথম প্ল্যানিং কমিশনের কাছ থেকে ডঃ রায়ের কাছে দিস্তা দিস্তা কাগজ আসে ভূমিসংস্কার সম্বন্ধে সেই সময় থেকে আগা গোড়া এই আইন তৈরী করবার প্রস্তুতি পর্ব, আইন তৈরী হওয়া, আইন পাশ হওয়া. কার্যকরী হওয়া না হওয়া, সংশোধন হওয়া, সর্বস্তরে আমরা যারা জড়িত আছি সেই সময় থেকে আমরা এটা দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি আইন যাই হোক না কেন সবচেয়ে মুস্কিলের কথা হচ্ছে এই ভূমির ব্যাপারে যত আইনই বলুন কায়েমী স্বার্থদের গায়ে কোন আঘাত লাগে এইরকম কোন আইন কার্যকরী করা বড় মুসকিল। সি. পি. এম.-এর উপর অনেকের রাগ হয়েছে. আমাদের উপরও হয়ত রাগ হতে পারে, প্রদ্যোৎবাবু তো বলে গেলেন মেদিনীপুর তো সি. পি. এম. নয়, কিন্তু রাগ আপনাদের যতই থাক যে সি. পি. এম. সুবিধাবাদ করেছে, কি হিংসার আশ্রয় নিয়েছে, কি অন্যায় করেছে, কিন্তু আমি একটা কথা এই হাউসকে অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মনে করিয়ে দেব যে যতটুকু গরীব চাষীদের আন্দোলন হয়েছে ততটুকু এই আইন কার্যকরী হয়েছে, যখন আন্দোলন হয়নি এই আইন কার্যকরী হয়নি। আন্দোলন হিংসার পথে যখন গেছে তার বেশীর ভাগ ক্ষেত্রে আমার অভিজ্ঞতা হচ্ছে অপর তরফ থেকে হিংসা অনেক আগে থেকে বেশী হয়েছে। আগের কথা বাদ দিচ্ছি ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯ সালে ভাগচাষ আন্দোলন না হয়ে বর্গাদার অর্ডিন্যান্স বলে ১৯৪৯ কি ১৯৫০ সালে বর্গাদার আইন হোত, তারপর যে সংশোধন হল সেই সংশোধন হোত না, ১৯৪৬, ১৯৪৭, ১৯৪৮, ১৯৪৯ সালে বর্গাদার অন্দোলনের জন্য হয়েছে এবং সেই আন্দোলন এগিয়ে এসেছে এবং পাশ করিয়েছে জমিদারী দখল আইন এবং ভূমিসংস্কার আইন। তারপর কি হয়েছে আমার স্পষ্ট মনে আছে ১৯৫৮, ১৯৫৯, ১৯৬০, ১৯৬১ সাল পর্যন্ত এই আইন কার্যকরী করবার জন্য এই সারপ্লাস ল্যাণ্ড আজকে বলছেন যে যা দখল করছে, কৃষকদের কিছুটা শক্তি হয়েছিল দখল করেছিল, কিন্তু কি হয়েছে, ১৯৪৮ সাল থেকে ১৯৬১ সালে ডাঃ বিধান চন্দ্র রায়ের কাছে আমরা ডেপুটেসান নিয়ে এগিয়ে এসেছি, হাতে ধরেছি, তিনি এ্যাডভোকেট জেনারেলকে ডেকেছেন, মন্ত্রীকে ডাকিয়েছেন, সকলকে ডেকেছেন এবং বলেছেন যে জমি আপনারা অন্তত ৫এ প্রোসিডিংস করছেন কিংবা যে জমি ৫এ প্রোসিডিংসের জন্য আপনাদের কাছে দরখাস্ত করা হয়েছে আপনারা তদন্ত করছেন অন্ততঃ সেই জমির যে ধান, সেই জমি সরকারের কাছে জমা থাক, সেই ধান চাষীর যেটুকু প্রাপ্য তার ১০ আনা সেটা দিয়ে দিন, আর ৬ আনা জমা থাক, সেই জমি যদি সারপ্লাস বলে প্রমাণিত হয় তাহলে গভর্ণমেণ্ট তার ১০ টাকা লাইসেন্স ফি নিয়ে বাকিটা চাষীকে দিয়ে দিন, আর যদি সারপ্লাস প্রমাণিত না হয় তাহলে সেই ধানের দাম মালিকের যেটা প্রাপ্য সেটা মালিককে দিয়ে দেবে। বিধানবাবু এগ্রি করেছিলেন শেষ পর্যন্ত। কিন্তু সেই আইনকে কার্যকরী করবার জন্য বহু চাষীকে প্রাণ দিতে হয়েছে, বহু এ্যারেষ্টেড হয়েছিল এবং বহু চাষীর বাড়ী থেকে ধান লুঠ করে নিয়ে গেছে। বিধান বাবুর কাছে কমপ্লেন করেছি যে আপনি নিজে বললেন যে হ্যাঁ, এটা হবে এবং হচ্ছে অথচ আপনার পুলিশ, জমিদার, অফিসার, জোতদার, থানার দারোগা কেউ মানছে না, অপর দিকে চাষীকে গ্রেপ্তার করছে এবং তার বিরুদ্ধে আইন প্রয়োগ করা হচ্ছে। সমাজবাদের কথা আপনাদের

কাছ থেকে শুনতে ভালই লাগে, অনেকে বিদ্রুপ করেন কিন্তু আমি বিদ্রুপ করতে চাই না, সমাজবাদের প্রতি আগ্রহ সত্যই ভাল কথা। কিন্তু সমাজবাদ কি মুখের কথা? যে সমাজে আজো শোষণ রয়েছে, প্রাইভেট প্রোপার্টির উপর বেজড যে সমাজ এবং তার মধ্যে পুঁজিবাদের পূর্বতন যে শোষণ ব্যবস্থা সেই শোষণ ব্যবস্থা আজো যে দেশের গ্রামাঞ্চলে চালু আছে, যেখানে বেশীরভাগ মানুষ গরীব সেখানে এটা কি জানেন না শাসনযন্ত্র কার পক্ষে যায়, আদালত কার পক্ষে যায়, অফিসার বেশীর ভাগ কার পক্ষে যায়, পুলিশ কার পক্ষে যায়? তাঁরা যেসব শ্রেণী থেকে এসেছেন সেইসব শ্রেণীর স্বার্থ তাঁরা দেখেন, সেই দৃষ্টিভঙ্গী থেকে তাঁরা দেখেন। আমরা আইন করি, আমরাও অনেক সময় ওদের দৃষ্টিভঙ্গী দিয়ে দেখি, গরীবের দৃষ্টিভঙ্গী দিয়ে আমরা দেখি না, খেটে খাওয়া মানুষ যারা সম্পদ সৃষ্টি করে তাদের দৃষ্টিভঙ্গী দিয়ে দেখি না, ভোট পাওয়ার সময় তাদের কথা বলি। ইমপ্লিমেণ্টেসানের কথা হচ্ছে সব চেয়ে বড় কথা। আইনের ইমপ্লিমেণ্টসান সম্পর্কে কোন প্রভিসান ছিল না। খুব আনন্দের কথা যে মাননীয় মন্ত্রিমহাশয় কমিটি করবেন বলেছেন জমি বিতরণের জন্য কিন্তু আইনের কোন প্রভিসান করেন নি। জমি বিতরণ কমিটি করবেন কিন্তু ভূমিসংস্কার আইন কার্যকরী করবার জন্য কোন কমিটি করছেন না। এক কালে এইসব কথা উঠেছিল যে ল্যাণ্ড রিফর্মস কমিটি করা হোক, স্ট্যাটুটরি বডি করা হোক, কিংবা বডি তৈরী করতে পাওয়ার দেওয়া হোক, ল্যাণ্ড ট্রাইব্যুন্যালস করা হোক।

[6-50—7-00 p.m.]

অনেক মাননীয় সদস্য বলেছেন ভূমিসংস্কার কার্যকরী করবার জন্য কমিটি করা হবে। কিন্তু সিলিং এর ব্যাপার শুধু নয়, ড্রাই ল্যাণ্ড বা ওয়েষ্ট ল্যাণ্ড বোঝবার জন্যও সিলিং ঠিক মত ইমপোজড করছে কি না তা দেখবার জন্য, বর্গাদারের ধারা ঠিকমত প্রয়োগ হচ্ছে কি না তা দেখবার জন্যও অন্যান্য ধারা ঠিকমত প্রয়োগ হচ্ছে কি না তা দেখবার জন্য আইনের মাধ্যমে কোন প্রভিসান থাকবে না? আমি জিজ্ঞাসা করছি ডেমোক্রেটিক কোয়ালিসান গভর্ণমেণ্ট—যার প্রধান অংশীদার ছিলেন আপনারা—অর্থাৎ কংগ্রেস ও সেই কংগ্রেসকে আমরা বাইরে থেকে সমর্থন জানিয়েছিলামও তার ভূমিরাজস্ব মন্ত্রী যিনি ছিলেন এই গভর্ণমেণ্টের কৃষিমন্ত্রী তিনি ঠিক করে দিলেন যে পপুলার কমিটি করে দেবো। তিনি একটা নিয়ম করেছিলেন যে পপুলার কমিটি করে দুঃখ মোচন করবো। যেমন রাষ্ট্রপতির শাসন হলো তখনই পপুলার কমিটি তুলে দেওয়া হল, কেননা রাষ্ট্রপতির শাসন, এখন আর পপুলার কমিটি মানি না। মজা না কি? আইন নিয়ে চালাকি খেলা, কি আইনের মধ্যে প্রভিসান আছে, একটা গভর্ণমেণ্ট আসতে পারে, আর একটা গভর্ণমেণ্ট যেতে পারে—রাষ্ট্রপতি শাসন হতে পারে, কিন্তু ১৮ বৎসর হয়ে গেল, ১৯৫৪ সালে আমরা আইন পাশ করেছি, ১৯৫৫ সালে ভূমিসংস্কার আইন পাশ করেছি, ১৯৫৪ সালে জমিদারি দখল আইন পাশ হয়েছে। ১৯৫৫ সালে জমিদারি আইন প্রয়োগ হয়েছে। এবং ১৮ বৎসর পরে আবার আইন করছি—আবার আলোচনা করছি। বই পাওয়া যায় ইত্যাদি আজ সব লুকিয়ে রেখে আইন করে যদি আজ ঠিকমত ইমপ্লিমেণ্ট করা না হয়—যদি ধারাবাহিকতা না থাকে তাহলে আইনের উদ্দেশ্য বেশীরভাগ ব্যর্থ হয়ে যায়। এই ইমপ্লিমেণ্টসানের সূত্রে এই কথা বলতে চাই যে সি. পি. এম. অন্যায় করুক—যা করুক এই কথা মানতে হবে—যদিও কোন কোন জায়গায় ছোট ছোট চাষীর জমি, ছোট মালিকের জমি দখল করেছে তা ফিরিয়ে দেয় নি—কিন্তু সেসব বিচার করুন, তদন্ত করুন, তাদের জমি ফিরিয়ে দিন, কিন্তু এটা মানতে হবে যে এই আন্দোলনে বহু জায়গায় জমি বেরিয়েছে না হলে বেরুত না। এবং যে সমস্ত চাষীরা সারপ্লাস ল্যাণ্ডের মধ্যে থেকে জমি দখল করে আছে—আজকে আপনারা আইন এনেছেন—আইন এনে প্রস্তাব করছেন, তর্ক করা হচ্ছে যে অমুক জেলায় জমি আছে—আপনি ধরুন এখানে ওখানে জমি আছে ধরুন। কিন্তু ধরবেন কি

করে? কে বলেছেন যে পাঁচটা ছেলে মিথ্যা করে লেখায় দশটা ছেলে কিন্তু ধরবেন কি করে? ধরতে যে পারে সে ধরতে চায়। আপনাদের উৎসাহ কার্যে পরিণত করুন। সে কথা বলুন। ধরতে পারে সে জমি চাষী, ধরতে পারে সেখানের ক্ষেত মজুর, ধরতে পারে পাশের গ্রামের ক্ষেত মজুর। যদি জনগণ পূজা করবার জিনিষ হয় এবং ভোট পাবার যন্ত্র হয়, জনগণ যদি জীবন্ত হয় তাহলে ঐ যারা মাঠে ঘাটে পরিশ্রম করে, ফসল ফলায়, সম্পদ তৈরী করে, তাদের দুঃখ কষ্ট আছে তাদের ছেলেপুলে আছে—কুঁড়ে ঘর আছে, তাদের যদি জীবন্ত বলে মনে করেন তাহলে এইসব আইন কার্যকরী করুন। সি. পি. এম. যে অত্যাচার করেছে তা না করতে পারেন, তারা যে ধরে এনে করেছে সেটা না করতে পারেন, তারা যে সুবিধাবাদ করেছে কারুর বাড়ী গেলাম ধরে আনলাম তা না করতে পারেন, তারা যে কোর্টের উপর হামলা করেছে তা না করতে পারেন, তারা যে পার্টি বাজি করেছে তা না করতে পারেন। আসুন আমরা সঙ্ঘবদ্ধভাবে কৃষক—ভুমিহীন কৃষক ক্ষেতমজুর নিয়ে আন্দোলন করে ছোট চাষী মাঝারী চাষীর সাহায্য, সহানুভূতি ও দরদ নিয়ে কাজ করি—দেখি কেমন ভুমিসংস্কার কার্যকরী না হয়। এই আইনের মধ্যে এই প্রভিসন রাখবো যে পপুলার কমিটি আমরা যে ম্যানিফেষ্টো আমাদের প্রগ্রেসিভ ডেমোক্রেটিক এ্যালায়েন্স ইলেকসনের আগে যে জয়েন্ট ষ্টেটমেন্ট করেছি, জনগণের কাছে ম্যানিফেষ্টো দিয়েছি দয়া করে সেই ম্যানিফেষ্টোটা পড়ে দেখবেন। আপনাদেরই ড্রাফ্‌ট। আমরা এই ম্যানিফেষ্টো লোকের কাছে রেখেছি। আমরা বিশ্বাস করি না যে এইসমস্ত প্রগতিশীল কাজ এ্যাডমিনিষ্ট্রেসন মারফৎ শুধু করা যেতে পারে আমরা বিশ্বাস করি জনগণের সঙ্ঘবদ্ধ সহযোগীতার ভেতর দিয়েই এগুলি কার্যকরী করা যায়। আমরা এই কথা বলেই তো ভোট নিয়েছি। আমরা যেটা নিয়েছি সেটা কার্যকরী করবার ব্যবস্থা আইনে থাকা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সাধারণভাবে আর দু-একটা খুচরো কথা বলে বক্তব্য শেষ করবো। ল্যাণ্ড রোল আমাদের রাজ্যে—এই ল্যাণ্ড রোলে বার বার রিটার্ণ দেবার সুযোগ দেখি। এই রিটার্নের ডেট ক্রমশঃ বাড়িয়েছেন। আজকে এই জমি ধরলাম রাখবো আবার পরে ছাড়লাম, আবার পরের রিটার্নে এটা রাখলাম। ধরুন এইভাবে সমস্ত গোলমাল করে দিলাম। এইভাবে দুই, তিন কি পাচ বার বদলের পর তারপর আর পাত্তা পাওয়া যায় না। তারপর ভাগচাষীর রিটার্ন রেকর্ড হয় নি ভাগচাষী যদি রেকর্ড করায় তাহলে ভাগচাষী উচ্ছেদ হবে। তাহলে দেখুন ল্যাণ্ড রোল আজ পর্যন্ত হয় নি। এত টাকা খরচ করে সেটেলমেণ্ট হয়ে গেল ল্যাণ্ড রোল ঠিকমত আজ পর্যন্ত হল না।

আজ কয়েকটা জেলায়, থানায় settlement করা হয়েছে এবং intensive settlement করা হয়েছে। কিন্তু যে কথা অনেকে বলেছেন যে এটা নিয়ে ছেলেখেলা করবেন না। Settlement যদি intensive করতে চাই তাহলে throughout West Bengal simultanously এই intensive settlement করবেনা তাতে টাকা ৫০ লাখের জায়গায় ৩কোটি লাগবে কি না সেটা বিচার্য্য বিষয় নয়। দ্বিতীয়তঃ প্রত্যেক বছরের যদি Land Reoord থাকে কোন্ জমি কার ছিল সে রাখছে কি না, কোন জমি partition করেছে কি না, ভাগচাষী কে ছিল না ছিল ইত্যাদি সমস্ত থাকতে হবে। এইভাবে যদি Land Rull না আমরা করতে পারি তাহলে এই যে ১৮ বছর ধরে হ. য. র. ল. ব. দেখছি তার কোন প্রতিকার করা যাবে না। আইনে জমির উচ্চসীমা পরিবার ভিত্তিক করে বিচার করেছেন। ১৯৫৪ সালে যদি এটা করা হোত তাহলে এত গোলমাল হোত না। মালিককে ২৫ একর জমি রাখতে দিয়েছেন। আমাদের দেশে মিতারক্ষা আইন আছে, দায়ভাগ আছে—দায়ভাগই বেশীরভাগ চলে। বাপ বেঁচে থাকতে তিনিই মালিক। বাপ বেঁচে থাকতে বিরাট family-র নাতী-নাতনী, ছেলে, মেয়ে কেউ মালিক থাকতে পারবে না ২৫ একরের বেশী

রাখতে পারবে না। বাপ মরে গেলে সবাই মালিক হতে পারে। বাপ দেখল যে আমি বেঁচে থাকতে কেন কেউ রাখতে পারবে না, তাহলে এখনই ভাগ করে দাও এবং পুরানো করে দাও। সেজন্য ৫ (৪) ধারা করা হল, যেটা খুব depective হল। ১৯৫৩ সালের ৫ই মের পর যদি কোন transfer হয়ে থাকে up to the time of vesting তাহলে সেটা malafide, কি bonafide সে বিষয়ে তদন্ত হবে। আমাদের দেশে আইন আছে registration না করে জমির বন্দোবস্ত করতে পারা যায়, registration না কার দানপত্র করা যায়। registraion না করে জমি নিরূপণ করা যায় এটা ধরলেই সমস্ত পুরানো back dated জমি বের হয়ে যাবে। আইনে বলা হল যে যদি unregisterd থাকে তাহলে সেটা acceptable হবে না। এখন আপনারা বলছেন ১৯৭০ সালের ৭ই August-এর পর যা transfer হবে তা vestingপর্যন্ত আমরা গণ্য করব না। এইভাবে সমস্ত ফাঁকি আইনে রাখা হয়েছে। এবং তারপর সেখান দিয়ে বেরিয়ে যাবার পর আর কি করা যাবে। যাহোক পরিবার ভিত্তিক আগেই করা উচিত ছিল। কিন্তু এটা দেরীতে করা হয়েছে বলে এত জটিলতা সৃষ্টি হচ্ছে। এটা করতে গিয়ে বলছেন adult, marriage কিম্বা সে যদি deceased হয় তাহলে তার widow ইত্যাদি যেসব কথা বলেছেন তাতে আমি বলবো ১৯৫৪ সালে Estates Acquisition Act পাশ হয়েছে সেটা ফাঁকি পড়ল কি না সেটা দেখার জন্য কি ব্যবস্থা করেছেন? এখনও Estates Acquisition Act চালু আছে। আমাদের ভূমি সংস্কার আইন করার পর সেটা বরবাদ হয়নি That is still applicable and that will be applicable in future কিন্তু কিভাবে applicable হবে? সেটার কি একটা অন্য তদন্ত করেছেন। এটা একটা অন্য আইনে জমির সীমা বেঁধে দিতে হবে যেটা বর্তমান এবং ভবিষ্যত কিন্তু অতীতের সঙ্গে বর্তমান ও ভবিষ্যতের সঙ্গে ১৮ বছরের গোলমাল হয়ে গেল। এটা আপনারা ভুলে যাচ্ছেন কেন? যে adult হোক, married adult হোক, বেঁচে থাক, কিম্বা মরে যাক Estates Acquisition Act কে ফাঁকি দিয়ে জমি রেখে দিয়েছে। This is a thing which must be enquired into এরমধ্যে আপনি বলতে পারেন না বাবার ৪ছেলে সে adult হয়ে গেছে বলে জমির সিলিং বলে যে রেখে দিয়েছে কিম্বা অন্য আর একটা surplus land যে কিনে নিয়ে সিলিং-এর মধ্যে রেখেছে। সুতরাং এটা ধরা যাবে না। এটা আইনের মধ্যে পড়ে গেল। এটা যদি বরবাদ করেন তাহলে অনেক সর্বনাশ হবে বলে মনে করি। কিন্তু এটা নিশ্চয়ই ধরতে পারা উচিত।

[7-00—7-10 p.m.]

অনেকে বলেছেন যে orchard দেওয়া হয়েছে 2 hector দেওয়া হচ্ছে সেটা কেন আলাদা দেওয়া হচ্ছে। Why not included in the ceiling? ধানের জমি অপরাধ কি? ধান ফলায় বলে। এটা ceiling-এ include হবে আর ওটা হবে না। সমস্ত fishery ceiling-এর মধ্যে আনা উচিৎ। আপনি যদি fishery রাখতে চান তাহলে ceiling বেঁধে দিন। ওই তো ওখানে বসে আছেন আমাদের অনেকবারের মুখ্যমন্ত্রী অজয় মুখার্জি মহাশয়। উনি তো ১৯৬৯ সালে fishery-র হামলার সময় আমাদের ডেকে পাঠিয়েছিলেন। আমরা তো ওঁর কাছে কথা দিয়েছিলাম। উনি তো বলেছিলেন fishery যদি কেউ ২৫ একরে রাখতে চায় দেবো না? আমি বলেছিলাম, দাও। ২৫ একরের মধ্যে রাখতে পারবে, বেশী রাখতে পারবে না। Why ceiling will not be imposed on the fisheries, I do not know। ভূমিরাজস্ব মন্ত্রী আপনি দয়া করে খোঁজ করবেন আপনার Director of Land Recordsকে ডেকে পাঠাবেন। ১৯৬৭

সাল থেকে তাঁদের নির্দেশ দেওয়া হয়েছিল, ১৯৬৯ সালে জোরের সঙ্গে নির্দেশ দেওয়া হয়েছিল—এর কতটা জমি মেছোঘেরী, কতটা জমি cultivated land সেটা ঠিক করে record সংশোধন করা হোক। I know that your officers advanced to a considerable extent. তাঁরা বহু মেছোঘেরী সম্বন্ধে তদন্ত করে they heve found facts। অসংখ্য জমি হাজার হাজার একর জমি মেছোঘেরীর মধ্যে অন্তর্ভুক্ত।

**শ্রীআবদুলবারি বিশ্বাস:** On a point of order, Sir, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি rule 337(2)র প্রতি। আপনি নিশ্চয় জানেন আমাদের Business Advisory Committeeর meetting-এ ৬ ঘণ্টা time বরাদ্দ করা হয়েছিল। সেই ৬ ঘণ্টা sir হয়ে গেল। অবস্থা খুব ভাল নয়। rule-এ আছে, "At the appointed hour, in accordance with the time limit fixed for the completion of a particular stage of a Bill or a motion, the speaker, shall, unless the debates is sooner concluded, forth with put every question necessary to dispose of all the outstanding matters in connection with that stage of the Bill or the motion." এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker**: Mr.Biswas, you, parhaps, have forgotten that 20 minutes recess was allowed. So 20 minutes more time is left.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আমি তাড়াতাড়ি শেষ করবো। বিশ্বাস সাহেব নিজের বেলায় এবং তাঁর দলের বেলায় যদি একথা একটু মনে রাখতেন ভাল হত। ওঁর কথা মেনে নিচ্ছি। আমি বলছি আপনি খোঁজ করে দেখবেন already report রয়েছে ওই মেছোঘেরীর অন্তর্ভুক্ত বিপুল জমি cultivated land বা cultivable land. সেইটা দেখুন cultivated land, cultivable land, within the Mechogheri। তাহলে তাও কেন আনবেন না ceiling-এর মধ্যে। অনেক ছোট ছোট ব্যাপার আছে তার মধ্যে যাব না। আইনের অনেক ছোট ছোট defects আছে। কিছু amendment আমরা দিয়েছি। আপনারা সেগুলো নিশ্চয়ই লক্ষ্য করেছেন। নিশ্চয় charitable religious institutions সম্বন্ধে বলেছেন ভাল। কিন্তু সেখানে কেন বলছেন, 'person requires land as distinct from income derived from such land? বুঝতে পারি একটা university-র জমি আছে, তাতে agricultural demonstration হয় এবং চাষ হয়। সেটার উপর ceiling করা উচিত নয় বা গভর্ণমেণ্ট সেটা বাড়িয়ে দিতে পারে, কিন্তু person কেন আনছেন বুঝতে পারছি না। এইরকম ছোট ছোট অনেক বিষয় আছে সে সবের details-এর মধ্যে যাচ্ছি না। আমার আর একটা কথা মনে পড়লো অনেকে তুলেছেন আমি সেটা সমর্থন করি। সেটা সম্পর্কে বলেই আমার বক্তব্য শেষ করে আনতে চাই। অনেকেই বলেছেন এবং এই আইনের মধ্যে এই প্রভিশন থাকাই দরকার যে মজুর কবুলিয়ত সই করে নিলেই মজুর হয় না। একটা জমি ভাগচাষী চাষ করছে আর একজনকে দিয়ে মজুর কবুলিয়ত করে নিলাম কিম্বা যে ভাগচাষী চাষ করছে তাকে দিয়ে জোর করে মজুর কবুলিয়ত লিখে নিলাম, সুতরাং কিষাণদের বেলায় যেমন বলেছেন, সারেণ্ডারের বেলায় যেমন বলেছেন তেমনি মজুর কবুলিয়তের ব্যাপারে এটা স্পষ্টভাবে থাকা উচিত। শেষে আমি এই কথা বলবো যে মাননীয় মন্ত্রী ইতিপূর্বে আমাদের এই কথা দিয়েছেন এবং এখানকার সদস্যরা বেশীরভাগ বলেছেন যে আপনি ঢেলে সেজে নূতন করে এই আইন নিয়ে আসুন যত শীঘ্র সম্ভব। কে কোন উদ্দেশ্য নিয়ে বলেছেন সেটা আলাদা কথা, কোন পয়েণ্টটা গৃহীত হবে তা জানি না কিন্তু যে কোন উদ্দেশ্য নিয়ে বলুন, নানা লোকে, সব কোয়াটার থেকে এই দাবী এসেছে এই আইন যথেষ্ট সন্তোষজনক নয়। আমি একথা স্বীকার করবো যে পূর্বের আইনের তুলনায় এই

আইন ভাল, পূর্বের আইনের তুলনায় এই আইন অগ্রসর, পূর্বের আইনের তুলনায় এই আইন প্রগ্রেসিভ কিন্তু এই আইনে যথেষ্ট ডিফেক্ট আছে, আর এই পিসমিল আইন তৈরী করে আইনের বারোটা বেজে যাচ্ছে, সর্বনাশ হয়ে যাচ্ছে। সুতরাং অদূর ভবিষ্যতে, নেক্সট সেশনে একটা কমপ্রিহেনসিভ বিল নিয়ে আসবেন, এষ্টেটস্ এ্যাকুইজিশন, ল্যাণ্ড রিফর্মস সমস্ত মিলিয়ে একটা আইন নিয়ে আসবেন যে আইনের মধ্যে এত গলদ থাকবে না। এই আশা করে এবং উনি যে প্রতিশ্রুতি দিয়েছেন তার উপরে আমার পার্টির তরফ থেকে যত সব এ্যামেণ্ডমেন্ট আমরা দিয়েছি তার মধ্যে মন্ত্রিমহাশয় যা গ্রহণ করবেন তা গ্রহণ করবেন, আর যা গ্রহণ করবেন না তা আমরা মুভ করবো না।

**শ্রীভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটি, ছ'টি পয়েন্ট সম্বন্ধে বলবো। জেনারেলি, আজকে হাউসে মাননীয় সদস্যরা এই বিলটা সমর্থন করেছেন এবং স্বাগত জানিয়েছেন কারণ এটা একটা ইমার্জেন্সি মেজার এবং ভবিষ্যতে একটা কমপ্রিহেনসিভ বিল আনা হবে সেটার কথাও আলোচনা হয়েছে এবং এটা হয়ত আমাদের মন্ত্রিমহাশয় সিলেক্ট কমিটিতে পাঠাবেন। কারণ জিনিসটা সত্যি সত্যিই কমপ্লিকেটেড এই বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু মাননীয় বিশ্বনাথ মুখার্জী মহাশয় যে কথাটা বলেছেন এই কোর্টের ব্যাপারে সেই সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। ১৪ (১) ওল্ড সেকশনে আছে "No suit shall lie in any Civil court to vary or set aside any order passed by the Revnue Officer in any proceedings under this chapter except upon the ground of fraud or want of jurisdiction." যদি ফ্রড কেউ করেন এবং রেভিনিউ অফিসার যদি বা কোন পার্টি কিম্বা কোথায়ও ফ্রড হয়, বিচার নিশ্চয়ই সেই কোর্টে হবে না, বিচার হবে হাইকোর্টে, রিথ কোর্টে যেটা আর্টিকেল ২২৬এ হবে। কারণ সুপ্রিম পাওয়ার ইজ ইন দি কনষ্টিটিউশন। কনষ্টিটিউশন দিয়েছে পাওয়ার যে যার আইনের মধ্যে, গণ্ডীর মধ্যে বিচার করবে করুক কিন্তু এখানে যে মুহূর্তে গণ্ডীর বাইরে চলে যাবে এবং ফ্রড হলে সেটা বিচার হল না, সেই সমস্ত ক্ষেত্রে উচ্চ আদালত সেটা বিচার করবে। তাঁরা যাবেন না ফ্যাক্টের মধ্যে, তাঁরা যাবেন শুধু ঐ যে লোয়ার অফিসার তিনি তার গণ্ডীর বাইরে গিয়েছে কিনা কিম্বা তার জাজমেণ্টটা ভিসিয়েটেড হয়েছে কিনা বাই ফ্রড অর ইরেগুলারিটি এই কারণেই সুপ্রীম কোর্টের পাওয়ার রাখা হয়েছে এবং সিভিল কোর্টের পাওয়ার নিয়ে নেওয়া হয়েছে যাতে অর্ডিনারি সুট না হয়। আর ১৪x, যেটা সেটা বলছে, "No Civil Court shall have jurisdiction to decide or deal with any question or to determine any matter which is by or under this Chapter required to be decided or dealt with or to be determined by tho Revenue Officer." সেখানে হাইকোর্টে যাবে না, রেভিনিউ অফিসারের আওতায় আসছে।

**শ্রীঅজিত কুমার বসু ঃ** মুনসিফ কোর্টে যাবে।

**শ্রীভোলানাথ সেন ঃ** না, ডিক্লারেটরি সুট যেটা ১৪xএ হচ্ছে, হয়, সেটাই টেষ্টেড হবে। যদিও অনেক লোক ভুল করে, ভুল হয়, ভুল করবে, এটা ঠিকই, সেই সমস্ত কতকগুলি সেকশন আছে কিন্তু এই সেকশনটা ক্লিয়ারলি বলছে, "No Civil Court shall have jurisdiction to decide or deal with any question or to determine any matter which is by or under this Chapter required to be decided or dealt with or to be determined by the Revenue Officer or other authority specified therein an no orders passed or proceedings commenced under the

provisions of this Chapter shall be called in question in any Civil Court." এর মানে হল এই যে যেমন ইনকাম ট্যাক্সে আছে এ্যাপ্রোপ্রিয়েট অথরিটি উইদিন জুরিসডিকশন তার পাওয়ার একসারসাইজ করেন তাহলে তিনি রাইট করেন, কি ভুল করলেন এটা ডিসাইড করবে না ; কিন্তু যদি এ্যাপ্রোপ্রিয়েট অথরিটি জুরিসডিকশন একসেপ্ট করে কিম্বা জুরিসডিকশন মিস ইউজ করে কিম্বা একটা ফ্রড পার্পিচুয়েটেড হয় তাহলে সুপ্রীম কোর্ট অর হাইকোর্ট আমাদের কনষ্টিটিউশন অনুযায়ী সেই পাওয়ারটা লঙ্ করেনি এবং আমাদের সেই আইনেও করতে পারেনা যেটা সেই পাওয়ারকে নিয়ে নেওয়া হবে। আমরা সেই আইন করতে পারি না যাতে এই পাওয়ার নেওয়া যাবে।

[ 7-10—7-20 p.m. ]

**শ্রীশরৎ চন্দ্র দাস :** অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, স্যার, হিন্দু ল'য়ে দুটো জিনিষ আছে, একটা হচ্ছে মিতাক্ষরা আর একটা দায়ভাগ এবং এ দ্বারা হিন্দুরা অনুশাসিত হয়। মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তাতে কোন সাবালক পুত্র তার পিতৃ সম্পত্তি থেকে বঞ্চিত হচ্ছে, এই আইনে সেই বিধান করছেন, কিন্তু মিতাক্ষরাতে জন্ম সূত্রে সম্পত্তির অধিকার বর্তায়। দায়ভাগে কিন্তু অসুবিধা। কিন্তু মাড়োয়ারী, বিহারী, অবাঙালী যারা তারা মিতাক্ষরায় অনুশাসিত অতএব তাদের বেলায় কোন অসুবিধা নাই। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন, তাতে যে প্রভিশন দেখছি তাতে দেখছি পিতার যদি সম্পত্তি থাকে এবং তার সাবালক পুত্র থাকে তাহলে সেই সম্পত্তি থেকে তাকে বঞ্চিত করা হচ্ছে। কিন্তু হিন্দু অরিজিন্যাল ল'তে যেটা জন্মসূত্রে একজন পাচ্ছে তা থেকে এনাদার পার্সনকে বঞ্চিত করা হচ্ছে কি না, আপনিতো ভাল ব্যারিষ্টার, আমাদের একটু বুঝিয়ে দেবেন।

**শ্রীভোলানাথ সেন :** আমি আজকাল আর প্র্যাকটিস করি না, তাহলেও বলে দিই মিতাক্ষরার যে কথা বললেন সেটা পুরোপুরি কারেক্ট নয়, হিন্দু সাক্সেশন এ্যাক্টে কতকগুলি রাইট দেওয়া হয়েছে দায়ভাগে, অনেকখানি কন্টেম্পোরারী হয়ে গিয়েছে এবং ইন্ কেস অব টাইমে সে সব হয়ে যাবে। সুতরাং কথা তা নয়। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে—এই যে ষ্টেট এ্যাকুইজিশন সম্বন্ধে যেটা বলা হয়েছে সেটা থাকছে কি থাকছে না। সাধারণ কথা ইম্প্লাইড রিপিল বলে জিনিষ, নূতন আইন পুরানো আইনকে Supersede to the extent to which it is inconsistent শেষ কথা হল মাননীয় বিশ্বনাথবাবু বললেন why not ceiling on orchard, why not ceiling on fisheries. এটাই বলেছেন বোধ হয়, সেটার কারণ আছে। রিজনেবল্ ক্লাসিফিকেশন বলে জিনিষ আছে, উই হ্যাড টু ক্লাসিফাই, তার কারণ মালদার মত জায়গায় আম হয়। ফ্রুটসেরও দরকার আছে। যেমন মাছের দরকার আছে, অন্যান্য শস্যের দরকার আছে তেমনি ফ্রুটসেরও দরকার আছে, তিনটি জিনিষ ভাগ করে ডিল করা হয়েছে। আম গাছের ফল যাবে কোথায়, যে জমি চাষ হয়ে গিয়েছে সে জমি ভেষ্ট করলে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি :** আমি না মালিক হলে আম গাছে কি আম ফলবে না ?

**শ্রীভোলানাথ সেন :** আমি তা বলছি না, আপনি ফসল পাবেন কিন্তু ছেলে পাবে না। এটাই হচ্ছে তফাৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা পলিসির ব্যাপার। অরচাড আমরা নষ্ট করতে চাই না, অনেক লোক এই অরচার্ড করে লাভ করে থাকে, আমরা খাই, ফরেন এক্সচেঞ্জ আর্ন করে, মাছের মত, শস্যের মত অরচারেরও দরকার আছে সেজন্য অরচাড দেওয়া হয়েছে আর সেটাও খুব বেশী নয়, দু' হেক্টেরের মত, এমন কিছু অন্যায় হয়েছে বলে মনে হয় না। তবে এ' সম্বন্ধে যদি অন্যরূপ করতে চান তো ভবিষ্যতে হয়ত ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টার চিন্তা

করবেন। (তিনি এই মাত্র বললেন যে তাঁর নিজের কোন বাগান নাই, তাহলে হয়ত করে দিতে পারেন।)

**Mr. Speaker :** Honourable Members, I draw your attention to rule 290 of the Rules of Procedure and Conduct of Business. The time that has been allotted by the Business Advisory Committee viz 6 hours is going to be over at 7-20 p. m. But I understand that some more time would be necessary for the Bill. So I take the sense of the House that the House has got no objection in extending the time for one hour more.

**Shri Biswanath Mukherjee :** One hour will not be necessary.

**Mr. Speaker :** It may be finished within half an hour but let the time be extended by one hour. As soon as possible we will finish the business. So with the leave of the House I extend the time for one hour. Now, I call upon Shri Abdus Sattar to speak.

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি এই বিলকে স্বাগত জানাচ্ছি। আপনারা জানেন কিছুদিন আগে সর্বভারতীয় ক্ষেত্রে একটা ল্যাণ্ড সিলিং করবার ব্যাপারে চিফ মিনিষ্টারদের একটা মিটিং হয়েছিল। আমি সেই মিটিং-এ দিল্লীতে গিয়েছিলাম। সেখানে দেখা গেছে অন্যান্য প্রদেশ পশ্চিমবাংলার যে ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট আছে তাকে মডেল ধরে তাঁরা প্রসিড করছেন। (জনৈক সদস্য : বেকায়দায় পড়বে) কে বেকায়দায় পড়বে সেদিকে লক্ষ্য না রেখে মোটামুটি পশ্চিমবাংলায় আমরা যে আইন এনেছি সেই আইনটা প্রগ্রেসিভ এবং সেই হিসেবে অন্যান্য প্রদেশ যে ল্যাণ্ডে রিফর্ম আইন আনছে সেখানে তাঁরা মডেল হিসেবে পশ্চিম-বাংলার আইনকে নিয়েছেন। জ্যোতির্ময়বাবু কয়েকটি কথা এখানে বলেছেন। আমার মনে হয় তিনি আইনটি পড়েন নি এবং সেইজন্যই এইসব কথা এখানে বলেছেন। তিনি বলেছেন যদি কোন রায়ত তার জমি অন্য কোন রায়তের কাছে বিক্রি করে—যার জমি কম আছে—তাহলে সেখানে যার জমি বিক্রি করা হয়েছে সেই জমি যদি ভেষ্ট করে তাহলে সে বঞ্চিত হবে। আইনে কিন্তু তা নেই। আইনে আছে বিক্রি করতে পারবে না। কিন্তু যদি সিলিং-এর বেশী থাকে, যদি সে বিক্রি করে তাহলে যিনি কিনছেন তার জমি থেকে কাটা যাবে না, যিনি বিক্রি করছেন তার সিলিং থেকে কাটা যাবে। কিন্তু যদি দেখা যায় তার কোন জমি নেই সব বিক্রি হয়ে গেছে তাহলে সেখানে যিনি কিনছেন সেখান থেকে বাদ যাবে। সেই হিসেবে তিনি যে আইনের ব্যাখ্যা করেছেন সেটা ঠিক নয়। তিনি কংগ্রেস দলের লোক হয়েও যখন এর কিছুটা বিরোধিতা করেছেন তখন আমার মনে হয় তিনি আইন না দেখে এই কথা বলেছেন। মোটামুটি আজ পর্যন্ত যা দেখা গেছে তাতে দেখছি ১৯৭২ সালের জানুয়ারী মাস পর্যন্ত ভেষ্ট করেছে ৯ লক্ষ ১৫ হাজার ১৪৯ একর এগ্রিকালচারাল ল্যাণ্ড এবং নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড ভেষ্ট করেছে ৪ লক্ষ ৮৭ হাজার ৮২ একর। আর একটু যদি দেখেন তাহলে দেখবেন যদিও ভেষ্ট করেছে কিন্তু সরকারের দখল এসেছে এপর্যন্ত যেটা অর্থাৎ টেকেন পজেশন অফ্ যেটা সেটা হচ্ছে ৬ লক্ষ ৫৬ হাজার একর। এই ৬ লক্ষ ৫৬ হাজার একরের মধ্যে ডিসেম্বর, নাইনটিন সেভেণ্টিওয়ান পর্যন্ত ডিষ্ট্রিবিউটেড হয়েছে ৪ লক্ষ ৩ হাজার একর এই ৪ লক্ষ ৩ হাজার একরের মধ্যে ৩ লক্ষ ৫৭ হাজার একর ডিষ্ট্রিবিউটেড হয়েছে ভূমিহীন কৃষকদের মধ্যে এবং ৪৬ হাজার একর জমি বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে দেওয়া হয়েছে।

[7-20—7-30 p.m.]

আর এখন পর্যন্ত যে হিসাব পাওয়া গেছে দখল নেয়ার পরেও ইনজাংসন হয়েছে হাইকোর্ট থেকে

এবং বিভিন্ন কোর্ট থেকে আফটার পজেসন সেটা হচ্ছে ৭১ হাজার একর। আর বিফোর টেকিং পজেসন এক লক্ষ একর। আমি আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যে আমাদের এই পশ্চিমবাংলার ১৯৭১ সালের সেনসাস অনুসারে এগ্রিকালচারাল লেবারার্স হচ্ছে ৩২ লক্ষ ৪৬ হাজার, আর কালটিভেটার্স হচ্ছে ৪০ লক্ষ ৩ হাজার। আমরা এই উদবৃত্ত জমি যদি ভূমিহীনদের মধ্যে আজ বিতরণ করি তাহলে দেখা যাবে যে আমরা ইচ্ছা করলেও সমস্ত ভূমিহীন চাষীদের এই জমি দিতে পারব না বর্তমানে যা অবস্থা আছে। আমাদের পশ্চিমবাংলার সব জমিকে যদি এক সঙ্গে ধরা হয় এবং লোকসংখ্যা ধরা হয় তাহলে দেখা যাবে গত সেনসাসে লোক সংখ্যা হচ্ছে ৪ কোটি ৪৪ লক্ষ ৪০ হাজার—পার ক্যাপিটা সাইজ ফর দি এনটায়ার পুপুলেসন হচ্ছে ০·৩ একর—হ্যাট ইজ হার্ডলি এ বিঘা। এজন্য আমি বলছি যে পশ্চিমবাংলায় ল্যাণ্ড রিফর্মস আইন আনার প্রয়োজন আছে। যারা জমি চুরি করে রেখেছে কিংবা যারা জমি এক্সেস রাখছে তারা সমাজের শত্রু একথা কিছুদিন আগে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন এবং যারা জমি তাদের সিলিং-র বাইরে চুরি করে রাখবে তাদের এই আইনের বিধান অনুসারে এক হাজার টাকা জরিমানা হবে। সেই হিসাবে দেখা যাচ্ছে এক হাজার টাকা জরিমানা দিয়ে অনেকেই জমি রাখতে দ্বিধা বোধ করবেন। সেদিক থেকে একটা কমপ্রিহেনসিভ এ্যাক্ট যখন আসবে তখন জেলেরও একটা প্রভিসন আনার প্রয়োজন আছে। এখন অবশ্য মিসা এ্যাক্টে সেই বিধান রাখা হয়েছে যদি কেউ এভাবে জমি চুরি করে রাখে সেজন্য। আমি একটা জিনিষ বলব আমরা এখানে যে যাই বক্তৃতা করি না কেন প্রথম হচ্ছে যে আমাদের প্রথমে পরিস্কার হতে হবে। আমার কিংবা আপনাদের কিংবা কোন সভ্যের যদি নিজেরা আমাদের এই আইন ভঙ্গ করার প্রবৃত্তি থাকে কিংবা এই আইন ফাঁকি দিয়ে যদি আমরা কেউ জমি রেখে থাকি এবং গ্রামে যেয়ে অন্য চাষীদের কিংবা অন্য জোতদারকে বলি তোমরা এই আইন ভঙ্গ করোনা বা ফাঁকি দিও না তাহলে কিছুই হবে না। এই জিনিষ পূর্বে হয়েছে। এষ্টেটস এ্যাকুইজিসন এ্যাক্ট অনুসারে প্রতি রায়ত ৭৫ বিঘা জমি রাখতে পারত এটা ছিল এবং এই আইন কংগ্রেস পাশ করেছিল কিন্তু তা সম্ভব হয় নি। তার কারণ অনেকে ছিলেন যাঁরা এখানে বক্তৃতা করে গেছেন অতীতে, বড় বড় কথা বলে গেছেন কিন্তু তাঁরাই আবার এই আইনকে ফাঁকি দিয়েছেন বলে এই জিনিষ করা সম্ভব হয় নি। আজকে ফ্যামিলি ভিত্তিক নিয়ে আসা হয়েছে। ফ্যামিলি সম্বন্ধে একটা এ্যামেণ্ডমেণ্ট দেখলাম আমাদের শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় এনেছেন। এটা ঠিক যে আজকে ফ্যামিলিতে যে ডেফিনেসন হাজব্যাণ্ড এ্যাণ্ড ওয়াইফ এবং তাঁদের নাবালক ছেলে, অবিবাহিতা কন্যা—তাঁদের মেজর ছেলে যদি তার নামে জমি থাকে সেও ফ্যামিলির মধ্যে পড়ছে কিন্তু যদি দেখা যায় যে মেজর ছেলের নামে জমি আছে, পিতা-মাতার নামে জমি নেই সেখানে আমার মনে হয় ব্যক্তিগতভাবে যে, এটা হওয়া উচিত যে সেই ফ্যামিলির ডেফিনিসনে যে মেজর ছেলে আছে তার পিতা-মাতার যদি জমি না থাকে তাহলে সেই ফ্যামিলিতে পিতামাতাকেও ধরা উচিত হবে। পিতামাতাকে বাদ দিয়ে ফ্যামিলি করা ঠিক হবে না। কাজেই এটা করা উচিত। আমার মনে হয় যখন কমপ্রিহেনসিভ এ্যাক্ট আসবে তখন এই ফ্যামিলির ডেফিনিসনটাকে সুষ্ঠুভাবে করলে ভাল হবে।

এইভাবে ফ্যামিলি ভিত্তিক যে আইন আছে—সেটা ৩১শে মে পর্যন্ত বাড়িয়ে দেওয়া হয়েছে—৭-এ নম্বর ফর্মে রিটার্ণ দাখিল করবার জন্য। এই সময়ের মধ্যে যার জমি excess আছে সে সম্বন্ধে তিনি যদি রিটার্ণ দাখিল না করেন তাকে মিসা এ্যাক্টে ফেলা হবে। সে সম্বন্ধে আমরা আইন আনছি। ফাঁকি দেবার উদ্দেশ্যে জোতদারের সমর্থন করবার উদ্দেশ্যে এই সমস্ত আইন করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে, এটা ঠিক নয়। তবে এটা ঠিক যে প্রয়োগের ক্ষেত্রে দেখা

যায় যে ফাঁকি যিনি দিচ্ছেন বা যাঁরা দিচ্ছেন তাঁদের ধরবার জন্য যে মেশিনারী, সেই মেশিনারী অনেক সময় কাজ করেনি অজ্ঞাত কারণে। এটা আর অস্বীকার করে লাভ নাই। আমার মনে হয় এখন সেই মেশিনারীকে সজাগ করতে হবে। তাদের যে সমস্ত রেকর্ড আছে, সেই সমস্ত রেকর্ড ভুলভ্রান্তি আছে ঠিক। সেই রেকর্ড দেখে আমরা যাঁরা জনপ্রতিনিধি আছি তাঁদেরও এ সম্বন্ধে দায়িত্ব আছে এই সব ক্ষেত্রে যাঁরা জমি লুকিয়ে রেখেছেন, চুরি করে রেখেছেন তাঁদের নিশ্চয়ই প্রকাশ্যে তুলে ধরা। অবশ্য সরকারের ঘরে একটা লিষ্ট আছে, সেই লিষ্ট অনুসারে অনেকে ধরা পড়বে। তবে একটা জিনিষ যেমন আমরা ডেমোক্রেসীতে বিশ্বাস করি, তেমনি জুডিসিয়ারীতেও বিশ্বাস করতে হবে। দেখা গেছে বড় বড় জমির মালিক ও জোতদার যখনই vest প্রশ্ন এসেছে, যখনই ফর্ম দাখিল করবার প্রশ্ন এসেছে, তখনই তাঁরা হাইকোর্টে দৌড়ে গেছেন। হাইকোর্টের ইনজাংসনে সব বন্ধ হয়ে গেছে। হাইকোর্ট ও সিভিল কোর্টে মিলে প্রায় ৮০ হাজার কেস পেণ্ডিং আছে। মুশকিল হয়েছে সেখানে ইন্‌জাংসন পাবার ফলে Land Reforms Act.-এর যে বিধান তা অনেক সময় আমাদের বানচাল হয়ে যায়। এখন কেস করলে ইন্‌জাংসন হয় এই অবস্থা যদি হয়, তাহলে আমার মনে হয় যা জমি আছে তাঁরা যতক্ষণ হাইকোর্টে আছে, ততক্ষণ পর্যন্ত ছাড়বেন না। এর ফলে Land Reforms-এর বিধানগুলি আমরা সত্যিকার কার্য্যকরী করতে পারছি না, অসুবিধার সৃষ্টি হচ্ছে। তার ফলে জবর দখল, জোর দখল বিভিন্ন অশান্তি আসছে। তবে আমরা বিশ্বনাথ বাবুর সঙ্গে একমত হতে পারি না এ ব্যাপারে। দেশের যে প্রচলিত আইন আছে তা অমান্য করে জোর করে জমি দখলের পক্ষপাতী আমরা নই। আইন যেটা আছে তা অবশ্যই মানতে হবে। আর না হয় তাকে উঠিয়ে দিতে হবে। এ বিষয়ে আমি একমত যাদের জমি বেশী আছে আইন করে ব্যবস্থা করুন তাদের সে জমি দিতে হবে। কিছুক্ষণ আগে আপনি সি. পি. এমের গুণকীর্তন করছিলেন করুন তাতে আমার আপত্তি নাই। তবে এইটুকু বলছি সি. পি. এমের জোর জমি দখলের ইতিহাস যদি দেখেন, তাহলে দেখবেন—বড় বড় জমির মালিকদের নয়, ছোট ছোট জমির মালিকদের যাদের সিলিং এর মধ্যে জমি আছে, তাদের জমি জোর করে দখল করা হয়েছে। তাদের যদি লোকে মানে বলে,এই সুযোগ নিয়ে তারা করেছে। আমরা দেখিনি হরেকৃষ্ণ বাবু কী রমক বক্তৃতা করেছেন। এই একমাসে এত লক্ষ একর জমি vested হয়ে গেল। আমি মন্ত্রী হয়ে খোঁজ নিয়ে জানলাম এ সব কাগজ পত্রে কিছু নাই। পার্টি অফিসে হিসেব ছিল এতটা জমি দখল হয়েছে। যখন সেটা দখল তাঁরা করেছেন, সেটা vest করেছে তাদের কাছে। অথচ সরকারী কাগজপত্রে এই vest করার ব্যাপার আমি খুঁজে পাইনি। এইভাবে আজকে যে আইন এসেছে, আমার মনে হয়—এই আইন ১৯৭১ সালের মার্চ মাসের আইন, 7A from জমা দেবার ডিসেম্বর পর্য্যন্ত সময় ছিল তা এখন ১৯৭২ সালের মে মাস পর্য্যন্ত বাড়িয়ে দিয়েছি। আর মাঝখানে আমরা ইতিমধ্যে মিসা এ্যাক্ট পাস করেছি।

[ 7-30—7-40 p.m. ]

এই আইন, যেটা হচ্ছে সব দিক থেকে সুন্দর হচ্ছে এই কথা বলব না। কিন্তু তবুও আমি বলব যে, বর্তমান পরিস্থিতিতে পশ্চিমবাংলার যে আবস্থা তাতে আমার মনে হয় যদি আমরা এই আইনকে কার্যকরী করতে পারি এবং আপনাদের সকলের সহযোগিতা যদি পাই তাহলে জমি পাব এবং সেই জমি অনেক ভূমিহীন কৃষককে দিতে পারব। আর একটা কথা আমি বলব যে, আমাদের এখনও চিন্তা করতে হবে কনসোলিডেশন অফ হোল্ডিং এর কথা। এইটা যদি আমরা না করতে পারি তাহলে কিছুই হবে না। কারণ আমরা যে জমি বিলি করছি সেই জমিতে যাতে সত্যিকারের উৎপাদন হয়—একটা লোক, যে ভূমিহীন কৃষক তাকেই দিতে হবে, এবং তাকে দিয়ে সঙ্গে সঙ্গে আমাদের উচিত হবে সেখানে অন্যান্য ভূমিহীন কৃষকদের নিয়ে সমবায়ী সাহায্য দিয়ে,

যাতে সেখানে একটা কো-অপারেটিভ ফারমিং হয় তার ব্যবস্থা করা। আমার মনে হয় তাহলে সেখানে উৎপাদন বাড়বে। এই উৎপাদন বাড়িয়ে কনসোলিডেশন যদি না হয় তাহলে আমার মনে হয় একজন ভূমিহীনকে এক বিঘা দুই বিঘা জমি দিলে কিছুই হবে না। কারণ অনেক সময় তারা তা চাষ করতে পারে না, এবং তারা সেখানে জোতদারের খপ্পরে পড়ে যায়। এইগুলি চিন্তা করে এবং কমপ্রিহেনসিভ আইন নিয়ে এসে এষ্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট করে বা ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট করে কোন কাজকে আগে করতে হবে সেটা ঠিক করতে হবে। জমি ধরা হচ্ছে এখনও, যে আইন ১৯৫৩ সালে হয়েছে সেই আইন অনুসারে। ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট থাকার পর এষ্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট থাকার কোন যুক্তি নেই। সেই এ্যাক্টকে উঠিয়ে দিয়ে একটি নতুন ভাবে সমস্ত কিছুকে কভার করে ব্যবস্থা আমরা করব। আমাদের ভূমি ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রিমহাশয় বেনামি ভূমি সেই ব্যবস্থার দ্বারা উদ্ধার করে ভূমির সদ্ব্যবহার করবেন এবং তাতে আমাদের গ্রামীণ অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে। যারা যে সমস্ত জমি ফাঁকি দিয়েছে, তাদের উনি আইন অনুসারে ধরবেন এই বিশ্বাস আমার আছে। এই বলে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগুরুপদ খাঁন ঃ** স্যার, সাড়ে ছয় ঘণ্টা ধরে এখানে আমাদের অনেক সদস্য যা বলেছেন তা খুব মনোযোগ সহকারে আমি শুনেছি। তাঁরা যে সমস্যার কথা তুলে ধরেছেন আমার কাছে সে সব নোট নেওয়া আছে। আপনি যদি অনুমতি দেন তাহলে ঘণ্টা খানেক ধরে আমাকে বলতে হয়। মোটামুটি আমাদের এখানে সদস্যরা যা বলেছেন সেগুলিকে ভাগকরে দেখলে দেখতে পাব যে, সবচেয়ে বেশী কথা বলা হয়েছে বর্গাদার উচ্ছেদ সম্পর্কে। এই কথা স্পষ্টই যে আমরা বর্তমানে যে আইন নিয়ে আসছি সেই আইন যদি ঠিক ঠিক ভাবে প্রয়োগ করতে পারি তাহলে বর্গাদার উচ্ছেদ করা বন্ধ করতে পারব।

দ্বিতীয়তঃ বর্গাদারের জমির পরিমাণ যেটা, সেটা কমান হচ্ছে না। আমার মনে হয় যদি কেউ কোন কারণে দৈবাৎ উচ্ছেদ হয়ে যায় তাহলে সেটা জমির মালিক পারসোনাল কালটিভেশানে নিয়ে আসতে পারছে না। সেইজন্য তাদের আবার অন্য বর্গাদারকে দিতে হচ্ছে, পারসোনাল কালটিভেশন তারা করতে পারছে না। যেজন্য আমরা বর্গাদার উচ্ছেদে আতঙ্কিত হচ্ছি তা হচ্ছে হয়ত মাঝে মাঝে এক এক জায়গায়। বে-আইনি ভাবে উচ্ছেদ করছে জোর করে করছে এবং আমরা সেসমস্ত রিপোট পাচ্ছি, রিপোর্ট পেয়ে আমরা এনকোয়ারী করতে দিয়েছি অনেক জায়গায়। যদি তাই হয় তাহলে এই কথা আমাদের মনে রাখতে হবে যে এই সমস্যা শুধু পশ্চিমবাংলার সমস্যা নয় এটা সারা ভারতবর্ষের সমস্যা। এবং গ্রামবাংলার তথ্য ভারতবর্ষের গ্রাম দেশের যদি উন্নতি করতে হয় যদি সত্যিকারের সমাজতান্ত্রিক পথে আমাদের এগিয়ে যেতে হয় তাহলে ভূমিসংস্কার আইনকে সঠিকভাবে রূপায়িত করতে হবে। তা না হলে, যত লোক কৃষিশিল্পে রয়েছে তাদের বেকার সমস্যার সমাধান করতে পারবো না। এখানে আমাদের মাননীয় সাত্তার সাহেব রয়েছেন এবং আমাদের সেচমন্ত্রী যদি চেষ্টা করেন তাহলে এই যেসমস্ত জমি সেগুলিকে আমরা দোফসলী বা তিনফসলী করতে পারবো যদি আমরা এই সমস্ত জমিতে জলসেচ করতে পারি এবং তাতে বহু বেকার সমস্যার সমাধান হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে পশ্চিমবাংলায় যে সরকার গঠিত হয়েছে আমি বিশ্বাস করি এই সমস্ত জিনিষ কার্যে পরিণত করবার জন্য নিশ্চয় আমরা এগিয়ে যাবো। আমি এই কথা বলতে পারি যে বর্গাদার উচ্ছেদের আশঙ্কা আমাদের মনে আসছে কেন আমি মাননীয় সদস্যদের আশ্বাস দিয়ে বলতে পারি যে এই আইন দ্বারা বর্গাদার উচ্ছেদ আমরা বন্ধ করতে পারবো সে বিষয়ে কোন সন্দেহ নেই। জেলা

ভিত্তিক সিলিংয়ের কথা অনেকে বলেছেন। আমি তাঁদের অত্যন্ত বিনয়ের সঙ্গে বলবো জমি ভিত্তিক সিলিং করা বিজ্ঞানসম্মত হবে কিনা সে বিষয়ে প্রশ্ন করেছেন। আমি বলছি যে এই সিলিং বাড়াবার কথা মনে আসছে কেন? কয়জনের উপর এই আইন প্রয়োগ হবে? শতকরা একজনও নয় সিলিংয়ের বাইরে জমি আছে এই শতকরা একজনও নয়। এ ব্যাপারে একটু চিন্তা করে দেখুন যদি শতকরা একজন এই সিলিংয়ের আওতায় আসে আমরা কি তাদের কথা চিন্তা করবো না, যাদের সিলিংয়ের কমে জমি আছে এবং আরও অনেক লোক রয়েছে যারা জমি থেকে বঞ্চিত আমরা তাদের কথা চিন্তা করবো। কোন জায়গায় জমি হয়তো খারাপ কিংবা ভাল সেটা প্রকৃতির দান হিসাবে আমাদের গ্রহণ করতে হবে। কিন্তু সিলিং কোথায় বাড়াতে হবে একথা আমাদের মনে আসবে কেন? একথা তো কাউকে বলতে শুনলাম না যে সিলিং আরও কোন কোন জায়গায় কমাবার প্রয়োজন হতে পারে যাতে আমরা আরও বেশী লোককে জমি দিতে পারি ভূমিহীনকে যাতে আরও ভূমি দিতে পারি এবং জমির সঙ্গে তাদের একটা নাড়ির যোগাযোগ করে দিতে পারি সে চেষ্টা আমরা করবো সে যতটুকুই জমি হোক না কেন সেটা তাদের নিজেদের হবে তো। রবীন্দ্রনাথের একটা কথা আউড়ে বলছি 'শুধু দুবিঘা জমি ছিল মোর'। কিন্তু 'এ' দু বিঘা জমির জন্য কৃষকদের মনে একটা বেদনা থাকে সে জমি অল্প হোক তবু তো সে জমির সেই মালিক সে জমির সঙ্গে তার একটা নাড়ির সম্পর্ক রয়েছে সে জমি নিশ্চয় তাকে দেবার ব্যবস্থা করতে হবে। কাজেই যত বেশী জমি আমরা পারবো সেই জমি নিয়ে আসবার জন্য আমাদের সকলকে চেষ্টা করতে হবে। ফ্যামেলিতে পিতা-মাতাকে কেন সংযুক্ত করা হয় নি এ প্রশ্ন অনেকে করেছেন। আমি মাননীয় সদস্যকে বলি যে এখানে ফ্যামেলি ডেফিনেসন দেওয়া হয়েছে যে সংজ্ঞা দেওয়া হয়েছে সেটা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে একমাত্র ফ্যামিলিতে কর্তা, স্ত্রী এবং তার সন্তানদের ধরা হয়েছে। কোন নির্ভরশীল লোককে ধরা হয় নি। যদি আপনারা নির্ভরশীল কাউকে বলেন তাহলে দেখবেন এতো বেশী সেখানে ফ্যামেলির উপর নির্ভরশীল সেখানে আসবে ভাইপো ভাগ্নে অনেকে এসে জুটবে ফ্যামেলি একটা বিরাট হয়ে পড়বে। এছাড়া পিতামাতা জীবিত একথা অত্যন্ত সত্য কথা আপনারা লক্ষ্য করে দেখবেন যদি পিতা জীবিত কোথাও থেকে থাকেন তাহলে হয়তো একজন পিতামাতা হাজার যিনি রায়ত নন একজন পিতা-মাতার হয়তো জমি নাই। পিতামাতা জীবিত থাকলেও তাদের জমি জায়গা নাই অথচ পুত্রের আছে এ খুব কম জায়গায় হয়েছে। তাই বলছি এখানে যে ফ্যামেলি ডেফিনেসন দেওয়া হয়েছে সেটা ঠিক আনসাইন্টিফিক হয় নি। যদি আরও জমি আনতে হয় তাহলে ফ্যামেলি আর বাড়াবার চেষ্টা আমরা যেন না করি। মেছোভেড়ী সম্বন্ধে প্রশ্ন হয়েছে। ফিসারী সম্বন্ধে আগে একটা আইন হয়েছিল মাননীয় সদস্যদের নিশ্চয় মনে থাকতে পারে ওয়েষ্ট বেঙ্গল এগ্রিকালচ্যারাল ল্যাণ্ড ফিসারী এগ্রিকালচার এণ্ড রিসেটলমেন্ট এ্যাক্ট ১৯১৮ এতে পরিষ্কার বলা আছে বিশ্বনাথবাবুর নিশ্চয় মনে থাকতে পারে যে এখানে কোন এগ্রিকালচ্যারাল ল্যাণ্ড তাকে যদি মেছোভেড়ীতে পরিণত করা হয় তাহলে আইনের সাহায্যে সেটা শুধু বন্ধ করা নয় সেটা নিশ্চয় গভর্ণমেণ্ট দখল করে নিতে পারবে সেই ব্যবস্থা আইনে রয়েছে।

[ 7-40—7-55 p.m.]

কাজেই মেছোভেড়ী সম্পর্কে যে প্রশ্ন উঠেছে আমাদের আইনে এই ব্যাপারটা আছে বলে সেটা এই আইনে আনবার চেষ্টা করি নি। Record of Rights-এর কথা উঠেছে। সত্যি কথা আমাদের অনেকদিন আগে regional settlement হয়ে গেছে। এর পরে অনেক পরিবর্তন হয়েছে। তারপরে বর্গাচাষ যাঁরা করেছেন তাঁদের অনেকের record হয় নি। আপনাদের

অবগতির জন্য বলি যে, আমাদের ৮লক্ষ বর্গাদার recorded হয়ে গেছে। ৮লক্ষ বর্গাদারের নাম record ভুক্ত হয়ে গেছে। এর পরে যদি কিছু বাকী থাকে তাহলে নিশ্চয়ই তা করতে হবে। আমি ইতিমধ্যে ২১১টা গ্রামাঞ্চলে গিয়েছিলাম সেখানে আমাদের department-এর যাকে পেয়েছি তাকে বলে এসেছি যে, যারা বর্গাচাষ করে তাদের নাম record ভুক্ত না থাকলে সেটা শীঘ্র অনুসন্ধান করুন। Record ভুক্ত না হয়ে থাকলেও তাদের আইনের দিক থেকে বর্গাদার বলে স্বীকার করে নিয়েছি। এই বর্গাদারদের যে অধিকার সেই অধিকার তারা নিশ্চয়ই ভোগকরতে পারবেন এটা আপনারা সকলেই জানেন। অর্থনীতির ভিত্তিতে যে ভূমিবণ্টন এর কথা ভাবছি একটু আগে মাননীয় সাত্তার সাহেব যেকথা বললেন, যে statistics তিনি দিলেন তাতে দেখতে পাওয়া গেল যে অর্থনীতির দিক থেকে যদি ভূমিবণ্টন করতে যাই তাহলে কতকগুলি লোক, কতকগুলি পরিবারকে আমরা জমি দিতে পারবো। বিশ্বনাথবাবু একটু আগে যে কথা বললেন যে, সব লোককে হয়ত আমরা চাকুরী দিতে পারবো না, কিন্তু যতগুলিকে পারবো ততগুলিকে তো আমরা দিতে পারবো এবং এইরকমভাবে আমাদের এগিয়ে যেতে হবে। আমি তারসঙ্গে এবিষয়ে একমত। যতগুলি লোককে পারবো এই জমির সঙ্গে সংশ্লিষ্ট করে দিয়ে তাদের দীর্ঘদিনের এই যে জমির ক্ষুধা, এই ক্ষুধার কিছুটা অন্ততঃ তার থেকে, কিছু জমি সে নিজের চাষ করতে পারুক, অপরের কাছ থেকে হাল-লাঙ্গল ধার করে হোক বা অন্য যেমন করে হোক, নিজস্ব জমি কিছুটা হোক, নিজস্ব সম্পদ কিছু হোক, এই যে তার বুভুক্ষা তার কিছুটা অন্ততঃ মেটাতে পারবো। উৎপাদনের উন্নতি সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন। ভূমিসংস্কার ও ভূমির সদ্ব্যবহারের কথা অনেকে বলেছেন। এই বিভাগ বলে হয়ত অনেকে ভেবেছেন যে কি করে ভাল হবে, সদ্ব্যবহার কি করে হবে, ভাল করে চাষ করতে পারা যাবে কি করে। অনেকে বাইরে থেকে এসেছেন, তাঁরা অনেকে জিজ্ঞাসা করেছেন, "তাহলে আপনি এখনই জলসেচের ব্যবস্থা, চাষের উন্নতির ব্যবস্থা, সারের ব্যবস্থা করতেন"? এখন মুসকিল হচ্ছে হয়ত এই হিসাব অনেকে বলেছেন। আমার পাশে সাত্তার সাহেব বসে আছেন, সদ্ব্যবহার করবার জন্য যাঁরা আছেন তাঁরা সদ্ব্যবহার করুন। তাদের হাতে জমিটা পৌঁছে দেওয়া পর্যন্ত আমাদের উপর নির্ভর করতে হবে। তারপর সাত্তার সাহেব আছেন, আরো অনেকে যাঁরা আছেন, ঠিকমত যদি সদ্ব্যবহার করতে হয় তারা সেটা করবেন। নিশ্চয়ই আমি সেটা করবার জন্য সচেষ্ট হয়ে রয়েছি। শতকরা ৭৫ ভাগ যে ভাগচাষীকে দেবার কথা হয়েছে, শতকরা ৭৫ভাগ যে বর্গাদারকে দেবার কথা। ২৫ ভাগ জমির মালিক পাবেন,এটা অনেক জায়গায় যে পাচ্ছে না সে সংবাদ আমাকে অনেক মাননীয় সদস্য দিয়েছেন। কিন্তু আমি আপনাদের একটা কথা বলি—অনেক ভাগচাষী recorded হয় নি এইরকম কথাও অনেকে বলেছেন। আজকে আমাদের এই গণতান্ত্রিক সরকার, গণতন্ত্রের অনেকদিনের যে ডেফিনেশন ছিল তা এখন যদি একটু পাল্টিয়ে নিই Democratic Government বলতে আমরা যা বুঝি Government of the people, for the people and by the people তার সঙ্গে একটু যোগ করি with the people, সত্যি যদি মানুষ একসঙ্গে এই গণতান্ত্রিক সরকারের সঙ্গে না চলে, সমস্ত মানুষ যদি জেগে না ওঠে, আইনকে এই implement করার জন্য সচেষ্ট না হন তাহলে সত্যিকারের আমাদের এই আইনকে implementation করা যাবে না। তাই, আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই বিধানসভায় যেসব মাননীয় সদস্য রয়েছে শুধু তারাই নয়, সারা পশ্চিমবাংলার অধিবাসী যারা গঙ্গার পবিত্র ধারার মত আশীর্বাদ আমাদের উপর ঢেলে দিয়েছে এই আশা নিয়ে যে এরা গণতান্ত্রিক উপায়ে আইনগতভাবে সমাজতন্ত্রের পথে একটু একটু করে দৃঢ় পদক্ষেপে এগিয়ে যেতে পারবে। সুতরাং যারা বাইরে

রয়েছে আমি তাদের কাছে বারবার জানাচ্ছি, আমাদের পশ্চিমবঙ্গের সকলের কাছে আবেদন জানাচ্ছি, একজোটে এই আইনকে রূপ দেবার চেষ্টা করি, তাদের ঐকান্তিক সহযোগীতা যদি আমরা পাই তাহলে এই আইন যে বর্ণে বর্ণে implemented হবে, এটা রূপায়িত হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আরো অনেক কিছু বলবার ছিলো, কিন্তু একটি কথা আমি বলবো। আমাদের ইসলামপুরের যে কয়জন মাননীয় সদস্য তাদের ওখানকার record of rights এর গণ্ডগোলের কথা বলেছেন। আমি তাদের বলেছিলাম একদিন দেখা করবার জন্য।

আমি দেখলাম যে আমাদের এখানে উর্দু, হিন্দী, বাংলা কিছু কিছু আছে, ইংরাজীও কিছু কিছু আছে। আমি খবর নিয়েছিলাম ওখানে রেকর্ড অব রাইটসগুলি করা হয়েছে, আমি উর্দু পড়তে জানি না, অনেকেই হয়ত পড়তে জানেন না, দু একজন হয়ত পড়তে জানেন, ৪৫ জন ক্লাশ থ্রী ষ্টাফ রয়েছেন। তাঁরা কিন্তু ইসলামপুরের,উর্দু,কাইতি জানেন। আর ১০৩জন ষ্টাফ তাঁদের মধ্যে ৪৫জন রয়েছেন, এমন দেখা গেছে দু-পক্ষের যে গোলমাল তা নেই, ভাল করে ইণ্টারপ্রিট করে ব্যাখ্যা করে দু-পক্ষকেই সন্তুষ্ট করে দিয়েছেন, উভয় পক্ষই বুঝতে পেরেছেন যে এটা হাঁ ঠিক এবং সংশোধিত হয়েছে। আমাদের মাননীয় সদস্য আমার কাছে কয়েকদিন আগে একটি আবেদনপত্র দিয়েছেন সংশোধনের জন্য, ১৫ জনের জন্য। সেটা আমি এনকোয়ারি করে দেখবো যে কি অবস্থায় আছে। যদি কোন ভুলত্রুটি থেকে থাকে, মানুষ মাত্রেই ভুল থাকে,এইভাবে প্রতিশ্রুতি দিতে পারি আইনানুগ যেসব সুযোগ সুবিধা পাবার কথা সেটা তারা সকলেই পাবেন। ১৫জন মাত্র লোকের কথা জানি, আর কতজনের খবর এখন পাই নি। মাননীয় স্পীকার মহোদয়, আমি এটা বলছি যে ভুমিসমস্যা সত্যিকারে সমাধান যদি না হয়, সংস্কার যদি ঠিকমত না হয়, সব মানুষের কাছে তার ফল যদি পৌছাতে না পারে তাহলে যে আশা নিয়ে আমরা এখানে এসেছি, যে পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছি সেসমস্তই ব্যর্থ হয়ে যাবে। কাজেই সেই পরিকল্পনাকে রূপ দেবার জন্য আমাদের যে পরিবর্তন দরকার নিশ্চয়ই ধীরভাবে আমাদের তা বিবেচনা করতে হবে এবং সকলের সহযোগিতা নিয়ে আমরা নিশ্চয়ই এই গণতান্ত্রিক সমাজবাদের পথে দৃঢ়ভাবে এগিয়ে যেতে পারব, এই বিশ্বাস নিয়ে আবার আপনার মাধ্যমে সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** There is a motion for reference of the Bill to the Select Committee by Shri Sarat Chandra Das. But as the consent of the Minister-in-charge of the Bill has not been taken the motion is out of order.

Now there are motions for circulation of the Bill by Shri Abdul Bari Biswas and by Shri Haji Sajjad Hossain. These motions were moved by the two honourable members.

**Shri Abdul Bari Biswas :** Sir, I withdraw my motion.

**Shri Haji Sajjad Hossain :** I also withdraw my motion.

The motions of Shri Abdul Bari Biswas and Shri Haji Sajjad Hossain that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon were then, by leave of the House, withdrawn.

The motion of Shri Gurupada Khan that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

**Mr. Speaker :** There is one amendment to clause 1 given Shri Saroj Roy.

**Shri Saroj Roy :** Sir, I am not moving my amendment.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

**Mr. Speaker :** There are amendments to clause 2 given by Shri Ajit Ganguly and Shri Ajit Kumar Basu.

**Shri Biswanath Mukherjee :** Sir, Shri Ganguly is ill. He has informed me over the talephone that he will not move his amendment.

**Shri Ajit Kumar Basu :** Sir, I am not moving my amendment.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 3 to 12

The question that clauses 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11 and 12 do stand part of the Bill was then put and agreed to.

**Mr. Speaker :** There is one amendment for inserting a new clause 12A, given by Shri George Albert Wilson De-Roze which is out of order.

### Clause 13

**Mr. Speaker :** There are amendments to clause 13 given by Shri Ajit Kumar Basu, Shri Saroj Roy, Shri Bhupal Chandra Panda and Shri Kumar Dipti Sen Gupta.

**Shri Ajit Kumar Basu :** Sir, I am not moving my amendments.

**Shri Saroj Roy :** Sir, I am not moving my amendments.

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, I am not moving my amendments.

**Shri Bhupal Chandra Panda :** Sir, I am not moving my amendment.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 14

The question that clause 14 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 15

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 16

**Mr. Speaker :** There is one notice of amendment given by Shri Kumar Dipti Sen Gupta.

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, I am not moving.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 17

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 18

**Mr. Speaker :** There is one notice of amendment given by Shri Kumar Dipti Sen Gupta.

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, I am not moving the amendment.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 19 to 28 and the Preamble**

The question that clauses 19 to 28 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** The House stands adjourned till 1 p.m. on Tuesday, the 2nd May, 1972.

**Adjournment**

The House was accordingly adjourned at 7-55 p.m. till 1 p.m. on Tuesday, the 2nd May, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 2nd May, 1972, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 11 Ministers, 1 Minister who is not member of the Assembly, 3 Ministers of State, 2 Deputy Minister and 178 Members.

## OATH OR AFFIRMATION

[ 1-00—1-10 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

**Mr. Speaker :** Starred question Nos. 192 and 193 are held over. Now we shall start from starred question No. 194 (Admitted question No. 460) from Shri Madhu Sudan Roy.

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য :** মিঃ স্পীকার, স্যার, আমাদের যেটা দেওয়া হয়েছে, সেটা *১৩২ থেকে আরম্ভ।

**Shri Aswini Roy :** On a point of privilege Sir, আমাদের Held over questions-এর কোন তালিকা দেওয়া হয় নি।

**Mr. Speaker :** I am sorry that the list of printed questions which are to be answered to-day has not yet reached this office even now although I have received copies of answers to those questions. It is most unfortunate and that speaks volume about the fact that we must have a Press of our own for carrying out Parliamentary business. A proposal in this regard has already been sent by my office to the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs and he has assured me that he will look into the matter and, as soon as posible, he

will make arrangements for a Press under the Control of the West Bengal Legislative Assembly, itself. Some honourable members often make enquiries about the proceedings of the Assembly. You may be aware the proceedings for the last several years are pending for printing and have not been published and printed. Unless we have got a Press of our own we cannot solve this problem. So we are in difficulty to proceed as the list of printed questions to be answered to-day has not yet reached my office.

**Shri Aswini Roy :** But I find from the Table that question Nos. 225 and 228 have been answered. But how is it that we are not getting the printed list of questions ?

**Mr. Speaker :** Mr. Roy, this is the first time in my experience as a member of this House continuously for the last 15 years. For the first time in the last 15 years I find that the list of questions to be answered, which should get first priority in Press, has not been printed and handed over to this Secretariat. So we cannot proceed because the printed questions have not yet been handed over to our Secretariate in time. All these matters had been sent and informed, from my Secretariat in time to the Press. It is realy a sad state of affair that the matter has not been printed and we cannot proceed without a printing Press. So we shall now start with the held over questions and short notice question first. If, in the meantime, the printed questions reach us we will take up those questions.

**Shri Aswini Roy :** Sir, I find that the Starred question Nos. 225 and 228 of mine have been replied, but not in the line.

**Mr. Speaker :** At any rate let us proceed now without wasting any further time, with the held over questions.

## STARRED QUESTIONS

(which to oral answers were given)

### বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী সাহায্য

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১।) **শ্রীঠাকুরদাস মাহাতো:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৯৭০ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য যে সরকারী সাহায্যদানের নির্দেশ দেওয়া হইয়াছিল অদ্যাবধি বহু বিদ্যালয় আবেদন করিয়াও সেই সাহায্য পায় নাই ;

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ;

(গ) ইহা কি সত্য যে, সমস্ত বিদ্যালয়ের বন্যায় ক্ষয়ক্ষতির এনকোয়ারী রিপোর্ট ৭ত ৯ই মার্চ, ১৯৭২ তারিখের মধ্যে শিক্ষা বিভাগে পৌঁছাইয়াছে কেবলমাত্র সেইসমস্ত বিদ্যালয় এই বৎসর টাকা পাইবে ; এবং

(ঘ) সত্য হইলে, ৯ই মার্চ, ১৯৭২ তারিখের পর যেসকল বিদ্যালয়ের রিপোর্ট আসিবে সেই বিদ্যালয়গুলিকে ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে ফ্লাড গ্র্যান্টের টাকা দিবার জন্য কি ব্যবস্থা সরকার গ্রহণ করিবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ**

(ক) হ্যাঁ, ১৯৭০ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়সমূহের পুনর্নির্মাণের জন্য ১৯৭১ ৭২ সালের ১৪ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছিল। উহা ক্ষতিগ্রস্ত স্কুলগুলিতে জেলা স্কুলবোর্ডসমূহ বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য দেওয়া হইয়াছে। ঐ বন্যায় ক্ষতিগ্রস্ত মাধ্যমিক বিদ্যালয় ও মহাবিদ্যালয়গুলির সম্বন্ধে নির্মাণ পর্ষৎ (Construction Board) মারফৎ তদন্তের ব্যবস্থা হয় ও সমস্ত ক্ষতিগ্রস্ত শিক্ষায়তন সম্পর্কে তদন্তের রিপোর্ট যথাসময়ে না পাওয়া যাওয়াতে সবক্ষেত্রে সাহায্য মঞ্জুর করা সম্ভব হয় নাই। কতগুলি ক্ষেত্রে আবেদন করিয়াও সাহায্য পাওয়া যায় নাই এ বিষয়ে শিক্ষা অধিকার মারফৎ তথ্য সংগ্রহ করা হইতেছে।

(খ) নির্মাণ পর্ষৎকে আবেদনকারী বাকি ক্ষতিগ্রস্ত মাধ্যমিক বিদ্যালয়গুলির তদন্তের প্রতিবেদন সকল আশুপ্রেরণের জন্য অনুরোধ করা হইয়াছে।

(গ) না। নির্মাণ পর্ষৎ হইতে যে সকল প্রতিবেদন ১৫ই মার্চ, ১৯৭২ তারিখ পর্যন্ত পাওয়া গিয়াছে সেই সকল বিদ্যালয় সমূহের জন্য অর্থ মঞ্জুর করা হইয়াছে।

(ঘ) ১৫ই মার্চ, ১৯৭২ তারিখের পরে যেসকল প্রতিবেদন পাওয়া গিয়াছে তাহা সাহায্য মঞ্জুরীর জন্য পরীক্ষা করা হইতেছে। এখনও পর্যন্ত সকল ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের প্রতিবেদন নির্মাণ পর্ষৎ হইতে আসিয়া এ বিভাগে পৌঁছায় নাই সেইগুলি পাইলে সেগুলি সম্বন্ধে অর্থমঞ্জুরী জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বিত হইবে।

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জবাব দিলেন যে ১৪ লক্ষ টাকা, সেটা ঠিক ক্লিয়ার হ'ল না। প্রশ্নের উত্তরটা ছিল সরকার কি অবগত আছেন যে ১৯৭০ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের জন্য যে সাহায্য দানের নির্দেশ দেওয়া হইয়াছিল ও অদ্যাবধি বহু বিদ্যালয় আবেদন করিয়াও পায় নাই—এখানে সরকার কি ব্যবস্থা করেছেন। আপনি তার উত্তরে বলেছেন যে নির্দেশ দেওয়া হয়েছে। আমার সাপ্লিমেণ্টারি হচ্ছে যে সে টাকা কি পাওয়া যাবে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** পরের উত্তরে তো বলাই আছে যে অনুসন্ধান করা হচ্ছে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বর্তমানে পুরুলিয়া জেলায় সম্পূর্ণ বোর্ড পুনর্গঠন না হওয়ার জন্য ঐ যে ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড, তার ভেতরে একটা সাব-কমিটি থাকে, ফিনান্স সাব-কমিটি। কিন্তু বর্তমানে পুরুলিয়া জেলায় ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড পুনর্গঠন না হওয়ার জন্য ও যে বোর্ড ছিল তা বাতিল হওয়ার জন্য টাকা দিতে অসুবিধা হচ্ছে?

[1-10—1-20 p.m.]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** এটা আমি অনুসন্ধান করে দেখব।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** ১৯৭০ সালে বন্যা হয়ে গেছে, অথচ তদন্তের রিপোর্ট আসেনি। যাদের উপর এই তদন্তের ভার ছিল তারা আড়াই বছরে এই তদন্তের ব্যবস্থা যখন করতে পারে নি তখন তাদের কোন শাস্তির ব্যবস্থা করবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** এটা ভেবে দেখব।

**শ্রীমৃগেন মুখার্জি ঃ** তদন্ত কারা করে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** কনষ্ট্রাকসান বোর্ড।

**শ্রীসামসুদ্দিন আমেদ ঃ** গত বন্যায় রেমিশন অফ টিউশান ফি বাবদ কতকগুলি জেলার

স্কুল সময়মত নিজেদের ষ্টেটমেণ্ট দেওয়া স্বত্বেও—যেমন মালদহ জেলার ১৪টা স্কুল-এ সময় মত টাকা দেওয়া হয় নি এবং অন্যান্য অনেক স্কুল পায়নি এ বিষয়ে আপনি কি ব্যবস্থা করবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** অনুসন্ধান করে দেখব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** কনষ্ট্রাকসান বোর্ডকে যেহেতু দক্ষিণ হস্ত করেনি বলে স্কুলগুলি এখনও পর্যন্ত টাকা পায় নি—এটা কি আপনি জানেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** অনুসন্ধান করে দেখব।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** কনষ্ট্রাকসান বোর্ড-এর পরিবর্তে শিক্ষা বিভাগের অফিসারের দ্বারা তদন্ত করাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** এ বিষয়ে তারা অভিজ্ঞ বলে তাদের দ্বারা করান হয়।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** কনষ্ট্রাকসান বোর্ডের অবস্থা এরকম হলে কি হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** এর উত্তর আমি দিয়েছি।

## বাঁকুড়ায় রবীন্দ্রভবন

*১৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং *২৬৯। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়ার রবীন্দ্রভবনের নির্মাণকার্য বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) কবে উহা শেষ হইবার কথা ছিল ;

(গ) উক্ত নির্মাণকার্যে দেরী হইবার কারণ কি এবং সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(ঘ) এই ভবন নির্মাণের জন্য এ পর্যন্ত সরকার কত টাকা দিয়াছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ**

(ক) বাঁকুড়ার রবীন্দ্রভবনের নির্মাণ কার্য্য বর্তমানে অর্ধ সমাপ্ত অবস্থায় আছে।

(খ) শেষ হবার কোনও নির্দিষ্ট সময় ছিল না। তবে মূল পরিকল্পনা পরিবর্তন করা না হলে বহু পূর্বেই নির্মাণ কার্য্য শেষ হয়ে যেত।

(গ) স্থানীয় রবীনন্দ্রভবন কর্তৃপক্ষ সরকার অনুমোদিত মূল পরিকল্পনাটির ব্যাপক পরিবর্তন সাধন করায় এবং এ সম্পর্কে পূর্বাহ্নে সরকারকে জ্ঞাত না করায় নির্মাণ কার্যে অযথা দেরী হয়েছে। তবে গত আর্থিক বছরে এসম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে সুনির্দিষ্ট প্রস্তাব আসার পর সরকার নির্মাণকার্য ত্বরান্বিত করার জন্য ১ লক্ষ ২৫ হাজার টাকা অতিরিক্ত অনুদান হিসাবে মঞ্জুর করেছেন। গত ফেব্রুয়ারী হইতে নির্মাণকার্য পুনরায় সুরু হইয়াছে।

(ঘ) এই ভবনটি নির্মাণের জন্য এ পর্যন্ত সরকার মোট ২ লক্ষ ১৮ হাজার ৭৫০ টাকা অনুদান হিসাবে দিয়েছেন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** সরকারী সাহায্য ছাড়া অন্য কোন বেসরকারী সাহায্য রবীন্দ্রভবনের জন্য হয়েছে কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** এটা বেসরকারী প্রতিষ্ঠানকে জিজ্ঞাসা করা ভাল।

**শ্রীকাশীনাথ মিশ্র :** বেসরকারী প্রতিষ্ঠান থেকে কত আদায় হয়েছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** আপনি বললে আমি অনুসন্ধান করে দেখব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এই রবীন্দ্রভবনের জন্য কত এসটিমেটেড কষ্ট ধার্য্য হয়েছিল ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সেসব ফিগার হাতের কাছে নেই। নোটিশ দিলে দিতে পারবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এখানে পজিটিভ প্রশ্ন ছিল। শিক্ষা মন্ত্রী এড়িয়ে যেতে চাইছেন। যাই হোক। আগের কাজের দরুন সরকারকে কি কোন ক্ষতিগ্রস্থ হতে হয়েছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** ওটা অফ-হ্যাণ্ড বলা মুস্কিল।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** রবীন্দ্রভবন কর্তৃপক্ষ বলতে পারেন বেসরকারী সংস্থা কিন্তু মন্ত্রি-মহাশয় জানাবেন কি রবীন্দ্রভবন কর্তৃপক্ষ কাদের নিয়ে গঠিত ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সময় লাগবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এখানে যে প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে এরজন্য যে টাকা বরাদ্দ হয়েছিল তার কিছু টাকা খরচ হওয়ার পর পরিকল্পনার পরিবর্তন করা হয়। এর বিশেষজ্ঞকে, পরিবর্তন করলো কে ? আমরা কি করবো ? এতো অসহনীয় অবস্থা। কিছু টাকা খরচ হওয়ার পর শিফট করা হয়েছে। এখানে আবার বেশ কিছু টাকার কাজ আরম্ভ হয়েছে। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি যে, যে টাকা বরাদ্দ হয়েছিল সেটার মধ্যে কিছু কাজ হওয়ার পর পুনরায় নির্মাণের জন্য বেশ একটা টাকা খরচ হচ্ছে এ ব্যাপারে অনুসন্ধান করে দেখবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** অনুসন্ধান করে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এই অনুসন্ধানের পর যদি দেখা যায় যে কোন কর্মকর্তা বা কর্মচারী এইরকম অপকর্মের সঙ্গে জড়িত থাকেন তাহলে কি তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** এটা তো বেসরকারী সংস্থা থেকে করা হচ্ছে। বেসরকারী সংস্থাই এর মালিক।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** বেসরকারী সংস্থা এর মালিক হলেও সরকার যদি উপযুক্ত বিবেচনা করেন তাহলে ৪৯৯তে কেস করার কোন অসুবিধা নেই। বেসরকারী কর্মচারী যদি এর সাথে জড়িত থাকেন তাহলে তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** হ্যাঁ।

## আসানসোলে রবীন্দ্রভবন

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোলের রবীন্দ্রভবনের নির্মাণকার্য বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) কবে নাগাদ উক্ত ভবনের নির্মাণকার্য শেষ হওয়ার কথা ছিল ; এবং

(গ) সরকার উক্ত রবীন্দ্রভবনের নির্মাণকার্য ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :**

**(ক)** ভিত্তিপ্রস্তর স্থাপন করার পর আসানসোলের রবীন্দ্রভবন নির্মাণকার্য বর্তমানে স্থগিত আছে।

(খ) শেষ হবার কোনও নির্দিষ্ট সময়সীমা রবীন্দ্রভবন কর্তৃপক্ষ স্থির করেন নি।

(গ) স্থানীয় রবীন্দ্রভবন কর্তৃপক্ষের তরফ থেকে সাহায্যের কোন আবেদন সরকারের কাছে আসে নি।

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দোপাধ্যায় :** ( লিখিত উত্তর পাঠ—সংযুক্ত )।

**শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** মন্ত্রিমহাশয় বলছেন নির্মাণকার্য্যের কোন সময়সীমা নির্দিষ্ট করা হয় নি। কিন্তু আমরা জানি রবীন্দ্র শতবার্ষিকী বছরে এই সমস্ত রবীন্দ্রভবন নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। রবীন্দ্র শতবার্ষিকীর কয়েক বছর অতিক্রান্ত হওয়ার পরও এটা নির্মাণ হচ্ছে না। এই ব্যাপারে সরকারের কি করণীয় নেই ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দোপাধ্যায় :** এখানে তো সরকার টাকা দেয় নি—সরকার কি করবে ?

**শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** এখানের ব্যাপারে সরকার কি কিছু করবেন ?

**মিঃ স্পীকার :** কোন আবেদন পত্র সরকারের কাছে নেই। সরকারের কাছে তারা টাকা চায় নি। তারা নিজেরাই টাকা তুলে এটা তৈরী করছে।

## হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষা

*১৪৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৪১৩।) **শ্রীহাবিবুর রহমান :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্কুল ফাইনাল এবং হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষার মান একই কি না ;

(খ) মান এক হইলে, উক্ত পরীক্ষাদ্বয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষা প্রাপ্তিত এবং চাকুরীর ক্ষেত্রে কোন বৈষম্য আছে কি না ; এবং

(গ) থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন ?

[ 1-20—1-30 p.m. ]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :**

(ক) হ্যাঁ, উক্ত পরীক্ষা দুইটির মান একই।

(খ) না। উক্ত পরীক্ষাদ্বয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষা প্রাপ্তির এবং চাকুরীর ক্ষেত্রে কোন বৈষম্য নাই। তবে, যতদুর জানা যায়, হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পি. ইউ. পরীক্ষা দিবার অনুমতি পায় না।

(গ) হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী যাহাতে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পি. ইউ. পরীক্ষা দিতে পারে তাহার জন্য বিশ্ববিদ্যালয় সমূহের প্রয়োজনীয় অনুমতির জন্য মাদ্রাসা বোর্ড সচেষ্ট হইতে পারেন।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষামান একই বলছেন কিন্তু হাই মাদ্রাসা পাশ করার পর পি. ইউ. প্রাইভেটে যে দিতে পারছে না এর জন্য দায়ী কে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি:** এই সব ব্যাপার বিশ্ববিদ্যালয় ঠিক করে, সুতরাং তারাই দায়ী।

## অপসারিত প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের পুনর্বহাল

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮।) **শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত যুক্তফ্রন্ট শাসনের আমলে যেসমস্ত প্রধান শিক্ষক ও প্রধানা শিক্ষিকা বলপূর্বক অপসারিত হয়েছিলেন এরূপ কয়জন শিক্ষক-শিক্ষিকার বিষয় সরকারের গোচরে এসেছে;

(খ) তাঁহাদের মধ্যে এ পর্যন্ত কতজন নিজ নিজ কর্মক্ষেত্রে ও পদে পুনর্বহাল হয়েছেন;

(গ) সরকার কি অবগত আছেন, মধ্যশিক্ষা পর্ষদের ও মহামান্য হাইকোর্টের নির্দেশ পেয়েও অনেকে কার্যে যোগদান করতে পারছেন না; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি:**

(ক) ৮২ জন শিক্ষক ওশিক্ষিকাকে বলপূর্বক অপসারিত করা হইয়াছিল বলে সরকারের নিকট অভিযোগ আসে। তাদের মধ্যে ৬৮ জন প্রধান শিক্ষক ও প্রধানা শিক্ষিকা ছিলেন। পরে অনুসন্ধানে জানা যায় যে ১১ জনকে বলপূর্বক অপসারিত করা হয় নাই এবং ১২ জনের ক্ষেত্রে দেখা যায় যে তাঁহারা কর্মক্ষেত্রে বহাল ছিলেন। অনুসন্ধানে আরও জানা যায় যে ২ জন অন্য বিদ্যালয়ে যোগদান করেন।

(খ) ইহাদের মধ্যে ৫ জন শিক্ষক বিচারালয়ে মামলা দায়ের করেন এবং ২ জন অনুসন্ধানের পূর্বেই মারা যান। ১১ জন পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদের আপিল কমিটিতে আবেদন করেন। তাঁহাদের মধ্যে পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী ৫ জনকে পদে পুনর্বহাল করা হয়েছে; এবং ২ জনকে কর্মক্ষেত্র হইতে অপসারিত করা হয়। ৪ জনের ক্ষেত্রে আপিল কমিটি এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। বাকী কয়জনের সম্বন্ধে অনুসন্ধান করা হইতেছে।

(গ) পর্ষদের পুনর্বহালের আদেশ সত্ত্বেও ২ জন প্রধান শিক্ষক বিচারালয়ের অন্তর্বর্তীকালীন আদেশের জন্য কর্মক্ষেত্রে যোগদান করিতে পারেন নাই।

(ঘ) বিষয় দুইটি বিচারালয়ের বিবেচনাধীন থাকায় সরকারের এখন কিছু করণীয় নাই।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** আমরা জানি হুগলীতে একটা হায়ার সেকেণ্ডারী, সাহাগঞ্জে একটা হায়ার সেকেণ্ডারী স্কুল আছে—সেখানে হাইকোর্টের রায় অনুযায়ী এবং মধ্যশিক্ষা পর্ষদের রায় অনুযায়ী একজন শিক্ষক কাজে যোগদান করতে না পেরেও তিনি মাসে মাসে মাইনে

পেতেন। গত কয়েক মাস যাবত ডি. পি. আই থেকে তার বেতন দেওয়া হচ্ছে না এবং বিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমানে তাঁকে বেতন দিচ্ছে না। এ সম্বন্ধে কিছু জানেন কি যে কেন বেতন দেওয়া হচ্ছে না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** আমি এটা জানি না—যদি স্পেসিফিক কমপ্লেন করেন তাহলে অনুসন্ধান করে দেখব।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** এটা একটা পার্টিনেন্ট কোশ্চেন। যে সমস্ত শিক্ষক শিক্ষিকা পার্মানেন্ট ভ্যাকেনসীতে আছেন পার্মানেন্টলি এমপ্লয়েড তাদের উপর জুলুম করে তাদের চাকরী থেকে সরিয়ে দেওয়া হল, তাদের প্রত্যেকেরই পুনর্বহাল হওয়া উচিত। কিন্তু ৫ জনকে রিইনষ্টেট করেছেন আমার প্রশ্ন হচ্ছে যে তাঁর কাছে সব নামগুলি দিলে তিনি সেইসমস্ত স্কুলে তাদের পুনর্বহাল করার আদেশ দেবেন কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** নাম দিলেই আদেশ দেওয়া সম্ভব নয়, অনুসন্ধান করে দেখবো তারপরে নিশ্চয়ই আদেশ দেব।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** মাননীয় মন্ত্রিমহাশয়ের নিশ্চয়ই জানা আছে যে বোর্ড অব সেকেনণ্ডারী এডুকেশনে একটা রেজলিউসান নেওয়া হয়েছিল যেসমস্ত প্রধান শিক্ষক এবং শিক্ষকদের বলপূর্বক অপসারিত করা হবে তাদের অপসারণকে বিধিমত গ্রাহ্য করা হবে না, তারা স্কুলে জয়েন করুক বা না করুক তারা নিয়মিত বেতন পেতে পারবেন। এই সমস্ত অপসারিত শিক্ষকদের ক্ষেত্রে সেই নিয়ম কার্য্যকরী করা হচ্ছে কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** আমার মনে হচ্ছে, যদি না হয়ে থাকে তাহলে অভিযোগ করলে অনুসন্ধান করে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সমস্ত শিক্ষকদের উপর বলপ্রয়োগ করে বিদায় করা হয়েছিল, তাদের উপর বলপ্রয়োগের কারণ কি ?

**Mr: Speaker :** The question does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যাদের উপর বলপ্রয়োগ করে স্কুল থেকে বিদায় করা হয়েছিল তারা কি কোন বিশেষ রাজনৈতিক দলের ছিল ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সেটাই ত' মনে হচ্ছে।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী :** এদের যাদের হটান হল বলপ্রয়োগ করে, যারা বলপ্রয়োগ করলো মন্ত্রিমহাশয় তাদের কি শাস্তির ব্যবস্থা করছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সবটা আমার হাতে নাই।

**শ্রীপ্রকাশচন্দ্র গোস্বামী :** বোর্ডের নির্দে'শ থাকা সত্বেও, যে সমস্ত ম্যানেজিং কমিটি সেই নির্দেশ মানেনা সরকার থেকে সেইসব ম্যানেজিং কমিটির উপর কোন বাধ্যবাধকতা আনা কি সম্ভব নয় ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** নিশ্চয়ই সম্ভব।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** মাননীয় মন্ত্রিমহাশয়, একটু আগে উত্তরে বলছেন যে যাদের এখন পর্যন্ত পুনর্বহাল করা হয়নি তাদের পুনর্বহাল করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় তাদের বিষয়গুলি সহানুভুতির সঙ্গে বিবেচনা করবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সে বিষয়ে কোন সন্দেহ নেই।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই বলপ্রয়োগ করে সরানর পর সেই জায়গায় কোন টিচার এ্যাপয়েন্টেড হয়েছে কি না এবং তাদের মাইনে দেওয়া হচ্ছে কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সেটা ত ঠিক বলতে পারছি না।

**শ্রীকানাই ভৌমিক ঃ** সেই পোষ্টগুলি কি খালি আছে মনে হয় ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সেটা নোটিশ চাই।

**শ্রীপ্রকাশচন্দ্র গোস্বামী ঃ** যে প্রশ্ন আগেই বলেছি সেই সম্বন্ধে আমি খুবই জানি যে সবক্ষেত্রে যেখানে বলপ্রয়োগ করে অপসারিত করা হয়েছে তার জায়গায় নূতন শিক্ষক নেওয়া হয়েছে। বিশেষতঃ প্রধান শিক্ষক সমস্ত অবসরপ্রাপ্ত ডি. আই, বা ঐ ধরণের কর্মচারী তাদের পুনবহাল করা হয়েছে এবং তাদের বেতনও দেওয়া হচ্ছে, সরকার থেকেই দেওয়া হচ্ছে। এই অপসারিত শিক্ষকদের ব্যাপারে বোর্ডের নির্দেশ, মহামান্য হাইকোর্টের নির্দেশ আছে, অর্থাৎ যারা বহুদিন ধরে শিক্ষকতা করেছেন এবং সি. পি. এম.-এর অত্যাচারে অপসারিত হয়েছিল তাদের ক্ষেত্রে কি হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** স্পেসিফিক কেস দেবেন নিশ্চয়ই অনুসন্ধান করবো।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** এই শিক্ষাদপ্তর থেকে এই ধরণের যাদের মাইনে পাওয়া উচিত নয়, জোর করে সরিয়ে দেওয়া হয়েছে, শিক্ষাদপ্তর মাইনে মঞ্জুর করেছেন, অর্থাৎ এই শিক্ষাদপ্তর যাদের সাহায্য করছেন মন্ত্রিমহাশয় তাদের শাস্তি দেবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এটা অনুসন্ধান করে দেখবো।

Held over * 146

### বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের বেতন মকুব

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৯।) **ডাঃ মহঃ এক্রামুল হক বিশ্বাস ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিগত বন্যায় ছাত্র-ছাত্রীদের বেতন বাবদ কত টাকা মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) ঐ জেলার বন্যায় বিধ্বস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির মেরামত ও পুনর্নির্মাণের জন্য এ পর্যন্ত মোট কত টাকা মঞ্জুর করা হয়েছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ**

(ক) ৪,৬০,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) মাধ্যমিক বিদ্যালয়সমূহের জন্য ২,৩০,০০০ টাকা এবং জিলা শিক্ষা পর্ষদের অধিন প্রাথমিক বিদ্যালয়সমূহের জন্য ৬,১০,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মন্ত্রিমহাশয় কি বলবেন, বিগত বন্যার জন্য ছাত্রছাত্রীদের বেতন বাবদ যে টাকা মঞ্জুর করা হয়েছে সেই সব টাকা দেওয়া হয়ে গিয়েছে, না বাকী আছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** বললাম যে মঞ্জুর করা হয়েছে, নিশ্চয়ই দেওয়া হবে।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** এর মধ্যে যেসব স্কুল, বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় ৩০টা স্কুল টাকা পায় নি, এই সম্পর্কে মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই সংবাদ কি সত্য এবং সত্য হলে এর ব্যবস্থা কি করবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** যদি কেসগুলি দেন তাহলে বিস্তারিত ব্যবস্থা করা হবে।

## কর্মচারী নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০০।) **শ্রীগঙ্গাধর প্রামানিক :** তপশিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২০শে মার্চ, ১৯৭২ তারিখে এই মন্ত্রিসভা আসীন হওয়ার পর হইতে ১০ই এপ্রিল, ১৯৭২ পর্যন্ত সরকারের কোন্ বিভাগে কতজন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে ;

(খ) ইহার মধ্যে তপশিলীভুক্ত কয়জন এবং উপজাতি সম্প্রদায় কয়জন আছেন ;

(গ) সরকার পরিচালিত শিল্পসংস্থাগুলিতে নূতন কর্মচারী নিয়োগের সময় তপশিলী ও উপজাতি সম্প্রদায়ের লোকদের নিয়োগ করার জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কি না ; এবং

(ঘ) কর্মচারীদের পদোন্নতির সময় তপশিলী ও উপজাতি সম্প্রদায়ের লোকেদের অগ্রাধিকার দেওয়া হয় কি ?

[ 1-30—1-40 p.m. ]

*147 (held over)

**শ্রীসন্তোষ কুমার রায় :** এ সম্বন্ধে তথ্য এখনও সংগ্রহ করতে পারি নাই।

**শ্রীগঙ্গাধর প্রামানিক :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, এর আগেও আমি দু দিন এই তপশিলীভুক্ত এবং অনুন্নত সম্প্রদায় সম্বন্ধে প্রশ্ন দিয়েছিলাম, কিন্তু প্রত্যেকবারই আমি দেখছি মন্ত্রীরা এই সমস্ত উত্তরের জন্য তৈরী হয়ে আসছেন না, তাঁরা তা পাচ্ছেন না কিম্বা অন্যান্য দপ্তর সাহায্য করছেন না। এজন্য আমি আপনার কাছে প্রটেক্শন চাইছি। আমার মনে হয় গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার কেন্দ্রে যেমন একটা কমিটি আছে, সেই রকম একটা কমিটি যদি এখানেও করে দেন, তাহলে আমার মনে হয় যে আমরা বোধ হয় মন্ত্রীদের সাহায্য করতে পারব ; বিভিন্ন দপ্তর থেকে ইনকুয়ারী করে এনে। কিন্তু এখন যা অবস্থা তাতে আমি দেখছি যে বাংলাদেশের বিরাট একটা শ্রেণী অবহেলিত হচ্ছে এবং আজকে তাদের যে দায়িত্ব বা পাওনা মন্ত্রীরা তা বুঝিয়ে দিচ্ছেন না, অফিসারদের বাধ্য করছেন না সেই সমস্ত মানতে। কাজে কাজেই আমি আপনার প্রটেক্শন চাইছি তপশীলভুক্ত জাতির পক্ষ থেকে।

**শ্রীসন্তোষ কুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন তপশিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগে না দিয়ে অর্থ দপ্তরে দিলেই ভাল হত, কারণ পশ্চিমবঙ্গের বিভিন্ন অফিসের হিসাব আমার দপ্তরে থাকে না, আমি লিখেছি উত্তর এসে এখনও পৌছায় নি। মাননীয় সদস্য যে কথা বললেন আমাদের সরকার এখন চিন্তা করছেন এইরকম একটা কমিটি করার বিষয়ে।

**Mr. Speaker :** After looking into the records of this office I find that the question was first sent to the Finance Department and from that department the question has again been sent back to your department. So, the question of sending it again to the Finance Department does not arise because they have already referred the question to your department. In this connection the honourable member, Shri Gangadhar Pramanick, also met me in my chamber and requested me to see that the question is answered today and I assured him that it would be answered today as for as possible. I then personally requested Mr. Roy to see that the question is answered on the floor of the Assembly today but he told me that all the facts and figures were not in the control of his department and he would have to collect the same from different departments. I have seen one letter also from this department that it had requested other departments to furnish necessary particulars. In spite of best efforts it has not been possible for this department to collect necessary informations from most of the departments. So, I think when the Hon'ble Minister is not posted with all the facts relating to this Schedule Caste and Schedule Tribes' as required to answer the questions, of Shri Pramanick, though he is the Minister of the S. C. & S. T. Welfare Department, it is not possible for Mr. Roy to furnish all the details that Shri Pramanick wants from the Government. On another occasion also another question was referred to the Finance Department and the Finance Minister also gave a personal reply that he could not collect all the informations. In the circumstances, I can only draw the attention of the Hon'ble Ministers and particularly the Chief Minister to see that the questions which involve furnishing necessary data or particulars by different departments the Hon'ble Chief Minister should intervene in the matter and direct all the departmental heads to co-operate with a particular department in furnishing necessary details to the honourable members of this House This much I can request the Hon'ble Chief Minister that he will look into the matter because a particular Minister may find it difficult to give answers. But if the Hon'ble Chief Minister intervenes and gives direction to all the heads of different Departments the matter can be solved. So, I draw the attention of the Minister of Parliamentary Affairs who is present here and through him the Hon'ble Chief Minister that henceforth he will personally look into the matter so that honourable members are not deprived of their valued privilege of eliciting informations from the Treasury Bench members. I request the members of the Treasury Bench that in the forthcoming days they will look into the matter more seriously and will help each member of the House with all detailed informations which they are seeking from the member of the Treasury Bench.

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই কোশ্চেনের ব্যাপারে উনি যদি আর একটু পরিষ্কার করে বলেন তাহলে ভাল হয়। উনি বললেন এই কোশ্চেনটার ব্যাপারে অন্যান্য ডিপার্টমেণ্টের কাছ থেকে ইনফর্মেসন পান নি। আমি জানতে চাই কোন ডিপার্টমেণ্ট ইনফর্মেসন দেন নি, না ২।১টি ডিপার্টমেণ্ট ইনফর্মেসন দিয়েছে? দ্বিতীয় কথা হচ্ছে তিনি তাঁর নিজের ডিপার্টমেণ্টের সম্বন্ধে বা তাঁর ডিপার্টমেণ্টের কথা তো বলতে পারতেন।

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** টোট্যালটা দেওয়া যায়নি—কোশ্চেনের বাকী অংশের উত্তর আমি দিয়েছিলাম। তখন অধ্যক্ষ মহাশয় বলেছিলেন কোশ্চেনের প্রথমটা জবাবসহ পেশ করবার জন্য। কিন্তু সেটা করা যায়নি কারণ টোট্যাল না পেলে আমি কি করে উত্তর দেব।

**শ্রীকানাই ভৌমিক ঃ** যেসব ডিপার্টমেণ্ট উত্তর দিয়েছে সেটা যদি বলেন তাহলে আমরা একটা আন্দাজ পাব যে কি অবস্থা দাঁড়িয়েছে।

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** টোট্যালটা না পেলে কিকরে জবাব দেব।

**শ্রীকানাই ভৌমিক :** যে যে ডিপার্টমেণ্ট উত্তর দিয়েছে সেগুলি বলুন না।

**শ্রীসন্তোষ কুমার রায় :** এই কোশ্চেনের ব্যাপারে সেদিন আমি বলেছিলাম আমি যথাসাধ্য চেষ্টা করব এর জবাব দেবার জন্য এবং এটুকু বলতে পারি আমি এই ব্যাপারে যথাসাধ্য চেষ্টা করেছি। তবে মাননীয় সদস্যেরা এখন যা জানতে চাইছেন সেটা আমি এখনো আনিনি বলে জবাব এখনই দিতে পারছি না।

**শ্রীশরত চন্দ্র দাস :** অন এ পয়েণ্ট অব ইনফর্মেসন, স্যার। আদিবাসী এবং ওয়েলফেয়ার ডিপার্টমেণ্টের মন্ত্রিমহাশয়ের কাজ হচ্ছে আদিবাসী এবং হরিজনদের কথা শোনা, তাদের কল্যাণ দেখা এবং সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা। কিন্তু আমরা দেখলাম দু'বার এই কোশ্চেনটা এল এবং দু'বারই মন্ত্রিমহাশয় তার উত্তর দিতে পারলেন না। এই যদি অবস্থা হয় তাহলে আমরা কি করে আশ্বস্ত হব যে আদিবাসী এবং হরিজনদের কল্যাণ এই ডিপার্টমেণ্ট থেকে আমরা পাব?

**শ্রীসন্তোষ কুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম প্রশ্নের "ক"-এর সঙ্গে আদিবাসীদের কল্যাণের কোন সম্পর্ক নেই। পশ্চিমবাংলায় কত কর্মচারী নিয়োগ করা হয়েছে তার সংখ্যা চাওয়া হয়েছে। কাজেই আদিবাসীদপ্তর ব্যর্থ হয়েছে এটা বলা ঠিক হবে না।

**শ্রীশরত চন্দ্র দাস :** আদিবাসী এবং হরিজনদের যে দপ্তর আছে সেই দপ্তর কি করে হরিজনদের এবং আদিবাসীদের আর্থিক পুনর্বাসন হবে এবং কিভাবে তারা সমাজে প্রতিষ্ঠিত হতে পারবে সেইসব জিনিষ দেখবে। আদিবাসী এবং হরিজনরা চাকুরী পেলে তাদের আর্থিক পুনর্বাসন হবে এবং তারা সমাজে প্রতিষ্ঠিত হতে পারবে এবং এটা ওয়েলফেয়ার ডিপার্টমেণ্টেরই দেখা উচিত। কাজেই মন্ত্রিমহাশয় এটা কি করে বলছেন যে, এটা তাঁর ডিপার্টমেণ্টের এক্তিয়ার বহির্ভূত।

**Mr. Speaker.** I would request the Hon'ble Minister that when he can collect the information, the answer will be circulated to the members. Let us pass over to the next question.

## রাণাঘাটে রবীন্দ্রভবন

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪।) **শ্রীনরেশচন্দ্র চাকী :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাটের রবীন্দ্রভবনের জন্য কত টাকা ব্যয় হইয়াছিল ;

(খ) উক্ত ভবনের নির্মাণকার্য কোন্ সময়ে আরম্ভ হইয়া কোন্ সময়ে শেষ হইয়াছিল ; এবং

(গ) বর্তমানে এই ভবনটি কি অবস্থায় আছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) রাণাঘাট রবীন্দ্রভবনের জন্য এক লক্ষ চৌদ্দ হাজার আট ত্রিশ টাকা (১,১৪,০৩৮) ব্যয় হয়েছিল।

(খ) উক্ত ভবনের নির্মাণকার্য্য ১৯৬০ সালের এপ্রিল মাসে সুরু হয় এবং ১৯৬৮ সালে শেষ হয়।

(গ) ভবনটি চালু অবস্থায় আছে।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** বর্তমানে ভবনটি কি অবস্থায় আছে তার উত্তরে বললেন "ভবনটি চালু অবস্থায় আছে"। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে তিন নম্বরে এই যে উত্তর দেওয়া হয়েছে এটা অসত্য উত্তর। বর্তমানে এই ভবনটি বিপজ্জনক ভবন হিসেবে যে পরিত্যক্ত আছে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু জানেন কি ?

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এই রকম অভিযোগ আসেনি, উনি যখন অভিযোগ করলেন, তখন সেটা অনুসন্ধান করে দেখবো।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** আমি জানি রাণাঘাটের রবীন্দ্রভবনটি অত্যন্ত বিপদ জনক অবস্থায় পড়ে রয়েছে, দেওয়ালে বড় বড় ফাটল দেখা দিয়েছে যার জন্য বিপজ্জনক হিসাবে পরিত্যক্ত হয়েছে এবং সেটা চালু নেই। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে চ্যালেঞ্জ করছি এবং তাকে সাদর আহ্বান জানাচ্ছি, আপনি আমার সঙ্গে আসুন এবং পরিদর্শন করুন চালু আছে, না পরিত্যক্ত হিসাবে পড়ে রয়েছে—এই বিষয়ে তিনি যথাযথ খবর নেবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** নিশ্চয়ই নেবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** অন এ পয়েন্ট অব অডার স্যার, এই যে একটা প্রশ্ন, এই ভবনটি সম্বন্ধে যে কি অবস্থায় আছে—তাহলে স্যার, উত্তর দেবার আগে ডিপার্টমেন্টের তদন্ত করে উত্তর দেওয়া উচিত। সেখানকার মাননীয় সদস্য বলছেন যে পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে অথচ মন্ত্রিমহাশয় বলছেন যে চালু আছে, একটা ভীষণ কনট্রাডিকটারী, এই রকমভাবে টাকা অপচয় হচ্ছে। ১৯৬৮ সালে যে ভবনটি তৈরী হলো, আজকে সেটা ভেঙ্গে পড়ছে, ডিপার্টমেণ্ট এই রকম-ভাবে টাকার অপচয় করছে এবং সরকারকে কোন জায়গাতে নিয়ে ফেলেছে সেদিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো এই গুরুতর প্রশ্নটি আপনি নিজে বিশ্বস্ত অফিসারদের দিয়ে তদন্ত করে যারা এই বিষয়ের সঙ্গে জড়িত এবং এই অপকর্মের সঙ্গে জড়িত, তাদের শাস্তি দেবেন কি না ?

**Mr. Speaker :** There is no point of order in it. The Minister, as I have understood him, has already answered that he will make an enquiry into the matter as the Honourable Member Shri Chaki has stated that it is not a fact that the Premises is in order and that it is on the verge of collapse. The Hon'ble Minister has given an assurance on the floor of the House that he will look into the matter and take necessary steps. So we can pass over to the next question.

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** আমি আর একটা প্রশ্ন করছি, তিনি কি আমাদের এই প্রতিশ্রুতি দেবেন যে সব অফিসারদের জন্য এই ভবনটির ৩ বছরের মধ্যে এই দুর্গতি হয়েছে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবেন এবং যে অফিসাররা অসত্য কথা উনাকে জানিয়েছেন, তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবেন এই প্রতিশ্রুতি দেবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সব জিনিসটা অনুসন্ধান সাপেক্ষ, কোনটা ঠিক এবং কোনটা বেঠিক, আমি সেটা বলতে পারছি না। আমি যা বলেছি, সেটাই আমি ঠিক ধরে নিচ্ছি। উনি অভিযোগ করছেন, আমি অনুসন্ধান করে দেখবো এবং তার রিপোর্ট পেলে এ্যাকশন যা নেবার নেবো।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** মাননীয় স্পীকার, স্যার, আমি প্রোটেকশন চাইছি, আমরা অনেক সদস্য, অনেক প্রশ্ন করি। অনেক মাননীয় মন্ত্রিমহাশয়, অনুসন্ধান করে দেখবো, এখন উত্তর দিতে পারছি না, পরে জানাবো, এই ধরনের জিনিষ বলছেন। কিন্তু দুঃখের সঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রোটেকশন চাইছি যে সেই ধরনের প্রশ্নের—এখন জানতে পারছি না, পরে জানাবো, অনুসন্ধান করে দেখবো, এই ধরনের কথা বলছেন, সেইগুলো তদন্ত করে পরে তাঁরা আর সদস্যদের জানাচ্ছেন না। এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে আপনাকে আমি বলতে চাই, সেই মন্ত্রী সেই প্রশ্ন উত্থাপনকারীদের ডেকে পরে যেন দয়া করে জানিয়ে দেন।

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** একটা উত্তর আমি দিয়েছি এবং উনি তা চ্যালেঞ্জ করেছেন। কাজেই সেই ম্যাটারটা সাবজেক্ট টু ইনভেস্টিগেশন।

**Shri Kumar Dipti Sen Gupta :** Mr. Speaker, Sir, it has raised a substantial question of principle. The point which this learned Member of this Assembly has referred to raises this important question that when he makes some allegation he makes it with some sort of responsibility. After all he cannot make any wild allegation. When he has made some allegation that some untrue statement is being supplied to the Hon'ble Minister what is the harm if the Hon'ble Minister categorically gives an assurance that if it is found to be false steps would be taksn agaidst the officer concerned.

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** সেটা তো বলা হলো যে ইনভেস্টিগেশন করে দেখা হবে এবং তার উপর এ্যাকশন নেওয়া হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাছাড়া হাউসকে মিসলিড করা হচ্ছে। ওখানে কি অবস্থায় আছে, তখন মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ওটা চালু অবস্থায় আছে অথচ মাননীয় সদস্য বলছেন যে ওটা পরিত্যক্ত অবস্থায় আছে। সুতরাং হাউসকে মিসলিড করার জন্য প্রশাসনে যারা কোশ্চেন সাপ্লাই করেন, তারা কোন সাহসের ভিত্তিতে এটা করছেন, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এটা দয়া করে তদন্ত করে দেখুন যে আপনাদের ব্যুরোক্রাট অফিসাররা আপনাকে এবং এই হাউসকে এইভাবে মিসলিড করছেন, এটা করা উচিত নয় এবং এইরকম করা চলবে না।

**Mr. Speaker** : Shri Biswas, the Hon'ble Minister has given assurance that he will look into the matter and will enquire into it, if necessary; and after that he will be in a position to give the answer as desired by the Members. What Shri Chaki has pointed out is that the assurances given by Hon'ble Members of the Treasury Bench are to be looked into.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মিঃ স্পীকার, স্যার, এ শুধু শিক্ষা বিভাগের বিষয় নয়, এই যে কোশ্চেনটা এলো, তার সম্বন্ধে উত্তর যেটা এসেছে—তাতে facts বিকৃত করে এখানে পরিবেশন করা হচ্ছে। আমার আশঙ্কা যতই নতুন নতুন প্ল্যান বা পরিকল্পনা হোক না কেন, ঐ সংশ্লিষ্ট বিভাগে গিয়ে সরকারী প্রশাসনযন্ত্রের মাঝে পৌঁছে সব কিছু এই ভাবে বিকৃত হয়ে যাচ্ছে, আসল উদ্দেশ্য কিছুই সিদ্ধ হচ্ছে না। কাজেই এই গলদ শুধু আজ শিক্ষাবিভাগেই নয়। সব জায়গায় এইরকম চলছে, আমরা যে সব জনকল্যাণকর আইন এখানে পাশ করছি, মন্ত্রিমহাশয়রা যে সব জনকল্যাণকর কাজ করবার চেষ্টা করছেন—তা এইভাবে প্রশাসনযন্ত্রের মাধ্যমে বানচাল হয়ে যাচ্ছে। সরকারের সমস্ত বিভাগে আজ জঞ্জাল জমে গেছে। প্রশ্ন করলে ঐ একই রকম উত্তর। এই সম্পর্কে আমি মাননীয় স্পীকার মহাশয়ের protection চাচ্ছি।

**Mr. Speaker :** If the honourable members are very vigilant, I think, what is desired from the Treasury Bench is that the Treasury Bench should be ready with the correct information. Shri Chaki is very vigilant because this is concerned with his constituency. The Hon'ble Minister assured that he will pursue this matter and gave words that he will make enquiries, contact the persons involved and pursue the matter to its logical end.

## বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেনিং

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০।) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ৩১শে মার্চ, ১৯৭২ তারিখে কয়টি বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেনিং কলেজ আছে ;

(খ) ৩১শে মার্চ, ১৯৭২ পর্যন্ত কয় ব্যক্তি বেসিক এবং প্রাইমারী ট্রেনিং পাশ করিয়াছেন ;

(গ) বর্তমানে কয়জন শিক্ষক উক্ত ট্রেনিং লইতেছেন ; এবং

(ঘ) উক্ত ট্রেনিংপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে এ পর্যন্ত কয়জনের চাকুরী হইয়াছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) বাঁকুড়া জেলা ৩১শে মার্চ, ১৯৭২ তারিখে তিনটি বেসিক ট্রেনিং ইনস্টিটিউড এবং একটি প্রাইমারী ট্রেনিং স্কুল ছিল।

(খ) বিগত তিন বৎসরের উত্তীর্ণ ছাত্রসংখ্যা দেওয়া হইল—

| | | |
|---|---|---|
| ১। | ১৯৬৭-১৯৬৮ | ১৭২ |
| ২। | ১৯৬৮-১৯৬৯ | ২৭৪ |
| ৩। | ১৯৬৯-১৯৭০ | ২৬০ |
| | | ৭০৬জন |

(গ) বর্তমানে উপরিউক্ত শিক্ষায়তনগুলিতে অনধিক ৩০৬জন শিক্ষালাভ করিতেছেন ; তন্মধ্যে শিক্ষক ও বহিরাগত প্রার্থীর সংখ্যা যথাযথ দেওয়া যাইতেছে না।

(ঘ) সঠিক সংখ্যা জানা নাই, সংগ্রহ করিয়া দিতে হইবে। তবে উক্ত ট্রেনিং প্রাপ্তগণের মধ্যে অনধিক শতকরা ৬০জন কর্মরত শিক্ষক ছিলেন। আর শতকরা ৪০ জন বহিরাগত প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর সংস্থানের প্রশ্ন উঠে।

## জঙ্গীপুর মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয়

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪।) **শ্রীহবিবুর রহমান :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় বর্তমানে মোট কয়টি প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে ;

(খ) বিগত বন্যায় উক্ত বিদ্যালয়গুলির মধ্যে কয়টি ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত হয়েছে; এবং

(গ) ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত বিদ্যালয়ের কতগুলিকে মেরামত ও পুনর্নির্মানের জন্য এ পর্যন্ত কত টাকা সাহায্য দেওয়া হয়েছে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:**

(ক) বিদ্যালয়ের সংখ্যা হইল—

(১) প্রাথমিক—৩৮৯

(২) নিম্ন মাধ্যমিক—৩৬

(৩) উচ্চ মাধ্যমিক—২৬

(৪) উচ্চতর মাধ্যমিক—১৩

(খ) ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত বিদ্যালয়ের সংখ্যা—

| | ক্ষতিগ্রস্ত | ধ্বংসপ্রাপ্ত |
|---|---|---|
| (১) প্রাথমিক | ২০০ | ৪৯ |
| (২) নিম্ন মাধ্যমিক | — | ২০ |
| (৩) উচ্চ মাধ্যমিক | — | ১৯ |
| (৪) উচ্চতর মাধ্যমিক | — | ৯ |
| | ২০০ | ৮৯ |

(গ)

| বিদ্যালয়ের সংখ্যা | মেরামতের জন্য সাহায্যের পরিমাণ (১৯৭১-'৭২) |
|---|---|
| (১) নিম্ন মাধ্যমিক—১০ | ১৫,৮৫০ |
| (২) উচ্চমাধ্যমিক—১০ | ২৪,৬০০ |
| (৩) উচ্চতর মাধ্যমিক—৪ | ১৪,৭৯৯ |
| | ৫৫,২৯৯ |

এই সমস্ত বিদ্যালয়গুলিকে প্রত্যেকটিতে ৫০০০টাকার কম সাহায্য দেওয়া হইয়াছে।

**শ্রীহবিবুর রহমান:** এ টাকা কি এখন সম্পূর্ণ ব্যয় হয়েছে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** সাহায্য যা দেওয়া হয়েছে তা তো বললাম। এখন সে টাকা ব্যয় করা তাঁদের হাতে।

**শ্রীহবিবুর রহমান:** এখানে অনেক ক্ষতিগ্রস্ত স্কুল কোন টাকা সাহায্য পায় নাই। ছাত্রছাত্রীরা গাছতলায় বসে লেখাপড়া করছে—মন্ত্রিমহাশয় এসম্বন্ধে কোন খবর রাখেন কি?

[1-50—2-00 p.m.]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** টাকাটা পেয়েছে তো, টাকাটা ব্যয় করলে পর ঠিক হয়ে যাবে। যদি আপনার কাছে কোন কেস থাকে পাঠিয়ে দেবেন।

**শ্রীদেদার বক্স:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, প্রাথমিক, নিম্ন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক যে সমস্ত স্কুল নষ্ট হয়েছিল, তাদের সাহায্য দিয়েছেন। প্রাথমিক ৫ হাজারটি, কিন্তু সব স্কুলকে দেওয়া হয় নি। যেগুলিকে দেওয়া হয় নি সেগুলিকে দেওয়ার কোন পরিকল্পনা আছে কি, এবং সেগুলিকে কত দিনে দেওয়া হবে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** সে সম্পর্কে সুনির্দিষ্ট কোন সময় দিতে পারি না।

**শ্রীদেদার বক্স :** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, যে সমস্ত স্কুল বাদ পড়েছে তারা পাবেন কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** ঐটা অনুসন্ধান করে দেখব।

**শ্রীহবিবুর রহমান :** আমি যেটুকু জানি প্রাথমিক বিদ্যালয়গুলি এখন পর্যন্ত সাহায্য পায় নি। আগে যেটা দেওয়া হয়েছিল সেটা প্রাইমারী বোর্ডের জন্য দেওয়া হয়েছিল এইটা মন্ত্রিমহাশয় জানেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** অনুসন্ধান করে দেখব।

**শ্রীমহঃ দেদার বক্স :** যেসমস্ত বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছিল সেগুলির সম্বন্ধে বিভাগীয় মন্ত্রিমহাশয় যদি অবিলম্বে নির্দেশ দেন, তাহলে আমার মনে হয় কিছু প্রতিকার হবে।

( নো রিপ্লাই )

**শ্রীহবিবুর রহমান :** কত দিনের মধ্যে ব্যবস্থা করবেন ? যদি এইভাবে চলে তাহলে মুস্কিল হবে।

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** আমি বলেছি, অনুসন্ধান করে দেখব।

**শ্রীহবিবুর রহমান :** যে টাকা দেওয়া হয়েছে, সেসমস্ত টাকা ব্যয় হয়ে গিয়েছে। অথচ আমরা দেখেছি যে, প্রাথমিক বিদ্যায়গুলি কোন টাকা পায় নি। এখন গাছতলায় এত রোদে লেখাপড়া হচ্ছে, কিন্তু সামনেই বর্ষার সময় কিভাবে লেখা-পড়া হবে সেটা জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :** জানাব।

## মঞ্জুরীপ্রাপ্ত নূতন প্রাথমিক বিদ্যালয়

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯।) **শ্রীসুধীরচন্দ্র দাস :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-'৭২ সালে জেলাওয়ারী মোট কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর জন্য সরকারের কাছে আবেদন আসিয়াছিল ;

(খ) তন্মধ্যে কোন্ জেলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হইয়াছে ;

(গ) ঐ প্রাথমিক বিদ্যালয়গুলি নির্বাচনের জন্য কি পদ্ধতি গ্রহণ করা হইয়াছে ;

(ঘ) ঐ প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য মোট কত শিক্ষক প্রয়োজন হইবে ; এবং

(ঙ) ঐ শিক্ষক নিয়োগের জন্য সরকার কি পদ্ধতি গ্রহণ করিতেছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) জেলারনাম বিদ্যালয় মঞ্জুরীর জন্য ১৫ই জুন, ১৯৭১ সাল পর্যন্ত প্রাপ্ত দরখাস্তের সংখ্যা—

| জেলার নাম | গ্রামাঞ্চল | শহরাঞ্চল |
| --- | --- | --- |
| ১। দার্জিলিং | ১০৪ | ২১ |
| ২। জলপাইগুড়ি | ২৩৪ | ১৮ |
| ৩। কোচবিহার | ১৪৯ | ৯ |

| জেলার নাম | গ্রামাঞ্চল | শহরাঞ্চল |
|---|---|---|
| ৪। মালদহ | ৩২৮ | ১৮ |
| ৫। মুর্শিদাবাদ | ২৮৪ | ১৭ |
| ৬। পশ্চিমদিনাজপুর | ৩০৫ | ২১ |
| ৭। নদীয়া | ৩৫০ | ৫৯ |
| ৮। হুগলী | ৩৬৫ | ৬১ |
| ৯। হাওড়া | ২১০ | ৭১ |
| ১০। বর্দ্ধমান | ৪২৮ | ৪৭ |
| ১১। বীরভূম | ৪৫৫ | ১২ |
| ১২। ২৪-পরগণা | ১০৮৯ | ২২৫ |
| ১৩। মেদিনীপুর | ১৩৮৪ | ৪৬ |
| ১৪। বাঁকুড়া | ৬০০ | ৩০ |
| ১৫। পুরুলিয়া | ৫৭৮ | ২১ |
| ১৬। কলিকাতা | — | ১২৬ |
| | ৬৮৬৩ | ৮০২ |

(খ) বিভিন্ন জেলায় বরাদ্দ বিদ্যালয়ের সংখ্যা এবং তন্মধ্যে মঞ্জুরী দেওয়া হইয়াছে এমন বিদ্যালয়ের সংখ্যা নিম্নে দেওয়া হইল।

| গ্রামাঞ্চল | | শহরাঞ্চল | |
|---|---|---|---|
| বরাদ্দ | মঞ্জুরী | বরাদ্দ | মঞ্জুরী |
| ৫০ | — | ২৪ | ১৬ |
| ১৭৫ | ২৭ | ২৩ | ৭ |
| ১২০ | — | ৯ | ৮ |
| ১৫০ | ৭৩ | ১২ | ১১ |
| ৩৪০ | — | ২২ | ৮ |
| ৯০ | — | ২১ | ১৪ |
| ৯৫ | — | ৪১ | ৪১ |
| ৯৫ | — | ৬৯ | ৪৫ |
| ৭০ | ১১ | ৪৯ | ১৪ |
| ২৬০ | — | ৬৯ | ৩৭ |
| ৬৫ | — | ২২ | ১০ |
| ৩১০ | — | ২৪৩ | ৭৮ |
| ৮৫ | — | ৬৫ | ৩৬ |
| ৫০ | — | ৩১ | ১৪ |
| ১০৪ | — | ১৯ | ১০ |
| — | — | ৭০ | ৩ |
| ২০৫৯ | ১১১ | ৭৮৯ | ৩৮ |

(গ) বিদ্যালয় নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত কারণের ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হয়—

প্রথম অগ্রাধিকার—

১। (ক) বিদ্যালয় বিহীন গ্রাম অর্থাৎ যে গ্রামে প্রাইমারী বিদ্যালয় নাই এবং যার এক মাইলের মধ্যে মঞ্জুরীপ্রাপ্ত বিদ্যালয় নাই—১৯৬৬ সালে সংগৃহীত বিদ্যালয়হীন গ্রামের পরিসংখ্যান অনুযায়ী বিদ্যালয়হীন গ্রাম।

(খ) যে গ্রাম বিদ্যালয়হীন হওয়া সত্বেও উক্ত পরিসংখ্যান ভুক্ত হয় নাই অথচ যাহার এক মাইলের মধ্যে কোন প্রাইমারী বিদ্যালয় নাই এমন গ্রাম—

দ্বিতীয় অগ্রাধিকার—

২। যে গ্রামের এক মাইলের মধ্যে প্রাইমারী বিদ্যালয় থাকা সত্বেও প্রাকৃতিক বাধাহেতু বালক-বালিকাগণ স্বাভাবিকভাবে বিদ্যালয়ে যাইতে পারে না এমন গ্রাম—

তৃতীয়তঃ অগ্রাধিকার—

৩। ঘণ বসতিপূর্ণ গ্রাম যেখানে বর্তমান বিদ্যালয়ে ৬ হইতে ১১ বৎসর বয়স সকল বালক-বালিকার স্থান সঙ্কুলান সম্ভব নয় এমন গ্রাম।

উপরিউক্ত তিনটি কারণের ভিত্তিতে গ্রামাঞ্চলের ক্ষেত্রে প্রাথমিক তদন্তের পর অগ্রাধিকার যুক্ত বিদ্যালয়ের তালিকা জেলা বিদ্যালয় পরিদর্শক কর্তৃক জেলা বিদ্যালয় পর্ষদের উপদেষ্টামণ্ডলীর সুপারিশসহ বিদ্যালয় তালিকা বিভাগীয় অনুমোদনের জন্য প্রেরিত হয়। শিক্ষাবিভাগের অনুমোদনের পর জেলা বিদ্যালয় পর্ষদ বিদ্যালয়গুলি মঞ্জুরী দান করেন।

শহরাঞ্চলে বিদ্যালয় বিহীন ওয়ার্ড, বস্তি ও অনুন্নত অঞ্চল অনগ্রসর ও দরিদ্র এলাকা প্রভৃতিতে অগ্রাধিকার দেওয়ার নির্দেশ আছে। বিদ্যালয়ের মঞ্জুরী আবেদন না থাকিলেও অনগ্রসর ও বিদ্যালয়বিহীন স্থানে বিদ্যালয় মঞ্জুর করা যাইতে পারে।

| (ঘ) | গ্রামাঞ্চলে | শহরাঞ্চলে |
|---|---|---|
| | ৬৩০৯ | ৩১৩৫ |

(ঘ) নির্দ্ধারিত সর্বোচ্চ শিক্ষকসংখ্যা (শহরাঞ্চলে চারজন ও গ্রামাঞ্চলে তিনজন) সাপেক্ষ প্যানেলভুক্ত প্রার্থীর তালিকা হইতে এবং চালু বিদ্যালয়ের ক্ষেত্রে সংগঠক ও কর্মরত শিক্ষক হইতে অনুমোদিত বিধি অনুসারে শিক্ষক নিয়োগের ব্যবস্থা আছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস:** টেবিলে যেটা দেওয়া আছে দেখলাম, এবং আপনিও বললেন তাতে দেখতে পাচ্ছি মুর্শিদাবাদ জেলায় দরখাস্ত হয়েছিল ২৮৪ আর মঞ্জুরী দেওয়া হয়েছে ৩৪০ আর মেদিনীপুরে দরখাস্ত হয়েছে ১৩৮৪ আর মঞ্জুরী দিলেন ৮৫ আর ৬৫ মোট ১৫০ এই যে গোল এই অসংগতি কেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি:** মুর্শিদাবাদ জেলার প্রাপ্ত দরখাস্ত সংখ্যা ২৮৪ আর বরাদ্দ ৩৪০। হতে পারে ঠিকমত এ্যাপ্লিকেসন আসে নি।

**শ্রীসুধীরচন্দ্র দাস:** অসংগতি সংঘাতিক এবং আরও মজার কথা যে বড় জেলা যেগুলি যার এলাকা লোকসংখ্যা দেখে যদি বিবেচনা করা হয় এবং করেছেনও—তাহলে নিশ্চয় এই অসংগতি আপনার তালিকায় দেখতে পাচ্ছি যে, বড় জেলা সে পেয়েছে ১৫০ হাওড়াও কম পেয়েছে ২৪ পরগনা কম পেয়েছে অথচ ছোট ছোট জেলা তার বেশী পেয়েছে কেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:** আপনার স্মরণ থাকতে পারে যে, যে সমস্ত কিরকম প্রাইমারী

স্কুল আছে তার লোকসংখ্যা ইত্যাদি ব্যাপারে একটা অনুসন্ধান করার ব্যবস্থা করা হচ্ছে। তা হলে পর বোঝা যাবে কোথায় কম আছে বেশী আছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** আপনি মঞ্জুরী দিয়ে দিয়েছেন—দরখাস্ত পেয়েছেন তাতে দেখবেন সেটা সার্ভে করে কোন জায়গায় থাকা না থাকা দরকার—অলরেডি মঞ্জুরী দেওয়া হয়েছে—তার তালিকা দিয়েছেন সেখানে এই অসামঞ্জস্য কেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এই মঞ্জুরী আমি দিই নি। আগে দেওয়া হয়েছে। সেখানে কম বেশী থাকতে পারে।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** আপনি প্রশ্নের উত্তরে বলেছেন যে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক যারা আছেন তাদের অগ্রাধিকার দেওয়া হবে যারা পরিচালনা করছেন। তাহলে পুরানো যে প্যানেল আছে সেই প্যানেল মত দেবেন, না, নূতন প্যানেল করে দেবেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** বিভিন্ন জেলায় যেসব বোর্ড আছে তারা এটা চিন্তা করবেন—আমি একটু কম চিন্তা করবো এ ব্যাপারে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মুর্শিদাবাদ জেলায় যে বরাদ্দ দিয়েছেন তা তিন কিস্তিতে মঞ্জুরী দিয়েছেন সেটা আপনি জানেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** সেটা হতে পারে।

[2-00—2-10 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যে মুর্শিদাবাদে এখনও বর্তমানে School Board-এর লিষ্ট আছে সেই List-এ ৪৬০টি স্কুলের নাম enlisted হয়েছে একথা কি আপনি জানেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** ঠিক বলতে পারছি না।

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এই যে মঞ্জুরী দেওয়া হয়েছিলো সেটা আপনারা দেন নি। এবারে আপনারা নতুন করে এই জিনিষগুলি দেখবেন। আমার প্রশ্ন হচ্ছে, আপনি কি জানেন, বিশেষ করে মেদিনীপুর জেলা থেকে একটা দরখাস্ত ছিল ১৩৮৮ এর মধ্যে বেশীর ভাগ দরখাস্ত tribeal, or Scheduled Cast এলাকার স্কুলগুলি থেকে এসেছিলো। সেগুলি আবার পুর্ণগঠন করবেন বিশেষভাবে।

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** যেসব Board হচ্ছে তারা করবেন।

## মার্টিন রেল

*২৩৩। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন *৫০৯।) **শ্রীমৃগেন্দ্র মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মার্টিন রেল পুনরায় চালু করার ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সহিত যোগাযোগ করিয়াছেন;

(খ) সত্য হইলে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন পরিকল্পনা পাওয়া গিয়াছে কি না; এবং

(গ) কবে নাগাদ উক্ত রেল পুনরায় চালু হইবার সম্ভাবনা?

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে গত ৯ই মার্চ বাগনানে প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন বলে সংবাদপত্রে একটা খবর বেরিয়েছিল, এটা কি মন্ত্রিমহাশয় অবগত আছেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল**ঃ হাঁ, খবরের কাগজে দেখেছিলাম।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই Martin Railway চালাবার ব্যাপারে নৈতিক দায়িত্ব মন্ত্রিমহাশয়ের আছে। এটা কি স্বীকার করেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল**ঃ শুধু খবরের কাগজে দেখেছি, বলেছি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী**ঃ আমি শুনেছিলাম Martin Railway চালাবার ব্যাপারে কেন্দ্রীয় সরকার অর্থ সাহায্য করতে রাজী আছেন, সংবাদপত্রে এইরকম খবর কিছু বেরিয়েছে সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার কি চিন্তা করছেন সেটা মন্ত্রিমহাশয় কিছু বলতে পারেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল**ঃ আমাদের কাছে এখনও কিছু আসে নি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী**ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, Martin Railway-এর যেসব Pale ছিল, telegraph-এর যেসব pale ছিল সেগুলি তুলে নিয়ে যাওয়া হচ্ছে সে সম্পর্কে মন্ত্রিমহাশয় কি বলবেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল**ঃ হাঁ। Government-এর জিনিষ চুরি হচ্ছিল, তাই বলেছিলাম Guard করা হোক।

**শ্রীকানাই ভৌমিক**ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সংবাদপত্রের কাগজে মাননীয় প্রধানমন্ত্রী বলেছিলেন যে Martin Railway দরকার হলে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে চালাবো, সেটা কি ঠিক ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল**ঃ উনি যদি বলে থাকেন তাহলে আমার বলার কিছু নাই।

**শ্রীঅশ্বিনী রায়**ঃ 'ক' প্রশ্নের জবাবে বললেন yes। তাহলে যোগাযোগটা কিভাবে হচ্ছে সে সম্পর্কে কিছু বলবেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের যোগাযোগ হচ্ছে এটা কিভাবে হচ্ছে সেটা বলবেন ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল**ঃ এখনও Corresponding চলছে, কোন decision-এ আসি নি।

**শ্রীকানাই ভৌমিক**ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি বলতে পারেন যে, তিনি একথা বলেছিলেন কি না, খবরের কাগজে বেরিয়ে ছিল। শুধু এইটুকু for clarification. এটা ঠিক কি না ?

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়** সেটা সম্পর্কে আপনার থেকে আমরা অনেক বেশী চিন্তা করছি। তারজন্য কথাবার্তা হয়েছে, draft notification আসছে, সেটা আসবে, আমরা সেটা দেখবো, কিছু সময় লাগবে, আমরা Martin Railway চালাতে চাচ্ছি।

## নদীয়া জেলায় বসন্ত রোগ

*২৩৮। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে নদীয়া জেলায় বসন্ত রোগ মহামারীর আকার ধারণ করিয়াছে ;

(খ) অবগত থাকিলে—

(১) উক্ত রোগে বিগত ২১শে মার্চ তারিখ পর্যন্ত কতজনের মৃত্যু হইয়াছে ; এবং

(২) উহার প্রতিরোধকল্পে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :**

(ক) বিক্ষিপ্ত ভাবে নদীয়া জেলার কোথাও কোথাও বসন্ত রোগ দেখা দিয়েছিল, কিন্তু মহামারীর আকার ধারণ করে নি।

(খ) (১) এ বছর ৩১শে মার্চ পর্যন্ত বসন্ত রোগে একজন মারা গেছেন।

(২) Unprotected লোকদের খুঁজে বের করে প্রাথমিক টীকা দেবার ব্যবস্থা করা হয়েছে তিন বছর কিম্বা তার বেশী পূর্বে যাঁরা টীকা নিয়েছেন সেই লোকদের খুঁজে বের করে টীকা দেবার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া রোগীর সংস্পর্শে এসেছেন এরূপ লোকদের পাইকারী হারে টীকা দেবার ব্যবস্থা করা হয়েছে। জেলা স্বাস্থ্য-আধিকারিক প্রত্যেক আক্রান্ত অঞ্চল inspection করে বিভাগীয় কর্মীদের কাজ তদারক করে থাকেন।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** (খ) এর '২'তে যেভাবে ব্যবস্থাপনা নিয়েছেন সেটা বললেন এবং (ক) তে দেখছি আপনি বলছেন এখন মহামারীর আকার ধারণ করে নি। তাহলে কি হলে মহামারী বলা যেতে পারে সেটা একটু বলবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** মহামারীর আকার ধারণ করে নি। কারণ ৩১শে মার্চ পর্যন্ত ১ জন মাত্র মারা গেছেন। তবে কয়েকটি জায়গায় বিক্ষিপ্ত ভাবে হয়েছিল বলে গভর্ণমেণ্ট থেকে আনপ্রোটেকটেড লোকদের খুঁজে বের করা হচ্ছে, আর যারা টীকা নেয়নি তাদের খুঁজে বের করার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীঅশ্বিনী রায় :** ৩১শে মাচ থেকে আজ পর্যন্ত কতজনকে প্রাথমিক টীকা দেওয়া হয়েছে, বলবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা :** এই প্রশ্নের মধ্যে সেটা ওঠে না। এই প্রশ্নটা ৩১শে মাচ অবধি।

**Mr. Speaker :** Short Notice starred question No. 235 is held over. I am sorry that all answers to held over questions could not be given within one hour. I now pass over to Short Notice questions. Starred question Nos. 159, 160 and 161 are also held over.

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### গলসী থানায় ডি, ভি, সি, হইতে জলসরবরাহ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০।) **শ্রীঅশ্বিনী রায় :** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার গলসী থানায় ডি, ভি, সি, ডি, সি, নিউ মডেল বিতরণী শাখা (১৮ চেন হ'তে ধরমপুর-রামগোপালপুর মৌজা) জলসরবরাহের উপযোগী হইয়াছে কি ; এবং

(খ) মূল পরিকল্পনা রূপায়ণের শেষভাগে এই খাল সংস্কারের কাজ হাত দেওয়া হইবে, এবং কোন্ কোন্ মৌজার কত একর জমিতে জল সরবরাহ করা হইবে ?

**The Minister for Irrigation and Power :**

(ক) ১৮ চেনে কোন বিতরণী শাখা নাই। ঐ দু'টি মৌজায় সেচের জন্য পুরাতন দামোদর ক্যানেলের ৪৫৮ চেন হইতে ডান দিকে একটি বিতরণী শাখা খালের দ্বারা জলসরবরাহ করা হইতেছে।

(খ) উক্ত শাখা খাল দ্বারা ধরমপুর, করকোনা ও রামগোপালপুর মৌজাগুলিতে মোট ৬৫০ একর জমিতে জলসরবাহ করার ব্যবস্থা আছে।

উক্ত মৌজাগুলিতে ১৯৭০ সাল হইতে জল দেওয়া হইতেছে এবং গত দুই বছরে জলসরবরাহের পরিমাণ এইরূপ :

| মৌজা | ১৯৭০ (খরিপ) একর | ১৯৭১ (খরিপ) একর |
|---|---|---|
| (ক) ধরমপুর | ৮০ | ৮০ |
| (খ) করকোনা | ৩০০ | ৪২০ |
| (গ) রামগোপালপুর | ২৫ | ১৫০ |
| | ৪০৫ | ৬৫০ |

## Shifting of the Headquarters of Defence Industries

**81.** (Admitted question No. 278.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour and Employment Department be please to state—

(a) is the Government aware of the fact that the Headquarters of the Defence Industries is being shifted to other States and that a portion of the said Headquarters has already been transferred to Kanpur—thus depriving West Bengal of employment opportunities ; and

(b) if so (i) what are the reasons for such transfer, and (ii) what action is contemplated by Government to stop such transfer ?

**The Minister for Labour and Employment** : (a) No.

(b) (i) and (ii) Does not arise.

## Industrial Area Development Scheme for Nimpura-Kharagpur

**82.** (Admitted question No. 304.) **Shri Samsul Alam Khan** : Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be please to state—

(a) if it is a fact that the Government has selected an area near Nimpura-Kharagpur (near N H. 6) in the district of Midnapore for development under the Industrial Area Development Scheme ,

(b) if so, the amenities which the Government intends to provide to the entrepreneurs in the area ;

(c) if the land for the same has been acquired by the Government ; and

(d) if not the reasons thereof ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(a) The Directorate of Cottage and Small Scale Industries has tentatively selected one plot in the Nimpura-Kharagpur area, development of which may be taken up subject to availability of fund.

(b) The State Government intends to provide the entrepreneurs with suitable plot areas on rent on long renewable lease basis, with the necessary infrastructure facilities like water, power, roads, drainages. The entrepreneurs are to erect their own sheds at their own cost.

(c) Not yet.

(d) Investigation regarding the availability of sub-soil water is being done Steps to acquire the area may be taken on finalisation of the investigation.

### ডুবদা বেসিন

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৯।) **শ্রীহেমন্ত দত্ত**: সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডুবদা বেসিনের কাজ কতদিনে শেষ হবে বলে আশা করা যায়,

(খ) উপরোক্ত খাল খননের জন্য যাদের জমি নেওয়া হবে তাদের জমির ক্ষতিপূরণের টাকা কতদিনের মধ্যে দিয়ে দেওয়া হবে ;

(গ) এই পরিকল্পনার অন্তর্গত পিছাবনী খাল সংস্কারের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে ; এবং

(ঘ) এই সংস্কার কত দিনের মধ্যে শেষ হবে বলে আশা করা যায় ?

**The Minister for Irrigation and Power :**

(ক) প্রয়োজনীয় অর্থ সংস্থান হইলে এই বৎসরের নভেম্বর মাস হইতে ১৯৭৫ সালের জুলাই মাসের মধ্যে ডুবদা বেসিনের কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়।

(খ) আইনানুগ সকল ব্যবস্থা করিয়া জমি-সংগ্রহ সংক্রান্ত দেয় ক্ষতিপূরণের টাকা দিতে সাধারণতঃ ন্যূনপক্ষে দুই বৎসর লাগিয়া থাকে।

(গ) আড়াই লক্ষ টাকা।

(ঘ) মূল পরিকল্পনা রূপায়নের শেষভাগে এই খাল সংস্কারের কাজে হাত দেওয়া হইবে, সেইজন্য ১৯৭৫ সালের জুলাই মাসে উহা শেষ হইবে বলিয়া আশা করা যায়।

### পাথরমুহা বৈঁচিবনিয়া ও তাজপুর মৌজায় লবণ শিল্প

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩২।) **শ্রীহেমন্ত দত্ত:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পাথরমুহা, বৈঁচিবনিয়া ও তাজপুর মৌজায় লবণ শিল্প গড়ে তোলার কোন আবেদন পাইয়াছেন কিনা ;

(খ) পাইয়া থাকিলে—

(১) আবেদনের সংখ্যা কত ; ও

(২) কাহারা এই আবেদন করিয়াছেন ; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Commerce and Industries :**

(ক) গত দু'বছরে মেদিনীপুর জেলার পাথরমুহা, বৈচিবনিয়া ও তাজপুর মৌজায় লবণ শিল্প গড়ে তোলবার জন্য কোন আবেদন পাওয়া যায়নি, তবে ১৯৬৯ সালে পাথরমুহা ও বৈচিবনিয়া মৌজায় উক্ত শিল্পের জন্য আবেদন পত্র পাওয়া গিয়েছিল। তাজপুর মৌজায় কোন আবেদন নেই।

(খ) (১) পাথরমুহা ও বৈচিবনিয়া মৌজায় উক্ত শিল্প গড়ে তোলার জন্য আবেদন সংখ্যা যথাক্রমে ২৩ ও ৭টি।

(২) স্থানীয় অধিবাসী, ব্যবসায়, শিল্প প্রতিষ্ঠান এবং সমবায় সমিতি ইত্যাদি।

(গ) সরকার আবেদন পত্রগুলি বিবেচনা করে মেসার্স বেঙ্গল সল্ট কোং লিঃ-কে পাথরমুহা ও বৈচিবনিয়া মৌজায় প্রায় ৯৮৫·৭৯ একর খাস জমি ব্যবস্থা দিবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং সরকারের ভূমি ও ভূমিরাজস্ব বিভাগে এই বিষয়টির যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানান হয়েছে।

এই ব্যবস্থার সর্ত থাকে যে উক্ত কোম্পানীতে সরকারের প্রায় ২৩ শতাংশ শেয়ার বর্দ্ধিত করে ৫০ শতাংশ শেয়ার ক্রয় করা হবে এবং উক্ত কোম্পানীকে দুর্গাপুর কেমিক্যাল লিঃ-কে প্রয়োজনীয় লবণ নিয়মিত সরবরাহ করতে হবে।

পাথরমুহা ও বৈচিবনিয়া মৌজায় লবণ শিল্প স্থাপন উপযোগী আর কোন খাস জমি নেই।

## পশ্চিম দিনাজপুর জেলায় জিলা পরিষদ কর্তৃক নির্মিত রাস্তা ও দাতব্য চিকিৎসালয়

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭১।) **শ্রীযতীন্দ্রমোহন রায়:** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় জিলা পরিষদ কর্তৃক ১৯৭০-'৭১ হইতে ১৯৭১-'৭২ সাল পর্যন্ত কতগুলি রাস্তা নির্মিত হইয়াছে,

(খ) উক্ত রাস্তাগুলির নাম কি ও দৈর্ঘ্য কত মাইল,

(গ) উক্ত রাস্তাগুলিতে কয়টি পুল বা সেতু নির্মিত হইয়াছে,

(ঘ) বর্তমানে জেলা পরিষদ দ্বারা পরিচালিত দাতব্য চিকিৎসালয়ের সংখ্যা কত, এবং

(ঙ) উক্ত জেলায় কোথায় কোথায় ঐরূপ চিকিৎসালয় আছে ?

**The Minister for Panchayats :**

(ক) একটিও না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) ২৪টি।

(ঙ) এতৎসহ একটি বিবরণী প্রদত্ত হইল।

*Statement referred to in reply to clase (ঙ) of unstarred question No.* 85

## বিবরণী

বর্তমানে পশ্চিম দিনাজপুর জিলা পরিষদ দ্বারা পরিচালিত দাতব্য চিকিৎসালয়গুলি উক্ত জিলার যেসব অঞ্চলে অবস্থিত সেইগুলির নাম—

(১) মল্লিকপুর, (২) পাতিরাজপুর, (৩) খাসপুর, (৪) হিলি, (৫) কুমারগঞ্জ, (৬) সকানগর, (৭) জাকিরপুর, (৮) গঙ্গারামপুর, (৯) করদহ, (১০) গোকানগর, (১১) নস্করহাট, (১২) রামপুর, (১৩) কুশমুণ্ডি, (১৪) সুদর্শন নগর, (১৫) ইটাহার, (১৬) কাপাসিয়া, (১৭) কালিয়াগঞ্জ, (১৮) তরঙ্গপুর, (১৯) বাহিন, (২০) কল্যানী, (২১) দিওর, (২২) জলঘর, (২৩) বালুরঘাট, (২৪) কোটাল।

## ঝাড়গ্রাম মহকুমায় মাষ্টার প্ল্যান

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪১২।) **শ্রীদাশরথী সোরেন ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ঝাড়গ্রাম মহকুমার জন্য কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে মাষ্টার প্ল্যান তৈরী হইয়াছে ;

(খ) সত্য হইলে—

(১) এই প্ল্যান-এ কত টাকা ব্যয় হইবে,

(২) প্ল্যান-এর মেয়াদ কত বৎসর, ও

(৩) মহকুমার প্রতিটি ব্লকের জন্য ব্যয়ের অঙ্ক কত ,

(গ) এই প্ল্যান-এর মাধ্যমে নয়াগ্রাম ব্লক ও গোপীবল্লভপুর ব্লক, (১)-এর জন্য কি কি পরিকল্পনা ছিল এবং কোন্ কোন্ পরিকল্পনা সরকারের অনুমোদন লাভ করিয়াছে , এবং

(ঘ) প্রতিটি পরিকল্পনার জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

**The Minister for Development and Planning** (T. and C.D ) :

(ক) না।

(খ), (গ) ও (ঘ) এ প্রশ্নগুলি ওঠে না।

## স্কুল বোর্ড কর্মচারীদের বেতন ও ভাতা

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪২০।) **শ্রীবুধনচন্দ্র টুডু ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্কুল বোর্ড কর্মচারীরা সরকারী কর্মচারীদের ন্যায় বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পাইয়া থাকেন কি না ,

(খ) পাইয়া না থাকিলে তাহার কারণ কি এবং এ কর্মচারীদের কোন্ শ্রেণীর ( সরকারী বা বেসরকারী ইত্যাদি ) কর্মচারী বলিয়া গণ্য করা হয় :

(গ) ইহা কি সত্য যে স্কুল বোর্ডের কর্মচারীরা যে সহর-ভাতা পাইতেন তাহা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি ?

**The Minister for Education :**

(ক) স্কুল বোর্ডের কর্মচারীরা সরকারী কর্মচারীদের ন্যায় বেতন ও ভাতা পাইয়া থাকেন। তবে সরকারী কর্মচারীদের ন্যায় সমস্ত সুযোগ-সুবিধা পান না।

(খ) এই সমস্ত কর্মচারীরা বেসরকারী কর্মচারী বলিয়া সরকারী কর্মচারীদের ন্যায় সমস্ত সুযোগ-সুবিধা পাওয়ার প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) সরকারী অনুমোদন ছাড়াই কয়েকটি স্কুল বোর্ড তাহাদের কর্মচারীদের সহর-ভাতা দিতেন। সুতরাং ঐ কর্মচারীদের সরকারী কর্মচারীদের ন্যায় বেতন ও ভাতা দিবার সঙ্গে সঙ্গে ঐ অনুমোদিত সহর ভাতা দেওয়া বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, সরকারী কর্মচারীদের সহর ভাতা দিবার ব্যবস্থা নাই।

## আন্দামান টিম্বার ইণ্ডাস্ট্রিস্

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮০।) **ডাঃ ভুপেন বিজলী :** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে গত ৬ই এপ্রিল, ১৯৭২ তারিখে মহেশতলার অন্তর্গত আন্দামান টিম্বার ইণ্ডাস্ট্রিস্ কর্তৃপক্ষ হঠাৎ ঐ কারখানায় লক্ আউট ঘোষণা করায় প্রায় ৪৫০ জন কর্মচারী অত্যন্ত সঙ্কটাবস্থায় পড়িয়াছেন ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Labour :**

(ক) শ্রমিকগণের অনিয়মানুবর্তিতা ও কর্মবিরতির জন্য ২৪-পরগনা জিলার মহেশতলা পোস্ট অফিসের অধীন গনিপুরস্থিত মেসার্স আন্দামান টিম্বার ইণ্ডাষ্ট্রিস্ লিমিটেডের কারখানাটিতে কর্তৃপক্ষ ৬ই এপ্রিল, ১৯৭২, তারিখ হইতে লক্ আউট ঘোষণা করিয়াছেন, তজ্জন্য প্রায় ৪৫০ জন শ্রমিক কর্মহীন হইয়া পড়িয়াছিলেন।

(খ) সালিশীর মাধ্যমে এক ত্রিপাক্ষিক চুক্তি ১৯শে এপ্রিল, ১৯৭২ তারিখে স্বাক্ষরিত হয়। তদনুযায়ী কারখানাটি ২১শে এপ্রিল, ১৯৭২, তারিখ হইতে পুনরায় চালু হইয়াছে।

## হিংলো ব্যারেজ

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৭।) **শ্রীশচীনন্দন সাউ :** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হিংলো ব্যারেজ পরিকল্পনাটি রূপায়িত হইলে বীরভূম জেলার রাজনগর, খয়রাশোল, দুবরাজপুর ও ইলামবাজার থানার জমিতে কৃষিকার্যে পরিপূর্ণ জলসরবরাহ সম্ভব হইবে ; এবং

(খ) অবগত থাকিলে ঐ পরিকল্পনাটি কার্যকরী করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Irrigation and Power :**

(ক) হিংলো সেচ পরিকল্পনাটি রূপায়িত হইলে বীরভূম জেলার খয়রাশোল থানার বিস্তৃত অঞ্চলে এবং দুবরাজপুর ও ইলামবাজার থানার কিছু কিছু অঞ্চলে খরিফ চাষের জন্য জলসরবরাহ করা সম্ভব হইবে।

(খ) ঐ করিকল্পনার কাজ গত ১৯৭১ সালের জানুয়ারী মাসেই শুরু হইয়াছে এবং ১৯৭১-'৭২ সালে ৬ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে।

এই প্রকল্পের অনুমোদিত ব্যয় ১২৩ লক্ষ টাকা এবং আশা করা যায় যে আগামী চার বৎসরে কাজটি সম্পূর্ণ হইবে।

## প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীগণের টিফিন

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৭।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীগণকে দ্বিপ্রহরে টিফিন সরবরাহ করিবার কোন ব্যবস্থা সরকারের আছে কি না; এবং

(খ) না থাকিলে, তাহার ব্যবস্থা করিবার বিষয়ে সরকার কোন চিন্তা করিতেছেন কি?

**The Minister for Education :**

(ক) আছে। কলিকাতা সহরাঞ্চলে মধ্যাহ্নকালীন টিফিন সরবরাহ প্রকল্পের মাধ্যমে কলিকাতার প্রাথমিক বিদ্যালয়গুলির ১০,৯,৪৮৪ জন ছাত্র-ছাত্রীকে প্রত্যহ ৭৫ গ্রাম করিয়া পাউরুটি দেওয়া হয়।

গ্রামাঞ্চলে শিশুপুষ্টি প্রকল্পের মাধ্যমে ১,০০০,০০০ ছাত্র-ছাত্রীকেও মধ্যাহ্নে রান্না করা আহার সরবরাহ করা হয়।

এছাড়া হাওড়া ও ২৪-পরগণা জেলার প্রত্যেকটিতে ১০০,০০০ ছাত্র-ছাত্রীকে 'ফিড দি চিলড্রেন এড্ প্রোগ্রাম'-এর মাধ্যমে মধ্যাহ্নে রান্না করা আহার্য সরবরাহ করা হইয়া থাকে।

(খ) এ প্রশ্ন উঠে না।

[ 2-10—2-20 p.m. ]

### Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker :** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of Police Verification before employment in West Bengal Government Service. Attention called by Shrimati Ila Mitra on the 26th April, 1972.

**Shri Siddhartha Shankar Ray :** Verification of character and antecedents of all persons seeking employment under this Government is a pre-condition to appointment. Such verification is essential for ensuring the security of the State. Verification of character and antecedents is made through the agency

of the police. This is because the police are likely to have proper dossiers and will be able to give factual report on the character and antecedents. Despite existence of Government orders enjoining verification of character and antecedents before appointment some appointments were made before without verification especially in temporary posts. Except in such cases verification of character and antecedents was not dispensed with Recently Government has taken a decision that in all cases whether in temporary or permanent posts there must be such verification before appointment etc are made so that antisocial elements are not able to enter into in Government service. In case of an adverse report against a particular candidate it is the Government who will take a final decision and not the police authorities who effect verification. It may be stated here that about the suitability of a person for employment under the Government there are broad principles adopted by the Government No person is considered unsuitable by reasons solely of his political opinion. There are also some very vital factors which are to be taken into considerstion in assessing the individual suitability of a candidate. An individual may be considered unsuitable for employment on the ground of his actual participation in, or association with any antisocial, subversive or objectionable activities or programmes.

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, উনি একবার পড়ে গেলেন উত্তরটা, আমি আশঙ্কা করছি, ১৯৬৯ সালে পুলিশ ভেরিফিকেসান অর্ডার চলে যায় শুধুমাত্র ক্রিমিনালদের ক্ষেত্রে পুলিশ হয়ত কোন রিপোর্ট দিতে পারে। কিন্তু আমরা আশঙ্কা করছি এই পুলিশ ভেরিফিকেসানের নামে পলিটিক্যাল ভিকটিমাইজেসান হবে। কাজেই নতুন অর্ডার কি সম্প্রতি দেওয়া হয়েছে তা বুঝতে পারছি না যদিও মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য বলেছেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** আমি শুধু এই রিকোয়েষ্ট করছি যে উনি যে ষ্টেটমেণ্ট করলেন সেই ষ্টেটমেণ্ট যদি সার্কুলেট করা হয় তাহলে সেটা পড়ে We can send our comments or suggestions to Chief Minister himself

**Mr. Speaker :** All right, a copy will be circulated.

**শ্রীঅশ্বিনী রায় ঃ** স্যার, সেদিন সিদ্ধান্ত হয়েছিল যে কলিং এ্যাটেনশানের উত্তরের একটা করে কপি টেবিলে দেওয়া হবে। কিন্তু ১০ দিন হয়ে গেল কোন টেবিলেই পাওয়া যাচ্ছে না।

**Mr. Speaker :** I will look into the mattter I think there will be no difficulty in circulating the statement made on the floor of the Assembly.

Now, the Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of recovery of bombs, pipe-guns, etc, by the police from Hindu Hostel on the 27th April, 1972 Attention called by Shri Rajani Kanta Doloi on the 28th April, 1972

**Shri Siddhartha Shankar Ray :** Mr Speaker Sir, with reference to the Calling Attention notice given by Shri Rajani Kanta Doloi, M L A, regarding recovery of huge quantity of bombmaking ingredients, bombs pipe-guns, molotov cooktails and cartridges along with copies of the Red Books and other Maoist literature by the police from the Hindu Hostel, Calcutta, on the 27th April, 1972, I have to make the following statement.

Acting on an information that the locked rooms of the Superintendent's quarters of the Hindu Hostel, Calcutta, were being used by some extremists to store arms, ammunitions etc. the police conducted a raid on the premises on the 27th April, 1972. A thorough search for about 2 hours was made in all

the 3 rooms of the quarters by opening wooden almirahs, etc. The rooms in question have been lying vacant since 1968 in the absence of any Superintendent of the hostel. The search led to the recovery of 2 pipe-guns, 3 cartridges, 15 live bombs, 2 molotov cocktails a bhojali, a big dagger and an electrically operated photostat machine, explosives and ingredients for the manufacture of bombs.

Some important papers and Naxalite literatures were also found. It is learnt on an enquiry that some extremists were in the habit of using the Superintendent's quarters for the storage of arms, ammunitions etc. The Principal, Presidency College has been kept informed about the seizure. No arrest has been made but a specific case has been started and the investigation taken up.

**Mr. Speaker :** I have received 9 Notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Re-excavation of canal at Satpukur—from Shri Santosh Kumar Mondal ;

(2) Completion of the bridge on the Mundeswari—from Shri Mahadeb Mukhopadhyay ;

(3) Death of one person due to snapping of the overhead wire of the Tramways near Purabi Cinema—from Shri Kashi Nath Misra ;

(4) Acute scarcity of water in rural and colliery areas in Asansol Sub-division—from Shri Sukumar Bandyopadhyay ,

(5) Want of doctors in Ballyjury Health Centre in the district of Birbhum —from Shri Dwija Pada Saha ;

(6) Scarcity of Jute seed in Hooghly district—from Shri Balai Lal Sheth ;

(7) Corruption in the supply of Jute seed—from Shri Md. Idris Ali ,

(8) Non-existence of any Blood-Bank in Birbhum district—from Shri Sachinandan Shaw ; and

(9) Depriving of free education to the girls over 14 years reading in classes V to VIII—from Shri Abdul Bari Biswas and Shri Sunil Mohan Ghosh Maulik.

I have selected the notice of Shri Mahadeb Mukhopadhyay on the subject of completion of the bridge on the Mundeswari. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today if possible or give a date for the same.

**Shri Gyan Singh Sohonpal :** On Friday, Sir.

**Shri Siddhartha Shankar Ray :** May I with your permission, Sir, make a statement on a very unfortunate incident which has taken place last night.

**Mr. Speaker :** You can make a statement under Rule 346.

**Shri Siddhartha Shankar Ray :** Thank you. Sir

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমায় একটা অত্যন্ত শোচনীয় ঘটনার কথা মাননীয় সদস্যদের কাছে বলতে হবে। কালকে কাটোয়া ষ্টেশনে অমৃতময় চ্যাটার্জী, জেনারেল সেক্রেটারী কাটোয়া কলেজ ষ্টুডেণ্ট ইউনিয়ন, তাঁকে একজন বর্ডার সিকিউরিটি ফোর্সের সাব-ইন্সপেক্টর গুলি করে এবং তিনি ষ্টেশনেই মারা যান। আমি সেজন্য এই হাউসের সামনে ঘটনাটা পুরাপুরি রাখতে চাই।

কালকে প্রায় রাত ১২ ৩০ মিনিটের সময় মাননীয় সদস্য সুব্রত মুখোপাধ্যায়, কাটোয়ার মাননীয় সদস্য, তিনি আমাকে টেলিফোন করে খবর দেন এবং তারপর আধঘন্টা ধরে খবরাখবর নেওয়া হয় এবং আজকে ভোর বেলায় ৫ টার সময় মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় কাটোয়ায় চলে গেছেন এবং তিনি আধঘন্টা আগে ফোন করে জানিয়েছেন যে অবস্থা সম্পূর্ণ শান্ত এবং সকলেই অত্যন্ত দুঃখিত যে এই জনপ্রিয় ছাত্রনেতা অমৃতময় চ্যাটার্জীকে এইরকমভাবে মারা হয়েছে। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে যে ঘটনাটা ঘটেছে সেটা আপনাদের কাছে রাখছি।

On the 1st May, 1972 at about 22.35 hours the Kamrup Express arrived at Katwa Rail Station. About 60 boys of the Katwa College with some Professors entrained for Darjeeling Some of the boys had an alteration with a passengers who was lying on the bunk of a compartment. As they alleged refused to allow space to the boys to keep their luggage, this passenger took out a dagger at the time of alteration Then on the request of the Professor-in-charge of the party the boys left the compartment. At that time this passenger fired one round from a pistol, as a result of which Professor, Shri Mani Basak received bullet injury.

[2-20—2-30 p.m.]

The boys who have left the compartment again came near the compartment. The passenger then again fired one round from his pistol as a result of which one Amritamoy Chatterjee, General Secretary, Katwa College Students Union received injuries in the chest and succumbed to his injuries in the hospital. This passenger was identified as a Sub-Inspector, 74 Battalion Border Security Force. The Guard of the train was alleged to have harboured this Sub-Inspector in his rake. The Kamrup Express left Katwa Railway Station at 2-35 hours for Kamrup after the tension subsided. The Additional Superintendent of Police, Headquarters, supervised the case on the spot This refers to Katwa Gr. P. C. Case No. 1, dated 1st May, 1972, under section 302, Indian Penal Code. Two accused, viz., the Sub-Inspector and the Guard of the Kamrup Express were arrested. The situation is under watch.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রিমহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করতে পারি কি যে সব এ্যারেষ্ট করা হয় এই সব ক্ষেত্রে তাদের সেভ করবার জন্য এক্ষেত্রে তাদের কি প্রসিকিউট করে শাস্তি দেবার ব্যবস্থা হবে ?

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** মাননীয় বিশ্বনাথবাবু যে কথা বলেছেন যুক্তফ্রন্টের আমলে তা করা হ'ত কিন্তু এই সরকার প্রসিকিউট করবেন এবং দেখিয়ে দেবে যে দোষী শাস্তি পাক, লোক দেখানো জিনিষ আমরা করি না। বিশ্বনাথবাবু এটা জেনে রাখবেন। যে মারা গেছে সে আমাদের অত্যন্ত ঘনিষ্ঠ। বহুদিন ধরে আমরা তাকে চিনতাম। আপনার কোন কথা বলাই আজকে উচিত হয় নি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আমি মুখ্যমন্ত্রীকে আদৌ খোঁচা দেবার জন্য বলি নি। আমি বলেছি অনেক সময় এদের এ্যারেষ্ট করে লোকাল অফিসাররা তারপর প্রসিকিউট করে। সেই জন্য এটা বলেছিলাম—যুক্তফ্রন্টের কথা নয়। আমি শাস্তি চাইছি, সেইজন্যই বলেছি।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** আপনারা কি করেছিলেন সেটা আমি জানি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আমি শাস্তি যাতে পায় সেইজন্যই বলেছিলাম।

**Mr. Speaker :** There is no scope of any discussion on the statement.

## MENTION CASES

**শ্রীঅসমঞ্জ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই সভার সদস্যদের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবঙ্গ সরকারের লেজিসলেটিভ ডিপার্টমেণ্টে অনুবাদক নিয়োগসংক্রান্ত বিজ্ঞাপনটি গুরুত্বপূর্ণ। এই বিজ্ঞাপনটি দিয়েছেন এ্যাসিস্টেণ্ট সেক্রেটারী, গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল। তার নোটিশ নম্বর হল ১০০৬ এল ডেটেড ২২শে এপ্রিল, ১৯৭২। বিধানসভার ভিতরে এবং বাহিরে মাননীয় সদস্যগণ এর প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলেন বিশেষভাবে যাতে বাংলাভাষার মর্যাদা রক্ষিত হয়। আমরা আশা করেছিলাম পশ্চিমবঙ্গ সরকার সর্বোতভাবে এই ব্যাপারে আগ্রহ পোষণ করবেন। এই ধারনা আমাদের বদ্ধমূল হয়েছে। আমরা দেখলাম যে অনুবাদকের জন্য অর্থাৎ অনুবাদকের কাজ দ্রুত সম্পাদন করবার জন্য ৪ জন অনুবাদক নিয়োগের বিজ্ঞাপন দিয়েছেন। কিন্তু এই বিজ্ঞাপন ২২ তারিখে ছাপান হয়, ২৩ তারিখ ছুটির দিন ছিল, ২৪ তারিখ সেটা টাঙান হলো। আমার পক্ষে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে যে ভাল অনুবাদক পাওয়া যাবে না। তাতে যে ভাষা আছে তা আপনি পড়লেই বুঝতে পারবেন। তাতে বলা আছে যে দি এ্যাপয়েনমেণ্ট ... অর্থাৎ বিনা বিজ্ঞপ্তিতেই অনুবাদককে ছাড়িয়ে দেওয়া যাবে। আজকে পশ্চিমবাংলার মতন সভ্য সমাজের, ভারতবর্ষের মতন সভ্য সমাজের কেন এটা কোনো অতি নিকৃষ্ট গতিতেও সম্ভব কি না বিনা বিজ্ঞপ্তিতে একজনকে চাকরি ছাড়িয়ে দেওয়া। আমরা পৌরসভা চালাতে গিয়ে দেখেছি যে একজন ঠিকা হরিজনকেও এইভাবে ছাড়িয়ে দেওয়া সম্ভব নয়। ২২ তারিখে বিজ্ঞাপন দেওয়ার ডেট, তারপর ২৯ তারিখ লাষ্ট ডেট। ২২ তারিখের পর ছুটি ছিল। স্যার, এই নিয়োগের ক্ষেত্রে কাগজে পর্যন্ত দেওয়া হল না। তাহলে কি আমার মনে করা ভুল হবে যে ভেতরের লোক ছিল এবং আমরা স্বজন-পোষণ নীতি সমর্থন করছি। আমরা একসঙ্গে দৌত্য নীতি দেখতে পেলাম। এই ৪ জন অনুবাদক নিয়োগের জন্য লোক চাইবার ৭ দিন আগে একজন অভিজ্ঞ অনুবাদকে অন্য জায়গায় ট্রান্সফার করা হল। পুরান অনুবাদকে সরিয়ে তার জায়গায় নূতন অনুবাদককে নেওয়া হচ্ছে তার কাজ বুঝতে সময় লাগবে। কাজ বোঝাবার পর তারপর তিনি অনুবাদকের কাজ করবেন। এটা কি কাজকে পিছিয়ে দেওয়া হচ্ছে না? আমি আপনার মাধ্যমে দাবী করছি যে এ বিষয়ে পূর্ণ তদন্ত করুন। এবং পশ্চিমবঙ্গ সরকার দক্ষ অনুবাদক নিয়োগের জন্য কাগজে বিজ্ঞাপন দিয়ে দ্রুতভাবে ও আইনসঙ্গতভাবে ব্যবস্থা অবলম্বন করুন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমৃগেন মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করা গুরুত্বপূর্ণ বলে মনে করি। যদিও mention-এর খবরকে মন্ত্রিসভা বিশেষভাবে মূল্য দেন না এবং সংবাদ-পত্রে ছাপা হয় না তবুও বলা দরকার। সরকারের নীতি ছিল দুর্নীতির বিরুদ্ধে, স্বজন-পোষণের বিরুদ্ধে আমরা কোন জায়গায় অবৈধ প্রভাব ঘটাবো না এবং এটা আমরা নির্বাচনের আগেও বলেছিলাম। গত ২৫ তারিখে S. D. O., Irrigation-কে গ্রেপ্তার করা হয়েছিল। সেই গ্রেপ্তারের পরে তাকে ছেড়ে দেবার জন্য এবং D. R. Bond দেবার জন্য Writers' Buildings

থেকে প্রভাব আসছে। রামপ্রসাদ গাঙ্গুলী যিনি সেচ বিভাগের সচিব তিনি উচ্চপদস্থ কর্মচারীদের বলছেন কেন ধরা হল এবং D. R. Bond দিতে হবে? সেখানকার Executive Engineer ত্রিপুরারী চ্যাটার্জি, যাকে ৬ বার promotion-এর offer দেওয়া হয়েছিল তিনি সেই promotion না নিয়ে সেখানেই আছেন। তিনি বহুদিন ধরেই সেখানে আছেন এবং তাঁর বেতনের মধ্য দিয়ে তিনি তাঁর মেয়ের বিয়েতে জামাইকে ৮০ হাজার টাকা দিয়েছেন। তিনি S. D. O.-র গ্রেপ্তারের ব্যাপারে অত্যন্ত অন্যায়ভাবে এই জায়গায় হস্তক্ষেপ করছেন বলে আমার খবর আছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভায় দৃষ্টি আকর্ষণ করছি যে এইরকম অবৈধভাবে ও দুর্নীতির প্রশ্রয় যেন না দেওয়া হয়—এটাই আমার আবেদন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** স্যার, কয়েকদিন ধরে আনন্দবাজার, Statesman বিশেষ করে আনন্দবাজারে বিদ্যুতের সঙ্কট সম্বন্ধে খবর বের হচ্ছে। বিদ্যুতের সঙ্কট কম হচ্ছে এসম্বন্ধে আরও কতকগুলি খবর বের হচ্ছে। এবিষয়ে তদন্ত করবার জন্য একজন উচ্চপদস্থ কেন্দ্রীয় Engineer আসবেন, আবার বলা হল তিনি আসছেন না। আমি এটা উল্লেখ করছি এজন্য যে বিদ্যুতের এই যে সঙ্কট ওটা মেটেই সাময়িক বলে মনে হচ্ছে না এবং এর কারণ সম্বন্ধে বিভিন্ন কাগজে লিখছে। কিন্তু এ সম্বন্ধে একটা thorough enquiry দ্রুত হওয়া দরকার এবং দক্ষ ব্যক্তিকে দিয়ে করা উচিৎ এবং এরজন্য ১।২ মাসে নির্দেশ দেওয়া দরকার। আবার শুনছি C. E. S. C.-এর যে capacity সেই capacity-র অনুযায়ী তারা বিদ্যুৎ boiler maintain করতে পারছেন না। কারণ boiler এর pressure তারা maintain করতে পারছেন না। আমরা শুনছি ব্যাণ্ডেলে এটা leakage, ওটা ভেঙ্গে গেছে। আবার শুনছি D. P. L. দিতে পারবে না। D. P. L. আবার D. V. C.-র কাছ থেকে চেয়েছে। আবার এদিকে D. V. C.-র অবস্থাও খুব সঙ্কটজনক। এ অবস্থায় শুধু গ্রামে বিদ্যুৎ সরবরাহ তো বটেই, গ্রামে বিদ্যুৎ, শহরে শিল্পের জন্য বিদ্যুৎ, সাধারণ মানুষের জন্য বিদ্যুৎ ইত্যাদি সমস্ত নিয়ে একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে, এটা কার জন্য failure হচ্ছে সেটা শুধু statement দিয়ে দিলেই হবে না। এই failure মনে হয় এটা load shading-এর ব্যাপার। সুতরাং এটা সাময়িক ব্যাপার নয় বলে জিনিসটাকে সেইভাবে দেখা উচিৎ নয়। আমি এটা উল্লেখ করে একথা বলছি Government এটাকে seriously নিয়ে যদি একটা দ্রুত তদন্ত করেন যে কি capacity আছে, কতটা utilised, কতটা unutilised সময় কত যাবে। কেন্দ্রীয় সরকার যা statement করেছেন তাতে আগামী দিনে পশ্চিমবাংলা কি বিদ্যুৎ পাবে না পাবে এবং এই যে শিল্প খোলা হচ্ছে, নতুনভাবে খোলা হবে, গ্রামে শিল্প নিয়ে আসা হবে ইত্যাদি সমস্ত বিষয় বিবেচনা করে একটা through plan করে একটা অনুসন্ধান করার জন্য অনুরোধ করছি।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** বিশ্বনাথবাবু যা বললেন তাঁর সঙ্গে আমি একমত এবং আমরা সেরকমভাবে একটা চিন্তা করছি।

**শ্রীললিত গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত একমাস পূর্বে বারুইপুর স্বাস্থ্যকেন্দ্রে দুর্নীতির অভিযোগ পেয়ে মাননীয় স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তদন্ত করতে গিয়েছিলেন। এখানে ডাক্তারের বিরুদ্ধে প্রচুর অভিযোগ হয়েছে। একমাস অতিবাহিত হয়ে গিয়েছে সেখানকার ডাক্তারের বিরুদ্ধে চার্জের কি করা হয়েছে জানা যায় নি। সেখানকার মানুষ বিক্ষুব্ধ হয়েছে। সেই ডাক্তারের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে জানতে চাইছি। সেখানে অসংখ্য লোক রোগী হয়ে আসছে; কিন্তু ঠিকমত ট্রিটমেণ্ট করা হচ্ছে না। সেখানে ডাক্তার কি চার্জ বুঝিয়ে দিয়েছেন? সেখানকার

ডাক্তার একজন মহিলার উপর অশালীন ব্যবহার করেছে সেখানকার মানুষ এই বিষয়ে দুঃখিত। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন সরজমিনে তদন্ত করে ব্যবস্থা করেন। যার উপর এইটা করা হয়েছিল তাঁর স্বামী আমাকে একটা অভিযোগ দিয়েছেন সেটা আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দেবো এবং আশা করবো যে তদন্ত করে যেন একটা সুষ্ঠু ব্যবস্থা করা হয়।

**শ্রীকাশীনাথ মিশ্র**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত একটা গুরুত্বপূর্ণ বিষয় আমি সভাকে বলছি। কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমানে বাতিল পরীক্ষাগুলি সম্বন্ধে কোনরকম সুবিবেচনা না করে দুরভিসন্ধিমূলকভাবে বিশ্ববিদ্যালয়ের গ্রীষ্মকালের ছুটি আগেই দিয়ে দিচ্ছেন। বাতিল পরীক্ষাগুলো সম্পর্কে সুনির্দিষ্ট সিদ্ধান্তে না এসে আগেই বিশ্ববিদ্যালয়ের ছুটি ঘোষণা করলে হাজার হাজার ছাত্রের ক্ষতি হবে, তাদের এতে খুব অসুবিধা হবে। যাতে এইসব বাতিল পরীক্ষার ফল শীঘ্রই প্রকাশ পায় তারজন্য দাবী জানাচ্ছি। এর ফলে পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রীদের অসুবিধা হচ্ছে এবং বর্তমানে আইন এবং অন্যান্য বিভাগে প্রভুত অসুবিধা সৃষ্টি হচ্ছে। এদের ভবিষ্যত অনিশ্চয়তার দিকে নিয়ে চলেছে। তাই বিশ্ববিদ্যালয়ের যে গলদ এবং দুর্নীতি তা দূর করে এই বাতিল পরীক্ষাগুলোর ফল প্রকাশের ব্যবস্থা করা এবং বিশ্ববিদ্যালয়ে যাতে ঠিকমতো পরীক্ষা হয় তার ব্যবস্থার জন্য মাননীয় স্পীকারের কাছে অনুরোধ করছি।

**শ্রীদ্বিজপদ সাহা**: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আজকে এই সভার সদস্যগণকে এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে নিবেদন করতে চাইছি। আমি বীরভূম জেলার রাজনগর কেন্দ্রে অবস্থিত বালিজুড়ি হাসপাতালের কথা বলবো। এটা ১৯৭০ সাল থেকে বন্ধ হয়ে গিয়েছে। এখানে কোন ডাক্তার নেই, এবং নার্স'ও নেই। বেশ কিছুদিন ধরে জনসাধারণ আবেদন নিবেদন জানিয়েছে কিন্তু ফল হয়নি। ১৯৭০ সালে একজন কম্পাউণ্ডার ছিলেন। তিনিই ঔষধ দিতেন। কিন্তু বিগত ২৪শে অক্টোবর, ১৯৭০ তারিখে তিনি হাসপাতাল থেকে চলে গিয়েছেন এখন হাসপাতালটি তালাবদ্ধ অবস্থায় পড়ে আছে। লক্ষীনারায়নপুর, বালিজুড়ি, রূপসপুর এই তিনটি জায়গায় একমাত্র চিকিৎসা কেন্দ্র এটা সেখানকার জনসাধারণ এমন অবস্থায় পড়ে গিয়েছে যে তাদের চিকিৎসার ব্যবস্থা নেই বা ডাক্তার নেই। এই বিষয়ে অবিলম্বে তদন্ত করার জন্য এবং যাতে অবিলম্বে হাসপাতালটিতে চিকিৎসার ব্যবস্থা হয় তারজন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রীমদনমোহন মহান্ত**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার অধিবাসীগণকে ১৯৬৫-'৬৬ সালে রেশন কার্ড পরিবারের ভিত্তিতে অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হয়েছিল। বর্তমানে অনেক পরিবারের রেশন কার্ড নষ্ট হয়ে গিয়েছে। অনেক পরিবারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং কিছু পরিবার নূতনভাবে গড়ে উঠেছে। এইরকম অনেক পরিবারের রেশন কার্ড নেই। ফলে পুরুলিয়া-বাসীগণের ন্যায্যমূল্যের দোকান থেকে রেশন পাওয়ার ভীষণ অসুবিধা হয়েছে। তারা ন্যায্যমূল্যের দোকান থেকে রেশন না পেয়ে এবং ঠিকমতো রেশন না পাওয়ায় খুবই দুঃখিত। কাজেই খাদ্যমন্ত্রী মহাশয় পুরুলিয়াবাসীগণ যাতে রেশনকার্ড পায় তারজন্য ব্যবস্থা করবেন আশা করি। আর সেই সঙ্গে রেশনের মারফৎ যাতে মাথাপিছু চাল, গম, সুজি এবং চিনি প্রভৃতির পরিমাণ বৃদ্ধি করা হয় তারজন্য অনুরোধ করছি। আর সেই সঙ্গে পল্লী অঞ্চলে রেশনের দোকানের অভাব আছে, সেই দোকানের সংখ্যা যাতে আরও বাড়ানো যায় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীশরৎ চন্দ্র দাস**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমস্ত পশ্চিমবঙ্গের স্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের

যতগুলি ডিপাটমেণ্ট আছে এই পশ্চিমবঙ্গে সবচেয়ে নিয়োজিত এবং সেবামূলক ডিপাটমেণ্ট হচ্ছে স্বাস্থ্য বিভাগ। কিন্তু স্বাস্থ্যবিভাগের খবর ৪২ দিনে যা পাচ্ছি বিভিন্ন জায়গা থেকে তাতে আশঙ্কা হচ্ছে যে এই অব্যবস্থা, ঔদাসীন্য এবং অবহেলার কারণ কি ? আমাদের সরকার আজ মাত্র ৪২ দিন হল ক্ষমতায় এসেছেন। আমাদের রাষ্ট্রমন্ত্রী বিভিন্ন হাসপাতাল পরিদর্শন করার পর যেসমস্ত খবর পাওয়া যাচ্ছে তাতে এই ডিপাটমেণ্টে জঞ্জাল স্তূপীকৃত হয়ে আছে বলে প্রতিয়মান হচ্ছে। কিন্তু আমরা নিশ্চয়ই জানি এই ডিপাটমেণ্টে একজন ভারপ্রাপ্ত লোক ছিলেন যিনি সেক্রেটারী, সচিব ছিলেন এবং তিনি এই ডিপার্টমেণ্টকে জঞ্জাল স্তূপে পরিণত করেছিলেন এই বিষয়ে কোন সন্দেহ নাই এবং এখনও তিনি এই ডিপাটমেণ্টের হেডে বসে আছেন এবং নানাভাবে জঘণ্য স্তরে এই ডিপাটমেণ্টকে নিয়ে এসেছেন। তার একটা ব্যবস্থা নিশ্চয়ই হওয়া উচিত। তার কারণ অধ্যক্ষ মহাশয়, আজ নয় এই ডিপার্টমেণ্টে অনেকদিন ধরে এইরকম অভিযোগ আমরা শুনছি। গত ১৪ই জানুয়ারী ১৯৭১ তারিখে প্রখ্যাত অজিত চক্রবর্ত্তী মহাশয় এর সম্বন্ধে যে সমস্ত কথা লিখেছিলেন সেটা সরকারের দেখা উচিত। তিনি লিখেছিলেন যে ইনি এক নাগাড়ে একমাস, দেড় মাস রাইটার্স বিল্ডিংসে আসেন না, তিনি প্রাসাদতম অট্টালিকায় আলীপুরে শীততাপনিয়ন্ত্রিত কক্ষে বসে এ্যাডমিনিষ্ট্রেসন চালান। এছাড়াও তাঁর এত পাওয়ার যে ভিজিলেন্স কমিশন তদন্ত করেও আজ পর্যন্ত তার রিপোর্ট দেন নি। তাঁর বর্তমান কার্যকলাপ অতিশয় কলঙ্কময়। অতীতে যেসময় জলপাইগুড়ি বন্যাবিধ্বস্ত অঞ্চলে পরিণত হয়েছিল সেই সময় তিনি সেচ বিভাগের অধিকর্তা ছিলেন এবং সেই সময় তিনি প্রমোদ ভবনে বাস ছিলেন। এর অতীত ও অত্যন্ত কলঙ্কময়। পশ্চিমবঙ্গে এই গুরুত্বপূর্ণ জায়গায় এই স্বাস্থ্য বিভাগকে তিনি এমন দুর্নীতিপরায়ণ করেছেন তার ঠিকানা কিছু বলতে পারিনা। তিনি আরও কি কাজ করেছেন তার দু-একটি ঘটনা আপনার মাধ্যমে আমি উল্লেখ করতে চাই। মেডিকেল কলেজে শিক্ষকদের প্রশ্নে একামেডিক এ্যাডভাইসরীর সিদ্ধান্ত তিনি নাকোচ করে দিয়ে তাঁর মনোনীত লোককে প্রমোশন দিয়েছেন। তিনি নিজে ক্রনিক গ্যাসটাইটিস রোগী, তাঁকে যে চিকিৎসা করেন সেই চিকিৎসককে তিনি রিডার থেকে এ্যাসিষ্ট্যাণ্ট প্রফেসরে নিযুক্ত করেছেন। সেই চাকরীতে যারা দাবীদার ছিল তা থেকে তাদের বঞ্চিত করেছেন। তাঁর একজন সাঁকরেদ আছেন পি. জি. হাসপাতালের ডাক্তার ডি পি, বসু—তিনি সময়মত কখনও হাসপাতালে আসেন না, যদিও তিনি প্রাইভেট চিকিৎসা করার অধিকারী নন তবু তিনি ঘরে নিজে রোগী দেখেন এবং যৎপরনাস্তি তিনি অন্য রোগীকে হয়রান করেন। আউটডোরে মিঃ পাইন-এর চিকিৎসাধীনে বিনা চিকিৎসায় মারা যায়। এই সমস্ত জিনিষ বিবেচনা করে এই দুঃসাহসী দুঃশাসককে আমি অবিলম্বে অপসারণ করবার দাবী জানাচ্ছি।

[2-40—2-50 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের পশ্চিমবাংলায় অনেক বেকার ইঞ্জিনিয়ার রয়েছে। সরকারী তথ্যে প্রায় ১৯ হাজারের মত কিন্তু সাধারণভাবে জানা যায় প্রায় দু'লক্ষের মত বেকার ইঞ্জিনিয়ার আছে। এরা এই হাওড়ার বিভিন্ন জায়গায় ৬০টি বন্ধ কলকারখানা খোলার জন্য একটা প্রচেষ্টা নিয়েছে। এবং এই সংগঠন কোন রকম আর্থিক সাহায্য সরকারের কাছ থেকে চায় না। তারা শুধু যে পরিত্যক্ত রেলবার, সরকারের কাছ থেকে তার একটা কোটা চান এবং এই নিয়ে আমাদের বেশ কিছু সংখ্যক এম. এল. এ. একটা রিপ্রেজেনটেশন দিয়েছিল কিন্তু সে বিষয়ে আজ পর্যন্ত কোন এ্যাকশন দেখতে পাচ্ছি না। কাজেই এই সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে তাঁরা যেন এই ব্যাপারটা একটু খুঁটিয়ে দেখেন। যেখানে এহ বেকার সমস্যা এত বিরাট

আকার ধারণ করেছে সেখানে তারা বলছে যে ৩৩শত আনএমপ্লয়েড লোকের সংস্থান হবে, সেদিকে একটু খুঁটিয়ে দেখে, বিচার বিবেচনা করে এটা যদি হাতে নেওয়া যায় এবং কেন্দ্রের কাছ থেকে যদি একটা রেল কোটা পাওয়া যায় বা বরাদ্দ করা যায় তাহলে বোধহয় এই বন্ধ কারখানাগুলি খোলা সম্ভব হয়ে উঠবে। আমি এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে পশ্চিম দিনাজপুর জেলার একটা গুরুত্বপূর্ণ তথ্য রাখছি। এই জেলা একটি কৃষি প্রধান জেলা। আপনি জানেন যে এই জেলায় যতগুলি ডিপটিউবয়েল, রিভার পাম্প রাখা বা থাকা উচিত তা নেই। যে কয়েকটি আছে সে কয়েকটিও ঠিক চালু অবস্থায় নেই, আর যে কয়েকটি চালু অবস্থায় আছে সেই কয়েকটি থেকে যে পরিমাণ জল জমিতে সেচ দেওয়া উচিত তাও দেওয়া হয় না। এর ড্রাইভার কাম মেকানিক যারা আছে তারাও ঘুষ ছাড়া জল সাপ্লাই দেয়না। যে যে পরিমাণ ঘুষ দেবে সে সেই পরিমাণ জল পাবে। বালুরঘাটের বি. ডি. ও.-র আণ্ডারে গাজিপুর মৌজায় একটা পাম্প আছে, ডিপটিউবয়েল আছে সেই ডিপটিউয়েলের একটি ঘটনা আমার কাছে আছে। সেই এলাকার চাষীরা আমার কাছে এবং ডি. এম. সাহেবের কাছে একটি লিখিত অভিযোগ করেছে যে সেখানকার ডি. সি. এম ঘুষ ছাড়া জল দেয় না। সেখানকার যে সমস্ত আই. আর. এইট বোরো ধান সমস্ত পুড়ে নষ্ট হয়ে যাচ্ছে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এই বিষয় তিনি যেন একটু সতর্ক দৃষ্টি দেন।

**শ্রীহবিবুর রহমানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে পশ্চিমবঙ্গ সরকার সবুজ বিপ্লবকে সাথক করে তোলার জন্য বিভিন্ন রকম পরিকল্পনা নিচ্ছেন, চাষীকে উৎসাহিত এবং ফসল বৃদ্ধি করার জন্য অর্থ, সার, সেচ, বীজ প্রভৃতি ঋণও অনুদান আকারে দিচ্ছেন কিন্তু চাষীরা অক্লান্ত পরিশ্রম করে যে ফসল উৎপাদন করছে তা সংরক্ষণের কোন ব্যবস্থা নেই। সারা পশ্চিমবাংলায় বিশেষ করে মুর্শিদাবাদ জেলাতে কতকগুলি গোয়ালা বা গো-পালন ব্যবসায়ীর অত্যাচারে চাষীরা তাদের ফসল ঘরে নিয়ে যেতে পারছেন না। এই সম্পর্কে আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করেও কোনরকম ফল পাইনি। আপনি জানেন এর পূর্বে জঙ্গীপুর এলাকায়, লালগোলাতে চাষীরা তাদের উৎপাদিত ফসলকে রক্ষা করার জন্য সেই দুষ্কৃতকারীদের সঙ্গে মোকাবিলা করতে গিয়ে কয়েকজন চাষী প্রাণ হারিয়েছে এবং জখমের ত হিসাব নেই। এই সম্পর্কে পুলিশের সাহায্য নিতে গিয়ে উল্টো ফল পাওয়া গিয়েছে। তারা কোন গোপন কারণে গোয়ালাদের প্রশ্রয় দিয়েছে। সেখানকার চাষীরা অত্যন্ত দুবল বোধ করছে। আজকের খবর জঙ্গীপুর এলাকায় হাজার হাজার বিঘা জমি অনাবাদী হতে চলেছে। ভারতীয় দণ্ডবিধির ক্যাটল ট্রেসপাস এ্যাক্ট অনুসারে—দুষ্কৃতকারীদের যে শাস্তিবিধান হয়, তাতে কিছুই হচ্ছে না। তাই আমি মন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন জানাচ্ছি যে এই ফসল সংরক্ষণের ব্যাপারে যেন তাঁরা একটা সুব্যবস্থা করেন।

**শ্রীমহাবুবুল হক** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এবং দুর্ভাগ্যজনক বিষয়ের প্রতি আপনার এবং তার সাথে সাথে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২৭শে মার্চ, ১৯৭২ তারিখে ভগবানপুর এবং মাকদনপুরে ঘুর্ণিঝড়ে প্রায় ২০০ বাড়ী ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু আজ পযন্ত সেই ক্ষতিগ্রস্তরা কোন সাহায্য পায় নি। তারপর আবার ১৮ই এপ্রিল, ১৯৭২ তারিখে জিলাধরপুর, উমরপুর, ডালচিনসহর, অনাতের ইত্যাদি গ্রামে প্রায় ১৫০টি বাড়ী ঘুর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হয় এবং তিনজন লোক আহত হয়। কিন্তু দুঃখের বিষয় আজ পযন্ত তাদের কোনরকম সাহায্য—জি. আর. বা অন্যান্যরকম সাহায্য কিছুই তাদের দেওয়া হয় নি।

সেজন্য আমি আপনার মাধ্যমে এটা জানাতে চাই যে এই সমস্ত লোকদের যেন সরকারের তরফ থেকে সাহায্য দেওয়া হয়। আমি তাই এই বিষয়টার প্রতি বিভাগীয় মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীকৃষ্ণ প্রসাদ দুবে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসকে জানাতে চাইছি। আপনি স্যার, জানেন যে ১৯৬৯ সালে সেপারেশন অব পাওয়ার—বিচারবিভাগ থেকে শাসন বিভাগ পৃথক করা হয়। আমি গড়বেতা থানা অঞ্চলের ব্যাপার নিয়ে একটা আবেদন আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাইছি। গড়বেতা থানা বিরাট থানা, এক দিকে মেদিনীপুরের সদর থানা, অন্য দিকে বাকুড়া এবং হুগলীর বর্ডার থেকে এই গড়বেতা যোগাযোগ বিচ্ছিন্ন। সেখানে মুন্সেফ আদালত আছে, দেওয়ানী আদালত আছে কিন্তু কোন ক্রিমিন্যাল কোর্ট নাই, কোন ফৌজদারী আদালত নাই। সেজন্য দূর দূর স্থান থেকে লোকদের জেলা সহরে আসতে হয় এবং খুব হয়রানি হতে হয় ফৌজদারী মামলার জন্য। আপনি জানেন গড়বেতা থানার লোকসংখ্যা প্রায় আড়াই থেকে তিন লক্ষ, প্রায় হাওড়া জেলার মত। আমি আপনার মাধ্যমে হাউসে এই আবেদনই রাখতে চাই যে গড়বেতা থানায় একটা ফৌজদারী মহকুমা আদালত খোলা হোক।

**শ্রীমতী ইলা মিত্র :** স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিন্তু বিষয়টা উত্থাপনের আগে আমি একটা বিষয়ে একটু বলতে চাই। সেটা হচ্ছে—মেম্বাররা মেনশন করার সময় অর্থাৎ বিভিন্ন মেম্বররা যখন বিভিন্ন বিষয়ের উপর বলেন তখন যদি মাননীয় মন্ত্রিমহাশয়রা অনুগ্রহ করে উপস্থিত থাকেন তাহলে তৎক্ষণাৎ যথাযোগ্য ব্যবস্থা নিতে পারেন। তা না হলে আমি আশঙ্কা করছি যে সত্যই কোন মূল্য থাকছে কি না। আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে—কাল এবং পরশু উল্টাডাঙ্গা, মানিকতলা, বাগমারী, বেলেঘাটার সমস্ত অঞ্চল ঘুরে ঘুরে দেখেছি যে সেখানে জল বলে কোন পদার্থ নাই, সমস্ত কলই শুকনো হয়ে গেছে। মেয়েরা এবং বাচ্চারা ঘ্যাঁচ ঘ্যাঁচ করে জল পাম্প করছে কিন্তু ফোঁটা জলও পড়ছে না। এই রকম একটা পরিস্থিতি, অন্যদিকে যে সমস্ত কলে কিছু কিছু জল পড়ছে গত তিন চার দিন ধরে তা থেকে অনবরত কেঁচো পড়ছে, কি করে সে জল ব্যবহার করবে? একদিকে জল নাই, যেটুকু বা পড়ছে তার সঙ্গে অনবরত পড়ছে কেঁচো। আজকে অনেকে আমার বাড়ীতে এসে কেঁচোসহ জল দিয়ে গেছে, সেই কেঁচোসহ জল আমি আপনার কাছে উপস্থিত করছি। এ সম্পর্কে সত্যই—ইমিডিয়েটলী ব্যবস্থা করা দরকার, সত্যই যদি এমার্জেন্সী স্টেপ না নেওয়া যায় তাহলে এই অঞ্চলের অধিবাসীদের ভয়ঙ্কর অবস্থায় কাটাতে হবে। আশা করি বুঝতে পারছেন তাদের অবস্থা।

[2-50—3-00 p.m.]

**ডাঃ এ. এম. ও গণি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেঁচো একটা মাইক্রোব জিনিষ। এতে যে কত মাইক্রোবস আছে তার কোন পাত্তা নেই। কাজেই এটা যে কতবড় ডিসক্রেডিট সেটা আপনি একবার বুঝুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেকানিজম ইজ নোন টু এভরিওয়ান। কাজেই বুঝতে হবে মেকানিক্যাল ডিফেক্ট কিছু একটা হয়েছে অর্থাৎ লিক বা ফুটো কিছু একটা হয়েছে।

**শ্রীমতী ইলা মিত্র :** এটা যদি এনকোয়ারী করতে পাঠান তাহলে বুঝতে পারবেন এর মধ্যে কি জিনিস রয়েছে।

( দি বটল ওয়াজ হ্যানডেড ওভার টু মিঃ স্পীকার বাই দি মেম্বার। )

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** স্যার, এটা এনকোয়ারীর ব্যাপার নয়, এই সম্বন্ধে ইমিডিয়েট এ্যাকসন নেওয়া দরকার। কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি ইমিডিয়েটলী আপনি একটা ব্যবস্থা করুন।

**Mr. Speaker :** Because of the anxiety of the honourable members in this matter I request the Minister-in-charge of this department to look into the matter immediately and take positive steps.

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং সরকারী টাকা কিভাবে তছরূপ হয় তার জ্বলন্ত উদাহরণ দিচ্ছি। মুর্শিদাবাদের জিয়াগঞ্জ ব্লকের প্রতিটি রাস্তা কাঁচা এবং বিগত বন্যায় সেই সমস্ত নষ্ট হয়ে গেছে। সেই সমস্ত রাস্তা টি. আর.-এর মাধ্যমে মেরামত করবার জন্য বহু আবেদন ব্লকে আছে। ওই ব্লকের একটা রাস্তা ক্রাস প্রোগ্রামে নেওয়া হয় এবং তার বরাদ্দ দেড় লক্ষ টাকার মত। ওই রাস্তা ক্রাস প্রোগ্রামে নেবার পর বি. ডি. ও অফিস এবং তার স্টাফরা সেকথা জেনে তার আর্থ ওয়ার্ক কমপ্লিট করে ফেলে। পরবর্তীকালে কু-মতলবে সেই রাস্তায় ক্রাস প্রোগ্রামের কাজ সুরু করে এবং ওই যে আগে মাটি কাটার খাদ ছিল সেগুলিকে ড্রেসিং করে দেখিয়ে দেওয়া হচ্ছে যে এটা ক্যাস ডোলে তৈরী হয়েছে এবং প্রয়োজনীয় যে লেবার নিযুক্ত করা দরকার তার কম নিযুক্ত করে বেশী টাকা আদায় করে নেওয়া হয়েছে এই রিপোর্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ষা এখনও নামেনি, কাজেই এখন যদি ওই খাদগুলি তদন্ত করা হয়, জরিপ করা হয় তাহলে দেখা যাবে আগে টি. আর. ওয়ার্কের পরিমাণ কাটা হয়েছিল এবং ক্রাস প্রোগ্রামে কত মাটি কাটা হয়েছে এবং কত টাকা আত্মসাৎ করা হয়েছে। বর্ষা নামলে ওই খাদগুলি নষ্ট হবে এবং তখন আর তদন্ত করবার কোন স্কোপ থাকবে না। কাজেই আমি অনুরোধ করছি ইমিডিয়েটলী এই বিষয়ে তদন্ত করুন এবং সংশ্লিষ্ট কর্মচারীদের শাস্তিবিধান করুন।

**শ্রীসরোজ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ এবং দুঃখজনক প্রশ্ন এখানে রাখছি। গত ২৮ তারিখে গড়বেতার এক নম্বর অঞ্চলে ১জন লোক অনাহারে মারা গেছে এবং ওই একই অঞ্চলে ৩০ তারিখে আর একজন মারা গেছে। একটি বিধবা মহিলার ৫টি বাচ্চা এবং ৭ বছরের একটি মেয়ে আছে। ৭ বছরের মেয়েটি মারা গেছে এবং ৩টির অবস্থা খারাপ। এছাড়া সর্ষা গ্রামের সৈফুদ্দিন নামে একজন লোক মারা গেছে। এটা একদিনের কথা নয়, দীর্ঘদিন ধরে এই অনাহার এবং অধাহার ১ নম্বর এবং ২ নম্বর অঞ্চলে চলছে। রিলিফ মিনিষ্টার যখন মেদিনীপুর জেলায় গিয়েছিলেন তখন তাঁকে খরার কথা বলা হয়েছিল এবং ও অঞ্চলে কোন রকম এম. আর. সপ নেই সেকথাও বলা হয়েছিল। এছাড়া আমি মিনিষ্টার ইনচার্জকে চিঠি লিখে জানিয়েছিলাম, কিন্তু কিছুই হয় নি। আজ পর্যন্ত সেখানে জি. আর., টি. আর. ষ্টার্টেড হয় নি। শুধু তাই নয়, যেখানে নয় হাজার লোকের বাস— কালকে খবর পেলাম মাত্র ১৫ টাকা জি. আর. দেওয়া হচ্ছে, তাও রেগুলার নয়। সেখানে ৩ বছর খরা চলছে, তার আগে অতিবৃষ্টিতে ফসল নষ্ট হয়ে গেছে, ডাঙ্গা ডহর জমি—অনেকদিন ধরে উপবাস এবং অর্ধাহার অবস্থায় থেকে থেকে আজকে যে অবস্থায় এসে পৌছেছে, এই বিষয়ে যদি সিরিয়াস

না হন তাহলে অতি শীঘ্র, এক মাসের মধ্যে কম করে ১০০।১৫০ জন লোক সেখানে মরবে। সেইজন্য এই সম্বন্ধে অবিলম্বে স্টেপ নেওয়া দরকার। শুধু খবর নেবো, খোঁজ খবর নেবো—এক মাস ধরে খোঁজ খবর নেওয়া হচ্ছে—সেখানে এম. আর. সপ নেই—খুব কম হলেও ১৭ দিন আগে জানানো হয়েছিল—ডিষ্ট্রিক্ট ম্যাজিসট্রেটকে ২৮ তারিখে ডেপুটেশন দেওয়া হয়েছিল, কিন্তু কিছু করা হয় নি। অথচ এখানে আমরা ঠাণ্ডা ঘরে বসে এনকোয়ারি করছি, জবাব দিচ্ছি - ডিষ্ট্রিক্ট লেভেলে যেসব খবর আসে -আমি ফুড মিনিষ্টারকে রেফার করেছিলাম যে আপনাদের কাছে মিথ্যা জবাব পাঠানো হয়, তখন তিনি বলেছিলেন যে আমরা কি করবো, ডিষ্ট্রিক্ট থেকে যেমন জবাব আসে তেমন উত্তর দিই। যেখানে মানুষ মরছে, একজন দু'জন এ্যাকসিডেণ্টে নয়, দিনের পর দিন অনাহারে এবং অর্ধাহারে একের পর এক মরছে—২৮ তারিখে মারা গেল, ৩০ তারিখে মারা গেল এবং কয়েকজন সেখানে ধুঁকছে এইরকম অবস্থা সেখানে দেখে এসেছি। ঐ অঞ্চল সম্পর্কে—এখানে কো-অপারেটিভ মিনিষ্টার রয়েছে, তাঁকে এই বিষয়ে আমি অনুরোধ করেছিলাম এই বছর বোধ হয় তারা টাকা দিতে পারবেন না, অথচ তারা রেগুলার পেড করে কোন বছর টাকা তাদের কো-অপারেটিভের কাছে বাকী নেই। যাই হোক স্পীকার মহাশয়, একটা গুরুতর জিনিস রাখছি, এখানে ক্যাবিনেট মিনিষ্টার এবং অন্যান্য ৩ জন মিনিষ্টারের কাছে ঐ অঞ্চলের অভাব অভিযোগ সম্পর্কে বলা হয়েছে, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে রাখা হয়েছে বারেবারে, যেখানে রেফারেন্স দেওয়া হয়েছে, সেটা সম্পূর্ণভাবে অবহেলা করা হচ্ছে। এখানকার মিনিষ্টারই ওখানকার এই মৃত্যুর জন্য দায়ী। মানুষের জীবন নিয়ে ছেলেখেলা হচ্ছে। আপনি হয়তো বলতে পারেন যে সরোজবাবু আপনি হঠাৎ এখানে এই জিনিসটা নিয়ে এসেছেন, হাওয়া গরম করবার জন্য, কিন্তু এটা তা নয়, এটাকে নিয়ে প্রারম্ভ করা হচ্ছে ২০।২২ দিন ধরে প্রত্যেকটি মিনিষ্টারকে জানানো হয়েছে কিন্তু কোনরকম স্টেপ নেওয়া হয় নি। সেইজন্য অত্যন্ত দুঃখের সঙ্গে, অত্যন্ত সিরিয়াসলি আপনার কাছে রাখছি ইমিডিয়েটলি গড়বেতা ১নং এবং ২নং অঞ্চলকে খরা এলাকা বলে ডিক্লেয়ার করা হোক। আপনার মাধ্যমে রিলিফমন্ত্রীকে এটা অনুরোধ জানাচ্ছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**: মিঃ স্পীকার, স্যার এই ব্যাপারটা শুধু গড়বেতা থানার ১নং, ২নং ব্লকের ব্যাপার নয়। এখানে বহু সদস্য উপস্থিত আছেন সকলে আমার সঙ্গে একমত হবেন যে পশ্চিমবাংলার বহু জায়গায়—আমি বলবো বেশীর ভাগ জায়গায় গ্রামাঞ্চলে একটা চরম দুর্দশা চলছে এবং টেষ্ট রিলিফ, এবং অন্যান্য রিলিফ এত কম যে বলবার কথা নয়। কালকে আমি আমার কনষ্টিটিউয়েন্সি গ্রামাঞ্চলে গিয়েছিলাম। সেখানে চারিপাশ থেকে আমাকে ছেঁকে ধরলো। যারা অন্ধ, খঞ্জ, অক্ষম লোক, তারা তো খেতে পাচ্ছেই না, যারা সক্ষম লোক তাদেরও কাজ নেই—বহু লোকের কাজ নেই—প্রচণ্ড খরা চলছে। একটা সাংঘাতিক দুর্দশার মধ্যে বহু লোক উপবাসে কাটাচ্ছে। সরোজবাবু বললেন যে তাঁর ওখানে না খেতে পেয়ে মারা গেছে যদি খোঁজ নিয়ে দেখা যায় তাহলে বহু জায়গায় এই অবস্থা দেখা যাবে। সেইজন্য আমি আপনার মারফৎ শুধু রিলিফ মন্ত্রী নয় মুখ্যমন্ত্রীকেও বলছি এবং সমগ্র গভর্ণমেণ্টকে বলছি এটা একটা সাংঘাতিক ব্যাপার ঘটছে। অন্ততঃ যদি আড়াই পার্সেণ্ট জি.আর না দেন এবং টেষ্টরিলিফের যে সামান্য টাকা দিচ্ছেন পাঁচ হাজার, সাত হাজার টাকা এক একটা ব্লকে, এটা যদি না বাড়ান তাহলে গ্রামে বহু গরীব লোক অক্ষম, বিধবা, তারা তো মারা যাবেই অনেকে এবং এখনও যাচ্ছে, এমনকি সক্ষম কর্মহীন লোক একেবারে সাংঘাতিক দুর্দশায় পড়েছে। এই বিষয়ে বারেবারে উল্লেখ করা হচ্ছে এবং আমি এটা বলবো যে মন্ত্রিমহাশয়, যিনি আমাদের রিলিফ মন্ত্রী, তিনি তো বটেই মুখ্যমন্ত্রী-মহাশয় তিনিও অবহিত হোন, সমগ্র কেবিনেট অবহিত হোন এবং যেভাবেই হোক আরও টাকা স্যাংশন করে যাতে জি. আর.-এর ব্যবস্থা হয় এবং টি. আর. আরও বাড়ানো যায়, অন্ততঃ সাড়ে

বাইশ পার্সেণ্ট জি.আর. যাতে গ্রামে দেওয়া যায় তার ব্যবস্থা করুন। তারপর জল পড়লে, চাষবাস করলে কি হবে সেটা পরের কথা পরে দেখা যাবে।

[ 3-00—3 10 p.m. ]

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় জবাব দিতে উঠেছেন দেখে তারজন্য আমরা খুশী। তবে তাঁকে আমার দু-চারটা কথা বলবার আছে এবং সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু কয়েকদিন ধরে গ্রামবাংলার একটা অস্বাভাবিক অবস্থা চলছে। অনেক জায়গায় যে টেষ্ট রিলিফ দেওয়া হচ্ছে তা অত্যন্ত insufficient হচ্ছে, জি. আর. একদম নাই বললেই হয়। অবশ্য খবরের কাগজে বেরিয়েছে দেখছি খয়রাতি সাহায্য নাকি কিছু কিছু প্রত্যেক জেলায় বরাদ্দ করা হয়েছে। এর সত্যি মিথ্যে আমি কিছুই এখনো জানি না। আপনি জানেন স্যার বাংলাদেশে আজ থেকে আরম্ভ করে আষাঢ়-শ্রাবণমাস পর্যন্ত গ্রামবাংলার মানুষের মুখে অন্ন জোগাবার ব্যবস্থা নাই। টেষ্টরিলিফের কাজ তো নাই, জি. আরের কোন ব্যবস্থা নাই। এই রকম একটা অস্বাভাবিক অবস্থা abnormal situation-এর প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের গ্রামবাংলার সমস্ত দিকে হাহাকার উঠেছে একটা হাহাকার অবস্থা বিদ্যমান। এই অবস্থা পর্যালোচনা করে যদি ক্ষীপ্রতার সঙ্গে মোকাবিলা করা নাহয়, তাহলে অবস্থা গুরুতর আকার ধারণ করবে ও সরকারের আয়ত্তের বাইরে চলে যাবে। আমি ত্রাণমন্ত্রীকে বলবো আপনি এই সম্পর্কে কেন্দ্রের উপর চাপ দিন এবং আমাদের রাজ্য সরকারকেও চান যাতে আরো বেশী টাকা তারা এজন্য বরাদ্দ করেন এবং আরো যাতে জি আর ও টি. আরের ব্যবস্থা করেন। তাহলে তাদের এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলা সরকার করতে পারেন।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপার সম্পর্কে আমি একটু দৃষ্টি আকর্ষণ করছি মন্ত্রিমহাশয়ের। এটা শুধু মেদিনীপুর জেলার ব্যাপার নয়, বা মুর্শিদাবাদ জেলার ব্যাপার নয়, এটা আজকে সমস্ত পশ্চিমবাংলার। কোন কোন জায়গায় সরকারী টাকা কিছু গিয়েছে। এটা ঠিকই। কিন্তু এমন অবস্থা যে শুধু টাকাই গিয়েছে, সেইসঙ্গে গম কিছুই যায় নাই, কেবল টাকা গেলে জি. আর বা টি. আরের কাজ হয় না। টাকার সাথে সাথে গমও পরিমাণ মত পাঠাতে হবে। এসম্বন্ধে ত্রানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুরের মাননীয় সদস্যগণ আমাদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করেছেন। একথা ঠিক আমাদের সীমিত বরাদ্দের মধ্যে কাজ করতে হয়। আমি মেদিনীপুরের মাননীয় সদস্যের কথা শোনবার পরে মেদিনীপুরে টি. আর বরাদ্দ যে বরাদ্দ ছিল, তা দ্বিগুণ করে দিয়েছি। পূর্বে ৩লক্ষ টাকাও তার সমপরিমাণ গম দেওয়া হচ্ছে। পরবর্তী কালে আরো অতিরিক্ত ৩লক্ষ টাকা, আরো খাদ্যশস্য ওখানে বরাদ্দ করা হয়েছে। কিন্তু যে জি আর দেওয়া হয়েছে তা হয়ত প্রয়োজনের তুলনায় কিছুই নয়, খুবই কম। কিন্তু আমরা যদি ঠিক ঠিকমত এই ব্যবস্থা কার্যকরী করতে পারতাম, তাহলে অনেক উপকার হতো। মাননীয় সদস্য যে কথা বলেছেন জানিনা তা সত্য কি না। তবে নিশ্চয়ই এসম্বন্ধে আমি অনুসন্ধান করবো। যদি সত্য হয়, তবে যাদের গাফিলতির জন্য এটা ঘটলো, তাদের সম্বন্ধে সরকার নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবেন। সেখানে অনাহারে মারা যাবার মত অবস্থা হতে পারেনা। মানুষ আধপেটা না খেয়ে অনাহারে দু-চার দিন থাকতে পারবে না, এটা সম্ভব নয়, দু-চার দিন না খেয়ে থাকলেও কেউ মারা যেতে পারে না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আপনি একটা অঞ্চলের কয়জনকে জি. আর দিচ্ছেন? নাম করে বলুন। যদি একশো, দু'শো, পাঁচশো লোক অনাহারে থাকেন, এর মধ্যে আপনি কয়জনকে জি. আর দেবেন? হাজারে ৫ জন হলে, শতকরা কত হয়?

**শ্রীসন্তোষ রায়:** শতকরা হিসাব করলে নিশ্চয়ই কম। আমি এই অবস্থার কথা বিভিন্ন সদস্যদের কাছ থেকে জানতে পারছি যে, গ্রামবাংলায় সত্যিই দুর্গতি অত্যন্ত চরমে উঠেছে। আমি এই নিয়ে নিশ্চয়ই উদ্‌বিগ্ন এবং এই বিষয়ে কতটা কি করতে পারি মন্ত্রিসভাকে জানিয়ে তা করবো। আমি আশা করি আপনাদের সন্তুষ্ট করতে পারব।

**শ্রীসচীনন্দন সাউ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে গত ২৭ তারিখে সাঁইথিয়া অভেদানন্দ কলেজের অধ্যক্ষ এবং ৫জন অধ্যাপক গ্রেপ্তার হয়েছিলেন এবং এই বিষয়ের ঘটনাটা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই খবরটা চারিদিক থেকে এসেছিল, এবং যে দিন খবর আসে সে দিন সেই মুহূর্তে সেখানে ছাত্ররা অধ্যাপকরা এবং সেই কনষ্টিটিউয়েনসির বিধান সভার যিনি সদস্য তিনিও সেদিন সেখানে ছুটে গিয়েছিলেন। ঘটনাটা হচ্ছে কিনা একটি ছেলে পড়াশুনা করতে চেয়েছিল আর পুলিশের তার বিরুদ্ধে অভিযোগ যে ছেলেটা নকশালপন্থী। সেই ছেলেটি অধ্যক্ষের কাছে গিয়েছিল এবং বলেছিল যে আমি আর এইসমস্ত ঘটনার সঙ্গে জড়িত থাকব না, আমাকে পরীক্ষায় বসতে দিন। অধ্যক্ষ থানায় গিয়েছিলেন এবং থানায় গিয়ে বলেছিলেন যে, ছেলেটি এই ভাবে পড়াশুনা করতে চাইছে, আপনারা যদি অনুমতি দেন তাহলে আমরা ছেলেটিকে আসতে বলতে পারি, এবং অধ্যক্ষ মহাশয় মৌখিক অনুমতি নিয়ে ছেলেটিকে আসতে বলেছিলেন। ছেলেটি যখন পরীক্ষার ফি দিয়ে যাচ্ছে তখন তাকে ধরে থানায় নিয়ে যাওয়া হয়। এই ঘটনা শুনে অধ্যক্ষ মহাশয় থানায় গিয়েছিলেন এবং বলেছিলেন যে আপনারা আমাকে কথা দিয়েছিলেন যে তার উপর কোন এ্যাকশন নেবেন না, অথচ এইভাবে আমাকে ফল্‌স পজিসনে ফেললেন কেন?' এইঅবস্থা শুনে বোলপুর থেকে এস ডি.পি.ও. ছুটে আসেন-শ্যামল দত্ত এস ডি.পি.ও, তিনি থানায় এসে বলেন '২মিনিটের মধ্যে থানা থেকে চলে যান'। তখন অধ্যক্ষ মহাশয় বলেন, 'আমরা যখন এসেছি তখন আমরা এ্যাডিশনাল এস. পিকে ফোন করেছি তিনি না আসা পর্যন্ত আমরা কোথাও যাচ্ছি না। এই প্রতিবাদের দরুন তাঁকে এবং ৫জন অধ্যাপককে সেই সাঁইথিয়া থানায় লক আপে ভরে দেওয়া হয়। রাত দেড়টার সময় এ্যাডিশনাল এস. পি আসেন এবং ব্যক্তিগত জামিনে তাঁরা ছাড়া পান। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এইভাবে আমাদের জনপ্রিয় সরকারকে এই সমস্ত ঘটনার মাধ্যমে বিপন্ন করা হচ্ছে। আমি ঐ অধ্যক্ষকে জানি, তাঁরা কোনরকম উৎশৃঙ্খল আচরণ করতে পারেন না এবং তাঁরা এমন কোন ঘটনা ঘটাতে পারেন না। ঘটনাটি, যে ঘটনার জন্য অধ্যক্ষ মহাশয়কে বা ৫জন অধ্যাপককে গ্রেপ্তার করা যায়। সেইজন্য ঐ কেন্দ্রের বিধানসভার সদস্য শ্রীনিতাইপদ ঘোষ, তিনি সেদিন ছুটে গিয়েছিলেন এবং আজকে ভোরে এসেছেন, তার কাছে শুনে আমি হতবাক, আমি স্তম্ভিত। আজকে এই যদি ঘটনা ঘটে থাকে, পুলিশ অফিসারের যদি এইরূপ আচরণ হয় একজন সম্মানিত অধ্যক্ষ মহাশয়ের প্রতি এবং তাঁকে যেভাবে লক-আপে দেওয়া হয়েছিল সেই ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনিতাইপদ ঘোষ:** এই পশ্চিমবঙ্গে একজন প্রিনসিপালকে একজন পুলিশ অফিসার একটি তুচ্ছ কারণে নোংরা জায়গায় যেখানে জঞ্জাল প্রস্রাবের গন্ধ সেই রকম জায়গায়—৫জন [অধ্যা]পককে এবং বাংলার বিখ্যাত প্রিনসিপাল কে, ডি, রায়—তাঁকে কেনা জানেন, তাঁকে একজন

এস, ডি, পি, ও, তার খেয়াল খুশি মত ধরে রাখতে পারে? তাহলে আমাকে, কালকে তারপরের দিন আর একজনকে ধরে রাখতে পারে এবং তাহলে সাধারণ মানুষের কি অবস্থা হবে। এইরকম পুলিশ অফিসারের বিরুদ্ধে আমি বলব একটা উপযুক্ত তদন্ত করা হোক এবং সেই পুলিশ অফিসারকে অবিলম্বে সেখান থেকে অপসারণ করা হোক। এই কথা আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

[3-10—3-20 p.m.]

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রীমণ্ডলী আত্মসন্তুষ্টিতে ভুগছেন। যার জন্য তাঁরা কোন খবর পাচ্ছেন না যে গ্রামাঞ্চলে বা মফঃস্বলে পুলিশ কিরকম অত্যাচার করছে। এইযে শ্যামল দত্ত, এস. ডি. পি. ও. তিনি ভাল ভাল কৃষকদের এবং কৃষক কর্মীদের জোর করে থানায় ভরছে। শুধু তাই নয়, প্রফেসার, অধ্যক্ষদের থানায় আটকে রেখেছেন। এখানে মন্ত্রিমহাশয়কে জানানো হয়েছে এবং জানানো সত্ত্বেও কিছু হয় নি। আজকে হোম মিনিষ্টার নেই—এখানে অন্যান্য যাঁরা উপস্থিত রয়েছেন তার উত্তর দিন এসম্বন্ধে কি হচ্ছে?

**Mr. Speaker:** You have ably drawn the attention of the Hon'ble Minister.

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** স্যার, বহু কিছু কমপ্লেন করা হয়েছে। কিছু ফল হচ্ছে না দিস এস. ডি. পি. ও. শ্যামল দত্তের ব্যাপারে।

**শ্রীশচীনন্দন সাউ:** স্যার, এখনও বিহিত ব্যবস্থা যদি না হয় তাহলে আমার জেলায় ছাত্র সমাজের মধ্যে ভীষণ বিক্ষোভ দেখা দিয়েছে এবং সেটা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। আমি দৃষ্টি আকর্ষণ করছি যে এই পুলিশ অফিসার সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক। আজকে বীরভূম জেলার সমস্ত এম. এল. এ. জানাচ্ছেন যে এই পুলিশ অফিসারের চরম শাস্তির প্রয়োজন।

**Mr. Speaker:** You have drawn the attention of the Hon'ble Ministers. I think you have ably put the grievances to the Hon'ble Member and to the members of Treasury Bench.

**শ্রীসরোজ রায়:** স্যার, এই জিনিসটা ঐ ফরম্যালিটিজ মত যেন না হয়। যেহেতু মেনসেন করলেন এম. এল. এ. অতএব হয়ে গেল হাউস চুপচাপ থাকবে এইরকম ফরম্যালিটিজ রাখবেন না।

**Mr. Speaker:** I have given you enough scope to draw the attention of the honourable Members and you have ably done so You cannot force a Ministe. to give a reply. I think the Hon'ble Minister will certainly look into the matterr

**শ্রীশচীনন্দন সাউ:** স্যার, বীরভূম জেলায় নকশাল মুভমেণ্ট হয়েছিল এটা আপনি জানেন তখন লক্ষ্য করেছিলাম যেসমস্ত পুলিশ ঐ দলের সঙ্গে যোগসাজস করেছে।

**Mr. Speaker:** I now repuest Hon'ble Minister, Dr. Zainal Abedin to say a few words because the Hon'ble Members are agisated

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** স্যার, আমি একটা প্রস্তাব দিচ্ছি যে ঐ এস. ডি পি. ও. সম্বন্ধে যখন এইরকম কথা চারিদিক থেকে আসছে যে সাংঘাতিক অত্যাচার হয়েছে তখন আগামীকালের অধিবেশনে আমাদের মুখ্যমন্ত্রী অথবা স্বরাষ্ট্র দপ্তরের কোন মন্ত্রী এই ব্যাপারে একটা ষ্টেটমেণ্ট দিন এসম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করবেন—তাকে সাসপেণ্ড করে তদন্ত করবেন—কি ইমিডিয়েটলি ট্রান্সফার করে তদন্ত করবেন এবং তদন্ত করে ইমিডিয়েট তার বিরুদ্ধে এ্যাকসন নিবেন কি না সেটা বলুন।

**শ্রীজয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্যরা এই হাউসে যে দৃষ্টি আকর্ষণ করেন ট্রেজারী বেঞ্চে, সেখানে ট্রেজারী বেঞ্চ সাধ্যমত চেষ্টা করে তার প্রতিকারের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, যে বিষয়ের প্রতি মেনসন করা হয় মন্ত্রীরা সে বিষয়ে প্রস্তুত না থাকলে বা সে সম্বন্ধে অবহিত না থাকলে সঙ্গে সঙ্গে তার উত্তর দেওয়া সম্ভব নয়। রুল ৩৫১এ যে ব্যবস্থা আছে তাতে মন্ত্রীদের রিপ্লাই দেওয়া বাধ্যতামূলক নয়। এই সেই ব্যবস্থা আপনিও করেছেন। কিন্তু তা সত্বেও মেম্বাররা যে বিষয়ে কলিং এ্যাটেনসন বা মেনসন করেন মন্ত্রীরা তার বিহিত করবার জন্য বিশেষ চেষ্টা করেন। আজকে বীরভূম জেলার সদস্যরা অত্যন্ত উৎবেগের সঙ্গে যে বিষয়ে আলোচনা করেন সে ব্যাপারে আমরা সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যাতে আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করেন। হাউসে যেভাবে এ্যাক্সেস সেকথাও আমি তাঁর কাছে রাখবো। এবং এর যে আইনানুগ অনুসারে যে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব সেই বক্তব্য হাউসে রাখা হবে। সব বিষয়ে আমরা সব সময় প্রস্তুত থাকি না। অনেক জিনিষ সম্পর্কে অবহিত হওয়া যায় না। এই জিনিষ হাউসে mention করা ছাড়াও হয়ে থাকে। শুধু হাউসে mention করতে হবে এমন কথা নেই। আপনারা সংশ্লিষ্ট দপ্তরকে জানিয়ে দিন—যেমন কালকে বর্ধমান কাটোয়ার ব্যাপার হাউসে mention-এর আগে ওখান থেকে মাননীয় সদস্য সুব্রত মুখার্জী জানিয়েছেন এবং তখনই তার প্রতিকার হয়েছে। আমরা সাধ্যমত চেষ্টা করেছি। মাননীয় হরশঙ্করবাবু যে বক্তব্য রেখেছেন যে, আত্মসন্তুষ্টিতে ভুগছে। এটা matter of opinion, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে এই বিষয়ে তার সঙ্গে একমত হতে পারছি না, আমি এই বক্তব্য রাখছি।

**শ্রীশচীনন্দন সাউ :** বীরভূম জেলার ছাত্র সমাজ আজকে অসন্তোষ। পুলিশ তাদের উপর গুলি চালাতে পারে। পুলিশ তাদের ছত্রভঙ্গ করার জন্য কোন কিছু করতে পারে সেজন্য এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এর একটা বিহিত ব্যবস্থা হয়।

**শ্রীসুশীল মোহন ঘোষ মৌলিক :** মাননীয় স্পীকার মহাশয়, আজ আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ Education Department-এর circular উল্লেখ করছি। From Shri S. M. Chowdhury, Deputy Secretary to the Government of West Bengal to the Director of Public Instruction, dated 7th March, 1972 আগে নিয়ম ছিল যে Class VIII পর্যন্ত মেয়েদের free পড়বার সুযোগ ছিল। এই circular দেবার পরে মেয়েরা সেখানে সেই পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে গ্রামবাংলায় সেখানে age বেঁধে দিয়েছেন যে ১৪ বছরের বেশী বয়স হলে তারা এই সুযোগ সুবিধা পাবেন না। সেখানে গ্রামবাংলার শিক্ষা বিস্তারের ব্যবস্থা হচ্ছে, persuade করা হচ্ছে, গ্রামবাংলার মেয়েদের শিক্ষা সম্প্রসারণের ব্যবস্থা হচ্ছে, সেখানে এই age বেঁধে দেবার মানে হচ্ছে যাতে শিক্ষা বিস্তারে আরো ব্যাহত হয়। সেজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে এই circular অবিলম্বে তুলে নিয়ে আমাদের পূর্বে যে সুযোগ-সুবিধা ছিল সেই সুযোগ-সুবিধা দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী—এই দু'জনেরই দৃষ্টি আকর্ষণ করছি। বর্দ্ধমানে মেডিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। কিন্তু যখন থেকে স্থাপিত হল তখন থেকে ছাত্ররা এসে কলকাতায় পড়তে লাগলো। ২১শে এপ্রিল, ১৯৭২ তারিখে ছাত্ররা একটা দাবীপত্র পেশ করে। এই দাবীপত্রে ছিল যে, Anatomy এবং Physiology শিক্ষক আজ পর্যন্ত appointed হ'ল না। ওখানে যে হাসপাতাল আছে, বিজয় চাঁদ হাসপাতাল সেখানে শিক্ষার উন্নতি করা দরকার কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। Biochemistry

এবং অন্যান্য বিষয় যে পরীক্ষামূলকভাবে পরীক্ষা করা দরকার সেটাও হয়নি। সেখানে library নেই এবং librarianও নেই। এখন এই বিষয়গুলি নিয়ে ছাত্ররা স্বাস্থ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের ২।৩ বার আবেদন পত্র পেশ করেছেন, একটি স্মারকলিপিও পেশ করেছেন। এমন কি ঐ কলেজের যিনি Principal তিনি শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেছেন, কিন্তু আজ পর্যন্ত তার কিছুই হয় নি এবং Medical Callege বন্ধ হয়ে আছে। এই অবস্থায় ছাত্ররা ঠিক করেছে যে, সরকার যদি ১০ই মে-র মধ্যে দাবীপত্র কোন মিমাংসা না হয় তাহলে সারা বাংলাদেশের ছাত্র সমাজ একটা আন্দোলন করবে। সেজন্য আমি আমাদের তরুন যিনি স্বাস্থ্যমন্ত্রী আছেন এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী আছেন, তাদের দৃষ্টি আকর্ষণ করছি যে ঐ ছাত্রদের আন্দোলনের পথে এগিয়ে না নিয়ে গিয়ে তাদের যে দাবী-দাওয়া রয়েছে তার একটা সুষ্ঠ মিমাংসা যাতে হয় তাবজন্য অনুরোধ করছি এবং ১০ তারিখের মধ্যেই যাতে হয় সেই ব্যবস্থা করুন।

[ 3-20—3-30 p.m. ]

**শ্রীঅজিতকুমার পাঁজা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে সম্বন্ধে বললেন সে সম্বন্ধে তিনি পরে যে ঘটনাগুলি ঘটেছে সেগুলি জানেন না বলে মনে হচ্ছে, তাই হাউসে সেগুলি জানানো উচিত বলে আমি মনে করি। বর্ধমানের যেসমস্ত মেডিকেল ছাত্র কলকাতায় লেখাপড়া করতেন তাঁরা আমার কাছে একটি রিপ্রেজেনটেসন দেন যে তাঁরা কলকাতায় থাকতে চাইছেন এবং এখানে থেকে লেখাপড়া করবেন। কিন্তু মেডিকেল কাউনসিল তাতে মত দেন নি এবং আমাদের অর্ডার অনুযায়ী যদি তাঁদের কলকাতায় লেখাপড়া করতে দেওয়া হত তাহলে পরে হয়ত মেডিকেল কাউনসিল-এর অনুমোদন তাঁরা পেতে নাও পারতেন। তাই আমি ছাত্রদের অনুরোধ করি যে তাঁরা যেন বর্ধমানে ফিরে যান এবং বর্ধমানে গিয়ে লেখাপড়া করুন। তাদের যে দাবী ছিল সেটা আমার মনে হয় ন্যায্য দাবী। তারা বর্ধমানে যাবে, কিন্তু সেখানে লেখাপড়ার যেন ব্যবস্থা হয় এবং শিক্ষক মহাশয় যাতে সেখানে যান সে সম্বন্ধে আমি যথোপযুক্ত ব্যবস্থা করার জন্য ডাইরেক্টর অব হেলথ সার্ভিসেসকে জানাই। ইতিমধ্যে ডাইরেক্টর অব হেলথ সার্ভিসেস যখন ব্যবস্থা করেছিলেন খুব দুঃখের বিষয় যে তাঁর বাবা মারা যান, তার ফলে ৪।৫ দিন কাজে আটকা পড়েন। কারণ তিনি একাই এটা দেখছিলেন। পরে ছেলেরা আজকে সকালে আমার কাছে এসেছিল এবং আমাদের ডাঃ হীরালাল সাহাও এসেছিলেন। আমি কাল সকাল ১১ টায় ডাঃ হীরালাল সাহা, ৩ জন ছাত্র প্রতিনিধি, আর ঐ ডাইরেক্টর অব হেলথ সার্ভিসেস, এদের নিয়ে আমার ঘরে একটা সভা ডেকেছি এবং আমি নিশ্চয়ই চেষ্টা করবো ছাত্রদের যাতে কোনরকম অসুবিধা না হয় তার ব্যবস্থা করার।

**শ্রীঅজিত কুমার বন্দ্যোপাধ্যায়**ঃ মাননীয় স্পীকার মহাশয়, গতকাল এবং আজকের দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটির একটি সংবাদের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটি নামে একটি সংস্থা ১৯৫৮ সাল থেকে তৈরী হয়েছে। সেই সংস্থা কিভাবে দুর্নীতি চালিয়েছে তার একটি চিত্র আমি আপনার সামনে তুলে ধরছি। কারণ, জনসাধারণের সামনে আমরা দুর্নীতি দূর করার কথা বলছি, অথচ উল্টো দিকে গভর্ণমেণ্ট কনসার্নে কি ধরনের দুর্নীতি চলছে তারই একটা চিত্র আপনার সামনে দিচ্ছি। এই দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটি ১৯৫৮ সালে তৈরী হবার পর থেকে এর প্রধান কাজ ছিল জমি বিক্রী এবং জমির লেন-দেন করা। এর বার্ষিক আয় ৩ থেকে ৪ লক্ষ টাকা। কিন্তু সবচেয়ে আশ্চর্যজনক ব্যাপার হচ্ছে এই, ১৯৬১ সাল থেকে আজ পর্যন্ত এই সংস্থায় গভর্ণমেণ্টের কোন অডিটের ব্যবস্থা হয়নি। যার ফলে সেখানকার এক্জিকিউটিভ অফিসার এবং চেয়ারম্যান জনসাধারণের টাকা তাদের প্রাইভে

এ্যাকাউণ্টে রেখে ইচ্ছামত খরচ করছে। মাস কয়েক আগে সেই সংস্থাকে দুর্গাপুর সিটি সেণ্টারে নিয়ে আসা হয়েছে চারখানি ঘর নিয়ে এবং সেই চারখানি ঘরের ডেকরেটিং-এ খরচ পড়েছে প্রায় ১॥ লক্ষ টাকা। দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটির যিনি এক্জিকিউটিভ অফিসার তিনি সেখানে আজকে নবাবী করছেন এবং সেখানে লোকেরা আজকে বিদ্রুপ করে বলছেন যে দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটিতে যাঁরা আছেন তাঁরা নাকি নবাব পুত্র। সেখানকার চীফ এক্জিকিউটিভ অফিসার যিনি আছেন তিনি একজন আই. এ. এস অফিসার এবং তার বাৎসরিক ট্রান্সপোর্ট কষ্ট হচ্ছে ৭২ হাজার টাকা এবং ২॥ হাজার টাকা খরচ করে অন্যান্য জিনিষ কিনেছেন। সেখানকার টোটাল ষ্টাফ হচ্ছে ১৩০ জন। কিন্তু মাত্র ৩০ জন ষ্টাফকে ফিনান্স ডিপার্টমেণ্টের পারমিসন নিয়ে এ্যাবজর্ভ করা হয়েছিল এবং বাকি যে ১০০ জন ষ্টাফ এখন সেখানে আছেন ফিনান্স ডিপার্টমেণ্টের কাছ থেকে তাদের জন্য এখন কোন পারমিসন নেওয়া হয় নি, নেবার প্রয়োজনও তারা মনে করেন না। তার ফলে দেখা যাচ্ছে সেই অফিসারদের একদিকে নেপটিজম চলছে ইচ্ছামত এবং টেকনিক্যাল ব্যাপারে পড়াশুনা করার জন্য সরকার থেকে টাকা খরচ করে লোকে ৩ মাসের জন্য ইংলণ্ড পাঠানো হচ্ছে। দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটি একটি সরকারী সংস্থা এবং সেই সংস্থায় যদি এইরকম ধরনের নেপটিজম চলে, অনাচার চলে তাহলে আমরা যে নতুন নতুন সরকারী সংস্থা তৈরী করার চেষ্টা করছি তার উপর জনসাধারণের আস্থা নষ্ট হয়ে যাবে। আপনার কাছে এবং সদস্য বন্ধুদের কাছে বলতে চাই ঐ এক্জিকিউটিভ অফিসার তার যে টেবিল আগে ছিল সেই টেবিলটা—জনসাধারণের লক্ষ লক্ষ টাকা নিয়ে সেই সরকারী সংস্থায় তছনছের চেষ্টা চলেছে এর প্রতিবাদ আমরা করতে চাই, সঙ্গে সঙ্গে মন্ত্রিসভার কাছে দাবী জানাতে চাই যে কেন আজ পর্যান্ত একটা সরকারী সংস্থা যেখানে লক্ষ লক্ষ টাকা নিয়ে তছনছ হচ্ছে সেখানে কোন ব্যবস্থা হয় নি। আমি আপনার কাছে ঐ এক্জিকিউটিভ অফিসার কিভাবে টাকা নিয়ে তছনছ করছেন তার প্রমাণ হিসাবে একটা ফটো দিচ্ছি এবং মন্ত্রিসভার কাছে আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি যে এই মুহূর্তে ঐ সংস্থায় ভিজিলেন্স কমিশন বসান। আর সেটা বসিয়ে আজ পর্যন্ত যে অনাচার চলেছে সেটা খুঁজে বার করুন। সঙ্গে সঙ্গে যে অফিসার এই অনাচারের মধ্যে থেকে লক্ষ লক্ষ টাকা সরকারের তছনছ করেছেন তার শাস্তিবিধানের ব্যবস্থা করুন। স্যার, এই বলে আমি আপনার কাছে একটা ছবি দিচ্ছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্যার, এটা একটা অত্যন্ত গুরুতর ব্যাপার -

**Mr. Speaker:** Please take your seat, Mr. Biswas, there is no scope of any debate.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকের নির্ধারিত কর্মসূচীতে যাবার আগে আমি আমাদের আইনসভার রুলস অব প্রসিডিওরের ২২৮ ধারা অনুসারে সদস্যদের অধিকারের প্রশ্ন তুলছি। গত ২৯ তারিখে ভূমিসংস্কারের উপর আলোচনায় অংশ গ্রহণ করে আমি যে বক্তৃতা করেছিলাম সেই বক্তৃতার বিকৃত অথবা মিথ্যা সংবাদ কলকাতার কয়েকটি বড় বড় কাগজে বেরিয়েছে।

ষ্টেটস্‌ম্যান পত্রিকা লিখেছেন: Mr. Mukherjee had said that peasants led by C.P.M. had succeeded in discovering Benami land something that could not be done through legislation.

আনন্দবাজার লিখেছেন: সি. পি. আই. দলের নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী বিলের প্রতি পূর্ণ

সমর্থন জানাতে গিয়ে এক সময় সি. পি. এম. প্রসঙ্গে বলেন যে সি. পি. এম. আর যাই করুক এটা কিন্তু মানতেই হবে যে জমির আন্দোলন করেছিল বলেই কিছু জমি বেরিয়েছিল।

বসুমতি লিখেছেন : শ্রীমুখার্জী বলেন, সি পি. এম. অন্যায় করুক আর যাই করুক একথা মানতে হবে তাদের আন্দোলনের জন্য বহু জমি বেরিয়েছে, না হলে বেরুতো না।

আমি বলছি এই তিনটি খবরের কাগজে আমার বক্তৃতাকে বিকৃত করা হয়েছে। শুধু বিকৃত নয় মিথ্যা কথা লেখা হয়েছে। যা আমি বলিনি তা আমার মুখ দিয়ে বলানো হয়েছে। আমি অনেক কিছু যা বলেছি তার কিছু না দিয়ে এটা লিখেছেন তাঁরা। এটা বোঝা যায় তাঁরা রাজনৈতিক দিক দিয়ে এটাকে গুরুত্বপূর্ণ মনে করেছেন। সুতরাং আমিও রাজনৈতিক দিক দিয়ে এটাকে গুরুত্বপুর্ণ মনে করছি। আমি আমার সদস্যদের অধিকারের প্রশ্ন তুলছি। আপনি টেপ রেকর্ডার বাজিয়ে নিজে শুনুন যে একথা আমি বলেছি কি না। আমার যতদূর মনে আছে আমার বক্তৃতার মধ্যে তিন জায়গায় আমি এ বিষয়ের উল্লেখ করেছিলাম। সেই তিন জায়গাতে আমি বলেছিলাম সি. পি. এম. সুবিধাবাদ করতে পারে, সি. পি. এম. অন্যায় করে থাকতে পারে, সি. পি. এম. সন্ত্রাস করে থাকতে পারে, সি. পি. এম. ছোট মালিকদের জমি দখল করে থাকতে পারে কিন্তু—এক জায়গায় বলেছিলাম গরীব মানুষের যে আন্দোলন, এক জায়গায় বলেছিলাম চাষীদের যে আন্দোলন হয়েছে এই জমি উদ্ধার করবার জন্য সেই আন্দোলন যদি না হত তাহলে অনেক জমি ধরা পড়তো না। এখন খবরের কাগজ এটাকে সামান্য একটু বদলে দিয়ে আমার সমগ্র বক্তৃতাটা বিকৃত করেছেন সেটা আমার পক্ষে এবং আমার দলের পক্ষে অত্যন্ত গুরুতর বলেই আমি মনে করি।

[ 3-30—4-10 p.m. ]

কারণ, আমি কখনও বলতে পারি না যে সি. পি. এম-এর নেতৃত্বে ঐ আন্দোলন হয়েছিল। আমি সেই আন্দোলনের মধ্যে ছিলাম, আমি জানি সি. পি. এম. সেই আন্দোলনে নানা বিভেদ সৃষ্টি করেছে, সেই আন্দোলন সি. পি এম.-এর নেতৃত্বে হয় নি এবং স্বতঃস্ফূর্ত হয়েছিল। যুক্ত-ফ্রন্টের ১৪টি পার্টির মধ্যে সকলেই অংশ গ্রহণ করেছিল, এমন কি বাংলা কংগ্রেস, পি. এস. পি., আর. এস. পি. তারাও অংশ গ্রহণ করেছিল এবং আমার পার্টি গুরুতরভাবে অংশ গ্রহণ করেছিল। আমাদের অভিযোগ ছিল সি. পি. এম -এর বিরুদ্ধে যে তোমরা এই আন্দোলনকে বিপথে চালিত করছ, তোমরা বড়র বিরুদ্ধে না করে ছোটর বিরুদ্ধে আন্দোলন করছ, হিংসা নিয়ে আসছ, পরস্পরের মধ্যে মারামারি কাটাকাটি নিয়ে আসছ। এই কথা আমি গত ৩ বছর ধরে বলে আসছি, হঠাৎ আইন সভায় অন্য কথা বললাম আর ষ্টেটসম্যান, আনন্দবাজার পত্রিকার মত বহুল প্রচারিত পত্রিকা আমার আধ ঘণ্টা স্পীচের কিছু লিখলেন না, শুধু ঐটুকু লিখলেন, আমার বক্তব্যের মধ্যে কি আর কিছু ছিল না, বসুমতী আর একটু বেশী দিয়েছে, এটা আমি গুরুতর মনে করছি। আমি এর প্রতিবাদ করছি, কালান্তর ছাড়া আর কেউ ছাপেনি। মিঃ স্পীকার, স্যার আমি আপনাকে অনুরোধ করব আপনি টেপ রেকর্ড বাজিয়ে শুনুন, যে কথা লেখা হয়েছে যদি না থাকে তাহলে এই পত্রিকাগুলি যদি তাঁদের বক্তব্য ৪ঠা মে'র মধ্যে সংশোধন করেন, তাহ আমি এই অধিকারের প্রশ্নটি অধিকার কমিটিতে দেওয়ার জন্য বলব না, কিন্তু ৪ঠা মে'র মধ্যে যদি সংশোধন না করেন তাহলে আমি অনুরোধ করব যে প্রিভিলেজের কোশ্চেন আমি তুলেছি সেটা অধিকার রক্ষা কমিটির কাছে যেন দেওয়া হয় ৫ তারিখে।

**Mr. Speaker :** Honourable members, a point of privilege has been raised by the honourable member, Shri Biswanath Mukherjee. I will certainly look into tape-recordings and the Newspaper cuttings.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আমি আপনাকে দিয়ে দিচ্ছি।

**Mr. Speaker :** That may be handed over to my secretary. After going through the relevant portion of the Neswpapers and also the tape-recordings I will give my decision later on.

( At this stage the house was adjourned for half an hour )

The West Bengal Public Demands Recovery ( Amendment ) Bill, 1272

**Shri Gurupada Khan :** Sir, I beg to introduce the West Bengal Public Demands Recovery (Amendment ) Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Pnblic Demands Recovery ( Amendment ) Bill, 1972, be taken into consideration

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯১৩ সালের বেঙ্গল পাবলিক ডিম্যাণ্ডস রিকভারি এ্যাক্ট-এর বিধান অনুসারে বর্তমানে সার্টিফিকেট সংশোধন করতে পারেন না। নানান সরকারী প্রয়োজনে সার্টিফিকেট সংশোধন অত্যাবশ্যক হয়। বর্তমানে এরূপ প্রয়োজন দেখা দিলে সমস্ত সার্টিফিকেট প্রসিডিংস বাতিল করে নূতন করে সার্টিফিকেট করতে হয়। এতে অসুবিধা অনেক। পুরাতন সার্টিফিকেট করা এবং নূতন সার্টিফিকেট কেস রুজু করার মধ্যে যে সময় চলে যায় তার মধ্যে সার্টিফিকেট খাতক তাঁর সম্পত্তি হস্তান্তর বা দায়বদ্ধ করতে পারেন। সুতরাং বর্তমান আইনের ১০ নং ধারার পর একটি নূতন ধারার সংযোজন করে সার্টিফিকেট অফিসারকে সার্টিফিকেট হোল্ডারের আবেদন অনুযায়ী সার্টিফিকেট সংশোধন করার ক্ষমতা দিতে চাওয়া হয়েছে। গৃহনির্মান দপ্তর তাঁদের বিভিন্ন গৃহনির্মান পরিকল্পনা অনুযায়ী এ রাজ্যের বিভিন্ন জায়গায় ৩৫০০০ হাজারের বেশী ফ্ল্যাট নির্মান করেছেন। এইসব ফ্ল্যাটে যাঁদের থাকতে দেওয়া হয়েছে তাঁদের অনেকে ভাড়া আদায় দেন না। ভাড়া না দেওয়ার কারণ অধিকাংশ ক্ষেত্রে আর্থিক অস্বচ্ছলতা নয়, সরকারী পাওনা ফাঁকি দেওয়ার ইচ্ছা। বর্তমানে বিভিন্ন জাযগার গৃহনির্মান দপ্তরের অধীন ফ্ল্যাটগুলির ভাড়া বাবদ প্রায় ৭০ লক্ষ টাকা অনাদায়ী আছে। অবস্থা এভাবে চললে অদূর ভবিষ্যতে শুধু যে বকেয়া টাকার পরিমাণ আরো বাড়বে তা নয়, এ টাকার অনেকটাই আদায় করা সম্ভব হবে না। কারণ যাঁরা ভাড়া বাকী ফেলে যাচ্ছেন তাঁদের ঋণের বোঝা উত্তরোত্তর বেড়েই চলবে এবং সে টাকার পরিমাণ এমন হবে যে তাঁদেব যা সম্পত্তি বা আয় তার থেকে তা আদায় করা সম্ভব হবে না। গৃহনির্মাণ দপ্তরেব বাড়ী ছাড়াও অন্যান্য দপ্তরেব অধীনেও অনেক সরকারী বাড়ী বা ফ্ল্যাট আছে যা সরকারী কর্মচারী ও বেসরকারী ব্যক্তিদের বসবাসের জন্য ভাড়া দেওয়া . এসব ফ্ল্যাট ও বাড়ীতে যাঁরা আছেন তাঁদের অনেকেও ভাড়া বাকী ফেলে রাখেন। অ' কাছ হতেও বকেয়া ভাড়া দ্রুত আদায় করার ব্যবস্থা করা প্রয়োজন। বর্তমানে বকেয়া ভাড়া আদায় করার একমাত্র আইন সম্মত পন্থা হল দেওয়ানী আদালতে মামলা রুজু করা। এটা সময় ব্যয়সাপেক্ষ যে তার দ্বারা সমস্যার প্রকৃত সমাধান করা সম্ভব নয়। তাছাড়া একটা মামলার র ডিক্রির টাকা আদায় হতে না হতে একই ব্যক্তির নিকট আরো অনেক টাকা পাওনা হয়ে এবং তা আদায় করার জন্য একাধিক মামলা রুজু করতে হবে। অবস্থা এভাবে চললে রের ফ্ল্যাটগুলি হতে আয়ের চেয়ে ব্যয় বেশী হয়ে দাঁড়াবে এবং গৃহনির্মাণ প্রকল্প ব্যাহত হবে। আইনের ১নং শিডিউলে আরো একটি আর্টিকেল সংযোজন করে সরকারী ফ্ল্যাট বা

বাড়ী বাবদ পাওনা ভাড়া যাতে বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্ট অনুযায়ী আদায় করা সম্ভব হয় তার ব্যবস্থা করা প্রয়োজন।

আশাকরি মাননীয় সদস্যগণ আলোচ্য সংশোধনী বিধেয়কটি অনুমোদন করবেন।

**Mr. Speaker:** There is one motion for circulation from Shri Puranjoy Pramanik. I call upon him to speak.

[ 4-10—4-20 p.m. ]

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** স্যার, আমি আমার amendment move করছি না, তবে এই বিল সম্বন্ধে কিছু বক্তব্য রাখছি। Public Demands Recovery Act. ১৯১৩ সালে যা গঠন করা হয়েছিল আমরা সাধারণ আইনজীবিরা এটাকে Lord Clive-এর আমলের আইন বলে বর্ণনা করে থাকি। কেননা এই আইনে যে ২৫০ মডন ধারা আছে সেই ধারা দিয়ে আজকে চলার মত কোন ধারা দেখতে পাই না। এই Public Demands Recovery Act-কে আমরা সাধারণতঃ বলে থাকি Certificate মামলা। এই Certificate মামলা সম্বন্ধে আমি আপনার কাছে কয়েকটা কথা নিবেদন করব। এই certificate মামলায় আমরা সাধারণভাবে দেখি গরীবদের উপর যেভাবে নির্যাতন চলে,বড় লোকের উপর সেভাবে চলে না। প্রকৃতপক্ষে এটাকে গরীব নিধন আইন বললেই চলে। আমরা সাধারণভাবে দেখি যে সমস্ত গরীব চাষী কৃষি ঋণ, বলদ ক্রয় ঋণ, গৃহনির্মাণ ঋণ বাবদ সামান্য টাকা নিয়ে তারা সেই টাকা দেবার সময় দেখে যে তাদের উপর certificate হয় এবং টাকা না দেবার জন্য ঘটি-বাটী ইত্যাদি নীলাম হয়। কিন্তু বড় বড় লোক যারা Income Tax,Sales Tax, Agricultural Income Tax বাবদ কোটি কোটি টাকা বাকী রাখে তা কেবল বছরের পর বছর certificate মামলা চালিয়ে যাচ্ছে। আমরা certificate Court-এ দেখেছি ২১৩ বছর time নিয়ে তারা নানা রকম কারচুপি করে যার দ্বারা তারা ১০।১২ বছর পযন্ত চালিয়ে যায় এবং তারপরেই দেখালেন যে certificate Debtor তিনি তাঁর সমস্ত সম্পত্তি অন্য লোকের নামে transfer করে দিলেন। বর্দ্ধমানের চালকল, তেলকলের মালিক যার ২ লক্ষ টাকা Income Tax বাকী আছে, অথচ certificate Officer এই টাকা তার কাছ থেকে আদায় করতে পারলে না। অথচ গরীব লোক যারা কৃষিঋণ, বলদ ক্রয় ঋণ ইত্যাদি পেয়ে থাকে তাদের গরু, লাঙ্গল ইত্যাদি ক্রোক করে নিয়েআনা হয়। সেজন্য নিবেদন করছি যে এইআইনটা পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করেনূতন একটা comprehensive আইন আনা প্রয়োজন এবং যাতে Public Demands Recovery Act দ্বারা সরকার টাকা আদায় করতে পারে তার ব্যবস্থা করা দরকার। আমরা দেখেছি এই বিলের মধ্যে মাত্র ২টা ধারা সংযোজন করা হয়েছে। একটা ধারায় বলা হয়েছে certificate officer তিনি যিনি certificate debtor এবং holder-এর amount-এর পরিবর্ত্তন করতে পারেন। এটা খুব দরকার। আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় দেখছি আবার পুনরায় নূতনভাবে Certificate করাতে হয়, তায় ৭ ধারার নোটিশ জারী করতে হয়। ৯ ধারায় objection হয়, Certificate Officer-এর ক থেকে reporting এবং hearing ইত্যাদি হয়।

একটা কথা, উনি বলেছেন একটা ধারার কথা যে বাড়ী ভাড়া ইত্যাদি সম্পর্কে সারটিফি মামলা আনা উচিত। নিশ্চয় সরকারের যে সমস্ত অর্থ আছে সেটা আদায়ের জন্য সার ফি মামলা আনা উচিত। কিন্তু উনি ষ্টেটমেণ্ট অফ রিজিন্স এ্যাণ্ড অবজেক্টসে যে কথা বলেছেন ত সঙ্গে একটা কথায় একমত হতে পারলাম না। তিনি বলেছেন যে সারটিফিকেট মামলা তাড়াতাড়ি আদায় হবে এবং খরচ কম হবে। খরচ কম হতে পারে, কিন্তু তাড়াতাড়ি হবে না আমি বলবো। আমাদের বর্ধমান জেলায় ৮৭ হাজার মামলা পড়ে আছে। এক একটা

১০।১৫ বছর ধরে পড়ে আছে। হাইকোর্টের চেয়ে বেশী দিন পড়ে আছে। সরকারের যে বিভিন্ন জায়গায় কোটি কোটি টাকা পড়ে আছে সেটা আদায় করলে সরকারের সাশ্রয় হবে। কিন্তু যে আমলা এবং সারটিফিকেট অফিসাররা আছেন তাদের সরকারের অর্থ আদায়ের কোন চেষ্টা নেই। কেবল যারা গরীব এবং ঘটি-বাটী আছে তাদের সেটা ক্রোক করার ব্যবস্থা হয়। সেইজন্য পরবর্তীকালে এই বিল যাতে সম্পূর্ণভাবে আনা হয় তারজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। সারটিফিকেট অফিসারদের খোঁজ নেই। যে সমস্ত সাব-ডেপুটি ম্যাজিসট্রেট, বা ডেপুটি ম্যাজিষ্ট্রেট আছেন তাঁদের কাছে সারটিফিকেট অফিসারের পাওয়ার আছে। বর্তমানে কিন্তু দেখা যায় তিন চার বছর ধরে সারটিফিকেট অফিসারের পাওয়ার নেই। সেইজন্য এই আইন নূতনভাবে করা দরকার এই কথা বলে মাননীয় স্পীকার মহাশয় আপনি যে বলবার সুযোগ দিয়েছেন তারজন্য ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশক্তি কুমার ভট্টাচার্য্য:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে পাবলিক ডিমাণ্ডস রিকভারী এ্যামেণ্ডমেণ্ট) বিল নিয়ে এসেছেন সেটাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করেও কয়েকটি বিষয়ে তাঁকে অবহিত করছি। যিনি সারটিফিকেট হোল্ডার তাঁকে যেন হয়রানি না করা হয় সেদিকে যেন দৃষ্টি রাখেন। অনেক সময় দেখা যায় সারটিফিকেট অফিসার সারটিফিকেট হোল্ডারকে অযথা হয়রানি করেন এবং এরজন্য অনেকে বিপদগ্রস্ত হন। সেইজন্য সারটিফিকেট হোল্ডার যাতে সরাসরি ম্যানি অর্ডার করে দিয়ে দায় উদ্ধার হতে পারেন তার ব্যবস্থা করা দরকার। আর একটা কথা হচ্ছে যে এই যে সারটিফিকেটের সাথে ডিসট্রেস ওয়ারেন্ট সংযুক্ত করা উচিৎ যে ডিসট্রেস ওয়ারেন্ট দ্বারা এই টাকা আদায় করা সম্ভব হবে। একথা ঠিক যে বাড়ীটা বছরের পর বছর পড়ে থাকবে এবং সরকার ক্ষতিগ্রস্ত হবেন এটা ঠিক নয়। সেইজন্য এই আইনকে আমি পুনরায় সমর্থন জানাচ্ছি। আর একটা কথা প্রথমে যে বাড়ীভাড়া নিয়েছিল সে যদি পলাতক হয় এবং সে যদি অন্য লোককে অবৈধ উপায়ে বাড়ী দিয়ে থাকলে তাহলে পলাতক আসামীর কি ব্যবস্থা হবে সেটা আইনে উল্লেখ নেই। সেকথা মন্ত্রিমহাশয়কে ভেবে দেখবার জন্য অনুরোধ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20 – 4-30 p.m.]

**শ্রীগুরুপদ খান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামাণিক মহাশয় যা বললেন তা শুনলাম। তিনি বলেছেন সারটিফিকেট ডেট-এ অনেক সময় হয়তো সম্পত্তিও হস্তান্তরিত করে দেন। তার ফলে হচ্ছে যখন সারটিফিকেট পরিবর্তন করা হয় বর্তমানে যে নিয়ম রয়েছে তার ফলে ঐ সময়টার মধ্যে হয়তো অনেকে হস্তান্তর করতে পারেন। কিন্তু যদি সারটি-ফিকেট অফিসার নিজেই সংশোধন করেন তাহলে একটা কন্টিনিউয়াস প্রসেস হয়ে গেল সেই সময় তার যে প্রভাব তা রয়ে গেল। কাজেই সেখানে তার কোন সম্পত্তি যেটাকে এ্যাটাচ করা হবে সেটাকে হস্তান্তর করতে পারবে না। আর যাঁরা সরকারী টেনামেন্টে রয়েছেন তাঁদের সবারকার ... দিয়ে যে সারটিফিকেট প্রদান করা হবে তা নয় যাঁরা দেবেন না তাদের ক্ষেত্রেই সার্টিফিকেট ... করা হবে। আর শক্তিপদ ভট্টাচার্য্য মহাশয় যা বললেন তাঁর কথা আমি নিশ্চয়ই ... দেখবো।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Public Demands [Re]covery ( Amendment ) Bill, 1972, be taken into consideration, was then put [and] agreed to.

**Clauses 1, 2, 3 and Preamble**

The question that clauses 1, 2, 3 and Premable do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Gurupada Khan** : Sir, I beg to move that the West Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Statement under Rule 346**

**Mr. Speaker :** I now call upon Shri Siddhartha Shankar Ray to make a statement.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে উপস্থিত ছিলাম না, আমি শুনলাম যে অনেক মাননীয় সদস্য বোলপুরের এস.ডি. পি. ও. সম্বন্ধে কিছু কিছু বক্তব্য রেখেছেন। কিছু অভিযোগ আমার কাছে এর আগেও এসেছে। আজ সকালে এই বিষয়ে হোম সেক্রেটারী এবং ইন্সপেক্টর অব পুলিশের সঙ্গে আমার আলোচনা হয়েছে। আমি মাননীয় সদস্যদের এ আশ্বাস দিতে চাই যেখানে এইরকম ঘটনার কথা শুনব সেখানে নিশ্চয়ই আমি ব্যবস্থা গ্রহণ করব। বোলপুরের ঘটনা সম্বন্ধে আমি রিপোর্ট চেয়েছি। আমি এটুকু হাউসে প্রতিশ্রুতি দিতে পারি যে যা করা উচিত আমি নিশ্চয়ই তা করব সেই বিষয়ে কোন মাননীয় সদস্যের যেন কোন সন্দেহ না থাকে।

**Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property.**

**শ্রীগুরুপদ খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সেদিন এই বিধানসভার মাননীয় সদস্যগণ ওয়েষ্টবেঙ্গল ল্যাণ্ড রিফরর্ম এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৭২ এটাকে সর্বসম্মতভাবে সমর্থনের দ্বারা এটাকে আইনে পরিণত করে গ্রামাঞ্চলে কৃষি জমির সিলিং নির্দিষ্ট করে দিয়েছেন। আইন সম্মত উপায়ে গণতান্ত্রিক সমাজবাদের দিকে দৃঢ় পদক্ষেপের জন্য আপনার মাধ্যমে আমি এই মহান বিধান সভার সমস্ত সদস্যগণকে অভিনন্দন জানাচ্ছি। তাঁর সঙ্গে সঙ্গে তাঁদের নিকট উপস্থাপিত করতে যাচ্ছি।

**Mr Speaker** . Mr. Khan, please move the resolution first and then you may speak in support of the Resolution.

**Shri Gurupada Khan** : Sir, I beg to move that where as this Assembly considers that there should be a ceiling on urban immovable property ,

And whereas the imposition of such a ceiling and acquisition or holding of urban immovable property in excess of that ceiling are matters with respect to which Parliament has no power to make laws for the State except as provid[illegible] in articles 249 and 250 thereof ,

And whereas it appears to this Assembly to be desirable that [illegible] aforesaid matters should be regulated in the State of West Bengal by Parlia[illegible] by law ;

Now therefore, in pursuance of clause (1) of article 252 of the Constituti[illegible] this Assembly hereby resolves that the imposition of a ceiling on ur[illegible] immovable property and acquisition and holding of such property in excess [illegible] the ceiling and all matters connected therewith or ancillary and incide[illegible] thereto should be regulated in the State of West Bengal by Parliament by la[illegible]

আর সঙ্গে সঙ্গে তাদের কাছে উপস্থিত করতে চাই একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। কেবল পল্লী অঞ্চলেই সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে আর সহরাঞ্চলে বাসের সুযোগ নিয়ে কতিপয় মুষ্টিমেয় ধনী অগাধ সম্পত্তির মালিক হয়ে দেশের গণতান্ত্রিক সমাজবাদের উদ্দেশ্যকে সুষ্ঠু রূপায়নে এক বিরাট অসাম্য সৃষ্টি করে চলবেন তা ত হতে পারে না। পল্লী এবং সহরের মধ্যেই যে শুধু অসাম্য তাই নয়, একই অঞ্চলে সম্পত্তিগত যে বিরাট ব্যবধান, যে অসাম্য, আইনের মাধ্যমে তা দূর করার ব্যবস্থা প্রতিটি গণতান্ত্রিক মানুষেরই কাম্য। তাই সহরাঞ্চলে সম্পত্তির সীমা নির্দ্ধারিত করে দেওয়ার জন্য বিহিত ব্যবস্থা গ্রহণ করতেই হবে। সহরাঞ্চলের সম্পত্তির উর্দ্ধসীমা বেঁধে দেওয়া সম্পর্কে বিশেষভাবে আলোচনা করার প্রয়োজন বোধ হয় নেই। গ্রামের কৃষি জমির যখন সিলিং করা হয়েছে তখন সহরের সম্পত্তি যার যত ইচ্ছা রাখতে দেওয়ার কোন যুক্তি নেই। মুষ্টিমেয় কয়েকজন ধনী প্রয়োজনের অতিরিক্ত নাগরিক সম্পত্তি আগলে রাখবেন এমন অবস্থা যতশীঘ্র পরিবর্তন হয় ততই মঙ্গল। সহরাঞ্চলের জমির মূল্য গ্রামাঞ্চলের জমির মূল্যের চেয়ে অনেক বেশী। তার বহুবিধ কারণের মধ্যে স্বাস্থ্য চিকিৎসা, যোগাযোগ ব্যবস্থা ও কর্মসংস্থানের সুযোগ সুবিধা অন্যতম। সুতরাং একথা বললে ভুল হবেনা যে সহরাঞ্চলের সম্পত্তির আকাশছোঁয়া মূল্যবৃদ্ধির পশ্চাতে ব্যক্তিগতভাবে এইসব সম্পত্তির মালিকদের অবদান খুব উল্লেখযোগ্য নয়। এই বর্দ্ধিত মূল্যের অনেকটাই অনার্জিত বলে অনায়াসেই ধরা যায়। সুতরাং সহরাঞ্চলের সম্পত্তির একটি সুনির্দিষ্ট সীমা বা সিলিং নির্দ্ধারণ নীতিগতভাবেও বাঞ্ছনীয়। সিলিং এর অতিরিক্ত সম্পত্তি সরকার নিয়ে সমাজের দরিদ্র ও দুস্থদের স্বার্থে কল্যাণকর কাজে লাগাবেন। এইহল সহরাঞ্চলের সম্পত্তির সিলিং আইনের সার্থকতা। সম্পত্তির সিলিং আইন প্রণয়ন করা কিন্তু রাজ্য সরকারের একান্ত এক্তিয়ারভুক্ত। সংবিধানের ২৫২ ধারা অনুসারে দুই বা ততোধিক রাজ্য বিধানসভা সংসদকে এই বিষয়ে আইন প্রণয়ন করার ক্ষমতা দিলে তবেই প্রদত্ত ক্ষমতা বলে সংসদ আইন পাশ করতে পারবেন। প্রদত্ত ক্ষমতা বলে সংসদ আইন পাশ করলে সেই আইন যে রাজ্য এই ক্ষমতা দেবেন সেই রাজ্যে এবং পরে যেসব রাজ্য ঐ আইন গ্রহণ করবেন সেই রাজ্যে প্রযোজ্য হবে। সব দিক দিয়ে বিচার করলে সহরাঞ্চলের সম্পত্তির সিলিং আইন কেন্দ্রীয় আইন হওয়াই বাঞ্ছনীয়। একই কেন্দ্রীয় আইন যদি সব রাজ্যেই প্রযোজ্য হয় তাহলেই একমাত্র এই রকম আইনের সুষ্ঠু প্রয়োগও কার্যকারিতা সম্বন্ধে নিশ্চিত হওয়া যায়। বিভিন্ন রাজ্যে বিভিন্ন সহরে অনেক ধনীরই বিস্তর সম্পত্তি আছে, সব সম্পত্তি ধরে সিলিং আইন প্রয়োগ করতে হলে একটি কেন্দ্রীয় আইন ছাড়া গত্যন্তর নেই। আবার এই সব সম্পত্তির মূল্যায়ন এবং অতিরিক্ত সম্পত্তি গ্রহণের জন্য যে ক্ষতিপূরণ তা একই নিয়মে সর্বরাজ্যে নির্দ্ধারিত হওয়া বাঞ্ছনীয়। বিভিন্ন রাজ্যে বিভিন্ন সিলিং থাকলে কিম্বা কোন কোন রাজ্যে সিলিং না থাকলে এইরূপ আইনের মূল উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। কেন্দ্রীয় সরকার সহরাঞ্চলে একটা সিলিং আইন প্রনয়ন করতে যাচ্ছেন। আমরা রাজ্য বিধানসভার পক্ষ থেকে সংসদকে এই আইন প্রণয়নের ক্ষমতা দেবার জন্য একটা প্রস্তাব আমি মাননীয় সদস্যদের অনুমোদনের জন্য উপস্থাপিত করেছি। আমি আশাকরি তাঁরা সকলেই এই প্রস্তাবে সম্মতি দেবেন।

[4-30—4-40 p.m. ]

**Mr. Speaker :** There are three amendments to the Resolution. All the amendments are in order. I call upon Shri Biswanath Mukherjee to move his amendment.

**Shri Biswanath Mukherjee :** Sir, I beg to move that in lines 3 to 15, for

the words beginning with "And whereas the imposition of such a ceiling" and ending with "or ancillary and incidental there to should be regulated in the State of West Bengal by Parliament by Law " the following be substituted, namely : -

"This Assembly calls upon the Council of Ministers to frame a Bill imposing ceiling on urban property in West Bengal generally followlng the model, if any, circulated by the Central Government to the State Government and introduce the some Bill in the next session of the Assembly."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনোযোগ দিয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তব্য শুনলাম। তা সত্বেও আমি আমার সংশোধনী আনছি। আমি নিশ্চয়ই মনে করি যে সহরের সম্পত্তির উপর উর্দ্ধসীমা একটা বেঁধে দেওয়া প্রগতিশীল ব্যবস্থা এবং এটা খুব জরুরী এবং এটা করতে হবে। অবশ্য আমি একথা মনে করিনা যে সহরের সম্পত্তির উপর উর্দ্ধসীমা একটা বেধে দিলেই সমাজবাদ প্রতিষ্ঠা করা হয়। আমি সমাজবাদের অর্থ—বৈজ্ঞানিক সংজ্ঞা বুঝি, তা হল উৎপাদনের উপায় উপকরণ মুষ্টিমেয় পুজিপতির হাতে বা জোতদারদের হাতে যা কেন্দ্রীভূত হয়ে আছে, সেই উৎপাদনের উপায় উপকরণ—এর উপর ব্যক্তিগত মালিকানা লোপ করে সমাজের মালিকানা প্রতিষ্ঠা করা—সে মালিকানা সমষ্টিগতই হউক। রাষ্ট্রের মালিকানার ভিতর দিয়ে সমস্তই শোষণ লোপ করা সম্ভবপর হয়, শ্রেণী লোপ করা সম্ভবপর হয় এবং তাকেই সমাজবাদ বলে। তা সত্বেও এটা একটা উল্লেখযোগ্য গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক পদক্ষেপ, এ বিষয়ে কোন সন্দেহ নাই। এখন এই প্রস্তাব সম্বন্ধে আমার দু'টি আপত্তি আছে। একটা আপত্তি আইনগত, সেটা পরে বলছি। যেটা মেটিরিয়েল আপত্তি সেটাই বলতে চাচ্ছি, সেটা হল-এই প্রস্তাব আনতে হল কেন, কারণ সংবিধানে এটা রাজ্যের এক্তিয়ারের মধ্যে পড়ে। রাজ্যের আইনসভা এই সিলিং আইন পাশ করতে পারে, সহরের সম্পত্তির উপর সীমা নির্ধারন করতে পারে, রাজ্য মন্ত্রিসভা সে বিষয়ে বিল আনতে পারে। সেইজন্য এই প্রস্তাব আনতে হয়েছে যে আমরা আমাদের রাজ্য আইনসভা থেকে কোন আইন পাশ করবনা, রাজ্য মন্ত্রিসভা কোন বিল আনবেনা, আমরা সে দায় দায়িত্ব কেন্দ্রীয় মন্ত্রিসভার উপর ছেড়ে দিলাম। তাঁরা পার্লামেণ্টে বিল আনতে হয় আনবেন, সে বিল পাশ করতে হয় করবেন। এখন আমাদের দেশে সংবিধান নিয়ে প্রচণ্ড আলোচনা চলছে, সংবিধানে রাজ্যের ক্ষমতা নিয়ে কেন্দ্রের ক্ষমতা নিয়ে। আমি অবশ্য ডি. এম. কে. বা সি. পি. এম. যে সমস্ত অতিরিক্ত দাবী করছে, তা সমর্থন করি না। আমরা চাই ভারতবর্ষের ঐক্য যাতে অক্ষুন্ন থাকে এবং শক্তিশালী কেন্দ্র যাতে থাকে, তার সঙ্গে সামঞ্জস্য রেখে রাজ্য আইনসভা এবং রাজ্য সরকারের ক্ষমতা বাড়ান হোক আমাদের পার্টি এবং আরও অনেকে আছেন যারা শিল্প ইত্যাদি জাতীয়করণ করার এবং তার ম্যানেজমেণ্ট ইত্যাদি হাতে নিয়ে এসে সেই সমস্ত রাজ্য সরকার এবং আইনসভার হাতে অধিকতর ক্ষমতা দেওয়ার পক্ষপাতী এবং সেদিক থেকে সংবিধান সংশোধন আমরাও চাই। আমি আবার বলছি শক্তিশালী কেন্দ্র, ভারতের ঐক্য এই দু'য়ের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে প্রাক্টিক্যাল দিক থেকে, কাজকর্মের দিক থেকে রাজ্য সরকার ও আইনসভা যে সমস্ত অসুবিধা বোধ করছে, সেগুলি দূর করার জন্য সংবিধান সংশোধন করে রাজ্য আইনসভা এবং রাজ্যসরকারের ক্ষমতা বাড়ান উচিত। প্রভিন্সিয়াল অটোনমি বা ষ্টেট অটোনমি বাড়ান উচিত। এবং আমরা ভুলে যেতে চাই যে ভারতবর্ষ একটা বিশাল দেশ এবং সেই দেশের বিভিন্ন ভাষাভাষী বিভিন্ন অঞ্চলের অধিবাসী যাদের কেউ বলে খণ্ড জাতি ইংরেজীতে বলে ন্যাশনালিটি, তারা এক একটা রাজ্য গঠন করেছে।

এবং সেই রাজ্যগুলির ইউনিয়ন, সেই রাজ্যগুলির ঐক্য হচ্ছে ভারত রাষ্ট্র। সুতরাং যেহেতু এই রাষ্ট্রে একটা এমন কোন ন্যাসনালিটি নেই যে বাকীদের উপর অত্যাচার করছে তাই বিচ্ছেদ

যেসমস্ত দাবী সেটা অন্যায় এবং অযৌক্তিক, প্রতিক্রিয়াশীল। কিন্তু বিচ্ছেদ না চাইলেও এই সমস্ত বিভিন্নঅঞ্চল যেগুলি এক একটি ষ্টেট-এ পরিণত হয়েছে তাদের অটোনমি-তাদের স্বায়ত্বশাসন-এর যে অধিকার সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেটা সংবিধানে বাড়ান দরকার। আমার প্রশ্ন হচ্ছে সেটা বাড়ানোর জায়গায় সেটা কমাবো কেন? সংবিধানে যদি ক্ষমতা দেওয়া থাকে যে শহরের সম্পত্তির সীমা রাজ্য সরকার এবং রাজ্যের আইনসভা বাঁধবে তাহলে আমরা স্বেচ্ছায় একটা প্রস্তাব পাশ করে সেই আইন পাশ করার দায়িত্ব পরিহার করব সেই ক্ষমতা কেন পার্লামেণ্টকে দিতে চাচ্ছি। তার স্বপক্ষে একটা যুক্তি দেখান হয়েছে যে সারা ভারতবর্ষের জন্য একই আইন হওয়া উচিত। এক্ষেত্রে সব রাজ্যের অবস্থা এক কিনা সেটা বিবেচনা করা উচিত। সব রাজ্যের জন্য যদি একই আইন হয় তাহলে আমি বলব এই যে ভূমিসংস্কার আইন হোল সেটা তো আমাদের রাজ্যের এক্তিয়ার, সেখানে তো আমার প্রস্তাব পাশ করে পার্লামেণ্টের উপর ভার দিই নি। আমরা জানি ভারতবর্ষের বহু রাজ্যের মন্ত্রীরা, আইনসভার সদস্যরা এবং পার্লামেণ্টেও অনেকে আছেন যাঁরা ভূমিসংস্কার আইন করতে অনিচ্ছুক এবং কিভাবে সিলিং বাড়ান যায় তারজন্য বছর ধরে চেষ্টা করেছেন। আমার মনে আছে ১৯৫৯ সালে পণ্ডিত নেহেরু নাগপুর কংগ্রেসে অত্যন্ত তিক্ত ভাষায় বলেছিলেন দুই বছরের মধ্যে ভূমিসংস্কার করা নাহলে বিপ্লব ঠেকাতে পারবে না, রক্তাক্ত বিপ্লব হবে। কিন্তু পণ্ডিত নেহেরুর কথা মানেনি, প্ল্যানিং কমিশনের কথা মানেনি ওয়ার্কিং কমিটির কথা মানেনি, কংগ্রেসের প্রস্তাব মানেনি, কেন্দ্রীয় সরকারের নির্দেশ মানেনি। আজকে আনন্দের কথা কংগ্রেস থেকে ম্যানিফেসটোতে বলে দিচ্ছে এর উপর ভোট নিচ্ছি, এটাকে মানতে হবে, এটা মানডেটরি। একথা তাঁদের ম্যানিফেসটোতে বলে তাঁরা নির্দেশ দিয়েছেন এবং আজকে কেন্দ্রীয় সরকার এটা চালু করেছেন এবং বিভিন্ন রাষ্ট্রকে দিয়ে আইন পাশ করবার চেষ্টা করেছেন। আপনারা একটা মডেল করেছেন, ভাল। বিভিন্ন আইনসভা প্রস্তাব পাশ করে একথা বলছে না যে, আমরা আইন পাশ করবনা, আমরা সব ক্ষমতা কেন্দ্রকে দিলাম। সুতরাং এরকম আইন যদি করতে হয় এবং আপনারা মনে করেন এটা ভাল তাহলে কেন্দ্রীয় সরকার একটা মডেল তৈরী করে সমস্ত রাজ্য সরকারের কাছে সার্কুলেট করুন। আমি একটা গুজব শুনেছি যে তাঁরা একটা মডেল তৈরী করেছেন এবং রাজ্য সরকারের কাছে সেটা বলেছেন। তাঁরা যদি মডেল তৈরী করে সার্কুলার দেবেন তাহলে সেই মডেলটা ধরে সমস্ত রাজ্যে আইন পাশ করা যেতে পারে। আমি দ্বিতীয় যুক্তি শুনেছি একই লোকের বিভিন্ন রাজ্যে প্রোপার্টি থাকতে পারে। অনেক সদস্য বলেছেন এবং আমরাও জানি পশ্চিমবাংলার অনেক জোতদারের উড়িষ্যা বা বিহারে জমি আছে, উড়িষ্যার অনেক জোতদারের অন্ধ্রতে জমি আছে, অন্ধ্রের জোতদারের জমি উড়িষ্যায় আছে, অন্ধ্রের জোতদারের জমি মহারাষ্ট্রে আছে—যেটা এক সময়ে হায়দ্রাবাদের মধ্যে ছিল। মারাঠি জোতদারের অন্ধ্রে জমি আছে, ইউ পি-র অনেক জমিদারের জমি মাদ্রাজে রয়েছে। এবং আমরা একথা বলিনা যে, যেহেতু একই জমিদারের বিভিন্ন রাজ্যে জমি আছে সুতরাং আমরা এখানে প্রস্তাব পাশ করে আইন করবার ক্ষমতা পার্লামেণ্টের হাতে ছেড়ে দিলাম যে তোমরা এটা কর। বহু রাজ্যের মন্ত্রিসভার [illegible]দের মধ্যে, আইন সভার সদস্যদের মধ্যে একটা প্রতিরোধ গড়ে উঠেছিল যে ভূমিসংস্কার সংস্কার করব না এবং যদি করি তাহলে যত খারাপ করা যায়। তবুও তাদের সেকথা বলা হয়নি তোমরা সবাই প্রস্তাব পাশ করে দাও। যদি বলেন বিড়লার সম্পত্তি কোলকাতায় আছে, দিল্লীতে আছে, লক্ষ্ণৌতে আছে, মাদ্রাজে আছে—তাহলে আমি একথা বলব যে, আপনারা [illegible]রের সম্পত্তির উপর সীমা বাঁধছেন ২লক্ষ/৩লক্ষ/৪লক্ষ বা ৫লক্ষ টাকা, কিন্তু আপনারা বিড়লার আসল সম্পত্তির উপর তো হাত দিচ্ছেন না—অর্থাৎ তার যে ৫৫০ কোটি টাকা তার উপর তো হাত দিচ্ছেন না।

[4-40—4-50 p.m.]

আপনি যে এখানে তার উপর আইন করছেন, একটা সীমা করে দিচ্ছেন, আপনি সেই আইনের মধ্যে প্রভিশন রাখতে পারেন, যদি অন্য কোন রাজ্যে সিলিং অনুসারে বা নামানুসারে কোন সম্পত্তি থাকে তাহলে এখানে এই আইন অনুসারে সেই সম্পত্তি থাকার অধিকার থাকবে না। ইউ ক্যান প্রভাইড, আমি জানি না, আপনারা যাঁরা আইনজ্ঞ এখানে আছেন, যাঁরা কনষ্টিটিউশন বোঝেন—আইন বোঝেন, এই বিষয়ে আলোচনা করে দেখতে পারেন। মূল কথা হচ্ছে এই আইন সভা হচ্ছে পশ্চিমবাংলার একটা প্রগতিশীল আইন সভা। গত পাঁচ বছর ধরে পশ্চিমবাংলায় এমন কোন আইন সভা হয়নি যে আইন সভাতে প্রগতিশীল আইন পাশ করছে অস্বীকার করবার কারোর ক্ষমতা নেই। এই আইন সভা প্রগতিশীল আইন সভা, এরা ভাল আইন পাশ করতে পারে, আমি বিশ্বাস করি কেন্দ্রেও পারে, আমি বিশ্বাস করি পার্লামেণ্টও প্রগতিশীল আইন পাশ করতে পারে। হতে পারে কোন কোন রাজ্য হয়তো ইতস্তত করছে, তারা এই ক্ষমতা কেন্দ্রকে দিয়ে দিক তাতে আপত্তি নেই, কিন্তু আমরা কেন দিয়ে দিতে যাচ্ছি, আমরা কেন আইন পাশ করতে চাচ্ছি না? কেন্দ্রে যদি একটা মডেল পাওয়ার থাকে, সেই মডেল ধরে আমাদের বর্তমান মন্ত্রীসভা একটা আইন করে নিয়ে আসুন নেক্সট সেশনে এবং এখানে সেটা পাশ করিয়ে নিন। দ্বিতীয় একটা প্রশ্ন আমি তুলছি, সেটা হচ্ছে সাংবিধানিক প্রশ্ন আমি আইনজ্ঞ নই, কিন্তু এখানে মুখ্যমন্ত্রী এবং আরও অন্যান্য মন্ত্রীরা আইনজ্ঞ আছেন, তাঁরা দরকার হলে এ্যাডভোকেট জেনারেলকে ডাকতে পারেন, আইনের পরামর্শ নিতে পারেন। আমার প্রশ্ন হচ্ছে, রাজ্যের আইনসভাকে ক্ষমতাটা দিয়ে দিন, রাজ্যের আইনসভা সেই ক্ষমতা প্রয়োগ করতে অপারগ—আমরা পারবো না সিলিং এর উপর আইন করতে—আমরা গ্রামের জমির উপর আইন করতে পেরেছি, শহরের জমির উপর করতে পারবো না? আমরা তোমাদের দিয়ে দিলাম, তোমরা কর, আমরা যদি দিয়ে দিই তাহলে আর আমরা ফিরিয়ে নিতে পারবো? উত্তর হতে পারে, দু'টি রাজ্য সংবিধানের ধারা অনুসারে যদি পাশ করে এই রিজলিউশন তাহলে পার্লামেণ্ট এই আইন তৈরী করতে পারে। করুন, পার্লামেণ্ট-এর উপর আমাদের কোন অনাস্থা নেই, এই কেন্দ্রীয় সরকারের উপর অনাস্থা নেই, তারা পাশ করুন। দুটি রাজ্য যারা ভেসিলেট করছে, হেজিটেট করছে যে আমাদের এই আইনসভা পারবে না, তারা পার্লামেণ্টের উপর ভার দিয়ে দিন। পার্লামেণ্ট যদি কোন আইন করে তাহলে ভারতের অন্য যে কোন রাজ্য একটা প্রস্তাব পাশ করে সেটা নিজের রাজ্যে এ্যাড্‌পট করতে পারবেন, পার্লামেণ্টে যদি একটা ভাল আইন পাশ হয়, আমরা একটা প্রস্তাব পাশ করে আমাদের রাজ্যে সেটা এ্যাডপ্ট করে নিতে পারি। কিন্তু সেই ক্ষেত্রে আমাদের পাওয়ারটা থেকে যাবে আমাদের রাজ্যের আইনসভার ক্ষমতায় যে কেন্দ্রীয় আইন যেমন আমরা গ্রহণ করতে পারি এবং প্রয়োগ করতে পারি তেমনি আমাদের আইন করবার ক্ষমতাও চলে গেল না। এই বিষয়ে আমাদের আইন করবার ক্ষমতাটা বজায় থেকে যায়। সেটাই হচ্ছে চমৎকার, কেন্দ্রীয় আইনটা আমরা প্রয়োগ করতে পারবো, আমাদের নিজের ক্ষমতাটাও থেকে গেল। আমার সাংবিধানিক প্রশ্ন হলো এই যদি আজকে প্রস্তাব পাশ ক' কেন্দ্রীয় সরকারের হাতে দিয়ে দিই বা পার্লামেণ্টের হাতে তুলে দিই তাহলে ভবিষ্যতে আমরা বিষয়ে আইন করতে পারবো কিম্বা ঐ আইন সংশোধন করতে পারবো? আমার যেটুকু সা- জ্ঞান আছে, আমি বুঝি যে রিজলিউশন পাশ করে যদি আজকে এটা পার্লামেণ্টে দিয়ে দিই, সাবজেক্টের উপর আমরা আর কোন আইন করতে পারবো না এবং যে আইন পার্লামেণ্ট করবে তাকে আমরা সংশোধন করতে পারবো না, আমাদের কোন ক্ষমতা থাকবে না, আমাদে ক্ষমতাকে আমরা সারেণ্ডার করে দিলাম। কিন্তু আমাদের ক্ষমতা আমরা চিরকালের

সারেণ্ডার করে দেবো কেন? আর এই এ্যাসেম্বলিতে যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন—চিরকালের জন্য বলতে চাই, তার চেয়ে অনেক ভাল হয় যদি কেন্দ্রীয় সরকার বা পার্লামেণ্ট যে আইন পাশ করবেন, তাকে ভাল মনে করলে, উপযুক্ত মনে করলে বাই এ রিজলিউশান উই ক্যান এ্যাডপ্ট ছাট ইন আওয়ার ষ্টেট, আমার রাজ্যে আমরা তাকে প্রয়োগ করতে পারি অথচ আমাদের ক্ষমতাও থেকে গেল। আমরা কোন প্রস্তাব পাশ করে কেন্দ্রের হাতে সংবিধানের ক্ষমতা দিয়ে দিই নি, সুতরাং আমাদের ক্ষমতা থেকে গেল। ভবিষ্যতে কোন সাপ্লিমেণ্টারী আইন পাশ করতে গেলে আমরা তা করতে পারবো ঐ বিষয়ে সংশোধন করে যদি আমরা নূতন কোন আইন আনতে চাই তাহলে আমরা তা আনতে পারবো। সেই ক্ষমতাটাও থেকে গেল, অথচ আমরা ঐ আইনটাও প্রয়োগ করলাম, সেই সুযোগও আমরা পেলাম, তা না করে আমরা সমস্ত ক্ষমতা চিরকালের জন্য সারেণ্ডার করে দিচ্ছি। আজকের দিনে যখন রাজ্য সরকার এবং রাজ্য আইনসভা তাদের যেটুকু ক্ষমতা আছে জেলাসলি গার্ড করবার চেষ্টা করছে এবং একটু বাড়াবার চেষ্টা করছি কেন্দ্রকে দুর্বল না করে সেই অবস্থাতে একটা প্রস্তাব পাশ করে আমাদের ক্ষমতা বিসর্জন দিয়ে দেওয়া এটা আমার কাছে খুবই অপছন্দ এবং অশোভন লাগছে।

আমার বক্তব্য শেষ করবার আগে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো—সারা ভারতবর্ষে তো এত রাজ্য আছে—তার মধ্যে দুটো রাজ্য পাশ করে দিক না। যারা Vacillate করছে, যারা hesitate করছে, যাদের Vested interests প্রভাব প্রতিপত্তি আছে, তারা দিয়ে দিক। দু'টো রাজ্য দিয়ে দিলেই তো হলো। ১৯৭২ সালের আগস্টের মধ্যে এটা করতে হবে। সেই সংবিধান তো সংশোধন করা হয়েছে। এখন resolution নিয়ে পার্লামেণ্ট করে দেন সেই আইন। আমাদের assembly থেকে সেই মত—We shall apply that law in our State অথচ আমাদের right আমরা Surrender করলাম না, আমাদের right থেকে গেল। এটা হোক, কেন্দ্র যে মডেল পাঠিয়েছে এখানে, সেই model ধরে আমাদের মন্ত্রীসভা পরবর্তী সসনে অনুরূপ একটা আইন এখানে পাশ করিয়ে নেবেন এই assembly থেকে। তাহলে That will not in any sense be worse than any law passed by the Parliament about ceiling on urban property in West Bengal. I have tremendous confidence in this Assembly that this Assembly is a quite progressive Assembly and this Assembly is Capable of passing a progressive law on ceiling.

এই কথা কয়টি বলে আমি মুখ্যমন্ত্রীর কাছে আবার জিনিষটা ভেবে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Shri Siddhartha Sankar Ray :** Mr Deputy Speaker, Sir, I am speaking in English because the proceedings will have to be sent to Delhi and it will be quicker if as many of us as possible could speak in English. Sir, the imperative need for the imposition of an urban ceiling is an unquestioned thing, nobody doubts it. So in so far the substantive part of the matter is concerned we have all agreed in this House that there must be an urban ceiling. This is with regard to the procedural part that some doubts genuinely, honestly have arisen amongst some of us. Such doubts will naturally arise with regard to such important question and it is, therefore, just as well that the leader of the C P I has placed certain arguments before this House for propagating the proposition that is, instead of authorising the Centre to pass a law, let us pass a law here and not pass the resolution under Article 252 authorising the Parliament to pass the necessary legislation. Now here two questions of principle will arise. The first is should or should not, therefore be a ceiling for the whole of the country. Is

it any use having a ceiling for West Bengal, a ceiling for Bihar, a ceiling for Orissa, a ceiling for Madhya Pradesh, a ceiling for Tamilnadu, a ceiling for Maharashtra, a ceiling for Gujarat and so on and so forth ? If we have a separate ceiling for each State what will be the position ?

[4-50—5-00 p.m.]

Any one wanting to own properties will be entitled to have properties subject to the ceiling in West Bengal, properties subject to that ceiling in Maharashtra, in Gujarat and in other States Or in other words, let us take an example, viz , West Bengal fixes 5 lakhs as the ceiling, Tamilnadu fixes 7 lakhs as the ceiling, Madhya Pradesh fixes as I believe it has 7 lakhs as the celing, Maharashtra fixes 4 lakhs for the ceiling, Uttar Pradesh fixes 3 lakhs for the ceiling but says it would not be a family ceiling but it would be an individual ceiling. Some States say that there will be individual ceiling and some States say that there will be family ceiling and in this way each State has a ceiling laid down. The result will be that I shall be able to acquire a property worth 5 lakhs in West Bengal, property worth 7 lakhs in Maharashtra, property worth 7 lakhs in Tamilnadu In fact, by this process I may be able to own property worth a crore of rupees I do not think it is the intention of any one in India who wants a ceiling to be imposed to allow any Indian to own any property beyond a certain ceiling wherever the property may be. So the need for a Central Act is absolutely imperative. Otherwise we shall certainly earn cheap popularity by having a ceiling law in Bengal but in effect that law would be nullified in view of the fact that a person of Bengal will be able to acquire properties subject to ceiling laws in various States without any difficulty whatsoever So, if we really want to enforce the principle in which we believe that is to say a person cannot have property more than this ceiling, that ceiling must apply to the whole of India and not to particular State My friend, Shri Biswanath Mukherjee accepts the logic of this argument but he says, 'Why give power to the Centre ?' Now, the relevant Article is Article 252 It is really divided into two parts The first part says if two or more State Legislatures pass a resolution of the kind which we have proposed to do then Parliament will have the power to pass a law with regard to the matter mentioned in the resolution and that law shall apply to the State passing the resolution and the second part of this Article says that in so far as the States who have not passed that resolution adopt that Central law then that Central law will apply to those States Mr Mukherjee's argument is why pass the resolution authorising the Centre to pass a law for West Bengal ? Let the Centre pass a law and then we can adopt it. Why does he say this ? He says this because he does not want to lose the power His contention is that if the Centre passes a law pursuant to a resolution passed by us then the Centre will be able to amend or to repeal that law and we shall lose that authority But if the Centre passes the law and we later on adopt that law then we shall be able to amend or repeal that law Now, if the proposition of Shri Mukherjee was correct I would have requested the Members to agree with him. But unfortunately, Article 252(2) stands in his way and that Article reads this if I may, with your permission, Sir, read the exact language of the Sub-Article. "Any Act so passed by Parliament may be amended or replaced by an Act of Parliament passed or adopted in like manner but shall not, as respects any States to which it applies, be amended or repealed by an Act of the Legislature of that State." Or in other words, the States to which this Act applies will not be able to amend or repeal that Act Now, if the Centre passes the Act then that Act shall also apply to such States who adopted the Act. So whether you pass the resolution in the first instance or whether you adopt the Central Statute later on the Act will apply to you, and as soon as the Act is applied to you, you have

no power to amend or to modify it. Mr. Mukherjee's point may be a matter for those who want an amendment of the Constitution but the whole purpose, in my respectful submission, would be nullified if the States are allowed to amend the Central law with regard to the ceiling

Why—because this absurdity will again ensue. The Central Act says that no person can have property worth more than Rs 5 lakhs anywhere in India—the total cannot exceed 5 lakhs. If any State has the power to amend the said Act, the State would say, except that in this particular State he may own 10 lakhs worth of property For the purpose of removing that anomaly under Article 252(2), it has been clearly stated that whichever States to which the law applies the power of amendment or repeal will no longer be with them. I, in my respectful submission, feel that this is very logical It is no use trying to acquire, as I said, cheap popularity Let us look at the substance of the matter We want a ceiling to be imposed the party to which we belong is committed, to do this

We believe in our Government at the Centre, we believe in the Lok Sabha, I believe that in the Lok Sabha both our party and Shri Mukherjee's party will support the measure imposing a ceiling on urban property I do not think, in so far as the Central Government, is concerned—and I am sure, when I say this, I share the views of the majority of the members, the Government led by Shrimati Indira Gandhi will perpetuate the social injustice in the matter of imposing a ceiling on urban properties and therefore my respectful submission to Shri Mukherjee will be—let us have faith in ourselves and also let us have faith in our leaders let us trust Shrimati Indira Gandhi and her Government and I do not think, if we trust our Central Government we shall in this respect suffer at all in any way whatsoever. With these words, Sir, I am sorry, I am having to oppose the amendment of Shri Biswanath Mukherjee I would not have done so if the Constitution had permitted the States to have control even if the Act was not applied to those States But, if we follow his advice all that we shall do is to delay that process we won t pass anything We think if the Central Government passes the Central Act first and then later on we adopt that Act when we find that it is a suitable Act, the position will be the same We shall not suffer to repeal that Act at all It will be within the Session of the Central Parliament and we shall be without any jurisdiction in the matter. So, Sir, in these circumstances I feel and feel honestly and I may repeat that the difference here is absolutely honest and such difference has to exist with regard to procedural matters. But with regard substance of the thing, namely, the imperative necessity having a ceiling on urban property, there is no dispute whatsoever. Therefore, I oppose the amendment and I urge the honourable members—I am not a member of this House—to pass this resolution as moved by our colleague Shri Gurupada Khan

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী যে প্রস্তাব এই সভায় এনেছেন সেই প্রস্তাবে আমি সামান্য একটু কথা যোগ করে তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এইজন্য যে এই প্রস্তাব সমাজতন্ত্রের পথে একটি বলিষ্ঠ পদক্ষেপ এবং আমরা নির্বাচনের সময় যে কথা বলেছিলাম যে গরীবী হটাও-এর কথা—সেই পথ এই প্রস্তাবের মাধ্যমে প্রশস্ত হচ্ছে। তবে এই প্রস্তাব যে আকারে এসেছে সে সম্পর্কে আমি আপনার কাছে নিবেদন করবো যে কিছু দিন আগে সংবাদপত্রে দেখেছিলাম আমাদের প্রধান নেত্রী আমাদের প্রধানমন্ত্রীকে বলেছেন যে এই অধিবেশনেই এই আরবান সিলিং বিল পাশ করবার জন্য।

[ 5-00—5-10 p.m. ]

কয়েক দিন আগে বিজনেস এ্যাডভাইসারি কমিটির যে রিপোর্ট আমাদের এই হাউসে প্লেস করা হল তখন আমরা মনে করেছিলাম যে এই অধিবেশনেই বোধ হয় আর্বান সিলিং বিল আসবে। কিন্তু এখন আমরা দেখলাম যে একটা রিজলিউসন আসছে এবং এই রিজলিউসনে আমরা আশা করেছিলাম যে এই সিলিং বিল আকারে পাশ করবো। কিন্তু তা না পাওয়ার জন্য আমরা অত্যন্ত নিরুৎসাহ হয়েছি, তার সঙ্গে আমাদের প্রতিশ্রুতি ভঙ্গ করছি। কেন না, প্রতিটি নির্বাচনে আমরা বলে আসি যে সহরের সম্পত্তির সীমা নির্দ্ধারণ করবো। দিনের পর দিন চলে যায় অথচ দেখা যায় সেটা কার্যকরী হচ্ছে না। কয়েকদিন আগে আমরা দি ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্ট পাশ করলাম। যে আইন পূর্বে পাশ করা ছিল, তাকে আবার আমরা কয়েকদিন আগে পাশ করলাম। আমরা পল্লী অঞ্চলের লোকেদের জমির সীমা নির্দ্ধারণ করলাম, কিন্তু সহরাঞ্চলের লোকেদের সম্পত্তির সীমা নির্দ্ধারণ করতে কেন কুণ্ঠিত হচ্ছি এবং কেন পশ্চাৎপদ হচ্ছি তার কারণ কিছুতেই বুঝতে পারছি না। কেননা, লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ এই অঞ্চলে বাস করেন। তাদের সম্পত্তি গ্রহণ না করলে যারা ফুটপাথে পড়ে থাকে, যাদের বাড়ীর চালে খড় নেই সেই সমস্ত লোকদের কোনদিন আশ্রয় দিতে পারব না এবং তারা হয়ত মনে অপেক্ষা করে বসে থাকবেন যে আপনারা সহরের সম্পত্তির একটা সিলিং করবেন। তাই আপনারা যদি অবিলম্বে সহরের সম্পত্তির সিলিং না করেন তাহলে বিপ্লব অবশ্যম্ভাবী। গান্ধীজী বলে গিয়েছিলেন যারা গরীব তাদের দিকে যদি লক্ষ্য না রাখেন, যারা দরিদ্র তাদের দিকে যদি লক্ষ্য না রাখা যায় তাহলে ভারতবর্ষে সশস্ত্র বিপ্লব অবশ্যম্ভাবী। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানাচ্ছি যে এইভাবে দেরী করে বিল আনার কোন প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না এবং আমি আপনার কাছে নিবেদন করবো যে প্রস্তাব আজকে এনেছেন একে পূর্ণ সমর্থন জানাচ্ছি, পার্লামেণ্টের মাধ্যমে অক্টোবর মাসের মধ্যেই যাতে এই বিলটি পাশ হয় এবং সহরের সম্পত্তি যাতে দখল করা যায় সেদিকে লক্ষ রাখবেন। কেননা সহরের সম্পত্তির ব্যাপারে অন্যান্য রাজ্যে একটা সীমা নির্দ্ধারিত করে দেওয়া হয়েছে, কিন্তু আমাদের এই প্রস্তাবের মধ্যে সেইরকম সীমা কিছু নির্দ্ধারণ করা হয় নি। সেইজন্য আমি বলছি আজকে যখন আমরা সমাজতন্ত্র আনতে যাচ্ছি তখন শুধু পল্লী অঞ্চলের সম্পত্তি নয়, সহরাঞ্চলের সম্পত্তিরও একটা সীমা নির্দ্ধারণ করা একান্ত কর্তব্য। কাজেই সেই সমাজতন্ত্রের দিকে বলিষ্ঠ পদক্ষেপ দেবার জন্য মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sir, I am not moving my amendments.

**শ্রীসুকুমার ব্যানার্জি ঃ** Sir, I am also not moving my amendment. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভা বেশ কিছুদিন ধরে চলছে এবং তার মধ্যে আজকে যে প্রস্তাব আমাদের সামনে এসেছে, সেই প্রস্তাব নিশ্চয়ই পশ্চিমবঙ্গের কোটি কোটি মানুষের কাছে আশা এবং উৎসাহপ্রদ হয়ে দাড়াবে। সহরাঞ্চলের সম্পত্তির সীমা নির্দ্ধারণ, যে কথা আমরা দীর্ঘদিন ধরে বলে এসেছি এবং যে কাজটা অবশ্যই প্রয়োজনীয় ছিল, সেই কাজের পথে এটা প্রথম পদক্ষেপ এবং সেইজন্যই আজকে এই বিধানসভায় সেই প্রস্তাবের অনুকূলে আমরা এই ঐতিহাসিক প্রস্তাব পাশ করছি।

আমরা দীর্ঘদিন থেকে সমাজবাদের কথা শুনে আসছি কিন্তু এই যে সমাজতন্ত্র যে সমাজতন্ত্রের কথা আমরা বলছি তা যদি বাস্তবে রূপায়িত করতে না পারি তাহলে কথার মালা তৈরী করে কোনদিন সামগ্রিকভাবে জনগণকে সঙ্গে পাওয়া যাবে না। গ্রামাঞ্চলে কৃষিজমির উপর আমরা নির্দ্দিষ্ট সীমা নির্ধারণ করছি কিন্তু অপরপক্ষে সহরাঞ্চলে যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা সম্পদ মুষ্টিমেয় কিছু মানুষ উপভোগ করছে এবং বছরের পর বছর তা করে চলেছে সে সম্পর্কে কে

সক্রিয় কর্মপন্থা গ্রহণ করতে পারি নি। তাই এই প্রস্তাবকে বৈপ্লবিক বলতে আমাদের বিন্দুমাত্র দ্বিধা হচ্ছে না। আমরা জানি, আজকে সহরাঞ্চলে যে অবস্থা, সেখানে কোটি কোটি টাকার সম্পদ, সেই সম্পদের তুলনায় গ্রামাঞ্চলে যে জমি আছে বা যে জমি লুকিয়ে রাখা হয়েছে তার মূল্য নিশ্চয়ই অনেক কম। শহরাঞ্চলে কি দেখি? দেখি, মানুষের যে জীবনযাত্রার মান সেটা ধীরে ধীরে উন্নত হচ্ছে, অপরদিকে মুষ্টিমেয় মানুষের হাতে সম্পদ কেন্দ্রীভূত হচ্ছে। একদিকে পাশাপাশি বাড়ী, বিরাট বিরাট অট্টালিকা, অপরদিকে রাস্তায় ডাষ্টবিনের মধ্যে মানুষ আর কুকুরে এক সাথে অন্ন খুটে খাচ্ছে। এই দৃশ্য আমরা দেখছি। এর পরিবর্তন করার জন্য, এই পটভূমিকার পরিবর্তন করার জন্য আজকে শহরাঞ্চলের সম্পত্তির সীমা নির্ধারণ করা হচ্ছে। অন্য বিধানসভায় এই প্রস্তাব পাশ হয়েছে এবং কি নির্দিষ্ট টাকার সম্পদ রাখা যাবে তাও বলা হয়েছে। এটা নিশ্চয়ই হওয়া উচিৎ। আজকে সম্পদ বা সম্পত্তি এটা কোন মৌলিক অধিকার বলে মনে করি না। এটা কোন পবিত্র অধিকার, সম্পত্তির উপর বা সম্পদের উপর অধিকার—এটা কোন অধিকার নয়। আজকে আমরা হয়ত চোরা পথ অবলম্বন করতে পারি নি, আমরা সৎভাবে জীবনযাপন করতে চেয়েছি, শিক্ষাদীক্ষার দ্বারা তারপর হয়ত আমাদের অন্ন আসে না, বস্ত্র পাইনা, ঔষধপত্র পাইনা, চিকিৎসা করতে পারি না। কিন্তু এই যে সম্পদ, যাঁরা অঢেল সম্পদ, কোটি কোটি টাকার সম্পদ সৃষ্টি করেছেন, স্বনামে, বেনামে লুকিয়ে রেখেছেন, তাঁরা সমাজকে ঠকিয়েছেন, তাঁরা চৌর্যবৃত্তি করেছেন। সম্পদ যা করেছেন, সম্পদ যা সৃষ্টি করেছেন সেটা চৌর্যবৃত্তি ছাড়া আর কিছু নয়, তাই ভারত সরকার যে আইন তৈরী করতে চলেছেন সেই আইনের প্রতি নিশ্চয়ই আমি সমর্থন করবো। সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে, আজকে আমাদের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রী প্রতিটি কাজের যে সময় বেঁধে দিয়েছিলেন, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী আজকে খবরের কাগজে পড়েছি মাসের পর মাস বিভিন্ন পরিকল্পনার কোন কাজ কখন হবে, কোন কাজ কোন মাসে হবে বলে দিয়েছেন, যে কোন কাজ কোন সময় হবে। সেজন্য আমাদের আর এক মুহূর্ত দেরী করা চলে না, তাই আজকে সংসদের হাতে সেই ক্ষমতা তুলে দিতে চলেছি। শ্রদ্ধেয় বিশ্বনাথ মুখার্জী মহাশয়, সম্পদ সম্পর্কে যেসব কথা বলেছেন সে সম্পর্কে আমি কোন কথা বলতে চাই না। আমি শুধু বলতে চাই যে বিভিন্ন বৈচিত্র্যময় ভারতবর্ষ। সেই বৈচিত্র্যের মধ্যে যে ঐক্যমূল্য, যে সভ্যতা, সেই সভ্যতাকে অনুসরণ করে আমরা চলেছি। কেন্দ্রীয় সরকারে যাঁরা রয়েছেন, যাঁরা লোকসভায় রয়েছেন তাঁরা সকলেই জনগণের প্রতিনিধি। ভারতবর্ষের ৫৫ কোটি মানুষের তাঁরা প্রতিনিধি। সুতরাং তাঁরা নিশ্চয়ই জনগণের স্বার্থের দিকে তাকিয়ে বর্তমান আইন রচনা করবেন। বিচ্ছিন্ন মনোভাব নিয়ে আমরা চিন্তা করবো না, আমরা চিন্তা করবো সামগ্রিক দৃষ্টিভঙ্গী দিয়ে এবং তাই আজকে সম্পদ এবং সম্পত্তি—যে সম্পদ এবং সম্পত্তি কোটি কোটি গরীব মানুষের বুকের উপর দুঃখের জগদ্দল পাথর হয়ে বসে আছে সেই পাথরকে সরিয়ে সত্যিকারের সমাজবাদের পথে যাত্রা সুরু হয়েছে এবং ই যাত্রাকে নিশ্চয়ই আমরা সকলে মিলে স্বাগত জানাবো।

আ
[10—5-20 p.m. ]
সংখ্যা

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখানে উত্থাপিত করা হয়েছে বং একটা সংশোধনী শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয় এখানে যা উপস্থিত করেছেন সেই সংশোধনীর ক্ষে আমি কয়েকটা কথা বলতে চাই। এখানে যে প্রস্তাব উপস্থিত করা হয়েছে সেটা সম্পর্কে ারুর আপত্তি নেই এই হাউসে যাঁরা আছেন, যে শহরের সম্পত্তির সর্বোচ্চ সীমা নির্ধারণ করে ত হবে। এ তো আমরা সাধারণ মানুষকে প্রতিশ্রুতি দিয়েছি এবং তা করতে হবে এবং যত াড়ি সম্ভব হয় ততই ভালো, এ প্রস্তাব নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। কিন্তু আমাদের আপত্তি

কোথায়? আমাদের আপত্তি হচ্ছে, আমাদের পশ্চিমবাংলার আইনসভা একটা প্রগতিশীল আইনসভা এবং অতীতে নজির আছে যে এখান থেকে এমন এমন অনেক প্রস্তাব ও আইন আমরা পাশ করেছি যা কেন্দ্র বা অন্য প্রদেশ তখনও করেনি। সেই প্রস্তাব পাশ করার পর কেন্দ্রকে শক্তিশালী করা হয়েছে বিশেষ করে যাঁরা ঐ প্রগতিশীল আইনকে কার্যকরী করতে চান। যেমন উদাহরণস্বরূপ বলা যায় ব্যাঙ্ক জাতীয়করণ প্রস্তাবের কথা। এই সভার অনেক সদস্যের মনে আছে যে বেশ কয়েক বছর আগে যখন আমরা বিরোধীদলে ছিলাম এবং কংগ্রেস পক্ষ সরকারে ছিলেন তখন আমাদের ঐ বিরোধীদলের পক্ষ থেকে আমরা ব্যাঙ্ক জাতীয়করণ প্রস্তাব এনেছিলাম। কংগ্রেস বা সরকার পক্ষ থেকে সেই ব্যাঙ্ক জাতীয়করণ প্রস্তাবের উপর কয়েকটি সংশোধনী দেন এবং সেগুলি মেনে নেওয়ার পর সর্বসম্মতিক্রমে সেই প্রস্তাব পাশ হয়। কাজেই পশ্চিমবাংলার আইনসভাতেই আমরা প্রথম ব্যাঙ্ক জাতীয়করণ প্রস্তাব পাশ করি। তখন নিশ্চয় কেন্দ্রীয় সরকার এবং ততকালিন কংগ্রেস পার্টির কথা আপনারা সবাই জানেন। হ্যাঁ, ইন্দিরা গান্ধী নিশ্চয় পক্ষে ছিলেন যে ব্যাঙ্ক জাতীয়করণ করা হোক কিন্তু তার বিরুদ্ধে ছিলেন অনেক ব্যক্তি যেমন মোরারজী দেশাই ইত্যাদি। পরবর্তীকালে সেই মোরারজী দেশাইকে তাড়িয়ে দিয়ে ইন্দিরা গান্ধী সক্ষম হয়েছিলেন ব্যাঙ্ক জাতীয়করণ প্রস্তাবকে পাশ করাতে। কাজেই একথা নিশ্চয় বলতে পারি যে পশ্চিমবাংলায় আমরা যে প্রস্তাব পাশ করেছিলাম তা ইন্দিরা গান্ধীকে ঐ প্রস্তাব পাশ করাতে সক্ষম করেছিল, অনেক বেশী প্রভাব বিস্তার করতেও তিনি পেরেছিলেন। তবে তাঁর দলের মধ্যে অনেক ব্যক্তি ছিলেন যাঁরা তাঁকে বাধা দিয়েছিলেন। তেমনি ভাবে, এই শহরের সম্পত্তির সর্বোচ্চ সীমা নির্ধারণ করার জন্য যে প্রস্তাব এখানে উপস্থিত করা হয়েছে সে প্রস্তাবে আমাদের কোন আপত্তি নেই। তবে পশ্চিমবাংলা চিরকাল সারা ভারতবর্ষকে পথ দেখিয়েছে, চিরকাল লিডিং রোল প্লে করেছে, কাজেই সেদিক থেকে কেন এই পদক্ষেপ নিতে পারলাম না একটা সীমা বেঁধে দিয়ে নিশ্চয় কমিউনিষ্ট হিসাবে বলতে পারি কারুর ব্যক্তিগত সম্পত্তি থাকবে না, সে প্রস্তাব পাশ হবে না জানি, যাই হোক, সহরে সম্পত্তির একটা সীমা নির্ধারণ করে এখান থেকে যদি পাশ করে দিতে পারতাম তাহলে ভাল হত। তারপরে কেন্দ্র থেকে যদি কোন আইন বিপরীত হত তখন আমরাও ভেবে দেখতাম কি করা যায়। তখন কংগ্রেস সরকার, আমরা এবং বাইরের গণতান্ত্রিক মানুষ যাঁরা আছেন আমরা আন্দোলন করতে পারতাম, শহরের সম্পত্তির সীমা অনেক যাতে কমিয়ে দেওয়া যায়। প্রস্তাবের উপর বলতে গিয়ে একথাই বলতে চাই যে আমাদের উপর এ ক্ষমতা তো আছে যে আমরা শহরের সম্পত্তির সর্বোচ্চ সীমা নির্ধারণ করে দিতে পারি। নিশ্চয় আমরা একথা বলছি না যে কেন্দ্রের বিরুদ্ধে এরজন্য আমরা লড়বো। আমি এর আগে বাজেটের উপর যে বক্তৃতা করেছিলাম তাতে একথা পরিষ্কার করে বলেছিলাম যে সি পি এম. এর নির্বাচনে একটা বিশেষ বক্তব্য ছিল যে কেন্দ্রের কাছ থেকে ক্ষমতা আদায় করার জন্য আমাদের প্রচণ্ডভাবে লড়াই করতে হবে। আমি বাজেট বক্তৃতায় বলেছিলাম তাদের কথা মিথ্যা প্রমাণিত করে আমরা যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে সমঝোতার ভিত্তিতে, আলাপ-আলোচনার ভিত্তিতে আমাদের রাজ্যে যে ঘাটতি আছে, যেটা আমাদের দাবী আছে তা যেন আমরা ঠিক করে নিতে পারি সি পি. এ এর কথা মিথ্যা বলে প্রমাণিত করে। তেমনি ভাবে আমরা আজকে নিশ্চয় একটা সম্পত্তির সীমা যদি নির্ধারণ করে দিতে পারতাম তাহলে ভারতবর্ষের সমস্ত প্রগতিশীল মানুষ আমাদের দু'হাত তুলে আশীর্বাদ করতো যে পশ্চিমবাংলার বিধানসভা একটা পদক্ষেপ নিয়েছে এবং সেটা প্রগতিশীল পদক্ষেপ। সেইজন্য আমরা সংশোধনী এনেছি, অন্য কারণে নয়। এর আগে যে বক্তৃতা হল শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করার জন্য সেই প্রস্তাব অভিনন্দন যোগ্য, সে বিষয়ে তো কোন আপত্তি নেই।

আমাদের আপত্তি হচ্ছে যখন কেন্দ্র থেকে একটা মডেল বিল সমস্ত রাজ্যে পাঠিয়ে দেওয়া হয়েছে তখন নিশ্চয়ই সেই মডেল বিল নিয়ে আমরা আলোচনা করতে পারতাম। বিলে কি আছে রাজ্যে রাজ্যে এই নিয়ে নিশ্চয়ই আলোচনা হচ্ছে। আমি শুনেছি যে মহীশূরে একটা আইন পাশ হয়েছে সর্বোচ্চ সীমা বেঁধে দিয়ে কিন্তু কত আমার এখন মনে নেই। মধ্য-প্রদেশে পাশ হয়েছে, মহীশূরে, ইউ.পিতে কংগ্রেস পার্টি নিজেরা বসে পাশ করেছেন যে আমাদের সর্বোচ্চ সীমা এই রকম হওয়া উচিত। কাজেই যখন আলোচনা চলছে তখন আমরা আশা করেছিলাম যে মডেল কেন্দ্র থেকে পাঠান হয়েছে রাজ্যে রাজ্যে এবং রাজ্যের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী এবং তাঁর যে কংগ্রেস পার্টি তাঁরা নিশ্চয়ই আমাদের কাছে তা উপস্থিত করবেন এবং তার ভিত্তিতে আমরা তো কোন সাজেসান দিতে পারতাম। এইরকমভাবে এই প্রস্তাব যদি আনা হত তাহলে ভাল হত, বা আলাপ-আলোচনার মাধ্যমে আমরা একটা নির্দিষ্ট সীমা বেঁধে দিতে পারতাম এবং সর্বসম্মতিক্রমে একটা ভাল প্রস্তাব উপস্থিত করতে পারতাম। আমরা একটা সিলিং বেঁধে দিয়ে সেন্টারের কাছে পাঠাতে পারতাম তাঁরা যে আইন করুন না কেন, তাতে সাধারণ মানুষের মনে হত না যে আমরা ভয় পাচ্ছি, ভেষ্টেড ইন্টারেস্টের বিরুদ্ধে লড়াই করবার জন্য আমরা ভয় পাচ্ছি। সেজন্য নিজেরা আগ বাড়িয়ে সেই সিলিং বেঁধে না দিয়ে যদি আমরা সেন্টারের কাছে পাঠিয়ে দিই যে সেন্টার যা করে আমরা মেনে নিতে বাধ্য হলাম, তাতে মানুষের মনে এইরকম একটা আশংকা হওয়ার সম্ভাবনা আছে। তাই আমি এই কথা বলব আমরা তো একটা নির্দিষ্ট সীমা বেঁধে দিতে পারতাম। গরিবী হঠাও আন্দোলনকে কার্যকরী করতে গেলে আমাদের পাট, চা, তেল, কয়লা এই সমস্ত জাতীয়করণ করতে হবে, এই পদক্ষেপ-গুলি আমরা নিতে যাচ্ছি, ভূমিসংস্কার আইনকে কার্যকরী করতে হবে, এগুলি যদি না করি তাহলে গরিবী হঠাও কর্মসূচী এর বর্তমান রূপায়ন করতে পারব না। শহরে লক্ষ লক্ষ কোটি কোটি কালো টাকা বড় লোকের হাতে আছে, অনেক বাড়ী আছে, এই বিড়লারা গতবারে পাটশিল্পে একশত কোটি টাকা লাভ করেছে, আজকে জুট শিল্পে ষ্ট্রাইক হবে, কারণ সেখানে শ্রমিকরা সেই লাভের অংশ দাবী করেছে। যদি তাদের সেই দাবি পূরণ হয় তাহলে ২০কোটি টাকা তারা পাবে কিন্তু বাকী যে ৮০কোটি টাকা বিনা বাধায় বিড়লারা লুণ্ঠন করল এবং বিনা বাধায় তারা বাংলাদেশের, ভারতবর্ষের বুকে বসে তাদের সেই আদিকালের শোষণ চালিয়ে যাবে আর আমরা এ্যাসেম্বলীতে বসে প্রগতিশীল কথা গরিবী হঠাও বলব তাতে কাজে ও কথার মধ্যে কোন সামঞ্জস্য থাকবে না। এইজন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি এই প্রস্তাব উইথড্র করে নিন, আমরা সকলে মিলে সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব পাশ করি। আমরা বসে আলাপ-আলোচনার মাধ্যমে একটা নির্দিষ্ট সীমা বেঁধে দিয়ে সেন্টারের কাছে পাঠিয়ে দিই, যেমন ব্যাঙ্ক জাতীয়করণ, আরো কয়েকটি প্রগতিশীল প্রস্তাব এবং আইন আমরা এখানে পাশ করেছিলাম। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইমাত্র খবর এল যে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর পাঁচশোর উপর শ্রমিক এখানে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের সঙ্গে দেখা করতে এসেছে। কারণ, সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কতকগুলি রেকমেণ্ডেসান ছিল, সেগুলি না মেনে তাদের অফিসারকুলি রিটায়ার করিয়ে দিচ্ছে, তাদের এ্যালাওয়েন্স বন্ধ করে দিয়ে তাদের উপর চরম জুলুম চালাচ্ছে।

**মিঃ ডেপুটি স্পীকার:** হাউস আপনার কথা শুনেছে, আপনার মেমোরাণ্ডাম পাঠিয়ে দিন, সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে পাঠিয়ে দিচ্ছি।

[5-20—5-30 p.m.]

**ডাঃ শান্তিকুমার দাসগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের রাষ্ট্রমন্ত্রী যে প্রস্তাব এখানে রেখেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন জানাচ্ছি। আমাদেব দল সমাজবাদ প্রতিষ্ঠা করবার জন্য দৃঢ় প্রতিজ্ঞ, আমরা ধীর স্থীর ভাবে লোককে পৌছাতে চাই। কেউ কেউ মনে করেন উৎপাদন ব্যবস্থা রাষ্ট্রায়ত্ব করলেই সমাজবাদ প্রতিষ্ঠা হবে। আমরা সম্পূর্ণভাবে তা মনে করি না। তার কারণ উৎপাদন ব্যবস্থা রাষ্ট্রায়ত্ত করা একটা রাস্তা মাত্র। দলীয় নেতৃত্ব ভোগের পথে চলতে পারে, এবং শ্রেণীহীন হলেও একটা আধা শ্রেণীর জাগাতে পারে যারা ভোগের পথে চলবে। তাই উৎপাদন ব্যবস্থা রাষ্ট্রায়ত্ত করা একটা পদ্ধতি মাত্র চরম কথা নয় সমাজবাদ প্রতিষ্ঠার। আমাদের এই পদ্ধতি নিয়ে পরীক্ষা নিরীক্ষা চলছে। আমরা মিশ্র অর্থনীতিতে অনেক আয় করবার সুযোগ এখনও আছে। কিন্তু আমরা অন্য দিক থেকে আক্রমণ করি এবং সে আক্রমন চলছে, এখানে পুঁজিবাদদের আমরা বিভিন্ন দিক থেকে আক্রমণ করছি। যাতে অনেক অর্থ এবং বিত্ত একসঙ্গে সঞ্চিত হয়ে উঠতে না পারে, যেমন আয়করের ভেতর দিয়ে, মৃত্যুকরের ভেতর দিয়ে সেই সম্পত্তি কমাবার চেষ্টা করার একটা প্রস্তাব, যে প্রস্তাবের মাধ্যমে আমরা মনে করছি যাদের সম্পত্তি বাড়ছে তাদের কমানো যাবে। অর্থাৎ সমাজবাদ প্রতিষ্ঠার জন্য যে নানারকম পদ্ধতি আছে তাতে আমরা লক্ষ্য রাখতে চাই। আজকে যে প্রস্তাব আনা হয়েছে সেটা উপযুক্ত সময়ে এবং প্রয়োজনীয় প্রস্তাব বলে সকলেই স্বীকার করবেন। আমার বন্ধুরা আশাকরি সেটা স্বীকার করবেন। যদিও তাঁরা এখানে সংশোধনী দিয়েছেন, এবং বিধানসভায় দাবী বা অধিকার আছে তাই ভেবে তাঁরা কিছু কিছু সংশোধনী দিয়েছেন, আমি অবশ্য আশা করবো তাঁরা সংশোধনী তুলে নেবেন। একটা জিনিষ হচ্ছে যদি কেন্দ্রীয় সরকারের হাতে এই বিধান তৈরীর সুযোগ তুলে দিতে পারি, তাহলে দু'টা জিনিষ হতে পাবে অন্ততঃ একটা মোটামুটিভাবে সমস্ত ভারতবর্ষে একই ধরণের সীমা বেঁধে দেওয়া, আর দ্বিতীয় হচ্ছে সবচেয়ে বড় কথা যে সমস্ত রাজ্য আমরা জানি পশ্চিমবঙ্গের মত প্রগতিশীল নয়, যে কথা মাননীয়া শ্রীমতি ইলা মিত্র বলেছেন যে পশ্চিমবঙ্গ অনেক এগিয়েছে, তারপর অনেক রাজ্য তাকে অনুসরণ করছে। এতে আত্মপ্রসাদ আছে এবং আমারও সে আত্মপ্রসাদ আছে। তাই আমরা যদি সুযোগ দিই অর্থাৎ কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দিই তাহলে অনেক পেছিয়ে পড়া রাজ্য যাঁরা সীমানা বেঁধে দিতে চায় না তাঁরাও তা করবেন তাদের নির্বাচনের কারণে তাছাড়া ভারতবর্ষের নির্বাচনে রয়েছে তাই সাধারণ মানুষের চাপে পড়ে ঐ কেন্দ্রীয় সরকার যে বিধি তৈরী করে দেবেন সীমা সম্বন্ধে সেটা জানাতে বাধ্য হবেন। যে রাজ্যগুলি এড়িয়ে যাবার চেষ্টা করতো তারা ফাঁপরে পড়বে এ রাস্তায় তারা এ পথে আনবে এটা একটা মস্ত বড় লাভ বলে আমি মনে করি। এই সঙ্গে আমি আর একটা বলবো বিশেষ করে আমাদের প্রধানমন্ত্রী যিনি অত্যন্ত প্রগতিশীল পথে চলেছেন, এবং আমাদের মুখ্যমন্ত্রী তিনি নিশ্চয়ই তাঁর সঙ্গে আলোচনা করবেন ও তাঁকে নিশ্চয়ই স্মরণ করিয়ে দেবেন। তিনি নিজে স্মরণ রেখে এটা স্মরণ করিয়ে দেবেন আমাদের তরফের যে বক্তব্য আছে সেটা, ভূমির যে সীমা আমরা বেঁধে দিয়েছি পল্লী অঞ্চ সেই সীমা সেই ভূমির যে মূল্য সেটার মূল্য কতখানি, তা থেকে উৎপাদন যা হচ্ছে তার উৎপা... কতখানি ছিল, যদি এটার দিকে নজর রাখেন যে সহরের সম্পত্তির সীমা যেন এইভাবে বেঁধে দেওয়া হয়, অর্থাৎ সহরের সম্প্রতি গ্রামের সম্পত্তির তুলনায় তার কত মূল্য, উৎপাদন কত এই দু'টা মিলিয়ে যদি সামঞ্জস্য করা যায় এই কথা যদি তিনি প্রধানমন্ত্রীকে বলতে পারেন অর্থাৎ নিশ্চয়ই প্রধানমন্ত্রীর মনের মধ্যে থাকবে, তাহলে আমার মনে হয় গ্রাম এবং সহরে একই দৃষ্টি থাকবে আর সহরের সম্পত্তি বিক্রয় অথবা হস্তান্তর বন্ধ যাতে হয় সে অনুরোধ জানিয়ে আমি আ... বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণ ভট্টাচার্য্য:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত মার্চ মাসের ৩০ তারিখে আমি এই বিধানসভায় অত্যন্ত জোর দিয়ে বলেছিলাম আমাদের পশ্চিমবাংলায় প্রগতিশীল বিধানসভা শহরের সম্পত্তির সীমা বেঁধে দেবার আইন পাশ করুক এবং ভারতবর্ষের যে দ্রুত সমাজবাদ আসছে তাতে অগ্রদূত হিসাবে ইতিহাসে নাম রাখুক। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু যে amendment এনেছেন আমার মতও সেরকম ছিল। কিন্তু তারপর আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী আমাদের যে কারণ দেখালেন তাতে আমার মত পরিবর্তন হয়েছে এবং আমাদের ভূমিরাজস্বমন্ত্রী যে Immovable urban property বেঁধে দেবার যে resolution এই House-এ এনেছেন তাকে আমি সমর্থন করছি। দেশ স্বাধীন হবার পর আমাদের দেশে গ্রামে যে সমস্ত জমিদার ছিল, রাজাদের যেসমস্ত রাজত্ব ছিল এবং জোতদার ছিল সেগুলির সীমা বেঁধে দেওয়া হয়েছে। আমরা দীর্ঘদিন ধরে শহরে কায়েমীস্বার্থ, পুঁজিবাদ বলতে যেটা বুঝি সেটা সম্বন্ধে আমি কোলকাতা শহরের কথা বলতে পারি একদিকে এখানে যেরকম বুভুক্ষু, মহামারী, মৃত্যুর শব্দ, হাহাকার, দারিদ্র এবং দারিদ্রের জ্বালা আছে, তেমনি আর একদিকে এখানে বাসা বেঁধে আছে কোটি কোটি মালিক, পুঁজিবাদ। ৬৫ সালে আমাদের যে monopoly commission-এর report বের করেছিলেন সেটা সম্বন্ধে কয়েকটি তথ্য মাননীয় সদস্যদের জানাতে চাই। অবশ্য এই সংখ্যা এখন অনেক বেড়ে গেছে। কয়েকটা company-র কথা বলব এবং তাদের assets কতকগুলি বিশেষ House-এর বিত্তশালী মালিকদের মধ্যে যে সীমাবদ্ধ আছে তার পরিমাণ জানাই। বিড়লার ২৯ কোটি ১২ লক্ষ টাকা Birla Co.-র ৬০ কোটি ১০ লক্ষ টাকা। Andrew Yule ৪১ কোটি ৮৯ লক্ষ টাকা, British India Corporation ২৩ কোটি ৭৭লক্ষ টাকা,বাঙ্গুর ৭৭ কোটি ৯১ লক্ষ টাকা,গোয়েঙ্কা ৪৫ কোটি ... লক্ষ টাকা, সিংহানীয়া ৫৯ কোটি ২০ লক্ষ টাকা, সুরজমল নাগরমল ৫৭ কোটি ৫৭ লক্ষ টাকা, ...চেয়ে বেশী এই কোলকাতা শহরে অফিস আছে এই টাটার যাদের হচ্ছে ৪১৭ কোটি ১২ লক্ষ ...। আমি আপনার মাধ্যমে হাউসে জানাই যে শহরের স্থাবর সম্পত্তির সীমা বেঁধে দিতে ...ছে কিন্তু তাতে একটা যে delaying tendency দেখা যাচ্ছে তাতে বিপদ দেখা দিচ্ছে। ...রাজারের যারা কোটি কোটি সম্পত্তির মালিক তারা রাতারাতি Co-operation করে ব্যক্তিগত মালিকানার সম্পত্তিকে বেনামী করার চেষ্টা করছে।

[5-30--5-40 p.m.]

আরবান প্রপারটির উপর সিলিং-এর কথা শুনে আজকে কলকাতা শহরে যেসব কোর্ট-কাছারী আছে, যেখানে দলিল তৈরী হয় সেখানে দ্রুত বেনামী বিক্রীর হিড়িক পড়ে গিয়েছে। কাজেই আমি আপনার মাধ্যমে বলবো পার্লামেন্টে যখন আইন পাশ হবে পশ্চিমবঙ্গের পক্ষে যেন এ প্রস্তাব যায় যে এর ইফেক্ট কোন্ সময় থেকে দেওয়া হবে। আমি এই হাউসে বলবো ১৯৭১ সনের ... থেকে অর্থাৎ এক বছর আগে থেকে এর ইফেক্ট দেওয়া হোক। আজকে বেনামী করছে, কো-অপারেটিভ করে সম্পত্তি লুকিয়ে রাখছে তাদের সে কাজে বাধা দিতে হবে। ব্যক্তিগত ...র জায়গায় পরিবারভিত্তিক ৪৫ বিঘা এনেছি। আজকে একটা বৈপ্লবিক প্রস্তাব এনেছি। আ...র দরকার হচ্ছে না, নিঃশব্দে বিপ্লব ঘটে যাচ্ছে।

সংখ্যা

**...রবিন্দ বরণ দাস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমাজবাদ কায়েমের জন্য সম্পত্তির বৈষম্য ...ণের জন্য যে ঐতিহাসিক প্রস্তাব এই বিধানসভায় আনা হয়েছে আমি সে প্রস্তাবকে পূর্ণ ...জানাচ্ছি এবং স্বাগত জানাচ্ছি। আজকের এই প্রস্তাবের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে বহুদিন ...জাতির জনক মহাত্মা গান্ধীর হরিজন পত্রিকায় লেখা একটা কথিকার কথা আমার মনে পড়ে ...বাপুজী বলছেন, আমাদের যা বর্তমানে প্রয়োজনে লাগে না এমন কিছু যদি আমরা দখল ... মনে হয় সে-ও যেন কাউকে বঞ্চিত করে চুরি করা হয়; আমি মনে করি প্রকৃতি

জননী আমাদের প্রতিদিনের প্রয়োজনের পক্ষে যথেষ্ট দেন। এ নিয়মের ব্যতিক্রম হয় না বলেই আমি বিশ্বাস করি। যদি আমরা প্রত্যেকে আমাদের যেটুকু প্রয়োজন, সেটুকু নিয়েই সন্তুষ্ট থাকতাম তা হলে পৃথিবীতে কারও অভাব হোত না। কেউই খাদ্যাভাবে মরতো না। যতদিন মানুষের মধ্যে সম্পদের তারতম্য থাকবে ততদিন বুঝতে হবে চৌর্যবৃত্তি চলছে।

আজকে চৌর্যবৃত্তি করে আমি যে শহর কলকাতায় মানুষ সেখানে একদল মানুষ বৃহৎ বৃহৎ অট্টালিকা বানিয়েছে এবং সমাজের মধ্যমণি হওয়ার চেষ্টা করছে বা মধ্যমনি হয়ে রয়েছে। সে সম্পত্তির বৈষম্য দূর করার জন্য একটা আইন আনা হয়েছে। এটা সমাজবাদের পক্ষে একটা বৈপ্লবিক পদক্ষেপ, একে স্বাগত জানাই। শহরের মধ্যে যখন বিরাট বিরাট অট্টালিকা দেখি তখন নিশ্চয় মনে মনে খুব আনন্দ পাই বিজ্ঞানের ছাত্র হিসাবে কিন্তু যখন তারই পাশে কয়েক হাত দূরে বস্তীর মানুষের দিকে তাকিয়ে দেখি তখন আতঙ্কের উদ্ভব হয়। মাত্র কয়েকদিন আগে আমি আমার কেন্দ্রের বস্তীর মানুষদের কাছে গিয়েছিলাম, কথা বলছিলাম, অভাব-অভিযোগ শুনছিলাম। চলে আসবার সময় যখন তারা বললো আপনি আমাদের জন্য কি করবেন, আমি বললাম কি করতে পারবো জানি না শুধু যাবার সময় একটা কথা আপনাদের বলে যেতে পারি যে আপনাদের দিকে তাকিয়ে মনে হচ্ছে গতকাল যেন স্বাধীনতা পেয়েছি। গতকাল, স্বাধীনতা ২৫ বছর আগে আসেনি। বুলডজার দিয়ে ধ্বংস করে দিলে বস্তীর যা অবস্থা হয় মনে হয় যেন বস্তীগুলো ২৫বছর পর সেই বুলডজারে ধ্বংস প্রাপ্ত বাড়া দাঁড়িয়ে রয়েছে। তাকিয়ে মনে হচ্ছে সভ্যতা আজকে বহুদূরে তাকিয়ে আছে। স্যার, আপনাকে একটি কথা পরিষ্কারভাবে সবার মধ্যে বলতে চাই আমার মনের কথা আজ থেকে একশ বছর পর যখন বর্তমান শতাব্দীর ইতিহাস রচনা হবে তখন মানুষ ঐতিহাসিকের কোন্ ঘটনাকে প্রাধান্য দেবেন—কেউ হয়তো বলবেন চাঁদে মানুষের যাওয়া এই শতাব্দীর শ্রেষ্ঠতম ঘটনা, কেউ বলবেন শিল্প-সংস্কৃতি ও সভ্যতার বিকাশে এসব কথা শতাব্দীর ইতিহাসের পাতায় স্থান পাবে। কিন্তু আমি জানি এই শতাব্দীর ইতিহাস লিখতে গিয়ে একজন ঐতিহাসিক লিখবেন এই শতাব্দীর একজন মানুষ আর একজন মানুষকে ভাল বাসতে শিখেছিল। এই শতাব্দীতে একজন মানুষ আর একজন মানুষের পাশে আস্থা রাখতে পেরেছিল। তাই এ শতাব্দী পৃথিবীর ইতিহাসে উচ্চ স্থান নিয়ে থাকবে। এরই মাঝে বাধাস্বরূপ হয়ে আছে যে সভ্যতার শত্রু সেই সভ্যতার শত্রুর বিরুদ্ধে বর্তমান সরকার যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি পূর্ণ স্বাগত জানাচ্ছি এবং সমর্থন জানাচ্ছি। আমি আর বেশী কিছু বলেতে চাই না, স্যার, পরিশেষে আবার আমি এই বাংলার যুগ শ্রেষ্ঠ কবির কথা বলে দিয়ে যাই এই দরিদ্র দেশের মানুষের দিকে তাকিয়ে বহুদিন আগে রবীন্দ্রনাথ একটি কথা বলেছিলেন।

স্যার, রবীন্দ্রনাথ বহুদিন আগে বলেছিলেন চিরকালই মানুষের সভ্যতায় একদল অখ্যাত লোক আছে তারাই সংখ্যায় বেশী, তারাই বহন। তাদের মানুষ হবার সময় নেই। দেশের সম্পদে উচ্ছিষ্টে তারা পালিত। সবচেয়ে কম খেয়ে, কম পড়ে, কম শিখে বাকী সকলের পরিচর্য্যা — সকলের চেয়ে বেশী তাদের পরিশ্রম। সকলের চেয়ে বেশী তাদের অসম্মান। কথায় কথায় উপোষে মরে। উপরওয়ালাদের লাথি ঝেঁটা খায়। জীবনযাত্রার জন্য যতটুকু সুযোগ সবকিছু থেকে তারা বঞ্চিত। তারা সভ্যতার পিলসুজ—মাথায় প্রদীপ দিয়ে তারা জ্বালিয়ে উপরের সব আলো, আর তাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে। শ্রীমতি ইন্দিরা গান্ধীর যে কংগ্রেস সেই সঙ্গে কংগ্রেস-এর সঙ্গে আমরা এক বিশাল যুব সমাজ মিলিত হয়ে আমাদের শপথ সমাজবাদ কায়েম করবো। সাধারণ মানুষের গা দিয়ে আর আমরা তেল যেতে দেবো না। আমদের শপথ পবিত্র শপথ। এই কথা বলে আজ আপনাদের বিদায় নিচ্ছি। জয় হিন্দ।

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, twenty-five years ago India attained independence. That had been done by the shedding of blood as per the clarion call of Netaji Subhas Chandra Bose from the fields of Arakan when he said, "Give me blood and I promise you liberty". The people of India then shed their blood and attained their liberty but what after that ? That is the main question. Could the people of India who achieved independence attain economic independence and secure social justice for all ? In Calcutta we see the Hotel International, the Grand Hotel and the Great Eastern Hotel, etc., and they are fine people there who have got absolutely no connection with, and no roots in, the soil of West Bengal We cannot recognise them as belonging to this part of the country. Compared to this, we find there are people, there are boys, there are our sisters, our mothers who are huddled together inside the bustees or inside room where no human beings can possibly live. It is for them that this legislation which will be done after this resolution is passed, is absolutely necessary It is for them—the second class citizens—that Rabindra Nath said—

"নাহি জানে কার দ্বারে দাঁড়াইবে বিচারের আশে
দরিদ্রের ভগবানে বারেক ডাকিয়া দীর্ঘশ্বাসে
মরে সে নীরবে।"

and it is for them that Harold Lasky said, as has been quoted by Shri Siddhartha Shankar Ray in the Rajya Sabha, "We build picture palaces when we need houses We spend on battleships what is wanted for schools. The rich can spend the weekly wage of a workman on a single dinner while the workman cannot send his children adequately fed to school "

Sir, it remains historically obvious that in a community divided into the rich and the poor when the latter are numerous and build upon foundation of stone—and it is this knowledge on our part that we are living upon a foundation which is really built of sand—the destructive movement and that is why we are forced to pass a resolution like this after waiting for at least twenty-five years. It was long overdue, and the most tragic part of the whole thing is that even our Great Mahatma whose disciples we profess to be said that these things will have to be taken up for the benefits of the community as a whole and not for the individuals and that is why he said, "If the national Government comes to the conclusion that step is necessary, no matter what interests are concerned, they will be dispossessed, I might tell you, without any compensation because if we want the State Government to pay compensation, it will have to rob Peter to pay Paul, and that would be impossible." If we go on paying compensation, the haves will remain haves and the have-nots will remain have-nots for years to come That is why the question before us today is not just a resolution The resolution must be a meaningful one, it must carry some sense, it must be effective and to make it effective, I will, Mr Speaker Sir, draw through you the attention of the legislators at the Centre who will [illegible]e a law like this to the progressive laws of various countries which are [illegible]n as anti-parasitic laws. In progressive countries no person is allowed to [illegible] life of parasitic existence. For them there is law—anti-parasitic law [illegible] them the whole question will be whether to pay them compensation or [illegible]ecause if we go on paying compensation, we pay the haves and make them [illegible]r That will be an absurd thing So when this resolution will go, it has to be seen that, what we desire is that those who really need not have any [illegible]ey by way of compensation, should not be given any compensation Take [illegible]nstance the question of the Birlas or the Tatas They should not be given [illegible]le pie. The other thing to which I would, through you, Sir, like to draw [illegible]ntion of the Central Legislators, who will prepare this law, is what will

be floor space which will be allowed to be kept by a person. I can tell you, Sir, that there are countries where only a few square meters are kept only. There are places where each person is given space according to his own need or just a single room is allowed and that is in the Soviet Union. This question of the amount of compensation and the question of adequate floor space must be there and those who have enough must be made to give up their surplus for those who have not anything.

(At this stage the red light was lit and the honourable member having reached his time limit, resumed his seat.)

[ 5-40—5-50 p.m. ]

**Shri Harasankar Bhattacharyya :** Mr. Speaker, Sir, it is very heartening to note that we, all members present here are in complete agreement that there is an immediate necessity of imposing a ceiling on urban property and we are happy to note that there is no disagreement in this House over this issue. Sir, I find that this measure is very much urgent and there are several reasons for this urgency We all know that one of the cardinal principles of socialism is to remove disparity not only between classes or between individuals but also between the rural population and the urban population or between the villages and the towns. This immediate necessity of removing this disparity between the rural economy and the town economy is a very urgent issue in this problem-ridden State like West Bengal. We also have noticed for several years what amount of intense speculation has taken place with regard to land and building in Calcutta. We have noted how poweful is the black money which is operating in speculative business. We have noticed the importance of this black money in the economy in which we live today.

We have to check the influence of black money which has led to speculation to high range. The intense disparity between the mansionholders on the one hand and the pavement-dwellers on the other in this town of Calcutta which we have noticed and this speculation must be checked immediately. Sir, we have also noticed how the savings of the rich are being flown and channelised into unproductive or speculative investments. A country which likes to industrialise itself very rapidly cannot allow such speculation. It must channelise its savings into productive investments and not in the creation of a rentier class, of an unpropuctive class. Sir, we have also seen that huge amount of public investment is taking place today. We know that the C. M D A. and bodies like that are spending lots of money for the improvement of urban areas. But if we do not check private speculation, then the private speculators owning land will immediately start speculating on the benefits of public investment. Therefore, Sir, we all agree that there must be immediately an enactment of this sort putting a ceiling on urban properties

Sir, I feel a little bit sorry, a little bit frustrated, I must say that I could not speak on the Bill itself but I am to speak on a resolution. I would that a Bill is presented here and we talk on the Bill, we analyse the Bill, we give our suggestions as to how such an enactment should be done. In spite of this frustration, in spite of my feeling rather sorry, I venture to place before this House, to the member legislators, who, I am sure, are equally like myself, certain suggestions with regard to the legislation proposed to be done by the Parliament.

Sir, in towns there are various forms of assets and various forms of properties. There are lands and buildings which are called real estate business. There are shares, bonds, Government securities, fixed deposits in Banks, in

money and all that. But in villages no such forms of assets exist in large numbers. Sir, in this resolution we are limiting the proposed enactment only to immovable property and not to the various forms of assets and properties, the different forms in which in this capitalist economy assets and properties can accumulate in private hands. We are not going to limit that but we are going to limit only one form of property, that is, immovable property or what is known as real estate. Sir, actually we do not know how the Bill will be drafted. we do not know actually to what type of property the Parliament will limit this legislation. May I ask you, Mr Speaker, Sir, do we conceive that only land area should be limited, do we conceive that only 10 cottahs or 20 cottahs of land will be the ceiling of urban property ? We do not know what will be the ceiling and whether it will be the value of the land. There might be area of the land or there might be value of the land , there might also be a limitation on land and value together. Therefore, Sir, I cannot speak on the various forms of assets or the various forms of limitations which should be put. There should be a family ceiling and not individual ceiling. Sir, what is the definition of urban area ? Will it include the C M. D. A. area or the Calcutta Municipal area ? We are not very sure of that, and whether there should be any compensation or not—we are not also very sure of that. In my opinion there should be no compensation for this unearned income

Mr. Speaker, Sir, we are not proceeding towards socialism only by this enactment Socialism is something much more different. Yet, some beneficial effects will come out of this legislation. There will be reduction of the rentier class, there will be free channelisation of savings into the productive investments and also the intense housing problem can be solved. Therefore, I would like to speak on all these points, but there is no Bill presented here. I, therefore, suport Mr. Mukherjee's amendment that this House should enact such legislation

**শ্রীশরদিন্দু সামন্ত:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের এই পবিত্র বিধানসভায় যে রিজলিউসনটা আনা হয়েছে শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করবার জন্য আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। আজকে একটা কনফিউসন সৃষ্টি হয়েছে যে আমাদের এই হাউস থেকে সম্পত্তির সীমা নির্ধারণ করা হচ্ছে না কেন? এই কনফিউসন থাকলেও আজকে যাঁরা সংশোধনী এনেছেন আমি তাকে সমর্থন করি না। আজকে ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন যে, আমরা শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করে দেব এবং ভারতবর্ষে যতগুলি রাষ্ট্র আছে প্রত্যেক রাষ্ট্রে সম্পত্তির সীমা নির্ধারণ করা হবে এবং ভবিষ্যতে যদি প্রয়োজন হয় তাহলে এর সংশোধন করা যেতে পারে। আমি এখানে উল্লেখ করতে চাই যে, ল্যাণ্ড এ্যাকুইজিসন এ্যাক্ট যেটা পাশ হয়েছে সেটা ভারতবর্ষের সর্বত্রই প্রযোজ্য এবং ১৯৬৩-'৬৪ সালে পশ্চিমবাংলায় যে ল্যাণ্ড এ্যাকুইজিসন (এ্যামেণ্ডমেণ্ট) এ্যাক্ট পাশ হয়েছিল সেটা বর্গাদারদের স্বার্থেই পাশ করা হয়েছিল। যদি এ সম্বন্ধে আর কিছু করার প্রয়োজন হয় তাহলে আমাদের কেন্দ্রীয় সরকার আছেন, আমাদের প্রধানমন্ত্রী আছেন তাঁদের প্রতি আমাদের আস্থা আছে তাঁরা প্রয়োজন মত ব্যবস্থা অবলম্বন করবেন। আমার বক্তব্য হচ্ছে আজকেই শহরের জমির সীমা নির্ধারণ করা প্রয়োজন এবং এটা আগেই হওয়া উচিত ছিল। তবে এই প্রসঙ্গে আমার একটি বক্তব্য হচ্ছে যাঁরা ভাড়া বাড়ীতে বাস করছেন তাঁদের কথা চিন্তা করে এই সীমা যেন নির্ধারণ করা হয় যখন তাঁদের স্বার্থেই এটা করা হচ্ছে। আর ট্রাষ্ট প্রপার্টি যাঁরা ভোগ করছেন শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করার সময় সেদিকেও নজর রাখবেন একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-08 p.m.]

**শ্রীইজ্রিস আলি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শহরের সম্পত্তির সীমা

and L. ?

নির্ধারণ করার জন্য যে রিজলিউসন এসেছে আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন স্বাধীনতা প্রাপ্তির ১০ বছর পর পশ্চিমবাংলায় এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট পাশ হয়েছে এবং গ্রামের সম্পত্তি নিয়ে পর পর আইন পাশ হয়েছে, ৮।১০টি সংশোধনীও পাশ হয়েছে। আশ্চর্যের বিষয় আজ পর্যন্ত কিন্তু শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করা হয় নি। কখনও কখনও শুনেছি হবে, কিন্তু সেটা আজ পর্যন্ত হয় নি। গ্রামের লোকের ১৮ পুরুষ ধরে যে সম্পত্তি ভোগ করছে তার উপর আইন পাশ হয়েছে, সংশোধনী এসেছে অথচ শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করা হচ্ছে না। এইসব দেখে গ্রামের লোকদের মনে একটা প্রশ্ন জেগেছে যে, শহরে কিছু হচ্ছে না অথচ গ্রামেই সম্পত্তি নিয়ে এত আইন কেবল হচ্ছে কেন? গ্রামের লোকের মনে এই প্রশ্ন জেগেছে যে, শহরে বড় বড় লোকরা বাস করছেন ও জজ ব্যারিষ্টার প্রভৃতি শিক্ষিত লোক বাস করছেন সেইজন্যই শহরের সম্পত্তির উপর হাত দেওয়া হচ্ছেনা, কেবল গ্রামেই হাত দেওয়া হচ্ছে। কিন্তু আজকে যে রিজলিউসন এসেছে তাতে দেখা যাচ্ছে শহরের সম্পত্তির সীমা কেন্দ্র নির্ধারণ করবেন। এটা খুব ভাল কথা। আমাদের ভূমি-রাজস্বমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয় এটা ব্যাখ্যা করে বুঝিয়ে দিয়েছেন যে শহরের সম্পত্তির সীমা নির্ধারণের আইন যদি আমাদের এই ষ্টেটে পাশ করা হয় তাহলে যদি কোন লোকের বিভিন্ন ষ্টেটে সম্পত্তি থাকে সেগুলি এই আইনের আওতায় আসবেনা এবং সেই কারণেই কেন্দ্রের উপর আইন পাশের ভার ছেড়ে দেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে আমি একটা অনুরোধ রাখছি যে, যেমন গ্রামের সম্পত্তিতে প্রজাদের অধিকার স্বীকার করা হয়েছে এবং তার উপর সাব-টেনান্ট অর্থাৎ বর্গাদার বসিয়ে তাদের অধিকার খর্ব করা হয়েছে ঠিক তেমনি শহরের সম্পত্তির সীমা যখন নির্ধারণ করা হবে তখন এই সর্ত থাকা যে শহরে যারা ভাড়াটিয়া হিসেবে আছেন বা অন্য কোন ভাবে উপস্বত্ব উপভোগ করছেন তাদের স্বার্থকে অক্ষুন্ন রেখে আইন পাশ করতে হবে। এর সঙ্গে আরও একটা কথা বলতে চাই, পার্লামেণ্ট যখন আইন পাশ করবে, সেই আইনটা হয়তো—এখন আমরা জানি শ্রীমতী ইন্দিরা গান্ধীর প্রগতিশীল নীতি এবং তার কার্যাকারী ক্ষমতা সম্বন্ধে আমাদের বিন্দুমাত্র সন্দেহ নেই, কিন্তু এমন দিন আসতে পারে যেদিন বা এই সরকার থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সমাজ পরিবর্তনশীল, সমাজে এক ধরনের এক চিন্তাধারা বা যে থাকে না। আজকে হয়তো যে কেন্দ্রীয় সরকার আছে, কালকে তা হয়তো নাও থাকতে পারে। এই আইনের পরিবর্তন করার যখন দরকার হবে, তখন এই ষ্টেটের কোনরকম ক্ষমতা থাকবে কি না, যদি সংবিধান অনুযায়ী বাধা থাকে তাহলে আমি অনুরোধ করবো মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে যে এই ধরণের বাধা নিরসন করার জন্য একটা সর্ত সম্বলিত রেজলিউশন পাশ করা উচিত যে পরবর্তীকালে ষ্টেটের প্রয়োজনে ষ্টেট সংশোধনী আইন পাশ করতে পারেন। প্রয়োজনবোধে আইনকে সংশোধন করা এবং পরিবর্তন করা পরিবর্তনশীল সমাজে অপরিহার্য্য, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই যে জনপ্রিয় সরকার ইন্দিরা গান্ধীর নেতৃত্বে এবং পশ্চিমবাংলায় আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে আজ তারই যিনি মন্ত্রী তিনি যে আজকে একটা প্রস্তাব নিয়ে এসেছেন, এটা আমাদের বহুদিনের আকাংক্ষিত প্রস্তাব। কয়েকদিন আগে আমরা দেখেছি যে গ্রামাঞ্চলে জমির সিলিং বেঁধে দেওয়া হয়েছে। আজকে আমাদের সামনে শহরাঞ্চলের সম্পত্তির সিলিং নির্ধারণের জন্য যে বিলটা এসেছে, সেটাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আজকে আমরা দেখতে পাচ্ছি যে এখনও পর্যন্ত শহরের অনেকেই ১০টি বাড়ীর মালিক। তারা হয়তো এই বাড়ীগুলিকে বিভিন্ন নামে রেখেছেন এবং সেই বাড়ীগুলি থেকে মাসিক আয় হয় ১০ হাজার টাকা। আ-

দেখতে পাই সেখানে সেই ১০ হাজার টাকার যে ট্যাক্স সেই ট্যাক্স থেকে তাঁরা সরকারকে বঞ্চিত করছেন এবং সব সুযোগ সুবিধাগুলো তাঁরা ভোগ করছেন। গ্রামাঞ্চলের মানুষের যে জমি এবং শহরাঞ্চলে যে জমির উপর বাড়ী হচ্ছে, এই দুটো জমির মধ্যে অনেক পার্থক্য আছে। আজকে এই পার্থক্য দূরীকরণের জন্য যে বিল বিধানসভায় উত্থাপিত হয়েছে তাতে আমাদের মনে একটা নতুন আশার সঞ্চার হয়েছে যে বর্তমানে এই জনপ্রিয় সরকার নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এই প্রগতির দিকে প্রত্যেকটি মেহনতী মানুষকে এগিয়ে নিয়ে যাবে। তাছাড়া আমরা দেখেছি যে এই জনপ্রিয় সরকারের যে নীতি, এই নীতির পরিপ্রেক্ষিতে আজ সেখানে কৃষক, শ্রমিক, সাধারন মানুষ উপকৃত হবে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার সামনে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে শহরাঞ্চলে যেসব ঘরবাড়ী তাঁরা নেবেন, সেইগুলো যাতে আজকে যারা বস্তীতে বাস করছে, মানুষ যেখানে আজকে ঘরের মুখ দেখতে পায় না, তাদের বসবাসের জন্য ব্যবস্থা করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। তাছাড়া যেসব বড় বড় বাড়ী নেওয়া হচ্ছে, সেইসব বাড়ীতে যদি আমরা জনসাধারণের কল্যাণের জন্য স্কুল, কলেজ বা হাসপাতাল নির্মাণ করার ব্যবস্থা করি তার ব্যবস্থা যাতে সরকার করেন তাও মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে। আজ তাই গৌরবের দিন এই শহর এবং গ্রামাঞ্চলের জমির যে পার্থক্য ছিল তা দূরীকরণ করবার একটা নতুন আশা নিয়ে যে বিল এই বিধানসভায় উত্থাপিত করা হয়েছে, তাকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 6-00—6-10 p.m. ]

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১১ই এপ্রিল তারিখে মধ্যপ্রদেশ বিধানসভায় একটা বিল পাশ করা হলো। তাতে সহরের স্থাবর সম্পত্তির সীমা সবত্র বেঁধে দেওয়া হল। তার দু'দিন পরে দিল্লী প্রেস কনফারেন্সে মাননীয় প্রধানমন্ত্রী পরিস্কারভাবে বলে দিয়েছেন আমরা পার্লামেন্টে এই সংবিধান সংশোধন করেছি। এবার প্রতিটা রাজ্য তার বিধানসভায় এই বিল পাশ করতে পারে যাতে সহরের স্থাবর সম্পত্তির সবত্র সীমা বেঁধে দেওয়া যায়। তাই আজ এই বিলের বদলে একটা প্রস্তাব আসার জন্য আমরা অনেকটা দুঃখ বোধ করছি। আমরা জানি এই প্রস্তাব আসার অর্থ হয়ত অনেক মূল্যবান সময় নষ্ট হয়ে যায়, এই সময়ের মধ্যে ধনী মানুষের মূল লক্ষ্য পূরণ করার পথে বাধা সৃষ্টি করবে। তারা যথেষ্ট সুযোগ পাবে এবং তারা তাদের এই সীমার বাইরে যে সম্পত্তি যেতে পারে, সেই সম্পত্তি ব্যাঙ্ক, L. I. C. বিভিন্ন Co-operative প্রতিষ্ঠান অথবা ট্রাষ্টি, অথবা ভূয়ো কোম্পানীর মধ্যে হয় হস্তান্তরিত করে ফেলেছে বা করে ফেলবেন। অথচ আমরা জানি এখানে এই বিল আসার পক্ষে কোন অসুবিধা ছিল না। দুটি মাত্র অসুবিধা আসতে পারতো। একটা অসুবিধা হচ্ছে 25th amendent of the Constitution-এ বলেছেন এই যে বিল আসবে, যে আইন হবে, সেই আইন বিধানসভায় পাশ করলেও রাজ্যপাল সেটাতে সম্মতি দিতে পারেন না, যে সম্মতি দেবেন রাষ্ট্রপতি, আমার আশা তাতেও কোন অসুবিধা ছিলনা বর্তমান অবস্থায়। আর একটা অসুবিধার কথা সেটাতে বলা যায় সংখ্যা যদি কোন ষ্টেট এই Act করেন, এবং তারপরে পার্লামেন্টে সেই Act পাশ হয়, তাহলে পার্লামেন্টের Act-টা State-এর Act-এর repugnancy হবে এবং up to that extent repugnancy সেই Act টা inoperative হবে। আমার মনে হয় কোন অবস্থায়ই এই বিল এখানে পাশ করায় অসুবিধা ছিল না। এই কথা কয়টি বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdur Rauf Ansari:** Mr. Deputy Speaker, Sir, I feel happy in supporting the resolution moved by the Minister-in-charge of Land Utilisation, Reforms and L... and Land Revenue Department. Sir, it is a burning subject of the

intelligentsia and the middle class society of the whole country that when the ceiling of land in rural areas has been fixed so also a ceiling on urban immovable property is going to be fixed. Sir, I feel that this move will be an effective instrument in fighting the poverty and it will be a dynamic force in bringing socialism in the country. We all know that the black-marketers are earning tons and tons of money in the country. Their only way to invest in the productive way is just spending money in purchasing land in the urban areas. That is why in the city like Calcutta hundred yards away from this Assembly Hall we find that land is being sold at $1\frac{1}{2}$ lakh rupees per cottah. In this city of Calcutta there are attractive hotels on the Chowringhee Road where millions of rupees are being transacted while in the same footpath the man residing is hankering to cover the body at night with gunny bags whereas men living in the same luxury and attractive hotels are spending thousands of rupees in fighting cold with costly garments and with hot shower.

Mr. Deputy Speaker, Sir, I feel that this country which is ridden with poverty is far from socialism. So, in order to bring socialism, in order to fight poverty, it is very much essential that there must be a ceiling on the land. Sir, you will find that a handful of persons are wasting money by purchasing properties either in Calcutta or in Bombay, in fact in most of the leading cities of India. Sir, now time has changed. The Congress Party has pledged to the people that we are going to remove the poverty from the country and our Prime Minister also has assured the country that we are going to remove poverty from the country and we shall bring socialism. So, I feel that this ceiling on urban property will be a landmark, a very effective measure, a very powerful instrument in bringing socialism. At the same time I would request to take all measure as early as possible—otherwise, these capitalists, they know how to evade taxes, they know how to just keep away from the legislations, may take chances to start selling their properties or may take any other steps. Before they succeed in their attempts to cheat the Government, to cheat the people of the country, it is absolutely necessary to pass the legislation in respect of imposition of ceiling on urban immovable property.

(At this stage the red light was lit.)

I am very sorry, Sir, that I have to stop here. I wanted to say something more on this resolution but I have to obey to your red signal. I wholeheartedly support the resolution and I expect that after the clarification of the Chief Minister, the honourable member, Shri Biswanath Mukherjee will not stand in the way and withdraw his amendment and with one voice, the House will pass the resolution.

**শ্রীসত্য ঘোষাল**ঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এতক্ষণ ধরে এই প্রস্তাবের উপর আলোচনা শুনতে গিয়ে আমার একটা কথা মনে পড়ল রবার্ট ব্রাউনিং লিখেছিলেন God is in His heaven and all is right with the world. সুতরাং All is right with the wo[illegible] are need not pass any resolutiou here. আমাদের এখানে কিছু করবার দরকা[illegible] কেন না স্বর্গে দেবতা আছে আর পৃথিবীতে সব ঠিক আছে। নিশ্চয়ই ইন্দিরা গান্ধীর প্রতি [illegible] রকম অশ্রদ্ধা নেই এবং আমরা এইটা মানতে রাজি নই এইরকম ইঙ্গিত কেন না আমরা য[illegible] কোন সমালোচনা করি সেটা ডাজ নট মিন যে আমাদের অশ্রদ্ধা আছে। ইন্দিরা গান্ধীর প্র[illegible] আমাদের শ্রদ্ধা আছে এবং সে শ্রদ্ধা কারো চেয়ে কম নয়। আর এই একচেটিয়া কারবা[illegible] কেউ নেবেন কেন? আমি যদি বলি এই প্রস্তাবটা এইভাবে না এনে এখানে বিলের আ[illegible] পেশ করা হোক, কেন তাহলে এইকথা মনে করা হবে যে আমাদের অবিশ্বাস ইন্দি[illegible]

প্রতি ? বলা বাহুল্য অবিশ্বাস থেকে এই কথা বলছি না কেন্দ্রের প্রতি বিশ্বাস আছে। তার মানে তো এই হতে পারে না যে আমাদের নিজেদের রাজ্যে আমরা কিছু করব না বা করতে পারবনা বা কোন বিশ্বাস থাকতে পারবে না লজিকে কনভাস করে কোন ট্রুথ হয় না। কাজেই এইরকম কেন মনে করা, যেমন মাননীয় সুকুমারবাবু বললেন আমি লক্ষ্য করেছি, উনি একজনকে বললেন যে এইরকম বিচ্ছিন্নতাকামী মনোভাব, এটা কি, বিচ্ছিন্নতাকামী মনোভাব ! যদি আমরা বলি যে পশ্চিমবঙ্গ বিধানসভায় এই আইন পাশ করা হোক ? আমি তো উল্টো কথা বলতে পারি। গাছগুলিকে নিলেই তো অরণ্য। আপনি যদি শুধু অরণ্যকে দেখেন আর গাছকে না দেখেন তাহলে আপনার গাছ দেখা হবে না অরণ্যই দেখা হবে। আমি যদি বোকার মত একটা একটা গাছ দেখি কেবল তাহলে কোন দিন অরণ্য দেখতে পাবনা। অরণ্যের সৌন্দর্য্য আড়ালে রয়ে যাবে। যেমন পা ফেললেই নাচ হয় না ঠিকই কিন্তু তাই বলে আমি যদি পায়ের দিকেই চেয়ে বসে থাকি পদ-পাত যদি না হয় তাহলে তো আর নৃত্য হবে না। আর যদি পা দেখব না বলে চোখ বুজে থাকি তাহলে নাচ হবে না। অনেকগুলি ফুল থাকে, ফুলগুলি ভাল হলেই তবে মালাটি ভাল হয়। আর আপনি যদি বলেন না আমি পচা ফুল দেব, ভাল ফুল দেবনা তাহলে সুন্দর মালা সুরভিত মন্দার মালিকা তো সম্ভব নয়। আমি যদি সেটা বলতে চাই উনি নিজে বলেছেন ইউনিটি ইন, ডাইভারসিটি। ইউনিটি ইন ডাইভারসিটিই আমরা বলছি। আমরা তো বলছি বিভিন্ন রাজ্যগুলি কয়েকটি প্রস্ফুটিত শতদল। হোক না। শত ফুল বিকশিত হয়ে যাকনা। অনেকগুলি ফুল নিয়ে মালা পরিয়ে দেওয়া হোক না রাষ্ট্রের গলায়, আপত্তিটা কি ? সুতরাং এই কথা কেন মনে করা হবে ? আমি তো উল্টো দিক থেকে মনে করছি. রাজ্যে এইটা আনা হোক না তাতে ক্ষতি কি ? তট আছে বলেই তো নদী তটিনী, যদি তার তীরের বন্ধন না থাকত তাহলে সে হোত বন্যা, আর যদি তাতে তরঙ্গ না থাকত তাহলে সে হতো পল্বল। সেইজন্য নদীর নাম হলো স্রোধবতী।

[6-10—6-20 p.m.]

কিন্তু আমাদের উপর এইরকম অভিসন্ধি আরোপ করেন কেন ? আর এ বিষয়ে কোন বক্তৃতা করার দরকার নেই। সহরের সম্পত্তির সিলিং আমরা আনতে চাই। এখানে রবীন্দ্রনাথকে আনবার আর দরকার নেই—রবীন্দ্রনাথ কেন অনেক নাথই বলেন, চিরকাল বলেছেন। "উপর আকাশে সাজানো তড়িত আলো নিম্নে নিবিড় অতি বর্বর কালো" এবং সেইজন্যই তো "ক্ষুধাতুর ভূরিভোজীদের নিদারুন সংঘাতে" সভ্যতা নামিল পাতালে যখন লুটের ধন জমে উঠেছে তখন বিলম্বিত করবেন না ত্বরান্বিত করুন—গতি ত্বরান্বিত হোক। তাহলে হয়তো ঐ দুলিয়ে বিকট ফনা বাসকীর ফনা দুলে উঠেছে. সেই বিষ নিঃশ্বাসে অগ্নিকনা উচ্ছ্বসিত হতে চলেছে। সেখানে বিলম্ব করবার অবকাশ নাই। এই বিল তাড়াতাড়ি পাশ করা হোক এবং সেটাই হবে প্রগতিশীল কাজ এবং পশ্চিমবাংলার বিধানসভা সেই কাজ করতে পারে। এই প্রগতিশীল বিধানসভায় আমরা এতগুলি লোক রয়েছি—২১৬ আর ৩৫ মিলে ২৫১জন লোক রয়েছি—আমরা এখনই পাশ করতে পারি। তা নাহলে মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি নিশ্চয়ই দেখছেন দূর দেশে ক্লান্ত পাহাড় দেখেছেন। বাইরের থেকে বুঝতে পারা যায় না যে ভেতরের পাথরগুলি সব ব্যথিয়ে উঠেছে এবং হঠাৎ একদিন রাত্রিবেলায় দেখবেন যেন কোন দৈত্যের দুঃস্বপ্নের মত সেই পাথরগুলি গুমরে গুমরে কেঁদে উঠছে আর সেই ভূমিকম্পের টানে সেই পাথরগুলি তলিয়ে গেছে। আমাদের সমাজব্যবস্থা তেমনই সেখানে ভূমিকম্পের সম্ভবনা আছে। সেই অগ্নিগর্ভের সম্ভাবনায় ভরিয়ে আছে। সুতরাং আজকে এতদিন পরে যখন এই বিল আনা হয়েছে তাকে সমর্থন করেন

না এমন কেউ যখন নেই আমরা যখন সবাই তাকে সমর্থন করি অন্তত একটা ধাপ অগ্রগতি হিসাবে এটাকে যখন আমরা সমর্থন করি—কিছুটা আগিয়ে যাওয়া যাবে। নিশ্চয় সমাজতন্ত্র বলে নয়, আমার বন্ধু শঙ্করবাবু বলেছেন এটা সমাজতন্ত্র নয়, এ একধাপ অগ্রগতি। যে কথা আমার নেতা আগের দিন বলেছিলেন যে সবাইকে চাকুরী দিতে পারি না বলে তো কাউকে চাকুরী দেবো না একথা তো হতে পারে না। অতএব সমাজতন্ত্র করতে পারছি না বলে বিলটা করবো না এতো হতে পারে না। সুতরাং যতটা অগ্রগতি হয় নিশ্চয় সেটাকে আমরা সমর্থন করি। কাজেই অগ্রগতি হোক এতো কারও কোন দ্বিমত নাই। সেইজন্য আমি আবার অনুরোধ করবো যে আমাদের নেতা অবশ্য বলেছেন তবুও আমি অনুরোধ করবো যে আর একবার ভেবে দেখুন—আমাদের বিচ্ছিন্নকামী বলে মনে করবেন না। কেন্দ্রের প্রতি অবিশ্বাসী বলে মনে করবেননা, আমরা যথেষ্ট বিশ্বাস রাখি—আপনারা সমস্ত বিশ্বাস নেবেন না। আমাদের জন্যও কিছু বিশ্বাস রাখুন—তাতে ঠকবেন না। সেইজন্য আমি আপনাদের অনুরোধ করবো যে আপনারা আমাদের এতো অবিশ্বাস করছেন কেন। আমরা যখন বলছি যে কোন ষ্টেট লেজিসলেচারের পাওয়ার থাকলে কি অসুবিধা। এই যে একজন মাননীয় বন্ধু বললেন মধ্যপ্রদেশ পাশ করেছে তাহলে এখানে ক্ষতি কী? What Bengal thinks today India thinks tomorrow.

একথা কি মিথ্যা হয়ে যাবে। অন্য দেশ বাংলাকে যে গৌরব দিয়েছিল আজ বাংলাদেশে দেশবন্ধুর দৌহিত্র যখন আমাদের মুখ্যমন্ত্রী তখন সেই গৌরবকে অন্যত্র তুলে দেবার দরকার আছে কি? আজকে আর একবার রিপিটেড হোক না কেন যে What Bengal thinks today India thinks tomorrow.

বাংলা আবার এই আইন করুক না কেন—এই আইন করার ক্ষতি কি আছে। আমি বেশী বক্তৃতা করতে চাই না—আমি এই কথা বলে আমাদের এ্যামেণ্ডমেন্টকে সমর্থন করছি—আপনি আমাদের আর একবার সুযোগ দিন—বাংলার আইনসভায় এটা পাশ হোক—আমরা অনেক প্রগতিশীল আইন পাশ করেছি এই বিধানসভায়। অনেক ইতিহাসের স্বাক্ষর এই বাংলদেশের বিধানসভায় রয়েছে। এখান থেকে এই প্রগতিশীল আইন পাশ করার গৌরব আমরা অর্জন কার না কেন। তাতে কেন্দ্র শক্তিশালী হবে। এবং আমাদের বিশ্বনাথ-দা বলেছেন যে যদি কেন্দ্র অন্যরকম মনে করে তাহলে আমরা মানতে বাধ্য হবো—তা আমরা মেনে নেবো। সুতরাং এই কথা বলে বিশ্বনাথবাবু যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন তাকে সমর্থন করে এই বিলের যে মূল উদ্দেশ্য সেই মূল উদ্দেশ্যকে সমথন করে আমার বক্তব্য শেষ করছি—আশা করি আমার বক্তব্যকে কেউ ভুল বুঝবেন না।

**শ্রীনরেশ চন্দ্র চাকীঃ** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে সমাজে সমাজতন্ত্র প্রতিষ্ঠার প্রয়োজন এবং এই বিশাল ভারতবর্ষের সমস্যা, যে ৫৫ কোটি মানুষ ভুগছেন এই বিশাল দেশে, এই বিশাল সমস্যা আমরা যদি সমাধান করতে না পারি তাহলে অদূর ভবিষ্যতে সমস্ত দেশব্যাপী যে সশস্ত্র বিপ্লব সুরু হবে, যে রক্তাক্ত সংঘর্ষ সুরু হবে, সেই রক্তাক্ত সংঘর্ষে ভারতবর্ষের মুখে যে কালিমা লেখা হবে সে সম্বন্ধে আমাদের নিশ্চয় সচেতন থাকা দরকার এবং সেই বিশাল ভারতবর্ষের এক অংশে শুধু পশ্চিমবঙ্গে যদি আমরা ন্যায় বিচার প্রতিষ্ঠা করি তাহলে সমস্ত ভারতবর্ষের সমস্যা সমাধান হবে না এবং সমস্ত ভারতবর্ষের মধ্যে আর এক প্রান্তে যদি আগুন জ্বলে সেই আগুন থেকে আমরা পশ্চিমবঙ্গবাসী রেহাই পাবো না এটা মনে রাখা প্রয়োজন। এবং সমস্ত ভারতবর্ষের সরকারকে ইনসিষ্ট করুন। ভারতবর্ষের প্রধানমন্ত্রী যিনি সমস্ত পৃথিবীর নিপীড়িত মানুষের বন্ধু, সমস্ত পৃথিবীর শোষিত মানুষের মুক্তির আলো বলে থাকে আমরা

করি, সেই প্রধানমন্ত্রীর হাতে যদি আমরা আমাদের সিদ্ধান্তকে তুলে দিই তাহলে নিশ্চয়ই সমস্ত ভারতবর্ষে একই সঙ্গে ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে এবং সেই উদ্দেশ্য সাধন করবার জন্য যে বিল আজকে উত্থাপিত হয়েছে সেই বিলকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি, যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং সেই সঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়, মাননীয় উত্থাপক মহাশয় ও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কয়েকটি জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রস্তাব থেকে বিল পাশ হওয়া অবধি সময় পর্যন্ত আমরা পরিষ্কারভাবে দেখবো এই সব অর্থের চূড়ামনীরা যারা মানুষদের বঞ্চিত করে নিজেদের সম্পদের অধীশ্বর হয়েছেন, সম্পদের সীমা বাড়িয়েছেন, অর্থের সীমা বাড়িয়েছেন তারা যেন এই সময়ের মধ্যে তাদের সম্পত্তি কর্পোরেশন করে, কোম্পানী করে, বিক্রী করে, ব্যাঙ্ক ব্যালেন্স করে আমাদের বিলের উদ্দেশ্যকে ব্যর্থ করে না দিতে পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখবার জন্য মুখ্যমন্ত্রী যেন প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। আমি আরো বলতে চাই সেই সঙ্গে যেন আমাদের মুখ্যমন্ত্রী, উত্থাপক মহাশয় যেন প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন গ্রামাঞ্চলে যে সীমা নির্ধারণ করে দেওয়া হয়েছে পার্টি দ্বারা আর সামঞ্জস্য রেখে সহরের সম্পত্তির যেন সীমা নির্দ্ধারণ করা হয়, তা না হলে সহরের লোকের সঙ্গে গ্রামাঞ্চলের লোকের মধ্যে একটা ভুল বোঝাবুঝি, সংঘর্ষের সৃষ্টি হতে পারে। আর একটি বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, একই লোকের সহরে সম্পত্তি আছে এবং গ্রামেও সম্পত্তি আছে। গ্রামে সিলিং এ সম্পত্তি রাখবে, শহরের সম্পত্তি সিলিং-এর সীমার মধ্যে রাখবে, এই ব্যবধান যেন কোনরকমে না হয় সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যার গ্রামে ১০০ বিঘা জমি আছে, ৫০ বিঘা জমি রেখে তাকে বাকিটা ছেড়ে দিতে হল, ঐ একই লোক সম পরিমাণ সম্পত্তি দুটি সিলিং-এর জন্য দু'জায়গাতেই সম্পত্তি রাখল এটা নিশ্চয়ই ন্যায় বিচারের পরিপ্রেক্ষিতে বিচার হওয়া উচিত সেদিকেও আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন আমাদের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রীকে বলেন শুধু সহরের সম্পত্তির সিলিং করে নয়, ব্যাঙ্কে যে ব্যাঙ্ক ব্যালেন্স আছে তারও সিলিং ঘোষণা করতে হবে এবং ব্যাঙ্কে ব্যাঙ্ক ব্যালেন্স জমিয়ে রেখে আমাদের আইনকে ফাঁকি দিয়ে এইসব ধন-চূড়ামনী বড় লোকেরা যেন তাদের সম্পত্তি আর বাড়াতে না পারে সেদিকে লক্ষ্য রাখেন এবং শুধু ব্যাঙ্ক ব্যালেন্সের উপর নয়, গোল্ডের উপরও সিলিং করবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। ব্যাঙ্ক ব্যালেন্স, গোল্ড সিলিং নির্দ্ধারণ করার পরে এই আইন যাতে ফাঁকি দিতে না পারে সেদিকেও যেন মাননীয় মন্ত্রিমহাশয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। আমরা ভূমিসংস্কার আইন করেছি, কিন্তু দেখতে পাচ্ছি অনেক মন্ত্রী, অনেক সদস্য, অনেক সরকারী কর্মচারী সেই আইনকে ফাঁকি দিয়ে অনেক বেশী সম্পত্তি রেখে দিয়েছেন। আমি তাই এই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে অনুরোধ করছি যদি আমাদের মন্ত্রীদের মধ্যে কারো সহরের সম্পত্তির সীমার অনেক বেশী সম্পত্তি থেকে থাকে, যদি কোন মাননীয় সদস্যের সহরের সম্পত্তির সীমার অনেক বেশী সম্পত্তি থেকে থাকে, যদি কোন সরকারী কর্মচারীর সীমার বেশী সম্পত্তি থেকে থাকে তাহলে তাঁদের কাছে আমি সাদর আহ্বান নাচ্ছি যে আসুন আমরা এই উদাহরণ সৃষ্টি করি যে হোয়াট বেঙ্গল থিঙ্কস টুডে ইণ্ডিয়া থিংকস্ না, এই সত্য আবার প্রতিষ্ঠিত করার জন্য আপনাদের সম্পত্তি স্বেচ্ছায় কিছু কিছু ছেড়ে দিয়ে কারের হাতে তুলে দিন এবং তুলে দিয়ে আমাদের এই সত্যকে প্রতিষ্ঠিত করুন এবং যে উদ্দেশ্য নয়ে এই বিল আনা হয়েছে সেই উদ্দেশ্যের অনুকূল আবহাওয়া তৈরী করুন, এই আহ্বান রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** এই মোশান আলোচনা করবার জন্য যে দু'ঘণ্টা সময় নির্ধারিত ছিল তা প্রায় শেষ হতে চলেছে, কিন্তু এখন কয়েকজন স্পীকার বাকি রয়েছেন। সেইজন্য

আমি এই হাউসের সেন্স চাইছি যে আরো টাইম বাড়িয়ে দেব কি না। According to Rule 290 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, "the Speaker may after taking the sense of the House increase the time not exceeding one hour when any motion being moved".

[6-20—6-30p.m.]

**শ্রীভবানী প্রসাদ সিংহরায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমিসংস্কার ও ভূমি সদ্ব্যবহার এর মন্ত্রীদ্বয় যে প্রস্তাব এখানে রেখেছেন তাকে আমি সমর্থন করছি। আলোচনা শুনলাম। আলোচনা শুনতে শুনতে মনে হচ্ছিল যে এই প্রস্তাবের বিরুদ্ধে কেউ নন, যদি আমরা এই বিধানসভা থেকে একটা আইন পাশ করি, সেইরকম মনোভাব গড়ে উঠেছে। একটা সংবিধানগত প্রশ্ন উঠেছে। সংবিধানগত প্রশ্নের ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় যে কথা বলেছেন তার পরিপ্রেক্ষিতে ভূমিসংস্কার করা, ভূমি গ্রহণ করা এবং আরবান সিলিং ঠিক করে এগুলি যে জটিলতার মধ্যে এসেছে, আমার যে অভিজ্ঞতা আছে তাতে এসমস্ত জটিল অবস্থা নিরসণের ব্যবস্থা হতে পারে যদি কেন্দ্রীয় আইনসভা সেখানে তাঁরা দায়িত্ব নেন, বিশেষ করে আজকে সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেভাবে ভূমিসংস্কার করার উপর আইন পাশ করা হয়েছে সেখানে ভূমিসংস্কার যাদের জন্য এবং ভূমিসংস্কার যে উদ্দেশ্য তার মধ্যে তফাত থাকছে, পার্থক্য থাকছে। সেজন্য ভূমিসংস্কার আইন বিভিন্ন রাজ্যে গ্রহণ করা সত্ত্বেও আজকে সেই সেই রাজ্যে প্রশ্ন উঠেছে এবং আজকে আমাদের এখানেও সেই প্রশ্ন উঠেছে। দ্বিতীয় কথা হচ্ছে, আজকে একথা ভাবা দরকার আছে যে কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে সারা ভারতবর্ষের বিভিন্ন শহরে সম্পত্তি রেখে শুধু মাত্র একটি রাজ্যের কথা ভেবে এইরকম আইন পাশ করা যাবে কি না? সর্বশেষে সংবিধানগত যে প্রশ্ন সেই প্রশ্নের যে clarification সেই clarification-এ যদি রাজ্যে এবং কেন্দ্রে দুটো আইনসভাকে একই ধরনের উদ্দেশ্যে আইন পাশ করে তাহলে সেখানে কেন্দ্রীয় আইনসভার যে আইন সেই আইনকে মেনে নিতে হবে এবং শুধু এইটুকুই নয়, যদি রাজ্যের আইনের সঙ্গে তার সম্বন্ধ থাকে তার কমন লেজিসলেশন যেগুলি সেগুলি মেনে নিতে হবে। তা যদি থাকে তাহলে আমরা জটিলতার মধ্যে যাচ্ছি কেন? কোন কোন সদস্য মনে করেছেন যে সময়টা বাড়বে। যদি এটাই বিতর্কের ইস্যু হয় তাহলে এদিক থেকেও নূতন বিতর্কের সৃষ্টি হতে পারে এবং সময় বাড়তে পারে। তাই আমি একটা কথা বলতে পারি, শ্রদ্ধেয় বিশ্বনাথবাবুর কথা, এবং আরো অনেকে যে কথা বলেছেন যে, আজকে যে আইন আমরা চাইছি এবং যে আইনের দ্রুত রূপ দিতে চাইছি সেটা দ্রুততর করার জন্য অন্ততঃ এই আইনসভা থেকে একটা অনুরোধ প্রস্তাব কেন্দ্রীয় Parliment-এ দেওয়া উচিৎ এবং সেই সময় বেঁধে দেওয়া উচিৎ যে অত্যন্ত দ্রুততার সঙ্গে এই আইন পাশ করা হোক। সেই সঙ্গে একটি কথা আপনার মাধ্যমে বলবো, সেটা হচ্ছে যে, আমাদের দীপ্তিবাবু অবশ্য সেটা পরিষ্কারভাবে এখানে রাখতে চেষ্টা করেছেন, আমি সেটা সমর্থন করছি এবং একথা অনেক সদস্য এখানে রাখতে করেছেন এবং ডাঃ দাসগুপ্তও বলেছেন, সেটা হচ্ছে আরবান সিলিং-এর কথা। এই সিলিং-এর কথার ফাঁক দিয়ে গ্রামের জমির যে মূল্য সেই মূল্যের সঙ্গে শহরের জমির যে মূল্যের তফাৎ এই রকম কথাবার্তা যা শুনছি, Model আমার কাছে আসেনি, তবে যা কিছু শুনেছি বা জেনেছি তাতে এইরকম তফাৎ যেন না হয়। এইরকম তফাৎ যদি করা হয় তাহলে গ্রামবাংলার মানুষের কাছে প্রশ্ন রয়েছে দুটো নাগরিকত্বের প্রশ্ন তুলেছেন, গ্রামের মানুষ দ্বিতীয় নাগরিকত্বের প্রশ্ন

তুলেছেন। এই প্রশ্নটা টিকে থাকবে, জিইয়ে থাকবে। একথা পরিষ্কারভাবে ঘোষণা করতে হবে এবং এই আইনসভায় আলোচনা করতে হবে, আজকে বলতে হবে যে শহরে যাঁরা বাস করেন তাঁর যে সম্পত্তি সে সম্পত্তি যেভাবেই অর্জিত হোক না কেন সেই প্রসঙ্গে যেতে চাইছি না সেই সম্পত্তির মূল্যমানের সঙ্গে গ্রামের যে সম্পত্তি তার মূল্যমান যেন একটা নিক্তিতে ওজন করা হয়, এটা যেন দুইরকম না হয়, এই কথা আপনার মাধ্যমে এখানে রাখতে চাইছি।

তৃতীয়ত, অনেকে বলতে চেষ্টা করেছেন আমার খুব ভালো লেগেছিল, আমার বন্ধু সত্যবাবুর কথা খুব মনোযোগ দিয়ে শুনলাম, খুব ভালো লাগলো, আমাদের মধ্যে কোনরকম সংশয় এবং সন্দেহ নেই যে আমাদের সি. পি. আই. বন্ধুরা তারা ইন্দিরা গান্ধীর প্রতি আস্থাহীন কিম্বা কেন্দ্রের বা পার্লামেন্টের প্রতি আস্থাহীন একথা আমরা কোন ক্ষেত্রেই মনে করছি না, আর ওঁরাও মনে করছেন না। যদি কোনরকম মনে করার অবকাশ ঘটে থাকে এই আইনসভার মধ্যে -- আমার মনে হয় সেরকম অবকাশ ঘটেনি, আমাদের যে আলোচনা সেই আলোচনার মধ্যে এটুকু শুধু বলতে পারি, এখানে কোন কোন দলের সদস্য বা সদস্যা বা সেই পার্টির পক্ষ থেকে প্রস্তাব উঠেছিল সেই কথাটা আরবান সিলিং-এর জন্য নয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে জানাতে চাই এই ভারতীয় জাতীয় কংগ্রেসের ১৯৬৭ সালে তার ১০দফা যে কর্মসূচী সেই কর্মসূচীর মধ্যে এই কর্মসূচী ছিল। সেই কর্মসূচী হচ্ছে, শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করে দেওয়া। যদি কোন সদস্য বা কোন রাজ্যের বিধানসভা বা কোন দলের সদস্য বা সদস্যা তিনি এই প্রস্তাব পরবর্তীকালে এনে থাকেন সেটা অত্যন্ত ধন্যবাদার্হ। কিন্তু একথা পরিষ্কার যে ১০ দফা কর্মসূচীর ভিত্তিতে আমাদের কংগ্রেসকে নতুন করে তৈরি করেছেন আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী। যে চিন্তা হয়েছিল, ১৯৬৭ সালে নির্বাচনের পর এবং তার পরবর্তীকালে সেটা একটা জায়গায় উপস্থাপিত হয়েছিল একথা ভাববার কোন অবকাশ নেই। আমরা চিন্তা করেছি এবং কংগ্রেসের সবস্তরের কর্মীরা একথা চিন্তা করেছেন। একথা বলে আপনি আমাকে বলবার সুযোগ দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে বিধানসভায় যে প্রস্তাব শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করার জন্য এসেছে এই প্রস্তাবকে আমি আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন জানাই। আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন জানাই এই কারণে যে এই প্রস্তাবকে ঐতিহাসিক এবং বৈপ্লবিক বলে আমি মনে করি। স্যার, সি. পি. এম.-এর বন্ধুরা আজ অপজিসানে বসে নেই, থাকলে তাঁরা দেখতে পেতেন যে আমরা এই পরিষদায় গণতন্ত্রের মাধ্যমে আমাদের দেশে বিপ্লব আনতে চাই। আমরা রক্তাক্ত বিপ্লবে কোনসময় বিশ্বাসী নাই। অহিংসা পন্থায় সমাজতন্ত্রের দিকে দেশকে এগিয়ে নিয়ে যাবার যে বিপ্লব তা আমরা করছি তাঁরা থাকলে তা দেখতে পেতেন। আর আজ যে প্রস্তাব আনা হয়েছে তাতে আমাদের সেই বিপ্লব সাধিত হবে বলেই আমি মনে করি। স্যার, বর্তমান গ্রামবাংলার দিকে যদি আমরা তাকাই তাহলে দেখতে পাবো জমির সিলিং বা হয়েছে। তাতে শহরের লোকের প্রতি গ্রামের লোকের একটা ঈর্ষা ছিল। আমরা যখন আকসানের সময় গ্রামে গ্রামে ঘুরেছি তখন গ্রামের লোকের কাছে আমাদের কৈফিয়ৎ দিতে হয়েছে। তাঁরা বলেছেন, আপনারা শুধু গ্রামের জমির উপর সিলিং করেছেন কিন্তু শহরের সম্পত্তির সীমার ব্যাপারে আপনারা কি করছেন? আমি আজ আনন্দিত এই জন্য যে গ্রামে গেলে তাদের বলতে পারবো যে আমরা শহরের সম্পত্তির সীমা বেঁধে দিয়েছি বা তাদের সম্পত্তির যে সীমারেখা সেটা আমরা টেনে দিয়েছি। স্যার, গ্রামের লোক আজ যদি শহরে আসে তাহলে শহরের চাকচিক্য, গাড়ী, বাড়ী দেখে তার চোখ ধাঁধিয়ে যায়। তা দেখে স্বভাবতই তাদের

ঈর্ষা হয়। তারা মনে করে শহরে যেসমস্ত ব্যক্তিরা আছেন তাঁরা স্বর্গের নন্দনকাননে বাস করেন, আর আমরা মফঃস্বলে যারা বাস করি আমাদের ঘরের চাল নেই। ভাঙ্গা চালের ঘরে শুয়ে শুয়ে তারা যে জ্যোৎস্নার আলো উপভোগ করেন তাতেই তাদের আনন্দ।

[ 6-30—6-40 p.m. ]

আমরা মনে করি এই ঈর্ষার মূল কারণ হচ্ছে ধন-বৈষম্য। শহরে যে সম্পত্তি, ধন বাঁধা আছে এর সীমা যদি নির্ধারণ করে দিতে পারি তাহলে গরীব গ্রামবাংলার জনসাধারণের, কুলি মজুরের অর্থনৈতিক উন্নয়ন সাধিত হবে এবং তারা নিশ্চয়ই সুযোগ-সুবিধা ভোগ করতে পারবে। আমি মনে করি যে শুধু শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করে দিলে চলবে না, কলকারখানার মালিকদের, চা-বাগিচার মালিকদের সম্পত্তি রাষ্ট্রায়ত্ত করা দরকার এবং এগুলি যদি রাষ্ট্রায়ত্ত না করা যায় তাহলে সেইসব জায়গায় প্রচুর পরিমাণে ধন জমা হয়ে থাকবে। এই ধন-বৈষম্য যদি দূর করতে না পারি তাহলে আমরা যে সমাজতন্ত্রের পথে দেশকে এগিয়ে নিয়ে যেতে চাচ্ছি সেই উদ্দেশ্য সাধিত হবে না। সেজন্য আমরা মনে করি শুধু শহরের সম্পত্তির সিলিং নয় পরবর্তীকালে কলকারখানা, চা-বাগিচা, কয়লাখনি সমস্ত কিছু রাষ্ট্রায়ত্ত করব এবং আমাদের যে ধন-বৈষম্য আছে তা দূর করব এবং দেশকে সমাজতন্ত্রের পথে এগিয়ে নিয়ে যাব এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই যে প্রস্তাব ভূমি রাজস্বমন্ত্রী এনেছেন আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। কারণ, এই প্রস্তাব দেশের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ক্ষেত্রে একটা সুনির্দিষ্ট পদক্ষেপ বলে আমি বিশ্বাস করি। ইতিহাসের চৌমাথায় দাঁড়িয়ে আমরা অনেক দ্বিধা, সঙ্কোচ, অনেক চিন্তা ভাবনা করেছি কিন্তু আজকে যে সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণ করেছি সেটা হচ্ছে গ্রামবাংলার মত শহরেরও সম্পত্তির সীমা নির্ধারণ করতে হবে। আমরা দেখেছি—

ঐ যে দাঁড়ায়ে নত শির
ম্লান মুখে লেখা শুধু
শত শতাব্দীর বেদনার
করুণ কাহিনী।

একদল ঐ গ্রামাঞ্চলের দারিদ্র্যকে অপমান করে গ্রামাঞ্চলের সম্পদকে শোষণ করে শহরে ভোগ সম্পদ স্ফীত করেছে, শ্যাম্পেন আর হুইস্কির ফোয়ারা ছুটিয়ে এই শহরের বিলাস বাহুল্যকে বিশ্বের দরবারে একটা উপহাসের বস্তু করে তুলেছে, আর একদিকে আর একদল গ্রামাঞ্চলের দিনের পর দিন এক ফোঁটা জলের অভাবে শুকিয়ে মরছে, তাদের মাঠের ফসল সেচের অভাবে ফলছে না। আমরা দেখেছি শহরের ঔজ্জ্বল্য এবং চাকচিক্য গ্রামাঞ্চলের দারিদ্র্যকে আরো লজ্জা দিয়েছে। আমরা দ্বিধা করেছি, ভেবেছি শহরের সম্পদশালী লোকের গায়ে কি হাত দেওয়া যাবে? আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধী যে আহ্বান জানিয়েছেন দেশের দারিদ্র্যকে হঠাবার জন্য পশ্চিমবঙ্গ সরকার সেই আহ্বানে সাড়া দিয়ে শহরের সম্পত্তির সীমা নির্ধারণ করার জন্য এগিয়ে এসেছেন। আজ এই প্রস্তাবকে সমর্থন করার সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই যে আমরা কি এখনও দ্বিধায় ভুগব, আমরা কি এখনও আত্মবিশ্বাস সম্পূর্ণ অর্জন করতে পারিনি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশবন্ধু চিত্তরঞ্জনের কথা আমরা জানি, আমরা জানি রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথের কথা, আমরা জানি অনেক দিকপাল মহানায়কের কথা যাঁরা পশ্চিমবঙ্গের বুকে জন্ম গ্রহণ করেছেন এবং এই বিধানসভাকে সচকিত করে তুলেছিলেন। আজকে দেশবন্ধু চিত্তরঞ্জনের দৌহিত্র শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় আমাদের

মুখ্যমন্ত্রী, তাঁর মধ্যে কি দ্বিধা এসেছে শহরের সম্পত্তির সীমা নিধারণ করার জন্য? এরজন্য যে বলিষ্ঠ পদক্ষেপ দরকার আমার মনে করি তাঁর মধ্যে সেই বলিষ্ঠতা আছে এবং সেটা তিনি বিভিন্ন ক্ষেত্রে প্রমাণ করেছেন। তাহলে তিনি কেন দ্বিধা করছেন? আজকে যে যুগের আহ্বান, কালের আহ্বান সেই আহ্বানকে সম্পূর্ণ রূপায়িত করতে নিজেদের ঘাড়ে সমস্ত দায়িত্ব নেবার জন্য, গৌরব নেবার জন্য বিধানসভার মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁরা কি এই কাজ করতে পারতেন না? দ্বিধায় ভুগছেন কি আমাদের বিধানসভার সদস্যবৃন্দ? কিন্তু আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে ইউনিফর্মিটি। শহরে বেশীর ভাগ একটা সমতা, সমস্ত রাজ্যে একটা নির্দিষ্ট হারে নির্দিষ্ট মানে যে সিলিং নির্ধারিত হবে একথা ঠিক। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয়কে যে মহারাষ্ট্রের সম্পদ আর পশ্চিমবাংলার সম্পদ এক নয়। উড়িষ্যার সম্পদ আর পাঞ্জাবের সম্পদ এক নয়। সেই সম্পদের সিলিং একটা দেশের সম্পদের উপর নির্ভর করে। আমি একটা ছোট কবিতা এখানে বলছি

মাধব বহুতঃ,
মিনতি করিতোয
দেই তুলসি তিল
দেহ সঁমপিলু
দয়া জো হু
ছোড়বি মোয

আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আত্মসমর্পণ করছি ঠিকই। কিন্তু আমরা আশা করতে পারি যাতে ঠিকমত বিচার হয়। আমাদের ন্যায্য যে অধিকার সেটা যেন পাই। রাজ্যের যে সম্পদ আছে সম্পদ সীমা বাড়াব দিকে নজর রেখে যেন তা বিবেচনা করা হয় যাতে আমাদের পশ্চিমবাংলা এগিয়ে যেতে পারে। আমি মুখ্যমন্ত্রী ও ভূমি রাজস্ব মন্ত্রীকে এ বিষয়ে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sankar Ghose**: Sir, I rise to support the Resolution before the House. This is a historic Resolution and it is very gratifying to see that the entire House has supported this Resolution. In passing this Resolution we are proceeding logically. Having passed a Bill for imposing a ceiling on agricultural land, it is in the fitness of things that we pass a Resolution for imposing a ceiling on urban property. This will do justice between the rural sector and the urban sector. The social justice that we contemplate must not create any imbalance between the rural sector and the urban sector.

Under this Bill we want to give power to the Centre to pass the necessary legislation. We have seen the various socio-economic measures which the Central Government have already taken. When we give power to the Centre it is not because we do not have faith in ourselves but because we want to take the path which will be for the well-being of all.

The measure that we recomend to the House is that there should be a Central legislation in order that we may have not piecemeal socialism but an all-India socialism. If we have a State legislation there will be scope for evasion. As you all know, big monopoly houses are in the city and they can distribute their properties in various States. We must have an all-India ceiling and it is for this reason it is essential that a Central legislation should be passed.

In a matter like this, namely, in its matter of the introducing socialism there is no question of any confrontation between the States and the Centre;

because the Centre have passed which have become milestones in India's quest for establishing socialism. We have found that the Centre have nationalised Banks, have abolished privy purses and have changed the Constitution to make it a living document.

This is a Bill which will transform our political democracy into socialistic democracy. Criticism of political democracy has always been that it is unable to change the property relations. But we seek to establish through a measure like this that representative institutions are powerful enough, are potent enough to transform political democracy into a socialistic democracy.

[6-40—6-50 p.m.]

The political democracy that we have got gives us power to effect socio-economic changes, gives us power to effect changes in property relations. Now, we want to give power to the Centre because of the faith that the ruling party in the Centre is wedded to the policy of the imposition of urban ceiling. This policy has been agitated in the Congress for a long time. In 1962 this proposal was mooted In 1964 at Guntur some Congressmen said that there should be an urban ceiling. Then again, in the 10-point programme of the Congress in 1967 the item regarding imposition of urban ceiling was included. Eventually in our 1971 election manifesto this was one of the items.

In passing a resolution like this we redeem our pledge to the people. In passing a measure like this we show that our political democracy is powerful enough to effect changes peacefully, that our Constitution can implement the Directive Principles, that is to say, ensure that there will be no concentration of economic power whether in the urban sector or in the rural sector.

Our Constitution is not a document which is to be rejected lock, stock and barrel, but it is a living document. It is not a static document. It is a document which expresses the aspirations of the people and through this document socio-economic changes can be effected. It is for this reason that this measure is a historic measure. It is a revolutionary measure because it changes the economic structure of society peacefully. Thereby, it makes political democracy stable.

In West Bengal we have seen that extremist views and extremist ideologies gained ground because political democracy could not deliver the goods. But it has been established now, particularly it has been established by the efforts of the Prime Minister, that through political democracy economic changes are possible.

Today we live in a time when change is inevitable. The only question is how to bring about the changes. It has been established that these changes can be brought about peacefully through the Constitutional machinery, through revolution in the legislative field and not by any revolution in the streets. If we can pass a measure like this and give power to the Centre change the property relations, give power to the Centre to decrease the concentration of property in the urban sector, then we can effect socio-economic changes and we can establish that our democracy can be transformed into a social and economic democracy. That is the great challenge of the time. It is gratifying to see that this House has taken up this challenge.

People have given us power and people have voted the members of this House to power because they have a lot of faith in peaceful means. They wanted peace and they wanted progress. Because of the bitter experience that they have gone through during the last 4 or 5 years they consider it essential that changes are effected peacefully through the constitutional machinery, through the legal machinery. Now we have got, through a measure like

this, the power to effect changes in our society, to restructure our society, to refashion our policy through the constitutional machinery. It is a matter of rejoicing that we have a Resolution of this nature.

Some criticism has been made as to why we do not pass an Act here in this House itself. We could pass such an Act but on that our Chief Minister has explained the complications that may arise and the necessity of having an all-India legislation, the necessity that we should not have piecemeal socialism but an all-India socialism. Now the land tenure systems in the differnt parts of the country as different and the land tenure systems being different the agricultural ceilings that we have in different states can be different. But so far as urban property is concerned, urban property is owned by people who own property in diverse States, unlike generally in the case of agricultural land. This is the basic difference so far as agricultural land and urban property are concerned. Urban property is owned by big people who have property in diverse States, unlike agricultural property and, therefore, in the case of agriculture when there are different systems of land tenure and when the property of a person is mainly located in one particular State there can be a local ceiling. But so far as urban property is concerned there has to be a national ceiling, otherwise there will be evasion, there will be circumvention of the law. A person can satisfy a ceiling in a particular State but if in another State there is no ceiling then he can circumvent the law.

Therefore, I commend to the House the proposal of the Chief Minister that we must give the power to the Centre and the reason that the Chief Minister has given I hope, has satisfied the House. I support the resolution and I say, that in passing this resolution we shall be redeeming our pledge to the people. In passing this resolution the Congress Party which had supported the measure of this nature in 1967 at New Delhi and then in 1971 in its election manifesto, is redeeming its pledge to the people.

I hope that the resolution we may pass would be unanimous. In passing such a resolution we will be giving effect to the socialistic dream of Deshbandhu Chittaranjan Das and Netaji Subhas Chandra Bose, a dream of socialism to which later Jawaharlal Nehru had given a political shape and now the dream is being realized under the leadership of our Prime Minister, Indira Gandhi.

Because of the abundant faith we have got in the Centre and because of complication that may arise if local enactments are passed, I recommend to the House that we pass this resolution calling upon the Centre to enact a proper legislation, an All-India Bill. To avoid evesion and circumvention, it is desirable that the Centre should be given the power. With these words I commend this resolution for acceptance of the House

**ডাঃ জয়নাল আবেদীন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত ৫ই এপ্রিল সংবিধানের উপর আমরা যে রিজলিউশন নিয়েছিলাম সেদিন আমি বলেছিলাম যে, যে রিজলিউশান আমাদের এই সভায় গ্রহণ করছি এটা একটা উন্মোচন বা দরজা খুলে দেওয়া মাত্র এবং সেদিন যে আগল খুলে দেওয়া হয়েছিল আজকে আমরা দেখছি একের পর এক প্রগতিশীল আইন বিধানসভায় সংখ্যা ছে এবং দেশের মানুষের কল্যাণের জন্য আইন পাশ হচ্ছে। রবীন্দ্রনাথ বলেছিলেন, পশ্চিমে আজি খুলিয়াছে দ্বার। আজ আমি বলি, সংবিধানে আজি খুলিয়াছে দ্বার সেথা হতে সবে আনে উপহার। আমাদের বিশ্বনাথবাবু দুটি পয়েণ্টে এই রিজলিউশনের একটু সমালোচনা করেছেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পরিষ্কারভাষায় সংবিধানের অবস্থা বলেছেন। ভূমিসংস্কার আইনের মতো না করে কেন পার্লামেণ্টের হাতে দেওয়ার এই পরিকল্পনা কেন এই প্রশ্ন তিনি তুলেছেন। আমি নিজে মনে করি ভূমিসংস্কার আইন সর্বভারতীয় আইন এবং পার্লামেণ্ট প্রণীত আইন হতে

তাহলে ভাল হতো। আজ ভূমিসংস্কারে পশ্চিমবঙ্গ যে অগ্রণী ভূমিকা নিয়েছে আশা করি অন্যান্য অঙ্গরাজ্যগুলি সংবিধানের ডাইরেকটিভ প্রিন্সিপলকে গুরুত্ব দিয়ে কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। কিন্তু ভূমিসংস্কার আইন কেন্দ্রের হাতে দেওয়া হয়নি বলে এটাও দেওয়া হবে না এই যুক্তি অযোগ্য বলে মনে করি। আমরা কাজ করতে গিয়ে অভিজ্ঞতায় দেখেছি, ভারতের একই সংবিধান এবং ভারতের মানুষের জন্য একই আইন হওয়া উচিত। আজকে ভূমিসংস্কার আইন পার্লামেন্টে প্রণীত হয়নি বলে এটা পার্লামেন্টে দেওয়ার যুক্তি নেই এটা আমরা ঠিক বলে মনে করি না।

[6-50—7-00 p.m. ]

কিন্তু এই কথা মানি ভূমিসংস্কার আইন যেভাবে বিভিন্ন অঙ্গরাজ্য থেকে আসছে পিসমিল হিসাবে এটা যদি পার্লামেন্টের এক্তিয়ার বা দায়িত্বে দেওয়া হোত তাহলে আজকে যে আয়োজন হচ্ছে বা যে সাংবিধানিক সিদ্ধান্ত আমরা নিচ্ছি এই হাউসে তাতে ভূমিসংস্কার আইনে অন্যান্য অঙ্গরাজ্যে আরো অগ্রগতি এবং সামগ্রিকভাবে ভারতে বৈষম্য দূর করবার জন্য চেষ্টা অধিকতর সাফল্যমণ্ডিত হোত। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা স্বাধীনতা চেয়েছিলাম, তার সঙ্গে সঙ্গে ভারতের বর্তমান বৈষম্য, মানুষে মানুষে তফাৎ, অর্থ নৈতিক বৈষম্য এবং শোষনের সর্ববিধ ষড়যন্ত্র এই সমস্ত উত্তরাধিকারসূত্রে আমরা পেয়েছিলাম আজকে তাই আমাদের নেত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী নূতন পথের প্রতিশ্রুতি যা দিয়েছেন এবং স্বাধীনতার আগে দেশবাসীর কাছে যে প্রতিশ্রুতি দেওয়া ছিল এবং স্বাধীনতার পরেও আমরা যে প্রতিশ্রুতি দেশবাসীকে বারবার দিয়েছি এবং সাম্প্রতিক নির্বাচনের আগে যে প্রতিশ্রুতি আমরা দেশবাসীর কাছে দিয়েছি সেই প্রতিশ্রুতি পালন করবার জন্য একের পর এক উদ্যোগ আসছে এবং আমরা মনেকরি এইটাই শেষ নয়, এরপরে এই বৈষম্য দূর করবার জন্য, এই অর্থ নৈতিক শোষণ দূর করবার জন্য আরো প্রগতিশীল আইন প্রণয়ন করবার আমাদের প্রয়োজন আছে এবং তাতে এই বিধানসভা কিম্বা ভারতবর্ষের পার্লামেন্ট পিছিয়ে যাবে না এই পূর্ণ বিশ্বাস আমাদের আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটা ladlaw গ্রুপ ষ্টাডি করেছিল ২৫টা দেশ নিয়ে যে এই বৈষম্য কতখানি। আমরা দেখেছি সেখানে ভারতবর্ষ তারমধ্যে একটি আউট অফ ২৫ কান্ট্রিজ। যে পাঁচটা দেশে অর্থ নৈতিক বৈষম্য, তারতম্য অত্যন্ত বেশী বিদ্যমান এবং এই অর্থ নৈতিক বৈষম্য দূর করবার জন্য আমাদের সংবিধানে যে কথা বলা আছে আর্টিকেল ৩৯ (সি)-তে ডাইরেকটিভ প্রিন্সিপাল সেটা যদি আজকে পালনের জন্য আমরা এগিয়ে যাই—মতদ্বৈধ হতে পারে পার্টি নিয়ে কিন্তু আমরা পিছিয়ে কেন আসব? আজকে যে বন্ধুরা সংশোধনী দিয়েছেন তার মানে তো একটাই যে আজকে আমরা যে রিজলিউসন নিতে যাচ্ছি সেই রিজলিউসন কিছুদিনের জন্য পিছিয়ে যাবে এবং অন্যান্য অঙ্গরাজ্য যদি একই সঙ্গে রিজলিউসন না নেয়, সেণ্টারের উপর কর্তৃত্ব দেবার জন্য এবং তারা যা চিন্তা করছে একটা আইন প্রণয়নের জন্য সেটা পিছিয়ে যাবে। সুতরাং আমরা এর সঙ্গে একমত নই। আমরা মনেকরি তড়িৎ গতিতে ছুটতে হবে আমাদের এগিয়ে যেতে হবে সতর্কভাবে। মেরে কেটে রক্তাক্ত বিপ্লবের যে পথ তার সঙ্গে গণতান্ত্রিক পদ্ধতির পথ কিছুটা বিপরীত ও বিলম্বিত। এই গণতান্ত্রিক পথেই প্রগতিশীল ব্যবস্থাগুলি নিতে পারা যায়। কারণ আমাদের সমস্ত মানুষের সম্মতি নিতে হবে, ধীরে হলেও, আস্তে হলেও নির্দিষ্ট গতিতে, নির্দিষ্ট লক্ষ্যে চললে ডিরেল্ড হওয়ার কোন সম্ভবনা থাকে না এটাই আমরা মনে করি। যে সিদ্ধান্ত আমরা নিতে যাচ্ছি, যে রিজলিউসন এই হাউসে এসেছে তা অত্যন্ত সময়োচিত। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু যে কথা বললেন যে ভূমিসংস্কার আইন আগে করা উচিত ছিল আমি মনেকরি এই পরামর্শ সময়োচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই ব্যবস্থাই শেষ ব্যবস্থা নয়। আমরা দেখেছি গ্রামকে শোষণ করে শহর গড়ে উঠেছে। আমরা দেখেছি সর্বশরীরকে বঞ্চিত করে মস্তিষ্কে রক্তসঞ্চার করা হয়েছে। আমরা

জানি সহরের এই ইমারত, এই অট্টালিকা, সহরের এই বৈভব আজকে আমাদের খর্ব করতেই হবে এবং তা সাধারণ মানুষের কাজে লাগাতে হবে। শুধু শহরের সম্পত্তির সীমা নির্ধারন করলেই চলবে না, আমি মনে করি যেখানে সম্পদ কেন্দ্রীভূত আছে, যেখানে মানুষ শোষণ করে আর একজনকে বঞ্চিত করছে, কেন আমরা এই সম্ভাবনা দেখব না যে কয়লার খনির ব্যবস্থা যা হয়েছে কেন আমরা আশা করব না সেখানে প্রগতিশীল ব্যবস্থা নেওয়া হবে না? যেখানে যেখানে মানুষকে বঞ্চিত করে ধনবৈষম্যের পবত সৃষ্টি করে রাখা হয়েছে সেই সব জায়গায় প্রগতিশীল আইন করে সেই কয়লাখনিতে হোক যেখানে যেখানে উৎপানের যন্ত্র আছে সেখানে একের পর এক আঘাত করে সমাজে যে ধন বৈষম্য আছে, যে অর্থ নৈতিক কনসেণ্ট্রেসন, ইকনমিক পাওয়ার যেখানে কনসেণ্ট্রেড হয়ে আছে এগুলিকে খর্ব করে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি তা রাখব, নইলে ভারতবর্ষ বাঁচবে না। আজকে ভারতবর্ষকে বাঁচিয়ে এশিয়ায় যে অশান্তির সম্ভাবনা আছে তাকে আমরা রোধ করব এই সংকল্প আমরা নিচ্ছি। সেজন্য আজকে যে ব্যবস্থা আমাদের মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী, ভূমি সদ্ব্যবহার মন্ত্রী এবং ভূমিসংস্কার মন্ত্রী এই অধিবেশনে যে প্রস্তাব এনেছেন তাকে সকলেই আমরা সমর্থন করেছি, স্বাগত জানিয়েছি, নীতিগতভাবে কেউই তার বিরোধিতা করিনি কিন্তু প্রসিডিউরাল ব্যাপারে কিছু কিছু সমালোচনা এসেছে, আমরা মনে করি সমগ্র ভারতবর্ষের স্বার্থে আমার বন্ধুরা তাঁদের আপত্তি প্রত্যাহার করবেন এবং এই ব্যবস্থাকে ত্বরান্বিত করার জন্য, যাতে আমাদের সিদ্ধান্ত কেন্দ্রের কাছে পৌছে দিতে পারি সেই ব্যবস্থা তাঁরা গ্রহণ করবেন। জয় হিন্দ।

**Shri Bholanath Sen** : Mr Speaker, Sir, I support this resolution and in support of this resolution, I wish to make some requests to my honourable friends to consider certain points involved in this. Article 39 of the Constitution deals with the Directive Principles of State Policy and Article 39(c) says, the State shall, in particular, direct its policy towards securing that the operation of the economic system does not result in the concentration of wealth and means of production to the common detriment. Article 249 says, "Notwithstanding anything in the foregoing provision of this Chapter, if the Council of States has declared by resolution supported by not less than two-thirds of the members present and voting that it is necessary or expedient in the national interest that Parliament should make laws in respect to any matter enumerated in the State list specified in the resolution, it shall be lawful for the Parliament to make laws for the whole or any part of the territory of India". Then Article 252 has been mentioned by the Chief Minister, that is to say, the resolution should authorise to Parliament to make laws. The question today is not a question for this State only, it is a national question, namely, whether all over India there has been concentration of wealth in the shape of urban property or whether the concentration has taken place only in West Bengal. The point is that it is a national problem and both the Congress as well as the Communist Party of India think that it is a national problem today and if we want to bring socialism in this country, one of the way to do that is to bring down disparity between the financial resources of different classes of people. Now, one of the ways to do that is to raise the standard of living of the poor and the peasants. The other way is to take away from the people, who have more than what they require—the surplus they have. Now, in order to destroy this disparity, the ceiling is being thought of. Now in Article 252 it is stated that if it appears to the legislatures of two or more States etc —it is very significant, that is to say, if it appears to the legislatures of at least two or more States Now it is not the question of West Bengal land only where practically the land owners or jotedars are involved and jotedars of Andhra and Bombay are not involved. They are interested in the agricultural land. But the urban properties are such

that the people who are holding the urban properties in Calcutta are also holding urban properties in Bombay. People who are also interested in holding urban properties in Bombay are also interested in holding urban properties in Delhi. Now we want to reduce the difference between a man and man, so far property is concerned and so far as we are capable of doing it at the moment. Now supposing we today pass the resolution by ourselves saying that a man is entitled to have 5 lakhs of property and no more in Calcutta. But in Bombay he will be entitled to 5 lakhs worth of property and no more. Bombay laws cannot be applied to the State of West Bengal, nor the State laws of West Bengal can be applied to Bombay. Therefore, a man in West Bengal having a lot of property here will have a tendency to take away the property from here and to convert the property into which ever form he likes and to take the property in Bombay, to take the property in Delhi and there will be concentration there, or in other words, if a man will have, say,5 lakhs of property here, and I assume for the moment that that is the State ceiling all over India, then in every State if he has 5 lakhs, then he will be more rich and more resourceful, he will have larger properties worth 5 lakhs in the whole of India, in all the States.

[7-00—7-10 p.m.]

But, if two or more States make a representation then the Parliament will be empowered to make laws for the States so that the States may adopt this law. After all, in the Centre we know which is the party in power, we know which is the programme, we know everything. So there is no difference of opinion between the Indian Parliament and State Legislatures If the Union Parliament makes a law which will limit as for example, the amount of personal property to 5 lakhs—I am not saying that it should be to 5 lakhs—it might be 5 lakhs or 4 lakhs or 3 lakhs—but supposing that the Union Government says that this 5 lakhs is subject to this that he has not property, either in Bombay or in Calcutta, worth more than 5 lakhs, then both the States are taken into consideration. We cannot take into consideration the properties in Bombay Similarly Bombay cannot take into consideration the properties in West Bengal. These difficulties are there That is why it is a question of national importance. We ought to leave it to the Centre so that this national crisis which has arisen today - the difference between man and man the pauper who sleeps in the street and the man who sleeps in palace in every town in India should be abolished Our programme is well known, the C. P. I.'s programme is well known and we are equally progressive in this respect. There is no difference anywhere between the Centre and the State. As some honourable members mentioned this that we had showed the path previously, I think, I am right in saying that what Bengal thinks today India will thinks tomorrow We are the first one to pass the resolution as it is a national crisis and we give the Parliament the power to legislate, and once this legislation is passed by the party which today believe in socialism, that cannot be taken away until and unless in the similar man two or more legislatures make a representation to that effect as per A 252(2). Unless both of them agree—say, there are two applicants—unless of them agree it cannot be abolished or amended or repealed There socialism is given a long lease because to-day we have the same kind programms with regard to urban properties and with regard to reduction difference between man and man. We are agreeable, we believe in this and w would like to see that our policies and programmes are implemented for some time to come at least and no power on earth can come and destroy this programmes and that is precisely the reason why I, in my humble opinion believe that it should be left to the State Legislatures and if any State should

take the lead, it is Bengal who should think first. Let West Bengal pass a resolution and I am sure, other provinces where the Congress is ruling to-day or has the majority of Congress and C.P.I combination, all of them will agree it is a national problem and the national problem should be solved on the national level. Once it is solved on a national level and unless a resolution is passed by two or more States as provided in Article 252(2), unless two or more States agree, there is no question of amending that law. That is the difficulty, I find, in pursuing a State law because we will not be able to bind the hands of the other States which have similar problems. After all let us stress it that the problem of West Bengal is Calcutta. There is hardly any city like Calcutta and Bombay or Delhi You cannot find a city like this in Mysore, you cannot find a city like this in Madhya Pradesh. Our problems are more or less similar to those of Bombay or Delhi where concentration of wealth is growing at a faster rate and there lie the sources of wounded feelings of the have-nots. We want to put an end to it as quickly as possible. We wish to put an end to this fast concentration of wealth in a few hands by treating this as a national problem and the problem has to be solved by the Parliament which requires our concurrence and that is why we wish to pass this resolution. I request honourable members of this House and specially the members of the Communist Party of India to see eye to eye with us and treat this as a national problem and as a parochial problem of this State alone. It is not the Jotedars of Bengal that are only involved. It is against the Birlas and the Tatas, the millionaires and the multi-millionaires who have buildings, multi-storeyed buildings, who are living in palaces—palaces which can be compared with the Taj Mahal, with any of the palaces of the Moghuls—with men in the streets of Calcutta. It is not a parochial problem. The problem is of the entire nation, and the nation must rise to-day and we should adopt—and if I may say so, the members of this House—the Congress and the Communist Party—should think first and adopt—this resolution and we should lead the opinion of the other legislatures so that it can be treated on a national level. Thank you.

**Mr. Speaker** : The Hon'ble Minister who introduced this resolution may exercise his right of reply.

**Shri Gurupada Khan** : Sir, I have nothing more to add to what I have already said Our Chief Minister has fully clarified the position and our learned colleagues also have explained the whole thing very seriously Sir, one thing is very clear that all the members are of the same opinion that there must be imposition of some ceiling on urban properties and that there must be some law or some Act which could impose such a ceiling to remove inequality and economic disparity in urban area.

With regard to Shri Biswanath Mukherjee's point raised by him in connection with the West Bengal Land Reforms Act, 1972 which has been recently passed, I have to say that there are different land tenure systems in different States The law that we have passed in our State is applicable to our State only and not to Bihar or Madhy Pradesh or to any other State in India These land tenure systems are existing in every State and the States have not authorised the Parliament to enact such a law to impose ceiling on agricultural lands. Therefore, the Parliament has got no authority to pass such a law. But with regard to ceiling on urban properties, there is no exsting law and therefore we must have such a law so that we can proceed towards and reach our goal of democratic socialism as soon as possible through peaceful means under the able leadership of our Prime Minister, Shrimati Indira Gandhi So there must be an Act which will be applicable to the whole of India. I cannot make out why they do not feel that there should be a Central Law to establish uniformity through out

the whole country so that nobody can take shelter in any other State to circumvent the law that has been promulgated in our State of West Bengal.

[ 7-10—7-20 p.m. ]

Sir, with regard to what Mrs. Mitra has said, I would like to state that our Assembly is progressive no doubt—I have got no doubt that our Assembly is progressive, but is it not a fact that the Parliament that has abolished privy purses, that has nationalised 14 banks, that has amended the Constitution with a progressive outlook, is also progressive? We must have confidence in our Parilament and the Prime Minister, we must have the confidence that by the august Parliament such an Act will be passed that will really be able to remove and diminish the inequalities exisiting in our country. Sir, I have nothiing more to add.

With regard to what Shri Harasankar Bhattacharyya has said, he should not be sorry for not presenting a Bill in our Legislature for the reason that I have stated a few minutes ago. This is a bold step towards democratic socialism through peaceful means and I hope all the members in this august House will certainly support this resolution

With these words, Sir, I oppose the amendments which have been moved and request the members to accept the resolution moved by me unanimously.

**Mr. Speaker:** I understand that only one amendment was moved by Shri Biswanath Mukherjee. I would like to know whether Shri Mukherjee is pressing his amendment to the Resolution. If he presses for it, or if he watns to say anything in this connection, I must make this observation that after the exercise of the right of reply by the member who moves the Resolution, there is no scope of discussion on the Resolution. An individual member is not allowed to speak twice on the same Resolution. Thefore, the only thing that I would like to know from Shri Biswanath Mukherjee is, whether or not he wants to press his amendment, and nothing more than that.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এবং আরও মন্ত্রীরা এবং কিছু বন্ধু, তাঁরা অনুরোধ করেছেন আমার এই সংশোধনাটা প্রত্যাহার করার জন্য এবং প্রেস না করার জন্য। আমি যে প্রশ্ন তুলেছিলাম তার উত্তর আমি পাইনি এবং যে সমস্ত আর্গুমেণ্ট দেওয়া হয়েছে তাতে আমার মূল আর্গুমেণ্টের কোনটাই খণ্ডিত হয়েছে বলে মনে করি না। সেইজন্য আমার পার্টির এ্যাটিচুড মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং অন্যান্য মন্ত্রীকে জানিয়ে দিয়েছি যে যেহেতু আমরা এই প্রস্তাবের প্রথম প্যারাগ্রাফের সঙ্গে একমত, সুতরাং এই প্রস্তাবের বিপক্ষে আমরা ভোট দেবো না। যেহেতু পরের তিনটি প্যারাগ্রাফ সম্বন্ধে আমাদের দ্বিমত আছে সেইজন্য আমরা এর পক্ষেও ভোট দেবো না এবং আমার সংশোধনী আমি ভয়েস ভোটে দেবো, ডিভিশন করবো না।

The motion of Shri Biswanath Mukherjee that in lines 3 to 15 for the words beginning with "And wherees the imposition of such a ceiling" and enning with "or ancillary and incidental thereto should be regulated in the State of West Bengal by Parliament by law" the following be substituted, namely :—

"This Assembly calls upon the Council of Ministers to frame a Bill imposing ceiling ou urban property in West Bengal generally following the model, if any, circulated by the Central Government to the State Government and introduce the same Bill in the next session of the Assembly." was then put and lost.

The motion of Shri Gurupada Khan that whereas this Assembly considers that there should be a ceiling on urban immovable property;

**And whereas** the imposition of such a ceiling and acquisition or holding of urban immovable property in excess of thnt ceiling are matters with respect to which Parliament has no power to make laws for the States except as provided in Articles 249 and 250 thereof ;

And whereas it appears to this Assembly to be desirable that the aforesaid matters should be regulated in the State of West Bengal by Parliament by Law ;

Now, therefore, in pursuance of Clause (1) of Article 252 of the Constitution, this Assembly hereby resolves that the imposition of a ceiling on urban immovable property and acquisition and holding of such property in excess of the ceiling and all matters connected therewith or ancillary and incidental thereto should be regulated in the State of West Bengal by Parliament by Law, was then put and agreed to.

Motion under Rule 185

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে Rules of Procedure of the Business of the House-এর ১৮৫নং রুল অনুসারে একটা মোশন এনেছিলাম এবং আপনি অনুগ্রহ করে সেটা গ্রহণ করেছেন—যেটার রূপ এইরকম হচ্ছে। সেটা আমি আপনার মাধ্যমে এখানে রাখছি—

"এই সভা মনে করে যে চাউল, ডাইল, কেরোসিন তৈল, চিনি, সরিষার তৈল ইত্যাদি নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি হেতু জনমানসে হতাশার ভাব পরিলক্ষিত হইতেছে; নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য কঠোর হস্তে নিয়ন্ত্রণ একান্ত অপরিহার্য্য হইয়া উঠিয়াছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের এই বাংলাদেশে এই নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম যে হারে বাড়ছে, তার স্বাভাবিক দর যে হারে বাড়ছে, তারজন্য আজ যে একটা অস্বাভাবিকতা সৃষ্টি হয়েছে, তারজন্য সহরের মুষ্টিমেয় কিছু উপরতলার লোকদের নিশ্চয়ই সেটা ক্রয় ক্ষমতার বাইরে না হতে পারে; কিন্তু এই মূল্যবৃদ্ধি সহর ও সহরতলীর গ্রামের সাধারণ মানুষের সঙ্গে যারা নীচের তলার মানুষ, তাদের জীবনে একটা দুর্বিসহ যন্ত্রণার আকারে দেখা দিয়েছে। শুধু তাই বললেই এখানে শেষ হবে না। আমি আপনার সামনে এই বিষয়ের উপর কতকগুলি তথ্য রেখে যাব। আর মাননীয় সদস্যগণকে অনুরোধ করবো এই তথ্যগুলি অনুধাবন করে যেন একটু বিচার-বিবেচনা করে দেখেন। মন্ত্রীসভা আমার প্রস্তাব বা মোশন যেভাবে এনেছি, তার দরুণ সরকার একটু সচেতন হোন, সজাগ হোন, দীর্ঘ পথে এগিয়ে যাবার জন্য নিজেদেরকে এগিয়ে নিয়ে যান। এটাই আমি চাই। আমার এই আলোচনার মাধ্যমে এই সভায় যে বিষয়বস্তু উপস্থাপিত করা হবে তা মন্ত্রীসভার কানে যাবে এবং মন্ত্রীসভা আমার বক্তব্যের মাধ্যমে সাধারণ মানুষের উপকারার্থে যেসমস্ত বিহিত ব্যবস্থা করা দরকার তা নিশ্চয়ই তাঁরা করবেন বলে আমি বিশ্বাস করি।

আজকে আমি এখানে দীর্ঘদিন আগের কোন data বা statistics দিতে যাবে না। আমি অল্প কিছুদিন আগেকার সময়ের কিছু তথ্য এখানে উপস্থাপিত করবার চেষ্টা করবো। আপনি যদি একের পর এক দেখেন কি চাল, কি ডাল, কি সরষের তেল, কি চিনি, কি শাক্-সব্জী আলু, পটল, কুমড়া, লাউ ইত্যাদি সাধারণভাবে জীবন-যাপন করতে গেলে যে সব দ্রব্যসামগ্রীর প্রয়োজন হয়—তা কিনতে যাবেন, দেখবেন বিগত বৎসরগুলি ধরে একের পর এক দাম বেড়েই চলেছে। আজকে গোটা পশ্চিমবাংলার লোকসংখ্যা ৪ কোটি ৪৪ লক্ষ ৪০ হাজারের মত। এই লোক-সংখ্যা আজ যদি দেখি, তাহলে আমাদের production গোটা পশ্চিমবাংলায় কি হারে হচ্ছে সেটাও আমাদের অনুধাবন করে দেখা দরকার। আমি আপনার সামনে এই বইখানা থেকে কিছুটা অংশ পড়ে শোনাচ্ছি। এর নাম Economic Review, 1971-'72.

West Bengal has recorded a continous rising trend in foodgrains for the last three years. Production of foodgrains though affected by severe flood was 66,8 lakh tonnes in the year 1970-'71 as against 65.9 lakh tonnes in the year 1969-'70 and 63.1 lakh tonnes in the year 1968-'69. Severe floods in the Kharif

season of 1971-'72, however, affected Aman, the principal crop of West Bengal, adversely in a number of districts. The most affected districts were Nadia, Murshidabad and Malda. The prospect of the crop in 1971-'72, as a result, is rather bleak. Area under rice was......

এর বেশী আর যেতে চাচ্ছি না। কিন্তু আমাদের খাদ্যশস্যের ফলন আস্তে আস্তে বাড়ছে। যখন কৃষি-দপ্তরকে কোন কথা জিজ্ঞাসা করা যাবে, তখন একের পর এক, এক বৎসরের সঙ্গে আর এক বৎসরের আমাদের খরচের হার, যে হারে খরচ বাড়ছে তার তুলনায় তারা statistics দিয়ে বেরিয়ে যাচ্ছে, পূর্ব বৎসরের তুলনায় বর্তমান বৎসরে বেড়ে চলেছে, দেখাবেন খাদ্যদ্রব্যের যা দাম বেড়ে চলেছে, উৎপাদনও বেড়ে চলেছে। আমাদের খাদ্যমন্ত্রী আজ আমাদের সামনে উপস্থিত। আমার মনে হচ্ছে ১৯৬২ সালে যখন এই এ্যাসেম্বলী সেসন চলেছে, সেই সময় মাননীয় খাদ্যমন্ত্রী ছিলেন একজন মাননীয় সদস্য, তিনি data দিয়ে বলেছিলেন কোথায় দেশে খাদ্যাভাব আছে? এই যে এত ফসল হচ্ছে এটার দ্বারা দেশের সব requirements তা সম্পূর্ণ মিটে গিয়ে উদ্বৃত্ত হবে। আমি তো দেখতে পাচ্ছি না দেশে খাদ্য ঘাটতি আছে। এই কথা নিশ্চয়ই মন্ত্রিমহাশয়ের স্মরণ আছে।

[ 7-20—7-30 p.m. ]

এই কথা নিশ্চয়ই মন্ত্রিমহাশয়ের স্মরণে আছে। আমি আপনার সামনে একটা জিনিষ সেই বিষয়ে প্রস্তাব করছি; সেটা হচ্ছে সাপ্লিমেণ্টারি গেজেটে—ক্যালকাটা গেজেট, মার্চ ৩০, ২ এখন আমরা এখানে যা লক্ষ্য করে দেখছি ৩৪ রকমের আইটেম, তার মধ্যে সুপার ফাইন রাইস আছে, রাইস ( ফাইন ) আছে, রাইস কমন আছে, কোর্স রাইস আছে, তার পরে ময়দা, সুজি, সাগু আছে, মুগ, মুসুর ডাল আছে ইত্যাদি যাবতীয় জিনিসের বিভিন্ন দেশে, বিভিন্ন প্রদেশে বিভিন্ন দাম। এতে দেখতে পাওয়া যাচ্ছে যে মাত্র তিনটির দাম ছাড়া সমস্ত দাম উর্দ্ধে। আমাদের এই যে ডাটা নেওয়া হয়েছে সেটা হচ্ছে এ্যাভারেজ মার্কেট ভ্যালু অফ্ ফেব্রুয়ারী, ১৯৭০; এ্যাণ্ড এ্যাভারেজ মার্কেট ভ্যালু অফ মার্চ, ১৯৬৯—আপনি এর তফাতটা দেখুন। আমি নিশ্চয়ই এই কথা তুলে ধরতে যাচ্ছি এই বক্তৃতার মধ্য দিয়ে, সেটা হচ্ছে হুইট গভর্ণমেণ্টের যে দাম ছিল কুইনটল প্রতি ১৯৬৯ সালের মার্চ মাসে ৭৮ টাকা সেটা ১৯৭০ সালের ফেব্রুয়ারী মাসে ৮৫ টাকায় পৌছল। যেটা ৭৫ টাকা ৯১ পয়সা ছিল সেটা ৮৭ টাকায় গিয়ে পৌছল। ময়দা যেটা ৯৭ টাকা ৯ পয়সা ছিল সেটা ১০৭ টাকা। সুজি যেটা ১০১ টাকা ১২ পয়সা ছিল সেটা ১১১ টাকায় পৌছল। সাগু ১৩০ টাকা ছিল, এইটা কমেছে। মুগ ১০০ টাকা থেকে ১৩৭ টাকা ৫০ পয়সা, মুসুর এরও এইরকম অবস্থা। মুসুর ওয়েষ্ট বেঙ্গল ৭৯ টাকা ২৫ পয়সায় উঠেছে কুইনটল। গম যেটা বিগ সাইজ সেটা ২৯ টাকা হচ্ছে, গম স্মল ওয়েষ্ট সেটা ৮০ টাকা ৮০ পয়সা থেকে ১১১ টাকা হয়েছে। এর ভিতর থেকে দেখা যাচ্ছে যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য যে গুলি, সেগুলি দিনের পর দিন বেড়ে চলেছে এবং এই যে উর্দ্ধগতি এইটাকে কয়েকটি স্তরে দাঁড় করাবার জন্য কোন স্বার্থক প্রচেষ্টা আজও আমরা নিতে পারছি না। কিন্তু কেন নিতে পারছি না সে বিষয়ে আমাদের ভেবে দেখা দরকার। ইকনমিক রিভিউ ১৯৭১।'৭২ তাতে আমরা দেখেছি, এবং আমাদের কাছে ডাটা আছে তাতে দেখেছিলাম ২৭ রকম আইটেমের মধ্যে এই তিন রকম ছাড়া মুসুর, কলাই, মুগ, খেসাড়ী ইত্যাদি যাবতীয় জিনিসের দাম দেখা গিয়েছে ২রা জানুয়ারী, ১৯৭১ সালে যে ডাটা নেওয়া হয়েছিল আর ১লা জানুয়ারী, ১৯৭২ সালে যে ডাটা নেওয়া হয়েছে এই দুটির মধ্যে আকাশ পাতাল তফাৎ এবং এইটা ক্রমশ: বেড়ে চলেছে। এইটা তো হোল সরকারী তথ্য। আর খবরের কাগজগুলি কি বলে সেটাও একটু ভেবে দেখা দরকার। আজকে খবরের কাগজে যা দেখলাম, যদি আদা কিনতে যান তো এক কে. জি. ১ টাকা। রোশুন ১০০ গ্রাম ১ টাকা ২০ পয়সা, গরম মশলা ১টাকা ৫০ পয়সা, হলুদ এক কে.জি

২ টাকা ৮০ পয়সা, ধোনে এক কে. জি. ৩ টাকা, লঙ্কা এক কে. জি. ৬ টাকা, কালোজিরা এক কে. জি. ৭ টাকা, এইভাবে দাম বেড়ে চলেছে। মাছের দর ৩ টাকা ৫০ পয়সার নীচে নয়, ৮ টাকা ৯ টাকাতে গিয়ে পৌছেছে। এটা তো গভর্ণমেণ্টের দিক থেকে যেটা বলা হয়েছে সেটা দেখলাম এবং খবরের কাগজের দিক থেকে দেখলাম। কিন্তু গ্রামের মানুষ কি বলেন? মাননীয় খাদ্যমন্ত্রী তিনিও এক জন গ্রামের মানুষ, এবং তাঁর সঙ্গে গ্রামের মানুষের জানাশুনা আছে। তাঁর জেলার কথা আমি বলি কোথাও কি কোন সময় ১ টাকা ৬০ পয়সার কমে চাল পেয়েছেন। আজ আপনি হিসাব করে দেখুন মুর্শিদাবাদ এবং নদীয়া জেলায় মধ্যে কান্দি মহকুমা, যেটাকে গ্রানারী বলা হয়, আমাদের মাননীয় সদস্য শ্রীসুনিল মোহন ঘোষ মল্লিককে জিজ্ঞাসা করেছিলাম তিনি বলেছিলেন যে ১ টাকা ৬০ পয়সার কমে চাল নেই। এই যে একটা অস্বাভাবিক অবস্থা ১ টাকা ৬০ পয়সা মিনিমাম দর এবং সেটা গিয়ে ১ টাকা ৯০ পয়সা থেকে ৯৫ পয়সায় উঠেছে। আমার কিছু কিছু এম. এল. এ বন্ধুর কাছ থেকে যে ডাটা পেয়েছি তাতে আমরা দেখলাম যে মুর্শিদাবাদে এই ইলেকশনের আগে দেখেছি যে সরসের তেল যেটা আগে ৫ টাকা ছিল সেটা ৫ টাকা ৫০ পয়সা থেকে ৬ টাকা হয়েছে এখন। কেরোসিন তেল যেটা ৬০ পয়সা লিটার সেটা ১ টাকা পর্যন্ত গিয়ে পৌছেছে। চিনি প্রতি কে. জি. যেখানে ২ টাকা ছিল সেখানে আজ ৩ টাকা ২৫ পয়সা। আর ইলেকশনের আগে যেটা ১ টাকা ৫০ পয়সা ছিল সেটা আজকে ১ টাকা ৭০ থেকে ৭৫ হচ্ছে।

আজকে গুড়ের দাম যেখানে ১২৫পয়সা ছিল সেখানে২টাকা থেকে আড়াই টাকায় পৌছেছে। মুসুর ডাল যেখানে ১২৫ পয়সা ছিল সেখানে ২টাকা থেকে আড়াই টাকা পর্যন্ত হয়েছে। বাজারের কোন জায়গায় যে কোন ডাল আজকে দেড় টাকা দু'টাকার কমে পাওয়া যায় না। আজকে কলাইয়ের ডাল যেটা মানুষে অনেকে খায় না যেটা সহরের মানুষ অনেকেই খায় না ঐ আমাদের গ্রামের বা নদীর ধারের দিকের কিছু লোক খায় সেই ডাল আজকে দেখতে পাচ্ছি ২টাকা কে. জি.র কমে পাওয়া যায় না। শাকসব্জীর বাজার তো আকাশচুম্বী হয়ে চলেছে দিনের পর দিন। এইরকম অস্বাভাবিক অবস্থা চলছে। এইদিকে আমাদের বিশেষ খেয়াল দিয়ে দেখতে হবে এ সম্বন্ধে আমাদের ভাবতে হবে। এই হাওড়া জেলার কথা দেখুন—এখানে চালের দাম দুটাকা পনেরো পয়সা পর্যন্ত উঠেছে। ইলেকসনের আগে এই দাম ছিল না। আজকে ৫টাকা থেকে ৫-৭০ পয়সা পর্যন্ত তেলের দাম উঠেছে। পুরুলিয়ার কথা দেখুন—সেখানের ছাত্র পরিষদের লোক এসেছিল আমি তাদের জিজ্ঞাসা করলাম যে সেখানে চাল, ডাল, সরষের তেল ইত্যাদির দাম কত? তিনি বললেন যে আমরা আন্দোলন করতে লেগেগেছি দ্রব্যমূল্য রোধ করার জন্য। কিন্তু নির্বাচনের পূর্বে তারা যে চালের দর দিয়েছে সেই চালের দাম হচ্ছে ১-১০ পয়সা, আজকে সেখানে ১৪০ পয়সার কমে চাল পাওয়া যায় না। সরষের তেল যেখানে ছিল ৫-২৫ পয়সা সেখানে আজকে হয়েছে ৫-৭৫ পয়সা এবং এর কমে তেল পাওয়া যায়না। যেখানে কেরোসিন তেলের দাম ছিল ৬০ পয়সা লিটার সেখানে তার দাম ৭৫ পয়সায় গিয়ে উঠেছে। আজকে চিনি ২টাকা থেকে ৩-২৫ পয়সায় উঠেছে—গুড় ১-২৫ থেকে ২-২৫ পর্যন্ত উঠেছে। আজকে কলাইয়ের ডাল ১-২৫ থেকে ২-৫০ টাকায় পৌছেছে। আর কাপড়ের দর তো বলতেই নাই ৮ টাকা যেটার দাম ছিল সেটা আজ ১৩ টাকায় গিয়ে পৌছেছে। লবণের দাম যেখানে ১০ টাকা ছিল আজকে সেখানে ২৫।৩০ টাকায় গিয়ে পৌছেছে। এ হোল পুরুলিয়ার কথা। আমি আপনার সামনে নদীয়ার কথা বলি—এখানে আমাদের মাননীয় সদস্য এবং বন্ধু কার্তিক চন্দ্র বিশ্বাসকে জিজ্ঞাসা করেছিলাম আপনাদের নদীয়া জেলার কি অবস্থা। তিনি বললেন ঐ মুর্শিদাবাদ জেলার সঙ্গে একইরকম অবস্থা—১-৬০ পয়সা যেখানে চাল ছিল সেখানে আজকে ১-৮৫—১-৯৫ পয়সা পর্যন্ত দর উঠেছে।

সরসের তেল সেখানে সাড়ে পাঁচ থেকে ছয় টাকা। কোন সদস্য কি আজকে বলতে পারেন যে চিনির দাম কোথায় তিন থেকে সাড়ে তিন টাকার কমে আছে? দিনাজপুরের কথা আমি জিজ্ঞাসা করলাম আমাদের বন্ধু সদস্যদের কাছে তাঁরা আমাকে বললেন ঐ একইরকম অবস্থা। এইযে দিনের পর দিন যে রকম দ্রব্যমূল্য বাড়ছে তাতে এদিকে যদি মন্ত্রিসভা নজর না দেন তাহলে কিছুই হবে না। তাকিয়ে দেখুন কলকাতা এবং অন্যান্য সহরে—সেখানে অল্প আয়াসে আরামে দিন কাটাচ্ছে। ঐ পার্কষ্ট্রীটের হোটেলের দিকে তাকিয়ে দেখুন এক একটি মানুষ যেখানে হোটেল থেকে খেয়ে বেরুচ্ছে যে টাকায় সেখানে একটা গ্রামের পরিবারের সেটা মাসিক রোজগার। আজকে সেই রোজগারের সঙ্গে মাননীয় খাদ্যমন্ত্রীকে অতি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করি তাদের জীবন-যাত্রার সঙ্গে ঐ গ্রামীণ লোকেদের জীবন-যাত্রার কোন মিল আছে? আমি একথা বলতে চাচ্ছি না যে যারা পার্ক হোটেলে খেতে যাচ্ছে তাদের প্রতি আমার কোন আক্রোশ আছে। আমি বলছি মানুষের যা ন্যূনতম চাহিদা যা প্রয়োজন যেকথা আমাদের ইন্দিরা গান্ধী বলেছেন যে মানুষের ন্যূনতম চাহিদা পূরণ করবার জন্য আমরা সমাজতন্ত্র আনতে চাচ্ছি এবং সমাজতন্ত্র তখনই হবে যখন আমরা মানুষের ন্যূনতম চাহিদা ও প্রয়োজন পূরণ করতে পারবো। আজকে যদি চালের প্রডাকসন দিনের পর দিন বাড়ে এবং লোকসংখ্যা তুলনামূলকভাবে বাড়ে সেটা তো ভালই। আজকে সাপ্লাই এবং ডিমাণ্ডের মধ্যে সমতা রাখতে হবে। আজকে চালের দর যতই বাড়ুক ৩।৪ টাকা কে. জি. হোক—আপনি বেশী দাম দিন পাবেন। সরষের তেল ৫-সাড়ে পাঁচ দর কিন্তু দর বেশী—৮।১০ টাকা দিন পাবেন। চিনির দাম সাড়ে তিন টাকা হয়েছে তাতে যতই ক্রাইসিস হোক—আপনি ৫।৭।৮ টাকা দিয়ে দিন চিনি পাবেন।

[ 7-30—7-40 p.m. ]

যে কোন জিনিষের আপনার যখনই অভাব দেখা দেবে তখনই দেখা যাবে বেশী দাম দিলে সেই জিনিষ পাওয়া যায়। কি করে পাওয়া যায়, যদি এই পশ্চিমবঙ্গের মধ্যে জিনিষগুলি না থাকে তাহলে কি রাতারাতি এগুলি আকাশপথে কিম্বা জলপথে জাহাজযোগে চলে আসে? তা তো নয়, এর মধ্যেই আছে। কাজেই এর মূলে কতকগুলি অন্তরায় রয়েছে।

( এই সময় নীলবাতী জ্বলে উঠেছিলো )

Sir, I am the mover of the Resolution. কাজেই আমাকে একটু বেশী সময় দিতে হবে।

**Mr. Speaker:** According to the rules 15 minutes are generally allotted to a member who moves the Resolution.

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে দিনের পর দিন যে হারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বেড়ে চলেছে এবং আকাশচুম্বী হতে চলেছে মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে যে বাংলা সন—সেটাকে সামনে রেখে তাকিয়ে দেখুন আষাঢ় শ্রাবণ মাসের দিকে কোন কোন জেলায় যেসব এরিয়ায় harvesting period is over, শ্রাবণ কিম্বা ভাদ্র মাস আসার আগেই বাগড়ী এলাকায় যদি চালের মূল্য উর্দ্ধগতি হয়, আজই যদি ১.৯৫ পয়সা হয় তাহলে আমরা কোথায় গিয়ে দাড়াবো, সেটা আজকে আপনারা চিন্তা করে দেখবেন। এদিকে রাঢ় অঞ্চলে যেখানে harvesting period is over, সেখানে চালের মূল্য উর্দ্ধগতি চলছে। আজকে যদি আপনারা সাবধান না হন তাহলে আগামীদিনে মজুতদার, মুনাফাখোর, চোরাকারবারী এদের খপ্পরে যায় তাহলে আমাদের একটা অস্বাভাবিক অবস্থা দেখা দিতে বাধ্য। তাই আপনার সামনে অতি বিনয়ের সঙ্গে একথাগুলি রাখতে চাই। এই সমস্ত

পণ্যদ্রব্য যার চাহিদা বাড়ছে তার মূলে কতকগুলি ব্যবস্থা আছে আমাদের দেশে—সেজন্য মন্ত্রিসভার ভেবে দেখা দরকার। তার মধ্যে আমার মনে হচ্ছে, আমি একজন সাধারণ মানুষ, আমি বিশেষজ্ঞ নই, আমি গ্রামে থাকি এবং গ্রামের কথা বুঝি। কিন্তু এই যে cordon ব্যবস্থা এক জেলাতে—এক থানার সঙ্গে আর এক থানার cordon, এক প্রদেশের এক জেলা থেকে আর এক জেলার cordon, এই cordon আগামীদিনে আপনারা উঠিয়ে দিতে পারেন কি না। এই cordon যখন থাকবে তখন দেখা যাবে cordoning area-র মধ্যে চালের দাম কমতে কমতে ৫, ৭ টাকায় এসে দাড়ালো আবার cordoning area-র বাইরে চালের দাম বাড়তে বাড়তে ঐ একইরকম অবস্থায় আসছে। এক রাজ্যের এধার কিম্বা ওধার, একটা train line-এর এধার কিম্বা ওধার, একটা নদীর এধার কিম্বা ওধার—দেখা গেল এই ভাবে ৭৫ ওদিকে আর ১৭৫ এদিকে—একটা অস্বাভাবিক অবস্থা। কাজেই anti hoarding-এর যে আইন সেটাকে ভালভাবে চালু করতে হবে এবং এই খাদ্য দপ্তরের সঙ্গে আজকে আমাদের ভেবে দেখার দিন এসেছে যে price control board বা এইরকম কোন সংস্থা, official বা non-official-দের নিয়ে করা যায় কি না। মাননীয় খাদ্যমন্ত্রীকে কয়েকদিন আগে বলেছিলাম যে, দেখুন আজকে এই যে রেশনের দোকানগুলিতে আমরা যদি সরকারের নিয়ন্ত্রণে খাদ্য কেনাবেচা না করতে পারি তাহলে এই জিনিষগুলি এইরকমই চলতে থাকবে। আজকে যখন মুনাফাখোর, মজুতদার, কালোবাজারী, তারা খাদ্যদ্রব্য কিনে নেবে এবং তারা সেটা ঘরের মধ্যে জমাট করে রাখবে এবং একটা scarcity দেখা দেবে তখন বাইরে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি করে দেবে। এটাকে নিয়ন্ত্রণ করে সারা market-কে এর হাত থেকে অব্যাহতির জন্য একটা সুস্থ এবং সঠিক পথ অবলম্বন করতে হবে এবং মন্ত্রি-মহাশয়কে ভেবে দেখতে বলবো, এই যে price control হচ্ছে তাতে গ্রামের প্রতিনিধি নিয়ে এবং সঙ্গে সঙ্গে সরকারের বিভিন্ন দপ্তর, আপনার দপ্তর, সেচের দপ্তর, কৃষির দপ্তর—সকলকে নিয়ে কোন একটা সংস্থা—আমি একটা নাম করলাম, যেমন price control board-এইরকম সংস্থা করে এই দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য কঠোরভাবে আমরা যদি drive দিতে পারি কি পারি না। কয়েকটা টাকা মাইনে বাড়ালে বা ভাতা বাড়ালে কখনও সমাজতন্ত্র আসবে বলে মনে করি না। কেন না, এটা সমাজের পরিপন্থী, এইরকম টাকা বাড়ালে কখনও সমাজতন্ত্র আসবে না। কিন্তু দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করে আজকে কর্মচারী, শ্রমিক, ক্ষেতমজুর, যারা কাজ করে তাদের দিকে নজর দেন এবং আমরা যদি নজর দেই ভালভাবে, আজকে তাদের যদি সস্তায় খাদ্য সরবরাহ করতে পারি তাহলে ভাতা, মাগ্‌গীভাতা বাড়াবার জন্য তারা নিশ্চয়ই পীড়াপিড়ী করবে না। সাধারণ মানুষ চায় তাদের ছেলেমেয়েরা একটু লেখাপড়া করতে পারে, তাদের ছেলেমেয়েরা একটু ভালভাবে খেতে পরতে পারে, তারা বাড়ীতে একটু শান্তিতে ঘুমাতে পারে যাতে রাতে এবং দিনে খেয়ে। কিন্তু তা না করে, এদিকে কিছু নজর দিচ্ছি না কেন সেটা আমি বুঝতে পারছি না। আজকে এই জিনিষগুলি করতে গেলে কৃষিতে আমাদের সবুজ বিপ্লব ঘটান অত্যন্ত আবশ্যক হয়ে পড়েছে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় বলেছেন দুই বছর পরে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে যাবে বাংলাদেশ। আমরা ২২বছর ধরে শুনে আসছি অনবরত খাদ্য বাড়ছে, লোকও বাড়ছে, এদিকে চালের দাম, ডালের দাম, তেলের দাম বাড়ছে। তেল তো বাইরের রাজ্য থেকে আসে। এগুলির জন্য একটা সুষ্ঠু পথ অবলম্বন করতে হবে। এগুলির জন্য আপনাকে একটা সুষ্ঠু পন্থা অবলম্বন করতে হবে। আজকে সেইজন্য সার, সেচ, বীজ, বিদ্যুৎ যদি সঠিকভাবে গ্রামের মানুষের কাছে দ্রুত পৌছে দিতে না পারা যায় তাহলে এই যে এক্সপ্লোসান, যে হারে মানুষ বাড়ছে সেই আনুপাতিক হারে যে খাদ্যের প্রয়োজন সেই খাদ্যের ব্যাপারে আপনারা আণ্ডারটেকিং দিচ্ছেন বিফোর দি এ্যাসেমব্লী এণ্ড দি এষ্টিমেসন অব দি পোপ্যুলেশন যে ২ বছরে খাদ্যে স্বয়ম্ভর হবেন, এ কিন্তু আমি বিশ্বাস করতে পারছি না, এতে

আমরা আস্থা রাখতে পারছি না। কিন্তু গত ২২ বছরে তা হয় নি। তবে হয়ত মন্ত্রিমহাশয় বলবেন যে আমরা ৪২ দিনে কি কাজ করে দেব। কিন্তু ৪২ দিনের মধ্যে ক'টা মানুষকে ড্রাইভ দেবার জন্য একটি দু'টি বিষয়ে ব্যবস্থা হচ্ছে—হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে এগুলি আপনারা আপনাদের নিয়ন্ত্রণে আনুন এবং গ্রামের মানুষরা আজকে যে অস্বাভাবিক অবস্থায় পড়েছে সেই অস্বাভাবিক অবস্থার হাত থেকে তাঁদের রক্ষা করুন, এগুলি তাদের ক্রয় ক্ষমতার বাহিরে চলেগেছে। আজকে গ্রামের মানুষগুলির দিকে তাকান, সেখানে আজকে ইনসাফিসিয়েন্ট টেষ্ট রিলিফ, জি. আর. নেই বললেই চলে। আমি তাই মুর্শিদাবাদ, নদীয়া জেলাগুলির অবস্থা কি হয়েছে সেটা দেখছিলাম। মুর্শিদাবাদ জেলার কথা বলছি, হুগলী জেলার কথা বলছি যে টাকার অঙ্কটা দেখে খুব ভালই লাগছে। মুর্শিদাবাদ জেলায় ১ লক্ষ ১০ হাজার ২৮০ টাকা মাননীয় ত্রাণমন্ত্রী দিয়েছেন, ত্রাণের জন্য ব্যবহার করা হবে। আমি তাই হিসাব করে দেখছিলাম যদি ২·৬০ পয়সা করে ক্ষয়রাতি সাহায্য দেওয়া হয় তাহলে ব্লক পিছু ৫০০ টাকা দিচ্ছেন। আমি সেইজন্য কয়েকদিন আগে মেনসনের সময় বলেছিলাম যে এইভাবে যদি জি. আর. দেন তাহলে আমাদের পিঠের চামড়া বাঁচানো দায় হয়ে যাবে। আমাদের কিছু মাননীয় সদস্যের ঘরে এসে যেভাবে রোজ বলে যাচ্ছেন, আমি যখন বাড়ীতে ছিলাম তখন এসে কেউ বলছেন খেতে দাও, কেউ বলছেন টেষ্ট রিলিফ স্কীম চালু কর, কেউ বলছেন তেলের দাম বাড়ছে কেন, কেউ বলছেন চালের দাম বাড়ছে কেন, কেউ বলছেন চিনি কেন পাওয়া যায় নি, কেউ বলছেন সাবান পাওয়া যায় নি কেন, কেউ বলছেন অমুক পাওয়া যায় নি কেন, কেউ বলছেন অমুক পাওয়া যায় নি কেন ইত্যাদি নানা রকম অস্বাভাবিক অবস্থার কথা বলে আমাদের কান অতিষ্ঠ করে তুলেছে, আমি কিন্তু একটু অতিরঞ্জিত করে বলছি না। এই যে একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে এই অস্বাভাবিক অবস্থার হাত থেকে বাঁচতে গেলে এক্ষুণি একটা কিছু ব্যবস্থা নেওয়া দরকার। মানুষের কাছ থেকে বিপুল সমর্থন নিয়ে আমাদের এই সরকার প্রতিষ্ঠিত এবং তাদেরই সমর্থনে আমরা আজ ২১৬ জন সদস্য নিয়ে এদিকে বসেছি, আর ওদের সংখ্যা যদি ধরা যায় তাহলে সেটা আরো বেশী হয়ে দাঁড়ায়। জনগণ তো আমাদের একবারে গ্লাশ ভর্তি করে দিয়েছেন, কিছু জল ঢাললেও কমবে না, যদি কিছু ড্রাইভ দিয়ে বেরিয়েও যায় তাহলেও আমরা ১৪১ জন সদস্য থাকবোই, আমাদের এই সরকার থাকবেই। কাজেই আমাদের এই সরকারের প্রতি মানুষ পূর্ণ আস্থা প্রকাশ করেছেন এবং সেইজন্য এই সরকারকে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। মজুতদার, কালোবাজারী, মুনাফাখোরদের বিরুদ্ধে কেন ভালভাবে ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না? ঐ মিলগুলি কেন নিয়ন্ত্রিত হচ্ছে না? ঐ কালোবাজারী, চোরাকারবারীদের তেলের মিলগুলি, ডালের গুদামগুলি কেন নিয়ন্ত্রিত হচ্ছে না, উত্তর-প্রদেশের প্রতি কেন আমাদের নির্ভর করে থাকতে হচ্ছে তেলের জন্য? কেন্দ্রের প্রতি চাপ দিয়ে আদায় করতে হবে। আজকে সারা দেশে ঐ তেলের দর এক হবে না কেন, এক রেটে তেল বিক্রী হবে না কেন? উত্তর-প্রদেশের দামে এখানে তেল বিক্রী হবে না কেন। অথচ যারা প্রোডিউসার তারা মূল্য পায় না, পায় বড়বাজারের বাবুরা এবং বড়বাজারের দিকে তাকালে আপনারা সেটা পরিষ্কার দেখতে পাবেন। আমরা ধান প্রডাকসান করলাম এবং প্রডাকসান করে আমরা যা মূল্য পেলাম তার চেয়ে বেশী মূল্য পেল বড়বাজারের বাবুরা। আমরা মূল্য পেলাম ২০ টাকা, কিন্তু চাল কিনতে গেলে ৭৫।৮০ পয়সা দর দেখা যাচ্ছে। কাজেই এই যে একটা অস্বাভাবিক অবস্থা, এটার একটা সুষ্ঠু ব্যবস্থা করে সঠিক পথে সরকারের চলা উচিৎ। এই বাংলাদেশে ৪ কোটি ৪৪ লক্ষ ৪০ হাজার লোক আছে। সেই লোকগুলির জীবনের দিকে তাকিয়ে আপনাদের সঠিক পথে চলতে হবে। আমাদের এই বিধানসভা শেষ হতে চলেছে এবং বেশ কিছুদিন ধরে আপনাদের আর দেখতে পাব না, চিঠি

পত্রের মাধ্যমে ছাড়া আর দেখা হবে না, রাইটার্স বিল্ডিংসে কজনকে নিয়ে দেখা করতে গেলে হয়ত কদিন পিছিয়ে যাবে। কিন্তু মাননীয় সদস্যদের কাছ থেকে যদি চিঠি পত্র আসে তাহলে আশা করি আপনাদের মত মন্ত্রীরা আমাদের প্রতি একটু নজর দেবেন। সেইজন্য আমার অনুরোধ আপনারা গ্রামবাংলার দিকে একটু তাকান, আপনাদের ঐ বুরোক্রাটরা যে তথ্য দেয় তার প্রতি একটু বিশেষ নজর রাখুন, তাঁরা কখনই আপনাদের সঠিক তথ্য দেবেন না, তাঁরা অলয়েজ মিসলিডিং দি মিনিষ্টার এণ্ড দি পিপল। গ্রামে গঞ্জে যেখানেই আপনাদের সংগঠন আছে তাদের সকলের কাছ থেকে খবর নিয়ে দাবীগুলি মিটিয়ে বাংলাদেশের মানুষের জীবনে যে অর্ধাহার, অনাহার চলছে, যে অস্বাভাবিক অবস্থা চলছে সেই অবস্থার হাত থেকে তাদের বাঁচাবার চেষ্টা করুন এবং আমি বিশ্বাস করি আমাদের এই মন্ত্রিসভা সে বিষয়ে দৃঢ় পদক্ষেপে বলিষ্ঠ নীতি নিয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। এই কটি কথা বলে মাননীয় সদস্য ও মন্ত্রিসভার সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[7-40—7-50 p.m.]

**শ্রীরবীন্দ্রনাথ করণ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যের যে বৃদ্ধি ঘটেছে সেই প্রসঙ্গে আজকের এই আলোচনা অতি গুরুত্বপূর্ণ। বর্তমানে পশ্চিমবঙ্গে এই দ্রব্যমূল্য বৃদ্ধি সাধারণ মানুষকে অত্যন্ত বিচলিত করে তুলেছে। আমরা যদি বিগত ২৫ বছরের কথা আলোচনা করি তাহলে দেখতে পাবো এই ২৫ বছর ধরে সাধারণ মানুষের জীবনধারণের পক্ষে যে অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনীয় জিনিষ সেই জিনিষের দাম ক্রমাগত বেড়েই চলেছে। এর কারণ আমরা এখনও পর্যন্ত অনুসন্ধান করিনি। কিন্তু গ্রামের মানুষ এটা লক্ষ্য করেছে যে ক্রমাগত মূল্য বৃদ্ধির ফলে সাধারণ মানুষের মধ্যে একটা চাঞ্চল্য, ক্ষোভ দেখা দিয়েছে। আজকে এই ক্ষোভ ও চাঞ্চল্যকে দূর করতে হলে আমাদের কতকগুলি সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করতে হবে। আমরা দেখেছি এ পর্যন্ত সরকার কোন সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করতে পারেন নি। একটা জিনিষ এই প্রসঙ্গে লক্ষ্যণীয় যে, যেসমস্ত কাজের জন্য সমাজ-জীবনে অস্থিরতা এসেছে তারমধ্যে ভারতীয় সংবিধানে যে মিশ্র অর্থনীতি আছে সেই মিশ্র অর্থনীতি এরজন্য দায়ী। একে কেন্দ্র করে একদল রাজনীতিবিদ, মুনাফাখোর, মজুতদার তারা সমাজকে নানারকমভাবে এক্সপ্লয়েড করেছে, শোষন করেছে। তাদের সংশোধন করার জন্য আজ পর্যন্ত কোন চেষ্টা করা হয় নি। কাজেই আমাদের এই অর্থ নৈতিক কাঠামোর পরিবর্তন যতদিন পর্যন্ত না হচ্ছে ততদিন পর্যন্ত মূল্যবৃদ্ধি রোধ করা যাবে না। আজকে জনপ্রিয় সরকার গড়ে উঠেছে, এই জনপ্রিয় সরকার যদি প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করতে না পারে তাহলে সমাজ-জীবনে একটা বিপর্যয় দেখা দেবে, ভবিষ্যতে রাষ্ট্রে বিপ্লবও দেখা দিতে পারে। তাই নতুন করে আজকে আমাদের ভাববার সময় এসেছে, আজকে আমাদের নতুন করে শ্লোগান দিতে হবে এবং সেই অনুযায়ী আমাদের কাজ করতে হবে। সেই শ্লোগাণ হচ্ছে নিয়ন্ত্রনের শ্লোগান, মূল্য স্থিতিশীলতার শ্লোগান। একে যদি আমরা কার্যকরী করতে না পারি তাহলে সমাজে কোনদিন শান্তি আসতে পারে না। বিগত ২৫ বছরে স্বাধীনতার পরে দেখতে পাই ইকনমিক ষ্ট্যাবিলিটি আমাদের আসেনি। এরজন্য সমাজের মধ্যে অনেক পরিবর্তন ঘটে গিয়েছে, হত্যা ঘটে গিয়েছে। আজকে আমাদের প্রগতিশীল সরকার এসেছে, এই প্রগতিশীল সরকার যদি মূল্য নিয়ন্ত্রণ করতে না পারেন বা প্রয়োজনীয় দ্রব্যমূল্যের স্থিতিশীলতা না আনতে পারেন তাহলে ৫ বছর পরে আবার পরিবর্তনের মধ্যে পড়তে হবে, যে পরিবর্তন অত্যন্ত ভয়াবহ। আমরা দেখেছি সমাজতান্ত্রিক ভারত সরকারের অধীনে একদল লোক দিনের পর দিন কি করছে। তারা সমাজের ক্ষেত্রে, অর্থনীতির ক্ষেত্রে একটা বিভেদের সৃষ্টি করছে। তাদের ভ্রান্ত নীতির ফলে

আজকে সমাজের মধ্যে এমন একটা অর্থনৈতিক ব্যবধানের সৃষ্টি হয়েছে যার ফলে নানারকম চাঞ্চল্য, অভাব-অভিযোগ দেখা দিয়েছে। এই যদি থাকে তাহলে আমাদের সমাজের উন্নতি হতে পারে না। বিশেষ করে এই অর্থনীতির কাঠামোর পরিবর্তন ঘটাতে না পারলে আমাদের কল্যাণ হতে পারে না। গত ২।৩ বছরের মধ্যে গ্রামের মানুষের প্রয়োজনীয় জিনিষের দাম অস্বাভাবিক বাড়ছে। ২।৩ বছর আগে ছিল লবণ—১২ পয়সা, মুগডাল—১.৩০ পয়সা, মুসুরডাল—১.৪০ পয়সা, সোডা—৮০ পয়সা, সরষের তেল—৪.৫০ পয়সা। কিন্তু এই সমস্ত জিনিসের বর্তমান বাজার দর অত্যন্ত বেশী এবং সাধারণ মানুষের নাগালের বাইরে চলে গেছে, এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করার প্রয়োজন নেই, বিভিন্ন জায়গার মাননীয় সদস্যরা দেখেছেন জিনিসের কিরকম অস্বাভাবিকভাবে দাম বেড়ে চলেছে। ২।৩ বছর আগে কোন এক সময়ে যখন মুগডালের দাম বেড়ে গিয়েছিল, ২।। টাকা কে. জি. হয়েছিল তখন বলা হয়েছিল মুগডালের দাম বাড়ার কারণ হচ্ছে মুগডালের দোকান বন্ধ। কিছুদিন পরে সংবাদপত্রের রিপোর্টাররা খবর দিয়ে জানালেন যে রেলওয়ে ইয়ার্ডে ওয়াগনে মাল বন্ধ হয়ে আছে তখন সেই ব্যবসাদাররা জানালেন যে ক্ষতিপূরণ দিয়ে সেই ডাল নিয়ে আসতে হবে, এইরকম নানাভাবে অপপ্রচার করতে লাগল। এইভাবে যদি আমরা এই সমস্ত মুনাফাখোরদের শিকার হই তাহলে সমাজ-জীবন আরো দুর্বিসহ হয়ে উঠবে। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আমার অনুরোধ এই বিষয়ে কতকগুলি প্রতিকার আমাদের নিতেই হবে, মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা আমাদের করতে হবে, আর এই সঙ্গে সঙ্গে বেকার সমস্যা সমাধান করতে হবে। যদি আমরা এটা করতে না পারি তাহলে সমাজে যে অস্থিরতা দেখা দিয়েছে তা দূর করা যাবে না। যেসমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিস যেগুলি প্রত্যেক মানুষের দৈনন্দিন জীবনে প্রয়োজন সেই সমস্ত জিনিস ষ্টেট ট্রেডিং-এর নিয়ে আসতে হবে, সরকারী নিয়ন্ত্রণে নিয়ে আসতে হবে। যেসমস্ত চোরা-কারবারীর প্রতিদিন জিনিসপত্রের দাম উর্দ্ধমুখী করে রেখেছে সেইসমস্ত চোরাকারবারীদের কঠোর শাস্তি বিধানের ব্যবস্থা করতে হবে এবং প্রত্যেকটি জায়গাতে একটা করে প্রতিরোধ কমিটি করতে হবে যাতে করে মূল্য নিয়ন্ত্রণ আমাদের আয়ত্তের বাইরে চলে না যায়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅসমঞ্জ দে:** মিঃ স্পীকার, স্যার, আজকে সভ্য সমাজের একান্ত অপরিহার্য নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর দামস্তর বৃদ্ধির উপর অনারেবল মেম্বার শ্রীআবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে আমি প্রথমেই মনে করি যে, যে-কোন একটা দেশের অর্থনৈতিক সমৃদ্ধি সাধনের জন্য সব থেকে যেটা বড় দরকার সেটা হচ্ছে দেশের অর্থনৈতিক কাঠামোয় ভারসাম্যের প্রতিষ্ঠা। একটা মানুষের দৈহিক উন্নতির জন্য যেমন দেহের ভারসাম্য প্রতিষ্ঠার প্রয়োজন এবং দৈহিক ভারসাম্য বা দেহের উত্তাপের স্বাভাবিকতা এবং অস্বাভাবিকতা পরিমাপের মাপকাঠি যেমন থার্মোমিটার ঠিক তেমনিভাবে একটা দেশের অর্থনৈতিক কাঠামোয় ভারসাম্য পরিমাপের মানদণ্ড হচ্ছে প্রাইস লেভেল বা দামস্তর। এই দাম-স্তরের উপর সমাজের নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর দাম মুখ্যতঃ নির্ভরশীল। আমরা দেখেছি বর্তমান সমাজে এই দামস্তর ক্রমাগতভাবে বেড়ে গিয়ে আকাশচুম্বী হয়ে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে গিয়ে মানুষের জীবনকে বিপর্যস্ত করে তুলেছে। এই প্রাইস রাইজ এটা It is a hydraheaded monster.

এটা বহু মস্তক বিশিষ্ট দৈত্যের ন্যায় সমাজের সর্ব শ্রেণীর মানুষকে গ্রাস করে মারছে। এই দাম-স্তর বৃদ্ধির কারণ নির্ণয় করতে গিয়ে মিঃ বিশ্বাস মূলতঃ উৎপাদন বৃদ্ধির সংকটজনিত সমস্যা মূল কারণ বলে অভিহিত করেছেন। নিশ্চিতভাবে এই দাম বৃদ্ধির কারণ হিসাবে অভিহিত করা যেতে

পারে উৎপাদনের স্বল্পতা, নিশ্চিতভাবে অভিহিত করা যেতে পারে জনসংখ্যা বৃদ্ধির দরুন চাহিদা বৃদ্ধির চাপ, নিশ্চিতভাবে অভিহিত করা যেতে পারে আমাদের উৎপাদনের ক্ষেত্রে প্রকৃতির উপর নির্ভরশীলতাময় বৈজ্ঞানিক পদ্ধতিতে কার্যকরী করার অভাব, নিশ্চিতভাবে অভিহিত করা যেতে পারে পরিকল্পনাকালে ঘাটতি আধিক্য। কিন্তু আমি এগুলি একমাত্র মূল কারণ বলে মনে করি না। কিছু দিন আগে পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর দাম স্তর বৃদ্ধির কারণ নির্ণয় করতে গিয়ে একজন স্পেসিয়াল ইকনমিক এক্সপার্ট মিঃ সেলিগম্যান ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো রিভিউ করে বলেন—The problem is not merely linked with the question of production, it is mainly linked up with the question of distribution. সেজন্য আমি মনে করি যারা ব্যবসাদার, যারা চোরাকারবারী মুনাফা লুঠ করে ফাটকাবাজী করে,যারা হিংস্র নেকড়ের মত লোলুপ লোভাতুর শ্যেন দৃষ্টি দিয়ে যখন কর বৃদ্ধির একটু ছোঁয়াচ পেল তখনই রাতের অন্ধকারে সুড়ঙ্গ পথে দ্রব্যসামগ্রী উধাও করে দিয়ে. তাদের গুদামজাত করে রেখে,জিনিষের কৃত্রিম অভাব সৃষ্টি করে,জিনিষের দামকে আকাশচুম্বী করে সাধারণ মানুষের নাগালের বাইরে নিয়ে গিয়ে সাধারণ মানুষের ভাগ্যকে দাবা খেলার ঘুটির মত ছিনিমিনি খেলে তাদের কাযকলাপ হচ্ছে বর্তমান সমাজে এবং পশ্চিমবাংলার বুকে দামস্তর বৃদ্ধির অন্যতম কারণ।

[ 7-50—8-00 p.m. ]

আজকে আমাদের পশ্চিমবঙ্গে অর্থনৈতিক কাঠামো যদি দেখি তাহলে দেখবো যে আজকে যে উৎপাদন প্রতিষ্ঠান এই উৎপাদন প্রতিষ্ঠানের প্রকৃতি মূলত দুটি রকমের, একটা হচ্ছে ষ্টিকার ফার্ম আর একটা হল স্যাচার ফার্ম। পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামোর দিকে তাকালে দেখতে পাই সেটা হচ্ছে স্যাচার ফার্ম। অথচ ভবিষ্যতে পশ্চিমবাংলার দিকে তাকালে দেখতে পাই এর অর্থনৈতিক কাঠামোর অস্তিত্ব থাকুক বা না থাকুক সেকথা কল্পনা না করেই যেন তেন প্রকারেণ লাভের পরিমাণ বাড়িয়ে কিভাবে মুনাফার পাহাড় বাড়ান যায় সেটা চেষ্টা করেন। আমার সরকারের কাছে প্রকৃত দাবী হচ্ছে যে এই সরকার যেন অবিলম্বে মার্জিন বেঁধে দিয়ে ষ্টিকার ফার্ম-গুলি কড়া হাতে কনট্রোল করেন। পশ্চিমবঙ্গের বিগত ২৫ বৎসরের অর্থনৈতিক ইতিহাস পর্য্যালোচনা করলে দেখা যায় দাম স্তর কি ভাবে বেড়েছে। সে কথা বলতে গেলে বলতে হয় আমরা ষ্টেটিসটিকস্-এ দেখেছি যে গত ২৫ বৎসর পূর্বে আমাদের টাকার যে মূল্য ছিল আজকে ২৫ বছর পরে এই একশো টাকার মূল্য সাড়ে সতেরো পারসেন্ট হয়েছে, এই দাম স্তর বৃদ্ধির দরুন কিভাবে জন-জীবনে বিপর্য্যয় সৃষ্টি করেছে, দারুন হতাশা বিক্ষোভ দেখা দিয়েছে, এবং এই নৈরাশ্যের সুযোগ নিয়ে সবচেয়ে যেটা দুঃখের ও ক্ষোভের কথা সমাজের কতিপয় সুবিধাবাদী স্বার্থান্বেষী কুচক্রির দল আছে তারা ঘৃতাহুতি দেবার মতন ঐ লোকেদের ধ্বংসাত্মক কার্য্যকলাপে ঠেলে দিতে সরকারকে বিপর্যস্ত করবার চেষ্টা করেছে। এরা যাতে এই ধরনের সুযোগ না পায় তারজন্য আমি সরকারের কাছে আবেদন করবো দাবী করবো যেন অবিলম্বে দাম স্তর বৃদ্ধির পথে আঘাত হানা হয়। এবং বিগত দিনে তিন চার বৎসরে পশ্চিমমবাংলায় ১৯৬৭-৬৯ সালে যখন মার্কসবাদি কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে যুক্তফ্রন্ট হয় যখন তারা রাজত্ব কায়েম করেছিলেন তখন আমরা দেখেছিলাম যে জিনিষের দাম বেড়েছিল, মানুষের বিক্ষোভ ধূমায়িত হয়েছিল। মানুষ তখন হতাশা এবং নৈরাশ্যে আন্দোলনে দানা বেঁধে রাস্তায় বেরিয়েছিল। তখন কি করেছিল পশ্চিমবঙ্গ সরকার এবং যুক্তফ্রন্ট মন্ত্রীরা কিছু কিছু বেতন বাড়িয়ে তাদের আন্দোলনের শিরদাঁড়া ভেঙ্গে দেবার চেষ্টা করেছিলেন। আমি পরিষ্কার ভাবে বলতে চাই সরকার যেন বেতন বৃদ্ধির কথা না চিন্তা করেন। একটা সুনির্দিষ্ট দাম নীতি গ্রহণ করুন, এবং সুনির্দিষ্ট দাম নীতি গ্রহণ করতে

গিয়ে প্রাইস কনট্রোল এবং রেশনিং কার্য্যকরী করুন এবং সবচেয়ে বড় কথা ফটকাবাজারীদের কথা। এই ফটকাবাজারীদের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকারকে এরূপভাবে রুখে দাঁড়াতে হবে—দৃষ্টান্ত-স্বরূপ শাস্তি দিতে হবে যাতে পশ্চিমবঙ্গে প্রবল জনমত সৃষ্টি হয়। সত্য কথা বলতে গেলে বলতে হয় আজকের যুগে What is required is starting an all-out campaign against speculation in the form of counter speculation. আমি শিল্পমন্ত্রী থাকলে বলতাম। আমি আপনার মাধ্যমে মাননীয় সরকারের কাছে বলতে চাই পশ্চিমবঙ্গ সরকারের শিল্পনীতি এর সঙ্গে জড়িত। আজকে ক্ষুদ্র শিল্পে ও কুঠির শিল্পের উপর এরূপ গুরুত্ব দিতে হবে, কারণ আমরা জানি এই শিল্পগুলিতে ভোগের সামগ্রী উৎপাদন হয়। সেই ভোগজাত দ্রব্য যে উৎপাদন হয়, সেই উৎপাদন যদি বাড়ে তবে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম আজকে আস্তে আস্তে চেক্‌ড আপ হতে পারে। আজকে আর একটি বড় কথা যে পশ্চিমবাংলার পরিকল্পনা যাতে বাজেট দেখে দেখছি যে ঘাটতি বাজেটের দারুন প্রাধান্য রয়েছে। এটা দেখতে হবে ঘাটতি বাজেট যেন social benefits কাজে লাগান হয়। আর মিঃ বিশ্বাস যে কথা বলেছেন, কর্ডনিং উদ্বৃত্ত এলাকা থেকে ঘাটতি এলাকায় ফসল যাতে আসতে পারে সেখানে আস্তে আস্তে বিধি নিষেধ তুলে দিতে হবে। লং টার্ম অবজেকটিভ হিসাবে নিশ্চয়ই এই কথা খাদ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে নিবেদন করবো যে উদ্বৃত্ত বছরের ফসল—কারণ প্রকৃতির সঙ্গে আমাদের উৎপাদন ব্যবস্থা পুরাপুরিভাবে জড়িত—আমি উদ্বৃত্ত বছরের ফসল যাতে ঘাটতি বছরে কাজে লাগান যায় তারজন্য ব্যাপক কোল ষ্টোরেজের ব্যবস্থা করতে হবে, ওয়ার হাউসিং করর্পোরেশনের ব্যবস্থা করতে হবে। আমি শুধু এই কথা বলছি আমাদের পশ্চিমবঙ্গের জনপ্রিয় সরকার-এর প্রতি আমার অগাধ বিশ্বাস আছে, এবং খাদ্যমন্ত্রীর কর্মদক্ষতার প্রতি আমার আগাধ আস্থা আছে। আমি বিশ্বাস করি তিনি এইসমস্ত পন্থাগুলি কঠোর হস্তে কাজে লাগাবেন। পশ্চিমবঙ্গের জন-জীবন যে আকাশচুম্বী দাম স্তরে বিপর্য্যস্ত হচ্ছে তার হাত থেকে পশ্চিমবাংলার অর্থ নৈতিক কাঠামো মানুষকে বাঁচিয়ে, পশ্চিমবাংলার জন-জীবনে স্বাভাবিকতা ফিরিয়ে এনে পশ্চিমবাংলার অর্থনৈতিক প্রতিষ্ঠা লাভ করিয়ে, অর্থনৈতিক সমৃদ্ধির পথে পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাবেন। এই আশা রেখে—এই বিশ্বাস রেখে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীললিত গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন যে নির্বাচনের ঠিক পূর্বে আমরা ছাত্রপরিষদকে বলেছিলাম এবং আপনিও দেখেছিলেন যে বিভিন্ন জায়গায় দ্রব্য মূল্যবৃদ্ধির রোধ করার জন্য আমরা অনশন করেছিলাম। কিন্তু ঠিক নির্বাচনের পর দেখা গেল প্রতিটা জিনিষের দাম এমনভাবে বেড়ে চলেছে যে সেখানে গিয়ে আমরা move করতে পারছি না। যে কোন জিনিষের দাম এমনভাবে বেড়ে চলেছে যে তারা মনে করছে যে নির্বাচনের ভাওতা দিয়ে আমরা এখানে এসেছি। আমরা নির্বাচনের রায় মাথা পেতে নিলাম। নির্বাচনের পূর্বে যে কথা বলেছিলাম এখন সেকথা রাখতে পাচ্ছি না। এই যে দ্রব্যমূল্য বেড়ে চলেছে তার একটা কারণ হিসাবে বলতে চাই যে গ্রামাঞ্চলে cordorning area আছে সেই area থেকে যেসমস্ত জিনিষ কোলকাতায় বা বিভিন্ন জায়গায় চালান যায় সেই সমস্ত cardorning area-তে যেসমস্ত পুলিশ পাহারা থাকে তাদের কিছু কিছু টাকা দিতে হয়। এখন সেইসমস্ত টাকা যদি উসুল করতে হয় তাহলে দ্রব্যমূল্য বাড়াতে হবে। আমরা দেখতে পাই wagon-এর অভাবের জন্য এই দ্রব্যমূল্য বৃদ্ধির আর একটা কারণ। আমি খুববেশী না বলে মন্ত্রিসভাকে বলতে চাই যে এই দ্রব্যমূল্য বৃদ্ধি যদি খুব তাড়াতাড়ি না আমরা রোধ করতে পারি তাহলে পশ্চিমবাংলায় একটা বিভৎস ইতিহাস সৃষ্টি হবে। মন্ত্রিসভাকে এটা চিন্তা করার জন্য অনুরোধ জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ হাউসে মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং সময়োচিত প্রস্তাব। আমরা প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার অংশীদার হয়ে এখানে এসেছি এবং অনেক আশা আকাঙ্খা নিয়ে এসেছি। কিন্তু দুঃখের বিষয় যাদের মুখে হাসি ফোটানোর জন্য আমরা এখানে এসেছি, যাদের অনেক আশীর্বাদ নিয়ে এসেছি তাদের মনে কিন্তু আজ নিদারুণ দুঃশ্চিন্তা এবং তারা আজ দুঃখে দিন কাটাচ্ছে। দ্রব্যমূল্য এত ভীষণভাবে বেড়ে গেছে যেটা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে। এটা দীর্ঘদিন ধরে চলে আসছে এবং আজও হচ্ছে। আমরা জানি গ্রামবাংলার অধিকাংশ চাষী, ক্ষেতমজুর যারা মাথার ঘাম পায়ে ফেলে দেশ গঠন করছে, যাদের সম্বন্ধে গরিবী হটানোর কথা বলা হচ্ছে কিন্তু কার্যতঃ তাদের দুঃখ দূর করার জন্য কি করছি সে বিষয়ে সন্দেহ আছে। আমরা অনেক ভাল ভাল আইন পাশ করেছি। কিন্তু তাদের দুঃখ কি দুর করতে পেরেছি? এখন থেকে ১০০ বছর আগে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র তাঁর একটি লেখনীতে লিখেছিলেন ইংরেজদের তৈরী এই বিদ্যুৎ, রাস্তাঘাট,যানবাহন যা হয়েছে এতে দেশের উন্নতি হয়েছে, কল্যাণ হয়েছে, কিন্তু প্রকৃতপক্ষে এতে কি দেশের কল্যাণ সাধিত হয়েছে—হয়নি? তিনি তাঁর বলিষ্ঠ প্রতিবাদ করে বলেছিলেন হাকিম, শেখ, কৈবর্ত্ত তাদের যদি ভাগ্য পরিবর্তন না হয় তাহলে কিসের উন্নতি? আমি বলব আমাদের দেশের যে অর্থনৈতিক কাঠামো তাতে সেই অবস্থা এখনও রয়েছে। আমরা খাদ্য-সম্বন্ধে স্বয়ংসম্ভর হয়েছি বলে থাকি। কিন্তু তার অর্থ এই নয় যে সমাজতান্ত্রিক লক্ষ্যে আমরা পৌঁছেছি। উন্নয়নশীল দেশে জিনিষের দাম বাড়ে ঠিকই এবং সেটা বড়কথা নয়। কিন্তু সাধারণ মানুষ যে কিনতে পারে না। আজ যারা শ্রম দিয়ে দেশ গড়ছে তাদের ভাগ্যে কিছু নেই। কাজেই আমরা যে প্রতিশ্রুতি দিয়ে এখানে এসেছি সেই প্রতিশ্রুতি আমাদের পালন করতে হবে। নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম কেন বাড়বে? আমাদের চাষীরা যারা নিত্য প্রয়োজনীয় জিনিষ উৎপাদন করছে তাদের ভাগ্যে কিছু নেই। অথচ এই নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম দিনের পর দিন বেড়ে চলেছে। আমরা আশা করব জনপ্রিয় সরকার এ সম্বন্ধে একটা বলিষ্ঠ ব্যবস্থা গ্রহণ করবেন। এ সম্বন্ধে আমাদের কতকগুলি suggestion আছে। কালো টাকা, মুনাফাখোর কালোবাজারী যারা বাজার control করে একটা parall সরকার চালাচ্ছে তাদের দমন করার জন্য সরকারকে কঠোর আইন করতে হবে এবং সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলে জনপ্রিয় কমিটি গঠন করতে হবে। কেননা কেবলমাত্র আমলার দ্বারা এই বিরাট সমস্যার সমাধান করা কোন ক্রমেই সম্ভবপর নয়। বিশেষ করে আমাদের মনে রাখতে হবে যদি ষ্টেট ট্রেডিং না হয় সরকার যদি নিয়ন্ত্রণের দায়িত্ব কিছুটা না নেন তাহলে এই গুরুতর সমস্যার সমাধান হতে পারে না। তাই সবশেষে সরকারের কাছে একটা অনুরোধ রাখছি আমাদের জীবন-মরণ সমস্যার দিকে যেন সরকার চেয়ে দেখেন। যাতে অতি প্রয়োজনীয় দ্রব্যের দাম যেন আর না বাড়ে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 8-00—8-10 p.m. ]

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিত্য প্রয়োজনীয় দ্রব্য যথা চাল, ডাল, কেরোসিন তেল, চিনি এবং সরিষার তেল ইত্যাদির যে মূল্য বৃদ্ধি হতে চলেছে তার ফলে জনমানসে একটা হতাশার সৃষ্টি করছে। এটা যাতে নিয়ন্ত্রণ হতে পারে তারজন্য আমাদের মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস তিনি ১৮৫ নিয়মের মোশানে এনেছেন সেই সম্পর্কে আমি বক্তব্য রাখতে চাই। আমাদের নির্বাচনের প্রাক্কালে আমাদের মহান নেত্রীর গরিবী হটাওর সুরে সুর মিলিয়ে নির্বাচনী অভিযান চালিয়েছিলাম। পশ্চিমবাংলার জনসাধারণ ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যে অস্থিরতা চলছিল তার নিরসনকল্পে এবং খেয়ে পরে বাঁচার তাগিদে আস্থা রেখে আমাদের

পক্ষে অধিক সংখ্যায় রায় দিয়ে জনপ্রিয় সরকার গঠনের পথ সুগম করেছে। কিন্তু দুঃখের বিষয় আমাদের নির্বাচনের প্রাক্কালে যে সমস্ত নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য ছিল গত ২০শে মার্চ মন্ত্রিসভা শপথ গ্রহণের পর লক্ষ্য করেছি দিনের পর দিন তা বেড়েই চলেছে। আমরা সেই সম্পর্কে মেনশনের মধ্যে বলেছি। আজ ৪২ দিন আমাদের সরকারের আয়ু হয়েছে। এটা স্বাভাবিক যে জনসাধারণ এর মধ্যে আশা করে যে তারা নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সুবিধা পাবে এবং খেয়ে পরে বাঁচতে। কিন্তু আজ যে হতাশা সেটা অস্বাভাবিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে দেখেছেন এবং আপনার এলাকা সম্পর্কে অনেকে বক্তব্য রেখেছেন। পশ্চিমবাংলার বিশেষ করে গ্রামবাংলার জনসাধারণ—তাদের মনে হাতাশা আসা স্বাভাবিক। কিন্তু আমার দৃঢ় বিশ্বাস তাদের মনে হাতাশা এলেও তারা নিরাশ হয়ে যান নি। আপনি জানেন গত জুলাই মাসের সর্বনাশা বন্যায় বিভিন্ন অঞ্চল অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বিশেষ করে গ্রামবাংলার অর্থনৈতিক কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বন্যায় ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, হালের গরু, বাছুর মরে গিয়েছে। তারপর তারা ফসল পায় নি, বীজ ধান তাদের কাছে নেই। তারা গৃহনির্মাণ ঋণ পায় নি এবং কৃষি ঋণ এবং গরু কেনার ঋণ অনেক জায়গায় পায় নি। আমাদের অনেক জায়গায় বিশেষ করে মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার বরেন্দ্র অঞ্চলে অবস্থিত সেচ ব্যবস্থা নেই এবং জল নিকাশের ব্যবস্থা না থাকার ফলে তারা চৈতালী ফসল পায় নি। আজ বাংলাদেশের অবস্থা ভয়াবহ। অনেক জায়গায় চার পাঁচ মাস ভাত কি জিনিষ ভুলে গিয়েছে। ভাতের বদলে খেসারী যা গোখাদ্য বলে পরিচিত তাই গরীব জনসাধারণ জীবনধারণের জন্য খাচ্ছে।

এই অবস্থায় এই যে ভয়াবহ চিত্র সেই চিত্র দূর করবার জন্য আমাদের যে জনপ্রিয় সরকার সেই জনপ্রিয় সরকারের কাছে আমি বিনয়ের সঙ্গে জানাবো যে এর একটা সুচিন্তিত সিদ্ধান্ত অতি সত্বর নেওয়া দরকার যার দ্বারা গ্রামবাংলার জনসাধারণ এই হতাশা থেকে রক্ষা পায় এবং তারা বাঁচতে পারে। এবং তারা যে অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে—এর হাত থেকে যেন তারা মুক্তি পায়। এই প্রসঙ্গে আমি আমার কিছু সাজেসন রাখতে চাইছি। আজকে কালোবাজারী এবং মুনাফাখোর—এরা যে কৃত্রিম খাদ্যাভাব সৃষ্টি করে এবং দ্রব্যমূল্য বৃদ্ধি করে তার জন্য মাননীয় মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করবো যাতে তাঁরা এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখেন। আর একটা জিনিস প্রথমে লক্ষ্য করতে হবে খাদ্য যদি সুসম বণ্টন না হয়, বণ্টন নীতির যদি কোন দুর্বলতা থাকে সেদিক দিয়ে আমি অনুরোধ করবো এই বণ্টন নীতিকে যদি সুদৃঢ় করা যায়, এ সম্পর্কে যদি সত্যিকারের বলিষ্ঠ নীতি নেওয়া যায় তাহলে আমার মনে হয় দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ হতে পারে। আমি এ কথা বলতে চাই যে নির্বাচনের প্রাক্কালে আমরা দেখেছি যে এক এলাকায় যেখানে খাদ্য রয়েছে কর্ডনের মাধ্যমে অন্য এলাকা খাদ্য পায় না। এমনকি আমি উদাহরণ দিতে পারি যে জিয়াগঞ্জ থেকে চাল ভগবান গোলায় নিয়ে গেলে ধরে। যদি তারা জীবনধারণের জন্যও চাল নিয়ে যেতে চায় তবুও তাদের ধরে। তাই আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে অনুরোধ করবো এই যে কর্ডন সেটা যেন দূরীভূত হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**Shri George Albert Wilson De-Roze** : Sir, with your permission I move under rule 336 that the motion be now put. I take that the House has sufficiently gathered the views of the members and, therefore, I move under rule 336 that the motion be now put.

**Mr. Speaker :** I think the members are willing to participate in the debate.

**Shri George Albert Wilson De-Roze :** Obviously, I withdraw the motion, Sir,

**Shri Prem Oraon** :

मिस्टर स्पीकर, सर, उत्तर बंगला देश का २० वर्षों से जो हालत चलरही है, उसके बारे में यहां सब कुछ कहना बड़ा मुश्किल है। इस २० वर्ष में आजतक उत्तर-बंगाल को कोई भी फैसिलिटी देने का इन्तजाम नहीं किया गया है। यहां पर कोई उद्योग-धन्धा आजतक स्थापित नहीं हो सका। इसीलिए उत्तर बंगाल की हालत आज बहुत खराब है। उत्तर बंगाल के चार डिस्ट्रिक्ट की परिस्थिति इतनी खराब चल रही है कि वहां के रहने वालों को बड़ी कठिनाई का सामना करना पड़ता है।

वहां पर चाय बगान के ऊपर बड़ा अत्याचार चल रहा है। आज वहां चाय बगान की ऐसी परिस्थिति है कि जो मजदूर उस जगह पर थोड़ा बहुत पहले काम में लोग रहते थे, अब उनको वहां काम मिलना भी मुश्किल हो गया है। वहां पर ६६ साल में एक एग्रीमेन्ट हुआ था, मालिकों के साथ। उसकी वजह से अगर मजदुर चाय बगान में काम पर जाते हैं, तो मालिक उस चुक्ति मे मुताबिक मजदुर से कहता है कि काम नहीं मिलेगा।

चाय बगान के इलाके में पहले मालिक लोग पानी देते थे, घर बनाते थे। लेकिन अब दो वर्ष से घर नहीं बनाते हैं। और न पानी का ही इन्तजाम करते है। अब वहां पर पानी का कोई भी प्रबंध नहीं है। हम अपनी का स्टिटएसी नागराकटा-चार सा-चम्पाकुड़ी और मेटली से घूम कर अभी आये है। वहां पर ऐसी परिस्थिति है कि एक घड़ा पानी के लिए चार आना देना पड़ता है। इसलिए मैं मंत्री महोदय से अनुरोध करूंगा कि हमारे इलाके नागराकाटा-चारसा-चम्पाकुड़ी और मेटली में जो मजदुर भाई बहन रहता है, उनके लिए पानी का प्रबंध जल्द से जल्द करें।

[ 8-10—8-20 p.m. ]

लेवर मिनिस्टर के साथ पिछली कर की असेम्बली में रामसूनी और मेटली में जो मजदुरों का छटाव करके वेकार कर दिया था, उनके बारे में बात-चीत मैंने की थी। मगर आज-तक उसके बारे में कुछ नहीं हुआ है। आइबिल में भी छटाव करके रखा है। इसलिए मैं लेवर मिनिस्टर साहब से कहूंगा कि इस पर फौरन विचार कीजिए। क्यों कि मजदुर बड़ी मुश्किल में पड़े हुए हैं। आज तक इसका कुछ भी नहीं हुआ है। वहां से चिट्ठी आई है कि मजदुर लोग बहुत तकलीफ में हैं। अभी तक इस केस का फैसला क्यों नहीं हुआ ? मजदुर लोग तड़प रहे हैं।

चाय बगान में मजदुरों की बड़ी खराब परिस्थिति चल रही है। मगर मालिक लोग लाखों रुपया चाय बगान से काम रहे है लेकिन हमारे गरीब मजदुर भाई वहीं पर खराब परिस्थिति में दिन बिता रहे हैं।

**Mr. Speaker :** आपका टाइम हो गया है, आप अब बैठ जाइए।

**শ্রীসুকুমার ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব আজ এনেছেন সেই প্রস্তাবকে আমরা সকলে মিলে সমর্থন করছি। বিধানসভা বন্ধ হতে চলেছে। আমি মনে করি যে এই বিধানসভা চলা কালীন সকলের যে গুরুত্বপূর্ণ কথা বলা উচিত ছিল মানুষের পক্ষে সেকথা আজ বলা হল। পশ্চিমবাংলার সামগ্রিক কল্যাণের জন্য বহু বিল পাশ হয়েছে, বহু আইন প্রণীত হয়েছে, বহু কথা বহু মানুষ বলেছে, কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি, আমি, আমরা কেউই বাকী নেই, যারা সকলেই ওতপ্রোতভাবে জড়িত মানুষের দুঃখের সঙ্গে, সেইসমস্ত মানুষ যারা অধিকাংশ গ্রামবাংলার, যাদের পরণে কাপড় নেই, যাদের মাথার উপর আচ্ছাদন নেই, যারা দু'মুঠো খুদকুড়াও খেতে পারে না এবং তাদের দুঃখ, তাদের কষ্ট নিয়ে যেভাবে বছরের পর বছর ছিনিমিনি খেলা চলছে, যেভাবে বছরের পর বছর ধরে অত্যাচার চলছে, আমরা ভাবতে পারি না, বুঝতে পারি না, সারগর্ভ নীতি কথা আমরা কি করে বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাদের জন্য এই কথা বলা হয়েছে, যারা দ্রব্যমূল্যের সঙ্গে জড়িত, তারা অনেকেই বোঝে না, খোঁজ রাখে না যে চাঁদে মানুষ নামলো কিনা কিন্তু তারা বোঝে সরিষার তেল, তারা বোঝে চাল,তারা বোঝে আনাজপাতি, বাঁচার জন্য যে উপকরণ প্রয়োজন তা তারা বোঝে। এখানে বহু তথ্য ও তত্ত্বর অবতারণা করা হয়েছে। আমি একথা পরিষ্কার ভাষায় বলতে পারি চাহিদা কম, না চাহিদা বেশী, সরবরাহ কম, না সরবরাহ বেশী,কোথায় ওয়াগন পাওয়া যাচ্ছে না, কোথা থেকে মাল আসছে না এইসমস্ত জিনিষ বলার প্রয়োজন নেই। আমি আজকে একথা বলতে চাই এই দ্রব্যমুল্য বৃদ্ধি যারা করেছে সেই মুনাফাখোর, অসাধু, চোরাকারবারী, প্রঞ্চবক, তস্করের দল, দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর মানুষকে শোষণ করছে তাদের বিরুদ্ধে সরকার যদি সক্রিয় পন্থা অবলম্বন করেন তাহলে আমার মনে হয় এই দ্রব্যমূল্য বৃদ্ধি অচিরেই বন্ধ হয়ে যাবে। বেশী বড় কথা নয়, সমগ্র পশ্চিমবাংলায় ১০টি কিম্বা ২০টি টেষ্ট কেস করা হোক, যারা ভেজাল দেয়, যারা চোরাকারবারী, যারা মুনাফাখোর, যারা হাজার হাজার বস্তা চাল, চিনি, এবং গম গুদামজাত করে কৃত্রিম সংকট সৃষ্টি করছে,প্রকাশ্যে তাদের বিচার করা হোক, দেখবেন দ্রব্যমূল্য বৃদ্ধি বন্ধ হয়ে গেছে, যদি আন্তরিকতার সঙ্গে এইকাজ করা হয়, তাহলে কোন আইনের প্রয়োজন নাই। মানুষ আজ এই জিনিষ চাইছে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে রয়েছেন, তিনি কিছুদিন আগে কিছু গুদাম সিল করেছিলেন, সেই খবর সংবাদপত্রওয়ালারা ফলাও প্রচার করেছে, আজকে এই যে কৃত্রিম সংকট সৃষ্টি হয়েছে, সেই সংকট রুখবার জন্য যদি সরকার পক্ষ থেকে সক্রিয় পন্থা গ্রহণ করা হয়, তাহলে পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি মানুষ দুহাত তুলে এই সরকারকে আশীর্বাদ করবে। তারাও এই সরকারের শ্রীবৃদ্ধি চায়। তা যদি না করা হয়, মাননীয় স্পীকার মহাশয়, শুধু কথার জাল বিস্তার করে কোন কিছু হবে না। এই প্রস্তাবের কাল কাল অক্ষরগুলির কালি শুকিয়ে যাবার সঙ্গে সঙ্গে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম আট আনা, একটাকা, দুটাকা করে বেড়ে যাবে। এই অবস্থা চলতে পারে না, এই অবস্থা বন্ধ হওয়া প্রয়োজন। মানুষের স্বার্থে এই বিধানসভা, সেই জনগণই যদি আমাদের এই ঠাণ্ডা ঘরে পাঠিয়ে থাকে তাহলে ঠাণ্ডা ঘরে, ঠাণ্ডা

মাথায় চিন্তা করে আমাদের সক্রিয় পন্থা গ্রহণ করতে হবে। দেশের জনগণই আমাদের এই বিধানসভায় পাঠিয়েছে, আজকে গ্রামে গঞ্জে দ্রব্যমূল্য প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে, যারা অসীম দরিদ্র, নিরন্ন তারা সকলেই আমাদের পাঠিয়েছে, তাদের জন্য আমাদের ভাবতে হবে, আজকে আমাদের তাদের কথা চিন্তা করতে হবে। তাই আজকে পশ্চিমবঙ্গের জনপ্রিয় মন্ত্রিসভাকে কেবলমাত্র জনপ্রিয় বলে শেষ কথা বললেই কাজ শেষ হবে না। এই জনপ্রিয় মন্ত্রিসভা জণগনের আশীর্বাদধন্য মন্ত্রিসভা, অবিলম্বে এমন ব্যবস্থা গ্রহণ করুন যাতে পশ্চিমবঙ্গে চোরাকারবারী, ভেজালকারী, মুনাফোর এবং বে-আইনী মজুতদারেরা মাথা তোলার সাহস না পায়। আজকে এমন অবস্থা হয়েছে যেন চোরাকারবারীরা প্রশাসনকে কিনে রেখেছে, পুলিশকে কিনে রেখেছে, তাই দরিদ্র চাষী-মজুরকে আজকে আটকে থাকতে হয়, যারা ট্রেড ইউনিয়ন আন্দোলন করে এইরকম বহু শ্রমিককে কারাগারে ফেলে রাখা হয়, আর মোটা মোটা সমস্ত মানুষ, বড় বড় পয়সাওয়ালা মহাজন বেনিয়া যারা তারা আনটাচড্ থেকে যায়, তাদের বিরুদ্ধে আমাদের কর্মপন্থা নিতে হবে। এই মন্ত্রিসভার উপর আমাদের বিশ্বাস আছে, গভীর শ্রদ্ধা আছে, সেই বিশ্বাসকে বাড়িয়ে নিয়ে আজকে এই কথা বলতে চাই আজকে এই সরকার এমন কাজ করুন যাতে সেই বিশ্বাস দৃঢ় হয়, শক্ত হয়। আজ লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষের সঙ্গে যে সমস্যা জড়িত আপনারা ভাববেন না সেই সমস্যা কেবলমাত্র একটা কাগজের প্রস্তাব হিসাবে থেকে যাবে, এর পেছনে পশ্চিমবঙ্গের লক্ষ কোটি মানুষের অন্তরের সমর্থন আছে। সেই সমর্থনের কথা বুঝে এবং চিন্তা করে আজকে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করবার জন্য এমন কয়েকটি দৃষ্টান্ত স্থাপন করুন যাতে যেসমস্ত লোকের চক্রান্তে দেশের সাধারণ মানুষের নাভীঃশ্বাস উঠেছে সেই চক্রান্ত ব্যর্থ হতে বাধ্য হয়। আমি পুনরায় প্রথমে যেকথা বলেছিলাম সেই কথাই আবার বলতে চাই। কোন কিছু করার প্রয়োজন নেই, শুধুমাত্র সারা পশ্চিমবাংলায় ১৫।২০ টি কেস তৈরী করুন, এমন কেস করুন পশ্চিমবঙ্গে যারা ভেজাল দেবে, খাদ্যদ্রব্য নিয়ে ফাটকাবাজী করবে, কৃত্রিম অভাব সৃষ্টি করবে, যারা ডাল, চিনি, তেল লুকিয়ে রাখবে, তেলে যারা শিয়াল কাঁটা মেশাবে সেইসব লোক রেহাই না পায়। এইসমস্ত লোক যদি রেহাই না পায় দেখবেন অবস্থা পাল্টে গেছে, অবস্থার পরিবর্তন হয়েছে। আজকে তাই মাননীয় সদস্যরা যাঁরা এখানে আছেন, আমি আশাকরি তাঁরা আমার সঙ্গে একমত হবেন এবং বারি সাহেব যে মনোভাব ব্যক্ত করেছেন এবং অন্যান্য মাননীয় সদস্যরা যে কথা বলেছেন তার সঙ্গে একাত্মবোধ করে গভীরভাবে সমমনোভাব রেখে পশ্চিমবঙ্গে দ্রব্যমূল্য যেভাবে হুহু করে বেড়ে চলেছে তা রুখবার জন্য সক্রিয় কর্মপন্থা গ্রহণ করবেন। এই বিশ্বাস এবং ভরসা রেখে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[ 8-20—8-30 p.m. ]

**শ্রীকৃষ্ণ প্রসাদ দুলে**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাই প্রাইসেস অব এসেনসিয়াল কমোডিটিজ প্রসঙ্গে মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব এনেছেন সে সম্পর্কে বলতে গিয়ে প্রথম যেকথা আমার মনে পড়ছে সেটা হচ্ছে এই জিনিসটি অত্যন্ত সময়োপযোগী হয়েছে, এটি অত্যন্ত প্রয়োজনীয় জিনিষ এবং অত্যন্ত সুখের বিষয় যে এই বিশেষ জিনিসটি কংগ্রেসের একজন মাননীয় সদস্য উত্থাপন করেছেন। এই প্রসঙ্গে আমি আমাদের দিক থেকে জানতে চাই যে, আমাদের পার্টি সারা ভারতবর্ষে ৭ই মে থেকে "জনসাধারণের রায় কার্যকরী করা হবে" এই যে অভিযান করছেন আমি আশা করি সেই আন্দোলনে সমস্ত কংগ্রেসীরা যুক্ত হবেন। আমি জানি আজকে বিভিন্ন জায়গায় নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম আগেকার সঙ্গে তুলনা করলে দেখা যাবে অনেক তফাৎ হয়ে গেছে। আমরা যদি নির্বাচনের পূর্বের অবস্থার সঙ্গে তুলনা করি তাহলে দেখব দাম অনেক বেশী বেড়ে গেছে। আমি উদাহরণ স্বরূপ বলতে চাই চাল, চিনি,

মসলা, সর্ষের তেল এবং কাপড় প্রভৃতির দাম অত্যন্ত বেড়ে চলছে। আমি ব্যক্তিগতভাবে খোঁজ নিয়ে জানলাম কাপড়ের কাঁচামাল, সুতোর দাম বাণ্ডিল পিছু যেভাবে বেড়ে চলেছে তাতে মোটা কাপড় এবং ধুতি, শাড়ীর দাম যেভাবে বেড়ে যাচ্ছে তাতে সেগুলি সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। তমলুক, আনন্দপুর, ঘাটাল প্রভৃতির এলাকায় যে তাঁতিরা ছিল সুতোর দাম বেড়ে যাবার ফলে তাদের কুটির শিল্প পরিচালনার ক্ষমতা শেষ হয়ে গেছে। এইসব অবস্থা যে সৃষ্টি হয়েছে সেটা আমি ব্যক্তিগতভাবে জানি। বর্তমানে মুসুর, মুগ, সাবান প্রভৃতির দাম বেড়ে গেছে, বেবি ফুড, হরলিক্স এর দাম বেড়ে গেছে এক দেড় টাকা এবং চিনি প্রায় সাড়ে তিনটাকায় বিক্রি হচ্ছে কেন্দ্রীয় সরকার অবশ্য এটা স্বীকার করেন না, কিন্তু মাননীয় সদস্যেরা সকলেই জানেন যে, এইভাবে জিনিষপত্র বিক্রয় হচ্ছে। জিনিষপত্রের দাম ক্রমাগত যেভাবে আজকে বেড়ে চলেছে তাতে আমরা যদি এর সঙ্গে মোকাবিলা না করি তাহলে যে সমস্ত মানুষের আশীর্বাদ নিয়ে আমরা এখানে এসেছি, যাদের জন্য কাজ করতে এসেছি, যাদের চিন্তাধারা নিয়ে এসেছি তাঁরা বুঝবেন যে তাঁদের জন্য আমরা কিছু করলাম না বা তাঁদের এই দুঃসহ অবস্থা আমরা দেখলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাই প্রাইসেস অব এসেনসিয়াল কমোডিটিজ নিয়ে আমরা যেখানে দাঁড়িয়ে আলোচনা করছি সেই আলোচনার সঙ্গে তার কোন সম্পর্ক থাকতে পারে না। আমার এলাকাতে আমি জানি চন্দ্রকোনা, যেটা আরেঙ্গা, ঘাটাল এবং আসানসোলের মোড় সেখানে শীতকালে হাজার হাজার আদিবাসী এসে জমায়েত হয় কাজের সন্ধানে। তাদের কাজের সন্ধানে পূর্ব দিকে, যাকে নাগরাকাটা বলে সেখানে যেতে হয় এবং ঐ জায়গায় তারা ফাঁকা মাঠের মধ্যে পড়ে থাকে। আমি এটা এইজন্য বলছি যে তাদের ঐ ইকনমিক্যাল স্টেজে, যে ষ্টেজ আজকে তাদের ডিম্যাণ্ডের তুলনায় তাদের পাট ক্রয়করার ক্ষমতা কতটুকু—সেখানে আমরা আলোচনা করতে যাচ্ছি হাই প্রাইসেস অব এসেনশিয়াল কমোডিটিজ, এর সঙ্গে তার সম্পর্ক কি? তাছাড়া আপনি জানেন এই কলকাতা শহরের ফুটপাতে যে হাজার হাজার মানুষ থাকে যাদের খাবার সংস্থান নেই, যাদের থাকার কোন বন্দোবস্ত নেই, রাস্তায় গড়াগড়ি যাচ্ছে, এই যে হিউম্যানিটিজ রোলিং অন ফুট পাথ, এর সঙ্গে হাই প্রাইস অব এ্যাসেনশিয়াল কমোডিটিজ-এর কি সম্পর্ক থাকতে পারে? কাজেই বর্তমানে যে অবস্থা, সেই অবস্থার দিকে আমাদের প্রত্যেককে নজর রাখতে হবে এবং আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে যে আজকে যে জিনিষটা উত্থাপন করা হয়েছে—মাননীয় সদস্য বারি মহাশয় যেটা উত্থাপন করেছেন, তার অত্যন্ত প্রয়োজনীয়তা রয়েছে। আমার কয়েকটা সাজেসন্স আছে, সেই সাজেসন্সগুলো সম্বন্ধে আমি বলতে চাই যে এই দুঃসহ অবস্থাকে অতিক্রম করতে গেলে সরকারকে নিজের হাতে সেই ক্ষমতা আনতে হবে, অবস্থায় পাইকারী বাণিজ্য সরকারের হাতে তুলে নিতে হবে। পাইকারী বাণিজ্য হাতে তুলে নিয়ে খুচরো দামে, খুচরো দোকানে, খুচরো ব্যবসায়ীদের বিক্রি করতে পারি এবং এটা করতে গেলে সব থেকে আগে যেটা প্রয়োজন সেটা হচ্ছে আমাদের দেশে যে কালো টাকা খাটছে, তা উদ্ধার করতে হবে এবং তা উদ্ধার করতে গেলে আজকে সরকারকে বিশেষভাবে তৎপর হতে হবে এবং উচ্চমূল্যের যে নোট—১০০ টাকার উপর যে নোট আছে, সেই নোটগুলোকে বাজেয়াপ্ত করতে হবে। তা না হলে কোন রকমে এই অবস্থা এড়ানো যাবে না। তাই আমার তরফ থেকে এই সাজেসন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীনন্দন সাউ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস মহাশয় দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য যে প্রস্তাব এনেছেন, আমি মনে করি তা সময়োচিত হয়েছে এবং এই ব্যাপারে আমি আমার বীরভূম জেলার দৈনিক চন্দ্রভাগার একটা উদ্ধৃতি এখানে রাখছি। এই জেলা সম্পর্কে এই কাগজে লিখেছে যে বর্তমানে এখানকার অর্থনৈতিক চিত্র অতীব ভয়াল। গত

বৎসরের অতি বর্ষণ জনিত নিদারুন শস্যহানির কারণে এই অঞ্চলে আত্ম প্রকাশ করিয়াছে সুতীব্র খাদ্য সঙ্কট। এখানকার ভূমিহীন মেহনতী মানুষ কর্মহীন, বেকার অবস্থায় অনশনে, অর্ধাশনে, অখাদ্য ভোজনে দিনাতিপাত করিতেছে। হরিজন পল্লীর অধিকাংশ শিশুই অপুষ্টিজনিত ব্যাধিতে ভুগিতেছে। নিম্ন মধ্যবিত্ত ও স্বল্পবিত্ত পরিবারেও দেখা দিয়াছে অন্নের অনটন। খাদ্যশস্যের মূল্যও দ্রুত বর্ধমান। তাহা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বহির্ভূত। দুঃখের বিষয়, বর্তমান শোচনীয় পরিস্থিতি পরিপ্রেক্ষিতে সরকারের দিক থেকে টেষ্ট রিলিফ খোলারও কোন তৎপরতা লক্ষিত হাইতেছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বিরভূম জেলার দুবরাজপুর কেন্দ্র থেকে নির্বাচিত এবং আমি জানি সেদিন আমি বিরভূমে ছিলাম। নিরাময় স্যানিটোরিয়ামে আমি একজন সদস্য হিসাবে সভা করছি, এমন সময় দুবরাজপুর কংগ্রেস অফিস থেকে আমার কাছে খবর পাঠান হয় যে দুবরাজপুর রেল ষ্টেশন থেকে চাল চোরাই পথে প্রত্যেক দিন আজিমগঞ্জ এবং শাঁইথিয়ায় যাবার যে ট্রেন আছে সেই ট্রেনে পাচার হয়ে যাচ্ছে। সেই সভাতে জেলা ম্যাজিস্ট্রেট এবং এস. ডি. ও. উপস্থিত ছিলেন, তাঁদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তারপর আপনি জানেন সেই বিষয়ে আমি কলিং এ্যাটেনশন দিয়েছিলাম আমাদের সেখানকার যুব কংগ্রেসের ছেলেরা চাল ধরার ব্যাপারে পুলিশকে সহায়তা করেছিল এবং সেখানে একদিন চাল উদ্ধার করা হয়েছিল। পরবর্তী যুগে লক্ষ্য করেছি, সেই যে ছেলেরা পুলিশকে সাহায্য করেছিল তার পরের দিন উখড়া ষ্টেশনে সেই যুব কংগ্রেসের ছেলেদের মারধোর করেছিল সেই চাল পচারকারীরা, যারা ব্লাক মার্কেট করতো। আমাদের জেলার চাল আজকে চালান হয়ে যাচ্ছে রাস্তা দিয়ে অন্য জায়গায়। যেমন অজয় নদী দিয়ে গাড়ি গাড়ি চাল চলে যাচ্ছে, রেল পথে চালান হয়ে যাচ্ছে।

[8-30—8-40 p.m.]

আজকে রেলপথে চালের চোরাই চালান হয়ে যাচ্ছে। আপনি জানেন স্যার, বীরভূম জেলায় গত বৎসর চরমতম অতি বৃষ্টির দরুণ ধান চাল হয় নি। ফলে চালের উৎপাদন অনেক কম হয়েছে, অভাব হয়েছে সরবরাহের। ফলে মূল্যবৃদ্ধি চালের চোরাই চালান বন্ধ করবার কোন ব্যবস্থা এখনো বীরভূমে হচ্ছে না। এই সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রী ডাঃ ফজলে হকের কাছে বীরভূমের কিছু সদস্য এসেছিলেন দাবী জানাতে যে অবিলম্বে বীবভূম জেলা থেকে চালের চোরাই চালান বন্ধ হোক। আমি তাঁদের সঙ্গে গিয়েছিলাম। তৎসত্ত্বেও বীরভূম থেকে যে সমস্ত সদস্য এসেছেন তাঁদের জানালাম চালের চোরাই চালান বন্ধের ব্যাপারে এখনো পর্যন্ত কোন ব্যবস্থা গৃহীত হয় নাই। এই সম্পর্কে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আমাদের খাদ্যমন্ত্রী মাননীয় কাশীকান্ত মৈত্র আমাদের বীরভূম জেলা সফরে গিয়েছিলেন। তিনি নিজে গিয়ে দেখে এসেছেন সরকারী কর্মচারীদের কার্য্য-কলাপ। খাদ্য দপ্তরের সরকারী কর্মচারীদের কার্য্যকলাপ মিল মালিকদের স্বার্থের অনুকূলে। মন্ত্রিমহাশয়ের সামনে তাঁরা পক্ষপাতিত্ব মূলক কার্য্যকলাপ দেখিয়েছেন। বর্তমানে আমাদের যিনি খাদ্যমন্ত্রী তাঁর কর্মপন্থার উপর আমাদের পরিপূর্ণ বিশ্বাস আছে। আমার জেলা তিনি ঘুরে দেখে বিস্মিত হয়েছেন যে 50%খুদ চালের সঙ্গে মিশিয়ে দেওয়া হচ্ছে। এই ব্যাপারে দৃকপাত করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এই সরকারী কর্মচারীদের উপর যে প্রশাসন যন্ত্রের দায়িত্ব ন্যস্ত আছে। সেই দায়িত্ব তাঁরা পুরাপুরি পালন করছেন না। সেই দায়িত্ব যদি তাঁরা যথাযথভাবে পালন না করেন, তাহলে অবস্থা আয়ত্বের বাইরে চলে যাবে। এই যে চাল চোরাই চালান হয়ে যাচ্ছে, তা রোধ করবার জন্য কি সেখানে কোন সরকারী প্রশাসন নাই? আজ পুলিশ কর্মচারী ও খাদ্যদপ্তরের কর্মচারীরা ওখানে কি করছেন? এ সম্বন্ধে দৃকপাত করা বা এই চোরাই চালান বন্ধ করা কি তাদের কাজ নয়? আমি সরকারকে অনুরোধ করবো আমরা যেন এইরকম আমলাতন্ত্রের উপর

সম্পূর্ণ নির্ভর না করি। সরকারী কর্মচারীদের কাছে জিজ্ঞাসা করলে তালগাছ নারকেলগাছ হয়। এই সরকারী কর্মচারীদের কথার উপর যেন মন্ত্রীরা আদৌ নির্ভর না করেন। একবার Joint Director, Animal Hasdandary আমাদের ওখানে D. M. এর সামনে বলে এসেছিলেন দুবরাজপুরে একটা ডেয়ারী ফার্ম হবে। কিন্তু পরবর্তীকালে দেখা গেল তিনি ফিরে গিয়ে adverse report দিয়েছেন, তা ওখানে হবে না। যারা এই সরকারী কর্মচারী—আমলাতন্ত্র যাঁরা বসে আছেন, তাদের ক্রিয়া কলাপে আমাদের এই ধারণা বদ্ধমূল হয়েছে যে তাঁরা মন্ত্রিমণ্ডলীকে ভুল পথে পরিচালনা করছেন এবং ভবিষ্যতেও করবেন। তাই স্যার আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীকে আমি সতর্ক করে দিতে চাচ্ছি এই সম্পর্কে। আমাদের জেলাতে প্রতিটি ক্ষেত্রে দেখছি এঁরা আমাদের মন্ত্রীমণ্ডলীকে ভুল পরিচালনা করছেন।

বীরভূমের ময়ূরাক্ষী ক্যানেলের উপর সেখানকার কৃষি নির্ভরশীল। অথচ দেখা গেল সেই ক্যানেলের উপর নির্ভর করে ওখানে যাঁরা উচ্চ ফলনশীল ধানের চাষ করেছিলেন সময়মত জলের অভাবে, সেই ধান আজ নষ্ট হতে চলেছে। এই হাউসে গত ২৭শে এপ্রিল তারিখে অবিলম্বে ওখানে ময়ূরাক্ষী ক্যানেল থেকে জল দেওয়া হোক বলে সংশ্লিষ্ট সেচ বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু বড়ই দুঃখের বিষয় আজও সেখানে জল দেওয়ার কোন ব্যবস্থা হয় নাই। অথচ ওখানকার চাষীরা ঐ জলের অভাবে মারা যাচ্ছে। আজকে এই যে দেশব্যাপী খাদ্য সমস্যা, নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের মূল্য বৃদ্ধি—এই ব্যাপারে সরকারী প্রশাসন যন্ত্রের উন্নতির দিকে সর্বপ্রথমে দৃষ্টি দেওয়া দরকার। তা নাহলে এই সমস্যার সমাধান আমরা করতে পারবো না।

**শ্রীমতী গীতা মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একেবারে দিনের শেষ পর্য্যায়ে এই প্রস্তাবের উপর দু'একটি কথা বলবার অনুমতি আপনি আমাকে দিয়েছেন তার জন্য ধন্যবাদ। এই প্রস্তাব মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস এনে আমাদের সমস্ত সভার শুধু নয় পশ্চিমবঙ্গের সমস্ত মানুষের অশেষ ধন্যবাদ ভাজন হয়েছেন। তাঁর প্রস্তাবে যা বলা হয়েছে পরিস্থিতি সম্পর্কে সে সম্বন্ধে আমার দু'একটি suggestions মাননীয় মন্ত্রীমণ্ডলীর বিবেচনার জন্য এখানে রাখতে চাই।

প্রথম কথা হলো জিনিষপত্রের মূল্যবৃদ্ধিতে যে অবস্থার সৃষ্টি হয়েছে, তাতে বৃথা ক্রন্দন করেও কোন ফল নাই যদি সেই সব জিনিষপত্রের উপরেতে বা তার সরবরাহের উপরেতে অন্ততঃ প্রধান প্রধান বিষয়ের উপরেতে তথা দ্রব্যসামগ্রীর উপরেতে সরকারের কোন কার্য্যকরী নিয়ন্ত্রণের ব্যবস্থা না থাকে।

তারজন্য আমি এই যুক্তিতে প্রশ্ন করছি যে, অনতিবিলম্বে পশ্চিমবঙ্গকে এই বিষয়ে পথ দেখান দরকার। যদিও এটা সর্বভারতীয় সমস্যা, শুধু পশ্চিমবঙ্গে করলেই হবে না, তথাপি আমরা যদি খানিকটা এগোতে পারি এই সর্বভারতীয় সমস্যার যদি কিছুটা সমাধান করতে পারি পশ্চিম-বঙ্গের ক্ষেত্রে। সেই বিষয়টা হচ্ছে এই যে প্রধান প্রধান জনপ্রয়োজনীয় দ্রব্য, খাদ্যশস্য ছাড়া নিত্য প্রয়োজনীয় ব্যবহার্য্য যেমন রান্না করার তেল, এবং তার সঙ্গে কাপড়—মোটা কাপড় এই সব পণ্যের পাইকারী বাণিজ্যের উপর অবিলম্বে সরকারী হাত দেওয়া এবং সরকারের হাতে নিয়ে এই সমস্ত মুনাফাখোর, কালোবাজারীদের সায়েস্তা করা দরকার। তা না হলে কালোবাজারীদের উপর হস্তক্ষেপ করার চেষ্টা যখন করবেন তখন তারা বাজারে কৃত্রিম অভাবে সৃষ্টি করে সমস্ত প্রস্তাবকে বানচাল করে দেবে।

দ্বিতীয়তঃ হচ্ছে যে এই সর্বভারতীয় সমস্যার সাথে কালোটাকা বার করে আনবার সমস্যা ওতোপ্রতো ভাবে জড়িত এবং তার জন্য ডিমনিটাইজেশন কমিটির যে প্রস্তাব, আমি তার সম্পর্কে

বলছি যে কেন্দ্রীয় সরকার কেন আমাদের এখান থেকেও সেই প্রস্তাব জোরের সঙ্গে যাওয়া দরকার। কালো টাকা না ধরতে পারলে কান্না কাটিতে পরিণত হবে সমস্ত আলোচনা।

তৃতীয়তঃ চোরাকারবারীদের কঠিনহস্তে দমন করবার জন্য, নিয়ন্ত্রণ করবার জন্য জনপ্রতিনিধি-দের নিয়ে কমিটি করে, সেই কমিটির ভিতর দিয়ে চোরাকারবার দমন করবার ব্যবস্থা গ্রহণ করা দরকার। প্রধান প্রধান ব্যবস্থা গ্রহণের পক্ষে আমাদের বারি মহাশয় যে প্রস্তাব এনেছেন সেটা এই প্রস্তাবের অপারেটিভ পার্ট। যদিও আমরা কোন এ্যামেণ্ডমেণ্ট দিইনি তবুও আমি এই অপারেটিভ পার্ট মন্ত্রিসভার বিবেচনার জন্য উত্থাপন করছি এবং এই বিষয়ে আপনারা তাড়াতাড়ি বিবেচনা করবেন এই কথা বলে আমি শেষ করতে চাই। ১ থেকে ৭ তারিখ পর্যন্ত ভারতের কমিউনিষ্ট পার্টি জনসাধারণ থেকে পাওয়া নির্দেশ কার্যকরী করার কর্মসূচীতে একটি গণ-অভিযান চালাবার সিদ্ধান্ত করেছে। এই থেকে পরিষ্কার বোঝা যায় যে এই গণ-অভিযান আমাদের একার গণ-অভিযান নয় এটা এই ভারতবর্ষের সমস্ত জনগণের অভিযান, এবং এই নির্দেশকে কার্য্যকরী করবার জন্য আমরা সকলকে ডাকছি এবং আমার বক্তব্য আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রেফার করছি যে তাঁরা এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের মধ্য দিয়ে তিনি যে উদ্বেগ প্রকাশ করেছেন এবং এই সভার মাননীয় বিভিন্ন সদস্য যে উদ্বেগ প্রকাশ করেছেন তার সঙ্গে আমি আমার উদ্বেগও সংযোজিত করছি। তা সত্ত্বেও আমি বলব যে মাননীয় সদস্য সব সময় সঠিক তথ্য এই হাউসের সামনে রাখেন নি। আমি এইটা খুব বিনয়ের সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের কাছে বলতে চাই যে যদি কোন কংগ্রেস সদস্য—আমি ঐ পক্ষের ভারতের কমিউনিষ্ট পার্টির সদস্যদের কথা বলছি না, কারণ তাঁরা মন্ত্রিসভায় নেই, যদিও তাঁরা আমাদের মোর্চার সঙ্গে আছেন, তাই আমি আমাদের সহযোগী বন্ধু অর্থাৎ কংগ্রেসের মাননীয় বন্ধুদের বলব যে ৪২ দিনে আমরা বা খাদ্য দপ্তর যে কাজ করেছি আগামী এক বছরের মধ্যে যদি তার চেয়ে ভাল কাজ করতে পারেন তাহলে আমি চ্যালেঞ্জ দিচ্ছি ৭ দিনের মধ্যে আমি পদত্যাগ করতে রাজি আছি। আমি ২০ তারিখে খাদ্য দপ্তর পেয়েছিলাম, তারপর বলেছিলাম যে পশ্চিমবঙ্গের 'ক' থেকে 'ঙ' পর্যন্ত সব ক্ষেত্রেই রেশন কার্ড হোল্ডারদের রেশন দেব। 'ক' এবং 'খ' শ্রেণী ছাড়া 'এ' এবং 'বি' কেটাগরির কার্ড হোল্ডার ছাড়া চাল কাউকে দেওয়া হয় না।

[8-40—8-50 p.m.]

ক, খ, গ, ঘ, ঙ, শ্রেণীর কার্ডের প্রতিটি ব্যক্তিকে রেশন দেওয়া হবে। আশা করেছিলাম যে এই হাউসের অন্তত কংগ্রেস সদস্যরা দাঁড়িয়ে বলবেন যে গত ৫ বছরে রেশন ব্যবস্থা চালু হবার পর থেকে 'ক' এবং 'খ' শ্রেণী ছাড়া আর কাউকে চাল দেওয়া হয় নি। কিন্তু আজকে ক, খ, গ, ঘ, ঙ, প্রতি ব্যক্তিকে ঐ একই অর্ডারের ভিত্তিতে রেশনের আওতায় আনা হয়েছে। একজন সদস্য বললেন যে খবরের কাগজে বেরিয়েছে। খবরের কাগজকে বেশী গুরুত্ব দেবার মত ব্যক্তি আমি নই। আমি খুব বিনয়ের সঙ্গে একথা আপনাদের বলছি। খুব বেশী সময় নেবো না। ১৯৭১ সালে সংশোধিত রেশন এলাকার মাধ্যমে চাল গত মে মাসে আমি দেখেছিলাম সারা পশ্চিমবাংলায় চাল দেওয়া হয়েছিল ২৮ হাজার মেট্রিক টন। আর ১৯৭২ সালের মার্চ মাসে আমরা সরকারে আসার পর সেটা বাড়িয়ে ৩২ হাজার মেট্রিক টন করা হয়েছে। আবার মে মাসে সেটাকেও বাড়িয়ে করা হয়েছে ৪৬ হাজার মেট্রিক টন। এতে কি বোঝেন কাজ হয় নি? যেখানে ছিল ১৯ হাজার মেট্রিক টন সেখানে তিন মাসের মাথায় ৪৬ হাজার মেট্রিক টন চাল রেশনে দেওয়া হচ্ছে। মাননীয় সদস্য

বললেন জনতা হতাশ হয়েছেন। কিন্তু আমরা তা মনে করি না। হতাশা আমরা দেখছি আপনাদের মধ্যে। যদি সংবাদপত্রের হেড লাইন করবার জন্য বক্তৃতা করেন তো করতে পারেন। কিন্তু জনতার কাছে এই সরকারেরও বক্তব্য আছে—এই ৪২ দিনের এই সরকার যা করেছে তাতে হতাশার কোন কারণ নেই। আমি একথা জোরের সঙ্গে বলছি যে ৬৪ হাজার মেট্রিক টন চাল রেশনে দেওয়া হচ্ছে। এই সরকার পশ্চিমবাংলায় দারুন সংকটের মধ্যে এসেছে যেখানে পশ্চিম-বাংলার ৮টি জেলায় বন্যা হয়েছে—ভয়াবহ অবস্থা। শুধু নদীয়া জেলাতেই প্রায় ২৩ কোটি টাকার মত ফসল নষ্ট হয়ে গেছে। তারপর মুর্শিদাবাদ, মেদিনীপুর, ২৪-পরগণা, বর্ধমান এইসব জেলা আছে আবার বীরভূমে ঘুরনী, এ সবই আপনারা জানেন। বর্ধমানের বিভিন্ন অঞ্চলে দারুন বন্যা হয়েছে এবং এইসবের পরিপ্রেক্ষিতে এই সরকার ক্ষমতায় এসেছে। আমাদের এখানে প্রকিওরমেণ্ট অর্থাৎ খাদ্য সংগ্রহ হচ্ছে আড়াই লক্ষ টন—ভেবে দেখতে হবে সমস্যাটাকে যে তার মধ্যে এই পরিমাণ খাদ্যশস্য আমরা বাংলাদেশের মানুষকে দিচ্ছি। এবং আরও বলছি অত্যন্ত বিনয়ের সঙ্গে যে পশ্চিমবাংলায় খবর নিয়ে জানাবেন যে রেশনে গম বা গমজাত দ্রব্য দেওয়া হয়েছে সব শ্রেণীর মানুষকে - গ, ঘ, ঙ, শ্রেণীর মানুষকে যাদের জমি আছে। কিন্তু যারা বন্যাক্লিষ্ট তারা কখনও গ, ঘ, ঙ, শ্রেণীর চাল পান নি। শুধু তাই নয়, ৫০০ গ্রাম থেকে বাড়িয়ে ৬০০ গ্রাম করা হয়েছে ২০শে মার্চ থেকে অর্থাৎ এই সরকার আসবার পর থেকে। কেন্দ্রীয় সরকারের খাদ্য সম্মেলনে যোগদান করে আসবার পর এবং কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার পর আমরা দাবী করেছিলাম যে আরও চাল বা খাদ্যশস্য রেশনে বাড়িয়ে দেওয়া হোক সংশোধিত এলাকার মানুষের জন্য—যারা ভূমিহীন, ক, খ, শ্রেণীর মানুষদের জন্য অন্তত পক্ষে ১০০ গ্রাম করে এবং যেখানে যেখানে ৫০০ আছে সেখানে ১০০ গ্রাম করে বাড়িয়ে দেওয়া হোক এবং যেখানে ৬০০ আছে সেখানে ১০০ করে দেওয়া হোক এবং কলকাতা ও অন্যান্য বিধিবদ্ধ রেশন এলাকায় ৮৫ লক্ষ মানুষকে যেখানে ১০০০ গ্রাম করে দিচ্ছি সেটা বাড়িয়ে ১১০০ গ্রাম করা হোক। আমি শুধু সহরের দিক দেখছি না। গত বছর খাদ্যমন্ত্রী হিসাবে আমি ৫০ গ্রাম বাড়িয়েছিলাম এবং এবারে ১১০০ গ্রাম করে ৮৫ লক্ষ মানুষকে ১০০ গ্রাম করে চাল বাড়াচ্ছি যেটা আগামী ১৫ই মে তারিখ থেকে শহরে এবং গ্রামে কার্যকরী হচ্ছে। গ্রামের প্রত্যেকটি 'ক' এবং 'খ' শ্রেণীর কার্ড হোল্ডাররা ১০০ গ্রাম করে চাল পাবেন এবং এবং এই হিসাব করে মাননীয় সদস্যদের কাছে সবিনয়ে অনুরোধ করবো এটা বিবেচনা করার জন্য। এটা অঙ্কের হিসাব। এর মধ্যে কোন কারচুপি নেই। যদি এই পশ্চিমবাংলার রেশনে ১৯ হাজার মেট্রিক টন থেকে বাড়িয়ে ৪৬ হাজার মেট্রিক টন চাল গ্রামে এবং শহরে দেওয়া হয় সংশোধিত এলাকায় এবং বিধিবদ্ধ রেশন এলাকায় তাহলে চালের দাম কমতে বাধ্য। যে যত বড় বড় কথাই বলুন না কেন কথার ফুলঝুরি জ্বালিয়ে কোন ফল হবে না। এই চাল যাঁরা কিনবেন তাঁদের অন্তত এই ১০০ গ্রাম চালের জন্য ব্লাক মার্কেটিয়ারদের অর্থাৎ কালোবাজারীদের কাছে যেতে হবে না। আরও বেশী দিতে পারলে আমরা খুশী হতে পারতাম। আমি জানি খাদ্যদপ্তর সম্বন্ধে মুখ্যমন্ত্রী আমাকে কাঁটার আসনে বসিয়ে দিয়েছেন। আমি জানি এ অত্যন্ত কঠিন কাজ আমার পক্ষে। কিন্তু তবুও জানি যে আমি আপনাদের সহযোগিতা পাবো এবং এও জানি যে জনগণের সহযোগিতায় এই সরকার নিশ্চয় এই সমস্যার সমাধান করতে পারবেন। আমরা আসবার পর মাননীয়া সদস্যা ভগিনী শ্রীমতি গীতা মুখার্জি আমার কাছে এসেছিলেন মেদিনীপুরের কয়েকটি অঞ্চলের জন্য যেখানের অবস্থা অত্যন্ত খারাপ উনি নিজেই স্বীকার করেছিলেন যে এই কয়েকটি জায়গা খারাপ চালের দাম বাড়ছে। আমি সঙ্গে সঙ্গে ওনারই সামনে বসে মেদিনীপুরের জেলা ম্যাজিস্ট্রেটকে ট্রাঙ্ককলে টেলিফোন করে কনট্রাক্ট করি এবং সেখানে ফুড কমিশনার ও জয়েণ্ট

কমিশনার একসঙ্গে বসেছিলেন তাঁদের বলি যে মেদিনীপুরের এই এই অঞ্চলের অবস্থা খুব খারাপ, শ্রীমতি গীতা মুখার্জি এই অভিযোগ করছেন যে চালের দাম বাড়ছে—তাহলে অনতিবিলম্বে চালের ব্যবস্থা করতে হবে। আমার কাছে চিঠিটা আছে। আপনারা বলবেন, তিনি চিঠিটা আজকের তারিখে আমার কাছে পাঠিয়েছেন. It is a matter of great pleasure for me to inform you that during the past few days prices of rice and other essential commodities in my area have gone down to a considerable extent as a result of which the citizens of the area have been very much relieved. এই হাউসেরই একজন সদস্য। কিন্তু প্রশ্ন হচ্ছে আজ বাংলাদেশের মানুষ ভয়াবহ বন্যায় সব কিছু হারিয়েছে। সেখানে ঐ যে ration-এর দামে যে চাল সেটাও কেনবার মত তাদের ক্ষমতা নেই। সুতরাং প্রশ্ন ওঠে কেন যে খাদ্যদপ্তর ব্যর্থ হয়ে গেছে,সরকার ব্যর্থ হয়ে গেছে। প্রশ্ন হচ্ছে এমন একটা অবস্থা তাদের হয়ে গেছে, যেখানে gratuitous relief দেওয়ার প্রশ্ন, যেখানে আরো ব্যাপক আমাদের টাকা থাকলে test relief-এর কাজ করতে পারতাম, গ্রামের মানুষের গরু কেনার জন্য টাকার দরকার, ঘর ভেঙ্গে গেছে ঘরের জন্য টাকা দিতে পারছি না। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী খুব জোরের সঙ্গে, অর্থমন্ত্রী সঙ্গে গিয়েছিলেন এবং প্রথম cabinet হবার পরে দু'কোটি টাকা কেন্দ্রের কাছে চেয়েছেন গ্রামবাংলার মানুষের জন্য। পশ্চিমবঙ্গকে টাকা দেবার জন্য তিনি সেদিন দিল্লী ঘুরে এসেছেন এবং সেখানে অবার জানিয়ে এসেছেন যে এই টাকা আমাদের চাই। আমাদের সরকারের পক্ষ থেকে একথা তিনি বলেছেন। সুতরাং প্রশ্ন হচ্ছে এই বাঁকুড়া জেলার মত জেলা যেখানে মানুষের অসম্ভব দুর্গতি, পুরুলিয়া জেলায় যেখানে মানুষের দারুন অভাব তাদের পক্ষে ration-এ যে চাল দিচ্ছে একটাকা ২৮ পয়সা, এক টাকা ৪০ পয়সা করে সেটাও কেনবার মত ক্ষমতা নেই। সুতরাং প্রশ্নটাকে দুইরকমভাবে দেখতে হবে। একটা হচ্ছে মানুষের যেখানে অভাব, কেনবার ক্ষমতা নেই, কে যেন বললেন যে চালের দাম হু হু করে দুই টাকায় উঠে গেছে। অবাক কাণ্ড, আমাকে দেখান। আমি তর্কে যেতে চাই। বলতে পারেন যে সরকারের এই সমস্ত report-এ বিশ্বাস করিনা। যদি বলেন তাহলে আমি বলবো মাননীয় সদস্যদের কাছে আমি বেশী সময় নেব না। আমি আমাদের মাননীয় নেতা মুখ্যমন্ত্রী এবং আমাদের cabinet colleagues-দের কাছে রাখবো আপনাদের এই হাউসে আসবার অনেক আগে। আমি নিজে প্রত্যেকটি জেলা Magistrate-দের সঙ্গে যোগাযোগ করেছি। মুর্শিদাবাদ জেলার সদস্য কবিদ সাহেব আমি তাকে বলছি ২১শে এপ্রিল তারিখের telegram আমার কাছে আছে District Magistrate, Murshidabad, যেদিন শুনেছি চালের দাম বাড়ছে আমি দেখেছি তার উত্তরে Food Commissioner লিখেছেন Kindly refer to your telegram dated 20th April 1972 regarding prevailing price of rise in the district. Food Minister rang me up yesterday and wanted the same information. Information placed below may kindly be transmitted to the Food Minister for his information বলে তিনি তাঁর information দিয়েছেন। সুতরাং তাঁর motion আসবার অনেক আগেই আমি মুর্শিদাবাদ জেলার অবস্থা তাদের কাছ থেকে জেনেছি। প্রত্যেকটি জেলার কাছ থেকে আমি জেনেছি এবং তার হিসাব আমি দেবো। প্রত্যেকটি জেলা—কোন্ জেলায় কি পরিমাণ চালের দাম বেড়েছে তারা জানিয়েছেন। মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে তাঁরা নিজেরাই একটা column করে পাঠিয়েছেন,whether abnormal price of rice, Murshidabad, উত্তর দিচ্ছেন District Magistrate—No, Purulia—not abnormal but raised a price of rice 5 paisa par k.g, Nadia—No, Midnapore—No, Coochbihar—No, Bankura—No, Birbhum—abnormal in Sadder Sub-Divison, Howrah—No, Burdwan—price slight increase but not abnormal, Darjeeling-No, etc. etc. এবং কোন্ জেলায় কি কি দাম

বেড়েছে তা দিয়েছে। বলতে পারেন, আমি তো মুর্শিদাবাদে গিয়ে দেখতে পাচ্ছি না, আমি বর্দ্ধমানের গ্রামে গিয়ে কি হয়েছে দেখতে পাচ্ছি না। আমাদের একটা machinery-র উপর নির্ভর করতে হয়, সেই machinary মাধ্যমে যে report—যদি বলেন তাহলে হাউস তার ইমপীচ করতে পারবে যে Magistrate হাউসকে false information দিয়েছেন। আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলতে পারি তাহলে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী রাখবো, হাউসও রাখুন সেই দাবী কিন্তু একথা বললে হবেনা, শুধু কথা বলে চলে গেলে চলবে না, facts দিতে হবে হাউসের কাছে, যাতে করে আমরা অন্যায়টা ধরতে পারি। আমি যেটা জানি, অফিসার সেটা পাঠিয়েছেন। আমি বারিদ সাহেবকে বলেছি, দেদারবক্স সাহেবকে বলেছি আপনাদের কাছে এই তথ্য রাখছি আপনারা বিবেচনা করে দেখবেন।

চিনির দাম নিশ্চয়ই বেড়েছে। তারজন্য আমরা দায়ী নই, কেন বেড়েছে তা আমি হাউসে বলেছি। তা সত্বেও এই সরকার আসার পর আমরা চিনির পরিমাণ বাড়িয়েছি। শহরে এবং গ্রামে আরো বেশী বাড়াতে পারলে ভাল হত, কিন্তু সম্ভব নয়। কারণ আমরা যে পরিমাণ চিনির বরাদ্দ কেন্দ্রের কাছ থেকে পাই তার বেশী বাড়ান সম্ভব নয়। Statutory rationing area-তে দেড়শত থেকে দুইশত করে চিনি আমরা বাড়িয়েছি। প্রত্যেকটি গৃহস্থ তারা যদি দুইশত করে পার কার্ডে চিনি পান, যদি ৫০ গ্রাম করে এক একটি বাড়ীর লোক পরিবার পিছু অতিরিক্ত চিনি পান তাহলে খোলা বাজারে তার চাপ কমে যাবে এবং সেটুকু তাদের relief হবে। গ্রামাঞ্চলে এবং মফ.স্বলের শহরাঞ্চলে এই চিনি বাড়ান হয়েছে। হয়ত এতটা বাড়েনি কিন্তু বেড়েছে। আপনারা খবর নিয়ে জানবেন প্রত্যেকটি জায়গায় সেটা বাড়াবার চেষ্টা হচ্ছে। অন্যান্য জিনিষ ডাল বা অন্যান্য যেসব কথা বলেছেন, আপনারা জানেন এই রাজ্য এমন একটা অবস্থায় রয়েছে যে নিত্য প্রয়োজনীয় প্রত্যেকটি জিনিষের ব্যাপারে আমরা অন্য রাজ্যের উপর নির্ভরশীল। সরিষার তেল—রাজ্য মুখ্যমন্ত্রী সম্মেলনে আমি গিয়ে বলেছিলাম যে আপনারা গমের উপর ভরতুকি দিচ্ছেন কেন? গমের দাম বাড়াচ্ছেন কেন? গমের দাম আপনারা কমান, পশ্চিমবঙ্গ থেকে এই বক্তব্য আমি রেখেছিলাম। কারণ যে জিনিষের উৎপাদন বাড়ছে আবার দামও বাড়ছে, এটা হতে পারে না। অনেক সদস্য বলেছেন যে দাম বাড়ছে কিন্তু আমি তাদের বলছি যে আবার সেই মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির রাজনীতির ফাঁদে যেন আপনারা পা না দেন, আপনারা যেন একথা না বলেন, গ্রামে গিয়ে বলবেন ধানের দাম বাড়াও আর শহরে এসে বললেন চালের দাম কমাও।

[8-50—9-02 p.m.]

যাঁরা এই সব বলেন তাঁরা গ্রামে গিয়ে বলবেন যে ধানের দাম বাড়াও, আর শহরে এসে বলবেন চালের দাম কমাও, এই দায়িত্বের হাত থেকে আপনাদের মুক্ত হতে হবে। বাঁধাকপির দাম যখন ৪ পয়সা হয় তখন আমরা একেবারে ২।৩ কে. জি. বাঁধাকপি কিনে নিয়ে বাড়ী ফিরি এবং বাড়ীতে এসে মা, মাসীমাদের বলি দেশের খুব উন্নতি হচ্ছে, ৪পয়সা বাঁধাকপির দাম হয়েছে। কিন্তু আমরা ভাবি না যে আমাদের যারা বাঁধাকপি তৈরী করে সে কিভাবে মুখ থুবড়ে বাঁধাকপির সামনে গিয়ে পড়ে। তাহলে ৪পয়সা যখন বাঁধাকপির দাম নেমে যায় তখন সে মার খেয়ে যায়, কিন্তু আমরা ভাবছি বাঁধাকপির দাম কমেছে, কুমড়োর ফালির দাম যখন ২।৪ পয়সা হচ্ছে তখন আমরা ভাবছি কুমড়োর দাম কমেছে। বাঁধাকপির দাম যখন বাড়ে, মাছের দাম যখন বাড়ে তখন মাগ.গীভাতাও বেড়ে যাচ্ছে।

আমরা এই দাবী তো করি না, বাঁধাকপির দাম যখন ৪পয়সায় নেমে যাবে, ফুলকপি যখন দু-আনায় নেমে যাবে, শাকশব্জীর দাম যখন নেমে যাবে তখন আমাদের মাগ্‌গীভাতাও নামবে? তা কিন্তু আমরা কখন বলি না, মাগ্‌গীভাতা এক জায়গায় কনষ্ট্যাণ্ট থাকে, সে বেড়েই যাবে। এইযে আমাদের চিন্তার মধ্যে বৈপরিত্য রয়েছে, এই বৈপরিত্যের হাত থেকে আমাদের বাঁচতে হবে। গ্রামের মানুষদের সম্বন্ধে যে কথা বলছেন এটা যদি সত্যিকারে লোক দেখানো না হয়, যদি সামান্য কথার বেশী খালি না হয়, যদি সত্যিকারে অন্তরের কথা হয়, এই কথাগুলি কি করে বলতে হবে এটা যদি না হয় তাহলে সমস্যাটার মোকাবিলা করা আরো সহজ হবে বলে আমি মনে করি। ভগ্নী মাননীয়া সদস্যা শ্রীমতি মুখার্জি যে কথা বলেছেন যে আমাদের নিয়ন্ত্রনের উপর কোন এফেকটিভ কণ্ট্রোল নেই, সত্যি কথা, তার জন্য আমি দুঃখিত। আমি কিন্তু তাঁকে এই কথা বলেছি যে আমরা যদি কতকগুলি পলেমিক্স এ্যাবসট্রাক্ট পলিটিক্যাল থিওরির ভিত্তিতে এই শক্ত সমস্যার সমাধানের কথা চিন্তা করি তাহলে ভুল করবো, হঠাৎ হোঁচট খেয়ে সামনে গিয়ে পড়বো। মন্ত্রী হিসাবে আমি বলছি এজন্য যদি আমাকে কিছু বেগ পেতে হয় পাবো, হয়ত সরকারী কর্মচারীরা আমার বিরুদ্ধে বলতে পারেন, বলবেন। ফুড করপোরেশনের সেনসাসে কি বলছে— এ লড়াই বাঁচবার লড়াই, এ লড়াইয়ে জিততে হবে, জিততে গেলে ঐক্য চাই, ঐক্য চাই, চলছে চলবে. বলুন—বাংলাদেশে কি অপরাধ তাঁরা করেছেন যার জন্য ২০ পারসেণ্ট বোনাস হল ফুড গ্রেন্স ট্রেড চাই, এই যে ফাটকাবাজী চলছে এর পরেও কি আপনারা আশা করেন এফ. সি. আই. গ্রামের মানুষদের সস্তায় খাবার দেবেন? এ জিনিস চলতে পারে না। সোসালিষ্ট দেশে ২০ পারসেণ্ট বোনাস হল ফুড গ্রেনস ট্রেডে আছে বলে মনে হয়না। এই কণ্ট্রাডিসানস চলতে পারেনা, এই বৈপরিত্য চলতে পারেনা। সুতরাং একটা করপোরেশন করে দিলেই যে দুর্নীতিমুক্ত হয়ে যাবে, সঙ্গে সঙ্গে জিনিসের দাম কমে যাবে, মানুষের দুঃখ দূর হবে এ মনে করবার কিছু কারণ নেই। সমাজতান্ত্রিক দেশে কি হচ্ছে? আমি কম্যুনিষ্ট সদস্যদের বলতে পারি, মাননীয় সদস্যনেতা বিশ্বনাথবাবুও এখানে আছেন, অনেকে বলেন এদেশ এখন পুঁজিবাদীর দেশ। ক্রুশচেভ বলতেন নন-ক্যাপিটালিষ্ট পথে, পুঁজিবাদী পথে ভারত চলেছে। কিন্তু পুঁজিবাদী ভারতবর্ষকে ক্যাপিটালিষ্ট বলেন নি, তিনি বলেছেন নন-ক্যাপিটালিষ্ট পার্ট। আমি ধরে নিলাম ক্যাপিটালিষ্ট ফার্ম, মার্কসবাদী যাঁরা তাঁরা বলবেন সেখানে ফাটকাবাজী হতে পারে, চালের দাম বাড়তে পারে, খাবারের দাম বাড়তে পারে। পোল্যাণ্ড একটি সমাজতান্ত্রিক দেশ, সত্যিকারে সোসালিষ্ট কান্ট্রি। আপনারা জানেন সোভিয়েত, পোল্যাণ্ডে '৭০ সালের ডিসেম্বরের বড় দিনে নিত্য প্রয়োজনীয় প্রত্যেক জিনিসের দাম বেড়ে গিয়েছিল। দেয়ার ওয়াজ গুড লাক যে এক ডিভিসন সৈন্য নামাতে হয়েছিল। সুতরাং কণ্ট্রোলে আনলেই যে প্রবলেম সলভ হয়ে যাবে তা নয়। তার জন্য জাতীয় চরিত্র তৈরী করতে হবে, ইন্‌সটিটিউশনাল চেক্স এণ্ড ব্যালেন্সেস তৈরী করতে হবে, সেটা গণতান্ত্রিক দেশে সম্ভব, সমাজতান্ত্রিক দেশে নিশ্চয়ই সম্ভব এবং সেই উদ্দেশ্য নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি। আমি তাই মাননীয় সদস্যদের এই কথা বলতে চাই যে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে চলেছে। সেটাকে রোধ করবার জন্য আমরা চেষ্টা করছি এবং যে কর্মসূচী আমরা নিয়েছি আশাকরছি সামনে বোরো ধান উঠলে চালের দাম কমবে।

আমরা বিভিন্ন জায়গা থেকে চাল আনবার চেষ্টা করছি এবং বিভিন্ন জায়গা থেকে এই চাল যদি আসে তাহলে চালের দাম বাজারে আরো পড়ে যাবে। কোলকাতায় ১৫ তারিখ থেকে যখন ১১শো গ্রাম চালের বরাদ্দ হয়ে যাবে আমার দৃঢ় বিশ্বাস মফঃস্বল থেকে চোরা পথে বা গোপনে চাল আনার যে প্রবণতা আছে সেটা অনেক শিথিল হয়ে যাবে। আর আমরা যদি এই চালের মানকে আরো উন্নত করতে পারি তাহলে নিশ্চয় আরো শিথিল হয়ে যাবে। সঙ্গে সঙ্গে কোলকাতায়

বাইরের চাল কম আসার ফলে মফঃস্বলের বাজারে সেই চাল থেকে যাবে এবং মফঃস্বলের বাজারে চালের এ্যাভেলিবিলিটি বেড়ে যাবে। ফলে মফঃস্বলের মানুষের কষ্ট বা দুর্গতি কমবে, জিনিষের দামও সঙ্গে সঙ্গে কমবে বলে আমার বিশ্বাস। মাননীয় সদস্য বন্ধু আবদুল বারি বিশ্বাস তিনি যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাব এনে তিনি আমাদের সকল মাননীয় সদস্যকে তাঁদের মতামত ব্যক্ত করবার যে সুযোগ দিয়েছেন বা উদ্বেগ প্রকাশ করবার যে সুযোগ দিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং আবার বলছি যে আমাদের তিনি যে কথা বলেছেন, "সরকার সচেতন হোন, সজাগ হোন", প্রস্তাব উত্থাপকের এই যে প্রত্যাশা সেটা নিশ্চয় সফল হয়েছে এবং আমরা প্রত্যেকেই তাঁর সঙ্গে একমত যে আমাদের সঙ্ঘবদ্ধভাবে এই সমস্যার মোকাবিলা করতে হবে। এই প্রসঙ্গে আমি আপনাদের জানাচ্ছি যে গ্রামের মানুষদের দুর্গতি দূর করবার জন্য আগে যেখানে আমরা গত বছরেও সপ্তাহে দু'বার রেশন দেবার সুযোগ দিয়েছিলাম একবারে আমরা তিন বার করে দিয়েছি। অর্থাৎ, গ্রামের মানুষ যাদের দুর্গতি আছে, কষ্ট আছে তারা তিনটি কিস্তিতে রেশন নিতে পারবে। তা ছাড়া আমরা গ্রামে এবং গঞ্জে ৮৮ পয়সা কিলো দরে আটা বিক্রি করবার জন্য নির্দেশ দিয়েছি। এখানে কিন্তু মাননীয় সদস্যদের দায়িত্ব নিতে হবে। বিভিন্ন জায়গায় সাবডিভিসনাল কন্ট্রোলার বা ডিষ্ট্রিক্ট কন্ট্রোলার বা জেলা শাসক ও মহকুমা শাসকদের সঙ্গে যোগাযোগ করে তাঁদের নেতৃত্ব দিতে হবে। ফাটকাবাজী বন্ধ করবার জন্য এবং সরকারী নীতি সেখানে কার্যকরী হচ্ছে কি না সেটা দেখবার জন্য। আমার আশা আপনারা এটা করবেন। কারণ আমি অনভিজ্ঞ, আপনাদের অভিজ্ঞতা অনেক বেশী। আপনারা মাঠে আরো বেশী ঘোরাফেরা করছেন, মানুষের সঙ্গে আরো প্রত্যক্ষ যোগ আপনাদের রয়েছে, আমারও প্রত্যক্ষ যোগ রয়েছে, তবে আমি আবার আপনাদের বলছি যে আমার কিন্তু আবদুল বারি বিশ্বাস মহাশয়ের চেয়ে এবিষয়ে উদ্বেগ কম নয় কারণ খাদ্য দপ্তরের দায়িত্ব আমাদের নেতা মুখ্যমন্ত্রী আমার উপর দিয়েছেন। এই প্রসঙ্গে বলতে চাই যে বাংলাদেশে খাদ্য আন্দোলন যে কয়বার হয়েছে শেষের দিকে এই বিধানসভায় আসার পর থেকে আমি প্রত্যেকটি আন্দোলনে ছিলাম। সেই ঐতিহাসিক ১৯৬৬ সালের নদীয়া জেলায় কৃষ্ণনগরে খাদ্য আন্দোলনের পুরোভাগে সৈনিক হিসাবে থাকবার সৌভাগ্য আমার হয়েছিল। অতএব মানুষের দুঃখ এবং যন্ত্রণা আমি জানি। সেই আন্দোলনে থাকার জন্য খুনের মামলার আসামী হিসাবে অনেক দিন তৃতীয় শ্রেণীর কয়েদী হিসাবে আমাকে জেলখানাতেও থাকতে হয়েছিল। তারজন্য অবশ্য আমার কোন দুঃখ ছিল না। তবে মানুষের দুঃখের সঙ্গে আমি পরিচিত, গ্রামের এবং শহরের অভাবী মানুষের যন্ত্রণার সঙ্গেও আমি পরিচিত। আমি শুধু এই প্রত্যাশা রাখাবো যে আমাদের এই সরকার আমাদের প্রিয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সঙ্ঘবদ্ধভাবে চেষ্টা করে যাবে যাতে করে এই পশ্চিমবাংলায়—কবি সুকান্তের ভাষায়"মানুষের বাস-যোগ্য হতেপারে"। সেই অঙ্গীকার প্রতিটি মানুষের কাছে আমরা রাখবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি কারন আমাদের এক বন্ধু উইলসন ডি-রোজ তিনি যে ক্লোজার মোশন এনেছিলেন আপনি সেই ক্লোজার মোশন গ্রহণ না করে প্রত্যেকটি সদস্যকে হাউসে বক্তৃতা করবার সুযোগ দিয়েছেন। আপনার এই গণতান্ত্রিক ব্যবহার এবং মনোভাব আমাকে মুগ্ধ করেছে। আপনি সত্য সত্যই আমাদের কাষ্টোডিয়ান। সব শেষে বলব, মাননীয় সদস্য যাঁরা আমাকে তিরস্কার করেছেন. সমালোচনা করেছেন আমি আপনাদের তিরস্কার এবং সমালোচনা আশীর্বাদ বলে গ্রহণ করে নিচ্ছি। জয় হিন্দ।

**Mr. Speaker**: The mover Shri Abdul Bari Biswas may speak again by way of reply.

**শ্রীআবদুল বারি বিশ্বাস**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির কারণ এবং এই বিষয় নিয়ে আলোচনা হয়েছে, এদিকের মাননীয় সদস্যরা অনেক কিছু বক্তব্য রেখেছেন এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ও বক্তব্য রেখেছেন। আমরা চাই এইরকম-ভাবে প্রোটেনসিয়াল ডিবেট হোক, আমরা চাই মন্ত্রিমহাশয়রা এইরকমভাবে মানুষকে এ্যাসিয়র্ড করুন, আমরা চাই সংবাদপত্রের মাধ্যমে সারা দেশের মানুষ মন্ত্রিমহোদয়ের বলিষ্ঠ মনোভাব জানুক, কোন হতাশার ভাব নেই সেকথা সারা দেশের মানুষ জানুক। স্যার, বামপন্থীদের সভার কথা নিশ্চয়ই শুনেছেন কালকে বিরোধী পক্ষ ময়দানে দাঁড়িয়ে যে ডাক দিয়েছিল সেই সভার ডাকই একমাত্র ডাক নয়, আমাদের ডাকে ডাক আছে, আমাদের কর্তব্যে কর্তব্য আছে, আমাদেরও ঐচ্ছিক যে ঐকান্তিক প্রচেষ্টা তারও একটা মূল্যায়নের প্রয়োজন আছে। আমরা এই বিধান সভার মাধ্যমে তারই বহিঃপ্রকাশ করতে চেয়েছি। আমরা সরকার পক্ষের সদস্যরা পূর্ণ রেসপনসিবিলিটি নিয়ে বলছি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট যে সমস্ত রিপোর্ট দিয়েছেন তার প্রতি আপনি কড়া নজর রাখবেন। আমি মুর্শিদাবাদ জেলার সদস্যর কাছ থেকে জানলাম, সুবিমল ঘোষ মল্লিক মহাশয় আজ রাত্রে এসেছেন, তিনি বললেন যে তাঁর এলাকাতে ১.৬০ পয়সার কমে চাল নেই। অতএব আমরা কোন রকমভাবে এই জিনিসকে অবিশ্বাস করতে পারছি না। মাননীয় মন্ত্রিমহাশয় এই বিষয়ের উপর যে বক্তব্য রেখেছেন তাতে আমরা খুব খুশী। আমরা এজন্য খুশী যে আগামী দিনে আমরা কি করতে পারব তা নয় কিন্তু আমরা করব এই যে মন তারজন্য। আমাদের এই হাউস শেষ হতে চলেছে, বাংলাদেশের মানুষ অন্ততঃপক্ষে আশা করবে যে কংগ্রেস মরেনি, কংগ্রেস সরকার মরেনি। ঐ ব্যুরোক্রাটরা যেন না চিন্তা করে রাইটার্স বিল্ডিংস থেকে যে খালি আমাদেরই একমাত্র ইঙ্গিতে চলবে। যারা চোরাকারবারী, মুনাফাখোর, মজুতদার, যারা এই খাদ্যদ্রব্য নিয়ে ছিনিমিনি খেলে, তারা আমাদের খাদ্যমন্ত্রীর বলিষ্ঠ মনোভাবের কথা বুঝুক। আমাদের মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার বলিষ্ঠ মনোভাবের জন্য ভীত সন্ত্রস্ত হয়ে তাদের ভীত নড়ে উঠুক এটা আমরা চাই। এটা আমরা চাই বলেই টাইম টু টাইম এইরকম মোশন আনছি এবং আনব সরকারকে সতর্ক করে দেওয়ার জন্য। আমরা আশা করব মাননীয় মন্ত্রিমহাশয় যে উত্তর দিয়েছেন তাতে যথাযথভাবে আমাদের সম্পূর্ণ দায়িত্ব আমরা সকলে পালন করতে পারব। বাংলাদেশের মানুষের সুখে শান্তিতে দিন কাটবে এবং বাংলাদেশের মানুষ আমাদের উপর আস্থা রেখে আমাদের সঙ্গে সহযোগিতা করবে আগামী দিনে খাদ্যদ্রব্য যাতে আমরা নিয়ন্ত্রণ করতে পারি এই বিশ্বাস আমার আছে।

**Mr. Speaker :** I now draw the attention of the honourable Members to Rule 319. This discussion is over.

## Adjournment

The House was then adjourned at 9.02 p.m. till 1 p.m. on Wednesday, the 3rd May, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 3rd May, 1972, at 1 p. m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 12 Ministers, 1 Minister who is not member of the Assembly, 5 Ministers of State, 3 Deputy Ministers and 193 Members.

[ 1-00—1-10 p.m. ]

## Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

Now, we take up questions.

**শ্রীমতী গীতা মুখার্জী :** স্যার, on a point of privilege, আমার ২৫৩, ২৬৩, এবং ২৬৭ অনুমোদিত প্রশ্নের উত্তর এখনও tableএ যে নেই। তিনটা প্রশ্নই বিদ্যুৎ সংক্রান্ত প্রশ্ন। এর উত্তর গ্রামে নেই, এখান থেকেই দেওয়া যাবে। কিন্তু কোন উত্তর না পাওয়ায় আমি স্বাধিকারের প্রশ্ন রাখছি।

**Mr. Speaker :** I am informed by the office that the reply has been just now received by my office and it will be placed on the table.

**শ্রীঅশ্বিনী রায় :** আমারও কয়েকটা প্রশ্নের উত্তর নেই।

**Mr. Speaker :** Just now I have got answers to several questions and they are being placed on the table.

## STARRED QUESTIONS

### ( to which oral answers were given )

### Rural Employment Scheme

***236.** (Admitted question No. *277.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour and Employment Department be pleased to state—

(a) give an idea about some specific programmes the Government is contemplating to provide rural employment ; and

(b) furnish the districtwise break up of these programmes and the probable number of employment to be created thereby ?

**Dr. Gopal Das Nag :** (a) The State Government is already providing employment through Crash Scheme for rural employment, a centrallysponsored scheme which has been taken up in all the districts of West Bengal.

(b) A statement is placed on the table.

**Statement Showing the Districtwise Position of Sanctioned Projects Under C. S. R. E. on 21. 4. 72.**

**( in lakhs of autpees )**

| Sl.No. | Name of Districts | Total estimate of projects | Estimated expenditure for 1971-72. | Balance programe remaining to be executed during 1972-73 and 1973-74. | Emmployment in mandays on the basis of sanctioned projects. |
|---|---|---|---|---|---|
| | | (Rs.) | (Rs.) | (Rs.) | |
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| 1. | 24-Parganas | 89·39 | 20·37 | 69·02 | 23,83,733 |
| 2. | Midnapore | 109·81 | 20·00 | 89 81 | 29,28,266 |
| 3. | Purulia | 51·18 | 12·50 | 38·68 | 13,64,800 |
| 4. | Hooghly | 35·08 | 14·60 | 20 48 | 9,35,466 |
| 5. | West- Dinajpur | 9·86 | 3 73 | 6·13 | 2,62,933 |
| 6. | Darjeeling | 59·65 | 20·72 | 38·93 | 15,90.666 |
| 7. | Nadia | 15·04 | 4 51 | 10·53 | 4,01,066 |
| 8. | Bankura | 57·47 | 15·23 | 42 24 | 15,32,533 |
| 9. | Birbhum | 38·84 | 17·42 | 21·42 | 10,35,733 |
| 10. | Burdwan | 54·06 | 6·35 | 47 71 | 14,41,600 |
| 11. | Coooh Behar | 12·06 | 1·94 | 10·12 | 3,21,600 |
| 12. | Murshidabad | 28·13 | 1·18 | 26 95 | 7,50,133 |
| 13. | Howrah | 3·58 | 0·98 | 2 60 | 95,466 |
| 14. | Jalpaiguri | 18·03 | 0·20 | 17·83 | 4,80,800 |
| 15. | Malda | 1·09 | — | 1·09 | 29,066 |
| | TOTAL | 583·27 | 139·73 | 443·54 | 1,55,53,861 |

**শ্রীরজনীকান্ত দলুই :** Crash programme-এর কথায় Crash Scheme করে rural employment-এর ব্যবস্থা করা হয়েছে। এই Crash Scheme জেলার সমস্ত block-এ হয়েছে, না ২১৩টি ব্লক ছাড়া অন্যান্য block-এ নেওয়া হয় নি ওটা কি জানেন ?

**ডাঃ গোপাল দাস নাগ :** এই Crash Scheme শ্রমদপ্তর বা employment দপ্তর থেকে পরিচালিত করা হয় না। এটা সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী উত্তর দিতে পারবেন। সেখানে প্রশ্ন করুন।

**শ্রীরজনীকান্ত দলুই :** এই Crash programme-এ কতজন unemployed educated youngmen provide হয়েছে ?

**ডাঃ গোপালদাস নাগ :** এটা যে দপ্তরের অন্তর্ভুক্ত সেখানে প্রশ্ন করুন।

**শ্রীরজনীকান্ত দলুই :** এই Crash programme ছাড়া rural employment দেবার কথা চিন্তা করছেন কিনা ?

**ডাঃ গোপালদাস নাগ :** এখনও পর্যন্ত নয়।

**শ্রীরজনীকান্ত দলুই :** আমরা দেখতে পাচ্ছি গভর্ণমেণ্ট urban area, Calcutta এবং বিভিন্ন town area-তে sick industry, closed industry খুলে employment-এর ব্যবস্থা করছেন। কিন্তু মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ার মতন তিনটা undeveloped rural area-তে বহু লেখাপড়া জানা ছেলে বেকার রয়েছে তাদের rural employment দেবার কথা চিন্তা করছেন কি না ?

**ডাঃ গোপাল দাস নাগ :** সেরকম কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নি—হ'লে নিশ্চয় হাউসে জানাব।

**শ্রীরজনীকান্ত দলুই :** সেরকম কোন চিন্তা মনের মধ্যে আছে কি না ?

( উত্তর নাই )

## রাণীগঞ্জ থানা এলাকায় গ্রাম বৈদ্যুতীকরণ

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত একবৎর হইতে বর্ধমান জেলার অন্তর্গত রাণীগঞ্জ থানার আমড়াসতা, বল্লভপুর ও সিয়ারশোল এলাকায় গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজ বন্ধ আছে, এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি এবং সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Mr. Speaker :** Reply has not been received. The question is held over.

## বক্রেশ্বর উষ্ণ-প্রস্রবণ

*২৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৫৬ ) **শ্রীসুধীরচন্দ্র দাস :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বক্রেশ্বর উষ্ণ-প্রস্রবণে অবগাহনের ফলে বহু রকমের দুরারোগ্য রোগ হইতে বহু রোগী মুক্তি পাওয়ায় ঐ প্রস্রবণের স্নানের জন্য শত শত

নরনারী ঐ স্থানে উপস্থিত হন এবং থাকা ও খাওয়ার ব্যবস্থা না থাকায় যথেষ্ট অসুবিধা ভোগ করেন ;

(খ) অবগত থাকিলে, ঐ স্থানে একটি উন্নত পর্যটক কেন্দ্র স্থাপন করার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন কি ;

(গ) ইহা কি সত্য যে, সরকারী প্রচেষ্টায় যে ঘরবাড়ী তৈয়ারী হইয়াছিল তাহা ভাঙ্গিয়া গিয়াছে এবং উহাকে পুনর্নির্মাণের কোন ব্যবস্থা করা হয় নাই ; এবং

(ঘ) সত্য হইলে এই সম্পর্কে কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। সরকারের আর্থিক সঙ্গতির দিকে লক্ষ্য রাখিয়া পরিকল্পনা করা হইয়াছে।

(গ) কোন বাড়ী তৈয়ারী হয় নাই। উষ্ণ প্রস্রবনের পুনবিন্যাস করিয়া সাধারণের স্নান ব্যবস্থার উন্নতি করা হইয়াছে এবং কয়েকটি শৌচাগার নির্মিত হইয়াছে। সমস্ত ব্যবস্থার বাৎসরিক মেরামতি করা হয়।

(ঘ) প্রশ্ন উঠে না।

**শ্রীসুধীরচন্দ্র দাস :** আর্থিক সংগতি অনুযায়ী যে পরিকল্পনা নেবার কথা ভাবছেন তাতে কি ঘর তৈরী করা হবে বসবাসের জন্য।

**Shri Tarun Kanti Ghosh :** I am reading out a note. The scheme for developing the Bakreswar Hot Spring area in the district of Birbhum at the estimated cost of Rs. 8 lakhs in the first phase was approved by the Cabinet in 1963. According to this scheme a bathing pool with in-coming channels for water from all the hot springs, 8 bathing cubicles for men and women, 4 public latrines, parks, pathways, etc., were constructed. Electric power for the ares was provided by drawing high tension lines from Dubrajpur. Lighting arrangments were made in the area. The construction have not yet been taken over from the Construction Board who were entrusted with the work. Funds are allotted each year to the Construction Board Directorate for annual constructions and electrical installations and also for guarding the Government properties.

**শ্রীসুধীরচন্দ্র দাস :** এটা কবে শেষ হতে পারবে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** এটা আমার জানা নেই, জেনে বলব।

### Protection of Nishan Ghat to Gandhi Ghat from erosion

*240. (Admitted question No. *442.) **Shri Mrigendra Mukherjee :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that Rs. 20 lakhs was sanctioned for protection of Nishan Ghat to Gandhi Ghat at Barrackpore from erosion towards the early part of 1972 ; and

(b) if so, whether—

(i) the said work has been completed,

(ii) completion certificate for payment to contractor has been received, and

(iii) datewise payment to the contractor made so far ?

**শ্রীসুনীতি চট্টরাজ :**

(ক) সংশ্লিষ্ট সংরক্ষণ-কার্যের জন্য এই বৎসরের জানুয়ারী মাসে ১৪,৪৫,৩৭৮ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) (১) এ পর্যন্ত শতকরা ৯৭ ভাগ সম্পন্ন হইয়াছে।

(২) শ্রী আর. ডি. সেন এবং মেসার্স ইউনিয়ন কন্‌স্ট্রাকসন নামে দুইটি এজেন্সির উপর উক্ত প্রকল্পের কার্যভার ন্যস্ত হইয়াছে। মেসার্স ইউনিয়ন কন্‌স্ট্রাকসনের হস্তে এই প্রকল্পের যে অংশ ন্যস্ত হইয়াছিল তাহা সম্পন্ন হইয়াছে এবং এতদ্‌সম্পর্কিত পাওনাও মিটাইয়া দেওয়া হইয়াছে। এই প্রকল্পের যে অংশ সম্পাদনের ভার শ্রীআর. ডি. সেনের হস্তে অর্পিত হইয়াছিল, সেই অংশের কাজ চলিতেছে।

(৩) অর্থপ্রদানের দিন-গত তালিকা নিম্নে প্রদত্ত হইল—

| তারিখ | কণ্ট্রাকটরের নাম | অর্থপ্রদান ( টাকা ) |
|---|---|---|
| ১৬-২-৭২ | শ্রীরামদয়াল সেন | ৩,৬৮,৯৪০ |
| ১৬-২-৭২ | মেসার্স ইউনিয়ন কন্‌স্ট্রাকসন | ১,৮৮,২১৭ |
| ২৮-২-৭২ | শ্রীরামদয়াল সেন | ৩,১৩,৪৭৬ |
| ১৪-৩-৭২ | মেসার্স ইউনিয়ন কন্‌স্ট্রাকসন | ৯১,৬৯২ |
| ৩০-৩-৭২ | শ্রীরামদয়াল সেন | ১,২৯,৪৬০ |
| ৩১-৩-৭২ | শ্রীরামদয়াল সেন | ৬১,০২৩ |
| ৩১-৩-৭২ | মেসার্স ইউনিয়ন কন্‌স্ট্রাকসন | ৩৭,০০০ |
| | | ১১,৯০০,২১৩৮ |

**শ্রীশিশির কুমার সেন :** কত দিনে এই প্রকল্পের কাজ হবে বলতে পারবেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এই প্রকল্পের কাজ কবে নাগাদ সমাপ্ত হবে নোটিশ দিলে জানাবো।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** স্যার, এই কাজটার টেণ্ডার ডাকা হয়েছিল আর্বান ড্রেনেজ ডিভিশন থেকে এবং এষ্টিমেট করা হয়েছিল আণ্ডার গ্রেটার ক্যালকাটা ড্রেনেজ স্কীম থেকে। আর্বান ড্রেনেজ ডিভিসন থেকে সেটা বাতিল হয়ে Metropolitan Drainage Division, under Superintending Engineer, Metropolitan Drainage Circle-এ চলে গেল—এটা কি সত্য ?

[ 1-10-1-20 pm. ]

**শ্রীসুনীতি চট্টরাজ :** এটা আমার জানা নেই, তবে কিছুটা ডিকারেন্ট এবং নোটিশ দিলে এই ইস্যুটার উত্তর দেব।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** ঐ টেণ্ডার কারা ডেকেছিলেন এবং কে য়্যাক্সেপ্ট করেছিল অর্থাৎ পরে যে ২০ পার্সেন্ট লেস দিয়ে কাজটা সুরু হয়েছে সেটা কারা ডেকেছে ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** আমাদের ডিপার্টমেন্ট থেকে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** স্যার, একটা খবর আপনার কাছে রাখছি, এই খবরটা সত্যি কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে এটা ২৩ লক্ষ টাকার কাজ কিন্তু দু'লক্ষ টাকার কাজ হয়েছে—২১ লক্ষ টাকার কাজ কিছু হয় নি এবং এটা আর্বান ড্রেনেজ ডিভিসন থেকে ডাকা হয়েছিল একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের আণ্ডারে কিন্তু সেই একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে পরে কংসাবতী প্রজেক্টে ট্রান্সফার করে দেওয়া হয়েছে, দিয়ে কাজটা এন. কে. ঘোষ, Metropolitan Drainage Division under Superintending Engineer, Metropolitan Drainge Circle. এখানে আনা হয়েছে এবং এই কাজ তদারকির জন্য অ্যাসীস্ট্যান্ট ইঞ্জিনীয়ারকে মাইনে দেওয়া হয় কিন্তু তাঁকে তদারক করতে দেওয়া হয় না। সুপারভাইজর, ওভারসীয়ারকে দিয়ে তদারক করা হয়েছে। এই কাজটার জন্য অ্যাসীস্ট্যান্ট ইঞ্জিনীয়ারকে বেতন দেওয়া সত্ত্বেও তাকে দিয়ে করান হয় নি, ওভারসীয়ারকে দিয়ে কাজ করান হয়েছে এবং কাজ একদম হয় নি আমার এই অভিমত। দু লাখ টাকার কাজ হয়েছে আর ২১ লাখ টাকার পেমেন্ট করা হয়েছে। মন্ত্রিমহাশয় কি বলতে পারেন তিনি আমার সঙ্গে একমত কিনা ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** আপনি প্রথমে ৬টা প্রশ্ন এক সঙ্গে করলেন। আপনি যে বিশেষ কথাটা বললেন এটা আমার জানা নেই। এটা তদন্তের ব্যাপার। আপনি যখন নজরে আনলেন আমি নিশ্চয়ই তদন্ত করে দেখব।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** এটা যদি তদন্ত করে প্রমাণিত হয় যে এই টাকাটা জলে গেছে, পাথর জলে ভেসে গেছে এই রকম যদি প্রাথমিক তদন্তে দেখতে পান তাহলে সমস্ত জিনিসটা ভিজিলেন্স কমিশনারের কাছে দিতে রাজী আছেন কিনা ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** নিশ্চয়ই রাজী আছি।

## বাজার এলাকায় দোকান কর্মচারী সংস্থা আইন চালুর ব্যবস্থা

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রীঅশ্বিনী রায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ দোকান কর্মচারী সংস্থা আইন (ওয়েস্ট বেঙ্গল সপস এ্যাণ্ড এস্টাবলিশমেন্টস অ্যাক্ট) থানান্তরে সমস্ত বাজার এলাকায় চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত আইন বর্ধমান জেলার আউসগ্রাম থানার গুসকরা, ভাতার, মেমারী, গলসী, বুদবুদ, পানাগড় বাজারে কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**ডঃ গোপাল দাস নাগ :**

(ক) বর্তমানে এইরূপ কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) পশ্চিমবঙ্গ দোকান ও সংস্থা আইন বর্তমানে বর্ধমান জেলায় গুসকরা, মেমারী, বুদবুদ ও পানাগড় এলাকায় চালু আছে, কিন্তু ভাতার ও গলসী এলাকায় উক্ত আইন চালু নাই এবং কবে চালু হইবে তাহাও স্থির হয় নাই।

**শ্রীঅশ্বিনী রায় :** এই যে প্রত্যেকটিতে যেখানে চালু আছে সেগুলি একটা থানার বাজার, আর বাকী দুটো ভাতার আর গলসী, সেগুলিও থানার বাজার। তাহলে এই আইন চালু করবার কি কি সর্ত থাকে—এই আইন যে চালু করা যাবে সে সম্পর্কে কোন নিয়ম আছে কি ?

**শ্রীগোপাল দাস নাগ :** সাধারণতঃ এই আইন ঐ রকম ধরনের কোন বাজার এলাকায় চালু করবার আগে সেই জেলার জেলাশাসকের একটা মত চাওয়া হয়। এক্ষেত্রে যে দুটি এখনও চালু হয় নি সেই দুটির ক্ষেত্রে বোধ হয় জেলাশাসক মহাশয় অনুরূপ মত প্রকাশ করেন নি।

**শ্রীঅশ্বিনী রায় :** তাহলে জেলাশাসকের কাছে এই আইন চালু করা সম্পর্কে যদি দাবী করা হয় তাহলে জেলাশাসকই করতে পারেন, না ষ্টেট গভর্ণমেণ্টের য়্যাপ্রুভাল দরকার হয়।

**শ্রীগোপাল দাস নাগ :** না, ষ্টেট গভর্ণমেণ্ট জেলাশাসকের সম্মতি না থাকলেও বা তাঁর মতের বিরুদ্ধেও করতে পারেন।

### বেকারদের জন্য জেলা নিযুক্তি পরিষদ গঠন

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬।) **শ্রীশরৎচন্দ্র দাস :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মফঃস্বল জেলা শহরের বেকারদের সুবিধার্থে সরকার জেলা নিযুক্তি পরিষদ (এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড) গঠন করিবার পরিকল্পনা করিয়াছেন ;

(খ) সত্য হইলে উক্ত পরিষদ কবে নাগাদ এবং কিভাবে গঠিত হইবে ; এবং

(গ) মফঃস্বল জেলা শহরের বেকার ছেলেদের চাকুরির ব্যাপারে কলিকাতা যাতায়াতের খরচ বহন করার কোন পরিকল্পনা আছে কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :**—(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

**শ্রীশরৎচন্দ্র দাস :** স্যার, প্রত্যেক জেলায় যদি এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড করা হয়, যা এখনও করছেন না, এর ফলে প্রত্যেক জেলা সদর থেকে ছেলেদের কলকাতায় আসতে হয় ইনটারভিউএর জন্য। এটা করলে মন্ত্রিমহাশয় কি মনে করেন না যে গরীব ছেলেদের কিছু পয়সাকড়ি বেঁচে যাবে ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কি এই এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড বলতে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস বুঝাতে চাচ্ছেন কিনা বুঝতে পারছি না ?

**শ্রীশরৎচন্দ্র দাস :** এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিসেরই একটা অন্যতম অঙ্গ হল এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড। কারণ জেলা ও সদর থেকে ছেলেদের কলকাতার আসতে গেলে পয়সা লাগে এবং সকলেই চাকরী পায় না যার ফলে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ইনটারভিউ বোর্ড যাতে জেলায় জেলায় হয়, এই জন্য জেলায় জেলায় একটা করে এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড করতে চাই ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, চেয়ারম্যান, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, সেক্রেটারী এবং নন-অফিসিয়াল মেম্বারদের নিয়ে ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কোন সংবাদ আমার কাছ থেকে চাচ্ছেন না, তিনি একটা পলিসি সম্বন্ধে বলছেন।

**মিঃ স্পীকার :** Mr. Nag, that is only a request.

**শ্রীশরৎচন্দ্র দাস :** ব্যাপার হল, আমি জানাতে চাই যে মফঃস্বল, জেলা সদর থেকে কলকাতায় ইনটারভিউ দিতে আসতে হলে তারা আর্থিক ক্ষতিগ্রস্থ হচ্ছে। কিন্তু এই কলকাতায় যারা ইনটারভিউ নেন তাদের যদি বিভিন্ন জেলায় পাঠিয়ে দেওয়া হয় ইনটারভিউ নেওয়ার জন্য তাহলে এরা ক্ষতিগ্রস্থ হয় না।

**ডাঃ গোপাল দাস নাগ :** এটা বিভিন্ন ডিপার্টমেন্টের ব্যাপার। ইনডাসট্রিজ ডিপার্টমেন্টের ইনটারভিউ মেশিনারিজ আছে, আমাদের দপ্তরের সঙ্গে তাদের কোন যোগাযোগ নেই। আমাদের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে আমরা তাদের নাম রেকর্ড করে রাখি। আমাদের কাছে ছেলে চাইলে আমরা সেই লোকদের রেফার করে দিই এ্যাপয়েন্টিং অথরিটির কাছে। মাননীয় সদস্য যে প্রস্তাব রাখলেন সেটা নিশ্চয়ই বিবেচনা করবো এবং মন্ত্রীসভার কাছে আনবো।

## মুর্শিদাবাদ জেলায় গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনা

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৩।) **ডঃ মহঃ এক্রামুল হক বিশ্বাস :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গে যে দশ হাজার গ্রাম বৈদ্যুতীকরণ করার প্রস্তাব আছে তার মধ্যে মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ মহকুমা অগ্রাধিকার পেয়েছে ; এবং

(খ) ঐ সময়ে ডোমকল ব্লকের কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতীকরণ করার প্রস্তাব বিবেচনাধীন আছে?

**শ্রীসুনীতি চট্টরাজ :** (ক) মুর্শিদাবাদ জেলার ৪টি মহকুমাই বৈদ্যুতীকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত-

(খ) আপাতত একটিও না।

**শ্রীএক্রামুল হক বিশ্বাস :** এই যে অগ্রাধিকার দেওয়া হবে, মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কি ভিত্তিতে এই অগ্রাধিকার দেওয়া হবে?

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় সদস্যদের আগেই বলা হয়েছে যে কৃষি ভিত্তিকের উপরেই অগ্রাধিকার দেওয়া হবে।

**শ্রীএক্রামুল হক বিশ্বাস :** আপনি কি অবগত আছেন যে ডোমকল ব্লকের দু'টি সস্থানে দুই বছর হল পোল পোতা হয়েছে কিন্তু বৈদ্যুতীকরণ করা হয়নি। এগুলি কবে হবে?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এটা আমার জানা নেই। নোটিশে আনলে আমি দেখবো।

## মুর্শিদাবাদ জেলায় খাল, বিল, নদী সংস্কার প্রকল্প

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩।) **শ্রীআবদুল বারি বিশ্বাস :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চলীয় এলাকাগুলির খাল, বিল ইত্যাদি জলাশয় হইতে জল নিষ্কাশনের এবং শিয়ালমারা নদী সংস্কারের জন্য কি কি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) এই সকল প্রকল্পের জন্য কত টাকা ব্যয় হইবে এবং কবে নাগাদ প্রকল্পগুলি কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** (ক) (১) মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চলীয় এলাকায় খাল-বিল ইত্যাদি জলাশয় হইতে জলনিষ্কাশনের জন্য বড় বিল, কাতলামারি বিল, বাউসমারী বিল, গোবরী বিল ও কালদহ বিল এই প্রকল্পগুলির কাজ চলিতেছে।

(২) ঐ অঞ্চলের খয়রামারী বিল প্রকল্প এবং শিয়ালমারী নদী সংস্কারের পরিকল্পনাটি এখনও বিবেচনাধীন আছে।

(খ) (১) বড় বিল, কাতলামারি বিল ইত্যাদি প্রকল্পগুলির জন্য ১,৬৬,৭৩০ টাকা ব্যয় হইবে। আগামী জুন মাসে কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(২) খয়রামারী বিল প্রকল্পের জন্য আনুমানিক ৯২,৯৪,০০০ টাকা ব্যয় হইবে। শিয়ালমারী প্রকল্পের (জলঙ্গী ও কালিতলা দাঁড়া প্রকল্পসহ) ব্যয় ৪,০৬,৩৩৪ টাকা।

[ 1-20—1-30 p.m. ]

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় যে এলাকার কথা বললেন সেটা নিশ্চয়ই খাল, বিল এলাকার মধ্যে পড়ে, কিন্তু মুর্শিদাবাদ জেলার অন্যান্য এলেকায় যে সমস্ত খাল, বিল আছে সেগুলি সরকারের অধীন পরিকল্পনার বিবেচনাধীন আছে কি?

**শ্রীসুনীতি চট্টরাজ:** অন্য এলাকার খাল, বিল ডিফারেন্ট ব্যাপার, নোটিশ দিলে উত্তর দেব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** আপনি বলেছেন খয়রামারী বিল প্রকল্পের জন্য আনুমানিক ৯২,৯৪,০০০ টাকা ব্যয় হইবে। এই সমস্ত পরিকল্পনার কাজে কতদিন নাগাদ সরকার হাত দিতে পারবেন বলে আশা করা যায়?

**শ্রীসুনীতি চট্টরাজ:** এটা এখন ঠিক করে বলা যায় না, পরিকল্পনাধীন আছে, কবে নাগাদ শেষ হবে, সেটার সদুত্তর দেওয়া সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, তিনি কি দয়া করে আমাকে জানাবেন এই আথিক বছরের মধ্যে পরিকল্পনা বাস্তবে রূপ দেবার জন্য প্রারম্ভিক কাজ করা হবে কিনা?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** আমরা চেষ্টা চালাচ্ছি, যদি সম্ভব হয় নিশ্চয়ই আরম্ভ করব।

**শ্রীএক্রামুল হক বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি শিয়ালমারা, বড় বিল ইত্যাদি প্রকল্পে যে সমস্ত নদী সংস্কার হবে তাতে করে কত পরিমাণ জমি কৃষিযোগ্য হবে তার কোন হিসাব আছে কিনা?

**শ্রীসুনীতি চট্টরাজ:** এটা একটা ডিফারেন্ট ইস্যু, নোটিশ দিলে জানিয়ে দেব।

## বাঁকুড়া কর্মবিনিয়োগ কেন্দ্র

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়ায় কর্ম বিনিয়োগ অফিস (এমপ্লয়মেণ্ট অফিস) কোন্ সালে খোলা হয়;

(খ) গত ৩১এ মার্চ, ১৯৭২, তারিখে উক্ত অফিসে কত বেকার যুবক-এর নাম রেজিস্ট্রীভুক্ত ছিল ; এবং

(গ) উক্ত সংস্থার মাধ্যমে কতজন বেকার যুবকের এ পর্যন্ত চাকুরী হইয়াছে ?

**শ্রীগোপাল দাস নাগ :** (ক) বাঁকুড়ায় কর্মবিনিয়োগ অফিস (এমপ্লয়মেণ্ট অফিস) ১৯৬৩ সালে খোলা হয়।

(খ) ২৯-২-৭২ তারিখে ১৭,৯৩৬ জন কর্মপ্রার্থীর নাম তালিকাভুক্ত ছিল। ৩১-৩-৭২ তারিখের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই।

(গ) উক্ত সংস্থার মাধ্যমে ১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত যে সমস্ত কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইয়াছে তাহাদের সংখ্যা নিম্নে দেওয়া হইল :—

| বৎসর | সংখ্যা |
|---|---|
| ১৯৬৭ | ১,১৮৭ |
| ১৯৬৮ | ২৫১ |
| ১৯৬৯ | ১১২ |
| ১৯৭০ | ৪৭ |
| ১৯৭১ | ৫৫ |
| ১৯৭২ (জানুয়ারী ও ফেব্রুয়ারী) | ৪ |

**শ্রীশক্তিপদ মাঝি :** ১৭ হাজার বেকার যুবকের নাম রেজিষ্ট্রীভুক্ত করা হয়েছে। এর মধ্যে দেখা যাচ্ছে total দু'হাজারের কিছু বেশী পেয়েছে, বাকী যেগুলো আছে তাদের কর্মসংস্থানের জন্য সরকার কিছু চিন্তা করছেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** বিশেষভাবে কোন জেলার জন্য পৃথকভাবে কিন্তু করা হচ্ছে না, সাধারণভাবে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হবে তার মাধ্যমে বাঁকুড়া জেলার যে বেকার সমস্যা আছে তারও সমাধানের পথ পাওয়া যাবে।

**শ্রীকানাই ভৌমিক :** আপনার figure অনুযায়ী দেখা যাচ্ছে প্রতি বছর employment কমে কমে এসেছে তার কারণ কি বলবেন ? চার জনে গিয়ে ঠেকেছে কেন ?

**ডাঃ গোপাল দাস নাগ :** তার একমাত্র কারণ যে নুতন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয় নি, ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে। উপরন্তু এই সময়ের মধ্যে কিছু পুরাতন employment এর scope বন্ধ হয়েগেছে।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন, এটা কি সত্য যে private employers-রা বর্তমানে employment exchage-এর through দিয়ে কোন লোক নিচ্ছে না বলে এই সংখ্যা কমে যাচ্ছে ?

**ডাঃ গোপাল দাস নাগ :** কোন দিনই এমন কোন আইন ছিল না যার দ্বারা Private Sector-এর Employer-ই বলুন, Public sector-এর Employer-ই বলুন বাধ্যতামূলকভাবে employment exchange-এর মাধ্যমে নিয়োগ করতে বাধ্য হতেন। একটা আইন আছে, কোন vacancy arise করলে, সেটা বাধ্যতামূলকভাবে employment exchange-কে জানাতে হবে, নেওয়া না নেওয়া সেটা সম্পূর্ণভাবে নিয়োগকর্তা বা নিয়োগ কর্তৃপক্ষের উপর নির্ভর সেদিনও করতো আজও করে।

### বীরকিটী ইরিগেশন স্কীম

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৩।) শ্রীজগদানন্দ রায়: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরকিটী ইরিগেশন স্কীম চালু না হওয়ায় স্থানীয় বহু কৃষক ক্ষতিগ্রস্থ হইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, এই স্কীম কার্যকরী না হওয়ার কারণ সম্বন্ধে সরকার কোন অনুসন্ধান করিয়াছেন কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Mr. Speaker:** Starred question No. 245 is held over.

### মেজিয়া থানা এলাকায় বন্যানিয়ন্ত্রণ ও সেচ ব্যবস্থা

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৩।) শ্রীশক্তিপদ মাঝি: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দামোদর নদের বন্যাপ্লাবিত জলে বাঁকুড়া জেলায় দামোদর পাশ্ববর্তী এলাকায় (মেজিয়া থানা) বৎসরের পর বৎসর প্রভূত শস্যের ক্ষতি হচ্ছে;

(খ) অবগত থাকিলে তার প্রতিকারের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন কিনা, এবং করিলে তাহা কি, ও কতদিনে তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) ঐ এলাকায় সেচের সুবিধার্থে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**শ্রীসুনীতি চট্টরাজ:**

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া থানার প্রভূত শস্যের ক্ষতির কথা সরকারের জানা নাই। পূর্বের এই থানার কিছু বিল অঞ্চল বন্যায় প্লাবিত হইত কিন্তু বর্তমানে দামোদর পরিকল্পনার বাঁধ নির্মাণের ফলে বন্যার প্রকোপ পূর্বাপেক্ষা অনেক কম।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ঐ এলাকায় Tetul Tikri "Irrigation Scheme" ও "Behar North Jor-Irrigation Scheme" নামক দুইটি প্রকল্প তৈরীর জন্য জরীপ ও অনুসন্ধান কার্য চলিতেছে এবং এই প্রকল্প দুটি খরা অঞ্চলের Master Plan-এর অন্তর্ভূক্ত করা হইয়াছে।

**শ্রীশক্তিপদ মাঝি:** সরকারকে যেখানে এই বিষয়ে অবগত করানো হ'লো যে ঐ থানায় বন্যার ফলে বিশেষ ক্ষতি হয়েছে, এর পরে কি ব্যবস্থা অবলম্বন করবেন জানতে পারি কি?

**শ্রীসুনীতি চট্টরাজ:** আমি প্রথমে বললাম জানা নেই, মাননীয় সদস্য যখন এই বিষয়ে বললেন আপনার কথা বিশ্বাস করে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন নিশ্চয়ই করবো।

**শ্রীশক্তিপদ মাঝি:** সেচ ব্যবস্থার কথা যা বললেন, আমি কি জানতে পারি কত দিনের মধ্যে এই সেচ ব্যবস্থা সম্পূর্ণ হবে?

**শ্রীসুনীতি চট্টরাজ:** এখনও জরীপের কাজ ও অনুসন্ধানের কাজ চলছে, এটা সম্পূর্ণ হোক, তবে বলবো যে কবে নাগাদ শেষ হবে।

## মেদিনীপুর জেলায় বেকার সংখ্যা

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৬।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী মেদিনীপুর জেলায় ১৯৭২ সালের মার্চ মাস পর্যন্ত বেকারের সংখ্যা কত;

(খ) উক্ত বেকারের সংখ্যার মধ্যে শিক্ষিত বেকারের সংখ্যা কত; এবং

(গ) উক্ত বেকারদের কিভাবে কাজ দেওয়ার ব্যবস্থার বিষয় সরকার চিন্তা করিতেছেন?

**ডাঃ গোপাল দাস নাগ:**

(ক) ২৯শে ফেব্রুয়ারী, ১৯৭২ তারিখ পর্যন্ত মেদিনীপুর জেলায় কর্মপ্রার্থীর মোট সংখ্যা ৬৮,১৬৪ জন। ৩১শে মার্চ, ১৯৭২ তারিখের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই বলিয়া ২৯শে ফেব্রুয়ারী, ১৯৭২ তারিখের সংখ্যা দেওয়া হইল।

(খ) বৎসরে দুইবার—জুন ও ডিসেম্বর মাসে শিক্ষিত কর্মপ্রার্থীর পরিসংখ্যান গৃহীত হইয়া থাকে। ৩১শে ডিসেম্বর, ১৯৭১ তারিখের পরিসংখ্যান অনুযায়ী শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপ:

| বিভাগ | মোট সংখ্যা |
|---|---|
| (১) স্কুল ফাইনাল | ১২,৭৬২ |
| (২) প্রাক্-স্নাতক | ১৬,৫৫৪ |
| (৩) স্নাতক ও তদুর্দ্ধ | — |
| (ক) ইঞ্জিনীয়ারিং | — |
| (খ) মেডিক্যাল | — |
| (গ) অন্যান্য | ৫,৪৭৩ |
| মোট | ৩৪,৭৮৯ জন |

(৩১শে ডিসেম্বর, ১৯৭২ তারিখে মোট ৬৪,৪৬৫ জন কর্মপ্রার্থী ছিল।)

(গ) বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনার মাধ্যমে উক্ত কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের চেষ্টা করা হইতেছে। হলদিয়ায় বিভিন্ন শিল্প স্থাপিত হইলে বহু কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি এই যে সংখ্যাটি আপনি আমাদের দিলেন,এর মধ্যে হলদিয়া Employment Exchange-এর সংখ্যাটিও অন্তর্ভুক্ত?

[1-30—1-40 p.m.]

**ডাঃ গোপাল দাস নাগ:** হলদিয়া যখন মেদিনীপুর জেলাতে অবস্থিত, তখন সমস্ত মেদিনীপুর জেলা বললে হলদিয়াও অন্তর্ভুক্ত।

**শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি:** এই যে হলদিয়া প্রকল্পে লোক নেওয়া হবে বললেন, সেখানে কি মেদিনীপুর জেলার বেকারদের অগ্রাধিকার দেবার কথা চিন্তা করছেন?

**ডাঃ গোপাল দাস নাগঃ** শুধু মেদিনীপুরের নয়, সারা পশ্চিমবাংলার লোকেদের অগ্রাধিকার দেবার কথা চিন্তা করা হচ্ছে। এ বিষয়ে কিছু কিছু মাননীয় সদস্যও ঘোষণা করেছেন।

**শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তিঃ** মন্ত্রিমহাশয় বললেন সারা পশ্চিবাংলার ভিত্তিতে চাকরী দেওয়া হবে, মেদিনীপুরের মত বড় জেলায় যেখানে বড় বড় প্রকল্প হচ্ছে, সেখানে শিক্ষিত বেকারদের অগ্রাধিকার দেবার কথা চিন্তা করবেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয় চিন্তা করতে কোন অসুবিধা নাই। তবে মাননীয় সদস্যকে একটা কথা স্মরণ করিয়ে দেব, পশ্চিমবাংলায় এমন অনেক জেলা থেকে যাচ্ছে, সেখানে বড় কোন প্রকল্প হচ্ছে না। মাননীয় সদস্যের মত গ্রহণ করে যদি চিন্তা করতে হয়, তাহলে পুরুলিয়া, বাঁকুড়া ও বীরভূম জেলার বেকারদের কোন চাকরীর ব্যবস্থা হবে না।

## নানুর বিধানসভা কেন্দ্র এলাকায় গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনা

***২৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫।) **শ্রীদুলাল সাহাঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কতগুলি গ্রামে এ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে ; এবং

(খ) নানুর কেন্দ্রের বাকী গ্রামগুলিতে বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীসুনীতি চট্টরাজ:**

(ক) বীরভূম জেলার নানুর থানার ৪টা মৌজায় বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে।

(খ) বর্তমানে নাই এবং এ প্রশ্ন ওঠে না।

**শ্রীদুলাল সাহাঃ** মে মাসের মধ্যে বীরভূম জেলার ১০টা গ্রামে বিদ্যুৎ সরবরাহের কথা আছে। তার মধ্যে নানুর কেন্দ্রের বাকী গ্রামগুলি পড়ে কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ:** মে মাসের মধ্যে পড়ে না। পরে অন্তর্ভূক্ত করা হবে।

**শ্রী আনন্দগোপাল রায়ঃ** কোন কোন গ্রামে দেখি জনসংখ্যার চার হাজার লোককে আপনি বিদ্যুৎ সরবরাহ করছেন। আর এক হাজার লোককে দিচ্ছেন না এর কারণ কি জানাবেন ?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এইরকম একটা Vague প্রশ্ন এখানে ওঠে না। এখানে নানুর সম্বন্ধে প্রশ্ন করা হয়েছে। আপনি উপযুক্তভাবে জানালে সে সম্বন্ধে তদন্ত করে যথাযথ ব্যবস্থা করবেন।

**শ্রীশচীনন্দন সাউ:** আমি এখানে একটা specific case রাখছি। আমার constituency-তে হেতমপুর গ্রামে বৈদ্যুতীকরণ হয়েছে, কিন্তু প্যাঁচড়া গ্রামে যেখানে কাংসশিল্পের জন্য বৈদ্যুতীকরণ সবচেয়ে বেশী প্রয়োজন, সেখানে এখনো electrification হয়নি একথা কি আপনি জানেন ?

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় সদস্য যখন জানালেন, আমি দেখবো। তবে এই প্রশ্ন এর সঙ্গে ওঠে না।

## রাজনগর থানা এলাকায় সেচ পরিকল্পনা

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৮।) **শ্রীদ্বিজপদ সাহা**: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে বীরভূম জেলার রাজনগর থানায় কোন সেচ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি না; এবং

(খ) না থাকিলে সরকার এই অসেচ এলাকার জনসাধারণের কৃষিকার্যের সুবিধার জন্য কোন সেচ পরিকল্পনা গ্রহণ করার কথা চিন্তা করিতেছেন কিনা?

**শ্রীসুনীতি চট্টরাজ**: (ক) না।

(খ) রাজনগর থানার খরাক্রান্ত এলাকায় সেচের জন্য সরকার সিদ্ধেশ্বরী বাঁধ পরিকল্পনা নামে একটি পরিকল্পনা রচনা করিতেছেন এবং এজন্য জরীপ কায চলিতেছে।

**শ্রীদ্বিজপদ সাহা**: এই সিদ্ধেশ্বরী নদীতে বাঁধ দেবার পরিকল্পনা করা হচ্ছে—এতে আমার মনে হয় অনেক দিন লাগবে। রাজনগর এলাকা সেটা অসেচ এলাকা—প্রতি বছর খরার দরুণ নষ্ট হয়ে থাকে। তারপূর্বে অন্য কোন স্কীম তাড়াতাড়ি করে ওখানকার ব্যাপক অসেচ এলাকায় যাতে সেচের ব্যবস্থা করা যায়, তারজন্য কোন ব্যবস্থা করছেন কি?

## বুনিয়াদপুরে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২।) **শ্রীপ্রবোধকুমার সিংহরায়**: বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার বুনিয়াদপুরে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন কল্পে সরকার কোন স্থান অধিগ্রহণ করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে উক্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ বিলম্বিত হওয়ার কারণ কি; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত কেন্দ্রের নির্মাণ কার্য শুরু হইবে বলিয়া আশা করা যাইতে পারে?

**শ্রীসুনীতি চট্টরাজ**: (ক) হ্যাঁ।

(খ) কতগুলি গভীর নলকূপ স্থাপনের প্রস্তাবের ভিত্তিতে প্রস্তুত ডিজেল চালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মূল পরিকল্পনা কার্যকরী হয় নাই। কারণ ওই গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা আগে বাস্তবায়িত হয় নাই। এই পরিপ্রেক্ষিতে গত ডিসেম্বর মাসের শেষ সপ্তাহ হইতে বিহার বিদ্যুৎ পর্ষৎ হইতে আমদানিকৃত বিদ্যুৎ সরবরাহের জন্য একটি বিকল্প বিদ্যুৎ কেন্দ্র বুনিয়াদপুরে স্থাপন করা হইতেছে।

(গ) এই বৎসর মে মাস নাগাদ।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** কোন সালে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল এবং ওই জায়গা রিকুইজিসন করবার জন্য যে টাকা ব্যয় হয়েছে তার পরিমাণ কত জানাবেন কি?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** ১৯৬৮ সালে।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** কেন ওই পরিকল্পনা পরিত্যক্ত হোল জানাবেন কি?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** আমি উত্তরে বলে দিয়েছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** কত টাকা খরচ করা হয়েছিল জায়গাটি নিতে জানাইবেন কি?

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় সদস্যকে দুঃখের সঙ্গে জানাচ্ছি টাকার কথাটা আমার জানা নেই।

## শ্রীহনুমান কটন মিল

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৬২০।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হাওড়া জেলার অন্তর্গত শ্রীহনুমান কটন মিলের মালিক গত ১২ই জুন, ১৯৭১ তারিখে বিনা নোটিশে কারখানা বন্ধ করিয়া দিয়াছেন;

(খ) অবগত থাকিলে, সরকার কারখানাটি খোলার ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, উক্ত কারখানার মালিক (১) শ্রমিকদের ন্যায্য বোনাসের অর্থ; (২) সাল ছুটির অর্থ, (৩) ক্যাজুয়েল লীভের অর্থ, (৪) প্রভিডেন্ট ফাণ্ডের দেয় অর্থ এবং ই. এস. আই-এর দেয় অর্থ জমা দেয় নাই; এবং

(ঘ) সত্য হইলে, উক্ত কারখানার মালিকের বিরুদ্ধে এই সমস্ত অর্থ জমা না দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**ডাঃ গোপাল দাস নাগঃ** (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের শিল্প আইন অনুসারে মিলের বর্তমান অবস্থা তথা ইহার মেশিনপত্রাদির অবস্থা সম্যক তদন্তের জন্য একটি তদন্ত কমিটি নিয়োগের জন্য ভারত সরকারকে অনুরোধ করিয়াছেন। তদনুসারে তদন্ত কমিটিও গঠিত হইয়াছে। উক্ত কমিটির সুপারিশ পাওয়া গেলে মিলের ভবিষ্যত সম্পর্কে বিচার করা সম্ভব হইবে।

(গ) মালিকপক্ষের নিকট হইতে জানা যায় যে তাঁহারা শ্রমিকদের সমস্ত বেতন মিটাইয়া দিয়াছেন। বোনাস, সাল ছুটি, ক্যাজুয়াল লিভ প্রভৃতি বাবদ কোন পাওনা সম্বন্ধে শ্রমিকদের নিকট হইতে কোন বিরোধ শ্রম অধিকারে উপস্থিত করা হয় নাই। প্রভিডেন্ট ফাণ্ড বাবদ কোম্পানীর নিকট হইতে মোট ১,১২,৬১৪ টাকা পাওনা আছে এবং ৪,১৬১·২০ টাকা প্রশাসনিক ব্যয় বাবদ পাওনা আছে। ই, এস, আই, বাবদ নিম্নলিখিত টাকা কোম্পানীর নিকট পাওনা আছেঃ—

(১) মালিকপক্ষের দেয় বিশেষ অর্থ ১-৪-৭০ হইতে ১১-৬-৭১ পর্যন্ত ৮১,৫৬১ টাকা।

(২) শ্রমিকদের খাতে প্রাপ্য ৩১-১-৭১ হইতে ১১-৬-৭১ পর্যন্ত ৯,৩৩০·৩০ পয়সা।

(৩) ২৮-৯-৬৮ পর্যন্ত আংশিক বকেয়া পাওনা—৬,৭৬৫·৮ পয়সা।

(ঘ) ১৯৭১ সালের জুন মাস পর্যন্ত প্রভিডেণ্ড ফাণ্ডের বকেয়া টাকা আদায়ের জন্ম কোম্পানীর বিরুদ্ধে সার্টিফিকেট জারি করার ব্যবস্থা করা হইয়াছে। উক্ত ব্যাপারে ১৯৭০ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত বকেয়া টাকার জন্য কোম্পানীর বিরুদ্ধে মামলা দায়ের করা হইতেছে। উহার পরবর্তীকালের পাওনার জন্যও মামলা দায়ের করার ব্যবস্থা হইতেছে।
ই, এস, আই, বাবদ প্রাপ্য অর্থের জন্ম কোম্পানীর বিরুদ্ধে প্রয়োজনীয় সার্টিফিকেট জারি করা হইয়াছে ।

[1-40—1-50 p.m.]

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে ঐ কারখানাটি কি কারণে বন্ধ করে দেওয়া হলো নোটিশ না দিয়ে ?

**শ্রীগোপাল দাস নাগ ঃ** অর্থ সংকট এবং শ্রম বিরোধই কারণ। কারখানাটি যখন বন্ধ হয়ে যায় তখন তাঁরা হয়ত একটা নোটিশ পাঠিয়েছিলেন, কিন্তু সেই কারখানা বন্ধ হয়েছিল ১৯৭১ সালের জুন মাসে, আর আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দপ্তরে এসে পৌঁচেছে ১৯৭২ সালের এপ্রিল মাসে।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ১৯৭১ সালে কোয়ালিশন সরকারের আমলে মাননীয় মন্ত্রিমহাশয় এই বিধানসভায় আইন করেন যে এই সম্পর্কে যে কোন কারখানা বিনা নোটিশে বন্ধ করতে পারবে না, ৬০ দিনের নোটিশ দিয়ে বন্ধ করতে হবে। কিন্তু এই কারখানাটি নোটিশ না দিয়ে বন্ধ করা হয়েছে এই কথা কি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন ?

**শ্রীগোপাল দাস নাগ ঃ** কারখানাটি বন্ধ হয়েছে ১২ই জানুয়ারী, আর মাননীয় সদস্য যে অর্ডিনেন্স-এর কথা বললেন সেটা বোধ হয় তার কয়েকদিন পর, গেজেট বেরবার পর বন্ধ হয়েছে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** এই হাউসে একটা বিল, মিসা পাশ হয়েছে এবং এখানে তার যে এ্যামেণ্ডমেণ্ট ছিল, যারা প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা মেরে দিচ্ছে, যারা ই, এস, আই, এস এর টাকা মেরে দিচ্ছে তাদের বিনা বিচারে বন্দী করা হবে। আপনি বললেন যে ই, এস, আই-এর টাকার সার্টিফিকেট করা হচ্ছে—সারটিফিকেট করা হচ্ছে ভাল হচ্ছে, কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সংশোধনী পাশ করা হলো এবং সেখানে জোর গলায় বলা হলো সেই সব মালিককে বিনা বিচারে বন্দী করবেন তার কি হলো ?

**শ্রীগোপাল দাস নাগ ঃ** এইটা ভেবে দেখা হবে। সার্টিফিকেট যেটা দেখা হবে সেটা মিসা আইনের অনেক আগেই পাশ করা হয়েছে। তবে, বর্তমানে আমরা দেখছি এবং এটার প্রতিকার নিশ্চয়ই করতে হবে।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মিশা আইনটা আন'র সময় মুখ্যমন্ত্রী এই সভায় বলেছিলেন যে, এইটা শুধু সমাজবিরোধী, ওয়াগান ব্রেকার্স, এদের বিরুদ্ধে এই মিশা প্রয়োগ করা হবে না, যদি কোন মালিক শ্রমিকের মাথার ঘাম পায়ে ফেলা শ্রমের পয়সা না দেয় তাহলে তার বিরুদ্ধেও এই মিসা প্রয়োগ করা হবে। তাহলে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন যে মালিক ১২০০ শ্রমিকের মাথার ঘাম পায়ে ফেলা পয়সা ই, এস, আই-এর পয়সা জমা দিচ্ছে না তাকে ওয়াগান ব্রেকার্সদের মত গ্রেপ্তার করা হবে কি ?

**শ্রীগোপাল দাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উপর আমি এইমাত্র উত্তর দিয়েছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার :** বিদ্যুৎ ও সেচ দপ্তরের মন্ত্রিমহাশয় জানাবেন কি, বিধানসভা ভবনের আলো কমে যাবার কারণ কি, এবং এইটা কত দিন চলবে ?

**Mr. Speaker :** That is not a point of order.

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই কারখানা খোলার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে কথার উত্তর আমি আগেই দিয়েছি।

## Sea-beach at Digha

*252. (Admitted question No. *628.) **Shri Bijoy Das :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if the Government is aware of the fact that massive erosion of the sea-beach has posed a threat to Digha Tourist Spot in Midnapore District ;

(b) If so, what measures the Government proposes to adopt to check such erosion ; and

(c) if the Government has prepared any plan for the protection of the sea-beach and if so, what the plan is ?

**Mr. Speaker :** Reply has not been received. The question is held over.

## কলিকাতা ইলেট্রিক সাপ্লাই করপোরেশন

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৮।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা ইলেট্রিক সাপ্লাই করপোরেশন বিদ্যুতের মাশুল বৃদ্ধির প্রস্তাব করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) মাশুল বৃদ্ধির জন্য কি কি যুক্তি দেখানো হইয়াছে, ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**শ্রীসুনীতি চট্টোরাজ :** (ক) হ্যাঁ,

(খ) ১৯৭২-৭৩ সালে কোম্পানীর ইলেকট্রিসিটি (সাপ্লাই) এ্যাক্ট ১৯৪৮-এর বিধান অনুযায়ী যে ন্যায্য পাওনা হয় তাহা অপেক্ষা প্রকৃত লাভ ১৪৩ লক্ষ টাকা কম অনুমিত হইয়াছে।

(গ) ডি. ভি. সি-র নিকট হইতে কোম্পানী যে বিদ্যুৎ ক্রয় করিয়া থাকে তাহার মূল্য হার বৃদ্ধির প্রস্তাব কার্যকর হইলে বাৎসরিক ৪১ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় বৃদ্ধি হইবে।

(ঘ) আগামী বৎসর সমূহে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ অক্ষুণ্ণ রাখার জন্য উন্নয়ন মূলক পরিকল্পনাসমূহের জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজনীয়তা,

(ঙ) লো টেনশন এবং হাই টেনশন বিদ্যুতের পরিচালন ব্যয় ও ক্রীত মূল্যের তুলনামূলক ব্যয়বৃদ্ধি।

(চ) গৃহস্থের ব্যবহৃত বিদ্যুতের ইউনিট প্রতি ১৬·৭৫ পঃ এবং ৯ পঃ দর বিশেষ অবস্থায় শিল্পক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের ইউনিট প্রতি দর অপেক্ষা কম।

(২) বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে ১৯৭০ সালে সরকার একটা রেটিং কমিটি নিয়োগ করেছিলেন যেখানে বিদ্যুতের মাশুলের ব্যাপারে ক্যালকাটা ইলেট্রিক সাপ্লাই করপোরেশন-এর সেই রেটিং কমিটি ডোমেষ্টিক ইউনিটের দাম বাড়াতে অসম্মত হয়েছিল বিশেষ করে এই ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের প্রডিউসিং ক্যাপাসিটি হঠাৎ বাড়াবার জন্য বয়লার ইত্যাদি বা উপযুক্ত মেসিন পুনরায় রিপ্লেসমেণ্ট করার জন্য যে রেট বাড়াবার কথা হয় তাতে তারা রাজী হয় নি?

**শ্রীসুনীতি চট্টোরাজ:** মাননীয়া সদস্যের প্রশ্নের উত্তর দিচ্ছি—এ সম্বন্ধে আমি অবগত নই।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় এ বিষয়ে অবগত আছেন কিনা যে রেটিং কমিটির রিপোর্টের পর ১৯৭১ সালে জানুয়ারী মাসে হঠাৎ ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন বড় বড় অফিসারদের বিস্তর মাহিনা ইত্যাদি বাড়িয়ে দিয়ে এসট্যাবলিসমেণ্ট কস্ট হঠাৎ বাড়িয়ে দিলেন। এখানে মন্ত্রিমহাশয় জবাব দিয়েছেন যে ঐ ইলেকট্রিক সাপ্লাই এ্যাক্ট-এ রিজনেবেল রেট অব প্রফিট-এর কথা আছে। সেখানে এই রিজনেবল রেট অব প্রফিট করার জায়গায় হঠাৎ ব্যয় বৃদ্ধি করা দেখানো হোল এবং ঐ রেট কমিটির কথা কিছু চিন্তা করা হোল না এ বিষয়ে মন্ত্রী অবগত আছেন কিনা?

**শ্রীসুনীতি চট্টরাজ:** অবগত আছি—তবে প্রশ্নটি ডিফারেণ্ট ইস্যু—সেপারেট নোটিশ দেবেন উত্তর দেবো।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি এ বিষয়ে অবগত আছেন যে এই ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশানের একটা কনজিউমার বেনিফিট তহবিল আছে, যেখানে ৭২ লক্ষ টাকা এখনও তাদের জমে আছে, তারা এই টাকাটা এই রেট কমাতে কনজিউমারদের সাহায্য করার জন্য যে বেনিফিট দেওয়া আছে তাতে কখনও খরচ করে নি?

[1-50—2-00 p.m.]

**শ্রীসুনীতি চট্টোরাজ:** মাননীয়া সদস্যা যখন নজরে আনলেন তখন এই বিষয়ে তদন্ত করে দেখবো।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রেটিং কমিটির রিপোর্টটা বিধানসভার সামনে পেশ করবেন কি না?

**শ্রীসুনীতি চট্টরাজ:** আগামী কিছু দিনের মধ্যে পেশ করবো।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যখন রেটিং কমিটির রিপোর্ট আপনি দেখেন নি এবং ভাল করে অনুসন্ধান করে বিবেচনা করেন নি সেই কারণে এই রেট বাড়াবার প্রস্তাব আপনি স্থগিত রাখবেন কি?

**শ্রীসুনীতি চট্টরাজ:** এটা সর্বৈব সত্য নয়।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রেটিং কমিটির রিপোর্ট বিবেচনাধীন থাকা অবস্থায় আপনি কি রেট বাড়ান স্থগিত রাখবেন?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এর উত্তর আমি আগেই দিয়ে দিয়েছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই সমস্ত বিবেচনা করে রেটিং কমিটির রিপোর্ট, তারপর ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন যে ভাবে তাদের প্রোডাকশান যা হতে পারে তা না করে কম প্রোডাকশানই করছে এবং রিজনেবল যে রিটার্ণ সেটার নাম করে তহবিল থেকে টাকা নিয়ে নিচ্ছে আবার অন্যত্র জমিয়ে রেখে দিচ্ছে এবং এসব করে রেট বাড়াবার চেষ্টা করছে। এই সমস্ত মিলিয়ে একটা তদন্ত করবার সাপেক্ষে রেট বাড়ান স্থগিত রাখবেন কি না?

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় সদস্য যে কথা বললেন সেটা বিবেচনা করে দেখবো।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :** মাননী মন্ত্রিমহাশয় কি জানেন, ক্যালক্যাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন-এর যে মাশুল আছে ইলেকট্রিকের বাংলাদেশের অন্যান্য স্থানে এ থেকে মাশুল অনেক বেশী?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এই প্রশ্ন যদিও আসে না তবুও এটা সত্য।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের মানুষ কি অপরাধ করেছে যে তারা কলকাতার মানুষের থেকে বেশী মাশুল দেবেন?

**Mr. Speaker :** The question is disallowed.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কলকাতা ইলেট্রিক সাপ্লাই কর্পোরেশানের যে প্রোডাকশান এক্সপেনসেস, গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হয় যে সব প্রতিষ্ঠানের সাহায্য তার চেয়ে অনেক কম। অনেক পুরান প্রতিষ্ঠান, অনেক সস্তা ছিলো তখন মেশিনের দাম এবং তখন ক্যালকাটা ইলেকট্রিক কর্পোরেশন যা করেছিলো তাতে স্বভাবতই তারা সস্তা রেটে দিতে পারে?

**শ্রীসুনীতি চট্টরাজ :** হ্যাঁ। এটা সম্ভব।

## শিক্ষিত বেকার

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে মার্চ,১৯৭২ তারিখে পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থানের কেন্দ্রে রেজেস্ট্রিভুক্ত শিক্ষিত বেকারের (স্কুল ফাইনাল পাশ ও তদূর্ধ্ব বেকারের আলাদা হিসাবে) সংখ্যা কত ছিল;

(খ) ঐ বেকারদের কর্মসংস্থানের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন এবং কোন্ সময় নাগাদ উহাদের কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা; এবং

(গ) উক্ত বেকারদের বেকারভাতা নেওয়ার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :**

(ক) বৎসরে দুইবার—জুন ও ডিসেম্বর মাসে শিক্ষিত কর্মপ্রার্থীর পরিসংখ্যান গৃহীত হইয়া থাকে। সেইজন্য ৩১শে ডিসেম্বর, ১৯৭১ তারিখে পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থান

কেন্দ্রে তালিকাভুক্ত বিভিন্ন শিক্ষিত কর্মপ্রার্থীর আলাদা আলাদা হিসাব নিয়ে দেওয়া হইল :—

| | | |
|---|---|---|
| (১) | স্কুল ফাইনাল | |
| (২) | হায়ার সেকেণ্ডারী অথবা সম- | ১,০৯,০৫৪ জন |
| | যোগ্যতা সম্পন্ন এবং প্রাক্-স্নাতক | ১,১৯,৬৮৪ জন |
| (৩) | স্নাতক ও তদূর্দ্ধ : | |
| | (ক) ইঞ্জিনীয়ারিং | ২,৩২৪ জন |
| | (খ) মেডিক্যাল | ৪৩ জন |
| | (গ) অন্যান্য | ১৯,৪৪২ জন |
| | মোট | ৩,৭০,৫৪৭ জন |

(খ) বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনার মাধ্যমে সরকার এই কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের জন্য চেষ্টা করিতেছেন। সমস্যাটি বিরাট। কাজেই কোন নির্দিষ্ট সময় এখনই বলা যায় না।

(গ) উক্ত কর্মপ্রার্থীদের বেকার ভাতা দেওয়ার কোন পরিকল্পনা বর্তমান সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীহরেন্দ্রনাথ হালদার :** এই যে পরিসংখ্যান দেওয়া হল এই পরিসংখ্যানের ভিতর বিভিন্ন জেলাওয়ারী হিসাবে দেখা গেছে যে ৩০ বছর পেরিয়ে গেছে এমন অনেক বেকার বসে আছে। কাজেই যাদের ৩০ বছর পেরিয়ে গেছে তাদের সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি বিবেচনা করবেন, সেটা জানাবেন কি?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** তাদের জন্য নিশ্চয়ই চিন্তা করা যেতে পারে। তবে সরকারী সংস্থা ছাড়া যেসমস্ত প্রাইভেট কনসার্ন আছে সেখানে তাঁরা নিশ্চয়ই চেষ্টা করতে পারেন, সেদিক দিয়ে কোন অসুবিধা নেই।

**শ্রীহরেন্দ্রনাথ হালদার :** অনেক ব্রিলিয়্যান্ট ছেলে আছে যারা আজ পর্যন্ত চাকুরী পায় নি, অথচ তাদের বয়স পেরিয়ে গেছে। কাজেই সেই ব্রিলিয়্যান্ট ছেলেরা যদি সরকারী সংস্থায় আসে তাহলে সরকারের নিশ্চয়ই উন্নতি বিধান হবে। কাজেই সেই উর্দ্ধসীমা বয়সের ছেলেদের ভবিষ্যৎ কি হবে, সেই সম্বন্ধে মন্ত্রিমহাশয় একটু বলতে পারবেন কি?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এটা খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন, এটা আমরা বিবেচনা করে দেখবো।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার :** পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রগুলিতে যাদের নাম অন্তর্ভুক্ত আছে তাদের পরিসংখ্যান মাননীয় মন্ত্রিমহাশয় দিয়েছেন। কিন্তু মন্ত্রিমহাশয় কি জানেন যে এই নাম অন্তর্ভুক্তিকরণ কর্মসংস্থান কেন্দ্রগুলি ছাড়া আরো যে লক্ষ লক্ষ বেকার পশ্চিমবঙ্গে রয়েছে তাদের সম্পর্কে আপনারা কি চিন্তা করছেন, সেটা আমাদের জানাবেন কি?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** বেকার যারা আছে তাদের সম্বন্ধে আলাদা আলাদা করে কিছু ভাবা হচ্ছে না, প্রত্যেক বেকারের জন্য একই সঙ্গে ভাবা হচ্ছে। সুতরাং তাদের জন্য চিন্তা করা হবে।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** এই তালিকায় যে নাম রেজিষ্ট্রী করা হয়েছে বিগত যুক্তফ্রন্টের আমলে কলকারখানা, অন্যান্য সংস্থা থেকে যাঁরা কর্মচ্যুত হয়েছিলেন, স্কুল কলেজ থেকে যারা বলপূর্বক কর্মচ্যুত হয়েছিলেন, এর মধ্যে কি তাদের সংখ্যাটাও ধরা আছে?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** আপনি প্রশ্নটা আর একবার বলুন, ভাল শুনতে পাই নি।

**মিঃ স্পীকার ঃ** প্রশ্নটা দেখুন। প্রশ্নটা হচ্ছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে কত লোকের নাম আছে।

**শ্রীঅশ্বিনী রায় :** বয়স সীমা যাদের অতিক্রম করে গেছে অথচ তাদের মধ্যে যাদের যোগ্যতা আছে, প্রতিভা আছে, তাদের কর্মসংস্থানের জন্য মন্ত্রিমণ্ডলী কি বয়স সীমা বাড়াবার কথা ভাবছেন এবং প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকারের কাছে কি এই ধরণের অনুরোধ করবেন ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এটা আমরা বিবেচনা করব এবং প্রয়োজন হলে নিশ্চয়ই আমরা কেন্দ্রীয় সরকারকে জানাবো।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** কর্মসংস্থান কেন্দ্রগুলিতে নাম অন্তর্ভুক্ত করা সত্বেও যাঁরা নাকি পরে করেছে তাঁরা নাকি আগে চাকুরী পাচ্ছেন এবং যাঁরা অনেক আগে অন্তর্ভুক্ত করেছেন তাঁরা আজ পর্যন্ত ইণ্টারভিউ পাচ্ছেন না, এই ধরণের যে গলদ রয়েছে এটা কি মন্ত্রিমহাশয় স্বীকার করেন ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** আপনার কাছে যদি সেরকম কোন নির্দিষ্ট অভিযোগ থাকে আপনি সেগুলি দেবেন, আমি নিশ্চয়ই দেখবো।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** আমি যদি নির্দিষ্ট অভিযোগ দিই তাহলে ঐসমস্ত কর্মসংস্থান অফিসারগুলিকে সাসপেণ্ড করার কথা মন্ত্রিমহাশয় ঘোষণা করবেন কি ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** এর সঙ্গে সাসপেনসনের কোন প্রশ্ন নেই। এই অভিযোগ আসে না, এটা পরীক্ষা করে দেখতে হবে এবং যদি প্রমাণিত হয় তাহলে নিশ্চয়ই সরকার বিবেচনা করে দেখবেন।

**শ্রীহরেন্দ্রনাথ হালদার :** আমি যখন এই বিধানসভায় আসিনি তখন ১৯৬১ সালে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রী করেছিলাম, কিন্তু ৬১ সাল থেকে আজ পর্যন্ত আমি নিজে কোন ইণ্টারভিউ পাই নি, আমার কাছে কোন ইণ্টারভিউ কার্ড আসে নি, এর কারণ কি জানাবেন ?

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন এখন যদি তাঁকে সরকারী কর্মে নিয়োগ করা হয় তাহলে তিনি কি বিধানসভার সদস্য থাকতে পারবেন ?

**শ্রীবীরেশ্বর রায় ঃ** দেখা যাচ্ছে ৪৩ জন মেডিকেল লাইনে বেকার আছে অথচ বহু হেল্থ সেণ্টারে এখন ডাক্তার নেই, এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি বলতে চান ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** কতগুলি হেল্থ সেণ্টার-এ ডাক্তার নেই জানি না, সেটা মাননীয় সদস্য মহাশয় হয়ত জানেন। এ সম্বন্ধে আপনি দয়া করে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে একটু কথা বলবেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ**

(ক) ৩১শে মার্চ ১৯৭২ তারিখ পর্যন্ত ভরতপুর থানার ৫টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে।

(খ) চতুর্থ পরিকল্পনার মধ্যে আরো ৯টি মৌজায় বৈদ্যুতিকরণ করার প্রস্তাব লওয়া হয়েছে।

[ 2-00—2-10 p.m. ]

**Shri Kumar Dipti Sengupta :** As the area is under developed will the Hon'ble Minister be kind enough to extend there election facilities within a very short time ?

**Shri Suniti Chattaraj :** I am giving you full assuranoe.

**ডা: গোপাল দাস নাগ :** স্যার, এটা কালকে পেয়েছি, উত্তরটা পরে দেব।

**Mr. Speaker :** The question is held over.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** এটা কেন হ'ল স্যার, কবে এটা পাঠান হয়েছিল ?

**Mr. Speaker :** From my office record I find that the question was sent to the Department on 22nd April, 1972, but a duplicate copy of the question was also taken from my office yesterday.

## কারখানার শ্রমিকদের আদায়ীকৃত প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা

*২৬৮। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৩।) **শ্রীনিতাইপদ সরকার :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্প কারখানায় শ্রমিকদের নিকট হইতে আদায়ীকৃত "প্রভিডেণ্ট ফাণ্ডের" টাকা সরকারের নিকট জমা পড়িতেছে না ;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ মালিক কোন্ কোন্ বৎসরের দেয় মোট কত অর্থ জমা দেন নাই ; এবং

(গ) উক্ত মালিকদের উক্ত "প্রভিডেণ্ট ফাণ্ডের" অর্থ জমা দিতে বাধ্য করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

## লাক্ষা শিল্প

*২৬৯। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *৭১২) **শ্রীশরৎচন্দ্র দাস :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে লাক্ষা শিল্পে এন জুয়েল ব্রাদার্স প্রতিষ্ঠান কলিকাতা হইতে বিদেশে সেলাক ও মিড্ লেক রপ্তানি করিয়া থাকেন ;

(খ) সত্য হইলে, এই রপ্তানির পরিমাণ কত ;

(গ) উক্ত প্রতিষ্ঠানের অংশীদারদের নাম, অংশের (শেয়ার) পরিমাণ ও গত তিন বৎসরে প্রাপ্ত লভ্যাংশের পরিমাণ কত ;

(ঘ) সরকার কি অবগত আছেন যে উক্ত প্রতিষ্ঠানের সহিত জড়িত অনেক শেয়ার হোল্ডার তাহাদের ন্যায্য পাওনা পাইতেছেন না ;

(ঙ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ; এবং

(চ) সরকার লাক্ষা শিল্পে বিদেশের বাজার অক্ষুণ্ণ রাখার জন্য কি কি ব্যবস্থা করিয়াছেন ?

**ডা: জয়নাল আবেদীন :**

(ক) হাঁ।

(খ) লাক্ষা ও লাক্ষাজাত দ্রব্যের মোট রপ্তানির শতকরা ৪০ ভাগ।

(গ) অংশীদারগণের নাম সম্যক জানা নাই। উক্ত প্রতিষ্ঠানের শেয়ার সংক্রান্ত বিষয়ে একটি মামলা আদালতে বিচারাধীন থাকায় অংশের পরিমাণ বা লভ্যাংশ সম্পর্কে তথ্য জানানো সংগত নয়।

(ঘ) শেয়ার সংক্রান্ত বিষয় বিচারাধীন থাকায় এ বিষয়ে এর কোন তথ্য জানানো সংগত নয়।

(ঙ) বিচারাধীন বিষয়ে সরকার কোন ব্যবস্থা করে নাই।

(চ) মোজাক এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল ও ডিরেক্টর ল্যাব গুডেলসমেট ভারত সরকার আলোচনার মাধ্যমে খাদি ও গ্রামীনশিল্প কমিশনের নিকট এ বিষয়ে প্রস্তাব পাঠাইতেছেন। সমবায় সমিতির মাধ্যমে লাক্ষা উৎপাদকের নিকট হইতে লাক্ষা ক্রয় করিয়া সরাসরি বিদেশের বাজারে পাঠানোর প্রস্তাব রাখা হইতেছে। এ বিষয়ে মোজাক এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বনের আশা দিয়াছেন।

**শ্রীশরৎচন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এন জুয়েল ব্রাদার্সে সরকারের কোন শেয়ার আছে কিনা?

**ডাঃ জয়নাল আবেদীন:** নাই। শরৎবাবু আপনি জানেন এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভবপর হত না। আপনার সঙ্গে যে কথা বলে নিয়েছি এবং আজ পর্যন্ত যে সংবাদ আছে তাতে সেটা নেই সেটা আপনি জানেন।

**শ্রীশরৎচন্দ্র দাস:** স্যার, এটা একটা ইম্পর্ট্যান্ট ম্যাটার আমাদের বহু মূল্যের বিনিময় মুদ্রা এই লাক্ষা শিল্পের দ্বারা আসে। মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা, কুখ্যাত ব্যবসায়ী হরিদাস মুন্দ্রা-এর সঙ্গে জড়িত আছেন কিনা?

**ডাঃ জয়নাল আবেদীন:** হরিদাস মুন্দ্রা মামলা করেছে হাইকোর্টে শেয়ার দাবি করে, সুতরাং তিনি জড়িত এ পর্যন্ত জানি। তারপরে কিছু বলতে পারব না, বিষয়টি আদালতে বিচারাধীন।

**শ্রীশরৎচন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি তিনি স্বনামে এবং বেনামে অনেকগুলি শেয়ার খরিদ করে ঐ প্রতিষ্ঠানকে কুক্ষিগত করার অপচেষ্টায় আছেন।

**ডাঃ জয়নাল আবেদীন:** মিঃ স্পীকার স্যার, আপনি জানেন বেসরকারী কোন প্রতিষ্ঠানের সব তথ্য এখনই আমার পক্ষে জানা সম্ভব নয়। ব্যাপারটা বিচারাধীন রয়েছে। কত স্বনামে, কত বেনামে শেয়ার এই বিষয়টা বিচার করে দেবে আদালত। আমরা এখন পর্যন্ত যে তথ্য জেনেছি সেটা আপনাকে জানালাম।

**শ্রীশরৎচন্দ্র দাস:** আমি যত দূর জানি এই যে এন জুয়েল ব্রাদার্সের কেস, শেয়ার হোল্ডারের কোন কেস নেই, কেস কেবল আছে কে মালিক হবে।

**ডাঃ জয়নাল আবেদীন:** শেয়ারের ব্যাপারে কেস আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** হরিদাস মুন্দ্রা যে কেস করেছেন সেটা তাঁদের ওনারসিপের জন্য। কিন্তু আসলে কথা হচ্ছে স্বনামে এবং বেনামে শেয়ার হোল্ডার, কি কি আছে সেটা মন্ত্রিমহাশয় বললে হাউস জানতে পারে।

**ডাঃ জয়নাল আবেদীন:** তাহলে ইনটেলিজেন্স রাখতে হয়। মাননীয় সদস্য নিশ্চয়ই

বুঝতে পারছেন যে শিল্প সংক্রান্ত প্রোমোসানের ব্যাপার সেখানে কার কাছে কি বেনাম রয়েছে সেটা আমার ডিপার্টমেণ্টে আসে না। You will appreciate the difficulty of the Department.

**শ্রীশরৎচন্দ্র দাস:** জীবন বীমা কর্পোরেশন যেটা সরকারের কনসার্ন আছে তার মধ্যে ২০ পার্সেণ্ট শেয়ার আছে এবং একে যদি না দেখা হয় তাহলে সরকার ক্ষতিগ্রস্ত হবেন।

**ডাঃ জয়নাল অবেদীন:** জীবন বীমার শেয়ার এখনও পাইনি, আমরা কনট্র্যাক্ট করার চেষ্টা করছি। আমি তখনই অর্ডার দিয়েছি যখন আপনার প্রশ্ন এণ্ট্রি করি। কিন্তু ওঁরা তো জানাবেন, সেই বিষয়ে ওদের খবর নেই।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন আদালতে যেহেতু শেয়ারের কেস আছে সেজন্য যাচ্ছে না। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা প্রশ্ন করছি যে আদালতে যদি শেয়ারের কোন কেস থাকে তাহলে আদালতের সিদ্ধান্ত হওয়ার আগে যে পজিসান ছিল কার কত শেয়ার আছে না আছে সে সম্বন্ধে যে প্রশ্ন আছে তার উত্তর দিতে অসুবিধা কি আছে? আদালতের কি ইনজাংকসান আছে যে মন্ত্রিমহাশয় আইনসভায় উত্তর দিতে পারবেন না?

**ডাঃ জয়নাল আবেদীন:** Please repeat the question.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন আদালতে যেহেতু শেয়ারের কেস আছে সেজন্য জানান যাচ্ছে না। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা প্রশ্ন করছি যে আদালতে যদি শেয়ারের কোন কেস থাকে তাহলে আদালতের সিদ্ধান্ত হওয়ার আগে যে পজিসান ছিল আর কত শেয়ারের আছে না আছে সে সম্বন্ধে যে প্রশ্ন আছে তার উত্তর দিতে অসুবিধা কি আছে? আদালতের কি ইনজাংকসান আছে যে মন্ত্রিমহাশয় আইন সভায় উত্তর দিতে পারবেন না।

[ 2.10—2.20 pm. ]

**ডাঃ জয়নাল আবেদীন:** আইনসভার উপর আদালতের injunction নিশ্চয় নেই। কিন্তু declaration break down আমদের কাছে এসে পৌছায়নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** এখানে (খ) প্রশ্নে আছে "সরকার কি অবগত আছেন উক্ত প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত Shareholder-রা তাদের ন্যায্য পাওনা পাচ্ছে না"—সুতরাং এ বিষয়ে আপনার কি অসুবিধা হচ্ছে তাদের ন্যায্য পাওনা পাচ্ছে কিনা সেটার উত্তর দিতে।

**ডাঃ জয়নাল আবেদীন:** এটা আমার department-এর concern নয়। যে পাচ্ছে না তারজন্য আলাদা ব্যবস্থা আছে। আমার Small Cottage Industry কিছু করতে পারে না—Law Department করতে পারে।

**শ্রীশরৎচন্দ্র দাস:** Shareholder-দের স্বার্থ L. I. C.-র টাকা invest করা আছে তার স্বার্থ রক্ষা করার জন্য একজন administrator নিয়োগ করার কথা চিন্তা করছেন কিনা যাতে আমাদের বিদেশী market রক্ষা হয়, Shareholderদের স্বার্থ রক্ষা হয়?

**ডাঃ জয়নাল আবেদীন:** প্রশ্নের মাধ্যমে request for action হয় না। তবুও আপনি যে পরামর্শ দিচ্ছেন ও বিষয়ে আপনার সঙ্গে পরামর্শ করে একটা উপায় বার করতে পারি।

**কাঁথি সহরে বিদ্যুৎ বিভ্রাট**

*২৭০। (শর্ট নোটিশ) অনুমোদিত প্রশ্ন নং ৭৮৪।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কাঁথি সহরে প্রায় প্রতিদিন বিদ্যুতের আলো দীর্ঘ সময় বন্ধ হইয়া যায় এবং ঐজন্য দোকানপাট, যানবাহন চলাচল এবং মহকুমা হাসপাতালের কার্য ব্যাহত হয়; এবং

(খ) অবগত থাকিলে সত্বর এই বিষয়ে প্রতিকারের কি কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**Mr. Speaker:** The reply of starred question No 270 has no yet been roeived. This is held over.

## Held Over Questions

### Electrrfication of the Villages in Serampore Subdivison

*123. (Admitted question No. *205.) **Shri Girija Bhusan Mukherjee** Will the Minister-in-charge of the Commercee and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the villages on both sides of Delhi Road within Serampora subdivision are not electrified ; and

(b) if so, whether there is any scheme to electrify these villagee and the probable time by which the work ts expected to be taken up?

**শ্রীসুনিতী চট্টরাজ:**

(ক) দিল্লী রোডের উভয় পাশে শ্রীরামপুর মহকুমার ১৭টি গ্রামের মধ্যে ৮টি গ্রামে ইতিমধ্যেই বৈদ্যুতীকরণের কাজ শেষ হইয়াছে। অবশিষ্ট ৯টি গ্রামের মধ্যে ৪টি গ্রামের বৈদ্যুতীকরণের কাজ ৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে শেষ হইবে।

(খ) যদিও এই ৫টি গ্রামের এখনই বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা নাই- তথাপি উহাদের বৈদ্যুতীকরণের জন্য একটি নূতন প্রকল্প মঞ্জুরীর উদ্দেশ্যে গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশনকে পাঠান হইবে।

### Philips India Ltd.

*129. (Short notice.) (Admitted question No. *247.) **Shri George Albert Wilson De-Roze:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(i) if the Goverment is ware of the fact that Philips India Ltd, Caloutta, is facing closure ; and

(b) if so, what steps the Government is taking for the development of the factory?

**Philips India Ltd.**

***130.** (Short notice.) (Admitted question No. *318.) **Shri SOMNATH LAHIRI**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be plesed to slate—

(a) if it is a fact that Philps India (Ltd.) of calcutta have been shifting parts of the work of their factory undertaking for the manufacture of a number of electrical apparatus, radio components, loud-speakers, etc., from Calcutta to other States ;

(b) if the repty to (a) is in the affirmotive will the Minister be pleased to state—

(i) whether this is being done wtth the knowledge and/or consent of the West Bengal State Government.

(ii) whether this has led to a reduction of the strength of the staff in the Company's commercial offices at Calcutta, and

(iii) wehether there is any likelihood to total closure of the Company's factory and/or undertaking in Calcutta in the near future ; and

(c) if the to (b) (iii) be in the affirmative, what action has been taken or is proposed to be taken by the Government to prevent such closure and expansion diversification of the factory in this State in its stead to afford a fillip to the employment potential ?

**Mr. Speaker**: The answers have not been received. I will repuest the Honible Minister concerned to send the replies to my office, beforehand.

**Shri Tarun Kanti Ghosh**: Sir, I am ready with the answers.

**Mr. Speaker**: Both the questions are to be taken together. I Now request the Hon'ble Minister to give the answers and then send the copies thereof to my Secretariate·

**Shri Tarun Kanti Ghosh**: Sir, I am first replying to question No. *129.

(a) No.

(b) Does not arise.

The question of development of the Company by expansion and diversification of their activities in West Bengal is under consideration of this Govertment.

Now I am replying to question No. *130.

(a) Philips India Ltd. have not shifted any factory from Calcutta.

(b) (i) No firm can shift any part of their factory without the knowledge of the State Government and consent of the Government of India.

(ii) The question does not arise.

(iii) No.

(c) The question does not arise. The question of expansion and diversification of Philips India's activites in West Bengal is under the consideration of this Government.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আপনি তো বলছেন they have not shifted. যদি তারা শিফট না করে থাকেন তাদের কোন ইনটেনসান বা প্লান আছে কি শিফট করবার ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** আমি একটু ক্লিয়ার করে দিই। তারা কোন ফ্যাক্টরী শিফট করেন নি, কিন্তু কিছু এ্যাকটিভিটি শিফট করেছেন। হোয়াট আই মিন, আপনাকে বলা হ'লো তিন লক্ষ রেডিও তৈরী করো, সেই তিন লক্ষ এখানে না করে ৫০ হাজার এখানে করলো এবং বাকি অন্য জায়গায় করলো। তবে আমরা আলোচনা করছি সবটা যাতে এখানে করে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** সেটার কি ব্যবস্থা করছেন ? শেষকালে ফ্যাক্টরী থাকবে এ্যাকটিভিটি সব শিফটেড হয়ে যাবে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** এ্যাকটিভিটি শিফট করার ফলে এমপ্লয়মেণ্ট কমে যায় নি। কিন্তু এমপ্লয়মেণ্ট পোটেনসিয়াল যেটা সেটা কমে গিয়েছিল। আমরা তাদের সঙ্গে কথা বলছি এখানে যে লাইসেন্স পাবে সেটার এ্যাকটিভিটি এখানে করতে হবে।

**Shri Georoge Albert Wilson De-Roze :** As the Hon'ble Minister has said that Philips India Ltd. have not shifted from Calcutta but Philips were not allowed by the Central Government to expand their factory in Calcutta. They were allowed to expand their factory in Maharashtra by reducing their establishment in Calcutta. What I wish to know is this. If any industraial unit or any of its branches submits an application to the Central Government for expansion outside West Bengal, will the West Bengal Government be informed by the Central Government before sanction is given ?

**Shri Tarun Kanti Ghosh :** If any concern wants to shift any important factory from West Bengal, prior permission of West Bengal Government is essential, or, if any one wants to expand any factory within West Bengal, permission of the Government of India is essential. But if any branch of the same factory is situated in different States, Government of West Bengal many not be informed.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** হতে পারে যদি কলকাতায় আমার একটা ফ্যাক্টরী থাকে আর বোম্বাইতে থাকে। কলকাতার একসপানসান-এর জন্য বোম্বাইকে জানানো দরকার নেই। বোম্বাইয়ের জন্য কলকাতাকে জানানোর দরকার নেই। কিন্তু এখানে দুটো প্রশ্ন উনি করেছেন। এক, এখানে একসপানসান করতে চেয়েছিল, then it is rejected or notr—এই সমস্ত কেসে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট ইনফরম্ হবে কিনা তারা ওয়েষ্টবেঙ্গলে সিচুয়েটেড কোন ফ্যাক্টরী একসপানসান করতে চেয়েছিল কিনা এবং চাইলে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এই ব্যাপারে ওপিনিয়ন নেবে কিনা—ফেভারেবল অর হোসটাইল এবং সেটা জানার কোন সিস্টেম আছে কিনা ? এবং দ্বিতীয় প্রশ্ন করে'ছন অন্য রাজ্যে একসপানসান করতে দেওয়া হবে কিনা, যদি তার এ রাজ্যে একসপানসানের স্কোপ থাকে এবং তাহলে ওয়েষ্টবেঙ্গল গভর্ণমেণ্ট সমস্ত ইণ্ডাসট্রিকে অবহিত করবেন কিনা ? আমাদের যাদের ইণ্ডাসট্রি আছে এবং এখানে একসাপানসান করবার সুযোগ আছে সে যদি এখানে একসপানসান না করে অন্য জায়গায় একসপানসান করতে চায় তাহলে সে নিশ্চয়ই আমাদের অবহিত করবেন তা না হলে আমাদের আইনের ক্ষমতা না থাকতে পারে কিন্তু Government will not be extended to-এরকম কোন নীতি আছে কিনা ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** I fully agree with you.

**শ্রীঅশ্বিনী রায় :** বাজারে একটা জিনিস চালু আছে যে পশ্চিমবাংলায় পুঁজি নিয়োগের বিমুখতা—সেটা কি অনুসন্ধান করে দেখবেন, এই ধরণের প্রশ্নটা এখানো আছে কিনা মালিকের মধ্যে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** দেখবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** ওরা কি এখানে লাইসেন্স চেয়েছিল—পাইনি ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** লাইসেন্স এখানে চেয়েছিল·পাইনি সে প্রশ্ন নয় তবে এটা ঠিক তারা মহারাষ্ট্রে একসপানসানের যে প্ল্যান নিয়েছিল -বা তখন যে এপ্ল্যাই করেছিল সেটা বেশী সহানুভূতির সঙ্গে বিবেচিত হয়েছিল ভারত সরকারের দ্বারা। এবং আমরা নতুন চেষ্টা করছি এবং বিশ্বাস আছে আমরা তাদের ভবিষ্যতে একসপানসান এখানেই করাতে পারবো।

[ 2-20—2-30 p.m. ]

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** মন্ত্রিমহাশয় কি জানেন এখানে মাত্র ৬৫০০০ রেডিও সেট তৈয়ারী করার পারমিসান তারা পেয়েছে এবং মহারাষ্ট্রে পেল ৬০ লক্ষের। মহারাষ্ট্রে যে একসপান্সান হচ্ছে সেটা আধুনিক ধরণের। আমরা সংগ্রহ করতে পারি এখন মহারাষ্ট্রে যে কারখানা হচ্ছে সেটা আস্তে আস্তে বাড়বে, এখানে পুরাণো যন্ত্রপাতি নষ্ট হয়ে যাবে, এখানকার কারখানাটি আস্তে আস্তে পরিতক্ত্য হয়ে যাবে, তার আশঙ্কা আছে এটা ভাবতে পারি কি ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** আমি মাননীয় সদস্যকে একটা খবর দিতে চাই অ্যাব্‌সলিউট্‌লি কারেক্ট কিনা তা জানি না, বলতে পারছি না। ১৯৬৭-৬৮-৬৯-৭০-৭১ এই পাঁচ বছরে পশ্চিমবঙ্গে এককোটি টাকার মূলধন নিয়োগ হয়েছে মাত্র। আর এই পাঁচ বছরে মহারাষ্ট্রে নিয়োগ হয়েছে সাড়ে সাতশ' কোটি টাকা। পশ্চিমবঙ্গের যে রকম অবস্থা ছিল তাতে মাত্র এককোটি টাকা পাঁচ বছরে নিয়োগ হয়েছে। 'একজ্যাক্ট এক কোটি, কি দেড় কোটি খোঁজ নিয়ে বলতে পারবো তবে আমার মনে এক কোটি টাকা হয়েছে। সেই জায়গায় মহারাষ্ট্রে সাতশ' পঞ্চাশ কোটি টাকা হয়েছে। নেচারালি সেখানে বেশী হয়েছে। এখন নূতনভাবে চেষ্টা করছি তাতে আশা করছি তাদের নিয়ে আসতে পারবো, করতে পারবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন তাতে তাঁকে একটা পাল্টা প্রশ্ন করতে চাই। এরা এখানে লাইসেন্স চেয়েছিলো ৬০ হাজারের। আর মহারাষ্ট্রে চেয়েছিল অনেক বেশী ৬০ লাখের মতো। এরা এখানে লাইসেন্স চেয়েছিলো কিনা, পাইনি কিনা—যদি না পেয়ে থাকে কারণ কি ? এরা এখানে পাল্টা প্রোডাক্সনের লাইসেন্স চাইছে কিনা ? আমরা এটা জানতে চাইছি, মন্ত্রিমহাশয় ভাল করে খোঁজ নেবেন তারা এখানে দরখাস্ত করেছিলো কিনা, তারা এখানে ৬০ হাজারের করে ওখানে ৬০ লাখের করলো কোন ? এখানে তাদের কেউ কাঠি দিয়েছিল কিনা, আর মহারাষ্ট্রে কেউ কাঠি দেয়নি। তাহলেও এই প্রশ্নগুলো রাখছি।

**Shri Tarun Kanti Ghosh :** আমি বলছি Philips were permitted to shift a part of their radio receivers capacity from Calcutta to Poona numbering 12,000 units per annum leaving a residuary capacity of 60,000 sets per annum in Calcutta. ফিগারটা ঠিক কিনা জানি না যদি খবর নিতে বলেন খবর নেব। This was done in spite of the objection of the State Government.

**Shri Biswanath Mukherjee :** মন্ত্রিমহাশয় কি অবগত আছেন পশ্চিমবাংলায় ভারতবর্ষের বেশীর ভাগ জায়গায় তুলনায় ওয়েজ রেট লো এবং পশ্চিমবাংলায় বড় বড় কনসার্ণ-এ rates of profit is higher than in other areas. এই আমাদের জানা ছিল। অবশ্য আমি খুব আনন্দিত হবো যে যদি এই তথ্য সংগ্রহ করে আমাদের জানান যে What is the rate of profit of the big monopoly concerns in West Bengal which have functioned during the last five years. What has been their rate of profit ? If the rate of profit is quite satisfactory and high, then what is the justification for not expanding here but for expanding elsewhere ?

( No reply )

**Shri George Albert Wilson De-Roze :** Sir, what I want to say is in the nature of suggestion rather then a question The Hon'ble Minister has said that he is thoroughly with us in this matter. What I am suggesting is that it is not sufficient to be with us in this matter The Hon'ble Minister should give us an assurance that an attempt will be made to amend that Industrial Licensing Rules so that two important things will be incorporated in the rules. Firstly, if industry with brancees in more that one State wishes to expand in any other State there should be an application in the main State before expansion in allowed elsewhere. Secondly, if, however, the Hon'ble Minister give us an assurance that he will try to amend the Industrial Licensing Rules to provide for consultation with the Central Government, we will be satisfied.

( No reply )

## পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন শিল্পসংস্থা

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪।) **শ্রীনরেশচন্দ্র চাকী :** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোথায় কি ধরনের পশ্চিমঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন কতগুলি শিল্পসংস্থা আছে,

(খ) এইগুলিতে মোট কত টাকা মূলধন বিনিয়োগ করা হইয়াছে,

(গ) এইগুলিতে মোট কত শ্রমিক কর্মচারী কাজ করেন ;

(ঘ) গত তিন বৎসরে ইহাতে মোট বাৎসরিক লোকসানের পরিমাণ কত,

(ঙ) এই লোকসানের কারণ কি ; এবং

(চ) এই লোকসান বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**ডঃ জয়নাল আবেদিন :**

(ক) সরকারী সংস্থা বিভাগের অধীনে কলিকাতায় এবং দুর্গাপুরে বিভিন্ন ধরনের আপাতত দশটি সংস্থা।

(খ) মোট ৭৬,১৬,২৭,৪০১ টাকা।

(গ) ১২,৪১১ জন।

(ঘ) ১৫,০৬,১০,৬০২ টাকা।

(ঙ) লোকসানের বিভিন্ন কারণ আছে, তন্মধ্যে নিম্নলিখিতগুলি প্রধান।

(ক) যন্ত্রাদির উৎকর্ষতার অভাব।

(খ) যন্ত্রাদির অসুবিধা।

(গ) শ্রমিক অশান্তি।

(ঘ) কোন কোন ক্ষেত্রে কাঁচা মালের অভাব।

(ঙ) কোন কোন ক্ষেত্রে উৎপন্ন দ্রব্যের বাজারের অভাব।

(চ) কোন কোন ক্ষেত্রে যোগ্য লোকের প্রতিষ্ঠান ত্যাগ।

(ছ) পরিচালনার ক্রটি-বিচ্যুতি।

(জ) রাজ্যে রাজনৈতিক অনিশ্চয়তা।

(ঝ) ওয়ার্কিং ক্যাপিটালের অভাব।

(ঞ) পরিকল্পনার ক্রটি-বিচ্যুতি এবং লক্ষ্যের পরিবর্তন।

(ট) সম্ভাব্য দুর্নীতি।

(ঠ) সরকারী সংস্থা দপ্তর স্থাপন করে অধিকতর তত্ত্বাবধানের ব্যবস্থা। সরকার যন্ত্রাদির আমদানীর অসুবিধা দূর করার জন্য সচেষ্ট। বিভিন্ন প্রতিষ্ঠানে সরকারী উদ্যোগে শ্রমিক অশান্তি প্রশমিত করার চেষ্টা, পরিচালনার ক্রটিবিচ্যুতি দূর করার জন্য সরকারী ব্যবস্থা গ্রহণের উদ্যোগ। বিভিন্ন উৎপন্ন দ্রব্যের মানের পরিবর্তন করার জন্য চেষ্টা করা হইতেছে এবং উৎপন্ন দ্রব্যের বাজারের অবস্থা পর্যবেক্ষণ করার ব্যবস্থা হইতেছে। বিভিন্ন প্রতিষ্ঠানের কাঁচামালের অভাব দূরীকরণের চেষ্টা করা হইতেছে। যথাযোগ্য ওয়ার্কিং ক্যাপিটালের ব্যবস্থা করার জন্য সরকার চেষ্টা করিতেছেন। কয়েকটি প্রকল্প উন্নয়নের জন্য ঋণদান।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি :** স্যার, আমার একটি মাত্র সাপ্লিমেণ্টারি আছে। মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই উত্তরের পরে ইত্যাদি আছে কিনা ?

**Mr. Speaker :** I will request the honourable members not to put any more supplimentaries. He has given enough elucidation on tha problem.

**ডাঃ জয়নাল আবেদিন :** এটা নিয়মিত ভাবেই থাকে।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন—যেটা আমাদের জ্ঞাতসারে আছে, যে পশ্চিমবঙ্গের কারখানার ওভারহেড চার্জ অত্যন্ত বেশী যার জন্য লোকসান বেশী হয়, এটা কি ঠিক ?

**ডাঃ জয়নাল আবেদিন :** আমাদের এটা বলা আছে যে পরিকল্পনায় ক্রটিবিচ্যুতি আছে। That's a comprehensive term.

**শ্রীনরেশচন্দ্র চাকী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে প্রায় ১৬ কোটি টাকা ইন্‌ভেষ্টমেণ্ট, ১৫ কোটি টাকা লোকসান, এ ব্যাপারে এক্সপার্ট কমিটি বসিয়ে পুরোপুরি তদন্ত করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় সদস্যকে আমি জানাতে পারি যে প্রত্যেকটি পরিকল্পনাই

কোন না কোন এক্সপার্ট কমিটি দিয়ে তদন্ত হয়ে গেছে, এক্সপার্ট কমিটি যেগুলি গ্রেয়ারিং ডিফেক্টস এনুমারেট করেছিল এগুলি বন্ধ করতে পারলে অনেক লোকসান কমতে পারে, এখন এক্সপার্ট কমিটি বসানোর কোনরকম ঘটনা ঘটেনি।

[2-30—2-40 p.m.]

**Mr. Speaker** : Starred question 165 is held over as reply has not been received.

**শ্রীঅশ্বিনী কুমার রায়ঃ** অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার, এই যে কোশ্চেন ১৬৫ অর্থাৎ অনুমোদিত ৩১২ এটা দিয়েছি আমি এক মাস হয়ে গেল এখনও উত্তর পেলাম না।

**Shri Tarun Kanti Ghosh :** I am ready with the reply. A copy of the reply has also been sent to your office.

**Mr. Speaker** : At any rate, the Minister is ready with the reply and I allow him to give the reply. I request the Hon'ble Minister to supply a copy because office is reported to have not received the answer yet.

### দুর্গাপুরে সার তৈরীর কারখানা

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২।) **শ্রীঅশ্বিনী কুমার রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুরের সার তৈরীর কারখানার নির্মাণ কাজ শেষ হয়েছে ; এবং

(খ) সত্য হইলে—

(ক) কতদিনে উৎপাদন চালু হইবে ;

(খ) বৎসরে প্রতিটি ধরনের সার উৎপাদনের লক্ষ্য ;

(গ) মোট নির্মাণ ব্যয় ; এবং

(ঘ) কর্মসংস্থানের লক্ষ্য ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** আমি ২৪শে এপ্রিল, ১৯৭২ তারিখে সই করে পাঠিয়েছি, It is very funnty that the reply has not been received by your office.

(ক) হ্যাঁ।

(ক) আশা করা যায় এই বৎসরের মধ্যে উৎপাদন চালু হইবে।

(খ) ইউরিয়া—৩,০৫,০০০ টন।

এ্যামোনিয়া—১,৯৮,০০০ টন।

(গ) আনুমানিক ৫২ কোটি টাকা।

(ঘ) প্রায় ১২০০ লোকের সরাসরি নিয়োগের সম্ভাবনা আছে।

**শ্রীঅশ্বিনী কুমার রায়ঃ** এই যে আপনি বললেন ১২০০ লোক নিয়োগের সম্ভাবনা, এই নিয়োগের ক্ষেত্রে বর্তমানে যারা এই কারখানা তৈরী করেছিল সেই সমস্ত অস্থায়ী কর্মচারীদের যাদের যোগ্যতা আছে, তাদের অগ্রাধিকার দেওয়া হবে কি নিয়োগের ক্ষেত্রে ?

**শ্রীতরুণকান্তি ঘোষঃ** আপনি তো জানেন দুর্গাপুরে কারখানা রয়েছে সাধারণতঃ তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফৎ লোক নিয়ে থাকে সরকারী কারখানায়, এখন আপনি যে সাজেশন

দিলেন, I shall certainly look into it and make enquiries and forward the same to the appropriate authorities.

**শ্রীঅশ্বিনী কুমার রায়** : এই যে ১২০০ লোক নেবেন তার মধ্যে ইঞ্জিনীয়ার, স্কিল্ড লেবারার, হাইলি স্কিল্ড লেবারার, এই ধরনের কত নেবে তার কোন তথ্য আছে কি ?

**শ্রীতরুণকান্তি ঘোষ** : না এই রকম ধরনের কোন তথ্য আমার কাছে নেই।

## Dalhousie Paoperties

*168. (Admitted question No. *303.) **Shri Samsul Alam Khan** will the minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to staie—

(a) (i) if the Government has recived any complaini/allegation regarding irregularities in the matter of purchase Dalhousie Properties where the present office of the West Bengal Khadi Board is housed, and (ii) is so, what is the nature of irregularities ;

(b) (i) if the matter has ben investigated by the Government ; and (ii) if so, the findings of the enquiring body ; and

(c) action taken by the Government against the persons responsible for these irregularities ?

**Dr. Zainal Abedin** ;

(a) (i) Though no complaints were received, Government came to know that the Board had purchased the building at 12 Benoy Badal Dinesh Bag.

(a) (ii) The following irregularities were detected by the Government :

(a) The Board purchased the building without the prior approval of the Government :

(b) The Member-Secretary drew 65 cheques of Rs. 10,000 each in one day violating the restriction imposed on his power under the West Bengal Khadi and Village Industries Regulation, 1961 ; and

(c) Cost of the building was met by diversion of the funds provided under other schemes for specific purposes.

(b) (i) Yes, through departmental enquiry.

(ii) Findings of the enquiring officer are :

(a) the requirement of the Government approval,as provided in section13(a) of the West Bengal Khadi and Village Industries Board Act,1959,has not been fulfilled ;

(b) Member-Secretary issued 65 cheques of Rs. 10,000 each in one day to meet the cost of the building by circumventing the restriction imposed on his power ;

(c) Proposal for purchase of the building in anticipation of approval from the State Government was approved by the Board. The then Chairman of the Board authorised the Member-Secretary of the Board to finalise

the deal. The responsibility for violating the provisions of section 13(a) of the West Bengal Khadi and Village Industries Act, 1959, could not, therefore, be fixed on the Member-Secretary concerned.

Regarding issue of 65 cheques in connection with one transaction, Secretary of the Board appears to have taken recourse to this unusual course as at the relevant time the post of the Chairman of the Board was lying vacant. The members of the Board were jointly responsibile for the decision to purchase the kuilding despite State Government's disapproval for diverting the funds meant for other specific purposes. The Members of this Board, however, ceased to hold the office with effect from 1st April 1971. Hence it was not possible to take action against the Memoers, including the Member-Secretary.

## মুর্শিদাবাদ জেলায় নূতন সুগার মিল

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও ২নং রাণীনগর ব্লকে কোন সুগার মিল বা জুট মিল খোলার বিষয় সরকারের বিবেচনাধীন আছে কি, এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাদ কার্যকরী হবে বলে আশা করা যায়?

**শ্রীতরুণকান্তি ঘোষ**ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ মন্ত্রিমহাশয় তাঁর উত্তরে বললেন, না। ওই এলাকায় পাট চাষ হয় এবং র মেটেরিয়ালস্ প্রচুর পরিমাণে ওখানে এ্যাভেলেবেল একথা বিচার করে আগামী দিনে ওখানে এরকম ধরনের কারখানা খোলার পরিকল্পনা সরকার নেবেন কি?

**শ্রীতরুণকান্তি ঘোষ**ঃ মাননীয় সদস্যকে আমি জানাতে চাই যে, বর্তমানে শিল্প বিভাগের নীতি হচ্ছে ভবিষ্যতে আমরা যে শিল্প স্থাপন করব সেটা বিভিন্ন জেলায় স্থাপন করবার চেষ্টা করব কারণ শতকরা ৮৪ ভাগ শিল্প গ্রেটার ক্যালকাটা এরিয়ায় রয়েছে। বিভিন্ন জেলায় যাতে শিল্প নিয়ে যেতে পারি তার একটা পরিকল্পনা নিশ্চয়ই আমাদের থাকবে। মাননীয় সদস্য স্পেসিফিক্যালি জিজ্ঞাসা করেছেন যে, রাণীনগর ব্লকে কোন জুট মিল বা সুগার মিল হবে কিনা তার উত্তরে আমি যে 'না' বলেছি ছাট ডাজ নট মিন মুর্শিদাবাদে কোন শিল্প হবে না।

## বাংলার কুটির শিল্প

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬) **শ্রীমহম্মদ সফিউল্লা**ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলার মৃতপ্রায় কুটির শিল্পের পুনরুত্থানের জন্য (বিশেষ করিয়া হুগলী জেলার মৃৎশিল্প, শোলার কাজ, বেত ও বাঁশের কাজ) সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি,

(খ) হুগলী জেলার চণ্ডীতলা থানার অন্তর্গত বেগমপুর, তাজপুর, মণিরামপুর প্রভৃতি অঞ্চলের তাঁতিদের ন্যায্যমূল্যে সূতা সরবরাহের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কি; এবং

(গ) হুগলী জেলার চণ্ডীতলা থানার অন্তর্গত ঘোড়দৌড় ও তার আশপাশের গ্রামগুলির তাঁত ও হুইল শিল্পীদের জন্য ক্ষুদ্র যন্ত্রাংশ ও মূলধনের ব্যবস্থা করিয়া দুঃস্থ শিল্পীদের রক্ষা করার কোন পরিকল্পনা থাকিলে তাহা কি কি?

**শ্রীজয়নাল আবেদিন:** (ক) হঁ্যা। সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গে কুটীর শিল্পের উন্নতি ও পুনরুত্থানের জন্য সরকার চেষ্টা চালাইতেছেন।

(খ) না। সুতার উপর বর্তমানে কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় সুতা সরবরাহের কোন ব্যবস্থা করা হয় নাই।

(গ) এই অঞ্চলের তাঁত ও হুইল শিল্পীদের জন্য সরকারের আপাতত কোন পরিকল্পনা নাই।

**শ্রীমহম্মদ সফিউল্লা:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ভবিষ্যতে এই সুতো ন্যায্য মূল্যে সরবরাহ করবার কোন ব্যবস্থা সরকার করবেন কিনা?

**ডাঃ জয়নাল আবেদীন:** সুতো একটা গুরুতর জিনিস। আমাদের সঙ্গে ডিপার্টমেণ্ট অব ক্লোজড এ্যাণ্ড সিক ইনডাষ্ট্রিজ, কমার্স এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রিজ জড়িত—অর্থাৎ তিনটি দপ্তরের সঙ্গে এটা জড়িত আছে। কিভাবে সুতো সরবরাহ আরও সহজ করা যায় এবং মূল্য নামিয়ে আনা যায় সেই আলোচনা করছি এবং ভারত সরকারের সঙ্গেও আলোচনা করছি। এই ব্যাপারে এখনও স্থির সিদ্ধান্ত করা হয় নি।

**শ্রীমহম্মদ সফিউল্লা:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সুতো নিয়ে যে মুনাফাবাজী এবং ফাটকাবাজী চলছে সেটা রোধ করা যাবে কিনা?

[ 2-40—2-50 p.m. ]

**ডাঃ জয়নাল আবেদীন:** আমরা বলেছি যদি একটা স্থায়ী ব্যবস্থা করতে পারি—সুতা সরবরাহের জন্য কাঁচামাল তো আমাদের এখানে হয় না, আমাদের রাজ্যের বাইরে হয়। যেটা spinned হয়ে আসে, সেটাও আমাদের রাজ্যের বাইরে। সুতরাং এর মধ্যে কিছু দুর্নীতি থাকা সম্ভব। আমরা যে সংবাদ পেয়েছি তার ভিত্তিতে আমরা যদি এর কিছু অংশ নিয়ন্ত্রণ এবং সরবরাহ করতে পারি, তাহলে বোধ হয় যে দুনীতিগুলো এবং অসুবিধাগুলো আছে, সেইগুলো চলে যাবে। আমরা এই বিষয়ে চিন্তা করছি।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মন্ত্রিমহাশয় বলছেন সুতার উপর কোন নিয়ন্ত্রণ নেই বলে সুতা সরবরাহ করা যাচ্ছে না। আমি বলতে চাচ্ছি যে কল্যাণী এবং অন্যান্য জায়গায় সরকারের যে সুতা-কল আছে, সেই সুতাকলের সুতা তো তাদের সম্পূর্ণ নিয়ন্ত্রণের মধ্যে আছে, সেখানে কেন কোন Corporation-এর মাধ্যমে বা কোন সরকারী সংস্থার মাধ্যমে বিলি হবে না, সেখানে কেন বাইরের মুনাফাখোরদের মাধ্যমে সুতা বিলি হবে, এবং ফাটকাবাজী হবে, এই সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু বলবেন কি?

**ডাঃ জয়নাল আবেদীন:** আমাদের কল্যাণীতে যে সুতা produce হয়, তার যে বিক্রী ব্যবস্থা এটা নিয়ে আমরা একাধিকবার বৈঠকে বসেছি, আমরা এটা আরও সহজসাধ্য করতে পারি, যেই যাবে সেই পাবে, এই ব্যবস্থা করেছি, কিন্তু আমরা দেখেছি, আমাদের Working Capital কম বলে,মূল্য নগদ দিতে হয় বলে, আমাদের কিছু বড় বড় ব্যবসায়ী ছাড়া ছোট ছোট ব্যবসায়ীর সংখ্যা খুব বেশী যাচ্ছে না। আমরা কালকে দু'বার বসেছি, Appex Society-কে request করেছি, যে

Society-র মাধ্যমে সুতোটা দিতে চাই, আপনারা handle করতে পারবেন কি না, তা করতে কোন অসুবিধা নেই। অসুবিধা দেখা দিচ্ছে যে তাঁতীরা নিয়ে গিয়ে কাপড় বুনবে তারা মহাজন বা ব্যবসায়ীদের কাছ থেকে বিনা পয়সায় নিয়ে গিয়ে কাপড় তৈরী করে জমা দেয়, তাদের কাছে পয়সা থাকে না বলে। ওদের সুবিধার জন্য আমরা এই ব্যবস্থা করতে চাই, কিন্তু ওরা করতে পারছে না আমরা এটা নিয়ে আলাপ আলোচনা করেছি, Appex Society যদি পুরোটা handle করতে পারে আমাদের সরকারের তরফ থেকে কোন আপত্তি নেই। আমরা উদ্দেশ্য করেছি, ছোট ছোট তাঁতীদের direct supply করার জন্য Appex Society-র মাধ্যমে। কোন হয়ে উঠছে না। Working Capital-এর অভাবে। আমরা এইভাবে একটা ব্যবস্থা nitiate করার চেষ্টা করছি।

**শ্রীসুনীল মোহন ঘোষ মল্লিক :** মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, যে আমাদের ঘুণী পাড়াতে যে মৃৎশিল্পের প্রচুর প্রচলন ছিল, তা সরকারী সাহায্যর অভাবে আজকে মৃতপ্রায় অবস্থায় পড়ে রয়েছে ?

**শ্রীজয়নাল আবেদীন :** এটা ওঠে না, কিন্তু কমপ্রিহেনসিভ বলে বলছি—আমরা দেখছি এটা কি করা যায়।

## প্রতিরক্ষা দপ্তরে তালাচাবি সরবরাহ

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮।) **শ্রীকাশীনাথ মিশ্র :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬৯ সালে প্রতিরক্ষা দপ্তর হইতে তালাচাবি সংবরাহের জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট অর্ডার দেওয়া হইয়াছিল ;

(খ) সত্য হইলে,—

(১) কত তালা চাবির জন্য অর্ডার দেওয়া হইয়াছিল ; এবং

(২) সরবরাহ করা হইয়াছে কিনা ; এবং

(গ) সরবরাহ করা না হইয়া থাকিলে, তাহার কারণ কি ?

**ডাঃ জয়নাল আবেদীন :**

(ক) হ্যাঁ।

(খ) (১) ৩,২৭,২০০ তালা চাবি।

(২) না।

(গ) জি. আই. তালা তৈরীর ব্যাপারে সরকারী কেন্দ্রীয় তালা কারখানার উপযুক্ত পূর্ব অভিজ্ঞতা ছিল না। কিন্তু কারখানার কার্যাবলী সম্প্রসারণ করিবার উদ্দেশে এবং উপযুক্ত অভিজ্ঞতা অর্জন করিবার জন্য ঐ কারখানার সুপারিণ্টেডেণ্ট কর্তৃক টেণ্ডার পেশ করা হইয়াছিল। দুর্ভাগ্যবশতঃ ঘটনার গতি বিশেষ করিয়া, পরিকল্পনার ত্রুটি ও বন্যায় ক্ষতির জন্য এই উদ্যোগকে সাফল্যমণ্ডিত করা যায় নাই।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** এই অসাফল্যের পরিপ্রেক্ষিতে সরকারের কোন অর্থ ব্যয় হয়েছে কি ?

**ডাঃ জয়নাল আবেদীন:** তা বলা শক্ত। তবে তেমন কোন অর্থ ব্যয় হয় নাই। কারণ কোন পরিকল্পনা materialise করেনি।

## রাণীগঞ্জ ব্লকে গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজ

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ের অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার রাণীগঞ্জ ব্লকের অধীনে আমড়াসোতা, বল্লভপুর ও শিয়ারসোল এলাকায় গত এক বৎসর হইতে গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজ বন্ধ আছে;

(খ) সত্য হইলে, বন্ধ থাকার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রীসুনিতী চট্টরাজ:**

(ক) হ্যাঁ।

(খ) যেহেতু মেসার্স কাটরাস কোল কোম্পানী তাহাদের অধিকৃত জমির উপর দিয়া ওভার হেড্ বৈদ্যুতিক লাইন টানার ব্যাপারে আপত্তি জানায়—পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের বিরুদ্ধে মামলা রুজু করিয়াছে।

(গ) বিষয়টা আদালতের বিবেচনাধীন থাকায় সরকারের আপাততঃ কিছু করার নাই।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** আদালতে যখন প্রশ্নটা বিবেচনাধীন আছে অর্থাৎ কোলিয়ারী কর্তৃপক্ষ সরকারের বিরুদ্ধে মামলা করেছেন, তখন সেই মামলা লড়ার জন্য সরকারের পক্ষ থেকে কোন ব্যবস্থা করা হয়েছে কি?

**শ্রীসুনিতী চট্টরাজ:** নিশ্চয়ই ব্যবস্থা করা হয়েছে। এই সম্পর্কে আর একটু অপানাকে জানিয়ে দেই। প্রথমে কোম্পানী দুর্গাপুর কোর্টে মামলা করে। আমরা সেখানে জিতি। এখন কোম্পানী আসনসোল-বর্ধমান দেওয়ানী আদালতে আমাদের বিরুদ্ধে আপীল করেছে। আমরা সেখানে আমাদের আইনজ্ঞাত engage করেছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** এই যে আপনারা পরিকল্পনা করেছেন এক বছরের মধ্যে কয়েক হাজার গ্রাম বৈদ্যুতীকরণ করবেন, সেই পরিপ্রেক্ষিতে আমি বলছি বর্ধমানে কতকগুলি জায়গায় বৈদ্যুতীকরণের কাজ যা চলছিল, তা বন্ধ হয়ে গেছে এইরকম সব কারণে। এখন এইভাবে যদি প্রত্যেকটি ক্ষেত্রে একটার পর একটা মামলা হয়, তাহলে মামলার জট ছাড়াবার জন্য কি সরকার কোন বিকল্প ভাবনা ভাবছেন?

**শ্রীসুনিতী চট্টরাজ:** হ্যাঁ, চিন্তা করছি, বিবেচনা করছি। উপযুক্ত সময়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** সময় সম্পর্কে কোন সুনির্দিষ্ট কথা আপনি বলতে পারেন?

**Mr. Speaker:** Mr. Banerjee, the Court has every right to issue injunctions and prohibit any work within the sphere of its jurisdiction. Its jurisdiction

cannot be taken away by a stroke of pen. I would request you not to put any such embarrassing question.

### কংসাবতী সেচ পরিকল্পনা

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩।) শ্রীহরিশ্চন্দ্র মহাপাত্র : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী সেচ পরিকল্পনায় মেদিনীপুর জেলার সাকরাইল ব্লকের কোন্ কোন্ অঞ্চল উপকৃত হইবে ;

(খ) ঐ ব্লকের অঞ্চল-ওয়ারী কত জমি সেচের সুবিধা পাইবে ;

(গ) কবে নাগাদ ঐ সেচ পরিকল্পনায় অন্তর্ভুক্ত ঐ ব্লকের অঞ্চলগুলি সেচের সুযোগ লাভ করিবে ?

**Mr. Speaker:** Starred question No. 179 from Shri Harish Chandra Mahapatra ss held over.

### Flight of Capital

*183. (Admitted question No. *239.) **Shri Rajni Kanta Doloai**: Will the Minister-in-chtrge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Govenment has any proposal to check and prevent the flight of capital from this State to a different State ; and

(b) how the Government plans to encourage private entrepreneurs to invest for the industrial development of West Bengal ?

**Shri Tarun Kanti Ghosh**: (a) Yes.

The State Government have opposed all proposals for transfer of licensed capacities on large and medium industries from West Bengal to other States.

So far as Small Scale Industries are concerned, there is, how no specific proposal to check the flight of capital as there is no statutory obligation on the part of these industries.

(b) A number of measures have been taken by Government to encourage flow of private capital in the industries of West Bengal, important among which are the following :

(i) Introduction of the 16-point package plan for industrial development in in the State ;

(ii) Announcement of the West Bengal Incentive Scheme, 1971 ;

(iii) Reconstitution and revitalisation of the West Bengal Industrial Development Corporation for implementation of the said 16-point programme and the West Bengal Incentive Scheme, 1971.

(iv) Improving the general industrial climate of West Bengal ;

(v) Assistance in obtaining finance from the Financial Institutions ;

(vi) Assistance in getting raw materials ; and

(vii) Accommodation in various Industrial Estates.

**শ্রীরজনি কান্ত দোলুই :** মন্ত্রীমহাশয় জানাবেন কি যুক্তফ্রন্ট গভর্ণমেণ্টের সময় কিছু এমাউণ্ট অফ ক্যাপিটেল পশ্চিম বংগের বাইরে কেন গিয়েছিল ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** এইটা আমাকে একটু খোঁজ নিয়ে বলতে হবে।

**শ্রীরজনি কান্ত দোলুই :** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি এই যে ফ্লাইট অফ ক্যাপিটেল যুক্ত ফ্রন্টের সময় হয়েছিল এবং আমাদের এখান থেকে অনেক ইনডাসট্রি উঠেগেল এবং অনেক ক্যাপিটেল আউট অফ ওয়েষ্ট বেঙ্গল হয়েগেল এর কারণ কি ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** যুক্তফ্রন্টের আমলেই হোক আর যে সময়ই হোক ওয়েষ্ট বেংগল থেকে ইনড্রাসট্রী বাইরে সরাবার সময় ষ্টেট গভর্ণমেণ্ট আপত্তি করেছে এবং তারা তাদের প্ল্যানগুলি এক্সপানশান করবার সময় যুক্তফণ্টের আমলে এখানে না করে অন্য যায়গাগ করেছিল এবং তার মেজর কস ছিল ল এণ্ড অর্ডার সিচুয়েশন ডিটরেট করেছিল সেই জন্য বাইরে চলে গিয়েছিল।

**শ্রীরজনি কান্ত দোলুই :** এই যে ফ্লাইট অফ ক্যাপিটেল যেটা আমরা যুক্তফণ্টের আমলে দেখেছি এইটার জন্য পশ্চিম বংগের উপর ইকনমিক এফেক্টেট হচ্ছে কি না ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** নিশ্চয়ই।

**শ্রীশৈলেন চট্টোপাধ্যায় :** মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে বিভিন্ন রাজ্যের যাঁরা দিল্লীতে থাকেন, যাঁরা কেন্দ্রীয় সরকারের লাইসেন্স ডিপার্টমেণ্টের সংগে যোগাযোগ করেন এবং শিল্পপতিদের সংগে যোগাযোগ করেন, যাতে শিল্পপতিরা বিভিন্ন রাজ্যের শিল্প অবস্থা সম্বন্ধে জানাতে পারেন এই রকম আমাদের কি কোন লিয়াঁসো অফিসার দিল্লীতে আছেন।

**শ্রীতরুন কান্তি ঘোষ :** আমরা এই নিয়ে চিন্তা করছি।

**শ্রীরজনি কান্ত দোলুই :** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সব ক্যাপিটেল আউট অফ ওয়েষ্ট বেঙ্গল হয়ে গিয়েছে তা কি ফিরিয়ে আনবেন ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** আমি তো পড়ে দিয়েছি সেগুলি যে আমরা যে সব ইনসেনটিভ ইত্যাদি পেকেজ প্রোগ্রাম করেছি এবং তার দ্বারা পশ্চিম বংগে আবার সেগুলি ফিরিয়ে আনবার ব্যবস্থা করা হচ্ছে। কারণ এখনও আমাদের কাছে ইণ্ডাট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশন লাইসেন্স যা দিয়েছে তাতে ১০০ নতুন ইণ্ডাট্রিস আর বিং প্রসেসড।

**শ্রীশৈলেন্দ্র নাথ চ্যাটার্জী :** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই মন্ত্রিসভার আমলে কয়টি লাইসেন্স দেওয়া হয়েছে ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** তা জেনে বলব।

**শ্রীকানাই ভৌমিক :** সরকার কি ঠিক করেছেন যে পশ্চিম বাংলায় শিল্প বিকাশের জন্য ষ্টেট ক্যাপিটেলকে বিশেষ করে মদত দেওয়া হবে প্রাইভেট ক্যাপিটেলের বদলে ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** এই রকম কথা বলা হয় নি। বলা হয়েছে যে যাতে পশ্চিম বঙ্গে শিল্প উন্নয়ন হতে পারে, শিল্প বিস্তার লাভ করতে পারে তার জন্য ষ্টেট ক্যাপিটেল এবং প্রাইভেট ক্যাপিটেল উভয় দিক দিয়ে চেষ্টা করতে হবে।

**শ্রীকানাই ভৌমিক :** আমার প্রশ্নটা হচ্ছে যে সরকার কি এই রকম পলিসি নিয়েছেন যে প্রাইভেট ক্যাপিটেল কমিয়ে এনে, না বাড়িয়ে প্রপোশন বিটুইন ষ্টেট ক্যাপিটেল এণ্ড প্রাইভেট ক্যাপিটেল যে ষ্টেট ক্যাপিটেল বা পাবলিক ক্যাপিটেল বেশী করে ইনভেষ্ট করা হবে ?

**শ্রীতরুন কান্তি ঘোষ :** যেটা আমরা যে ইণ্ডাষ্ট্রিসগুলিতে ইনভেস্ট করবার ক্ষমতা সেটা

বেশীর ভাগ নির্ভর করছে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার উপর, আমাদের ক্ষমতা অত্যন্ত সীমিত। সেই জন্য প্রাইভেট ক্যাপিটেল রাজ্যের শিল্প অগ্রগতির জন্য ইনভেস্ট করতে দিতেই হবে। আর আমাদের সব চেয়ে বড় প্রবলেম হচ্ছে আনএমপ্লয়মেণ্ট প্রবলেম। সেই আনএমপ্লয়মেণ্ট প্রবলেম দূর করার জন্য প্রাইভেট সেকটরকে ইনডাসট্রি করতে দিতেই হবে। যদি তারা না করতে পারে তাহলে পাবলিক সেকটরে করতে হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোশ্চেন আওয়ার শেষ হয়ে গিয়েছে, এখানে হেল্ড ওভার কোশ্চেন চলছে। আমি অনুরোধ করছি যে যেসমস্ত কোশ্চেন আজকে হলো না সেগুলিকে হেল্ড ওভার করে দিন।

**মিঃ স্পীকার :** যে গুলি আমি হেল্ড ওভার বলে বলেছি সেগুলি হেল্ড ওভার হলো। হেল্ড ওভার কোশ্চেনের আনার সময়মত টেবিলে থাকবে।

## আমতা থানা এলাকায় বৈদ্যুতীকরণ

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯) **শ্রীআফতাবউদ্দিন মণ্ডল :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে হাওড়া জেলার আমতা থানা এলাকায় বৈদ্যুতীকরণ করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে তাহা কি এবং কবে নাগাদ উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** (ক) হ্যাঁ। ১৬টি মৌজা বৈদ্যুতিকরণের পরিকল্পনা আছে।

(খ) দেবান্দি, উত্তর রামচন্দ্রপুর, বানেশ্বরপুর, আন্দুলিয়া, কুরিং এবং বাসন্তপুর এই ৬টি মৌজার বৈদ্যুতিকরণের কাজও চলিতেছে।

**শ্রীআফাতাবউদ্দিন মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় এই যে চলছে কথাটা বললেন, কিন্তু আমাদের ওখানে দেখতে পাচ্ছি কাজ হচ্ছে বন্ধ হয়ে পড়ে আছে। সেখানে মেটিরিয়াল পাওয়া যাচ্ছে না, পোষ্ট তার ইত্যাদি পাওয়া যাচ্ছে না।
এই রকম অবস্থা দাড়িয়েছে। সে সম্বন্ধে আপনার জানা আছে কি-এবং জানা থাকলে তার প্রতিকারের কোন ব্যবস্থা করেছেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** এ রকম প্রবলেমের কথা আমার জানা নাই। মাননীয় সদস্য যেকথা অবতারণা করলেন তা আমার জানা নাই।

**শ্রীআফতাবউদ্দিন মণ্ডল :** আমি এটা যে প্রশ্ন আকারে উপস্থিত করলাম এরপর আপনি সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

**শ্রীসুনীতি চট্টরাজ :** একথা যদি সত্য হয় তাহলে নিশ্চয় করবো।

## ওজন ও পরিমাপ বিভাগ

*১৯০। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *২৬৩।) **শ্রীকানাই ভৌমিক :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের ওজন ও পরিমাপ বিভাগ থেকে গত ১৯৬৯-৭০ ও '৭১ সালে কত টাকা আয় হইয়াছে ;

(খ) এই বিভাগে কোন্ শ্রেণীর (ক্যাটিগোরি) কতজন স্থায়ী এবং কতজন অস্থায়ী কর্মচারী আছেন ; এবং এই সংখ্যা প্রয়োজনের তুলনায় যথেষ্ট কি না এবং অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ;

(গ) ইহা কি সত্য যে মাপওজনের সরকারী মানকগুলি (ষ্ট্যাণ্ডার্ড ব্যালান্স এণ্ড ওয়েটস) আইন মাফিক ষ্ট্যাম্প করার কাজ বর্তমানে বন্ধ আছে ; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**শ্রীতরুণ কান্তি ঘোষ :** (ক) পশ্চিমবঙ্গ সরকারের ওজন ও পরিমাপ বিভাগ থেকে গত ১৯৬৯-৭০ ও ১৯৭০-৭১ সালে যথাক্রমে টাকা ১৫,৫০,১৪২ ও টাকা ১২,৯০,৬০৯ আয় হয়েছিল,

(খ) পশ্চিমবঙ্গ সরকারের ওজন ও পরিমাপ বিভাগে বিভিন্ন শ্রেণীর নিম্নবর্ণিত স্থায়ী ও অস্থায়ী কর্মচারী আছেন।

| শ্রেণী | স্থায়ী | অস্থায়ী |
|---|---|---|
| প্রথম শ্রেণী | — | ১ |
| দ্বিতীয় শ্রেণী | ৪ | ৬ |
| তৃতীয় শ্রেণী | ৪২ | ৮৬ |
| চতুর্থ শ্রেণী | ১ | ১২৪ |

উপরিউক্ত কর্মচারী ছাড়া বর্তমানে বিভিন্ন শ্রেণীর ১৬টি পদ শূন্য আছে। উক্ত পদগুলির প্রয়োজনের তুলনায় যথেষ্ট নহে, উপযুক্ত সংখ্যক পদ সৃষ্টি করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করিবার জন্য সরকার উপযুক্ত কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিতেছেন।

(গ) না, (ঘ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীকানাই ভৌমিক :** এই ডিপার্টমেন্টের আয় কম হয়ে গেল ১৫ লক্ষ থেকে বার লক্ষ টাকায় নেমেছে—এর কারণ কি ?

**শ্রীতরুণ কান্তি ঘোষ :** এখনও পর্যন্ত এ সম্বন্ধে তথ্য অনুসন্ধান করে রিপোর্ট পাওয়া যায় নি।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই কলকাতা সহরে যেখানে এক লক্ষ ৬০হাজার ট্রেডার আছে সেখানে মাত্র আমাদের অফিসের সেনসাস রেজিষ্ট্রারে ৮২হাজার ট্রেডারের নাম অন্তর্ভুক্ত আছে। আরও নাম কেন অন্তর্ভুক্ত করা হয় নি ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** তথ্য দিলে খোঁজ করে বলতে পারি।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে এই দপ্তরের আয় বাড়াবার যথেষ্ট উপায় আছে শুধু যদি কাজ বিভিন্নভাবে বন্টন করা হয় ?

**শ্রীতরুণ কান্তি ঘোষ :** হতে পারে।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে অস্থায়ী কর্মীদের স্থায়ী করার ব্যাপারে যা বললেন সেটা কত দিনের মধ্যে কার্যকরী হবে ?

**শ্রীতরুণ কান্তি ঘোষ :** এই তো আমার পাশে শঙ্করবাবু বসে আছেন - তাঁর সংগে আলাপ আলোচনা করে বলতে পারি। এখনই এ সম্বন্ধে বলতে পারি না। তবে আমার ডিপার্টমেন্ট থেকে চেষ্টা চলছে।

**Recruitment in Army from West Bengal**

***256.** (Admitted question No. *282.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour and Employment Department be pleased to State—

(a) has the Government made any correspondence with the Government of India for recruiting more persons iu the army from West Bengal ; and

(b) if so, what is the result of such correspondence ?

**Minister-in-change for the Labour Department :**

(a) No.

(b) The question does not arise.

**সাঁওতালডিহ তাপ বিদ্যুৎ কেন্দ্র**

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮০।) **শ্রীশরৎচন্দ্র দাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার সাঁওতালডিহ তাপ বিদ্যুৎ কেন্দ্রে বেব কপ এবং উইল কপ সংস্থা কর্তৃক নিযুক্ত শ্রমিকরা কাজ করেন ;

(খ) সত্য হইলে (১) বর্তমানে কতজন শ্রমিক আছেন ও (২) এর মধ্যে স্থানীয় ও বহিরাগত কত ;

(গ) সরকার কি অবগত আছেন যে উক্ত কোম্পানীদ্বয় বহিরাগত-শ্রমিকদের বিশেষ সুযোগ সুবিধা প্রদান করিয়া থাকেন এবং স্থানীয় শ্রমিকদের উক্ত সুবিধা-সুযোগ হইতে বঞ্চিত করেন ; এবং

(ঘ) অবগত থাকিলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**Minister-in-change for the Commerce and Industries Department :**

(ক) দুর্গাপুরের এ্যাসোসিয়েটেড ভাইকর্স ব্যাবকক কোম্পানী নিয়োজিত কিছু লোক সাঁওতাল ডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্রে কাজ করেন।

(খ) (১) প্রায় ৪৩৩ জন।

(২) এর মধ্যে ১৬৭ জন স্থানীয় ও বাদ বাকি সকলে বহিরাগত।

(গ) সরকারের জানা নাই।

(ঘ) এ প্রশ্ন ওঠে না।

**কর্মসংস্থান কেন্দ্র মারফত নিয়োগ**

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলির (এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ) মাধ্যমে ৩১এ মার্চ ১৯৭২ পর্যন্ত কত বেকারের চাকুরীর বন্দোবস্ত হইয়াছে, ও

(২) ৩১শে মার্চ, ১৯৭২ তারিখে পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে কতজন বেকারের নাম তালিকাভুক্ত আছে ; এবং

(খ) (১) রাজ্যের শিল্প প্রতিষ্ঠানগুলি কর্মসংস্থান কেন্দ্রসমূহের মাধ্যমে নিয়োগ করিতেছেন কিনা, ও

(২) না করিয়া থাকিলে সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**Minister-in-charge for the Labour Department :**

(ক) (১) পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলির মাধ্যমে ১৯৬৫ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত যে সমস্ত কর্মপ্রার্থীর চাকুরীর বন্দোবস্ত হইয়াছে তাহাদের সংখ্যা নিম্নে দেওয়া হইল :

| বৎসর | সংখ্যা |
|---|---|
| ১৯৬৫ | ৫৩,১৪৯ |
| ১৯৬৬ | ৪৪,৮৬৬ |
| ১৯৬৭ | ৩৩,০৭৬ |
| ১৯৬৮ | ৩২,৭৭০ |
| ১৯৬৯ | ২৬,০৬৩ |
| ১৯৮০ | ২০,৩২৭ |
| ১৯৭১ | ২০,১৪৬ |
| ১৯৭২ (২৯।২।৭২ পর্যন্ত) | ৩,৭৩৯ |

(২) ৩১।৩।৭২ তারিখের পরিসংখ্যান পাওয়া যায় নাই। ২৯।২।৭২ তারিখের পরিসংখ্যান অনুযায়ী পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে মোট ৮,৯৬,৯১৬ জন কর্মপ্রার্থীর নাম তালিকাভুক্ত আছে।

(খ) (১) রাজ্যের শিল্প প্রতিষ্ঠানগুলি কর্মসংস্থান কেন্দ্রসমূহের মাধ্যমে আংশিক ভাবেলোক নিয়োগ করিতেছেন।

(২) শিল্প প্রতিষ্ঠানসমূহকে কেবলমাত্র কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে সম্পূর্ণভাবে লোক নিয়োগ করিতে বাধ্য করার আইনগত ক্ষমতা সরকারের এখনও নাই। বিভিন্ন শিল্প সমিতিগুলিকে কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে লোক নিয়োগ করিবার জন্য মুখ্যসচিব অনুরোধ জানাইয়াছেন।

## কাঁথি মহকুমায় গ্রাম বৈদ্যুতীকরণ প্রকল্প

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৫।) **শ্রীসুধীরচন্দ্র দাস :** বি[illegible]বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনার মধ্যে কাঁথি মহকুমার কোন্ কোন্ এলাকা গ্রহণ করা হইতেছে ;

(খ) কবে নাগাদ উহাদের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) বৈদ্যুতীকরণের এলাকা নির্বাচনের জন্য কোন কমিটি আছে কিনা ; এবং

(ঘ) কমিটি থাকিলে ঐ কমিটির সদস্য কাহারা ?

**Minister in charge for the Commerce and Industries Department :**

(ক) কাঁথি মহাকুমার নিম্নলিখিত থানাগুলি গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে ঃ

(১) কাঁথি, (২) ভগবানপুর, (৩) পটাশপুর, (৪) এগরা ও (৫) রামনগর।

(খ) গত বৎসর হইতে কাজ সুরু করা হইয়াছে।

(গ) হ্যাঁ আছে।

(ঘ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের নিম্নলিখিত অফিসাররা এই কমিটির সদস্য :

(১) এডিসনাল চীফ ইঞ্জিনিয়ার চেয়ারম্যান,

(২) সুপারইনটেণ্ডিং ইঞ্জিনিয়ার সদস্য (কমার্সিয়াল),

(৩) সুপারইনটেণ্ডিং ইঞ্জিনিয়ার সদস্য ( টেকনিক্যাল ),

(৪ সুপারইনটেণ্ডিং ইঞ্জিনিয়ার সদস্য ( প্লেনিং )।

## কারখানা শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা

*২৬১। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৬৫।) **শ্রীঅশ্বিনী রায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস পর্যন্ত বৃহত্তর কলিকাতা এলাকায় নিম্নলিখিত কারখানার শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের কত টাকা ( প্রত্যেক কারখানায় আলাদা হিসাব ) বকেয়া পাওনা আছে ;

(১) বেঙ্গল এনামেল ওয়ার্কস, (২) বার্ন এণ্ড কোং, হাওড়া, (৩) ম্যাকিনটস বার্ন, (৪) শালিমার ওয়ার্কস, (৫) হুগলী ডক ও ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস কোং ;

(খ) কোন্ কারখানায় কতজন শ্রমিকের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা বকেয়া পাওনা আছে ; এবং

(গ) বকেয়া রাখার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**Minister-in-charge for the Labour Department :**

(ক) আঞ্চলিক ভবিষ্যনিধি মহাধ্যক্ষ নিম্নলিখিত কারখানার শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের বকেয়া পাওনার নিম্নরূপ আনুমানিক হিসাব পাঠাইয়াছেন :—

| | টাকা |
|---|---|
| (১) বেঙ্গল এনামেল ওয়ার্কস লিঃ, | ৮,৬৪,৬৭৬·৬৭ |
| (২) ম্যাকিনটস বার্ন লিঃ ( ফ্যাক্টরী ), | ১,৭৩,৪৩০·৪০ |
| (৩) শালিমার ওয়ার্কস লি., | ৯,৯৮,৫৯৬·০০ |
| (৪) বার্ন এণ্ড কোঃ, হাওড়া ( হাওড়া আয়রন ওয়ার্কস ), | ১৬,৮০,৯৬৪·৭৪ |
| (৫) হুগলী ডকিঃ এণ্ড ইঞ্জিনীয়ারিং কোঃ লিঃ, | ১৩,১৬,৩৫২·২৭ |

ইহা কয়েক মাস আগের হিসাব। আঞ্চলিক ভবিষ্যনিধি মহাধ্যক্ষকে ১৯৭২ সালের মার্চ মাস পর্যন্ত হিসাব পাঠাইতে অনুরোধ করা হইয়াছে। উহা পাওয়া গেলে বিধানসভায় পে করা হইবে।

(খ) বেঙ্গল এনামেল ওয়ার্কস লি:— ১৫৯০ জন
ম্যাকিনটস বার্ন কোং লিঃ (ফ্যাক্টরী)— ২৫৮ জন
বার্ন এণ্ড কোং, হাওড়া, ( হাওড়া আয়রন ওয়ার্কস )— ৫৯৩৯ জন
শালিমার ওয়ার্কস লি:— ১০২৫ জন
হুগলী ডকিং এণ্ড ইঞ্জিনীয়ারিং কোঃ লি:— ১০০০ জন

(গ) বকেয়া রাখার কারণ জানা নাই। তবে কারখানাগুলির বিরুদ্ধে নিম্নরূপ ব্যবস্থা লওয়া হইয়াছে—

**বেঙ্গল এনামেল ওয়ার্কস লি:**

রেহাই-এর সর্তাবলী অমান্য করার জন্য রেহাই ( exemption ) বাতিল করিয়া কারখানাটিকে ১লা এপ্রিল, ১৯৭২ তারিখ হইতে একটি রেহাইহীন ( unexempted ) সংস্থারূপে আইনের ধারাগুলি মানিয়া চলিতে নির্দেশ দেওয়া হইয়াছে। বকেয়া টাকা না দেওয়া ও কর্মচারী ভবিষ্যনিধি আইন ও প্রকল্পের অন্তর্গত অন্যান্য দায়-দায়িত্ব না পাশ করায় উহার বিরুদ্ধে ফৌজদারী মামলাও দায়ের করা হইয়াছিল।

**ম্যাকিনটস বার্ন লি:**

কর্মচারী ভবিষ্যনিধি আইনের ১৪(২ক) ধারায় এই কারখানার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করিবার অনুমতি দেওয়া হইয়াছে। ভারতীয় দণ্ডবিধির ৪০৬।৪০৯ ধারার নোটিশও উহার নিকট পাঠানো হইয়াছে।

**বার্ন এণ্ড কোঃ, হাওড়া ( হাওড়া আয়রন ওয়ার্কস )**

ফৌজদারী মামলা এই কারখানার বিরুদ্ধে দায়ের করার অনুমতি দেওয়া হইয়াছে। ভারতীয় দণ্ডবিধির ৪০৬।৪০৯ ধারার নোটিশও উহার নিকট পাঠানো হইয়াছে।

**শালিমার ওয়ার্কস লি:**

এই কারখানার বিরুদ্ধে ফৌজদারী মামলাদায়ের করার অনুমতি দেওয়া হইয়াছে। উহার নিকট ভারতীয় দণ্ডবিধির ৪০৬।৪০৯ ধারার নোটিশও পাঠানো হইয়াছে রেহাই বাতিল করার প্রশ্নটিও বিবেচনা করা হইতেছে।

**হুগলী ডকিং এণ্ড ইঞ্জিনীয়ারিং কোঃ লি:**

এই কারখানার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার অনুমতি দেওয়ার প্রশ্নটি বিবেচনাধীন রহিয়াছে। উহার নিকট ভারতীয় দণ্ডবিধির ৪০৬।৪০৯ ধারার নোটিশও পাঠানো হইয়াছে।

**যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধ স্কীম**

*২৬২। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৬৪। ) **শ্রীজগদানন্দ রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার কালীকাটা থানায় যোগেন্দ্রপুর এবং চুয়োখোলা বাঁধ স্কীমের কোন পরিকল্পনা বর্তমানে আছে কি ; এবং

(খ) থাকিলে ইহার কাজ কবে শুরু এবং শেষ হইবে বলে আশা করা যায় ?

**Minister-in-charge for the Irrigation and Water ways Department :**

(ক) এই বিভাগে এইরূপ কোন পরিকল্পনা নাই,

(খ) প্রশ্ন উঠে না।

### চতুর্থ পরিকল্পনায় গ্রাম ও টিউবওয়েল বৈদ্যুতীকরণ পরিকল্পনা

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪১।) **শ্রীমতী গীতা মুখার্জী :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড চতুর্থ পরিকল্পনার সময়ের মধ্যে ১০ হাজার গ্রাম ও ৩৫ হাজার শ্যালো টিউবওয়েলের বৈদ্যুতীকরণের কর্মসূচী গ্রহণ করেছিলেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) ১৯৬৯-৭০ থেকে ১৯৭১-৭২ সালের মধ্যে প্রতি বছরে কয়টি গ্রাম এবং কয়টি শ্যালো টিউবওয়েলে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে,

(২) চতুর্থ পরিকল্পনার অবশিষ্ট সময়ে ঐ লক্ষ্য মাত্রায় উপনীত হওয়ার জন্য কি ব্যবস্থা করছেন, ও

(৩) গ্রাম বৈদ্যুতীকরণের ক্ষেত্রে যে কাজ হয়েছে তাতে বাড়ীতে বাড়ীতে লোকে এখনই কানেকশন নিতে চাইলে তার কানেকশন এবং বিদ্যুৎ সরবরাহের গ্যারান্টি দেওয়া হবে কিনা ?

**Minister-in-charge for the Commerce and Industries (Power) Department :**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বছরে বোর্ড যে সাফল্য অর্জন করিয়াছে তাহার বিবরণ নীচে দেওয়া হইল—

| বছর | বৈদ্যুতিকৃত গ্রাম | অগভীর নলকূপের বিদ্যুৎ সংযোজন |
|---|---|---|
| ১৯৬৯-৭০ | ২৪৬ | ২৫ |
| ১৯৭০-৭১ | ২৮৭ | ২৯ |
| ১৯৭১-৭২ | ৩৬২ | ৩৯ |
| | ৮৯৫ | ৯৩ |

(২) অধুনা বোর্ড ইহার সংগঠনের পুনর্বিন্যাস করিয়াছে এবং এ্যাডিশনাল চীফ ইঞ্জিনীয়ারের অধীনে একটি পৃথক গ্রামীণ সেল (cell) গঠন করিয়াছে। নির্দিষ্ট লক্ষ্যে পৌছুবার জন্য গ্রামীণ সেলটি সমস্ত কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিবে বলিয়া আশা করা যাইতেছে। বিদ্যুৎ গ্রাহকদের কানেকশন দিবার জন্য প্রয়োজনীয় জিনিষ পত্রের সংগ্রহের যথাযথ ব্যবস্থা ইতিমধ্যেই করা হইয়াছে। বোর্ডের অধীনে একটি পৃথক শাখা এই কাজ তত্ত্বাবধান করিবে। এই অবস্থায় আশা করা যায় যে বিদ্যুৎ গ্রাহকদের নিকট আবেদন পত্র পাঠাইবার পর বিদ্যুৎ সরবরাহের কোন অসুবিধা হইবে না।

**Industries in the Haldia region**

*264. (Admitted question No. *359.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if the Government has any proposal for setting export oriented industries in the Haldia region of Midnapore district ;

(b) if so, the nature of industries likely to be set up there ; and

(c) the amount the Government is likely to spend on such industries ?

**Minister-in-charge for the Cottage and Small Scale Industries Department :**

(a) No but there is a proposal for establishing one export processing Zone in the Haldia region where a number of small and medium scale industries manufacuring export items may be accommodated in future.

(b) The nature of industries has not yet been decided upon.

Detailed plan and estimaecs have not yet been drawn up.

**কোলে আয়রন এণ্ড ষ্টীল কোম্পানী, কাঁকিনাড়া**

*২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগণা জেলার অন্তর্গত কাঁকিনাড়ায় অবস্থিত কোলে আয়রন এণ্ড ষ্টীল কোম্পানীর কর্তৃপক্ষ আইন অনুযায়ী ষাট দিনের নোটিশ না দিয়াই গত ৫ই এপ্রিল, ১৯৭২ তারিখে আকস্মিকভাবে কারখানা বন্ধ করিয়া দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**Minister-in-charge for the Labour Department :**

(ক) না ; কারখানায় ৫ই এপ্রিল, ১৯৭২ তারিখে লক-আউট ঘোষণা করা হইয়াছিল। সুতরাং ৬০ দিনের নোটিশের প্রশ্ন ওঠে না। সরকারী হস্তক্ষেপের ফলে ১০ই এপ্রিল, ১৯৭২ তারিখে লক-আউট তুলিয়া লওয়া হয়।

(খ) এই প্রশ্ন আর উঠে না।

**চটকল**

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮।) **শ্রীঅশ্বিনী রায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে জেলাভিত্তিতে ১৯৭২ সালের ৩১শে মার্চ তারিখে কয়টি চটকল ছিল ;

(খ) উক্ত চটকলগুলির নাম ও প্রতিটিতে নিযুক্ত শ্রমিকদের (স্থায়ী ও অস্থায়ী)র সংখ্যা ; এবং

(গ) প্রতিটি কলের উৎপাদন ক্ষমতা এবং ১৯৭১-৭২ সালে বিভিন্ন ধরনের পাটজাত পণ্যের উৎপাদন (টন হিসাবে) কত ?

**Minister-in-charge for the Commerce and Industries Department :**

(ক) ২৪-পরগণা—৩১টি
হাওড়া—১৩টি
হুগলী—১০টি
মোট ৫৪টি

(খ) পশ্চিমবঙ্গের চটকলগুলির জেলাভিত্তিক নাম ও ঠিকানা এবং প্রত্যেকটিতে নিযুক্ত শ্রমিক-সংখ্যার গড় হিসাব সংলগ্ন তালিকায় দেওয়া হইল। স্থায়ী ও অস্থায়ী শ্রমিকদের পৃথক হিসাব পাওয়া যায় নাই।

(গ) ১৯৭১-৭২ সালে বিভিন্ন ধরনের পাটজাত পণ্যের মোট উৎপাদন নিম্নরূপ :—

| পণ্যের নাম | ১০০০ মেঃ টনের হিসাবে |
|---|---|
| হেসিয়ান | ৩৪১·৭ |
| স্যাকিং | ৪৬১·০ |
| কার্পেট ব্যাকিং | ২২৯·৭ |
| অন্যান্য | ১২১·০ |
| মোট | ১১৫৩·৪ টন |

চটকলগুলির উৎপাদক ক্ষমতার সম্ভাব্য হিসাব ( প্রতিটিতে নিযুক্ত মাকুর হিসাব অনুযায়ী ) সংলগ্ন তালিকায় দেওয়া হইল।

**Statement showing the names of the Jute Mill Coys. in each District of West Bengal Capacity in terms of terms of installed looms and average number os workers.**

| Sl. No. | Names of Jute mill Coys. in West Bengal (as on 31. 3. 72) | District in which situated | Looms installed as on 1.6.71. Hessian | Sacking | Carpet Backing | Others | Total | Average no. of Workers employed (as on 1.3.72) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | The Agarapara Co. Ltd. Kamarhatty | 24-Parganas | 382 | 81 | 105 | 17 | 655 | 4 063 |
| 2. | The Alexandra Jute Mills Ltd. Bhatpara | do | 192 | 100 | 62 | -- | 354 | 2581 |
| 3. | Alliance Mills (Lessees) Pvt. Ltd. Bhatpara | do | 450 | 212 | 1 | — | 663 | N.A |
| 4. | Anglo. India Jute Mills Co. Ltd. Bhatpara | do | 610 | 338 | 200 | 37 | 1185 | 7934 |
| 5. | The Auckland Jute Co. Ltd. Bhatpara | do | 325 | 55 | 206 | — | 586 | 4028 |
| 6. | The Baranagore Jute Factory Co. Ltd. Alambazar | do | 627 | 233 | 35 | 91 | 986 | 4661 |
| 7. | Bally Jute Co. Ltd. Mill No. 2 Soorah Unit, Narkeldanga | do | 46 | 56 | 55 | — | 157 | 1665 |
| 8. | Calcutta Jute Mfg. Co. Ltd. Narkeldanga | do | 285 | 110 | — | — | 395 | 417 |
| 9. | Caledonian Jute Mills Co. Ltd. Budge Budge | do | 333 | 221 | 52 | — | 606 | 3431 |
| 10. | Budge Budge Amalgamated Mills Ltd. Budge Budge | do | 14050 | 288 | 112 | 5 | 14455 | 12139 |
| 11. | The Eastern Mfg. Co. Ltd, Titagurh | do | 186 | 134 | — | 231 | 551 | 1969 |
| 12. | Thc Empire Jute Co, Ltd. Titaghur | do | 302 | 87 | 20 | 7 | 416 | 2058 |
| 13. | Gourepore Co. Ltd. Bhatpara | do | 302 | 171 | 200 | 42 | 715 | 6535 |
| 14. | Hooghly Mills Co. Ltd. Garden Reach | do | 401 | 129 | 7 | 16 | 553 | 1903 |
| 15. | Hukumchand Jute Mills Ltd. Naihati | do | 535 | 476 | 122 | 41 | 1174 | 3789 |

| Sl. No. | Names of jute Mill Coys. in West Bengal (as on 31. 3. 1972) | District in which situated | Looms installed as on 1.6.71. Hessian | Sacking | Carpet Backing | Others | Total | Average No. of Workers employed (as on 1.3.72) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 16. | Kamarhatty Co. Ltd. Kamarhati | 24 Parganas | 680 | 180 | 60 | — | 920 | 4685 |
| 17. | Kanknarrah Co. Ltd. Kanknarrah | do | 667 | 206 | — | — | 873 | 3526 |
| 18. | The Kelvin Jute Co. Ltd. Titaghur | do | 303 | 106 | 275 | 63 | 747 | 5920 |
| 19. | The Khardah Co. Ltd. Titaghur | do | 403 | 275 | 94 | 27 | 799 | 5098 |
| 20. | The Kinnison Jute Mills Co. Ltd. Titaghur | do | 402 | 70 | 200 | 78 | 750 | 6197 |
| 21. | The Megna Mills Co. Ltd. Jagatdal | do | 499 | 164 | 281 | 3 | 947 | 6510 |
| 22. | Naffarchandra Jute Mills Co. Ltd. Kanknarrah | do | 154 | 88 | 37 | 12 | 283 | N.A |
| 23. | The Naihati Jute Mills Co. Ltd. Naihati | do | 270 | 114 | 130 | — | 514 | 3232 |
| 24. | New Central Jute Mills Co. Ltd. Budge Budge | do | 459 | 347 | 370 | 13 | 1189 | N.A |
| 25. | The Nuddea Mills Co. Ltd. Bhatpara | do | 308 | 278 | 110 | 5 | 701 | 5538 |
| 26. | Prabartak Jute Mills Dtd, Kamarhati | do | 130 | 65 | 30 | — | 225 | 1794 |
| 27. | The Reliance Jute & Industries Ltd. Bhatpara | do | 393 | 291 | 102 | — | 786 | 5374 |
| 28. | Shree Gouri Shankar Jute Mills Pvt. Ltd. Lhamnagar | do | 156 | 100 | 102 | — | 358 | 2329 |
| 29. | The Titaghur Jute Factory Co. Ltd. Titaghur | do | 662 | 264 | 159 | — | 1085 | 6516 |
| 30. | Union Jute Co. Ltd. Calcutta | do | 40 | — | 125 | — | 165 | 2165 |
| 31. | Birla Jute Mfg. Co. Ltd. Birlapur | do | 325 | 195 | 125 | 81 | 729 | 5701 |
| 32. | Bharat Jute Mills Ltd., Dasnagar | Howrah | 164 | 56 | — | 142 | 362 | 2011 |
| 33. | Fort Glester Industries Ltd. Bauria | do | 678 | 375 | 180 | 14 | 1247 | 7239 |
| 4. | Fort William Co. Ltd,, Sibpur | do | 372 | 206 | 30 | 11 | 619 | 3442 |

| Sl. No. | Names of Jute Mill Coys. in West Bengal (as on 31. 3. 72) | District in which situated | Looms installed as on 1.6.71. Hessian | Sacking | Carpet Backing | Others | Total | Average no. of Workers employed (as on 1.3.72) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 35. | Gagalbhai Jute Mills, Uluberia | Howrah | 350 | — | 55 | 4 | 409 | 3032 |
| 36. | Howrah Mills Co. Ltd. Ramkrishnapore | do | 531 | 182 | 104 | — | 817 | 3555 |
| 37. | Ludlow Jute Co. Ltd. Chengail | do | 22 | — | 233 | 253 | 508 | 5920 |
| 38. | Naskarpara Jute Mills Co. Ltd. Ghusuri | do | 282 | 92 | — | — | 374 | 2702 |
| 39. | National Co. Ltd. Andul | do | 463 | 358 | 572 | 11 | 1404 | 5078 |
| 40. | Sonajuli Tea & Industries Ltd. (Unit Premchand Jute Mills) Chengail | do | 349 | 240 | — | 15 | 604 | 4765 |
| 41. | Shree Ambica Jute Mills Ltd. | do | 417 | 209 | — | 16 | 642 | 4188 |
| 42. | Shree Hanuman Jute Mills Howrah | do | 450 | 319 | — | 591 | 1360 | 4275 |
| 43. | Shree Mahadeo Jute Mill Co. Bally | do | 117 | 60 | — | — | 117 | 897 |
| 44. | Bally Jute Co. Ltd. No. 1 Bally | do | 205 | 120 | 135 | 5 | 465 | 4407 |
| 45. | Angus Co. Ltd. Angus | Hooghly | 619 | 218 | — | — | 137 | 4840 |
| 46. | The Champdany Jute Co. Ltd. | do | 387 | 119 | 148 | — | 654 | 4067 |
| 47. | The Dalhousie Jute Co. Ltd. Baidyabati | do | 304 | — | 100 | — | 404 | 3209 |
| 48. | The Ganges Mfg. Co. Ltd. Bansberia | do | 788 | 297 | 231 | 2 | 1318 | 6780 |
| 49. | General Industrial Society Ltd. Gondalpara | do | 214 | 145 | 175 | 10 | 544 | 4371 |
| 50. | Hastings Mills Ltd. Rishra | do | 444 | 216 | 196 | 6 | 862 | 4664 |

| Sl. No. | Names of Jute Mill Coys. in West Bengal (as on 31. 3. 72) | District in which situated | Looms installed as on 1,6.71. | | | | Total | Average No. of Workers employed (as on 1.3.72. |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Hessian | Sacking | Carpet Backing | Other | | |
| 51. | The India Jute Co. Ltd. Serampore | Hooghly | 390 | 336 | 124 | — | 850 | 4427 |
| 52. | The Northbrook Jute Co. Ltd. Baidyabati | do | 118 | 162 | 213 | — | 493 | 3710 |
| 53. | Samnuggur Jute Factory Co. Ltd. Bhadreshwar. | do | 784 | 232 | — | — | 1016 | 5090 |
| 54. | The Victoria Jute Co. Ltd. | do | 667 | 206 | — | — | 873 | 4070 |
| | | Gand Total | 33992 | 9574 | 5873 | 1919 | 51358 | 218492 |

## UNSTARRED QUESTIONS

**(to which written answers laid on the table)**

### রামপুরহাট মহকুমায় কলেরা

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৬) **ডাঃ মোতাহার হোসেন:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার রামপুরহাট মহকুমাকে স্বাস্থ্য দপ্তর কলেরা উপদ্রুত এলাকা বলিয়া ঘোষণা করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কলেরা কণ্ট্রোল ইউনিট পাঠাইবার ব্যবস্থা করিতেছেন কিনা এবং করিয়া থাকিলে কবে নাগাদ উক্ত কণ্ট্রোল ইউনিটের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### নয়াগ্রাম ব্লকে প্রাথমিক বিদ্যালয়

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৪১০।) **শ্রীদাশরথী সোরেন:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নয়াগ্রাম ব্লক প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য রক্ষিত সরকারের গুদামে কয়েক হাজার বই পোকায় কাটিয়া নষ্ট হইয়াছে; এবং

(খ) সত্য হইলে এই বইগুলি ছাত্র-ছাত্রীদের মধ্যে এখনও বিতরণ না করার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education :**

(ক) ইহা সত্য যে নয়াগ্রাম ব্লকে সরকারী গুদামে রক্ষিত কিছু বই পোকায় কাটিয় নষ্ট হইয়াছে।

(খ) ঐ বিতরণ কেন্দ্র হইতে পাঠের অনুপযুক্ত নহে এরকম বই ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য সংশ্লিষ্ট আধিকারিকগণকে জেলা সমাজ শিক্ষা আধিকারিক নির্দেশ দিয়াছেন।

### জয়পুর প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৫।) **শ্রীভবতারণ চক্রবর্তী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার জয়পুর ব্লকে প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রস্তাব কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) এই উদ্দেশ্যে প্রয়োজনীয় জমি সংগৃহীত হইয়াছে কিনা;

(গ) ইহা কি সত্য যে, এই ব্লকের প্রতি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পূর্ব পরিকল্পনা অনুযায়ী সর্ব দক্ষিণে মাত্র দুইটি ইউনিয়নে (বর্তমানে অঞ্চল) ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে এবং ব্লকের সাতটি অঞ্চলে বর্তমানে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই; এবং

(ঘ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health :**

(ক) জয়পুর ব্লকে বর্তমানে জগন্নাথপুর মৌজার অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এখনও হয় নি।

(গ) এবং (ঘ) সরকারের বর্তমান নীতি অনুযায়ী কোন ব্লকে তিনটির (১টি প্রাথমিক ও ২টি উপস্বাস্থ্যকেন্দ্র) বেশী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হচ্ছে না। এই ব্লকে বরাদ্দ অনুযায়ী তিনটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে।

### ঝালদা স্বাস্থ্যকেন্দ্র

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪২২) **শ্রীকিংকর মাহাতো**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝালদা (১নং ব্লক পুরুলিয়া) স্বাস্থ্যকেন্দ্রটি কতদিনে চালু হবে;

(খ) ঝালদা ১নং-এর মাহাতমারা ও ঝালদা ২নং-এর জিলিংলহর সাব-হেল্থ সেণ্টার-এর কাজ কবে শুরু হবে; এবং

(গ) ঝালদা শহরের হাসপাতালটির সংস্কারের কাজ কবে নাগাদ শুরু হতে পারে বলে আশা করা যায়?

**The Minister for Health :**

(ক) ঝালদা শ্রমিক-কল্যাণ কেন্দ্রে বর্তমানে একটি নয়-শয্যাবিশিষ্ট উপস্বাস্থ্যকেন্দ্র চালু আছে। ইহাকে দশ শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার নির্দেশ দেওয়া হয়েছে। যত শীঘ্র সম্ভব ঐ নির্দেশ কার্যকরী করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

ঝালদায় স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য চলছে। শেষ হলেই স্বাস্থ্যকেন্দ্রটি ওখানে স্থানান্তরিত হবে।

(খ) মাহাতমারা উপস্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি সংগ্রহের ব্যবস্থা হচ্ছে। জিলিংলহরে উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব পাওয়া যায় নি।

(গ) ঝালদা উপস্বাস্থ্যকেন্দ্রের বাড়ীটির অবস্থা এতই খারাপ যে উহা সংস্কারের অনুপযুক্ত। তা ছাড়া এই মৌজাতেই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হচ্ছে, এইসব কারণেই ঐ বাড়ী সংস্কারের কোন পরিকল্পনা নেই।

### খাদির্থার দেয়াড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খাদির্থার দেয়াড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের এবং সাগরপাড়া স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) (১) থাকিলে কবে নাগাদ এই শয্যা সংখ্যা বাড়বে বলে আশা করা যায়, এবং

(২) ইহাতে আনুমানিক ব্যয় বরাদ্দের পরিমাণ কত?

**The Minister for Health :**

(ক) না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

## রাণীনগর হাসপাতাল

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৯) **শ্রীআব্দুল বারি বিশ্বাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) মুর্শিদাবাদ জেলার রাণীনগর ২নং ব্লকের রাণীনগরে সরকারী হাসপাতাল মঞ্জুরীর জন্য জনসাধারণের উদ্যোগে কোন জমি এবং টাকা সরকারের নিকট জমা দেও… হইয়াছে কি ;

(২) যদি ১নং প্রশ্নের উত্তর হঁ্যা হয় তবে জমি ও টাকার পরিমাণ কত ; এবং

(৩) কোন্ তারিখে জমা দেওয়া হইয়াছে ?

**The Minister for Health :**

(১) হঁ্যা।

(২) এবং (৩)

| জমির পরিমাণ | জমা দেওয়ার তারিখ |
|---|---|
| ৫·৭২ একর | ১৯ শে ফেব্রুয়ারী ১৯৬… |

| টাকার পরিমাণ (টাকা) | জমা দেওয়ার তারি… |
|---|---|
| ২,০০০ | ১০-২-১৯৫৬ |
| ১,২০০ | ২-৪-১৯৫৬ |
| ১,২০০ | ১২-৪-১৯৫৬ |
| ৬০০ | ১২-৪-১৯৫৬ |
| ৪০০ | ৩০-১২-১৯৫৬ |
| ৬০০ | ১৬-১২-১৯৫৬ |
| ১,২০০ | ৪-৬-১৯৫৬ |
| ১,০০০ | ৪-৪-১৯৫৬ |
| ৮০০ | ৮৬-১৯৫৬ |
| মোট ৯,০০০ | |

### Re-opening of Howrah-Amta and Howrah-Sheakhala Light Railways

106. (Admited Question No. 544. ) **Shri Rajani Kanti Doloi :** Will the Minister-in charge of the Home (Transport) Departmen tbe pleased to state—

(a) if the Govenment is considering the possibility of re-opening of Howrah Amta and Howrah-Sheakhala Light Railways ;

(b) if so, what action has so far been taken by the State Government in this regard ; and

(c) the alternative arrangements the Government proposes to minimise the difficulties of the citizens of this area for the present ?

**The Minister for Home (Transport) :**

(a) Yes.

(b) The matter has been taken up with Government of India.

(c) Road tarnsport arrangements have been made in areas served by motorable roads on the closure of the Martin Light Railways

## মহেশতলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৯) **ডাঃ ভূপেন বিজলী :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমাহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মহেশতলায় একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং একটি চেষ্ট ক্লিনিক খোলার বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

মহেশতলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খোলার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। ঐ স্থানে চেষ্ট ক্লিনিক খোলার কোন পরিকল্পনা নাই।

## মেখলীগঞ্জ মহকুমা হাসপাতাল

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮১) **শ্রীমধুসূদন রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেখলীগঞ্জ মহকুমা শহরের সরকারী হাসপাতালটিতে বর্তমানে কতজন ডাক্তারের পদ খালি আছে ;

(খ) উক্ত হাসপাতালে ডাক্তার পাঠানোর জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ; এবং

(গ) ঐ হাসপাতালটির শয্যা সংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে তাহা কি এবং কবে নাগাদ কার্যকরী হইবে ?

**The Minister for Health :**

(ক) চার জন।

(খ) উক্ত খালি পদের মধ্যে দুইটি পূরণের জন্য দুইজন ডাক্তারকে নিয়োগপত্র দেওয়া হইয়াছে। বাকী পদ পূরণের ব্যবস্থা হইতেছে।

(গ) না।

## Scarcity of drinking water in Midnapore Central Jail

109. (Admitted question No. 649) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if the Government has of late received any complaint of acute scarcity of drinking water in the Midnapore Central Jail , and

(b) if so, the steps taken or proposed to be taken by the Government in the matter ?

**The Minister for Home (Jails) :** (a) Yes.

(b) Steps have been taken to dig three ordinary wells in the jail to supplement the existing arrangement of water supply as short term measure. A scheme for construction of one R. C. C. Reservoir for storage of water in the jail is also under active consideratoin of Government.

**Scheme for improving the existing conditions of jails**

110. (Admitted question No. 650.) **Shri Rajani Kanta Doloi** ; Will the Minister-in-charge of the Home (Jail) Department be please to state--

(a) if the Government has prepared any comprehensive scheme for improving the existing conditions in the jails in this State ; and

(b) (i) the details thereof and (ii) the time by which these are likely to materialise ?

**The Minister for Home (Jails)** : (a) and (b). The following measures have been/are being taken for improving the conditions of the existing jails :

(1) In order to relieve over-congestion in the jails two Special Jails—one at Berhampore and another at Chhatna—are being set up. They will be opened shortly.

(2) An intensive training programme of Warders is under active consideration of the Government.

(3) Steps have been taken for proper guarding of the perimeter walls, both inside and outside the jails. Some constructional improvements, like raising the perimeter walls, proper lighting, etc., are being undertaken.

(4) Disciplinary action is being taken against the officers and staff who were found to have committed excesses in tackling the situation in the jails.

(5) The strength of Jail Warders is being augmented.

**Calcutta State Transport Corporation**

111. ( Admitted question No. 656. ) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the amount of annual loss sustained, if any, by the Calcutta State Transport Corporation for the last two years ; and

(b) what is the share of loss of the State Government in this regard ?

**The Minister for Home (Transport) :** (a) Loss : 1970-71—Rs. 412·07 lakhs (estimated). 1971-72—Rs.467·81 lakhs (estimated).

(b) Calcutta State Transport Corporation being a body corporate is expected to meet its own loss. Since however, it is a public utility service, it has been kept going with ways and means advances of almost the entire amount of loss by the Government from time to time.

**Shortage of store materials in Calcutta State Transport Corporation**

112. ( Admitted question No. 658.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if the Government has received any report of huge shortage of store materials in course of audit and stock verification of the depots of Calcutta State Transport Corporation during the year 1967, 1968 and 1969 ;

(b) if so, the amount of loss sustained by Government on this account during the above period ; and

(c) the reasons of such huge shortage in the depots ?

**The Minister for Home (Transport) :** (a) Reports of net shortages though by no means huge, detected in course of audit and stock verification of the Calcutta State Tronsport Corporation depots have been received by the Calcutta State Transport Corporation in respect of the years mentioned.

(b) The position of shortage, excess and net shortage for the three years is as follows :--

| Year | Shortage Rs. | Excess Rs. | Net shortage Rs. |
|---|---|---|---|
| 1966-67 | 4,13,164 | 2,88,040 | 1,25,124 |
| 1967-68 | 2,28,650 | 1,61,901 | 66,749 |
| 1968-69 | 1,90,999 | 1,30,316 | 60,683 |

(c) Shortage and excess as recorded at the time of physical verification are due to the following reasons :

(1) Wrong posting and omission in posting due to clerical errors.

(2) Misplacement of stores.

(3) Handling losses.

## কলিকাতায় মাছের দর বৃদ্ধি

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৪) **শ্রীঅশ্বিনী রায়ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতায় মাছের দর বর্তমানে অত্যধিক বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Fisheries** :

(ক) হ্যাঁ।

(খ) মাছের সরবরাহ বৃদ্ধি করার জন্য "সেণ্ট্রাল ফিসারীজ কর্পোরেশন" মারফৎ বাংলাদেশ হইতে মাছ আমদানী করা সম্পর্কে সরকারী পর্যায়ে কথাবার্তা চলিতেছে। আশা করা যায় শীঘ্রই বাংলাদেশ হইতে মাছ আমদানী শুরু হইবে এবং মাছের দাম কমিবে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : I have received 5 notices of calling attention on the following subjects, namely :

(1) Lock out of Inchek Tyres Ltd. at Kankinara—from Shri Kumar Dipti Sengupta ;

(2) Purchase of a second hand cine-projector for the Murshidabad District Publicity Office—from Shri Md. Idris Ali ;

(3) Deplorable condition of the Bhagabangola Akheringunj Road-from Shri Mohammad Dedar Baksh ,

(4) Report of the Enquiry Commission set up by the State Government for the Calcutta National Medical Collage and Hospital from Shri Rajani Kanta Doloi ;

(5) Fire at Budbud Bazar in Burdwan District from Shri Aswini Roy,

I have selected the notice of Shri Kumar Dipti Sengupta on the subject of Lock-out of Inchek Tyres Ltd. at Kankinara.

The Hon'ble Minister in-charge may please make a statement on the snbject to-day if possible, or give a date.

Shri Gyan Singh Sohanpal : The reply will be given on Friday.

[ 3-00—3-50 p.m. including adjourment.]

## Mention Cases

**Mr. Speaker** : I would request honourable members not to take generally more than one minute or maximum two minutes to mention their cases.

**শ্রীসুধীর চন্দ্র দাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে একটা নূতন সমস্যা দেখা দিয়েছে সেই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে দু'একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে খুচরা টাকা পাওয়া যাচ্ছে না। টাকার খুচরা সব জায়গাতেই সংকট দেখা দিয়েছে। এটা বেশীদিন চলবে না বলে মনে হয়েছিলো কিন্তু এটা স্থায়ী হয়ে আছে। আমার এলাকায়, কাথী শহরে ৩।৪ দিন আগে পুলিশ এবং যুব ছাত্ররা চেষ্টা করে, সার্চ করে কয়েক মণ খুচরা পয়সা পেয়েছে। এটাকে মেটাল করে কোন জায়গায় বিক্রয় করার কোন কৌশল অবলম্বন করা হয়েছে বলে আমার মনে হচ্ছে। এটা অন্য রাজ্যে হচ্ছে কি না জানি না, দিল্লীতে কিছু হয়েছে বলে আমার এক বন্ধু বলেছেন। কিন্তু পশ্চিমবঙ্গের শহরে রাস্তায় যানবাহন চলাচলে, খরিদ বিক্রয়ের ক্ষেত্রে একটা অসুবিধা দেখা দিয়েছে। আমি এখানে সংশ্লিষ্ট যিনি মন্ত্রী আছেন, তাকে অনুরোধ করছি যে তিনি যদি এই বিষয়ে আমাদের জানান তাহলে পশ্চিমবঙ্গে এটা জানা যাবে এবং এ বিষয়ে আমরা একটা বিহিত ব্যবস্থা তাড়াতাড়ি অবলম্বন করতে পারবো এবং এর একটা প্রতিকারও হতে পারবে। যখন কাঁথীতে এই রকম কয়েক মণ খুচরা, হাজার হাজার টাকার খুচরা পাওয়া গেছে, তখন সব জেলা শহরে, মহকুমা শহরে এবং কলকাতায় নিশ্চয়ই এর কারবার চলছে এবং মেটাল করে এটা কি করা হচ্ছে সেটা আমরা জানতে পারছি না। সরকারী তরফ থেকে এই বিষয়ে নিশ্চয়ই দৃষ্টি আকর্ষিত হয়েছে এবং তারা এই বিষয়ে বিবৃতি দেবেন এবং কি ব্যবস্থা অবলম্বন করতে চাইছেন এবং কেন হচ্ছে, এটা জানালে খুব আনন্দিত হবো।

**শ্রীমনোরঞ্জন হালদার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের কাছে রাখছি এবং বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে গত ইলেকশান-এ বিভিন্ন নির্বাচনী জনসভায় আমরা গ্রামভিত্তিক শহর গড়ার প্রতিশ্রুতি দিয়েছিলাম এবং গ্রামের সর্বাংগিক উন্নতি করবো এই প্রতিশ্রুতি জনগণকে দিয়েছিলাম। ঘটনা হচ্ছে এই যে মফঃস্বল থেকে নির্বাচিত হয়েছি, সেখানে গ্রামে যে অবস্থা রাস্তাঘাটের অবস্থা, সেখানে টি. আর স্কীম বেশী করে চালু করা উচিত বলে মনে করি। আমি মগরাহাট কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। সেখানে ঘুরে ঘুরে দেখেছি যে যেখানে ৩০।৪০ টা করে টি. আর স্কীম চালু হওয়া উচিত সেখানে একটা, দুটো, ম্যাকসিমাম তিনটি করে টি আর স্কীম চালু হয়েছে। তাই, বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ যাতে বেশী করে টি আর স্কীম চালু করা যায় ঐসব কেন্দ্রে, রাস্তাঘাটের ব্যবস্থা করা যায় তার চেষ্টা করবেন। এবং ওখানকার অধিবাসী যারা তারা অত্যন্ত গরীব, তাদের কাজের মাধ্যমে যাতে রুজিরোজগার করতে পারে তার ব্যবস্থা করবেন এই অনুরোধ বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে করছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুরে জুডিশিয়াল এবং একজিকিউটিভ—এই দুটোকে আলাদা করা হয়েছে। রায়গঞ্জ মহকুমা, পশ্চিমদিনাজপুর জেলায় সেখানে জুডিশিয়াল ডিপার্টমেণ্টে মাত্র একজন বিচারক দেওয়া হয়েছে। এই জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট না থাকার দরুণ কোন মামলার বিচার হচ্ছে না, দিনের পর দিন প্রত্যেককে ডেট দেওয়া হচ্ছে। এর ফলে গ্রামের গরীব লোক যারা মামলায় পড়েছে তার আর্থিক ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং উকিল মোক্তার, এদের সুবিধা হচ্ছে। তাই, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে রায়গঞ্জে জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট-এর সংখ্যা বাড়িয়ে দিন যাতে গ্রামের লোকেরা এই অসুবিধা থেকে রক্ষা পায়।

**শ্রীনিতাইপদ ঘোষ** : মাননীয় স্পীকার, স্যার, আমি বীরভূম জেলার একটি জরুরী জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। চাষের মরশুম আগতপ্রায়। কৃষি বিভাগের সরকারী সারকুলার থেকে আমরা জানতে পেরেছি যে বলদ কেনার জন্য ৭৫ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত ঋণ ম্যাক্সিমাম ৬০০টাকা, সার কেনার জন্য একর প্রতি ২৭৫থেকে৪৭৫টাকা ঋণ দেওয়া হবে। এমনকি লেণ্ড ব্যাঙ্ক থেকে তাদের ঋণ দেবার জন্য জানানো হয়েছে। কিন্তু দুঃখের সংগে জানাচ্ছি ঋণ দেবার জন্য যে ইউনাইটেড কমার্সিয়াল ব্যাঙ্ককে নির্দিষ্ট করা হয়েছে বিভিন্ন চাষীর কাছ থেকে আমি কম্পলেন পেয়ে তার ম্যানেজারের সংগে দেখা করতে গিয়েছিলাম এবং তিনি সেই ঋণ দেবার অক্ষমতার কথা জানালেন। তিনি বললেন আমাদের লোক নেই, কাজে কাজেই আমরা টাকা দিতে পারব না। আমরা আগেও দেখেছি যে শীত পেরিয়ে গেলে গরীবদের কম্বল দেওয়া হত এবং চাষ শেষ হলে বীজ যেত। এবারে আমরা দেখছি সরকার থেকে কাগজে প্রচার চালানো হচ্ছে যে হালের বলদ কেনার জন্য ৭৫ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে লেণ্ড ব্যাঙ্ক থেকে, নলকূপের জন্য ৩ হাজার টাকা দেওয়া হবে এবং ২৫ একর পর্যন্ত জমির জন্য শতকরা ৯০ ভাগ বীজ, সার, ইত্যাদি বাবদ দেওয়া হবে। আমাদের বীরভূম জেলা একটি অনগ্রসর জেলা, সেখানে কৃষি ঋণের জন্য, সারের ঋণের জন্য। লোকেরা খুব ব্যস্ত হয়ে রয়েছে অথচ দেখা যাচ্ছে লেণ্ড ব্যাঙ্ক থেকে ঋণ দেবার ব্যবস্থা থাকলেও সেখানে ব্যাঙ্ক থেকে এখন পর্যন্ত টাকা দেবার কোন ব্যবস্থা করছেন না, নানা রকম অজুহাত দেখাচ্ছেন। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রি

মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে তিনি যেন অচিরে এই অব্যবস্থা দূর করেন এবং আগের মত তাদের আর যেন দুরবস্থায় পড়েতে না হয় সেটা একটু দেখবেন।

**শ্রীরামকৃষ্ণ বর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগণা জেলায় পর পর দু-বছর বন্যা হয়ে গেছে এবং সেখানে বহু ঘরবাড়ী বিধ্বস্ত হয়ে গেছে। আমি নির্বাচনের সময় গ্রামে গ্রামে ঘুরে দেখেছি যে সেখানকার সাধারণ মানুষ অত্যন্ত দুর্দ্দশার মধ্যে পড়েছে। তাদের ঘরের চালে খড় নেই, অন্য লোকের গৃহে আশ্রয় নিয়েছে এবং সামান্যমাত্র পাতার ছাউনি দিয়ে বাস করছিল আজ পর্যন্ত কিন্তু তাদের ঘর বাঁধার জন্য কোন ক্ষয়রাতি সাহায্যের ব্যবস্থা করা হয় নি। আমি বিভাগীর মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই বিশেষ করে আমরা যেস মস্ত এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সোনারপুর, দক্ষিণ ২৪-পরগণা প্রভৃতি প্রায় সমস্ত থানাতেই ঐ একই অবস্থা হয়েছে। সেখানকার বিস্তীর্ণ এলাকায় চাষাবাদ না হওয়ায়, খড়ের ছাউনি দিয়ে যে ঘর তারা তৈরী করে থাকে, ফসল না হওয়ায়, আদৌ খড় না হওয়ায়, সেই ঘরের ছাউনিতে কোন খড় নেহ, তারা অসহায়ের মত অবস্থায় বসবাস করছে। তাদের যাতে অবিলম্বে ক্ষয়রাতি সাহায্যের ব্যবস্থা করা হয় সেদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর এবং এই হাউসের অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি একটি জরুরী ব্যাপারের প্রতি। কলকাতার তারাতলা রোডে ইউনাইডে টায়ার কোম্পানীর মালিক গভর্নমেন্টের কাজ থেকে ১২।১৩ লক্ষ টাকা ধার নিয়েছেন। তারা তলায় তার যে টায়ার রিট্রেডিং-এর কারখানা রয়েছে সেই কারখানার পরিপূরক আর একটি কারখানা মধ্যপ্রদেশের রায়পুরে তৈরী করছেন এবং এই টাকা নিয়ে বাহিরে কারখানা তৈরী করে এখানকার কারখানা বন্ধ করে দেবার জন্য চক্রান্ত করে গত ফেব্রুয়ারী মাসে তিনি ক্লোজার নোটিশ দেন। গত ১১-৪-৭২ তারিখে শ্রম মন্ত্রীর উপস্থিতিতে উভয় পক্ষের বক্তব্য শুনে শ্রমমন্ত্রী নির্দেশ দেন যে স্পেশাল অফিসার অবনী বসু মহাশয় এবিষয়ে এনকোয়ারি করবেন এবং এই এনকোয়ারি যতক্ষণ শেষ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই কারখানার ষ্ট্যাটাস কুয়ো মেনটেন করা হবে কোন রকম যাতে ছাঁটাই না করা হয়। কিন্তু খুব আশ্চর্য্যের কথা যে এই তদন্ত না হওয়া পর্যন্ত এবং তদন্তের বিষয় নিয়ে অফিসার এখন পর্যন্ত তাদের কাছ থেকে খাতাপত্র, কাগজ পত্র কিছুই পান নি, অথচ গতকাল হঠাৎ মালিক ঐ কারখানার এক অংশের কাজ কর্ম বন্ধ করে দিয়ে প্রায় ১৬ জন শ্রমিককে ছাঁটাই করবার এক নোটিশ কারখানার গেটে টাঙিয়ে দিয়েছেন।

[ 3-10—3-20 p.m. ]

আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর দ্রুত হস্তক্ষেপ আমি অবিলম্বে দাবী করছি। কারণ তাঁর নির্দেশে, তাঁর বক্তব্যে নির্দিষ্ট অফিসার নিযুক্ত করা হয়েছে তদন্ত করবার জন্য তাঁর এইসবকিছুকে অগ্রাহ্য করে এই কোম্পানীর মালিকদের কি করে এরকম সাহস হয় এখানে শ্রমিকদের ছাটাই করে তাঁরা কারখানা বন্ধ করে দেন। আমি তাই মাননীয় স্পীকার মহাশয়, এই গুরুত্বপূর্ণ বিষয়টা—যখন চারিদিকে এইভাবে এখান থেকে কারখানা অপসারণের জন্য নানা কায়দায় চক্রান্ত করা হচ্ছে তখন ষ্টেট কর্পোরেশন থেকে টাকা দিয়ে, পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক থেকে টাকা ধার দিয়ে এখানে কারখানার এক্সপ্যানসান না করে এখান থেকে কারখানা সরিয়ে নিয়ে যাবেন, আর এখানকার শ্রমিক কর্মচারীদের ছাটাই করবেন এরকম একটা অন্যায় কাজের যাতে দ্রুত প্রতিবিধান করা হয় সেজন্য সংশ্লিষ্ট শ্রমমন্ত্রীর হস্তক্ষেপ অবিলম্বে দাবী করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** স্যার, এইসব যে মেনসান হয়, মন্ত্রীরা যে থাকেন না তাঁদেরকে খবর দেবেন যে এরকম মেনসান হয়েছে? পার্লামেণ্টারী এফেয়ার্সের মিনিষ্টার কি নোট নিচ্ছেন? Are you taking nots, Sir?

**শ্রীজ্ঞান সিং সোহানপাল :** I am here to represent them.

**শ্রীগীতা মুখোপাধ্যায় :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কোলকাতা শহরের জনসংখ্যার একটা দরিদ্র অংশের দুর্দশার বিষয়ে নজর আকর্ষণ করছি। এঁরা হলেন, কোলকাতা শহরের ৬০ হাজার ঠেলাওয়ালা। এই ঠেলা চললে পরে কোলকাতার মত বড় শহরের ট্রাফিকের অসুবিধা হতে পারে একথা সত্য এবং সেজন্য পিক আওয়ার্সে ঠেলা চলাচল সীমাবদ্ধ করা উচিত একথা সত্য। কিন্তু ১৯৬৫ সালে যে আইন করা হয়েছিল সেই আইন অনেক দিন এর আগে চালু করা হয়নি। সম্প্রতি এটা কড়া করে চালু করার ফলে এদের সমস্ত ব্যবসা'বাণিজ্য বন্ধ হয়ে যাবার অবস্থায় এসে পড়েছে। অথচ বাস্তবিকপক্ষে ঠেলা যে চলছে না তা নয়, কিন্তু চলতে হলে পুলিশকে কড়া ঘুষ দিতে হচ্ছে। এই অবস্থার মধ্যে এই ৬০ হাজার ঠেলাওয়ালার জন্য একটা কিছু ব্যবস্থা করা দরকার যাতে ট্রাফিক ক্ষতিগ্রস্ত না হয় অথচ এরা সস্তায় ট্রান্সপোর্ট দিতে পারেন। এটা বুঝে এবিষয়ে একটা ভায়া মিডিয়া বের করে উপযুক্ত বন্দোবস্ত করার জন্য আমি সংশ্লিষ্ট ট্রান্সপোর্ট মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি, আশা করি তিনি একটা ব্যবস্থা করবেন।

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, regarding the issue raised by honourable member, Shrimati Geeta Mukhopadhayay, Government is fully aware of the difficulties of these thelawallas. In fact, I am already on the job. There are some practical difficulties in pemitting them to do their business We are trying to find out some solution. As soon as we are able to do so they will be placed in a better position.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমানে জেলার অগ্রদ্বীপে একটি ধীবর সমবায় সমিতি আছে। তারা গত ১৮।৩।৭২ তারিখে একটা জলকর নিলামে ডেকে নেন সর্বোচ্চ দামে এবং তারজন্য বছরে যে ছ'শো টাকা সেটা তারা দিয়ে দেন। এটা হচ্ছে ১৮।৩।৭২ তারিখে রসিদ নম্বর ৬১০৯৭১। জে. এল. আর.ও. সেই টাকা নিয়ে নেন। কিন্তু আশ্চর্য্য ব্যাপার, ভাগরথীর এই বিস্তীর্ণ এলাকার জন্য যে এলাকায় এই ধীবরা রোজগার করে জীবিকা নির্ব্বাহ করে সেখানে সেই টাকা নেবার পরেও নিলামে সর্বোচ্চ ডাক হওয়া সত্বেও গত ১৫।৪।৭১ তারিখে সেই সরকারী কর্মচারী-জে. এল. আর. ও, একটা চিঠি দিয়ে বলে দেন যে আগের নিলাম বাতিল হয়ে গিয়েছে। আগামী ৬।৫।৭২ তারিখে আবার সেটার ডাক হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ধীবর সমবায় সমিতির একবার নিলামে সর্বোচ্চ দামে ডেকে নেওয়ার পরে এবং টাকা রিসিভ করার এক মাস পরে আবার সেটা বাতিল করে দিয়ে ৬।৫।৭২ তারিখে আবার এই যে ডাকা হচ্ছে তু-এর ব্যাপারটা কি? এই ধীবর সম্প্রদায় অত্যন্ত গরীব, দুঃস্থ। তারা ডি. এম., এ. ডি এম-এর কাছে দরখাস্ত করেছে কিন্তু এখনও কোন ব্যবস্থা হয়নি। কি করে আবার ৬।৫ তারিখে ডাক হবে, কোন রকম প্রশাসনিক গলদ এর পিছনে আছে কিনা জানি না। যে ডাকের জন্য একবার টাকা নেওয়া হয়েছে সেটা বাতিল করে দিয়ে পুনরায় ডাক ঘোষণা করার কোন এক্তিয়ার সরকারী কর্মচারীদের আছে কিনা এ সম্বন্ধে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের হস্তক্ষেপ দাবি করছি এবং এই বিষয়ে অবিলম্বে

অনুসন্ধান করে এই ডাক বাতিল করে আগে যে ডাক হয়েছিল সেই ডাক যাতে বহাল হয় তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীঠাকুরদাস মাহাতো:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মেদিনীপুর জেলার শালবনী থানার একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা বলতে চাই। শালবনী থানাতে দুটো শরণার্থী শিবির হয়েছিল, একটা জয়বাংলা ক্যাম্প বৃন্দাবনপুরে, আর একটা সোনার বাংলা ক্যাম্প ঝড়ভাঙ্গাতে। শরণার্থীরা চলে গেছে কিন্তু দুঃখের বিষয়ঐ ক্যাম্পগুলির রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা না হওয়াতে ওখানে যে সমস্ত ত্রিপল,এ্যাজবেসটস সিটগুলি রয়েছে সেগুলি চুরি যাচ্ছে। চুরি যাওয়ার জন্য একটা সুন্দর কৌশল বের করা হয়েছে—দুবার অগ্নিকাণ্ড হয়েছে, কিন্তু প্রকৃতপক্ষে এটা অগ্নিকাণ্ড নয়। আমার কাছেগোপন রিপোর্ট আছে যে শালবনীর এ্যাজবেসটার সিট,ত্রিপলগুলি ওপারে আনন্দপুরে চালান যাচ্ছে। কিছুদিন আগে রিলিফ এবং রিহ্যাবিলিটেসান দপ্তরের মন্ত্রিমহাশয় গিয়েছিলেন এবং উনি বলেছিলেন যে এই সমস্ত সিটগুলি যথাযথভাবে কাজে লাগান হবে এবং সেই ব্যাপারে তিনি জেলা শাসকের উপর দায়িত্ব দিয়েছিলেন। দুঃখের বিষয় আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা সাজেসান দিয়েছিলাম যে এই সমস্ত সিটগুলি যদি স্থানীয় এবং পাশাপাশি এলাকার প্রাইমারী স্কুলে লাগান যায় তাহলে খুব ভাল হয়। আমি এই বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হয়, এগুলি যাতে চুরি নষ্ট না হয়ে কাজে লাগান হয়।

**ডাঃ এ· এম· ও· গণি:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি কালকে দেখেছেন কলকাতার বৃহৎ অংশ এবং শিল্পাঞ্চল তিন ঘণ্টার জন্য টোটাল ব্ল্যাক আউট ছিল। ঘরের ভেতর আলো নেই, বাতাস নেই। সন্ধ্যার সময় সব জায়গায় যেখানে কাজের তাড়া, বাড়িতে রান্না হচ্ছে, পড়াশোনা হচ্ছে, হাসপাতালে ডাক্তারের কাজের তাড়া সেই সময় তিন ঘণ্টা কমপ্লিট ব্ল্যাক আউট। শিল্পাঞ্চলে যে ক্ষতি হয়েছে হুগলী নদীর দু'ধারে বাইশটা জুট মিলে যে উৎপাদন ক্ষতি হয়েছে তার পরিমাণ এক হাজার ছ'শো টন মাল, তার মূল্য প্রায় ষাট লক্ষ টাকা। কলকাতা ইলেকট্রিক সাপ্লাই বলছেন তাঁদের যে বিদ্যুৎ শক্তি আছে সেটা নেমে ১৪ অংশে দাঁড়িয়েছে এবং ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড বলছেন তাদের চারটি ইউনিটের মধ্যে দু'টি অকেজো হয়েছে। এই পরিপ্রেক্ষিতে যেখানে মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় বললেন যে সমস্ত পশ্চিমবাংলায় রুরাল ইলেকট্রিফিকেসান ব্যাপকভাকে করব সেখানে কিন্তু এটা অত্যন্ত শোচনীয় ব্যাপার। সেজন্য আমি বলছি যে একটা হাই পাওয়ারড এক্সপার্ট কমিশান অব এনকোয়ারী ঠিক করা হোক যাঁরা সমস্ত বিদ্যুতের ব্যাপারটা তদারক করে সরকারকে পরামর্শ দিন যে কি করা যেতে পারে।

(At this stage the House adjourned for half an hour.)

[ 3-50—4-00 p.m ]

**After Adjournment.**

## LEGISLATION

The West Bengal Apartment Ownership Bill, 1972.

**Shri Bholanath Sen :** Sir, I beg to introduce the West Bengal Apartment Ownership Bill, 1972.

( Secretary then read the title of the Bill )

**Shri Bholanath Sen :** Sir, I beg to move that the West Bengal Apartment Ownership Bill, 1972, be taken into consideration.

**শ্রীভোলানাথ সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা এসেছে এই কারণে যাতে মধ্যবিত্ত লোক, গরীব মানুষ যারা কোন বাড়ী তৈরী করতে পারে না, পয়সার অভাবে তাদের সুবিধার জন্য। এটা কোন বড়লোকের সুবিধার জন্য নয়। এখানে অনেক মাননীয় সদস্য জানেন এইরকমভাবে অনেক বাড়ী মহারাষ্ট্র, দিল্লী এবং কোলকাতায় হয়েছে। কিন্তু কোন জায়গায় সুবিধা হচ্ছে না। এজন্য যে municipal assessment বা tax অনেক বেশী থেকে যাচ্ছে। কারণ seperate municipal tax ধার্য্য করার উপায় নেই, কারণ বাড়ীর নম্বর নেই। সেখানে প্রত্যেকটা apartment আলাদাভাবে assessable করা হয়েছে যাতে প্রত্যেকটা apartment-এর value অনুসারে municipal tax হয় এবং যারা apartment owner আছে তারা যাতে কম tax দিতে পারে এবং বেশী tax-এর ভার তাদের উপর না পড়ে। দ্বিতীয় আর একটা জিনিষ হচ্ছে পশ্চিমবাংলার মধ্যবিত্ত লোক সাধারণভাবে বাড়ী করে টাকা ধার করে। অথচ এসমস্ত apartment যারা নিয়েছে এক লক্ষ, সোয়া লক্ষ, ৩০ হাজার টাকায় তারা কেউ এই বাড়ীর জন্য টাকা ধার করতে পারছে না। L.I.C. টাকা দেয় বাড়ী তৈরী করার জন্য। কিন্তু apartment কেনার জন্য কোন টাকা ধার দেয় না। তার কারণ কোন title থাকে না। এখানে এই title create করা হচ্ছে।

যার এ্যাপার্টমেণ্ট তাকে একটা ওনারশিপ দেওয়া হচ্ছে, এটাকে হেরিটেব্যাল প্রপার্টি করা হচ্ছে অর্থাৎ কিনা এ্যাপার্টমেণ্টের ওনার যিনি হবেন তিনি ইচ্ছা করলে এটা মর্টগেজ দিতে পারেন, ইচ্ছা করলে মর্টগেজ দিয়ে টাকা ধার করতে পারবেন এবং ইচ্ছা করলে এটা বিক্রি করতে পারবেন এবং ইচ্ছা করলে এটা ভাড়া দিতে পারবেন এবং যেভাবে সম্পত্তি প্রাসাদ হোক বা ছোটবাড়ী হোক কেনা-বেচা চলে বা মর্টগেজ চলে সেইরকম সুবিধা দেওয়ার জন্য এই এ্যাপার্টমেণ্ট বিল আনা হয়েছে। এতে আমাদের সুবিধা হবে যারা দরিদ্র মানুষ, যারা মধ্যবিত্ত যাদের সারা জীবনের পুঁজি ৭০ হাজার, ৮০ হাজার বা এক লক্ষ টাকা তারাও যাতে একটা বাড়ী পান এবং তাদের থাকবার আস্তানা জোটে এবং বেশী টাকা না দিয়ে সেইজন্য এই বিলটা আমরা আনছি। আপনি জানেন সব জায়গায় পরিবার পরিকল্পনার চেষ্টা সত্ত্বেও এমন হচ্ছে যে সংসার বেড়ে যাচ্ছে, লোক বেড়ে যাচ্ছে এবং কলকাতা শহরে স্থানের পরিমাণ কমে আসছে। সেইজন্য স্কাই স্ক্রেপার বা যাকে বলে মালটি ষ্টোরিড বিল্ডিংস উঠছে। আজকের দিনে গ্রোথ হচ্ছে ভার্টিক্যাল। ল্যাটেরাল গ্রোথের চেয়ে ভ্যার্টিক্যাল গ্রোথ বেশী। কারণ জমির দাম বেশী এবং খালি জমির পরিমাণ কমে আসছে। ক্রমশঃ স্লাম ক্লিয়ারেন্স যদি করতে হয় তাহলে দেখা যাচ্ছে সবচেয়ে ভাল উপায় হচ্ছে বস্তীগুলো ভেঙ্গে সেখানে আস্তে আস্তে বড় বড় বাড়ী করা এবং যারা স্লাম ডুয়েলারস তারা যাতে ওই সমস্ত বাড়ীতে থাকতে পারে। তবে এমন কথা বলি না যে স্লাম ডুয়েলারসরা সব সময় ওই এ্যাপার্টমেণ্ট কিনতে পারবেন। কিন্তু তাদের যদি সামর্থ হয় এবং তারা যদি কিনতে পারেন তারজন্য আমরা সজাগ থাকবো। এই যে বিলটা করা হচ্ছে তাতে এই সুবিধা হবে। আপনাকে একটা একজামপেল্ দিচ্ছি। যেমন আমাদের হাউসিং ডিপার্টমেণ্ট থেকে আপাততঃ ১১১২টা ফ্লাট বিক্রি করেছি মাণিকতলাতে, আর সি, আই, টি, থেকে ৫৫২টা ফ্লাট বিক্রি করেছে এবং কো-অপারেটিভ হাউসিং থেকে ৩৪০টা ফ্লাট বিক্রি হয়েছে। এগুলো বিক্রি হয়েছে বটে, কিন্তু প্রপার্টি রাইট টা হেরিট্যাবল নয়, এগুলো বিক্রি করা মুশকিল। এর এগেনেষ্টে সিকিউরিটি ডেপোজিট বা মর্টগেজ দিতে পারবেন না, এর এগেনষ্টে লোন দেওয়া যাবে না। সেখানে এই difficulty আছে। আরও হাউজিং ডিপার্টমেণ্টের এ্যাপার্টমেণ্ট আণ্ডার কনষ্ট্রাকসন্ আছে। সেটা হচ্ছে এক হাজার ৩২টা ফ্লাট এবং কো-অপারেটিভ হাউজিং আছে ২৯৯টা ফ্লাট। আর এ্যাপার্টমেণ্ট যার জন্য ডিজাইন,

প্লান, এসটিমেট আণ্ডার প্রিপারেশান, ওয়ানটিং স্যাংসান আছে আমাদের ডিপার্টমেন্টের হলো ১৭৩২টা ফ্লাট, আর. সি. এম. ডি. এর হলো সাত হাজার পাঁচশো ফ্লাট। এইরকম সব মিলিয়ে নয় হাজার চারশো ফ্লাট আণ্ডার কন্সট্রাকসান আছে। এই সমস্ত প্রপার্টি যেভাবে সেল হয় তাতে দেখা যায় নর্মালি একখানা ডকুমেণ্ট করে দেওয়া হয় এবং সেই ডকুমেন্টের ট্যান্সফার অব প্রপার্টি আ্যাক্ট অনুযায়ী কোন দাম নেই, এগ্রিমেণ্ট ছাড়া তার এগেনষ্টে কোন লোন পাওয়া যাবে না, এ্যাসেসমেণ্ট হবে না। গরীব অথবা অপারগ হয়ে ইমারত না করে ফ্লাট তৈরী করতে হচ্ছে, কিন্তু এদের কোন সুবিধা হচ্ছে না। সেই সুবিধা করার জন্য এই বিল। এই বিল আনার একটা সুবিধা হচ্ছে আমাদের মহারাষ্ট্রে এইরকম এ্যাকটা এ্যাক্ট আছে। সেই এ্যাক্টের সুযোগ আমরা পেয়েছি এবং মহারাষ্ট্রের এ্যাক্টের সুযোগ পেয়ে আমাদের কাজের সুবিধা হয়েছে। তবে মহারাষ্ট্র এ্যাক্ট থেকে আমরা অনেক জিনিষ বাদ দিয়েছি। তার কারণ সেইগুলো এখানে বিশেষ কার্যকরী হচ্ছে না এবং সেগুলো নিলে আননেসেসারী কমপ্লিকেটেড হয়ে যাবে। যদি কাজটা তাড়াতাড়ি করতে পারি, এবং যদি ফ্লাট তাড়াতাড়ি করতে পারি, যদি ফ্লাট করি তাহলে যাতে তাড়াতাড়ি টাইটেল দিতে পারি, তারা যাতে হেরিটেব্যাল টাইটেল পান সেইজন্য এই বিল এই সেসানে এনেছি। আপনারা এই বিলটা পাস করলে যাঁরা উপকৃত হবেন তাঁরা হলেন দরিদ্র লোক অথবা কিছু কিছু মধ্যবিত্ত।

[ 4-00—4-10 p.m. ]

এবং আমরা দেখতে পাচ্ছি যে যদি এই বিলটা হয় তাহলে হাইয়ার পার্চেজের দিক থেকে খুব সুবিধা হবে কারণ আমাদের দেশে বহু লোক আছেন যারা একসঙ্গে টাকা দিতে পারেন না, তারা হায়ার পার্চেজ করতে পারবে এবং আর একটা জিনিস হল এই যে হাউস বিল্ডিং লোন অনেক সময়ে পাওয়া যায়। তারা হাউস বিল্ডিং লোনটা এর এগেনষ্টে পাবেন এবং অনেক এমপ্লয়ার, আমার সঙ্গে দু একজনের কথাও হয়েছে, তারা তাদের কর্মচারাদের হাউস বিল্ডিং যেটা দেয়, আপনারা হয়ত জানেন অনেক কোম্পানী দেয় কম সুদে তাদের এ্যাপার্টমেণ্ট যদি হেরিটেব্যল হয় তাহলে কম সুদে এ্যাপার্টমেন্টের এগেনষ্টে তারা দিতে রাজী আছে। এই আশা করে আমি এই বিলটা প্রণয়ন করতে চাচ্ছি যাতে যত শীঘ্র সম্ভব এই হায়ার পার্চেজ স্কীমটা এফেকটিভ করতে পারি এবং হেরিটেব্যাল প্রপার্টি দিতে পারি এবং কর্পোরেশন, মিউনিসিপ্যাল এ্যাসেসমেন্টের হেভী বার্ডেন থেকে যাতে তাদের উদ্ধার করা যায় সেজন্য এই বিল।

**Mr. Speaker:** There is one motion for circulation by Shri Puranjoy Pramanik. I now call upon Shri Puranjoy Pramanik to speak.

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** Sir, I am not moving my amendment. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী এ্যাপাটমেণ্ট ওনারসীপ বিলটি বিধানসভায় পেশ করলেন। তাঁর বক্তব্য শোনার পর আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করতে চাই না, তবে আমি আমার বক্তব্য কিছু রাখব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী বা গৃহ নির্মাণ মন্ত্রিমহাশয়, যে বিল এখানে উত্থাপিত করলেন তা অত্যন্ত সময়োচিত বিল। আজকের দিনে সাধারণ মধ্যবিত্ত তারা নিজ গৃহ নির্মাণ করে বসবাস করবে এটা কল্পনার অতীত হয়ে দাঁড়িয়েছে কেননা এখন গৃহ নির্মাণের যে মাল মশলা এবং তার সাজ সরঞ্জামের যা দাম বেড়ে গেছে তাতে দেখা যায় যে এখানকার মধ্যবিত্ত সম্প্রদায় বিশেষ করে যারা চাকুরীজীবি তাদের পক্ষে একটা গৃহ নির্মাণ করে নিজ গৃহে বাস করা

খুবই কষ্টকর ব্যাপার হয়েছে। এখন এই বিলে দেখা যাচ্ছে যে সমস্ত বৃহৎ অট্টালিকা তার মধ্যে যে এ্যাপার্টমেণ্ট মানে সামান্য জায়গা তারা সংগ্রহ করে নিজের মনোমত এবং আর্থিক সঙ্গতি অনুযায়ী বাড়ী তৈরী করবেন এবং তাতে তাদের ইনহেরিটেবাল মানে পুরুষানুক্রমে ভোগ দখলের ব্যবস্থা থাকবে এবং ভোগ দখলের এবং হস্তান্তর ইত্যাদির অধিকার থাকবে—সেজন্যই এই বিলকে আমি স্বাগত জানাচ্ছি। আর এই বিলটা নূতন বিল। সেজন্য এই বিলের ধারা উপধারা সম্বন্ধে আমি বিশদ আলোচনা করতে চাই না, শুধু এটুকু বলতে চাই আবশ্যক হলে এই বিলের সংশোধনী আনা যাবে এবং দু-একটি ধারা সংযোজন করা সম্ভব হবে। তবে এই বিল-এর সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা না বলে পারছি না সেটা হচ্ছে সাধারণ মধ্যবিত্ত পরিবারের অধিকাংশ লোক যারা শহরে এবং গঞ্জ এলাকায় বাস করে তাদের ভাড়া বাড়ীতে বাস করতে হয়। যারা এই ভাড়া বাড়ীতে বাস করে এবং যারা গৃহ নির্মাণ করে ভাড়া দিয়ে জীবন ধারণ করেন সেই ভাডা ভোগ করে আমার কথা হচ্ছে এই যারা ভাড়াভোগী লোক তাদের কাছ থেকে এই আইনের মধ্যে বাড়ীগুলিকে নেবার জন্য একটা ব্যবস্থা করা উচিত যাতে যারা ভাড়াটিয়া যারা ভাড়া দিয়ে বাস করে তারা এই বাড়ীর মালিক হতে পারে। যদি কিস্তীর সংগে মানে বাড়ীভাড়ার সংগে তাদের একটা কিস্তী করে দেন তাহলে পরে দেখা যাবে কিছুদিন পরে তারা হয়ত ঐ আপার্টমেন্টের মালিক হতে পারেন সম্ভবত। যেমন দেখা যাচ্ছে পরিবহণ সংস্থায় এই রকম হাইয়ার পার্চে‍জ স্কীম চলছে, এখানে যারা ভাড়াভোগী লোক তাদের যদি এই বিলের আওতার মধ্যে আনেন, এনে যারা ভাড়াটিয়া আছেন তাদের যদি এইভাবে সুযোগ দেওয়া হয় তাহলে মনে হয় এই বিলের উদ্দেশ্য আরো সার্থক হবে।

এবং আমি আর একটা কথা আপনার কাছে নিবেদন করবো, এই যা জানা হয়েছে তাতে ভাড়াটিয়াদের সুযোগ দিচ্ছেন। এবং আজকাল দেখতে পাচ্ছি সহরে বা গঞ্জ এলাকায় কিছু কিছু লোক আছে যারা ছোটখাটো বাড়ী ভাড়া দিয়ে একটা উপনিবেশের মত ব্যবস্থা করে নিয়েছে। তাই নয়, সেখানে দেখতে হবে যে সত্যিকারের জায়গা যখন দিচ্ছেন তাদের সঙ্গে ভাড়াটিয়াদের একটা সম্পর্ক স্থাপন করবেন যাতে সকলের সুবিধা হয় তার ব্যবস্থা করা উচিত। কারণ আমি দেখছি যে মধ্যবিত্ত সম্প্রদায়ের নিজের ঘরে বাস করবার সাধ কি সাধ্য নেই। সেই সুযোগ এই বিলের মধ্যে করে দেওয়া হচ্ছে এবং যার জন্য ভাড়াটিয়াদের সুবিধা হবে এবং যারা মধ্যবিত্ত সম্প্রদায়, এতদিন আশা করে নি তাদের এই আশা নিরাশা থেকে রক্ষা করতে পারবেন। আমি আবার আপনার কাছে এই নিবেদন করে এই বিলকে স্বাগত জানাচ্ছি এবং এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহোদয় যে উদ্দেশ্যটা বলে গেলেন, এই বিল রচনার উদ্দেশ্যটা পড়লে বোঝা যাবে ভাল। কিন্তু বিলের মধ্যে যদি দেখা যায় তাহলে সেই উদ্দেশ্যকে সফল করতে হলে যে ধরণের বিল আসা উচিত ছিল সেই ধরণের বিল আসেনি। এবং আমরা স্বভাবতঃই প্রগতিশীল গণতান্ত্রিক সরকার, আরো এখন প্রগতির দিকে যাবো, কেউ বা এখানে গণতান্ত্রিক সমাজবাদে বিশ্বাসী, আমরা আবার বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী, আজকে এই বিলের ক্ষেত্রে অনেকেই বলবেন যে এই সরকার একটা বলিষ্ঠ পদক্ষেপ করলেন। আমরা এতটা বলি না। এটা নিশ্চয়ই পদক্ষেপ কিন্তু কোন দিকে? স্বাধীনতা পাওয়ার পর প্রত্যেক মানুষেরই একটা চাহিদা ছিল, যেটাকে বলা যায় একটু মাথা গুঁজবার ঠাঁই। যাইহোক, পুরুষানুক্রমে মানুষ কলকাতায় আছে বা শিল্প নগরীতে আছে যাদের কোন বাড়ীঘর

নেই। আজকে শুধু এক পুরুষই নয়,পুরুষানুক্রমে সেইশিল্প নগরীতে আছে, বাবা চাকরী করে গেল তারপর ছেলে চাকরী করছে অথচ বাড়ী নেই। অর্থাৎ এই মন্ত্রিমহাশয়ের নিজের বাড়ীর ধারে যেশিল্প-নগরী খড়্গপুর, সেখানে ৪।৫ জেনারেশন লোকে রেলে কাজ করছে অথচ এইসব লোকদের বাড়ী নেই। এখানে সব নূতন নূতন বাড়ী উঠছে ব্যক্তিগত মালিকানায়। সুতরাং তাঁর এই উদ্দেশ্যকে সমর্থন করছি। উদ্দেশ্যকে সমর্থন করতে গিয়ে দেখছি যে সরকার নিজের উদ্দেশ্যে এই জিনিসগুলি করবেন কিনা। এখানে একটা আশংকা দেখছি। কারণ সমাজতন্ত্র যতগুলি দেশে হয়েছে, অন্যান্য দেশে সমাজতন্ত্র যত দেশে এসেছে, সেখানে সমস্ত সমস্যার ফার্ষ্ট প্রাইরোরিটি, সুপার প্রাইয়োরিটি দেওয়া হয়েছে বাড়ী তৈয়ারী ক্ষেত্রে। অবশ্য মাননীয় মন্ত্রিমহাশয় নিজেও এইসব জানেন,সোভিয়েট ইউনিয়নে এই বাড়ীর ক্ষেত্রে শতকরা ৯৫ জন লোককে এই বাড়ী করে দেওয়া হয়েছে। আমাদের দেশে তা নেই। কলকাতায় শতকরা ২১ জন লোকের বাড়ী আছে, বাকী যে ৮০ ভাগ লোক তাদের বাড়ী নেই। কাজেই সমস্যা এইখানে। সেইদিক থেকে আগে যে সরকার ছিল সেই সরকারেরও অনেকগুলি স্কীম ছিল কিন্তু এখানে যে তথ্য দিয়েছেন তাতে কোন্ স্কীমে এই ফ্ল্যাটগুলি করছেন? মাণিকতলায় ফ্ল্যাট করেছেন, সি, আই, টি,তে ফ্ল্যাট আছে, কোন্ স্কীমে এই ফ্ল্যাটগুলি করবেন;

[ 4-10—4-20 p.m. ]

এটা আমি জানি যে গভর্ণমেণ্ট হাউসিং স্কীম-এর সঙ্গে এই বিলটা মিলে যাচ্ছে। যেখানে অথরিটি কথাটা ডিফাইন করেছেন সেখানে দেখছি হাউসিং এষ্টেট ম্যানেজার, ডিরেক্টার অব হাউসিং বলছেন, এই হাউসিং স্কীমে যে সমস্ত ঘরবাড়ী হবে সেগুলির ওনারশিপ দেওয়ার প্রশ্ন উঠবে। এখন আরও পরিষ্কার করলে সেটা ভাল হত। এই হাউসিং স্কীমের ভিতর বহু জায়গায় আছে, কলকাতায়, বেহালায়, কল্যাণীতে এবং দুর্গাপুরে এই সমস্ত বাড়ীগুলি আছে এবং বহুদিন ধরেই আছে, অথচ সেখানে কাউকে তা বিলি করা হয়নি। লোকে অবশ্য দুই একটি ক্ষেত্রে বাস করছে। এই ধরণের এ্যালটমেণ্টগুলির ওনারশিপ দিতে গেলে এই জিনিষগুলি ভাবতে হবে। সেজন্য বলছি ওনারশিপ দেবার ব্যাপারে একটা পূর্ণাঙ্গ বিল আনলে ভাল হত, কোন ক্ষেত্রে ওনারপিশ দেবেন. হাউসিং স্কীমের ভিতর যে বাড়ীগুলি আছে গভর্ণমেণ্টের, কলকাতার কিছু বাড়ীওয়ালা নিজ নিজ নামে এগুলি বন্দোবস্ত নিয়ে তার সাব টেনান্সী দিয়েছে অন্য লোককে, অন্য লোককে ভাড়া দিতে সুরু করেছে, যে লোক সেখানে বসবাস করছে তার নামে কোন এ্যালটমেণ্ট নাই। এই যে এ্যানোম্যালি, যে টেনাণ্ট সেখানে বাস করছে না যার নামে বাড়ী সে ওনারশিপ পাবে এগুলি ভাল করে ইনভেষ্টিগেট করা উচিত। সেদিক থেকে এই বিলের মধ্যে এমন একটা অধিকার রাখবেন যাতে এই বাড়ীগুলির মধ্যে যারা বাস করছে তার এই বাড়ীগুলি পাবার উপযুক্ত কিনা সেটা দেখা হয়, সেটা বিচার বিবেচনা করার কোন প্রভিশন এই বিলের মধ্যে রাখেননি। অবশ্য মাহারাষ্ট্রে এর আগে যে বিল করেছে, তাতে ত্রুটি বিচ্যুতি আছে অনেক, আমরা অবশ্য অনেক কথা বলিনি, বললে মহারাষ্ট্রের বিল অনুযায়ী বিল আনলে বা কপি করলে অসুবিধা হত, মন্ত্রিমহাশয় ভাল কাজই করেছেন সেই বিল অনুসারে বিল না এনে।

দ্বিতীয় কথা হচ্ছে এই বাড়ীটা যখন দেবেন তখন দেখতে হবে সে বাড়ীটার লাইফ বা লঞ্জিভিটি কত? আমি একটা বাড়ীতে থাকি, কিছুদিন পরে সেই বাড়ীটার ওনারশিপ পাব কিন্তু সেই বাড়ীটার জন্য আমি যখন রেজিষ্ট্রেশন এ্যাক্ট অনুযায়ী ডিড করব, টাকা দেব, সেই বাড়ীটার

লঞ্জিভিটি পরীক্ষা করার কোন প্রভিশন নাই। আমার এ আশঙ্কা কোথা থেকে আসছে? এই ধরনের বাড়ী তৈরী করে অনেক কণ্ট্রাক্টার, সেগুলি ডিপার্টমেণ্ট থেকে পরীক্ষা করে দেখা যায় যে স্পেসিফিকেশন অনুযায়ী করা উচিত ছিল যে মেটিরিয়েল দেওয়া উচিৎ ছিল তার চেয়ে অনেক খারাপ জিনিষ দিয়ে সেগুলি তৈরী হয়। এই বাড়ীগুলি গরীব মানুষেরা নিয়ে হয়ত দেখা গেল কিছু দিন পর সেই বাড়ীটা পড়ে গেল, এইরকম ঘটনা ঘটেছে। মাননীয় মন্ত্রিমাশয় নিজেও জানেন যে সরকারী বাড়ীগুলি কণ্ট্রাক্টাররা করে, যেমন বর্ধমানের বি টি কলেজ, পাঁচ লক্ষ টাকা খরচ করে বিল্ডিংটা তৈরী হল কিন্তু সেই বিল্ডিং আজকে বসবাসের অনুপযুক্ত। সেজন্য আইনে একটা প্রভিশন রাখা উচিৎ ছিল যাকে ওনারশিপ দিচ্ছেন তার একটা অধিকার থাকবে টু এক্জামিন হুয়েদার ইট ইজ উইদিন দি স্পেসিফিকেশন এবং তার লঞ্জিভিটি কত, এই ধরণের একটা জিনিষ থাকা উচিৎ। কেন আমি এই কথাটা বলছি? বাড়ীটার ওনারশিপ নিবার আগে তিনি বলেছেন অল এনকাম্ব্রেন্সেস, বাড়ীর যদি কোন ট্যাক্স বাকী থাকে বা কোন গর্ত থাকে তাহলে সেই ট্যাক্স দিয়ে দিতে হবে বা গর্ত পূরণ করে দিতে হবে, তার এই দায় দায়িত্ব থাকবে ওনারশিপ যখন আমার কাছে এল আমার কিন্তু কোন অধিকার থাকছেনা এই বাড়ীগুলির জীবনীশক্তি সম্বন্ধে সাধারণতভাবে মূল্যায়ন করার।

এই ধরণের অনেক বাড়ী আপনারা তৈরী করেছেন যদিও সেটা নগন্য। উনি বললেন নয় হাজার ফ্ল্যাট তৈরী হবে। এই ফ্ল্যাট নিশ্চয়ই তৈরী হওয়া উচিৎ কারণ কোলকাতার প্রায় ৮০ ভাগ লোকের বাড়ী নেই, ইনডাস্ট্রিয়াল শহরে বাড়ী নেই। সরকারী পয়সাতে বাড়ী করে দেওয়া হচ্ছে শিল্পপতিদের ইনডাষ্ট্রিয়াল হাউসিং স্কীমে এবং তাঁরা সেটা কর্মচারীদের দিচ্ছেন। এই যে টাকা ব্যয় করা হবে সেখানে আমাদের একদিকে ভাবতে হবে ওই মালিকদের সাহায্য করবার জন্য বা ওয়ার্কারদের বাড়ীদেবার জন্য আমরা বাড়ী করছি এবং অপর দিকে ভাবতে হবে জনসাধারণ যাঁরা বাড়ী পাচ্ছেননা তাঁদেরও বাড়ী দেবার প্রয়োজনীয়তা আছে এই যে দুটো অবস্থা সেটা তুলনা করে আগামী দিনে কি পরিমাণ বাড়ী জনসাধারণকে দিতে পারব সেদিকে যেন মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন। দুর্গাপুর ইনডাষ্ট্রিয়াল হাউসিং স্কীমে অনেক বাড়ী হয়েছে এবং অনেক কোম্পানী সেই বাড়ীগুলি লিজ নিয়ে তাদের কর্মচারীদের দিয়েছে। কর্মচারীরা সেখানে সস্তায় থাকতে পারছে, ইলেকট্রিসিটির ফ্যাসিলিটি পাচ্ছে, জলের খরচ কম হচ্ছে অর্থাৎ নানা রকম সুবিধা তারা পাচ্ছে। সরকার যদি এইসব ইনডাষ্ট্রির মালিক হতেন তাহলে আমি বলতাম না যে একাজ করা ঠিক নয়। যখন গভর্ণমেণ্ট ইটসেল্ফ বিকামস এ্যান এমপ্লয়ার তখন নিশ্চয়ই এটা সরকারের দায়িত্ব। কিন্তু ওই স্ট্যাংকি হুইলস, ইণ্ডো অ্যামেরিকান্‌স, ইণ্ডিয়া কার্বন প্রভৃতি যে সমস্ত ব্যক্তিগত মালিকানা আছে সেই সমস্ত ব্যক্তিগত মালিকানাকে সাহায্য করবার জন্য সরকারের বাড়ী করবার যে স্কীম আছে আমার মনে হয় সেটা বন্ধ করে কমনম্যানের জন্য প্রত্যেক ইনডাষ্ট্রিয়াল এলাকায় যাতে বাড়ী তৈরী হয় সেই স্কীম আনা উচিৎ এবং সেই হিসাবে এই আইন তখনই পূর্ণাঙ্গ হিসাবে আনা দরকার। যাহোক, এটা একটা দ্রুত পদক্ষেপ নাহলেও এটা একটা পদক্ষেপ এবং সেদিক থেকে বর্তমান অবস্থায়ে এরপর আমরা কি পরিমাণ বাড়ী দিতে পারব সেটা চিন্তা করা দরকার। এই বিল পূর্ণাঙ্গ নাহলেও এবং ত্রুটি থাকলেও নানা কারণে আমি এই বিলকে সমর্থন করি। আমি আমার বক্তব্য শেষ করবার আগে আর একটা কথা যা বলতে চাই সেটা হচ্ছে এই বাড়ী কেনার সময় আপনারা একটা জিনিসের প্রতি লক্ষ্য রাখবেন এবং সেটা হচ্ছে এই বাড়ীগুলি যখন কেনা হবে তখন হয়ত দেখা যাবে সেই বাড়ীতে যিনি ভাড়াটিয়া হিসেবে আছেন তিনি হয়ত মাসিক ৫০ টাকা বা ১০০ টাকা দেন এবং তিনি যে ভাড়া দিয়েছেন

তাতেই তাঁর টাকা শোধ হয়ে গেছে। অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে সরকার যেন এটাকে প্রফিট সিকিং হিসেবে না দেখে সাবসিডাইস্‌ড রেটে যাতে জনসাধারণকে দেওয়া যায় সেকথা ভাবেন এবং ভবিষ্যতে যখন রুলস্‌ তৈরী হবে তখন যেন একথাটা ভাবেন। একথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল এ্যাপার্টমেণ্ট ওনারসিপ বিল, নাইনটিন সেভেণ্টি টু যেটা আনা হয়েছে এবং মাননীয় উত্থাপক এর যে উদ্দেশ্যে বর্ণনা করেছেন তাতে আমি এই বিলকে সম্পূর্ণ সমর্থন করেছি। বর্তমানে শহরাঞ্চলে যে গৃহ সমস্যা দেখা দিয়েছে এবং বিশেষ করে যারা দরিদ্র শ্রেণীর মানুষ, যারা গৃহহীন মানুষ তাদের সংখ্যা বিরাট হওয়ায় তাদের যে গৃহ সমস্যা দেখা দিয়েছে তার সুষ্ঠু সমাধানকল্পে এই বিল একটা বিরাট প্রগতিশীল পদক্ষেপ বলে আমি মনে করি এবং সেইজন্যও আমি এই বিলকে সমর্থন করছি।

[ 4-20--4-30 pm. ]

কিন্তু এই বিলকে সমর্থন করেও, এই বিল যে উদ্দেশ্যে আনা হয়েছে, সেই উদ্দেশ্য পুরোপুরি স্বার্থক হবে কিনা, এই প্রশ্নের অবকাশ আছে এবং যে উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে তাকে চরিতার্থ করবার জন্য এই বিলটা সম্পূর্ণরূপে স্বাথক একং সম্পূর্ণ নয় বলে আমার মনে একটা ধারণা সৃষ্টি হয়েছে। আমরা জানি এই যে বিলের আইনে যে ফাঁক আছে, তার মধ্যে দিয়ে যাদের পয়সা আছে, যারা অফিসার বাবুদের সঙ্গে খাতির করতে জানেন, যারা তদ্বির করতে জানেন, যারা ধুরন্ধর, তাদেরই এইসব ফ্ল্যাটগুলি পাবার সুযোগ বেশী। এই আইনের ফাঁকের মধ্যে তা রয়েছে। যারা সত্যকারের গৃহহীন, যাদের সত্যকারের ফ্ল্যাট পাওয়া উচিৎ, সেই সমস্ত দরিদ্র মানুষকে উনি ফ্ল্যাট দিতে চেয়েছেন, কিন্তু এই ফ্ল্যাট তাঁরা পাবেন কিনা আমার সন্দেহ আছে। আমার সন্দেহ হচ্ছে এইজন্য, আরও বেশী করে এই ফ্ল্যাটগুলি পেতে হলে এবং বর্তমানে যে সমস্ত ব্যবস্থা আছে, তাতে আমরা পরিষ্কার জানি, এই হাউজিং এসটেটে একটা ফ্ল্যাট পেতে গেলে, যে পরিমাণ অফিসে দৌড়াদৌড়ি করতে হয় এবং যে পরিমাণ হারে অফিসার বাবুরা ঘোরান, তাতে একটা সাধারণ মানুষের পক্ষে, ঐ সব বেড়া ডিঙ্গিয়ে ঐ সব গেট পেরিয়ে ঐ ফ্ল্যাট পাওয়া একটা কঠিন ব্যাপার। শুধু তাই নয় আমি উত্থাপক মহাশয় মাননীয় পূর্তমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করতে চাই, আপনারা যে ফ্ল্যাট বিলি করছেন, সেই সব ফ্ল্যাট বিলি করার ব্যাপারে কলকাতায় যে সমস্ত বেআইনী আদান প্রদান হয়, তা জানেন কিনা জানি না, না জানলে আপনার দৃষ্টিতে রাখছি। আমরা জানি কলকাতা বা কোন শহর এলাকাতে কোন জমি বা বাড়ী কিনতে গেলে সেলামী দিতে হয়, দক্ষিণা দিতে হয়, তেমনি আপনার হাউজিং ষ্টেটেও ফ্ল্যাট পেতে গেলে আপনার বড় কর্তাদের এই ডিপার্টমেণ্টের অনেক অফিসারকে দক্ষিণা দিতে হয় এবং তা না দিতে পারলে—সেলামী না দিলে কোন আবেদনকারী ঐ ফ্ল্যাটের কাছাকাছি যেতে পারেন না। এই ব্যাপারটা আপনাকে জানাচ্ছি। এ সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলে উত্তরাধিকার সূত্রে, পুরুষানুক্রমে আপনি সর্ত দিচ্ছেন ভাল কথা, কিন্তু সর্ত যখন দিচ্ছেন, তখন এই যে ফ্ল্যাট নেবে, তাকে দলিল দেওয়া হবে, বা, Co-operative or associationএর certificate দেওয়া হবে, এ সম্বন্ধে কোন উল্লেখ নেই। আমরা জানি যদি Registered deeds না দেওয়া হয়, তাহলে কোন Bank বা কোন department থেকে বা অন্য কোন জায়গা থেকে যে loan পাওয়া যায় সেই loan পাওয়া যাবে না। সুতরাং Registered deeds যাতে দেওয়া হয় এবং শুধু

একটা membership certificate or মালিকানা সমিতির certificate দিয়েই যেন কাজ শেষ করা না হয় এবং Registered deeds যাতে ক্রেতারা পেতে পারেন, সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে আর একটা জিনিস বলতে চাই, আপনি বলেছেন পুরুষানুক্রমে ভোগ দখল করবে, হস্তান্তর করতে পারবে, ভাড়া দিতে পারবে। আমি একজন টাকার মালিক, আমি একটা flat এখানে কিনে ভাড়া দিলাম, আবার আর একটা flat বেহালায় কিনে ভাড়া দিলাম, মানিকতলায় একটা কিনে ভাড়া দিলাম, এই সুযোগ এই বিলে আছে, সুতরাং মাননীয় উত্থাপক মহাশয়কে মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, কেন যাদের অর্থ, সামর্থ আছ তারা যেন এই আইনের ফাঁকে একাধিক flat ক্রয় করতে না পারে, এরজন্য যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আমি আশঙ্কা করছি, আমাদের এই Houseএ সহরের সম্পত্তির সীমা বেঁধে দেওয়ার জন্য প্রস্তাব পাশ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। আজকে apartment ownership বিল পাশ হচ্ছে, আমার আশঙ্কা হচ্ছে এইসব সহরে যেসব ধুরন্ধর চূড়ামণিরা আছেন যারা শোষণ করেন, যারা অন্যকে বঞ্চনা করেন, তারা এই apartment ownership বিলের সুযোগ নিয়ে তাদের অনেক বাড়ীকে এই ধারায় আপনি বলেছেন ১০ ধারায়, যদি কোন বাড়ির মালিক Statement করে, তাহলে সেই বাড়ী এই বিলের আওতায় আসবে এখন এ হতে পারে মাননীয় বিড়লা সাহেব যদি তার কতকগুলো বাড়ী এইভাবে নিজেদের লোকেদের নামে ১০ ধারায় রিপোর্ট করে বেনামী করেছেন, তাহলে আপনি কি ভাবে ঠেকাবেন ?

সুতরাং এই বিলটা সেদিক থেকে স্বয়ংসম্পূর্ণ মনে হয় না। এই বিলের উত্থাপক মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি এই সম্পর্কে আকর্ষণ করছি। গতকাল সহরের সম্পত্তির সীমা নির্ধারণ করে বিল পাস করেছি। আজ এই Apartment বিল পাস করছি। এ সম্পর্কেও দিল্লীতে আইন পাস হবে। যাতে কোন ঋণী ব্যক্তি তার কোন সম্পত্তি ও বাড়ী বেনামী করে সরকারকে ফাঁকি দিতে না পারে সেদিকে সতর্ক থাকার জন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি ও এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তী**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রনাথও এই কলকাতা মহানগরীর বাসিন্দা ছিলেন। তাই বোধহয় কোন একদিন কলকাতায় বাসা সমস্যা লক্ষ্য করে এই কবিতাটা লিখেছিলেন—

"বহুদিন মনে ছিল আশা
ধরণীর এক কোণে
রহিব আপন মনে
ধন নয়, মান নয়, শুধু একখানি বাসা।"

আমরাও কলকাতার লোকেরা কলকাতার বাসা সমস্যা যে নিদারুণ তা অনেকদিন ধরে অনুভব করছি, বুঝতে পারছি। আজকে এই যে বিলটা মাননীয় মন্ত্রিমহাশয় এখানে এনেছেন, সেই বিলটা মোটামুটিভাবে আমরা সকলে সমর্থন করি। এই কলকাতা সহরের কথা বাদ দিলেও পশ্চিমবাংলার অনেক সহর আছে যেখানে মানুষের বাস করবার কোন জায়গা নেই, বাসা নাই। বহু লোক সেই কারণে অত্যন্ত দুরবস্থার মধ্যে ভাড়া বাড়ীতে বাস করছে। কষ্টে সৃষ্টে কোন রকমে মাথা গুঁজে আছে। কলকাতা মহানগরীতে কোন বাসা পাওয়া যায় না। সরকার হাউসিং ষ্টেট্ করে যে সামান্য কিছু ব্যবস্থা করেছেন, তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত সীমাবদ্ধ। বহু মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত মানুষ এই কলকাতা সহরে একখানি কি আধখানি ঘরে কোনক্রমে

বিরাট পরিবার নিয়ে বাস করছে। এইসব মানুষের দুঃখ কষ্টের কথা ভেবে মন্ত্রিমহাশয় যদি একটা Compreheasive Bill—ব্যাপক পরিকল্পনা রচনা করতেন, তাহলে সুখী হতাম। এই বিলটা খুবই সীমাবদ্ধ। সরকার যে সমস্ত বাড়ী তৈরী করছেন বহুকক্ষ বিশিষ্ট, তা বড় লোক ধনী ছাড়া আর কয়জন ক্রয় করতে পারবেন? আমি শুধু একট বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এই বিল পাস হলে একদিকে যারা দীর্ঘকাল ধরে ভাড়া দিয়ে বাস করছে Improvement ট্রাষ্টের বাড়ীতে হোক বা হাউসিং ষ্টেটের ফ্ল্যাটেই হোক তারা যেন তা সহজে কিনবার সুযোগ পায় অপর দিকে কালো টাকার মালিকদের যেন এই সমস্ত ফ্ল্যাট বাড়ী কিনবার সুযোগ না দেন। মাননীয় পূর্তমন্ত্রী শ্রীভোলা সেন বললেন এই ফ্ল্যাটে দরিদ্র মানুষের উপকার হবে। আমি জানি দরিদ্র বলতে তিনি কী বোঝেন। সমাজে দরিদ্রতম মানুষ কি হাজার হাজার টাকা দিয়ে এইসব ফ্ল্যাট কিনতে যাবেন না? মাঝারি, মধ্যবিত্ত শ্রেণীর মানুষ এর কিছু সুযোগ গ্রহণ করতে পারবেন। তাঁরা এই বিলে এমন একটা ব্যবস্থা করলেন তাতে দেখা যাচ্ছে যারা প্রচুর টাকার মালিক তাঁরা শিল্পে টাকা বিনিয়োগ না করে সেই টাকা দিয়ে হয়ত ফ্ল্যাটগুলি বিভিন্ন এলাকায় বিভিন্ন নামে কিনতে আরম্ভ করবেন। এইরকম ঘটনা ঘটবে। সরকার ছাড়াও অনেক প্রমোটার কোম্পানী বড়লোক এইরকম ফ্ল্যাট বাড়ী তৈরী করছেন ও বিক্রী করছেন। স্বভাবতঃ তাঁরা যদি এইভাবে ফ্ল্যাট বাড়ী তৈরী ও বিক্রী কবতে আরম্ভ করেন, তাহলে এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। তাই দাবী করছি পশ্চিমবাংলায় এমন একটা উদ্যোগ গ্রহণ করা হোক্ বড় বড় সহরে ও কলকাতায় বড় বড় প্রমোটার কোম্পানী এইরকম ফ্ল্যাট বাড়ী তৈরী করতে পারবেন না কেবল সরকারই এইরকম বাড়ী তৈরী করবেন ও বিক্রী করবেন। তাহলে পরে কালোটাকার বেসরকারীদের হাত থেকে মুনাফাবাজী থেকে আমরা উদ্ধার পেতে পারবো। আর একটা কথা বলব যেটা আমার আগে মাননীয় বন্ধু উল্লেখ করেছেন এবং আমি বিশেষ করে সেই কথাটাই বলব যে অন্যান্য মালিকরা, সম্পত্তির মালিকরা ১০ নং ধারার সুযোগ নিয়ে অন্য সম্পত্তির বিবরণ সরকারের কাছে দিয়ে সেইগুলি এই আইনের আওতায় এনে এই ফ্লাট বিক্রি করতে পারেন। এর ফলে আমাদের বন্ধু শ্রীনরেশ চাকী মহাশয় বলে গিয়েছেন এবং আমিও বলছি যে যাদের টাকা আছে বিরলা ইত্যাদি তারা এই সুযোগ নেবেন। এবং সেইজন্য সরকারকে চেক বা প্রিভেনশন রাখবার কথা বিবেচনা করে দেখবার জন্য অনুরোধ করছি। মোটামুটি এই আইনকে সমর্থন করে এই আশা করছি যে আগামী দিনে একটা ব্যাপক আইন আনবেন।

[ 4-30—4-40 p.m. ]

**শ্রীশচীনন্দন সাউ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধান সভায় পশ্চিমবঙ্গ য়্যাপার্টমেণ্ট ওনারশিপ বিধেয়ক যে বিল পেশ করা হয়েছে সেই বিলকে আমি সমর্থন জানাচ্ছি। আমরা লক্ষ্য করছি এই বিলের মধ্য দিয়ে সাধারণ মানুষের অনেক সুবিধা হচ্ছে। যে সমস্ত মানুষ বড় বড় বাড়ী করতে পারে না, যাদের বড় বড় বাড়ী করবার ক্ষমতা নেই, প্রচুর ধন-সম্পত্তি নেই তারা কিন্তু একটা য়্যাপার্টমেণ্ট নিয়ে শহর অঞ্চলে বাস করতে পারবে। কাজেই এই বিলের মধ্য দিয়ে সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষ এর সুবিধা হয়েছে। তারা কলকাতার বুকেই হোক কিম্বা মিউনিসিপ্যাল শহর অঞ্চলেই হোক তারা অন্তত একটু বসবাস করার সংস্থান পাবে। এই বিল তাদের সেই সুযোগ এনে দিয়েছে। তাই আমি এই বিলকে সমর্থন করচি। আজকে

আমরা দেখছি যে হারে জনসংখ্যা বেড়েছে, সেই অপেক্ষা জমির অভাব—তাতে এই য়্যাপার্টমেণ্ট কিছুটা সুযোগ এনে দিয়েছে। আজকে সরকার থেকে যে বিল এসেছে সেই বিলকে আমরা সমর্থন না করে পারি না, কারণ এই বিল এর মধ্য দিয়ে সুযোগ করে দিচ্ছে য়্যাপার্টমেণ্টে তাদের জন্য যারা কলকাতার সাধারণ মানুষ যারা জায়গা জমি কিনতে পারে না, বাড়ী করতে পারে না তাদের। আমাদের দেশে যথেষ্ট স্থানের অভাব। আর দ্বিতীয় কথা হচ্ছে আমরা যখন সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছি তখন আর ঐ সমস্ত লক্ষ লক্ষ টাকা ব্যয় করে বড় বড় লোকে যারা বাড়ী নির্মাণ করে দেশের সমস্ত অর্থকে সংকুচিত করে তাদের এই বিলের মাধ্যমে বঞ্চিত করা হচ্ছে, তাই আমি এই বিলকে সমর্থ করছি। এই বিলে আমরা দেখছি যে আমাদের মন্ত্রি মহাশয় হ্যায়ার পারচেজ স্কীমের সুবিধা দিয়েছেন, আর বলেছেন যে হাউস বিল্ডিং লোন যা সাধারণ মানুষ পায়না—এই বিলে বলা হয়েছে যে ঐ সমস্ত সাধারণ মানুষ আজকে হাউস বিল্ডিং লোন নিতে পারবেন। তাই তো এই বিলকে সমর্থন জানাচ্ছি। এল. আই. সি, স্কিমের কথা বলা হয়েছে। এল, আই, সি স্কিমে সাধারণ মানুষ এর পক্ষে টাকা নেবার সুবিধা হবে এবং এই স্কিমে টাকা দেওয়া হবে। তাই আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেয় করছি।

**শ্রীশিবপদ ভট্টাচার্য্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে এই কারণে সমর্থন করছি যে আমাদের ডাইরেকটিভ প্রিনসিপলে এটা পড়েছে বলে। সেটা হচ্ছে আমাদের সরকার এমন একটা পরিবেশ সৃষ্টি করবে যাতে সেই পরিবেশে মানুষ সম্পূর্ণ বিকাশ লাভ করতে পারবে। কিন্তু কলকাতার মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ যেভাবে বাস করে, যে পরিবেশে এত দিন ধরে বাস করে আসছে, এবং বর্তমানে বাস করছে সেই পরিবেশে বিচার করে দেখলে দেখা যাবে তাদের শিক্ষা-দীক্ষা প্রভৃতি ক্ষেত্রে বিকাশ লাভ কখন হতে পারে না। তাই আজকে এই যে বিল উপস্থিত করা হয়েছে এই বিল মারফৎ সরকার অন্তত তাদের একটা মাথা গোঁজবার আশ্রয় আজকে দেওয়া হচ্ছে। আজকে কলকাতা সহরে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত লোকদের যে কি রকম বাড়ীর সমস্যা তা সকলেই জানেন। আজকে মা তার বিবাহিত ছেলেকে নিয়ে বাবা তার বিবাহিত ছেলেকে নিয়ে একই ঘরে বাস করছে। আমি বহু পরিবারের খবর জানি যে বহু যুবক বিয়ে করতে পারছে না ঘরের অভাবে। সুতরাং এমন একটা পরিবেশে আজকে আমাদের মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত মানুষরা বাস করছে যে পরিবেশ থেকে অন্তত তাদের কিছুটা মুক্তি দেওয়া যায় তাদের মানুষের মত যাতে বাস করতে পারে অন্তত সেইরকম ব্যবস্থা সরকার করার চেষ্টা করুন তাহলে আমরা তার প্রশংসা করবো এবং তার সমর্থন করবো। এই বিলে আমি মনে করি সেই বিষয়ে লক্ষ্য রেখে যাতে মধ্যবিত্ত মানুষ বাড়ি কিনতে পারে তার ব্যবস্থা আমাদের সরকারের করে দেওয়ার দরকার রয়েছে। কিউবার বিপ্লবী সরকার একদিন সেখানে যে বাসস্থান-এর সংস্থান ছিল সেখানে এই ধরনের একটা আইন পাশ করা হয়েছিল যাতে সেইসব ক্ষুদ্র ক্ষুদ্র ফ্লাটে দেশের মানুষ বাস করতে পারে সেই ব্যবস্থা তারা উন্নতি করেছিলেন। এর সাথে সাথে আমি বলবো যে এই ফ্লাট যাতে তারা কিনতে পারে যাতে তাদের কেনার ক্ষমতা হয় সেইরকম ব্যবস্থা করবেন। আজকে নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত এমন ক্ষমতা নাই যাতে তারা ফ্লাট কিনতে পারেন। তাই আমি বলছি যে হাউসিং ষ্টেট এ যে ভাড়াটিয়াদের বাস করার ব্যবস্থা হয়েছিল সেখানে যাতে আরও বাড়ী তৈরী হয় তার ব্যবস্থা করা দরকার। সেখানে আরও ভালভাবে উদ্যোগ থাকা দরকার। সেই সাথে সাথে আমি বিশেষ করে সরকারকে অনুরোধ করবো সেইসব ভাড়াটিয়ারা যারা ফ্লাটে থাকে তাদের ঐ ভাড়ার টাকায় ফ্লাট তৈরী করবার কষ্ট শোধ হয়ে যাবে। সেই ভাড়াটিয়ারা যাতে মালিক হতে পারে অন্তত সেই ব্যবস্থা করবেন এই আশা আমরা করছি। এই আইনের

মারফতে সেটা করা যায় যাতে ফ্লাটের ভাড়াটিয়ারা যেখানে ২০ বছর থাকে সেই ফ্লাট তৈরী করার দাম হয়ে যায় সেইজন্য আমি বলছি আপনার মারফত যাতে মালিকানা স্বত্ব পায় তার ব্যবস্থা এই আইন অনুযায়ী যাতে করা যায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। দ্বিতীয়ত এই বিল সম্পর্কে আশংকা প্রকাশ করছি সেটা হচ্ছে এই যে টাইটেল ডিড্ উত্তরাধিকারী স্বত্ব থাকা দরকার। এই টাইটেল ডিড্ সম্পর্কে আমাদের আশংকা রয়েছে বহু বস্তিকে আপনারা হাউসিং ষ্টেটে পরিণত করেছেন। সেখানে যাঁরা বাস করেন নিম্নমধ্যবিত্ত এবং খুব নিম্নমধ্যবিত্ত মানুষ বাস করেন তাদের টাইটেল ডিড্ দেওয়া হয় না। তাদের বিক্রী করার অধিকার যদি দেওয়া হয় তাহলে আশংকা রয়েছে বহু ফ্লাট আজকে কলকাতায় যেসব পুঁজিপতি রয়েছে তারা কিনে নেবে যার ফলে আমাদের যে উদ্দেশ্য মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত তারা বাদ পড়ে যাবে এবং সেখানে ঐ বড়লোকরাই উপভোগ করবে তার সম্ভাবনা রয়েছে। কারণ আপনি জানেন ফ্ল্যাটের ভাড়াটিয়ারা হয়ত তদ্বির করে ফ্ল্যাট নিল, নিয়ে সাব টেনাণ্ট করে দিয়েছে এমন ঘটনা ঘটেছে। সেইজন্য টাইটেল ডিড থাকা দরকার। বহু জায়গায় দেখা গেছে ফ্ল্যাট তৈরী হয়েছে কিন্তু ভাড়াটিয়ারা বিক্রি করার স্বত্ব পায় নি, তাদের উত্তরাধিকারী স্বত্ব থাকা দরকার। সেই বিক্রির স্বত্ব সম্পর্কে অন্ততঃ একটা গ্যারান্টি থাকা দরকার। সেই গ্যারাণ্টিতে এমন জিনিস থাকা দরকার যাতে বড় বড় মালিকরা সেইসব ফ্ল্যাট কিনতে না পারে তার অন্ততঃ একটা গ্যারাণ্টির সরকার ব্যবস্থা করবেন এই কথা আমরা মনে করছি। তা না করলে যে সমস্ত কালো টাকা সাদা করবার যে রাস্তা রয়েছে বাংলাদেশের বুকে তারা সেই টাকা সাদা করবার জন্য ঘুরে বেড়াচ্ছে তারা সেটা কিনে নেবে। তারা অন্ততঃ বেনামে কিনে নেবে এই সম্বন্ধে একটা ব্যবস্থা থাকা দরকার।

[ 4-40—4-50 p. m. ]

পরবর্ত্তীকালে দেখা যাবে সেই ফ্ল্যাটের মালিক, সেই কারখানার কর্মচারীরা, সেইসব ফ্ল্যাটের মালিক হচ্ছেন সেই সব মালিকরা যারা কিছুদিন আগে তাদের ঐ কালো টাকাকে সাদা করবার একটা রাস্তা এর মারফতে নিচ্ছেন। সুতরাং আমার মনে হচ্ছে যে আইন এনেছেন, যে অভিব্যক্তি আজকে আমাদের মন্ত্রিমহাশয় বললেন, যে পশ্চিমবাংলায় নিম্নমধ্যবিত্ত, মধ্যবিত্ত মানুষকে তাদের একটা বাসোপযোগী ভূমি করে দেবেন যাতে তারা একটা সুন্দর পরিবেশের মধ্যে বাঁচতে পারে, তারা যাতে মানুষ হতে পারে তার ব্যবস্থা আমরা করে দেবো। আমরা অন্ততঃ চাই যে আপনারা একটা গ্যারান্টি করুন, যে গ্যারান্টি মারফত আজকে এই যে ফ্ল্যাট দিচ্ছেন, যে বিক্রয় স্বত্ব দিচ্ছেন তার মধ্যে কেবল মাত্র তাদের সীমাবদ্ধ থাকে। অন্ততঃ এটাকে নিয়ে যাতে এইসব পুঁজিপতিরা— কলকাতার মার্কেটের কথা কে না জানে, কলকাতার একখানা বাড়ীর দাম আপনারা জানেন। কিন্তু আমরা জানি কলকাতায় বহু বাড়ী আজকে বিভিন্নভাবে বহু পুঁজিপতির হাতে যাচ্ছে। বহু বাড়ী এইভাবে আজকে পুঁজিপতিদের হাতে চলে গেছে। সুতরাং এইসব ফ্ল্যাটের যদি আপনার টাইটেল ডিড না করেন, তাদের যদি একটা গ্যারাণ্টি না থাকে, সব ফ্ল্যাটগুলিকে ঐ সব বড়লোকেরা যাতে কিনে না নিতে পারে তার জন্য যদি ব্যবস্থা না রাখেন তাহলে আমার মনে হয় অদূর ভবিষ্যতে দেখা যাবে যে উদ্দেশ্য নিয়ে আজকে আমরা ফ্ল্যাটগুলির আইন আনছি সেই উদ্দেশ্য সম্পূর্ণভাবে ব্যাহত হবে এবং এই কলকাতার ফ্ল্যাটগুলির মালিকানা কিছুদিন বাদে দেখতে পাবো ঐ সব পুঁজিপতির হাতে চলে গেছে। সুতরাং আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, এই বিলকে আমরা মনে করি একটা পদক্ষেপ, যে পদক্ষেপকে আমরা সমর্থন করছি। পশ্চিমবাংলার

মানুষ, পশ্চিমবাংলার মধ্যবিত্ত, পশ্চিমবাংলার নিম্নমধ্যবিত্ত মানুষ আশা করেছিলো যে তাদের জন্য সরকার ব্যবস্থা করবেন, চেষ্টা করবেন। ডাইরেকটিভ প্রিন্সিপল-এ যে কথা ছিলো যে পরিবেশ সৃষ্টি করা সেই পরিবেশ সৃষ্টি করে একটা সহায়ক, একটা বাসোপযোগ্য একটা জায়গা তৈরী করবেন। অন্যান্য পরিবেশ সেগুলি আলাদা কথা। কিন্তু যদি মানুষ বাস করতে না পারে, মানুষ যদি দিনের পর দিন ক্ষয়ে ক্ষয়ে চলতে থাকে তাহলে আমাদের দেশকে, আমাদের সমাজকে উন্নত করা যাবে না। এবং আমাদের ঐ যে প্রগতিশীল মোর্চার যে উদ্দেশ্য ঘোষিত হয়েছে তা ব্যর্থ হতে যাচ্ছে। তাই, আমি এই বিলকে সমর্থন করে একটা কথা বারবার বলছি যে যেখানে টাইটেল ডিড রয়েছে অর্থাৎ বিক্রয় স্বত্ব, উত্তরাধীকার স্বত্ব—এটা থাকা দরকার, যাতে একটা গ্যারান্টি থাকে বা যাতে এটা ঐ সব বড় বড় পুঁজিপতিরা কিনতে না পারে এবং এটা থাকা যে সরকার যে মূল্যে তারা কিনেছেন সেই ধরনের একটা মূল্যে সরকারের কাছে অন্ততঃ সেটাকে ফেরৎ দিতে পারেন যদি তাদের অর্থের দরকার হয়। এইরকম একটা ব্যবস্থা অন্ততঃ থাকা দরকার বলে আমি মনে করি।

**Shri George Albert wilson De Roze** : Mr. Deputy Speaker, Sir, according to the statement af objects and reasons of the Bill and the opening Statement of the Hon'ble Minister, the problem is not that of the Government flats, the real problem in this city with regard to the ownership of flats is the large multi-storeyed buildings being put up by speculators who are mainly based in Bombay. They come in here, buy land, sometimes get finance from the Banks, sell these buildings, flal by flat, and take the money in advance. The price has been as high as Rs. 60 to Rs. 80 thousand for a single room. They sell these flats in advance according to a scheme. This scheme does not give ownership of the fllats. It is called the Bombay form of residence, and the solicitors of the High Court use this. The Honble Minister possibly knows this. The Maharastra Act was designed to check these tendencies and to check corruptien and malpractices which resulted from this form of agreement in Bombay. Now, what has been happening here is this. These speculators put up the entire building, block by block, and taking the money in advance from the intending purchasers, of the flate, they do not give the flat owners any property rights in the flats until the entire building is constructed. Then after distributing the flats to the flat owners and taking the money, they pull out and leave the flat owners there and the flat owners do not know what their legal rights are, whether they can sell or Mortage or transfer the fiats. That is the evil which the Bill before us is intended to meet. But, Sir if you turn to clause 2 of the Bill, you will find that this Bill would apply only to property the sole owner or all the owners of which submit the same to the provisions of this Bill. Now, if all the flat owners wish to be subjected to this proposed enactment excepting one owner who may be the real speculator, retaining the flat in his name and refuses to join the other owners in a common application, they cannot come under the provisions of this Bill. This Bill is not a law which applies to everyone. It is not a law in that sense at all. It only applies to those persons who agree to be bound by it So prima facie this Bill would not hit those who are speculators, who will to retain the flats, who, after selling the flats to the individual owners, continue to retain the control of the building and take by way of service charges an amount equal to rent. I believe the charges are as high as Rs. 200 to Rs. 300 per month for servicing charged by the owner of the property from the flat owners. This, Sir, is the main evil in the matter of ownership of flats which the Maharastra Act intended to check but that is not covered by this Bill because of clause 2. Clause 2 provides that only those who want voluntarily to come under the provisions of this Bill will be covered. Sir, it would be as if I commit a murder

and if I agree to be subjected to the Indian Ponal Code, then only I will be liable to punishment but if I do not agree to be bonnd by the Penal Code, I can commit a murder and not be punished. That is the effect of Clause 2. Then under Section 11 the provisiou is that after a declaration is made under section 10 by the owners to submit themselves to the provisions of this Bill, they can withdraw themselves from the provisions of the Bill. The tolal effect is that—although I support fully the provisions of the Bill, clauses 2, 10 and 11 will make the Act inoperative. With these submissions to the Hon'ble Minister and to you, Sir, I respectfully suggest to the Hon'ble Minister that he will look into the question of enforcement of this legislation and its equal application to all those who are affected by it and who need it. Thank you, Sir.

**শ্রীভোলানাথ সেন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে কিছু কিছু কমেণ্ট করা হয়েছে, আমি ছোট করে সেই কমেণ্টগুলি সম্বন্ধে বলছি। এই বিলটির সঙ্গে হায়ার পারচেজ এগ্রিমেণ্টের কোন সম্পর্ক নেই। এই বিলটি যদি পাশ হয় তাহলে পরে এ্যাপার্টমেণ্ট ওনার এই ফেসিলিটি পাবে যে তাদের হেরিটেবল প্রপার্টি হবে। যেমন যে কোন বাড়ীঘর, জমিজমা কেনবার জন্য হাউস লোন পেতে পারবে এবং বাড়ী মর্টগেজ দিতে পারবে, বিক্রী করতে পারবে, ভাড়া দিতে পারবে, যেমন এই ফ্ল্যাটকে অন্য বাড়ীর সংগে এক পর্যায়ে আনা হল যেটা আজ পর্যন্ত ছিল না আমাদের দেশে।

[ 4-50—5-00 p.m. ]

দ্বিতীয় ফেসিলিটি হচ্ছে এই এক পর্যায়ে আনার জন্য কর্পোরেশনের ট্যাক্স তার কম লাগবে কারণ প্রপার্টিটা ছোট হয়ে যাবে, এক লক্ষ টাকা প্রপার্টি। এর সঙ্গে হায়ার পারচেজের সম্পর্ক নেই। আমরা যে ফিগার দিয়েছিলাম যে কোন ফ্ল্যাট আমরা বিক্রি করেছি, কোনগুলি করবো বা বিক্রি করার জন্য তৈরি করবো সেটা বলেছিলাম এইজন্য যে এই ফ্ল্যাটগুলি যা আমরা তৈরি করে বিক্রি করেছি তারাও প্রপার টাইটেল পায়নি। কারণ যারা বিক্রি করেছে বা করবে এই বিল পাশ না হলে তাদের প্রপার টাইটেল থাকবে না। দুর্দিনে তারা মর্টগেজ দিতে পারবে না। সুতারং যাতে প্রপার টাইটেল হয় যেমন একটা বাড়ী কিনতে গেলে টাইটেল পায় সেই রকম টাইটেল দেবার জন্য এই বিলটা করা হয়েছে। কালোবাজারের প্রশ্ন উঠেছে। একটা লোক ১০টা ফ্ল্যাট কিনে ভাড়া দিল, এটা সম্ভব হতে পারে। তেমনি সম্ভব হতে পারে একজন কালোবাজারী ১০টা ছোট ছোট বা বড় বড় ভাড়া দিতে পারে। কিন্তু আরবান সিলিং-এর একটা কথা উঠেছে—আরবান প্রপার্টির সিলিং। এই আরবান প্রপার্টির সিলিং সেটা ডিল করবে। কিন্তু এই এ্যাক্ট আনার জন্য ফ্ল্যাটে যার হেরিডিটারী রাইট নেই সেটাকেও এই পার এনে দেওয়া হল অন্যান্য বাড়ীর সঙ্গে। সুতরাং আরবান প্রপার্টির সিলিং'এর মধ্যে এটা এসে পড়বে। যদি এটাকে প্রপার্টি রাইট না দেওয়া যেত, মানে টাইটেল না দেওয়া যেত তাহলে এ প্রশ্ন উঠতে পারতো যে এটা প্রপার্টি কিনা। এটা না থাকলে কালোবাজারীরা হয়ত বেরিয়ে যেতে পারতো, কিন্তু এই প্রভিসন থাকার জন্য যাবে না। মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় মহাশয় বলেছেন, বাড়ীর লংজিভিটি কত বা মেটিরিয়ালস কি রকম দেওয়া হবে এ সম্বন্ধে কোন প্রভিসন এখানে নেই। ঠিক কথা নেই। কারণ এটা ট্রান্সফার অব প্রপার্টি এ্যাক্টের মতন একটা এ্যাক্ট যেটাতে কতকগুলি টাইটেল ক্রিয়েটেড হচ্ছে। সে নিয়ে একটা নুতন বিল কাল পরশুর মধ্যেই আসছে যাতে দুর্নীতিগুলি দূর করা যায়। সেই বিলে দেখতে পাবেন সে রাইট দেওয়া হয়েছে এবং আমার

মনে হয় বোধহয় সে বিল সার্কুলেটেড হয়ে গিয়েছে। তারপরে মাননীয় সদস্য চাকী মহাশয় বললেন যে টাইটেল ডিডস যেন দেওয়া হয়। যদি এটা ইমমুভেবল প্রপার্টি হয়, যদি অন্য বাড়ীর সঙ্গে সমান জাতীয় সম্পত্তি হয় তাহলে যেখানে একটা ফ্ল্যাট বিক্রি হবে বা কেনা হবে তখন টাইটেল ডিডস না দিলে টাইটেল পাস করে না। কারণ ট্রানসফার অব প্রপার্টি এ্যাক্ট বলে একশো টাকার উপর যদি কোন ইমমুভেবল প্রপার্টি কেনা বেচা হয় রেজিষ্টার্ড ডকুমেণ্ট না হলে টাইটেল পাস করে না। সুতরাং রেজিষ্টার্ড ডকুমেণ্ট করতেই হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে মুহূর্তে এটা একটা হেরিটেবল প্রপার্টি করা হল এই আইনে ও অন্যান্য আইনের সঙ্গে সঙ্গে হেরিটেবেল প্রপার্টি যে রকমভাবে এ্যাপ্লাই করে ঠিক তেমনিভাবে এ্যাপ্লাই করবে এখানে এবং ট্রান্সফার অব প্রপার্টি এ্যাক্ট এ্যাপ্লাই করবে, ওয়েষ্টবেঙ্গল প্রেমিজেস টেনান্সি এ্যাক্ট এ্যাপলাই করবে, সমস্ত এ্যাক্টই এ্যাপলাই করবে যেমন একটা বাড়ীর বেলায় করে। সুতরাং দলীলপত্র পাওয়া যাবে। মি: ডিরোজ বললেন যে এই এ্যাক্ট কমপালসরী নয়—কোয়াইট কারেক্ট, এই এ্যাক্টে বলা হয়েছে This act applies only to property the sole owner or owners of which submit the same to the provisions of this Act. এটা আমরা জোর করতে পারি না, জোর করার কিছু নেই যে সেই এ্যাপার্টমেণ্ট করতে হবে কিন্তু যেখানে ওনার আছে, ধরুন পাঁচটা ওনার আছে—কারণ সে করলে এই সুবিধা পাবে যে এ্যাপার্টমেণ্ট ওনাররা তাহলে তাদের টাকা দিতে পারবে বিল্ডিং করার জন্য এবং বিল্ডিং কিনতে পারবে, তাছাড়াও তাদের ট্যাক্সও কমে যাবে। সুতরাং যে এই প্রভিসন করা হল যারা ভবিষ্যতে বা বর্তমানে এ্যাপার্টমেণ্টের ওনার হবে তারা নিজেরাই আসবেন এই আইনের সুবিধা নিতে কারণ এটা সুবিধাজনক আই এনয়েব্লিং যাতে তারা কতকগুলি ফেসিলিটিজ পেতে পারবেন। এতে কোন অবলিগেসন কোন এ্যাপার্টমেণ্টের ওনারদের উপর করা হয় নি কতকগুলি ছাড়া অর্থাৎ অন্য এ্যাপার্টমেণ্ট ক্ষতি করতে পারবে না, কেউ কমন প্যাসেজের উপর ডিসটারব্যান্স করতে পারবে না এইরকম নানা রকম জিনিস। সেগুলি ডিটেলস এমন কিছু ইমপর্ট্যাণ্ট নয়। তারপর আর একটা কথা মাননীয় সুব্রত ভট্টাচার্য্য মহাশয় বলেছেন যে কালোবাজারীদের সুবিধা হতে পারে। এখনে কালোবাজারীদের সুবিধা হবে না, অন্ততঃ আমার ধারণা কালোবাজারীদের সুবিধা হতে পারত যদি এই আইনটা পাশ না করা যেত। কালোজারীরা বলতে পারত যে এই ফ্ল্যাটগুলি আমার নয়। কালোবাজারী ফ্ল্যাট ওনার যারা ১০।২০ টা ফ্ল্যাট নিয়ে করত তারা বলত আর্বান প্রপার্টি নয়, প্রপার্টি ইনভলভ নয়, এটা সিলিংএ আসবে কি করে? কিন্তু এই আইন হলে সিলিংএর মধ্যে আসবে, তারা চট করে আর বলতে পারবে না। এই আইনের উদ্দেশ্য চুরি ধরার জন্য নয়, এই আইনের উদ্দেশ্য মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত যারা বাড়ী করতে পারছে না অথচ একটা বাসা করতে চাইছেন তাদের যাতে অর্থের সুবিধা হয় সেজন্য এটা করা। আমি আশা করি হাউস এই বিলটা এ্যাডপ্ট করবেন।

The motion of Shri Bholanath Sen that the West Bengal Apartment Ownership Bill, 1972, be taken into consideration, was then put and agreed to

**Clauses 1 to 18 and the Preamble**

The question that clauses 1 to 18 and the Premble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bholanath Sen :** Sir, I beg to move that the West Bengal Apartment Ownership Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Resolution under Article 252 of the Constitution of India regarding**

**protection of wild animals and birds**

**Shri Sitaram Mahato :** Sir, I beg to move the following resolution under articles 252 of the Constitution of India regarding protection of wild animals and birds :—

Whereas this Assembly considers that it is desirable to have a uniform law thorughout India for the protection of wild animals and birds and for all matters connected therewith or ancillary and incidental thereto ;

And whereas the subject matter of such a law is relatable mainly to entry 20 (Protection of wild animals and birds) of List II of the Seventh Schedule to the Constitution of India ;

And wherees Parliament has no power to make laws for the States with respect to the matters aforesaid except as provided in articles 249 and 250 of the Constitution of India ,

And whereas it appears to this Assembly to be desirable that the aforesaid matters should be regulated in the State of West Bengal by Parliament by law ;

Now, therefore, in exercise of the powers conferred by clause (1) of article 252 of the Constitution of India, this Assembly hereby resolves that the protection of wild animals and birds and all matters connected therewith or ancillary and incidental thereto should be regulated in the State of West Bengal by Parliament by law.

[ 5-00—5-10 p.m. ]

**শ্রীসীতারাম মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের পক্ষে আমি কিছু বলতে চাই। আমরা জানি সৃষ্টির আদিম যুগ থেকে জীব জগতে যে সংগ্রাম চলে আসছে সেই সংগ্রাম হচ্ছে struggle for existence-এর এবং এই struggle for existence আমরা দেখেছি surrival of the fitest অর্থাৎ যারা যোগ্য তারাই একমাত্র বেঁচে থাকার অধিকারী। আমরা জানি এই struggle for existence-এর যে সংগ্রাম সেই সংগ্রামের একদিকে পশুপাখী অপরদিকে মানবজাতি। এই দুয়ের সংগ্রামে দেখা যায় মানবজাতির জয় হয়েছে। পশুপক্ষী পরাজিত হয়েছে। এমন একটা পর্যায়ে এসে পৌচেছে এই সংগ্রাম যাতে দেখা যায় যে হারে আজ পশুপক্ষী মারা যাচ্ছে এমন কি আমরা জানি কতকগুলি পশুপক্ষী একেবারে নিশ্চিহ্ন হয়ে গেছে ওই ধরাধাম থেকে তাই যদি এইভাবে আজ পশুপক্ষী এই প্রাকৃতিক জগৎ থেকে সরে যায় তাহলে আমরা দেখব একদিন এই পৃথিবীতে পশুপক্ষী নিশ্চিহ্ন হয়ে যাবে এবং এর ফলে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে বাধ্য। মানবজাতির পক্ষেও নিশ্চয় এটা কল্যাণজনক হবে না। তাই আজ আমি এই হাউসের সামনে এই প্রস্তাব রাখছি। এজন্য যে আজ আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হওয়া একান্ত

প্রয়োজন। আজ আমরা পশুপক্ষী শিকার করে যে আনন্দ উপভোগ করি, আমার মনে হয় পশু-পক্ষী পালন ও রক্ষার মধ্যে দিয়ে অনেক বেশী আনন্দ ও তৃপ্তি আমরা লাভ করতে পারি। আজ সেই পরিবেশ আমাদের সৃষ্টি করতে হবে। তাই আমরা মনে করি এই যে প্রস্তাব এসেছে এই প্রস্তাবের উপর আমরা যদি সর্বভারতীয় ভিত্তিতে আইন তৈরী করি তাহলে আমাদের পশুপক্ষীর জগতে নিশ্চয় নিরাপত্তা ফিরে আসবে এবং আমাদের মানবজাতির কল্যাণ হবে। এ করলে মানবজাতি ও পশুপক্ষীর মধ্যে যে একাত্ম আত্মিকভাব আছে সেটা আবার ফুটে উঠবে। তাই আমি হাউসের সামনে এই প্রস্তাব উত্থাপন করছি এবং আশা করছি হাউসের মাননীয় সদস্যগণ এই প্রস্তাব সমর্থন করে এটা পাশ করার ব্যবস্থা করবেন। এইখানে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ঐতিহাসিক বিধানসভায় আমরা এতদিন যে সমস্ত বিষয় নিয়ে আলোচনা করেছি তা সমস্ত কিছুই কিন্তু মানুষের স্বার্থের সঙ্গে জড়িত। যে বিল আসুক যেসব বিল এসেছে সমস্ত কিছুরই বক্তব্য এবং সংশোধনী যাই থাক তা মানুষের দিকে তাকিয়ে করা হয়েছে, মানব কল্যাণের জন্য করা হয়েছে। কিন্তু যারা কথা বলতে পারে না, যাদের হয়ত আপাতদৃষ্টিতে মানবিক শক্তি নেই, যারা জঙ্গলে বিচরণকারী পশুপক্ষীদের সম্পর্কে আজকে বাঁচাবার জন্য যে প্রস্তাব আমরা আনছি এবং যে প্রস্তাব আমরা সর্বসম্মতিক্রমে গ্রহণ করতে চলেছি যদিও মনে হতে পারে এর গুরুত্ব কি আছে বনের পশু বা পক্ষী তারা গেল কিংবা থাকলো তাতে মানুষের কি যায় আসে, কিন্তু এর অপরিসীম গুরুত্ব আছে। মানুষের যে জীবন তা কেবল অন্ন বস্ত্রের নয়, মানুষের জীবন অনেক মানবিক প্রবৃত্তি ও অনুভূতি নিয়ে কাটাতে চায়। মানুষ অন্যান্য জন্তু জানোয়ারের চেয়ে শ্রেষ্ঠ। তাই বনের জন্তু যাদের সঙ্গে সভ্যতার প্রথম দিন থেকে আমাদের ঘনিষ্ঠ সম্পর্ক তাদের সম্পর্কে ভেবে চিন্তে অনেক সময় দেখা যায় যাদের আমরা জন্তু বলে উপহাস করি, যারা সত্যিকার জন্তু তারা কোন কোন সময় এমন আচরণ করেছে আমাদের ব্যক্তিগত জীবনে আমাদের পারিবারিক জীবনে যে অনেক সময় মানুষের প্রতি যতখানি বিশ্বাস করা যায় তার চেয়েও অনেক বেশি মহৎ কাজ তারা করেছে। যাদের আমরা বলি জন্তু কিংবা গালাগাল দিয়ে বলি জানোয়ার তাদের রক্ষার জন্য আমাদের সভ্য মানুষের চিন্তা করা উচিত। খেয়াল খুশির বশে অনেকে জন্তু হত্যা করেছে, পক্ষকুল ধ্বংস অনেকে করেছে, খেয়াল খুশির বশে নিছক আমোদ প্রমোদের জন্য ইংলণ্ডেশ্বরীর প্রতিনিধি অনেক জন্তু বা পক্ষীকে ধ্বংস হয়ে গিয়েছে। তাই আজকে এদের রক্ষা করতে চাই। হিংস্র শ্বাপদকুল যারা মানুষের মতো অকারণে আঘাত করে না। আজ সভ্য সমাজে বাস করছি কি দেখছি? মানুষ মানুষকে ছিঁড়ে খাচ্ছি, মানুষ মানুষকে হত্যা করছে, মানুষই মানুষের খাদ্যদ্রব্যে ভেজাল দিচ্ছে, সেখানে মানুষের প্রতি বিশ্বাস নষ্ট হতে পারে। কিন্তু বন্য জন্তুদের প্রতি বিশ্বাস নষ্ট হতে পারে না। তাই আজকে পার্লামেন্টকে আইন প্রণয়নের ক্ষমতা দিয়ে সর্বভারতীয় ক্ষেত্রের জন্য জন্তুদের জন্য যে প্রস্তাব আনা হয়েছে তাকে আমরা সকলে মিলে নিশ্চয় সমর্থন করবে। একজন মহামতি লেখক বলেছিলেন, 'বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে'। আমাদের জঙ্গলে বিচরণকারী পশুকুল যাতে সন্ত্রাস মুক্ত হয় তার ব্যবস্থা করা উচিত। যখন ময়ুর গুরু গম্ভীর বর্ষার মধ্যে পেখম তুলে নাচে তখন তার আর্থিক মূল্য হয়ত কিছু নেই কিন্তু মনের মূল্য অনেক আছে। বনের জিনিস আমাদের অনেক কাজে লেগেছে। আজকে যে প্রস্তাব গ্রহণ করছি মানুষের এই বিধানসভা সকলেই মানুষ যে পশুপক্ষী জন্তু জানোয়ারের কথা ভাবছে এটা ঠিক করছে। আজকে তাদের সংরক্ষণের ব্যবস্থা করা উচিত। সেই সংরক্ষণ যদি না করা যায় অনেক বন্য জন্তু সেগুলো থাকবো

না। কিছু মানুষ নিছক খেয়ালের বশে নিছক অমোদ-প্রমোদের জন্য আমাদের পশু-পক্ষীদের নির্মূল করছে। এই নির্মূল করা চলে না, চলবে না।

[ 5-10—5-20 p.m. ]

ভারতবর্ষের বাহিরেও অন্যান্য দেশে বন্য পশু সংরক্ষণের জন্য বহু আইন সেখানে আছে। সেখানে জন্তু জানোয়ার যেহেতু কথা বলতে পারে না, যেহেতু তারা মানুষ নয়, তাদের ঘৃণ্য বা অবহেলা কিম্বা হত্যা করার প্রবৃত্তিকে কোন দেশ উস্কানি দেয় না। তাই পৃথিবীর অন্যদেশে তাদের বন্য জন্তুর প্রাচুর্য্য আমরা দেখি। কিন্তু ভারতবর্ষে আমরা দেখেছি সেই বন্য জন্তুর সংখ্যা দিনে দিনে কমছে। আজকে আমি আমাদের পশুপালন মন্ত্রির সঙ্গে কথা বলছিলাম এবং তিনি কথা প্রসঙ্গে আমাকে বলছিলেন এবং আমরা আলোচনা করছিলাম আজকে আমরা যে প্রস্তাব নিচ্ছি সেই প্রস্তাব সামগ্রিকভাবে ভারতের পশুপক্ষীদের রক্ষা করবার জন্য, বনের পশু পক্ষীদের আমরা নিশ্চয়ই রক্ষা করবো, সেইজন্য সর্বভারতীয় ভিত্তিতে একটা আইন তৈরী হওয়া প্রয়োজন। পশ্চিমবঙ্গ বিধানসভা হয়ত স্বতন্ত্রভাবে একটা বিল আনতে পারতেন, কিন্তু পশ্চিমবঙ্গের জঙ্গল কিম্বা উড়িষ্যার জঙ্গল, কিম্বা আসামের জঙ্গল, কিম্বা হিমালয়ের তরাই অঞ্চল এই প্রতিটি জায়গায় যে সমস্ত বিভিন্ন পশু এবং পক্ষী আছে তাদের সকলকে বাঁচাবার জন্য সর্বভারতীয় ক্ষেত্রে একটা সার্বিক চেষ্টা করা প্রয়োজন এবং সেই সার্বিক প্রচেষ্টার জন্য আমাদের ভারতবর্ষের যে আইনসভা, ভারতবর্ষের যে পার্লামেন্ট সেই পার্লামেন্ট-এর কাছে আমরা অনুরোধ পাঠাবো, আমরা আমাদের প্রস্তাব পাঠাবো যে সর্বভারতীয় ভিত্তিতে সর্বভারতীয় ক্ষেত্রে বন্য জন্তু এবং পক্ষী সংরক্ষণ করবার জন্য পার্লামেন্ট যে আইন তৈরী করার কথা ভাবছেন, সেই আইনকে আমরা সকলে মিলে সমর্থন জানাচ্ছি। সেই আইন হিমালয় থেকে কন্যাকুমারী, আসাম থেকে গুজরাট, ভারতবর্ষের সমস্ত বিধানসভা সেই আইনকে নিশ্চয়ই সমর্থন জানাবেন। যারা কথা বলতে পারেন না, এ কথার হয়ত আমি বারম্বার পুনরুক্তি করছি—এ কথা বলছি, একথা বারম্বার বলবো যে মানবিক দৃষ্টিভঙ্গির দিক থেকে আজকে সমস্ত জায়গায় বন্য পশু এবং পক্ষী হত্যা নিষিদ্ধ করা উচিত। পশু এবং পক্ষীদের হত্যা করার মধ্যে কোন বাহাদুরী নেই। এখানে আমি মনে করি হয়ত কোন অমানবিক চিন্তা আছে। আমাদের পক্ষে প্রমোদ, আর তাদের পক্ষে মৃত্যু বন্ধ করবার জন্য সারা ভারতবর্ষের আইনসভাগুলি আজকে যে প্রস্তাব আনছেন সেই প্রস্তাবের সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গের বিধানসভার প্রস্তাবও যুক্ত হোক এই প্রস্তাব হচ্ছে ভারতবর্ষ থেকে বন্য পশু পক্ষী হনন চিরকালের জন্য বন্ধ করতে চাই।

**শ্রীবীরেশ্বর রায়** : উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই হাউসে বন্য পশু এবং পক্ষী সংরক্ষণের জন্য যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। বর্তমানে আমাদের দেশে লোক সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে আমাদের বন্য পশু পক্ষীর সংখ্যা ক্রমশঃ কমে যাচ্ছে, এটা আমরা বেশ উপলব্ধির করছি এবং লক্ষ্য করছি। এই বন্য পশু সংরক্ষণের জন্য আমাদের যে সমস্ত নতুন নতুন বন তৈরী হচ্ছে সেই সমস্ত বনে পশু পক্ষীদের আবাস-স্থল তৈরী করবার জন্য আমি প্রস্তাব রাখছি। এই সমস্ত বন্য জন্তু এবং পক্ষীদের প্রয়োজনীয়তা আমাদের দেশে নিত্য নৈমিত্তিক জীবনেও প্রয়োজন আছে বলে আমি মনে করি। কারণ, আমাদের দেশে যে সমস্ত বিভিন্ন কবি ছিলেন তাদের জীবনে পশু এবং পাখীকুলদের নিয়ে তারা বিভিন্ন কবিতা রচনা করে গেছেন। ছোট ছোট পাখীদের কথাও বলা যায়, বাবুই, দোয়েল, শ্যামা, এই ক্ষুদ্র ক্ষুদ্র পাখী

এরাই কবিদের জীবনে কবিতার উপকরণ হয়েছিল। আজ সুন্দরবনে যে রয়্যাল বেঙ্গল টাইগার বাংলার বিখ্যাত বাঘ বলে পরিচিত ছিল, সেই রয়্যাল বেঙ্গল টাইগারের বংশ লোপ পেতে চলেছে। এই রয়্যাল বেঙ্গল টাইগার পৃথিবীর গৌরবের জিনিস ছিল বলে আমি মনে করি। যে রয়েল বেঙ্গল টাইগার পৃথিবীর মধ্যে অত্যন্ত গৌরবের এবং এটা বাংলাদেশের একটা গৌরব বলে মনে করি। অতএব আজ যে প্রস্তাব এনেছেন বন্য জন্তু সংরক্ষণের জন্য সেই প্রস্তাবকে আমি সমর্থন করে বলবো যে এই বন্য জন্তু এবং পাখীদের সংরক্ষণ, তাদের বংশবৃদ্ধি করার জন্য ব্যবস্থা করা বিশেষ করে প্রয়োজন। আমরা দৈনন্দিন কর্মব্যস্ত জীবনের মধ্যে এই সমস্ত বন্য জন্তু ও পাখীদের উপলব্ধি করি। প্রতি রবিবার আলীপুর চিড়িয়াখানাতে অসম্ভব ভীড় দেখি। এই বন্য পশু ও পাখীদের দেখার জন্য অজস্র লোকের উপস্থিতি সেখানে দেখা যায় এবং তার উপস্থিতি দ্বারা আমাদের দেশে বেকার লোকদের কর্ম সংস্থানের সম্ভাবনা আছে। এদের দেখে জনসাধারণ তাদের জীবনের নিত্যনৈমিত্তিক জীবনের যে গ্লানি তা দূর করে আনন্দ উপভোগ করে। অতএব এই সমস্ত জন্তু ও পাখী সংরক্ষণের জন্য জাতীয় রক্ষণশালা তৈরী করা দরকার, ন্যাশনাল জু আরো বেশী পরিমাণে তৈরি করা দরকার। এর দ্বারা আমাদের দেশের বেকার সমস্যা কিছু কিছু সমাধান হবে এবং দেশের জাতীয় আয় বৃদ্ধি পাবে বলে মনে করি। এই সমস্ত বন্য পশুর চামড়া দ্বারা আমাদের জাতীয় আয় হতে পারে, এবং বন্য পাখী আছে, বিশেষ করে আমাদের জাতীয় পাখী ময়ূর, এই ময়ূরের পালকের দ্বারা বিভিন্ন কারুশিল্পের উপাদান হিসাবে ব্যবহার করতে পারি। এইভাবে আমাদের জাতীয় আয় বাড়তে পারে এবং এই পরিপ্রেক্ষিতে এদের বংশ বৃদ্ধির প্রয়োজনীয়তা উপলব্ধি করি। তাই আমি মনে করি বর্তমান প্রস্তাব যা হাউসে এসেছে তা অত্যন্ত মানব জীবনের প্রয়োজনীয়, যুগোপযোগী এবং জরুরী। এই বলে আমি এই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ সফিউল্লা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের সভায় বন্য জন্তু ও পাখী সংরক্ষণের জন্য যে প্রস্তাব এসেছে তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। এই সুন্দর প্রস্তাবটির জন্য আমি সরকারকে এবং বন বিভাগের মন্ত্রিমহাশয়কে আমার অভিনন্দন জানাচ্ছি। আমরা ছোট বেলায় একটা কথা পড়েছিলাম সঞ্জীব চন্দ্র চট্টোপাধ্যায়ের প্রবন্ধে, "বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে।" আজকে এই উক্তির প্রয়োজনীয়তা আমরা উপলব্ধি করতে পারছি। প্রস্তাবের সপক্ষে সমর্থন করতে গিয়ে আমি কিছু বক্তব্য আপনার মাধ্যমে হাউসে নিবেদন করছি। প্রাক স্বাধীন যুগে আমাদের ভারতবর্ষে বন্য প্রাণী সংরক্ষণ বিষয়ে কয়েকটি আইন প্রণীত হয়েছিল তার মধ্যে এলিফেন্টস্ প্রিজারভেশন এ্যাক্ট, ১৮৭৯ এবং তার সাবসিকোয়েন্ট এ্যামেণ্ডমেন্ট—এলিফেন্টস্ প্রিজারভেশন (বেঙ্গল এ্যামেণ্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৩২, এবং দি বেঙ্গল রাইনোসারাস প্রিজারভেশন এ্যাক্ট, ১৯৩২, এবং তার এ্যামেণ্ডমেন্ট ১৯৩৭-এ। স্বাধীনতার পর আমরা যে আইনটি পাচ্ছি সেই আইনটা ওয়েষ্ট বেঙ্গল ওয়াইল্ড লাইফ প্রিজারভেশন এ্যাক্ট, ১৯৫৯, যে আইনটা এখনও চালু আছে এই আইনগুলির সঙ্গে। তার দীর্ঘদিন পর, বর্তমানে এই সুন্দর প্রস্তাবটি এই হাউসে এসেছে তারজন্য নিজেকে অত্যন্ত আনন্দিত মনে করছি। গত কয়েকদিন বিভিন্ন পত্র পত্রিকার ওয়াইল্ড এ্যানিম্যাল সম্বন্ধে কয়েকটি প্রবন্ধ ছাপা হয়েছে এবং তারমধ্যে ৩০শে এপ্রিল ষ্টেটস্ম্যানে ডিস-এ্যাপিয়ারিং ওয়াইল্ড লাইফ (Disappearing wild life) এই সম্পর্কে খুব একটি মূল্যবান আলোচনা ছাপা হয়। গতকাল হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড পত্রিকার ফ্রণ্ট পেজে একটি তথ্য সমৃদ্ধ আলোচনা ছাপা হয় যাতে আমরা জানতে পারছি যে ২০ বছর আগে আমাদের দেশে ৪০ হাজার বাঘ ছিল, আজ ২০ বছর পরে মাত্র ২ হাজার বাঘ অবশিষ্ট আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এই সংখ্যাও ঠিক নয়, এর চেয়ে অনেক কম বাঘ আছে ২ শত থেকে ৫ শত বাঘ আছে বলে আমার মনে হয়। এর স্বপক্ষে আমার কাছে কিছু তথ্য ও বই পত্র আছে। "যুগান্তর" পত্রিকার গত ২৯শে এপ্রিল একটি খবর ছাপা হয় তাতে বলা হয় যে সুন্দরবনে বাঘের সংখ্যা ১১২ এবং বাঘ গণনার কাজ চলছে। বাঘ গণনা চলাকালীন সময়ে একটি বাঘ রাত্রের অন্ধকারে নৌকার মধ্যে উঠে পড়েছিল সেইজন্য বন বিভাগের কর্মচারীরা গুলি করে তার ভবলীলা সাঙ্গ করে। বাঘটিকে মারা অত্যন্ত অন্যায় হয়েছে। এবং এইভাবে বাঘটিকে মারার জন্য বন বিভাগের কর্মচারীটির আমি নিন্দা করছি।

[ 5-20—5-30 p.m. ]

যেহেতু নৌকা কভার ছিল, অনায়াসে বাঘটিকে গুলি না করে তাড়ান যেত। যেখানে আমাদের বাঘের সংখ্যা কমে যাচ্ছে সেখানে এইভাবে বাঘ মারা অন্যায় বলেই আমি মনে করি। বিশেষ করে সুন্দরবনে আজকে বাঘ নিশ্চিহ্ন হতে চলেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এভাবে বাঘ মারা বন্ধ করতে হবে। তারপরে কথা বাঘ মানুষখেকো হয় কেন? অনেক বই পত্রে আছে, আমি এবিষয়ে অথরিটি জিম কর্বেটের বই এবং কেনেথ এ্যাণ্ডারসনের বইয়ের উল্লেখ করে বলতে পরি বাঘ মানুষ খোকো ( man-eater ) দুটি কারণে। অল্প বয়সে বাঘ যখন কাঁটাওয়ালা কোন সজারু বা জন্তুকে শিকার কারার জন্য আক্রমণ করে তখন তার দেহে এই সমস্ত কাঁটা প্রোথিত হয়, ফলে বাঘের শিকার করবার স্বাভাবিক ক্ষমতা কমে যায়। তারপর পোচাররা বা নৈশ শিকারীরা গাদা বন্দুক দিয়ে বাঘকে গুলি করে তখন বাঘের দেহ ক্ষত বিক্ষত হয়, এবং দেহের কোন অংশ আঘাত প্রাপ্ত হয়। তাই স্বাভাবিক ভাবেই তার শিকার করবার ক্ষমতা হ্রাস পায়। দ্বিতীয়তঃ জঙ্গলে স্বাভাবিক বন্য জন্তুর অভাব ঘটলে। এটা ঘটে কেন? এটা ঘটছে নির্বিচারে বন্য জন্তু মেরে উজাড় করে ফেলার জন্য। সেজন্য সুন্দরবনে কেন, আমাদের ভারতবর্ষের বিভিন্ন জঙ্গলে, পশ্চিমবাংলায় তো বটেই, বাঘ মানুষখেকো হয়ে উঠছে। এগুলি হল বাঘের মানুষখেকো হওয়ার অন্যতম কারণ। ধ্বংসোন্মুখ এই সমস্ত বন্য প্রাণী এবং পক্ষীকুল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে এইটাই বলতে হয় বাংলার বন্য প্রাণীদের আজ বড়ই দুর্দিন যে পোচার্স এবং নৈশ শিকারীদের কৃপায় এরা নিশ্চিহ্ন হয়ে যেতে বসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি হয়ত জানেন কয়েক জাতীয় বন্য প্রাণী ইতিমধ্যেই নিশ্চিহ্ন হয়ে যেতে বসেছে, তার মধ্যে চিতাবাঘ, লেপার্ড বা প্যানথারের নাম সকলের আগে করা যেতে পারে। এই চিতাবাঘ, লেপাড বা প্যানথার একই জন্তু কিনা তাদের আকৃতি এবং দেহের ছাপ নিয়ে, সেদিন পযন্ত মতভেদ ছিল কিন্তু বর্তমানে সমস্ত অথোরিটি এটা স্বীকার করেছেন যে এরা একই জন্তু। তারপরে আমি ষ্টেটসম্যানের সম্পাদকীয় উদ্ধৃতি, করে বলছি যে কচ্ছের ওয়াইল্ড এ্যাস বা বন্য গাধা কৃষ্ণসার মৃগ বা সিংকার এবং কালো চিতা যাকে ব্ল্যাক প্যানথার বলে, সেগুলি ক্রমশঃ দুর্লভ এবং দুষ্প্রাপ্য হয়ে যাচ্ছে। সৌভাগ্যের কথা আমাদের চিড়িয়াখানায় এখনও একটি ব্ল্যাক প্যানথার আছে। এই বিষয়ে মাননীয় সদস্যরা যদি ক্যানেথ অ্যাণ্ডারসনের ব্লকে পান্থার অফ "শিবানী পল্লী" বইখানা পড়েন তাহলে আর ও তথ্য জানতে পারবেন। এই ধ্বংসোন্মুখ প্রাণীদের তালিকায় যেগুলি আছে তার মধ্যে কতকগুলিকে গ্রামাঞ্চলে প্রায়ই দেখা যেত, যেমন গুলা বাঘ বা গো বাঘ—এটা এখন আর দেখা যায় না। ভাম্ খাটাস বা খটাস এই প্রাণীগুলি প্রচুর পরিমাণে ছিল, আজকাল বড় একটা দেখা যায় না। এগুলি ধ্বংস হয়ে গেছে। তারপরে এ... পা... ক শৃংওয়ালা গণ্ডারের কথা। এই ওয়ান হর্ণড রাইনোসারাস আমাদের

পশ্চিমবাংলায় এবং আসামে আছে—এদের বড়ই দুর্ভাগ্য যে তাদের শৃঙ্গের দাম হঠাৎ বেড়ে গেছে এবং তারই লোভে দলে দলে এবং শয়ে শয়ে এদের মারা হচ্ছে। আমি আপনার মাধ্যমে माननीय মন্ত্রিমহাশয়কে জানাতে পারি এইরকম বহু ঘটনা জানা গেছে যে গণ্ডারের শিং কলকাতার বাজারে ১০ থেকে ১৫ হাজার টাকায় বিক্রি হচ্ছে। কিভাবে কোন পথে কলকাতার বড় বাজার অঞ্চলে চলে আসছে এবং কিভাবে বিক্রি হচ্ছে তা হয়ত অনেকেই জানেন না। এই জিনিস যদি রক্ষা করতে চান আমাদের বন্য প্রাণী এবং গণ্ডারকে যদি রক্ষা করতে চান তাহলে ( Bengal Rhinocerous Preservation Act ) বেঙ্গল রাইনোসারাস প্রিজারভেসন এ্যাক্ট সংশোধনের জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই আইনের সেকসনস ৪(এ) এবং ৪(বি)কে এ্যামেণ্ট করা দরকার সেখানে পানিসমেণ্ট দেওয়া আছে মাত্র এক হাজার টাকা। গণ্ডার মারলে ১ হাজার টাকা পানিসমেণ্টের ব্যবস্থা করে আপনি কিভাবে গণ্ডারকে রক্ষা করবেণ যেখানে একটি গণ্ডারের শৃংগের দাম ১০ থেকে ১২ হাজার টাকা ? ১ হাজার টাকা পানিসমেণ্ট, ৬ মাস জেল দিয়ে আপনারা গণ্ডারকে রক্ষা করতে পারবেন না। কাজেই এরজন্য আপনাকে সেপারেট এ্যামেণ্ডমেণ্ট আনতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে সংশ্লিষ্ট বনবিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটি প্রোপোজাল হচ্ছে সারা ভারতবর্ষে একটি ইউনিফর্ম আইন হওয়া উচিত। Rhinocerous Act-এ যে এ্যামেণ্ডমেণ্ট-টা আছে তার সংশোধন করে ১ হাজার টাকা জরিমানার জায়গায় ৫ থেকে ১০ হাজার টাকা জরিমানার ব্যবস্থা করুন যে গণ্ডার মারলে এই তার শাস্তি এবং ৬ মাসের জেলের মেয়াদ সেখানে তা বাড়িয়ে ৫/৭ বছরের ব্যবস্থা করুন। এই ব্যবস্থা যদি না করেন তাহলে এই প্রাণীটিকে আপনারা রক্ষা করতে পারবেন না তারপর আমি বলছি বিহঙ্গকুলের কথা। এই বিহঙ্গকুলের মধ্যে কতগুলি হাঁস নিশ্চিহ্ন হতে চলেছে। সাদা পাখাওয়ালা হাঁস এবং গ্রেট ইণ্ডিয়ান বাসটার্ড প্রায় নিশ্চিহ্ন হয়ে গেছে। যারা সংখ্যায় কমে গেছে তারমধ্যে একমাত্র বালিহাঁস ছাড়া অন্যান্য হাঁস, যেমন চক্রবাক—এটাও এক জাতীয় হাঁস, যাকে চকাচকি বলি—ভুবুরি হাঁস, নাকতা হাঁস, নাল বিগ্রি, কলহাঁস—সংস্কৃতে যাকে কলহংস বলে এগুলি আজকে দেখা যায় না, কমে গেছে। ৫।৭।১০ বছর পূর্বে এগুলি আমাদের জলাশয়ে উড়ে আসত, কিন্তু এখন এগুলিকে আর দেখা যায় না। সরিসৃপের মধ্যে যেগুলি ধ্বংস হতে চলেছে তার মধ্যে গোসাপের উপর মানুষের আক্রোশ বেশী দেখছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনি এবং বনবিভাগের মন্ত্রিমহাশয় হয়ত জানেন যে সুন্দরবনে গোসাপ খব বেশী পাওয়া যায়। এর কি মূল্য আছে আমি জানি না যার ফলে তারা শয়ে শয়ে মারা যাচ্ছে। আর দুটি যে নির্বিষ সাপ আছে তার মধ্যে একটি হচ্ছে ঢোঁড়া সাপ—হলুদ রংয়ের সাপ, এবং আর একটি হচ্ছে ঢেমনা সাপ। এগুলির কোন বিষ নেই, কিন্তু এদের উপর মানুষের ভয়ানক আক্রোশ। আপনি যদি রাজাবাজার, মেছোবাজার এবং টিরিটিবাজারের কাছাকছি গুদামগুলি দেখেন তাহলে দেখবেন হাজার হাজার কাঁচা চামড়া বাংলা, বিহার এবং উড়িষ্যা থেকে আমদানি হয়ে তাদের গুদামে জমা হচ্ছে এবং টেণ্ড হয়ে ফরেনে চলে যাচ্ছে। এগুলিকে যদি প্রোটেকসন দিতে পারেন তাহলে এগুলি বাঁচবে, নচেত এদের অবস্থা শোচনীয়। তারপর, দি ওয়েষ্ট বেঙ্গল ওয়াইল্ড লাইফ প্রিজারভেসন এ্যাক্ট, নাইনটিন ফিফ্‌টিনাইন সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। এই এ্যাক্টটির সংশোধন করা দরকার হয়ে পড়েছে। ফাষ্ট সিডিউলে আমরা দেখেছি ৬০টি প্রাণীকে সারা বছর প্রোটেকসন দেওয়া হয়েছে এবং সেকেণ্ড সিডিউলে দেখছি ১৬টি প্রাণীকে আংশিক প্রোটেকসন দেওয়া হয়েছে। আমি যে যে প্রাণীর উল্লেখ করলাম, যেগুলি ধ্বংস হতে চলেছে এবং যেগুলি ফার্ষ্ট বা সেকেণ্ড সিডিউলে নেই সেগুলি যাতে ফার্ষ্ট সিডিউলে দেওয়া হয় সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। তারপর, আমি ওয়াইল্ড লাইফ এ্যাক্ট, নাইনটিন

ফিফ্‌টি-নাইন সম্বন্ধে আলোচনা করছি। সিক্সথ চাপটারে আপনি পানিসমেণ্টের কথা বলেছেন যে ৫০০ টাকা জরিমানা এবং ৬ মাস জেল। পেনাল সেকসনের কথা আছে সিক্সথ চাপটারে। আমার বক্তব্য হচ্ছে এই জরিমানা আপনাকে বাড়াতে হবে। এমন কতগুলি প্রাণী আছে যেখানে ৫০০ টাকা জরিমানা দিলে সে রেহাই পেয়ে যাবে কিন্তু সেই প্রাণীর চামড়া যদি সে বিক্রি করে তাহলে সে অনেক বেশী টাকা পাবে। সেইজন্য আমার সাজেসন হচ্ছে এর পরিমাণ বাড়িয়ে ২ থেকে ৩ হাজার টাকা জরিমানা এবং ২ থেকে ৩বছর জেলের প্রভিসন আপনি করুন। আমি আর একটি সাজেসন রাখতে চাই এবং সেটা হচ্ছে সারা ভারতবর্ষে যে আইনই হোক আমাদের ওয়েষ্ট বেঙ্গলে প্রচুর বনভূমি আছে এবং সেখানে যে সমস্ত বাঘ এবং চিতাবাঘ আছে তা এক্সটিংক্ট হতে চলেছে। বাঘ কিছু কিছু আছে। ওয়েষ্ট বেঙ্গল টাইগার এ্যাণ্ড লিওপার্ড প্রোটেকসন এ্যাক্ট বা এই ধরনের কোন আইন প্রনয়ন করা যায় কিনা সে সম্বন্ধে আমি সংশ্লিষ্ট বনবিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[ 5-30—5-40 p.m. ]

এই যদি করা যায় তাহলে বনাঞ্চলে যে ২১৮টি চিতা বাঘ বেচে আছে, তারা রক্ষা পেয়ে যাবে, এবং বাঘের সংখ্যা যেগুলো আছে তাদের বংশ বৃদ্ধি হবে এবং তারা বেচে থাকবে। আর একটা আমার অনুরোধ, সল্ট লেক এলাকায় বাড প্রটেকশনের—স্যাংচুয়ারী করার কথা হয়েছিল, কিন্তু সেখানে একটা আপত্তি ওঠে যে নিকটবর্তী যে এয়ার পোর্ট আছে, ঐ এয়ার পোর্টে প্লেন ওঠা নাবার অসুবিধা হবে, কিন্তু সম্প্রতি বিশেষজ্ঞরা রিপোর্ট দিয়েছেন যে ছোট ছোট পাখী যদি সেখানে সংরক্ষণ করা হয় অর্থাৎ বাড স্যাংচুয়ারী করা হয় তাহলে প্লেনের কোন ক্ষতি হবে না। কাজেই সল্ট লেক এলাকায় বার্ড স্যাংচুয়ারী করা যায় কিনা—যে প্রস্তাব আগে ছিল,সেটা কার্যকরী করার জন্য মাননীয় বনবিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। আর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে জঙ্গল অধিকার করে বিস্তর জমি দখলের নামে সল্ট ফরেস্টল্যাণ্ড বহু দখলীকৃত হয়েছে, আমরা যদি সেই দখলীকৃত জমি ফিরিয়ে না দিই, আমরা যদি সেই দখলীকৃত জমি ছেড়ে না দিই জমির লোভে তাহলে ফরেষ্ট পলিশি ইমপ্লিমেণ্ট করা যাবে না। তার কারণ হচ্ছে, জঙ্গলের পাশে যদি চাষের জমি থাকে তাহলে ন্যাচর্যালি বনের পশুদের এ্যাট্রাকশন হবে এবং তারা সেইখানে আসবে এবং মারা পড়বে। কাজেই ফরেষ্ট ল্যাণ্ডযেগুলি এনক্রোচড্‌ হয়েছে,যেগুলো দখলীকৃত হয়েছে সেইগুলোদখল করে পুনরায় বনবিভাগকে ফিরিয়ে দেওয়া যায় কিনা, সেই বিষয়ে চিন্তা করেদেখবেন। শেষে আমি বলবো যদি এই সরকার সেই "১৮ মাসে বছর" নীতি অবলম্বন করেন—কারণ এটা অত্যন্ত প্রয়োজনীয় বিষয়, এই সমস্ত সুন্দর প্রাণী এবং বিহঙ্গকুল তারা পৃথিবী থেকে লুপ্ত হয়ে যাবে। জ্যোৎস্নালোকিত রাত্রে সম্বরের সেই "ওয়াক্ ওয়াক্" ধ্বনি শুনতে পাওয়া যাবে না, বাঘের সেই মেঘমন্দ্র গর্জন শুনতে পাবেন না, কিম্বা ময়ুরের মিষ্টি "মিয়াও মিয়াও" ধ্বনিও আর শোনা যাবে না, বনভূমির এখন যেরকম অবস্থা হয়েছে, তাতে বনভূমি নীরব হয়ে যাবে এবং অচিরেই আরও শ্মশান হয়ে যাবে। সেইজন্য মাননীয় বনবিভাগের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এই বিষয়ে কোন আইন করা যায় কিনা একটু চিন্তা করবেন এবং চিন্তা করে পশ্চিমবঙ্গের এই সমস্ত ধ্বংসোন্মুখ প্রাণীজীবকে রক্ষা করে আপনি সমস্ত পশ্চিমবঙ্গের জনবাসীর শ্রদ্ধাভাজন হবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমদনমোহন মাহাতো:** মাননীয় অধ্যক্ষ মহাশয়ের বন্য পশু এবং পাখীদের সংরক্ষণের জন্য আজকে বনবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব শুধু গুরুত্বপূর্ণ নয়

মহত্বপূর্ণ বটে, কাজেই এই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। আমরা জানি শুধু বাংলা দেশে কেন সারা ভারতবর্ষ থেকে পশু পাখী নিশ্চিহ্ন হতে চলেছে। এমন অনেক পশু পাখী আমাদের দেশে পূর্বে ছিল, বর্তমানে যাদের আর খুঁজে পাওয়া যায় না। এই বন্য পশু এবং পাখীদের রক্ষার জন্যই আইনের প্রয়োজন, আমাদের কেন্দ্রীয় সরকার সেই আইন পাশ করবেন। এই পশু পাখীদের ধ্বংস করলো কারা? একদল সৌখীন শিকারী আছেন যারা তাদের মানসিক পরিতৃপ্তির জন্য, তাদের অবসর বিনোদনের জন্য এই পশু পাখী হত্যার লীলায় মেতে ওঠেন। আর এক দল চোরা শিকারী আছেন, তারা পর্যাপ্ত অর্থের লোভে এই সমস্ত পশু পাখী শিকার করেন, এবং তাদের হাড, চামড়া এবং পাখীর পালক বিক্রিকরে পর্যাপ্ত অর্থসংগ্রহ করেন। কাজেই তাদের এই দুস্কৃত কারীদের হাত থেকে রক্ষার জন্য অবিলম্বে একটা বলিষ্ঠ আইনের নিশ্চয়ই প্রয়োজন আছে। আমাদের সরকার কেবলমাত্র ময়ূরকে জাতীয় পাখী বলে ঘোষণা করেছেন। আমি মনে করি যে, সমস্ত বন্য পশুই এবং পাখীই আমাদের জাতীয় সম্পত্তি এবং এই সমস্ত পশু এবং পাখীদের রক্ষা করা আমাদের জাতীয় কর্তব্য। এবং যারা এই সমস্ত বন্য পশু-পাখীদের ধ্বংস করতে, তারা জাতীয় অপরাধে অপরাধী। এই দৃষ্টিভঙ্গী সামনে রেখে আমি আশা করি যে আমাদের ভারত সরকার আজ সুকঠোর আইন পাশ করবেন তারই প্রস্তাব আমরা আজ এখান থেকে পাঠাচ্ছি এবং আমাদের মাননীয় বনবিভাগের মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণ ভট্টাচার্য্য:** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই ব্যাপারে বলার জন্য তৈরী ছিলাম না। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এবং মাননীয় সদস্যরাও বললেন এ সম্পর্কে কিছু বলবার জন্য। আমি কোনরকম ভাবাবেগের দ্বারা পরিচালিত হয়ে বলতে যাচ্ছি না। আমি বনাঞ্চলে থাকি। আমার নির্বাচন কেন্দ্র সংরক্ষিত বনাঞ্চলে যেখানে এক খড়্গ বিশিষ্ট গণ্ডারের বাস সেই জলদাপাড়া সংরক্ষিত বনাঞ্চল হচ্ছে আমার কেন্দ্র। আমি কিছু তথ্য এই হাউসে রাখতে চাই।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই যে poaching—যাকে বলে বে-আইনী শিকার। কেন এটা হয়? কেন গণ্ডার মারা পড়ে? কেন বাঘদের সংখ্যা দিন দিন এত কমে যাচ্ছে? কেন যে হরিণের দল গরুর পালের মত আর উত্তর বাংলায় ঘুরে বেড়ায় না? এরা সব শেষ হয়ে গেছে। কেন সেই কিং কোব্রা শঙ্খচূড় সাপ, পাইথন সাপ যা আগে রাস্তাঘাটে ঘুরে বেড়াতো, আজ আর তাদের ঘুরে বেড়াতে দেখা যায় না? এর কারণ কী? একটু আগে আমার একজন বন্ধু বললেন। আমি বলি এক কেজি গণ্ডারের সিং এর দাম ৪০ হাজার টাকা। অবাক হবার মত কথা। এবং এটা ভারতবর্ষে বিক্রী হয় না। এর খরিদ্দার বাইরে থাকে দক্ষিণ পূর্ব-এশিয়ায় ও এশিয়ার অন্যান্য দেশে। যেখানকার লোকের মধ্যে কি সংস্কার আছে জানিনা। তবে এইটুকু জানি একটা বিরাট চেন, একটা আন্তর্জাতিক চক্র এর পেছনে কাজ করছে। দক্ষিণ-পূর্ব সীমান্ত বা উত্তরপশ্চিম সীমান্ত তখন এত সুরক্ষিত ছিল না। ঐ সীমান্ত পথে গণ্ডারের সিং বাইরে চোরাই চালান যেত। এখন কলিকাতা পোর্ট, দমদম বিমান ঘাটি এই সব পথ দিয়ে যায়। বাঘ কেন মারা পড়ে? আপনি শুনলে স্যার অবাক হবেন একটা ডোরা কাটা রয়েলবেঙ্গল টাইগারের চামড়ার দাম আড়াই হাজার টাকা। আমেরিকার ধনী so called aristocrat মহিলারা নাকি বাঘের চামড়া দিয়ে তৈরী জ্যাকেট পরেন। এখানে একটা রয়েল বেঙ্গল টাইগারের চামড়ার দাম দেড় হাজার টাকা। যাঁরা শিকার করেন—তাঁদের কাছ থেকে কিনে কলকাতা আনা হয়। এখানে

সেটা ট্যানিং হয়। তারপর এখান থেকে আমেরিকা চালান যায়। হরিণ মারা প'ড়ে; সাপ ও বিভিন্ন জন্তুও মারা পড়ে। তার মধ্যে মূলতঃ ঠিক আর্থিক কারণ দুটো। আগে বাঘের ব্যাপারটা ছিল না, বাঘের চামড়ার দাম এত ছিল না। এমন কি দু-বছর আগেও না। এখন এটা একটা বড় অর্থকরী ব্যবসায়। এখন সুযোগ কেমন করে হয়? আমি তো উত্তর বাংলায় থাকি সেখানে এখনো কিছু বন্য প্রাণী টিকে আছে সে হচ্ছে জলদাপাড়া গেম্ স্যাংচুয়ারী। সেটা একটা সংরক্ষিত বনাঞ্চল যেখানে ট্যুরিষ্ট লজ আছে; গরু মারা সংরক্ষিত বনাঞ্চল, সেখানেও ট্যুরিষ্ট লজ আছে। প্রতি বৎসর ঐ সমস্ত বনাঞ্চলে বাঘ দেখতে হাতী দেখতে বিভিন্ন দেশ থেকে বিদেশী পর্য্যটকরা আসেন। এতে করে আমাদের বহু বৈদেশিক মুদ্রা আয় হয়।

[ 5-40—5-50 p.m. ]

এই থেকে আমাদের বৈদেশিক মুদ্রা আয় হয়। এক দিকে মুক্ত নদী অর্থাৎ ভুটানের যেটা দরজা, পাশেই আমাদের হাসিমারা এয়ার বেস্, আর তার পাশেই জলদাপাড়া গেম স্যানকচুয়ারী, এতে বন্য প্রাণীদের পোচিং এর সুযোগটা কোথায়? প্রথম সুযোগ করে দেয় যারা এখানে রক্ষক আছে। আপনি অসন্তুষ্ট হবেন না মন্ত্রিমহাশয়, যদিও এটা সত্য যে আজকে বন অঞ্চলে বন্য প্রাণীদের রক্ষা করা কঠিন। এইটা ঠিক বিধান সভায় বসে আপনাদের বোঝান যাবে না, মাইলের পর মাইল গভীর অরণ্যে রাতের অন্ধকারে বা দিনের বেলায় যারা শিকার করে তাদের পাহারা দিয়ে রাখা খুব কঠিন। যেখানে গণ্ডার পোচিং হতো, সেই জায়গা মিলিটারী দিয়ে ঘিরে রেখেছেন তবুও গণ্ডার মারা বন্ধ হয়নি। আমি কিছু দিন আগে আমার নির্বাচন কেন্দ্রে গিয়েছিলাম, সেখানে কুড়িপাড়া বলে একটি ডিপ ফরেস্ট আছে। ওখানে শুনলাম তিনটি গণ্ডার গুলি খেয়ে আহত হয়ে ঐ বনে আশ্রয় নিয়েছে। তাদের গুলি করা হয়েছে তবুও তারা মরেনি সে কথা ফরেষ্ট ডিপার্টমেণ্টকে বলেছিলাম। আমাদের ওখানে ট্রাইবাল যারা চা-বাগানে কাজ করে, নাগপুরীয়া আদিবাসী ওদের বলে উঁরাও, মুণ্ডা, মাওয়ালী, গোয়ালা—ওদের যে কাস্টম আছে—সামাজিক প্রথা তা হচ্ছে ওরা দল-বেধে জঙ্গলে শিকার করে কতগুলি নির্দিষ্ট দিনে, যেমন ঘেউসি অর্থাৎ আমাদের কালীপুজার সময়, ফাগুয়া এই দোলের সময়। আমি মন্ত্রিমহাশয়কে নিমন্ত্রণ করছি, যদি উনি মাস পোচিং দেখতে চান তাহলে আপনার মাধ্যমে নিমন্ত্রণ রইল। উনি দেখতে পাবেন হাজার হাজার লোক—পোচার্স জঙ্গলে ঢুকে বিট করে পোচিং করে। যে বিট করা হয় ওকে বলা হয় শিকার বিট, ওরা শিকারকে বীট করে শিকার করে। অর্থাৎ যারা ভাল তীরন্দাজ তারা তীর-ধনুক নিয়ে বসে থাকে আর দল বেধে লোক জঙ্গল ঘিরে আওয়াজ করে ঢোল বাজিয়ে ঐ যে শিকার তাকে তাড়িয়ে আনে। কেমন করে সম্ভব হয়? আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলছি এখনও যে ফরেষ্ট সিসটেম আছে, অলিখিত বন আইন—বনের ব্যাপার তো, সেখানে দেদার প্রথা বলে একটি প্রথা আছে। ফরেষ্টে যে সমস্ত বিট বাবুরা আছেন রেনজারস্ বাবুরা আছেন ডি, এফ, ও যাঁরা আছেন এরা ঐ যে আদিবাসী সম্প্রদায়ের লোক চা-বাগানে থাকেন ফরেষ্ট সংলগ্ন এলাকায়, তাদেরকে নিয়ে বিনা পয়সায় জঙ্গলের কাজ করিয়ে নেয়। একে বলা হয় দেদার প্রথা এবং প্রতি বছর হাজার হাজার মানুষ তারা এই যে দেদারী কাজ করে এর জন্য পয়সা পায় না, তার পাল্টা হিসাবে তাদের শিকার করতে দেওয়া হয় ঘেউস্রির সময়, ঐ ফাগুয়ার সময় এবং তাদেরকে বনের থেকে কাঠ কুড়িয়ে আনতে দেওয়া হয়। একটা সময় ছিল যখন উত্তর বাংলার এবং আসামের চা বাগানের যে সমস্ত ইউরোপিয়ান ম্যানেজাররা থাকতেন তাঁরা শিকার করতেন, একেবারে

চালাও ব্যবস্থা ছিল, কারণ ওদেরই তো রাজত্ব ছিল। আর ছিল রাজা-মহারাজারা। আমি ছোটো বেলায় দেখেছি কুচবিহারের মহারাজা ক্যাম্প করতেন, করে শিকার করতেন। কিন্তু তাদের দিন চলে গিয়েছে। ইউরোপিয়ান ম্যানেজাররা তারা দেশে চলে গিয়েছে—হোমে চলে গিয়েছে। এখন আমাদের দেশী সাহেব, আমি কারও নাম করতে চাইনা, আমি কয়েকজন অফিসারকে জানি এই রাইটার্স'এ আছেন, কিছু রিটায়ার করে গিয়েছেন। আমাদের উত্তর উত্তরবাংলায় বিভিন্ন ইমপটেন্ট পোষ্ট আছে যেমন এস.পি.,ডি. এম এদেরকে মনোরঞ্জন করার জন্য বিভিন্ন সংরক্ষিত বন যেখানে একটি পাখী মারলে জেল হয় আইন আছে, অবশ্য যাদের কথা বলছি তারা গণ্ডার মারে না, তারা হরিণ মারে। এবং এদের মনোরঞ্জনের জন্য বিভিন্ন রকম ব্যবস্থা আছে। সেখানে রেষ্ট হাউস আছে, হাই অফিসিয়্যালরা সেখানে সেই সমস্ত জায়গায় যায়। স্যার আপনি জানেন চীনের সঙ্গে লড়াইয়ের পরে উত্তরবঙ্গে তরাইন ডুয়ার্স এলাকা এবং শিলিগুড়ি পশ্চিমপ্রান্ত থেকে আরম্ভ করে আসামের সীমান্ত পর্যন্ত বহু মিলিটারী ক্যাম্প হয়েছে ক্যান্টনমেন্ট গড়ে উঠেছে। সেখানে বন্য প্রাণী শেষ হয়ে গেছে এর বড় কারণ সেখানে যারা আছে তারা তাদের মূলচ্ছেদ করে দিচ্ছে। আমি যে কথা দিয়ে শেষ করতে চাচ্ছি তা হচ্ছে বন্য পশু পক্ষী সংরক্ষণের জন্য আইন তো আগে ছিল। এখানে যে প্রস্তাব এনেছেন যে ৫০০ টাকা জরিমানা, ৬ মাসের জেল তাতে সরষের মধ্যে ভূত যে রয়েছে সেই সরষে দিয়ে ভূত ছাড়াবেন কি করে। আজকে ফরেষ্ট ডিপার্টমেন্টে কি অবস্থা চলছে—সেখানে বনের যে আইন রয়েছে তাতে জঙ্গল রুল চলছে। আজকে সেই ভূত ছাড়াতে হবে তবে বন্য প্রাণী সংরক্ষিত হবে। এখনও সময় আছে, বহু পক্ষী আছে গণ্ডার আছে সাইবেরিয়া থেকে হাঁস আসে এগুলিকে আমরা এখনও ঠিকমত যদি সংরক্ষণ করতে পারি তাহলে অনেক কিছু আমরা ফিরে পাবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর দেবার আগে আমি কালকের মত ভুল করতে চাই না, কিছু বলে নিতে চাই। স্যার, আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে আমাদের দলের থেকে আমরা কেউ আলোচনায় অংশ গ্রহণ করি নি। এবং আপনার মারফৎ আমি জানাচ্ছি যে আমরা ভোটে অংশ গ্রহণ করবো না। কারণ একদিকে আমরা চাই বন্য প্রাণী সংরক্ষিত আইন হোক। আর একদিকে আমরা চাই না যে আমাদের যে ক্ষমতা আছে ভাগ-চাষী যেমন মালিকের কাছে ক্ষমতা সারেণ্ডার করে তেমনি আমরা ক্ষমতা সারেণ্ডার করবো। সেইজন্য আমরা আলোচনায় অংশ গ্রহণ করি নি। অবশ্য আলোচনা ভাল হয়েছে তবে এই পশু পক্ষী ব্যাপারে যে ক্ষমতা সারেণ্ডার করা হচ্ছে তাতে আমাদের আপত্তি আছে বলে আমরা এর পক্ষে কি বিপক্ষে ভোট দেবো না। অথচ আমরা চাই যে বন্য প্রাণী সংরক্ষিত হওয়া দরকার।

**শ্রীসীতানাথ মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন্য পশু পক্ষী সংরক্ষণের জন্য যে প্রস্তাব এখানে আনা হয়েছে এবং এই প্রস্তাবকে ভিত্তি করে যে সমস্ত মাননীয় সদস্য আলোচনা করলেন তাতে এটা স্পষ্ট ফুটে উঠেছে এবং সকলে এই প্রস্তাবে যে যুক্তির অবতারণা করেছেন।

[ 5-50—6-00 p.m. ]

শুধু তাই নয়, তারা প্রত্যেকে এই প্রস্তাবকে অন্তরের সঙ্গে সমর্থন জানিয়েছেন। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। অপর দিকে

আমাদের শ্রদ্ধেয় বিশ্বনাথবাবু যে প্রশ্ন তুলেছেন, এই প্রশ্ন অবশ্য শুধু এই প্রস্তাবের ক্ষেত্রেই প্রযোজ্য নয়। তিনি গতকালও এই প্রস্তাব তুলেছিলেন, আমি অবশ্য সে সম্পর্কে বেশী কিছু বলবো না। তবে এই যে প্রস্তাব, এই প্রস্তাব সর্বভারতীয় ভিত্তিতে হওয়ার যে যৌক্তিকতা যে সার্থকতা আছে আমি সে সম্পর্কে শুধু দু'একটি কথা বলতে চাই। আপনারা সকলে জানেন যে বন্য পশু এবং পক্ষী এরা থাকে প্রকৃতির দেওয়া স্থানে। কোন এক জায়গায় কেউ এদের আবদ্ধ করে রাখতে পারে না যদি না 'এদের দিতে পারা যায় প্রকৃত পরিবেশ। আপনারা জানেন যে এমন ধরনের পক্ষী আছে, যারা সিজন টু সিজন স্থান পরিত্যাগ করে। যেসব পক্ষী জলে বিচরণ করে, জলে বাস করে তাদের কাছে কোন দেশের একটা সীমা রেখা প্রযোজ্য নয়। তারা এই পৃথিবীর যেখানে তাদের বসবাসের পরিবেশ পাবে সেখানে তারা চলে যাবে। তারা মানবে না কোন রাজ্য, কোন রাষ্ট্রের সীমা রেখার বন্ধন। অপর দিকে পশুদের পক্ষেও এই নীতি খাটে। তারা যেখানে জঙ্গল আছে, যেখানে তাদের থাকার পরিবেশ আছে, যেখানে তাদের বসবাস করার উপযুক্ত ব্যবস্থা আছে তারা সেইসব জায়গায় চলে যায় মানুষের আয়ত্বের বাইরে। কাজেই আমার মনে হয় এ যে দৃষ্টিভঙ্গি নিয়ে, যে মানবিকতা নিয়ে আজকে আমরা বন্য পশু ও পক্ষী সংরক্ষণের জন্য প্রস্তাব এনেছি সর্বভারতীয় ভিত্তিতে, এর যে একটা আইন করবার প্রয়োজনীয়তা আছে সে সম্পর্কে কোন সন্দেহ নাই। তাই আমি বলতে চাই, আজ আমাদের মাননীয় সদস্যগণ এই প্রস্তাবকে সমর্থন করে তাঁরা আজকে আমাদের জীবজগতের মধ্যে একটা ঐতিহাসিক পরিবর্তন এনেছেন, সেজন্য আমি হাউসের সকল সদস্যকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বলে আপনাদের সকলকে আমি আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sitaram Mahato that whereas the Assembly considers that it is desirable to have a uniform law throughout India for the protection of wild animals and birds and for all matters connected therewith or ancillary and incidental thereto :

And whereas the subject matter of such a law is relatable mainly to entry 20 (Protection of wild animals and birds) of List II of the Seventh Schedule to the Constitution of India ;

And whereas Parliament has no power to make laws for the States with respect to the matters aforesaid except as provided in articles 249 and 250 of the Constitution of India;

And whereas it appears to the Assembly to be desirable that the aforesaid matters should be regulated in the State of West Bengal by Parliament by law ;

Now, therefore, in exercise of the powers conferred by clause (1) of article 252 of the Constitution of India, the Assembly hereby resolves that the protection of wild animals and birds and all matters connected therewith of ancillary and incidential thereto should be regulated in the State of West Bengal by Parliament by law.
was then put and agreed to.

## Motion under Rule 185

**Shrimati Ila Mitra :** Mr Deputy Speaker, Sir, I beg to move that this Assembly is of opinion that appropriate authorities should be urged upon for according diplomatic recognition to and for establishing diplomatic relations

with, the Germa Democration Republic and the Provisional Revolutionary Government of South Vietnam.

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে যে প্রস্তাব উপস্থিত করেছি দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে স্বীকৃতি দেবার জন্য জার্মান গণতান্ত্রিক সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেবার জন্য এই বিধানসভায় সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করে ভারত সরকারের কাছে অনুরোধ জানানো হোক যে তাদের যেন পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি এখনই দেওয়া হয়, এই প্রস্তাব আমি এখানে মুভ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভিয়েৎনামে মার্কিন সাম্রাজ্যবাদ যে বর্বর আক্রমণ চালিয়েছে তাকে নিন্দা করার উপযুক্ত ভাষা আমাদের নেই। পেণ্টাগণের এই অবৈধ অভিযানের বিরুদ্ধে সারা ভারতবর্ষ গণতান্ত্রিক মানুষ সর্বাঙ্গীন ঐক্যমত তারা প্রকাশ করেছেন। আমাদের এই রাজ্যে সমগ্র শ্রমিক শ্রেণী, যুব সংঘ, যুব কংগ্রেস সকলে মিলে যে তীব্র ক্রোধ এবং ঘৃণা প্রকাশ করেছেন তার মধ্যে দিয়ে এই রাজ্যের সমগ্র শ্রমিক শ্রেণী এবং বিশেষ করে যুব সমাজের ক্রোধ মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে পরিস্ফুট হয়ে উঠেছে। বাংলাদেশ যেমন পশ্চিমবাংলার সমস্ত মানুষের কাছে অকুণ্ঠ সমর্থন লাভ করেছিল তেমনি করে ভিয়েৎনামও আজকে সারা পশ্চিমবাংলার মানুষের অকুণ্ঠ সমর্থন লাভ করেছে। আজকে আমাদের রাজ্যে এমন একটা গণ সংগঠন বা সংস্থা নেই, যার কণ্ঠ এই মার্কিন সাম্রাজ্যবাদের বর্বর অভিযানের বিরুদ্ধে সোচ্চার নয়। কাজেই পশ্চিমবাংলার বিধানসভা আমার এই প্রস্তাব যদি সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন তাহলেই পশ্চিমবাংলার সর্বসাধারণ মানুষের কথা তার মধ্যে দিয়ে ধ্বনিত হবে। এখানে উল্লেখ্য যে বাংলাদেশের বিরুদ্ধে মার্কিন সাম্রাজ্যবাদী সামরিক চক্র যেরকম আক্রমণ করেছিল ঠিক তেমনিভাবে উত্তর ভিয়েৎনামের স্বাধীন সমাজতান্ত্রিক সরকারের বিরুদ্ধে মার্কিন সাম্রাজ্যবাদী সামরিকচক্র আক্রমণ চালিয়েছে। উত্তর ভিয়েৎনামের অপরাধ—বাংলাদেশের সংগ্রামের সময় ভারতবর্ষ যেমন তাকে সাহায্য করতে অগ্রসর হয়েছিল তেমনি করে উত্তর ভিয়েৎনাম সরকার দক্ষিণ ভিয়েৎনাম এবং দক্ষিণ ভিয়েৎনাম-এর বিপ্লবী সরকারকে সাহায্য করছেন। কাজেই গোটা ভিয়েৎনামের সঙ্গে দক্ষিণ ভিয়েতনামের বৈপ্লবিক সরকারের আত্মিক যোগাযোগ অত্যন্ত স্পষ্ট সেকথা বোধ হয় বলে দেবার দরকার নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা নিশ্চয়ই এখানে উল্লেখ করা যায় যে দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী গণতান্ত্রিক সরকার ইতিমধ্যেই ভারত সরকার-এর জাতীয় স্বীকৃতি বেসরকারীভাবে লাভ করেছে। কিছুদিন আগে মাদাম বিনকে সরকারীভাবে ভারত সরকার আমন্ত্রণ জানিয়ে ভারতবর্ষের বেসরকারী জনমতের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। সুতরাং আজকে এমন কোন কারণ নেই যে কেন দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী সরকারকে পূর্ণ সরকারী কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হবে না—অতীতে বাংলাদেশের অস্থায়ী সরকারকে স্বীকৃতি দিন এই দাবী জানিয়ে বিধানসভা থেকে সর্বসম্মতিক্রমে প্রস্তাব আমরা পাশ করেছিলাম ভারত সরকারকে অনুরোধ জানিয়ে যে বাংলাদেশের অস্থায়ী সরকারকে স্বীকৃতিদান করা হোক, তেমনি করে আজকে কেন আমরা বিধানসভা থেকে দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হোক, এই দাবী এখানে কেন করবো না? দক্ষিণ ভিয়েৎনামে যে ঘটনা ঘটছে সে কথা আপনারা সকলেই জানেন। দক্ষিণ ভিয়েৎনামের মুক্তি যোদ্ধারা যে এক অবিচল সংগ্রাম করছেন সে কথা আপনারা জানেন। দক্ষিণ ভিয়েৎনামে মুক্তি সংগ্রাম আজকে আর শুধু তাদের মধ্যেই সীমাবদ্ধ নয়, তাদের পাশে আছে উত্তর ভিয়েৎনাম, তাদের পাশে আছে সোভিয়েৎ রাশিয়া, তাদের পাশে ভারতবর্ষের আপামর জনসাধারণ, কৃষক সমাজ, শ্রমিক শ্রেণী, যুব সমাজ, ছাত্র সমাজ, শ্রমজীবী মানুষ।

[6-00—6-10 p.m. ]

আমরা একথা যুবরাজ নিকসনকে স্মরণ করিয়ে দিতে চাই যে যদি মার্কিন সাম্রাজ্যবাদ সামরিক যন্ত্রের উপর নির্ভর করে ভিয়েতনামের যুদ্ধে হস্তক্ষেপ করতে চায়, তার হেস্তনেস্ত করতে চায় তাহলে উপযুক্ত জবাব সে পাবে। তাই ভারত সরকারের নিকট আমরা দাবী করি, ভারত সরকার অবিলম্বে তার সমস্ত শক্তি প্রয়োগ করুন। সারা ভারতবর্ষের মানুষ যেমন ঐতিহ্যময় সংগ্রাম করেছে তেমনি এখানেও তার নেতৃত্ব ভারত সরকার দিক। আমরা দাবী করি, ভারত সরকার সমস্ত শক্তি প্রয়োগ করে এমন চাপ সৃষ্টি করুন যাতে মার্কিন সাম্রাজ্যবাদ ভিয়েৎনামে বোমা বর্ষণ বন্ধ করে। সমস্ত শক্তি নিয়ে এমন চাপ সৃষ্টি করুন যার মধ্যে দিয়ে মার্কিন সাম্রাজ্যবাদ বাধ্য হয় দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী সরকারের সাত দফা প্রস্তাব মেনে নিতে। আমরা দাবী করি, ভারত সরকার এখনই দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দিয়ে মার্কিন সাম্রাজ্যবাদের যে আগ্রাসন নীতি তার বিরুদ্ধে সমুচিত জবাব দিন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভিয়েতনামে পারমাণবিক আক্রমণ চলবে আর পশ্চিমবাংলার মানুষ নিশ্চেষ্ট হয়ে বসে থাকবে এটা হতে পারে না। বাংলাদেশের মুক্তি সংগ্রামের সময় যেমন সারা ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায় দলমত নির্বিশেষে ক্রোধ ও ক্ষোভের আগুন জ্বলেছিল আজকে আমি মনে করি সেই ক্রোধ ও ক্ষোভের আগুন সেইভাবে জ্বলে উঠছে। আজকে সারা পৃথিবী জুড়ে সাম্রাজ্যবাদকে উচ্ছেদ করার জন্য যে লড়াই সুরু হয়েছে ভারত সরকার দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দিয়ে সেই গৌরবময় সংগ্রামের অংশীদার হোন এই দাবী আমরা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে এখনও কেন পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হবে না তার কারণ আমরা বুঝে উঠতে পারছি না। গত বিশ্বযুদ্ধের ফলে দুই জার্মানীর উৎপত্তি হয়েছে। একথা জার্মান ফেডারেল রিপাবলিকের প্রধানমন্ত্রী মিঃ উইলি ব্রান্টও আজকে স্বীকার না করে পারেন না। ভারত সরকারের সঙ্গে জার্মান ফেডারেল রিপাবলিকের পূর্ণ কূটনৈতিক সম্পর্ক আছে। জার্মান গণতান্ত্রিক সরকারের সঙ্গেও ভারতের বন্ধুত্ব, পূর্ণ সম্পর্ক রয়েছে। তাহলে কি কারণ থাকতে পারে যার জন্য জার্মান গণতান্ত্রিক সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি ভারত এখনও দিতে পারছেন? জার্মান গণতান্ত্রিক সরকারের সঙ্গে ভারতের বন্ধুত্ব ও সহযোগিতার সম্পর্ক রয়েছে এবং কনসুলেট পর্যায়ে সম্পর্ক স্থাপিত হয়েছে। ভারতের সঙ্গে জার্মান গণতান্ত্রিক সরকারের যে বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতার সম্পর্ক রয়েছে তারমধ্যে দিয়ে ভারতের অর্থনীতির বিকাশ লাভজনক হচ্ছে বলে প্রমাণিত হয়েছে বার বার। তা সত্বেও কেন জার্মান গণতান্ত্রিক সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি এখনও দেওয়া হচ্ছে না আমরা জানি না। তবে কি আমি জিজ্ঞাসা করতে পারি, এই যে বাধা এই বাধা বিষয়গত? বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ভারতবর্ষ যখন সমর্থন করেছিল তখন মার্কিন সাম্রাজ্যবাদ তার তথাকথিত সাহায্য বন্ধ করেছিল বলে কি ভারত সরকার তার নৈতিক ও আন্তর্জাতিক কর্তব্য থেকে বিরত হয়েছিল? সে তো আমরা দেখিনি। জার্মান গণতান্ত্রিক সরকারের সঙ্গে ভারতের মৈত্রী সম্পর্ক বর্তমান এবং আন্তর্জাতিক আইনে যার অস্তিত্ব আজকে কেউ অস্বীকার করতে পারে না তার সঙ্গে ভারতের কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হলে যদি কোন বিশেষ দেশ ভারতকে তার সাহায্য থেকে বঞ্চিত করে তাহলে কি ভারত সরকার তার সেই জাতীয় কর্তব্য থেকে বিরত হবে? ভারতের নীতি এখন স্বনির্ভরতা একথা আমরা সকলেই জানি। জার্মান প্রজাতন্ত্র সরকারের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা আমাদের আছে। সমস্ত সমাজতান্ত্রিক রাষ্ট্রের সঙ্গেও আমাদের সহযোগিতা এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। সুতরাং একথা বলা যায় না যে অর্থনৈতিক কারণে আজকে জার্মান

গণতান্ত্রিক সরকারকে ভারত সরকার পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দিতে পারছেন না। আমরা জানি এবং একথা বার বার ঘোষিত হয়েছে যে ভারতের ঘোষিত লক্ষ্য সমাজতন্ত্র। জার্মান গণতান্ত্রিক রাষ্ট্র। একটা সমাজতান্ত্রিক রাষ্ট্র আজ যাঁরা জার্মান গণতান্ত্রিক রাষ্ট্রের সরকারী পদে অধিষ্ঠিত তাঁরা হিটলারের ফ্যাসিবাদের বিরুদ্ধে আমৃত্যু সংগ্রাম করেছিলেন। দ্বিতীয় মহাযুদ্ধের অবসানে হিটলারের সামরিক যন্ত্র বিধ্বস্ত হবার পর আন্তর্জাতিক আইন অনুসারে জার্মান গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন ২৭ বছর কেটে গেছে, এই ২৭ বছরে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রে শিল্প ও কৃষিতে যে বিস্ময়কর অগ্রগতি হয়েছে সেকথা সকলেই জানেন। সেখানে এখন পূর্ণ শান্তি বিরাজ করছে সেকথা সকলেই জানেন। সুতরাং নৈতিক অথবা বৈষয়িক এমন কোন কারণ নেই যারজন্য ভারত সরকার এখনই জার্মান গণতান্ত্রিক সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দিতে পারেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই প্রস্তাব যদি সর্বসম্মতিক্রমে এখানে পাশ হয় তার মানে এই নয় যে ভারত সরকারের প্রতি আমরা কোন রকম কটাক্ষ করছি। অতীতে এর নজীর আছে। ব্যাংক জাতীয়করণ প্রস্তাব এনে সর্বসম্মতিক্রমে আমরা পাশ করেছি, ভারত সরকারকে অনুরোধ জানিয়েছি যে সেই ব্যাঙ্ক জাতীয়করণ আইন পাশ করা হোক। অতীতে নজীর আছে ১৯৬৯ সালে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ স্বীকৃতি দেওয়ার জন্য আমরা সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করেছি। ১৯৭১ সালে শ্রীমতী গীতা মুখার্জী প্রস্তাব এনেছিলেন যে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে এবং দক্ষিণ ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে এখনই পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হোক এবং তা কংগ্রেস, আমরা এবং আরো যাঁরা ছিলেন সকলেই সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করেছি। কাজেই আমরা যদি এই প্রস্তাব এখানে পাশ করি তাহলে তাতে কেন্দ্রীয় সরকারের হাতকে আমরা শক্তিশালী করব। আশাকরি এই বিষয়ে কোন ভুল বোঝাবুঝির অবকাশ থাকবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি ভারত সরকার একদিন না একদিন জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেবেন। কিন্তু আজ আমেরিকা যুক্তরাষ্ট্র যখন সেই দেশের পক্ষে বহু বিতর্কিত বাংলাদেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করলেন তখন এই মুহূর্তে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও দক্ষিণ ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারের সংগে ভারত সরকার যদি কূটনৈতিক সম্পর্ক স্থাপন না করেন তাহলে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের মর্যাদা ক্ষুণ্ণ হবে, আমাদের বন্ধু রাষ্ট্রগুলির জনসাধারণের মনে ভারতের উপনিবেশবাদের বিরোধিতা সম্পর্কে, তার গভীরতা সম্পর্কে প্রশ্ন জাগবে। তার চেয়েও বড় কথা এই যে যদি এখনও দুই দেশের সরকারকে পূর্ণ স্বীকৃতি না দেওয়া হয় তাহলে ভারত সরকারের সংগে ভারতের জনগণের আত্মিক যে যোগ সেটা ক্ষুণ্ণ হচ্ছে। সর্বশেষে এই কথা বলতে চাই এই স্বীকৃতির ফলে আমাদের পররাষ্ট্র নীতির সংগতভাবে প্রতিফলন হবে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধান সভার প্রতিটি সদস্যের কাছে আবেদন জানাচ্ছি যে মার্কিন সামাজ্যবাদের বিরুদ্ধে যে সংগ্রাম, যে ঐতিহ্য ভারতবর্ষ ইতিপূর্বে লাভ করেছে সেই ঐতিহ্যকে অনুসরণ করুন, বিশ্বজোড়া সমস্ত গণতান্ত্রিক মানুষ যে সামাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করছে সেই লড়াইয়ের অংশীদার হোন ভারত সরকার এবং এখনই জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র এবং দক্ষিণ ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দিয়ে সেই ঐতিহ্য অনুসরণ করুন এই কথা বলে আমি আমার প্রস্তাব এখানে মুভ করলাম।

**Mr. Deputy Speaker:** There are two amendments to the motion. They are in order. I now request Shri Humar Dipti Sen Gupta to move his amendment.

**শ্রীকুমার দিপ্তী সেনগুপ্ত :** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমাদের সর্বজন শ্রদ্ধেয় শ্রীমতী মিত্র যে প্রস্তাব আমাদের House-এর সামনে এনেছেন নৈতিক দিক থেকে আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করি। একথা আজ অনস্বীকার্য যে মার্কিন যুক্তরাষ্ট্র South Vietnam-এর উপর অত্যাচার, অনাচার, নিপীড়ন ও লুণ্ঠনের steam roller চালাচ্ছে। কিন্তু একে চিরকালের মত স্তব্ধ করে দিতে হবে। ভারতবর্ষের ঐতিহ্যধর্ম যাঁরা জানেন তাঁরা নিশ্চয় স্বীকার করবেন যে যেখানেই নিপীড়ন, শোষণ সেখানেই আমাদের কল্যান হস্ত প্রসারিত হয়েছে তিনি আত্মিক যোগাযোগের কথা বলেছেন। আমি তাঁকে বলতে চাই ১৯৩৯ সালে নেতাজী সুভাষচন্দ্র বসু যখন কংগ্রেস সভাপতি ছিলেন সে সময় ..

**Mr. Deputy Speaker :** Mr Sen Gupta, do you want to move your amendment ?

Shri Kumar Dipti Sen Gupta : Yes, sir.

**Mr. Deputy Speaker :** If so, please move the amendment first and then speak.

Shri Kumar Dipti Sen Gupta : Sir, I beg to move that (i) in line 2, for the words "appropriate authorities," the words "Central Government" be substituted ; and

(ii) in line 4, after the words "Government of South Vietnam", the words "at such time as the Central Government considers appropriate" be added.

১৯৩৯ সালে যখন সুভাষচন্দ্র বসু কংগ্রেসের সভাপতি ছিলেন সে সময় যখন জাপানের বিরুদ্ধে চীন আমরণ সংগ্রামে লিপ্ত ছিল তখন ডাঃ কোটনিশের নেতৃত্বে স্বাধীনতা সংগ্রামকে সমর্থন করার জন্য তিনি একটি Medical Mission পাঠিয়েছিলেন। ইতিহাসের ছাত্র যাঁরা তাঁরা জানেন the great dictator General Franco যখন স্পানিশ লোকেদের উপর নিপীড়ন চলছিল তখন সেখানে International Volunteers গিয়েছিল তাদের পাশে দাঁড়িয়েছিলেন আমাদের মুক্তিকামী নেতা পণ্ডিত জহর লাল নেহেরু। বিশ্ববন্দিত পিতা হোন-চি-মিনও স্বীকার করেছেন আমরা বিপ্লবীরা প্রেরণা পেয়েছি মহাত্মাগান্ধীর কাছ থেকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ যখন সমাপ্ত হয় তখন বিপ্লবের অগ্নিশিখা প্রজ্বলিত হয় বার্মা থেকে ভিয়েৎনাম পর্যন্ত। সেই উৎসাহ উজ্জীবিত করে আমাদের ভারতবর্ষের লোককে। একে দেশবন্ধুর ভাষায় বলতে হয় Prince among patriots, lion among revolutionaries. সুতরাং Mrs. Mitra-কে একথা বলতে পারি আমাদের ভারতবর্ষের এটাই ধর্ম যেখানে অত্যাচার, নিপীড়ন হচ্ছে, বিশ্বে যেখানে বিদ্রোহ হচ্ছে সেখানেই তাদের পাশে আমরা দাঁড়াব। যেমন আমরা দাঁড়িয়েছিলাম বাংলাদেশের ব্যাপারে। আজ দুটো মৌলিক প্রশ্ন এখানে এসে গেছে। আজ তিনি যে প্রস্তাব দিয়েছেন তাতে তিনি appropriate authorities-এর কথা উল্লেখ করেছেন। কিন্তু এই appropriate authorities কে আমাদের বন্ধুদেশ। কিন্তু তাদের আমরা শ্রদ্ধা করি। আমাদের appropriate authorities Mr. Kosigin, Russia-কে D.M.K. certificate দিচ্ছেন, এমন কি হঠাৎ রাজাগোপাচারী পর্যন্ত তিনি এখন রাশিয়াকে certificate দিচ্ছেন। সুতরাং পরিষ্কার ভাষায় Appropriate authorities Central Government ছাড়া কেউ নয়। এটা যদি জানতে চাই তাহলে আমাদের constitute-এ কি ধারা বর্ণিত আছে সেটা দেখতে হবে। সেখানে বলা আছে List I, Union List clause 10, Foreign Affairs—all matters which bring the Union into relation with any foreign country and this is absolutely a matter which controls

relationship between foreign countries and India. সুতরাং কনসটিটিউসন অনুযায়ী আমরা বাধ্য এটা মেনে নিতে। আমাদের কেন্দ্রীয় সরকার ছাড়া আমাদের এখানে কিছু করণীয় নেই। তা যদি হয় তাহলে প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় সরকার করবেন কাজ তাকেই ছেড়ে দিতে হবে উপযুক্ত সময়ের জন্য। যারজন্য আমি এ্যাপ্রোপিয়েট কথাটা ব্যবহার করেছি। যে কাজ করবে তার সেই স্বাধীনতা থাকা উচিৎ কখন করতে হবে এবং তার উপর কোন ইনজাংশান, ডাইরেকশান বা ম্যানডেট দেওয়া উচিত নয়। এটা ইনট্যারন্যাশন্যাল রিলেশানসের ব্যাপার এবং আপনি জানেন এটা গভর্ণ করেন কেন্দ্রীয় সরকার। যদি বাংলাদেশের উদাহরণ দিই তাহলে সমস্ত জিনিষটা পরিষ্কার হয়ে যাবে। শ্রদ্ধেয় অজয় কুমার মুখার্জীর নেতৃত্বে যে বাংলাদেশের মুক্তি সংগ্রাম কমিটি সংগঠিত হয়েছিল আমি তার একজন সাধারণ কর্মী ছিলাম। আমি বহু সি, পি, আই কর্মীর সঙ্গে কাজ করেছি। দিনের পর দিন, রাতের পর রাত, জীবনের ঝুঁকি নিয়ে, এমনকি জীবন বিসর্জন হতে পারতো এইরকম ঝুঁকি নিয়ে সি, পি, আই কর্মীদের সঙ্গে আমরা একযোগে কাজ করেছি। আজকের মন্ত্রী জয়নাল আবেদীন সাহেব, সন্তোষ রায় কিংবা অরুন মৈত্র— এরাই আমাদের সঙ্গে ছিলেন। আর ছিলেন চির নবীন, চির বিপ্লবী যাঁকে আমরা শ্রদ্ধা করি সেই ডেপুটি স্পীকার শ্রী হরিদাস মিত্র যাঁকে ছিনিয়ে আনতে হয়েছিল বৃটিশ গ্যালগুস থেকে, যাঁকে বাচাবার জন্য আমরণ অনশন করতে হয়েছিল এই কলকাতা শহরে এবং সমস্ত ভারতবর্ষে উদ্দাম রেভুলেনশারি অবস্থা সৃষ্টি করতে হয়েছিল তাই আজ তাঁকে আমরা এখানে ডেপুটী স্পীকার হিসাবে দেখতে পাচ্ছি। আপনারা আমাদের নেতৃত্ব দিয়েছিলেন সেদিন যেদিন পূর্ব বঙ্গ থেকে ঝাঁকে ঝাঁকে লক্ষ লক্ষ মানুষ একটু আশ্রয়ের জন্য এখানে ছুটে আসছিল তখন পশ্চিমবঙ্গবাসী তাদের ক্রন্দন রোধ করতে পারে নি। তারা নিজেরা খেতে পায়নি। না খেতে পেয়েও কিন্তু তারা তখন ভাবে নি আমরা এখন খাবো, কাউকে খেতে দেবো না। সেদিন ছাত্র সমাজ, যুব সমাজ, এক সি, পি, এম বাদে সমস্ত রাজনৈতিক নেতাদের মধ্যে যে চাঞ্চল্য পরিলক্ষিত হয়, বেদনা মূর্ত্ত হয়ে উঠেছিল, আমরা তাতে মনে করেছিলাম আজই এখনই কেন রেকগনিজেশান দেওয়া হচ্ছে না। রেকগনিজেশান চাই, চাই, চাই। কলকাতা শহরে বড় প্রসেসান হয়েছে, গ্রামে বড় প্রসেসান হয়েছে, সেদিন আমাদের মনে সন্দেহ হয়েছিল, তাহলে কি হল, এই যে এক কোটি লোক এসে গেলো, রেকগনিজেশান আসছে না, অস্ত্র দেওয়া হচ্ছে না, বুঝেছিলেন একমাত্র সি, পি, এম কি বুঝেছিলেন তা তাঁরাই জানেন, আর ভগবানই জানেন, কিন্তু বলেছিলেন ইন্দিরা ইয়াইয়া—এক হায়, ভুলো মাত, ভুলো মাত। একথা সবাই বুঝেছিলেন যে ভারতবর্ষের যদি সবাই ধ্বংস হয়ে যায়, সেও সত্য, তবু মেনে নেবো, তবু বাংলাদেশের উপর অত্যাচার সহ্য করবো না। সুতরাং সেই পরিপ্রেক্ষিতিতে আমাদের চিন্তা করতে হবে। আমরা ব্যস্ত হয়ে পড়েছিলাম। একথা সত্যি যে আমাদের নেত্রী এশিয়ার নূতন সূর্য্য ইন্দিরা গান্ধীর উপর মাঝে মাঝে আস্থা আমরা রাখতে পারছিলাম না। একথা আমি স্বীকার করছি আমি পারি নি। সুতরাং তখনই যদি বলা হত, যেটা আজকে মিসেস ইলা মিত্র বলছেন, এখন নয় কেন, তিনি কি করে জানলেন কালকে স্বীকৃতি হবে না, মিসেস ইলা মিত্র কি করে জানলেন এ্যাপ্রোপিয়েট কথাটা যদি থাকে তাহলে পরশু দিন স্বীকৃতি হবে না, মিসেস ইলা মিত্র কি করে জানলেন পনেরো দিনের মধ্যে স্বীকৃতি হবে না। ছেড়ে দিতে হবে তাদেরকে যারা এই নিয়ে নাড়াচাড়া করছে। এই কথাটা বলার কারণ যে একথাটা বুঝতে হবে যে এর মধ্যে কতগুলো জিনিষ আছে, কতকগুলো প্রয়োজনীয় তথ্য রয়ে গিয়েছে যার মধ্যে ভারত সরকার কাজ করে চলেছেন এবং সেটা করছেন আমাদের পরম সুহৃদ এবং পরম বন্ধু মহান সোভিয়েট দেশের সঙ্গে যোগসূত্র রেখে। ইন্দো-সোভিয়েত যে ট্রিটি হয়েছিল সেই ইন্দো-সোভিয়েত ট্রিটিতে আমরা কি কি পেয়েছি?

আমরা ইন্দো-সোভিয়েত ট্রিটিতে পেয়েছি ইউনিয়ন এবং বাংলাদেশ। "The Soviet Union will support Bangla Desh if the movement does not lose credibility. Its first preference would be that demoratic civilian rule should be set up in Pakistan, replacing military dictatorship and that it should respect and accommodate the aspirations of the people of its eastern wing. তারপর It is also pressing India and with added success because of the boldly sympathetic stand it has taken towards the Bangla Desh movement not to take any irreversible step while these efforts continue. But if these efforts fail and the movement proves that there is a viability in it and it can prevail with some outside help, then the Sovie Union will not restrain India from helping Bangla Desh to resist the terror of the army."......Indo-Soviet Treaty. এই ইন্দো-সোভিয়েত ট্রিটির যে ধারাগুলি আপনার কাছে পড়লুম এ ধারার মধ্যে স্পষ্ট প্রতীয়মান হচ্ছে ( রেড লাইট )

স্যার আমার একটু টাইম লাগবে, আমি তাড়াতাড়ি শেষ করছি।

**শ্রীমতি ইলা মিত্র ঃ** স্যার, এই মোশানটা টাইমলি নাহলে পাশ করা যাবে না, আমরা পাশ করতে চাই। এই ব্যাপারে যে রুল আছে তা আপনি একটু দেখে নেবেন। রুলের দিকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু দৃষ্টি দেবেন।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ** নাউ মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমাদের যে সংযত করা হয়ে ছিল রাশিয়া সেদিন যে সংযত করেছিল ভারতবর্ষকে, ভারতবর্ষকে সে সেদিন এগোতে দেয়নি বা আমরা মনে করেছিলাম যে এগোতে দেয়নি এর বহু কদর্থ হয়েছে। এই কলকাতা শহরে সি-পি. আই-এর বিরুদ্ধে কমিউনিষ্ট পার্টির বিরুদ্ধে এবং রাশিয়ার বিরুদ্ধে, কোসিগিনের বিরুদ্ধে এবং গ্রাম বাংলাতেও একই কথা বলা হয়েছিল যে ভারতবর্ষ যুদ্ধের জন্য প্রস্তুত ছিল। ভারতবর্ষকে রাশিয়া এসে সংযত করেছিল। আজকে মিসেস ইলা মিত্র—আপনি একটু চিন্তা করুন সেদিন যদি আমরা প্রথম দিনে রিকগ্নিসন দিয়ে যুদ্ধে নেমে যেতাম তাহলে কি আমরা যে সফলতা লাভ করেছি, বিশ্ববাসীর কাছে যে আদর্শ স্থাপন করেছি, আমেরিকা এবং চীনের মত দুটো পাওয়ার-ফুল কানট্রিকে এবং সেভেনথ্ফ্লিটকে কাগজের নৌকায় পর্যবসিত করতে পেরেছি এটাকে কি আমাদের পক্ষে করা সম্ভব হত? সুতরাং যদি প্রয়োজন হওয়ার ওপর ভার দেওয়া হচ্ছে তার ওপর দায়িত্বটুকু ছেড়ে দিতে হবে। এ ছাড়া সাউথ ভিয়েৎনামের ব্যাপারে কতকগুলি অন্যধরণের কমপ্লিকেশন, কতকগুলি প্র্যাকটিকাল ডিফিক্যালটিজ আছে। যে চীনের পৃথিবীর নিপীড়িত জনগণের নেতৃত্ব দেবার কথা ছিল—যেখানে স্বাধীনতার যুদ্ধ চলছে সেখানে তারা বিশ্বাসঘাতকতা করেছেন এই চীন আজ সাউথ ভিয়েৎনামের মধ্যে এখানে একটা পাওয়ার ব্লক সৃষ্টি করেছে। আমি সেই পাওয়ার ব্লকের কথা উল্লেখ করবো এবং এই পাওয়ার ব্লক হবার জন্য সোভিয়েত ইউনিয়নের মত বিরাট দেশ যার শক্তি বলুন, সামর্থ্য বলুন সবচেয়ে বেশী সেও বিব্রত অনুভব করছে যারজন্য আজকে আমরা দেখতে পাচ্ছি সেখানে কি অবস্থার সৃষ্টি হয়েছে। সাউথ ভিয়েৎনামের ব্যাপারে কি দেখছি? আপনারা দেখতে পাচ্ছেন সাউথ ইষ্ট এশিয়াতে কমিউনিজমের একটা সামিট কনফারেন্স করা হয়েছে, আর আমরা কি দেখতে পাচ্ছি? সেখানে দেখতে পাচ্ছি Three forces are working there. সেখানে তিনটে ফোর্স কাজ করছে। একটা হল first China, Second, the Communist personality aggregated Hanoi which for all that it was Communist was suspicious of China. হ্যানয়কে যারা সমর্থন করে এই ধরনের যেসব কমিউনিষ্ট আছে তারাও চায়না সম্বন্ধে সাসপিসাস। সেখানেও একটা ফোর্স ওয়ার্ক করছে। আর একটা করছে The areas which were anti-communist in varying degrees. এদের

সঙ্গে আমাদের সম্বন্ধ নাই, তাহলে আমরা সেখানে দেখতে পাচ্ছি যে চীন ও সাউথ ভিয়েৎনামের মধ্যে ইনভলভ্‌বড। এই চীন যেখানে আছে এবং রাশিয়ার সেখানে একটা ফ্রি হ্যাণ্ড নাই। সেখানে কোনরকমে নিজে থেকে এগিয়ে গিয়ে দায়িত্ব নেওয়া আমাদের পক্ষে সম্ভব কিনা এ সম্বন্ধে আমাদের একটা ওয়ার্নিং দেওয়া আছে। "The area is of far bigger consequence for India. Any equation which develops here between the USA and China, whether benign or malignant, may interest and affect the Soviet Union." এই যে সোভিয়েট ইউনিয়নের অবস্থা, চায়না এবং ইউ, এস, এ, যে কাছাকাছি যাচ্ছে তারজন্য যে অবস্থা হয়েছে তাতে ভিয়েৎনাম সম্বন্ধে আমাদের পক্ষে হঠাৎ কিছু করা সম্ভব নয়. "affect the Soviet Union, as it may India too, in the largest context of a global balance". রাশিয়া সাউথ ভিয়েৎনাম থেকে অনেক দূরে কিন্তু ইণ্ডিয়া নয়। "Soviet shores are too far to be washed by waves which may be released by South-East Asian politics, but India's are not". সুতরাং এখানে আমাদের সাবধান হয়ে চলা ছাড়া উপায় নেই, কোন গতি নেই। এবং একথা বলার আমার কারণ হচ্ছে যে আমরা দেখতে পাচ্ছি যে সোভিয়েট-এর সঙ্গে যে ট্রিটি আমাদের হয়েছে, যে প্যাক্ট আমাদের হয়েছে তাতে সোভিয়েট নন এ্যালায়েন্টমেণ্ট স্বীকার করে, ভারতবর্ষের যে নন-এ্যালায়েনমেণ্ট পলিসি তাতে সোভিয়েট ইউনিয়ন সেই পলিসিকে প্রশংসা করেছে। সুতরাং আজকে সেখানে ট্রেডের প্রশ্ন আছে, পাওয়ার ব্যালেন্সের প্রশ্ন আছে, আর প্রশ্ন আছে নন-এ্যালায়েনমেণ্টের। এছাড়া আর একটা জিনিস হচ্ছে, সেটা হচ্ছে যে ইলা মিত্র বললেন যে সেভেন পয়েণ্ট প্রোগ্রাম ধরা হয়েছে, সেভেন পয়েণ্ট প্রোগ্রাম সাউথ ভিয়েৎনামের উপর ধরা হয়েছে এবং ইণ্ডিয়া সেই সেভেন পয়েণ্ট প্রোগ্রামের উপর কাজ করে যাচ্ছে রাশিয়ার সহযোগিতায়। সুতরাং আমরা চুপ করে বসে নাই। এর জন্য ব্যস্ত হবার কিছু নই। এই সেভেন পয়েণ্ট প্রোগ্রাম যদি আমরা সাকসেসফুল করতে পারি সোভিয়েটের সাহায্যে তাহলে সেটা হবে পিসফুল সেটেলমেণ্ট। আজকে মিসেস মিত্র কি মনে করেন যে এটা কি একটা কাগজের ব্যাপার। আমরা রেকগনিশন দিয়ে কি চুপ করে বসে থাকবো? আমাদের কি তারপর আর কিছু করার নেই? রেকগনিশন দিয়ে একবার আমরা সমস্ত জীবন বলুন, ধন বলুন, সম্পদ বলুন বিপন্ন করেছিলাম কিছুদিন আগে বাংলা দেশের সময়, আজো যদি প্রয়োজন হয়, তা হয়ত আমাদের করতে হবে, আমরা পিছিয়ে যাবো না। সুতরাং সেভেন পয়েণ্ট প্রোগ্রাম হচ্ছে আপঅন পিসফুল মিন্স। এটা না করে যদি আপনি এক্ষুনি রেকগনিশন দেন যদি শান্তি প্রতিষ্ঠা করার সুযোগ না দেন তাহলে যদি রেকগনিশন দিয়ে এটা যদি ভেঙ্গে যায় যেখানে চেষ্টা চলছে পৃথিবীতে শান্তি স্থাপন করার জন্য—মিসেস ইলা মিত্র জানেন কিনা জানিনা, আমি জানি যে রাশিয়াতে প্রোপাগেশন অব ওয়ার, যুদ্ধের কথা বলা একটা অপরাধ। রাশিয়া এতখানি প্রোগ্রেসিভ কাণ্ট্রি আজকের দিনে। সুতরাং আজকে যদি সেভেন পয়েণ্ট প্রোগ্রামের উপর, ভিত্তির উপর যদি আমরা সুযোগ না দিই, এবং রাশিয়া এবং ইণ্ডিয়ার যে কথা সেটা হচ্ছে পিসফুল সেটেলমেণ্ট দিস ইজ দি একজ্যাক্ট ল্যাঙ্গুয়েজ। They welcomed the recent Seven Point proposal of the Provisonal Revolutionery Government of South Vietnam as a concrete step forward which could form the basis of a preaceful political settlement. এখানে যেটা প্রয়োজনীয় সেটা হচ্ছে পিসফুল পলিটিক্যাল সেটেলমেণ্ট। যদি আজকে ইণ্ডিয়া রেকগনিশন দিয়ে দেয় তাতে যদি এ পিসফুল পলিটিক্যাল সেটেলমেণ্ট না হয়ে যদি যুদ্ধের অবস্থা সৃষ্টি হয় তাহলে আমরা সাউথ ভিয়েৎনামের ক্ষতি করবো, না মঙ্গল করবো সেই প্রশ্ন আমি মিসেস মিত্রর কাছে রাখছি। আর একটা কথা আমি বলবো যে জার্মান ডিমোক্রাটিক রিপাবলিক

সম্বন্ধে এতখানি ভয়ের কিছু নেই। তার কারণ আমাদের মধ্যে একটা টি্টি ধরনের হয়েছে। জার্মান ডিমোক্রাটিক রিপাবলিক রেফড্ এ লিগ্যাল অবজেকশন, এটা আজকের, অমৃতবাজার পত্রিকা মে থার্ড-এর মধ্যে আমরা পাচ্ছি সেখানে একটা কমুনিকের কথা বলা আছে, This was supported in the statement made by a succession of Prime Ministers of India and in the IndoSoviet communique, dated may 20, 1965, which had declared that the existence of two independement entities—the Government of German Democratic Republic cannot be ignored, সুতরাং ২০শে মে তারিখে যে সই আমরা করেছি তাতে জার্মান ডিমোক্রাটিক রিপাবলিককে সেপারেট এনটি্ হিসাবে মেনে নিয়েছি, আমরা স্বীকার করেছি। এবং এই কমুনিকের উপর তারপর ভিন্ন প্রাইম মিনিষ্টারের ষ্টেটমেণ্টের উপর বম্বে হাইকোর্টে যে মকদ্দমা হয়েছে তাতে দেখা গিয়েছে তারা মেনে নিয়েছে যে জার্মান ডিমোক্রাটিক রিপাবলিক ভারতবর্ষের একটা স্বীকৃত রাষ্ট্র। সুতরাং ভারত সরকার উপযুক্ত সময়ে উপযুক্ত কাজ করছেন। আজকে হঠাৎ যদি আমরা কিছু করতে চাই তাহলে সেই চিকিৎসা দক্ষ ডাক্তারের চিকিৎসা না হয়ে হাতুড়ে ডাক্তারের চিকিৎসা হতে পারে।

**Dr. A. M. O. Ghani :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that

(i) in line 2, after the word 'according', the word 'full' be inserted, and

(ii) in lines 3 and 4, after the words 'German Democratic Republic and', the words 'diplomatic recognition to' be inserted.

[6-30—6-40 p. m. ]

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বন্ধু যেসব কথা বললেন তা অত্যন্ত চেষ্টা করে, কষ্ট করে এবং কনস্টিটিউসন কোট করে বললেন। এতে পরিষ্কার হয়ে গেল তার যে এ্যামেণ্ডমেণ্ট আছে রিভলিউসনারী গভর্ণমেণ্ট অব সাউথ ভিয়েতনামকে স্বীকৃতি দেবার সম্বন্ধে তাতে তিনি বলেছেন প্রধানমন্ত্রী যখন ঠিক মনে করবেন। এটার প্রয়োজন নাই। আমরা সেই ডিসিসন নিচ্ছি না। আপনি কনসটিটিউসন কোট করে বললেন ইনটারনাশানাল ব্যাপারে ডিসিসন লাইজ উইথ দি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এই এ্যামেণ্ডমেণ্টের প্রয়োজন কোথায়? আমরা এখানে রেকমেণ্ড করচি, আমি আশা করি আমাদের ডিসিসন ইউনাসিমাস হবে, এই মোশানটাই গ্রহণ করা হোক। তারপর ইমপ্লিমেণ্টেসন হবে এ্যাকসন বেজড অন দিস মোশান। কেন্দ্রীয় সরকার তো রইলোই, তাঁরা যা করবার করবেন। আমরা দাবী করে যাব এখনই করুন, ৫।১০ দিনে করুন—এখন করবেন কি পরে করবেন সেটা তাঁরা ঠিক করবেন। আজকে যে অবস্থা হয়েছে জার্মান ডেমোক্রাটিক রিপাবলিককে যত শীঘ্র সম্ভব স্বীকৃতি দিয়ে দেওয়া উচিৎ, তাদের এ্যামবাসাডোরিয়াল রেকগনিসন দেওয়া উচিৎ। আমি এইজন্য এই কথা বলছি এই রাষ্ট্র ২৫ বছর ধরে হয়ে আছে। একটা স্বাধীন রাষ্ট্র হিসাবে রয়েছে এবং আমরা ১৯৫৯ সালে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার বোধ হয় মনে আছে যে এই হাউসে একটা ইউনানিমাস রেজলিউসন পাশ করেছি তাদের স্বীকৃতি দিয়ে, তার মধ্যে শুধু ট্রেড রিলেসনসীপ-এর কথাই আছে। আজকে কুটনৈতিক রিলেসনসীপ এষ্টাবলিসড এর কথা হচ্ছে। এখনও অ্যামবাসাডোরিয়াল রিলেসনসীপ সম্পূর্ণ কুটনৈতিক সম্পর্ক স্থাপিত হয় নি, সেইজন্য বলছি এখনই করুন। এতে আপত্তি কোথায়? আপনি জানেন উপাধ্যক্ষ মহাশয়, ইউ, এস, এ, গ্রেট বৃটেন এ্যাণ্ড ফ্রান্স এই ক'টি পাওয়ার ওয়েষ্ট

বার্লিনকে স্বীকৃতি দিয়েছে, তাতে এটা পরিষ্কার হয়ে আছে যে দুটো সোভারেন জর্মোন ষ্টেট রয়েছে। সুতরাং আপত্তি কোথায়? আমার বন্ধু সোভিয়েট ইউনিয়নের রেফারেন্স দিলেন। ১৯৬৫ সালে ইন্দো সোভিয়েট কমিউনিকে স্বীকার করে নেওয়া হয়েছে দুটি জার্মান রাষ্ট্র হয়েছে। আমাদের সঙ্গে এফ, আর, জি,-এর সঙ্গে সম্পূর্ণ কুটনৈতিক সম্পর্ক আছে কিন্তু জি, ডি, আরের সঙ্গে নেই। এর কারণ এখনও বোঝা যাচ্ছে না। একটা কারণ হচ্ছে ওয়েষ্ট জার্মানীর হলষ্টাইন থিওরী যার মাধ্যমে এটা প্রেসারাইজ করা হচ্ছে পৃথিবীর কেউ যেন জি, ডি, আরকে স্বীকৃতি না দেয়। দিলে তার বিরুদ্ধে এ্যাকসন নিত। আজকে আমার মনে পড়ছে ভুট্টো এইরকম একটা নীতি প্রচার করেছে যে বাংলাদশকে যে স্বীকৃতি দেবে সেই হবে আমাদের শত্রু। তার কি হাল হয়েছে তা আপনি জানেন। আজকে সমস্ত পৃথিবী বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছে। এই ব্যাপারে দেখছি জার্মান রিপাবলিককে এখন ২০ টি রাষ্ট্র সম্পূর্ণ কুটনেতিক স্বীকৃতি দিয়ে দিয়েছে এবং তার সঙ্গে কুটনৈতিক সম্পর্ক আছে, আর ৪০টি রাষ্ট্র জি, ডি, আরের সঙ্গে ট্রেড রিলেসন স্থাপন করেছে এবং আরো ৩০টি রাষ্ট্র রাষ্ট্র হিসাবে তাদের স্বীকৃতি দিয়েছে। এতে করে প্রায় পৃথিবীময় তাদের স্বীকৃতি দেওয়া হয়েই গেছে। আপনি স্যার, জানেন বাংলাদেশ যখন স্বাধীন হয় তখন তাকে স্বীকৃতি দেবার জন্য অনেক আগেই দাবী করেছিলাম কিন্তু আমাদের সরকার স্বীকৃতি দিলেন কখন—বাংলাদেশ যখন স্বাধীন হয়ে গেছে, যখন পাকিস্তান আমাদের উপর আক্রমণ করে, যুদ্ধ চলছে, বাংলাদেশেও যুদ্ধ চলছে, পশ্চিম পাকিস্তান আমাদের উপর আক্রমণ করেছে তখনই স্বীকৃতি দিলেন। আপনার বোধ হয় স্মরণ আছে ৩রা রাত্রে পাকিস্থান আক্রমণ করল, আর ৫ই তারিখে পার্লামেন্টে আমাদের প্রধানমন্ত্রী ঘোষণা করলেন আমরা বাংলাদেশকে স্বীকৃতি দিচ্ছি। ভিয়েৎনামকে স্বীকৃতি দেবার বিরুদ্ধে যে আপত্তি সে সম্বন্ধে আমার বন্ধু বললেন যে, এখনও সেখানে যুদ্ধ চলছে, সংগ্রাম চলছে, স্বাধীনতা সংগ্রাম চলছে এবং তারা এখনও স্বাধীন রাষ্ট্র হিসাবে দাঁড়ায়নি। কিন্তু আমাদের রাষ্ট্র দক্ষিণ ভিয়েৎনাম রিভলিউসন্যারি প্রভিসনাল গভর্ণমেণ্টকে সাধররণভাবে স্বীকৃতি দিয়ে বসে আছে। ওখানকার নেত্রী আমাদের এখানে এসেছিলেন সরকারী অতিথি হিসেবে এবং আমরা তাঁকে সেইভাবে সম্বর্ধনা দিয়েছি। কাজেই এখানে কোন আপত্তি থাকার কথা নয়। আজকে জার্মান ডেমোক্রিটিক রিপাবলিক আমাদের সমস্ত ব্যাপারে, আমাদের আন্তর্জাতিক ব্যাপারে আমাদের সঙ্গে রয়েছে। আপনারা জানেন বাংলাদেশকে আমরা যখন স্বীকৃতি দিলাম তখন বিদেশী রাষ্ট্র হিসেবে যারা বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছিল তারা হচ্ছে জার্মান ডেমোক্রেটিক রিপাবলিক এবং প্রথম রিলিফ এবং মেডিকেল এইড যেটা বাংলাদেশে যায় ভারতবর্ষ ছাড়া সেটা যায় ওই জি, ডি, আর-এর পক্ষ থেকে। আপনারা জানেন ফেডারেল রিপাবলিক অব জার্মানি অর্থাৎ যেটা ওয়েষ্ট জার্মানী তাদের সঙ্গে আমাদের কুটনৈতিক সম্পর্ক আছে এবং তাদের এমব্যাসি আমাদের এখানে আছে এবং আমাদের এমব্যাসি তাদের ওখানে আছে। কিন্তু সবক্ষেত্রে তারা আমাদের বিরুদ্ধে দাঁড়িয়েছে। আপনারা জানেন গোয়ার ব্যাপারে এই এফ, আর জি আমাদের বিরুদ্ধে ইউ, এন, ও-তে ভোট দিয়েছে, বাংলাদেশের ব্যাপারেও তারা আমাদের বিরুদ্ধে দাঁড়িয়েছে। অর্থাৎ দেখা যাচ্ছে আন্তর্জাতিক ক্ষেত্রে তারা কখনও আমাদের পক্ষে দাঁড়ায়নি। তবুও আমরা তাদের স্বীকৃতি দিয়েছি, তাদের সঙ্গে ভাল সম্পর্ক রেখেছি। কিন্তু এই জি, ডি আর যাদের সঙ্গে আমাদের অত্যান্ত ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে, যারা আমাদের সব রকম সহযোগিতা করে আসছে, যারা ২৫ বছর ধরে স্বাধীন রাষ্ট্র হিসাবে রয়েছে এবং আমরাস্বীকৃতি হিসেবে তাদের সঙ্গে কুটনৈতিক সম্পর্ক স্থাপন করেছি আজ দু বছর হয়েছে। এসব সত্বেও আমি বুঝতে পারছিনা তাহলে এখনও কেন তাদের আধাআধি করে রাখা হচ্ছে। তাহলে কি আমরা এখনও হলস্টাইন ডকট্রিনকে ভয়

করছি ? তা যদি করি তাহলে ওইটুকু স্বীকৃতি দেওয়াও উচিৎ হয়নি। কাজেই আজকে এটা অত্যন্ত: প্রয়োজনীয় যে তাদের স্বীকৃতি দেওয়া হোক। গত বছর অকটোবর মাসে আমাদের পার্লামেন্টারী ডেলিগেসন জি, ডি, আর-এ গিয়েছিল এবং তার নেতৃত্ব করেছিলেন আমাদের লোকসভার ডেপুটি স্পীকার জি, ডি, সোয়েল এবং রাজ্য সভার ভাইস চেয়ারম্যান মিঃ খোবরাগেড। এছাড়া এ, আই, সি, সি-র সেক্রেটারী ডঃ হেনরি অষ্টিন ওখানে ঘুরে এসেছেন। অর্থাৎ সব দিক থেকে আমরা এরকম ব্যবহার করছি যে তাদের সঙ্গে আমাদের কূটনৈতিক সম্পর্ক রয়েছে। তাহলে এমব্যাসি এসটাবলিস করতে দেরী করছেন কেন ? জি, ডি, আর আজকে পৃথিবীতে স্বাধীন রাষ্ট্র হিসেবে নয়, একটা শান্তির কেন্দ্র হিসেবে দাঁড়িয়ে রয়েছে। আজকে জি, ডি, আর-এর শক্তির জন্য তাদের সঙ্গে সমস্ত সোসালিস্ট রাষ্ট্রের সম্পর্ক রয়েছে, সোভিয়েট ইউনিয়নের সম্পর্ক রয়েছে, পোল্যাণ্ডের সম্পর্ক রয়েছে, চেকোস্লোভেকিয়ার সম্পর্ক রয়েছে এবং সেই কারণে ওয়েষ্ট জার্মানি সাহস করছে না শান্তি ভঙ্গ করতে। আজকে আমরা যদি জি, ডি, আর-কে স্বীকৃতি দেই তাহলে ওয়েষ্ট এবং ইষ্ট জার্মানির মধ্যে যে বিরোধ রয়েছে সেটা কেটে যাবে। ওয়েষ্ট জার্মানি স্বীকার করে নিয়েছে জি, ডি, আর একটি স্বাধীন রাষ্ট্র। সেটাকে ফর্মালাইজ করার যেটুকু বাকী রয়েছে তাতে আমরা যদি সম্পূর্ণ স্বীকৃতি দেই তাহলে যেটুকু বাকী রয়েছে সেটা সম্পূর্ণ হয়ে যাবে। প্রভিসন্যাল রিভলিউসন্যারি গভর্ণমেণ্ট অব সাউথ ভিয়েৎনাম যেটা তাকে স্বীকৃতি দেইনি এটা লজ্জার কথা। সাউথ ভিয়েৎনামের জনসাধারণ আজ দীর্ঘ দিন ধরে অ্যামেরিকান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করে চলেছে, তারা দীর্ঘদিন ধরে সাফার করবার পর আজ তারা মাথা তুলে দাঁড়িয়েছে এবং তাদের পেছনে সমস্ত পৃথিবীর মেহনতী মানুষ আছে। শুধু সোসালিস্ট দুনিয়া নয়, দক্ষিণ ভিয়েৎনামকে সকলেই সাহায্য করছে। এরকম একটা সংগ্রামী জাতি তাদের রাষ্ট্র যেটা গড়ে তুলেছে তাকে যদি আমরা স্বীকৃতি দেই তাহলে আমাদের সম্মান বাড়বে। তাদের যদি আমরা স্বীকৃতি না দেই তাহলে সেটা বড় লজ্জার কথা। বাংলাদেশের ব্যাপারে পৃথিবীতে আমাদের সম্মান যেমন বেড়েছিল ঠিক তেমনি আমরা যদি দক্ষিণ ভিয়েৎনামের এই বিপ্লবী সরকার-কে স্বীকৃতি দেই তাহলে আমাদের সম্মান বাড়বে এবং ভারতবর্ষ আন্তর্জাতিক ক্ষেত্রে একটা উচ্চ আসনে থাকতে পারবে। এখানে শ্রীমতী ইলা মিত্র যে মোসন এনেছেন তাতে আমি আমার বন্ধুদের বলব তাঁদের প্রথম যে এ্যামেণ্ডমেণ্ট রয়েছে অর্থাৎ এ্যাপ্রোপ্রিয়েট অথরিটিস না বলে কেন্দ্রীয় গভর্ণমেণ্ট বলব এটা খুব ঠিকই বলেছে।

আমাদেরও তাই মনে হচ্ছে এই সব ভেক রাখার কোন প্রয়োজন নেই। যেখানে স্পেসিফিক সেণ্ট্রাল গভর্ণমেণ্ট রয়েছে, তারই নাম উল্লেখ করা উচিত ছিল। কিন্তু তারপর তারা বলছেন যে আমাদের প্রধানমন্ত্রী যখন ঠিক মনে করবেন, তখন স্বীকৃতি দেবেন, সেটা বলার কোন প্রয়োজন নেই। তিনি যদি মনে না করেন, তাহলেও কি তিনি স্বীকৃতি দেবেন ? আপনারা কি এটাই বলতে চান ? যে উনি না মনে করা সত্ত্বেও এই স্বীকৃতি কেন্দ্রীয় সরকার দিয়ে দেবেন ? কেন্দ্রীয় সরকারের যদি মত না যে হাঁা, এখনই দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী সরকারের স্বীকৃতি দেওয়া উচিত তাহলে তো হবে না, তাহলে তো এই সংশোধনের কেন প্রয়োজন দেখতে পাচ্ছি না। আমি আশা করি আমার বন্ধু এই সংশোধনীটা উইথ ড্র করে নেবেন। তাদের প্রথম সংশোধনী নিয়ে আমাদের দুটো সংশোধনী নিয়ে এই প্রস্তাবটা যদি গ্রহণ করেন তাহলে ভাল হয়। আমরা

[6-40—5-50 p.m.]

তাড়াতাড়ি সমস্ত প্রস্তাবটা এবং এই মোসনটা ইউনিমাস মোশনটা কেন্দ্রীয় সরকারের কাছে তাড়াতাড়ি পাঠিয়ে দিতে পারবো এই মোশনকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে।

**Mr. Deputy Speaker :** Hon'ble Members, the time allotted for this motion is only one hour, but I have a list of some more members who want to speak. Therefore, if you agree then I can increase the time according to Rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, maximum for one hour. So I want to know the sense of the House.

( The sense of the House was taken )

So, the time is extended for one hour although I am sure, it will be finished before that.

**শ্রীলক্ষ্মীকান্ত বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্যা শ্রীমতি ইলা মিত্র যে মোশন এই House-এ এনেছেন সেই মোশনের পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য শ্রীকুমারদিপ্তী সেনগুপ্ত মহাশয় একটি সংশোধনী এনেছেন, আমি সংশোধনীকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য হাউসের কাছে রাখছি। ভারতবর্ষ একটা দেশ, যে দেশ পৃথিবীর সব দেশকে আগামী দিনে যে পথ দেখাবে এই সম্পর্কে কোন সংশয় বা দ্বিধা কারোর থাকতে পারে না। আমরা দেখছি ভারতবর্ষ জোট নিরপেক্ষতায় বিশ্বাস করে, তাই পৃথিবীর যেখানে যখন যেকোন মানুষের অত্যাচার হয়েছে, অবিচার হয়েছে, ভারতবর্ষ দলমত, ism-এর উর্ধে থেকে নীতির উপর নির্ভর করে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। সেখানে ছুটে গেছে সর্বপ্রকার ঝুঁকি নিয়ে। কিন্তু পৃথিবীর বুকে যারা জোট তৈরী করছে তাদের চরিত্র যদি বিশ্লেষণ করি তাহলে আমরা দেখতে পাই যে কোন কোন ক্ষেত্রে জোটের মধ্যে অঙ্গীভূত কোন দেশ অন্যায় করলে, হয় তারা নীরব থাকেন, নয় অন্যায়ের সমর্থনে চিৎকার করেন, নয় তারা একটা সালিশী করতে ছুটে আসেন। পৃথিবীর হরিহর জোটের এইরকম কতকগুলো নিদর্শন আমরা দেখেছি। ভারতবর্ষ কিছুদিন আগে বাংলাদেশের মুক্তি সংগ্রামে অংশ গ্রহণ করেছিল। যে অংশ গ্রহণ করার ফলে ভারতবর্ষের উপর তীব্র আক্রমণ হয়েছিল, ভারতবর্ষের মানুষকে অত্যন্ত কষ্টের মধ্যে কাটাতে হয়েছিল। সঙ্গে বন্ধু রাষ্ট্র অনেক এসেছেন। আমরা দেখছি স্বাধীনতা সংগ্রাম বর্তমানে চলছিল দুটো একটা হলো বাংলাদেশে, ভিয়েৎনামে আর একটা। বাংলাদেশে আমাদের একটা নতুন দিক সূচিত হলো; আর ভিয়েৎনাম নতুন কোন দিক্ এখনো সূচিত করতে পারেনি। আর ভিয়েৎনামের সংগ্রাম দীর্ঘদিন থেকে সুরু হয়েছে এই মুক্তির সংগ্রাম যে কবে সেখানে শেষ হবে তা এখনো নির্দিষ্ট করে বলা যায় না। রাজনীতিবিদরা ও অঙ্ক কষে তা বলতে পারছেন না যে কবে ভিয়েৎনামের মুক্তি সংগ্রামের সমাপ্তি ঘটবে! বাংলাদেশ তার ঘোষণা ও সমাপ্তি অতি অল্পদিনের মধ্যে করে ফেললেন। আমরা দেখেছি কি চীন, মাকিন, যুক্তরাষ্ট্র পরস্পর এমন একটা ব্যবসায় নেমেছে যে উভয়ে পরীক্ষা করতে চাচ্ছেন, গবেষণা করতে চাচ্ছেন কাদের বোমার মারণ ক্ষমতা কতখানি বেশী সেটা প্রয়োগ করলে একসঙ্গে কত লোককে হত্যা করা যায় বিভিন্ন দেশ কেউই ভারতবর্ষের মত নেতৃত্ব নিয়ে বিপদের ঝুঁকি নিয়ে সৈন্যবাহিনী পাঠিয়ে দিয়ে দায়-দায়িত্ব নিচ্ছেন না ভিয়েৎনামের। ভিয়েৎনামের প্রেরণা যোগাচ্ছে মার্কস্,লেনিন,হোচিমিন, ও মাও সে তুং। আর স্বাধীন বাংলাদেশের প্রেরণা যুগিয়েছিল কবি জীবনানন্দ দাস, রবীন্দ্রনাথ ঠাকুর এবং স্বামী বিবেকানন্দ। তাঁরা এখন স্বাধীন, স্বাধীনতা তাঁদের প্রতিষ্ঠিত তাঁদের প্রেরণা অনেক বেশী জনসাধারণকে আকর্ষণ করেছে, পথে এগিয়ে নিয়ে গিয়েছে। যেখানে মাকিন যুক্তরাষ্ট্রের হাত ছিল, তাদের হাত ছিল, তাদের অত্যাচার তীব্র ছিল, তাদের অস্ত্র অর্থ সবকিছু তারা দিয়েছিল। আর ভারতবর্ষ এমন একটা শ্রেষ্ঠত্ব দিয়ে দেখিয়ে দিয়েছে যা পৃথিবীর কোন দেশ কখনো দেখাতে পারেনি।

নিজেরা নিরন্ন, অর্থের অভাব আছে, বাসস্থানের অভাব আছে। তবু ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ভিন্ন রাষ্ট্রে কয়েক কোটি লোককে এখানে স্থান দিয়েছেন, ভারতবর্ষের জওয়ানদের, সৈন্যবাহিনী পাঠিয়ে উৎসর্গ করে দিয়েছেন আর একটা দেশের স্বাধীনতা প্রতিষ্ঠার বেদীমূলে। এই ভারতবর্ষের সৈন্যবাহিনী প্রমাণ করে দিয়েছে, হাতে বহু অস্ত্রশস্ত্র কামান গোলবারুদ পেয়ে ভারতের সৈন্য বারবার বলেছে প্রতিপক্ষকে তোমরা আত্মসমর্পণ কর, আত্মসমর্পণ কর, আত্মসমর্পণ কর। শেষ পর্য্যন্ত পাকিস্থান অস্ত্রশস্ত্র নিয়ে আত্মসমর্পণ করেছে। এটা হলো অহিংসা ও ত্যাগের অংশ। আমরা ভারতবর্ষ দেখিয়ে দিয়েছি পৃথিবীর ইতিহাসে এটা প্রমাণ করে দিয়েছি যে ভারতবর্ষের নেতৃত্ব সঠিক, শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্ব সব সময় সঠিক নেতৃত্ব এবং সঠিক সিদ্ধান্ত নিয়ে এগিয়ে গিয়েছেন। সোভিয়েত রাশিয়া একটা নন্-কম্যুনিষ্ট দেশ ভারতবর্ষের সঙ্গে দীর্ঘমেয়াদী মৈত্রী চুক্তি করেছেন। এটাও পৃথিবীর ইতিহাসে বিরল দৃষ্টান্ত। আমরা লড়াই করেছি অন্যায়ের বিরুদ্ধে, আমরা সংগ্রাম করছি অত্যাচারের বিরুদ্ধে। আজকে আমি মনে করি এই ভিয়েৎনাম নিয়ে বহু রাজনীতি ভারতবর্ষে হয়েছে, জার্মানি নিয়েও হয়েছে। এমন দিন গিয়েছে পশ্চিমবাংলায় ভিয়েৎনামের শ্লোগানে কান পাতা যায় নি। মাসে তিনটে, চারটে, পাঁচটা ভিয়েৎনাম দিবস পালিত হয়েছে, ভিয়েৎনাম দিবসের চাঁদা দিতে হয়েছে। "ভুলতে পারি বাপের নাম, ভুলবো নাকো ভিয়েৎনাম।"

এইরকম সব শ্লোগান দিয়ে রাজনৈতিক তারা চরিতার্থ করেছে। অনেক স্বাধীনতাকামী সেই সমস্ত রাজনৈতিক দল যাঁরা মুখোস পরে থাকেন, তাঁরা দেখিয়েছেন মনুমেন্টের তলায় দক্ষিণ ভিয়েৎনামের মাদাম বীনকে কিভাবে রং বে-রং এর সম্বর্ধনা জানিয়েছেন।

[ 6-50 – 7-00 p.m. ]

আবার দেখলাম বাংলাদেশের নেতারা যখন কলকাতা শহরের বুকে এসেছিলেন তখন রংবেরংয়ের মার্কসবাদীরা এক হতে পারেন নি, সম্বর্ধনা জানাতে পারেননি যেমন করে মাদাম বিনকে জানিয়েছিলেন। সংশয় হলো কেন না বাংলাদেশের মানুষ অনুপ্রেরণা পেয়েছে কবি জীবনানন্দ দাস, রবীন্দ্রনাথ, স্বামী বিবেকানন্দের কাছ থেকে। যেখানে অন্যায়, যেখানে অত্যাচার সেখানে অন্যায়ের বিরুদ্ধে আমরা সংগ্রাম করে যাব। আমরা বিশ্বাস করি আমাদের পাশে, আমাদের সঙ্গে মানুষ আসতে থাকবে। বাংলাদেশ ইস্যু সম্বন্ধে আমাদের মাননীয় সদস্য বললেন যে সংগ্রাম চলাকালীন স্বীকৃতি দিতে বাধা আসেনি, নিশ্চয়ই বাধা আসেনি, বাংলাদেশকে ভারতবর্ষ স্বীকৃতি দিয়েছে। সোভিয়েট দেশ স্বীকৃতি দিয়েছে অনেক পরে, জার্মানীও অনেক পরে স্বীকৃতি দিয়েছে, আর উত্তর ভিয়েৎনামতো এখনও স্বীকৃতি দেয় নি। ভারতবর্ষ কারও বিরোধিতা করতে চায় না কারও অনিষ্ট করতে চায় না। সে কেবল দিতে জানে সে কোথাও কিছু নেবার প্রত্যাশা করে না, তা প্রমাণ করে দিয়েছে বাংলাদেশে। আজকে পূর্ব জার্মানী এবং পশ্চিম জার্মানী, যে জার্মানী ছিল সাম্রাজ্যবাদের স্তম্ভ, সেই একটা দেশ আজকে দুটো জার্মানীতে পরিণত হয়েছে। তারা সন্দেহ প্রকাশ করেছিল যে ভারতবর্ষের সৈন্যদল বাংলাদেশ থেকে ফিরবে না। কিন্তু প্রথমেই তারা ইতিহাস পাল্টে দিয়েছে, তারা বলেছে যে আমরা গিয়েছি সেখানে মুক্তি দিতে আমরা সাম্রাজ্য করতে যায় নি আমরা স্বাধীনতা দিয়ে আমরা ফিরে এসেছি, আমরা শ্রেষ্ঠত্ব চাই না। তাই যে সংশোধনী এখানে এই প্রস্তাবের উপর আনা হয়েছে সেই সংশোধনীকে সমর্থন করে এবং ইন্দিরা গান্ধীর প্রতি পূর্ণ আস্থা রেখে আমি বলতে পারি যে তিনি উপযুক্ত সময়ে

নিশ্চয়ই এই ভিয়েৎনামকে এবং জার্মানীকে স্বীকৃতি দেবেন, এই বিষয়ে কোন সন্দেহ নাই। তাই আমি তাঁর প্রতি দায়িত্ব ছেড়ে দিতে বলছিলাম।

**শ্রীজয়নাল আবেদীন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় ঐ পক্ষের আমাদের গণতান্ত্রিক মোর্চার অন্যতম পার্টনার সি, পি, আই-এর পক্ষ থেকে শ্রীমতী মিত্র যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবের সংগে নীতিগতভাবে আমাদের কোন বিরোধিতা নেই। শুধু এইটুকু বলতে চাই যে সম্প্রতি কালে বিশ্বে ভারত যে ভূমিকা এবং যে নেতৃত্ব দিয়েছে আমরা দেখেছি ভারত সরকার, ভারতের প্রধানমন্ত্রী বিশ্বের সমস্ত রাষ্ট্র নায়ককে পিছনের সারিতে ফেলে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আন্তর্জাতিক সম্পর্ক ভারত সরকারের সম্পূর্ণভাবে এক্তিয়ারভুক্ত। আপনি জানেন স্যার, আজকে আমাদের শুধু জার্মানীর সংগে রিলেসন নয়, ইষ্ট জার্মানীর সঙ্গে রিলেসন নয়, জার্মান ডেমোক্রাটিক রিপাবলিকের সঙ্গে সম্পর্ক নয়—সমগ্র বিশ্বে যে নব নেতৃত্ব আমরা দিচ্ছি এই পরিস্থিতিতে আজকে ভারত সরকারের কর্তব্য ভারত সরকার স্থির করবে এবং সম্পন্ন করবে তাতে আমাদের এই পশ্চিমবাংলার তরফ থেকে পশ্চিমবাংলার মানুষের মতবাদ প্রকাশই যথেষ্ট। এখানে আমরা যে প্রস্তাবটা দেখতে পাচ্ছি তাতে যে ল্যাংগোয়েজ আছে—তাতে ঐ যে 'আসক' কথাটা রয়েছে তাতে অপেক্ষাকৃত একটু নরম ভাষা দিলে সুবিধা হোত আরও একটু মাইল্ডার কথা দিলে ভাল হোত। এই আস্ক কথাটার ব্যবহার উপযোগী পরিবেশ সৃষ্টি হয়েছে কিনা এটা বিচার্য বিষয়। শ্রীমতী মিত্র একজন দক্ষ অভিজ্ঞ সদস্যা। তিনি যে এখানে বল্লেন This Assembly is of opinion that the appropriate authorities should be asked. এই যে আস্কড বল্লেন এটা আজকে সাধারণ রাজনীতিবিদ থেকে আরম্ভ করে ভারতবর্ষের সমস্ত মানুষ জানেন যে এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে। শ্রীমতী মিত্র একজন ভাল পার্লামেন্টারিয়ান হয়েও এই এ্যাপ্রোপ্রিয়েট অথরিটিজ কথাটা কেন ব্যবহার করলেন? আমি মনে করি আমাদের যে সংশোধনী এসেছে কুমারদিপ্তী সেনগুপ্ত মহাশয় এনেছেন সেটা ঠিকই সময়ে হয়েছে। সেখানে পিন পয়েন্ট বলে দেওয়া দরকার যে আমরা ভারত সরকারকে রিকোয়েষ্ট করতে পারি কারণ এটা ভারত সরকারের দায়িত্ব। এই সংশোধনী সময়োপযোগী তাতে কোন সন্দেহ নেই এবং শ্রীমতী মিত্রের এই সংশোধনী গ্রহণ করতে বাধা থাকা উচিত নয়। শ্রীমতী মিত্র বলেছেন আজকে সেখানে যে পরিস্থিতি হয়েছে তার কথা। জার্মান ডেমোক্রাটিক রিপাবলিক-এর সরকার নিশ্চয় উন্নতি করেছে সে বিষয়ে কোন সন্দেহ নেই—আজকে জার্মান ডেমোক্রোটিক রিপাবলিকের এক দলীয় সরকারের বিরুদ্ধে আমরা নই। বিগত বছরের বাংলা দেশের বিরাট উদ্বাস্তু সমস্যা শরণার্থী সমস্যা আমাদের ঘাড়ে যখন এসেছিল তখন আমাদের পাশে যেসব বন্ধু রাষ্ট্র দাঁড়ায় সেখানে জার্মান ডেমোক্রিটিক রিপাবলিক উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিল। তথাপি ভারত সরকার তার দায়িত্ব নিরুপণ করবেন অন্যান্য রাষ্ট্রের সঙ্গে আমাদের কি সম্পর্ক হবে তা নিরূপণ করবেন একটা বিশ্ব পরিস্থিতি বিবেচনা করে। যে উদ্দেশ্য নিয়ে কুটনৈতিক সম্পর্ক স্থাপনের কথা বলছেন আমি আমাদের পক্ষ থেকে বলতে পারি যে সেটা সময়োচিত কিনা সেটা না বুঝে অবিমৃষ্যকারিতার পরিচয় দিতে আমরা চাই না। সেইজন্য অন্যান্য সদস্যরা যে কথা বলেছেন ভারত সরকারকে আমাদের শুধু মনোভাব জানিয়ে দেওয়াই যথেষ্ট হবে বলে মনে করি। ভারত সরকারের গণ্ডি বেঁধে দেওয়া ভারত সরকারের মূল সিদ্ধান্ত কি হবে তা ঠিক করে দেওয়া সমীচীন হবে না। সেইজন্য টু বি মোর কারেক্ট আমার বন্ধু কুমারদিপ্তী ধসনগুপ্ত মহাশয় যে সংশোধনী দিয়েছেন at appropriate time, at such time as the Central Govt. considers appropriate. এতে আমাদের দায়িত্ব চলে গেছে। আমি আশা করি শ্রীমতী মিত্রের যা আমি আগে বলেছি যে শ্রীমতী মিত্র

আমাদের সহযোগী এবং আমাদের গণতান্ত্রিক মোরচার অন্যতম পার্টনার সি, পি, আই বন্ধুদের পক্ষে এই সংশোধনী গ্রহণ করার কোন আপত্তি উঠবে না।

[ 7—7-10 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম যে শ্রীমতী মিত্র জানেন—এই হাউসে তিনিও ছিলেন আমিও ছিলাম। আমরা উদ্বেগ প্রকাশ করতে গিয়ে অনেক সময় অনেক বিষয় অনেক লক্ষ্যকে ক্ষতি করে দেই, সেজন্য সাবধান করে দেই। অন্যান্য বিষয় আছে যেমন—রাজ্য ভূমি সংস্কারের বিষয়, বা এসটেট একিউজিশন—বহু আইন করেছি, এমনভাবে করেছি যাতে যাদের বিরুদ্ধে আইন প্রয়োগ করার কথা তাদের আমরা স্মরণ করিয়ে দিয়েছি। সে জন্য আজকে এই আন্তর্জাতিক বিষয় আমাদের এক্তিয়ারভুক্ত নয়। এই আলোচনার সময় আমরা যেন অবিমৃষ্যকারিতার দায়ে দায়ী না হই সেদিকে মাননীয়া শ্রীমতী মিত্র সতর্ক দৃষ্টি রাখবেন বলে মনে করি এবং আমরা, বিশেষ করে কেন্দ্রীয় সরকার সমগ্র ভারতবর্ষের স্বার্থে, সমগ্র ভারতবর্ষের মর্যাদার জন্য, সমগ্র ভারতবর্ষের পৃথিবীব্যাপী সম্পর্কের জন্য যে সিদ্ধান্ত নেবেন সেই সিদ্ধান্ত সুসিদ্ধান্ত এবং সময়োচিত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে। আজকে শুধু আমরা নই, ভারতবাসী হিসাবে নয়, আপনারা দেখবেন আন্তর্জাতিক সাময়িক পত্রগুলি আমাদের দেশে আসে তাতে দেখি ভারত সরকার এবং ভারতের নেতৃত্বের প্রতি বিশ্ববাসীর কি অকুণ্ঠ ভক্তি এবং অকুণ্ঠ আস্থা এবং বিশ্বাস গোটা বিশ্ব ভারতের প্রতি তাকিয়ে আছে নেতৃত্বের জন্য। সেখানে আমাদের মোর্চার জোটের অন্যতম শরিক সি, পি,-আই এর বন্ধুরা সেই নেতৃত্ব, সেই মার্যাদা ক্ষুণ্ণ করবেন বলে মনে করি। এই হাউসে আমি জানি শ্রীমতী মিত্রের সংগে আমাদের সি, পি, আই বন্ধুরাও হয়ত একই দাবী তুলবেন। এ পক্ষেও হয়ত ২১৬ জন সহকর্মী ওদের প্রত্যেকটি কথা হয়ত গ্রহণ করতে পারবো না কিন্তু আমাদের মনোভাব যেভাবে ব্যক্ত করতে চেয়েছি সেই মনোভাব আমরা সেইভাবেই ব্যক্ত এবং ছাত্রসমাজ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের যুব এবং আমাদের তরুণ সমাজ তারা এই মনোভাব স্পষ্টভাষায় দূতাবাসগুলিকে জানিয়ে দিয়েছেন, গোটা বিশ্ববাসীকে জানিয়ে দিয়েছেন। আমাদের নেতৃবৃন্দ, আমদের সংগঠনের নেতৃবৃন্দ, দলীয় নেতৃবৃন্দ, দলীয় পর্য্যায়ে বিশ্ববাসীকে জানিয়ে দিয়েছে দ্ব্যর্থহীন ভাষায় এবং এটা গৌরবের কথা ভারত সরকার বার বার ঘোষণা করেছে—সেদিন চলে গেছে যেদিন ভারতের উপর কতৃত্ব করা চলে—এটা আনন্দের কথা, এটা প্রকৃত মুক্তির কথা। সেজন্য আমরা অনুরোধ করবো মাননীয়া শ্রীমতী মিত্রকে আমাদের যে সংশোধনী কুমারদিপ্তী সেনগুপ্ত এখানে উপস্থাপিত করেছেন সেটা গ্রহণ করেন, আমরা সকলে গণতান্ত্রিক মোর্চার ৩৫ এবং ২১৬র ব্যবধান রচনা না করে আমরা যেন সর্বসম্মতি-ক্রমে এই প্রস্তাব এখানে পাশ করে নিতে পারি, এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করতে পারি সেজন্য আমরা শ্রীমতী মিত্রকে অনুরোধ করবো তাঁরা যেন আমাদের সংশোধনী গ্রহণ করেন। ভিয়েতনাম সম্পর্কে যে একটা কথা বলেছেন। আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে বিচার করে দেখতে হবে। কুমারদিপ্তী সেনগুপ্ত মহাশয় এটা বিষদভাবে বলেছেন, এবং লক্ষ্মীকান্ত বোস মহাশয়ও এটা সম্পর্কে বলিষ্ঠ ইংগীত করেছেন যে এখানে আন্তর্জাতিক যে চক্র রয়েছে, আন্তর্জাতিক যে স্বার্থ রয়েছে, এই স্বার্থের যে জাল পাতা রয়েছে, এহ জালে আমরা কোথাও শিকার হচ্ছি কি না, এই জালে কোথাও পা দিচ্ছি কি না? আজকে সময়ের ব্যবধানে—আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক কালে আমি ডাক্তার ছিলাম। রুগী মরে যাবার পরে ঔষধের এক

প্রতিক্রিয়া হয়, কাজে লাগে না। আর রুগী চিকিৎসার আয়ত্বের মধ্যে থাকলে ঔষধটা কার্যকরী হয়- এই ব্যাপারে গণি সাহেব আমার সংগে নিশ্চয়ই এক মত হবেন। সেদিক দিয়ে ঠিক উপযুক্ত সময়ে আমরা যেন এই কাজটা করতে পারি, নিরূপণ করতে পারি এবং তড়িঘড়ি আমরা যেন এই কাজ করতে না যাই, অবিমৃষ্যকারিতার জন্য আমরা যেন একটা নির্যাতিত মানব সমাজের প্রতি কোন অন্যায় না করে বসি। সেইজন্য আমি অনুরোধ করবো এ্যাপ্রোপ্রিয়েট কথা যে বলা আছে এর সঙ্গে নীতিগতভাবে এর কনটেন্ট সম্বন্ধে আমাদের কোন আপত্তি নেই, এ্যাপ্রোপ্রিয়েট টাইম যখন উপযুক্ত সময় উপস্থিত হবে ঠিক তখনই যেন স্বীকৃতি দিতে পারি। এই এ্যাপ্রোপ্রিয়েট কথার উপর, এ্যাপ্রোপিয়েট কনটেন্টের উপর গুরুত্ব দিয়ে আমি আবার তাঁর কাছে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীশঙ্কর ঘোষ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসের সামনে যে প্রস্তাব এসেছে সেটা ভারতের পররাষ্ট্র নীতির বিষয়ে প্রস্তাব। যে দৃষ্টিভঙ্গী ও মনোভাব থেকে এই প্রস্তাব এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। তবে একটি যে এ্যামেণ্ডমেন্ট এসেছে, কুমারদীপ্তি সেনগুপ্তের সেই এ্যামেণ্ডমেন্টকে আমাদের বিশেষভাবে বিবেচনা করে দেখতে হবে। ভারতবর্ষের যে পররাষ্ট্র নীতি সেটা পরিস্কার। ভারতবর্ষ স্বাধীনতায় বিশ্বাস করে, মুক্তিতে বিশ্বাস করে, উপনিবেশবাদের বিরুদ্ধে ভারতবর্ষ সর্বদা সংগ্রাম করেছে, সেই উপনিবেশবাদ পুরানো কলোনিয়ালিজম হোক, আর নয়া কলোনিয়ালিজমই হোক। যেখানেই স্বাধীনতার উপর আক্রমণ এসেছে ভারতবর্ষ তার বিরুদ্ধে সোচ্চার হয়েছে।

আজকে আমাদের ইষ্ট জার্মানীর সাথে সম্পর্ক খুব ভাল, তাদের সাথে আমাদের বাণিজ্যিক সম্পর্ক রয়েছে এবং তাদের সাথে আমাদের যে ট্রেড এগ্রিমেন্ট হয়েছে ১৯৬৪ সালে, সেই ট্রেড এগ্রিমেন্টে আমরা বলেছি যে তাদের কাষ্টমসের ব্যাপারে মোষ্ট ফেভারড নেশান'স ট্রিটমেন্ট আমরা দেব। ইষ্ট জার্মানীর সাথে আমাদের সম্পর্ক গড়ে উঠেছে, তাদের সাথে আমাদের ব্যবসা বাণিজ্য চলছে। মার্চ থেকে অক্টোবর ১৯৭১ সালে আমরা প্রায় ১২ কোটির বেশী জিনিস ইষ্ট জার্মানীকে রপ্তানী করেছি, আর ইষ্ট জার্মানী থেকে ১২ কোটির মত জিনিস আমাদের দেশে এসেছে এবং যা কিছু লেনদেন হচ্ছে সেটা রুপি কারেনসীতে হচ্ছে। ইষ্ট জার্মানীর সাথে আমাদের সম্পর্ক হচ্ছে বাণিজ্যিক সম্পর্ক, সাংস্কৃতিক সম্পর্ক। নানাভাবে আমাদের সম্পর্ক গড়ে উঠেছে।

ভিয়েৎনাম সম্বন্ধে ভারত সরকার বার বার ঘোষণা করেছেন যে ভিয়েৎনামের মানুষের উপর বোমা বর্ষণ চলবে না, ভিয়েৎনামের মানুষ তারা কিভাবে তাদের রাষ্ট্র চালাবে সেটা তারা ঠিক করবে। প্রত্যেক মানুষের স্বাধীনতার অধিকার রয়েছে এবং বৈদেশিক যা কিছু সৈন্য রয়েছে ভিয়েৎনাম থেকে চলে আসবে এটাই ভারত সরকারের নীতি।

আজকে এই হাউসের সামনে প্রশ্ন যেটা এসেছে সেটা পররাষ্ট্র নীতির ব্যাপার। এ বিষয়ে কে সিদ্ধান্ত নেবে? পররাষ্ট্র নীতির যে বিষয় সেটা সারা ভারতবর্ষের ব্যাপার এবং কিভাবে সমস্ত ষ্টেটের মঙ্গল হবে তা ঠিক করতে হবে। এই বৈদেশিক নীতি সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। প্রশ্ন হল যে আমরা কি বলব যে এখনই ভিয়েৎনামকে রেকগানসন দিতে হবে, সাউথ ভিয়েৎনাম রেভলিউসনারি গভর্ণমেন্টকে রেকগনিসন দিতে হবে East Germany-কে রেকগনিসন দিতে হবে না, আমরা বলব, কেন্দ্রীয় সরকার এবিষয়ে বিবেচনা করে দেখবেন।

আমরা দেখেছি বাংলাদেশের সমস্যা যখন এসেছিল তখন এই হাউস ও বিভিন্ন বিধান সভায় প্রস্তাব পাশ করা হয়েছিল যে বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া হোক। কিন্তু ইন্দিরা গান্ধী তাড়াতাড়ি করে বাংলাদেশকে স্বীকৃতি দেন নি, ঠিক যে সময় স্বীকৃতি দিলে সবচেয়ে কাজ হয় সেই সময় তিনি স্বীকৃতি দিয়েছিলেন। এটা প্রমাণ হয়ে গেছে যে স্বীকৃতির ব্যাপারটা যদি আমরা কেন্দ্রীয় সরকারের হাতে রেখে দিই তাহলে সবচেয়ে ভাল ফল আমরা পাব।

[ 7-10—7-20 p m. ]

নানা বিধানসভায় রেজলিউসান পাশ হয়েছি যে বাংলাদেশকে এখনই স্বীকৃতি দেওয়া হোক। কেন্দ্রীয় সরকার তাড়াতাড়ি করে স্বীকৃতি দেননি তারজন্য নানা রকম সমালোচনা হয়েছিল কেন্দ্রীয় সরকারের। কিন্তু যখন তারপরে স্বীকৃতি দেওয়া হয় তখন সারা ভারতবর্ষ বা সারা বিশ্ব স্বীকার করেছিলেন যে কেন্দ্রীয় সরকার ঠিক পথেই গিয়েছেন।

আমাদের বিশ্বাস আছে, আমাদেরপূর্ণ আস্থা আছে যে কেন্দ্রীয় সরকার যে নীতি অনুসরণ করেছেন সেই নীতি উপনিবেশবাদবিরোধী নীতি, সেটা স্বাধীনতার নীতি, মুক্তির নীতি। সুতরাং কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এটাও রেখে দিতে হবে তাঁরা দেখবেন কোন এপ্রপ্রিয়েট টাইমে স্বীকৃতি দেওয়া হবে।

আমরা বিশ্বাস করি স্বাধীনতার কোন সীমারেখা নেই, কোন ভৌগলিক ব্যবধান নেই। জার্মানীই হোক বা ভিয়েৎনাম হোক যেখানেই স্বাধীনতা বিপন্ন হচ্ছে তাতে আমাদের স্বাধীনতাও বিপন্ন হচ্ছে। স্বাধীনতাকে কাঁটা তারের বেড়া দিয়ে বাঁধা যায় না বা বলা যায় না এই পর্যন্ত স্বাধীনতা, এর পর স্বাধীনতা নেই। স্বাধীনতার ভৌগলিক সীমারেখা নেই।

ভারত সরকার বাংলাদেশের মুক্তি যুদ্ধে সাহায্যে করেছিলেন। এই যে সাহায্য করেছিলেন এতে ভারতসরকার একটা নজীর সৃষ্টি করেছিলেন। ইতিহাসে এই প্রথম হয়েছে যে একটা দেশ বা একটা রাষ্ট্র তার সৈন্যবাহিনী আর একটা রাষ্ট্রে পাঠিয়েছে সেই দেশ দখল করার জন্য নয় বা সেই দেশে উপনিবেশ স্থাপন করার জন্য নয়, সেই দেশকে মুক্ত করার জন্য। এ নজীর পৃথিবীর ইতিহাসে নেই। আমেরিকার প্রেসিডেন্ট নিকসন বা চীনের চেয়ারম্যান মাও সে তুং এটা চিন্তাই করতে পারেন নি। ভারত সরকার শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে প্রমাণ করেছে যে কি ভাবে বলিষ্ঠ নীতি অনুকরণ করতে হয়। আমাদের প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন যে আমাদের পররাষ্ট্র নীতি ২১০ হাজার মাইল দূর থেকে কেউ বলে দিতে পারবে না বা সপ্তম বাহিনী স্থির করতে পারবে না। ভারত সরকারের যে নীতি সেটা হচ্ছে জোট নিরপেক্ষ নীতি। অর্থাৎ আমরা কোন ব্লকে নেই। সোভিয়েট রাশিয়ার সাথে আমাদের যে চুক্তি হয়েছে সে চুক্তির বিশেষ দরকার ছিল. সে চুক্তি একটা নতুন যুগের সৃষ্টি করেছে। সেখানে পরিষ্কারভাবে বলা হয়েছে যে ভারতবর্ষের জোট নিরপেক্ষ নীতি সোভিয়েট সরকার স্বীকার করে নিচ্ছেন। এই জোট নিরপেক্ষ নীতির জন্য পণ্ডিত জওহরলাল নেহেরুকে বিরাট সংগ্রাম করতে হয়েছিল। যখন ডালেসের রাজনীতি আমেরিকায় প্রচলিত ছিল তখন ভারতবর্ষের উপর অনেক আক্রমণ এসেছিল। কিন্তু তা সত্ত্বেও এই জোট নিরপেক্ষ নীতি আমরা অনুসরণ করেছিলাম। আর আজকেও আমরা ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সেই জোট নিরপেক্ষ নীতি মেনে চলেছি। আমরা কাকে স্বীকৃতি দেব সে সম্পর্কে কোন বিদেশী সরকার আমাদের উপর চাপ সৃষ্টি করতে পারবে না। ভারতবর্ষ যে স্বীকৃতি দেবে সেটা তার জাতীয় স্বার্থ এবং আন্তর্জাতিক নীতি এই দুটির সমন্বয়ে সে সময়টা ঠিক হবে সেই সময়ে।

আমরা দেখেছি বাংলাদেশকে স্বীকৃতি বিভিন্ন রাষ্ট্র বিভিন্ন সময়ে দিয়েছে। আমরা আগে স্বীকৃতি দিয়েছি, সোভিয়েট রাশিয়া পরে স্বীকৃতি দিয়েছে। এরজন্য আমরা কারুর সমালোচনা করছি না কারণ বিভিন্ন রাষ্ট্র তারা নিজেরাই ঠিক করবে যে স্বীকৃতির কোনটা ভাল সময়। কাজেই আমাদের এরকম কোন রেজলিউসান পাশ করা ঠিক হবে না যার মানে হবে কালকেই ভারত সরকারকে স্বীকৃতি দিতে হবে। সে রেজলিউসান করলে ভুল হবে। তা করলে আমরা ভারত সরকারের হাত জোরদার করবো না বরং ভারত সরকারকে এমব্যারাস করবো।

ভারতবর্ষের সবচেয়ে বড় যারা শত্রু তারাও দেখেছে আমাদের বাংলাদেশ সংক্রান্ত নীতি সঠিক ছিল। এই বাংলাদেশের সমস্যার সময় সারা বিশ্ব আমাদের দিকে তাকিয়ে দেখেছে যে একটা ভুলও করেনি আমাদের কেন্দ্রীয় সরকার।

আমাদের বৈদেশিক নীতি বহু পুরাতন নীতি। চীনের স্বাধীনতা সংগ্রামে আমরা সমর্থন জানিয়েছিলাম পণ্ডিত নেহেরু দীপ্তকণ্ঠে সে সমর্থন জানিয়েছিলেন। স্পেনে যখন স্বাধীনতার আন্দোলনের উপর আক্রমণ এসেছিল, যখন ফ্যাসিজিমের আক্রমণ এসেছিল, ন্যাজিজিমের আক্রমণ এসেছিল তখন আমরা প্রতিবাদ করেছি। আবিসিনিয়া ও চীনে যে ব্যাপারে আমরা সেই এক নীতি অনুকরণ করেছি। আজকে সেই নীতি বাংলাদেশের ক্ষেত্রে পরিষ্কারভাবে দেখা যাচ্ছে কোন বিদেশী শক্তির চাপে আমাদের নীতি থেকে আমরা বিচ্যুত হব না।

আজকে এই যে প্রস্তাব এসেছে নীতিগতভাবে এই প্রস্তাবের সাথে আমি একমত। এই প্রস্তাব কখন কার্যকরী করা হবে সেটা কেন্দ্রীয় সরকার স্থির করবেন, কেন্দ্রীয় সরকারের উপরে সেই দায়িত্ব রাখতে হবে। এ্যাপ্রোপ্রিয়েট অথরিটি হচ্ছে কেন্দ্রীয় সরকার, এ্যাপ্রোপ্রিয়েট টাইম ঠিক করবেন কেন্দ্রীয় সরকার। বাংলাদেশের ক্ষেত্রে আমরা দেখেছি যে তাড়াহুড়া করে কোন স্বীকৃতি শ্রীমতী ইন্দিরা গান্ধী দেননি, বাংলাদেশের ক্ষেত্রে আমরা দেখছি ম্যাচিয়োর পলিসি। তারজন্য অনেক সমালোচনা হয়েছিল, বিভিন্ন রাজনৈতিক দল, বিভিন্ন রাজনৈতিক নেতা, শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকারকে সমালোচনা করেছিলেন এবং বলেছিলেন যে কেন বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া হচ্ছে না। কিন্তু পরিশেষে স্বীকৃতি দেওয়া হয়েছিল সঠিক সময়ে।

আজকে আমরা এই চাইব ইস্ট জার্মানীর সাথে আমাদের যে সম্পর্ক সেটা আরো জোরদার হোক। আমাদের সাথে ইস্ট জার্মানীর ট্রেড চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সুতরাং ইস্ট জার্মানীর সাথে আমাদের সম্পর্ক আরো গভীর হোক এটা আমরা চাইব। ভিয়েৎনামে আমরিকার বোমা বর্ষণ সম্পর্কে আমরা বারে বারে প্রতিবাদ করেছি। আমরা বলেছি আমেরিকার সৈন্য সেখান থেকে চলে যাক, ভিয়েৎনামের মানুষ কিভাবে রাষ্ট্র পরিচালিত হবে সেটা স্থির করবেন। এই হচ্ছে ভারতবর্ষের নীতি, এই নীতি ভারতবর্ষ বরাবর ঘোষণা করেছে।

কখন স্বীকৃতি দেবেন সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পুরাপুরি রেখে দেবে কারণ, সেটা তাঁদের এক্তিয়ারের ভেতর। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার যা কিছু সিদ্ধান্ত নিয়েছেন বিশেষ করে বাংলাদেশের ব্যাপারে সেখানে তারা তাড়াহুড়া না করে ম্যাচিয়োর পলিসি অনুসরণ করেছেন। সেজন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাব যে কুমার দীপ্তি সেনগুপ্ত যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন সেই এ্যামেণ্ডমেন্ট সবাই এক সঙ্গে পাশ করি, এই বিষয়ে যদি ডিভিসান হয় তাহলে এই রেজলিউসানের যে উদ্দেশ্য সেটা ক্ষুণ্ণ হবে। আশা করব এই বিষয়ে ডিভিসান হবে না, আমরা সবাই এটা মেনে নেব। স্বীকৃতির বিষয়টা কেন্দ্রীয় সরকারের পররাষ্ট্র নীতির বিষয়,

সুতরাং তাঁরা স্থির করবেন কোন সময়ে স্বীকৃতি দেবেন। সেজন্য যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সেই এ্যামেণ্ডমেণ্ট সর্বসম্মতিক্রমে যাতে গৃহীত হয় তার জন্য আবেদন রাখব।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যে প্রস্তাব আলোচনা করছি গত বছর ঠিক মে মাসে আমরা অনুরূপ একটা প্রস্তাব আলোচনা করে সর্বসম্মতিক্রমে এই আইন সভা থেকে পাশ করেছিলাম। গত ১৭ই মে তারিখে ১৯৭১ সালে শ্রীমতী গীতা মুখোপাধ্যায় এই প্রস্তাব এনেছিলেন এই বিধানসভায় যাতে অবিলম্বে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণকূটনৈতিক স্বীকৃতি দেয় এবং দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী বিপ্লবী সরকারকেও স্বীকৃতি দেয় সেই উদ্দেশ্যে উপযুক্ত কর্তৃপক্ষকে উদ্যোগ নেওয়ানোর জন্য পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টা করা উচিৎ। অবিলম্বে ভারতবর্ষ যাতে স্বীকৃতি দেয় তারজন্য উপযুক্ত কর্তৃপক্ষকে উদ্যোগ নেওয়ানোর জন্য পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টা করা উচিৎ। সেই প্রস্তাবের উপর শ্রী হরে কৃষ্ণ কোঙার একটা সংশোধনী এনেছিলেন, তাতে তিনি বলেছিলেন অবিলম্বে ভারত সরকার কর্তৃক জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ স্বীকৃতি দেওয়া এবং দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে কূটনৈতিক স্বীকৃতি দেওয়া একান্ত প্রয়োজন। বিধানসভা ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছে যে ১৯৬৯ সালের ৪ঠা আগস্ট এই বিধানসভায় জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ স্বীকৃতি দেওয়ার জন্য এক প্রস্তাব গৃহীত হওয়া সত্বেও আজ পর্যন্ত ভারত সরকার তাকে কোন মর্যাদা দেয় নাই, অথচ চরম প্রতিক্রিয়াশীল জার্মান ফেডারেল রিপাবলিককে অনেক আগে হতে পূর্ণ স্বীকৃতি দেওয়া হয়েছে। বিধানসভা ভারত সরকারের কাছে দাবী জানাচ্ছে যে আর কালবিলম্ব না করে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি এবং দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে স্বীকৃতি দেওয়া হোক। ভারত সরকার যাতে এগুলি মেনে নেয় তার জন্য এই বিধানসভা রাজ্য সরকারের কাছে ও জনগণের কাছে সর্বতোভাবে চাপ সৃষ্টি জন্য আহ্বান জানাচ্ছে। হরে কৃষ্ণ বাবু ভেবেছিলেন আমাদের পার্টির পক্ষে তাঁর এই সংশোধনীর অপোজ করা সম্ভব হবে না। ফরওয়ার্ড ব্লকে তিন জন মেম্বার ছিল, তাদের পক্ষে অপোজ করা সম্ভব হবে না। আমরা ১৩ থেকে ১৬ জন যদি তাদের সঙ্গে যুক্ত হই তাহলে ১৫০ ভোটে তাঁর সংশোধনীটা পাশ হবে। ভোটের কথা ভেবেছিলেন কিন্তু আমরা তাঁদের বুঝিয়ে ছিলাম যে না, তা হয় না, এটা সব সম্মতিক্রমে যাতে পাশ হয় তার চেষ্টা আমাদের করতে হবে। সেজন্য এই এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করতে পারছি না, কংগ্রেস দল যেটা গ্রহণ করতে পারবে, আমরা পাবব, তোমরা পারবে, যেটা কমন সেটা আসুক সেই কমনটা আমরা সকলে মিলে গ্রহণ করতে পারি।

[ 7-20—7-30 p.m. ]

যখন আমাদের এই দৃঢ় মনোভাব তাঁরা দেখলেন যে এঁরা নিজেদের মতের উপর চলবেন, এঁরা common একটা সর্ববাদীসম্মত প্রস্তাব পাশ করার চেষ্টা করছেন এবং common যেটুকু সেটুকু রাখার চেষ্টা করছে তখন হরেকৃষ্ণবাবু with the leave of the House সেই amendment তিনি with draw করলেন এবং সেটা সর্বসম্মতভাবে পাশ হল। শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন তার একটা সংশোধনী প্রস্তাব আনার যেটা আমাদের পক্ষে গ্রহণযোগ্য হচ্ছে না। এবং যে সর্বসম্মত প্রস্তাব আমরা এক বছর আগে পাশ করেছিলাম এটাতে সেটা ক্ষতিগ্রস্থ হচ্ছে। গতবার আমরা কি পাশ করেছিলাম সর্বসম্মতিক্রমে। আমরা করেছিলাম এই বিধানসভার মতে অবিলম্বে ভারতসরকার জার্মান গণতান্ত্রিক সরকারকে কূটনৈতিক সম্পর্ক দিক। এবার তিনি তার প্রস্তাবে

at once, immediate কিছু লেখেন নি—শুধু লিখেছেন পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হোক। গতবার প্রত্যেকটা পার্টি থেকে একজন বক্তা ছিলেন এই প্রস্তাবের উপর। কংগ্রেস পার্টি থেকে ডাঃ জয়নাল আবেদিন এই প্রস্তাবের সমর্থক ছিলেন। তিনি সমর্থন করেছিলেন জার্মান গণতান্ত্রিক সরকারকে অবিলম্বে কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হোক। অর্থমন্ত্রীও সেদিন সভ্য ছিলেন। তাহলে আজ কি আমরা বলবো আমাদের ন্যায়-অন্যায় সমস্ত কিছু নির্ভর করে সংখ্যার উপর? অর্থাৎ ১৮৪ জন member ছিল বলে তখন অবিলম্বে যুক্তিযুক্ত ছিল এখন আর সেই যুক্তিযুক্ত নেই। তখন কি ইন্দিরা গান্ধীর উপর আস্থা ছিল না? আমরা ১৬ জন থাকলে আমরা ভোটে একটা কিছু করি, কারণ আপনাদের উপর আমাদের আস্থা আছে। এখন তো আপনাদের ২১৬ জন আছে Super brute majority রয়েছে কিন্তু তবুও আমরা division ডাকছি। সেসময় আপনাদের ১০৪ ছিল আমরা allies ছিলাম। ইন্দিরা গান্ধীর চিন্তায় আপনারা সব সময় বিভোর এবং সব সময় আপনারা ইন্দিরা, ইন্দিরা করছেন। ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, তখন হেমদা আমাদের একটা গল্প করে বলেছিলেন আমরা কচ্ছপের মত গুটিগুটি Writers Building-এ ভাল ডাঃ আমাদের চিৎ করে দেন এবং যখন তিনি চলে যান তখন তিনি আমাদের উপুড় করে দেন এবং আমরা চলে যাই। প্রধানমন্ত্রী নিশ্চয় এরকম একটা ভক্তচক্র করেননি। যাঁরা সকাল থেকে রাত্রি পর্যন্ত ইন্দিরা, ইন্দিরা করে হরিনাম জপ করেন। এইভাবে তাঁদের যে কর্তব্য সেই কর্তব্য অবহেলা করার সুযোগ তাঁরা নেবেন। কিন্তু এটা করা উচিৎ নয়। যাহোক, আমি একথা বলছি যে কংগ্রেসী সদস্য এবং মন্ত্রিরা বলেছেন যে শ্রীমতী মিত্রের প্রস্তাব আমার চেয়ে অনেক বেশী reasonable, judictious। তিনি তাঁর এই প্রস্তাব থেকে অবিলম্বে তুলে দিয়েছেন। তিনি শুধু একটা qualification দিয়েছেন যে স্বীকৃতি দেওয়া হোক এবং সেটা আজ, না হয় পরশু, না হয় তিন দিন পর। কিন্তু আপনারা এতে একটা qualification দিচ্ছেন যে ভারত সরকার যখন উপযুক্ত বিবেচনা করবেন তখন দেবেন। তাহলে এই প্রস্তাব পাশ করবার দরকার কি? তাঁরা যখন উপযুক্ত মনে করেন তখন তাঁরা ডাঃ জয়নাল আবেদীন বা কুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয়ের মতামতের উপর অপেক্ষা করবেন না। তাঁদের এই অযাচিত উপদেশ দেবার কি দরকার। Appropriate মনে করেন তখন দেবেন, inappropriate মনে করলে দেবেন না। Inappropriate সময় কেউ recognition দেয়। কিন্তু আপনারা তো আপনাদের মত প্রকাশ করবেন যে recognition দিন এবং সেটা আজ, না কাল, না পরশু সেটা তাঁরা বুঝবেন। গণতন্ত্রে আপনার মত তো আপনি প্রকাশ করবেন। যেখানে গণতন্ত্রের কথা বলা হয় সেখানে আপনার মতের কি কোন মূল্য নেই? আইনসভার মতে কি গণতন্ত্র নেই? Assembly-এ আমরা শুধু মত প্রকাশ করতে পারি তার বেশী কিছু করতে পারি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই। আমার একটু দুঃখ হয়েছে কুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয়ের কথায়। সাধারণভাবে, বাস্তবিকভাবে আমি লক্ষ্য করেছি যে তিনি সমাজবাদে বিশ্বাসী এবং অত্যন্ত প্রগতিশীল চিন্তা তাঁর। কিন্তু তিনি ভিয়েৎনামের কথা বলতে গিয়ে চীনের কথা উল্লেখ করলেন। মনে রাখবেন উত্তর ভিয়েৎনামের গভর্নমেণ্ট এবং দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী গভর্নমেণ্ট চীনের চাকর নয়, মনে রাখবেন আমেরিকা স্বীকার করেছে এরা ইনডিপেণ্ডেণ্ট, মনে রাখবেন চীনের গভর্নমেণ্ট যখন বললেন বাংলাদেশকে স্বীকার করবো না, চীনের গভর্নমেণ্ট বললো বাংলাদেশের গভর্নমেণ্ট আবার স্বাধীন গভর্নমেণ্ট নাকি, ইন্দিরা গান্ধী বসিয়ে দিয়েছে কয়েকটা লোককে, কিন্তু উত্তর ভিয়েৎনামের গভর্নমেণ্ট আপনাদের স্বীকার করার পরেই বাংলাদেশের গভর্নমেণ্টকে স্বীকার করেছিল। চীনের চোখ রাঙানীর জন্য অপেক্ষা করে নি। যে জাতি অস্ত্র হাতে করে আজ সুদীর্ঘকাল সংগ্রাম করছে, ভুলে যাবেন না তারা ফরাসীদের বিরুদ্ধে লড়েছিল আমরা

যেমন ইংরাজদের বিরুদ্ধে লড়েছিলাম। ভুলে যাবেন না জাপান যখন তাদের দেশ দখল করেছিল তখন তাদের বিরুদ্ধে লড়েছিল, ভুলে যাবেন না জাপান যাওয়ার পর ইংরাজ এসে সেখানে ফরাসীদের আমদানী করেছিল, তখন তারা ফরাসীদের বিরুদ্ধে লড়েছিল, ১৯৫৪ সালে দিয়েন ভিয়েন যুদ্ধে ফরাসীরা পরাজিত হওয়ার পরে যে লড়াইটা হয়েছিল সেখানেই উত্তর ভিয়েৎনামের সমাজতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়, দক্ষিণ ভিয়েৎনামে নির্বাচন হওয়ার কথা ছিল, দুই ভিয়েৎনাম ভোট হবে ঠিক ছিল আমেরিকানরা এসে ফরাসীদের জুতোয় পা গলিয়ে সেই জেনেভা কনফারেন্সের সর্বসম্মত সিদ্ধান্ত বানচাল করে আজকে কত বছর এদের বিরুদ্ধে যুদ্ধ করছে এবং এরা প্রাণ দিয়ে লড়ছে, এদের ক্ষত বিক্ষত করেছে। আজকের খবরের কাগজে বেরিয়েছে চারিপাশে এদের সৈন্য ছত্রভঙ্গ হয়ে পালাচ্ছে। তাহলে কি যেদিন দক্ষিণ ভিয়েৎনামের সরকারকে শাসককে পরাজিত করে শত্রুসৈন্যকে সম্পূর্ণ বিপর্যস্ত করে সেখানে বসবে সেদিন কি বলবেন আমি তোমাদের স্বীকার করি? তখন তো যে কেউ স্বীকার করে, আপনাদের প্রগতিশীল তাঁর পরিচয় কোথায়? সেখানে আমরা একটা কথা বলতে চাই ভিয়েৎনাম স্বাধীন, চীনের মুখাপেক্ষী নয়। চীন তাকে সাহায্য করতে পারে, সোভিয়েট ইউনিয়ান তাকে সাহায্য করতে পারে, অন্যান্য সমাজবাদী দেশ তাকে সাহায্য করতে পারে, কিন্তু ভিয়েৎনাম রাষ্ট্র ও জনগণ সম্পূর্ণ স্বাধীন। জাতীয় মুক্তিযুদ্ধ তারা করছে ব্যাপক ঐক্যের ভিত্তিতে, সেটা ভাঙ্গবার ক্ষমতা কারো নেই। আমি আরও একটা কথা আপনাদের মনে করিয়ে দিতে চাই অপারচুনিসিজমের একা সীমা থাকা উচিত। এটা অনেক জাতির মধ্যে আছে, আমরা লক্ষ্য করেছি এমন জাতির দেশ আছে যারা প্রগতিশীল। দেখুন রিপাবলিক মিশর একটা প্রগতিশীল দেশ তবু বাংলাদেশের ব্যাপারে আজ পর্যন্ত তারা স্বীকার করে নি। অথচ দেখুন অ্যাফ্রো-এশিয়ান সম্মেলন এবং কমিটিতে বাংলাদেশের প্রতিনিধি নেওয়ার জন্য যখন ভারতবর্ষের প্রতিনিধি দাবী করলো তখন কিন্তু মিশর সেটা সাপোর্ট করলো, হ্যাঁ, বাংলাদেশের প্রতিনিধি আসুক। কিন্তু বাংলাদেশের রেকোগনিজেশান দিচ্ছি না। মাদাম বিন দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী সরকারের বৈদেশিক মন্ত্রী ভারতবর্ষে এসেছিলেন কম্যুনিস্টদের সম্বর্ধনা নেবার জন্য নয়, ভারতবর্ষের শান্তি সংসদ যাতে অনেক বড় বড় কংগ্রেস নেতা আছেন, সেই শান্তি সংসদ থেকে আমন্ত্রণ করেছিলেন, ভারত সরকার তাকে আসবার অনুমতি দিয়েছিলেন এবং সেই মাদাম বিন প্যারিশে গিয়ে নেগোশিয়েশান করলেন যে আমেরিকানরা যুদ্ধ করছে বলছে ওদের মাথা উড়িয়ে দেবো, সেই আমেরিকানরা স্বীকার করেছে নেগোশিয়েসান করতে হয়েছে। উত্তর এবং দক্ষিণ ভিয়েৎনামের সরকার ও বিপ্লবী সরকার এবং আমেরিকানরা বসেছে। মাদাম বিন দক্ষিণ ভিয়েৎনামের বিপ্লবী সরকারের প্রতিনিধিত্ব করেছেন। জার্মান ডেমোক্রেটিক রিপাবলিক হলষ্টাইন ডক্টরিন কবে মারা গিয়েছে। আজকে ফেডারেল রিপাবলিক অফ জার্মানীতে সেখানেই হলষ্টাইন ডক্টরীনের পক্ষে মেজরিটি আছে কিনা সন্দেহ। দুনিয়ার কেউ মানছে না হলষ্টাইন ডক্টরীন। আমরা কনসুল্যার লেভেলে স্বীকৃতি দিলাম, আমরা এ্যাম্বাসাডার লেভেল স্বীকৃতি দিই না। কিন্তু আমরা যখন বাংলাদেশকে স্বীকৃতি দিই জার্মান ডেমোক্রেটিক রিপাবলিক স্বীকৃতি তখন থোড়াই কেয়ার করে চীন চটে গেলো কিনা, পাকিস্থান চটে গেলো কিনা, বা কে চটে গেলো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকারকে সোভিয়েট ইউনিয়ান এবং অন্যান্য দেশ তিন বছর আগে স্বীকৃতি দিয়েছে। আমরা তো বলি নি সোভিয়েট ইউনিয়ান স্বীকৃতি দিলেই তোমায় স্বীকৃতি দিতে হবে এবং একথা ভুল যেকথা শঙ্করবাবু বলেছেন যে বাংলাদেশকে ভারত স্বীকৃতি দেওয়ার অনেক পরে সোভিয়েট ইউনিয়ান স্বীকৃতি দিয়েছে। মোটেই তা নয়। অনেক আগে থেকে আলাপ-আলোচনা করে ইট ওয়াস এ্যারেঞ্জড, সেকথা ভুলে যাবেন না, তোমরা স্বীকৃতি দেবে আমরা স্বীকৃতি দেবো। সোভিয়েট ইউনিয়ান তিন

বছর আগে স্বীকৃতি দিয়েছে আজকে স্বীকৃতি দিতে বাধা কোথায়? তারা লড়ে দেখিয়ে দিচ্ছে জনগণ কার পেছনে আছে আর কার পেছনে নেই। আজকে আমেরিকান গভর্ণমেণ্টের নাম না দিয়ে প্রতিনিধি স্বীকার করছেন যে, তাঁবেদার গভর্ণমেণ্টের তাঁবেদার সৈন্যদল হেরে ভূত হয়ে যাচ্ছে এবং প্রাণভয়ে পালাচ্ছে। আজকে আমরা এখনও পর্যন্ত স্বীকৃতি দিতে দ্বিধা করবো কেন?

[ 7-30—7-47 p.m.]

সুতরাং আমি বলছি আমরা যখন আরব জাতির অপারচুনিজমের নিন্দা করেছি, আমরা দাবী করিনি—আপনি বলবেন যে আমাদের ভারত সরকার স্বাধীন, তারা কারো কথায় চলে না, তেমনি সব সরকারই স্বাধীন কারো কথায় চলে না। সে তো দুনিয়ার সব সরকারই স্বাধীন, কার কথায় চলে, দু একটি ছাড়া? সবাই নিজেরা বিবেচনা করে চলে। ভারত সরকারও স্বাধীন নিজেরা বিবেচনা করে চলবেন। কিন্তু পয়েণ্টটা হচ্ছে আমাদের ভারতের স্বার্থে কোনটা করা উচিৎ, আন্তর্জাতিক ক্ষেত্রে কোনটা করা উচিৎ। আরবজাতি যে সুবিধাবাদের নীতি গ্রহণ করেছে আমরা সেই সুবিধাবাদকে সমর্থন করি না। আমরা কি করবো? আমি আমার শেষ কথা বলব যুক্তির কথা আমি বলছি না, আবার আপনাদের মনে করিয়ে দিচ্ছি যে শ্রীমতী ইলা মিত্রের এই প্রস্তাব সর্ববাদী সম্মতক্রমে যাতে গৃহীত হয় তার জন্য উনি একটি কথাও রাখেন নি, যাতে আপনাদের আপত্তি হতে পারে। অথারিটি কথাটা রেখেছেন। আগে ছিল অথারিটি তার জায়গায় যদি আপনারা বলেন কেন্দ্রীয় সরকার শ্রীমতী ইলা মিত্র আমি বিশ্বাস করি যে সে সংশোধন বিনা দ্বিধায় মেনে নেবেন। আপনাদের সংশোধন ভারত সরকার। কিন্তু আপনারা এমন কোন জিনিস তুলবেন না যাতে করে আনএ্যানিমিটি নষ্ট হয়। শ্রীমতী মিত্র সেদিকে নজর রেখেছেন যাতে আনএ্যানিমিটি নষ্ট না হয়। সেই জন্য আমরা এক বছর আগে রেখেছিলাম এবং হরেকৃষ্ণ বাবুকে আমি বলেছিলাম যে উইথ ড্র কর তোমার এ্যামেণ্ডমেণ্ট, আনএ্যানিমিটি চাই। আজকে আপনাদের অনুরোধ করবো যে এখানে যখন অবিলম্বে, এখনই কিছুই বলছি না, আপনাদের ভারত সরকার এ্যামেণ্ডমেণ্ট মেনে নিচ্ছে, এ্যাপ্রোপ্রিয়েট অথারিটি মানে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট তখন পরের যে এ্যামেণ্ডমেণ্টটা মাননীয় সদস্য শ্রী কুমার দীপ্তি মহাশয় এনেছেন, Centrai Govt. when they consider it appropriate and all thst appropriate. এটা তো আমাদের মত প্রকাশ করা হল না, এটা কেন্দ্রীয় সরকারের মত আমরা প্রকাশ করছি। আমরা কে কেন্দ্রীয় সরকারের মত প্রকাশ করবো? এখানে আমরা আমাদের মত প্রকাশ করবো। অবিলম্বে দরকার নেই, এ্যাপ্রোপ্রিয়েট দরকার নেই, ইনএ্যাপ্রোপ্রিয়েট দরকার নেই, নেড়াই সব চেয়ে ভাল, পাকা চুল অথবা কাঁচা চুল সব যাক, এখন নেড়া হয়ে শুধু এটুকু থাক যে আমরা চাই যে তারা স্বীকৃতি পাক। কবে পাক সে বোঝা যাবে, আমরা চাই স্বীকৃতি পাক। তাই আমি আপনাদের কাছে অত্যন্ত সবিনয়ে আবেদন করছি যে আপনাদের এই এ্যামেণ্ডমেণ্ট ভোটে প্রেস করবেন না। শ্রীমতী মিত্রের এ্যামেণ্ডমেণ্টটে আপনাদের কোন আপত্তি থাকবার কারণ নাই, কিছু কোয়ালিফিকেসন নাই, আনকোয়ালিফায়েড তিনি দিয়েছেন এবং সেটা আপনারা গ্রহণ করুণ এবং সর্ববাদী সম্মতভবে সেটা গৃহীত হোক এই আবেদন আমি কংগ্রেস দলের কাছে আবার করছি।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য ডাক্তার এম. ও. গণি মহাশয় যে অ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন ফুল ডিপ্লোম্যাটিক রিকগ্নিসন, ফুল কথাটা আমি এ্যাক্সেপ্ট

করছি, আর যে পরে আর একটা এ্যামেণ্ডমেণ্ট উনি দিয়েছিলেন জার্মান ডেমোক্র্যাটিক রিপাব্লিক পরে ডিপ্লোম্যাটিক্ রিকগ্নিসন টু বি inserved কিন্তু ডিপ্লোম্যাটিক রিকগ্নিসন কথাটা বলা আছে, কাজেই ওই লাইনটার আর কোন দরকার হবেনা। কাজেই আমি ওনার ফুল কথাটা গ্রহণ করলাম। মাননীয় দিপ্তী বাবু যে এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন সেই এ্যামেণ্ডমেণ্ট আমি গ্রহণ করতে পারছি না। মাননীয় সদস্য দিপ্তী বাবু যেখানে এ্যাপ্রোপিয়েট অথরিটির বদলে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কথাটা সাবস্টিটিউট করতে বলেছেন সেটা আমি গ্রহণ করছি কিন্তু পরবর্তীকালে যেটা বলছেন at such time as the Central Govt. Considers appropriate. এটা আমি গ্রহণ করতে পারছি না। পারছি না এই কারণে সেই সম্পর্কে যুক্তি এখানে অনেক উপস্থিত করা হয়েছে আজকে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে স্বীকৃতি কেন দেওয়া হবে না বা দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী সরকারকে কেন দেওয়া হবে না, এ যে শুধু যুক্তির অভাবে দেওয়া হবেনা একথা আমি মানতে পারছি না ১৯৬৯ সালে পার্লামেণ্টে সমস্ত কংগ্রেস দসস্য এবং অন্যান্য দলমত নির্বিশেষে প্রায় সকল সদস্যই এই জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে স্বীকৃতি দেবার জন্য তাঁরা বক্তব্য রেখেছিলেন। এবং এই সম্প্রতিকালে জার্মান ডিমোক্র্যাটিক রিপাবলিক গভর্ণমেণ্টকে রেকগনিশন দেবার জন্য বহু জায়গা থেকে দাবী উঠেছে, বিশেষ করে সম্প্রতিকালে পাঞ্জাব এ্যাসেম্বলীতে সর্বসম্মতিক্রমে এই দক্ষিণ ভিয়েৎনামের অস্থায়ী, বিপ্লবী সরকারকে স্বীকৃতি দেওয়া হোক এই প্রস্তাব পাশ হয়েছে যা হিন্দুস্থান টাইমস্ এর ২৮শে এপ্রিল, শুক্রবারের কাগজ বেরিয়েছে। অন্যান্য কাগজেও দেখেছি পাশ হয়েছে কিন্তু এই কাগজে বিবরণ বেরিয়েছে যদিও রেভিনিউ মিনিষ্টারের নামে রেজোলিউশনটা এসেছিল কিন্তু এই রেজোলিউশনটা মুভ করেছিলেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী। তিনি কংগ্রেস পার্টির সদস্য এবং ওয়াকিং কমিটিরও সদস্য, তিনি নিজে এই রোজোলিউশনটা মুভ করেছিলেন যা কাগজে বেরিয়েছে। এবং সেই রেজোলিউশনে কি ছিল সেটা বলবার জন্য আমি দু'এক লাইন পড়ছি। এর আগে একথা বলা হয়েছে যে এই যাতে সর্বসম্মতিক্রমে আমাদের বিধান সভা থেকে পাশ করতে পারি সেইজন্য এক্ষনি বা ইমিডিয়েটলি এই ধরণের কোন কথা রাখিনি। আমরা শুধু অনুরোধ করছি যে আজকের যে পটভূমিকা তাতে এটা আর্জেণ্ট নেসেসিটি বলে বোধ করছি বলেই না এই প্রস্তাব এনেছি। যদি আমরা মনে করতাম যে গভমেণ্ট একদিন দেবেন যেদিন ভাল বুঝবেন তাহলে ত এই প্রস্তাবের দরকারই হতোনা কিন্তু আজকে এনেছি এই কারণে, বিশেষ করে ভিয়েতনামের অবস্থাটা দেখুন, এই রকম অবস্থা দেখা যায়না, আপনারা দেখেছেন কাগজে বেরিয়েছে কি করে শিশুদের উপর বোমা বর্ষণ চলছে, জনগণকে হত্যা করা হচ্ছে। আজকের কাগজে সকলেই দেখেছেন শিশুরা ঢাকায় অর্থাৎ বাংলাদেশে মিছিল করে প্রতিবাদ জানিয়েছে। এই রকমের মিছিলের খবর আমরা কখনও পাইনি যে শিশুরা মিছিল করে কিভাবে শিশুদের হত্যা করা হচ্ছে তার প্রতিবাদ তারা জানিয়েছে। আজকে এই রকম যে একটা অবস্থা চলছে, আমরা গণতান্ত্রিক দেশের প্রতিনিধি, আমরা এখানে নিজেদের ব্যক্তিগত কথা বলবার জন্য আসিনি, সমস্ত মানুষের অন্তরের কথাটা এখানে আমরা উপস্থিত করছি এবং এইজন্য আমরা বলছি যে এখানে সকলেই আমরা অনুরোধ করছি যে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে কুটনৈতিক স্বীকৃতি দেওয়া হোক এবং দক্ষিণ ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারকেও দেওয়া হোক। পাঞ্জাব বিধান সভায় যেকথা বলেছিলেন তার দু'একটি লাইন পড়ে দিলেই আপনারা বুঝতে পারবেন। ২৮শে এপ্রিল, ১৯৭১, সালে হিন্দুস্থান টাইমস্এ বেরিয়েছিল। সেখানে কংগ্রেসের এ্যাবস্লিউড মেজোরিটি এবং তিনি কংগ্রেস ওয়াকিং কমিটির মেম্বার যাইহোক আমি পড়ছি, The Punjab Assembly today urged the Union Government to accord early recognition to the Provisional Revolutionary Government of

South Vietnam. The House adopted with one voice a strongly worded resolution on the subject. It was in the name of the Revenue Minister. Eleven members representing all shades of political opinion in the House spoke in support of the resolution. They used strong language against the imperialists who had adopted a policy of dividing the people in the Asian countries to spread their tentacies. Moving the resolution the Chief Minister, Shri Ziani Rail Singh condemned the Sino-Us axis and commended the role being played by the Soviet Union in helping the freedom loving people of Asian countries to frustrate the evil designs of imperialists. এই রেজোলিউশনটা পাঞ্জাবের মুখ্যমন্ত্রী শ্রীজয় সিং, তিনি নিজে মুভ করেছিলেন। আমার নিজের রেজোলিউশনে আরলি কথাটার উল্লেখ নেই। কাজেই আজকে আমরা বলছি যে এটা একটা প্রগতিশীল বিধান সভা। পাঞ্জাব গভর্ণমেণ্ট এবং পাঞ্জাব এসেম্বলী যদি সেখানে সর্ব সম্মতিক্রমে এই রিজোলিউশন পাশ করতে পারে তাহলে আমাদের এমন কি অবস্থা হল যে এই প্রস্তাব আমরা এখানে পাশ করতে পারিনা? বিশেষ করে আমি একথা বলিনি যে এক্ষুনি রিকগনিশন দিতে হবে। আমি যে কথা বলছি সেটা হচ্ছে আমাদের পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষের মনোভাব এবং সেটাই আমি বিধানসভার মধ্য দিয়ে উপস্থিত করবার চেষ্টা করেছি। সে চেষ্টা হচ্ছে জার্মান গণতান্ত্রিক সরকারকে কুটনৈতিক পুর্ণ স্বীকৃতি দেওয়া হোক। এবং ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারকে স্বীকৃতি দেওয়া হোক। কাজেই এই প্রস্তাবে কংগ্রেস সদস্য যিনি এই সংশোধনী এনেছেন, আমি আশা করি তিনি তাঁর এ্যামেণ্ডমেণ্ট উইথড্র করে নেবেন এবং সমস্ত সদস্যদের কাছেও আমি সেই অনুরোধ করব। ভিয়েতনামে প্রচণ্ড পারমানবিক আক্রমণ চলছে সেখানে যখন সমস্ত পৃথিবীর মানুষ এর বিরুদ্ধে প্রতিবাদ করছে এবং সেই স্বীকৃতি দেবার জন্য তীব্র দাবী করছে, বিশেষ করে আমাদের ভারতবর্ষের জনগণ যে দাবী করছে, জনগণের সেই মতের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে আমার মনে হয় পশ্চিম বাংলার বিধানসভায় আমি যে প্রস্তাব উপস্থাপিত করেছি এবং তার উপর কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় যে সংশোধনী দিয়েছেন সেণ্টাল গভর্ণমেণ্ট কথাটি বসাবার জন্য এবং এ এম ও ঘানি সাহেব যে প্রস্তাব দিয়েছেন, ফুল ডিপ্লোম্যাটিক রিকগনিশন এবং ফুল কথাটি বসাবার জন্য, আমি সেই প্রস্তাবগুলির মধ্যে Central Governtment. এবং 'ফুল' কথাটি গ্রহণ করে সেই এ্যামেণ্ডমেণ্ট সংযোজনসহ এই প্রস্তাব সকলে মিলে গ্রহণ করার জন্য আমি আবার বলছি।

**ডাঃ এ. এম. ও. ঘানি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার যে এ্যামেণ্ডমেণ্ট ছিল তার সেকেণ্ড কাজটা উইথ ড্র করছি। ফুল এবং ডিপ্লোম্যাটিক রিকগনিশনের মধ্যে শ্রীমতী ইলা মিত্র পার্থক্য করেছেন এবং ক্লেম করেছেন ফুল রিকগ্নিশন ফর বোথ, সেজন্য আমি সেকেণ্ড ক্লজটা উইথ ড্র করছি।

The motion of Dr. A M.O Ghani that in lines 3 and 4, after the words "German Democratic Republic and", the words "diplomatic recognition to" be inserted, was then, by leave of the House, withdrawn.

The motion of Dr. A.M.O. Ghani that in line 2, after the agreed word "full" be inserted, was then put and agreed to.

The motion of Shri Kumar Dipti Sen Gupta that (i) in line 2, for the words "appropriate Authorities", the words "Central Government" be substitute , and (ii) in line 4, after the words "Government of South Vietnam" the words "at such time as the Central Government considers appropriate." be added, was then put and agreed to.

The motion of Shrimati Ila Mitra, as amended, that—

"This Assembly is of opinion that Central Government should be urged upon for according full diplomatic recognition to, and for establishing diplomatic relation with, the German Democratic Republic and the Provisional Revolutionary Government of South Vietnam at such time as the Central Government considers appropriate."

was then put and carried.

## Adjournment

The House was then adjourned at 7.47 p. m. till 1-p m. on Thursday, the 4th May, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 4th May, 1972, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker ( Shri Apurba Lal Majumdar ) in the Chair, 8 Ministers, 1 Minister who is not member of the Assembly, 3 Ministers of State, 2 Deputy Ministers and 194 Members.

## OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

[ 1-00—1-10 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

## STARRED QUESTIONS
**(which to oral answers were given)**

### ধান চাল যাতাযাতের উপর বাধা নিষেধ

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২১০।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় ধান, চাল যাতাযাতের উপর বাধা-নিষেধ কেবলমাত্র কান্দী মহকুমায় বর্তমানে বহাল আছে ; এবং

(খ) সত্য হইলে বন্যাবিধ্বস্ত কান্দী মহকুমা ঐরূপ বাধা-নিষেধ রাখার কারণ কি ?

## শোক প্রস্তাব

**মিঃ স্পীকার:** মাননীয় সদস্যগণ, আজ এই সভার কার্য আরম্ভ করিবার পূর্বে অতি দুঃখের সহিত আমি জানাইতেছি যে বাংলাদেশ গণপরিষদের প্রথম স্পীকার শাহ আবদুল হামিদ হৃদ-রোগে আক্রান্ত হইয়া বিগত ২রা মে তারিখে প্রাতে তাঁর পল্লীভবনে পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৭২ বৎসর। তিনি বিগত ১০ই এপ্রিল গণপরিষদের প্রথম অধিবেশনে স্পীকার নির্বাচিত হন। ১৯২১ সালে ছাত্রনেতারূপে তিনি অসহযোগ আন্দোলনে সক্রিয় অংশ গ্রহণ করেন। ১৯৪৫ সালে শ্রীহামিদ ভারতীয় ব্যবস্থা পরিষদে নির্বাচিত হন। ১৯৫১ সাল হইতে আরম্ভ করিয়া ১৯৫৫ সাল পর্যন্ত তিনি ন্যাশনাল ব্যাঙ্ক অফ পাকিস্তানের সেণ্ট্রাল বোর্ডের অন্যতম ডিরেক্টর পদে সমাসীন ছিলেন। পলাশবাড়ী নির্বাচন কেন্দ্র হইতে তদানিন্তন পূর্ব-পাকিস্তান বিধানসভায় নিবাচিত হন ১৯৭০ সালের ডিসেম্বর মাসে। বাংলাদেশ মুক্তিসংগ্রামে তাঁহার অবদান অবিস্মরণীয়। তাঁর মৃত্যুতে দেশবাসী একজন সংসদীয় অভিজ্ঞতা-সম্পন্ন দেশপ্রেমিক নেতা হারাইলেন। ইহাতে বাংলাদেশের অপূরণীয় ক্ষতি হইল।

মাননীয় সদস্যগণ এখন নিজ নিজ আসনে ২ মিনিটকাল দণ্ডায়মান হইয়া নীরবে পরলোকগত বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করুন—ইহাই আমার অনুরোধ।

**শ্রীকাশীকান্ত মৈত্র:**

(ক) মুর্শিদাবাদ জেলার একমাত্র কান্দী মহকুমা হইতেই ধান, চাল পারমিট ছাড়া মহকুমার বাইরে লইয়া যাওয়া আইনতঃ নিষিদ্ধ।

(খ) মুর্শিদাবাদ জেলার মধ্যে কান্দী মহকুমাই সাধারণতঃ চালের ক্ষেত্রে উদ্বৃত্ত অঞ্চল। অতএব এই মহকুমা হইতে চালের রপ্তানী নিয়ন্ত্রণ না করিলে, জেলার অন্যত্র শাখা পরে সরকারী ব্যবস্থাপনায় চাল সরবরাহ করা সম্ভবপর নয়। ১৯৭১ সালের বন্যার ফলে এই মহকুমায় আমন ফসলের বেশ ক্ষতি হইয়াছিল কিন্তু বিকল্পে চাষের দ্বারা ঐ ক্ষতি কিছু পরিমাণে পূরণ করার চেষ্টা কৃষি দপ্তর কৃষকের সহযোগীতায় করছেন। কান্দী মহকুমা বন্যা বিধ্বস্ত হওয়া সত্ত্বেও, সরকারী ব্যবস্থাপনায় জেলার অন্যত্র চাল সরবরাহের সুবিধার্থে ঐ মহকুমা হইতে চালের রপ্তানী নিয়ন্ত্রণ করা আবশ্যক।

তা ছাড়া ঐ মহকুমার মধ্য দিয়া সংলগ্ন বীরভূম জেলার উদ্বৃত্ত অঞ্চল হইতে ঘাটতি জেলাগুলিতে চালের চোরা চালান হইয়া থাকে। এই প্রকার চোরা চালান বন্ধ করিবার জন্যও কান্দী মহকুমা হইতে চালের রপ্তানী নিয়ন্ত্রণ করা বিশেষ প্রয়োজন।

**শ্রীসুধীরচন্দ্র দাস:** আমার বক্তব্য হচ্ছে এইরকম বাধা-নিষেধ একমাত্র কান্দী মহকুমায় আছে। অন্য জায়গায় নাই যখন, তখন কি ঐ নীতি নিয়ে ওটা চালানো যাবে?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আপনি পলিসীর প্রশ্ন তুলেছেন। আরো কয়েকটা জায়গায়ও এই রকম আছে। কান্দীতে যদি এইরকম নিয়ন্ত্রণ ব্যবস্থা না রাখি, তাহলে বীরভূমে চাল চোরাই চালান হয়ে অন্য জায়গায় চলে যেতে পারে এবং তা চলে যাওয়া স্বাভাবিকও বটে। আমাদের জেলা শাসক বার বার তাঁর অভিজ্ঞতার কথা আমাদের জানিয়েছেন তাঁর অভিজ্ঞতার আলোকে আমরা এই নিয়ন্ত্রণ ব্যবস্থা বহাল রাখছি। কান্দী মহকুমায় যে চাল সংগৃহীত হয়, তা মুর্শিদাবাদ জেলাতেই রাখা হয়। মুর্শিদাবাদ জেলাকেই এই বিশেষ সুযোগ দেওয়া হয় যাতে মুর্শিদাবাদের সংগৃহীত চাল অন্য জেলায় না যায়।

**শ্রীশচীনন্দন সাউ:** আমাদের অঞ্চলে ও বীরভূম জেলা থেকে চালের চোরাই চালান হয়ে বাইরে চলে যাচ্ছে। কয়েকদিন এই সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সেই ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এ প্রশ্ন থেকে ওটা আসে না।

## সরকার অধিকৃত জমি বিলি-বন্দোবস্ত

*২৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৪।) **শ্রীআনন্দগোপাল মুখার্জী:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার অধিকৃত (ভেস্টেট) জমি বিলি-বন্দোবস্তের কি নীতি নির্ধারণ করিয়াছেন;

(খ) এই জমি বিলি করার করার দরুন ব্লক বা মহকুমা পর্যায়ে কোন বেসরকারী কমিটি গঠিত হইতেছে কি না,

(গ) যদি গঠিত হইবার পরিকল্পনা থাকে তাহা হইলে কাহাদের লইয়া কমিটি গঠিত হইবে এবং কত শীঘ্র জমি বিলির কাজ সুরু ও শেষ হইবে; এবং

(ঘ) এই বন্দোবস্ত কি পদ্ধতিতে দেওয়া হইবে, অর্থাৎ বাৎসরিক না যাবজ্জীবন ভিত্তিতে?

**শ্রীগুরুপদ খান:**

(১) সরকারের ন্যস্ত কৃষি জমি পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের ৪৯ ধারা অনুসারে ভূমিহীন কৃষক কিংবা এক হেক্টায়ারের কম জমির মালিক এইরূপ কৃষকের মধ্যে বিলি করা হইয়া থাকে।

(২) এবং (৩) সরকারের ন্যস্ত কৃষি জমি বিলি করিবার জন্য ব্লক পর্যায়ে ভূমিসংস্কার উপদেষ্টা কমিটি নিম্নলিখিত সদস্যদের লইয়া গঠিত হইয়াছে:—

(১) স্থানীয় এম. এল. এ. বা তাঁহার প্রতিনিধি।

(২) ১৯৭২ সালের মার্চ মাসে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে নির্বাচন কমিশন কর্তৃক স্বীকৃত যে রাজনৈতিক দলগুলি সংশ্লিষ্ট এলাকায় প্রার্থী দিয়াছিল এবং তাহাদের মধ্যে যে দুইটি দল সর্বাধিক সংখ্যক ভোট পাইয়াছিল সেই রাজনৈতিক দলগুলি হইতে একজন করিয়া মোট দুইজন প্রতিনিধি।

(৩) ব্লক উন্নয়ন আধিকারিক।

(৪) জুনিয়র ভূমিসংস্কার আধিকারিক। জুনিয়র ভূমিসংস্কার আধিকারিক কমিটির কনভেনর সেক্রেটারী হিসাবে কাজ করিবেন। উক্ত সদস্যগণ ছাড়াও সরকার কমিটিতে চারিজন সদস্য মনোনয়ন করিতে পারেন যাঁহাদের মধ্যে একজন ভূমিহীন কৃষক অবশ্যই থাকিবেন।

তদুপরি কোন নির্দিষ্ট অঞ্চলের জমি বিলির সময়ে সংশ্লিষ্ট অঞ্চল প্রধান এবং গ্রাম অধ্যক্ষ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হইবেন জমি বিলির কাজ চলিতেছে। তবে কোর্টের ইনজাংশনের দরুন বহু ক্ষেত্রে এই কাজ ব্যাহত হইতেছে। কবে এই কাজ শেষ হইবে সঠিকভাবে বলা কঠিন।

(৪) পূর্বে বাৎসরিক লাইসেন্স ভিত্তিতে বন্দোবস্ত দেওয়া হইত। এখন সরাসরি রায়তি স্বত্ব দেওয়া হইতেছে।

[1-10—1-20 p.m.]

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে কমিটিগুলি গঠন করবার কথা হচ্ছে ভূমি রাজস্ব বিভাগে, জমি বণ্টন করবার জন্য আমরা যত দূর খবর জানি কোন্ জায়গায় কমিটি গঠন হয় নি। কিন্তু আমরা খবর পাচ্ছি যে জমি বিলির কাজ অব্যাহত ভাবে চলছে। এইটা কি মন্ত্রিমহাশয় জানেন?

**শ্রীগুরুপদ খান :** কমিটি অনেক জায়গায় হয়ত গঠিত এখনও হয় নি, মাননীয় সদস্য যেটা বললেন সেটা ঠিক। তবে যত তাড়াতাড়ি সম্ভব সেটা আমরা করে দিচ্ছি।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** জমি বিলি হচ্ছে, সরকারী অফিসাররা করে চলেছে, এর সম্বন্ধে কি করছেন?

**শ্রীগুরুপদ খান :** ঠিকভাবে যেখানে জমি নেওয়া হয় নি সেখানে জমি বিলির কাজ চলতে পারে না।

**শ্রীশরত চন্দ্র দাস :** মন্ত্রিমহাশয় বলেছেন যে এই কমিটিগুলির কনভেনর অথবা সেক্রেটারী থাকবেন। কমিটি হলে তো একজন প্রেসিডেন্ট থাকে, সেই প্রেসিডেন্ট কে হবেন?

**শ্রীগুরুপদ খান :** ঐ কমিটির যে মিটিং অনুষ্ঠিত হবে সেই মিটিংএ যে সদস্যরা উপস্থিত থাকবেন তাঁরাই সেই মিটিং-এর চেয়ারম্যান ঠিক করে নেবেন।

**শ্রীদেদার বক্স :** যে সমস্ত সদস্য নিয়ে কমিটি গঠিত হবে, সেই সব সদস্যের কি ভোটাধিকার থাকবে?

**শ্রীগুরুপদ খান :** সব সদস্যের ভোটাধিকার থাকবে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আমাদের যে আইন অনুসারে জমি বণ্টন হচ্ছে, সেই আইন হচ্ছে, এষ্টেট একুইজিশন এ্যাক্ট, যে আইনে বলা আছে লোকাল পিপ্‌ল আপটু টু একর্‌স অফ ল্যাণ্ড কিন্তু আমাদের জমি দখল আইন কি সংশোধিত হয়েছে?

**শ্রীগুরুপদ খান :** এইটা ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট অনুযায়ী হয়েছে। আপনি জানেন যে ৪৯ ধারা অনুযায়ী হয়েছে যে দুই হেক্টরের যায়গায় এক হেক্টরের কম থাকলে এইটা করা হবে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই যে আইনটা হয়েছে এষ্টেট একুইজিশন এ্যাক্ট এবং এতে যে সার-প্লাস ল্যাণ্ড রাখা হচ্ছে এইটা একটু তলিয়ে দেখবেন কিনা?

**শ্রীগুরুপদ খান :** মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য যদি বলেন আমি এই ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টটা একটু পড়ে দিতে পারি। "Subject to the provisions of this Act, settlement of lands which are at the disposal of the State Government shall be made, on such terms and conditions, in such manner as may be prescribed, with persons who are residents of the locality where the land is situated আবার এইটা আপনারা সংশোধন করে এইটা বলেছেন who own no land or less than two acres of land, preference being given to those among such persons who form themselves into the Co-operative Farming Society.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আমি এইটা বলতে চাইছি যে এষ্টেট একুইজিশনে দুই একর ছিল আর ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টে এক একর ছিল, তাই আমি বলছি এই যে ল্যাণ্ড রিফর্ম কমিটি হচ্ছে জমি

ডিসট্রিবিউশনের জন্য এই ল্যাণ্ড রিফর্ম কমিটি যা ব্লকওয়াইজ করছেন এবং অনেকগুলি ব্লক নিয়ে এক একটা কন্সটিটিউয়েন্সি হতে পারে, সেইজন্য সেখানকার এম. এল. এ. বা যারা সেখানে কনটেষ্ট করেছিল ফার্স্ট পার্টি, সেকেণ্ড পার্টি, তারা কি সেই কমিটিতে, কি সেই সব ব্লকগুলিতে রিপ্রেজেনটেটিভ দিতে পারবে?

**শ্রীগুরুপদ খান:** হ্যাঁ, সবগুলি ব্লক কভার করে দিতে পারবে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এই যে আমরা জমি দেব, বা সরকার জমি দিচ্ছে তার জন্য পাট্টা দিতে হবে। পাট্টা কি কোন টার্মস এণ্ড কনডিশনের ভিত্তিতে নাকি এমনিই জমি দেওয়া হচ্ছে—যে আজকে জমি দিলে কালকে সে বন্ধক দিয়ে দিল বা জোতদারের কাছে বিক্রয় করে দিল সেইজন্য সেইরকম কি কোন টার্মস এণ্ড কনডিশন কি রাখা আছে পাট্টার ভিতর?

**শ্রীগুরুপদ খান:** মাননীয় স্পীকার, স্যার, আপনি ভাল ভাবে জানেন কারণ আপনি একজন আইনজ্ঞ, স্থানীয় রায়তি স্বত্ব বলতে কি বোঝায় সেই হিসাবে আমরা দিয়েছি।

**মিঃ স্পীকার:** এটা আনকনডিশনাল অর্থাৎ permanent রাইট।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে সাবজেক্ট টু টার্মস এণ্ড কনডিশন যা লেখা আছে তাতে ইচ্ছা করলে তাকে আমরা সাবজেক্ট টু টার্মস এণ্ড কনডিশন করতে পারি। সেজন্য এই প্রশ্নটা তুলেছি যে আইনের আইনসভার ইনটেনশান ছিল না যে গরীব মানুষ জমি পেয়ে পরের দিন বেচে দিক কিম্বা জমিদার আগে থেকে লিখিয়ে রেখে, মহাজন লিখে রাখুক, আজকে জমি পেয়ে কালকে দিয়ে দিলো কিম্বা নরম্যালি জমিটা হোল্ড করলো, আসলে অন্য লোক জমিটার মালিক হয়ে গেলো। আসলে ইনটেনশান ছিলো এরা যাতে জমিটা রক্ষা করতে পারে সেজন্য টার্মস এণ্ড কনডিশনের কথা লেখা আছে। সুতরাং আমরা পাট্টা দিলে টার্মস এণ্ড কনডিশনে দিতে পারি কি না, সেটা আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করা উচিত বলে মন্ত্রিমহাশয় মনে করেন কি না?

**Shri Gurupada Khan:** It is a matter of question.

**শ্রীশচীনন্দন সাউ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত সরকারী ভেষ্টেড জমিতে ইনজাংশন করা আছে সেইসমস্ত জমিতে চাষের কাজ ব্যাহত হচ্ছে, উৎপাদন হচ্ছে না। কাজেই এ ব্যাপারে আপনি কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রীগুরুপদ খান:** কোর্টের ইনজাংশন রয়েছে, সাব জুডিস কেস কাজেই আমাদের কিছু বলার নেই।

**শ্রী প্রদীপ কুমার পালিত:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যদি কমিটি গঠিত হওয়ার আগে সরকারী অফিসাররা জমি বণ্টন করে দেন তাহলে তা বে-আইনী হবে?

**শ্রীগুরুপদ খান:** কিছু দিন আগে যে কমিটি ছিলো সেটা ডিজলভড করে দিয়েছি। নূতন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত কোন অফিসার সেটা করতে পারবে না। কাজেই কমপ্লেইন্ট আমার কাছে এসেছিলো সে বিষয়ে খোঁজ করে দেখছি। জলপাইগুড়ি থেকে কিছু খবর পেয়েছি, তা ছাড়া খবর পেলাম যে সংবাদটি ঠিক নয়।

**শ্রীসুকুমার ব্যানার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন যে জমি বিলি হয়েছে। তা যদি হয়ে থাকে তাহলে মন্ত্রিমহাশয়ের বক্তব্য কি পরস্পর বিরোধী হচ্ছে না?

**শ্রীগুরুপদ খান:** যেখানে কমিটিতে তিন জন মেম্বার করে করা হয়েছে সেখানে হচ্ছে।

**শ্রীসুকুমার ব্যানার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে জমি বণ্টন চলছে সেটা কি কোন নির্দিষ্ট এলাকা সম্পর্কে তিনি যা বললেন ?

**শ্রীগুরুপদ খান :** কোন নির্দিষ্ট এলাকা নয়। যেখানে কমিটি গঠিত হয়েছে, তিন জন সদস্য নিয়ে কোরাম হচ্ছে সেখানে তারা জমি বণ্টন করতে পারেন।

**শ্রীপ্রদ্যোত কুমার মহান্তি :** মাননীয় মন্ত্রিমহোদয় দয়া করে বলবেন কি যে জমি বণ্টন কমিটি ছিলো সেই কমিটি যদি ভুল করে থাকে তাহলে বর্তমান যে কমিটি গঠিত হচ্ছে সেখানে সেই কমিটির রিভিউ করবার কোন ক্ষমতা থাকবে কি না ?

**শ্রীগুরুপদ খান :** এই বিষয়ে আমরা খুব গভীরভাবে চিন্তা করে দেখছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত সদস্য নিয়ে এই কমিটি গঠন করেছেন তাতে দেখা গেল এম. এল. এ.-রা আছেন, অর হিজ প্রেজেনটেটিভরা আছেন—এই সরকার অন্যান্য কমিটি তৈরী করেছেন যেমন রুরাল ওয়াটার সাপ্লাই কমিটি এবং ব্লক ডেভলপমেন্ট কমিটি, উন্নয়ন কমিটি, সেখানে দেখা যাচ্ছে এম. এল. এ.-কে সেই কমিটির চেয়ারম্যান করা হয়েছে। এ ক্ষেত্রে এম. এল. এ বা তার রিপ্রেজেনটেটিভকে সেই কমিটির চেয়ারম্যান করার অন্তরায় কোথায় ?

**শ্রীগুরুপদ খান :** একটা কমিটি গঠন করা হয়েছে এবং সরকার যেটা ভাল বিবেচনা করেছেন ঠিক সেইরকমভাবে করছেন। কাজেই এ সম্বন্ধে কোন প্রশ্ন আসে বলে আমার মনে হয় না।

## মুর্শিদাবাদ জেলায় ডেয়ারী

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৮) **শ্রীমহম্মদ দেদার বক্স :** পশুপালন এবং পশু-চিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নূতন ডেয়ারী খোলার কোন পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকিলে কোন জায়গায় এবং কবে নাগাদ খোলা হবে বলে আশা করা যায় ; এবং

(গ) ইহার জন্য আনুমানিক কত ব্যয় হবে ?

[1-20—1-30 p.m.]

(ক) বিবেচনা করা হচ্ছে।

(খ) এ বিষয় সমীক্ষা করা হবে।

(গ) প্রশ্ন উঠে না।

**শ্রীমহঃ দেদার বক্স :** মন্ত্রিমহাশয় বললেন যে সমীক্ষা করা হচ্ছে এবং নিশ্চয়ই অন্ততঃ ২।১টি জায়গার উপর সমীক্ষা চলছে। মন্ত্রিমহাশয় দয়া করে সেই দু'একটি জায়গার নাম জানাবেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** সেটা এখন আমি বলতে পারছি না। তবে মাননীয় সদস্য এবং মুর্শিদাবাদের মাননীয় সদস্য জনাব ইদ্রিশ আলি সাহেব, আপনারা একটি দরখাস্ত দিয়েছিলেন এবং সেটা আমরা পরীক্ষা করে দেখছি। স্থান নির্ণয় সম্বন্ধে সমীক্ষা এবং বিশ্লেষণ করার পরে আমরা এটার সিদ্ধান্তে আসতে পারব এবং এই বিধানসভা শেষ হবার পরে আমাদের বিশেষজ্ঞরা

সেই জায়গায় যাবেন এবং জায়গা পরীক্ষা করে রিপোর্ট দেবেন এবং তারা স্থানীয় এম. এল. এ.-দের সঙ্গে পরামর্শ করে রিপোর্ট করে দেবেন।

**শ্রীপ্রদীপ কুমার পালিত ঃ** এইরকম ধরনের ডেয়ারী খোলার সমীক্ষা অন্যান্য জেলায় কি হচ্ছে এবং তার সংখ্যা কত, সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এই রকম ধরনের কোন সমীক্ষা হচ্ছে না। আমাদের পরিকল্পনা আছে যে উত্তরবাংলায় আমরা কিছু ডেয়ারী সংগঠন গড়ে তুলবো এবং ডেয়ারী সংস্থা সৃষ্টি করবো, এই উদ্দেশ্য নিয়ে আমরা কেন্দ্রের কাছে, ইণ্ডিয়ান ডেয়ারী করপোরেশনের কাছে লিখেছি। সেখান থেকে কি পরিমাণ টাকা পাব, তার উপর আমাদের এই পরিকল্পনা নির্ভর করবে। তবে মাননীয় সদস্য যদি কোন কোন বিশেষ জায়গার প্রতি দৃষ্টি আকর্ষণ করেন তাহলে আমরা এ বিষয়ে সমীক্ষা করে দেখবো।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী ঃ** সরকারী উদ্যোগে ডেয়ারী খোলা ছাড়া বেসরকারী উদ্যোগে যারা গ্রামে চাষের সঙ্গে যুক্ত আছেন এবং এই সমস্ত কাজ যারা বুঝেন তারা যদি দেশের দুধের সমস্যা মেটানোর জন্য ডেয়ারী ফার্ম খোলার পরিকল্পনা করেন তাহলে সরকার কি তাদের সাহায্য করবার জন্য এগিয়ে আসবেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যকে জানাতে চাই যে এই ধরনের উদ্যোগ যদি আসে তাহলে আমরা খুব আনন্দের সঙ্গে তাকে গ্রহণ করবো এবং তাকে সর্বতোভাবে সাহায্য করবো। তবে মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে সরকারী সংস্থায় দুধেল গাই গরু কিম্বা টাকা দেবার মত অর্থ সরকারের হাতে নেই। এ সম্বন্ধে ব্যাঙ্কের সঙ্গে কথাবার্তা চলছে এবং ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়া তারা একটা পরিকল্পনা নিয়েছেন এবং এ নিয়ে আমরা তাদের সঙ্গে আলোচনা করবো। তাঁরা দুধেল গাই গরু কেনবার জন্য সম্পত্তি বন্ধক রেখে ঋণ দেবার কথা বিবেচনা করছেন। তারা দিতে প্রস্তুত হয়েছেন কয়েকটি জায়গায়। তবে এই ব্যাপারে মাননীয় বিধানসভার সদস্যরা যদি উদ্যোগী হন এবং ব্যাঙ্কের উপর যদি তাঁরা চাপ সৃষ্টি করতে পারেন তাহলে আমার মনে হয় বেসরকারী উদ্যোগে মিল্ক কলোনিজ তৈরী করা অনেক সহজ হবে এবং সরকার থেকে আমরা অন্ততঃ সে ব্যাপারে সাহায্য পাবো।

**শ্রীশরৎ চন্দ্র দাস ঃ** মন্ত্রিমহাশয় বললেন যে ডেয়ারী ফার্ম খোলবার জন্য একটা সমীক্ষা হচ্ছে। সেই সমীক্ষাটা কি পপুলেসন বেসিসে করান হচ্ছে এবং যে যে জায়গায় দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যের অভাব আছে সেই জায়গায় কি সমীক্ষা চলছে ?

**Mr. Speaker** : It has been alreadry answered in respect of Murshidabad District.

**শ্রীরজনী কান্ত দোলুই ঃ** মিঃ স্পীকার, স্যার, এই কোয়েশ্চেনের রিজলিউসান অলরেডি পাশ হয়ে গেছে ২রা মে এবং সেইজন্য আমি এই কোয়েশ্চেন উইথড্র করছি।

## চিনি সরবরাহ

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলাতে গত তিন মাসের প্রতি সপ্তাহে গড়ে কত কুইণ্টাল চিনি সরবরাহ করা হইয়াছে ;

(খ) গ্রাম ও শহরাঞ্চলে মাথাপিছু চিনি বরাদ্দের পরিমাণ কত ;

(গ) বাঁকুড়া জেলায় বর্তমানে কতগুলি এম. আর. দোকান আছে ; এবং

(ঘ) প্রতিটি এম. আর. দোকানে প্রতি সপ্তাহে কোটা অনুযায়ী চিনি সরবরাহ করা হয় কি না এবং না হইলে তাহার কারণ কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ**

(ক) গত জানুয়ারী মাসের দ্বিতীয় সপ্তাহ হইতে বাঁকুড়া জেলায় ন্যায্য মূল্যের চিনি বিতরণ সুরু হইয়াছে। জানুয়ারী মাসের দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ সপ্তাহে যথাক্রমে ৭০০, ১০০০ এবং ১৩০০ কুইন্টাল, ফেব্রুয়ারী মাসের প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ সপ্তাহে যথাক্রমে ১২০০, ১২০০, ১০০০ ও ১০০০ কুইন্টাল এবং মার্চ মাসের প্রতি সপ্তাহে ১০০০ কুইন্টাল হিসাবে ন্যায্য মূল্যের চিনি সরবরাহ করা হইয়াছে।

(খ) মাথাপিছু সাপ্তাহিক বরাদ্দের স্থানীয় হার গ্রামাঞ্চলে ৫০ গ্রাম এবং শহরাঞ্চলে ১৫০ গ্রাম। মে মাস হইতে গ্রামাঞ্চলের হার ৬০ গ্রামে বৃদ্ধি করা হইয়াছে।

(গ) ১০০১টি।

(ঘ) বাঁকুড়া জেলায় শহরাঞ্চলে সমস্ত এম. আর. দোকানকে বরাদ্দের হার অনুযায়ী ন্যায্য মূল্যের চিনি সরবরাহ করা হইতেছে। গ্রামাঞ্চলে এম. আর. দোকানগুলির শতকরা ৭০টি তাঁহাদের বরাদ্দানুযায়ী ন্যায্য মূল্যের চিনি তুলিয়াছেন। ওয়াগন পাওয়ার অভাবে এবং আন্তঃরাজ্য সড়ক পরিবহনের কতকগুলি বাধা নিষেধ থাকায় অন্যান্য রাজ্য হইতে ন্যায্য মূল্যের চিনি সময়মত আমদানী করা সম্ভব হইতেছে না।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে গ্রামাঞ্চলে ৫০ গ্রাম এবং শহরাঞ্চলে ১৫০ গ্রাম এটা পূর্ব থেকেই চালু আছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আরো ৫০ গ্রাম যে বাড়ছে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে অর্থাৎ যে ১০০ গ্রাম এবং ২০০ গ্রাম সেটা কি বর্তমানে যাচ্ছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্য বোধহয় শুনতে ভুল করেছেন। আমাদের যে স্কেলে দেওয়া হচ্ছে সেটা জানিয়েছি। এ সম্বন্ধে সরকারের নীতি হল, বিধিবদ্ধ রেশন এলাকার বাইরে চিনির হার নিয়ন্ত্রণ করেন জেলা কর্তৃপক্ষ—জেলা ম্যাজিষ্ট্রেট, ডিষ্ট্রিক্ট কন্ট্রোলার। এরা এই হারটা, স্কেলটা কি পরিমাণ মাল কাছে আছে অর্থাৎ এ্যাভেলেবিলিটি, তার উপর নির্ভর করে এই স্কেলটা। সুতরাং সেই ডিসক্রিসান সরকার তাদের হাতেই ছেড়ে দিয়েছেন এবং যেমন, যেমন এ্যাভেলেবিলিটি থাকে সে অনুযায়ী তাঁরা স্কেলটা করেন। এই সরকার আসার পর চিনির জন্য কেন্দ্রের উপর আমরা বিশেষ চাপ সৃষ্টি করি। কিছু চিনি যার কোটা ল্যাপ্স করে গিয়েছিল সেটা রিভ্যালিডেটেড হবার ফলে আমরা কোলকাতা এবং শহরাঞ্চলের জন্য যে চিনি পেয়েছিলাম তার থেকে ১৫।১৬ শত টন চিনি গ্রামাঞ্চলে বা মফঃস্বলে দেবার জন্য বরাদ্দ করা হয়েছে। সেই ১৬ শত টন চিনি প্রত্যেক জেলাতে ভাগ করে দেওয়া হয়েছে এবং সেই এ্যাভেলেবিলিটির উপর জেলা কর্তৃপক্ষ চিনির স্কেল নতুন করে করেছেন। যেমন বাঁকুড়াতে ৫০।৬০ হয়েছে, আবার বাড়লে সেটা বাড়ানো যাবে। মাননীয় সদস্যদের সঙ্গে আমি একমত যে এই বৈষম্য না থাকাই বাঞ্ছনীয়। তবে মাননীয় সদস্যরা নিশ্চয় এটা উপলব্ধি করবেন যে এ ব্যাপারে আমাদের কোন হাত নেই। মাননীয় বিধানসভার সদস্যরা নিজেদের প্রচেষ্টায় যদি জেলা কর্তৃপক্ষের সঙ্গে

আলোচনা করেন তাহলে যে পরিমাণ এ্যাভেলিবিলিটি বাড়বে সেই পরিমাণ গ্রামের স্কেলটাও বাড়াতে সাহায্য হবে। আমার মনে হয় নিশ্চয় স্কেলটা বাড়বে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে চিনি যেটা বাইরে ওপেন মার্কেটে পাওয়া যাচ্ছে সেটা উদ্ধার করে সরকার নিজের নিয়ন্ত্রনে আনবেন কি না?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে এটা আদৌ সম্ভব নয়। কারণ সুগারের উপর আমাদের কোন কন্ট্রোল নেই। কেন্দ্রীয় সরকার জেণ্টেলম্যানস এগ্রিমেণ্ট অনুযায়ী ৬০ ভাগ নিয়ন্ত্রণে রেখেছেন আর ৪০ ভাগ লেভি ফ্রি অর্থাৎ ফ্রি সুগার ৪০ পারসেণ্ট এবং লেভি সুগার ৬০ পারসেণ্ট। এই যে ৬০ পারসেণ্ট লেভি সুগার এটা কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষের জন্য এক একটা কোটা করে ভাগ করে দেন প্রত্যেক রাজ্যের জন্য। আমাদের পশ্চিমবাংলার জন্য বরাদ্দ হচ্ছে ২০ হাজার মেট্রিক টন। আমরা চেয়েছিলাম ৩০ হাজার মেট্রিক টন। এই যে ২০ হাজার মেট্রিক টন মাসের বরাদ্দ এর থেকে প্রত্যেক মাসে ৮।১০ হাজার টন কোটা ল্যাপ্স করে যাচ্ছে। এবারে দিল্লী সম্মেলন থেকে ফিরে আসার পর কেন্দ্রীয় সরকার রাজী হয়েছেন সেই ল্যাপ্সড কোটা রিভ্যালিডেট করে দেবেন এবং তার ফলে যে কোটা বাড়ছে সেটা আমরা মফঃস্বলে ভাগ করে দিচ্ছি। এ ব্যাপারে আমাদের কিছু করার নেই যেটুকু পাব সেটুকু সমভাবে বণ্টন করে দেওয়া ছাড়া।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে তথ্য দিলেন নিশ্চয় সেটা ঠিক তথ্য যে ৬০ পারসেণ্ট লেভি আর ৪০ পারসেণ্ট ওপেন মার্কেটে বিক্রি হয়, সারা ভারতবর্ষের ব্যাপার এটা। আমার জিজ্ঞাস্য, একথা কি সরকার মনে করেন যে ঐ ৮০ পারসেণ্ট চিনি যদি সরকারের নিয়ন্ত্রণে আনা হয় তাহলে সারা ভারতবর্ষে চিনির মূল্যমান হ্রাস এবং ঠিক রাখা সম্ভব হবে?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এ ব্যাপারে কোন দ্বিমত থাকার কথা নয় যে যদি পুরো চিনি আমাদের নিয়ন্ত্রণে থাকে তাহলে সরবরাহ অনেক বাড়বে এবং প্রত্যেক লোককে সমানভাবে চিনি দিতে পারবো। এটা ঠিক, এ ব্যাপারে কোন দ্বিমত নেই।

**শ্রীভুপাল চন্দ্র পাণ্ডা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, টাউনে সপ্তাহে ১৫০ গ্রাম এবং গ্রামে মাসে ৫০ গ্রাম যা দেওয়া হচ্ছে এই যে ডিফারেন্স এত ডিফারেন্স অত্যাধিক কিনা এবং এরজন্য কোন ব্যবস্থা করবেন কি না?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্য মহাশয়ের সঙ্গে একমত যে কয়েকটি জেলাতে যেখানে ডিষ্ট্রিক্টের কোটা ল্যাপ্স করেছে খুব বেশী সেইসমস্ত জায়গাতে এই ধরনের বৈষম্য বা বৈপরিত্য দেখা গিয়েছে। কিন্তু অধিকাংশ জেলাতে সপ্তাহে চিনি দেবার ব্যবস্থা হয়েছে। আপনারা যদি তদন্ত করেন তাহলে সেটা দেখতে পাবেন। তবে যদি না হয় এবং মাননীয় সদস্যরা যদি আমার দৃষ্টি আকর্ষণ করেন আমি আশ্বাস দিচ্ছি যে নিশ্চয় জেলা কণ্ট্রোলার এবং জেলা শাসককে বলে এই বৈপরিত্য দূর করার জন্য যতটা সম্ভব নিশ্চয় করবো।

### জমি জবরদখল

*২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৯।) **শ্রীপঞ্চানন সিন্‌হা ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ২৪-পরগণা জেলার ক্যানিং শহর এবং বাসন্তী বাজার

এলাকায় বিগত কয়েক বৎসরে বহু সরকারী জমি জবরদখল হইয়াছে এবং এখনও হইতেছে ; এবং

(খ) সরকারী জমির ( চলাচলের পথ, নদীর ভেড়ী, নদী-ভরাটিচর, জলনিকাশী খাল ইত্যাদি ) জবরদখল ঠেকাইবার জন্য সরকার কার্যকরী কি ব্যবস্থার বিষয় চিন্তা করিতেছেন ?

**শ্রীগুরুপদ খান ঃ**

(ক) ক্যানিং বাজার, জেটি ঘাট এবং বিদ্যাধরী নদীর চর জমির মধ্যে কিঞ্চিদধিক ৭কাঠা জমি বারো জন ব্যক্তি অবৈধভাবে দখল করিয়া কাঁচা ও আধপাকা ঘর তৈরী করিয়াছেন বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ১৯৬৯ সালে দশটি পরিবার মাতলা মৌজার ৬০০০ বর্গফুট জায়গা অবৈধভাবে দখল করিয়াছেন বলিয়াও সংবাদ পাওয়া গিয়াছে। বাসন্তী বাজারে সরকারের কোন জমি অবৈধভাবে দখল করা হইয়াছে বলিয়া সরকারের জানা নেই।

(খ) দি ওয়েষ্ট বেঙ্গল পাবলিক ল্যাণ্ড (এভিকশন অফ আন অথোরাইজড অকুপ্যান্টস আইনের বিধান অনুযায়ী এই সকল জবরদখলকারী ব্যক্তিদের বিরুদ্ধে সরকার উচ্ছেদের মামলা দায়ের করার ব্যবস্থা করিতেছেন।

[ 1-30—1-40 p.m. ]

**শ্রীপঞ্চানন সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ১৯৬৭ সালের পর থেকে ঐ এলাকায় সরকারী জমি জবরদখলের হিড়িক পড়ে গেছে ?

**শ্রীগুরুপদ খান ঃ** ১৯৬৭ সালের পর জবরদখলের কি হিড়িক পড়েছে তা যদি জানতে চান সেটা পরে জানাব।

**শ্রীপঞ্চানন সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন তাঁর দপ্তরের ১নং জে. এল. আর. ও. ক্যানিং টাউনে যাঁর অফিস তিনি ওখানে থাকেন না এবং না থাকার ফলে জবরদখল রাতের অন্ধকারে হচ্ছে ?

**শ্রীগুরুপদ খান ঃ** জে. এল. আর. ও. থাকেন কিনা সেটা যদি জানতে চান পরে জানাব। তবে এই প্রশ্নের সঙ্গে এটার কোন সম্পর্ক আছে বলে মনে হয় না।

**শ্রীপঞ্চানন সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি এই জবর দখলের পিছনে কোন কোন রাজনৈতিক দলের উস্কানি এবং প্রত্যক্ষ সম্পর্ক আছে কি না ?

**শ্রীগুরুপদ খান ঃ** সেটা আমার জানা নেই। তবে আপনি যখন জানেন বলছেন তা হয়ত হতে পারে।

## মেদিনীপুর জেলায় বন্যাবিধ্বস্ত এলাকা

*২৭৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৬৮।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানাকে বন্যাবিধ্বস্ত এলাকা বলিয়া ঘোষণা করা হইয়াছে ;

(খ) যে সমস্ত থানাকে বন্যাবিধ্বস্ত বলিয়া ঘোষণা করা হইয়াছে সেইসমস্ত থানাগুলির অধিবাসীর মধ্যে যাহাদের উপর লেভী ধার্য হইয়াছিল তাহা মুকুবের আদেশ দেওয়া হইয়াছে কি ; এবং

(গ) আদেশ দেওয়া হইয়া থাকিলে কতদিন আগে দেওয়া হইয়াছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ**

(ক), (খ) ও (গ)—মেদিনীপুর জেলায় অথবা পশ্চিমবঙ্গের অন্য কোন জেলার কোন থানাকেই বন্যাবিধ্বস্ত এলাকা বলিয়া খাদ্য ও সরবরাহ বিভাগ হইতে ঘোষণা করা হয় নাই।

সরকার নীতিগতভাবে স্থির করিয়াছেন যে, ১৯৭১ সালের বন্যায় জেলাসমূহের যে সমস্ত ব্লকে আমন ফসলের প্রচুর ক্ষতি হইয়াছে সেইসমস্ত ব্লকের উপর হইতে লেভী মকুব করা হইবে। তদনুযায়ী এই মধ্যেই কয়েকটি জেলায় ক্ষতিগ্রস্ত ব্লকগুলিকে লেভী আদেশ হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে। যথা, নদীয়া, মুর্শিদাবাদ ও মালদহ জেলার সবকয়টি ব্লক, ২৪-পরগণা জেলার ৮টি ব্লক, হাওড়া জেলার ১৪টি ব্লক ও বর্ধমান জেলার ৫টি ব্লক এবং মেদিনীপুর জেলার ৩৭টি ব্লক।

যে যে তারিখে এই সমস্ত অব্যাহতির আদেশ দেওয়া হইয়াছে, তাহা নিম্নে দেখান হইল :—

| জেলার নাম | আদেশের তারিখ | আদেশের অন্তর্গত ব্লকের সংখ্যা। |
|---|---|---|
| মালদহ | ১৮।১।৭২ | ৫ |
| ঐ | ২২।৪।৭২ | ১১ |
| মুর্শিদাবাদ | ১৮।১।৭২ | ১৪ |
| ঐ | ২২।৪।৭২ | ১২ |
| নদীয়া | ১৮।১।৭২ | ১৫ |
| ঐ | ২২।৪।৭২ | ১ |
| ২৪-পরগণা | ২৪।৩।৭২ | ৮ |
| বর্ধমান | ২২।৪।৭২ | ৫ |
| হাওড়া | ২৮।৪।৭২ | ১৪ |
| মেদিনীপুর | ২২।৪।৭২ | ৩৭ |

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে মেদিনীপুর জেলায় ৫২টা ব্লকের মধ্যে ৩৭টিতে মকুবের আদেশ দেওয়া হয়েছে, কয়েকটি ব্লক যদি ভুলক্রমে থেকে গিয়ে থাকে তাহলে সেখানকার লোক আবেদন করলে আপনি কি বিবেচনা করে দেখবেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** নিশ্চয়ই দেখব।

## বন্যায় ক্ষতিগ্রস্তদের খাজনা মকুব

*২৭৮ (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৭।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও রানীনগর ২নং ব্লক বিগত বন্যায় বিধ্বস্ত হইয়াছে; ফলে ঐ এলাকা দু'টিতে শতকরা ৮৫ ভাগেরও বেশী ফসলহানি হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার ঐ এলাকার খাজনা মকুবের কি ব্যবস্থা করিয়াছেন ?

**শ্রীগুরুপদ খান ঃ**

(ক) হ্যাঁ, তবে ফসলহানির যে শতকরা হিসাব প্রশ্নটিতে দেওয়া হইয়াছে, তাহা ঠিক নহে। প্রকৃতপক্ষে স্থানীয় সরকারী কর্মচারীগণের মতে জলঙ্গী ব্লকে শতকরা ৭৫ভাগ এবং রানীনগর ২নং ব্লকে শতকরা ৫৫ভাগ ফসলহানি হইয়াছে।

(খ) সমগ্র মুর্শিদাবাদ জেলা বন্যাবিধ্বস্ত বলিয়া ঘোষিত হওয়ায় সাধারণ নীতি হিসাবে সমগ্র জেলায় ৫একর পর্যন্ত কৃষি জমির ১৩৭৮ সনের খাজনা মকুব করার জন্য জেলা কর্তৃপক্ষের নিকট হইতে একটি প্রস্তাব পাওয়া গিয়াছিল। প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে তথ্য রাখলেন তাতে একথা বোঝা যাচ্ছে যে সমগ্র মুর্শিদাবাদ জেলা বন্যাবিধ্বস্ত বলে ঘোষিত হয়েছে এবং সেখানে ৫একর পর্যন্ত জমির লোকেদের ১৩৭৮ সালের খাজনা মকুবের প্রস্তাব বিবেচনাধীন আছে বলেছেন। যেখানে সমগ্র জেলা বন্যাবিধ্বস্ত সেখানে শুধু ৫একর পর্যন্ত জমির লোকদের খাজনা মকুবের ব্যবস্থার কথা চিন্তা করা হচ্ছে, এটা কি ধরণের চিন্তা হচ্ছে ?

**শ্রীগুরুপদ খান ঃ** আমি প্রথমেই বলেছি সেটা বিবেচনাধীন আছে। এখনও কোন আদেশ এখান থেকে দেওয়া হয় নি। আমরা ওখান থেকে আরো খবর পাবার জন্য তাদের জানিয়েছি। ঠিক যেমতভাবে প্রস্তাব দেওয়া উচিত ছিল সেইমত প্রস্তাব দেননি বলে আরো নিয়মমত প্রস্তাব দেবার জন্য বলেছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এদিক থেকে যখন প্রস্তাব আসছে তখন ঐ সালের খাজনা আদায়ের জন্য পীড়াপীড়ি আরম্ভ হয়ে গেছে ?

**শ্রীগুরুপদ খান ঃ** বন্যাবিধ্বস্ত এলাকা বলে যে জায়গা, তাদের খাজনা ছাড়া হবে একপ নির্দেশ দেবো। আর যদি কোথাও এরূপ হয়ে থাকে আপনি বলবেন আমি নিশ্চয়ই দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এই যে সমস্ত বন্যাবিধ্বস্ত এলাকা সম্পর্কে যতক্ষণ না স্থির সিদ্ধান্ত হচ্ছে, ততক্ষণ খাজনা আদায় বন্ধ থাকবে কিনা, এটা জানাবেন কি ?

**শ্রীগুরুপদ খান ঃ** আপনি যা বললেন সেটা চিন্তা করে দেখবো।

**শ্রীসরোজ রায় ঃ** বন্যাবিধ্বস্ত যে সমস্ত এলাকা তাদের রিলিফ যাতে দেওয়া হয়, এবং পশ্চিমবাংলার যে সমস্ত এলাকায় খরা হচ্ছে—ডাউট, সেইসব এলাকা সম্পর্কে সরকারের কি চিন্তা আছে অর্থাৎ ঐ সমস্ত এলাকা খরা বলে আপনি মনে করেন কি ?

**Mr. Speaker :** The question does not arise.

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** যে সমস্ত জমির খাজনা আদায় বন্ধ করা হয়নি, নির্দেশ দেওয়া হচ্ছে কিন্তু তহশীলদার তারা খাজনা আদায় করে নিয়েছে—খাজনা আদায় হয়ে গেল ৫একরের নীচে, তারা টাকা ফেরত পাবে কিনা মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** তাদের ক্যাপাসিটি ছিল তাই দিয়ে দিয়েছে।

### চিনি ও কেরোসিন তৈল সরবরাহে বৈষম্য

*২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৪।) **শ্রীপ্রবোধ কুমার সিংহ রায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, শহরের চাইতে গ্রামের রেশনকার্ডে মাথা পিছু চিনি ও কেরোসিন তৈল বরাদ্দের পরিমাণের ক্ষেত্রে পার্থক্য আছে ;

(খ) অবগত থাকিলে, এইরূপ পার্থক্যের কারণ কি ; এবং

(গ) এই পার্থক্য দূর করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ**

(ক) কেরোসিন তৈল বরাদ্দের ক্ষেত্রে গ্রামাঞ্চলে বা শহরাঞ্চলের মধ্যে কোন পার্থক্য করা হয়

না। তবে জেলায় কেরোসিন সরবরাহ কখনও অপ্রতুল হইলে জেলা কর্তৃপক্ষ মাথাপিছু বরাদ্দের ব্যবস্থা করিতে বাধ্য হন। ন্যায্য মুল্যের চিনি বণ্টনের ক্ষেত্রে এইরূপ পার্থক্য আছে।

(খ) শহরাঞ্চলের অধিবাসীদের চিনির চাহিদা গ্রামাঞ্চলের অধিবাসীদের তুলনায় কিছু বেশী; সেজন্য চিনির সরকারী বণ্টনের ক্ষেত্রে শহরাঞ্চলের অধিবাসীদের কিছু অতিরিক্ত সুযোগ দেওয়া হয়। অবশ্য এই বণ্টন-বৈষম্যের জন্য রাজ্যে ন্যায্য মূল্যের চিনির অপ্রতুল সরবরাহই দায়ী।

(গ) মূলতঃ সরকার এই ধরণের বৈষম্যের পক্ষপাতী নন। কিন্তু প্রয়োজনের তুলনায় সরবরাহ অপ্রতুল হওয়ায় গ্রামাঞ্চলের অধিবাসীদের ন্যায্য মূল্যের চিনির প্রয়োজন মেটানো সম্ভব নয়। ভারত সরকারকে এ ব্যাপারে অবহিত রাখা হইয়াছে এবং তাঁহাদের এই রাজ্যের জন্য চিনির বরাদ্দ আরও বাড়াইবার জন্য অনুরোধ জানান হইয়াছে। কেন্দ্রীয় সরকার এই রাজ্যের জন্য যেটুকু চিনি বরাদ্দ করেন তাহাও সময় ওয়াগনের (মালগাড়ীর) অভাবের জন্য আসিয়া পৌছায় না। রেলওয়ে কর্তৃপক্ষকেও এ ব্যাপারে পুনঃ পুনঃ অনুরোধ করা সত্বেও চিনি পরিবহনের ক্ষেত্রে কোন উল্লেযোগ্য পরিবর্তন লক্ষিত হইতেছে না। গ্রামাঞ্চলে অধিবাসীদেরও যাহাতে কিছু বেশী করিয়া ন্যায্যমূল্যের বরাদ্দ চিনি সরবরাহ করা সম্ভব হয় সেইজন্যে জেলা কর্তৃপক্ষকে ট্রাক পরিবহনযোগে, ব্যয়-বৃদ্ধির ঝুঁকি সত্বেও, নির্ধারিত মূল্যের চিনি রাজ্যের বাহিরে অবস্থিত মিলগুলি হইতে সংগ্রহ করিয়া গ্রামাঞ্চলের প্রয়োজন যথাসাধ্য মেটানোর জন্য এবং সেই উদ্দেশ্যে প্রয়োজনমত আরো পাইকার আমদানীকারক নিয়োগ করিবার জন্য নির্দেশ জারী করা হইয়াছে। উল্লেখ্য যে এই রাজ্যের চিনির উৎপাদন এতই স্বল্প যে রাজ্যের চিনির উৎপাদন বাইরের মিল থেকে নির্ধারিত মূল্যের বরাদ্দকৃত চিনি আমদানী করিয়াও চাহিদার এক অংশ মাত্র মেটানো সম্ভব হয়।

সম্প্রতি গ্রামাঞ্চলের জন্য চিনির বরাদ্দ কিছু বৃদ্ধি করা হইয়াছে এবং আশা করা যায় যে গ্রামাঞ্চলে বরাদ্দকৃত চিনি বণ্টনের হার (যাহা জেলা কর্তৃপক্ষ ঠিক করিয়া থাকেন) কিছু বৃদ্ধি করা সম্ভব হইবে।

[ 1-40 – 1-50 p.m. ]

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী**ঃ পূজা পাবণে চিনি সরবরাহ করা হয়, কিন্তু আমাদের বিধান সভার সদস্যদের ইদানিংকালে গণ দেবতার পূজা অনেক বেশি করতে হচ্ছে তারজন্য চিনি সরবরাহ বেশী করে করা হবে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র**ঃ এ প্রশ্ন আসে না।

## কর্মচারীদের স্থায়ীকরণ

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৩।) **শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত**ঃ ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় এষ্টেট এ্যাকুইজিশন ডিপার্টমেণ্ট-এ ১৩ হইতে ১৫ বৎসর পর্যন্ত কর্মরত করণিকরা অদ্যাবধি স্থায়ী বা আধা স্থায়ী করণিক হিসাবে স্বীকৃতি পান নাই; এবং

(খ) অবগত থাকিলে (১) ইহার কারণ কি ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীগুরুপদ খান**ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) মুর্শিদাবাদের সমাহর্তার অফিসে প্রায় ৫০ জন অভিজ্ঞ নন ম্যাট্রিক

কমপেনসেসন মোহরারকে নিম্নবর্গীয় করণিক পদে প্রমোশন দেওয়া হয়। কিন্তু করণিক পদের নিম্নতম শিক্ষাগত যোগ্যতা ( ম্যাট্রিকুলেশন বা সমতুল্য পরীক্ষায় পাশ ) না থাকায় এই করণিকদের ক্ষেত্রে যোগ্যতার ঘাটতি মকুবের জন্য মুর্শিদাবাদের সামাহর্তা রাজস্ব পর্ষদের নিকট একটি প্রস্তাব পেশ করেন। প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

**শ্রীগৌতম চক্রবর্তী :** যেসব তহশীলদার বিভিন্ন গ্রামে গ্রামে খাজনা আদায় করেন তাঁরা গত বন্যার জন্য সেই খাজনা আদায় করতে না পারায় যে কমিশন তাঁরা পেতেন তা না পাওয়ায় তাঁদের যে আর্থিক দুরবস্থা হচ্ছে এ সম্বন্ধে আপনি কি কিছু চিন্তা করছেন?

**শ্রীগুরুপদ খান :** আপনি যদি দেখেন তাহলে দেখবেন এটা তহশীলদারদের প্রশ্ন নয়।

**জঙ্গল-সংলগ্ন জবরদখল জমি**

*২৮১। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯।) **শ্রীকাশীনাথ মিশ্র :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া ডিভিসনে জঙ্গল-সংলগ্ন কত পরিমাণ জমি এ পর্যন্ত জবরদখল হইয়াছে ; এবং

(খ) উক্ত আবাদী জমির সুষ্ঠু বণ্টনের কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কি না?

**শ্রীসীতারাম মাহাতো :**

(ক) বাঁকুড়া বনভুক্তিকর অধীনে যে সব বনভূমি জবর দখল হইয়াছে তাহা জরীপ করার কাজ এখনও চলিতেছে। এ পর্যন্ত ৪৬৯.২২ হেক্টর জবর দখলী বনভূমির জরীপ করা হইয়াছে।

(খ) হ্যাঁ। জবর দখলী বনভূমি কি প্রকারে বণ্টন করা হইবে সেই বিষয়ে বিগত ২৬শে জুন, ১৯৬৯ তারিখে মন্ত্রিমণ্ডলীর বৈঠকে সিদ্ধান্ত হইয়াছে এবং সেই অনুসারে বিষয়গুলি বিবেচিত হইতেছে। জবর দখলী বনভূমির মধ্যে কোন জমি কৃষিযোগ্য বলিয়া বিবেচিত হইলে উহা ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগকে হস্তান্তর করা হইবে এবং উক্ত বিভাগই পরবর্তী বণ্টন প্রভৃতির কাজ করিবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র :** যেসব ভূমিহীন চাষী বনের জমিগুলি চাষের উপযোগী করে চাষ করছে তাদের সেই জমিগুলিকে ফরেষ্ট বিভাগ থেকে জেলা ফরেষ্ট অফিসার নোটিশ দিয়েছেন যাতে তারা সেই জমিগুলি ছেড়ে দেয়—এরকম সত্যি কোন নোটিশ দেওয়া হয়েছে কি না?

**শ্রীসীতারাম মাহাতো :** না, তবে সরকারী অফিসারদের বলা হয়েছে যে, কৃষিযোগ্য জমি যে সমস্ত চাষীরা চাষ করছে তাতে যে স্থানীয় কমিটি আছে তাঁরা যদি মনে করেন যে কৃষিযোগ্য জমি সে চাষী পাবে কি না পাবে—সে দায়িত্ব সেই কমিটির উপরেই দেওয়া আছে।

**শ্রীকাশীনাথ মিশ্র :** বাঁকুড়ায় দেখা গিয়েছে কিছু ভূমিহীন চাষী ফরেষ্টের জমি চাষের উপযোগী করে চাষ করছে। তারা তাদের পরিশ্রম এবং অনেক কষ্ট করে পয়সা খরচ করে জমিগুলো চাষের উপযোগী করেছে। কিন্তু দেখা যাচ্ছে যে ফরেষ্ট ডিপার্টমেণ্ট থেকে নোটিশ দিয়ে শীঘ্রই জমিগুলো ছেড়ে দেবার আদেশ দিচ্ছে—এইরকম করা হচ্ছে কি?

**শ্রীসীতারাম মাহাতো :** যদি সেইরকম কিছু থাকে তাহলে আমাদের নোটিশে আনলে বিচার করবো।

**শ্রীসরোজ রায় :** কিন্তু ইতিমধ্যেই ওই সমস্ত জমি চাষ করতে গিয়ে যে সব কৃষকদের বিরুদ্ধে ফরেষ্ট ডাইরেক্টরেট কেস চালাচ্ছে সেই সব কেস থেকে তাদের মুক্ত করার চেষ্টা কি করবেন?

**শ্রীসীতারাম মাহাতো :** আপনাদের সেইরকম বিশেষ কোন কেস থাকে জানাবেন তাহলে নিশ্চয় সে ব্যবস্থা করবো।

## সরকারে ন্যস্ত জমি

*২৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬।) **শ্রীআনন্দগোপাল মুখার্জী**: ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত সরকার কি পরিমাণ জমি হাতে পাইয়াছেন,

(খ) জমির ঊর্ধ্বসীমা বর্তমান বিধিমতে কমাইবার ফলে অতিরিক্ত কত জমি সরকারের হাতে বর্তাইবে বলিয়া আশা করা যায়

(গ) এ পর্যন্ত কত জমি ভূমিহীন কৃষক ও ছোট জমির মালিকদের বিলি করা হইয়াছে,

(ঘ) তন্মধ্যে স্থায়ীভাবে বন্দোবস্ত করা জমির পরিমাণ কত; এবং

(ঙ) কত সময়ের মধ্যে সরকার সমস্ত উদ্বৃত্ত জমি দখল লইতে ও বিলিবন্দোবস্ত সম্পূর্ণ করিতে পারিবেন বলিয়া আশা করা যায়?

**শ্রীগুরুপদ খান**:

(ক) জে. এল. আর. ও.-গণের নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী ১৯৭১ সালের ডিসেম্বর পর্যন্ত ৮,০৩,৪১৫ একর কৃষি জমি সরকারের হাতে আসিয়াছে।

(খ) আনুমানিক দুই হইতে তিন লক্ষ একর।

(গ) ৩,৫৭ লক্ষ একর।

(ঘ) ১.১৮ লক্ষ একর।

(ঙ) আদালতের নিষেধাজ্ঞার (ইনজাংশনের) দরুন সমস্ত উদ্বৃত্ত জমি দখল লওয়া ও বিলি বন্দোবস্ত করার কাজ ব্যাহত হইতেছে। তবে আশা করা যায় দুই হইতে তিন বৎসরের মধ্যে এই কাজ সম্পূর্ণ করা যাইবে।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী**: এই যে জমি ইতিমধ্যেই সরকারের হাতে আছে এবং যে জমি নূতন সিলিং বাধার ফলে সরকারের কাছে আসবে বলে মনে হচ্ছে তাতে বর্তমানে যে মেসিনারী আছে অর্থাৎ জে. এল. আর. ও. এবং সেটেলমেণ্ট অফিস ইত্যাদি দ্বারা সমস্ত জমি বিলি, বণ্টনের ব্যবস্থা সম্পূর্ণ করা সম্ভব বলে মনে করেন কি?

**শ্রীগুরুপদ খান**: আমি আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তর দিচ্ছি। জমি বিলির জন্য প্রথমতঃ ব্লক পর্য্যায়ে যথাবিহিত একটা বণ্টন কমিটি করে দিয়েছি। আমরা জে. এল. আর. ও. অফিস বা সেটেলমেণ্ট অফিস থেকে হিসাব সংগ্রহ করে থাকি এবং সেখানকার হিসাব ঠিক হয়ে থাকে।

[ 1-50—2-00 p.m. ]

**শ্রীপ্রভাসচন্দ্র গোস্বামী**: আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলতে চাই যে জে. এল. আর. ও. অফিসে আমি গিয়েছি এবং সেখানে গিয়ে দেখেছি যে সেখানে তাদের রেকর্ডপত্র, কাগজপত্র রাখবার কোন জায়গা নেই। জে. এল. আর. ও.-র অফিসের লোকেরা আমাকে বলেছেন যে আমাদের অফিসে কাগজপত্র রাখবার কোন জায়গা পাওয়া যায় না। এছাড়া আমাদের যত ষ্টাফ আছে জায়গার অভাবে তারা ঠিকমত কাজ করতে পারে না এবং স্বাধীনতার আগে বৃটিশ আমলে যে ষ্টাফ ছিল এখনও সেই ষ্টাফের সংখ্যা রয়েছে এবং বৃটিশ আমলে যে মেশিনারী ছিল এখন পর্যন্ত সেই মেশিনারী দিয়েই আমাদের কাজ করতে হচ্ছে। কাজের কোন ফেসিলিটিস নাই। এদিকে যদি মাননীয় মন্ত্রিমহাশয় বিশেষ দৃষ্টি না দেন তাহলে সব কাজই ব্যর্থ হবে।

**Mr. Speaker**: This question does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানিয়েছেন 'খ' প্রশ্নের উত্তরে যে ২থেকে ৩ লক্ষ একর জমি পাবেন। তাঁকে আমি জিজ্ঞাসা করছি, তিনি কি অবগত আছেন যে আপনাদের এই ভূমিসংস্কার আইন আসার পর জমি লুকিয়ে রাখবার জন্য বড় বড় জমির মালিকেরা তাদের সমস্ত ছেলে এবং মেয়েদের বিয়ে দিয়ে জমি লুকিয়ে রাখবার একটা ষড়যন্ত্র করেছেন এবং সেজন্য বড় বড় পরিবারের মধ্যে একটা বিয়ের হিড়িক পড়ে গেছে এটা কি তিনি জানেন?

**শ্রীগুরুপদ খান ঃ** আমি সেরকম খবর জানিনা। তবে আমাদের মাননীয় নেতা বিভিন্ন বিয়ে বাড়ী থেকে নিমন্ত্রন পাচ্ছেন কিনা জানিনা। কিন্তু বিয়ে বাড়ীর সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। দ্বিতীয় কথা হচ্ছে, আইনের বিরুদ্ধে— এই আইন পাশ হবার পর কেউ যদি আইনকে ফাঁকি দেবার জন্য কিছু কাজ করে থাকেন তাহলে একথা মাননীয় সদস্য মারফত জানিয়ে দিচ্ছি যে শুধু সরকারী কর্মচারীরা নয় আপনারা সকলে একসঙ্গে চেষ্টা করবেন যাতে এই আইনকে ফাঁকি কেউ না দিতে পারে, সে বিষয়ে সজাগ হয়ে ব্যবস্থা গ্রহণ করবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই।

**শ্রীহবিবুর রহমান ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, চাষীদের যে জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে তাদের অনেকে সেই জমি দখল পান নি?

**শ্রীগুরুপদ খান ঃ** ভূমি বন্দোবস্ত দেওয়া হয়েছে অথচ দখল পান নি এরকম স্পেসিফিক কেস যদি আপনি দিতে পারেন তাহলে নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যেটা স্বাভাবিকভাবে ঘটছে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি উনি কি তদন্ত করে দেখবেন এইরকম আপনাদের বিভাগীয় দপ্তর থেকে ভূমিহীন পরিবার যারা লাইসেন্স পেয়েছিল তারা এখন পযন্ত অনেকে অন্ততপক্ষে প্রতিটি জেলাতে শতকরা ২৫ জন লোক তারা জমিতে যেতে পারছে না বা দখল পাচ্ছে না?

**শ্রীগুরুপদ খান ঃ** আমি জানি না শতকরা ২৫ভাগ লোকের হিসাব মাননীয় সদস্য কি করে পেলেন। তবে আমার কাছে ২১১টি কেস এসেছে আমি সেগুলি দেখছি। আর মাননীয় সদস্য মহাশয়ের কাছে যদি কোন স্পেসিফিক কেস থাকে সেগুলি আমাকে দিলে আমি নিশ্চয়ই লক্ষ্য করে দেখবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করছি যে যদি কোন চাষী লাইসেন্স পেয়ে থাকে গত বছর এবং এ বছরে এখনও পাট্টা দেওয়া হয়নি এবং তাকে লাইসেন্সও দেওয়া হয়নি সে চাষ করতে পারবে কি না? এই সঙ্গে আমার আর একটা প্রশ্ন, যদি কোন ভূমিহীন এলিজিবল ক্যাটিগরিতে থাকে, জমি দখলে থাকে, সারপ্লাস ভেষ্টেড ল্যাণ্ড তার দখলে থাকে, সে যদি লাইসেন্স না পেয়ে থাকে বা পাট্টা না পেয়ে থাকে তাহলে তার কেসটা যতক্ষণ বিবেচনাধীন অছে সেইসময় তাকে চাষ করতে দেওয়া হবে কি না?

**শ্রীগুরুপদ খান ঃ** যে প্রথম প্রশ্নটা তুললেন লাইসেন্স দেওয়া হয়েছিল তাকে এক বছরের জন্য। এরপরে যাতে পাট্টা দেওয়া হয় তারজন্য ভূমিবণ্টন কমিটি গঠন করে দেওয়া হয়েছে। দ্বিতীয় প্রশ্ন যেটা করলেন, একটু আগেই আমি বলেছি, পরে এসব বিষয়ে আলোচনা হবে, বিবেচনা হবে। ইন দি মিন টাইম চাষের টাইম এসেছে বলে যার দখলে ছিল, লাইসেন্স পেয়েছিল সে পাট্টা না পেলেও এখন চাষ করতে পারবে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** আগের প্রশ্নটার আগে জবাব দিন। এই নিয়ে আলোচনা হবে, বিবেচনা হবে, ইন দি মিন টাইম চাষের সময় হয়ে গেল, তাহলে যার দখলে ছিল, লাইসেন্স পেয়েছিল, পাট্টা না পেলেও চাষ করতে পারে কি না?

**শ্রীগুরুপদ খান :** জমি বণ্টন কমিটি প্রায় সব জায়গায় তাড়াতাড়ি কাজ সুরু করবে বলে মনে হয় তাহলে খুব বেশী সময় লাগবে না তারাই ব্যবস্থা অবলম্বন করবেন। আমরা এখান থেকে কোন নির্দেশ দিই না। সেই জমি বণ্টন কমিটির যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা ত আমরা কেড়ে নিতে পারি না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আমাদের যে প্রশ্ন ছিল তার উত্তর হল না। আমাদের সার্কুলার ছিল, লং ষ্ট্যাণ্ডিং সার্কুলার, এর আগের গভর্নমেন্ট দিয়েছেন, যুক্তফ্রণ্ট সরকার দিয়েছেন, রাষ্ট্রপতির শাসনে দিয়েছেন, জমি যার দখলে আছে, চাষ করছে, তারা যদি এলিজিবিল ক্যাটেগরির হয়, তাহলে ডিষ্ট্রিবিউশনের সময় জমি ডিষ্ট্রিবিউট করার ব্যাপারে বিশেষ প্রায়রিটি না করে থাকে, কমিটি করা না হয়ে থাকে, তাহলে যতক্ষণ পর্যন্ত না সেই ব্যাপারটা ডিসাইড হচ্ছে ততক্ষণ পর্যন্ত তারা চাষ করতে পারবে। যদি সেটা ডিসাইডেড হয়ে যায় যে তুমি পাবে না তাহলে সে অন্য কথা কিন্তু যতক্ষণ না সেটা ডিসাইডেড হচ্ছে ততক্ষণ পর্যন্ত সে চাষ করতে পারবে। এই রকম একটা ষ্ট্যাণ্ডিং সার্কুলার ছিল। কিন্তু এখন গ্রামাঞ্চলে প্রপাগাণ্ডা হচ্ছে, অনেক থানায় থানায় পুলিশ অফিসাররা বলে বেড়াচ্ছে যে না তোমাকে এখন পাট্টা দেওয়া হয়নি, লাইসেন্স দেওয়া হয় নি, তুমি ছেড়ে চলে যাও। সেইজন্য আমি এ্যাসিওরেন্সটা আপনার কাছে চাচ্ছি যে বরাবর যে সার্কুলারটা আছে সেই সার্কুলারের কোন পরিবর্তন হয় নি এবং এলিজিবল ক্যাটেগরির লোক যারা জমিতে আছে তাদের কেস যতক্ষণ বিবেচনাধীন থাকবে বা বিবেচনাধীন থাকবে ততক্ষণ পর্যন্ত চাষ করার অধিকার তাদের থাকবে।

( নো রিপ্লাই )

**Mr. Speaker :** Generally five minutes are given for a single question but in some cases I am allowing ten minutes time. Let it be the last supplementary.

**শ্রীসুধীর চন্দ্র দাস :** আমার প্রশ্নটা খুব জরুরী। মন্ত্রিমহাশয় জানাবেন কি চাষ করতে কে যাবে এখন ?

**শ্রীগুরুপদ খান :** যে সমস্যার কথা উনি বললেন, লাইসেন্স যাদের দেওয়া হয়েছে, এলিজিবল ক্যাটিগরির যদি তারা হয় তাহলে ওখানে ল্যাণ্ড ডিষ্ট্রিবিউশন কমিটি যাদের নিয়ে হয়েছে তাদের ত তাকে না দেওয়ার কোন সঙ্গত কারণ দেখিনা। যদি এতদিন পর্যন্ত তিনি পেয়ে আসছিলেন এবং এলিজিবল ক্যাটিগরির হয় সেক্ষেত্রে তারা চাষ করতে পারবে কিনা এটা নিশ্চয়ই আপনারা বুঝতে পারছেন। তাদের যখন এলিজিবল ক্যাটিগরিতে ধরেছি তখন নিশ্চয়ই তারা চাষ করতে পারবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা যে আপনি জানেন যে আপনার সরকারের যে সমস্ত খাস জমি আছে সেই খাস জমি কেউ না কেউ চাষ করতো, এমনি কোথাও জমি পড়ে থাকেনি। সেই খাস জমির উপর যে সমস্ত ভূমিহীন চাষী আগে থেকে চাষবাস করছে এবং ডিফেন্সের লোক ডিফেন্সের রেকমেণ্ডেশনে, আপনার অফিস থেকে ডিফেন্সের লোককে লাইসেন্স কেটে দেওয়া হচ্ছে। সেখানে গিয়ে দেখা যাচ্ছে যে হয় ডিফেন্সের লোক ভূমিহীনকে উচ্ছেদ করতে চাচ্ছে, আর না হয় ডিফেন্সের লোককে ভূমিহীনরা বসতে দিতে চায় না, তাহলে আপনি কাকে অগ্রাধিকার দেবেন এটা দয়া করে বলবেন কি ?

[ 2-00—2-10 p.m. ]

**মিঃ স্পীকার :** আপনি যদি স্পেসিফিক করে না বলেন তাহলে কি করে হবে, আপনি বললেন ভূমিহীন, ভাগচাষী কৃষক জমি দখল করে ছিল। গভর্ণমেণ্ট আগে জমি খাস দখলে নেবে

after that distribution comes. The Government must take Khas possession of the Land, then it will be distributed.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : ভূমিহীন চাষী লাইসেন্স নিয়ে চাষ করছিল, সেই জমির উপর ডিফেন্সের লোক বসিয়ে দেওয়া হলে এমন ক্ষেত্রে কি হবে ?

**শ্রীগুরুপদ খান** : আগে যে লাইসেন্স ফি দেওয়া হয়েছিল সেটা হচ্ছে এক বছরের জন্য। এখন ডিফেন্স লোকদের জন্য স্পেশাল ব্যবস্থা রয়েছে। এক বছর হয়ে যাবার পরে তার লাইসেন্স যদি শেষ হয়ে থাকে, আমার দপ্তর থেকে কোন কর্তৃপক্ষ যদি ডিফেন্সের লোককে নিয়ে থাকে তাহলে এটাই মনে করতে হবে যে তার লাইসেন্স বাতিল হয়ে গেছে বলেই ডিফেন্সের লোককে দেওয়া হয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** : এখন যে চাষী আবহমানকাল ধরে চাষ করে আসছিল তার জন্য সেই ভূমিহীন চাষীকে অগ্রাধিকার দেবার জন্য কোন সিদ্ধান্ত নিয়েছেন কি না ?

**শ্রীগুরুপদ খান** : ভূমিহীন বলে স্থানীয় কমিটি যাকে মনে করবে নিশ্চয়ই ভূমির ব্যাপারে তাকে আপনারা অগ্রাধিকার দিতে পারবেন।

**Mr. Speaker :** Question hour is over.

## কৃষিজমি শিল্পপ্রতিষ্ঠার জন্য গ্রহণ

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৭।) **শ্রীআনন্দগোপাল মুখার্জী** : ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর মহকুমার অন্তর্গত কত পরিমাণ কৃষি উপযোগী জমি শিল্প প্রতিষ্ঠার জন্য গ্রহণ করা হইলেও উদ্বৃত্ত বলিয়া এখনও কৃষিকার্যে ব্যবহার করা হইতেছে ;

(খ) উক্ত জমির বিলি-বন্দোবস্ত কিভাবে করা হয় ,

(গ) উক্ত জমি স্থায়িভাবে না অস্থায়িভাবে বন্দোবস্ত দেওয়া হয় ; এবং

(ঘ) ঐ জমির খাজনার হার কত ?

**শ্রীগুরুপদ খান** :

(ক) ৩২৭৪ একর।

(খ) বিশেষভাবে গঠিত একটি ভূমি সংস্কার উপদেষ্টা কমিটির সুপারিশক্রমে উক্ত জমি বিলি বন্দোবস্ত করা হয়।

(গ) বাস্তবিক লাইসেন্সের ভিত্তিতে অস্থায়ীভাবে জমি বন্দোবস্ত দেওয়া হয়।

(ঘ) লাইসেন্স ফি একর প্রতি বাৎসরিক দশ টাকা।

## জমির ক্ষতিপূরণের টাকা

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০।) **শ্রীকাশীনাথ মিশ্র** : ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৭১-৭২ সালে জমির ক্ষতিপূরণ বাবদ কত টাকা মঞ্জুর করা হইয়াছিল এবং ঐ টাকার মধ্যে এ পর্যন্ত কত টাকা বিলি করা হইয়াছে ;

(খ) ক্ষতিপূরণ দাবী বাবদ দরখাস্তের সংখ্যা বর্তমানে কত ; এবং

(গ) উক্ত অফিসে বর্তমানে কর্মচারীর সংখ্যা কত ?

**শ্রীগুরুপদ খান :**

(ক) ১৯৭১-৭২ সালে বাঁকুড়া জেলার জমির ক্ষতিপূরণ বাবদ মোট ৭৮,০৭,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছিল। ঐ টাকার মধ্যে এ পর্যন্ত ৬৯,৩৩,৫৫১ টাকা দেওয়া হইয়াছে।

(খ) দরখাস্ত অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হয় না। ক্ষতিপূরণ তালিকা অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হইয়া থাকে। প্রদেয় ক্ষতিপূরণ তালিকার সংখ্যা ১,৯৪,৭৭৬।

(গ) কর্মচারীর সংখ্যা মোট ১১৭ জন। ইহার মধ্যে ৫ জন আধিকারিক, ৯৫ জন করণিক এবং ১৭ জন চতুর্থ শ্রেণীর কর্মচারী।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received seven Notices of Calling Attention on the following subjects, namely :—

(1) & (2) Death of four persons at Khanda Khola in Nadia district in consequence of exchange of fire with the police and imposition of curfew therefor—from Shri Aswini Roy and Shri Naresh Chandra Chaki.

(3) Accident on 3rd May, 1972 in Raniganj Coalfield Water Works Plant, Kalyaneswari, causing death of two Assistant Engineers and injuries to two Subassistant Engineers—from Shri Niranjan Dihidar.

(4) Immediate necessity of qualified doctors and specialists, equipments and medicines for the Islampur Subdivisional Hospital in the district of West Dinajpur—from Shri Chowdhury Abdul Karim.

(5) Erosion of Padma (Ganga) River—from Shri Abdul Bari Biswas.

(6) Re-excavation of Gobranala Kart Canal under P. S. Bhagabangola in Murshidabad district—from Shri Mohammad Dedar Baksh.

(7) Maladministration in Chinsurah Municipality—from Shri Balai Lal Sheth.

I have selected the notice of Shri Aswini Roy and Shri Naresh Chandra Chaki on the subject of death of four persons at Khanda Khola in Nadia district in consequence of exchange of fire with police and imposition of curfew therefor. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohonpal :** Tomorrow, Sir.

## MENTION CASES

**Mr. Speaker :** I call upon Shri Sudhir Chandra Bera.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্যার, ফর ইওর ইনফর্মেশন আমি একটা জিনিষ দেখাচ্ছি।

স্যার, এই চাল কলকাতা শহরে ২০৪৫ নম্বর রেশন দোকান থেকে বিক্রী হচ্ছে, এই দোকান হচ্ছে পঞ্চানন ঘোষ লেনে, এই চালটা আমি আপনার কাছে দিচ্ছি, এটা খাবার যোগ্য কিনা দেখুন, মানুষ স্যার, এ জিনিষ খেতে পারে না।

**Mr. Speaker :** Mr. Biswas, please take your seat, I have called Mr. Sudhir Bera. He is on his legs.

**শ্রীসুধীর চন্দ্র বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২১শে মার্চ আমাদের পৌর মন্ত্রিমহাশয় যখন পৌরসভায় নেতাজীর চেয়ার কোথায় এটা খোঁজ করছিলেন তখন কেউ কিছু এ সম্বন্ধে বলতে পারল না। তখন তিনি এই আদেশ দিয়েছিলেন যে নেতাজী যে চেয়ারে বসে কর্পোরেশনের কাজ কর্ম পরিচালনা করতেন সেই চেয়ার অবিলম্বে খোঁজ করে বার করা হোক্।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় ১।। মাস অতীত হয়ে গেল, এখনও এই ব্যাপারে আমরা পৌর মন্ত্রীর কাছ থেকে কোন খবর পেলাম না। রবীন্দ্রনাথ বলেছিলেন, "তোমার আসন শূন্য আজি, হে বীর পুর্ণ করো", আসনটি শূন্য হয়ে গেছে। আমরা বিক্রমাদিত্যের জাজমেণ্টশিপের কথা পড়েছিলাম। পরীরা বিক্রমাদিত্যের মৃত্যুর পর তাঁর সিংহাসনটিতে বসবার কোন যোগ্য লোক ছিল না বলে আকাশে উড়িয়ে নিয়ে গিয়েছিল। এইরকম ইতিপূর্বে ঘটনা ঘটেছে। এই ক্ষেত্রেও কি সেই আসনটি শূন্যে মিলিয়ে গেছে? আমি এই বিষয়ে আপনার মারফৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি এই বিষয়ে খোঁজ খবর নিয়ে আমাদের জানান যে নেতাজীর সেই চেয়ারটি কোথায়।

**Shri Abdul Bari Biswas :** On a point of order, Sir. The loudspeakers or the mikes are not functioning properly.

**Mr. Speaker :** Honourable members, I have consulted the expert electricians. It has been reported to me that there are some difficulties because there was a load shading yesterday. I understand that voltage was very low yesterday. Today it is in order but the mikes could not be adjusted properly. There were changes in volume, the amplifiers are not functioning properly Philips Radio experts came and checked up things but they could not detect the fault. They are still working. I know, members are having difficulties. In fact, I am also in difficulty in understanding what the members are saying, but we are undone because this has occurred due to yesterday's low voltage. However, we have to carry on and, in the meantime, I hope, it will be rectified by the experts who are working.

**শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের হাউসে যে ডিবেট হয়, সেই ডিবেটের প্রসিডিংস এবং তার যা কথাবার্তা সেইগুলো পেতে অনেক দেরী হয় এবং তার ফলে অনেক অসুবিধা দেখা দেয়। বিশেষ করে আমাদের যে এ্যাসিয়োরেন্স কমিটি হয়েছে সেই এ্যাসিয়োরেন্স কমিটি যদি এফেকটিভলি ফাংশান করতে হয় আমার মনে হয় যদি আমাদের এই এ্যাসেমব্লির জন্য শুধু একটা আলাদা প্রেস করার ব্যবস্থা করা হয় তাহলে আমাদের অনেক সাহায্য হবে। আমি জানি মন্ত্রিমহাশয়রা এই বিষয়ে চিন্তা করছেন যে এইরকম একটা প্রেস এ্যাসেমব্লির সঙ্গে যাতে দেওয়া যায় আমি মন্ত্রিমহাশয়দের কাছে অনুরোধ জানাচ্ছি তাঁরা কি বলতে পারেন যে কবে নাগাদ এই প্রেস এখানে হবে, তাহলে আমাদের কাজের সুবিধা হবে।

**শ্রীঅমৃতমঞ্জু দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার ধুবুলিয়া, চামটা, কুপার্স ক্যাম্প, রূপশ্রী, মহিলা শিবির প্রভৃতি উদ্বাস্তু শিবিরগুলির বাসিন্দাদের জীবনের অসহনীয় দুঃখ দুর্দশার কথাও সরকারী নিয়ম মাফিক সুযোগ-সুবিধা থেকে বঞ্চনার বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

সেন্ট্রাল গভর্ণমেন্টের স্ক্রীনিং এনকোয়ারী কমিটি বহুদিন আগে ননডোল পরিবারগুলোর জন্য সাহায্য ও পুনর্বাসনের সুপারিশ করলেও আজ পর্যন্ত এক বিরাট অংশ এবং প্রায় অর্ধেকের বেশী সংখ্যক পরিবার সাহায্যের আওতা থেকে বঞ্চিত রয়েছেন। ১৯৭০ সালের রিহ্যাবিলিটেশন ডিরেক্টর এর মেমো নং ১১৫৩ আর. সি. (পি এল.) তাং ২১.১০.৭০-এ "একষ্টেনশন অব রিহ্যাবিলিটেশন ফেসিলিটিজ টু দি ফ্যামিলিজ রেগুর্যারড সিংগল ডিউ টু ডেথস অব দেয়ার পেরেন্টস এণ্ড আদার মেমবার্স" নির্দেশ থাকা সত্ত্বেও সিংগল ইউনিটগুলোকে আজ পর্যন্ত সাহায্য দেওয়া হচ্ছে না। সরকারী আইন থাকা সত্ত্বেও ক্লাস নাইন এবং ক্লাস টেন-এর ছাত্র ছাত্রীদের জন্য বুক গ্রান্ট দেওয়া হচ্ছে না। আইনে থাকা সত্ত্বেও ম্যারেজ গ্রান্ট এর সুযোগ থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। ১৯৬৪ সালের পর যাঁরা মাইগ্রেটেড হয়েছেন, তারা কোন রকম সাহায্যের সুযোগ পাচ্ছেন না।

[ 2-10—2-20 p.m. ]

আমরা জানি এই সরকার পুনর্বাসনের উদ্দেশ্যে—জমি বাবদ প্রত্যেক পরিবারকে ২,১০০ টাকা করে দিয়ে থাকেন। কিন্তু এখানে দেখতে পাচ্ছি খুব দুঃখের বিষয়, কিছু উর্ধতন সরকারী অফিসাররা—জমির মালিকের সঙ্গে যোগসাজসে মাত্র আড়াই কাঠা করে জমি দিচ্ছেন—যার বাজারে দর বড়জোর ৫০০ টাকা। ধুবুলিয়াতে প্রথামত সেখানে কাপড় দেওয়ার কথা, তা সেখানে দেওয়া হচ্ছে না। সেখানে পানীয় জল ও চিকিৎসার যে অব্যবস্থা ছিল, তা আজও চলছে। বর্তমানে সেখানকার বাড়ীগুলোর যা শোচনীয় অবস্থা, তাতে বন্যার আগে মেরামতির সাহায্য না দিলে চরম দুর্ঘটনা ও জীবনহানি ঘটতে পারে। তাই নদীয়া জেলার উদ্বাস্তু শিবির-গুলির বাসিন্দাদের দুর্দশার প্রতি সরকারের সহানুভূতিপূর্ণ দৃষ্টি আকর্ষণ করছি ও প্রয়োজনীয় ব্যবস্থাদি অবলম্বনের জন্য দাবী জানাচ্ছি।

**শ্রীমহঃ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভগবানগোলায় দুটো ব্লক আছে, সেখানে কোন ব্লকেই অনেকদিন ধরে কোন পশু চিকিৎসক নাই। সেখানকার অধিকাংশ লোক কৃষিজীবী, তাদের বন্যা থেকে আরম্ভ করে গরু বাছুর নানা রকম রোগে আক্রান্ত হলে চিকিৎসার কোন সুযোগ হচ্ছে না। দু-জায়গায় দু'জন ডাক্তার আছেন বলে কিন্তু তাদের দ্বারা প্রয়োজনীয় কাজকর্মের বিশেষ অসুবিধা হচ্ছে। এই জরুরী বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনিতাইপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জরুরী বিষয়ের প্রতি আপনার এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার যে এলাকা মহম্মদ বাজার সেখানে তিনটি ব্লকে যে lift irrigation-এর ব্যবস্থা চালু হয়েছে কয়েক লক্ষ টাকা ব্যয়ে খয়রাকুড়ি, বড়াস ও কবিলনগর সেখানে একটা করে মেকানিক দেওয়া হয়েছে। ফলে ১০০ একরের বেশী জমিতে চাষ হতে পারছে না। প্রত্যেক জায়গায় অন্ততঃ আরো দু-জন করে মেকানিক বা পাম্পমেন দিলে অন্ততঃ ৩০০ একর জমিতে চাষবাসের সুবিধা হতো। এইদিকে সরকার নজর দিলে অনেক ক্ষতিগ্রস্ত এলাকা উপকৃত হবে। কারণ এক একটা কেন্দ্রে তিনটি করে পাম্পমেন থাকলে তিন শিফ্‌টে—রাত দিন ২৪ ঘণ্টা ধরে জল সেচের কাজ চলতে পারবে। তাতে কৃষির উৎপাদন বৃদ্ধি পাবে, বহু জমিতে জল সেচের ব্যবস্থা হতে পারবে। দরিদ্র কৃষকেরা উপকৃত হবে।

**ডাঃ সেখ ওমর আলি** : মাননীয় স্পীকার, স্যার, চাহিদা এবং প্রয়োজনের তুলনায় সরকারী ত্রান সাহায্য অপর্য্যাপ্ত দেখছি। সেই সম্পর্কে এই সভায় একাধিকবার আলোচনা হয়েছে। ত্রান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়—প্রতিবারই সীমিত বরাদ্দের কথা বলেন। বিগত যুক্তফ্রন্ট সরকারের দোহাই দিয়ে নিজ দায়িত্ব মুক্ত হবার চেষ্টা করেছেন। এ বিষয়ে যেন যথাযথ প্রয়োজনীয় ত্রান ব্যবস্থা করেন।

**শ্রীগণেশ হাটুই** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হুগলী জেলার জাঙ্গীপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ৫ বিঘা কৃষিজমি ও বড় একটা পুকুর আছে। ঐ জমি চাষ করবার চাষীকে বিলি করা আছে। এবং ঐ জমি থেকে যে আয় হয়—সেই আয় কন্ট্রোল করেন ওখানকার সরকারী কর্মচারীরা এবং সেই আয়ের ছিটেফোটা তাঁরা ব্যয় করেন হাসপাতালের জন্য। আর বাদ বাকী টাকাটা নিজেদের প্রয়োজনে খরচ করেন। এই যে আয় হয় কৃষি জমি থেকে ও পুকুরের মাছ থেকে—সেই আয়ের টাকাটা যথাযথভাবে হাসপাতালের উন্নয়নের জন্য ব্যয় করা হচ্ছে না। তাই বলছি ঐ আয়ের টাকা যে ব্যয় ইত্যাদি হয়—তার হিসেব পত্র দেখবার জন্য ঐ হাসপাতালের উপদেষ্টা কমিটির উপর ভার দেওয়া হোক। তাহলে ভাল হয়।

**শ্রীদুর্গাদাস বাউরী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলা পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে অবহেলিত ও অনগ্রসর জেলা। এই জেলার পিড়ড়ায়া থানার মালতোড় এবং পিরাগুন কোলিয়ারী আজ বহুদিন যাবৎ বন্ধ হয়ে আছে। ফলে কোলিয়ারীর কর্মী যাঁরা মেহনতী মানুষ, তাঁরা বেকার হয়ে পড়ে আছেন। তাদের গ্রাসাচ্ছাদনের কোন ব্যবস্থা নাই। আজ তারা অনাহারে অর্দ্ধাহারে থেকে মৃত্যুর অপেক্ষায় দিন গুণছে। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি—তিনি যেন সত্বর ঐ কোলিয়ারীকে সরকারের আয়ত্বে আনেন এবং পুনরায় চালু করে শ্রমিক মজুর যাঁরা কর্মহীন বেকার হয়ে পড়ে আছে, তাদের কাজে পুনর্নিয়োগ করেন।

**শ্রীনিরঞ্জন দিহিদার** : স্পীকার স্যার, আসানসোল জেলার রানীগঞ্জ ওয়াটার ওয়ার্কসে সেখানে কাল এক ভয়াবহ দুর্ঘটনা ঘটে। একটা ট্রান্সফরমার জ্বলে যায়, তার ফলে এক দুই জন এ্যাসিসটেন্ট ইনজিনিয়ার মারা যায় এবং আরও এক জনের অবস্থা খুব খারাপ। এই দুর্ঘটনা কি কারণে ঘটে গেল সেটা খোঁজ করা দরকার। এই যে জেনারেটারগুলি জ্বলে যায় অথচ এই জেনারেটারগুলি ট্রায়াল দিয়ে নেওয়া হয়। তাহলে এই জেনারেটারগুলি ট্রায়াল দিয়ে নেওয়া হয়েছিল কিনা এবং এর পিছনে স্যাবটেজ ওয়ার্কস আছে কিনা এইগুলি খোঁজ নেওয়া দরকার। সেখানে কোন পাইপ সম্বন্ধে কোন কমপ্লেন ছিল কিনা এইসবগুলিও খোঁজ নেওয়া দরকার যখন ঐ ওয়াটার ওয়ার্কস-এর উদ্বোধন এর জন্য চিফ মিনিষ্টার যাচ্ছেন।

**শ্রীহবিবুর রহমান** : স্যার, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার একটি ব্লকে, সেখানকার লোক সংখ্যা প্রায় দেড় লক্ষের অধিক কিন্তু দুঃখের বিষয় যে সেখানে একটাও প্রাইমারী বা সাবসিডারি হেলথ সেণ্টার না থাকার দরুন সেখানকার লোকেরা বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। গত বছর আমরা একটি ডেলিভারী কেস নিয়ে ৪০ টাকা খরচ করে নৌকা ভাড়া করে গিয়েছিলাম জঙ্গিপুর হাসপাতালে। তখন সেখানে সেই হাসপাতালের দরজায় গিয়ে দেখা গেল রোগী মারা গিয়েছে। ঐ হাসপাতালটির অবস্থা আমাদের রাষ্ট্রমন্ত্রী স্বয়ং দেখে এসেছেন। তাই আমি

দাবী করছি প্রথমেই যে, ঐ ব্লকে অবিলম্বে একটি প্রাইমারী—সাবসিডারী হেল্‌থ সেণ্টার স্থাপন করা হোক।

**শ্রীশরৎ চন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮ তারিখের প্রশ্নের জবাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছিলেন যে বর্তমানে মেধার ভিত্তিতে মেডিকেল কলেজের সমস্ত এ্যাডমিশন হয়, এরজন্য জেলাওয়ারী কোন কোটা নেই। কিন্তু গত এ্যাডমিশনের সময় প্রথম বর্ষ মেডিকেল কোর্সে ১০টি ছাত্রকে ভর্তি করা হয়েছে তাদের শতকরা ৬৬-৬৭-৬৯ পারসেণ্ট মার্কস্‌ ছিল। কিন্তু পুরুলিয়া জেলার কয়েকটি ছেলে, যাদের শতকরা ৭০ ভাগ মার্কস্‌ ছিল তাদের ভর্তি করা হয়নি। এইরকম যদি মেধাকে মেডিকেল বোর্ড-এর সদস্যরা বিকাশে বাধা দেয় তাহলে পুরুলিয়া, মুর্শিদাবাদ প্রভৃতি জেলায় যেসব মেধাবি ছেলে আছে তারা তো মেডিকেলে এ্যাডমিশন পাবে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিষয় জানাতে চাইছি, সেটা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গের শিক্ষা বিভাগের মধ্যে শিক্ষাব্যবস্থা সম্পর্কে এবং এরজন্য যে মধ্যশিক্ষা বোর্ড আছে তার পাশাপাশি দেখা যাচ্ছে যে মাদ্রাসা বোর্ড আছে। এই মাদ্রাসা বোর্ড ইউনিয়নের যে সমস্ত স্কুলগুলি আছে তাদের যে অবস্থা এবং যে জঞ্জাল জমেছে তা থেকে এইটা যদি মুক্ত না হয় তাহলে একটা অংশের মানুষ আগামী দিনে শিক্ষালাভে বঞ্চিত হবে। সেখানে তাদের প্রতি বিমাতৃসুলভ আচরণ দেখান হচ্ছে কারণ সরকারের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় যেসমস্ত গ্র্যাণ্ট আছে বা মাদ্রাসার যেসমস্ত গ্র্যাণ্ট আছে সেখানে একমাত্র ডি. এ. ছাড়া ওদের কিছুই দেওয়া হয় না। এবং তাদের জন্য একটা স্কুল বোর্ড টাইপের ষ্টাটুটারি বোর্ড পর্যন্ত হয় নি। এইরকম সরকারের ব্যবস্থা চলতে পারে না।

[ 2-20—2-30 p.m. ]

অতএব আমার অনুরোধ কারণ মন্ত্রিমহাশয় এই ব্যাপারে কোন নজর দেন নি। কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করছি যে এই অব্যবস্থা দূরীকরণের জন্য সরকারের কর্ণকুহরে একটা কিছু প্রবেশ করাক এবং সরকার এটার বিবেচনায় আসুক। এই Madrassa Boardকে—হয় মধ্যশিক্ষা পর্ষদের সঙ্গে সংযুক্তি করে তার উৎকর্ষ সাধন করা হোক তা না হলে Statutory board করে ভালভাবে তার ব্যবস্থা করা হোক। আমি একটা কথা বলতে চাচ্ছি যে, এই শিক্ষা বিভাগের অধীনে দেখা যাচ্ছে যে প্রাইমারী শিক্ষা আর Secondary শিক্ষা দু'টো ভাগ হয়ে গেছে। একই জেলায় দুটো D.I. দেখতে পাবেন কিন্তু officer ভাগ হয়নি, কর্মচারী ভাগ হয়নি। এই D.I. বলছে আমার কর্মচারী, ওই D.I. বলছে আমার কর্মচারী, আর মাঝখান থেকে মরছে কারা? আপনার আমার মতো লোকেরা। শিক্ষা বিভাগের এই দিকে দৃষ্টি আকর্ষণ করছি যে অনতিবিলম্বে এই সমস্ত অবিচার, এই বৈষম্যমূলক ব্যবহার, আচরণ অব্যবস্থার দূরীকরণ করার জন্য তারা যেন যথেষ্ট পরিমাণ নজর দেন একথা আপনার মাধ্যমে জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আর একটি কথা আপনার মাধ্যমে না বলে পারছি না। মুর্শিদাবাদ জেলায় পদ্মা নদী ভাঙ্গণের মুখে এসে দাঁড়িয়েছে এবং সেখানে যে দুলিয়ান মিউনিসিপ্যালিটি সেটা একেবারে বিধ্বস্তের মুখে এসে দাঁড়িয়েছে। জুলাই থেকে আরম্ভ হবে ভাঙ্গণ নভেম্বর পর্যন্ত চলবে। ইতিমধ্যেই অনেক বাড়ীঘর ভেঙ্গে গেছে, মন্ত্রীর কাছে বলা হয়েছে কোন কাজ হচ্ছে না। কাজেই বারবার বলে যাবো আর কাজ কিছু হবে না। লোকগুলি মরবে, পচবে, ডুববে, তারজন্য relief-এর ব্যবস্থা নেই। বাড়ীঘরের ব্যবস্থা নেই। কোন Grant-in-aid-এর ব্যবস্থা নেই। তাই আপনার মাধ্যমে একটা representation দিচ্ছি, আপনি সেটা দয়া করে duly recommended by P

এটা Chief Ministerকে অনুরোধ করুন যাতে এই বর্ষার পূর্বেই এই সমস্ত কাজগুলি হয় তারজন্য ব্যবস্থা করা হোক।

**Mr. Speaker :** Please hand over the letter to me. I will send it to the Hon'ble Chief Minister.

**শ্রীরামকৃষ্ণ বর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার অত্যন্ত কাছে বিষ্ণুপুর, সোনারপুর, বেহালা থেকে আমাদের যেসমস্ত দিনমজুর চাষী ভাইয়েরা নিত্য মজুরীর বিনিময়ে শাকশব্জী ইত্যাদি বিক্রয় করে তাদের জীবিকা নির্বাহ করে তাদের সেইসব রাস্তা বন্ধ হয়ে যাচ্ছে। কারণ সে সময়ে তাদের কাজ থাকেনা তাদের পুত্ররা অনেকে গ্রামের হাট থেকে শাক-শব্জী নিয়ে এসে কলককাতার বাজারে বিক্রয় করে তাদের জীবিকা নির্বাহ করতো। এইসমস্ত বাজারে স্থান না থাকায় তাদের বাজারের বাইরে বসতে হতো। এই স্থান না থাকলেও তারজন্য বিকল্প ব্যবস্থা করা হোক। আজকে তাদের যখন হচ্ছে না, তারা আজকে অনাহারে রয়েছে। কলকাতার রাস্তা থেকে যেমন ফেরীওয়ালা অপসরণ করা হয়েছে, তেমনি সেইসমস্ত শবজী ব্যবসায়ীরা ঐরকম বাজারে এসে বিক্রয় করতো তাদের জীবিকার জন্য, কর্মসংস্থানের জন্য, তাদের যাতে বিকল্প Stall-এর ব্যবস্থা হয় সে বিষয়ে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে উল্লেখ করছি। সেটা হচ্ছে গত ৩০শে এপ্রিল ৬৩টি দোকান এবং প্রায় ২·৫০ লক্ষ টাকা। এর তিন চার শত লোক এতে affected হয়েছে। সেজন্য জেলা কর্তৃপক্ষ ছাড়াও আমাদের রাজ্যের যে ত্রাণ বিভাগ আছে, তাঁর মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, সত্বর সেসমস্ত পুনর্বাসনের জন্য তাদের সাহায্য করা এবং ঐ দোকানদারদের অন্ততঃ ব্যবসা চালাবার জন্য ঋণের ব্যবস্থা করুন।

**শ্রীমহঃ ইদ্রিশ আলি :** মাননীয় স্পীকার, স্যার, আমি যে কথাটি বলতে চাইছিলাম সেটা হচ্ছে এই, আমাদের বাংলাদেশ মেইন'ল এগ্রিকালচারাল কাণ্ট্রি এবং ধান ও পাট হচ্ছে মেইন ফসল। বিশেষ করে পাট হচ্ছে কৃষকদের প্রধান অর্থকরী ফসল। এই পাট গত বন্যায় বিনষ্ট হওয়ায়, তারা পাটের বীজ রাখতে পারে নি। ন্যাশন্যাল সিড কর্পোরেশন থেকে যে পাটের বীজ সরবরাহ করা হয়েছে কৃষকরা কিনে নিয়ে গিয়ে বোনার পর দেখা যাচ্ছে তা থেকে গাছ বের হচ্ছে না। ন্যাশন্যাল সিড কর্পোরেশন একটি সরকারী সাহায্যপুষ্ট সংস্থা, তথাপি তারা পুরানো বীজ সরবরাহ করে কৃষকদের সর্বনাশ করে যাচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই ধরনের প্রতিষ্ঠান যারা সরকারী সাহায্য নিয়ে পুরানো বীজ সরবরাহ করছে তাদের প্রতি একটা ব্যবস্থা গ্রহণ করা হোক এবং কৃষকরা যাতে অতি সত্বর পাটের বীজ পায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রীললিত গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যখন নূতন নূতন হাসপাতাল স্থাপিত হতে যাচ্ছে তখন প্রতি মুহূর্তে আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় হাসপাতাল-গুলিতে কি ধরনের অব্যবস্থা এবং কি দূরবস্থা চলেছে। কাজেই তার যদি একটা তাড়াতাড়ি সুব্যবস্থা করা না হয় তাহলে অনেক রোগী এই সমস্ত হাসপাতালগুলিতে মৃত্যুমুখে পতিত হবে। গত ২৯শে এপ্রিল, ১৯৭২ তারিখে মাননীয় রাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দ চন্দ্র নস্করের সঙ্গে বিভিন্ন জায়গায় হাসপাতাল দেখতে গিয়েছিলাম খুব আশা নিয়ে। নদীয়া সদর হাসপাতালে এক একটি বেডে ৩ জন করে রোগী আছে। রাতের অন্ধকারে সেখানে খালি ব্যালেন্সের খেলা চলেছে। তারা একজন আর

একজনকে জড়িয়ে ধরে কোন রকমে শুয়ে থাকে, একটি বেডে একজন ছাড়া শোয়া যায় না, যদিও তারা ৩ জন করে শুয়ে আছে। আমি বহরমপুর হাসপাতালেও গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম এক একটি বেডে আবার ১১জন করে রোগী আছে, যেখানে আবার ডেলিভারি কেসও হয়। সেই সমস্ত বেডে রোগীরা এইভাবে দিন কাটাচ্ছে। তাদের রাত্রে ঘুম থাকে না, কোনরকমে বসে রাত কাটিয়ে দেয়। কাজেই এই যে অব্যবস্থা দূরবস্থা এই হাসপাতালগুলিতে দেখা দিয়েছে সেদিকে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে যদি খুব তাড়াতাড়ি এই সমস্ত অব্যবস্থাগুলি দূর করে একটা সুব্যবস্থা করা না যায় তাহলে ঐ হাসপাতালগুলিতে একটা বিরাট বিক্ষোভ দানা বেঁধে উঠবে। সেইজন্য আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি সত্বর এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি জিনিস আনতে চাই, এটা শুধু একটা সাময়িক ব্যাপার নয়, এটা হচ্ছে জাতীয় সমস্যা। আপনি জানেন স্যার, ঘোষ কমিটি বলেছিলেন পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের শতকরা ৮০ ভাগ লোক চিকিৎসার সুযোগ পাচ্ছে না। স্পীকার মহাশয়, আপনি তখন এখানকার সদস্য ছিলেন এবং বর্তমান স্বাস্থ্যমন্ত্রী তিনি তখন ছিলেন না, কিন্তু মুখ্যমন্ত্রী তখন এখানকার সদস্য ছিলেন, আমরা ১৯৬১ সালে এখানে একটা আইন পাশ করেছিলাম যে আয়ুর্বেদ চিকিৎসাকে সরকার থেকে একটা সুযোগ দেওয়া হবে এবং সাহায্য করা হবে। আমরা দেখতে পাচ্ছি সেখানে যতগুলি ব্যবস্থার কথা বলা হয়েছিল এখন পর্যন্ত সেগুলি হয়ে উঠল না। অথচ আমরা দেখতে পাচ্ছি গুজরাটে আয়ুর্বেদ ইউনিভার্সিটি পর্যন্ত হয়েছে। কিন্তু আমাদের এখানে সেই ইউনিভার্সিটি তো দূরের কথা যেসমস্ত আয়ুর্বেদিক ইন্ষ্টিটিউসন্স আছে সেগুলিকে সাফিসিয়েন্ট এ্যাসিষ্ট্যান্স না দিয়ে মরে যেতে দেওয়া হচ্ছে। স্যার, আপনি জানেন যে এমন অনেক ক্রনিক ডিজিজ আছে যেগুলি আয়ুর্বেদিক চিকিৎসায় নির্মূল হতে পারে, কাজেই সেদিকে নজর দেওয়া দরকার। আপনি জানেন হাসপাতালে চিকিৎসার জন্য অনেক ঔষধ বাহিরে থেকে বিশেষ করে ইংলণ্ড থেকে আনতে হয় এবং বিদেশ থেকে আনতে গিয়ে সেই সমস্ত ঔষধের যোগান দেওয়া অত্যন্ত কঠিন হয়ে পড়ে। কিন্তু যদি আয়ুর্বেদ চিকিৎসা উপযুক্ত পরিমাণ করা যায় তাহলে আয়ুর্বেদ মতে অনেক অসুখ সারার সম্ভাবনা রয়েছে। তাছাড়া এই আয়ুর্বেদ মেডিসিন ব্যবহার করে অনেক সুফল পাওয়া গিয়েছে। কাজেই এই আয়ুর্বেদ সায়েন্সকে ডেভেলপ করানোর জন্য সরকার থেকে যথেষ্ট পরিমাণে এ্যাসিষ্ট্যান্স দেবার প্রয়োজনীয়তা রয়েছে, সেদিকে নিশ্চয়ই মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নজর দেবেন এবং আশা করি হাউসও সেদিকে নজর দেবেন, এই অনুরোধ জানাচ্ছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীলক্ষ্মীকান্ত বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি মর্মান্তিক ঘটনার প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল রাত্রে ডাঃ বিশ্বনাথ বসু যিনি নিউ ক্যালকাটা পোর্ট কমিশনার্স হসপিটালের ডাক্তার তিনি নিহত হয়েছেন। তিনি ঐহাসপাতালে আর একজন ডাক্তারের সঙ্গে হাউস সার্জেন ছিলেন। কথা ছিল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একজনের চাকরি স্থায়ী হবে এবং আর একজনকে যেতে হবে। ঐ আর একজন ডাক্তার পরীক্ষা দেবার পর আশঙ্কা করেন যে ডাক্তার বিশ্বনাথ বসুর চেয়ে তাঁর নম্বর কম হবে। তাই সেই ডাক্তার ভদ্রলোক ২ তারিখে রাত্রিবেলাতে এই ডাক্তার বোসকে ছুরিকাহত করে এবং মাথা ফাটিয়ে হত্যা করে। এই দুঃখজনক ঘটনার পরিপ্রেক্ষিতে ঐ হাসপাতালের ডি. এম. ও., ঐ ডাক্তার কোংগার যাকে পুলিশ গ্রেপ্তার করেছে তাঁকে বাঁচাবার জন্য চেষ্টা করছেন। অপরাধী যাতে পালিয়ে যেতে না পারে সেইজন্য এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি দেবার অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী :** ( কাটোয়া ) মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১লা মে কাটোয়াতে আমরা আমাদের এক সহযোগী বন্ধু কাটোয়া কলেজের ছাত্র সংসদের সাধারণ সম্পাদক অমৃতময় চ্যাটার্জীকে আমরা হারিয়েছি এবং সেই ঘটনা সংবাদপত্রেও উল্লিখিত হয়েছে। কলেজের ছাত্ররা দার্জিলিং-এ এক্সকারসানে যাচ্ছিল। তারা কামরাতে উঠেছিল তাদের জিনিষপত্র রাখবার জন্য। বর্ডার সিকিউরিটি ফোর্সের সাব ইন্সপেক্টারের গুলি চালনার ফলে নিহত হল অমৃতময় চ্যাটার্জী, অধ্যাপক আহত হল। এই ঘটনার ১৫।২০ মিনিটের মধ্যে আমি ষ্টেশনে গিয়ে উপস্থিত হলাম। ছাত্ররা তখন বার বার আর্জি করছিল তাদের তরফ থেকে এবং সেই অনুযায়ী আমি মহকুমা শাসকের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করি। তাঁর সঙ্গে যোগাযোগ করে তাঁকে অনুরোধ করে বলেছিলাম যে আপনি মহকুমার প্রশাসনের সর্বময় কর্তা, আপনি ষ্টেশনে আসুন আমরা সকলে রয়েছি। অত্যন্ত বেদনাদায়ক এবং লজ্জাজনক পরিস্থিতি যে বার বার ছাত্ররা আবেদন নিবেদন করলেও, আমি নিজে ব্যক্তিগত ভাবে তাঁকে আসবার জন্য আহ্বান জানালেও—একটা তাজা প্রাণ যেখানে নষ্ট হয়ে গেল, ছাত্ররা আহত হল, অধ্যাপক আহত হল, সেখানে আমি বুঝতে পারলাম না যখন আমরা সুদক্ষ, পরিচ্ছন্ন প্রশাসনের কথা ভাবি তখন কি করে সম্ভব হল যে সেই মহকুমার প্রশাসনের সর্বময় কর্তা নীরব থাকলেন, তিনি একবারও ষ্টেশনে এলেন না। তারপরে সেই মৃত ছাত্রের দেহ নিয়ে আমরা যখন হাসপাতালে গেলাম এবং ডাক্তার যখন ঘোষণা করলেন তার বাঁচার আশা নেই, সে মৃত তখন সেই মহকুমা শাসকের কাছে বার বার আর্জি করে বলেছিলাম যে আপনি একবার হাসপাতালে আসুন, ছাত্ররা আপনার সঙ্গে আলোচনা করতে চায়। কিন্তু তিনি হাসপাতালে এলেন না। সর্বোপরি, তাঁর কাছে আবেদন করেছিলাম, আপনি মহকুমার শাসক, আপনার কাছে মানবতার দিক থেকে আর্জি করছি সেই মৃত ছাত্রের পিতা-মাতার কাছে আপনি আমাদের সঙ্গে চলুন একটু সন্তনা দেবেন, সেই মৃত ছাত্রের পিতা-মাতার কাছেও তিনি উপস্থিত হন নি। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন জানাচ্ছি যে মহকুমার প্রশাসনের সর্বময় কর্তা তিনি মহকুমায় উপস্থিত থেকেও এই ধরনের একটা মর্মান্তিক ও বেদনাদায়ক পরিস্থিতির পর তিনি যে উপস্থিত হলেন না তারজন্য তাঁর কাছ থেকে সদুত্তর চাওয়া হোক। কারণ আমি মনে কার এটা প্রশাসনের স্বার্থে করা দরকার। তাছাড়া জনগণ সেখানে অত্যন্ত হতাশ হয়েছেন, বেদনাহত হয়েছেন এই ভেবে যে কি করে এটা সম্ভব হল। স্যার, এই প্রসঙ্গে আমি আর একটা ঘটনার কথা উল্লেখ করছি। সেটা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে টেলিফোনে যোগাযোগ করার পর আমরা অত্যন্ত খুশী হয়েছি এই দেখে যে তারপরের দিনই সঙ্গে সঙ্গে রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জীকে কাটোয়াতে পাঠিয়েছিলেন। স্যার, কোলকাতা থেকে রাষ্ট্রমন্ত্রী যেতে পারেন, আই. জি যেতে পারেন, আর মহকুমার যিনি সর্বময় কর্তা তিনি শহরে উপস্থিত থেকেও একবার ঘটনাস্থলে যান নি, হাসপাতালে যান নি। তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন যে কাটোয়ার মানুষের এই যে দাবী, মহকুমার এস. ডি ও. সাহেব তাঁর নিজের বাড়ী থেকে বেরুননি, দেখতে যান নি, তারজন্য তাঁর কাছে সদুত্তর চান এবং কাটোয়ার মানুষ এই সদুত্তর চাইলেই খুশী হবে।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ** মিঃ স্পীকার, স্যার, এই সম্বন্ধে আমরা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা ষ্টেটমেণ্ট দাবী করছি। তিনি এই বিষয়ে আগে একটা ষ্টেটমেণ্ট দিয়েছেন। এস. ডি. ও. প্রশাসনিক ব্যবস্থা সম্বন্ধে তদন্ত করে একটা ষ্টেটমেণ্ট দিন সেই দাবী করছি।

**শ্রীনরেশ চন্দ্র চাকী ঃ** স্যার, কাটোয়ার এস. ডি. ও নেগলিজিয়েন্স অব ডিউটির জন্য যে অপরাধ করেছেন তারজন্য তাঁর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক এই দাবী আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মিঃ স্পীকার, স্যার, এটা অত্যন্ত জরুরী ব্যাপার। মুখ্যমন্ত্রী-মহাশয় এই ব্যাপারে আমাদের একটু আলোকপাত করুন। ওখানকার এস. ডি. ও.-র কাজের অবহেলার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে। সেখানে একজন এম. এল. এ. সারা রাত বসে রইলেন, তিনি বার বার তাঁকে ডেকেছেন, অথচ তিনি আসেন নি।

**Mr. Speaker :** Mr. Biswas plesse take your seat. Let Shri Thakurdas Mahata make his speach.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি সেটা কাটোয়া সাব-ডিভিসানের অন্তর্ভুক্ত। সুতরাং আমি কাটোয়ার এস. ডি ও.'র ব্যাপারে জানতে চাই এবং আপনি এই ব্যাপারে মন্ত্রিসভাকে কি অনুরোধ করেছেন সেটা আমাদের জানিয়ে দিন।

**Mr. Speaker :** Hon'ble Chief Minister is here and I think he has heard your submission. I cannot force any Cabinet Minister to make a statement. If Hon'ble Chief Minister is justified, he will certainly make a statement.

**শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী থানার আইন-শৃঙ্খলাজনিত পরিস্থিতি সম্বন্ধে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের পর এবং স্থায়ী মন্ত্রীসভা গঠনের পর সামাজিকভাবে আমাদের দেশে আইন-শৃঙ্খলাজনিত পরিস্থিতি অনেকটা উন্নত হয়েছে। কিন্তু আমি অত্যন্ত দুঃখের সঙ্গে উল্লেখ করছি যে আমার থানাতে যদিও সামগ্রিকভাবে আইন-শৃঙ্খলাজনিত পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে, গত এপ্রিল মাসে পর পর কয়েকটি মারাত্মক এবং হিংসাত্মক ঘটনা ঘটেছে যার জন্য আমরা সবাই উদ্বেগ বোধ করছি। গত এপ্রিল মাসের প্রথম সপ্তাহে ৬নং অঞ্চলে আমরা দেখলাম সি. পি. এম. বাহিনী আমাদের লোককে ঘিরে ফেলে প্রচণ্ড মারপিট করে। তারপর আমাদের লোক সেখানে গেলে উভয় পক্ষে মারপিট হয় এবং আমাদের লোক তাতে আহত হয়েছে। তারপর ১০ নং অঞ্চলে দেখলাম কয়েকজন নিরীহ মানুষ সি.পি.এম. এবং সংগঠন কংগ্রেসের কয়েকজন লোক দ্বারা নির্মমভাবে প্রহৃত হয়েছে, তারা হাসপাতালে আছে। তারপরের ঘটনা হচ্ছে ২নং অঞ্চলে আরো একটা ঘটনা ঘটেছে।

[ 2-40—2-50 p.m. ]

সবচেয়ে মজার কথা ৮নং অঞ্চলে মৌজার গ্রামের ঘটনা। সেখানে নির্বাচনে সি. পি. এম. এবার প্রচণ্ডভাবে মার খেয়েছে। মার খেয়ে তারা হৃতগৌরব পুনরুদ্ধারের জন্য তারা দুরন্ত মানুষের মত চেষ্টা করছে। কখনও বা সংগঠন কংগ্রেসের সঙ্গে আবার কখনও বা সমাজবিরোধী-দের সঙ্গে হাত মিলিয়ে গোলমাল করবার চেষ্টা করছে। কিন্তু মজার ঘটনা হল সেখানে তারা মধ্যবিত্ত মানুষের উপর হামলা করছে। ঝাড়খণ্ড দলের একটা অংশ হৃদয় দত্তর নেতৃত্বে সেখানে মধ্যবিত্ত মানুষের উপর হামলা করছে। এটা অত্যন্ত দুঃখের বিষয় যে সে মধ্যবিত্ত ব্যক্তিটি সি. পি. এম.-এর হামলাতে পর্যুদস্ত হয়েছিল এবং মামলা করেছিল। বাঁচবার জন্য তাকে ঝাড়খণ্ডের সদস্য হতে হয়েছিল। সেই লোকটির মামলা তুলে নেবার জন্য আজকে যুব কংগ্রেস থেকে চাপ দিচ্ছে। এই বিষয় নিয়ে থানা কংগ্রেস ও যুব কংগ্রেস প্রতিবাদ করেছে। মেদিনীপুর জেলায় বাকবিতণ্ডা চলেছে। আমি এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যদি অবিলম্বে এই বিষয়ে তদন্ত না করেন তাহলে কৃষ্ণনগরে যে অপ্রীতিকর ঘটনা ঘটেছে আমার জেলায় সেরূপ অপ্রীতিকর ঘটনার পুনরাবৃত্তি হতে পারে।

**শ্রীকৃষ্ণপদ দুলে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের সকলের ও মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের গড়বেতা থানায় চন্দ্রকোনা বলে একটা জায়গা আছে। সেখানে প্রায় ৯।১০ হাজারের মত লোক ব্যবসা বাণিজ্যের জন্য রোজ আসে ও প্রায় ৫০০ শত বাস চলাচল করে সেই রাস্তা দিয়ে। অথচ সেখানে কোন জলের ব্যবস্থা নেই যার ফলে, সেখানে দারুন জলের অভাব দেখা দিয়েছে ও মানুষ দুর্দ্দশাগ্রস্ত হয়ে পড়েছে। জল অত্যন্ত অপরিহার্য্য। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন যে, জল না থাকার জন্য চরম অবস্থা সেখানে চলেছে ও অন্যদিকে হাজার হাজার মানুষের সেখানে রোজ সমাগম হচ্ছে। এই অসহনীয় অবস্থা চলেছে। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যাতে তিনি এ বিষয়ে দৃষ্টিপাত করেন।

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে রাত্রে বেহালার ইটালবাটায় ভারতের কমিউনিষ্ট পার্টির যে অফিস আছে সেখানে May day-র আগের দিন আমাদের কর্মীরা ফ্লাগ ফেস্টুন দিয়ে সব সুসজ্জিত করছিল। ইতিমধ্যে রাত্রে কিছু সমাজবিরোধী ব্যক্তি, ওখানকার নামকরা সমাজবিরোধী কাজে তাদের নাম আছে, ওখানকার সকলেই জানেন, তারা হঠাৎ কংগ্রেস ফ্লাগ নিয়ে কংগ্রেস বলে এসে সেখানে প্রচণ্ডভাবে মারপিট করে। আমি বিশ্বাস করি না যে তারা কংগ্রেসের লোক, তারা কখনই কংগ্রেসের লোক হতে পারে না। তারা কংগ্রেসের নামেফ্লাগ নিয়ে আমাদের পার্টি কর্মী ধর্মদাস বাবুর বাড়ী আক্রমণ করে, তাঁর সমস্ত জিনিষপত্র বার করে দেয়, ফ্লাগ, ফেস্টুন ইত্যাদি ছিঁড়ে ফেলে দেয়, এবং তাঁর উপর প্রচণ্ডভাবে আঘাত করে। এর ফলে চার-পাঁচজন লোক আহত হয়, পুলিশ এসে তাদের হাসপাতালে পাঠায়। ৪।৫ দিন ধরে তাদের গ্রেপ্তার করা হয় নি। গতকাল রাত্রে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। তারমধ্যে যে সবচেয়ে দুঃস্কৃতকারী সেই মিঠাইলালকে গ্রেপ্তার করা হয় নি। সেই গ্রেপ্তার না করায় আজকে সকালে আমাদের লোকাল কমিটির শ্রীপাঠককে ছুরিকাঘাত করা হয়েছে। এবং সেই মিঠাইলাল তাকে ছুরিকাঘাত করেছে। তারা অস্ত্র ইত্যাদি নিয়ে ঘুরছে। আমাদের কর্মীদের আহত করার চেষ্টা করছে। এই অবস্থার বিষয় নিয়ে সংশ্লিষ্ট থানা অফিসারের সঙ্গে যোগাযোগ করি, কিন্তু এখন পর্যন্ত কিছু হয়নি। সেজন্য আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি সেখানে যাতে আইন-শৃঙ্খলা বজায় থাকে সেদিকে দেখুন এবং ঐ মিঠাইলাল, হেব, বাচ্চা নিজাম ইত্যাদিকে যেন গ্রেপ্তার করা হয়।

**শ্রীশচীনন্দন সাউ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বীরভূম জেলার বহু বিতর্কিত একটা শিল্প সম্পর্কে বলছি। সেখানকার আমেদপুর সুগার মিল সম্পর্কে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমরা লক্ষ্য করেছি এই মিল চালাবার সমস্ত সম্ভাবনা থাকা সত্ত্বেও যিনি একজন নমিনেটেড আই.এ.এস. অফিসার শ্রী এন. কে. বিশ্বাস যিনি এই মিলের চার্জে আছেন তিনি ভুল তথ্য দিয়ে আপনাদের বিভ্রান্ত করছেন। টেকনিক্যাল অফিসারদের মতে এই মিল চালু করা যেতে পারে। এই মিলটি যদি চলে তাহলে বছরে দেড়-দু'লক্ষ মন চিনি উৎপাদন হবে। এই মিল চললে বীরভূম জেলার বহু বেকার সমস্যার সমাধান হবে। আবগারী বাবদ ৪০।৪৫ লাখ টাকা পাওয়া যাবে। এই মিল ৬ বছর যাবত বন্ধ থাকায় আমাদের ৯ কোটি টাকার মত চিনি আমদানী করতে হচ্ছে এবং দেড় কোটি টাকার মত আবগারী কর লোকসান হচ্ছে। এখানকার যন্ত্রপাতি সমস্ত নষ্ট হতে চলেছে। আমার প্রশ্ন হচ্ছে এই মিল কাদের জন্য নষ্ট হচ্ছে সে বিষয়ে এনকোয়ারী করা হোক। সেই ব্যুরোক্রেসি কি আজও চলবে? আমাদের সরকার কি বীরভূমের সেই টেকনিক্যাল অফিসারদের মতামত নিয়ে চলবেন না? বীরভূম জেলার শ্রীপান্নালাল দাশগুপ্ত, শ্রীমিহির লাল চ্যাটার্জী ইত্যাদি যাঁরা এ বিষয়ে বিশেষজ্ঞ আছেন তাঁরাও এই মিল চালাবার জন্য মতামত প্রকাশ করেছেন

এবং সেখানকার বিভিন্ন কাগজও একই মত প্রকাশ করেছেন। সেজন্য এ বিষয়ে অবিলম্বে তদন্ত করার জন্য অনুরোধ করছি।

**ডাঃ শৈলেন্দ্র নাথ চ্যাটার্জী:** স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামবাংলার মানুষ যাতে বিজ্ঞান গবেষণার সাহায্য সরাসরি পেতে পারে সেজন্য কেন্দ্রীয় সরকার সারা পশ্চিমবাংলায় ৪টি বিজ্ঞান ভবন তৈরী করেছিলেন—বাড়ী, সাজ-সরঞ্জাম ইত্যাদির জন্য যা খরচ তা তাঁরা দিয়েছিলেন। তারপর সেটা তাঁরা পশ্চিমবাংলা সরকারের হাতে হস্তান্তর করেছিলেন। কিন্তু আজ গত ১৫ বছর ধরে এই বিজ্ঞান ভবনে কোন কাজ হচ্ছে না। এটা আমি পাণ্ডুয়া কেন্দ্রের ইটাচোনা বিজ্ঞান ভবনের কথা বলছি। এখানে গত ১৫ বছর কোন কাজ হয়নি, অথচ লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এবং সমস্ত যন্ত্রপাতি অকেজো হয়ে পড়ে আছে। সেখানকার ভারপ্রাপ্ত অফিসাররা বলছেন বিজ্ঞান ভবনে কোন বিদ্যুৎ সংযোগ নেই। খবর নিয়ে জানলাম এই ইটাচোনা গ্রামে বিদ্যুৎ হয়েছে ১৫ বছর আগে এবং বিজ্ঞান ভবনের সামনে দিয়ে এই লাইন গেছে। অথচ ১৫ বছর ধরে এখানে বিদ্যুৎ সংযোগের কোন কাজ হয়নি। এ সম্পর্কে যাতে মন্ত্রিমহাশয় লক্ষ্য রাখেন সেজন্য অনুরোধ করছি।

**শ্রীতুহিন সামন্ত:** স্যার, বিধান সভার সদস্যদের বৃহস্পতি তুংগে থাকার পর এখন শনির দশা হয়েছে। বিধান সভায় মাইকের সাউণ্ড বেরুচ্ছে না, হোষ্টেলে জল পাচ্ছি না, খাবার ঘরে গিয়ে দেখি কুকুর, বেড়াল শুয়ে আছে, দরজা ভাঙ্গা, হাত ধোয়ার জল নেই, খাটগুলিতে ৩।৪ জন শোবার জন্য সেগুলি ভেঙ্গে যাচ্ছে, এক একটা ঘরে ৪।৫ জন এম. এল. এ. থাকেন। এইভাবে এমন অবস্থা এসে গেছে যে ঘরে থাকার উপায় নেই।

[2-50—3-00 p.m.]

আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই আমাদের বাসভূমির ব্যাপারে কতদিনের মধ্যে আপনি আমাদের এই দৈন্যদশা ঘোচাতে পারবেন, কতদিনের মধ্যে আমাদের থাকার ব্যবস্থা করে দিতে পারবেন ভালভাবে। এমন অবস্থা একটা কল পর্যন্ত নেই। হোষ্টেলে যে অবস্থা তাতে থালা নেই, বাসন নেই, দরজা জানালা নেই, জল নেই, জলের কল বন্ধ হয়ে যায় এখানে যেমন মাইক বন্ধ হয়ে গিয়েছে। একটা টিউবওয়েল পর্যন্ত নেই যে সাময়িকভাবে ব্যবস্থা করতে পারি। গ্রামবাংলা থেকে আমরা এসেছি বড় বড় জায়গায় যেতে পারি না। কাজেই আমাদের তাড়াতাড়ি ব্যবস্থা করে দেবেন বলে আশা করছি।

## Statement under Rule 346

**Shri Ajit Kumar Panja:** Mr. Speaker, Sir, for information of the members of this House I bring to your notice which occurred in connection with water supply scheme in Ranigunj Coalfield area. I read out the statement as follows:

Raniguuj Coalfield Water Supply Scheme has been completed and, according to arrangements, Chief Minister of West Bengal would have opened it on 6th May. The scheme was duly tested and would have given fresh drinking water to 48 collieries, 217 villages, 12 urban area population covering 143 square miles benefiting about 3 lakhs of our people. On 3rd May when six Technical Officers of Public Health Engineering Directorate of the Health Department were attending an electric transformer, an accident occurred to the transformer when there was bursting of the transformer resulting in severe injuries to the Government Officials attending it. The injured persons were removed to Asansol L. M.

Hospital and Railway Hospital Unfortunately, two of them, Shri Surajit Das Gupta and Shri Dilip Sen Gupta, Assistant Engineers, subsequently expired The whole incident is extremely retrettable and obviously very serious and, therefore, to find out its causes the Government have appointed a single-member Enquiry Committee by a retired judge of the Calcutta High Court.

Mr. Speaker, Sir, as the appointment of a retired judge is to be done through the Hon'ble Chief Justice of Calcutta High Court, I will not declare the name now without taking his consent.

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী:** মাননীয় স্পীকার, স্যার, আমি এখন একটা চিঠি পেলাম, সেটার বিষয় জানাতে চাইছি, কারণ এর সঙ্গে আমাদের নিরাপত্তার প্রশ্ন জড়িত আছে।

**Mr. Speaker:** I will request you to take your seat. You have not sought my permission. You please take your seat and I will consider it later on.

Now, Shrimati Ila Mitra may raise her point of order.

**শ্রীমতি ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কালকে আমার একটা মোশন পাশ হয়েছে, সেই মোশন সম্পর্কে বলতে চাই। এখানে ৩২৩নং রুলসে আছে যে কোন এ্যামেণ্ডমেণ্টের একটা অংশ নেওয়া যায়, আর একটা অংশ নেওয়া যায় না। এইরকম হতে পারে না। কিন্তু কালকে ডাঃ এম. ও. গণির একটা এ্যামেণ্ডমেণ্টের দুটো জায়গায় লিখা ছিল, তারমধ্যে দ্বিতীয়টাতে আমার যে রিজলিউশান সেটা কভার করে যায় তার জন্য আমি বলেছি দ্বিতীয়টা নেব না, প্রথমটা আমি গ্রহণ করছি।

**Mr. Speaker:** To which rule you are referring

**শ্রীমতি ইলা মিত্র:** রুল ৩২৩, কারণ এ্যামেণ্ডমেণ্টের একটা পার্ট নেওয়া আর একটা পার্ট নেওয়া যায়না, এরকম কিন্তু নেই রুলে। দুটো এ্যামেণ্ডমেণ্ট সম্পর্কে এই ঘটনা ঘটছে এবং এ্যামেণ্ডমেণ্ট নাম্বার ওয়ান মাননীয় সদস্য শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয়ের প্রথমটা আমি গ্রহণ করেছিলাম, দ্বিতীয়টা আমি গ্রহণ করি নি। কিন্তু এইরকম রুলে নাই, এইরকম হয় না। সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে গোটা জিনিষটাই ভুল হয়ে গেছে। আপনি রুল ৩২৩ দেখলেই বুঝতে পারবেন। কাজেই এই ব্যাপারে আপনি রুলিং দেবেন।

**Mr. Speaker:** Rule 323 says: "The Speaker may put amendments in such order as he may think fit:

Provided that the Speaker may refuse to put an amendment which in his opinion is frivolous." I think now here it is stated that the question regarding an amendment requires, so far I am told, to be withdrawn with the leave of the House unless it is properly moved in the House. It was perhaps moved, and subsequently it was withdrawn with the leave of the House.

Subsequently, as I am told, a part of the amendment was withdrawn with the leave of the House. If that be so do you think there is any irregularity in it?

**শ্রীমতী ইলা মিত্র:** স্যার, শ্রীমতী ইলা মিত্রের পয়েণ্টটা হচ্ছে কোন এ্যামেণ্ডমেণ্ট স্প্লিট করে নেওয়া যায় কি নেওয়া যায় না, ভোটে দেওয়া যায় কি দেওয়া যায় না, এটা একটা পয়েণ্ট যার উপরে আপনার মত উনি চাইছেন। সাবসট্যানসিয়াল ওনার আছে বলে মনে হয় না, কিন্তু এটা আইনসঙ্গত হয়েছে কি না, স্প্লিট করে করা যায় কি না;

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু বলি। কালকে যে এ্যামেণ্ডমেণ্ট ছিল ডাঃ গনির, যে সম্বন্ধে মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র বলছেন · There were two distinct amendments no. (i) and no. (ii).

সো একটা এ্যামেণ্ডমেণ্ট নাম্বার ওয়ান দিয়েছি, আর একটা উইথড্র করেছি উইথ· · · ·Withdrawn with the leave of the House. So, it is not irregular.

**Shri Biswanath Mukherjee :** Mr. Speaker, Sir, it is not necessary for you to give a ruling now. You may consider it and give your ruling later on because there is no substantial objection. Only a legal and technical point has been raised and you may decide it later on at your leisure.

**Mr. Speaker :** Our Hon'ble Deputy Speaker was in the Chair and so I am not in the know of all the facts. I will have to go into the details of the proceedings as to which part of the amendment was accepted and which part withdrawn with the leave of the House. So, it is a very technical matter as has been pointed out by Shrimati Mitra that whether a portion of an amendment can be withdrawn with the leave of the House. It has been pointed out by Dr. Zainal Abedin that these were separate and independent amendments and one has no relation with the other while the contention of Shrimati Mitra is that it is one amendment and so a portion of it cannot be withdrawn with the leave of the House. If it has to be withdrawn the entire amendment will have to be withdrawn. I will look into the matter. So far I see in the cyclostyled paper the amendment has two distinct parts though amendment number is one, that is No. 2. It has got two separate parts—part (i) and part (ii), and I am told part (ii) was withdrawn with the leave of the House and part (i) was accepted by the House.

[3-00—3-10 p.m.]

**শ্রীমতী ইলা মিত্র :** না স্যার, আমার বক্তব্য হচ্ছে যে একটা অ্যামেণ্ডমেণ্টের একটা পার্ট নিয়ে আর একটা পার্ট উইথড্র করে নেওয়া যায় কি না। কলে [illegible] মনে হচ্ছে যে খালি একটা পার্ট নেওয়া যায় না। এর উপর আপনার রুলিং চাই।

**Mr. Speaker :** I will look into the matter later on and I would request Shrimati Mitra to see me in my Chamber to clarify the matter. There is question of time now. So after giving my anxious consideration I will give my ruling before this House, if necessary. We now pass over to the next item of business, Legislation.

## LEGISLATION

### The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972.

**Shri Bholanath Sen :** Sir, I beg to introduce the West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

**Shri Bholanath Sen :** Sir I beg to move that the West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972, be taken into consideration.

Sir, this Bill has been brought for the purpose of preventing certain possible abuses with regard to the construction of multi-storied buildings. Now in the

Maharashtra similar Act was made because they got similar complaints regarding abuses, malpractices created by the promoters of multi-storied buildings and the apartment owners or intending purchasers continue to suffer. They assured one thing in regard to supply and made the supply in a different way. They gave assurance for supply of one kind of material, they gave another kind of material. They altered the plan after the money was paid previously. In Maharashtra in certain cases the promoters had given promises that they would give distinct number of flats at distinct rates to the flat owners but they had failed to do so. All these difficulties were created in Maharashtra and therefore, they enacted the law which is similar to this one. We have had the benefit of Maharashtra Act and the experience of the Legislature of Maharashtra and that is why we have made certain provisions compulsory, viz., in section 4, we have made that the promoter shall have to make full and true disclosure of the nature of his interest in the land on, and the building, if any, in which the apartments are or are to be constructed and also make full and true disclosure of all encumbrances, if any, affecting such land or building and supply in writing a list of all the apartments which have already been taken or agreed to be taken together with their distinctive numbers, names and addresses of the transferees either actual or intended, the prices paid or charged by or upon them and any other particulars as may be prescribed.

Now, these writings have been made obligatory, that is to say, if an intending purchaser wants to know what he will get in exchange of his money the promoter will have to give it in writing. I welcome the amendment suggested by the honourable Member Shri Sisir Ghosh. I think that is proper because it is actually the intention that the disclosures mentioned in paragraphs 4(a) and 4(b) should be in writing and actually it should be in writing. I agree with these amendments with regard to 4(a) and 4(b). But the position is this. This has been made a penal law, viz., if any contractor or any promoter tries to cheat a poor apartment owner or an intending purchaser he will have to go to jail if he violates certain regulations Also a provision has been made that he will have to register under the Registration Act any agreement for the sale of an apartment so that his agreement becomes open to inspection by an intending purchaser as to which man is purchasing what apartment. Before he pays the money he will have an access to all the plans and materials that will be used, the methods that will be done and the date within which it has to be completed and he will also have the right to know who are the other intending purchasers. He will have this right and the agreement that has been registered will also be open to inspection because all the agreements are not open to inspection under the Registration Act. It has been specifically made for this. A penal provision has been made. If all the material provisions are violated then the promoter will have to go to jail for a period of one year or he may be punished with imprisonment for the same period or may be fined with rupees two thousand or both. Now, there is also a possibility. Since we have made the disclosure of the possible date of completion a compulsory obligation so we have taken protection to see that no unnecessary litigation takes place. Therefore, Clause 11 is there, viz., "No Court shall take cognizance of any offence under this Act except on complaint made with the previous sanction of the Competent Authority " Sir, the Competent Authority defined in this Act is the same as in the West Bengal Apartment Ownership Act, viz., the Estate Manager so that no unnecessary harassment takes place. This is really for the portection of poor people and rather the lower middle class or the middle class people who intend to purchase flats with limited resources and who suffer at the hands of the promoters. It is only for their protection and nothing else. It is a penal provision.

Now, with regard to the proposed amendment of Shri Aswini Roy, I submit that this is already coverd. Shri Aswini Roy has suggested that in Clause 3(1), in line 1, after the words "means a person" the words "or a group of persons including a Company and the Co-operative Societies registered under the West Bengal Co-operative Act" be inserted. Now, a person includes a promoter which means a person who has already constructed or intends to construct apartments for the purpose of selling them to other persons and includes the Government So we have not exluded Government. Government will also be liable to disclose what materials they are going to use, what plans they are going to use, within what time they are going to complete so that there is no unnecessary delay in the matter and the money is not wasted. Sir, the honourable Member Shri Aswini Roy wants to include a group of persons including a Company and Co-operative Societies registered under the West Bengal Co-operative Act.

[ 3-10--3-45 p.m. including adjournment ]

I may point out to the honourable Members that the word "person" under the General Clauses Act includes a company and under the West Bengal Societies Registration Act a Co-operative Society has been made a corporate body, and the word "person" includes that body also. We have not excluded, as far as I see, any authority—whether it is Government or a Government undertaking and whoever comes within the definition of "person" under the Bengal General Clauses Act will be subject to these obligations under this Bill. This is a complimentary Act to the Act which we had passed in this House only yesterday. That was creating a right and this is making a breach of an obligation penal, so that in future if a middle-class man or a lower middle-class man or a poor man wants to build a house—he has no time for litigation, he has no money in his pocket—he will have to borrow money, he borrows money and goes to the promoter, looks into the plan and gets everything in writing and then he knows exactly when he will be able to enter the flat and he will be able to enforce it because it has been made penal apart from his civil rights and that has been covered. Therefore, he will be protected from the promoter to even attempt to make those malpractices which have prompted the Maharashtra Government to enact this legislation. I think that this Act will be beneficial to the society at large—that part of the society, in particular, which is our real burden, that is, the poor and the lower middle-class people. Therefore, I request the honourable Members to consider this Bill favourably. I am in favour of accepting the amendment suggested by Shri Sisir Kumar Ghosh. Shri Aswini Roy's amendment is not necessary because the General Clauses Act is there. His intention is quite laudable, I agree, but the General Clauses Act includes that and therefore, that is not necessary. But I accept the other suggestion. The word "person" has been defined in the General Clauses Act and it includes a body corporate, an association which means an association of persons and body corporate under the Registered Societies Act. Then if you specify, say, a company, that is already included in the present Act, and a Co-operative Society registered under the West Bengal Co-operative Societies Act is also included in the word "person". Therefore, if I specify these, then there may be dispute or doubt raised in Court that the Government of India undertaking is not there, the Government of West Bengal undertaking is not there. That is the reason, otherwise I would have agreed to include these. The General Clauses Act will cover everything.

**( At this stage the House was adjourned for 30 minutes. )**

*( After Adjournment. )*

[ 3-45—3-55 p.m. ]

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে পশ্চিমবঙ্গ কক্ষ নিবাস নির্মাণ ও হস্তান্তর আইন আনা হয়েছে এটা আমি সমর্থন করছি। কিন্তু এই আইনের পরিধি সম্পর্কে এবং আইনের কতকগুলি ধারাতে যে দুর্বলতা আছে, সেই সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখছি। পরিধি সম্পর্কে আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে গতকাল মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে Life Insurance Corporation, সরকারী সংস্থা এরা মিলে প্রায় ৯ হাজারের মত বাড়ী তৈরী করবেন, এই রকম একটা ফিগার তিনি দিয়েছিলেন। এখন এটা কি যথেষ্ট ? সেদিক থেকে আমাদের দেশে যে ধরনের বাড়ীর অভাব থেকে গেছে, সেটা যথেষ্ট নয়। সেই চাহিদা যদি পূরণ হয় তাহলে আইনে যেখানে আছে যে আমাদের এর সঙ্গে দেখতে হবে—এইসমস্ত বাড়ী ঘর তৈরী করার ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গে যে বেকার সমস্যা রয়েছে, সেটা লিখিত বেকারের সংখ্যা যা জানা গেল ৩ লক্ষ এবং এই ৩ লক্ষের মধ্যে ২০ হাজার ইনজিনিয়ার বেকার আছে। তাহলে এই ২০ হাজার ইঞ্জিনীয়ার বেকারদের তো তাড়াতাড়ি কাজকর্ম দেওয়া যাবে না। এই বাড়ী নির্মানের ক্ষেত্রে তাদেরকে কোন রকমে ব্যবহার করা যায় কিনা ভাবতে হবে। এদিক থেকে বহু দেশে দেখা গেছে এই সব বাড়ী তৈরী করার ক্ষেত্রে সরকার থেকে তাদের সাহায্য করা হয়। যদি ইনজিনিয়ারদের কোন সংস্থা গড়ে ওঠে, কোন কোম্পানী বলুন বা ইনজিনিয়ার্স কো-অপারেটিভ গড়ে উঠতে পারে এবং আমাদের ব্যাঙ্ক জাতীয়করণ করার পরে টাকাটা এই সমস্ত কাজে লাগাবার সম্ভাবনা রয়েছে। সরকার টাকা দিলে সেইসমস্ত সংস্থাকে বাড়ী তৈরীর ক্ষেত্রে কাজে লাগাতে পারেন। অবশ্য বাড়ী যে ধরনের multistoried বহুতলা বিশিষ্ট বাড়ী যাতে বহু টাকার দরকার হয়, সেই টাকা দিয়ে ইনজিনিয়ার সংগঠন গড়ে বাড়ী তৈরী করা যাবে। এটা আমার মনে হয় অসম্ভব নয়। তবে কলকাতায় বা মফঃস্বলে যেসমস্ত শিল্পাঞ্চল আছে যেমন দুর্গাপুর, আসানসোল, হলদিয়া যেসমস্ত গড়ে উঠেছে সেখানে বাড়ীর চাহিদা প্রচণ্ডভাবে হবে। তাদের সেই চাহিদা মেটাবার ক্ষেত্রে ছোট ছোট বাড়ী, বড় বড় বাড়ী নয় middle অথবা low income group-এর জন্য টাকা খরচ করার যে প্রকল্প আছে সেই ধরনের দু-তিনটি ঘরওয়ালা বাড়ী appartment ওয়ালা বাড়ী তৈরী করতে contract তাদের দিতে পারি, ঐ কো-অপারেটিভ কাজে লাগাতে পারি। সে ক্ষেত্রে আইনের মধ্যে কতকগুলি দুবলতা থেকে গেছে। মহারাষ্ট্রে এই আইন ১৯৬৩ সালে চালু হয়েছে। সেদিক থেকে সেখানে যেসমস্ত বাড়ী তৈরী হয়েছে তার হিসাব আমি করে দেখেছি, তার প্রায় ১০ থেকে ১৫ ভাগ বাড়ী Co-operative sector থেকে তৈরী হয়েছে। তাঁরা অনেকটা এদিকে এগিয়েছেন, পশ্চিমবাংলায় যে সংখ্যক বাড়ী আছে তার চেয়ে তারা অনেকটা এগিয়েছে। এইভাবে যদি বিশেষ করে Co-operative বেকার ইনজিনিয়ারদের যে সংস্থার কথা বলছি তাদের যদি অগ্রাধিকার দিতে হয়, তাহলে আইনের মধ্যে ত্রুটিগুলি থেকে গেছে; সেগুলি সম্বন্ধে আমি পরে আসছি। এখানে আমি ঐজন্য ঐ ২নং এবং ৩নং ক্লজ-এর যে সংশোধনীটা তুলেছিলাম উনি নিশ্চয়ই তার ব্যাখ্যা করেছেন এবং সেটা আমাদের কাছে সন্তোষজনক, কিন্তু আমি যে প্রথার কথাটা বলছি সেটা হচ্ছে কো-অপারেটিভকে মিডিয়াম হিসাবে ধরে নিই এই কাজের জন্য তাহলে কিন্তু কো-অপারেটিভ সম্বন্ধে দুইটি প্রশ্ন আসে। একটা হচ্ছে লিমিটেড লাইবিলিটির কথা আর একটা হচ্ছে আনলিমিটেড লাইবিলিটি। লিমিটেড লাইবিলিটির ক্ষেত্রে কাউকে যদি ৭নং ক্লজ অনুযায়ী শাস্তি দেওয়া হয় বা শাস্তি পায় কোন অপরাধে তাহলে আমরা ঐ একজনকে শাস্তি দেব, এনটায়ার কো-অপারেটিভের সমস্ত লোককে দেবনা। ৫০০ লোক একটা কো-অপ রেটিভ করল, টাকা পয়সা নিয়ে নামল, নামল পর ঐ যে সেক্রেটারী বা ডাইরেকটর থাকল সেখানে তারা স্পেসিফিক ক্ষেত্রে বহু টাকা গায়েব করলেন সাব-ষ্ট্যাণ্ডার্ড

মেটিরিয়ালস ব্যবহার করে। তাহলে মনে করুন ৫লক্ষ টাকা হয়ত সেখানে সেই সেকটরে ইনভেষ্ট করেছিলাম করার পরে যারা বা যে ৫লক্ষ টাকা চুরি করেছে সাব-ষ্টাণ্ডার্ড মেটিরিয়ালস ইউজ করে তার ১বছর জেল হলো। ৫লক্ষ টাকা চুরি করে যদি জেল হয় তাহলে অনেকেই জেলে যেতে চাইবে। কাজেই লাইবিলিটি লিমিটেডের ক্ষেত্রে এই পরিণতি থেকেই যাবে। সেখানে আনলিমিটেড লাইবিলিটি করতে গেলে এখানে যদিও উনি স্পেসিফাই করেছেন এই আইনে এবং সেটা বলেছেন, এবং এটা স্পেসিফাই করা দরকার, এক্সপ্লানেশন করা দরকার যে পারশন ইনক্লুড গ্রুপ অফ পারশনস ইত্যাদি, ইত্যাদি, এইটা এখানে স্পেসিফাই করা দরকার। যদি এক্সপ্লানেশন উনি দেন তাহলে ভাল, কারণ এই ধরনের চুরি চলবে অথচ অর্থ বিনিয়োগ করতে হবে, তাতে এই ত্রুটির সম্মুখীন আমাদের হতে হবে। সেই দিক থেকে এই এ্যামেণ্ডমেণ্ট আমরা দিয়েছিলাম। আমি জানি উনি একজন বিখ্যাত ব্যবহারজীবি, তাই তিনি এই রাজনীতির কথা ভুলে গিয়ে এইটা ভেবেছেন। দ্বিতীয়তঃ ঐ ৭নং ক্লজে যে কথা বলা হয়েছে, সেটার আর একটা জিনিস হচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয় ভেবে থাকবেন যে ব্লাকমানি বা কালোটাকা যেটা আছে বোধ হয়, এই ধরনের মালটি ষ্টোরিড বিল্ডিং করার ক্ষেত্রে ঐ কালোটাকার মালিকরা তাড়াতাড়ি উদ্যোগ নিয়ে ঐ মালটি ষ্টোরিড বিল্ডিং করবার জন্য এগিয়ে আসবেন? আমার মনে হয় সে উদ্যোগ নেবে না কারণ তাঁরা জানেন যে এই ব্যাপারে ইনকাম ট্যাক্সের প্রশ্ন আছে। এবং এই যে সিলিং আইন হচ্ছে সেই সিলিং আইনকে ফাঁকি দেবার জন্য, ইষ্টেট একুইজিশন আইনকে ফাঁকি দেবার জন্য অনেকে যেত—সেই বিধানবাবুর আমল হতে দেখছি—যেহেতু কলকাতা শহর এবং বৃহত্তর কলকাতা শহরের ক্ষেত্রে প্রযোজ্য নয়, সেইজন্য কলকাতা শহরে জমি বাড়াবার জন্য তারা তাড়াতাড়ি এগিয়ে আসছে।

[ 3-55—4-05 p.m ]

কারণ তাঁরা হুসিয়ারও আছেন, এগিয়ে এসে কালো টাকা খরচ করলে আইনে তাঁরা ধরা পড়বেন।

কিন্তু সেদিক থেকে তাঁরা দেখবেন বলে মনে হচ্ছে না। আর একটা আমার সন্দেহ আছে, সেটা হচ্ছে ৭ নম্বর Clause-এ আমি একটা শাস্তির কথা বলছি তা হ'ল মহারাষ্ট্র আইনে যেটা আছে তার থেকে ভাল কাজ করেছেন। সেখানে আছে, ১৯৬৩-তে মহারাষ্ট্র Act-এর regulation-এ যা আছে সেই ভাবে একটা regulation খাড়া করেছেন If any defect in the building, or the materials used সেটা যদি detected হয় তাহলে কিন্তু এর যিনি বিক্রেতা বা বাড়ী যিনি করেছেন তাঁকে এক বছরের মধ্যে defect-টাকে rectify করে দিতে হবে। এখন উনি এক বছর জেলের কথা বললেন। ঐ রকম বড় বড় বাড়ীর ক্ষেত্রে দেখা যে হয়ত ২০ লক্ষ ৩০ লক্ষ টাকার এক একটা বাড়ীর দাম হবে সে ক্ষেত্রে ৫ লাখ টাকা, কি ১০ লাখ টাকা ঐ Sub-standard materials ব্যবহার করে যিনি Engineer থাকেন, যিনি charge-এ থাকলেন, তারা সেই টাকাটা মারলেন। কাজেই এক বছর জেল কি ঐ ৫ লক্ষ, ৭ লক্ষ টাকার ক্ষতিপূরণ করছে? করছে না। কাজেই সেজন্য এদিকে ভাবতে হবে। অবশ্য আপনাকে ভাবতে বলছি না। তা ছাড়া ঐ যে Penal clause রেখেছেন, শাস্তির কথা বলেছেন এক বছর। এটা ঐ ভাবে রাখা যায় কিনা যে তাকে এক বছর বা ৬ মাসের মধ্যে ঐ টাকার যেটা ক্ষতি হয়েছে, যেটা defect আছে সেই defect-টাকে remove করে দিতে হবে। এটা যদি রাখেন তাহলে বোধ হয় ভবিষ্যতে এই যে Sub-standard materials ব্যবহার করা বা বাড়ীর মধ্যে defect রেখে দেওয়া, এই ত্রুটিগুলি বোধ হয় আমরা সংশোধন করতে পারবো। সেদিক থেকে আমি একটা সংশোধনীর কথা ভেবেছিলাম। কিন্তু দেখলাম যে আমাদের কিছু নেই। সময় দরকার সেজন্য আমি বিলটার ঐ clause-টাকে মহারাষ্ট্রে যে ভাবে আছে সেইভাবে আনতে চাইছি না। আমাদের আইনেতো Stringent হচ্ছে। Stringent

হলে কিন্তু ক্ষতির পরিমানটা—টাকা যদি চুরি হয়ে যায়, গায়েব হয়ে যায় সেটাকে আমরা পূরন করতে পারছি না। সেদিক থেকে পরবর্তীকালে এই ধরনের যে lacunae আছে আমাদের বিলের মধ্যে সেগুলিকে ঠিক করে একটা Comprehensive Bill উনি আনুন সেই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি এবং এই বিল সমর্থন করছি। এটা সত্যি, ১৯৬৩ সালে মহারাষ্ট্রে হলেও আমাদের এখানে হতে আরম্ভ করেছে। এটা একটা পদক্ষেপ এবং আমি এটাকে সমর্থন করছি।

**শ্রীভবানী শঙ্কর মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ওয়েষ্ট বেঙ্গল এপার্টমেণ্ট (রেগুলেশন এণ্ড ট্রানসফার) বিল, যা মন্ত্রিমহাশয় এই মাত্র পেস করলেন, আমি এই বিলকে আন্তরিকভাবে সমর্থন করছি এবং স্বাগত জানাচ্ছি। কারণ এর মধ্যে আইন করছেন বা আইন আনছেন সেটা হচ্ছে কন্সট্রাকশন-এর ডিফেক্ট যদি কিছু বার হয় তার জন্য সরকার হাতে ক্ষমতা নিচ্ছেন। আমাদের খুব দুঃখের কথা, আমাদের দেশে এই যে অবস্থা হয়েছে সেটা সর্বক্ষেত্রে চেষ্টা করা হচ্ছে যাতে করে এটা ঠিক হয় এবং ঠিক রাস্তায় চলে এবং আইন করা দস্তুরমত দরকার এবং আইন না হলে কিছু করা যাবে না। কারন ধরে আনা গেলো লোককে এবং ধরার পরে তাকে আইন নেই বলে কিছু শাস্তি দেওয়া গেল না। আমি মন্ত্রিমহাশয়কে এই বিল পাশ হওয়ার পরের কথা বলছি যে এটাকে এক্সজিকিউশন করতে হবে খুব কড়া হাতে।

দেখতে পাওয়া যাচ্ছে যেখানে চুরি, জোচ্চুরি হবার সম্ভাবনা খুব বেশী আছে সেখানে এই বড় বড় বাড়ীর জন্য হয়ত ব্যাঙ্ক লোন দেবে, কো-অপারেটিভ সোসাইটি নিজেরা হয়ত তৈরী করবে, সেটা হয়ত কনট্রাক্টরের হাতে যাবে, কারণ কো-অপারেটিভ সোসাইটির যাঁরা কর্মকর্তা তাঁদের পক্ষে সব সময় দেখাশুনা করা সম্ভব নয়, তারা সকলেই প্রায় অনারারি সার্ভিস করেন। আমি ট্রান্সফার সম্বন্ধে আর একটি কথা বলছি। এই ট্রান্সফার সম্বন্ধে একটা বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। কেন না, বিশেষ করে বৃহত্তর কলকাতা এবং তার সংলগ্ন এলাকা যেটাকে আমরা সি. এম. ডি. এ. এলাকা বলে থাকি সেখানেই দেখতে পাওয়া যাচ্ছে এই সব বেশীর ভাগই বড় বড় বাড়ী তৈরী হচ্ছে, অবশ্য অন্যান্য জায়গাতেও হচ্ছে বটে, কিন্তু বৃহত্তর কলকাতাতেই বেশী হয়েছে। এই হাউসিং ষ্টেট যেটা নাকি গভর্ণমেণ্টের নিজের প্রপার্টি সেখানে দেখা যাচ্ছে ভাড়াটিয়াদের ট্রান্সফারের ব্যাপার রয়েছে। এই ভাড়াটিয়াদের জন্য এমন একটা আইন করতে হবে যাতে এটা সহজভাবে কার্যকরী করা যায়, সেটা অবশ্যই দেখতে হবে এবং গভর্নমেণ্টের তরফ থেকে সব রকম ইজি ইন্সষ্টলমেণ্টের ব্যবস্থা করতে হবে। আমাদের মধ্যবিত্ত এবং নিম্ন-মধ্যবিত্ত ফ্যামিলির যাঁরা টেনেণ্ট থাকছেন তাঁরা এ সম্বন্ধে দুঃখ প্রকাশ করেন। আমরা জানি কতগুলি ক্ষেত্রে বাড়ী কেনা প্রয়োজন হয়, সেখানে আমরা লাম্প সাম কিছু টাকা দিই। সেখানে তারা যদি একটা ইজি ইন্সষ্টলমেণ্ট পায় তাহলে তারা নিজেরাই জানতে পায় যে আমরা একটা ওনার হতে পারি। মহারাষ্ট্রে এ জিনিস আগেই করেছে। আমাদের পশ্চিমবঙ্গে আমরা দেখতে পাচ্ছি এতদিন বাদে এই জিনিস করা হল এবং আমরা দেখতে পাচ্ছি আমাদের এই ওয়েষ্ট বেঙ্গলে যে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা ক্ষমতায় এসেছেন তাঁরা একটি নতুন চিন্তাধারা নিয়ে দেশকে গড়বার চেষ্টা করেছেন। আমি নিজে মনে করি ক্যালকাটা ইজ মেনলি সিটি অব টেনেণ্টস এবং সত্যিকারে এটা একটা সিটি অব টেনেণ্টস বলে মনে হয়। কারণ এখানে দেখা যাচ্ছে বেশীর ভাগই হচ্ছে ভাড়াটিয়া এবং তাদের যদি এই আইন দ্বারা সিটি অব ওনারস করা যায় তাহলে এই মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত ফ্যামিলিরা বিশেষ করে উপকৃত হবেন, সেই চেষ্টা আপনারা বিশেষ করে করুন। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি চক্রবর্তী কমিটির সাজেসনের উপর আকর্ষণ করছি। তিনি যদি চক্রবর্তী কমিটির সাজেসন ভালভাবে পড়ে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এটা বিচার বিশ্লেষণ করেন তাহলে আমার মনে হয় ভাল হবে।

আপনি আমাকে বলবার জন্য যে সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে এবং এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের মনোযোগ আকর্ষণ করে বক্তব্য শেষ করছি। নমস্কার।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় মন্ত্রিমহোদয় যে বিল এনেছেন। কক্ষ নিবাস হস্তান্তর প্রনয়ন বিধেয়ক, সেই বিলকে আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি মাত্র কয়েকটি কথা বলব সেটা হচ্ছে এই, তিনি উদ্দেশ্য এবং হেতুর বিবরণের মধ্যে বলেছেন, তাঁর প্রধান উদ্দেশ্য হল এই কক্ষ নিবাসগুলি বিক্রী যাদের কাছে হবে অর্থাৎ যাঁরা কিনবেন সেই ক্রেতাদের স্বার্থরক্ষার জন্য এই বিল আনা হচ্ছে। এই উদ্দেশ্য যে মহৎ তাতে কিছু সন্দেহ নেই এবং যাতে আমাদের এই ক্রেতারা না ঠকেন সেটা দেখা আমাদের কর্তব্য এবং তারই জন্য এই বিল আনা হয়েছে এবং সেই জন্য আমি এই বিলকে সমর্থন করছি।

[ 4-05—4-15 p.m. ]

কিন্তু অতীতের আইনের ব্যাপারে আমাদের কিছু কিছু অভিজ্ঞতা আছে। আপনারা জানেন যে অতীতে ভূমিসংস্কার আইন পাশ হয়েছে কিন্তু সেই আইনের ফাঁকে জমি চোরেরা জমি চুরিকরে বেনামী করে রেখেছিল এবং তারা বহাল তবিয়তে এখনও আছে। এখনও তারা হাইকোর্টে কেস করে বহু জমি আটকে রেখেছে। কাজেই এইরকম ঘটনা ঘটে। যারা ফাঁকি দিতে চায় অর্থাৎ যারা ঠগ, ফাঁকিবাজ, ধড়িবাজ যতই আইন হোক না কেন তারা সেই আইনের ভেতর থেকে ছিদ্র অন্বেষণ করে ফাঁকি দেবার সুযোগ করে নিতে পারে। কাজেই এই আইনেও যে তারা পারবে না এমন কথা নেই। এই যে এখানে বলা হয়েছে যে প্রমোটার বা উদ্যোক্তা তাঁরা কতকগুলি ঘোষণা রাখবেন, কণ্ট্রাকটর বাড়ী তৈরী করার জন্য কি মাল-মশলা দিয়েছেন বা কি নকশা করেছিলেন বা তারসঙ্গে কি কি চুক্তি হয়েছিল তাও জানাতে হবে—এই সমস্ত বিশেষভাবে এরমধ্যে লেখা আছে। আমরা সরকারী বাসভবনে দেখেছি গভর্ণমেণ্ট যেখানে তদারক করেন তারমধ্যে বহু হাউসিং এষ্টেটে আমরা দেখেছি প্লাষ্টার খসে যাচ্ছে, দরজা ভেঙ্গে যাচ্ছে, ইট খোয়া বেরিয়ে যাচ্ছে ২।৩ বছরের মধ্যে। অর্থাৎ বাড়ীগুলি যে খুব খারাপ ধরনের মেটিরিয়াল দিয়ে তৈরী তা প্রমাণ হয়ে যাচ্ছে। অথচ সরকার সেই সমস্ত কণ্ট্রাক্টরের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। এই ক্ষেত্রে বেসরকারী উদ্যোক্তা বা প্রমোটর তারা যে ক্রেতাদের ফাঁকি দেবার উদ্দেশ্যে খারাপ ধরনের মেটিরিয়ালস দিয়ে বাড়ী তৈরী করবে না এর কিন্তু কোন রকম গ্যারেন্টি এরমধ্যে খুঁজে পাচ্ছি না। মাননীয় শ্রীঅশ্বিনী রায় মহাশয় বলেছেন যে একটা বাড়ী তৈরী করে দেখা গেল ৫লক্ষ টাকা চুরি করেছে, তারজন্য তার আইনের শাস্তি হচ্ছে মাত্র এক বছর বা দু-হাজার টাকা বা উভয় দণ্ড। এখন এই দু'হাজার টাকা ফাইন দিয়ে যে কোন ব্যক্তি এরকম ১।২ বা ৫লক্ষ টাকা আত্মসাত করার ষড়যন্ত্র করতে পারে। কাজেই আমার কথা হল এই সমস্ত অসৎ প্রমোটর তাদের নিয়ন্ত্রিত করার জন্য আইনে তাদের বিরুদ্ধে আরো কঠোর ব্যবস্থা করা উচিত ছিল। এক বছর শাস্তি দু-হাজার টাকা অর্থদণ্ড আমার মনে হয় এইসমস্ত ক্ষেত্রে যথোপযুক্ত হবে না। তাছাড়া এরপরে লেখা আছে, "পরন্তু ঐরূপ কোন ব্যক্তি যদি প্রমাণ করিতে পারেন যে ঐ অপরাধ তাঁহার অজ্ঞাতসারে অনুষ্ঠিত হইয়াছিল কিংবা উক্ত অপরাধের অনুষ্ঠান নিবারণের জন্য তিনি যথোপযুক্তভাবে সববিধ প্রযত্ন স্বীকার করিয়াছিলেন, তবে এই উপধারার দরুনই ঐ ব্যক্তি এই আইনে বিহিতরূপে দণ্ডে দণ্ডনীয় হইবেন না"। অর্থাৎ দেখা যাচ্ছে যে যদি কোন অপরাধ করে এবং ধরা পড়ে তাহলে তারজন্য সে এমনভাবে খাতাপত্র আগে থেকেই তৈরী করে রাখবে যাতে সে কোর্টে বা যে কোন জায়গায় প্রমাণ করতে পারে যে যথোপযুক্তভাবে বা সাধ্যমত সে চেষ্টা করেছিল যাতে এই ধরনের কাজ না হয়, তার চেষ্টার ত্রুটি ছিল না, এটা সে আগে থেকেই প্রমাণ করে রেখে দেবে। কেন না, যারা চোর বা ঠগ তারা আটঘাট বেঁধেই কাজ করে। কাজেই এই

যে একবার বলা হল যে এক বছর শাস্তি এবং তারপরেই বলা হল যে যদি প্রমাণ করতে পারে তার অজ্ঞাতসারে এগুলি হয়েছে, সে যথোপযুক্ত চেষ্টা করেছিল তা সত্বেও এইসমস্ত কাজ ঘটেছে এবং তারজন্যই এই সমস্ত হয়েছে তাহলে সে হয়ত রেহাই পেয়ে যাবে, এরজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে পরবর্তীকালে আরো ভেবেচিন্তে আরো ভালো বিল করবেন যাতে এই ধরনের ফাঁক না থাকে বা এই সমস্ত অসৎ ব্যক্তিরা আমাদের গরীব বা সাধারণ নিম্নবিত্ত ক্রেতাদের ঠকাতে না পারেন। বাড়ী আমাদের করতেই হবে কারণ আমাদের অধিকাংশ লোকের বাড়ী নেই। কোলকাতা শহর এবং তার আশেপাশের অধিকাংশ মানুষের বাড়ী নেই, সেই লোকেদের যাতে আমরা বাড়ী দিতে পারি তারজন্য এই ব্যবস্থা হচ্ছে এবং সে ব্যবস্থায় আমাদের উৎসাহ দেওয়া উচিত। কিন্তু অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে এই সমস্ত ব্যবস্থাগুলি আরো কঠোর করা দরকার। আমি এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই সেটা হল আমাদের এই সভায় আমরা সবাই বলেছিলাম যে আর্বান এলাকা বাদে শহরের সম্পত্তির সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হোক, কিন্তু আমরা এখানে কোন আইন পাশ করাতে পারি নি। আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করেছি। আজকে সর্বোচ্চ সম্পত্তির মালিক যদি তাদের সম্পত্তি, এ্যাপার্টমেণ্টগুলি ভাগ ভাগ করে বিক্রি করে দেয় তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনে কি সুযোগ আছে সেটা বুঝতে পারছি না। এটা অপ্রাসঙ্গিক হয়ত হবে তবুও একথা আমি না বলে পারছি না যে শহরে যারা উচ্চ সম্পত্তির মালিক অনেকগুলি বাড়ীর মালিক তারা যদি তাদের সম্পত্তির ভাগ ভাগ করে লুকিয়ে বিক্রি করে দিয়ে কমিয়ে ফেলে, ট্রান্সফার করে দেয় তাহলে সেগুলি ধরার কি ব্যবস্থা করা হবে আমি জানি না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই বিষয়টা ভাল করে দেখতে বলব। শহরে বড় বড় বাড়ীওয়ালা লোক রয়েছে, তাদের সেই এ্যাপার্টমেণ্টগুলি যাতে ট্রান্সফার না হয়ে যায়, সেটা কিভাবে রদ করা যায় সেটা দেখবেন। এই প্রসঙ্গে আমি দাবী করব এই যে প্রোমোটর যাদের বাড়ী করতে দেওয়া হবে বেকার ইঞ্জিনিয়ার, কো-অপারেটিভ তাদের যেন সুযোগ দেওয়া হয় এবং কো-অপারেটিভগুলির লায়েবিলিটি লিমিটেড না করে আনলিমিটেড করে এই কো-অপারেটিভগুলি যাতে সুষ্ঠুভাবে বাড়ী তৈরী করতে পারে, কনট্রাকটর যাতে ফাঁকি দিতে না পারে তারজন্য তদারকী ব্যবস্থা যাতে ভাল হয় তারজন্য নজর দেওয়ার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে দাবী করব ভবিষ্যৎকালে আরো একটা সুন্দর ভাল আইন তৈরী করার চেষ্টা করবেন এই কথা বলে এই বিলকে আমি সমর্থন করছি।

**Shri George Albert Wilson-De Roze:** Mr Speaker, Sir, the Hon'ble Minister in presenting this Bill made several statements with regard to the object of this Bill. Sir, every word spoken by the Hon'ble Minister has the support of every member of this House. The intention of this Bill as appeared from the Statement of Objects and Reasons is that the interest of purchasers of multi-storied apartments should be safeguarded as against the promoters of these constructions. The intention of this Act, Sir, as stated by the Hon'ble Minister is to protect the purchasers against all kinds of malpractices which occur in the selling of these apartment houses. In section 4 of the Act, Sir, it is seen that any promoter who intends to sell an apartment, shall, on demand by an intending transferee, make full and true disclosure of the nature of his interest in the land on, and the building, if any, in which the apartments are or are to be constructed, he is also bound to make full and true disclosure of all encumbrances, if any, affecting such land or building, he is also bound to make full and true disclosure in writing a list of all the apartments which have already been taken or agreed to be taken together with their distinctive numbers, names and addresses of the transferees, etc., he is also bound to make full and true disclosure in writing of all outgoings including ground rent, etc., etc.

[4-15 – 4-25 p.m.]

Sir, the Hon'ble Minister in presenting the Bill said that this provision—I use the words which the Hon'ble Minister used is compulsory and obligatory. The Hon'ble Minister also pointed out under sections 6, 7 and 8 the offences and punishments if those sections are violated. Also promoters defaulting to submit the disclosures under section 4 are subject to punishments and penalties. The promoters may be sent to jail or they may be fined or both. Now, Sir, this is an Act to protect the lamb from the wolf. The lamb is the intending buyer of the apartment and the wolf is the promoter. The whole object of this Act is to protect the lamb against the wolf. Now, Sir, I take you to a section which the Hon'ble Minister did not present before the House viz. section 2. It says, "This Act applies only to an apartment, the promoter in respect of which executes and submits a Declaration before a Competent Authority in such manner as may be prescribed that he intends to submit the property wherein the apartment is or is to be located to the provisions of the West Bengal Apartment Ownership Act, 1972." Sir, I spoke on Clause 2 of the West Bengal Apartment Ownership Bill, 1972 yesterday. The Hon'ble Minister while replying admitted that the provisions of that Act were not compulsory but optional. The wolf may register his name and file a declaration if he thinks fit. He may not submit if he does not think it fit. So, if the wolf does not agree to be bound by the Act the lamb has no protection. This is clear from Clause 2 of the Bill that this Act has no meaning. It is not compulsory, it is not binding, it binds no one. It only binds those who agree to be bound by it. Sir, the whole law is based on presumption. Sir, I ask you, under what circumstances do you imagine that all these prometers of multi-storeyed buildings engaged in dubious, unlawful and illegal practices including cheating of intending purchasers would voluntarily file all these declarations ? These promoters also indulge in criminal practices. Sir, you can only protect the purchasers against these criminal promoters if the criminal promoters agree to be punished. But if these promoters do not agree to file the declarations or do not voluntarily submit to the provisions of the Act then the intending purchasers of such flats have no protection. This Act is absolutely meaningless unless the promoter willingly comes to submit himself to provisions of the Act. Sir, under what circumstances do you imagine that the promoter will come forward and subject himself to the provisions of the Act ? Why should the promoter come forward and have himself bound voluntarily to make his disclosures under Section 4 of the Act ? Why should he voluntarily come forward and submit himself to penalties for violation of these obligations ? Sir, under what circumstances do you imagine that this will happen ? We know that recently in Chambal the dacoits came forward voluntarily and surrendered. Is the Hon'ble Minister under the impression that these promoters who indulge in such dubious and criminal practices will voluntarily come forward and surrender themselves to the Act ?

Sir, I say that if this Government is sinceres about its socialist promises then the Hon'ble Minister should voluntarily withdraw Section 2 of the Bill. There is no need for any one to move any amendment. Sir, Section 2 ought to be withdrawn. The Bill, as a whole, is a very fine piece of legislation. Sir take out Section 2 and make the Bill operative to cover everyone and then this Bill will have support of the entire House. I say, Sir, the Hon'ble Minister referred to the Maharashtra Act In Maharashtra Act, as far as I can recall—I have dealt with the Maharashtra Act—there is no such voluntary clause. Thank you Sir.

**শ্রীশিশির কুমার ঘোষ :** মিঃ স্পীকার স্যার, মন্ত্রিমহাশয় আজ যে বিল এখানে পেশ

করেছেন তাতে একথা ঠিক তাঁর মূল লক্ষ্য হচ্ছে ক্রেতাদের স্বার্থ যাতে রক্ষা হয় সেদিকে নিশ্চয় নজর আছে। কিন্তু তার মধ্যে যে ক্রুটি বিচ্যুতিগুলি আছে সেগুলি সম্পর্কে বিভিন্ন বক্তা বলেছেন। আমি বলবো সমস্ত দিক লক্ষ করে যাতে ক্রেতাদের স্বার্থ সাধারণভাবে রক্ষা হয় তার ব্যবস্থাগুলি থাকা দরকার। এপার্টমেন্টের কষ্ট অফ কনষ্ট্রাকশান কি হবে সেটা স্থির হওয়া উচিত এবং সেটার কি বেসিস হবে সেটা ঠিক করা উচিত। সরকারের তরফ থেকে যে খরচ হয় তার চেয়ে এপার্টমেন্টের খরচ যেন বেশী না হয় এবং স্পেসিফিকেশান অনুযায়ী যেন কাজ হয়। ক্রেতারা যখন ক্রয় করবেন তাঁরা যাতে দেখে নিতে পারেন তার ব্যবস্থা থাকা দরকার। ক্রেতাদের স্বার্থ একদিকে যেমন দেখতে হবে, তেমনি অন্য দিকে আমরা আরবান সিলিং সম্পর্কে কয়েকদিন আগে বিধানসভা থেকে সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে দায়িত্ব দিয়েছি যে আরবান সিলিং এ্যাক্ট তাঁরা পাশ করুন এবং এই সিলিং যখন হবে তখন দেখা যাবে এখানে যারা সিলিং-এর আওতায় পড়বে তাদের সমস্ত বাড়ীগুলি এপার্টমেণ্ট হিসাবে বিক্রি হয়ে গেছে। এর বিক্রয়লব্ধ টাকা তারা কালো টাকায় রূপান্তরিত করবে বা ব্যাংকে রাখবে। কারণ জমির উপর সিলিং হবে, টাকার উপর হবে না। সেজন্য দেখা যাবে সিলিং হবার আগে তাদের সম্পত্তিগুলি এপার্টমেণ্ট হিসাবে বিক্রি হয়ে যাচ্ছে। তাই আমি তাঁকে অনুরোধ করবো এ বিষয়ে একটা প্রোটেকশান থাকা দরকার যাতে এইভাবে বড় বড় মালিকরা এপার্টমেণ্ট করে অবিলম্বে বাড়ীগুলি বিক্রি না করতে পারে। আমি একথা স্মরণ করিয়ে দেব যে মধ্যপ্রদেশ বিধানসভায় যখন আরবান সিলিং এসেছিল তখন ঠিক হয়েছিল যে সরকার যখন জমি নেবেন তখন সেই জমির ১০ গুণ দাম তাঁরা বেশী দেবেন। কিন্তু যখন ২৫তম সংশোধনীতে রাষ্ট্রপতির সম্পত্তি পাওয়া গেল তখন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী শ্রী পি. সি. শেঠী প্রশ্ন তুললেন আর কম্পেনশেসনের প্রশ্ন থাকবে না, একটা লাম্পসাম দেব। সেই লাম্পসামের কথাটাই পাশ হয়ে গেল। এই আরবান সিলিং-এর জন্য পশ্চিমবাংলা প্রস্তুত। অতএব এই আরবান সিলিং হবার আগে আমাদের সম্পত্তিগুলি যদি তাড়াতাড়ি এপার্টমেণ্ট করে বিক্রি করা যায় তাহলে এই সম্পত্তির পরিবর্তে যে টাকা আসবে সেই টাকা পরবর্তীকালে অন্য কাজে লাগান যাবে। সেজন্য তাঁকে অনুরোধ করবো এ বিষয়ে একটা প্রোটেকশান দেওয়া উচিত।

এর পর যে কথা আমরা বলতে চাই সেটা হচ্ছে এ্যাপার্টমেণ্ট তৈরী করবার বিষয়ে সাধারণত লক্ষ্য রাখতে হবে আজকের তীব্র বেকার সমস্যার দিনে আমাদের বেকার ইঞ্জিনিয়ার থেকে সুরু করে এবং ওই অঞ্চলে যে সমস্ত এ্যাপার্টমেণ্ট তৈরী হবে সেই সমস্ত স্থানের বেকার যুবকদের যাতে আন-স্কিল্ড লেবার হিসাবে নিয়োগ করা যায় তার একটা ব্যবস্থা থাকা উচিত। আমাদের ইঞ্জিনিয়াররা যারা নূতন নূতন পাস করে বেরিয়েছে অ্যান এম্পলয়েড পারসনস তাদের যদি নিয়োগ করতে পারি তাহলে তারা একটা সম্পদ হয়ে দেখা দেবে। এই আন এম্পলয়েড যুবকরা এবং ইঞ্জিনিয়াররা তারা সৎ এবং উৎসাহের সঙ্গে কাজ করবে। আমরা যে ভয় পাচ্ছি যে স্পেসিফিকেশান অনুযায়ী কাজ হবে না এবং কনট্রাক্টারদের কাজের দিক থেকে ভয় পাচ্ছি যে তারা ঠিকমতো কাজ করবে না, কিন্তু এদের নেওয়া হলে এরা দেখিয়ে দেবে যে সব ভয় অমূলক। তারা টেকনিক্যাল লোক এবং ইঞ্জিনিয়ারিং পাস করেছে। তারজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, যে সমস্ত অঞ্চলে এ্যাপার্টমেণ্ট তৈরী হবে সেই সমস্ত অঞ্চলের বেকার যুবকরা যাতে কাজ পায় সেদিকে নজর রাখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার স্যার, আজকে সভায় অনারেব্যল মিনিষ্টার যে দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাপার্টমেণ্ট ( রেগুলেশান অফ কনষ্ট্রাকসান এণ্ড ট্রান্সফার ) বিল ১৯৭২ এইটা যে উত্থাপন

করেছেন আমি সভার একজন সদস্য হিসাবে সেই বিলকে আন্তরিকতার সাথে স্বাগত জানাই। কারণ আমরা জানি পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে এবং বিশেষ করে কলকাতা শহরের নাগরিক জীবনে সবচেয়ে যেটা বড় সমস্যা সেটা হচ্ছে বাসস্থানের সমস্যা। সরকার কক্ষ নিবাস নির্মাণ পরিকল্পনা করছেন এবং এর মাধ্যমে নিশ্চয়ই বাসস্থান সমস্যার সমাধান এবং করদাতাদের স্বার্থরক্ষা যে সরকারের উদ্দেশ্য এই বিল আনয়নের মাধ্যমে প্রকাশ পেয়েছে। একজন বক্তা বলেছেন আমি তার সঙ্গে সুরে সুর মিলিয়ে বলি Calcutta is a city of tenants. মানুষের জীবনে খাওয়ার সমস্যা আছে, বাসস্থানের সমস্যা আছে কিন্তু মানুষের জীবনে সবচেয়ে বড় সমস্যা মানুষ চায় একটু গৃহ আকাশের নীচে এবং এই বিল আনায়নের মাধ্যমে মানুষের চিরন্তন এবং সহজাত যে আকাংখা সমাজের থাকে মানুষের থাকে তার দিকে লক্ষ্য রেখে আনা হয়েছে বলে বিশেষভাবে একে সমর্থন জানাই। এই বিলে কক্ষ নির্মাণের ব্যাপারে বাস্তবতার দিকে লক্ষ্য রেখে যেটা করা হয়েছে তাকে স্বাগত জানাই। যে সমস্ত কনট্রাকটার এই সমস্ত গৃহনির্মাণের দায়িত্ব গ্রহণ করে তার সঙ্গে যোগসাজসে ইউটিলাইজেশান সারটিফিকেট দিয়ে দেন এবং কনট্রাকটাররা লো ষ্ট্যানডার্ডের মেটিরিয়ালস দিয়ে কাজ করে এই রকম ভুরি ভুরি দৃষ্টান্ত কলকাতা শহরে রয়েছে। এর বিরুদ্ধে বিধি ব্যবস্থা এই আইনের মাধ্যমে সরকার গ্রহণ করবেন তারজন্য এই আইনকে স্বাগত জানাই। তবে কতকগুলো আইন করলেই চলবে না। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলবো এই আইন যাতে কার্যকরী হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্ল্যান স্যাংশনের ক্ষেত্রে আমি একটা পারসন্যাল সাজেসানস-এর কথা বলবো। প্ল্যান স্যাংশানের আগে প্ল্যানের যে কোটেশান তা বিচার করে ওয়েষ্ট জার্মানীতে যেরকমভাবে এ্যাপার্টমেন্ট হয় সেইরকমভাবে অর্থাৎ একতলাটা থাম দিয়ে ফাঁকা রাখা হয় এবং একতলা এ্যাজ এ ম্যাটার অফ হেলথ ফ্যাক্টার চিলড্রেন পার্ক করা হয়। কলকাতায় যেখানে এই রকম বড় বড় মালটি ষ্টোরিড বিল্ডিংস হচ্ছে এবং যেখানে কয়েক শো লোক থাকবে সেটা যেন ঘিঞ্জি না হয় এবং মানুষ হচ্ছে Man is the creative of revolution, মানুষের মনে যে বিকাশের যে সূচনা আছে তা যাতে সুযোগ পায় এবং সেইজন্য চিলড্রেন পার্ক পায় এবং ওয়েষ্ট জার্মানীর মতো করে যেন প্ল্যান আমাদের স্যাংসান হয় সেদিকে যেন দৃষ্টি রাখেন।

আর একটা দিকে আমরা দেখছি যেমন কলকাতার মেঘদূত বলে একটা বড় এ্যাপার্টমেন্ট তৈরী হয়েছে, এইভাবে কিন্তু সাধারণ লোকের সমস্যা মিটছে না। এখানে প্রমটররা বিজ্ঞাপন দিচ্ছেন হয়ত ২৫০০ টাকা দিলে ফ্ল্যাট পাওয়া যাবে। কিন্তু দেখা যাচ্ছে অসংখ্য লোকের ভিড় হচ্ছে এবং দারুন চাপ সৃষ্টি হচ্ছে এবং সেই চাপ দাড়াচ্ছে যখন নিজেরা লাইন পাচ্ছে না এইসমস্ত লোকেরা ফ্ল্যাট পাবার জন্য কিম্বা এ্যাপার্টমেন্ট পাবার জন্য যেখানে লেখা আছে ২৫০০ টাকা সেখানে তারা ৫হাজার টাকা দিতেও বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করছেন না। কারণ, এখানে অনেকের ব্ল্যাকমানির প্রাচুর্য আছে। আমার মনে হয় এই সমস্ত প্রাইভেট প্রমটারদের প্রতি যদি বিশেষ বিধিনিষেধ আরোপ করা না হয় তাহলে এই ব্ল্যাকমানির ড্রেনেজ করে দেবার একটা সুবিধা করে দেওয়া হচ্ছে। এবং এই কালোটাকার বাছুররা সমাজে মুদ্রাস্ফীতি ঘটিয়ে জনজীবনে একটা বিপর্যয় সৃষ্টি করবে। এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে দৃষ্টি দেবার জন্য বলছি। আর একটা কথা প্রাইভেট প্রমটররা অনেক টাকা নিয়ে চুক্তি করছেন, কিন্তু তা না মানলে ৭ ধারার কথা অনেকে বলেছেন আমি তারই উল্লেখ করছি যে দুই হাজার টাকা ফাইন হবে বা এক বছরের কারাদণ্ড দেওয়া হবে এবং কথাটা হচ্ছে যদি অজ্ঞাতসারে প্রমাণিত হয় তাহলে শাস্তির হাত থেকে রেহাই। এটা অবশ্য উনি সবচেয়ে বড় আইনবিদ আমি আইনজ্ঞ নই, এটা যদি সাপোজ তা হয় তাহলে এটা কিন্তু প্রমাণ করা খুব শক্ত হয়ে দাঁড়াবে, এবিষয়ে আমি মন্ত্রি-মহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এবং সেখানে দেখা যাচ্ছে যে বিরাট অপরাধ করা সত্ত্বেও

বেশী শাস্তির হাত থেকে বেরিয়ে যেতে পারে। আর একটা কথা প্রাইভেট প্রমটররা এই কাজ করতে হলে আমার মনে হয় সরকারের এমন বাধ্যবাধকতা সৃষ্টি করা উচিত যাতে লাইসেন্স দিয়ে যে গভর্ণমেণ্টের কাছ থেকে তারা ফ্ল্যাট বা এ্যাপাটমেণ্টের জন্য নাম এনলিষ্ট করিয়েছে প্রাইভেট প্রমটরদের সেই লিষ্ট নিতে হবে। এবং তাদের মধ্য থেকে ইচ্ছুক ব্যক্তিদের দিয়ে কক্ষ নির্মাণ করবেন। তবে সবচেয়ে বড় প্রিন্সিপ্যাল ফার্ষ্ট কাম ফার্ষ্ট সার্ভ এই যে প্রিন্সিপাল এই প্রিন্সিপাল সার্ভড হবে এবং দুর্নীতির হাত থেকে সমাজকে মুক্ত করা যাবে। অনেকে বলেছেন ইঞ্জিনিয়ারদের কো-অপারেটিভের কথা। নিশ্চয়ই আজকে সমাজে জ্বলন্ত বেকার সমস্যার দিকে তাকিয়ে এমনভাবে এই বিলকে কার্যকরী করতে হবে যাতে এই বেকার ইঞ্জিনিয়ারদের জন্য কিছু করা যায়। মন্ত্রি-মহাশয় বলেছিলেন তাঁর রিপোর্টে যে বেকার ইঞ্জিনিয়ার অসংখ্য এখন পশ্চিমবাংলায় রয়েছে। সেই ইঞ্জিনিয়ারদের যাতে কর্মসংস্থান করা যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। এই বিলটা সমর্থন করতে গিয়ে একটা কথা বারবার আমি বলব এমনভাবে এই বিলকে কার্যকরী করতে হবে যেন মানুষ প্রতারিত না হয় এক নম্বর। এবং দ্বিতীয় নম্বর যেটা বলব যে প্রাইভেট প্রমটারদের ইনসেনটিভ দেবার ব্যবস্থা থাকবে। কিন্তু তার মানে বেনামী করবার করার ঢালাও নির্দেশ যেন না থাকে। এই ঐতিহাসিক বিধানসভায় কয়েকদিন আগে সর্বান্তঃকরণে সকল সদস্যের সমর্থনে এই প্রস্তাব পাশ হয়েছে সিলিং অন আর্বান প্রপার্টি। এই দিকে তাকিয়ে জনস্বার্থ রক্ষা করবার জন্য হস্ত প্রসারিত করে পশ্চিমবাংলার মানুষের দীর্ঘদিনের চাহিদাকে পূরণ করতে এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি এবং আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ এ. এম. ও. গনিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন করবার জন্য উঠেছি। মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটি এনেছেন তা খুবই সময়োচিত এবং এর অত্যন্ত প্রয়োজন ছিল। কিন্তু আমার কয়েকটি সন্দেহ আছে এবং আমি আশা করবো মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর ভাষণে সেই সন্দেহগুলি দূর করে দেবেন। প্রথমে আমি নাম থেকে বলছি। এর নাম হচ্ছে West Bengal Apartment (Regulation of Construction and Transfer) তার মানে যে এ্যাপার্টমেণ্টগুলি অলরেডি এক্জিসটিং আছে তার ট্রান্সফারের জন্য কি এই বিলটা এ্যাপ্লাই করে না? প্রশ্ন আছে। কেননা কালকেই আমরা একটা আরবান সিলিং প্রপার্টি রেজলিউসান পাশ করে সেণ্ট্রালের কাছে পাঠিয়েছি। ভিন্ন ভিন্ন ষ্টেট-এ সেগুলি অলরেডি এ্যাক্ট হয়ে গেছে। আরবান প্রপার্টি সিলিং হয়ে গেছে। আমি মনে করেছিলাম যে আমাদের এই রেজিলউসান আসার পরে হয়ত দেশে যারা স্পেকুলেটর আছে আরবান প্রপার্টি নিয়ে যারা ফাটকাবাজারী করেন, স্পেকুলেশন করেন তারা মনে করেন এই যদি সিলিং আসে তাহলে আমরা যে বিরাট আট্টালিকা করে বসে আছি লক্ষ লক্ষ টাকা মাসে আয় করছি এর উপরও তো সিলিং আসবে তাহলে একটা তাড়াহুড়ো লেগে যাবে এই এ্যাপাটমেণ্টগুলি তাড়াতাড়ি বিক্রি করে দেবার জন্য। সে সম্বন্ধে এই বিলটা এ্যাপ্লাই করে কিনা সেটা আমি জানতে চাই। তারপরে যে প্রশ্নটা আমার বন্ধু মাননীয় সদস্য ডিরোজ মহাশয় তুলেছেন সেকসান ২-এর কি প্রয়োজন ছিল আমি বুঝতে পারছি না। আমি মনে করি কোন একটা আইন আছে যেখানে এই অপসান দেওয়া হয়েছে যে যারা রেজিষ্ট্রি করবে এই এ্যাকসানের বাইণ্ডিং তাদের উপর হবে। যারা রেজিষ্ট্রার করবে না তাদের যা ইচ্ছে যেভাবে ইচ্ছে তারা বিক্রি করতে পারে, তারা যেভাবে ইচ্ছে এক্সপ্লয়েট করতে পারে, প্রফিটিয়েরিং করতে পারবে। তাদের উপর কোন বাধা থাকবে না। তাই যদি হয় অপসানটা যদি প্রমটারদের উপর থাকে তাহলে গভর্ণমেণ্টের বক্তব্যটা কি হচ্ছে? তারপর আপনি সেকসন ৪-এ দেখবেন যে উপধারাগুলি দিয়েছেন এ, বি, সি, ডি, ইত্যাদি, তাতে আমাদের একটা সংশোধনী গ্রহণ করেছেন তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি, এখানে রিটিন একটা ষ্টেটমেণ্ট থাকা

উচিত ছিল। কিন্তু এইগুলি, যে ষ্টেটমেণ্ট প্রমোটাররা করবে এর কোন চেকিং-এর ব্যবস্থা এই আইনের মধ্যে নেই। কোন এ্যাপ্রোপিয়েট অথরিটির যদি উল্লেখ থাকতো সেই ষ্টেটমেণ্টে তারা কি মেটিরিয়াল দিচ্ছে, কি প্ল্যানিং আছে, তারমধ্যে কিভাবে কনষ্ট্রাকশন হবে, সেটা যদি কোন জায়গায় একটা চেক হওয়ার ব্যবস্থা থাকতো তাহলে এই সেকশানটা আরো ভালকরে প্রয়োগ করা যেতো। তারপর শেষে আমি ঐ শাস্তি, যেটা সেকশন ৭-এ আছে, সে সম্বন্ধে আমার গুরুতর সন্দেহ আছে। যে দোষ করবে সে দোষের প্রতিফল কি হয় সেটাও দেখতে হবে। এটা মাইনর ফ্লাট হতে পারে, কোন একটা মাইনর ফ্লাট, মেটিরিয়ালের কোন কিছু হতে পারে যার জন্য বিশেষ ক্ষতি না হতে পারে, ধরা পড়ছে যে এটা যে স্পেসিমেণ্ট ছিল তার মত হয় নি। স্পেসিফিকেশন যা ডিক্লেয়ার করেছিল তার মত হয়নি। কিন্তু এমন একটা দোষ করে থাকে যারজন্য বিরাট ক্ষতি হতে পারে, একটা অট্টালিকা করেছে, খারাপ মেটিরিয়াল দিয়ে কনষ্ট্রাকশন করেছে, সমস্ত আট্টালিকা, সমস্ত ম্যানশনটা কিম্বা তার একটা পোরশন ধ্বসে পড়ে গেল যারজন্য যারা পারচেজার্স, যারা ওখানে বাস করে তাদের বহু প্রপার্টি ধ্বংস হয়ে গেল, হয়ত কিছু কিছু প্রাণও হানি হয়েছে, তার জন্যও কি ঐ বিধান থাকবে ফাইন টু দি এক্সটেণ্ট আপ টু টু থাউজ্যাণ্ট, তার বেশী হবেনা। হয়ত খুব একটা মাইনর দোষের জন্য ৫০ টাকাও ফাইন হতে পারে, ১০০ টাকাও হতে পারে, এক হাজার টাকাও হতে পারে কিন্তু দু'হাজারের বেশী হবেনা। যদি ৫০ জন লোকও মারা যায় তাহলেও ওর শাস্তি ঐ এক বছরের বেশী হবেনা। এত গুরুতর যদি দোষ করে থাকে তাহলে ঐ যে শাস্তির জন্য যে ক্লজটা আছে তা আরো একটু ইলাসটিক করা উচিত ছিল যে শাস্তি হবে property to the extent of the damage which is the result of that mischief. সেটা যদি হতো পেনাল কোডে বা এই আইনেও যদি এক্সটেণ্ড করে দিতেন যাতে এটা ডেটারেণ্ট হতে পারে। এটাতে যেন মনে হচ্ছে যারা ফাঁকি দেয় তাদের একটু প্ররোচনা দেওয়া হচ্ছে যে, হ্যাঁ, তোমরা ফাঁকি দাও, হয়ত দু'হাজার টাকা ফাইন হতে পারে, তোমার জেল নাও হতে পারে। এটাও হতে পারে 'অর' আছে। তাহলে ২০ হাজার টাকা ফাঁকি দিলাম কনষ্ট্রাকশনে, দু'হাজার টাকা ফাইন দিয়ে দিলাম তাতে কি এসে যায়। কলকাতা সহরে যেসব বাড়ীওয়ালা আছে, যে স্পেকুলেটারদের একটা বিরাট গোষ্ঠী আছে, তাদের কাছে এটাত বিশেষ কিছু নয়। একটা মস্ত বড় অট্টালিকা করে দিলো, লক্ষ লক্ষ টাকা ফাঁকি দিলো, তারপর আপনারা তাকে ধরে দু'হাজার টাকা ফাইন করে দিলেন, তাতে তার কি এসে যায়, ইট ইজ এ পার্ট অব দেওার স্পেকুলেশন। আমরা এটাও শুনেছি বহুবার যে ওয়াগন থেকে স্মাগলডস গুডস ধরা পড়ে, পুলিশ ধরে, আমরা শুনেছি যে পুলিশকে আগেই ওয়াগন থেকে যারা মাল পাচার করে তারা খবর দিয়ে দেয় যে অমুক ওয়াগনকে ধরে নাও ওখানে হয়ত ১০হাজার কি ২০ হাজার টাকার মাল আছে, পুলিশ ধরলো এবং তাদের নামও হল। কিন্তু এতে যারা স্মাগলার্স তাদের ব্যবসা থাকলো ব্ল্যাক মার্কেট করার, একবার ১০ হাজার টাকা দিয়ে দিলো গভর্ণমেণ্টকে এইভাবে এবং ব্যবসাও তাদের থাকলো। এইসব সুযোগ এখানে আছে। আমি লক্ষ লক্ষ টাকা লাভ করবার জন্য দু'হাজার টাকা ফাইন দিয়ে দিলাম তাতে কি আসে যায়। সেইজন্য এটা প্রোপর্স'নেট টু দি ড্যামেজ এইরকম আইন করলে যা লোকসান হয়েছে তার প্রোপরশনেটলি শাস্তি হওয়া উচিত। এই কয়েকটি কথা বলে মূল আইনে যা বক্তব্য রয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[ 4-35—4-45 p.m. ]**

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন আমি এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করি। আমরা যে সমাজতন্ত্রের কথা বলি,

সমাজতন্ত্রের কথা বললে বুঝি যে ভারতবর্ষে লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষ যাদের সংখ্যা শতকরা ৮০ ভাগ এই মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, শ্রমিক, মেহনতী মানুষ তাদের মঙ্গলের জন্য, কল্যাণের জন্য যে কাজ হবে সেই সেই কাজকেই আমি সমাজতন্ত্র বলে মনে করি। কাজেই এই যে মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত, যাদের শতকরা ৯০ ভাগ এই অঞ্চলের মধ্যে পড়ছে।

ভারতের শহরাঞ্চলে শতকরা ৯০জন মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তের নিজেদের সত্যিকার ওনারশিপ বলতে কিছু নাই। আজকে এইসব ভাড়াটিয়া মানুষদের ঘর দেবার কথা হচ্ছে, তারা যে ঘরের মালিক হবে এটা সত্যই খুব প্রগতির কথা এবং সমাজতান্ত্রিক পদক্ষেপ বলে আমি মনে করি। শুধু শহরে নয়, ভারতবর্ষের লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ আছে যারা হোমলেস যারা আণ্ডার ট্রি, গাছতলায় বাস করে, এইসব মানুষের বাড়ী নাই। শহরে দেখতে পাচ্ছি মানুষ ফুটপাতে থাকে, কাজেই এটা লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের সমস্যা। আজকে তাই এখানে যে গৃহনির্মাণ বিল পাশ হচ্ছে তাকে আমি সাদরে সমর্থন করি। এর সম্বন্ধে আমি কোন ক্রিটিসিজম বা সমালোচনা করতে চাচ্ছি না। তবে শুধু শহরে নয় যাতে পল্লীগ্রামে ঘরের যে সমস্যা সেই সমস্যার একটা সুরাহা হয় সেদিকটাও দেখতে বলি। আজকে অধিকাংশ মানুষ গ্রামে ভূমিহীন, দরিদ্র, এমন কি মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত যারা তাদের মাথা গুঁজবার উপযুক্ত ঘর নাই, ঘরের চালে খড় নাই, এবং তাদের যে বাড়ী বা ঘর আছে তাতে নিরাপত্তাবোধ নাই, এইসব ভাঙা বাড়ীতে তারা বাস করে, মুক্ত আকাশের তলায় বাস করে, আমি শহরের গৃহহীনদের জন্য যে পরিকল্পনা তাকে স্বাগত জানাই, কিন্তু গ্রামের মানুষের জন্যও পরিকল্পনা দেবার জন্য গুরুত্ব দিতে বলছি এবং সেইরকম একটা ব্যাপার এই হাউসে আসা উচিত বলে মনে করি। গত বন্যায় যখন লক্ষ লক্ষ বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছিল তখন বিল্ড ইওর ওন হাউস—নিজের হাতে গৃহনির্মাণ পরিকল্পনা পশ্চিমবাংলায় চালু করা হয়েছিল এবং এই সরকারই করেছিলেন। কাজেই মফঃস্বলে যারা গৃহহীন, যাদের টাকা পয়সা নাই, অর্থ দিয়ে যারা বাড়ী কিনতে পারেনা, এই রকম যারা নিঃস্ব মানুষ আছে তাদের জন্য পরিকল্পনা করে সরকারের একটা বিল আনা উচিত। আজকে যাতে গ্রামের লোকেরা নিজের হাতে বাড়ী তৈরী করতে পারে তারজন্য সরকার থেকে যেন মাল মশলা সিমেন্ট ইত্যাদি সাহায্য দেওয়া হয় সেদিকে লক্ষ্য রাখা উচিত। এই কথা বলে আমি এই বিলকে আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Bholanath Sen :** Mr. Speaker, Sir, I will give a short reply on some of the points that have been raised here. Certainly in this Bill there is a clause, namely, clause 2 which runs thus : "This Act applies only to an apartment, the promoter in respect of which executes and submits a Declaration before a Competent authority in such manner as may be prescribed that he intends to submit the property wherein the apartment is or is to be located to the provisions of the West Bengal Apartment Ownership Act, 1972." This is an important clause. Why I have done it ? It was not there in the Maharastra Act because this type of thing did not arise in the case of the people of Maharastra several years before the 1971 Act concerning the conferment of title came into existence. They were not aware of these requirements, of this declaration when they passed similar Bill as we are considering to-day. I have to strike a balance to-day between the demand of low-income group people and the middle-income group people for flats. There will be limitation of private resources and also the disinclination of the promoters to assist in providing houses or apartments for the middle-class people if a law is made in such a way as to be deterrent to them for constructing multi-storied buildings.

[4-45—4-55 p.m.]

Now, knowing the sentiment of this legislature if I would have made it

absolutely compulsory then construction of all the multi-storeyed buildings would have stopped. But I need houses, I need flats, and I have faith on the intelligence of the members of the public. They will be aware of the law, they will be aware that this Act will be obligatory only when the promoter files a declaration under the other Act. The other Act gives title to the property. The provisions of this Act will be obligatory if the declaration in the other Act is filed and registered under the Registration Act. Now, I am leaving it to the freedom or the intellect of the middle-class people, for whose benefit this Act is being made, whether they will insist on the promoter to file a declaration to give them title to the property or not. If they want to take it on rental basis, that is a different matter, but if they want to have a house with the title then they will have to have a declaration, I mean the promoter will have to file a declaration to give title to the purchaser of flats and as soon as he gives declaration to give title to the prospective purchasers of flats he immediately comes within this clause. This Act is complementary to the Act passed yesterday. This clause has created lot of deliberation whether it should be put in or not only because of the reason that should the House pass such an Act it will prevent the growth of the housing industry in a State which is ridden with the problem of accommodation for the middle-class. Now, the intending purchaser will compel the promoter, and it is a thing to be seen whether they compel or not, and I have no doubt in my mind that the citizens of West Bengal are clever enough to know their rights. Once this Bill is enacted they will compel the promoter and say, unless you file a declaration I am not going to buy a flat, I am not going to get this property, and the promoter will be forced to file a declaration if he wants to do business in this state. Now, we cannot compel a promoter to build 10-storeyed building and yet make him responsible for all these things simultaneously or send him to jail. That power we have not we cannot compel him to build a house because of the need of the house and I think that freedom should be given to the middle-class people to decide for themselves whether they will have a heritable title to the property and if they do that then the declaration will have to be filed and if the declaration is filed then the Penal Code will come. Hon'ble member Shri A. M. O Ghani, says whether it will apply in case of the house which is completed because this Act is a prospective Act, and any Penal Act under the general interpretation means a prospective Act and it does not give retrospective effect But the Act which had come yesterday, which was discussed yesterday will give benefit to the existing purchasers so that as soon as declaration is filed they get soon thereafter a proper form of title and they become the owner, but this Act will compel a promoter voluntarily, I mean out of sheer voluntary right of an intending purchaser—he will say I will not buy a flat unless you file a declaration, unless you come within this Act And he will go to somebody else and ask him to file a declaration and if the declaration is filed then all these provisions will apply and if the provisions are aplied there is no difficulty at all, namely, full disclosure with regard to nature of his interest has to be made, full disclosures of all encumbrances has to be made and it would be possible, if necessary, to mortgage the property. He will disclose and give inspection of the plans and specifications of the entrie building, disclose in writing the nature of fixtures, fittings, disclose in writing the particulars with regard to price of materials which have been or are proposed to be used in the construction of the building, to the intending purchasers. Complete freedom is there for the intending purchasers If the promoter files a declaration then the intending purchasers get the title and they get all the particulars of the land. If they do this voluntary thing possible building industry in this trouble-ridden State with regard to accommodation for the middle-class people, may flourish Then there are other aspects of the matter. The Honourable Dr. Ghani said that there

should have been a proportionate penalty namely, if the house has fallen out killing 50 peoples what will be the penalty ? This is within the ambit of the Acts. As everybody knows the penalty which is prescrided is the maximum and it can be awarded by the competent court. The penalty here is with regard to the breach of contract and not with regard to what happened subsquently after the contract has been completed.

Now, I shall deal with what the hohonrable member, Shri Aswini Roy, and other members have said, that is, there should be some provision with regard to employment of engineers, and Shri Roy has suggested inclusion of Co-operative of engineers and all that. I have been conscious in this regard. I am thinking of a plan which, if I am not wrong, Kerala has followed – it is to make a pilot plan for taking even students, especially engineering students, to do some work during the vacation. We have got Co operative of engineers. I have already given them larger benefits. We have got a scheme for unemployed engineers. This question is under consideration—why under consideration ? Actually we have gone very far and there is a general direction that wherever it is possible contract should be split up into small contracts so that people of smaller means can carry that type of work to the extent of Rs. 30,000 in one case, Rs. 25,000 in another case and all that. Wherever it is possible it will be done. With regard to further employment of engineers steps will be taken, that is, when contract will be given to the big contractors to the extent of one crore or more, they will have to employ the engineering students, otherwise they will not get the contracts. They will have to employ the engineering students if they want contract in my own department and my department is conscious that we have to make some provisions for these engineers in the State and we have to give them a good prospect in life, and if we do not given them a good prospect in life our country cannot prosper because our country needs engineers. Now I think I should not say anything else in this regard. I have done these things but it is not a subject-matter to-day. The scope of the Bill does not envisage that sort of a thing. That is a matter of policy, that is a matter how the work has to be carried out. Our Government is anxious for all these problems, about the unemployment problem. I am conscious of my own problem, engineers' problem and am trying to do whatever is possible at the moment and I hope to do more and, in fact, the engineers are always in my mind.

[ 4-55—5-05p.m. ]

When I was thinking of Clause 2, I made it not obligatory but left it to the freedom, goodwill and consecence of the promoters and vis a-vis the flat owners or the prospective purchasers because if we stop the house building industry, the engineers will be unemployed. We cannot do anything of that sort. We have got to find employment for these engineers. Wherever I go I have seen, and even in the villages also you will be surprised to know the number of qualified engineers. These Licenciate engineers and Degree holders too are lying idle. These brilliant boys have not got any employment. So they are my headache and they are my concern as of anybodyelse. This is one of the main reasons why clause 2 has been put in this way Both you and I will be here for at least five years and if there is any difficulty that clause may be rec nsidered later on. But I have the feeling that we should strike the means so that everything can go on smoothly.

Now, something has been said regarding good materials being assured. Well, good materials cost good money. It may be that a person who earns Rs. 1,500/- per month will like one material and that a person earning Rs. 600/- a month will like another material because it is cheaper. It is not a question of use of good materials but is a question of disclosing to the purchaser

certain things for which he is paying the money. That is the object of the Act so that he is not cheated. It is essentially and basically a criminal Act, a penal Act so that the man who commits a default goes to the Jail straightway. This doos not prevent other laws. Right to damages is there and I am not taking that away. Breach of contract is there and I am also not taking that away. Other criminal laws are there which also I am not taking away. It is only an additional protection given to the poor man who cannot afford the luxury of litigation. It is for that purpose and I am sure, being in the profession for many years, that generally speaking a promoter or a businessman or a man with a little bit of self-respect—if he has got any self-respect - will treat one day's imprisonment under the Act to be one year's imprisonment because of the black spot. Of course, one can say that deterrent punishment should be there. This is what we have done After all, we are not a static body and if the things change we may also change. But that is a different matter. Wo have to strike the means

I think that there is one thing that has been said about the execution of the Act, that is, there should be somebody to check whether these things are correct or not. I think ample provisions is here. The purchaser has every right to go into these documents and if there is any default he can complain, and upon his complaint prosecution may start and for any difficulties Clause 12 is there. It reads, "If any difficulty arises in giving effect to the provisions of this Act, the State Government may make such order or do such thing, not inconsistent with the provisions of this Act, as appears it to be necessary or expedient for removing the difficulty."

Sir, that is all that I have got to say, and I am sure, our undoubted interest being for the benefit of the middle-class people and lower-middle-class people there will be no difficulty in carrying out that work as long as we are in power.

Thank you, Sir.

The motion of Shri Bholanath Sen that The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972, be taken into consideration. was then put and agreed to.

**Clause 1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Mr. Speaker :** There is one amendment to clause 3 by Shri Aswini Roy. The amendment is in order. I now call upon Shri Aswini Roy to move.

**Shri Aswini Roy :** Sir, I am not moving the amendment.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4**

**Mr. Speaker :** There are two amendments to clause 4. The amendments are in order. I now call upon Shri Sisir Kumar Ghosh to move.

**Shri Sisir Kumar Ghosh :** Sir, I beg to move that in clause 4(a), in line 1, after the word "disclosure" the words "in writing" be inserted.

Sir, I also beg to move that in clause 4(b), in line 1, after the word "disclosure" the words "in writing" be inserted.

**Shri Bholanath Sen :** *Sir, I accept both these amendments.*

*The motion of Shri Sisir Kumar Ghosh that in clause 4(a), in line 1, after the word "disclosure" the words "in writing" be inserted, was then put and agreed to.*

The motion of Shri Sisir Kumar Ghosh that in clause 4(b), in line 1, after the word "disclosure" the words "in writing" be inserted, was then put and agreed to.

The question that clause 4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 5 to 12 and the Preamble

The question that clauses 5 to 12 and the Premable do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bholanath Sen :** Sir, I beg to move that the West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Discussion on Matter of Urgent Public Importance for Short Duration

**শ্রীগঙ্গাধর প্রামাণিক :** মিঃ স্পীকার স্যার, আমাদের রুরাল এরিয়ার জন্য গ্রাচুইটি রিলিফ এবং টেষ্ট রিলিফের যে টাকা বরাদ্দ করা হয়েছে সে সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এর আগে হাউসে একদিন যে ষ্টেটমেণ্ট করেছিলেন এখন তার থেকে তিনি বাড়িয়েছেন। কিন্তু যেটা তিনি বাড়িয়েছেন আমার মনে হয় সেটা অত্যন্ত কম। এটা সর্ববাদীসম্মত যে মানুষের জীবনের ইজ্জত এবং ধর্ম বিশ্বাস সুরক্ষিত না হলে সাধারণ মানুষ এই কাজ করতে মম থেকে সাড়া পায় না। সেই কারণে আমাদের সাধারণ মানুষ আজকে রাজনৈতিক স্থিরতা এনে দিয়েছেন।

[ 5-05—5-15 p.m. ]

আমাদের সাধারণ মানুষ যখন আজকে অর্থ নৈতিক উন্নতি, সামাজিক উন্নতির পথ পরিষ্কার করে দিয়েছেন তখন সেই সাধারণ মানুষের সর্বধিক উন্নতি করার দায়-দায়িত্ব আমাদের উপর এসে পড়েছে এবং এটা করা আমাদের পবিত্র কর্তব্য বলে আমি মনে করি। এই কথা আমাদের মনে রাখতে হবে খোরাক, পোষাক, বাসগৃহ ইত্যাদি সুখী জীবনের জন্য যেমন প্রয়োজন কাজেরও ঠিক ততখানি প্রয়োজন প্রত্যেকটি মানুষের আছে। কাজ ভিন্ন মানুষ সুস্থ্য, স্বাভাবিক জীবন যাপন করতে পারে না। সেইজন্য দেশের প্রত্যেকটি মানুষের জন্য কাজেব সংস্থান করা একান্ত আবশ্যক। স্পীকার স্যার, আপনি জানেন যে আজকে আমাদের এই কলকাতা শহরে যে সেক্রেটারিয়েট আছে সেখানে মন্ত্রীরা বেশীরভাগ সময়ই বসেন এবং শহরের মানুষের দাবীদাওয়া, সেখানকার ইমপ্রুভমেণ্ট জন্য তাদের কানে কোলাহল ওঠে, ডিমনেষ্ট্রেসন দেওয়া হয়, নানা রকম অভিব্যক্তি মানুষের মুখ থেকে এই শহরে বেরোয়, যাতে মন্ত্রীরা অত্যন্ত বিব্রত হন। সেই কারণে তারা যাতে শান্তি-সস্তিতে রাইটার্স বিল্ডিংসে বসে এ্যাডমিনিষ্ট্রেশন চালাতে পারেন এবং শহরের ভিন্ন ভিন্ন জায়গায় সভা ইত্যাদি করতে নিশ্চিন্তে যেতে পারেন তারজন্য এই কলকাতার শ্রীবৃদ্ধির জন্য, কলকাতার সামগ্রিক উন্নতি করার জন্য কোটি কোটি টাকা তারা নিয়োগ করছেন। কিন্তু একবারও তারা ভেবে দেখছেন না যে আজকে আমরা যারা গ্রামাঞ্চল থেকে প্রতিনিধি নির্বাচিত হয়ে এসেছি তারা যে এই সরকারের একটা অঙ্গ, আমার নিজের ধারণা তারা এটা বিশ্বাস করেন নি এবং সেদিকে তাদের কোনরকম ধ্যান ধারনা নেই। আজকে গ্রামের যে সর্বাঙ্গীন উন্নতি দরকার, সেখানকার

মানসিক পরিবেশ আরো উন্নত করা দরকার, সেখানকার মানুষ যারা দিন-রোজগার করে, চাষের অবকাশের সময় তারা জীবিকা নির্বাহ ভালভাবে করতে পারে তার ব্যবস্থা যে করা দরকার, সেটা তারা কোনদিন মনে স্থান দেন নি, যারজন্য সেখানে আজকে কোন কাজের ব্যবস্থা নেই। এই কথা ঠিক যে সমস্ত ইনডাষ্ট্রিয়াল বেল্ট আছে সেখানে মানুষের দৈনন্দিন কাজের ব্যবস্থা আছে। কিন্তু যেখানে পাসয্যালি চাষ হয় অর্থাৎ চার মাস মানুষ যেখানে চাষের কাজ ব্যবহৃত করে এবং বাকিটা সময় যেখানে তাদের কোন কাজের সংস্থান থাকে না সেখানে তাদের কাজ দেবার কোন ব্যবস্থা নেই। আমার নিজের ধারণা এই গ্রামের মানুষের চাষ করার পরে যে সময় থাকে সেই সময়ে তাদের কোন কাজের সংস্থান করা একান্ত দরকার, এই সিসটেম চালু করা দরকার। গ্রামের রাস্তা, গ্রামের ক্যানাল ইত্যাদি কাজ টেষ্ট রিলিফের মাধ্যমে করা হত এবং তারজন্য এর আগে অনেক দরকারী স্কীম করা হত এবং সরকার তার ব্যবস্থা করতেন। কিন্তু গত ৪ বছর ধরে বাংলাদেশের বুকে যে রাজনৈতিক অস্থিরতা চলে এসেছে তাতে কোন কল্যাণকর কাজ করা সম্ভব হয়নি। এই না হবার দরুন গ্রামের মানুষ অত্যন্ত দুরবস্থার মধ্য দিয়ে চলেছে এবং তাদের নানা রকম সামাজিক উন্নতি সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে। যুক্তফ্রন্ট সরকারের বিশৃঙ্খলা শাসন পরিচালনার জন্য সরকারের ছোট বড় কর্মচারীরা সমস্ত কাজের বিলম্বিত লয়ে চলেছিল এবং দুর্নীতির আশ্রয় নিয়েছে। সৌজন্যের কোন বালাই নেই, সামাজিক প্রশাসনিক কাজে স্বাধীনতার অভাবের জন্য সরকারের অন্যান্য কাজের ব্যবস্থা থাকলেও গ্রামের সেই সমস্ত কাজের উন্নতি বিধান করবার কোন ব্যবস্থা ঠিক সময় মত হয়নি, যার জন্য চাষীদের অনেক ক্ষতি হয়েছে। তারা সময় মত কাজ পায় না, সময় মত ক্যাটেল লোন পায় না, সময় মত সাহায্য করার যে ব্যবস্থা আছে সেগুলি পৌছায় না। এই সমস্ত কারণে গ্রামে আজকে সামাজিক অব্যবস্থা দেখা দিয়েছে। এর একটা সম্পূর্ণ পরিবর্তন করা দরকার হয়েছে। সেইজন্য আমি মন্ত্রীমণ্ডলীর কাছে নিবেদন করবো সহরতলীর কাজের সাথে সাথে গ্রামের যতটা সম্ভব লোকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হোক এবং টেষ্ট রিলিফের মাধ্যমে যে জি. আর দান করা হচ্ছে এটা আমাদের অত্যন্ত পবিত্র কর্তব্য পালন করা হচ্ছে, যার ফলে আজকে গ্রামের মানুষ কাজে লিপ্ত থাকতে পারবে যে সময় তাদের হাতে চাষের কাজ থাকবে না। যে সমস্ত ছোট ছোট খাল ইরিগেসন ডিপার্টমেণ্ট থেকে কাটা হয়, কাঁচা পাকা রাস্তা যে সমস্ত হয়, যেগুলি পি ডবলিউ. ডি. ডিপার্টমেণ্ট করেন, এই সমস্ত কাজে গ্রামের লেবারদের যদি নিয়োগ করা হয় তাহলে আমার মনে হয় টেষ্ট রিলিফের যে টাকা বরাদ্দ আমাদের রিলিফ মিনিষ্টারের হাতে আছে তার থেকে অনেক বেশী কাজ করাতে পারবেন। সেইজন্য মন্ত্রীমণ্ডলীর কাছে আমার বিনীত অনুরোধ গ্রামের দিকে তাকিয়ে আপনি এই সমস্ত কাজগুলি করুন। স্যার, আপনি জানেন বিগত ৪/৫ বছরে গ্রামে কোন রকম টেষ্ট রিলিফের কাজ হয় নি। সেইজন্য আজকে মানুষ অত্যন্ত অধীর, অশান্ত হয়ে পড়েছে। এই অশান্ত মানুষকে শান্ত করতে হলে গ্রামে আজকে ব্যাপকভাবে টেষ্ট রিলিফের কাজে আত্ম নিয়োগ করতে হবে। তাই গ্রামের মানুষরা আজকে যে অশান্ত জীবন যাপন করছেন তাদের সেই শান্ত-জীবনকে স্বাভাবিক ফিরিয়ে আনতে গেলে কাজের ব্যবস্থা করা অত্যন্ত দরকার। এটাই হচ্ছে আমাদের মরাল রেসপনসিবিলিটি অব দিস হাউস এবং মাননীয় স্পীকার মহোদয়ও আমার সঙ্গে একমত হবেন যে আজকে ব্যাপকভাবে গ্রামে টেষ্ট রিলিফের কাজ বাড়ানো দরকার। আমি নিজে রিলিফ মিনিষ্টারের সঙ্গে কথা বলে দেখেছি এই সমস্ত কাজ করার জন্য যে পরিমাণ টাকা দরকার সেই টাকা বরাদ্দ করা হয় নি। স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বহু টাকা দিয়েছেন আমাদের নির্দিষ্ট অনেক ডেভেলাপমেণ্ট

কাজ করার জন্য এবং এটা ঠিক যে এই সমস্ত ডেভেলাপমেণ্ট কাজ নিশ্চয়ই একদিনে শেষ হয়ে যাবে না। এতে হয়ত আমাদের ৩।৪।৫ বছর সময় লাগবে। কাজে কাজেই সত্যি যদি সরকারের টাকার অভাব হয়ে থাকে অন্যান্য হেড থেকে টাকা ট্রান্সফার করে নিয়ে কাজ করুন এবং আমার মনে হয় তাহলেই আমাদের সেই উদ্দেশ্য সফল হবে এবং গ্রামীন অর্থনীতিতে আমরা কিছুটা সাহায্য করতে পারব।

[5-15—5-25 p.m.]

আর একটা জিনিষ বন্যার জন্য এবং অজন্মার জন্য এবং গ্রামে মেডিক্যাল হেল্‌প এত ইনসাফিসিয়েন্ট, এত ইররেগুলার যে মানুষ রোগে ভুগে জর্জরিত হয়ে পঙ্গু হয়ে পড়েছে। আগে জি. আর. ২ পার্সেণ্ট ছিল, আমি আবেদন করব আজকে যদি ৫ পার্সেণ্ট জি. আর. করা হয় তাহলে আমার মনে হয় দেশের যা অবস্থা সেই অবস্থার কিছুটা আমরা মোকাবেলা করতে পারব। যে টি. আর. চালু ছিল সেই টি. আর.-এর কাজ বহু জায়গায় বন্ধ হয়ে গেছে এবং ডিসট্রিক্ট ম্যাজিষ্টেটরা বলছেন টি. আর.-এর গম পান নি বলে যে সমস্ত আনফিনিস্‌ড জব পড়ে আছে সেগুলি ফিনিস করতে পারছেন না। সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আমার নিবেদন যে টি. আর.-এর গম কখন পাওয়া যাবে তারজন্য অপেক্ষা না করে ফুড কর্পোরেশানের যে গম আছে সেই গম থেকে ট্রান্সফার করে এই কাজগুলি করান হোক এবং তারপরে টি. আর.-এর গম পাওয়া গেলে সেগুলি এ্যাডজাস্ট করা যাবে। তাছাড়া কেন্দ্রীয় সরকার ক্যাস প্রোগ্রাম করে বহু টাকা দিয়েছেন। যে সমস্ত এলাকা বন্যা বিধ্বস্ত, যেসমস্ত এলাকায় একটা ফসল হয় যেমন সুন্দরবন, পুরুলিয়া এই সমস্ত জায়গায় যাতে ক্যাস প্রোগ্রাম ব্যাপকভাবে করা যায় তার ব্যবস্থা করা হোক। সুন্দরবনের অবস্থা প্রায় সকলেরই জানা আছে। গত দুই বছর ধরে সুন্দরবনের চাষীদের অবস্থা শুনলে আশ্চর্য হয়ে যাবেন। গত বছর এবং তার আগের বছর তারা ভাত খেতে পায়নি বলে ঘাসের বীজ চিবিয়ে চিবিয়ে খেয়েছে। আমি বলব সুন্দরবন এবং পুরুলিয়ায় ২ হাজার লোকের ডেলি যাতে টি আর-এর ব্যবস্থা যাতে করা যায় সেই ব্যবস্থা যেন মন্ত্রিমহাশয় করেন। ২৪-পরগণার মত বড় বড় জেলাগুলিতে একা ডিসট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের পক্ষে সমস্ত কিছু দেখা সম্ভবপর নয়। কাজেই এস ডি. ও.-র হাতে যদি দায়িত্ব দেওয়া যায়, টাকা দেওয়ার ব্যবস্থা করা যায় তাহলে টি. আর. এবং জি. আর খুব তাড়াতাড়ি সম্পন্ন হয়ত পারবে। পরিশেষে, মন্ত্রিমহাশয়রা প্রায়ই বলেন এবং এর আগেও বলেছেন দু'একজন মন্ত্রী যে দেশের সামগ্রিক উন্নতি করতে গেলে খালি মন্ত্রীদের দায়িত্ব নেই, সমস্ত সভ্যের দায়িত্ব আছে। আমরা সেই কথা মেনে নিচ্ছি যে রুরাল এলাকার প্রতিনিধিদের দায়িত্ব আছে, কর্তব্য আছে। সে সম্পর্কে আমি মন্ত্রীমহাশয়কে ওয়াকিবহাল করে দিলাম, আজকে আমরা দেখব সেই মন্ত্রীদের কাছে পূর্ণ সহযোগিতা পেয়ে আমরা রুরাল এলাকার সর্বৈব উন্নতি যাতে করতে পারি সেদিকে তাঁরা সাহায্য করবেন। আমি আর একবার নিবেদন করছি মন্ত্রীমণ্ডলীকে যে রুরাল এলাকা সম্পর্কে তাঁরা সচেষ্ট হোন যাতে সেখানকার অর্থনৈতিক সমস্যার সমাধান করা যেতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়ের উপর মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিক মহাশয় মোশান মুভ করেছেন আমি তাঁর বক্তব্যের মধ্যে কয়েকটি বক্তব্য রাখতে চাই এইজন্য যে আমাদের মন্ত্রীসভা এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী অন্ততঃপক্ষে একটু সজাগ হবেন যে সজাগ এবং সচেতনার ফলে সাধারণ মানুষের জীবনের দুঃখ এবং দুর্দশা আরো বেশী অতি মাত্রায় না বাড়ে। আমি আপনার কাছে এই প্রসঙ্গে দু'একটা কথা তুলে ধরতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের এই পশ্চিমবাংলায়

মোটামুটি বিগত কিছুদিন ধরে একদিকে যেমন অতিবৃষ্টি আর একদিকে তেমনি অনাবৃষ্টি দ্বিবিধ কারণ দেখা দিয়েছে। অতিবৃষ্টি এবং ফ্লাডের জন্য পশ্চিমবাংলা সরকার ইতিমধ্যে অন্ততঃপক্ষে তিনটি জেলাকে বন্যা বিধ্বস্ত বলে ডিক্লেয়ার করেছেন এবং কতকগুলি জেলা বন্যা বিধ্বস্ত, সেখানে ষ্টিনজেন্ট মেজার নেবার জন্য তাঁরা চেষ্টা করছেন এবং এরমধ্যে দেখা যাচ্ছে খবরের কাগজ এবং আমাদের অনেক বন্ধু-বান্ধবের সঙ্গে আলোচনা করে যে আমাদের পশ্চিমবাংলার পশ্চিম অঞ্চল পুরুলিয়া এবং বাঁকুড়ায় ইত্যাদি যে সমস্ত অনগ্রসর জায়গা, পার্বত্য জায়গা, সেই সমস্ত জায়গায় খরা চলছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত কিছুদিন আগে যখন ফ্লাড হয়েছিল তখন পশ্চিনবাংলায় যে রিলিফ মেজার নেওয়া হয়েছিল তাতে বলেছেন যে আমি ইকনমিক রিভিউর ১৯৭১-৭২ সালের থেকে পড়ছি তাতে বলা হয়েছে It is stated that in the year 1971 flood affected more than 10 million of people. Four lakhs of houses were estimated to have been collapsed with more 3 lakhs largely damaged and 10 lakh hectares of agricultural land damaged. Heavy and continuous rains caused this flood. High discharges coming down the Damodar and other rivers due to release of huge volume of water from the D. V. C and other dams added to the intensity of flooding. Almost all the districts which were subjected to floods in 1971 were affected by floods during the last three years also. The State Government has spent Rs. 18.60 crores towards relief measures in different flood-hit districts of the State up to Decemebr 1971. Government of India's sanctioned loans towards flood relief so and so. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছিলাম যে ফ্লাডের যে মেজার নেওয়া হয়েছিল সেটা আমরা সকলে জানি। এই দুর্দশাগ্রস্ত অবস্থা যখন আসে তখন টু কমবাট দি সিচুয়েসান গভর্ণমেণ্টকে সব সময় এলার্ট থাকতে হয়, গভর্ণমেণ্টকে কাজে লাগতে হয়। এরপর যে রিপোর্ট পেয়েছিলাম তাতে দেখেছিলাম প্রত্যেক জেলার হিসাব করে, ত্রানমন্ত্রী মহাশয় সেকেণ্ড যে যেটা আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে ১৫ লক্ষ ৮৫ হাজার ১২০ টাকা বাংলাদেশকে উনি মঞ্জুর করেছেন। আমি মুর্শিদাবাদ জেলার হিসাব করে দেখলাম যে কত করে পড়ে। এক একটি অঞ্চলে ৪৭৪ টাকা করে পড়ে। যে টাকা সাংসন হয়েছে কিছুদিন আগে ২ পারসেণ্ট পার থাউজেণ্ড জি, আর, দেওয়া হত, এখন দেওয়া হচ্ছে হাফ পারসেণ্ট। অর্থাৎ ১০০-র মধ্যে আধখানা এই অবস্থা চলেছে। তাহলে কি করে সমস্যার সমাধান হবে আমি বুঝতে পারছি না। ৪৭৪ টাকা যদি অঞ্চল পিছু ত্রাণমন্ত্রী মহাশয় দেন তাহলে গত এক ফরটনাইট কিছুই বলতে গেলে দেওয়া হবে না।

কাজেই এই অবস্থার G. R.-এর কথা বলতে গিয়ে আমি মন্ত্রিমহাশয়কে ২১১-টি suggestion দেব। Flood-এর পর এখনও কোন flood crop আসেনি, droght-এর এর এখনও কোন crop তারা পায়নি। এই অবস্থায় আপনারা যে কাজ করতে যাচ্ছেন তাতে অসহায় মানুষকে কোন রকম ত্রাণ কার্য্য দিতে পারছেন না। এ বিষয় আমি একটা suggestion দিতে পারি। ত্রাণ কার্য্যে relief manual operation-এর বেলায় যে process আছে সে সম্বন্ধে বলব। এতে পঞ্চায়েৎ থেকে B. D. O., B. D. O. থেকে S. D. O., S. D. O. থেকে D. M. এইভাবে test relief scheme-এ D. M.-এর sanction নিতে হয়। কিন্তু এইভাবে process-এর বিলম্ব না করে D.M. তার disposal থেকে B. D. O.-কে টাকা দিন এবং B. D. O.-কে authorise করুন To dispose of and finalise the relief schemes, either test relief or G. R. এবং এই

amount আপনাদের বাড়াতে হবে। তবে মন্ত্রিসভা শুনছি নাকি আমাদের এই প্রস্তাব গ্রহণ করেন নি। আমরা Cabinet-এর মধ্যে নেই জানি না সঠিক খবর। কিন্তু মন্ত্রিসভার কাছে আবার অনুরোধ করি এই অবস্থার face করতে হলে আমাদের আরও টাকা বাড়াতে হবে। Flood-এর সময় যারা affected হয়েছে তারা House Building Grant পায়নি। আজও T. R.-এর কাজ ভালভাবে হচ্ছে না, C. P. Loan পায় নি। এই অবস্থার কথা বারবার mention এবং House বক্তৃতার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বের মন্ত্রিমহাশয়দের কর্ণকুহরে তা প্রবেশ করছে না। গাঁয়ে একটা কথা আছে "পিঠে বেঁধেছি কুলো, কানে দিয়েছি তুলো"—এমন অবস্থার মধ্যে ওঁদের যতই বলুন ওঁদের কর্ণকুহরে কিছুই প্রবেশ করবে না। তাই মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করবো ৪৭৪ টাকা দিয়ে কি relief-এর কাজে করবেন? আপনারা ৫ লক্ষ টাকা দিয়েছেন T. R.-এর জন্য। গ্রামের মানুষের কথা বলতে গিয়ে সময় চাওয়ার দরকার ছিল। কিছু data দিয়ে বলা হল না। আমার কাছে যে তথ্য ছিল সেই তথ্য মন্ত্রিমহাশয়ের কাছে রাখা গেল না। এখানে per unit বাড়াতে হবে, G. R.-এর অঙ্ক বাড়াতে হবে এবং G. R. up to the period of harvesting দিতে হবে। এখন অনেক এলাকা আছে যেখানে কোন crop নেই। Harvesting time পর্যন্ত relief operation চালাতে হবে। যতক্ষণ বৃষ্টি না হচ্ছে ততক্ষণ T. R.-এর measure নিতে হবে। যখন বৃষ্টি নাববে তখন G. R. ভালভাবে দিতে হবে এবং G. R.-এর percentage to combat abnormal situation-এ যা দরকার তাই দিতে হবে। এরজন্য মনে করি এই মন্ত্রিসভা আর্থিক বছরে ভালভাবে টাকা মঞ্জুর করে সারা পশ্চিমবাংলার মানুষের দুর্দশা লাঘব করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আপনি যে সময় দিয়েছেন তারজন্য আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

[ 5-25—5-35 p.m. ]

**শ্রীসুধীর চন্দ্র দাস:** স্যার, বিষয়টা খুব গুরুত্বপূর্ণ। গ্রামাঞ্চলে যে অবস্থা হচ্ছে তাতে বিষয়টা একটু ভালভাবে আলোচনা করার সুযোগ দেবার জন্য আবেদন করছি।

**Mr. Deputy Speaker:** Mr. Das, I request you to please take your seat. I have already informed you that the Business Advisory Committee has allotted 2 hours time. There is a list of about 30 members who want to take part in this debate. Under the circumstances we must finish this business within 2 hour's time. So, how can I give much more time to any of the speakers.

**শ্রীশরৎ চন্দ্র দাস:** On a point of previleg Sir, ব্যাপারটা হল কয়েকটা বিলে আলোচনার সময় ১ ঘণ্টা করে সময় অতিরিক্ত করে দেওয়া হল। স্যার, প্রয়োজনে আপনার time দেওয়ার কোন আপত্তি নেই। এটা non-official member-এর ব্যাপার এবং এটা very impertant matter, লোকে চাল, খাবার পাচ্ছে না। ১ ঘণ্টা time বাড়িয়ে দিতে কোন আপত্তি নেই। যদি দরকার হয় আমরা রাত ১০টা পর্যন্ত থাকবো। আপনি না হয় এক ঘণ্টা time বাড়িয়ে দিন।

**Mr. Deputy Speaker:** That is not a point of previlege. I may just you that according to rule 290 the Speaker may, after taking the sense of the House extend the time up to one hour if the House so agree. Then of course we can extend the time. According to rules we can extend the time for this particular motion only for half hour.

**Sri Abdul Bari Biswas:** On a point of order, Sir. আপনি দেখুন প্রতিদিন ৮।৯

পর্যন্ত ক্লাস করার মতো করছি। এখানে আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হচ্ছে। আপনি সুযোগ দিন।

**Mr. Deputy Speaker** : According to rules even if the House argeed I cannot extend time more then half an hour from the schedule—that is, 2 hours schedule, half an hour can be extended.

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** আমাকে একটু সময় দিন স্যার। সব ভাল যার শেষ ভাল।

**Mr. Deputy Speaker** : There are other members who want to speak. Now I call upon Shri Sarafat Hossaion to speak

**Shri Sheikh Sarafat Hussain** .

जनाव डिप्टी स्पीकर सर, मैं आपके माध्यम से जनाव रिलीफ मिनिस्टर साहव का ध्यान आकर्षित करना चाहता हूँ। मैं टी० आर०, जी० आर० सिस्टम के वारे में कुछ कहना चाहता हूं। मौजूदा सिस्टम में कोई स्कीम की मंजुरी वहुत ही लेन्दी है। पहले किसी स्कीम को अंचल पंचायत से पास कराना पढ़ता है। उसके वाद वी० डी० ओ० से और उसके वाद एस० डी० ओ० से पास कराना पड़ता है। उसक बाद डिस्ट्रिक मजिस्ट्रट से पास कराना पड़ता है। इस तरह से एक स्कीम को पास कराने में वहुत ज्यादा समय लग जाता है। डिस्ट्रिक्ट मजिस्ट्रेट का अप्रूभल पाने के वाद एस० डी० ओ० के पास भेजा जाता है। और फिर वी० डी० ओ० के पास जाता है। इसके वाद काम स्टार्ट होने होते इतना टाइम लग जाता है। कि जो स्कीम पास हो जाता है, उस स्कीम को इम्प्लीमेन्ट होते होते वरसात का सीजन आजाता है और वह स्कीम इम्प्लीमेन्ट नहीं पाता है। इसलिए मौजदा सिस्टम को चेन्ज करना वहुत ही जरूरी है।

इस सिलसिले में मेरा सजेशन यह है कि डिस्ट्रिक्ट मजिस्टेट को फाइनल एथाटी न करके वी० डी० ओ० के फाइनल एथाटी किया जाय। अभी जो फुड एण्ड रीलीफ कमेटी वनी है, वह फाइनल एथाटी हो ताकि काम जल्दी से हो सके। ये भी देखा गया है कि अभी जो सिस्टम है, उसमें डिस्ट्रिक्ट मजिस्टेट और वी० डी० ओ० के रिकमेण्डेशन लेने में काफी टाइम लग जाता है। इससे वहुत वड़ी असुविधा होती है। जिसकी वजह से कोई टी० आर० स्कीम सक्सेसफुल नहीं हो सकता है। क्यों कि कोई स्कीम पास होते-होते, वरसात का समय आजाता है और फिर काम नहीं हो सकता है। इसलिए इस मौजूदा सिस्टम को चेन्ज करना चाहिए। यह सिस्टम जो फुड एण्ड रिलीफ कमेटी वन रही है, उसके थ्रू से होना चाहिए। ऐसा करने से लोगों को काम भी मिलेगा और दिक्कतें भी दूर होंगी।

मिस्टर डिप्टी स्पीकर सर. मैं आपके माध्यम से खास करके वेस्ट दिनाजपुर के वोट में कुछ कहना चाहता हूं। वेस्ट दिनाजपुर के लिए कुल ७१ हजार ४० रुपया दिया गया है, जो कि बहुत ही कम है। हिसाब करके देखा जाता है कि प्रत्येक ब्लाक के पीछे पाँच हजार रुपया पड़ता है और और प्रत्येक अंचल के पीछे सिर्फ ६२५ रुपया पड़ता है। जो बहुत कम रुपया है। इसलिए मैं डिपार्टमेन्टल मिनिस्टर साहब की नजर में यह लाना चाहता हुं कि ऐक अंचल को सिर्फ ६२५ रुपया देने से कुछ भी काम नहीं छेगा। इस अंचल का कुछ भी मल्य नहीं हो सकता है। इसलिए में रिलीफ मिनिस्टर साहब से दरखास्त करूंगा कि वेस्ट दिनाजपुर के लिए टी० आर० स्कीमके अण्डर रिलीफ के लिए कुछ और रुपया बढ़ावें, क्यों जाई यह ऐक ऐसा इलाका है, जहां कोई फैक्टरी नहीं है। वहां पर कोई बड़ी मिल नहीं है। इसलिए वहां के मजदूरों को भूखा रहने का समय आ जाता है। अगर कुछ और रुपया नहीं बढ़ाया गया तो वहां के मजदूरों और गरीबों के बड़ी दिक्कतें उठानी पड़ेगी। उन्हें ३-४ टाइम न खाकर भूखा रहना पड़ेगा। इसलिए मैं मंन्त्री महोदय का ध्यान आकर्षित करना चाहता हुँ कि वेस्ट दिनाजपुर में रिलीफ की बहुत जरूरत है, इसके लिए आप कुछ और रुपया बढ़ा हैं।

मिस्टर डिप्टी स्पीकर सर, यही कह कर मैं आपका शुकिया ऊदा करके बठ जाता हूँ।

[ 5-35—5-55 p.m. ]

**শ্রীমনোরঞ্জন প্রমাণিক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য গঙ্গাধর প্রামানিক মহাশয় টি. আর- এবং জি. আর. সম্বন্ধে যে প্রস্তাব এনেছেন তা অত্যন্ত সময়োপযোগী এবং পশ্চিমবাংলার লোক আজকে একটা ভয়নক ভয়াবহ অবস্থার মধ্যে চলেছে। গ্রামের গরীব মানুষদের মাথার উপর আচ্ছাদন নেই। দুধ ভাত তো দূরের কথা নুন ভাত পর্যন্ত খেতে পায়না। অন্ন নাই, বস্ত্র নাই, এইরকম প্রকট খরার মধ্যে গ্রামের গরীব মানুষেরা জীবন যাপন করছে। এই গ্রামের মানুষেরা ভিক্ষা চায় না' কাজকরে পয়সা রোজগার করতে চায়। তাই আমি সরকারের কাছে আবেদন করছি যে সরকার অধিকাংশ টি. আর. চালু করে অতি সত্বর টি. আর-এর মাধ্যমে নতুন নতুন রাস্তা করুন, এবং পুরাতন রাস্তার সংস্কার করুন। এই টি. আর. প্রথা যেটা বর্তমানে চালু রয়েছে তার মধ্যে কতকগুলি ক্রটি আছে, সেগুলি সম্বন্ধে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমতঃ টি. আর-এর মাধ্যমে গম দেওয়া হয়, চাল দেওয়া হয় না। গ্রামের গরীব মানুষ দুইবেলা ভাত খেতে চায়, তাছাড়া সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করে গম ভাঙাতে যাবার সময় কোথায় তাদের? আবার এমন অনেক জায়গা আছে যে কাছাকাছি কোথাও গম ভাঙানোর কল পর্যন্ত নাই। সুতাং তাদের গমের পরিবর্তে চাল দেওয়া দরকার। টি. আরের কাজ তদারক করবার জন্য অনেক ব্লকে ওভারসিয়ার পর্যন্ত নাই। আমি বলতে চাই প্রতি ব্লকে একজন করে ওভার-সিয়ার যদি নিয়োগ করা যায় তাহলে একদিকে যেমন বেকার ওভারসিয়ারদের নিয়োগ করা যায়

তেমনি আবার অন্যদিকে সুষ্ঠু টি. আর. চালু করা যায়। আর জি. আর.-এর মাধ্যমে যারা গ্রামে রুগ্ন, খঞ্জ ও অন্ধ অস্থি চর্মসার ব্যক্তি তাদের সাহায্য করা সরকারের উচিত। এটা সরকারের একটি পবিত্র দায়িত্ব এবং কর্তব্য। এই কর্তব্য সরকার যদি ঠিকমত পালন না করেন জি. আর.-এর মাধ্যমে তাহলে সরকারের অন্যায় কাজ করা হবে, কারণ এইসব মানুষ অনাহারে মারা পড়বে। আমরা বর্তমানে দেখছি সরকার অন্যায় করছেন, গরীব আর্ত-মানুষদের সেবা করছেন না, তাদের প্রতি যদি কর্তব্য না করেন তাহলে মানুষের বিচার নাহলেও ভগবানের বিচারে সরকারকে শাস্তি ভোগ করতে হবে। পরিশেষে আমি আর একটি কথা বলতে চাই যে বর্তমান মাসে জি. আর. এবং টি. আর-এর মাধ্যমে ১৫লক্ষ ৮৬ হাজার টাকা যেখানে ব্যয় করা হবে সেখানে বর্ধমান জেলায় মাত্র ১লক্ষ ৭২০ টাকা ব্যয় করা হবে। কিন্তু আমি মনে করি বর্ধমান জেলার প্রতি যে আচরণ, যে সামান্য টাকা ব্যয় করা হচ্ছে, এটা অত্যন্ত অন্যায়। বর্ধমান জেলায় এবারে ফসল উৎপন্ন হয়নি এবং যেটুকু হয়েছে সরকার সেখানে জল দিতে পারেন নি। সেইজন্য উৎপাদন আশানুরূপ হয়নি। এবং সেই সঙ্গে সঙ্গে আমি বলতে চাই যে বর্ধমান জেলার ভৌগলিক অবস্থা একটু বিচিত্র ধরণের। একদিকে আসানসোল, দুর্গাপুরের কয়লা ও ইস্পাত কারখানার অঞ্চল রয়েছে এবং আর একদিকে সদর, কালনা ও কাটোয়ার সবুজ অঞ্চল রয়েছে। এই বর্ধমানের জন্য অধিক টাকা ব্যয় বরাদ্দের দাবী আমি জানাচ্ছি। গ্রামে সুষ্ঠু জল সরবরাহের জন্য মাঠের মধ্যে যেসমস্ত মজা পুকুর রয়েছে টি. আর.-এর মাধ্যমে ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট স্কীম চালু করে, পুকুরগুলি সংস্কার করবার জন্য এবং সমস্ত জমিতে ঐ স্কীমে জল দেবার জন্য আমি সরকারের নিকট আবেদন জানাচ্ছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীশরত চন্দ্র দাস**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমস্ত পশ্চিমবাংলায় যেভাবে লোকের অভাব অনটন এবং দুঃখী লোকেরা যেভাবে কষ্ট পাচ্ছে বিশেষ করিয়া সেই অনুপাতে গ্রামাঞ্চলে ত্রাণ ব্যবস্থা অপ্রতুল ত্রাণের নামে যেটা করা হচ্ছে সেটা মোটেই সমর্থন যোগ্য নয়। স্বচ্ছল পরিবারের কোন বিশিষ্ট বড় লোক বা ধনীর দরজায় কোন ভিক্ষুক গিয়ে ভিক্ষার জন্য চীৎকার করে তখন তাকে যেমন ক্ষুদ কুড়ো দিয়ে বিদায় করা হয় সেইরূপ আজকে চতুর্দিকে অর্ধাহারে অনাহারে খরাক্লিষ্ট দুঃখী লোককে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ও ভিক্ষুকের মত বিদায় করছেন—তিনি এখানে কিছু ওখানে কিছু দিয়ে নিজের খেয়াল মত ত্রাণ মহাশয় এলটমেণ্ট করছেন সেটা মোটেই উচিত নয়, যে হিসাবে আমাদের অভাব এবং অনটন আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলায় সাড়ে ষোল লক্ষ পপুলেশন ২৪০০ স্কোয়ার মাইল জায়গা নিয়ে গঠিত, তার ওয়ান থার্ড পাহাড় এবং নদ-নদী ভরা, বাকী যে সামান্য জায়গা আছে তাতে সাড়ে ষোল লক্ষ লোক বাস করে। তার ভিতর তিন লক্ষ দশ হাজার অধিবাসী, পৌনে তিন লক্ষ হরিজন, সাত লক্ষ লোক কৃষি নির্ভরশীল অর্থাৎ যারা কৃষিকর্ম করে খান। এই কৃষিকর্ম যারা করেন তাদের আষাঢ় শ্রাবণ মাসেই কাজ শেষ হয়ে যায়, বাকী সময় তাদের কোন কাজই থাকে না, তাদের ইকনমিক সোর্সেও কিছু নাই। কাছাকাছি যে কোল্‌ফিল্ড ঝরিয়া আছে তা থেকেও কোন সাহায্য বা সহানুভূতি পাওয়া যায় না। মানভূম জেলায় ভাল অংশ বিহার পেয়েছে। এবং ১৯৫৬ সালে বাকী এই অংশটা বিহার থেকে কেটে পশ্চিমবাংলায় চলে এসেছে এবং এই সমস্ত মরুভূমির মত জায়গা আমরা পেয়েছি। এবং ত্রাণব্যবস্থার ব্যাপারে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে যে ব্যবহার করছেন সেটা মোটেই সুখকর নয়। দুঃখের কথা যে এই জনপ্রিয় সরকারের জনপ্রিয় মন্ত্রীগণ এমন কেহ নাই যিনি শোচনীয় অবস্থা পুরুলিয়া বা বাঁকুড়ার দুঃখের কথা শুনেন নাই, বা তাঁর কানে পৌছায় নি, কিন্তু তা সত্ত্বেও মাননীয় মন্ত্রিমহাশয়ের এতটুকুও সৌজন্যবোধ নাই যে পুরুলিয়ার এম. এল. এ. যারা আছেন তাদের জিজ্ঞাসা

করে সেখানকার অবস্থা জেনে নেন। এটা অত্যন্ত দুঃখের লজ্জার কথা, যদি তিনি আমার দলীয় সরকারের মাননীয় মন্ত্রী তবুও তাঁর এতটুকুও সিমপ্যাথি আমাদের প্রতি নাই।

এর পরে সেখানে যে ত্রাণ ব্যবস্থা পদ্ধতি আছে সেটা বর্তমানে অচল। ত্রাণব্যবস্থায় যে টাকা খরচ করা হয় তাতে একটা ভাল জিনিষ গড়া যেতে পারে, কিন্তু ভাল জিনিষ সেখানে হচ্ছে না। আজকে যদি পুরাকালের মনু মহারাজ থাকতেন তাহলে তিনি নিশ্চয়ই ঘেরাও হয়ে যেতেন। তিনি বলেছেন—অষ্টমা গৌরী, নবমা রোহিণী, দশমা কন্যা। দশ বছরে বিবাহ দিতেই হবে। আজ তিনি থাকলে নিশ্চয়ই ঘেরাও হতেন। বৃটিশ আমলে যে রিলিফ ম্যানুয়েল তৈরী হয়েছিল তা নিয়েই এখনও কাজ চলেছে স্যার, জগতের কত কিছুর পরিবর্তন হয়েছে ও হচ্ছে কিন্তু এই ম্যানুয়েলের ধীরে ধীরে কোন পরিবর্তন হচ্ছে না আমরা বিধান যেগুলি, জনগণের প্রয়োজন সেগুলি পাবলিকের স্বার্থে পাশ করছি কিন্তু পুরুলিয়ার পুকুর খোঁড়ার ব্যাপারে একই অবস্থা, সেখানে জল থাকবে এটার একটা স্থায়ী ব্যবস্থা হওয়া উচিত। আমরা স্যার, সোনা চাইনা দানা চাইনা, আমরা অন্য কিছু চাইনা, পুরুলিয়ার মানুষ চায় জল, সেই জল সেখানে নাই। পুকুর যদি সেখানে খনন করতে চাই রিলিফের মাধ্যমে ম্যানুয়েল ব্যবস্থা আছে সেই পুকুর সরকারের নামে হস্তান্তর করতে হবে। আমার কথা হচ্ছে আইন যদি বাধা থাকে সেই আইন সংশোধন করুন। আপনি আমাকে আর বেশী সময় দিতে চাচ্ছেন না, আমি এই বলেই শেষ করছি যে পুকুরগুলি হস্তান্তরের বিধান যা আছে তাকে পরিবর্তন করতে হবে, এবং রিলিফ যে ৩।৪টি স্তরে দেওয়া হচ্ছে সেটা বন্ধ করা উচিত, এবং বি. ডি. ওর মাধ্যমেই কাজ হওয়া উচিত, আমি এ বিষয়ে মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগিয়াসুউদ্দিন আমেদ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধান সভায় মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর পরমাণিক জি. আর. এবং টি. আর.-এর ব্যবস্থা যে অপ্রতুল সেকথা উল্লেখ করেছেন। আমিও তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। জি. আর.-এর ব্যবস্থা, অত্যন্ত ছেলে খেলার মত দেওয়া থাকে। দুস্থ লোক যাদের কর্ম ক্ষমতা নেই সেইরকম লোকদের দেওয়া হয়। কিন্তু সাধারণত দেখা যায় গ্রামে বা শহরে যারা দুস্থ লোক আছে খেয়াল খুসী মত তাদের মধ্যে থেকে কয়েকজনকে বেছে জি. আর. দেওয়া হয়। এটা কি রকম ব্যবস্থা ? জি. আর. যাদের কোন কর্ম ক্ষমতা নেই এবং যাদের মানবতার খাতিরে সাহায্য করা উচিত তাদের মধ্যে দু'এক জনের প্রয়োজন মিটিয়ে বাকী লোককে বঞ্চিত রাখলে সেই ব্যবস্থাকে আমরা কি রকম ব্যবস্থা মনে করতে পারি ? আমার মনে হয় এই জিনিসকে সুষ্ঠু করতে হলে নিতান্ত মানবতার খাতিরে যে সমস্ত লোক নিতান্ত নিঃসহায়, যাদের দেখাশোনা করবার মত কোন লোক নেই, যাদের কোন কর্ম ক্ষমতা নেই, সেই সমস্ত লোকদের সম্মিলিত তালিকা করে তাদের অন্ততঃ দায়িত্ব সরকারকে নিতে হবে। তাদের পিস্ মিল ওয়েতে মাঝে মাঝে জি. আর. দেবার—কোন ক্ষেত্রে সপ্তাহে, কোন ক্ষেত্রে মাসিক, এই রকম ব্যবস্থা বন্ধ করে বৎসর ব্যাপী তাদের সর্বনিম্ন রাহা খরচের ব্যবস্থা করতে হবে। বৎসরান্তে ২৪০ টাকা করলেই ভাল হয়। টি. আর. ওয়ার্ক গ্রামাঞ্চলে আমরা অন্ততঃ দেখেছি যে অত্যন্ত এলোমেলো ভাবে হয়। টি. আর. ওয়ার্ক বলতে আমরা রাস্তায় মাটি দেওয়া বুঝি। আমরা দেখি যখন কোন একটা স্কীম হয় তখন একজন পে মাষ্টার এবং একজন মোহরারকে সেখানে পাঠান হল। দেখা যায় যে একজন মোহরারের হাতে ১০০ থেকে ৫০০ লোক দিয়ে কাজ করান হয় তাতে ভালভাবে কাজ তত্ত্বাবধান করা যায় না, সরকারের টাকা নষ্ট হয়, রাস্তায় মাটি পড়ে না। এই অবস্থাই চলে। সেক্ষেত্রে আমি মনে করি একজন পে মাষ্টারের হাতে এবং একজন মোহরারের হাতে মাত্র ৫০জন লেবার ভাগ করে দেওয়া হয় এবং এবং একটা স্কীম তাদের চালু করতে দেওয়া হয়, এরকম ভাবে সমস্ত অঞ্চলে যদি একাধিক স্কীম চালু থাকে তাহলে সমস্ত লোকেরা কাজ পেতে

পারে এবং সেই সঙ্গে সরকারের বা দেশের কিছু কাজ হতে পারে। রাস্তা-ঘাট করা হয় কিন্তু সেই রাস্তা-ঘাট টেকেনা, বিশেষ করে কাঁচা রাস্তাগুলো। কারণ রাস্তায় মাটি দেওয়া হলেও বর্ষার ক্ষয় ক্ষতি আছে। সেইগুলিকে নিবারণ করতে হলে জল নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে এবং তারজন্য মাঝে মাঝে কালভার্ট করা উচিত। এই টি. আর ওয়ার্ক আর একটা দেশ উন্নত করার কাজে ব্যবহার করা যেতে পারে, সেটা হচ্ছে যে সমস্ত এলাকা বন্যা কবলিত, যেখানে প্রতি বৎসর বন্যা হয়, সেখানে নদীর ধারে বাঁধ দেওয়া যেতে পারে। জল নিষ্কাশনের জন্য খাল খনন করা যেতে পারে। এইরকম ভাবে সুনির্দিষ্ট পন্থায় এবং সুনির্দিষ্ট উপায়ে যদি টি. আর. ওয়ার্ক বি. ডি. ও. অফিসের মারফৎ করা হয় তাহলে দেশ উন্নয়নের কাজেও এই স্কীমটা ব্যবহার হতে পারে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিক মহাশয় যে প্রস্তাব আজকে আমাদের সামনে এনেছেন, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমরা যারা বেশীর ভাগ সদস্য গ্রামাঞ্চল থেকে আসছি, তাঁরা বেশী করে এটা অনুভব করতে পারবেন। গ্রামাঞ্চলে আজকে আমাদের টেকাই কষ্টকর। পশ্চিমবাংলার সর্বত্র হলেও বিশেষ করে যে অঞ্চলগুলো বন্যায় প্লাবিত হয়েছে অথবা খরায় নষ্ট হয়েছে, সেই সব অঞ্চলের অবস্থা আজকে চরমে উঠেছে। আমরা জানি যে সেচ এলাকা অত্যন্ত কম, বন্যা হয়ে গেছে যে এলাকাগুলোতে, যেমন হাওড়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদহ, বর্ধমানের কতকাংশ এবং হুগলীর কতকাংশ, এই সব এলাকাতে সেচ এলাকা কম। একটি মাত্র ফসল মেদিনীপুরের কথা আমি বলছি, যেটা আমি বিশেষ করে জানি যদি একটা ফসল নষ্ট হয়ে যায়, তারপর তাদের ঘাড়ে দুর্ভাগ্য নেবে আসে, তাদের ঘরে খড় থাকে না, তাদের পেটে খাদ্য থাকে না, কাজ নেই কিছু নেই। একেবারে একটা চাপা দুর্ভিক্ষ আমাদের এই সব অঞ্চলে বিশেষ করে বন্যা প্লাবিত অঞ্চলগুলিতে চলেছে। এই অবস্থাকে মোকাবিলা করবার জন্য আমাদের যে টাকা টেষ্ট রিলিফ, রিলিফ এবং লোন - এটা যদিও আমরা চাই না, রিলিফ আমরা নীতিগত ভাবে চাই না, কিন্তু অক্সিজেন গ্যাস হিসাবে মানুষকে বাঁচাবার জন্য রিলিফ প্রচুর পরিমানে দিতে হবে। পশ্চিমবাংলার মানুষ দেখেছে যে শরণার্থী যারা এসেছিল প্রায় এক কোটি, তাদের দৈনিক টাকা দিয়ে যেভাবে রক্ষা করার ব্যবস্থা করা হয়েছিল সেই রকম ভাবে স্থায়ী অধিবাসী হিসাবে পশ্চিমবাংলার বন্যাপ্লাবিত অঞ্চলে যারা বাস করে তাদের একমাত্র ফসল নষ্ট হয়ে যাবার ফলে যারা খাদ্যহীন, কর্মহীন হয়ে দিন কাটাচ্ছে তাদের জন্য কোটি কোটি টাকা দেওয়া উচিত। মেদিনীপুর জেলা বড় জেলা, সেখানে মাত্র ৩ লক্ষ টাকা দিয়েছেন। আমি ঘুরে দেখে এলাম এক একটা অঞ্চলে দু' হাজার তিন হাজার টাকা মাত্র দিয়ে টেষ্ট রিলিফ ওয়ার্ক আরম্ভ করা হয়েছে। এটা অত্যন্ত অকিঞ্চিতকর। রিলিফের কথা শুনেছেন—মাননীয় সরোজবাবু অনশনের কথা তুলেছেন এবং আমরা চারিদিকে যে ভয়াবহ অবস্থা দেখছি তাতে কেন্দ্রীয় সরকারের উপর সর্বতোভাবে আমাদের চাপ সৃষ্টি করা উচিত, দরবার করা উচিত। কেন্দ্রীয় সরকার যে মন নিয়ে বাংলাদেশের শরণার্থীদের রক্ষা করার চেষ্টা করেছিলেন তেমনি ভাবে পশ্চিম-বঙ্গের স্থায়ী অধিবাসীদের রক্ষার জন্য নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের এগিয়ে আসা উচিত এবং তাদের জন্য ১০ কোটি টাকা দেওয়া উচিত। ১০ কোটি টাকা দিলে কমপক্ষে প্রাথমিকভাবে আমরা এই কাজ করতে পারি। সেদিন খবরের কাগজে পড়লাম যে ২ কোটি টাকা তারা জলের জন্য দিতে পেরেছেন। তা যদি দিতে পারেন এবং শরণার্থীদের জন্য যদি কোটি কোটি টাকা খরচ করার সামর্থ থাকে তাহলে পশ্চিমবাংলার এই দুরবস্থার মধ্যে গণতান্ত্রিক মোর্চা যখন প্রথম কর্মদ্যোগ নিয়ে মর্যাদার সঙ্গে কাজ করার জন্য পূর্ণ আত্মবিশ্বাস জনতার মধ্যে এনে দেবার জন্য এগিয়ে চলেছেন সেই সময় আজ অধিবেশনের পর ফিরে গিয়ে দেখতে পাব যে একটা দারুন হতাশার ছায়া নেমে

এসেছে। সদস্যরা ফিরে গেলে জিজ্ঞাসা করবে, আমাদের বাঁচার পথ কোথায়, একটি মাত্র শুধু কথা বলবে আমাদের কি হল? তারা আরো বলবে টেষ্ট রিলিফের টাকা চাই, রিলিফের বরাদ্দ বাড়িয়ে দিন। লোনের টাকা লিষ্ট এসেছে, আমি দুদিন আগে গিয়েছিলাম, আমাকে বলল টাকা নেই, টাকা এখন পর্যন্ত যায় নি। এই সমস্ত টেষ্ট রিলিফ, রিলিফ, লোন ইত্যাদির জন্য আমাদের এখুনি মোট কত টাকা দরকার তার একটা তালিকা প্রস্তুত করা দরকার। আমাদের মুখ্যমন্ত্রী বারে বারে কেন্দ্রীয় সরকারের কাছে যাচ্ছেন, এটা আমরা শুনেছিলাম এবং তিনি গিয়ে সেখানে দরবার করেছিলেন। আমরা আশা করেছিলাম তাঁর মুখ থেকে কিছু শুনতে পাব যে পশ্চিমবঙ্গকে রক্ষা করবার জন্য আমাদের এই সরকার কতটুকু পাবেন বা পেয়েছেন। আমি বিশেষ দাবী রাখছি যে সত্যিকারে এই অবস্থার যদি মোকাবিলা করতে হয় তাহলে এই এতটুকু টাকা নিয়ে আমাদের কিছুতেই চলবে না। আমাদের ১০ কোটি টাকা আনার ব্যবস্থা করুন, অন্ততঃ জল পড়া পর্যন্ত এবং আগামী ফসল ওঠা পর্যন্ত রিলিফ চালিয়ে যেতে হবে। এবং টেষ্ট রিলিফের কাজ চালু রাখতে হবে, লোন প্রচুর পরিমাণ দিতে হবে।

[5-55—6-05 p.m.]

**শ্রীশচীনন্দন সাউঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় সদস্য গঙ্গাধর প্রামাণিক যে প্রস্তাব রেখেছেন এবং তিনি সভায় যে বক্তব্য উপস্থাপিত করেছেন, আমি তার সমর্থনে বলছি।

আমার বীরভূম জেলায় লক্ষ্য করলাম যে সেখানে যে T. R., G. R. দেওয়া হয়েছে তা যে অতি নগণ্য—এই জিনিষ সকলে স্বীকার করছেন। এই সভার সমস্ত সদস্যের বক্তব্য থেকে T. R. ও G. R.-এর ব্যাপক আবশ্যকতা লক্ষ্য করা যাচ্ছে। কিন্তু এই G. R., T. R. এর আদেশ এখান থেকে লাল ফিতার দৌরাত্ম্যে—ডি-এম, এস-ডি-ও, বি-ডি-ও এবং শেষ পর্য্যন্ত অঞ্চলে পৌছিতে অসম্ভব দেরী হয়ে যায়। এই লাল ফিতার বাঁধন একটা কঠিন মারাত্মক ব্যাধিতে পরিণত হচ্ছে। এই বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেন দ্রুত এবিষয়ে দৃকপাত করা হয়।

জি-আর বীরভূমে যা দেওয়া হচ্ছে তা খুব সামান্য। অতি বৃষ্টির দরুণ গতবারে ধানের ফলন অতি কম হয়েছে। আর খরার জন্য বীরভূমের চারটী থানা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশেষ করে রায়নগর, খয়রাসোল, দুবরাজপুর ও ইলামবাজার এই খরা প্রপীড়িত চারটী থানাকে এখনো কেন খরা অঞ্চল বলে সরকার ঘোষণা করলেন না বা গ্রহণ করেন নাই তা আমি বুঝে উঠতে পারছিনা। আমি মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি এই দিকে আকর্ষণ করছি যাতে ঐ থানাগুলি তিনি খরা অঞ্চল বলে গণ্য করেন এবং সেইভাবে যথাযথ সাহায্যের ব্যবস্থা করেন।

আমাদের জেলায় যে ক্রাশ স্কীম চালু হয়েছে, সেখানে একটা defect দেখছি labour restiction করা হচ্ছে যে দুশোর বেশী লোক দৈনিক কাজ করান হবে না। আমি বলি এই labour-দের restiction-এর কি প্রয়োজন? এই Crash Scheme-এর কাজ Under Zilla Parishad and D. M.-এর মাধ্যমে করা হচ্ছে। কাজ করবার জন্য অসংখ্য মানুষ এগিয়ে আসছে, অথচ সকলকে কাজ দেওয়া হচ্ছে না। এত মানুষ বুভুক্ষু সেখানে যারা কাজ করবার জন্য এগিয়ে আসছে ছুটে আসছে দূর দূর থেকে, অথচ কাজ পাচ্ছে না। বীরভূম জেলায় অজয়ের বাঁধ তৈরী হচ্ছে এই Crash স্কীমে। সেখানে কাজ করবায় জন্য সমস্ত শিক্ষিত বেকার যুবক যারা LMC, LCE, পাস, বি-এ, বি-এসসি পাস, তারা নিজ হাতে অজয়ের বাঁধে মাটি ফেলতে চায়। কিসের

জন্য এই চাহিদা? কোন চাহিদার দরুণ তারা আজ দলে দলে ছুটে আসছে? ক্ষুধা মেটানোর চাহিদা। আমাদের এই জনপ্রিয় সরকারের এই বিধান সভার সদস্যরা একসঙ্গে উচ্চৈঃস্বরে বলছে এদের কাজ চাই। আমরা কিসের জন্য এই আর্তনাদ করছি। যখন গ্রাম বাংলার মানুষের দিকে তাকিয়ে দেখি, তাদের চালে খড় নাই, পেটে অন্ন নাই, তখন বাধ্য হয়ে তাদের জন্য চীৎকার করতে হয়। এই যে অবস্থা মাননীয় মন্ত্রিমহাশয় ও গ্রামবাংলা থেকে এসেছেন তিনি ও গ্রামবাংলার পরিস্থিতি সম্যক বোঝেন। তাঁকে আবার অনুরোধ আপনি অবিলম্বে সেদিকে দৃকপাত করুন।

এই যে ক্রাশ স্কীম সুরু হয়েছে এখানে Weekly Payment করা হচ্ছে। যে মানুষ দিন আনে, দিন খায় তাদের জন্য Weekly Payment-এর ব্যবস্থা হয়েছে। এটা বাস্তবিকই দুঃখের ব্যাপার। তাদের কি করে চলবে? এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই যে G. R. ও T. R. বাড়াবার বক্তব্য রাখা হয়েছে সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়রাম সরেন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা প্রায় দু মাস চলতে আরম্ভ করলো। এখনো আমরা গ্রামবাংলার জনগণের কাজের যে সূচনা যে আমরা তাদের ভাল করবো এ পর্যন্ত এই উপলব্ধি তাদের করাতে পারলাম না। কারণ এই টেষ্ট রিলিফ স্কীমে টেষ্ট রিলিফের ডিমাণ্ড দেখা গেছে গত ১৯৬১ সালের সেন্‌সাসে দেখা যায় সেখানে শতকরা ১৫·৩ জন কৃষি মজুর ছিল। ১৯৭১ সালের সেন্‌সাস রিপোর্টে সেটা বেড়ে হয়েছে শতকরা ২৫শতাংশ, ক্রমশঃ কৃষি মজুরের সংখ্যা বেড়েই চলেছে। অতএব আজকে এখানে প্রশ্ন এসেছে যাতে জনগণের ভাল কাজ করতে পারবো যাতে গ্রামবাংলার মানুষ অনাহারে অর্ধাহারে না থাকে তার জন্য ভাল কাজের সূচনা করবো।

কিন্তু আজ পর্য্যন্ত তারা কোন কাজের নমুনা দিতে পারেন নি। আপনারা দেখেছেন, আমাদের পূর্ববঙ্গ থেকে যে শরণার্থীরা এসেছিলেন তাদের জন্য ১২০ কোটি টাকা এই কেন্দ্রীয় সরকার বা পশ্চিমবঙ্গ সরকার খরচ করতে পেরেছিলেন। আর আমাদের পশ্চিম বাংলার জনগণ অর্ধাহারে, অনাহারে মারা যাচ্ছে আর এখনও আমরা কিছু করতে পারছি না। একদিন মেদিনীপুরে গিয়েছিলেন আমাদের রিলিফমন্ত্রী, তিনি বলেছিলেন ৩ লক্ষ টাকার বায়গায় ৬ লক্ষ টাকা তিনি সেখানে বরাদ্দ করেছেন, কিন্তু কি হবে এতে? আমাদের ঝাড়গ্রাম মহকুমার বিনপুর থানা এবং গড়বেতা, শালবোনি থানার কথা এখানে শুনেছি অর্ধাহারে, অনাহারে ২ জন লোক কিছুদিন আগে মারা গিয়েছেন। এই যদি হয়, আমরা তো জনগণের ভাল করতে এসেছি, যদি আমরা জনগণের ভাল করতে না পারি, ভালর পরিবর্তে খারাপ জনগণ দেখতে পায়, আমরা ব্যর্থ হই তাহলে জনগণের আমাদের উপর আস্থা থাকবে কেন? তাই আমি এই মন্ত্রিসভাকে সজাগ করে দিতে চাই এবং সমস্ত সদস্যদের সজাগ করে দিতে চাই যে এই পূর্ব বাংলার নিরাশ্রয় জনগণের জন্য এই পশ্চিমবঙ্গ সরকার যখন ১২০ কোটি টাকা খরচ করতে পারল এবং যখন আমাদের দেশের জনগণ তারা পরিশ্রম করবে মাটি কাটবে, মাটি কাটার কাজ করবে, মাঠের বিভিন্ন জায়গায় তারা কাজ করবে, তখন তাদের জন্য কেন টাকা দেওয়া হয় না, তাদের জন্য কেন এত অল্প টাকা দেওয়া হয়? তাই আমি এই মন্ত্রিসভার কাছে দাবী করছি যে আমাদের বেশী পরিমাণ টাকা দিতে হবে। টেষ্ট রিলিফ মানে বিল কেটে খাল করা নয়, টেষ্ট রিলিফ মানে হচ্ছে উন্নয়ন করা অর্থাৎ জমিদার জোতদারদের যে খাল, পুকুরগুলি গভর্ণমেন্টের হাতে এসেছে সেই পুকুরগুলি যদি আমরা টেষ্ট রিলিফ মারফত সংস্কার করে দিতে পারি তাহলে তা থেকে স্থায়ী জলসেচের ব্যবস্থা হবে। যাতে আমরা জমিকে দুই ফসলা করতে পারি তার

চেষ্টা করা হবে। কারণ আমি জানি আমাদের বিনপুর থানার কুড়ীগ্রামে ৬০ থেকে ৬৫ বিঘা জমি একটা পুকুর আছে তা থেকে দুই ফসল ফলাচ্ছে। সেটা যদি সংস্কার করা যায় টেষ্ট রিলিফ মারফৎ তাহলে আরোও বেশী জলসেচ হয়ে চাষীরা উপকৃত হবে। এই টি, আর, মারফৎ রাস্তায় যে মাটীর কাজ সেই কাজ যদি আমরা করতে পারি এবং পরে এই স্কীমের রাস্তাগুলি যাতে পাকা হয় তারজন্য আমাদের সরকার নিশ্চয়ই হয়তো ব্যবস্থা করতে পারবেন। আমি বলছি জনগণের উন্নয়নমূলক কাজগুলি, গঠনমূলক কাজগুলি যতই আমরা ত্বরিত গতিতে এগিয়ে নিয়ে যেতে পারবো ততই আমরা আস্থা পাবো বাংলাদেশে জনগণের। আজ যদি আমরা হিমঘরে বসে সেই জনগণের কথা ভুলে যাই তারা যদি অর্ধাহারে, অনাহারে মারা যায়, তাহলে এই বাংলাদেশের জনগণ আমাদের ক্ষমা করবে না। আমি অনেক জায়গায় গিয়েছি, তারা বলেছে আপনাদের মন্ত্রিসভা তো দুই মাস হতে চললো, আর আমরা যারা বি. এ. এম. এ. ম্যাট্রিক পাস করেছি তাদের কথা ছেড়েই দিলাম, আপনারা সর্বনিম্ন টেষ্ট রিলিফের যে কাজ, সেই কাজও চালু করতে পারলেন না। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা, এই যে আপনাদের তার উপর আমরা যে আস্থা রেখেছি এই আস্থা ৫ বছর থাকবে। আপনারা যে কথা দিয়েছিলেন সেই কাজ যদি করতে না পারেন তাহলে গান্ধীজির গরিবী হঠানো যে কথা সেই কথাকে কাজে লাগাতে আমরা পারবো না। তাই আমি মন্ত্রিসভার কাছে জানাবো যে তারা তাদের কাজের পদ্ধতি পরিবর্তন করুন। আর টেষ্ট রিলিফের কাজ ব্লকএ দিলাম ব্লক আবার এস, ডি, ও-র কাছে পাঠালো এস, ডি, ও, আবার কবে স্যানশান করে পাঠাবেন তবে কাজ হবে, এই দিকে বর্ষা চলে এলো টেষ্ট রিলিফের কাজ হলো না, অর্থাৎ আমরা গরীব ও ভাত পেল না। তাই এই পদ্ধতি যাতে পরিবর্তন হয় এবং কাজ যাতে সি, ডি, ওর কাছে বা বি,ডি,ও,-র কাছে বা ডি,স,-এর কাছে,এক এক জনের কাছে যাতে তাড়াতাড়ি কাজ হয় তার চেষ্টা করতে হবে। তা না হলে হয় কি জনসাধারণ মনে করে এদের কাজ করার ইচ্ছা নাই। বিভিন্ন স্কীম দিলাম উপরতলা থেকে গড়িমসি করে এখান ওখানে গেল, আবার সেখান থেকে আসতে আসতে বর্ষা নেমে এলো, আর চাষের কাজ আরম্ভ হলো তার কাজ শেষ হলো না।

[6-05—6-15 p.m.]

তাই আমি এই পদ্ধতির যাতে পরিবর্তন করে দ্রুতগতিতে আমাদের জনগণকে সুপথ্য, ন্যায়, নিষ্ঠার সঙ্গে যাতে কাজ করে তারা পেটের ক্ষুধা মেটাতে পারে তারজন্য আমি মন্ত্রী পর্যায়ে সকলের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে আমরা ভালভাবে জনগণের সেবা করে যেতে পারি। আমি আর একটি কথা বলতে চাই। কারণ ইতিপুর্বে স্থায়ী Government বাংলাদেশের জনগণ দেখেছে। এবারে একটা যোগ এসেছে প্রগতিশীল গনতান্ত্রিক মোর্চা। এই প্রগতিশীল গনতান্ত্রিক মোর্চাকেও দেখবে। এরা যদি কিছু না করতে পারে বাংলাদেশের জনগণ তাদের বিচার করবে। এমনও হতে পারে যে তারা আবার আমাদের স্থান দেবে না। তাই আমি বলতে চাই যে, ৫বছরের যে দায়-দায়িত্ব আমাদের আছে তাকে সুষ্ঠু গান্ধীজির গরিবী হটাওয়ের যে কথা তাকে কাজে লাগাতে পারি। প্রচুর পরিণামে test relief কাজ করে আমরা অর্দ্ধাহারে অনাহারে, বিপদের সময়, বাংলাদেশের মানুষ বিপদে পড়েছে, এই সময় যদি তাদের কাজ দিতে পারি তাহলে দুইহাত তুলে তারা আমাদের আশীর্বাদ করবে। তাই, আমি আপনার কাছে বলছি, আমরা উন্নয়নমূলক কাজ করে অর্থাৎ বাঁধ, পুকুর ইত্যাদি যেগুলি আছে সেগুলির যাতে সংস্কার হয় এবং অকালে জনগণ কাজ করে ন্যায্যভাবে যেখানে কাজ হবে সেখানে যেন স্থানীয় কমিটি হয়। Muharrir, dealer এগুলি যেন না হয়। স্থায়ীভাবে সেখানে সর্বদলীয় committee করে সেখানে কাজ তত্ত্বাবধান জন্য যদি committee হয় তাহলে সেখানে যে pay master চুরি করছে, Muharrirs চুরী করছে অন্যান্যরা চুরি করছে সেটা ধরা পড়বে, অতএব স্থানীয় committee করে যদি কাজ এগিয়ে নিয়ে

যাওয়া যায় তাহলে টাকা পাবে, চাল পাবে, গম পাবে, এবং কাজও ভাল হবে। তা নাহলে যদি ঐ আমলাতন্ত্রের ধাচে চলে, যদি ঐ আমলাতন্ত্রের পদ্ধতিতে চলে—অতএব সেখানে যদি জনগণ কেস করতে যায়, মাঠে মাটি কাটা ঠিকমত হচ্ছে কিনা, কতটা কি কাটাহল দেখতে যায়, তখন উল্টোভাবে আবার সেই জণগনের কাছে case করে দিতে পারে যে, এরা হামলা করতে এসেছে, ডাকাতি করতে এসেছে। তাই এখানে স্থানীয় ভিত্তিতে কাজ হবে। সেখানে যদি আপনারা public committee হয়, public committee যদি check করে দেখার ক্ষমতা থাকে তাহলে হয়ত যে টাকা বরাদ্দ হয়েছে সেটার ঠিকভাবে ভাল কাজ হবে এবং জনগণেরও উন্নতি করতে পারবো এবং আশা করি আমাদের টাকার অভাব হবে না। আমাদের এই বাংলাদেশের মন্ত্রীরা, দিল্লীর Government আছেন তাদের কাছে এই আবেদন নিবেদন করুক, যাতে আমাদের বাংলা যে দারুণ দুর্দিন এসেছে তারা এই দুর্দিনের সময় জনগণের কাজের জন্য—জনগণের পেটের ক্ষুধা মেটানোর জন্য যে test relief প্রয়োজন, এই test relief-এর মারফৎ রাস্তা বাঁধ ইত্যাদি এই জিনিষগুলি করা হোক, সংস্কার করা হোক। এই বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিবদাস মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার গ্রামীন অর্থনৈতিক কাঠামো আজকে সম্পূর্ণরূপে বিধ্বস্ত। অর্থনৈতিক দেহে আজকে যেন অসুখ লেগে গেছে। আমাদের নদীয়া জেলায় প্রচণ্ড খরা চলেছে। ফলে উৎপাদন পণ্ড হতে চলেছে। চরম বেকার এবং দ্রব্যমূল্য এত উচ্চস্তরে বেড়ে গেছে যে গ্রামের লোকের অবস্থা দিনের পরদিন খারাপের দিকে চলে যাচ্ছে। ১৯৬৭ সালে সি. পি. এম-এর নেতৃত্বে যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে দেখা গেছে যে ক্ষয়রাতি সাহায্য দেওয়া হত তা প্রচণ্ডভাবে কমিয়ে দেওয়া হয়েছে অর্থাৎ যেরকমভাবে দেওয়া উচিত সেইভাবে দেওয়া হয় নি। কিন্তু বি. ডি. ও অফিসগুলি বলে জি. আর., টি. আর তাদের দেওয়া হয় যারা কানা, খোঁড়া, বোবা ইত্যাদি। কিন্তু যারা দৈহিক অক্ষম, পঙ্গু তাদের দেবার কোন ব্যবস্থা নেই, তারা আজকে মৃত্যু শয্যায় শায়িত হয়ে রয়েছে, এটা আমরা প্রত্যেক বি. ডি. ও অফিসে গিয়ে দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি জি. আর বা টি. আর যেটা দেওয়া হয় সেটা খুব কম দেওয়া হয়। গ্রামাঞ্চলে যারা বাস করেন তাদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে উঠেছে। আমি তাই দাবী করছি গভর্ণমেণ্ট রিলিফ ম্যানুয়াল যেটা রয়েছে সেটাকে একটু পরিবর্তন করে ৩ পারসেণ্ট করা দরকার, তাহলে গ্রামবাংলার মানুষদের কিছু উন্নতি করা যাবে। আর একটা জিনিষ দেখা যাচ্ছে এই জি. আর টি. আর নিয়ে চারিধারে একটা দুর্নীতিচক্র গড়ে উঠেছে, অর্থাৎ যারা এই গম বিলি বন্টন করেন অল্প যেটুকু দেওয়া হয় সেটাকে তারা আবার পিছনের দরজা দিয়ে নানাভাবে পাচার করে দেয় বড় বড় ব্যবসায়ীদের সঙ্গে তারা যোগাযোগ করে তাদের হাতে ফেলে দেয়। গ্রামে এই টি. আর. জি. আরের মাধ্যমে যে কাজ হয় সেখানে দেখা যাচ্ছে যাদের এই মাষ্টার রোল তৈরী করতে দেওয়া হয় তারা অঞ্চল প্রধানের মাধ্যমে নিযুক্ত হয়ে থাকেন অর্থাৎ অঞ্চলপ্রধান যে দলের হবেন সেই দলের মাধ্যমেই এটা হয়ে থাকে। সেইজন্য আজকে গ্রামে পথ-ঘাটের সুষ্ঠু সংস্কার হয়নি। আমি আমার নিজের এলাকার একটি অঞ্চলের নাম বলছি যেখানকার অঞ্চলপ্রধান আজকে যারা সরকারে রয়েছেন সেই দলের নয় অর্থাৎ যে টি. আর জি. আর-এর কাজ হচ্ছে সেটা এখন সেখানে সম্পূর্ণরূপে বঞ্চিত হচ্ছে। কারণ তিনি অবহেলিত করে সেটাকে ফেলে রেখেছেন এবং বি. ডি. ওর মাধ্যমে যেভাবে চালানো উচিত সেভাবে চালানো হচ্ছে না, সেটা যাতে চালানো হয় সেদিকে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রাস্তা ঘাট তৈরী করার জন্য যে পরিশ্রম করানো হয় সেই পরিশ্রমের তুলনায় মাত্র এক কে. জি. করে গম দেওয়া হয়। কাজেই সকাল ৮টা থেকে বেলা ৪টা পর্যন্ত হাড়ভাঙা

পরিশ্রম করে সে এক কে. জি. গম পেল, তাতে কিছুই হয় না, কোন রকমে উদর পূর্তি হয়। এরপর আমি পশ্চিমবঙ্গের প্রশাসনযন্ত্রের ঢিলেমির কথা কিছু বলতে চাই। অর্থাৎ বর্তমান সরকার যে টাকা মঞ্জুর করেছেন সেই টাকা ঠিক সময় মত পৌছানোর পরেও ঠিকমত কাজে ব্যবহার করা হয়নি। অর্থাৎ রাস্তার জন্য যে টি. আর. এর ব্যবস্থা করা হয়েছে কয়েকদিন পরে সেই টি. আর. না পেলে পরে কাজ বন্ধ হয়ে যাবে, সেই অর্থ ফিরে চলে যাবে। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। আমাদের যে গিফট রাইস পাওয়া গেছে সেই গিফট রাইস যদি আমাদের চাষীদের মধ্যে বিলি করা হয় তাহলে চাষীরা কিছু খেয়ে চাষ করতে পারবে এবং গ্রামের উন্নতির জন্য নিজেদের নিয়োজিত করতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীমতি নুরুননেসা সাত্তার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় গঙ্গাধরবাবু যে প্রস্তাব টি. আর., জি. আর সম্বন্ধে আলোচনা করবার জন্য এনেছেন সেটাকে আমি সমর্থন করছি। কারণ সেটা অত্যন্ত সময় উপযোগী হয়েছে। এতক্ষণ এই হাউসের বহু বক্তা তাঁদের মতামত ব্যক্ত করলেন সেটা আমি শুনেছি এবং আমার এখানে কিছু বক্তব্য আছে। যে রেটে টি. আর., জি. আর-এর টাকা দেওয়া হচ্ছে সেটা অত্যন্ত কম, এটার পরিমাণ আরো দ্বিগুণ করলে ভাল হয়। আমার বর্ধমান পূর্বস্থলী কেন্দ্রে দুটি ব্লক আছে। সেই ব্লকে আমি অবশ্য যাতায়াত করেছি এবং এখন যোগাযোগ রাখছি। সেখানে একমাস আগে যেসমস্ত কাজ সুরু হবার কথা ছিল এখন পর্যন্ত তা হয়নি। সেই কাজ না হবার জন্য এবং খরার জন্য চাষীদের ফসল নষ্ট হতে বসেছে এবং দিনমজুররা, শ্রমিকরা এখন কোন কাজ পাচ্ছে না, তারা বসে আছে। তারা ভিক্ষা করে খেতে চান নি, পরিশ্রমের বিনিময়ে উপার্জন করতে চান এবং এই পরিশ্রমের জন্য কাজ পেতে চান।

[ 6-15—6-25 p.m. ]

তারা পরিশ্রমের বিনিময়ে কাজ পেতে চান কিন্তু তারা বেকার বসে আছেন। এই বেকার দরিদ্রের কাজের সংস্থানের জন্যই টি, আর, স্কীম নেওয়া হয়েছে কিন্তু সেটা যদি সময়োপযোগী না হয় তাহলে কোন লাভ হবে না। কারণ তারা অত্যন্ত অভাবের তাড়নার মধ্যে রয়েছে, এমন কি এক বেলাও তারা পেট ভরে খেতে পায় না, প্রায়ই তাদের ছেলেমেয়েদের নিয়ে উপোস দিতে হয়। উপায় না থাকায় তারা গাছের পাতা চচ্চড়ি করে খাচ্ছে, তাও ঠিক মত জুটছে না। এই যে অর্দ্ধভুক্ত মজুর, কৃষক, শ্রমিক এদের জন্য আপনারা যে সরকারী সাহায্য দিচ্ছেন, আমি তার পরিমাণ বাড়াতে বলছি। তারপরে যে সমস্ত সরকারী কর্মচারীরা আছেন—বি, ডি, ও, তাঁর ষ্টাফ, তারা অত্যন্ত ঢিমেতালে চলছেন এবং কর্মের সংস্থান ঠিকমত তাঁরা সময়োপযোগী করছেন না। সে সম্বন্ধে খোজ নিয়ে জেনেছি, তাঁরা বলেছেন, এখনও টাকা স্যাংসান হয় নি, সেই টাকার স্যাংসান যতক্ষণ না পাচ্ছি ততক্ষণ কাজে হাত দিতে পাচ্ছিনা। অথচ এখনই হচ্ছে কাজের সময়, বাঁধ বাঁধার সময়। স্যার, আমার কেন্দ্র একদিকে খরা এবং অন্য দিকে বন্যার কেন্দ্র। সেখানে যদি এই শুকনোর সময় কাজ না করতে পারা যায় তাহলে আর একমাস পরেই বর্ষা নামবে সেই সময় কাজ করা যাবে না। তা ছাড়া এই সময় মানুষ সবচেয়ে অভাব ও দারিদ্রের মধ্যে পড়েছে। এই সময় তারা পরিশ্রমের বিনিময়ে কিছু রোজগার করে তাদের মুখের আহার সংগ্রহ করতে চায়। কেন না তারা ক্ষুধার জ্বালায় অস্থিচর্ম সার হয়ে পড়েছে, অথচ এই সময়ই আমরা তাদের কাজ দিতে পারছি না। এটা আমাদের প্রশাসন যন্ত্রের অত্যন্ত গাফিলতি এবং ঢিলেমী বলেই আমি মনে করছি এবং এ ব্যাপারে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যত তাড়াতাড়ি পারেন

এদিকে নজর দিন এবং এই দরিদ্র কৃষক মজুরদের প্রাণ ধারনের জন্য একটা ব্যবস্থা যত তাড়াতাড়ি হয় সে দিকে দেখুন। কারণ তা যদি না হয় তাহলে এই হাজার হাজার কৃষক এবং দরিদ্র মজুর তারা আজকে কোন পথে যাবে? তারা চুরি ডাকাতি করবে কারণ পেটের জ্বালা বড় জ্বালা, সেখানে মানুষ ধর্ম, মান সম্মান সব কিছু খোয়াতে পারে। একটা শিশু যদি চোখের সামনে ক্ষুধার জ্বালায় কাঁদে তাহলে তার মা কি করবে, কি সান্ত্বনা দেবে, তাকে কি খেতে দেবে? সেইজন্য আমি বলছি এই সময়টা উপযোগী সময়, এই সময় যাতে তারা কাজ পায় সেদিকে মন্ত্রি-মহাশয় নজর দিন যাতে কাজটা তরান্বিত হয়। তা ছাড়া প্রশাসনযন্ত্রে যেসব কর্মচারীদের নিয়োগ করেছেন তাদের উপর দৃষ্টি দেবার জন্যও অনুরোধ জানাচ্ছি। তার পরে স্যার, খরার জন্য জমি ফেটে পড়ছে। সেখানে কৃষকরা হতাশ হয়ে পড়েছে কারণ তারা খরচ করে যা চাষ করেছে জলের অভাবে সেগুলি শুকিয়ে যাচ্ছে বা তাদের ফসল নস্ট হয়ে যাচ্ছে। কাজেই জলের বা সেচের যাতে ব্যবস্থা হয় সেদিকে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা বলছি, "গরীবি হটাতে চাই"। কিন্তু সেকথা মুখে বললে বা কাগজে কলমে রাখলেই হবে না. সেই দরিদ্র কৃষক, মজুর তারা পরিশ্রম করে খেতে চায় তাদের জন্য সে ব্যবস্থা করে দিতে হবে। তা না হলে আমরা কি করেই বা গরীবি হটাবো আর কি করেই বা সবুজ বিপ্লব করবো? অর্থাৎ সেই দরিদ্র কৃষককে যদি চাষের উপযোগী বীজ, সার, অর্থ এবং তার চাষের জন্য বলদ কেনার ঋণ দিতে না পারি তাহলে সবুজ বিপ্লব হবে কি করে? তার পরে স্যার, শহর এবং গ্রামের যোগাযোগের জন্য রাস্তাঘাট চাই। এই সময়টা হচ্ছে রাস্তাঘাট বাঁধার উপযুক্ত সময়। তারা বেকার বসে আছে, এই সময় গমের বিনিময়ে বা টাকার বিনিময়ে তারা রাস্তাঘাট বানিয়ে দিতে পারে। এতে দেশেরও উন্নতি হয় এবং তাদেরও কর্মের সংস্থান হয় অর্থাৎ তারা পরিশ্রম করে খেতে পায়। এই কথা বলে মাননীয় সভাপাল মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে এবং মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, গংগাধর বাবু যে প্রস্তাব এনেছেন জি, আর, ; টি, আর, সম্পর্কে সেটা খুব গুরুত্বপূর্ণ। ১৯৭১ সালে পশ্চিম বাংলায় প্রবল মারাত্মক বন্যায় যে ক্ষয়-ক্ষতি হয়েছে তাতে সত্যই যারা মধ্যবিত্ত জমির মালিক তারা নিঃস্ব, তাদের ঘরে আজ কোন খাদ্য, কি ধান, কি গম কিছুই মজুত নেই। বিকল্প খাদ্য আই, আর, এইট, যে ধান হচ্ছে এটাই একমাত্র আশা এবং ভরসা। এই যে বিধ্বংসী বন্যায় দেশের অর্থ-নৈতিক দিক থেকে যে কত ক্ষতি হয়েছে তার ইয়ত্তা নেই। লক্ষ লক্ষ কোটি কোটি টাকার ফসল নস্ট হয়েছে। আজকে শ্রমজীবী যারা তারাও কর্ম বিমুখ হয়েছে, তাদের কোন কর্ম সংস্থান করতে পারা যায় নি। তারপর নদীতে যেসব বিরাট বিরাট ভাঙ্গণ হয়েছে এবং পল্লীতে যে সমস্ত রাস্তাঘাট ভেঙ্গে গেছে সেই সব কাজ যদি সুষ্ঠুভাবে টেষ্ট রিলিফের মাধ্যমে করা যেত তাহলে শ্রমিকদের ব্যাপকভাবে কাজ দেওয়া সম্ভব হত। আমি ইরিগেশান মিনিস্টার এবং এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারকে একথা বলেছি যে দামোদরের একটা শাখা মুণ্ডেশ্বরী হচ্ছে খরস্রোতা নদী যেখানে দামোদরের ৯০ পার্সেন্ট জল বন্যার সময় প্রবাহিত হয়। ২৷৷০ লক্ষ থেকে ৩ লক্ষ কিউসেক জল মুণ্ডেশ্বরী দিয়ে প্রবাহিত হয়। সেই মুণ্ডেশ্বরীর জলে হুগলী জেলার আরামবাগ মহকুমা, বর্ধমান ডিষ্ট্রীক্টের রায়না থানায় ব্যাপক বন্যা হয়। প্রতি বছর যেখানে বন্যা লেগে রয়েছে এবং বন্যার জন্য বিরাট ক্ষয়-ক্ষতি হচ্ছে সেখানে বন্যা নিয়ন্ত্রণের কাজ-কর্ম আজ পর্যন্ত সুরু করা হয় নি। কিন্তু যেসব ভাঙ্গণ হয়েছে এই ভাঙ্গণগুলি যদি প্রতিরোধ করা না হয় তাহলে মুণ্ডেশ্বরী নদীর যে বন্যা সেই বন্যা আবার দেখা দেবে এবং সেই বন্যার জল এই সমস্ত খাল, হানা দিয়ে প্রবেশ করে আবার মাঠঘাট পল্লী প্লাবিত করবে এবং আবার ত্রাণ কার্য করবার জন্য সরকারকে এগিয়ে

যেতে হবে, আবার রিলিফ দেওয়ার জন্য সরকারকে এগিয়ে যেতে হবে এবং সেখানে এই সরকারকে হিমসিম খেতে হবে। সেজন্য রাস্তাঘাট, খাল, হানা, ইত্যাদির ভাঙ্গণ মেরামতের জন্য ব্যাপক কাজ যদি টেষ্ট রিলিফের মাধ্যমে করা যায় তাহলে সত্যই দরিদ্র শ্রমজীবী মানুষ, নিরন্ন মানুষ যারা দিনের পর দিন স্টারভেসান করছে, অনশনে, অর্ধাশনে আছে তাদের উপকার হয়। এই যে অবহেলিত সেকসান তাদের দুঃখ দুর্দশার কথা যদি অনুভব করতে হয় তাহলে তাদের কাজের ব্যবস্থা করতে হবে। এই যে বাঁকুড়া, বীরভূম, হুগলীর পার্ট, মেদিনীপুরে খরা, দেখা দিয়েছে তাতে সেখানকার শ্রমিকরা আজ নিরন্ন অবস্থায় আছে। সেজন্য সেখানে এই টেষ্ট রিলিফের কাজ ব্যাপকভাবে সুরু করতে হবে এবং টেষ্ট রিলিফের জন্য বেশী টাকা বরাদ্দ করতে হবে। আজকে টেষ্ট রিলিফের মজুরীর যে হার আছে সেটা এ্যামেণ্ড করা উচিত মানবিক দিক থেকে। আজকে যেখানে ২ টাকা কে; জি, চাল এবং ১ টাকা কে, জি, আটা সেখানে যদি ২ টাকা স্টেট রিলিফের মজুরী দেওয়া হয় গমে বা অর্থে তাহলে সেটা মানবিক দিক থেকে মানুষকে অপমান করা হবে বলে আমি মনে করি।

[6-25—6-35 p.m.]

তাই মনুষ্যত্বের দিক থেকে যাতে তারা ন্যায় বিচার পায় সোসাল জাষ্টিস পায় সেই কথা চিন্তা করুন। তাদের টি. আর. যাতে বাড়ে অন্ততঃ যাতে তিন টাকা তাদের মজুরী দেওয়া হয় আমি সেই প্রস্তাব করছি। এই সমস্ত শ্রমিকদের জি, আর এত কম যে মানুষ না খেতে পেয়ে মরছে, মানুষ আজ ষ্টারভেসানে রয়েছে। মানুষ আজ খেতে পাচ্ছে না অথচ আজ শহরের মাথাভারী শাসনে আমরা বিব্রত আছি। গ্রামাঞ্চলের অবস্থা আজকে কি? গ্রামে আজকে কৃষি ভিত্তিক প্রকল্প কোথায়, কোথায় নিম্নদামোদর পরিকল্পনা? সেখানে ১৪।১৫ কোটি টাকার কাজ হবে বলছেন। সেখানে লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট হচ্ছে। আজ হাজার হাজার বাড়ী, ফসল নষ্ট হচ্ছে। এই সমস্ত পল্লী গ্রামের বা মফঃস্বলের প্রকল্প আজ কোথায়? আজ সেখানে বন্যায় সব গ্রাস করছে। আজ কাজেই হাজারে পাঁচজনকে জি. আর. দিলে হবে না। বর্তমান যে পরিস্থিতি তাতে জি. আর.-এর টাকা বাড়াতে হবে। ঐ দশ, পনেরো বা কুড়ি টাকা দিলে হবে না। আজ তাদের কোন প্রডাকসান নেই—মানুষের কি অবস্থা মানুষ খেতে পাচ্ছে না। অতএব তিন টাকা মজুরী করা কর্তব্য। অপরদিকে যাতে টি. আর. ও জি. আর এর টাকা বাড়ান আমি সেই প্রস্তাব করছি। আমি আর একটা কথা বলছি সেটা হল ওল্ড এজ পেনসান সম্বন্ধে। আমি মানুষকে ভিখারি করবার কথা বলছি না। আমার কথা হচ্ছে আমরা কৃষি ভিত্তিক প্রকল্পের মাধ্যমে সোসাল জাষ্টিসের মাধ্যমে মানুষকে সমাজতান্ত্রিক পথে এগিয়ে নিয়ে যেতে চাই। মানুষের যে ষ্টাণ্ডার্ড অফ লিভিং সেটা আমরা উন্নত করবো। কিন্তু এই ওল্ড এজ পেনসান সত্যকার যারা কানা খোঁড়া অন্ধ যারা ইনভ্যালিড তারা যাতে পায় আমি সেই প্রস্তাব রাখছি। এই কটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর পরামাণিক যে প্রস্তাব এনেছেন, "Inadequacy of relief measures (T. R. and G. R. etc.) of the Government of West Bengal' আমি তাঁর প্রস্তাবকে সমর্থন করছি। টি. আর. ও জি, আর.-এর কি উপকারিতা এই কথা বলার কিছু প্রয়োজন নাই। পশ্চিমবঙ্গ সরকার সেটা নিশ্চয়ই বিবেচনা করেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে রিলিফ টি, আর, বা জি. আর. দেবার ব্যবস্থা হচ্ছে সেটা পর্য্যাপ্ত নয়। তার দ্বারা দেশের মানুষকে ঠিকভাবে রক্ষা করা সম্ভব নয়। তাই এই অর্থ বাড়াবার তিনি প্রস্তাব এনেছেন। বিগত নির্বাচনে আমরা অনেক গরীব লোকের দ্বারে গিয়েছি, অনেক গরীব কৃষকের সাথে আমাদের দেখা হয়েছিল তারা বিদ্যুৎ চায় না, তারা

ইলেকট্রিক লাইট চায় না, তারা জল কল চায় না। তারা খেটে খাওয়া মানুষ, তারা বলে যে খেটে খাবার ও থাকবার ব্যবস্থা করে দাও। ১৯৬৭ থেকে ৫ বছর যুক্তফ্রন্ট সরকার কিছুই করে যেতে পারেন নি। বিশেষ করে আমাদের কাঁথি মহকুমার কথা মেদিনীপুরে অত্যন্ত করুন। গত পাঁচ বছর ধরে বন্যায় সেখানে সব নষ্ট হয়ে গেছে। তারা বলে ভোট দিতে যাব কি? তারা দৃঢ় ভাষায় বলেছে যে একদিন ভোট দিতে যাব সেদিন যে ক্ষতি হবে কে দেবে। তার খাদ্য কে দেবে? মেদিনীপুরে কাঁথি মহকুমার কথা ১৯৬৭ সাল থেকে ৫ বছর সেখানে কিছুই কাজ হয় নি। কিছু দিন আগে ত্রাণ মন্ত্রী মেদিনীপুরে গিয়েছিলেন। তাঁর কাছে আবেদন করা হয়েছিল মেদিনীপুরের কথা ঐ কাঁথি মহকুমার কথা বলে যে দেখুন সেখানে গত পাঁচ বছর ধরে মানুষ খেতে পায় নি। ৫ বছর পরপর বন্যার পর তাদের ঘর নেই, তারা দিনান্তে এক মুষ্টি অন্ন পায় না। ত্রাণমন্ত্রী বলেছিলেন এত অর্থ আমি দিতে পারছিনা। তাই মাননীয় সদস্যদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে আমি সমর্থন করছি যে অর্থ দিন। একথা বলেছিলাম যে T. R.-এর মাধ্যমে খাদ্য দেব। কিন্তু আমতায় খেটে খেতে পারছে না। এই May মাসে কাজ হবে। এখন T. R -এর কাজ হওয়া দরকার, কিন্তু তারা তা পেল না। আমি শুধু T. R., G. R.-এর কথা বলছি না। আমি আর একটা relief-এর বিষয় দৃষ্টি আকর্ষণ করবো। আমি একটা কলেজের সঙ্গে সংশ্লিষ্ট আমার কাঁথি মহকুমায় বহু ছাত্র আছে। কোন কোন অঞ্চল বন্যা বিধ্বস্ত বলে সেখানে নাকি ৩ মাসের মাইনে ছাড় দেওয়া হল। সেখানে বহু ছাত্র form fill up করল, কিন্তু এখনও টাকা পাইনি। কাঁথি মহকুমার সমস্ত থানাকে বন্যা বিধ্বস্ত অঞ্চল বলে ঘোষণা করুন। তাদের যদি টাকা দেওয়া হয় তাহলে ভালই হয়। তাদের খাজনা মকুব করলে ভালই হয়। আমি শুধু একটা কথা বলতে চাই যে আজ সত্যিকারের দেশের যে অবস্থা হয়েছে তাতে ত্রাণ ভাণ্ডার বাড়াবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এবং অকৃপণ হতে যাতে এটা বাড়ানো যায় সেদিকে লক্ষ রাখবেন।

**শ্রীদেদার বক্স ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য গঙ্গাধরবাবু ১৯৪ নিয়মে T. R. G. R.-এর অপ্রাচুর্যতা সম্পর্কিত বিষয় আজ হাউসে আলোচনার জন্য উত্থাপন করেছেন তারজন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। কেন না এটা গুরুত্বপূর্ণ বিষয় এবং সময়োচিত হয়েছে। যাহোক, আপনি জানেন যে সর্বনাশা বন্যায় পশ্চিমবাংলায় ১৩টা জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ৭টা জেলা এর মধ্যে সর্বাধিক। এই বন্যায় বিশেষ করে বাংলার জনসাধারণ একদিকে তাদের ফসল, অন্যদিকে তাদের বাড়ী ঘর, গরু বাছুর হারিয়ে আজ প্রায় তারা নিঃস্ব এবং বিশেষ করে গ্রাম-বাংলার অর্থনৈতিক কাঠামো একেবারে বিপর্যস্ত হয়ে পড়েছে। এটা নিশ্চয় আপনার মনে আছে কাল আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন এমন অবস্থা দাঁড়িয়েছে যদি ৮ আনা কে. জি. চাল দেওয়া যায় তাহলেও গ্রামবাংলার গরীব জনসাধারণের তা কেনার ক্ষমতা নেই। মন্ত্রীরা এবং বিধানসভার সদস্যরা অনুমান করতে পারেন কি অবস্থা হচ্ছে। যাহোক এইযে T. R. দেওয়া হয়েছে এটা অত্যন্ত অপ্রচুর। T. R.-এর অংশ গ্রামবাংলার মানুষ দয়া চায় না, তার কাজ চায় এবং কাজ পেলে তারা খাদ্যদ্রব্য কিনতে পারে। সেজন্য বলব যে crash programme তাও ঠিক মত চালু হচ্ছে না। যেখানে জল নিকাশী দরকার, জল সেচ দরকার, রাস্তাঘাট দরকার সেগুলিও ঠিকমত চালু করা হচ্ছে না। এর উপর আবার বিধিনিষেধ D. M.,S. D. O ,B D. O. তাই ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এটা একটা authority-কে দেওয়া দরকার মুর্শিদাবাদ, পুরুলিয়া বাঁকুড়া জেলাকে দুর্ভিক্ষ এলাকা বলে declare করা দরকার এবং জরুরী ভিত্তিক সমস্যার সমাধান করা দরকার। মুর্শিদাবাদ, পুরুলিয়া মেদিনীপুর এবং বাঁকুড়া জেলাকে দুর্ভিক্ষ এলাকা বলে ডিক্লেয়ার করা দরকার এবং জি. আর, যা দেওয়া হয়েছে হাজারে ২ থেকে ৪ সেটা তারা পেয়েছে কিনা জানি না। তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলছি এটা অন্ততঃ পক্ষে ৪% করা উচিত।

এই দুরবস্থা থেকে যদি গ্রামের গরীব লোককে রক্ষা করতে হয় তাহলে আমি বলব আপনারা চোখ খুলুন এবং বিনয়ের সঙ্গে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে গ্রামবাংলাকে যদি বাঁচাতে হয় তাহলে এর অঙ্ক বাড়াতে হবে জরুরী ভিত্তিক এই সমস্যার সমাধান করতে হবে। মুখ্যমন্ত্রী অনুপস্থিত থাকলেও এদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি এবং আমাকে বলার সুযোগ দেবার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। জয় হিন্দ।

[ 6-35—6-45 p.m. ]

**শ্রীকাশী নাথ মিশ্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিক টি. আর. এবং জি. আরের অপর্য্যাপ্ততা সম্পর্কে যে প্রস্তাব নিয়ে এসেছেন তাকে সমর্থন করছি। বিশেষত আমি বাঁকুড়া জেলার কথা বলবো। এই বাঁকুড়ার বেশীরভাগ রাস্তাঘাট টি. আরের মাধ্যমে হয় এবং রাস্তাঘাট শুধু কেন সব পুকুরই টি. আরের মাধ্যমে কাটা হয়। কারণ এখানে যে সমস্ত সাধারণ মানুষ, মেহনতী মানুষ বাস করে তাদের কর্মসংস্থান নেই। যে কয়েকদিন চাষ হয় তখন শুধু চাষই হয়। কারণ সেটা চার পাঁচ মাস। তারপর এই সময় অধিবাসীরা অর্ধাহারে এবং অনাহারে থাকেন। এইযে সরকারী পরিকল্পনা টি. আরের কাজ চাষবাস উঠে যাবার পর আরম্ভ হবে। আমরা বলেছিলাম যে নির্বাচনের পর কাজ আরম্ভ হবে। আজ দিনকয়েক হল বাঁকুড়া জেলার কয়েকটি ব্লকে হয়ত আরম্ভ হয়েছে, কিন্তু বেশিরভাগ ব্লকে আরম্ভ হয় নি। এর আগে দেখেছি যে টি. আরের কাজ হতে, হতে বন্ধ হয়ে যায়। আমরা ডি. এম., এস. ডি. ও এবং বি. ডি. ওর কাছে গিয়ে বলি। তাঁরা বলেন আমাদের গম ফুরিয়ে গিয়েছে, টাকা ফুরিয়ে গিয়েছে। তারপর যখন আবার আপনাদের কাছে খবর আসে তখন আবার বর্ষা নেমে যায়, কাজটা অসমাপ্ত থাকে। ফলে সরকারের যেমন ক্ষতি হয়, সাধারণ মানুষেরও তেমনি ক্ষতি হয়। এই যে ক্ষতি হয় এর কারণ গ্রামবাংলার দিকে নজর দেন না তাই নয়। মাননীয় মন্ত্রিমহাশয় গত ৩রা মে একটা বিবৃতি দিয়েছেন তাতে তিনি বলেছেন যে বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় খরা হয়েছে কিনা সেটার তদন্তের জন্য অফিসিয়াল পাঠাচ্ছেন এবং তিনি বলেছেন নিজেও যাবেন। আমরা তাঁকে স্বাগত জানাবো। এসে দেখে যাবেন যে বাঁকুড়া জেলায় এখন ১১২ ডিগ্রি টেম্পারেচার। যেখানে মানুষ বেলা ১০টার পর কাজ করতে পারে না। কাজেই কাজ ৬টায় আরম্ভ হয়। আমরা দেখছি যে এখানে বেশিরভাগ ব্লকে কাজ হচ্ছে না। টি. আরের কাজ এখনই আরম্ভ করা দরকার। আমাদের বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার আমাদের কোয়ালিশন মন্ত্রিসভা তিন পারসেণ্ট করে দিয়েছিলেন। কিন্তু দেখছিলাম এখন পয়েণ্ট পাঁচ পারসেণ্ট করা হয়েছে। হাজারে পাঁচ জন পাবে। মাননীয় সদস্য বলেছেন তাদের ক্যাটাগরী ভাগ করা আছে, অন্ধ খোঁড়া, কানা ইত্যাদি। তাছাড়া বাঁকুড়ায় কুষ্ঠরোগী তারা টি. আরের কাজ করেন, রাস্তাঘাট তৈরী করেন, তাদের একটা কোটা আছে। কিন্তু জি. আরের পরিমাণ সেখানে অত্যন্ত কম। সেটা অবিলম্বে তিন পারসেণ্ট যেটা কোয়ালিশান মন্ত্রিসভা করেছিলেন সেটা করা উচিত। আগে দেখেছি পাঁচ পারসেণ্ট ছিল, এমন কি সাত পারসেণ্ট পর্যন্ত দেখেছিলাম। আজকে বাঁকুড়া জেলায় খাদ্য নেই। তারজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মারফৎ মন্ত্রিমহাশয়কে বলছি তিনি যেন বাঁকুড়ার কথা চিন্তা করেন। যে কটা জেলা ভিত্তিক ওখানে পাঠিয়েছেন তাতে খুব সামান্যই অঞ্চলে কাজ হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ তাই আমি বলতে চাই যত শীঘ্র এই সব ব্লকে এবং জেলাশাকদের হাতে টাকা যায় এবং সেই টাকা দিয়ে যাতে কাজ আরম্ভ হয় এবং বর্ষার আগে কাজগুলি আরম্ভ হয়ে যাতে শেষ হয়ে যায় তার ব্যবস্থা যেন হয়। আমাদের বাঁকুড়াতে অতি বৃষ্টি এবং ঝড়ে যেসব ঘর-গুলি নষ্ট হয়ে গেছে তাতে কিছু কিছু লোক টাকা পেয়েছেন। কিন্তু বহু লোক এখনও হাউস বিল্ডিং লোনের টাকা পান নি, তারা এখনও পর্যন্ত রাস্তাতে বা গাছের তলায় আছেন কিন্তু বর্ষার সময়

তারা কোথায় থাকবেন ? আর যাদের টাকা দেওয়া হয়েছে কেউ বা হয়ত ২০ টাকা পেয়েছেন, কেউ বা হয়ত ১৫ টাকা পেয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৫ টাকায় কি কারো বাড়ী সারানো যায়, ১৫ টাকায় কি কেউ বাড়ী করতে পারে ? এই যে অবিচার, এই অবিচার অন্ততঃ আমি এই প্রগতিশীল মন্ত্রিসভার কাছে এই অনুরোধ রাখছি যাতে তারা এটা বিচার করে দেখেন এবং এই যে দুঃখ দুর্দশাগ্রস্থ মানুষ তাদের দুঃখদুর্দশা দূর করার যেন চেষ্টা করেন এইটুকু অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীমানিকলাল বেশরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য গঙ্গাধর প্রামানিক মহাশয় যে প্রস্তাব টি, আর, এবং জি, আর, সম্বন্ধে রেখেছেন তাকে আমি অকুণ্ঠ সমর্থন জানাচ্ছি। এই টি, আর. এবং জি, আর, বিশেষতঃ দক্ষিণ বাঁকুড়া, পুরুলিয়া জেলার দুস্থ জনসাধারণের পক্ষে অপরিহার্য এবং এটি তাদের কাছে একটা আশীর্বাদস্বরূপ। কারণ, দক্ষিণ বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার যে ভৌগলিক অবস্থা সেটা ছোটনাগপুরের পর্যায়ে পড়ে। সেখানে পর্যাপ্ত বৃষ্টিপাত হয় এবং তাতে বছরে একটিমাত্র ফসল ফলে সেটা হচ্ছে আমন ধান। সেই কারণে বছরের অধিকাংশ সময় চৈত্র মাস থেকে সুরু করে আষাঢ় মাসের মাঝামাঝি পর্যন্ত খেটে খাওয়া মানুষরা কোন কাজ পায় না। এই সময় গৃহস্থ ঘরের অবস্থাপন্ন চাষীরা মাটি কাটায় এবং এই মাটি কাটাবার সুযোগ পায় বলে তারা এই সময় কিছু মাটি কাটিয়ে নেয়। আর যেখানে ২।১০ বিঘা আখের চাষ হয়, আই, আর এইট জাতীয় ধানের চাষ হয় সেখানে ২০।২৫ জন কুলি মজুর শ্রেণীর লোক কাজ পায়, আর বাদবাকি সকলে ঐ গৃহস্থ চাষীর কাছ থেকে দাদন নেয় অর্থাৎ মজুরী অগ্রিম নেয়। কাজের মরশুমে তারা কাজ করে শোধ করে দেয়। এতে দেখা যায় কাজের চলতি মরশুমে তারা তাদের ন্যায্য মজুরী চাষীর কাছ থেকে আদায় করতে পারে না। আর যারা জঙ্গলখণ্ডে বাস করে তারা বনের জঙ্গল পাতা বিক্রী করে কোনরকমে জীবনযাপন করে। বলাবাহুল্য এতে সরকারের বন-সম্পদের তারা প্রভূত ক্ষতি করে। এই কারণে এই সমস্ত জায়গায় বছরে চৈত্র মাস থেকে আষাঢ় মাস পর্যন্ত তাদের টি, আর-এর মাধ্যমে বলুন প্রয়োজনীয় একটা সাময়িক প্রতিবিধান করা আবশ্যক। আর সামগ্রিকভাবে এর প্রতিবিধান করতে গেলে ক্ষুদ্র ক্ষুদ্র শিল্পের উপর জোর দিতে হবে। অর্থাৎ যেসমস্ত জায়গায় রিভার লিপ্‌ট বা স্যালো টিউবয়েল বসিয়ে দোফসলা চাষের আবাদ করা সম্ভবপর হবে, সেগুলিকে গুরুত্ব দেওয়া অত্যন্ত দরকার। এর পর আমি টি, আর,-এর কার্য-পদ্ধতি সম্পর্কে দু'একটি কথা বলতে চাই।

[6-45—6-55 p.m.]

টি, আর,-এর কাজে পে মাষ্টার, মোহরার, সর্দার আর জল সরবরাহক এই চার শ্রেণীর কর্মচারীর তত্ত্বাবধানে কাজ হয়ে থাকে। তার মধ্যে সর্দার এবং জল সরবরাহক এই দু'জন কুলি মজুর শ্রেণীতেই পড়ে, বাকী পে মাষ্টার এবং মোহরার এরা দু'জন বণ্ড সাক্ষর করে তারা কাজের ভার পান। এই পে মাষ্টার এবং মোহরার এরা দৈনন্দিন কাজের বিল বি, ডি, ও, সাহেবের অফিসে জমা দিয়ে টাকা নেন। কিন্তু অনেক সময় দেখা যায় যে এই টাকা পেতে তাদের অনেক বেগ পেতে হয় এবং বিলম্ব হয়। তার ফলে তারা অনেক সময় এই রিলিফের টাকা আত্মসাৎ করেফেলে। আর পে মাস্টার এবং মোহরার সাধারণতঃ গ্রাম পঞ্চায়েত থেকে দেওয়া হয় এবং অবস্থাপন্ন লোকদেরই দেওয়া হয় কারণ এদেরকে সিকিউরিটির টাকা জমা দিতে হয়। আমার মনে হয় কোন শিক্ষিত বেকার যুবক, গরীব এই শ্রেণীর বেকার যুবকদেরকে এই কাজে নিয়োগ করলে ভাল হয়। নিয়ম আছে একজন মোহরারের অধীনে ৪০০ জন কুলি কাজ করে। এই ৪০০ জন কুলিকে ভোরে এসে স্লিপ নিতে হয়, নিয়ে কাজ শুরু করতে হয়। ৪০০ জনের অতিরিক্ত

কুলি এলে সেদিনকার মত তাদের ফেরত দেওয়া হয়, তারা কোন কাজ পায় না সেদিনের মত। এই অসুবিধা দুর করার জন্য এই ৪০০ জনের জায়গায় আরো বেশী লোক নিয়োগ করা দরকার এবং সেক্ষেত্রে একজন মোহরারের বদলে দুইজন মোহরার নিয়োগ করা দরকার। ডিলারের ক্ষেত্রেও গলদ দেখা যায়। কারণ ডিলার ভাড়া বাবদ এবং কমিশন বাবদ যে টাকা পান সেই টাকায় তার ভাড়া পোষায় না। তার কারণ পাকা রাস্তা, কাঁচা রাস্তা, নদী খাল নির্বিশেষে সরকারের একই রেট ধার্য থাকে। সেই কারণে সময়ে ডিলার পাওয়া যায় না এবং ডিলারের অভাবে অনেক অঞ্চলে কাজ হয় না। তারপর কাগজপত্র ইত্যাদি ব্যাপারে যে কনটিজেনসিতে খরচ হয় সেটাত ডিলারকে পকেট থেকে দিতে হয়। তারপর মোরাম, পাথর, চাঁতাল. সিমেণ্ট ইত্যাদি কাজে টাকা খরচ হয় কিন্তু এই টাকাটা দরিদ্র জনসাধারণ পায় না। যারা অবস্থাপন্ন লোক তাদের হাতে এই টাকাটা যায়। বিশেষ করে সিমেণ্ট পাথর যেগুলি চাঁতালের কাজে ব্যবহৃত হয় সেটা সিল্ট তহবিল থেকে দেওয়া উচিত যেটা রিলিফের থেকে দেওয়া হয়। কাজেই এই সমস্ত জিনিসগুলির একটু পরিবর্তন করা দরকার যাতে দরিদ্র জনসাধারণ এর দ্বারা উপকৃত হয়। আমি এই বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমনোরঞ্জন হালদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিক যে গুরুত্বপূর্ণ বিষয় আলোচনার জন্য এখানে উল্লেখ করেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। তবে এই গুরুত্বপূর্ণ আলোচনায় আমরা অংশ গ্রহণ করতে গিয়ে হতাশার চিহ্ন দেখতে পাচ্ছি। কারণ এর আগে বিভিন্ন মেনশন কেসে, কলিং এ্যাটেনশনে আমবা মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু তার কোন সুরাহা হয় নি। আজকে এই গুরুত্বপূর্ণ আলোচনার গুরুত্ব যদি বিভাগীয় মন্ত্রিমহাশয় দেন এবং এটাকে যদি তিনি সহৃদয়তার সঙ্গে বিবেচনা করেন তবেই এই আলোচনার গুরুত্বও যে প্রয়োজনীয়তা সেটা পরে কার্যে পর্যবশিত হবে।

আমাদের আলোচনার সার্থক রূপদান দেবেন দেবেন এটা আমি আশা করব। এই সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি জানাতে চাই যে নিবাচনের প্রাক্কালে আমরা বিভিন্ন নির্বাচনী জনসভায় এই বক্তব্য রেখেছিলাম যে আমরা গান্ধীজীর আদর্শে গ্রামের সর্বাঙ্গীন উন্নতি করব। কিন্তু আজকে দেখতে পাচ্ছি আমাদের সেই বক্তব্য এবং প্রতিশ্রুতি ব্যর্থতায় পর্য্যবসিত হতে চলেছে। আমাদের যে সরকার, আমরা গ্রাম বাংলা থেকে যারা এসেছি তাদের বক্তব্য বা কথার প্রতি কোনরকম গুরুত্বই দিচ্ছেন না। হতাশায় তাই অত্যন্ত মর্মাহত হয়ে পড়েছি। আজকে যে আলোচনা করছি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় অত্যন্ত মনোযোগ দিয়ে শুনবেন এবং এরজন্য বিহিত ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করবেন। আপনি স্যার, জানেন এই বিধানসভায় আমরা বিভিন্ন যে বিল নিয়ে আলোচনা করি তার মাধ্যমে এটাই প্রকাশ পাচ্ছে যে শহর উন্নয়নের জন্য কোটি কোটি টাকার প্রকল্প করা হচ্ছে কিন্তু গ্রামের যে সমস্যাগুলি আছে যেগুলি আশু সমস্যা যার সমাধান এক্ষুণি করা উচিত তার সম্বন্ধে আজ পর্যন্ত হয় নি। আজকে গঙ্গাধর প্রামাণিক মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সহৃদয়তার সঙ্গে আমি আলোচনা করতে চাই এবং বিভাগীয় মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে তিনি আমাদের সুরে সুর মিলিয়ে আমাদের বক্তব্য কার্যে রূপদান করেন। আপনি স্যার, জানেন গত নির্বাচনে আমি বিভিন্ন এলাকায় গিয়ে দেখেছি বিশেষ করে ২৪-পরগণা জেলায় ৫০টি কেন্দ্র আছে, সেই কেন্দ্রের শতকরা ৭৫টি গ্রামের রাস্তা-ঘাট বিগত বর্ষায় খারাপ হয়ে গেছে। সেইসব মেরামত সম্বন্ধে বিভিন্ন নির্বাচনী জনসভায় বক্তৃতা করতে গিয়ে এই কথা বলে এসেছি যে আমরা টি. আরের মাধ্যমে রাস্তা-ঘাট তৈরী করে দেব। আজকে দেখা যাচ্ছে ৫০টি কেন্দ্রের জন্য ২৪-পরগণা জেলায় স্যাংসন হয়েছে

৯ লক্ষ টাকা, অর্থাৎ প্রত্যেকটি কেন্দ্রে ১০।১২ হাজার টাকার কাজ হবে। আমি আশেপাশের বিভিন্ন কেন্দ্রে গিয়ে যা দেখেছি তাতে ন্যূনতম পক্ষে সেই সব কেন্দ্রে ৩০ থেকে ২৫ টি টি আর স্কীম চালু করা উচিত ডি. এম, অফিসে বলেছি স্পেশাল ব্যবস্থায় ৩টি টি. আর. স্কীম চালু করতে হবে। আমি মাননীয় বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে টি. আর. স্কীম আরো বেশী করে চালু করেন এবং গ্রামবাংলার লোকদের কাজ দান-এর মাধ্যমে রুজি-রোজগার এবং আনন্দ সংস্থানের ব্যবস্থা করে দেন। এই বক্তব্য রেখে আমি আমার কথা শেষ করছি।

**শ্রীভবানী প্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিক মহাশয়কে ধন্যবাদ যে আজকে যখন আমরা এই শীততাপনিয়ন্ত্রীত কক্ষে বসে আছি সি. এম. ডি. এ ইত্যাদি নিয়ে খুব ভাবছি এবং কি করে শিল্প এলাকায় নানা সমস্যার সমাধান করা যায় এই সব কথা ভাবছি ঠিক সেই সময় একটা গুরুতর প্রস্তাব এখানে রেখেছেন। যদিও খুব লজ্জার কথা যে আমাদের দেশের এক কোটি লোকের উপর জি. আরের উপর নির্ভর করতে হয় এটা একটা সুস্থ রাষ্ট্রের পক্ষে খুব লজ্জার কথা। তবু যে অবস্থা চলেছে আমরা যেভাবে গ্রাম-বাংলার মানুষ আজকে অর্ধাহারে উপবাসে এবং অর্ধাসনে রয়েছি তার পরিপ্রেক্ষিতে এই জি. আর. প্রভৃতি প্রকল্পের কথা প্রতিটি ক্ষেত্রে রিলিফ ম্যানুয়েলে যা আছে সেই ক্যাটিগরীকে বদল করে।

[ 6-55—7-05 p.m. ]

যতক্ষণ পর্যন্ত না এই সরকার গ্রামের ক্ষেত মজুরদের জন্য, ভূমিহীন কৃষকদের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে পারছেন ততক্ষণ পর্যন্ত দায় দায়িত্ব নিতে হবে এবং এই জন্য রিলিফ ম্যানুয়েলের পরিবর্তন করা দরকার। ১৮ বছর ধরে ইউনিয়ন বোর্ড এবং পঞ্চায়েতের সঙ্গে আমার সম্পর্ক আছে। আমি জানি কিভাবে রিলিফ দেওয়া হয় এবং রিলিফ ম্যানুয়েলে কি লেখা আছে। কাজেই গোটা রিলিফ ম্যানুয়েলটাকে বাতিল করে দেওয়া উচিত। গ্রামের মানুষদের ভিক্ষা দেবার জন্য যে নিয়ম এই রিলিফ ম্যানুয়েলে আছে তার পরিবর্তনের বিশেষ দরকার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন যে জি. আর. যাদের দেওয়া হয় সেই ব্যক্তি মাসে ৪ টাকা পান, মালে কিম্বা টাকায়। এমন পরিবার আছে যে ঐ একটি মানুষের উপর নির্ভর করে ঐ পরিবারটি। সেখানে জি. আর. যেভাবে বণ্টন করা হয়, যেভাবে তালিকা তৈরী করা হয় তাতে সেই পরিবারের মধ্যে ৪ টাকার উপর নির্ভর করে কিছুতেই চলতে পারে না। সুতরাং এই পরিমাণ বৃদ্ধি করার বিশেষ প্রয়োজন আছে। অন্যদিকে আমি টেষ্ট রিলিফের কথা বলব। টেষ্ট রিলিফ সম্বন্ধে আমার যে অভিজ্ঞতা আছে তাতে দেখছি সরকার প্রত্যেক বছর যে সময়-এ টেষ্ট রিলিফের প্রকল্পগুলি অনুমোদন করেন সেই সময় বর্ষা আসতে ১ মাস কি দেড় মাস দেরী থাকে। এবং হিসাব নিলে দেখা যাবে প্রতিটি জেলায় টেষ্ট রিলিফের জন্য যে টাকা বরাদ্দ করা হয় বর্ষা এসে যাবার জন্য এই টাকা খরচ হয় না। এ বছর কি হবে জানি না, তবে এই রকম অভিজ্ঞতা আমাদের আছে। ঐ রিলিফ ম্যানুয়েল এবং প্রশাসন যন্ত্রের যে মারপ্যাচ তার মধ্যে টেষ্ট রিলিফ দেওয়া যেভাবে চলে তাতে দুর্নীতি থাকার যথেষ্ট অবকাশ আছে। একটি উদাহরণ আপনার মাধ্যমে রাখছি রিলিফ ম্যানুয়েল সম্বন্ধে। মন প্রতি গমের জন্য ৮ আনা পয়সা ধার্য্য আছে যারা হোলসেলার, ডিলার, রিটেলের তাদের জন্য এবং এম. আর, ডিলার এবং জি, আর, ডিলারদের যেখান থেকে মাল নিয়ে আসতে হয় মন প্রতি তাদের যে পয়সা দেওয়া হয় তাতে তাদের চুরি না করে উপায় থাকে না। এই ধরণের ঘটনা চারিদিকে চলছে। আমি এটা সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এর কোন পরিবর্তন ঘটেনি।

অন্যদিকে টেষ্ট রিলিফের মজুররীর হার সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৬৭ সালে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট যেটা হয়েছিল তাতে ঠিক হয়েছিল যে ৩ টাকা করে দেওয়া হবে। কিন্তু গ্রামের সেই দুর্গত মানুষরা এই টেষ্ট রিলিফের কাজে কম পয়সা বা কম পয়সার মাল পাবে কেন, সেটা আমরা বুঝতে পারছি না। আজকে ৫ বছরে যেথানে মূল্যমানের বৃদ্ধি ঘটেছে সেখানে এই রকম ঘটনা ঘটবে কেন? সবশেষে যেকথা বলছি সেটা হচ্ছে টেষ্ট রিলিফ কি কেয়ার-এর মাধ্যমে চলবে? সেই কেয়ারের চরিত্র আমরা ভালভাবে জানি। আমরা প্রগতিশীলতার কথা বলি, আমরা নানা রকম পুঁজিবাদী ইত্যাদির বিরুদ্ধে বলছি, অথচ সেইখানে এই কেয়ার টেষ্ট রিলিফের কাজে বাধা সৃষ্টি করছে। শুধু তাই নয়, এর পিছনে তাদের ষড়যন্ত্র আছে। কেয়ারের যারা কর্তৃপক্ষ তারা আমাদের দেশের বিরুদ্ধে, আমাদেরও বিরুদ্ধে। তাদের নিয়ে আজকে টেষ্ট রিলিফের কাজ করা হচ্ছে। আমাদের গ্রামের দুর্গত মানুষদের খাবার আজকে পৌছে দেওয়া হচ্ছে না। সেই জন্য আমার দাবী যে এই রিলিফ ম্যানুয়েল পরিবর্তন করা হোক, এটাকে গণতান্ত্রিক করা হোক এবং এই গরীব মানুষ যারা গ্রামে বাস করে তাদের জীবন ধারণের উপযোগী করে একে গড়ে তোলা হোক।

**শ্রীমহবুল হক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য গঙ্গাধর প্রামাণিক মহাশয় আজ আলোচনার জন্য যে প্রস্তাব এখানে এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। কারণ এতক্ষণ ধরে যে আলোচনা চললো নিশ্চয়ই আপনি অস্বীকার করবেন না সত্যি আজকে গ্রাম বাংলার মানুষের অবস্থা চরমে দাঁড়িয়েছে পেটের দায়ে। আজকে যখন মানুষ তাই খেতে পাচ্ছে না, অনাহারে মৃত্যুবরণ করছে। অনেক সময় এই দোষ ঢাকবার জন্য মিথ্যার আশ্রয় নেওয়া হচ্ছে। আমরা এও জানি ঝগড়াঝাটি অনেক ক্ষেত্রে হয়েছে ঠিকই। কিন্তু একটু তলিয়ে দেখলে দেখা যাবে এই আত্মহত্যার মূলে আছে অভাব-অনটন। যার ফলে স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া হচ্ছে। স্বামী-স্ত্রীকন্যাপুত্রদের খেতে দিতে পারছে না; স্বামীর হয়ত কাজ নাই, ছেলেপেলে না খেয়ে আছে। তারা খেতে চাচ্ছে তারা খেতে দিতে পারছে না। শেষে আত্মহত্যা করছে। এইরকম নানাকারণ এর মধ্যে জড়িয়ে আছে আমরা জানি। তবু প্রশ্ন জাগে কেন এরকম হয়েছে? ভয়ংকর বন্যার ফলে গ্রামের অবস্থা দাঁড়িয়েছে শোচনীয়, বাড়ীঘর নাই, খাবার নাই, ফসল নাই। তারপর আবার বন্যার পরে আসলো খরা। সেখানে মানুষের পানীয় জল নাই, বৃষ্টির জল নাই, মানুষ জমিতে ফসল ফলাতে পারছে না। ফসল ফলাতে পারলে কিছু মানুষ কাজ পেত, মজুরী পেত এবং তার জ্বালা সংসার প্রতিপালন করতে পারতো। তার মধ্যে আবার সাইক্লোন হয়েছে। মানুষ বাঁচে কি করে!

আমি মালদহের একজন প্রতিনিধি, সেখানে আম হয়। কথায় বলে ভগবানের মার সেখানে এবার আম হয় নাই। আমের জন্য মানুষ ঝুড়ি বা টুকরী বুনে মজুরী পেত—সে পথও আজ বন্ধ। আজকে একথা কেউ আর অস্বীকার করতে পারছেন না যে গ্রাম বাংলার মানুষ আজ অনাহারে, অর্ধাহারে রয়েছে। যেভাবে T. R., ও G. R. দেওয়ার ব্যবস্থা করা হয়, তা অতি নগণ্য। আমরা জানি আমাদের টাকার অভাব—আমাদের কেন্দ্রীয় মন্ত্রীরা টাকার জন্য বিদেশে যান, পশ্চিমবঙ্গের মন্ত্রীরাও যান দিল্লীতে টাকার জন্য। আজকে হাউস বন্ধ হতে চলেছে। আমরা দেশে ফিরে যাব কি নিয়ে? ফিরে গিয়ে আমাদের পিঠের চামড়া বাঁচাতে পারবো? তাই আমি বলি প্রতি অঞ্চলে খাদ্যশস্যের কিছু ষ্টক রাখা উচিত লোকে না খেয়ে মারা না যায়। কৃষি ও ত্রাণ বিভাগ যৌথভাবে খাল-বিল কেটে সংস্কার করলে কৃষির অনেক উন্নতি হতে পারে এবং সাধারণ মানুষও খেয়ে-পরে বাঁচতে পারে।

এই বলে আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলালচাঁদ ফুলমালী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে জি-আর ও টি-আর উপর আলোচনা চলছে আমি আপনার মাধ্যমে সেই ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দীর্ঘদিন ধরে একই অবস্থা দেখছি এখানে। আমরা মাননীয় সদস্যরা এবং মাননীয় মন্ত্রীরা খুব সদিচ্ছা নিয়ে দেশের মানুষের জন্য কাজ করার পক্ষে মত প্রকাশ করছি। কিন্তু একটা জিনিষ আজকে আমাদের জানা দরকার। সে জিনিষ হচ্ছে যে গত ৩।৪ বছর এর যে ভাঙ্গাগড়া রাজনীতির ফলে সরকারী আমলাতন্ত্রের অফিসাররা আজকে বিভিন্ন রাজনৈতিকদলের গোষ্ঠীভুক্ত ; মধ্যে থেকে আজকে যেসমস্ত কাজ অতি সত্বর হওয়া প্রয়োজন,সেই কাজে তাঁরা বাধা সৃষ্টি করছেন।

[7-05—7-15 p.m.]

২রা তারিখে বি, ডি, ও, সাহেবের সঙ্গে দেখা করি। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেই ময়ূরেশ্বর কেন্দ্রের বীরভূম জেলার, সেখানকার ১নং এবং ২নং ব্লকের বি, ডি, ও, সাহেবের কাছে আমাদের এলাকার বহু রাস্তার ষ্টেট রিলিফের জন্য দরখাস্ত গিয়েছে, সেই দরখাস্ত বি, ডি, ও, অফিসে প্রায় ১২।২০ দিন জমা আছে, কিন্তু বি, ডি, ও, সাহেবের সঙ্গে আলোচনা করে দেখেছিলাম, তারা যেসব স্কীম পাঠিয়েছেন, সেগুলি এখনও ফিরে আসেনি, এস, ডি, ও, বা ডি, এম,-এর কাছ থেকে। ফিরে এলে তারা সেই কাজ শুরু করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যেসব মাননীয় সদস্যরা এই দেশকে নতুনভাবে গড়ার কথা বলছি এবং দেশের এই দুরবস্থার পরিবর্তন চাইছি, সেখানে সমস্ত সদস্য এবং মন্ত্রিমহাশয়দের কাছে আমার অনুরোধ যে এখন থেকে সমস্ত সরকারী বিভাগের অফিসে, যখন যেখান থেকে যে দরখাস্ত পাবে, তখন সেখানকার সেই কাজ এক সপ্তাহের মধ্যে যাতে কার্যকরী হয়, এবং যে দরখাস্ত আসবে সেটাকে মঞ্জুর করা হবে কি হবে না সেটাও জানিয়ে দেবার নির্দেশ এই মন্ত্রীমণ্ডলী থেকে দেওয়া হোক। তা না হলে আমাদের এই দুরবস্থা কাটতে পারে না। গতবারে এই হাউসে আমরা বলেছিলাম যে কেন্দ্রীয় সরকারের যে টাকা আমরা পাচ্ছি তার দ্বারা ১৪ জন করে বেকার শিক্ষিত ছেলে প্রত্যেক ব্লকে চাকুরী পাবে। অথচ সেই ক্যাস প্রোগ্রামের পর থেকে প্রত্যেকটা ব্লকের জন্য প্রত্যেকটা জেলায় টাকা জমে আছে, আজও পর্যন্ত সেই ক্যাস প্রোগ্রামের কাজ শুরু হয়নি। ১৪টা ছেলে কাজ করবে—আর বি, এ. এম, এ. ইঞ্জিনিয়ারিং পাশ করা ছেলেরা সেখানে দরখাস্ত করছে, তারা বলছে, "আমরা মাটি কাটব এ কাজই আমরা করব বেকার হয়ে থাকব না" কিন্তু সেখানে দরখাস্ত করা সত্ত্বেও আজকে তারা মাটি কাটার কাজও পাচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলব এই রিলিফের কাজে ষ্টেট রিলিফের কাজে আর দেরী না করে যাতে তাড়াতাড়ি হতে পারে, এই মাটি কাটার কাজ যাতে তাড়াতাড়ি আরম্ভ হতে পারে তার জন্য আমি আপনার মাধ্যমে রিলিফমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই ছাড়া আমার দ্বিতীয় কথা আমাদের একজন বন্ধু বললেন যে আমাদের দেশের এক কোটি মানুষকে জি, আর, দেওয়া হয়, এক কোটি মানুষকে জি, আর, দেওয়া মানে কিছুই দেওয়া হয় না। যে জি, আর, দেওয়া হয় সেই জি, আর, আমাদের দেশের যারা কানা, খোঁড়া, অন্ধ, বিধবা যার কেউ নেই— যাকে দেখবার কেউ নেই এই রকম লোক ভদ্র সিডুল, তপশীলি প্রত্যেক ঘরেই আছে, এরা সকলে পায় না। কারণ আমাদের সরকারের যে নীতি, সেই নীতিতে হাজারের মধ্যে ২ জন লোক জি, আর, পাবে। আর এই দুইটি লোক জি, আর, পেলেই সমস্যার সমাধান হতে পারে না। আমি মোটামুটি যা হিসাব করে দেখেছি তাতে কম করে ১০০ জনে দশ জনকে সাহায্য দিতে হবে, তা না হলে ঐ সব দুঃস্থ অসহায় লোকদের কোন রকমেই বাঁচান যায় না। আমি দাবী করছি অন্ততঃ পক্ষে শতকরা দশ জনকে জি, আর, দেওয়ার ব্যবস্থা করা হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে আর এক মিনিট সময় দেবেন আমি আর একটা কথা বলব।

আমি আর একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। আজকে আমরা এখানে ঠাণ্ডা ঘরে

বসে আছি। আমরা বুঝতে পারছি, এখানকার অনেক মাননীয় সদস্য বলেছেন যে গ্রামবাংলায় ভয়ঙ্কর খরা সুরু হয়েছে। এই খরাতে কৃষকরা মাঠে ঘাটে কাজ করে যখন গ্রামে ফিরে আসে তখন তারা একটু ঠাণ্ডা জল খেতে পারেনা। কারণ আজকে গ্রামে গ্রামে যেসমস্ত সরকারী টিউবওয়েল আছে সেই টিউবওয়েলগুলি সমস্ত নষ্ট হয়ে পড়েছে। সেদিন মাননীয় সাত্তার সাহেব বললেন যে অনতিবিলম্বে এই টিউবওয়েলগুলি সারান হবে কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। যখন গ্রামে যাই তখন গ্রামের মানুষ এইরকম প্রশ্ন করছে। আমি আপনার মাধ্যমে যাতে এই টিউবওয়েলগুলির অনতিবিলম্বে মেরামত করা হয় তারজন্য যত শীঘ্র সম্ভব ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়ের উপর এখানে আলোচনা হচ্ছে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এমনই গুরুত্বপূর্ণ আপনার হাউসে আমরা এমনই মনোযোগ দিয়েছি যে হাউসের কোরাম প্রায় ফল করে এইরকম অবস্থা হয়ে পড়েছে, এই আমাদের গুরুত্ব দেওয়ার নমুনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের মূল সমস্যা হচ্ছে দারিদ্রের সমস্যা। মূল সমস্যা হচ্ছে সহায় সম্বলের সমস্যা। মূল সমস্যা হচ্ছে কর্মসংস্থানের সমস্যা। সরকার সচেতন এবং আপনি দেখেছেন যে আমরা অন্যান্য বছরের তুলনায় এই সময়ে যে পরিমাণ অর্থ এই রিলিফ মেজারে ব্যয় হয় তার থেকে অনেক গুণ বাড়িয়ে দিয়েছি এবং সেই সংখ্যা আমাদের মাননীয় রিলিফ মন্ত্রী দেবেন। শুধু তাই নয় আপনি জানেন যে ভারত সরকারের পরিকল্পনায় প্রতি ব্লকে একশত জন করে মানুষের যাতে কর্মসংস্থান হয়, অন্তত করে ১০ মাস এবং কোন পরিবার থেকে যেন ২জন না যায় এই বিষয়ের প্রতি লক্ষ্য করা হয়। কোন পরিবারের থেকে যেন আনরিপ্রেজেনটেড না থাকে সেদিকে সরকার যথেষ্ট গুরুত্ব আরোপ করেছেন এবং গ্রামীন ক্র্যাস প্রোগ্রাম—যে ক্র্যাস প্রোগ্রামের মাধ্যমে এই যে অস্বাভাবিক অবস্থা, এই অসহ অবস্থা, এর প্রতিকারের চেষ্টা চলছে। শুধু টি. আর. জি. আর দিয়ে এই সমস্যার সমাধান করা যাবে না। আমাদের উদ্যোগ নিতে হবে স্থানীয় কর্মসংস্থানের এবং গ্রামীন যে বেকার রয়েছে সেই বেকারত্ব দুর করার জন্য সম্পদ সৃষ্টি করার দিকে আমাদের নজর দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনাব বারি সাহেব এখানে নেই, তিনি বলে গেলেন যে মন্ত্রীমণ্ডলীর কর্ণকুহরে একথা প্রবেশ করছে না। এটা একটা অভিযোগ বলে আমরা মনে করি। আমরা মনে করি যে গ্রাম বাংলায় যে অবস্থা আজকে দাড়িয়েছে, এই অবস্থা আজকে ৪।৫ বছর আগে যে অনিশ্চয়তা, রাজনৈতিক হিংসাত্মক কার্যকলাপ-এর জন্য আমাদের অগ্রগতি ব্যহত হয়েছে এবং এই সমস্ত কারণের যোগফল আজকে গ্রাম বাংলায় প্রতিফলিত হয়েছে। যে অরাজক অবস্থার সৃষ্টি হয়েছিলো সেই অরাজক অবস্থার দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন ছিলো। যে প্রাগু ওয়েতে অগ্রগতি হওয়ার কথা ছিলো সবগুলি একসঙ্গে ব্যাহত হওয়ার ফলে, শিল্পে সম্প্রসারণ বন্ধ হয়ে যাবার ফলে আমি যে দপ্তরের দায়িত্বে আছি—কুটিরশিল্প, গ্রামীন এবং খাদ্য এবং ভিলেজ ইনডাসট্রিজ বোর্ড-এর মাধ্যমে যে কর্মসংস্থানের সম্ভাবনা ছিলো সবগুলি এমন জায়গায় এসে দাড়ালো, কালকে আমি এই হাউসে এর উত্তর দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ইনডাষ্ট্রিজ ডেভলপ করতে গেলাম না, একদিনে ৬৫টা চেক কেটে ৬।। লক্ষ টাকার বাড়ী কিনে বসলাম। যে খাদীর মাধ্যমে গ্রামীন মানুষ, অসহায় মানুষ, কর্মহীন মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা ছিলো ছোট ছোট শিল্প, কুটিরশিল্পের মাধ্যমে সেই অবস্থাও আজ থেকে ৪।৫ বছর—১৯৬৭ সালের পর আমি সুস্পষ্টতায় বলতে চাই যে পশ্চিমবাংলায় যে অস্বাভাবিক, অনিশ্চয়তা এবং হিংস্রতা চলেছে এর ফলে একটা অসহায় অবস্থা দেখা দিয়েছে।

[7-15—7-25 p.m.]

আমি শুধু এটুকু বলতে চাই যে বিশ্বনাথবাবু এটা জানেন। (শ্রীবিশ্বনাথ মুখার্জি) ওতে চিড়ে

ভিজবে না, টাকা চাই ) He has contributed a lot towards the development of the present helpless condition in the rural areas of West Bengal. I think, my friend, Mr. Biswanath Mukherjee will agree with me.

(**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমায় বলতে দিতে হবে, এ্যাটাক করলে চলবে না।) কি করে সমস্যার মোকাবিলা করতে হয় সেটা আমরা জানি এবং মোকাবিলা করবার মত হিম্মত আমাদের আছে। আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি, সেই প্রতিশ্রুতি আমরা রাখবো। কিন্তু আজকে বিশ্বনাথবাবু তাঁদের দায়িত্ব অস্বীকার করতে পারবেন না। গ্রামবাংলায় কর্মসংস্থানের যে প্রস্তাব ছিল তাকে অসহায় করে দেবার জন্য, সেই অগ্রগতিকে পিছিয়ে দেবার জন্য, বিগত ৪।৫ বছরের অস্বাস্থ্যকর পরিস্থিতির জন্য সেই সময়কার ফ্রন্টের নেতারাই দায়ী এবং ভারত সরকার এর ক্র্যাস প্রোগ্রামে ঐ সময়ে আমাদের যে রি'লিফ মেজার হয়েছিল সেগুলি বন্ধ হয়ে গিয়েছিল। আমরা এই সমস্যার মোকাবিলা করবো এবং করছি, আমরা এবিষয়ে সচেতন আছি এবং এই ব্যবস্থার প্রতি কিন্তু মাননীয় বিশ্বনাথবাবু তাঁদের দায়িত্ব অস্বীকার করতে পারেন না। এখানে মাননীয় সদস্যরা অনেক গুরুত্বপূর্ণ বক্তব্য রেখেছেন এবং যে ৩০ জন স্পীকার পার্টিসিপেট করেছেন এবং যে constructive suggestion in the context of West Bengal's Budgetary Position as a whole, financial resources as a whole সেদিক দিয়ে এটা গঠনমূলক। আমরা দেখছি একদিকে ইণ্ডাসট্রিয়াল ডেভেলাপমেন্ট হচ্ছে অন্যদিকে গ্রামীন কর্মসংস্থানের উন্নয়ন হচ্ছে এবং আর অন্যদিকে সেন্ট্রাল গভর্ণমেন্টের প্রদত্ত অর্থে ক্র্যাস প্রোগ্রাম ব্লক ওয়াইজ চালু করে বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলি আমরা সুরু করেছি। আপনি জানেন বন্যানিয়ন্ত্রণের জন্য, খালের জন্য, এগ্রিকালচার, ইরিগেসনের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং কাজ চালু করা হয়েছে। এতে অধিকতর লোকের কর্মসংস্থান করে আজকের এই ভয়াবহ সমস্যার সমাধান করতে আমরা অগ্রনী হয়েছি। বিশেষ করে পশ্চিমবাংলার মানুষের সহায়তা এবং এই হাউসের মাননীয় সদস্যদের সহযোগিতায় এই সরকার সমস্যার মোকাবিলা করতে পারবেন এবং এই আশঙ্কা এক একজন যে প্রকাশ করেছেন সেই আশঙ্কার কারণ থাকলে আশা করি আমরা সেগুলি কাটিয়ে উঠতে পারব এবং গ্রামবাংলার মানুষ আমাদের কাছে যে প্রত্যাশা নিয়ে দাঁড়িয়েছে সেই প্রত্যাশাকে আমরা ব্যর্থ হতে দেব না, দেব না।

**শ্রীসরোজ রায়:** স্যার, একটি প্রশ্ন আলোচনার ভিতর থেকে উঠল বলে আমি বলছি সেটার যদি জবাব আপনি দেন তাহলে ভাল হয়। প্রত্যেকবারে দেখা যাচ্ছে গত ৩।৪ বছরে যে ঘটনা ঘটেছে তারাই জন্য আজকে এই সঙ্কট এবং সেটাই তার একমাত্র কারণ বলছেন। তাহলে কি ৩।৪ বছর আগে বাংলাদেশে রাম রাজত্ব সৃষ্টি হয়েছিল আপনাদের দ্বারা? এই যুক্তি দেখিয়ে যদি রিলিফের টাকা না দেন তাহলে এই কথায় কোন কাজ হবে না। কাজেই এদিকে গুরুত্ব দিয়ে গ্রামবাংলার দিকে আগে নজর দিন, ঐ ফাঁকি দিয়ে বেশীদিন কিন্তু চলবে না, সেটা সম্পর্কে এখনই হুঁশিয়ার হওয়া উচিত।

**Mr. Deputy Speaker:** I hope the Minister will give a proper reply

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটি পার্সোন্যাল এক্সপ্ল্যানেসান দিতে চাই। এখানকার বেশীরভাগ বক্তাই কংগ্রেস পক্ষ থেকে বলেছেন এবং মাত্র ৩জন আমাদের পক্ষ থেকে বলেছেন। তারা সকলেই একটা কথা বলছেন যে আমাদের গ্রামের গরীব মানুষদের অবস্থা সাংঘাতিক হয়ে দাঁড়িয়েছে। কেন না, গ্রামে কাজ কর্ম নেই, টাকা পয়সা নেই, খরা চলছে, চাষবাসের কাজ বেশী নাই এবং যারা অন্ধ খঞ্জ লোক তারা খুব দুস্থ অবস্থার মধ্যে পড়েছে এবং যারা বেকার লোক তারা খুব দুরবস্থার মধ্যে পড়েছেন। তার জবাবে জয়নাল আবেদিন সাহেব মন্ত্রিমহাশয় যা বললেন তাতে আমি খুব দুঃখ পেয়েছি।

কারণ সবসময় যদি এই অভাবের কথা, অসুবিধার কথা বলা হয়, তার মানে সেই যুক্তফ্রন্ট সরকার সর্বনাশ করে দিয়ে গেছেন।

আমি বলছি ১৯৬৭ সালে যখন দুর্ভিক্ষ হয় বাঁকুড়া এবং পুরুলিয়ায় প্রফুল্ল সেনের আমলে খরা হয়েছিল, আর দুর্ভিক্ষ এসে পড়লো প্রথম যুক্তফ্রন্টের সময়। আমরা ১৩ কোটি টাকা রিলিফ, ষ্টেট রিলিফ দিয়ে বাঁকুড়া পুরুলিয়ার মানুষকে বাঁচিয়েছিলাম। কেন্দ্রীয় সরকার বললেন যে তাদের অফিসারদের অনুমতি নিয়ে স্কীম দেওয়া হয় নি অতএব এক পয়সাও দেব না। এক পয়সাও কেন্দ্রীয় সরকার দিলেন না। দিল্লী থেকে অফিসাররা এসে স্কীম অনুমোদন করবেন, আর অনাহারে লোকগুলি মরছে, তুমি পশ্চিমবঙ্গ সরকার তাকে খেতে দিতে পারবে না, আমরা বললাম না, এদের খেতে দেবার দায়িত্ব আমাদের সর্বাগ্রে, তোমার একটা পেটি অফিসার কি বলছে না বলছে তার উপরে হোল ক্যাবিনেট উইল নট ষ্টাণ্ড অন দ্যাট। আমরা দিলাম এবং তার ফলে আমাদের টাকার ঘাটতি পড়ে গেল অন্যান্য দিক থেকে। টাকা আমাদের নিশ্চয় ঘাটতি পড়েছে কিন্তু সব দল ইন-ক্লুডিং কংগ্রেস আমাকে বলেছেন বাঁকুড়া, পুরুলিয়ায়—এই জিনিষটা আমরা সর্বদলীয় কমিটি করে এবং তারমধ্যে কংগ্রেসকে নিয়ে করেছি, এই যে রিলিফ দিয়েছেন এবং তা যে গ্রামে পৌছেছে, তা না হলে কত লোক যে মারা যেত তার ইয়ত্তা নেই। তারপরে ১৯৬৯ সালে সি. পি. আই. এর খাঁ সাহেব রিলিফ মিনিষ্টার ছিলেন। বন্যা হল মালদহে। আমি মালদহের এম. এল, এ, দের কাছে জানতে চাই যে তার পূর্বে অথবা পরে রিলিফের জন্য এত চেষ্টা বে-সরকারী বা সরকারী—বে-সরকারীকে সরকারী সাহায্য, সরকারীকে বে-সরকারী সাহায্য, কিছুই যে হয়নি তা নয়, কিন্তু এরকম চেষ্টা হয়েছিল কিনা? রিলিফের এই যে প্রয়োজন এটা পূর্ব কালেও—১২.৫ পারসেন্ট ডাঃ রায়ের আমলে, প্রফুল্ল সেনের সময় এরকম এক এক সময় রিলিফ দিতে হয়েছে এবং দেওয়া হয়েছে। আমি নিজে জানি কারণ আমি মাঠে ঘাটে ঘুরি, চাষীদের মধ্যে কাজ করি, তাদের মধ্যে থাকি, আমি জানি রিলিফ এরকম দিতে হয়েছে। সেজন্য যখন প্রশ্নের উত্তরের সময় মাননীয় মন্ত্রিমহাশয় বলছিলেন যে হাজারে ৫ জন, আমি বলছিলাম হাজারে ৫ জন হলে শতকরা কত হয়। সমস্ত সদস্য সেটা লক্ষ্য করেছেন। আপনাদের কাছে সকলে মিলে দৃষ্টিটা কি আকর্ষণ করা হয়েছে? দৃষ্টিটা এই আকর্ষণ করা হচ্ছে যে অতি নগণ্য, অতি যৎকিঞ্চিত, কিছুই নয় এটা। আমি গভর্ণার ডায়াস সাহেবকে মুখে বলেছি, চিঠি লিখে বলেছি যে রাষ্ট্রপতির শাসনের সময় গ্রামের গরীব মানুষরা আপনার শাসন পছন্দ করছেন না, যদিও আপনার যোগ্যতার খুব প্রশংসা হচ্ছে। তিনি বলেছিলেন, কেন? আমি বলেছিলাম এইজন্য যে এত কম রিলিফ, এত কম ষ্টেট রিলিফ অতীতে কখনও হয় নি। আমি ফিগার টেনে টেনে সমস্ত বার করে প্রমাণ করে দেব। কাজেই আমি আপনাদের বলছি সেই জের আজকে আপনারা টানছেন। আমি আপনাদের দোষ দিচ্ছি না, আমি বলছি, সব সময় দোষ অন্যের ঘাড়ে চাপিয়ে অজুহাত দেবেন না। গভর্ণরের শাসনের সময় সবচেয়ে কম রিলিফ, সবচেয়ে কম ষ্টেট রিলিফ দেওয়া হয়েছে অতীতের তুলনায়, কোন সংকটের সময়, কোন ডিষ্ট্রেসের সময় এত কম হয়নি। সেই জেরটা আপনারা টানছেন। আপনারা জনপ্রিয় গভর্ণমেণ্ট, আপনাদের কাছে আমরা সমস্ত দল মিলে একথা বলতে চাইছি যে এটা এত কম, এত নগণ্য যে যেটা বলবার নয় এবং আপনারা দয়া করে এটা বাড়ান। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নিয়ে আসুন, নিজেরা ব্যবস্থা যদি কিছু করতে পারেন যোগাড় করুন, বাইরে থেকে যা পারেন নিয়ে আসুন এবং যে ভাবেই হোক আজকের দুর্গত মানুষগুলিকে বাঁচাবার জন্য আপনারা সাহায্য করুন। কোন অজুহাত দেবেন না যে যুক্তফ্রন্টের আমলে কি হোত, তার আগে প্রফুল্ল বাবুর আমলে কি হোত, তার আগে ডাঃ রায়ের আমলে কি হোত। এখন আপনাদের আমলে যে অবস্থা হয়েছে সেটা বিবেচনা করে তার প্রতিকারের চেষ্টা করুন।

[ 7-25—7-36 p.m. ]

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই গুরুত্বপূর্ণ বিষয়ের উপর মাননীয় সদস্যরা যে উদ্বেগ প্রকাশ করেছেন তার কারণ আমি বুঝতে পারছি। আপনারা জানেন যে পশ্চিমবাংলার এই দুর্গত মানুষদের যে সমস্যা সেই সমস্যাকে দূর করবার জন্য, তার স্থায়ী সমাধানের জন্য বর্তমান সরকার কৃষি, সেচ ও বিদ্যুতের উপর সবচেয়ে বেশী গুরুত্ব দিয়েছেন। আপনারা যে বাজেট অনুমোদন করেছেন সেই বাজেট বরাদ্দের মধ্যে আপনারা দেখেছেন ঐসব জনকল্যাণ মূলক কাজের জন্য সরকার সবচেয়ে বেশী অর্থ মঞ্জুর করেছেন। আমরা ভেবেছি এইভাবে দিনের পর দিন রিলিফ দিয়ে পশ্চিমবাংলার মানুষকে বাঁচান যাবে না, এর একটা স্থায়ী সমাধান করা দরকার। সুতরাং যে সম্পদ আমরা সংগ্রহ করতে পেরেছি সেই সংগৃহীত সম্পদের মধ্যে বেশীর ভাগ আমাদের মন্ত্রীসভা ব্যয় করতে চেয়েছেন পশ্চিমবাংলার এই দুর্গত মানুষদের একটা স্থায়ী সমাধানের জন্য। কিন্তু সেই সঙ্গে পশ্চিমবাংলার দুর্গত মানুষ অনাহারে থাকবে এটা আমরা নিশ্চয়ই কামনা করি না। সুতরাং সেই দিক তাকিয়ে আমাদের ত্রাণ দপ্তরের যে বরাদ্দ গতবারে হয়েছিল সেই বরাদ্দ আমরা বজায় রেখেছি। কিন্তু গতবারের বন্যা পরিস্থিতি এবং কিছু কিছু জায়গায় অজন্মার জন্য বর্তমান মন্ত্রীসভা এবছরে যে বাজেট বরাদ্দ ছিল তার বেশীর ভাগটা আগামী ২।৩ মাসের মধ্যে খরচ করবার সিদ্ধান্ত নিয়েছেন। আপনারা অনেকে গত বছরের সঙ্গে তুলনা করেছেন, আপনারা যদি গত বছরের সঙ্গে এবছরের তুলনা করেন তাহলে নিশ্চয়ই বুঝতে পারবেন যে গত বছর থেকে এবছরে অনেক বেশী অর্থ অনেক বেশী ব্যবস্থা এই সরকার করেছেন। ১৯৭১ সালের এপ্রিল মাসে জি. আর. বাবদ খরচ হয়েছিল মোট ৮ লক্ষ ২১ হাজার টাকা, সেখানে এবছর জি. আর. বাবদ খরচ হয়েছে ১৬ লক্ষ ৯১ হাজার ৯২০ টাকা, প্রায় দ্বিগুণ থেকেও বেশী টাকা এই বছরে জি. আর. বাবদ এপ্রিল মাসে খরচ করা হয়েছে। গত বছর মে মাসে জি, আর, বাবদ খরচ করা হয়েছিল ২০ লক্ষ ৬৯ হাজার ৩৬০ টাকা, সেখানে আজ পর্যন্ত মে মাসে জি. আর. বাবদ যে বরাদ্দ হয়েছে সেটার পরিমাণ ২১ লক্ষ ৩৫ হাজার ৩২০ টাকা। মে মাসের আরো দিন বাকী আছে এবং বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি খরা জনিত অঞ্চলে হয়ত আরো অর্থ বরাদ্দের প্রয়োজন হতে পারে। গত বছর টেস্ট রিলিফে যেখানে খরচ হয়েছিল ২১ লক্ষ ৬৪ হাজার টাকা সেখানে এবছর ৪৬ লক্ষ ৬৯ হাজার ৪ শো টাকা ব্যয় করা হবে। মে মাসে যেখানে বরাদ্দ হয়েছিল ২৮ লক্ষ ২৮ হাজার টাকা সেখানে এবছরে মে মাসে যে বরাদ্দ হয়েছে তার পরিমাণ ২৩ লক্ষ ৫০ হাজার টাকা। এই তুলনামূলক হিসাব আপনাদের কাছে পেশ করছি এইজন্য যে আজকে পশ্চিমবাংলার যে অবস্থা সে সম্বন্ধে সরকার সম্পূর্ণ সচেতন এবং সম্পূর্ণ সচেতন বলেই গত বছরের মত একই বাজেট বরাদ্দ অনুমোদন হওয়া সত্ত্বেও আমরা এই সময়ে বেশী টাকা খরচ করেছি বা খরচ করতে বাধ্য হয়েছি। পুরুলিয়ার মাননীয় সদস্য বলেছেন যে সেখানে খরার যে সমস্ত খবর এসেছে সে সম্বন্ধে আমরা কোন ব্যবস্থা নিইনি হয়ত শরতবাবুর সঙ্গে আমার আলোচনা করার সুযোগ হয়নি এজন্য আমি দুঃখিত। কিন্তু পুরুলিয়ার সদস্যদের সঙ্গে আলোচনা করে বুঝেছি পুরুলিয়া জেলায় কম জি. আর দেওয়া হয়েছে। স্বাভাবিকভাবে জি. আর. যে হিসাবে অন্যান্য জেলায় দিয়েছি সেই হিসাবে পুরুলিয়ায় জি. আর. দেবার কথা ছিল ৬১ হাজার ৪ টাকা সেখানে পুরুলিয়ায় ১ লক্ষ ২৫ হাজার টাকা জি. আর. এর জন্য এপ্রিল মাসে মঞ্জুর করেছি। সেই টাকাটা গত বছরের টাকা থেকে কম নয়। পুরুলিয়ার সদস্য একটা কথা বলেছেন যে পুরুলিয়ার অবস্থা সম্বন্ধে মন্ত্রীসভা কিছু চিন্তা করছেন না, একথা ঠিক নয়। পুরুলিয়ার অবস্থা সম্বন্ধে জেলা শাসকের রিপোর্টে সন্তুষ্ট না হয়ে আমাদের ত্রাণ বিভাগ অফিসার পাঠিয়েছেন পুরুলিয়া জেলার অবস্থা জানবার জন্য। যদি দেখি তার রিপোর্টের সঙ্গে মাননীয় সদস্যদের অভিমতের মিল নেই তাহলে আমি নিজে পুরুলিয়ার অবস্থা দেখতে যাব।

সেজন্য আপনাদের কথার উপর বিশ্বাস করে, পুরুলিয়ায় যে খয়রাতী সাহায্য দেওয়া উচিত তার চেয়ে বেশী খয়রাতী সাহায্য দেওয়া হয়েছে। মে মাসে ২ লক্ষ ৯৯ হাজার ৮ শো টাকা পুরুলিয়ায় খয়রাতী সাহায্য বাবদ মঞ্জুর করা হয়েছে।

ঠিক সেইরম বাঁকুড়া জেলার ব্যাপারে বাঁকুড়া জেলার শ্রীকাশী মিশ্র মহাশয় বলেছেন যে গতবার বাঁকুড়া জেলার জন্য মন্ত্রীসভা যে ব্যবস্থা করেছিল এবারে নাকি সে তুলনায় কিছুই করা হয় নি। তাঁকে আমি এই কথা জানাতে চাই যে বাঁকুড়ার অবস্থা সম্পর্কে আমরা সম্পূর্ণ সজাগ আছি। আপনি জানেন স্যার, যে বাঁকুড়ার জেলা শাসকের রিপোর্টের উপরেই আমরা বসে নেই, আচমকা ত্রাণ বিভাগ থেকে লোক পাঠিয়েছি দেখবার জন্য এবং প্রয়োজন হলে আমি নিজে যাব। বাঁকুড়ায় গত April মাসে ৭৭ হাজার ১৬০ টাকা মঞ্জুর করবার কথা। সেখানে ১ লক্ষ ৬০ হাজার ১৬০ টাকা মঞ্জুর করা হয়েছে এবং মে মাসে এখন পর্যন্ত ৩ লক্ষ ৮৮ হাজার ১৬০ টাকা মঞ্জুর করা হয়েছে। এতেই বুঝতে পারছেন যে স্বাভাবিক অবস্থা থেকে অবনতি হয়েছে ভেবেই অনেক বেশী বরাদ্দ করা হয়েছে। আমাদের স্বাভাবিকভাবে যে টাকা মঞ্জুর করবার কথা তার ৪ গুণ টাকা বাঁকুড়ার জন্য মঞ্জুর করে দিলে অনেক মাননীয় সদস্য বলেছেন যে অনেক সময় খাদ্যের অভাবের জন্য অর্থাৎ CARE-এর Wheat না থাকার জন্য T. R.-এর কাজে অসুবিধা হচ্ছে। এই সংবাদ মাননীয় সদস্যরা জানিয়াছিলেন বলে আমাদের দপ্তর Food Corporation-এর সঙ্গে কথা বলেছেন এবং Food Corporation-এর Calcutta Office এবং Zonal Office মোটামুটি এ নীতি মেনে নিয়েছেন যে যখন প্রয়োজন হবে loan-এ বিভিন্ন জায়গার godown থেকে গম দেবেন পরে CARE এর গম নিয়ে যে গম শোধ করা হবে। Food Corporation এর দিল্লী অফিসের অনুমোদন পেলেই এ ব্যবস্থা চলবে ইতিমধ্যে অবশ্য বিভিন্ন জায়গায় CARE এর Wheat পাঠিয়েছি। ২৭ শত টনের মত চাল ও ১৭½ শ টনের মত গম বিভিন্ন জেলায় পাঠানো হয়েছে। এখন আর চাল ও গমের অভাবে TR এর কাজ ব্যহত হবার কারণ নেই। মাননীয় সদস্যদের যে আশঙ্কা সে সম্বন্ধে আমি সম্পূর্ণ সচেতন। এবং আমি নিজে বিভিন্ন জেলা শাসকদের বলেছি যে কোন মতেই CARE-এর Wheat না পৌছানোর জন্য যেন কাজ বন্ধ না হয়। প্রয়োজন হলে Cash দিয়ে যেন চালু রাখার ব্যবস্থা করেন আজকে পশ্চিম বাংলায় যে বেকারী গ্রামাঞ্চলে একটা কৃষি শ্রমিকদের মধ্যে সেই সমস্যা সমাধানের জন্য Cash Programme-এর মাধ্যমে পল্লীরযুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। প্রতি ব্লকে ১০০ জন করে যুবক কাজ পাবে অবশ্য প্রয়োজন হলে সময় কমিয়ে যাতে বেশী পয়সা দেওয়া যায় সেই পরিকল্পনা করা হচ্ছে। এই পরিকল্পনার জন্য ৪½ কোটি টাকা পশ্চিমবঙ্গের জন্য মঞ্জুর হয়েছে আশা করছি এই বাবদ আরও বেশী অর্থ আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আশা করছি। মাননীয় গঙ্গাধর বাবু যে কথা বলেছেন আস্তে আস্তে প্রতিটি ব্লকে এই পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হবে। এখন প্রাথমিকভাবে ১০টা ব্লককে নিয়ে কাজ চালু করা আরম্ভ হয়েছে এবং আস্তে আস্তে জেলার সমস্ত ব্লককে এর অন্তর্ভুক্ত করা হবে।

মাননীয় সদস্যদের অভিমত ও মনোভাব সম্বন্ধে পশ্চিমবাংলার বর্তমান মন্ত্রিসভা সম্পূর্ণ সচেতন। মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে এ সম্বন্ধে কতদুর কি করা যায় নিশ্চয়ই দেখব আপনাদের অভিমত মন্ত্রীসভার কাছে উপস্থাপিত করে আমাদের যে সম্পদ আছে তার মধ্যে এই অভাবের সময় সক্ষম দুঃস্থ লোকদের T. R.-এর আওতায় আনতে পারি এবং প্রয়োজনবোধে যেখানে T, R, সম্ভব নয় সেখানে G, R, দিতে পারি নিশ্চয় আমরা তা আন্তরিকভাবে চেষ্টা করব।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক :** টাকা বাড়ানোর কোন প্রস্তাব থাকবে না মন্ত্রিসভার কাছে?

**Adjournment**

The House was then adjourned at 7-36 p. m. till 1 p. m. on Friday, 5th May, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 5th May, 1972, at 1 p. m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 9 Ministers 1 Minister who is not member of the Assembly, 9 Ministers of State, 3 Deputy Ministers and 197 Members.

## Oath or Affirmation of Allegiance

[ 1-00—1-10 p.m. ]

**Mr Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

( There was none to take Oath )

**Mr. Speaker** : The reply of starred question No 285 has not yet been received.

**Dr. Md. Fazle Haque** ; Sir, I am ready with the answer.

**Mr. Speaker** : A copy of the reply ought to have been supplied earlier. Please give the answer and then supply a copy of the same to my office

## STARRED QUESTIONS

**(to wich oral answers were given)**

### বাতনা গ্রামে হত্যাকাণ্ড

*২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বিগত ২৫-এ মার্চ, ১৯৭২ তারিখে নদীয়া জেলার শান্তিপুর থানার বাতনা গ্রামে প্রকাশ্য দিবালোকে শ্রীগণেশ ঘোষ নামে এক কিশোর বালককে নৃশংসভাবে হত্যা করা হইয়াছে ;

(খ) অবগত থাকিলে, উক্ত ঘটনার তদন্তের ব্যবস্থা ও দোষীদের শাস্তি বিধানের কোন ব্যবস্থা হইয়াছে কি ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত ঘটনা শান্তিপুর থানার পুলিশ কর্তৃপক্ষের জ্ঞাতসারে এবং কিছু পুলিশের উপস্থিতিতে ঘটিয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন ?

**ডাঃ মহম্মদ ফজেল হক ঃ** (ক) সরকার অবগত আছেন যে গত ২৫এ মার্চ, ১৯৭২, তারিখে শান্তিপুর থানার অন্তর্গত কদমপুর গ্রামে গণেশ ঘোষ নামক একজন নকশালপন্থী কয়েকজন গ্রামবাসীর সঙ্গে সংঘর্ষে নিহত হন।

(খ) উপরিউক্ত ঘটনা সম্পর্কে একটি ফৌজদারী মামলা রুজু করা হয়েছে।

(গ) ইহা সত্য নহে।

(ঘ) প্রশ্ন উঠে না।

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** ......এর কোন আসামী ধরা পড়েছে কি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** না।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু ঃ** মন্ত্রিমহাশয় যে 'ঘ' এর উত্তরে বললেন যে প্রশ্ন ওঠে না। কিন্তু একথা পরিষ্কার যে পুলিশ অনেক সময় নির্বিচারে ঘটনা চেপে যায়। এর প্রমাণ সাঁইবাড়ীর ঘটন এবং সে সম্পর্কে বিচারপতির তদন্তের পর মন্তব্য। তাহলে এটা সরকার জানেন কি ?

**Mr. Speaker** : That is a of opinion.

## ইন্দাস থানা এলাকায় পাকা রাস্তা

*২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলায় ইন্দাস থানার অন্তর্ভুক্ত প্রায় ২০০ গ্রামের এলাকায় শুধুমাত্র কুমরুল হইতে ইন্দাস পর্যন্ত মাত্র কয়েক মাইল পাকা রাস্তা আছে ; এবং

(খ) অবগত থাকিলে, ঐ থানায় আরও পাকা রাস্তা তৈয়ারি করার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে, কোথায় কোথায় এবং উহার নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হইবে ?

**শ্রীভোলানাথ সেন ঃ**

(ক) হ্যাঁ।

(খ) খোসবাগ পাতিত বালসি ইন্দাস দিঘলগ্রাম এবং ইন্দাস আকুই রাস্তাগুলি পাকা করার প্রস্তাব আছে। চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে রাস্তাগুলির কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** মন্ত্রিমহাশয় বললেন চতুর্থ পরিকল্পনার মধ্যে কতকগুলো হবার আশা আছে। ডিপার্টমেণ্ট থেকে কতদূর অগ্রসর হয়েছে সেকথা কি বলতে পারেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** এটা সারভে করতে হবে, তারপর এসটিমেট করতে হবে, তারপর টেণ্ডার করে কণ্ট্রাক্ট দিতে হবে অর্থাৎ কিনা আরম্ভ করতে হবে। তবে সব কিছু নির্ভর করছে subject to the availability of fund. একজ্যাক্ট কোন ষ্টেজে আছে তা এখনই বলা সম্ভব নয়।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** এখন কি অবস্থায় আছে এবং এই বছরে তার কতটা কাজ অরম্ভ হবে তিনি কি বলতে পারেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** চতুর্থ পরিকল্পনায় শেষ হবে। আগামী ফাইন্যান্সিয়াল ইয়ার নিয়ে ৩ বছর আছে। তার আগে নিশ্চয় হবে আশা করছি।

## Stadium

*287. (Admitted question No, *361.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Education (Sports) Department be pleased to state—

(a) the present position of the proposal for construction of stadiums in Calcutta ;

(b) the number of stadiums likely to be constructed in Calcutta and at what cost ;

(c) if the Government has any proposal for construction of similiar stadiums in other districts ; and

(d) if so, where ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ, বি, সি,-ডির এক সঙ্গে উত্তর দেব। আমি মাননীয় সদস্যদের আনন্দের সঙ্গে জানাতে পারি যে সরকার এ সম্বন্ধে পুরোপুরি একটা পরিকল্পনার কথা ভাবছেন এবং আমি আশা করছি যে দুই মাসের মধ্যে আমরা কোথায় কিভাবে ষ্টেডিয়াম করব তার একটা পুরো ছবি আপনাদের সামনে রাখতে পারব। আপনারা জানেন যে গত ৪।৫ বছর ধরে এই ষ্টেডিয়ামকে কেন্দ্র করে নানা পরিকল্পনা চলেছে এবং বিভিন্ন পাঠকরা নানা রকম জিনিস খবরে কাগজে পড়েছেন এবং মাননীয় সদস্যরা ও এখানে অনেক কথা শুনেছেন কিন্তু এ পর্যন্ত কিছুই কাজ হয় নি। তাই আপনাদের সরকার যাতে ষ্টেডিয়াম হয় এবং কলকাতার দর্শকদের আনন্দ দেবার মত ষ্টেডিয়াম-এর একটা পুরো পরিকল্পনা আপনাদের সামনে রাখবার চেষ্টা করছে। সদস্যদের কাছে বিনীতভাবে জানাব যে আর দুই মাস অপেক্ষা করুন, তাহলে সমস্ত জিনিসটা আপনাদের সামনে তুলে ধরতে পারব।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন খড়্গপুরের সেরা ষ্টেডিয়াম নামে একটা ষ্টেডিয়াম আছে। সেটা কলকাতার যে কোন ষ্টেডিয়ামের থেকে ভাল ষ্টেডিয়াম বলে মনে হয়। সেখানে খেলাধুলা চালু রাখার ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা এবং এই ষ্টেডিয়ামকে ব্যবহার করবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

**Mr. Speaker :** Question is disallowed.

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** মেদিনীপুর শহরে ষ্টেডিয়াম তৈরী করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** মাননীয় সদস্যদের জানাব শুধু কলকাতা শহরেই নয়, পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায় খেলার উপযোগী ষ্টেডিয়াম সম্ভব কিনা এবং সম্ভব হলে যত তাড়াতাড়ি

করা যায় সেই পরিকল্পনা সম্বন্ধে আমরা সম্পূর্ণভাবে সচেতন এবং সেই বিষয়ে আমরা আলোচনা করছি।

**শ্রীরজনী কান্ত দলুই** ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, বলেছেন যে দুই মাসের মধ্যে কোথায় কি রকম ষ্টেডিয়াম হবে তার একটা পিকচার রাখবেন—আমি জিজ্ঞাসা করছি যে দুই মাসের আগে ৫।৬ বছর ধরে এই আলোচনা চলছে। সুতরাং তিনি কি আমাদের য়্যাসিওরেন্স দিতে পারেন যে ওনার কথা ঠিক থাকবে ?

**Mr. Speaker** : No statement please.

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বর্ধমান শহরে এই ষ্টেডিয়াম করার পরিকল্পনা সরকার নিয়েছেন কিনা ?

**Mr. Speaker** : Question is disallowed.

**শ্রীঅশ্বিনী কুমার রায়** ঃ মাননীয় মন্ত্রিমহাশয় ষ্টেটমেণ্ট করলেন যে দুই মাসের মধ্যে-সামগ্রিক পরিকল্পনা রাখবেন। আমরা বিধানসভার এই ষ্টেডিয়ামের ব্যাপারে বার বার বলে এসেছি, তখন উত্তর দেওয়া হয়েছিল যে জায়গা পাচ্ছি না—সামরিক কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা হচ্ছে। তাহলে কি আমরা এইটে ধরে নেব যে, যে জায়গায় ষ্টেডিয়াম হবার কথা ছিল সেটা পরিত্যক্ত হয়েছে ?

**Mr. Speaker** : Mr. Roy, Hon'ble Minister has stated that after 2 months he will be able to give a clear picture about the construction of stadium. I find that a written reply was supplied by the Hon'ble Minister to my Department but he has rejected it.

**Mr. Prafulla Kanti Ghosh** : I may draw your attention to the fact that a written reply was given by your Department, a copy of which was handed over to my office but you have not given that reply, you have discarded that. You have asked the members to wait for 2 months, after which you will be able to give a complete picture about this stadium and over the construction of which members are agitated Now members may put their supplementaries.

[1-10—1-20 p.m.]

**শ্রীশরৎ চন্দ্র দাস** ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই ষ্টেডিয়ামের ব্যাপারে খুব গভীর-ভাবে অনুধাবন করছেন। স্টেডিয়াম তৈরি করার ব্যাপারে কি কি সিদ্ধান্ত ও দৃষ্টিভঙ্গী তাঁরা রাখবেন সেটা দয়া করে জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ** ঃ আমার বোধহয় বোঝাবার ভুল হচ্ছে। আমি মাননীয় সদস্যদের একটি কথা বারবার বুঝাবার চেষ্টা করছি যে কলকাতা এবং ডিষ্ট্রিক্টে কিভাবে ষ্টেডিয়াম করা যায়, কি করলে খেলাধূলার মান উন্নত করা যায়, দর্শকদের কিভাবে আরো আনন্দবর্ধন করতে পারা যায় তার সম্বন্ধে আমরা সিদ্ধান্ত নিচ্ছি। আপনারা আরো দু'মাস অপেক্ষা করুন এবং যে যে প্রশ্ন করছেন তার উত্তর পাবেন এবং আমরা আশা করছি যে আপনাদের সামনে যে চিত্র তুলে ধরবো তাতে আপনারা খুশী হবেন।

**শ্রীসরোজ রায়** ঃ মন্ত্রিমহাশয় পুরানো লোক, তিনি জানেন যে সাত আট বছর ধরে এই হাউসে এই কলকাতার ষ্টেডিয়াম নিয়ে অনেক কথা হয়েছে কিন্তু কিছু হয়নি। বর্তমানে তিনি সচেতন হয়ে বলছেন যে দু'মাসের মধ্যে একটা রিপোর্ট প্রেস করবেন। ঠিক এই রকম কথাই গত ৮

বৎসর ধরে শুনে আসছি। আজকে সেখানে তিনি সচেতন হয়ে বলছেন যে দুই মাস পরে একটা পার্ফেক্ট রিপোর্ট দেবেন। আমাদের প্রশ্ন হচ্ছে এই কোশ্চেনের পর এর মিনিমাম লাইন কি হবে তার কিছু কিছু কিছু ভেবে রেখেছেন কি? নইলে হবে কি, মন্ত্রিমহাশয় লাষ্ট গভর্ণমেণ্টেও ছিলেন, ঠিক আজকের মতই ষ্টেটমেণ্ট করেছিলেন, তার আগের মন্ত্রিরাও এই রকম ষ্টেটমেণ্ট করেছিলেন। তাদের আন্তরিকতার অভাব ছিলনা, হাউস ফুল্লি কনভিন্সড হয়েছিল কিন্তু কিছুদিন পরে তা সব চাপা পড়ে গেল তাই, আস্থা রাখতে পারছিনা যে দু'মাস পরে কিছু করতে পারবেন কিনা। এখানে কনক্রিটলি তিনি প্রশ্ন রেখেছেন যে মিলিটারির জায়গা সেটা পাওয়া যাবে কিনা ইত্যাদি এইরকম অনেকগুলি প্রব্লেম আছে সেই সম্পর্কে নিম্নতম কি ভেবে রেখেছেন সেই উত্তর যদি দেন তারপরে দু'মাস সময় নেন?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** মাননীয় সদস্য খুবই এম্ব্যারাসিং কোশ্চেন করছেন। আমি যে কথা বলছি যে, আগের সরকার কি বলেছিলেন, কি কয়তে পারেন নি সে কথা না বলে আমি শুধু এই কথা বলবো যে আমাদের এখন একটা স্থায়ী সরকার হয়েছে এবং আমরা আশা করবো যে এই সরকার বাংলাদেশের উন্নতি করবার জন্য বদ্ধপরিকর, এই কথা সামনে রেখে আমি মাননীয় সদস্যদের জানিয়েছিলাম যে আজেবাজে কথা না বলে দয়া করে দু'মাস সময় দিন তারপর আমরা ষ্টেডিয়ামকে সামনে রেখে সমস্ত চিত্রটা তুলে ধরবো। এর মধ্যে মাঠের কথা আছে, ডিফেন্স থেকে মাঠ দেবে কিনা।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মন্ত্রিমহাশয় কোন সময় বলেন নি যে ষ্টেডিয়াম তৈরী হবে। তিনি কেবল মাত্র বললেন যে দু মাসের মধ্যে রিপোর্ট আসবে। আমি তাঁকে জিজ্ঞাসা করছি এই রিপোর্ট তো দুরকমই হতে পারে—"হবে না এই রিপোর্ট, এতদিন যা হয়ে আসছে। এটা হবে' এই রকম একটা য়্যাশিওরেন্স পেতে পারি কি?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** আপনাদের সরকার সম্বন্ধে যদি এই রকম ধারণা হয় তাহলে দুঃখের কথা, আপনাদের মন্ত্রী যখন দাঁড়িয়ে বলছেন তখন আপনাদের মনের কথা সামনে রেখে উত্তর দেবার চেষ্টা করছেন, আপনারা সবাই চান যে ষ্টেডিয়াম হবে, সুতরাং সরকার বলছে ষ্টেডিয়াম হবে।

**Mr. Speaker**: I feel that you want a specific assurance or reply from the Minister as to whether a stadium will be erected in Calcutta and that whether within two months the plan will be placed before the House.

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** একথা দয়া করে জানাবেন কি যে দু মাসের মধ্যে, ষ্টেডিয়াম তৈরী করা হবে এই রকম কোন রিপোর্ট আসবে?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** আপনারা যে উত্তর চাইছেন আমি তাই বলছি, দুমাসের মধ্যে, ষ্টেডিয়াম হবে এই রকম একটা পরিকল্পনা বা রিপোর্ট আপনাদের সামনে আসবে।

**শ্রীঅজিত কুমার বন্দোপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ষ্টেডিয়াম সম্বন্ধে তিনি দুমাসের মধ্যে একটা রিপোর্ট পেশ করবেন, আমার প্রশ্ন হচ্ছে তাতে কি শুধুমাত্র কলকাতা সহরে ষ্টেডিয়াম সম্বন্ধেই থাকবে না কি পশ্চিম বাংলায় যে যে জেলায় ষ্টেডিয়াম করার কথা চিন্তা করছেন বা কিভাবে করবেন ভাবছেন বিশেষ করে বহরমপুর জেলায় ষ্টেডিয়াম করবেন কিনা সে সম্বন্ধে কোন মেনশন থাকবে কি?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** মাননীয় সদস্য এটা জানেন যে কলকাতা সহর মানে পশ্চিম বঙ্গ নয়, যে সরকার কলকাতার কথা ভাবে, সেই সরকার নিশ্চয়ই সঙ্গে সঙ্গে পশ্চিম বঙ্গের কথাও ভাবছে।

**শ্রীশঙ্কর দাস পাল :** যদি আট বছর সময় দিয়ে থাকতে পারি তো দুমাস সময় তেমন বেশী কিছু নয়, কিন্তু মুর্শিদাবাদের বহরমপুর সহরে ষ্টেডিয়ামের কোন পরিকল্পনা আছে কি ?

**Mr. Speaker :** The question is disallowed.

### Bridge over the river Haldi

*288. (Admitted question No. *230.) **Shri Saradindu Samanta :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the reasons for delay in completion of construction work of the bridge over the river Haldi at Narghat ; and

(b) action taken by the Government to complete the bridge ?

**Shri Bholanath Sen :** (a) During the initial stage progress of work had to be slowed down owing to paucity of funds. Thereafter, consecutive heavy floods from 1968 to 1971 and high fluctuation of water level during tidal bore presented difficulties in sinking wells according to programme. Moreover, restriction imposed for construction of only one well at a time with a view to avoiding obstruction by the islanding round the wells to the free flow of river has also stood in the way of maintaining the time schedule.

(b) A fresh work programme is being drawn up taking into account the unforeseen difficulties.

**শ্রীশরবিন্দু সামন্ত :** আমি জিজ্ঞাসা করতে চাই এটা মিনিমাম কত দিনের মধ্যে হতে পারে ?

**শ্রীভোলানাথ সেন :** আশা করছি যে সমস্ত বাধা-বিপত্তি আছে তা-ওভারকাম করতে পারলে ১৯৭৪ সালের ডিসেম্বরের আগেই হয়ত ব্রিজটা কমপ্লিট করতে পারব।

[ 1-20—1-30 p. m. ]

**শ্রীসরোজ রায় :** এটা কি ঘটনা যে ওই ব্রিজের ব্যাপারে যাদের কনট্রাক্ট দিয়েছেন তাদের কতকগুলি ইঞ্জিনিয়ারিং ডিফেক্ট বলুন বা টেকিনিক্যাল ডিফেক্ট বলুন তারজন্যই দেরী হচ্ছে এবং সরকার কি ভাবছেন যদি তারা ওই সময়ের মধ্যে না করতে পারেন তাহলে কনট্রাক্টর পরিবর্তন করবেন ?

**শ্রীভোলানাথ সেন :** আমি ডিফিকালটিটা বলছি। ১৯৬৭ সাল থেকে ৩বছরের মধ্যে ব্রিজ কমপ্লিট করাবার কথা ছিল। কাজ যখন আরম্ভ হয় তখন ৪টি পিলার করবার কথা ছিল কিন্তু তার জায়গায় ৩টি পিলার হোল অর্থাৎ একটি পিলার হোল না। এখন অবস্থা ৫টি পিলার করবার কথা হয়েছে। ফোর্থ পিলার যে হোল না তার কারণ হচ্ছে সেটা ১৩০।১৩৫ ফুট বিলো দি রিভার বেড। ফোর্থ পিলার যাবার সময় দেখা গেল সিংকিং-এর ডিফিকালটি হচ্ছিল। যুক্ত ফ্রন্টের আমলে অর্ডার দেওয়া হোল যে এক একটা করে এক এক বছর হবে এবং তাতে তিন বছর কেটে গেল। ১৯৭০ সালের ডিসেম্বর মাসের মধ্যে কমপ্লিট করবার কথা ছিল, কিন্তু তা করা হয়নি। এখন চারটির জায়গায় পাঁচটি পিলার করা হচ্ছে এবং সয়েল কণ্ডিসনের জন্য, সিফটিং—এর জন্য নীচে যেতে হচ্ছে ওয়েল গুলোকে। আসল কথা হোল রিভার কোর্স, মেইন ডিফিকালটি।

**শ্রীসরোজ রায় :** মন্ত্রিমহাশয় বোধহয় জানেন কংশাবতী নিয়ে অনেক কেলেংকারি হল এবং গভর্ণমেণ্টকে অনেক টাকা গুণতে হল ফর নাথিং। আমি প্রথমত জানতে চাই ডিফেক্টটা

প্ল্যানিং এ ছিল কিনা এবং সরকারী দপ্তরের সঙ্গে এবং যাদের কনট্রাক্ট দেওয়া হয়েছে তাদের সঙ্গে কোন রকম মতান্তর ছিল কিনা এবং কনট্রাক্টরের মত গ্রহণ করা হয়নি, না সরকার কনট্রক্টরের মত গ্রহণ করেন নি? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আপনি যে সিডিউল টাইম দিলেন তার মধ্যে কি কমপ্লিট হবে?

**শ্রীভোলানাথ সেন:** আপনার প্রথম প্রশ্নের জবাব হচ্ছে আমি নিজে সেই ব্রিজ দেখতে গিয়েছিলাম এবং সেখানকার ইঞ্জিনিয়ার এবং অফিসারদের সঙ্গে কথা বলেছি, কিন্তু মতান্তরের কোন কথা শুনি নি। তবে এটা ডেফিনিট ডিফিকাল্টি যেটা সেটা হচ্ছে সয়েল কণ্ডিসন। পদ্মার উপর যে সাড়া ব্রিজ আছে সেখান যতটা ডিপ এখানেও ততটা ডিপ। তাছাড়া এই নদীটা পিকুলিয়ারলী বিহেভ করছে। এটা অবশ্য প্রধান ফেনোমেনন নয়, তাহলেও সেই ফেনোমেনন-টাকে দেখা হচ্ছে এবং ৪টির জায়গায় ৫টি পিলার করা হচ্ছে। সে সমস্ত বাধা বিপত্তি আছে এবং নানারকম সমস্যা যা আছে সেগুলি যদি কাটিয়ে ওঠা যায় তাহলে আমি আশা করি ১৯৭৪ সালের ডিসেম্বর মাসের মধ্যে এটা কমপ্লিট হবে।

## সুন্দরবন উন্নয়ন পরিকল্পনা

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫১।) **শ্রীপঞ্চানন সিংহ:** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনের সামগ্রিক উন্নয়ন বিষয়ে রাজ্যসরকারের কোন সুনির্দিষ্ট পরিকল্পনা আছে কি?

(খ) থাকিলে (১) কি কি পরিকল্পনা রহিয়াছে; (২) উহা রূপায়ণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; (৩) কি পরিমাণ অর্থ এ পর্যন্ত রাজ্য এবং কেন্দ্রীয় সরকার ব্যয় করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, ঐ পরিকল্পনা রূপায়ণে কেন্দ্রের বরাদ্দকৃত টাকা রাজ্যসরকার খরচ না করিয়া ফেরত দিয়াছেন; এবং

(ঘ) সত্য হইলে, (১) কোন্ কোন্ সালে কত টাকা ফেরৎ দিয়াছেন; এবং (২) ফেরৎ দেওয়ার কারণ কি?

**ডাঃ মহাঃ ফজলে হক:**

(ক) উন্নয়ন ও পরিকল্পনা (নগর ও পল্লী) উন্নয়ন বিভাগের 'সুন্দরবন প্ল্যানিং সেল' সুন্দরবন অঞ্চলের সামগ্রিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা রচনায় নিযুক্ত আছে। মে মাসের মধ্যে এই পরিকল্পনার খসড়া শেষ হইবার কথা।

(খ) (১) এই পরিকল্পনায়, অর্থনৈতিক উন্নতির প্রসঙ্গে কৃষির উন্নয়ন, বন্যা নিরোধ ও জলসেচ, ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংগঠন, অগ্রাধিকার ভিত্তিতে যোগাযোগ ব্যবস্থার বিশেষ কয়েকটি শাখার উন্নয়ন, বিদ্যুৎ সরবরাহ, ট্যুরিষ্ট কেন্দ্র স্থাপন, সুন্দরবনের মুখ্য নগরগুলি যথা ক্যানিং, কাকদ্বীপ ও নেজটের সামগ্রিক উন্নয়ন ইত্যাদির সুপারিশ করা হইতেছে।

(খ) (২) ও (৩) যেহেতু সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা এখনও সম্পূর্ণ হয় নি, সেইজন্য এই প্রসঙ্গে কি ব্যবস্থা গ্রহণ করা হইবে বা কি পরিমাণ অর্থ ব্যয় করা হইবে, সে সম্বন্ধে এখনও সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

(গ) ও (ঘ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীপঞ্চানন সিংহ:** সুন্দরবন Development Board বলে একটা Board এককালে ছিল, সেই Boardটা কি অবস্থায় আছে, সুন্দরবন Development Board বলে একটা Board

এককালে গঠিত হয়েছিল, তার অস্তিত্ব আছে কিনা, অথবা যদি না থাকে তাহলে নূতন করে সেটা তৈরী করবার কথা সরকার ভাবছেন কিনা সেটা মন্ত্রিমহাশয় বলবেন কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** সুন্দরবন Development Board করা হবে কিনা এ সম্বন্ধে Notice দেবেন, বলে দোবো, তবে আমি যতটুকু জানি বর্তমানে যে সমস্ত Planning Board হচ্ছে, সেই Planning Board শুধু সুন্দর বন নয় সমগ্র পশ্চিমবঙ্গের যেসমস্ত development Board করার কথা সেইগুলো কি করা যায় সে সম্বন্ধে তারা বিবেচনা করে দেখবেন।

**শ্রীপঞ্চানন সিংহ :** সুন্দরবনের সামগ্রিক উন্নয়নের স্বার্থে, সুন্দরবনকে একটা স্বতন্ত্র জেলা গঠনের দাবী দীর্ঘকাল ধরে সুন্দরবন এলাকা থেকে হয়ে আসছে। সুন্দরবনের উন্নয়নের সম্পর্কে সরকার যখন চিন্তা করছেন, তখন মন্ত্রি মহাশয় বলবেন কি যে ঐ দাবী সম্পর্কে তিনি কিছু ভাছেন কি না ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** না, এই রকম কোন কিছু আমার জানা নেই।

## হাওড়া ডালমিয়া পার্কে ষ্টেডিয়াম

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** ক্রীড়া বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়ায় ডালমিয়া পার্কে স্টেডিয়াম নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উহার কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :**

(ক) ও (খ) এইরূপ কোন পরিকল্পনা নাই।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** মন্ত্রিমহাশয় তো মরার বাড়া গাল নেই দিয়ে গেলেন যে হবে না, প্রথমেই বলে দিয়েছেন। কিন্তু আমি Government record-এ দেখছি, আমাদের জেলাতে ১৯৫৯ সালে utility stadium তৈরী করার পরিকল্পনা নেওয়া হয়েছিল এবং তখনকার জেলাশাসক J. C. Talukdar-এর সময় ৫০ হাজার টাকা খরচ করা হয়েছে। কিছু gallery তৈরী করা হয়েছে, বর্তমানে সেখানে আলো নেই, সেটা এখন সমাজ বিরোধীদের stadium হয়েছে, মন্ত্রি-মহাশয় কি বলবেন, এই যে পরিকল্পনা হয়েছিল, এই সম্পর্কে সরকারী দপ্তর কি অবস্থায় আছে একটু আলোকপাত করতে পারেন ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** হাওড়ার ডালমিয়া পার্কে Stadium নির্মাণের কোন প্রস্তাব Howrah Youth Welfare Council or Howrah District Sports Association হইতে আসেনি। Howrah Youth Welfare Council Pavilion এর নলকূপ বসাবার জন্য আনুমানিক দু'হাজার টাকা চেয়েছিলেন। উক্ত Council-কে Dalmia Park ও হাওড়া ময়দানের বকেয়া ভাড়া বাবদ এক হাজার পঞ্চাশ টাকা অনুমান দেওয়া হয় ডালমিয়া পার্কে বৈদ্যুতিক সংযোগ এবং line সংস্থাপনের জন্য ৯ হাজার পাঁচ শত টাকা অনুমান দেওয়া হয়।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** মন্ত্রিমহাশয়ের কাছে আমি এই memorandum-এর copy দিতে পারি, Youth Welfare Council দিয়েছিল ১৯৬৪ সালে সেই copy আমার কাছে রয়েছে, অথচ আপনার Department জানাচ্ছে যে কোনরকম প্রস্তাব আসে নি, এর মধ্যে অসঙ্গতি দেখা যাচ্ছে। মন্ত্রিমহাশয় একটু আলোকপাত করবেন কি ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** মাননীয় সদস্যকে জানাতে পারি অসঙ্গতি যদি থাকে তাহলে তার সম্বন্ধে নিশ্চয়ই আমরা যা করার করবো এবং আপনি যে কাগজটা দেখালেন, যদি দয়া করে

ওটা আমার কাছে দেন, আমি কথা দিচ্ছি, এ সম্বন্ধে আমার দিক থেকে যতটা তদন্ত করা দরকার করবো এবং যদি সেই ধরনের কোন পরিকল্পনা থাকে এবং সেই পরিকল্পনা কোথায় দাঁড়িয়ে আছে এবং কবে পরিকল্পনা রূপায়িত হবে, তার কথাও ওঁকে জানিয়ে দিতে পারি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কাগজটা দেখতে চেয়েছেন এবং বলছেন যদি অসঙ্গতি থাকে তাহলে পরীক্ষা করে দেখবেন। আমি কি জিজ্ঞাসা করতে পারি, আপনি যে বলছেন এইরকম কোন পরিকল্পনা নেই এবং মাননীয় সদস্য বলছেন পরিকল্পনা আছে এই যে "আছে" এবং "না" এর মধ্যে অসঙ্গতি,—আপনার অফিসাররা মিসলিড করছে এটা কি আপনি মনে করেন যে আপনি মিসলিডেড হচ্ছেন?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** আমি কিছু মনে করিনি, আমি এই কথা মনে করি যে বড় কাজে ছোট খাট কিছু ত্রুটি বিচ্যুতি থেকে থাকে, আপনারা মাননীয় সদস্য, আপনাদের কাছে নথীপত্র থাকলে, আপনাদের উচিৎ সরকারকে সাহায্য করা এবং সেটা এগিয়ে এসে জানানো, সে সম্বন্ধে যা করার নিশ্চয়ই করবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** একটা কথা খুব পরিষ্কার যদি এইরকম কোন পরিকল্পনা থেকে থাকে, আর আজকে আপনি যে Statement করছেন এই দুটোর সঙ্গে যদি কোন মিল না থাকে তাহলে যাঁরা এই কাজ আপনাকে দিয়ে করাচ্ছেন, তাদের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন কি?

[1-30—1-40 p.m.]

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** আপনারা কি সত্যই তাই চান?

( Voices: হ্যাঁ চাই )

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** আমরা নিশ্চয়ই চাই। যদি এটা অসঙ্গতিজনক উক্তি হয়, যা আপনার মুখ দিয়ে করিয়ে নেওয়া হচ্ছে,তাহলে সেই Administration-কে আমরা রাস্তায় নামাতে চাই। এই assurance চাই যদি এই তথ্য খুঁজে দেখেন অসঙ্গতিপূর্ণ, there was a plane যে সরকারী কর্মচারীর হাত দিয়ে এই অবস্থা হয়েছে যে কথা আপনাকে দিয়ে বলিয়ে নিচ্ছে, তার বিরুদ্ধে আপনি কার্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে। অসঙ্গতির কথা তুলবেন না। হতে পারে, হাতের কাগজ দেখাতে পারেন। তবে আমি বিশ্বাস করি না এর মধ্যে কোন কারচুপি আছে বা অসঙ্গতি আছে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** অসঙ্গতির খবর ঠিক। কারণ আমরা যা খবর দেই রেকর্ড ও document থেকে। আমাদের দায়িত্বও কম নয় আপনাদের সরকারী কর্মচারীদের থেকে, Administration থেকে। আপনার ৫০ হাজার টাকা খরচ হয়েছে ঐ ষ্টেডিয়ামের জন্য। আধখানা ঘর করে সব বন্ধ হয়ে গেছে। এ সম্বন্ধে একটা মেমোরাণ্ডাম দেওয়া হয়েছে Youth Welfare Council-এর তরফ থেকে। এখন decision নেওয়া হলো যে ষ্টেডিয়াম তৈরীর কোন পরিকল্পনা ওখানে নাই। সেইজন্য বলছি অসঙ্গতি।

( No reply )

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর দপ্তর থেকে ৫০ হাজার টাকা খরচ করেছেন। আর এখন বলছেন কোন পরিকল্পনা নাই। আমি বলছি there was a plan, there was a programme of suoh a stadium। কাজেই অসঙ্গতি দেখা দিচ্ছে। আমি তো বলছি না অসঙ্গতি দেখা দিয়েছে। আপনি যদি সব কাগজপত্র দেখে শুনে enquiry করে কোন অসঙ্গতি থাকে দেখেন, তাহলে আজকে এই কথা জানতে চেয়েছি যে এই কাগজ যিনি তৈরী করে দিয়ে আপনাকে ও এই হাউসকে mislead করছেন, আপনার মুখ দিয়ে তা বলিয়ে দিচ্ছেন, তাঁর বিরুদ্ধে আপনি কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

**Mr. Speaker :** The Hon'ble Minister has already stated that he has not been misleaded or using his own term there was no 'অসঙ্গতি'।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই মাননীয় সদস্য মৃগেন্দ্র মুখার্জী যে বক্তব্য রেখেছেন সেটা সম্বন্ধে তদন্ত করে দেখবেন দয়া করে এবং আগামী অধিবেশনে ঐ সম্বন্ধে একটা Statement এই হাউসে দেবেন এই assurance কি তাঁর কাছ থেকে পেতে পারি?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** নিশ্চয়ই আপনার প্রস্তাব বিবেচনা করবো।

## ভগবানগোলায় পাকারাস্তা তৈরী

*২৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০।) **শ্রীমহম্মদ দেদার বক্স :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে মুর্শিদাবাদ জেলার ৫১ নং ভগবানগোলা বিধানসভা কেন্দ্রে কোন পাকা রাস্তা তৈরীর সরকারী পরিকল্পনা আছে কি;

(খ) পরিকল্পনা থাকিলে কয়টি রাস্তা নির্মাণের পরিকল্পনা আছে এবং উহাদের দৈর্ঘ্যের পরিমাণ কত কিলোমিটার; এবং

(গ) উহাদের জন্য আনুমানিক ব্যয়ের পরিমাণ কত?

**শ্রীভোলানাথ সেন :** (ক), (খ) এবং (গ)—পাকা রাস্তা তৈরীর নূতন কোন পরিকল্পনা আপাততঃ নাই।

## দীঘায় সমুদ্র বেলাভূমির অবক্ষয়

*২৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪।) **শ্রীসুধীর চন্দ্র দাস :** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, অবক্ষয়ের ফলে দীঘার সুন্দর সমুদ্র বেলাভূমি নষ্ট হইয়াছে এবং দীঘা উন্নয়নের ঘরবাড়ি বিপদাপন্ন হইয়াছে;

(খ) অবগত থাকিলে, এই অবক্ষয় বন্ধ করিবার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, ঐ পরিকল্পনা কার্যকরী করিবার কি ব্যবস্থা হইতেছে ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) সেচ ও জলপথ বিভাগ দীঘা সৈকতে অবক্ষয়ের অনুসন্ধান ও তদ্বীপের কাজ ১৯৬১ সাল হইতে করিয়াছেন। এই কার্যের জন্য উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ উক্ত বিভাগকে ২,২৮,৭৫৭টা দিয়াছে। রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত ৩০,০০০ টাকা দ্বারা I.I.T., Kharagpur ও দীঘা সমুদ্র সৈকত অবক্ষয়ের কারণ অনুসন্ধান করিয়াছেন উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অনুরোধক্রমে Chief Hydrolic Engineer, Calcutta Port Commissioners. ও এই বিষয়ে অনুসন্ধান করিয়াছিলেন দীঘা সমুদ্র সৈকত অবক্ষয় রোধের জন্য উপরি বর্ণিত সংস্থাগুলির বিশেষজ্ঞগন যে ব্যবস্থা অনুমোদন করিয়াছেন তাহা সম্পূর্ণ ত্রুটিহীন নয়। তদুপরি অবক্ষয় প্রতিরোধকল্পে যে ব্যয়ের প্রস্তাব বিশেষজ্ঞ গণ দিয়াছেন তাহার পরিমাণ সমস্যার সুরাহার তুলনায় অত্যন্ত অধিক বিবেচিত হয়। বিশেষজ্ঞ গণও এ বিষয়ে একমত। তাই সরকার অর্থাভাবহেতু সেচ ও জলপথ বিভাগ কর্তৃক সমুদ্র উপকূলে বাঁধ তৈরী করার জন্য ৬,৬৬,০০০ টাকা ব্যয়ের যে পরিকল্পনা পেশ করিয়াছি তাহা কার্যকরী করিতে ঝুঁকি নেয় নাই।

বন বিভাগ ১৯৪৮ সাল হইতে দীঘা উপকূলে বৃক্ষরোপণ করিতেছে। তাছাড়া সৈকতের ঢালু জায়গাগুলি উঁচু করার দায়িত্বও বন বিভাগ নিয়াছিল। এই কাযে বন বিভাগের ২,১৫,৪৯০ টাকা খরচ হইয়াছে। এই পরীক্ষা অবক্ষয় বন্ধে খুব কার্য্যকরী হয় নাই। বন বিভাগ Lafite block সহ fboible sansage দ্বারা সমুদ্রে সৈকতে অবক্ষয় বন্ধ করার জন্য ১,০২,৭২৪ টাকার একটি পরিকল্পনা উন্নয়ন ও পরিকল্পনা বিভাগে পেশ করিয়াছিল।

দীঘা সমুদ্র সৈকতে অবক্ষয় বন্ধের সমস্ত বিষয়টি বর্তমানে পুনর্বিচার করিয়া দেখা হইতেছে এবং সেচ ও জলপথ বিভাগের পরিকল্পনাটি ও বনবিভাগের পরিকল্পনাটি পুনঃ পরীক্ষা করা হইতেছে।

**শ্রীসুধীর চন্দ্র দাস :** দীঘার যে বেলাভূমি, সেটা ভারতবর্ষের মধ্যে একটা শ্রেষ্ঠ বেলাভূমি, এইটাকে রক্ষা করার জন্য ১৯৬১ সাল থেকে চেষ্টা হচ্ছে, এখনও পর্যন্ত বন বিভাগ সেচ বিভাগের সঙ্গে একমত হয়ে কোন সিদ্ধান্ত নিতে পারেনি। আমরা জানতে চাই যে বন বিভাগ যে পরিকল্পনার জন্য টাকা চেয়েছে সেই পরিকল্পনাটা কি ধরনের পরিকল্পনা তারা করতে চান? পাথর বসিয়ে ডায়মণ্ড হারবারে যে ধরনের ইরুশন বন্ধ করা হয়েছে অথবা কাঁথি থানায় যে রকম বাকীপুটে পিচিং করে সিমেন্টের প্লটে করে করে ঐ ইরুশনকে বন্ধ করে দিয়েছে, সেই রকম কোন পরিকল্পনা আছে কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** আমি আপনার সঙ্গে এক মত যে সমুদ্রের অবক্ষয় রোধ করা যায় না। অনেক বিশেষজ্ঞকে আনা হয়েছে, তারা কেউ একমত হতে পারেনি এবং আমাদের অনেক টাকা খরচ হয়েছে। আমরা এই মন্ত্রীসভায় আসার পর দীঘায় গিয়েছিলাম এবং আমাদের ইরিগেশন মন্ত্রীর বরকত উল্লা খানও গিয়েছিলেন এবং আমরা দুই জনে এক মত হয়েছি যে এইটা রক্ষা করতে হবে। বন বিভাগ এবং সেচ বিভাগ এক সঙ্গে এই ভার নিয়েছে। ওখানকার

সিজিন হচ্ছে নভেম্বর টু এপ্রিল, তা নাহলে ওখানে বর্ষা এসে যায়, কাজে বাধা পড়ে। তাই আমরা বলেছিলাম ব্যক্তিগতভাবে যে এখানে তাড়াতাড়ি কিছু না করতে পারলে সব নষ্ট হয়ে যাবে, আমাদের যে ট্যুরিষ্ট লজ আছে সেটাও নষ্ট হতে চলেছে। তাই আমরা চেষ্টা করছি ইরিগেশন ডিপার্টমেণ্ট এবং বনবিভাগ যাতে যথাযথভাবে আগামী নভেম্বর থেকে কার্য্যকরী করতে পাবে তার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীসুধীর চন্দ্র দাস**: আনন্দিত হলাম আপনি আগামী নভেম্বরে কাজ করবেন শুনে: কিন্তু প্রশ্ন হচ্ছে যে টাকা কি এর জন্য বাজেটে মঞ্জুর হয়েছে?

**ডাঃ মহঃ ফজলে হক**: ঐ টাকা এখন স্যাংশন রাখা হয়নি এটা পূর্ণাঙ্গ বাজেটের অপেক্ষায় আছে।

**শ্রীসরোজ রায়**: মাননীয় মন্ত্রি মহাশয় যে অবক্ষয় বন্ধ করার কথা বললেন, এই ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ আমি জানি এই অবক্ষয় বন্ধ করার জন্য প্রচুর টাকার খরচ হয়েছে, একবার ২লক্ষ ৪৭ হাজার টাকা, আর একবার দেড় লক্ষ টাকা কনটিনিউয়াস খরচ করেছেন এবং ১৯৬১ সালের পরে দুবার কাজ হয়েছে তারমধ্যে একবার এখানে ফরেষ্ট বিভাগ বললেন যে ঝাউ গাছ লাগান হচ্ছে অবক্ষয় বন্ধ হয়ে যাবে। তার পর বলা হয়েছে সো ফার আই ডু রিমেম্বার, পাথর ঢেলে দিয়েছি এইবারে অবক্ষয় বন্ধ হয়ে যাবে। আমি বলছি যে সমুদ্রের ধারের অবক্ষয় যদি বন্ধ করতে হয় তাহলে আমার এখানে কংক্রিট প্রশ্ন হলো যে এর সম্বন্ধে আপনি কি কোন বিশেষজ্ঞ কমিটি তৈরী করছেন একটা গবেষণা করে দেখবার জন্য যে যেখানে যে টাকা ব্যয় হবে সেটা কার্য্যকরী হবে কিনা?

[1-40—1-50 p.m.]

**ডঃ মহম্মদ ফজলে হক**: আমরা নূতন করে কমিটি করার সিদ্ধান্ত নিই নি। আমি আপনার সঙ্গে একমত যে এতদিন নানা রকম কমিটি হয়েছে এবং তদন্ত করতে অনেক পয়সা চলে গেছে কাজেই কিছুই হয়নি। দিল্লী থেকে তদন্ত হয়েছে, পোর্ট কমিশনারস আমাদের সরকার থেকে তদন্ত হয়েছে—কেউই একমত হতে পারে নি। এখন যদি আমরা সেই কমিটি করতে যাই তাহলে সেই দেরীই হয়ে যাবে। তবে আমি ভেবে দেখবো কি করা যায় না যায়। আমাদের সেচ বিভাগ বন বিভাগ মিলে আর একটা কমিটি স্থাপন করা যায় কিনা সেটা ভেবে দেখবো।

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ**: আপনার অনুমতি নিয়ে আমি জানাচ্ছি যে সরকারের এই রকম পরিকল্পনা উপস্থিত নাই। সরকার বিভিন্ন ডিষ্টিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে ৫ হাজার টাকা পর্যন্ত অগ্রিম দিয়ে দেন সেই সেই এলাকার খেলার উন্নয়নের জন্য।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী**: মাননীয় মন্ত্রি মহাশয় জানাবেন কি যে একটি ব্লক এরিয়ার যে সমস্ত হাই এণ্ড হায়ার সেকেণ্ডারী স্কুলস আছে সেই এলাকার খেলার মান উন্নয়নের জন্য সেই সেই এলাকার ২।১টি স্কুলে বেছে নিয়ে তাদের মাঠ যদি উন্নয়ন করা যায় তাহলে এর মাধ্যমে খেলাধুলার মান কি উন্নয়ন করা যাবে?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ**: এই রকম পরিকল্পনা উপস্থিত নাই তবে সদস্য মহাশয় যে কথা বল্লেন তার যথেষ্ট যুক্তি আছে আমি সে সম্বন্ধে নিশ্চয় চিন্তা করবো।

**শ্রীশিশির কুমার সেন :** মাননীয় মন্ত্রিমহাশয় আগে বল্লেন যে জেলা মেজিষ্ট্রেটদের কাছে ৫হাজার টাকা এ্যাডহক দেওয়া হচ্ছে সেটা কি প্রত্যেক ব্লকের জন্য দেওয়া হচ্ছে ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** না

**শ্রীশঙ্কর দাস পাল :** এই যে প্রত্যেক ব্লকে ৫হাজার টাকা দেওয়া হয় সেটা কার রেকমেণ্ডেসনে খরচ করা হয় সেটা জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** আমি গোড়ায় বলেছিলাম ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে টাকা দেওয়া হয়। তারা প্রত্যেক স্কীমের জন্য আবেদন পত্র পেলে সেটা বিচার করেন এবং বিচার বিবেচনা করে তিনি টাকা দেন।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :** মাননীয় মন্ত্রি মহাশয় জানাবেন কি যে গোটা পশ্চিমবাংলায় ৫০টি ব্লক বেছে নেওয়া হয়েছে পাইলট প্রোজেক্ট স্কীম হিসাবে এবং একজন করে ডিপ্লোমা ইন ফিজিক্যাল এডুকেসন এই রকম ট্রেণ্ড টিচার এ্যাপয়েণ্ট করা হয়েছে—প্রশ্ন হচ্ছে এই পরিকল্পনার মাধ্যমে কি ধরণের প্রশিক্ষণ দেবার পরিকল্পনা সরকার করেছেন এবং এই ফিজিক্যাল এডুকেসন এখানে যে পর্যায়ে আছে তাতে যে টাকা আমরা ব্যয় করছি তার সবটাই অপচয় হচ্ছে। এখন ফিজিক্যাল এডুকেসনকে জেনারেল এডুকেসনের মানে সংযুক্ত করে শিক্ষার মান উন্নয়ন করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** মাননীয় সদস্যের বোধহয় মনে আছে যে কেন্দ্রীয় সরকার এর একটা ডেভেলপমেণ্ট স্কীম আছে—সেখানে ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার দেবেন আর ৫০ ভাগ ষ্টেট গভর্ণমেণ্টকে দিতে হবে। এটা করতে গেলে এই স্কীমে করা যায় এবং এর একটা পরিকল্পনাও আমাদের সামনে আছে। আমরা ডিসট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে জানিয়েছিলাম, তার একটা খুব ভাল সদুত্তর পাই নি। আমি আশা করছি আপনাদের একটা স্থায়ী সরকার হয়েছে এ সম্বন্ধে আমরা ডিষ্টিকটের সঙ্গে যোগাযোগ করবো এবং বিভিন্ন ডিষ্ট্রিক্টে খেলার মান যাতে উন্নত হয় তার সম্বন্ধে চেষ্টার ত্রুটি হবে না।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জি :** যেসব ডি, এম, এর কাছ থেকে সদুত্তর পাননি তাদের সম্পর্কে মন্ত্রি মহাশয় কি ভাবছেন এবং কি ধরণের উত্তর তাঁরা দিয়েছিলেন সেটা একটু জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** আমি খুব দুঃখিত যে এর সরাসরি উত্তর দিতে পারব না। কারণ ডি, এম, কি চিঠি দিয়েছিলেন এখন পর্যন্ত সে সম্বন্ধে প্রশ্ন আমার দপ্তরের কাছে আমি করিনি।

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :** ফিজিক্যাল এডুকেসন এখন পর্যন্ত যে পর্যায়ে আছে সেই পর্যায়ে যদি থাকে তাহলে আমার মনে হয় ফিজিক্যাল এডুকেসন খাতে যে টাকা ব্যয় হচ্ছে, সেই টাকার সবটাই অপব্যয় হচ্ছে এটা কি জানেন ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** এটা ভয়ানক শক্ত কথা It is a matter of opinion.

**শ্রীপরেশ চন্দ্র গোস্বামী :** এডুকেসনের সঙ্গে ফিজিক একেবারে অঙ্গাঙ্গিভাবে জড়িত, এটা কোন আলাদা কম্পার্টমেণ্ট নয় এবং এডুকেসনের যদি ঠিক ডাইবেকসনে নিয়ে যেতে হয় তাহলে তার সঙ্গে ফিজিকাল এডুকেসনকেও যুক্ত করে দেওয়ার প্রয়োজন আছে, এটা কি আপনি স্বীকার করেন ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ :** কথাটা খুব অযৌক্তিক নয়, নিশ্চয়ই ভাববার কথা।

**শ্রীসরোজ রায় :** একটি প্রশ্ন জনৈক সভ্য করলেন যে এ, ডি, এম, এর কাছে যে টাকা থাকে সেটা কিভাবে খরচ হবে সেই নিয়ে একটা অর্গানাইজেসন সম্পর্কে আপনি ভাবছেন কিনা

কেন না, আপনার কাছে খবর দিলে আপনি দেখতে পারেন যে ফুটবল গ্রাউণ্ড করা নিয়ে ৩০২ ধারায় অনেক কেস হয়েছে। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে গিয়ে বলল আমাদের ফুটবল গ্রাউণ্ড করা দরকার, তিনি টাকা দিলেন। কিন্তু প্রবলেমটা হচ্ছে এই ল্যাণ্ড রিফর্মা তো ছেলেরা জানে না, তারা জোর করে বল নিয়ে কৃষকের সেই জায়গা দখল করে ফুটবল গ্রাউণ্ড তৈরী করতে গেল, তখন মারামারি হল, কেস হল। কাজেই এই ব্যাপারটা আমাদের ভাবা দরকার, এবিষয়ে একটু সিরিয়াস হওয়া দরকার যে ফুটবল গ্রাউণ্ড কিভাবে হবে সেটা নিয়ে একটা কমিটি করা দরকার। এই নিয়ে ৩০২ ধারায় বহু কেস হয়ে গেছে। কাজেই এটা সম্বন্ধে একটু সিরিয়াসলি চিন্তা করা দরকার। কাজেই এটা সম্বন্ধে একটা সংগঠন করার দিক থেকে যদি একটু ভাবেন তাহলে ব্যাপারটা আমরা ভালভাবে বুঝতে পারব। কাজেই এটা সম্বন্ধে আপনি কি চিন্তা করছেন?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** আপনার চিন্তাধারা আমার চিন্তাধারার সঙ্গে অনেক মিল আছে। ঐ কথা সামনে রেখে আমরা ভাবছি যে ডিষ্ট্রিক্ট লেভেল-এ একটা কাউনসিল এবং ষ্টেট লেভেল একটা কাউনসিল করে এবং তাদের সঙ্গে সরাসরি যোগসূত্র রেখে ডিষ্ট্রিক্ট ডেভোলপমেণ্টের কথা আমরা নিশ্চয়ই ভাবব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** ব্লকে খেলার মাঠ তৈরী করার জন্য বিভিন্ন জেলায় আপনারা ৫ হাজার করে টাকা দিয়েছেন। খেলারমাঠের উপযুক্ত ব্লকে যদি সরকারী কোন খাস জমি থাকে তাহলে আপনি কি ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রির কাছে এই অনুরোধ জানাবেন যে তাদের জমি দেবার জন্য এই রকম প্রভিসন রাখা হোক?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** আপনার কথা মনে রাখবো।

### Football Ground for blocks

*293. (Admitted question No. *710.) **Shri Kumardipti Sen Gupta**: Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state—

(a) Whether the Government contemplates to provide each block with a football ground for the welfare of the youths; and

(b) if so, when the scheme is likely to materialise?

### Sabang-Mohar Pucca Road

*294 (Admitted question No. *285.) **Shri Bijoy Das**: Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) what is the progress made so far to construct Sabang-Mohar Pucca Road in Sabang P. S. in Midnapore district;

(b) when is the road expected to be completed; and

(c) what is the amount sanctioned for the purpose?

**Shri Bholanth Sen:** (a) to (c) There is no scheme for construction of Sabang-Mohar Pucca Road. The road may, however, be constructed initially upto Kutcha stage with minor bridges and culverts, if funds permit, according to the present programme. Survey work will be started soon and thereafter estimate will be prepared obviously, the expected date of completion and the amount estimated cost cannot be indicated now.

[1-50—2-00 p.m.]

## বাংলাদেশ সীমান্তে চেক পোষ্ট

*২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৭।) **শ্রীআবদুলবারি বিশ্বাস:** স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার জলঙ্গীতে এবং রাণীনগর থানার বামনাবাদ, রাজানগর ও কাতলামারীতে বাঙলাদেশের সহিত যাতায়াত ও ব্যবসাবাণিজ্যের জন্য চেকপোষ্ট খোলার বিষয়ে রাজ্যসরকার কেন্দ্রের সহিত কোন যোগাযোগ করেছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে, তাহার ফলাফল কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক:** (ক) ভারত ও বাংলাদেশের মধ্যে যাতায়াত ও ব্যবসা-বাণিজ্যের জন্য মুর্শিদাবাদ জেলায় কোন চেক পোষ্ট খোলার ব্যাপারে রাজ্যসরকার কেন্দ্রের সহিত এ যাবৎ কোন যোগাযোগ করেন নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় 'ক' এর উত্তরে বলেছেন, কেন্দ্রের সঙ্গে কোন যোগাযোগ হয়নি। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই প্রস্তাবিত জায়গাগুলিতে যাতে চেক পোষ্ট হয় তারজন্য আপনি কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করবেন একথা কি আমরা মনে করতে পারি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক:** এ বিষয়ে কোন প্রস্তাব এলে আমরা সেটা বিবেচনা করে কেন্দ্রের কাছে অনুমোদনের জন্য পাঠাই। এরকম কোন প্রস্তাব আমাদের কাছে আসেনি।

## ছালা দা রোড নন্দকাপাস রোড ও খড়ার ইড়পালা রোড

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩।) **শ্রীহরিসাধন দোলুই:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় 'ছালা দা রোড' 'নন্দকাপাস রোড' ও 'খড়ার ইড়পালা রোড' তৈরি করার পরিকল্পনা এ পর্যন্ত সরকার গ্রহণ করেছেন কিনা,

(খ) পরিকল্পনা গ্রহণ করা হলে, কবে নাগাদ রাস্তা তৈরির কাজ আরম্ভ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) অগ্রাধিকারভিত্তিক কোন্‌টি আগে হবে ?

**শ্রীভোলানাথ সেন:** (ক) উল্লিখিত রাস্তাগুলির মধ্যে একমাত্র খড়ার-ইড়পালা রাস্তাটি চতুর্থ পরিকল্পনায় সাময়িকভাবে অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(খ) আর্থিক সঙ্গতি হইলে চলতি বৎসরে।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীসুধীর চন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সাময়িক বলতে তিনি কি বোঝাচ্ছেন ?

**শ্রীভোলানাথ সেন:** তার মনে টেনটাটিভলি।

**শ্রীসুধীর চন্দ্র দাস:** বন্যা প্রধান অঞ্চলে এই সমস্ত জায়গায় রাস্তা যেখানে দরকার সেখানে টেনটাটিভলি কথাটা কেন বললেন মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**শ্রীভোলানাথ সেন:** টেনটাটিভ মানে ফ্যাইন্যাল হয়নি এখনও।

**শ্রীসুধীর চন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, অচিরে ফ্যাইন্যাল করবার কোন ইচ্ছা তাঁর আছে কি ?

**শ্রীভোলানাথ সেন :** নিশ্চয় ইচ্ছা আছে। ইচ্ছার অভাব নেই, অর্থের অভাব।

**শ্রীসুধীর চন্দ্র দাস :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ইচ্ছাটাও কি টেনটাটিভ ?

**শ্রীভোলানাথ সেন :** ইচ্ছাটা পারমানেন্ট, এ্যাজ লং এ্যাজ আই লিভ।

## নবদ্বীপে কংগ্রেস প্রার্থী বাড়িতে হামলা

*২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৯।) **শ্রীলক্ষ্মীকান্ত বসু :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৭এ ফেব্রুয়ারি ১৯৭২ তারিখে নবদ্বীপ শহরে জনৈক কংগ্রেস মনোনীত নির্বাচনপ্রার্থীর বাড়িতে কিছু দুষ্কৃতকারী হামলা করে;

(খ) সত্য হইলে, (১) ঐ ঘটনায় আজ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয়েছে কিনা, এবং (২) দুষ্কৃতকারীদের সহিত কোন রাজনৈতিক দলের যোগাযোগ ছিল কিনা; এবং

(গ) এই ঘটনা সম্পর্কে কোন তদন্ত হইয়া থাকিলে তদন্তের রিপোর্ট সরকার জানাইবেন কি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক :** (ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ, দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে এবং দুষ্কৃতকারীরা সি, পি, এম সমর্থক বলে বর্ণিত।

(গ) এবিষয়ে এখনও তদন্ত চলেছে।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু :** এই কংগ্রেস প্রার্থী বর্তমানে বিধানসভার সদস্য, একথা মন্ত্রিমহাশয় জানেন কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** হ্যাঁ।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ঘটনা সম্পর্কে শ্রীপরেশ চন্দ্র গোস্বামী মহাশয় পুলিশকে আগেই অবহিত করেছিল, তা সত্ত্বেও পুলিশ কোন ষ্টেপ নেয়নি, এ সম্পর্কে কোন খবর মন্ত্রিমহাশয়ের কাছে আছে কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** না, আমার জানা নেই।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ঐ ঘটনার পর ঐ কংগ্রেস প্রার্থীর বাড়ীর নিরাপত্তার জন্য বর্তমানে কোন ব্যবস্থা করা হয়েছে কিনা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক :** ওঁরা আমাদের কাছে নিরাপত্তা চাননি।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই কেসটি কি ষ্টেজে আছে ?

**ডাঃ মহম্মদ ফজলে হক :** তদন্ত চলছে ঘটনা যা হয়েছিল তারপরে এসম্পর্কে গত ২৭-২-৭২ তারিখে ভারতীয় দণ্ডবিধির ১৪৭।১৪৮।৩০৭ ধারা মতে ভারতীয় দণ্ডবিধির অস্ত্র আইনের ২৮ ধারা এবং ভারতীয় বিস্ফোরক আইনের ৬।৩ ধারায় নবদ্বীপ থানায় কেস নং ২৩, মামলা রুজু করা হয়েছে এবং এবিষয়ে তদন্ত চলেছে।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, আমাদের কাছে সংবাদ আছে ঐ ঘটনার সঙ্গে, পরেশ চন্দ্র গোস্বামীর বাড়ীর কাছে একটা ছাত্রাবাস আছে সেই ছাত্রাবাসে যথোপযুক্ত তল্লাসী করে সেখানে বোমা এবং আরো মারাত্মক অস্ত্রশস্ত্র পাওয়া সত্ত্বেও সেখানে আরো যেসব সমাজ বিরোধী আছে তাদের ব্যাপকভাবে শাস্তি দেবার কোন ব্যবস্থা হয়েছে কিনা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক :** এরকম আমার জানা নেই। মাননীয় সদস্য জানালে আমরা নিশ্চয় তদন্ত করে দেখবো।

**শ্রীশংকর দাস পাল :** আমরা যে খবর পেয়েছি তাতে পরেশ চন্দ্র গোস্বামীর বাড়ী পুনরায়

আক্রান্ত হবার সম্ভবনা আছে এই সংবাদ মন্ত্রিমহাশয়ের কাছে জানাচ্ছি। আমি জানতে চাই পরেশ চন্দ্র গোস্বামীর বাড়ী রক্ষণাবেক্ষণের বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় নজর রাখার ব্যবস্থা করবেন কি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক:** আমার কাছে সংবাদ এলে নিশ্চয়ই চেষ্টা করব।

**শ্রীশংকর দাস পাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যেখানে আমাদের পুলিশ ডিপার্টমেণ্টের সি, আই, ডি, ডিপার্টমেণ্ট আছে সেখানে তাঁরা কি আপনাকে জানাননি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক:** খবর যতটুকু আছে তার অতিরিক্ত জানালে আমি নিশ্চয়ই সে সম্বন্ধে তদন্ত করে দেখব।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন পশ্চিমবঙ্গ সরকারের সি, আই ডি. এবং ডি, আই, বি, এই দুটো ডিপার্টমেণ্ট আছে, তাদের কি এই সমস্ত কাজকর্ম করবার জন্য কোন নির্দেশ দেওয়া হয়েছে ?

**মিঃ স্পীকার:** কোয়েশ্চেন ডিসএ্যালাওড।

## কাওরাপুকুর-জুলপিয়া রাস্তার কাজ

*২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫। **শ্রীরামকৃষ্ণ বর:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাওরাপুকুর-জুলপিয়া রাস্তার কাজ সম্পূর্ণ করতে কতদিন সময় লাগবে, এবং

(খ) উক্ত রাস্তার জন্য কত টাকা ব্যয় মঞ্জুর করা হয়েছে ?

(ক) আগামী বছরে শেষ হবে বলে আশা করা যায়,

(খ) ১১,৭৬,০০০ টাকা।

**শ্রীরামকৃষ্ণ বর:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ রাস্তার কাজ কত সালে আরম্ভ হয়েছে এবং রাস্তাটির দৈর্ঘ্য কত ?

**শ্রীভোলানাথ সেন:** কত সালে আরম্ভ হয়েছে আমার কাছে এই কাগজের মধ্যে নেই, আমি খোঁজ করে পরে জানাতে পারি। তবে এর দৈর্ঘ্য হল ৬ মাইল এবং ১১ লক্ষ টাকার মধ্যে ৮ লক্ষ ৪ হাজার টাকা ব্যয় হয়ে গেছে।

**শ্রীরামকৃষ্ণ বর:** আমি যতটুকু জানি ঐ রাস্তার কাজ ১৯৬৪ সালে শুরু হয়েছে। এই ৯ বছরের মধ্যে ৪ মাইল রাস্তা হয়েছে। বাকি কাজটা আগামী বছরের মধ্যে শেষ হবে এটা কি আশা করতে পারি ?

**শ্রীভোলানাথ সেন:** আমি উত্তরে দিয়েছি আগামী বছরে শেষ হবে বলে আশা করা যায়।

**শ্রীমনোরঞ্জন হালদার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ রাস্তাটা শেষ হতে দেরি হচ্ছে কেন, কারণ কি ?

A

**শ্রীভোলানাথ সেন ঃ** এখনও কাজ চলছে এবং কমপ্লিট হতে দেরি হয়েছে কেন সেটা তো বললাম, যদি তারিখটা থাকত বলতে পারতাম। তবে বেশীর ভাগ ক্ষেত্রে দেখা গেছে কি রাস্তার ব্যাপারে ইনজাংকসান থাকে এবং অন্যান্য নানা রকম অসুবিধা থাকে।

**শ্রীমনোরঞ্জন হালদার ঃ** এই রকম ইনজাংকসানের কতগুলি কেস আপনার কাছে এসেছে?

**শ্রীভোলানাথ সেন ঃ** নোটিশ দেবেন আমি হাজার হাজার বলে দিতে পারব। আমাদের দেশের লোকেরা রাস্তা চায় আবার ইনজাংকসানও চায়।

## Disbursement of salary, etc., of late Gopal Krishna Bagchi

***299**. (Admitted question No. *646.) **Shri Bhupal Chandra Panda :** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) if it is a fact that the salary, provident fund and death gratuity on account of the service of the late Gopal Krishna Bagchi, an upper division assistant, who died sometime in July, 1970, have not been disbursed to his surviving brother and sister ; and

(b) if so, (i) the reasons, therefore ; and (ii) the measures proposed to expedite payment of the same to the legal heirs ?

**Dr. Md. Fazle Haque :** (a) Yes.

(b) The reasons are as follows :

(1) No legal heirs preferred any claim so far, non-availability of the Service Book and the leave file ; non-adjustment of frequent leave enjoyed by the deceased.

(2) The following measures are proposed to be taken to ascertain the names of legal heirs through the police ; reconstruction of the Service Book, if it cannot be found out ; working out of the actual claim taking into account and ascertaining the total qualifying service of the deceased.

**শ্রীঅশ্বিনী রায় ঃ** ১৯৭০ সালে মারা গেল, ১৯৭০ সাল থেকে এখন পর্যন্ত ফাইল পাওয়া গেল না। তার স্যালারি, প্রভিডেণ্ট ফাণ্ড এই দুটি তাড়াতাড়ি দিয়ে দেওয়া দরকার। সে সম্পর্কে কোন কিছু করা গেল না কেন?

**ডাঃ মহাঃ ফজলে হক ঃ** আমি তো বললাম তার যে শরীক তারা সে সম্বন্ধে দাবি রাখেনি। তিনি অনবরত ছুটি নিতেন সেগুলি ফাইলে ঠিকমত এ্যাডজাস্টমেণ্ট হয়নি। সেগুলি এ্যাডজাস্টমেণ্ট যাতে করা যায় তারজন্য সচেতন আছি।

**শ্রীসরোজ রায় ঃ** যদিও আপনি বলেছেন লেট গোপাল কৃষ্ণ বাগচী তার ফাইল নিয়ে গণ্ডগোল আছে, আমার একটা স্পেসিফিক কোয়েশ্চেন হচ্ছে আমরা এই রকম খবর পাচ্ছি ৭।৮ বছর আগে মারা গেছে, তারা কেউ কিছু পাচ্ছে না। দু'একটা এমন খবরও বেরিয়েছিল পেনসান, গ্র্যাচুইটি পেতে তার যে এয়ার সেই এয়ারও মারা গেল, এ রকম কেসও আছে। আপনি সেগুলি সাধারণভাবে দেখবেন কি?

**Mr. Speaker** : That is a request for action.

[ 2-00—2-10 p-m. ]

**শ্রীঅশ্বিনী রায় :** এই Caseটা Pitiable তো, ১৯৭০ সালে লোকটা মারা গেছে, এই সম্পর্কে নির্দেশ এসেছে, তখন তার ভাই বোন যে যেখানে জীবিত আছে তাদের প্রাপ্য টাকা special measures নিয়ে দেবেন কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** নোটিশ দেবেন বলবো ।

**Mr. Speaker :** Question hour is over. Now, short-notice questions.

## দ্বিতীয় হাওড়া সেতু

*৩৩১। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রীনিতাইপদ সরকার :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হাওড়া ব্রীজের নির্মাণে কোন বেসরকারী কণ্টাক্টরী প্রতিষ্ঠানকে কত টাকার কাজের ভার দেওয়া হইয়াছে ;

(খ) ঐ প্রতিষ্ঠান কি কোন বিশেষ শর্ত আরোপ করিয়াছেন, এবং

(গ) করিয়া থাকিলে, তাহা কি কি ?

**ডঃ এম, ডি, ফজলুল হক :** (ক) দ্বিতীয় হাওড়া ব্রীজ নির্মাণের কনট্রাক্ট ভাগিরথী ব্রীজ কনস্ট্রাকশন কোম্পানীকে দেওয়া হয়েছে। এই কোম্পানীর প্রধান অংশীদার হোল জেসপ, ব্রেথওয়েট, বার্ণ এবং গেমন কোম্পানী। এদের মধ্যে জেসপ—ব্রেথওয়েট সম্পূর্ণ ভারত সরকারের তত্ত্বাবধানে কাজ করেন। মূল সেতু নির্মানে কনট্রাক্ট মূল্য ১৬ কোটি ৭ লক্ষ ৫৬ হাজার টাকা।

(খ) ও (গ) টেণ্ডার দিবার সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নানা রকম শর্ত উপস্থিত করেন। যথা প্রয়োজনীয় জল সরবরাহ, বিদ্যুৎ সরবরাহ, রেলওয়ে সাইডিং ইত্যাদি। টেণ্ডার-এর পর যখন কনট্রাক্ট তৈরী হয় সেই সময় দুই পক্ষ থেকে নানা রকমের শর্তাদি আলোচনা হয়ে থাকে—যথা মেব্রিসেন রুল চেক, উপযুক্ত বৈদেশিক বিশেষজ্ঞের সাহায্য ইত্যাদি।

**শ্রীনিতাইপদ সরকার :** Bridge-এর Contract পাবার জন্য আর কোন কোন প্রতিষ্ঠান tender দিয়েছিল জানাবেন কি ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** এখনই বলতে পারবো না।

**শ্রীনিতাইপদ সরকার :** এই tender যারা নিয়েছেন যাঁদের tender দেওয়া হয়েছে তারা আরো টাকা লাগবে এরূপ আবেদন করেছে কিনা জানেন ?

**ডাঃ মহাঃ ফজলে হক :** না, করেন নি।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** এই যারা tender দিয়েছেন এবং যারা নিয়েছেন এদের মধ্যে মতবিরোধ হয়েছিল কিনা জানাবেন ?

**ডাঃ মহাঃ ফজলে হক ঃ** আমার জানা নেই।

**শ্রীঅশ্বিনী রায় :** আমার Supplementary এই সম্পর্কে উনি বললেন যে আলাদা-ভাবে বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে যে আমাদের এখানে একটা অধিকার আছে একটা privilege আছে। আমরা যদি উত্তর না পাই তাহলে আমাদের অসুবিধা হয়। এই সম্পর্কে আমি আপনার মাধ্যমে Parliamentary Affairs এর Minster-কে অনুরোধ করবো তিনি যেন এই সম্পর্কে সামগ্রিকভ.বে কি কি Supplementary হতে পারে তা ভেবে আসেন এবং আমাদের জানান।

## বন্ধ শিল্প চালু করা

*৩৩২। (শর্ট নোটিস) ( অনুমোদিত প্রশ্ন নং *৭১৪। ) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নতুন সরকার ক্ষমতাসীন হওয়ার পর .থকে ২৪শে এপ্রিল, ১৯৭২, পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি বন্ধ শিল্প পুনরায় চালু হয়েছে ;

(খ) উক্ত শিল্পগুলির মধ্যে কতগুলি হাওড়া জেলায় অবস্থিত , এবং

(গ) উক্ত সময়ে বন্ধ শিল্প চালু হওয়ার পর কাজ ফিরে পেয়েছেন এমন শ্রমিকের সংখ্যা কত ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** (ক) ১১টি।

(খ) ২টি।

(গ) ৬৩৭৪ জন।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** হাওড়া জেলায় যে সমস্ত বড় শিল্প বন্ধ আছে তার সংখ্যা ২৩টি ও ২টি মাত্র চলেছে। বাকিগুলি চালু করবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** সরকার এ বিষয়ে চিন্তা করছেন।

**Mr. Speaker :** Short Notice Starred question Nos. 333, 334, 335 and 336 are held over as the Minister-in-charge is out of Calcutta.

## শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা

*৩৩৭। (শর্ট নোটিস) ( অনুমোদিত প্রশ্ন নং *৭৫৬। ) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন কল-কারখানায় নিযুক্ত শ্রমিকদের নিকট আদায়ীকৃত প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দেন নাই এমন মালিকের সংখ্যা বর্তমানে কত;

(খ) তন্মধ্যে হাওড়া জেলায় কতজন আছেন; এবং

(গ) ঐ মালিকদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** (ক) বর্তমানের সংখ্যা জানা নাই। তবে ৩১ ডিসেম্বর ১৯৭১ তারিখে ২১৯৯ জন ছিলেন।

(খ) ৩১শে ডিসেম্বর ১৯৭১ তারিখে ১৮৯ জন ছিলেন।

(গ) ৩১শে ডিসেম্বর ১৯৭১ তারিখ পর্যন্ত কর্মচারী প্রভিডেন্টফাণ্ড আইন ও প্রকল্প অনুসারে বকেয়া টাকা আদাদের জন্য ৯৬৯৫টি সার্টিফিকেট কেস ও ১৯৬টি ফৌজদারী মামলা বিচারাধীন ছিল। উপরন্তু কয়েকটি উপযুক্ত ক্ষেত্রে ভারতীয় দণ্ডবিধির ৪০৮।৪০৯ ধারায় মামলা রুজু করা হইয়াছে।

**শ্রীমৃগেন ভট্টাচার্য্য :** এত সংখ্যক মালিক যেখানে Provident Fund কেস এরা Cerificate-এর সংখ্যা কম যেখানে এ সম্পর্কে মালিকেরবিরুদ্ধে কোন actin নেওয়া হয়েছে কি ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এখনও পর্য্যন্ত নওয়া হয়নি এর এ সম্পর্কে বিবৃত কিছু জানান সম্ভব নয়।

**শ্রীমৃগেন ভট্টাচার্য্য :** যেসব মালিক Prvident fund জমা দিচ্ছেন না তাঁদের সম্পর্কে Misa বা অন্য ধরনের ব্যবস্থা গ্রহণ করার কথা ভাবছেন কি ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এ সম্পর্কে সরকার চিন্তা করছেন।

**শ্রীনিতাইপদ সরকার :** টাকা জমা যে পড়ছে না এ সম্পর্কে Provident Fund Commissioner বা তার অযোগ্যতাই দায়ী একথা কি আপনি মনে করছেন ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এ সম্পর্কে মন্তব্য কয়া ঠিকনয়।

**শ্রীনিতাইপদ সরকার :** যেসব মালিক টাকা জমা দিচ্ছেন না তাঁদের সম্পর্কে কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এ সম্পর্কে চিন্তা করা হচ্ছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** Central Board of Trust Provident Fund-এর পুণর্গঠন করার কথা বিবেচনা করবেন কি ?

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** এটা আমার মনে থাকবে।

**শ্রীনিতাইপদ সরকার :** যারা টাকা জমা দিলেন না তাঁদের বিরুদ্ধে MISA প্রয়োগ করবেন কি।

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য :** সেটা আমরা বিবেচনা করছি।

**Mr. Speaker :** Short Notice starred questions No. 338, 339 and 340 are held over.

### গ্রামাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ

*৩৪১। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে অর্থবিভাগের মঞ্জুরী না পাওয়ার জন্য স্বাস্থ্য বিভাগ গ্রামাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করিতে পারিতেছেন না;

(খ) সত্য হইলে, স্বাস্থ্য বিভাগের প্রস্তাবমত উক্ত মঞ্জুরী কবে নাগাদ দিবার সম্ভাবনা আছে?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ (ক) যে সকল স্বাস্থ্যকেন্দ্রের কাছাকাছি বিদ্যুৎ সরবরাহের লাইন আছে সে সকল কেন্দ্রের বৈদ্যুতীকরণের প্রস্তাব পরীক্ষা করে যথারীতি অর্থ দপ্তরের সম্মতি নিয়ে মঞ্জুর করা হয়। ইতিমধ্যেই এভাবে অনেকগুলি স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণ করা হয়েছে।

(খ) প্রশ্ন উঠে না।

[ 2-10—2-20 p.m. ]

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি**ঃ ১৯৭২-৭৩ সালে এইরকম গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বৈদ্যুতিকরণের যদি কোন প্রস্তাব থেকে থাকে সেইজন্য অর্থ বিভাগের অতিরিক্ত বরাদ্দ ছাড়াও কি মন্ত্রিমহাশয় গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বৈদ্যুতিক সংযোগ স্থাপন করতে পারবেন?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ প্রতি স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণের জন্য ১৬ হাজার টাকা ষ্ট্যাণ্ডার্ড এসটিমেট ছিল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলির ডাক্তার, নার্স এবং অন্যান্য কর্মচারীদের বাসগৃহ বৈদ্যুতিকরণের জন্য, জিনিষপত্র এবং শ্রমিকের মূল্য বৃদ্ধি পাওয়ায় ওই টাকা অকার্য্যকর হয়ে পড়েছে। সেইজন্য অর্থ বিভাগের নিকট হইতে সংশোধিত ষ্ট্যাণ্ডার্ড এসটিমেট লওয়া হয়েছে। প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতিকরণের জন্য ৩৪ হাজার টাকা এবং উপস্বাস্থ্যকেন্দ্রগুলির বৈদ্যুতিকরণের জন্য ১৪ হাজার টাকা।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি**ঃ এই অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় লিখেছেন কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ কতকগুলো কাজ সম্বন্ধে অর্থ বিভাগ যে সম্মতি দিয়েছিল তার ফলে শুধু ৯৪টি স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণের কাজ সমাপ্ত হয়েছে। তার মধ্যে ৭১টি প্রাথমিক ও ২৩টি উপস্বাস্থ্যকেন্দ্র।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি**ঃ ১৯৭২-৭৩ সালে নূতন করে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণ করা হবে তার জন্য অতিরিক্ত বরাদ্দ অর্থ বিভাগকে কি মন্ত্রিমহাশয় চেয়েছেন?

**শ্রীঅজিত কুমার পাঁজা**ঃ হ্যাঁ, চাওয়া হয়েছিল এবং অর্থ বিভাগ কতকগুলো পয়েণ্ট চেয়েছেন। সেগুলো যথাযথ উত্তরের জন্য পূর্ত বিভাগকে জানান হয়েছে।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** অর্থ বিভাগের মঞ্জুরী ত্বরান্বিত করার জন্য মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা অবলম্বন করবেন?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** গ্রামাঞ্চলে শুধু স্বাস্থ্যকেন্দ্র স্থাপন নয় আলো যাতে যেতে পারে তার জন্য যতদূর সম্ভব ব্যবস্থা হচ্ছে এবং সেজন্য অর্থ বিভাগকে জানিয়েছি। তারা কতকগুলো পয়েন্ট তুলেছেন। সেগুলো আমার বিভাগের নয়, সেগুলো পূর্ত বিভাগের। তাই পূর্ত বিভাগে পাঠান হয়েছে।

**শ্রীনিতাইপদ সরকার:** গ্রামঞ্চালের বহু স্বাস্থ্যকেন্দ্রে আলো নেই। আগামী ১৯৭৩-৭৪ সালের মধ্যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণ দেওয়া সম্ভব হবে কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** গ্রামাঞ্চলে সরকার আসার পর দেখা গেল অনেক জায়গায় স্বাস্থ্যকেন্দ্র নাই। আমি প্রথমে যেখানে যেখানে স্বাস্থ্যকেন্দ্র নাই, সেখানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের চেষ্টা করছি। তারপর বিদ্যুতের কথা ভাবা হবে।

**শ্রীনিতাইপদ সরকার:** অনেক জায়গা আছে যেখানে বিদ্যুৎ আছে অথচ স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ নেই। সেখানে সেইসব স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ দেওয়া হবে কি?

**শ্রীঅজিত কুমার পাঁজা:** আমি উত্তর দিয়েছি। যেখানে স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে যাতে বিদ্যুৎ পাওয়া যায় তারজন্য ফাইন্যান্সের স্যাংসানের জন্য লিখেছি। সেটা পূর্ত বিভাগে পাঠান হয়েছে। তাদের উত্তর পেলে যথোচিত ব্যবস্থা নেওয়া হবে।

## বহরমপুর পৌর এলাকায় বিদ্যুৎ সরবরাহ

*৩৪২। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রীসুধীর চন্দ্র দাস:** পৌরকার্য বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর পৌর এলাকায় প্রায়ই বিদ্যুৎ সরবরাহ বন্ধ হওয়ার ফলে পানীয় জল সরবরাহ ব্যবস্থা অচল হইয়া পড়ে এবং ইহার ফলে ঐ শহরের অধিবাসীগণ অশেষ অসুবিধার সম্মুখীন হন,

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত অসুবিধা দূরীকরণের জন্য সরকার হইতে কোন আশু ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কিনা, এবং

(২) ঐ শহরে পানীয় জল সরবহার ব্যবস্থার উন্নতিকল্পে কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা এবং হইলে, তাহা কি?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** (ক) এরূপ কোনো খবর বহরমপুর পৌরসভা কিংবা মুর্শিদাবাদের জেলা শাসকের নিকট হইতে সরকার এ পর্য্যন্ত পান নাই। তবে জেলা শাসককে তার যোগে সংবাদ চাওয়া হইয়াছে। এখনও পর্যন্ত ইহা পাওয়া যায় নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(খ) (২) বহরমপুর পৌর এলাকায় পানীয় জল সরবরাহ ব্যবস্থার উন্নতি কল্পে Public Health Engineering Directorate একটি অন্তবর্তীকালীন (Interim Scheme) প্রকল্প প্রস্তুতি করিতেছেন।

**শ্রীসুধীর চন্দ্র দাস:** ঐ স্কীমের মধ্যে জল সরবরাহ সম্পর্কে কোন আলাদা স্কীম ভাল করে করবার আছে কিনা?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** ওয়েষ্টবেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছ থেকে আমরা যে খবর পাচ্ছি তাতে লাইট বা পাওয়ার ফেল করেছে এইরকম খবর আমরা পাই নি। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন বহরমপুর পৌরসভার জল সরবরাহ ব্যবস্থা প্রচুর পুরোন ১৮৯৯ সালে স্থাপিত হয়। তারপর ঐ এলাকার যে লোক সংখ্যা বেড়েছে তাতে প্রায় ৫ লক্ষ গ্যালন জলের প্রয়োজন আছে। এটাকে সামনে রেখে বহরমপুর পৌর কর্তৃপক্ষ পাব্লিক ইঞ্জিনিয়ারিং হেল্থডিরেকটোরেট থেকে ৫০ লক্ষ টাকা ব্যয়ে সামগ্রিক উন্নয়ন প্রকল্প প্রস্তুত করেছেন। এটা আমরা একজিকিউটিভ অফিসারের কাছ থেকে জেনেছি। এই পরিকল্পনা কার্যকরী করা সময়সাপেক্ষ বিবেচিত হওয়ায় বহরমপুর পৌর কর্তৃপক্ষ পানীর জলের সাময়িক উন্নতি বিধানের জন্য অন্তর্বর্তী একটি প্রকল্প অর্থাৎ ইণ্টারিম স্কীম গত জুন মাসে এই বিভাগে পাঠিয়েছেন। এই প্রকল্পের আনুমানিক ব্যয় হবে ১৬ লক্ষ ৪৭ হাজার ৫৪০ টাকা সমগ্র টাকাটা গ্রাণ্ট ইন এড্ হিসাবে বহরমপুর পৌর কর্তৃপক্ষ প্রার্থনা করেছেন কিন্তু এই বিভাগে ঐ প্রকল্পের রূপায়ণের জন্য কোন অনুদান মঞ্জুর করবার উপযুক্ত অর্থ বরাদ্দ করবার ক্ষমতা না থাকার জন্য জল সংবরাহ স্বাস্থ্য দপ্তরের বিবেচ্য বিষয় হবার জন্য এই অন্তর্বর্তীকালীন প্রকল্পটি উক্ত বিভাগে প্রেরণ করা হইয়াছে এবং পৌরসভা এবং জেলা শাসক মহাশয়কে তা জ্ঞাত করা হইয়াছে। স্বাস্থ্যবিভাগ থেকে অনুসন্ধান করে জানা গেল যে উক্ত অন্তর্বর্তীকালীন প্রকল্পটি স্যানিটারী প্রোজেক্ট রুল অনুযায়ী প্রস্তুত করা হয় নি এবং পাব্লিক হেল্থ ইঞ্জিনীয়ারিং ডিরেকটোরেট নূতন অন্তর্বর্তীকালীন প্রকল্প প্রস্তুত করতে নির্দেশ দিয়াছেন। এখানে একটা কথা বলার প্রয়োজন আছে যে পৌর এলাকায় পানীয় জলের ব্যবস্থা মূলতঃ সংশ্লিষ্ট পৌরসভার দায়িত্ব। যদি কোন পৌরসভা জল সরবরাহ প্রকল্প চালু করতে ঋণ চান তাহলে স্বাস্থ্য বিভাগের হেল্থ ডিপার্টমেণ্ট তা বিবেচনা করে থাকেন এবং পৌরসভার আর্থিক অবস্থা ও অন্যান্য বিষয় পরীক্ষা করে তারা ঋণ দেন।

**শ্রীসুধীর চন্দ্র দাস:** স্যার, তাহলে আমরা বুঝলাম যে পৌরসভাও করতে পারবেন না এবং আপনার ডিপার্টমেণ্টেরও অনুদান দেবার ক্ষমতা নাই। উনি যে পরিকল্পনার আভাস দিলেন তাতে ওনার ডিপার্টমেণ্ট থেকে ঋণ দিতে পারেন না। তাহলে কি হবে?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** পুরো পরিকল্পনাটা আমাদের বিভাগের নয়, এটা হেল্থ ডিরেক্টোরেটে পাঠিয়েছি প্রসেস করবার জন্য। এই প্রসেস করতে গিয়ে তারা দেখেছেন যেভাবে

এটা ড্র করা উচিত ছিল সেইভাবে ড্র করা হয় নি। সেটা আবার ড্র করতে পাঠান হয়েছে এবং সেটা ড্র করার পর আবার পরীক্ষা করে দেখবেন হেল্‌থ ডিরেক্টোরেট।

**শ্রীশংকর দাস পাল:** মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন এইসব গোলমালে পড়ে ঐ সব লোকের অসুবিধা থেকেই যাচ্ছে। কাগজপত্রে থাকলে কি হবে। যাতে এই কাজটার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করা হয় তারজন্য কি কোন পরিকল্পনা গ্রহণ করেছেন? সেরকম পরিস্থিতি দেখা দিলে সাময়িক পরিকল্পনা কি নেয়া হবে?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ:** আমি মাননীয় সদস্যকে বলতে পারি যে আপনি বোধহয় জানেন আসানসোল প্রভৃতি বিভিন্ন জায়গায় এইরকম অসুবিধা দেখা দেওয়ায় আমরা সঙ্গে সঙ্গে তার একটা সাময়িক পরিকল্পনার কথা কিছু ভাবিনি তা, রূপায়িত করেছি।

## আড়ংঘাটা জলসেচ প্রকল্প

*৩৪৩। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৬।) **শ্রীনিতাইপদ সরকার:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রাণাঘাট ১নং ব্লকের চূর্ণী নদী হইতে জলসেচের নিমিত্ত আড়ংঘাটাতে যে জলসেচের প্রকল্পটি গৃহীত হইয়াছিল তাহার বর্তমান অবস্থা কি,

(খ) কোন সালে উক্ত প্রকল্পের কাজ শুরু হইয়াছে এবং এ পর্যন্ত কত টাকা ব্যয়িত হইয়াছে;

(গ) কতদিনের মধ্যে উক্ত প্রকল্পের মাধ্যমে জলসেচের কাজ শুরু হইতে পারে, এবং

(ঘ) কত একর জমিতে জলসেচের জন্য উক্ত প্রকল্প গৃহীত হইয়াছিল?

[ 2-20—2-30 p.m. ]

**শ্রীআনন্দমোহন বিশ্বাস:** (ক) প্রকল্পটি এখনও চালু করা সম্ভব হয় নাই।

(খ) ১৯৫৬-৫৭ সালে। এ পর্যন্ত ৬,০৮,৯৭৮, টাকা ব্যয় হইয়াছে।

(গ) সংশোধিত এষ্টিমেট মঞ্জুর হইলে দুই বৎসরের মধ্যে।

(ঘ) ২০০০ একর।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, এই পরিকল্পনার ত্রুটির জন্য সেচকল্পের কাজ ব্যর্থ হয়েছে?

**শ্রীআনন্দমোহন বিশ্বাস** : এই পরিকল্পনা ১৯৫৬-৫৭ সালে নেওয়া হয়েছিল প্রথমে পাবলিক হেল্‌থ ডাইরেক্টরেট-এর সি, ডি, পি স্কীমে। তারপর সেখান থেকে ১৯৬৬ সালে কৃষি দপ্তর এটাকে টেক ওভার করে যার ফলে টেকনিক্যাল কমিটির সুপারিশক্রমে আবার এটাকে রিকনষ্ট্রাকশান করা হচ্ছে এবং তারজন্য বিলম্ব হচ্ছে।

**শ্রীনিতাইপদ সরকার** : আপনি কি জানেন যে জল ছাড়া হলে ছাড়ার পর জলের তোড়ে খাল ভেঙ্গে গিয়েছিল ?

**শ্রীআনন্দমোহন বিশ্বাস** : এটা ঠিক, সেইজন্য দেরী হচ্ছে। প্রথমে আগে সিমেণ্ট কংক্রিটের লাইনিং রিকনষ্ট্রাকশান করা হচ্ছে।

**শ্রীনিতাইপদ সরকার** : যেসমস্ত কনট্রাক্টার এইগুলি করেছিল তাদের ক্রটির জন্য এই অব্যবস্থা হয়েছে, তাদের বিরুদ্ধে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি ?

**Shri Ananda Mohan Biswas** : The contractor failed to complete the work in time and actually left the work. The case of this contractor has been dealt with as peratender rules in force. সরকার এই সম্বন্ধে ব্যবস্থা করছেন।

**শ্রীনিতাইপদ সরকার** : কতদিনের মধ্যে এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে ?

**শ্রীআনন্দমোহন বিশ্বাস** : এই সম্বন্ধে আইনগত যে ব্যবস্থা নেওয়া দরকার সেইভাবে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শ্রীনরেশ চন্দ্র চাকী** : কতদিনের মধ্যে এই প্রকল্পের মাধ্যমে জল দেবেন ?

**শ্রীআনন্দমোহন বিশ্বাস** : এটা একটা সংশোধিত প্রকল্প, এই সংশোধিত এষ্টিমেট মঞ্জুর হলেই।

**শ্রীনরেশ চন্দ্র চাকী** : এই প্রকল্পে ৬ লক্ষ টাকা খরচ হল, দু-হাজার জমিতে জল দেওয়ার কথা কিন্তু এখনও কাজ শুরু হয়নি। যাইহোক মন্ত্রিমহাশয় কি জানাবেন এখানে যে যন্ত্রগুলি ছিল তার অনেক কিছু চুরি হয়ে গিয়েছে ?

**শ্রীআনন্দমোহন বিশ্বাস** : এটা একটা আমেরিকান যন্ত্র। এই যন্ত্রটির স্পেয়ার পার্টস্‌ না থাকায় অকেজো হয়ে আছে এবং এ্যাভেলেবেল হচ্ছে না। এর জন্য একটু দেরী হচ্ছে। এর সাইজ কি হবে, এই স্টেডিয়ামে ফুটবল এবং ক্রিকেট খেলা যাবে, না ক্রিকেটের আলাদা স্টেডিয়াম হবে এইরকম অনেকগুলি প্রশ্ন এর সঙ্গে জড়িত আছে। এই প্রশ্নগুলির তাড়াতাড়ি জবাব দিলে তারপর যদি কোন পরিবর্তনের প্রয়োজন হয় তখন আবার অন্যরকম কথা উঠতে পারে। সেইজন্য আমাদের দু'মাস সময় দেবেন। তাছাড়া ২০শে মার্চ সরকার গদীতে এসেছে, তখন সরকারের সামনে অনেকগুলি বড় বড় প্রশ্ন ছিল সেইগুলিকে আগে নেওয়া হয়েছে। আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন যে আজকে স্টেডিয়াম আর জলের প্রশ্নকে একভাবে দেখিনি। স্টেডিয়ামকে

আজকে কলকাতার পৌরপ্রতিষ্ঠানের যে প্রবলেম তাকে এক পর্যায়ে দেখিনি এবং এইসব কারণেই আমরা আরো দু'মাস সময় চেয়েছি।

## গ্রামীণ কর্মসংস্থানের জন্য অর্থ

*৩৪৪। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৭।) **শ্রীনিতাইপদ সরকার:** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭১-৭২ সালে গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য অর্থ বরাদ্দ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত অর্থের পরিমাণ কত;

(গ) কি কি শর্তাধীনে এই টাকা দেওয়ার প্রস্তাব করা হইয়াছিল;

(ঘ) উক্ত অর্থের মধ্যে এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে এবং কত টাকা খরচ না হওয়ায় ফেরত গেছে; এবং

(ঙ) উক্ত ফেরত যাওয়ার টাকা খরচ না হওয়ার কারণ কি?

**ডাঃ মহঃ ফজলে হক:** (ক) হ্যাঁ।

(খ) ২৯৯ লক্ষ টাকা।

(গ) ক্রাস (crash) পোগ্রামের শর্ত অনুযায়ী ইহা নিম্নলিখিত গুণাবলী প্রয়োজন:—

(১) সরাসরি গ্রামাঞ্চলে এই প্রকল্প দ্বারা কর্মসংস্থান এবং উহা মূলতঃ শ্রম ভিত্তিক হইতে হইবে।

(২) স্থানীয় উন্নয়ন প্রকল্পের দ্বারা স্থায়ী সম্পদ গঠনে সহায়ক হইবে যাহা কিনা সামগ্রিকভাবে জেলা উন্নয়নে সহায়তা করিবে।

(৩) প্রকল্পে মজুরী এবং উপকরণ ও কারিগরি তত্ত্বাবধানে বাবদ ব্যয়ের গড় অনুপাত ৭০:৩০ হইবে।

(৪) এই প্রকল্পে লক্ষ্য হইবে প্রতি জেলায় প্রতি বৎসর ১০০০ ব্যক্তির কর্মসংস্থান।

(ঘ) প্রাথমিক হিসাব মত ১,৫৩,০০,০০০ টাকা খরচ হইয়াছে এবং ১,৪৬,০০,০০০ টাকা খরচ হয় নাই।

(ঙ) এই প্রকল্পের বরাদ্দ টাকা সম্পূর্ণ ব্যয় না হওয়ার জন্য মুখ্যতঃ পশ্চিমবঙ্গে শরনার্থী আগমন ও ব্যাপক বন্যা ইত্যাদি দায়ী।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে টাকা আংশিক খরচ হয়েছে আর এক কোটি টাকার উপর ফেরত গিয়েছে, এই ফেরত যাবার কারণ হিসাবে তিনি বলেছেন যে বন্যা, শরনার্থী আগমন ইত্যাদি কথা বলেছেন। আমাদের যা খবর—বিভিন্ন জেলা এবং রাইটার্স বিল্ডিংসের আমলাদের গাফিলতির জন্যই এই টাকা ফেরত গিয়েছে, এটা সত্য কিনা?

**ডাঃ মহঃ ফজলে হক:** না।

**শ্রীনিতাইপদ সরকার:** আমি জানি বিভিন্ন বি, ডি, ও অফিসের মাধ্যমে প্রোগ্রাম এবং স্কীম দেওয়া হয়েছিল, কিন্তু বি, ডি, ও অফিস থেকে বিভিন্ন প্রপোজাল এ্যাকসেপটেড হয়নি, এখন দেখা যাচ্ছে টাকা ফেরৎ যাচ্ছে, আমি বলব ডি এম এবং উর্ধতন কর্তৃপক্ষের গাফিলতির জন্যই এটা টাকা ফেরত গিয়েছে, এটা কি ঠিক নয়?

**ডাঃ মহম্মদ ফজলে হক** : স্পেসিফিক কেস দিলে তদন্ত করে দেখব।

**শ্রীনিতাইপদ সরকার** : স্পেসিফিক কেস দিতে দেরী হবে, আমরা দেখছি টাকা ফেরৎ যাওয়ায় বন্যার পরে বহুলোক না খেয়ে রয়েছে, এই টাকা থাকলে অনেক কাজ হত, স্কীম দেওয়া হয়েছিল—রাস্তা সংস্কারের জন্য, খাল খননের জন্য, এইরকম নানা রকম স্কীম বিভিন্ন জেলা অফিসে, ব্লক অফিসে এমন কি রাইটার্স বিল্ডিংস পর্যন্ত এসেছিল, তাই মাননীয় মন্ত্রি-মহাশয় দয়া করে অনুসন্ধান করে কি দেখবেন কি কারণে ফেরৎ গিয়েছিল এবং অনুমোদিত হয় নি ?

**ডাঃ মহাঃ ফজলে হক** : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই অতীতে কি হয়েছে তা জানা নাই, যদি স্পেসিফিক ঘটনা জানান নিশ্চয়ই দেখব, তবে আমি এই আশ্বাস দিতে পারি আগামী দিনে প্রোগ্রামের মাধ্যমে যাতে গ্রাম বাংলার উন্নয়ন করা যায় তারজন্য আমি সচেষ্ট হয়েছি এবং তারজন্য স্কীম রূপান্তরিত হয়ে যাতে স্যাংশন হয় তার জন্য আমি সচেষ্ট আছি, আপ্রাণ চেষ্টা করছি। মাননীয় সদস্যগণের সহযোগিতা আমি প্রার্থনা করছি, যদি সঠিক কেস জানান নিশ্চয়ই তদন্ত করে দেখব।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়** : ক্রাশ প্রোগ্রাম পরিকল্পনা তৈরী হয়ে সেটা স্যাংশন হয়ে আসতে আসতে টাকা ফেরৎ যাচ্ছে, সেই টাইমের মধ্যে গ্রামীন কর্মসংস্থানের মূল উদ্দেশ্যে বরাদ্দকৃত টাকার একটা অংশ ফেরত না দিয়ে নর্ম্যাল ষ্টেট রিলিফে লাগাতে পারেন, তার মধ্য দিয়ে কর্মসংস্থান এগিয়ে দেবার জন্য কোন কথা ভাবছেন কি ?

**ডাঃ মহঃ ফজলে হক** : না সেটা সম্ভব নয়।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়** : কেন সম্ভব নয়, ক্রাশ করে না পড়লে কি কর্মসংস্থান করা যাবে না ?

(উত্তর দেওয়া হয়নি)

**শ্রীপ্রবোধ কুমার সিংহ রায়** : এই পরিকল্পনায় জেলা ভিত্তিক বরাদ্দের পরিমাণ কত বরাদ্দ করা হয়েছে ?

**ডাঃ মহম্মদ ফজলে হক** : জেলা ভিত্তিক সাড়ে বার লক্ষ টাকা ইয়ার্লি বরাদ্দ করা হয়েছে ?

**শ্রীপ্রবোধ কুমার সিংহ রায়** : কোন্ জেলায় কত টাকা খরচ হয়েছে পরিসংখ্যান দিতে পারেন কি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক** : নোটিশ দিলে বলতে পারি।

### নবগ্রাম অঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র

*345. (Short Notioe) (Admitted question No. *882.) **শ্রীরবীন্দ্র ঘোষ** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রে স্যামপুর থানার অন্তর্ভুক্ত নবগ্রাম অঞ্চলে যে হেলথ সেণ্টার আছে তাহার দুরবস্থার বিষয় সরকার অবগত আছেন কি ;

(খ) উক্ত হেলথ সেণ্টার-এ প্রত্যহ রোগীরা কত পয়সার মেডিসিন পান ;

(গ) ঐ হেলথ সেণ্টার-এ বর্তমানে কয়টি বেড আছে এবং তাহা রোগীদের থাকবার মত অবস্থায় আছে কি না ;

(ঘ) সরকার কি অবগত আছেন যে বর্ষাকালে ঐ হেলথ সেণ্টারের রোগীরা অন্যের বাড়ীতে আশ্রয় লইতে বাধ্য হন , এবং

(ঙ) অবগত থাকিলে এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** (১) হাঁ।।

(২) স্বাস্থ্যকেন্দ্র সম্বন্ধে সরকারের বর্তমান নীতি গ্রহণের পূর্বে স্বাস্থ্যকেন্দ্রটি ১৯৬৩ সালে কন্‌ষ্ট্রাকশন বোর্ড নির্মাণ করেছিল। স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীটির অবস্থা ভালো নয় এবং উহার মেরামতের জন্য পূর্ত বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(খ) (১) বহির্বিভাগে রোগী প্রতি ১২ পয়সা এবং অন্তর্বিভাগে ২৫ পয়সা।

(গ) (২) এবং (৩) স্বাস্থ্যকেন্দ্রটিতে ১০টি শয্যা আছে। ঘরের চালায় ২১১ জায়গায় ছিদ্র থাকায় বৃষ্টিরসময় ঐ জায়গা থেকে রোগীদের ঘরের অন্যত্র সরাতে হয়। ঘরের মেরামত কার্য চলছে।

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মন্ত্রিমহাশয় কি জানেন যে, ওই হাসপাতালে যিনি ডাক্তার আছেন তিনি মেদিনীপুরে থাকেন এবং কমপাউণ্ডার হাসপাতাল চালান।

**শ্রীঅজিত কুমার পাঁজা :** এটা এই প্রশ্নের মধ্যে আসে না।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মন্ত্রিমহাশয় কি জানেন যে, ওই হাসপাতালে যে সমস্ত রোগীরা আছেন তাঁদের বিছানা নেই এবং বর্ষার দিনে উপরে যে চাল আছে সেখান থেকে জল পড়ে।

**শ্রীঅজিত কুমার পাঁজা :** আমি উত্তরে বলেছি ওই স্বাস্থ্য কেন্দ্রটিতে ১০টি শয্যা আছে এবং ঘরের চালে ২১১টি জায়গায় ছিদ্র থাকায় বর্ষার সময় রোগীদের সেখান থেকে অন্য জায়গায় সরাতে হয়।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১২ নয়া পয়সা ঔষধ দিয়ে রোগী বাঁচান যায় কিনা ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** বহির্বিভাগে ১২ নয়া পয়সা নয়, ১২ পয়সার ঔষধ দেওয়া হচ্ছে এটা যে কম হচ্ছে সে সম্বন্ধে এই নূতন সরকার আসার পর অনেক জায়গা থেকে খবর আসছে এবং এটা বিবেচনাধীন আছে।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মন্ত্রিমহাশয় বোধহয় জানেন ওই হেলথ সেণ্টারটি নবগ্রাম নামে এমন একটি জায়গায় যেখানে কোন রাস্তাঘাট নেই। আমার প্রশ্ন হচ্ছে সেখানে যাতে ঔষধের ব্যবস্থা হয় এবং ডাক্তারের ব্যবস্থা হয় তারজন্য তদন্ত করে সুব্যবস্থা করবেন কিনা ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** যেখানে যেখানে ডাক্তার নেই বা ঔষধ নেই সেক্ষেত্রে সরকার যথেষ্ট তৎপর হয়েছেন এবং এ সম্বন্ধে নিশ্চয়ই সুরাহা করা হবে।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মন্ত্রিমহাশয় তদন্ত করে ওই হাসপাতাল যাতে বর্ষার আগেই মেরামত করা হয় তার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** আমি উত্তরে বলেছি ঘরের মেরামত কাজ চলছে।

## বীরভূম জেলায় পাকা রাস্তা

*৩০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭।) **শ্রীআনন্দগোপাল রায় :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ১৯৭২-৭৩ সালে কোন্ কোন্ রাস্তা পাকা করিবার পরিকল্পনা নেওয়া হইয়াছে ; এবং

(খ) এইসকল রাস্তার কাজ কবে থেকে আরম্ভ হবে বলে আশা করা যায় ?

**The Minister for Public Works Department (Roads) :**

(ক) এবং (খ) সংলগ্ন তালিকাভুক্ত রাস্তাগুলির নির্মাণ করার কথা বিবেচনা করা হইতেছে এ বিষয়ে সিদ্ধান্ত শীঘ্রই গ্রহণ করা হইবে।

**Name of Roads**

1. Palitpur-Palita (old Badshai Road).
2. Link road from Bolepur-Nanor Road. to Bolepur-Palitpur Road via Kalika.
3. Link road to Tarapith Temple from Rampurhat-Tarapur Road.
4. Link road to Rajgaon H. C. from Nalhati-Rajgaon Road.
5. Link road from Nalhati-Rajgaon Road to Murarei H. C. with extension up to Bajilpur.
6. Ghatderlampur (on Suri-Rajgaon Road) to Madhaipur H. S. School.
7. Sarada-Bhujang.
8. Joydev-Kenduli-Illambazar.
9. Extension of Bhatina-Narayanpur Road, up to Narayanpur Girls' School.
10. Rampurhat—Ayas.

**Widening and strengthening of old roads.**

11. Widening and strengthening of Nalhati-Moregram Road.

## বরানগর-কামারহাটি জয়েন্ট ওয়াটার ওয়ার্কস

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭২।) **শ্রীশিবপদ ভট্টাচার্য :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরানগর-কামারহাটি জয়েন্ট ওয়াটার ওয়ার্কস-এর সম্প্রসারণের কাজ কোন সময় শুরু হয়েছে ;

(খ) এই সম্প্রসারণের কাজ কবে নাগাদ শেষ হবে; এবং

(গ) এই সম্প্রসারণের ফলে মোট কত লোকের জলের প্রয়োজন মেটান যাবে?

**The Minister for Health Department:**

(ক) প্রকল্পের কাজ এখনও আরম্ভ করা হয় নাই।

(খ) ইং ১৯৭৬ সালের মার্চ মাসের মধ্যে কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) আনুমানিক প্রায় দশ লক্ষ লোক উপকৃত হইবেন।

## কেলেঘাই এবং বাগুই নদীর উপর সেতু নির্মাণ

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০।) **শ্রীপ্রফুল্ল মাইতি**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দীঘা-বাঙ্গুচক রাস্তার উপর কেলেঘাই এবং বাগুই নদীর পুল দুইটি নির্মাণের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা, এবং

(খ) থাকিলে, ঐ কাজ কবে আরম্ভ করা হইবে?

**The Minister for Public Works Department:**

(ক) এবং (খ) কেলেঘাই নদীর পুল করিবার পরিকল্পনা আছে। কিন্তু সেচ বিভাগের কেলেঘাই প্রকল্পের নক্সা শেষ না হওয়ায়, কেলেঘাই নদীর প্রস্তাবিত পুলের নীচ দিয়া কত জল প্রবাহিত হইবে, তাহা না জানায়, পুলের নক্সা তৈয়ারি করা সম্ভব হইতেছে না।

বাগুই খালের উপর প্রস্তাবিত পুলের নক্সা করা হইতেছে। আগামী বৎসর নির্মাণকার্য সুরু হইবে বলিয়া আশা করা যায়।

## গৌরাঙ্গডি-লালগঞ্জ রোড

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার শিল্পাঞ্চলে গুরুত্বপূর্ণ গৌরাঙ্গডি-লালগঞ্জ রাস্তা পাকা করিবার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) গ্রহণ করিয়া থাকিলে, কবে নাগাদ উক্ত রাস্তা পাকা করিবার কাজ শেষ হইবে?

**The Minister for Public Works Department:**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## দামোদরের উপর সেতু নির্মাণ

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৩।) **অশ্বিনী রায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় দামোদর নদের উপর সেতু নির্মাণের প্রকল্পটি চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) সেতুর ক্রমিক সংখ্যা ও নির্মাণ স্থান,

(২) আনুমানিক ব্যয় ;

(৩) আরম্ভের ও সমাপ্তির পরিকল্পিত সময়সূচী, এবং

(৪) রাজ্য সরকারের ব্যয়ের অংশ ?

**The Minister for Public Works Department** :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## হাতিগেড়িয়া-কুলটিকরী-রোহিণী-রগড়া রাস্তা

*৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৪।) **শ্রীহরিশ্চন্দ্র মহাপাত্র**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত মেদিনীপুর জেলার হাতিগোড়িয়া-কুলটিকরী-রোহিণী-রগড়া রাস্তার নির্মাণকার্য কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়,

(খ) এই রাস্তা নির্মাণে এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে এবং এ পর্যন্ত নির্মিত রাস্তার পরিমাণ কত ; এবং

(গ) এই রাস্তা নির্মাণের কাজ শেষ করিতে বিলম্বের কারণ কি ?

**The Minister for Public Works Department :**

(ক) প্রয়োজনীয় ভূমির দখল পাওয়া গেলে ১৯৭৫ সালের মধ্যে রাস্তার নির্মাণ কার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) ১৯৭২ সালের মার্চ মাস পর্যন্ত ৪,৪৭,০০০ টাকার মত খরচ হইয়াছে এবং প্রায় ৫ মাইলের মত রাস্তার নির্মাণ কার্য শেষ হইয়াছে।

(গ) সীমিত অর্থ বরাদ্দ।

## বাঁশলই নদীর উপর সেতু

*৩০৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৪২১। ) **শ্রীমোতাহার হোসেন :** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বোলপুর হইতে রাজগাঁ রাস্তায় বাঁশলই নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনা বর্তমানে কি পর্যায়ে আছে ; এবং

(খ) বীরভূম জেলার চাতরা হইতে জাজিগ্রাম রাস্তার কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works Department :**

(ক) ইহার প্রাক্কলন (এষ্টিমেট) পরীক্ষাধীন আছে।

(খ) এই রাস্তার কাজ আরম্ভ করার কোন পরিকল্পনা নাই।

## ডোমকলে পাকা রাস্তা

*৩০৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৫২। ) **ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ডোমকল বিধানসভা নির্বাচনক্ষেত্রে নিম্নলিখিত কাঁচা রাস্তাগুলি পাকা করিবার কোন প্রস্তাব আছে কিনা :

(১) ভাতশালা হইতে কুশাবাড়ীয়া ঘাট ;

(২) রাজাপুর হইতে গড়াইমারী হাসপাতাল বক্সিপুর পর্যন্ত বাড়তি অংশ,

(৩) সাদিয়খানদিয়াড় পাকা রাস্তা হইতে সাদিয়খানদিয়াড় হাসপাতাল ; এবং

(৪) গজনীপুর হইতে নতীডাঙ্গী (নদীয়া) ভায়া জিৎপুর হাসপাতাল ; এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাদ কার্যকরী হবে বলে আশা করা যায় ?

**The Minister for Public Works Department :**

(ক) রাজাপুর হইতে গড়াইমারী স্বাস্থ্য কেন্দ্র পর্যন্ত এবং সাদিয়াখানদিয়াড় হইতে সাদিয়াখানদিয়াড় স্বাস্থ্য কেন্দ্র পর্যন্ত রাস্তা দুইটি সাময়িকভাবে চতুর্থ পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে।

(খ) চতুর্থ পরিকল্পনার শেষ দিকে সুরু হবে বলে আশা করা যায়।

## বাঁকুড়া ডিভিসনে রাস্তা নির্মাণের জন্য টাকা

*৩১০। ( অনুমোদিত প্রশ্ন নং *৫১০। ) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে বাঁকুড়া ডিভিসনে রাস্তাঘাট নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছিল এবং তাহার মধ্যে সমস্ত টাকা ব্যয় হইয়াছে কিনা এবং না হইলে, তাহার কারণ কি ;

(খ) কোন্ কোন্ রাস্তার জন্য ঐ টাকা বরাদ্দ করা হইয়াছিল ; এবং
(গ) উক্ত রাস্তাগুলির মধ্যে কোনগুলির কার্য—
(১) সমাপ্ত হইয়াছে ;
(২) আরম্ভ হইয়াছে ; এবং
(৩) আরম্ভ হয় নাই ?

**The Minister for Public Works Department :**

(ক) ২২,১৮,৮০০ টাকা মঞ্জুর করা হইয়াছিল এবং তাহার মধ্যে সম্পূর্ণ টাকা ব্যয় হয় নাই, কারণ জমির দখল না পাওয়ায় এবং রাস্তা নির্মাণের জন্য প্রয়োজনীয় সিমেন্ট, বিটুমেন, লোহা প্রভৃতি সময়মত সরবরাহ না হওয়ায় কাজে ব্যাঘাত ঘটে।

(খ এবং গ) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

**Statment**

| Name of the Road. | Sanctioned amount. Rs. | Remarks. |
|---|---|---|
| 1. Bankura-Taldangıa Road to Midnapore Raniganj Road. (Connecting road) | 4,40C0 | Nearing completion. |
| 2. Bishnupur Bye-pass. | 5,000 | Do. |
| 3. Rasulpur-Khandakosh Chalkpuruhit. | 5,000 | Do. |
| 4. Bishnupur-Patrasayer. | 46,000 | Do. |
| 5. Krishnapur-Raipur-Fulkushma-Banagaria. | 15,000 | Do. |
| 6. Bishnupur-Sonamukhi-Rangamati. | 5,900 | Do. |
| 7. Saltora-Mejia. | 4,300 | Do. |
| 8. Rasulpur-Indus. | 5,700 | Do. |
| 9. Bishnupur-Patrasayer Road. the bridge on Dwarakeshar. | 4,50,000 | Do. |
| 10. Simlapal-Saringia-Bagmundighat. | 17,900 | Do. |
| 11. Damda-Chalkaltor-Dardi-Manbazar. | 5,000 | Do. |
| 12. Purulia-Pura to Kesoreghat. | 60,000 | Do. |

| Name of the Road. | Sanctioned amount. Rs. | Remarks. |
|---|---|---|
| 13. Purulia boundary to Rajganj. | 30,000 | Works started. |
| 14. Simlapal-Khatra-Ambicanagar. | 4,100 | Do. |
| 15. Simlapal-Khatra (upgrading). | 9,500 | Do. |
| 16. Bishnupur-Patrasayer (upgrading). | 21,100 | Do. |
| 17. Mathgoda-Fulkoshma-Benagoria. | 2,800 | Do. |
| 18. Joypur-Baital. | 1,70,000 | Do. |
| 19. Taldangra-Pachmura-Choubeta. | 3,00,000 | Do. |
| 20. Raipur-Ambicanagar. | 32,200 | Do. |
| 21. Supur-Dhulagarh. | 3,000 | Do. |
| 22. Kangsabati bridge at Raipur. | 3,00,000 | Do. |
| 23. Damda-Chakalpur-Daradi-Manbazar (upgrading). | 9,900 | Do. |
| 24. Pura-Bankura boundary. | 30,000 | Do. |
| 25. Ramkanali R. S. to Panchetbundh. | 8,600 | Do. |
| 26. Manbazar-Puncha | 5,000 | Do. |
| 27. Tamna-Hashla | 6,100 | Do. |
| 28. Jhalda-Bagmundi. | 75,000 | Do. |
| 29. Balarampur-Bagmundi | 36,300 | Do. |
| 30. Pura-Kalipur-Adra-Raghunathpur. | 95,000 | Do. |
| 31. Hura-Puncha. | 2,000 | Do. |
| 32. Balarampur-Barabhum. | 53,000 | Do. |
| 33. Kashra-Durgi. | 68,000 | Do. |
| 34. Manbazar-Sindri | 30,000 | Do. |
| 35. Layrapara-Cheliama. | 15,000 | Do. |
| 36. Begunkodar-Jhalda. | 18,000 | Do. |
| 37. Pura-Bankura boundary. | 1,00,000 | Do. |
| 38. Ladki-Kishanganj | 1,00,000 | Do. |
| 39. Parbelia-bus Stand Saltora. | 25,000 | Do. |
| 40. Bishnupur City to Bishnupur Bye-pass. | 25,000 | Do. |
| 41. Barjola-Maliara-Durlavpur (widening). | 20,000 | Do. |

| | Name of the Road. | Remarks. |
|---|---|---|
| 42. | Road on North side of Darakeswar river linking Bishnupur-Patrasayer Road & Bishnupur-Sonamukhi Rangamati Rd. (from 'C' stage to 'A' stage). | Work will be started in 1972-73. Do. |
| 43. | Road along the North Bank of Darakeswar from Nadanga via Ajoydhya to Joykrishnapur with a link to Panchal ('C' stages). | Do. |
| 44. | Indus-Dighalgram via Akui (from 'C' stage to 'A' stage). | Do. |
| 45. | Kuilapal-Jhilimili. | Do. |
| 46. | Gangajal Ghati-Enayetpur. | Do. |
| 47. | Dulai Basic Training School to Hospital road. | Do. |

## সাউটিয়া সাবসিডিয়ারী হেলথ সেণ্টার

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মোহনপুর ব্লকের অন্তর্গত সাউটিয়া সাবসিডিয়ারী হেলথ সেণ্টারের গৃহ নির্মাণের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, এবং

(খ) কবে নাগাদ উক্ত গৃহের নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works Department:**

(ক) কাজটির জন্য টেণ্ডার ডাকা হইয়াছিল, কিন্তু ঠিকাদারদের কাছ থেকে কোন সাড়া পাওয়া যায় নাই। পুনরায় টেণ্ডার ডাকার ব্যবস্থা করা হইতেছে।

(খ) এখন সঠিকভাবে বলা সম্ভব নয়।

## সাহাপুর-তারাতলা-ঠাকুরপুকুর রোড

*৩১২। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাহাপুর-তারাতলা-ঠাকুরপুকুর রোডের (প্রাক্তন কে এফ রেলপথ) নির্মাণকার্য কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়;

(খ) এই রাস্তার পাশাপাশি সমান্তরাল কোনও জলনিকাশী ড্রেনের পরিকল্পনা আছে কিনা;

(গ) থাকিলে, এই প্রস্তাবিত ড্রেনের কাজ কবে নাগাদ শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(ঘ) এই পথের সঙ্গে ডায়মণ্ডহারবার রোডের সংযোগপথের উন্নতিবিধানের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে, কোন্ কোন্ সংযোগপথের ?

**The Minister for Public Works Department:**

(ক) প্রয়োজনীয় জমি ও সড়ক নির্মাণের মাল-মসলার জোগান সময়সূচি অনুসারে পাওয়া গেলে কাজটি জুন, ১৯৭৫ নাগাদ শেষ হইবে।

(খ) অনুমোদিত প্রকল্পে কেবলমাত্র সংযোগকারী ড্রেন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ আছে। তবে সমান্তরাল ড্রেন নির্মাণের পরিকল্পনাও বর্তমানে বিবেচনাধীন আছে।

(গ) সংযোগকারী ড্রেন নির্মাণের কাজ ইতিমধ্যেই কোন কোন অংশে শুরু হইয়াছে এবং সমান্তরাল ড্রেন সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হইলেই কাজ আরম্ভ হইবে এবং ড্রেন ও রাস্তার কাজ একই সময়ে শেষ হইবে।

(ঘ) হ্যাঁ। নিম্নোক্ত সাতটি সংযোগকারী পথের সংস্কার ও উন্নয়নের কাজ মূল প্রকল্পের অন্তর্ভুক্ত:—

(১) এস. এন. রায় রোড।

(২) বনমালী ঘোষাল লেন।

(৩) বীরেন রায় রোড (পূর্ব)।

(৪) সন্তোষ রায় রোড।

(৫) শীলপাড়া রোড।

(৬) ১২সি বাস ষ্ট্যাণ্ড রোড।

(৭) ঠাকুর পুকুর-কলেজ রোড (বিবেকানন্দ কলেজ)।

## কলিকাতার ট্যাক্সি সঙ্কট

*৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৪।) **শ্রীঅশ্বিনী রায়:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতায় বিশেষ কয়েকটি সময়ে বিশেষ কয়েকটি রাস্তায় ট্যাক্সি-চালকরা ভাড়া যাইতে অস্বীকার করে; এবং

(খ) অবগত থাকিলে—

(১) এই সম্পর্কে ১৯৭১ সালের ১লা এপ্রিল হইতে ১৯৭২ সালের ৩১শে মার্চ পর্যন্ত অভিযোগের সংখ্যা কত; এবং

(২) প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Home (Police) Department:**

(ক) হ্যাঁ।

(খ) (১) মোট ১,৯১৯টি।

(২) ভাড়া যাইতে অস্বীকৃত ট্যাক্সি-চালকদের অভিযুক্ত করা হইয়াছে।

**Bridge on the river Darakeswar at Rajgram**

*314. (Admitted question No. 222,) **Shri Kashi Nath Misra** : Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government is aware that the bridge on the river Darakeswar at Rajgram, Bankura, has been broken resulting in great inconvenience to the people of the said area ; and

(b) if so, what action has since been taken by the Government in this regard ?

**The Minister for Public Works Department** :

(a) Yes,

(b) Government is considering the feasibility of constructing a causeway.

**চলচ্চিত্র**

*৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৭।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে গড়ে প্রতিবছর কয়টি চলচ্চিত্র নির্মিত হয় ;

(খ) এর মধ্যে বাংলা ভাষায় কয়টি ;

(গ) বাংলা ভাষায় কয়টি চলচ্চিত্র দীর্ঘদিন যাবৎ রিলিজ হতে পারছে না ,

(ঘ) রাজ্য সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন ; এবং

(ঙ) রাজ্যে একটি ফিল্ম ইনষ্টিট্যুট গড়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**The Minister for Information and Public Relations Department** :–

(ক) ৩০ থেকে ৩৫টি।

(খ) গড়ে ২৮টি।

(গ) মোট ১২টি।

ঘ) চলচ্চিত্র ব্যবসায় পুরোপুরি বেসরকারী ক্ষেত্রে বলে এ বিষয়ে প্রচলিত আইনের সংশোধন না করে সরকারের পক্ষে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব নয়।

(ঙ) আপাততঃ এরূপ কোন পরিকল্পনা নেই।

**পান্ডুড়িয়া-রূপনারায়ণপুর রাস্তা**

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং*৩১১।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার শিল্পাঞ্চলে গুরুত্বপূর্ণ পান্ডুড়িয়া-রূপনারায়নপুর ভায়া

শিঁয়াকুলবেড়িয়া রাস্তাটি পিচ দিয়া পাকা করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত রাস্তা পাকা করার কাজ শেষ হইবে ?

**The Minister for Public Works Department** :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## C. M. D. A. Projects

***317.** (Admitted question No. *402.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Planning and development Department be pleased to state—

(i) it is a fact that shortage of essential building materials has slumped the progress of the C.M.D.A. Projects and other development activities of the State ; and

(ii) if so—

(a) what is the reason for the shortage ; and

(b) what action the Government proposes to take in the matter ?

**The Minister for Development and Planning Department :**

(১) হ্যাঁ।

(২) (ক) প্রয়োজনীয় সংখ্যক রেলের খালি ওয়াগন ও সড়কপথে মাল চলাচলের উপযুক্ত যানবাহনের প্রভাবই এর কারণ।

(খ) (১) ওয়াগন বরাদ্দ বৃদ্ধির ব্যাপারে রেল কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা চালান হয়েছে। পাথরের জন্য সরকার নতুন সরবরাহ স্থল খুঁজে বার করার এবং বরহরওয়া ও পুরুলিয়া অঞ্চলে নতুন পাহাড় কেটে পাথর সরবরাহ বৃদ্ধির চেষ্টা করা হয়েছে। পাকুর ছাড়া অন্যান্য অঞ্চলে যেমন চাণ্ডিল, রাজমহল ও পুরুলিয়া থেকে মাল-মসলা আনার ব্যবস্থা করা হয়েছে।

(২) রেল সরবরাহের ঘাটতি মেটাবার জন্য চাইবাসার এ. সি. সি. ফ্যাক্টরি থেকে সড়ক পথে সিমেন্ট আনার ব্যবস্থা করা হয়েছে।

(৩) আমদানীকৃত বিলে ও কেন্দ্রীয় সরকারী প্রতিষ্ঠান এম. এ. এন. সি-র কাছ থেকে পাওয়া বিলটি থেকে বাড়তি ইস্পাতজাত উপকরণ সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক রোলিং-এর ব্যবস্থা করা হয়েছে।

(৪) ইট ও খোয়ার অভাব মেটাবার জন্য সি. এম. ডি. এ. কলকাতা মেট্রোপলিটান জেলার বিভিন্ন অঞ্চলে ইট খোলা স্থাপনের ব্যবস্থা করেছেন।

(৫) কলিকাতা মেট্রোপলিটান জেলার বিভিন্ন অঞ্চলে terminal facility কত বৃদ্ধি করা প্রয়োজন সে সম্পর্কে রেল কর্তৃপক্ষ, মেট্রোপলিটান ট্রান্সপোর্ট প্রজেক্ট ও হাওড়া সেতু কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হইয়াছে। এ সম্পর্কে প্রস্তাব রেল কর্তৃপক্ষের বিবেচনার জন্য পেশ করা হয়েছে।

## মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তা

*৩১৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৪০। ) **শ্রীমহম্মদ দেদার বক্স :** পূর্ত এবং গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভগবানগোলা থানায় ( মুর্শিদাবাদ ) বর্তমানে কয়টা এবং কত কিলোমিটার পাকা রাস্তা তৈরি করার পরিকল্পনা রয়েছে ;

(খ) খড়িবোনা, জিয়াগঞ্জ জিলাপরিষদ রাস্তা (ভায়া রানিতলা) এবং মহিষাস্থলী হতে বি ও পি ক্যাম্প রাস্তা পাকা করার কোন পরিকল্পনা রয়েছে কিনা ; এবং

(গ) থাকিলে, তাহা কবে নাগাদ কার্যকরী হবে বলে আশা করা যায় ?

**The Minister for Public Works Department :**

(ক) নাই ;

(খ) না ;

(গ) প্রশ্ন ওঠে না।

## Advisory Committee for development of Haldia

*319. (Admitted question No. *629.) **Shri Bijoy Das :** Will the Minister-in-charge of the Planning and Development Department be pleased to State—

(a) if there is any Advisory Committe for development of Haldia in Midnapore district ;

(b) if so, the names of members of the said Committee ; and

(c) the mode of constitution of the same ; and

(d) the functions thereof ?

**The Minister for Development and Planinng (T and C P) Department :**

(a) Yes.

(b) & (c) An Authority designated as Haldia Development Authority was set up by a Government Resolution dated 4th December, 1971 with the following members :—

(1) Commissioner, Burdwan Division—Chairman.

(2) District Magistrate, Minapore.

(3) A representative of the Commissioners for the Port of Calcutta.

(4) A representative of the South-Eastern Railway.

(5) A representative of the Eastern Railway.

(6) A representative of the Indian Oil Corporation, Refinery Division.

(7) A representative of the Fertiliser Corporation of India.

(8) A representative of the Directorote of Industries, Government of West Bengal.

(9) A representative of Land Revenue Department, Government of We st Bengal.

(10) A representative of Education Department, Government of West Bengal.

(11) A representative of the Department of Health, Government of West Bengal.

(12) A representative of the Irrigation and Waterways Department, Government of West Bengal.

(13) A representative of the Public Works Department, Government of West Bengal.

(14) The Director, Calcutta Metropolitan Planning Organisation, Member-Secretary.

(d) The functions of the Authority are as follows :

(i) to co-ordinate, promote and ensure prompt and proper execution of projects for promoting various infrastructure facilities at Haldia by respective public agencies with particular reference to water power and communications ;

(ii) to advise the Government on matters regarding the acquisition, development and allocation of land, fixation of the terms for utilises and services for industrial, commercial and allied purposes and on all other matters relating to land development and industrialisation of the Haldia area ;

(iii) to advise the Government on matters regarding employment and training at Haldia ; and

(iv) to draw projects for rehabilitation of people who have displaced or are likely to be displaced from their avocations by land acquisition in the Haldia area.

### দক্ষিণ ২৪-পরগণায় রাস্তার পরিকল্পনা

*৩২১। (অনুমোদিত প্রশ্ন নং *৬২১।) **শ্রীরামকৃষ্ণ বর :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগণার বিষ্ণুপুর থানায় পৈলান হইতে নেপালগঞ্জ পর্যন্ত কোনও রাস্তার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা, এবং

(খ) থাকিলে, কবে উহার কাজ আরম্ভ হবে বলে আশা করা যায় ?

**The Minister for Public Works Department** .

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### তারাতলা রোড থেকে আকড়া ফটক পর্যন্ত রাস্তা

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৮।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তী :** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তারাতলা রোড থেকে আকড়া ফটক-রবীন্দ্রনগর পর্যন্ত (সন্তোষপুর স্টেশন হইয়া) কোনও রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, এই রাস্তার কাজ কবে নাগাদ শুরু ও শেষ হইবে বলে আশা করা যাইতে পারে?

**The Minister for Public Works Department** :

(ক) হ্যাঁ।

(খ) ঐ সড়কের জন্য প্রয়োজনীয় জমির দখল এখনও পাওয়া যায় নি। জমি দখল পাওয়ার উপর রাস্তার কাজ নির্ভর করছে।

ইতিমধ্যে আকড়া ফটক থেকে সন্তোষপুর ষ্টেশন পর্যন্ত সংযোগী সড়কের কাজ চলছে। আশা করা যায় আগামী বর্ষার পূর্বেই ঐ কাজ শেষ হবে।

### নবান্দা-জয়কৃষ্ণপুর রাস্তা

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯।) **শ্রীকাশীনাথ মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়ার-বান্দনা-জয়কৃষ্ণপুর রাস্তাটির নির্মাণকার্য কবে নাগাদ মহাশয় আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works Department :**

আগামী বৎসরের মধ্যে।

### বিষ্ণুপুর আইসমালী রাস্তা

*৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৪।) **শ্রীনিতাইপদ সরকার :** পূর্ত বিভাগের মন্ত্রি-অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রাণাঘাট মহকুমার বিষ্ণুপুর-আসমাইলী রাস্তাটি নির্মাণের কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা; এবং না হইলে, উহার কারণ কি; এবং

(খ) কবে নাগাদ উক্ত রাস্তাটির নির্মাণের কাজ সম্পূর্ণ হইতে পারে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works Depertment** :

(ক) না; কয়েক স্থানে জমির দখল না পাওয়ায় রাস্তার নির্মাণকার্য্য সম্পূর্ণ হয় নাই।

(খ) জমির দখল পাওয়া গেলে ১৯৭৩ সালের মধ্যে রাস্তাটির নির্মাণকার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

### মুর্শিদাবাদ জেলায় ক্রাস প্রোগ্রাম

*৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮২।) **শ্রীমহম্মদ দেদার বক্স :** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্রাস প্রোগ্রামে সরকার মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানার কি কি কাজ হাতে নিয়েছেন এবং কি কি স্কীম সরকার অনুমোদন করেছেন; এবং

(খ) উক্ত প্রোগ্রামের অন্তর্গত অনুমোদিত স্কীমগুলি বাবদ মোট কত টাকা ব্যয় হবে এবং কতজন বেকার শ্রমিক কাজ পাবে?

**The Minister for Public Works Department** :

(ক) ক্রাস প্রোগামে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় এ পর্যন্ত কোন স্কীম অনুমোদন করা হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**Digha Development Board**

*329. (Admitted question No. *631.) **Shri Bijoy Das :** Will the Minister-in-charge of the Planning and Development Department be pleased to state—

(a) if the Government has constituted any Development Board for Digha ;

(b) if so, the particulars of the members of the Board ; and

(c) the powers and functions of the Board ?

**The Minister for Development and Planning Department** :

(a) Yes. The Government constituted the Digha Development Advisory Board in Development Department. Notification No 5412 dated 26. 7. 63 but the said Board ceased functioning since 1 3. 67 when its Chairman Shri Atulya Ghosh resigned.

(b) Does not arise.

(c) Does not arise at this stage.

## UNSTARRED QUESTIONS

**(to wich written answers were laid on the table)**

**ডায়মণ্ডহারবারে হুগলী নদীতে চড়া**

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৫।) **শ্রীসন্তোষ কুমার মণ্ডল** : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) ডায়মণ্ডহারবারের দক্ষিণে হুগলী নদীর মধ্যস্থলে চড়া পড়েছে, এবং

(২) ঐ চড়া পড়ার জন্য নদীর উপকূলভাগ ভাঙ্গিয়া নদীর কূলে কিছু কিছু গ্রাম নদী কবলিত হইয়াছে ;

(খ) অবগত থাকিলে—

(১) ঐ সর্বনাশা ভাঙ্গন রোধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, এবং

(২) যে সমস্ত গ্রাম নদী কবলিত হইতে চলিয়াছে সেই সমস্ত গ্রামের অধিবাসীদের সাহায্য দেবার কোন পরিকল্পনা আছে কি না ?

**The Minister for Irrigation and Waterways** :

(ক) (১) ডায়মণ্ডহারবারের দক্ষিণে হুগলী নদীতে চড়া পড়ার বিষয় সরকার অবহিত আছেন।

(২) কিছু কিছু স্থানে উপকূলভাগ ভাঙ্গিতেছে বটে, তবে নদীতে চড়া পড়ার জন্য এ ভাঙ্গন হইতেছে কি না নিশ্চয় করিয়া বলা যায় না। নদীতীরবর্তী কোন গ্রাম সম্পূর্ণভাবে নদী কবলিত হইবার সংবাদ সরকারের নিকট নাই।

(খ) (১) ভাঙ্গন রোধের ব্যাপারে প্রয়োজন মত নদীতীরবর্তী বাঁধ 'রিভেট' কার্যক্রমের দ্বারা সংরক্ষিত হয়। কোন কোন ক্ষেত্রে অগ্রবর্তী বাঁধ পরিত্যাগ করিয়া পশ্চাদ্বর্তী বাঁধ নির্মাণের প্রয়োজন হয়।

(২) রিলিফ ম্যানুয়েল অনুযায়ী ডি এম প্রস্তাব করিলে ত্রাণ ও সমাজ উন্নয়ন বিভাগ এই ধরনের ক্ষতিগ্রস্ত লোকদের সাহায্যের ব্যবস্থা করিয়া থাকেন।

### মোহনপুর থানায় গ্রাম-বিদ্যুৎ সরবরাহ

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৩।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে মেদিনীপুর জেলার মোহনপুর থানার কোনও এলাকায় গ্রাম-বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনায় বিদ্যুৎ দেওয়ার পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ গ্রামে এবং কবে নাগাদ বিদ্যুৎ সরবরাহ করা হইবে?

**The Minister for Power:**

(ক) না, বর্তমানে এইরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

### Proposal for Small Scale Industries Corportion

116. (Admitted question No. 541.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state –

(a) if the Government has any proposal to constitute a Small Scale Industries Corporation for supplying steel materials to small scale industries on the analogy of similar practice in other States; and

(b) if so, what action the Government has taken or proposes to take in the matter?

**The Minister for Cottage and Small Scale Industries:** (a) There is already a Corporation styled as the "West Rengal Small Industriss Corporation Ltd." (A Government of West Bengal Undertaking) which is in charge of procuring and supplying steel materials to small scale industries. There is no proposal to constitute a separate Small Scale Industries Corporation for procuring and supplying steel materials only to small scale industries.

(b) Does not arise.

### জলপাইগুড়ি জেলায় কর্মসংস্থান কেন্দ্রে বেকারের সংখ্যা

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬২।) **শ্রীজগদানন্দ রায়:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় কর্মসংস্থান কেন্দ্রে ৩১শে মার্চ, ১৯৭২ তারিখে কত বেকারের নাম তালিকাভুক্ত হইয়াছে;

(খ) তন্মধ্যে তফসিলী ও তফসিলী উপজাতির সংখ্যা কত;

(গ) ১৯৭২ সালের মার্চ পর্যন্ত তফসিলী এবং উপজাতি বেকারের মধ্যে কত সংখ্যাককে কাজে নিযুক্ত করা হইয়াছে; এবং

(ঘ) অন্যান্য বেকারদের কর্মসংস্থানের জন্য কি পরিকল্পনা গ্রহণ করা হইতেছে ?

**The Minister for Labour** :

(ক) জলপাইগুড়ি জেলায় কর্মসংস্থান কেন্দ্রে ৩১শে মার্চ, ১৯৭২ তারিখে তালিকাভুক্ত মোট কর্মপ্রার্থীর সংখ্যা—১১,৮৬১ জন।

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৭১ তারিখে তফসিলী জাতিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা—৬৬৪ জন, তফসিলী উপজাতিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা—১৮১ জন।

(গ) ১৯৭১ সালের ডিসেম্বর পর্যন্ত ১৪ জন তফসিলী এবং ৫ জন তফসিলী উপজাতি কর্মপ্রার্থীকে কাজে নিযুক্ত করা হইয়াছে। বৎসরে দুইবার—জুন ও ডিসেম্বর মাসের পরিসংখ্যান গৃহীত হয় বলিয়া ৩১শে ডিসেম্বর, ১৯৭১ পর্যন্ত সংখ্যা দেওয়া হইল।

(ঘ) বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে অন্যান্য কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের চেষ্টা করা হইতেছে।

## বীরভূম জেলায় স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স

১১৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৮৪। ) **শ্রীনিতাইপদ ঘোষ** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার কোন্ হাসপাতালে স্বাস্থ্যকেন্দ্রে কতগুলি অ্যাম্বুলেন্স আছে, এবং

(খ) এ জেলায় আরও অ্যাম্বুলেন্স দেওয়ার পরিকল্পনা আছে কি না এবং থাকিলে কয়টি ?

**The Minister for Health :**

(ক) মোট ১৪টি অ্যাম্বুলেন্স আছে। এর একটি তালিকা টেবিলে রাখা হয়েছে।

(খ) পরিকল্পনা আছে। কিন্তু সঠিক সংখ্যা এখনই বলা সম্ভব নয় যেহেতু কতগুলি অ্যাম্বুলেন্স সংগৃহীত হইবে এই সংখ্যা তার উপর নির্ভর করিবে।

*Statement referred to in reply to Clausee (Ka) of unstarred question No. 118*

তালিকা

| | এম্বুলেন্স | ইউসেপ জীপ এম্বুলেন্স |
|---|---|---|
| ১। জেলা হাসপাতাল, সিউড়ি | ২ | ... |
| ২। মহকুমা হাসপাতাল, রামপুরহাট | ১ | .. |
| ৩। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, বোলপুর | ১ | ১ |
| ৪। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সাঁইথিয়া | ১ | ১ |
| ৫। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, দুবরাজপুর | | ১ |
| ৬। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, লাভপুর | . | ১ |
| ৭। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, কির্ণাহার | . | ১ |
| ৮। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, নলহাটি | .. | ১ |
| ৯। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, মুরারই | | ১ |
| ১০। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, পাইকর | ... | ১ |
| ১১। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, মহম্মদবাজার | .. | ১ |
| | ৫টি | ৯টি |

মোট—১৪টি

## আসানসোল পৌর এলাকায় বস্তি উন্নয়ন

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৬।) শ্রীনিরঞ্জন ডিহিদার: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসনসোল পৌর এলাকার অন্তর্গত বস্তি এলাকাগুলি উন্নয়নের জন্য কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কি কি পরিকল্পনার এবং কতদিনের মধ্যে এই কাজে হাত দেওয়া হইবে ?

**The Minister for Development and Planning :**

(ক) উক্ত বস্তি এলাকাগুলি উন্নয়নের জন্য পরিকল্পনা রচনার কাজে হাত দেওয়া হইয়াছে।

(খ) পরিকল্পনা রচনার কাজ এখনও সম্পূর্ণ হয় নাই বলিয়া কি কি পরিকল্পনা করা হইতেছে এবং কতদিনের মধ্যে ঐ কাজে হাতে দেওয়া হইবে তাহা এখনই বলা সম্ভব নয়।

## ফারাক্কায় ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৪।) শ্রীআবদুল বারি বিশ্বাস: কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কাতে ইণ্ডাস্ট্রীয়াল এস্টেট স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি, এবং

(খ) থাকিলে, সেখানে কি প্রকারের শিল্প খোলা হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## রামনগর থানায় ত্রাণ বাবদ ব্যয়িত টাকার পরিমাণ

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩০।) শ্রীহেমন্ত দত্ত: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার রামনগর থানার ১নং ও ২নং ব্লকের জন্য মঞ্জুরীকৃত সমস্ত টাকা ৩১শে মার্চ, ১৯৭২ তারিখের মধ্যে ব্যয়িত হইতে পারে নাই ;

(খ) সত্য হইলে, কত টাকা ফেরত গিয়াছে ; এবং

(গ) উহার কারণ কি ?

**The Minister for Relief and Social Welfare**

(ক) হাঁ।

(খ) শুধু ২নং ব্লকে ৭,০০০ টাকা ফেরত গিয়াছে।

(গ) সরকার নির্ধারিত হারে তুলাচাষীদের সার ঋণ দিয়া এই টাকা উদ্বৃত্ত হয়।

## বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৮।) শ্রীনিতাইপদ সরকার: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৬৯ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত মধ্যশিক্ষা পর্যদ কতগুলি বিদ্যালয়ে এ্যাডমিনি-
স্ট্রেটর নিয়োগ করিয়াছেন ;

(খ) কতগুলি ক্ষেত্রে বিদ্যালয় কর্তৃপক্ষ হাইকোর্টে আবেদন করায় মামলা চলিতেছে ; এবং

(গ) এই মামলা বাবদ মধ্যশিক্ষা পর্যদের ১৯৬৯ হইতে ১৯৭১ সাল পর্যন্ত কত অর্থ ব্যয় হইয়াছে ?

**The Minister for Education** :

(ক) মধ্যশিক্ষা পর্যদের নিকট হইতে প্রাপ্ত বিবরণীতে জানা যায় যে, ১৯৬৯ সালের মার্চ মাস হইতে ১৯৭০ সালের মার্চ পর্যন্ত এবং ১৯৭০ সালের এপ্রিল মাস হইতে ১৯৭১ সালের ডিসেম্বর পর্যন্ত সময়কালের মধ্যে যথাক্রমে ২৩৭টি ও ৮২টি বিদ্যালয়ের পরিচালকমণ্ডলীকে বাতিল করিয়া এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়।

(খ) পরিচালন কর্তৃপক্ষকে বাতিল করিয়া এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগের আদেশের বৈধতার প্রশ্নে বিভিন্ন আদালতে এ পর্যন্ত ৮৪টি মামলা বিচারাধীন আছে। এই হিসাবের মধ্যে যে মামলাগুলিতে বিচারাধীন মূল বিষয়ের সম্বন্ধে চূড়ান্ত রায় সাপেক্ষ অন্তর্বর্তিকালীন আদেশ জারী হইয়াছে, সেগুলি অন্তর্ভুক্ত আছে কিন্তু যেগুলির ইতিমধ্যেই নিষ্পত্তি চূড়ান্তভাবে হইয়া গিয়াছে, সেইগুলি নাই।

(গ) 'ক' অংশে বিবৃত বিদ্যালয়সমূহের পরিচালক সমিতি বাতিলের আদেশের বৈধতা সম্পর্কে মধ্যশিক্ষা পর্যদের বিরুদ্ধে আনীত মামলাগুলির জন্য গত ১৯৬৯, ১৯৭০ এবং ১৯৭১ সালের জন্য মোট ২০,৪৭২.০০ টাকা আইনজ্ঞদিগকে প্রদত্ত হইয়াছে।

অধিকাংশ মামলাই এখনও বিচারাধীন এবং চূড়ান্ত নিষ্পত্তির পর আইনজ্ঞদের নিকট হইতে দেয় অর্থের জন্য 'বিল' পাওয়া যাইবে। কতকগুলি মামলার নিষ্পত্তি সম্প্রতি হইয়াছে কিন্তু তৎসংক্রান্ত বিলগুলির এখনও নিষ্পত্তি করা হয় নাই। সুতরাং উপরে বর্ণিত অর্থের পরিমাণ মোট সম্ভাব্য ব্যয়ের একটি অংশ মাত্র।

## North Bengal State Transport Corporation

123. (Admitted question No. 394.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) (i) if it is a fact that there is shortage of passenger buses under the North Bengal State Transport Corporation , and (ii) if so, the present fleet strength and requirement ; and

(b) (i) if it is a fact that to minimise this shortage the North Bengal State Transport Corporation had some time back in November, 1971, invited tenders for construction of composite type passenger bus body on 205 210 W. B. TMB Leyland chassis ; and (ii) if so, the present position thereof and the period by which the work is likely to commence ?

**The Minister for Home (Transport) :** (a) (i) Yes.

(ii) Fleet strength is 249 buses.

There is requirement for about 100 more buses.

(b) (i) Tenders for composite bus bodies were invited. Lately, it has been decided to construct aluminium bodies instead of composite steel bodies.

(ii) (1) Ten buses were received recently. Bodies on 15 bus chassis are under construction and another 15 bus chassis are likely to be received this month. Addition of all these forty buses is likely to be completed by July, 1972.

(2) For purchasing more buses negotiations are going on with the Industrial Development Bank of India for grant of loans.

## রাজ্যে বিদ্যুৎ ঘাটতি

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৪।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সাল নাগাদ পশ্চিমবঙ্গের বিদ্যুৎ ঘাটতির পরিমাণ কত হইবে বলিয়া আশা করা যায়;

(খ) এ অবস্থার মোকাবিলা করার জন্য (১) ডি ভি সি ও ডি পি এল-এর ক্ষমতার পুর্ণ সদ্ব্যবহার করার বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন; এবং

(২) নূতন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করার বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**The Minister for Power:**

(ক) ১৯৭৩ সালের শুরুতে ৬৪ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি হইবে বলিয়া অনুমান করা যাইতেছে। বৎসরের শেষে এই ঘাটতির পরিমাণ ১৭০ মেগাওয়াট হইবে বলিয়া অনুমান করা যাইতেছে।

(খ) (১) দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড-এর দুর্গাপুর বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার পুর্ণ ব্যবহার করার ব্যবস্থা করা হইয়াছে। অবস্থার কিছুটা উন্নতি হইয়াছে এবং উৎপাদন আরও বাড়াইবার চেষ্টা করা হইতেছে। উৎপাদন বাড়াইবার জন্য ডি ভি সি-কে নির্দেশ দেওয়া হইয়াছে যাহাতে ঐ সংস্থা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে অতিরিক্ত ১০।২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করিতে পারে।

(২) প্রত্যেকটি ১২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাসম্পন্ন ৪টি বিদ্যুৎ উৎপাদন যন্ত্র পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ কর্তৃক সাতালদিহিতে স্থাপন করিবার কাজ অগ্রসর হইতেছে। প্রথম যন্ত্রটি হইতে ১৯৭৩ সালের মাঝামাঝি সরবরাহ পাওয়া যাইবে বলিয়া আশা করা যাইতেছে।

## মৎস্যজীবিদের গ্রুপ লোন

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৪।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দরিদ্র মৎস্যজীবীদের বকেয়া ঋণের টাকা মকুব করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে এ বিষয়ে সরকার কতদুর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Fisheries:**

(ক) দরিদ্র মৎস্যজীবীদের বকেয়া ঋণের টাকা মকুব করার বিষয়টি সরকার পরীক্ষা করিয়া দেখিতেছেন।

(খ) প্রাসঙ্গিক তথ্যগুলি সংগ্রহ করা হইতেছে।

## চটকল শ্রমিকদের বেতনমান

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৯।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চটকল শ্রমিকদের বেতনমান নির্ধারণের জন্য সরকার একটি বেতন কমিটি নিয়োগ করেছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত কমিটির নিয়োগের সময়

(২) কমিটিতে যাঁরা আছেন তাঁদের নাম ও বিশেষ দক্ষতা ;

(৩) অনুসন্ধানের বিষয়সূচী, এবং

(৪) কমিটির কাজের অগ্রগতির বিষয়ে আলোকপাত করবেন কি ?

**The Minister for Labour :**

(ক) হ্যাঁ।

(খ) (১) সরকারী রেজলিউশন নং ৬-৮৯-আই আর, তারিখ ২৬-এ অক্টোবর, ১৯৭০ দ্বারা ২৬-এ অক্টোবর, ১৯৭০ তারিখে ইহা গঠিত হইয়াছিল।

(২) কমিটির সভ্যদের নাম নিয়ে প্রদত্ত হইল—

### চেয়ারম্যান

মাননীয় বিচারক পি সি মল্লিক (অবসরপ্রাপ্ত)।

### মালিকগণের প্রতিনিধিবর্গ (সভ্যবৃন্দ)

(১) শ্রীবি বি কণোরিয়া, আই জে এম এ।

(২) শ্রী সি এল বাজোরিয়া, আই জে এম এ।

(৩) শ্রী পি কে কে নাম্বিয়ার, আই জে এম এ।

(৪) শ্রী আর এল মৈত্র, আই জে এম এ।

(৫) শ্রীঅরুণ দাস, বাড এ্যাণ্ড কোং প্রা: লি:।

### পরিবর্ত সভ্যবৃন্দ

(১) শ্রীজি শিবরাম, আই জে এম এ।

(২) শ্রী এ কে ঘোষ, আই জে এম এ।

(৩) শ্রী বি পি কেডিয়া, আই জে এম এ।

(৪) শ্রী আর এল থিরানী, আই জে এম এ।

(৫) শ্রী এস চ্যাটার্জী, আই জে এম এ।

(৬) শ্রীব্যোমকেশ বোস, বাড এ্যাণ্ড কোং।

### শ্রমিকদের প্রতিনিধিবর্গ

(১) শ্রীকালী মুখার্জী, আই এন টি ইউ সি।

(২) শ্রীনীরেন ঘোষ, সি আই টি ইউ।

(৩) শ্রীইন্দ্রজিৎ গুপ্ত, এ আই টি ইউ সি।

(৪) শ্রীফণী ঘোষ, এইচ এম এস।

(৫) শ্রীযতীন্দ্র চক্রবর্তী, ইউ টি ইউ সি।

(৬) শ্রীফটিক ঘোষ, ইউ টি ইউ সি (লেনিন সরণী)।

**পরিবর্ত্ত সভ্যবৃন্দ**

(১) শ্রীশিশির গাঙ্গুলী, আই এন টি ইউ সি।
(২) শ্রীকমল সরকার, সি আই টি ইউ।
(৩) শ্রী বি রায়চৌধুরী, এ আই টি ইউ সি।
(৪) শ্রীবিভাস ঘোষ, এইচ এম এস।
(৫) শ্রীসীতা শেঠ, ইউ টি ইউ সি।
(৬) শ্রীসনৎ দত্ত, ইউ টি ইউ সি।

(৩) (ক) পাটশিল্পে নিযুক্ত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের বেতনহার।
(খ) জীবনযাত্রার ব্যয়সূচক সংখ্যাবৃদ্ধি বা হ্রাসের প্রশ্নটির সহিত মহার্ঘ ভাতা সমীকরণ।
(গ) নৈশ শিফট ভাতা।
(ঘ) ফল-ব্যাক বেতন।
(ঙ) পার্মানেণ্ট কর্মপ্রিমেট স্থিরীকরণ।

(চ) ১১ই আগষ্ট, ১৯৬৯ তারিখের চুক্তিপত্রের ৩নং ধারা অনুসারে যে তারিখ হইতে মহার্ঘ ভাতাকে স্থির (ফ্রোজেন) করিয়া দেওয়া হইয়াছিল সেই তারিখ হইতে বেতন বোর্ডের সুপারিশ অনুসারে মহার্ঘ ভাতার হ্রাস বা বৃদ্ধি পূরীকরণ।

(ছ) বদলী কর্মারা কর্মহীন হইলে কি কি সুযোগ সুবিধা পাইবেন।
(জ) বাড়ীভাড়া ভাতা।
(ঝ) ছুটি ও ছুটির দিন বৃদ্ধি।
(ঞ) গ্রাচুইটি স্কীমের বিস্তৃত বিবরণ।

(৪) ১লা ফেব্রুয়ারী, ১৯৭১ হইতে জীবনযাত্রার ব্যয়সূচক সংখ্যার (সি, এল, আই, নাম্বারস) সহিত মহার্ঘ ভাতার পুনঃসংযুক্তিকরণ ছাড়া অন্য কোন বিষয়ের নিষ্পত্তি হয় নাই।

**হিমঘর শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড**

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯।) **শ্রীঅশ্বিনী রায়**: শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে হিমঘর শিল্পে শ্রমিকদের জন্য প্রভিডেণ্ট ফাণ্ড প্রকল্পটি চালু করার কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন কি না;

(খ) করিয়া থাকিলে—

(১) কবে নাগাদ উহা চালু হইবে, এবং
(২) উহাতে মালিকের দেয় অংশের পরিমাণ কত হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Labour** :

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যের ৬০টি হিমঘর ব্যবসায় ও বাণিজ্যিক সংস্থারূপে ইতিমধ্যেই প্রভিডেণ্ট ফাণ্ড আইন ও প্রকল্পের অন্তর্গত হইয়াছে। কর্মচারীর সংখ্যা ৫০ বা বেশী হইলে মালিকের

দেয় কর্মচারীর বেতনের ৮ শতাংশ ও কর্মচারীর সংখ্যা ৫০-এর কম হইলে ঐ দেয় কর্মচারীর বেতনের ৬½ শতাংশ হয়।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

## কলিকাতায় হোটেল

১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩১।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতায় হোটেলগুলির শ্রেণী বিভাজন আছে কি: এবং

(খ) থাকিলে, বর্তমানে—

(১) প্রতিটি শ্রেণীর হোটেলের সংখ্যা, এবং

(২) শ্রমিক ও কর্মচারীর সংখ্যা কত?

**The Minister for Labour :**

(ক) দোকান ও সংস্থা আইনে হোটেলগুলির কোন শ্রেণী বিন্যাস করা হয় নাই, তবে হোটেল রিভিউ এ্যাণ্ড সার্ভে কমিটি (১৯৬৮) ট্যুরিষ্টদের ব্যবহার্য কতকগুলি বড় হোটেলের শ্রেণী বিন্যাস করিয়াছেন। এ বিষয়ে একটি স্বতন্ত্র ক্রোড়পত্র সন্নিবেশিত হইল।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) ১৯৬৩ সালের দোকান ও সংস্থা আইনের আওতায় রেজেস্ট্রিকৃত ৬৮১টি অনাবাসিক হোটেলে ৫,৮৪২ জন শ্রমিক কর্মচারী নিযুক্ত আছেন। আবাসিক হোটেলগুলি বর্তমানে উক্ত আইনের আওতাধীন নয়।

(ক) প্রশ্নের উত্তরে উল্লিখিত আবাসিক হোটেলসমূহে নিযুক্ত কর্মচারীর সংখ্যা জানা নাই।

*Statement referred to in reply to Clause (Ka) of unstarred question No. 128.*

ক্রোড়পত্র

| | |
|---|---|
| ***** (5 starred) | Hotel Oberoi Grand |
| **** (4 starred) | The Great Eastern Hotel |
| **** (4 starred) | Park Hotel |
| *** (3 starred) | Spences Hotel |
| ** (2 starred) | Fairlawn Hotel |
| ** (2 starred) | Hotel Majestic |
| ** (2 starred) | New Kenilworth Hotel |
| * (1 starred) | Carlton Hotel |
| * (1 starred) | Lytton Hotel |

Since the previous star classification, two other big hotels which have come up in Calcutta are Hindusthan International and Ritz Continental. Though the are yet to be classified they are likely to be categorised as at least 4-star hotels.

## রাজ্যে চট শিল্প

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬০১।) **শ্রীঅশ্বিনী রায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে চটশিল্পগুলির পরিচালন ব্যবস্থা সরকারী নিয়ন্ত্রণে আনার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি,

(খ) থাকিলে মন্ত্রিমহোদয় উহা জানাইবেন কি; এবং

(গ) কতদিনে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Commerce and Industries:**

(ক) এ ধরনের কোন প্রস্তাব পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

## ট্যাংরা খাল সংস্কার

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৬১১।) **শ্রীনিতাইপদ সরকার:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার রাণাঘাট ২ নং ব্লকের ট্যাংরা খাল সংস্কারের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উহা বর্তমানে কি অবস্থায় আছে, এবং

(গ) উক্ত ট্যাংরা সংস্কারের কাজ কতদিনের মধ্যে সম্পন্ন হইতে পারে বলিয়া বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) আনুমানিক ৭ লক্ষ ৮৪ হাজার টাকা ব্যয়ে নদীয়া জেলার হাসখালি থানায় ট্যাংরা খাল সংস্কারের পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে।

(খ) আর্থিক আনুকূল্যের ব্যবস্থা হইলে পরিকল্পনাটি মঞ্জুর করা ও কার্য শুরু করা হইবে।

(গ) এ প্রশ্ন ওঠে না।

## নদীয়া জেলা বিদ্যালয় পরিদর্শকের বাড়ি সংস্কার

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৯।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলা বিদ্যালয় পরিদর্শকের বাড়িটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে কতদিনের মধ্যে উক্ত বাড়ীটি সংস্কারের ব্যবস্থা সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education :**

(ক) নদীয়া জেলার বিত্যালয় পরিদর্শকের অফিসের নিজস্ব কোন বাড়ী নাই। পুর্বে একটি ভাড়াবাড়ীতে এই অফিস অবস্থিত ছিল। বর্তমান অফিসটি কৃষ্ণনগর কলিজিয়েট স্কুলের হোস্টেল ভবনে সাময়িকভাবে স্থানান্তরিত হইয়াছে। ঐ বাড়ী সংস্কারের কোন প্রস্তাব নাই।

তবে, অপর একটি সরকারী বাড়ী ( হৈমন্তী ) প্রয়োজন মত সংস্কার করিয়া উক্ত অফিস সহ শিক্ষা বিভাগের অপর কিছু অফিস লইয়া যাওয়া সম্ভব হইবে। বাড়ীটি খালি অবস্থায় শিক্ষা বিভাগের দখলে আসিলে সংস্কারের জন্য পরিকল্পনা গ্রহণ করা হইবে।

(খ) উপরোক্ত বাড়ীটি খালি অবস্থায় পাইবার তারিখ ধার্য হয় নাই। এজন্য নির্দিষ্ট সময়ের মেয়াদ দেওয়া যাইতেছে না।

### Over-crowding in the buses of Calcutta

132. (Admitted question No 659.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if the Government has any proposal for preventing over-crowding in buses in the City of Calcutta ; and

(b) if so, the steps the Government proposes to take in the matter ?

**The Minister for Home (Transport) :** (a) Yes.

(b) The following long-term scheme in the public sector and short-term scheme for immediate relief in the private sector have been initiated .

(i) **Public Sector.**—A craah programme has been drawn up from last year by the Caloutta State Transport Corporation to replace the over-aged buses and it is proposed to place 200 single deck and 399 double deck buses subject to availability of chassis, by 31st March, 1974. Under this programme, 124 single deck and 58 double deck buses have been placed on different routes. It is expected that, by 31st March, 1971, 750 buses will be placed on the road per day per shift as against the present out-shedding of 600.

(ii) **Private Sector.**—The Regional Transport Authority, Calcutta, has offered 369 temporary permits for stage carriages for augmenting existing services on different city and suburban routes for immediate relief. To relieve over-crowding in buses, the R. T A , Calcutta, has also been advised to issue permits for taxis liberally. The R T. A , Calcutta, has accordingly, offered 1,000 taxi permits Metropolitan District and 5,000 permits for Calcutta region only out of which 710 taxis in Metropolitan District and 330 in Calcutta region are already on road. Pauoity of bus chassis and cars have prevented placement of more buses and taxis on the road. The matter has been taken up with the Government of India. Permits for 192 mini buses have also been offered recently by the R. T. A , Calcutta and the vehicles, in which standing will be strictly prohibited, are expected to be placed shortly. The first ten mini buses are expected to start plying by the first week of May

**আসানসোল মহকুমায় কয়লাখনি হইতে জলসেচ পরিকল্পনা**

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় অসংখ্য পরিত্যক্ত কয়লাখনি সমূহে যে প্রচুর পরিমাণে জল আছে তাহা জমি সেচের কার্যে ব্যবহার করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) আসানসোল মহকুমার জলাভাবক্লিষ্ট জমিসমূহে জলসেচের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) সেচ বিভাগের অধীনে এমন কোন পরিকল্পনা এখন পর্যন্ত বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) এই এলাকায় সেচের জল দেওয়ার কোন পরিকল্পনা সেচ বিভাগের বিবেচনাধীন নাই।

**Production of Cast Iron under Durgapur Projects**

**134.** (Admitted question No. 675.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) if it is a fact that the plan for production of Cast Iron at Durgapur under Durgapur Projects Ltd. has been finalised , and

(b) if so, (i) the estimated cost of installation, (ii) date of production, (iii) approximate target of production (in tons) and (iv) Probable employments ?

**The Minister for Public Undertakings :** (a) No.

(b) (i) to (iv) Do not arise.

**Fourth Battery in the Durgapur Coke Ovens**

**135.** (Admitted question No 676.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) if it is a fact that the Fourth Battery in the Durgapur Coke Ovens under the Durgapur Projects Ltd. has started functioning ; and

(b) if so, (i) the capacity of production of this battery, (ii) the total production of all the batteries since the commission of the Fourth Battery in comparison with corresponding months of the last year, and

(iii) total number of employees in each category ?

**The Minister for Public Undertakings :** (a) Yes.

(b) The capacity of production is 500 M.T. of coke per day.

As the Fourth Battery came into commission only on 26th April, 1972, the question of total production since the commissioning of Fourth Battery in

comparison with corresponding months of the last year does not arise.

Total number of employees (excluding officers in each category required for the four batteries are given below:

| Category | | No. |
|---|---|---|
| (1) Coke Oven group of Plants operation | ... | 1,130 |
| (2) Maintenance of Coke group of Plant | . | 612 |
| Total | ... | 1,742 |

## ডি. ভি, সি, প্রকল্প

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮২।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডিভিসি-র মূল প্রকল্পে বন্যা নিয়ন্ত্রণের জন্য—

(১) কোথায় কোথায় কতগুলি বাঁধ নির্মাণের প্রস্তাব ছিল,

(২) উহাদের বন্যা নিয়ন্ত্রণের ক্ষমতা, ও

(৩) জলধারণ ক্ষমতা কত ছিল ; এবং

(খ) বর্তমানে নির্মিত বাঁধের বিবরণ ও জলধারনের ক্ষমতার পরিমাণ কত ?

**The Ministar for Irrigation and Waterwayas:**

(ক) (১) ডি ভি সি-র মূল প্রকল্পে (ভুরড়ইনস রিপোর্টে) সেচ, বিদ্যুৎ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য তিলাইয়া, কোনার, মাইথন, পাঞ্চেত, বোকারো, বলপাহাড়ী ও আয়ার (টেঙ্ঘাট) প্রত্যেক জায়গায় একটি করিয়া মোট সাতটি বাঁধ নির্মাণের প্রস্তাব ছিল।

(২) বন্যা নিয়ন্ত্রণ ক্ষমতা আগস্ট পর্যন্ত মোট ২৯.০০ লক্ষ একর-ফিট এবং আগষ্ট হইতে অক্টোবর পর্যন্ত মোট ১৪.৬ লক্ষ একর ফিট।

(৩) জলধারণ ক্ষমতা মোট ৪৬.৮০ লক্ষ একর-ফিট।

(খ) বর্তমানে তিলাইয়া, কোনার, মাইথন ও পাঞ্চেতে ৪টি বাঁধ নির্মিত হইয়াছে। ইহাদের মোট ২৯.০০ লক্ষ একর-ফুট জলধারণের ক্ষমতা আছে। ইহা ছাড়া বিহার সরকার আয়ার-এতে টেঙ্ঘাট বাঁধ তৈরী করিতেছে। ইহার বন্যা নিয়ন্ত্রণ ক্ষমতা নাই।

## The Medical Termination of Pregnancy Act, 1971

137. (Admitted question No. 686.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the Medical Termination of Pregnancy Act, 1971, has been introduced in West Bengal .

(b) if so which are the districts where and when it has been introduced . and

(c) the particulars of the persons concerned in each district for such operation and the expenses to be incurred by the patients on this account ?

**The Minister for Health:** (a) Yes.

(b) It has come into force with effect from April, 1972, throughout the State of West Bengal.

(c) The Gynaecologists of State and District hospitals and non-Government hospitals as approved by the certified Board are empowered to perform the termination of pregnancy according to the provisions of the Act

All expenses relating to the termination of pregnancy will be borne by the State Government and hence, patients are not to bear any charges on this account.

**Distributory Canal from A/MC of D. C. in Mouzas Kaitara and Surul**

138. (Admitted question No. 688.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that the distributory Canal from A/MC of D.C. is unable to irrigate 500 acres in mouzas Kaitara and Surul in the Galsi police-station of district Burdwan ; and

(b) if so, the details of the measures the Government have contemplated to irrigate to the said area ?

**The Minister for Irrigrtion and Waterways:** (a) No, the whole irrigable area in mouzas Kaitara and Mollasurul in police-station Galsi receive irrigation water from distributory canal 1 A.M.C. of during the khariff season.

(b) Dose not arise.

**খড়গ্রাম মার্কেটিং সোসাইটি**

১৩৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৭০২। ) **শ্রীহরেন্দ্রনাথ হালদার ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়গ্রাম থানা মার্কেটিং সোসাইটির ১৯৭১-৭২ সালে কত আয় হইয়াছে ;

(খ) এ সোসাইটি বর্তমানে চালু আছে কিনা ;

(গ) চালু না থাকিলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ সংস্থা চালু করিবার ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**The Minister for Co-operation :**

(ক) কোন আয় হয় নাই।

(খ) না।

(গ) (১) আর্থিক অবস্থার বিশেষ অবনতি হওয়ায় সমিতিটির কাজ ১৯৬৮ সালের ১লা জুলাই হইতে বন্ধ রহিয়াছে।

(২) বঙ্গীয় সমবায় আইন ১৯৪০-এর ৮৪ ধারা অনুসারে তথ্যানুসন্ধান করিয়া দেখা গিয়াছে যে সমিতির আর্থিক অবস্থা এত খারাপ যে ঐ সমিতি পুনর্গঠন করিয়া চালু করা সম্ভব নহে। সমিতিটিকে কেন লিকুইডেশন দেওয়া হইবে না তাহার কারণ দর্শাইবার জন্য সমিতিকে 'নোটিশ' দেওয়া হইয়াছে এবং এখনও কোন উত্তর পাওয়া যায় নাই।

## দ্বারকা নদীর বাঁধ

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৩) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়গ্রাম থানার দ্বারকা নদীর দক্ষিণ দিকের বাঁধের কাজ কবে নাগাদ শেষ হবে;

(খ) ইহা কি সত্য যে, কয়েকটি ক্ষেত্রে এই বাধের মাটি ফেলার জন্য জমি দখল না করিয়া বাঁধের নীচের বসবাসকারী প্রজাদের জমি হইতে মাটি লইয়া ঐ বাঁধে দেওয়া হইয়াছে, এবং

(গ) সত্য হইলে, ইহাদের ক্ষতিপূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Irrigation and Power :**

(ক) উক্ত বাঁধের মেরামতের কাজ এই বৎসরের জুন মাস নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) কয়েকটি ক্ষেত্রে উক্ত বাঁধের পার্শ্ববর্তী জমি হইতে উহার মালিকদের সম্মতিক্রমে মেরামতি কাজের জন্য কিছু মাটি লওয়া হইয়াছে।

(গ) যেহেতু জমির মালিকগণ তাহাদের জমি হইতে বিনামূল্যে মাটি হইতে সম্মতিদান করিয়াছেন সেইজন্য ক্ষতিপূরণের প্রশ্ন উঠে না। জমির বিশেষ ক্ষতি না হয় সেজন্য অগভীর গর্ত করিয়া মাটি নেওয়া হইয়াছে। জমি দখল আইন অনুযায়ী জমি দখল করিয়া গভীর গর্ত করিয়া মাটি নিলে ঐ জমি চাষের অযোগ্য হইত এবং চাষীদের সমূহ ক্ষতি হইত।

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker :** The Minister-in-charge of the Public Works Department will please make a statement on the subject of completion of the bridge on the Mundeswari (Attention calleed Shri Mahadeb Mukhopadhyay on the 2nd May, 1972)

**Shri Bholanath Sen :** The designed depth of wells of Mundeswari bridge which the same are to be plugged is R L (-) 13 00 approximately This depth was decided after investigation of soil strata under the bed of the river on the proposed alignment at the tentative locations of the different wells During actual execution the level of plugging of different wells varied from R. L. (-) 12·64 to R. L. (-) 22 00 approximately. Plugging order for well No. 2 was given at R. L. (-) 13 53 in May, 1967 but while making the sump in early June, 1967, the well started sinking without additional effort and stopped at the level (-) 16·02 in July, 1967. It was left idle with a view that after sufficient lapse of time skin friction would develop, which was affected due to scouring all round the well, the same being right at the centre of the deep channel and thus would help in stopping the downward movement of the well

The work was again stared in early part of 1969, i. e. after a year and a half and attempt was made to plug the well at R. L (-) 18 77 after observing the behaviour of the well at that level for certain time but unfortunately the same trouble appeared as soon as sump was made according to requirement. Similar attempt in 1971 was made but sudden settlement was again observed The peculiar behaviour of the well which is found to remain stationery at a

certain level but starts moving as soon as sump is made, goes to suggest beside probable existence of heterogeneous composition of soil strata underneath, lack of adequate frictional resistance to withstand the load coming on the well.

Thus the well settled to a depth of about 82 feet below river bed against a designed (proposed) depth of 75 feet. Collection of 'undisturbed soil sample' up to a further depth of 50 ft. has been undertaken to ascertain the extent of weak soil existing below the well. By this investigation correct depth at which the well can be founded safely will be decided.

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য:** স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে পড়ছি। কাঁকিনাড়ায় অবস্থিত ইনচেক টায়ার সম্পর্কে শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয়ের দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে আমি বক্তব্য পেশ করিতেছি। শ্রম অশান্তি ও নির্ধারিত উৎপাদন হ্রাসের জন্য কাঁকিনাড়ায় অবস্থিত ইনচেক টায়ার্স লিমিটেড কর্তৃপক্ষ গত ১৩-৩-৭২ তারিখ হইতে কারখানায় লক আউট ঘোষণা করিয়াছেন। উপ-শ্রমমহাধ্যক্ষ মহাশয় একাধিকবার মালিক পক্ষ ও শ্রমিক সংঘগুলির সঙ্গে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক বৈঠকে মিলিত হইয়া বিরোধ নিষ্পত্তির চেষ্টা করিতেছেন। ৪-৪-৭২ তারিখে শ্রমমন্ত্রিমহাশয় সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে বিস্তারিতভাবে বিরোধের বিষয়টি আলোচনা করিয়াছেন। এই আলোচনার ভিত্তিতে একটি খসড়া চুক্তিপত্র রচিত হয় এবং সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক প্রতিনিধিদের দেখানো হয়। শ্রম অধিকারের অফিসে ৭-৪-৭২ তারিখে আর একটি ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। শ্রমিকগণ কর্তৃক উৎপাদনের পরিমাণ ও শ্রমিকদের উপার্জনের পরিমাণ সম্পর্কে মালিক ও শ্রমিক প্রতিনিধিবর্গ একমত হইতে পারেন নাই। মন্ত্রিমহাশয় পুনরায় ৯-৪-৭২ তারিখে সংশ্লিষ্ট পক্ষসমূহের সহিত আলোচনা করিরয়াছিলেন। কিন্তু কোন মীমাংসার সূত্র উদ্ভাবন করা সম্ভব হয় নাই। লক আউট এখনও চলিতেছে। ইহাতে ১২০০ কর্মী কর্মরত ছিলেন। শ্রম অধিকার পক্ষসমূহের সহিত যোগাযোগ রক্ষা করিয়া বিরোধ নিষ্পত্তির চেষ্টা চালাইয়া যাইতেছেন।

**Shri Siddhartha Shankar Ray:** Mr Speaker, Sir, in response to the notices received from Shri Aswini Roy and Shri Naresh Chandra Chaki, honourable members of this House, calling my attention to the incident which took place at Khandakhola near Santipur on the 3rd May, 1972, I have the following statement to make—

A secret information was recived at about 1-55 p.m. on the 3rd May, 1972 that some armed extremists had assembled in a mango grove near Khandakhola, about 3 miles from Santipur Police Station. The Circle Inspector of Police, Santipur, hurriedly assembled a force from Santipur Police Station and the Town Out Post. A section of C. R. P. was also requisitioned. The force under the command of the Circle Inspector left for the spot in a truck.

On reaching the mango grove where the extremists had assembled the police party divided itself and advanced from three directions. As soon as thei movements were detected the extremists attacked them with grenades. Th Police party was also fired upon from rifles and guns

The Police returned the fire in self-defence and continued to advance. The extremists tried to under cover of grenades explosions and firing. After stiff resistance the police party succeeded in hitting the miscreants. It is reported that two of them escaped. The four persons killed in the encounter have been identified to be Ajoy Bhattacharyya Kalachand Dalal,Sambhu Ghosh elias Sarkar, and Ashit alias Madhusudan Chatterjee. All of them were wanted in a number of cases involving murder and other offences under the Indian Penal Code and the Arms Act.

Two, 303 rifles, one D. B B. L. Gun, ammunition and a 17″ bayonet were found in the possession of the dead persons.

Sentipur Police Station Case No. 4 dated 3. 5. 72 has been started in this connection.

The District Magistrate and the Superintendent of Police visted the place of occurrence. As there was apprehension of fights between the extremists and the resistance group, a curfew was promulgated in Santipur town from 5-30 p m. on 3rd May to 6 A. M. on 4. 5. 1972.

[2-40—2-50 p.m.]

**Mr Speaker :** I have received five notices of calling attention on the following subjects, namely :—

(1) Non-payment of salary for March, 1972, to the teacher of aided urban primary schools from the office of the D I. of schools, 24-Pgs—from Shri Niranjan Dihidar ;

(2) Declaration of Bankura district as drought area and immediate introduction of T. R. and G. R. schemes there—from Shri Phani Bhusan Singhababu ,

(3) Declaration of some parts in Birbhum district as drought areas—from Shri Sachinandan Shaw ;

(4) Attack on C. P. I. office at Behala by anti-social elements—from Shrimati Ila Mitra ; and

(5) Acute necessity of a Degree college at Bhagabangola in Murshidabad district—from Shri Mohammad Dedar Baksh

I withhold permission under rule 198 as the House is expected to be adjourned sine die today

## Mention Cases

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আজবে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে উত্থাপন করছি। সেটা হলো হগমার্কেটের একটা দলের দোকানের ব্যাপারে কেলেংকারী। হগমার্কেটের একটা দলের স্টলের মালিক মারা গেলে তার উত্তর ধিকারীগণ তাদের নাম রেকর্ড করার জন্য পৌর কর্তৃপক্ষের কাছে আবেদন জানান। কিন্তু ... টাউন প্ল্যানিং কমিটী উত্তরাধিকারীদের আবেদন বিচার বিবেচনা করে এবং চীফ ল' অফিসারের অভিমত অগ্রাহ্য করে মৃত মালিকের কর্মচারীকে দোকানের মালিক বলে স্বীকৃতি দেন। মিউনিসিপ্যাল আইনে আছে যে মৃত মালিকের উত্তরাধিকারীদের দোকানঘর দিতে হবে।

পৌরসভার চীফ ল অফিসার তদন্ত করে যে রিপোর্ট দিয়েছেন তাতে আছে টাউন প্ল্যানিং কমিটী ঐ ঘরের মালিক বলে যাকে স্বীকৃতি দিয়েছেন তিনি হচ্ছেন মৃত মালিকের এজেন্ট বা ম্যানেজার। অপরদিকে মৃত মালিকের আত্মীয় উত্তরাধিকারীদের দাবীর সমর্থনে যেসব নথিপত্র দিয়াছেন, তা সঠিক আবেদনকারীরা হাইকোর্টে আবেদন করিলে হাইকোর্ট পৌরসভার উপর

বিষয়টী ছেড়ে দেন এবং মৃতের স্বত্ব বা মালিকানার প্রশ্নে বিষয়টিকে বিচার না করে শুধু বিষয়টিকে appropriate authority including the Corporation of Calcutta-র নিকট বিষয়টী agitate করতে পারেন এই মন্তব্য করেন। বিষয়টী অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়—যুগান্তর কাগজে ৫।২।৬৯ তারিখে একটী রিপোর্ট বের হয়—হগমার্কেটের একটী দলের দোকানের মালিকানা নিয়ে রহস্য। তখন অনেক কাউন্সিলর আপত্তি জানিয়েছিলেন। আজকে যখন সরকার কর্পোরেশন হাতে নিয়েছেন, তখন এই দুর্নীতি দূর করে ষ্টলের প্রকৃত মালিককে যেন মালিকানা ফিরিয়ে দেওয়া হয়। সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। গত ২৬শে, ২৭শে ও ২৮শে আগষ্ট, ১৯৭০ সালে—সরকারী কর্মচারীরা ধর্মঘট করেছিলেন অনেকে। তখনকার সময়ে যা পরিস্থিতি ছিল, তার মধ্যে অনেকে অফিসে আসা নিরাপদ মনে করেন নাই। যাহোক তাঁরা ধর্মঘট করেছিলেন। তারজন্য তাদের break of service হয়ে রয়েছে এবং তার ফলে অনেক কর্মচারী অনেক রকম সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। তাদের কাছে ৩০শে জুন, ১৯৭২ সালের মধ্যে একটী জবাবদিহি করবার জন্য নোটিশ গিয়েছিল। অনেকে তার জবাব দিয়েছিলেন এবং অনেকে সময়াভাবে—short period notice যা তাদের কাছে গিয়েছিল তাতে অনেক কর্মচারী জবাব দিতে পারেন নাই। যাহোক বন্ধু কর্মচারী কী কারণে অনুপস্থিত ছিলেন তা জানিয়ে উপস্থিতির জন্য দরখাস্ত করেছেন। এখনো দেখা যাচ্ছে অনেক কর্মচারী break of service এর জন্য কর্মচ্ছেদ হবার দরুণ Provident Fund, Gratuity ও বিভিন্ন সরকারী লোন ও অন্যান্য সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। অনেকের increment ও পেরিয়ে যাচ্ছে। এই অবস্থায় আমি সরকারের নিকট আবেদন করছি ও দাবী জানাচ্ছি যে তাদের ঐ তিন দিনের break of service condone করে সরকার তাদের প্রতি সুবিবেচনার পরিচয় দিন ও একটী সুনির্দিষ্ট ঘোষনা করুন—ঐ break of service দূর করে দিয়ে।

**শ্রীসুধীর চন্দ্র বেরা:** মাননীয় অধ্যক্ষ, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, ক্যালকাটা টেলিফোন নুইসেনসের প্রতি। কলিকাতা টেলিফোন যে একটা নুইসেনসে পরিণত হয়েছে সেটা আপনি নিশ্চয়ই জানেন, মুখ্যমন্ত্রী জানেন আমরা প্রত্যেকে জানি, কখনও রং কানেকশন, কখনও ভুল কালেকশন আর অনেক সময় কানের ভিতর এমন বিকট শব্দ হয় যে কান প্রায় যায় যায় অবস্থা হয়। ১৯৯এ বার বার অভিযোগ করেও রিপলাই পাওয়া যায় না। ঘণ্টার পর ঘণ্টা বসে থাকতে হয় একটা ট্রাঙ্ক-কল বুক করতে গেলে, লাইন পাওয়া যায় না। তার পরে যখন সেটা কেনসেল করতে যাই, সেটা কেনসেল করা যায় না। এই যে কি গর্ভযন্ত্রনা সেটা বলা অত্যন্ত শক্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ইউরোপে যখন প্রথম যন্ত্র অবিষ্কার হয় তখন মানুষ যন্ত্রের প্রতি ক্ষেপে গিয়েছিল, কারণ লোকে ভেবেছিল যে যন্ত্র মানুষের সংগে প্রতিযোগিতা করবে। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই টেলিফোন এর বিপাকে পড়ে আমরা ভাবছি এই টেলিফোন গুলি ভেঙে দেব। আমি তাই আপনাকে অনুরোধ করছি, আপনার ঐ হাতুড়িটি নিয়ে আপনি এই টেলিফোন ভাঙা অভিযানে আমাদের নেতৃত্ব দিন।

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি পশ্চিমবঙ্গের মাননীয় বিধান সভার সদস্যদের মন্ত্রিমণ্ডলীর সদস্যদের দৃষ্টি আকর্ষন করছি। পশ্চিমবঙ্গে বর্তমানে বিভিন্ন ব্যবসায়ী সংস্থা, গভর্ণমেণ্ট ফিনানস করপোরেশন এর

কাছ থেকে প্রচুর পরিমানে অর্থ নিয়ে অত্যন্ত বে-আইনি ভাবে তাকে কাজে লাগাচ্ছে নিজেদের সংকীর্ণ স্বার্থে সেখানে কালো টাকা সৃষ্টি করছে সরকারের কর ফাঁকি দিচ্ছে, বেকারত্বের সৃষ্টি করছে মুদ্রাস্ফীতি সৃষ্টির মাধ্যমে। আমি উদাহরণ-স্বরূপ একটা প্রতিষ্ঠানের নাম বলছি সেই প্রতিষ্ঠান হচ্ছে বাজুরিয়া য্যাণ্ড জালান গোষ্ঠি। আমি সম্প্রতি প্রকাশিত মিঃ এন, সি, রায় এর বিরলা বাড়ী রহস্য খ্যাত মিষ্টি বাজুরীয়া জালান হাউস থেকে সে তথ্য উৎঘাটন করছি, আমরা দেখেছি এই মেকলোড কং এবং ব্রিটিনিয়া ইনজিনিয়ারিং দশটি পাট কল, ১৮টি চা-বাগান এবং বড় ইনজিনিয়ারিং প্রতিষ্ঠানের পক্ষে সরকারী ঋণদাতা প্রতিষ্ঠা থেকে প্রায় ৫১ কোটি টাকা গ্রহণ করেছে, কিন্তু অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে দেখা গিয়েছে এই ৫১ কোটি টাকার মধ্যে থেকে অত্যন্ত বে-আইনি ভাবে ২২ কোটি টাকা অন্য কোম্পানীর খাতে লগনি করা হয়েছে এবং এর একটা দারুন মারাত্মক পরিনাম হচ্ছে সম্প্রতি মেকলোড কোম্পানীর ব্রিটেনিয়া ইনজিনিয়ারিং বন্ধ হয়েছে এবং প্রত্যেকেই আমরা দেখেছি সেখানে স্টেট ব্যাঙ্ক এবং ইনডাসট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেশনের কাছ থেকে প্রায় তিন কোটি টাকা লগনি আছে এবং সম্প্রতি পশ্চিম বঙ্গ সরকার এই যে দুবল এবং সিক ইনডাসট্রিস এই কোম্পানীগুলিকে আইন অনুযায়ী হাতে নিয়ে দেখলেন সেখানে কোন মূলধন তো নেই বরং যন্ত্রপাতি অদৃশ্য হয়েছে। আমি অত্যন্ত পরিস্কার ভাবে চেলেঞ্জ দিয়ে বলতে পারি সেখানে যন্ত্রপাতি দূরের কথা চিমনি আর ওয়াল ছাড়া কিছুই নেই। টাইপ রাইটার মেসিন পর্যন্ত সেখানে নেই। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে এই সমস্ত ব্যবসায়ী প্রতিষ্ঠান গুলিতে দুই লক্ষ লোক কাজ করছে। ৫২ কোটি টাকা কেন্দ্রীয় মূলধন নিয়োজিত হয়েছে এবং কমতে কমতে আজকে দুই কোটি টাকায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে সেয়ার ভ্যালু ১০০ টাকা থেকে তিন টাকায় পৌচেছে এবং এর মধ্যেই কোম্পানিগুলি বন্ধ হতে চলেছে। এবং লক্ষ লক্ষ নতুন বেকার সৃষ্টি হচ্ছে। আমি সেইজন্য এই বিষয়ে পশ্চিম বঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি এই বিষয়ে উপযুক্ত তদন্তসাপেক্ষে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীশরৎ চন্দ্র দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের দৈনিক বসুমতি পত্রিকায় "নিয়োগ পত্র নিয়ে অস্বস্তি" শীর্ষক একটি সংবাদ বেরিয়েছে, তাতে বিধানসভার চার জন মাননীয় সদস্য এই পরিপ্রেক্ষিতে এই দৃষ্টিভঙ্গির প্রতিবাদ জানিয়েছেন। হরিনঘাটাতে ৬২ জন লোককে কিছু সংখ্যক স্থানীয় যুবকের সঙ্গে চাকুরী দেওয়া হয়েছে এবং সেখানে যারা বেকার আছে, স্থানীয় লোক তারা বাইরের কাউকে যোগদান করতে দেবে না এইমর্মে সেখানে আন্দোলন অনশন ইত্যাদি চালাচ্ছে। কিন্তু এই ব্যাপারে হরিণঘাটার সীমাবদ্ধ এরিয়ায় নয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই ব্যাপারে প্রত্যেক জেলায় যদি একটি করে এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড করা না হয় তাহলে অসম্ভব রকম পরিস্থিতির উদ্ভব হবে। কারণ শিক্ষিত বেকার, অর্ধ-শিক্ষক বেকার সব রকম ক্যাটাগরীর বেকার আছে এবং তাঁরা সেখানে সেই জেলায় যাঁরা বসে আছেন তাঁরা বসে থাকবেন আর বাইরের লোক গিয়ে সেই জেলায় কাজ পাবে এ কোন দিন হবে না। বাইরের থেকে লোক গেলে তারা নিশ্চয় বাধা দেবে। এই জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে প্রত্যেক জেলায় একটা এ্যাপয়েণ্টমেণ্ট বোর্ড অফিসিয়াল মেম্বার ও নন-অফিসিয়্যাল মেম্বারদেয় নিয়ে গঠন করা হোক যাতে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট চেয়ারম্যান হবেন এবং এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের অফিসার সেক্রেটারী হবেন এবং সেখানে নন-অফিসিয়াল মেম্বাররাও থাকবেন অবশ্য সিডিউলড্ কাষ্ট মেম্বার রাখতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 2-50—3-00 p.m. ]

**শ্রীকাশী নাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের

প্রতি আলোচনা করছি। গত ৪।৫।৭২ তারিখে প্রকাশিত দৈনিক বসুমতিতে একটি খবর বেরিয়েছিল বাঁকুড়া মেডিক্যাল হাসপাতাল সম্বন্ধে একটা আর্টিক্যাল প্রকাশিত হয়েছে। সেখানে ঐ কলেজের দুরবস্থা ও দুর্নীতির কথা যে আছে সে সম্বন্ধে আমি দু' একটি কথা বলবো। ঐ হাসপাতালে প্রায় এক হাজার লোক আসে। সেখানে রোগীদের কোন ব্যবস্থা নাই। সেখানে ডিপ এক্স-রে মেসিন যে তিনটি আছে সেগুলি অকেজো হয়ে পড়ে আছে ইলেকট্রিক কার্ডিওগ্রাফি মেসিন কাজকে অচল অবস্থায় পড়ে আছে আউট ডোরে অচল অবস্থা--যেখানে চার জন ডাক্তারের প্রয়োজন সেখানে মাত্র একজন ডাক্তার। আর লোক হয় এক হাজার। রোগী পিছু এক মিনিটও সময় থাকে না ফলে রোগীরা রোগ সারানোর বদলে রোগ নিয়ে ঘরে যায়—ট্রিটমেন্ট মোটেই হয় না। ডাক্তাররা তাদের প্রাইভেট চেম্বারে ভীড় বাড়াচ্ছে। সেখানে হাসপাতালের রোগীরা ঠিকমত ঔষধ পায় না। ডাক্তাররা প্রাইভেট চেম্বার দেখারপর তাদের নিজেদের মত করে এ্যাডমিসন করে। এইভাবে দুর্নীতি চলছে। অনেকবার এই হাসপাতাল সম্পর্কে জানানো হয়েছে কিন্তু আজ পর্যন্ত এই দুর্নীতি ও দুরবস্থার কথা কেউ বিবেচনা করেন নি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় এই দুরবস্থার জন্য গত কোয়ালিশন মন্ত্রিসভায় আমরা দেখেছি যে যিনি বর্তমানে এই স্বাস্থ্য বিভাগে সচিব শ্রী এ কে মজুমদার মহাশয় তিনি ইরিগেশন ডিপার্টমেন্টে ছিলেন। বর্তমানে তিনি হেলথ ডিপার্টমেন্টের সচিব হয়ে এসেছেন। তিনি বিভিন্ন জনপ্রিয় কাজগুলি রূপায়িত করছেন না ফেলে রেখে দিয়েছেন। সেইজন্য আমি অনুরোধ করছি যে অবিলম্বে এই সচিবকে বাতিল করা দরকার। এই ব্যাপারে এই সভায় বিভিন্ন মাননীয় সদস্য বিভিন্ন সময়ে এই স্বাস্থ্য বিভাগের দুর্নীতি ও বিশৃঙ্খলার অভিযোগ রেখেছেন।

বিশেষ করে স্বাস্থ্য বিভাগের সচিবের বিরুদ্ধে এবং এখানে মাননীয় সদস্যরা সচিবের বিরুদ্ধে যথেষ্ট প্রমান ও তথ্যের ভিত্তিতে আলোচনা করেছেন। কিন্তু স্বাস্থ্যমন্ত্রী আলোচনার সময় এক দিনও এই সভায় থাকছেন না এবং স্বাস্থ্যবিভাগের এই সব দুর্নীতি, অপকীর্তি সম্বন্ধে একটা পূর্ণাঙ্গ ষ্টেটমেন্ট এই সভায় হওয়া উচিৎ বলে আমি মনে করি।

**Mr. Speaker:** Mr Das, Mr. Panja was present here but has he just now left the Chamber with my permission, to receive a trunk call. I shall inform him when he comes back after receiving the trunk call.

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপুর্ণ বিষয়ে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোরো চাষের জন্য সরকার এই বছর বর্ধমান জেলায় ২০ লক্ষ টাকা পাম্প সেট সরবরাহের জন্য এবং ৮ লক্ষ টাকা স্যালো টিউবয়েলের জন্য মঞ্জুর করেছেন এবং পাম্পগুলি যাঁরা সরবরাহ করবেন সেই রকম ৫টি প্রতিষ্ঠান আছে। তার মধ্যে দু'টি প্রতিষ্ঠান তারা নিজেরা পাম্প তৈরী করে, তাদের মেকানিজম আছে, স্পেয়ার পার্টস আছে, আর বাকি তিনটি প্রতিষ্ঠানের ঐ ধরণের কোন কিছু নেই। তারা নিজেরা তৈরী করে না, বাহিরে থেকে সমস্ত পার্টস নিয়ে এসে সরবরাহ করে থাকে। কৃষকরা এই টাকা শতকরা ৬ থেকে ৮ ভাগ সুদে নিয়ে এই পাম্পগুলি নেবেন। এই ৫টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠান যাঁদের কোন কারখানা নেই তাঁরা সেই পাম্প নিতে রাজী হচ্ছেন না। সেই জন্য সরকারী বিভাগের যে এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার আছেন তারা ১।৩ তারিখে একটি মিটিং করে বলেছেন এই যে ৫টি স্পেসিফিকেসন দেওয়া হয়েছে এগুলি ছাড়াও আরো ৫টি স্পেসিফিকেসানের নাম উল্লেখ করে বলেছেন এবং

এই ৫টি স্পেসিফিকেসনকে যদি অন্তর্ভূক্ত না করা হয় তাহলে ২০ লক্ষ টাকার যে পাম্পগুলি সরবরাহ করা হবে সেগুলি কৃষকরা কিছুতেই নিতে পারবে না। এটা অত্যন্ত গুরুত্বপুর্ণ বিষয় বলে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং একটি সাপ্তাহিক পত্রিকায় এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসারের প্রস্তাব দু'টি আপনার কাছে পেশ করছি আপনি এটা বিভাগীয় মন্ত্রীর কাছে পৌছে দেবেন।

**শ্রী মহঃ দেবার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমণ্ডলী এবং বিধানসভার মাননীয় সদস্যদের একটি গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে মুশিদাবাদ জেলার অন্তর্গত ভগবানগোলার ২ নম্বর ব্লক ডেভেলপমেণ্ট অফিসের গৃহ নির্মানের জায়গা নির্ধারণ এবং যাবতীয় ব্যবস্থাদি ঠিক থাকা সত্বেও আজ পর্যন্ত গৃহ নির্মানের কাজ আরম্ভ হয়নি। অথচ সেখানকার ব্লক অফিসের কর্মচারীদের থাকবার জায়গা নেই। কাজেই তারা প্রায় ৫।৭ মাইল দূরে ভগবানগোলায় বাড়ী ভাড়া করে থাকে এবং কেউ কেউ বহরমপুর, জিয়াগঞ্জ থেকে আসেন। কাজেই ঐ ব্লকের সরকারী কর্মচারীরা ঠিকমত কাজ করতে পারেন না। এজন্য তারা দেরীতে আসেন এবং পরে তাঁরা কখন বাস কিম্বা ট্রেন ধরবেন এই নিয়েই খুব ব্যস্ত থাকেন। ফলে জনসাধারণের কাছে তাদের খুব অসুবিধা হচ্ছে এবং বি, ডি, ও, থেকে গ্রামবাংলার লোকেদের সঙ্গে মিলেমিশে তাদের উন্নত করে তোলার এই যে একটা উদ্দেশ্য পঞ্চায়েতের আছে, সেটা ব্যাহত হচ্ছে। এই জন্য পুনরায় আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে যেন সেই ডেভেলাপমেণ্ট অফিস গৃহ নির্মাণের কাজ আরম্ভ হয়।

**শ্রীনৃসিংহ কুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মুশিদাবাদ জেলার সাগরদীঘি থানায় বোখারা গ্রামে একটি হাই স্কুল আছে। সেই স্কুলটি লাম গ্রাণ্ট স্কুল। সেই স্কুলের শিক্ষকরা ১২।১৮ মাস ধরে বেতন পান নি। পশ্চিমবঙ্গে এই রকম বোধ হয় আরো অনেক স্কুল আছে। কাজেই এই সব স্কুলকে যাতে তাড়াতাড়ি ডেফিসিট গ্রাণ্ট-এর আওতায় এনে ঐ হতভাগ্য শিক্ষকদের উন্নতি সাধন করা যায় সেই দিকে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[ 3-00—3 10 p.m. ]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে যে ব্যাপারটির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে, আপনারা জানেন, গোটা পশ্চিমবাংলায় বেকার সমস্যা একটা জটিল আকার ধারণ করেছে এবং এই সমস্যার মুখে দাঁড়িয়ে আমরা সকলেই দ্বিধাগ্রস্ত, চিন্তিত এবং মনে হচ্ছে এই সমস্যা সমাধান করতে পারলে আমাদের দায় থেকে আমরা উদ্ধার পাই। এমন একটা সময় আমি চিন্তা করছিলাম কোন একটা পথ আবিষ্কার করা যায় কিনা। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি আপনার মাধ্যমে যে, আমাদের পশ্চিমবাংলায় বেশ কিছু দিন আগে পুলিশ বিভাগে যে সংখ্যক কর্মচারী ছিল তাতে এখন বেশ কিছু সংখ্যক ভেকেন্সি আছে বলে আমি মনে করি। কেন না বিগত কিছুদিন ধরে আমাদের পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলাজনিত ব্যাপার নিয়ে বাইরের রাজ্য থেকে ৮ ডিভিসনের মত পুলিশ এখানে এসেছিল এবং এখনও পর্যন্ত তিন ডিভিসানের মত সি, আর, পি রয়েছে। আমরা যদি লক্ষ লক্ষ বা কোটি টাকা বাইরের রাজ্যের পুলিশ এনে এই রাজ্যে তাদের রেখে খাওয়ানো, পরানোর জন্য দিতে

পারি তাহলে এই রাজ্যের বেকার ছেলেদের যাদের স্বাস্থ্য ভাল, যাঁরা অর্ধশিক্ষিত বা কিছুটা শিক্ষিত তাদের জন্য কেন আমরা চিন্তা করবো না? তাই আমি বলছিলাম এখনও এই প্রদেশে ৮-ডিভিসনের মত পুলিশ নেবার সুযোগ সুবিধা রয়েছে। কাজেই এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষন করে বলছি যে আমাদের এই প্রদেশে সেই রকম সুযোগ করা হোক এবং বেকার ছেলেদের ওখানে কাজ দিয়ে আমাদের পুলিশ বিভাগে শক্তি বাড়ানো হোক। কারণ আইন-শৃঙ্খলার মোকাবিলা করার জন্য এটার প্রয়োজন আছে। তা ছাড়া এক একটা ডিভিসানে প্রায় এক হাজার পুলিশ থাকে। কাজেই বাইরের রাজ্য যেমন উত্তরপ্রদেশ—সেটা আমাদের থেকে বড় রাজ্য বটে কিন্তু সেখানে যে পুলিশের সংখ্যা সেটা আমাদের থেকে অনেক কম। সুতরাং এদিকটা ভালো করে দেখে একটা ব্যবস্থা করুন। তা ছাড়া স্যার, আর একটি ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি। কালকে রাত্রিবেলাতে যখন এখান থেকে গেলাম তখন আমি একটি টেলিগ্রাম পেলাম। কালকে যখন জি, আর-এর উপর আলোচনা চলছিল তখন আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের পারমিসান নিয়ে গিয়েছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রীশঙ্কর ঘোষ মহাশয় ছিলেন কিন্তু শুনতে পেলাম আলোচনায় অংশ গ্রহণ করে কোন কোন মন্ত্রী বলেছেন যে যাঁরা অংশ গ্রহণ করেন তাঁরাই আবার পালিয়ে যান। কিন্তু আমরা পালাইনি স্যার, আমরা মন্ত্রীদের কথাতে ভয় করি না যে পালিয়ে যাব। আমি স্যার, টেলিগ্রামটা পড়ে শোনাচ্ছি। এটা মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লক থেকে এসেছে। 'No loan no T. R. G. R. people in starvation.' এটা আপনি দয়া করে পাঠিয়ে দেবেন। স্যার, আমরা শুনি, ত্রানমন্ত্রীর হাতে খরচ করার মত টাকা নেই। ৪৭৪ টাকা করে অঞ্চল পিছু পায়। আমি এটা আপনার হাতে দিচ্ছি আপনি দয়া করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দেবেন। তাঁর কাছে অনুরোধ এই সমস্যার মোকাবিলার জন্য শুধু এই ব্লক নয়, সারা পশ্চিমবাংলার ব্যাপারে তিনি যেন চিন্তা করেন।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। আমরা জানি গত বন্যায় সমস্ত পশ্চিমবাংলায় যে বিধ্বংসী অবস্থা দেখা গিয়েছিল তার পরিপ্রেক্ষিতে মাননীয় পশ্চিমবঙ্গ সরকার থেকে একটা ঘোষণা করা হয়েছিল যে বিভিন্ন কলেজে যেসব ছাত্রছাত্রী পাঠরত আছে তাদের তিন মাসের বেতন সরকার থেকে দেওয়া হবে। কিন্তু দুঃখের সঙ্গে, বেদনার সঙ্গে জানাচ্ছি যে সেই তিন মাসের মাহিনা আজ পর্য্যন্ত সরকার থেকে বিভিন্ন কলেজে পৌঁছে দেবার ব্যবস্থা হয়নি যার ফলে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে বিভিন্ন বেসরকারী কলেজগুলিতে। এই সব কলেজে বর্তমানে ফর্ম ফিল-আপ করা চলেছে। ছাত্র ছাত্রীরা আশা করেছিল তিন মাসের মাহিনা সরকার থেকে পাবে তাই তিন মাসের মাহিনা কম দিয়েছে। এদিকে প্রিন্সিপালরা বলছেন যে ঐ তিন মাসের মাহিনা যেহেতু সরকার থেকে এখনও আসেনি সেইহেতু তোমরা এখন তিন মাসের মাহিনা না দিলে ফর্ম ফিল আপ করতে দেওয়া হবে না। একদিকে কলেজ কর্তৃপক্ষরা এই বলছেন-এক একটা কলেজে ৭০।৮০ হাজার টাকার মতন এই তিন মাসের মাহিনা বাবদ বাকি পড়ে আছে, এটা যদি সরকার থেকে দীর্ঘদিন ফেলে রাখা হয় তাহলে তাঁরা কলেজের প্রফেসারদের মাহিনা দেবেন কি করে? আর অন্য দিকে গরিব পিতামাতারা তাঁদের ছেলেমেয়েদের তিন মাসের মাহিনা গভর্ণমেণ্ট থেকে পাবে বলে ভরসা করে তাদের ফি-বাবদ টাকা যোগাড় করেছিল, সেটা না দিলে তাঁরাই বা কি করে যোগাড় করবেন এই দিকে আমি দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী :** মাননীয় স্পীকার মহাশয়, আমরা যখন এই ঠাণ্ডা ঘরে সভা করছি, রেফ্রিজারেটরের জল খাচ্ছি তখন হাওড়া সদর এবং উলুবেড়িয়া মহকুমার বিভিন্ন জায়গায় ডোবার সামনে দেখছি এক ঘাটেতে কুকুরে জল খাচ্ছে, আর একদিকে মোষ ডুবে আছে, আর একদিকে বাড়ীর মেয়েরা কলসী করে জল নিয়ে গিয়ে সেই জল খাচ্ছে। গোটা হাওড়ায় কোথাও জলের গন্ধ নেই। এর কারণ পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং বলে যে ডিপার্টমেণ্ট আছে তার ইঞ্জিনিয়ার সদা শম্ভু মহাশয়, তিনি কোন কাজে থাকেন না, সব কাজে খালি মাথা নাড়েন। ১৯৪৭ সালের পরিসংখ্যান অনুযায়ী হাওড়ায় ২৪ লক্ষ মানুষ, চারশো জন পিছু একটা করে টিউবওয়েল হলে ছয় হাজার টিউবওয়েল হওয়ার কথা। সেই রকম রিপোর্ট দিয়েছে। সেই জায়গায় হাওড়া সদর মহকুমায় আঠার শো টিউবওয়েল হওয়ার কথা, হল চৌদ্দ শো, এখন তার মধ্যে ছয়শো কার্যকরী, ছয়শো মাঝে মাঝে খারাপ হয়, ছয়শো অকেজো। উলুবেড়িয়া মহকুমায় চার হাজার হওয়ার কথা, হয়েছে দেড় হাজার, সাতশো কার্যকরী এবং আটশো খারাপ। গান্ধী শতবার্ষিকীতে দুই লক্ষ টাকা গান্ধীর নামে টিউবওয়েল করার জন্য এসেছে, সেই টাকা ফেরত চলে গেল। তারপর ৫০ হাজার টাকা সরকার থেকে দেওয়া হল তাতে টিউবওয়েল হল না। হাওড়ার অবস্থা অত্যন্ত শোচনীয়। হাওড়ার বস্তিতে ৭০।৭৫ জন লোক বাস করে, বড় বড় বাড়ীতে টিউবওয়েল আছে, ধনী ব্যক্তিদের বাড়ীতে টিউবওয়েল আছে, কিন্তু বস্তিতে যারা বাস করে তারা জল পাচ্ছে না। আজকে শুনছি বিধানসভা বন্ধ হয়ে যাবে, কালকে যখন কনস্টিটিউয়েনসিতে গিয়ে ঘুরব তখন কি বলব ? এম. এল. এ.-রা যেভাবে প্রস্তুত হচ্ছে তখন আমাদের কে বাঁচাবে ঠিক নেই। সেজন্য আপনাকে বলছি আপনি সরকারকে একটু নেড়ে দিন যাতে কিছু টিউবওয়েল স্যাংকসান হয়। সদস্যদের মেনসান কেসের কোন অর্থ হয় না, কারণ, মন্ত্রিরা এসব কথা শুনতে চান না। সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে হাওড়া জেলায় প্রচণ্ড পানীয় জলের অভাব দেখা দিয়েছে, এই বিষয়ে তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন। হাওড়াকে খরা পীড়িত জেলা বলে ঘোষণা করার সময় এসেছে। আশা করি, বর্তমান মন্ত্রিসভা আমার এই কথাগুলি বিবেচনা করবেন।

**শ্রীশিশিরকুমার ঘোষ :** মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে একটা জরুরী অবস্থার কথা আমি এই হাউসের সামনে রাখছি। ২৪-পরগণা জেলার শহরাঞ্চলে যেসমস্ত প্রাথমিক বিদ্যালয় সাহায্যপ্রাপ্ত হয় সেই সমস্ত বিদ্যালয়ের শিক্ষকরা মার্চ মাস থেকে বেতন পাচ্ছেন না। আপনি জানেন এই শিক্ষকরা কত কম মাইনে পান এবং মার্চ মাস থেকে বেতন পাচ্ছেন না কেন এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন। এটা যদি কোন টেকনিক্যালিটিজের জন্য হয়ে থাকে তার ব্যবস্থা করুন, আর এটা যদি কোন আমলার ত্রুটির জন্য হয়ে থাকে তাহলে তার শাস্তি বিধানের ব্যবস্থা যাতে হয় তারজন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসরোজ রায় :** মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটা জরুরী ব্যাপার রিলিফ ডিপার্টমেন্টের মন্ত্রির সামনে রাখতে চাই। আমি একটা টেলিগ্রাম পেলাম যে গত ৩ তারিখে এবং তারও আগে দু'দিন এত কালবৈশাখীর ঝড় এবং বৃষ্টি হয়েছে যে কতকগুলি এলাকায় যারা ক্ষেত মজুর তাদের বাড়ী বলে কিছু নেই। এটা আমি খুব সিরিয়াসলি রাখছি। গত বছর বন্যায় যাঁদের বাড়ী ভেঙ্গে গিয়েছিল তাঁরা আজো বাড়ী তৈরী করতে পারেন নি, তারা রিলিফ পায়নি। নিজেরা কোনরকম করে কিছু খড়কুটো জোগাড় করে টিকে থাকার মত যাদের অবস্থা ছিল কতকগুলি মৌজায়, কতগুলি অঞ্চলে, এই ঝড়ের ফলে তাদের আর বাড়ী ঘর নেই। শহরের পাশে নয় বলে তারা কোন স্কুলে বা কোন জায়গায় সেলটার নেবে তারও উপায় নেই। এখন

ওখানে খড়ের দর চলছে একশো টাকা কাহন। একটা সাধারণ বাঁশ দু'টাকা। সেখানে একটা ক্ষেত মজুরের পক্ষে এগুলি যোগাড় করা সম্ভব নয়। সেজন্য তারা বাড়ী তৈরী করতে পারছে না। গড়বেতা থানায় যে যে অঞ্চলে ঐ কালবৈশাখীর ঝড়ে ক্ষেত মজুরদের বাড়ী ভেঙ্গে গেছে ইমিডিয়েটলি তাদের ঘর তৈরী করার একটা ব্যবস্থা করা দরকার। এই অবস্থায় তাদের ছেলেপুলেদের মারা পড়তে হবে, তাদের থাকার জায়গা নেই। এটা আমি বিশেষভাবে রিলিফ মন্ত্রিমহাশয়ের নজরে আনতে চাই, এবং আমি আশা করি, তিনি একটা স্পেশাল মেজার নেবেন—এর একটা ব্যবস্থা করবেন।

[ 3-10—3-20 p.m. ]

**শ্রীশঙ্করদাস পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টিগোচরে আনতে চাই। আমরা দেখতে পাচ্ছি যে কৃষ্ণনগরে প্রায়ই ইলেকট্রিকের তার চুরি হয়ে যাচ্ছে। রিসেণ্টলি বহরমপুরে ফতেপুর মৌজায় ট্রান্সফরমার চুরি হয়ে গেছে। আমি আশ্চর্য হয়ে যাই যে ট্রান্সফরমার কি করে চুরি হয়? এই চুরি হওয়ার জন্য সেখানে সব কিছু বন্ধ হতে চলেছে। এই ট্রান্সফরমার কি করে চুরি হওয়া সম্ভব, ট্রান্সফরমার চুরি হওয়ার ব্যাপারে আমার মনে হয় যেখানে ডিপ টিউবওয়েলের কর্মচারীদের থাকবার ব্যবস্থা আছে, সেখানে সেই কর্মচারীরা থাকে না। অথচ সেখানে ট্রান্সফরমার চুরি হয়ে যাচ্ছে। এই ট্রান্সফরমারগুলো মাটি থেকে প্রায় দশ ফুট উঁচুতে থাকে। সেই ট্রান্সফরমার মাটিতে ফেলে চুরি করে—এ জিনিস এক্সপার্ট না হলে চুরি হতে পারে না। সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলবো যে তাঁর ডিপার্টমেণ্ট যদি তদন্ত না করে তাহলে আমরা যে কেবল বড় কথা বলেই শেষ করবো তাই নয় সামনে যে আই, আর-৮ চাষ হচ্ছে তা হবে না। সেইজন্য আমি অনুরোধ করছি যে ইমিডিয়েটলি এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা উচিত।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে সমস্যার প্রতি আমি সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই ও মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই তা হল আসানসোল মহকুমার বারবোনী, জামুরিয়া, শ্যামলপুর ও কুলটি ইত্যাদি থানার জলের অভাবের কথা। এই অঞ্চলে জলের অভাব তীব্র আকার ধারণ করেছে। সেখানে পানীয় জল পাওয়া দুষ্কর হয়ে পড়েছে। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় কয়েকদিন আগে আসানসোলে কয়েকটা ট্রাংকার নিয়ে গিয়েছিলেন তা থেকে জলসরবরাহ করবার জন্য। তাঁর সদিচ্ছা ছিল। আসানসোলের জলের সমস্যা নিয়ে ইতিপূর্বে আমরা অনেক আলোচনা করেছি এবং খুবই আনন্দের কথা যে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কিন্তু আসানসোল সহরাঞ্চলের জলের সমস্যা অত্যন্ত প্রকট এবং বিশেষ করে কয়লাখনি অধ্যুষিত জামুড়িয়া, সালামপুর ইত্যাদি এলাকার গ্রামাঞ্চলে এরূপ অবস্থার সৃষ্টি হয়েছে যে আজকে মানুষ জলের অভাবে হাহাকার করছে—কোথাও জলের সরবরাহ নেই। যে কুয়া আছে—পানীয় জলের জন্য সরকার তৈরী করেছিলেন তার শতকরা ৯০ ভাগ শুকিয়ে গিয়েছে। মোট কথা বলতে গেলে এই কটা থানায় পানীয় জলের কোন ব্যবস্থা নেই। আমি আপনার মাধ্যমে এই আশা পোষণ করছি যে মন্ত্রিমহাশয়ের সংশ্লিষ্ট বিভাগ অবিলম্বে চারটা থানায় পানীয় জলের ব্যবস্থা করবেন।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফৎ আজকে একটি জরুরী বিষয়ের প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে কাটোয়া সহরে কোন রকমে সিমেণ্ট পাওয়া যাচ্ছে না। তার ফলে রাজমিস্ত্রীর কাজে নিযুক্ত আনুমানিক কয়েক হাজার লোক বেকার হয়ে পড়েছে। সিমেণ্টের মালিকদের সঙ্গে যোগাযোগ করলে তারা বলে যে ওরাগনের নাকি অভাব কিন্তু আমার কাছে খবর আছে যে ওয়াগনের অভাবই একমাত্র

কারণ নয়। ঐ বস্তায় যতটুকু সিমেন্ট থাকে সেই সিমেন্ট থেকে ব্যবসায়ারী বার করে নেয় এবং সেই বস্তায় সিমেন্টের যে ওজন তার চেয়ে ওজন বেশী দেখিয়ে বিক্রি করতে চান। কিন্তু ওখানকার ক্রেতারা সেই ওজন দিতে রাজী না থাকায় ঐ সিমেন্ট ব্যবসায়ীরা কৃত্রিম অভাবের সৃষ্টি করছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফৎ সরবরাহ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি কারণ কাটোয়া সহরের রাজমিস্ত্রীরা নূতন করে সমস্যার সম্মুখীন হয়েছে। এই দিকে দৃষ্টি দিয়ে যাতে সুষ্ঠুভাবে সিমেন্টের সরবরাহ হয় ও এই সমস্যার সমাধান যাতে হতে পারে সেইদিকে যাতে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন সেই অনুরোধ আমি রাখছি।

**শ্রীশচীনন্দন সাউ:** স্যার, গতকালকার একটি ঘটনার কথা আমি আপনার কাছে রাখছি। এই ঘটনাটা হচ্ছে বারাসতে ঢুকতেই যে চুঙ্গীকর অফিস আছে সে সম্বন্ধে। আমাদের পশ্চিমবঙ্গের যুব কংগ্রেসের অন্যতম নেতার একটি truck ঐখানে এলে তাকে থামান হয় এবং তাতে তিনি আসছিলেন। ট্রাকের driver এসে চুঙ্গীকরের পয়সা দিতে যায়। ট্রাকের নম্বর হচ্ছে W. G R. 879. সেই driver-কে বলা হয় যে এত টাকা দিতে হবে, কিন্তু কম করে যদি দেন তাহলে রসিদ দেব না। Driver বলে যে আমাকে রসিদ দিতে হবে এবং যা টাকা লাগে নিন। পরে সে যখন টাকা দিয়ে গাড়ী নিয়ে যাচ্ছে ঠিক সে সময় একজন পুলিশ গাড়ী থামিয়ে বলে যে এক টাকা না দিলে গাড়ী যেতে দেওয়া হবে না। টাকা কিসের জন্য লাগবে জিজ্ঞাসা করায় সে বলে যে না দিলে গাড়ী ছাড়ব না এবং থানায় যেতে হবে। কিন্তু তাকে থানায় যেতে হয়নি। তখন চুঙ্গীকরের অফিসের লোক এসে বলে যে কিছু করতে হবে। Actually দেখা যায় সেখানে প্রত্যহ অনেক গাড়ী আসা-যাওয়া করে। এরা তাদের কাছ থেকে এইভাবে পয়সা আদায় করে। তখন সকাল ১০টা থেকে ১০-১৫ মিনিট হবে। সেই Constable-এর নম্বর হচ্ছে P-145-এবং যে পুলিশ Constable ছিল তার নাম হচ্ছে R. P. Sharma, এর duty-র সময় batch ছিল না। এই অন্যায়ের প্রতিবাদ তাঁরা করেছিলেন যাতে আমরা হাউসে বলি সেজন্য তাঁরা বলে দিয়েছেন। সেজন্য বলছি যে এইরকম দুর্নীতির বিরুদ্ধে তদন্ত হওয়া দরকার এবং এর প্রতিবিধান করা হোক।

**ডাঃ কানাইলাল সরকার:** স্যার কোলকাতায় বহু সঙ্কটের মধ্যে নূতন করে একটা সঙ্কট দেখা দিয়েছে—সেটা হচ্ছে taxi সঙ্কট। এই taxi সঙ্কট এমন নূতনভাবে দেখা দিয়েছে বলে আমি এটা House-এ mention করছি। Taxi driver-দের licence দেওয়া হয় driving licence, কিন্তু তাদের খামখেয়ালীর উপর লাইসেন্স নিশ্চয় দেওয়া হয় না। আপনি একটা taxi-র জন্য অপেক্ষা করুন—খালি taxi ডাকুন আপনার দিকে সে ফিরে তাকাবে না আবার কেউ যদি দয়া করে দাঁড়ায় এবং তাকে গন্তব্য পথ বললে তার সুবিধে হলে সে যায় না হলে যাবে না। এবিষয়ে আমি পরিবহণ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই taxi সঙ্কটের জন্য আরোহীদের খুব বেশী অসুবিধা হচ্ছে। Driver-রা খেয়াল খুশী মতন আরোহী নেবেন এবং যাবেন। আবার কোন সময় যদি কোন জায়গায় ২।১ মিনিট দাঁড়াতে চান তাহলে সে বলে যে দাঁড়াতে পারব না। এইভাবে এই taxi সঙ্কটের দিকে পরিবহণ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করুন এবং এই taxi সঙ্কট যদি দূর না করতে পারেন তাহলে কোলকাতায় লোকের অসীম কষ্ট হবে।

## Statement under Rule 346

[ 3-20—3-30 p.m. ]

**Shri Siddhartha Shankar Ray:** Mr Speaker, Sir, I have to make two statements before the House. The first statement is with regard to the setting

up of a Planning Board for the State of West Bengal which we were committed. Sir, very unfortunately, there had been no proper planning for the State of West Bengal for a very long time, particularly, there had not been any attention paid......

**শ্রীলালচাঁদ ফুলমালি :** বাংলায় বলুন।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** খুব ভালো কথা। আমি বাংলায়ই বলছি। বিশেষ করে ভিত্তিক পরিকল্পনার ব্যবস্থা ঠিকমত হয় নি যার ফল এখন আমরা উপলব্ধি করছি। নির্বাচনের পূর্বে একথা বলেছিলাম। একটা সায়েনটিফিক মেথড যদি না নেওয়া হয় যেটা জাতীয় পরিকল্পন সেটা থাকবে তারই ভিত্তিতে পশ্চিমবঙ্গে যদি সুষ্ঠ ভিত্তিক পরিকল্পনা নেওয়া না হয় তবে আমাদের নানারকম অসুবিধা হবে এবং আমরা যা করতে চাইছি তার কিছুই করতে পারবো না। তারজন্য একটা প্ল্যানিং বোর্ড আমরা সৃষ্টি করছি পশ্চিমবঙ্গে এবং আজকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে আমাদের মন্ত্রিসভার বৈঠকে যে একটা সরকারী প্রস্তাব দ্বারা গভর্ণমেণ্ট রেজুলেশান যাকে বলে একটা প্ল্যানিং বোর্ড এ্যাপয়েনটেড হবে। যার চেয়ারম্যান হবেন চীফ মিনিষ্টার। ডেপুটি চেয়ারম্যান হবেন ডাঃ অজিত কুমার বসু, এম, এস, এফ, আর, সি, এস, এফ, এ, সি, এস। হোল-টাইম মেম্বারস হবেন শ্রী শংকর ঘোষ, মিনিষ্টার ইন চার্জ অফ ফাইন্যান্স এ্যাণ্ড একসাইজ, শ্রী আবদুস সাত্তার, মিনিষ্টার ইন চার্জ অফ এগ্রিক্যালচার, শ্রী এন, সি, সেনগুপ্ত, চীফ সেক্রেটারী, শ্রীপান্নালাল দাসগুপ্ত, ডাঃ অজিত কুমার বসু পি, এইচডি (রোটরডাম), ডাঃ সন্তোষ চক্রবর্তী, পি, এইচডি (লনডন) (বর্ধমান ইউনিভার্সিটি), শ্রী পি, সি, ভি মল্লিক, রেজিষ্ট্রার, যাদবপুর ইউনির্ভাসিটি, ডাঃ অমিতাভ ভট্টাচার্য, যাদবপুর ইউনির্ভাসিটি। আর পার্ট-টাইম মেম্বারস হবেন ডাঃ দেব কুমার বসু পি, এইচডি (লনডন), শ্রী বি, কে দত্ত, কাষ্টোডিয়ান, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, শ্রীভাস্কর মিত্র, চেয়ারম্যান, এ্যাণ্ড্রু ইল এণ্ড কোং, শ্রীকালী মুখার্জী, এম, পি, শ্রী এ, কে ঘোষ, ভাইস-চেয়ারম্যান, সেণ্ট্রাল ওয়াটার এ্যাণ্ড পাওয়ার কমিশন। শ্রী এ, কে ঘোষের বেলায় আমাদের কাছে কেন্দ্রীয় সরকারের অনুমতি এখনও আসে নি। তাই সাবজেক্ট টু দি এ্যাপ্রুভ্যাল তাঁর নাম আমরা ঘোষণা করছি। আমরা আশা করছি তাঁর নিয়োগ সম্বন্ধে অনুমতি পাওয়া যাবে। ডেপুটি চেয়ারম্যান যিনি হবেন তাকে ষ্ট্যাটাস অফ এ ক্যাবিনেট মিনিষ্টার দেওয়া হবে এবং নন-অফিসিয়াল হোল-টাইমারস মেম্বারসদের ষ্ট্যাটাস অফ এ মিনিষ্টার অফ ষ্টেটস দেওয়া হবে। শ্রী কে, বিশ্বাস, আই, এ, এস এই প্ল্যানিং বোর্ডের সেক্রেটারী হবেন। এছাড়া, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি নিযুক্ত করা হবে প্রত্যেকটা ডিস্ট্রিক্টএ যাতে নীচের থেকে পরিকল্পনা সম্বন্ধে খবরাখবর প্লানিং বোর্ডের কাছে পৌছায়, উপর থেকে যাতে কিছু চাপান না হয়। আমাদের জেলা প্ল্যানিং কমিটিগুলোতে তার টপে থাকবেন মিনিষ্টার অফ ডিস্ট্রিক্ট। Minister of the district as the Chairman. If there is no Minister from any district but a state Minister. যদি সেই জেলাতে মন্ত্রি না থাকেন রাষ্ট্রমন্ত্রী থাকেন তবে রাষ্ট্রমন্ত্রী চেয়ারম্যান হবেন। যদি মন্ত্রী না থাকেন রাষ্ট্রমন্ত্রী না থাকেন তবে ওই কমিটিতে যাঁরা আছেন ডিস্ট্রিক্ট কমিটিতে তার থেকে সরকার একজনকে চেয়ারম্যান নিযুক্ত করবেন। এ ছাড়া সেই জেলার প্রত্যেকটি এম, এল, এ সেই জেলার ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির সভ্য হবেন। তাছাড়া থাকবেন ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট আর ডিস্ট্রিক্ট প্ল্যানিং অফিসার। রিজিওনাল বডি যেগুলো আছে যেমন সি, এম; ডি, এ, হলদিয়া ডেভেলপমেণ্ট বোর্ড, শিলিগুড়ি প্লানিং অর্গানাইজেশান, আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশান এগুলো চলবে। কিন্তু Planning Board will take overall view of

the matter and then suggest as to how these regional bodies can be integrated into our schem.

The functions of the Planning Board will be—

(a) to make an assessment of the State resources and formulate plans for the most effective and balanced utilisation of these resources ;

(b) to determine plan priorities of the State within the framework of the priorities of the National Plan ;

(c) to assist district authorities in formulating their development plans within the spheres in which such planning is considered useful and feasible and to coordinate these plans with the State Plan ,

(d) to identify factors which tend to retard economic and social development of the State and determine conditions to be established for successful execution of the plans ; and

(e) to review and evaluate the progress of implementation of the plan programmes and recommend such adjustments in policies and measures as the review may indicate.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে আমাদের পশ্চিমবাংলায় সবচেয়ে ভাল ভাল লোক যাঁরা আছেন তাঁদের বেছে নেবার চেষ্টা করেছি। আমি দেখছিলাম যে পশ্চিমবাংলায় ট্যালেণ্টের কোন অভাব নেই। কিন্তু দুঃখের বিষয় সরকারের সঙ্গে যাঁরা এই সমস্ত কাজ নিয়ে কাজকর্ম করছেন তাঁদের সঙ্গে একটা যোগাযোগ আগে কখন করবার চেষ্টা হয়নি। এই প্রথম আমরা করছি। এর জন্য আমরা গর্বিত হচ্ছি না, আমরা মনে করি এটা আমাদের কাজ। প্রত্যেক সরকারের কাজ, আজকে যাঁরা এই রকম কাজ করেন ইনটেলেকচ্যুয়াল লোক, যাঁরা বুদ্ধিমান লোক, যাঁরা দেশের কথা ভাবেন তাঁদের সঙ্গে যোগাযোগ করে কাজ করা এবং তাদের সঙ্গে কাধে কাধ মিলিয়ে কাজ করা। আমরা তাই, আপনি দেখেছেন যে কোন রাজনীতির দিকে মন দিই নি, কোন দলের দিকে মন দিই নি, এমন মানুষদের নিয়েছি যাঁরা প্রকৃতপক্ষে দেশের উন্নতি সম্বন্ধে প্রস্তাব রাখতে পারবেন। এছাড়া ঐ প্ল্যানিং বোর্ড যখন বসবে তখন তাতে অনেকগুলি সেল তৈরী করবেন তাতে অনেক লোক আসবেন, ভাল ভাল লোক আসবেন, ভাল ভাল লোকই যুক্ত হবেন। জুলাই মাসের ভিতর আমাদের এ্যাপ্রোচ প্ল্যানটা দিতে হবে প্ল্যানিং কমিশনে, তারপর প্ল্যান তৈরী করবে এটাই আমার বক্তব্য। আপনাকে ধন্যবাদ দিচ্ছি আমাকে বলতে দেবার জন্য।

দ্বিতীয় বক্তব্য যেটা বলতে যাচ্ছি সেটা কিন্তু ইংরাজীতে লেখা, মাননীয় সদস্যরা যেন কিছু মনে না করেন, এটা খুব জরুরী সেই জন্য আমি ইংরাজীতে বলতে চাচ্ছি।

Day before yesterday an electrical transformer in the Raniganj Water Supply Scheme Plant near Asansol exploded In consequence, two of our young and able engineers died. Two others are in a serious condition in hospital. The Government greatly regret the death of the two loyal and devoted officers who died in discharge of duty towards the community

The community in consequence suffer seriously in other fields. The region suffers from endemic water shortage particularly during summer. The Water Supply Scheme which would have been inaugurated tomorrow would have supplied water to 12 small townships, 18 collieries and 217 villages covering a total area of 243 square miles in the locality In consequence, 3,00,000 people will continue to suffer from water shortage. This will set back the Project by several weeks Similarly, Government have noted another break-down round the 2nd of May in Durgapur Project Ltd. A 75 Mega. Watt Unit of the Project revealed a serious fault. In consequence, there was disruption of generation which caused a chain reaction reaching up to

*Calcutta Industrial area. In consequence, load-shedding by Calcutta Electric Supply Corporation has been frequent. The Hindusthan Motors at Uttarpara* area has to stagger its working and has to lay off a section of its workers. On the 3rd, it had to lay off almost 14000 workers. It has already affected production in Cotton Textile Mills, Jute Mills and it is feared that the production situation during the current month be worse. In the Dunlop Works stoppage on the 3rd and the 4th have caused a prodnction loss of Rs 14 lakhs.

The Government takes a very serious note of this situation. Because of some prima-facie reasons, the Government cannot rule out that these break-downs and slow-downs are the consequences of positive and negative acts of sabotage by disruptive anti-demoratic forces. Such elements apparently have a plan to upset and sabotage the Government's time-bound programme of economic regeneration in the State for the benefit of the workers and the peasants whose interest this Government represent in this House. The Government are determined to locate these saboteurs. They have already instructed the law enforcement as well as the technical agencies to investigate and pin-point responsibility not merely in the specific case of Asansol explosion but also in the other cases of break-downs owing to perhaps deliberately faulty maintenance. As and when they are located, the Government are determined to take legal action against such saboteurs. Investigation has already commenced.

[3-30—4-05 p. m. including adjourntment.]

The Government also take this opportunity to call upon the members of the Democratic Political and Labour Organisations to exercise sharp vigilance against possible sabotage. The law enforcement and the technical agencies should be in this regard supported and helped with information. That the acts of a few should be allowed to interefore with the plan of economic resurgence by the Government, with its plan to pull the community out of the economic morass, which has nearly prostrated potentially perhaps the richest State in India, will not be tolerated. This is a matter to which the Government, the community and the workers will pay concerted attention. In this connection, the Government also wish to warn the Democratic Organisations against infiltration by elements who have resolved to destroy even further the economy of the State and add to the deep distress of the workers and the peasants which this Government are resolved to compat within a time-bound programme.

Yesterday it was announced by the Health Minister that a retired High Court Judge will held an enquiry but in view of certain facts now in our possession, it is not necessary to hold a judicial enquiry but a detailed police investigation. That investigation is first necessary. We have alredy ordered that investigation and it has started. We shall decide what we shall do in future thereafter. It is obvious that some concerted action will have to be taken if our apprehension is correct.

**Mr. Speaker** : Shri Biswanath Mukherjee moved a privilege question on the 2nd May, 1972, regarding publication of some news item to which he has taken exception. May I know whether Shri Biswanath Mukherjee, the honourable member who is present here, after publication of his statement, in the newspaper, wants to press or does not want to press the matter any further.

**Shri Biswanath Mukherjee :** In view of the fact that the newspapers concerned have noted and also published my contradiction I do not want to press this issue. যেহেতু কাগজগুলি যাদের সম্বন্ধে আমি অভিযোগ করেছিলাম তারা আমার প্রতিবাদ ছাপিয়েছে, অর্থাৎ তাদের আগের ছাপা সংশোধন করেছে। সেইজন্য এই বিষয় নিয়ে আর আমি অগ্রসর হতে চাই না।

**Mr. Speaker** : Another point of order was raised by honourable member Shrimati Ila Mitra. I have carefully considered the point of order raised by Shrimati Ila Mitra, yesterday, regarding the propriety in spliting up the amendment of Dr. A. M. O. Ghani moved on 3. 5. 72 to her motion under rule 185 of the West Bengal Legislative Assembly Procedure Rules regarding diplomatic recognition to the G. D. R. and the Provisional Govt. of South-Vietnam. I have since looked into the practice and precedents followed in different Legislatures and have come to the conclusion that what has been done in this case is not at all irregular but is fully justified. I would like the honourable member kindly to refer in this connection to the House of Commons Journal (1840) page 153, (1846-47) page 865, (1878-79) page 136, (1890) page 53, wherein it will be found instances of several amendments being moved in succession, to a proposed amendment Out of the many precedents in this House I have singled out one which I consider to be the most relevant to the point at issue. Thus on the 20th February, 1956, the amendment No. 14 on the order paper of the day of Shri Subodh Banerjee to the motion of thanks in reply to Governors Address, only the portion upto clause 6 was put to vote and lost. In the present case also part of Dr. Ghani's amendment was put to vote and accepted. So the point of order which was raised by Shrimati Ila Mitra falls through

(At this stage the House was adjourned for half an hour)

[ 4-05—4-15 p.m. ]

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়. আমাদের কয়েকজন মন্ত্রিমহাশয়ের বিবৃতি পেলাম। কিন্তু আর একজন মন্ত্রির পেলাম না। তিনি বিবৃতি দিবেন বলে কথাও দিয়েছিলেন. কিন্তু আজ অধিবেশন তো শেষ হয়ে যাচ্ছে, টায়ার সম্পর্কে যে সঙ্কট দেখা দিয়েছে সে সম্পর্কে তিনি বিবৃতি দিবেন কথা দিয়েছিলেন। স্পীকার মহাশয় নিজেও এখানে বলেছেন, এবং তাঁর কথা মতই এখানে বিবৃতি দেবার কথা ছিল। এটা খুবই জরুরী, এটা খুব দরকার। একটা দুষ্ট চক্র গড়ে উঠেছে, ফুড ডিপার্টমেণ্ট বিলি করবে, ট্রান্সপোর্ট গাড়ী চালাবে, কিন্তু টায়ার পাওয়া যাচ্ছে না বলে নানা জায়গায় বিশৃঙ্খলা দেখা দিয়েছে, বহু টাকা লুট হচ্ছে এই দুষ্ট চক্রের জন্য, আমার কাছে সংবাদ আছে, সেজন্য এ ব্যাপারে ষ্টেটমেণ্ট দেওয়া উচিত। দীর্ঘদিন ধরে এইরকম অবস্থা হয়েছে, পাওয়া যাচ্ছে না, এটা যে হঠাৎ সৃষ্টি হয়েছে তা নয়, এই দুষ্ট চক্র অভিসন্ধি নিয়ে কাজ করে চলেছে, এতে তারা বহু টাকা লাভ করে এটাই আমার সংবাদ। আমি তাই দাবী করছি একটা ষ্টেটমেণ্ট দিন তাহলে জানতে পারা যাবে অবস্থা কেন এইরকম হয়েছে। এটা জানা দরকার।

**Mr. Deputy Speaker** : Mr. Das, perhaps you are aware that the Minister-in-charge of Home (Transport) Department is not in Calcutta. He has gone to Delhi. This information has already been given to the House at the very beginning of the session to-day. Therefore, the statement which you want cannot be made at this moment.

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** আজকে যদি ষ্টেটমেণ্ট না দেন তাহলে এটা প্রকাশ করা উচিত সংবাদপত্রে, গভর্ণমেণ্ট পক্ষ থেকে বলা উচিত কেন এই সঙ্কট হয়েছে এবং কিভাবে তাঁরা তার রিমেডি করতে যাচ্ছেন। এটা তাঁদের বলা উচিত এবং সেইভাবে একটা ষ্টেটমেণ্ট দেবেন।

## The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972

**Shri Bholanath Sen:** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972.

(Secretary then read the Title of the Bill)

**Shri Bholanath Sen:** Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972, be taken into consideration.

**শ্রীভোলানাথ সেন:** স্যার, ওয়েষ্ট বেঙ্গল স্যালারিস এ্যাণ্ড এ্যামেণ্ডমেণ্ট বিলে চিফ মিনিষ্টার এবং মিনিষ্টারদের শুধু ফার্নিসড্ কোয়ার্টার্স দেবার বন্দোবস্ত ছিল। কিন্তু এই এ্যামেণ্ডমেণ্ট বিলে যাঁরা আগে পেতেন না অর্থাৎ ষ্টেট মিনিষ্টার বা ডেপুটি মিনিস্টার তাঁদেরও ফার্নিসড কোয়ার্টার্স দেবার বন্দোবস্ত করা হচ্ছে। তার একটা ক্লজ হোল মিনিস্টার এবং চিফ মিনিস্টারের মোটর কার দেবার প্রভিসন ছিল কিন্তু অন্যদের সেটা ছিল না, এখন তাঁদেরও সেই সুবিধা দেবার জন্য প্রভিসন করা হোল। আর একটা মেইন জিনিস হল স্পীকারের স্যালারি চেঞ্জ। অর্থাৎ স্পীকারকে চিফ্ মিনিষ্টারের সমান করা হল। তবে অন্যান্য যে সমস্ত সুবিধা মিনিস্টারের সমান ছিল তাই থাকল। ডেপুটি মিনিষ্টারের বেলায় কোন পরিবর্তন করা হয়নি। এই বিলের দ্বারা আপাততঃ চিফ্ মিনিষ্টারের বা কোন ক্যাবিনেট মিনিষ্টারের কোন সুবিধা হচ্ছে না, শুধু ডেপুটি মিনিষ্টার এবং মিনিষ্টার অব স্টেটদের সুবিধা দেওয়া হচ্ছে। এর একমাত্র কারণ হোল এখন যে অবস্থা তাতে মিনিষ্টার হোন, ডেপুটি মিনিষ্টার হোন, স্টেট মিনিষ্টার হোন বা চীফ্ মিনিষ্টার হোন অর্থাৎ যেই হোননা কেন গাড়ী না দিলে কাজ করার খুব অসুবিধা হচ্ছে এবং তাছাড়া সিকিউরিটিরও একটা প্রবলেম আছে। দ্বিতীয়তঃ, ফার্নিসড কোয়ার্টার্স দেবার যে ব্যবস্থা হল তার কারণ হচ্ছে এখন যে অবস্থা তাতে দেখছি বেশীর ভাগ লোকই আমাদের এখানে বাইরে থেকে আসেন কাজেই তাঁহাদের কোয়ার্টার্স না দিলে অসুবিধা হবে। মোট কথা হল ডেপুটি মিনিষ্টার এবং ষ্টেট মিনিষ্টারের সুবিধাটা বাড়িয়ে দিয়ে প্রায় ক্যাবিনেট মিনিষ্টারের সমান করা হল। বিলের আর একটা পোর্সান আছে এবং সেটা হচ্ছে ইলেকট্রিক সাপ্লাই এবং গ্যাসের প্রভিসন করা হচ্ছে যেখানে ফার্নিসড কোয়ার্টার্স দেওয়া হবে না সেখানে। এর জন্য একটা এ্যামেণ্ডমেণ্ট আছে এবং আমি সেটা এ্যাকসেপ্ট করছি। অর্থাৎ কিনা ইলেকট্রিসিটি কনজামসনের জন্য স্টেট গভর্ণমেণ্ট যদি মনে করেন তাহলে যাঁরা ফার্নিসড কোয়ার্টার্স পাচ্ছেন না তাঁদের ইলেকট্রিসিটির জন্য একটা প্রভিসন করা যেতে পারে এবং তার জন্য ক্ষমতা দেওয়া হল। তাহলে পজিসনটা হচ্ছে যাঁরা অতীতে ফার্নিসড কোয়ার্টার্স পাচ্ছিলেন তাঁরা ফ্রি ফার্নিসড কোয়ার্টার্স পান, আইন অনুসারে তাঁরা ইলেকট্রিসিটি পান, গ্যাস পান কিন্তু যাঁরা ফার্নিসড কোয়ার্টার্স পাচ্ছেন না বা যে কোন কারণেই হোক নিজের বাড়ীতে বা ভাড়া বাড়ীতে আছেন তাঁদের ভবিষ্যতে এটুকু সুবিধা বাড়িয়ে দেওয়া যেতে পারে এবং তারজন্য ক্ষমতা নেওয়া হচ্ছে যে, যদি ইলেকট্রিসিটির দরকার হয় তাহলে সেটা যাতে দেওয়া যেতে পারে। এ সম্বন্ধে শেষ পর্যন্ত কোন সিদ্ধান্তে আসা হয়নি যে দেওয়া হবে কিনা, তবে ক্ষমতা নেওয়া হোল। অর্থাৎ এ্যামেণ্ডমেণ্ট করে আমাদের স্টেট গভর্ণমেণ্ট ইচ্ছা করলে যে সমস্ত মিনিষ্টাররা ফার্নিসড কোয়ার্টার্স পাচ্ছেন না সেখানে যাতে প্রয়োজনে ইলেকট্রিসিটি পেতে পারেন এবং সরকার যদি মনে করেন তাহলে সেখানে যাতে দিতে পারেন সেই ব্যবস্থা করা হল। তারপর আমরা অবগত আছি যে এম. এল. এ-দের জন্য কিছু কিছু করতে হবে কারণ নাইনটিন ফিফটি-টুতে যে আইন ছিল সেটার

কিছু কিছু পরিবর্তন হয়েছে। আমরা আগামী সেসনে একটা বিল আনব এবং সেটা হবে বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলী মেম্বার্স এমোলিউমেণ্টস এ্যাক্ট। এখন মাসে ২৫০ টাকা আছে সেখানে যাতে মাসে ৩৫০ টাকা হয় তার ব্যবস্থা করা হবে এবং আগামী সেসনে সেটা আসবে। এম. এল. এ-দের আর একটা অসুবিধা দেখছি বাড়ীর ব্যাপারে। এখন কথা হচ্ছে এ্যাসেম্বলী বিল্ডিং-এর কম্পাউণ্ড-এ বাড়ী করা যায় কিনা। এ্যাসেম্বলী কম্পাউণ্ড-এ বাড়ী করতে গেলে একটা রিকোয়েষ্ট ছিল যে, ৩০০ ফ্লাট এম. এল. এ-দের জন্য এবং ৭০ জন ফোর্থ ক্লাশ এমপ্লয়ীজদের জন্য ফ্ল্যাট করা হবে।

[4-15—4-25 p.m.]

কিন্তু M. L. A-দের জন্য ৩০০ ফ্ল্যাট বোধ হয় করা সম্ভব হবে না। প্রথমতঃ সৌন্দর্য্য তো যাবেই, তাছাড়া physically জমির পরিমাণ যা আছে তাতে ৩০০ লোকের বন্দোবস্ত এই area-র মধ্যে হয় না। আমরা আশা করছি পরিকল্পনা করছি, জানিনা কতদূর সম্ভব হবে—পরিপূর্ণ কথা দিতে পারছিনা, তবে আমার বিভাগ বা সরকারই বলুন তাঁরা ভেবে দেখছেন যে কিড স্ট্রীটে যে M L A-দের Hostel আছে সেটা এখনও পর্যন্ত তিনতলা আছে, কিন্তু তার ভীত হচ্ছে সাততলার। আরও চারটে তলা বাড়িয়ে lift দিয়ে যদি বন্দোবস্ত করা যায় এবং পুরানো যে বাড়ীটা আছে, সেটা ভেঙ্গে বা না ভেঙ্গে যদি আর একটা extra building করা যায় সাত তলা তার একটা পরিকল্পনা করা হচ্ছে, একটা planning estimate করা হচ্ছে। জানি না কি রকম করা যাবে, তবে আমরা তাদের থাকবার অসুবিধা সম্বন্ধে অবগত আছি। এটা বিলের প্রথম অধ্যায় যে যাতে আমাদের মিনিষ্টারদের মধ্যে যে তফাৎ আছে তা কমিয়ে দেওয়া, সুতরাং যাঁরা কম সুবিধা পাচ্ছেন তাঁদের সুবিধাদিক বাড়িয়ে দেওয়া এবং যাতে কাজের দিক থেকে সুবিধা হয় সেইজন্য তাঁদের সুবিধাটা কিছু কিছু বাড়িয়ে দেওয়া হলো। Speaker-এর বেলায় মাইনেটা Chief Minister-এর সমান করে দেওয়া হয়েছে, আগে উনি minister-এর salary পেতেন, শুধু salary-টা আর যা পার্কিজিট পেতেন তাই পাবেন, আমাদের মত কেবিনেট মিনিষ্টারের থেকে বেশী পাবেন, এই একটা বন্দোবস্ত করে দেওয়া হয়েছে। তার কারণ তাঁর কাজ হচ্ছে হোল টাইম ওয়ার্ক এবং তিনি সারাদিনে অন্য কাজ করতে পারেন না, তাঁকে এই কাজই করতে হয়, সেইজন্য আমি এই বিলটা আনছি। আশা করি এই House এই বিলটাকে এ্যাডপ্ট করবেন।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভায় অনারেবল মিনিষ্টার Salary Amendment সংক্রান্ত যে বিলটা উত্থাপন করলেন, একজন সভার সদস্য হিসাবে আমি আন্তরিকতার সঙ্গে তাঁকে স্বাগত এবং সমর্থন জানাই। এই বিলটার উপর আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে আজকে যে কথা বিশেষভাবে মনে পড়ছে, সেটা হচ্ছে আমরা পশ্চিমবাংলার ৪॥ কোটি মানুষের বিভিন্ন এলাকা থেকে প্রতিনিধি নির্বাচিত হয়ে এসেছি, তাদের দুঃখ, দারিদ্র, বঞ্চনা, দুর্দশার কথা আমরা ইতিপূর্বে বলেছি, আমাদের করণীয় কর্তব্য নির্ধারণ করেছি এবং সেই সমস্ত সমস্যা প্রতিবিধানকল্পে কি নীতি নির্বাচিত হওয়া প্রয়োজন সে সম্বন্ধে আমাদের সুস্পষ্ট বক্তব্য এবং তার পরিপ্রেক্ষিতে নীতি এবং আইন আমরা নির্ধারণ করেছি। আজকের বিলের বিশেষত্ব হচ্ছে এই বিলটা আমাদের পুরোপুরি নিজস্ব স্বার্থ সম্পর্কিত ব্যাপার। আমাদের জন্য আলাদা করে কোথাও কেউ বলবার নেই। আমাদের ভাগ্য আমাদেরই নির্ধারণ করতে হবে এবং ভাগ্য যখন নির্ধারণ করতে হবে, তখন এই বিলের উপর আলোচনা করতে গিয়ে কোন দ্বিধা, সঙ্কোচ না রেখে আমার সুস্পষ্ট বক্তব্য এখানে রাখছি। আজকের বর্তমান মূল্যমাত্রা এবং অতিরিক্ত দাম-

স্তরের পরিপ্রেক্ষিতে যে State Ministers, Deputy Ministers, House rent allowance-এর enhancement rate, যে rate proposed হয়েছে আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাই। এবং বিলের আর একটি অংশে Chief Minister-এর salary-র সমান করে Speaker-এর salary নির্ধারণের যে কথা বলা হয়েছে আমি তাকে সমর্থন জানাই এই কারণে যেমনভাবে Chief Minister is the Custodian of the Goverment তেমনি Speaker is the Custodian of the House। তার পরিপ্রেক্ষিতে আমি এটাকে বিশেষভাবে সমর্থন জানাই। তবে যাঁরা cheap political stunt-এ বিশ্বাস করেন, তাঁরা বেতন এবং ভাতা বৃদ্ধির প্রস্তাব করলে হয়তো বা মনে করতে পারেন আমাদের সস্তা ধরণের জনপ্রিয়তা নষ্ট হয়ে যাবে, আমাদের base এবং ভিত্তি থাকবে না। কিন্তু আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি Government is totally informed and out-spoken of this affair. একজন জন প্রতিনিধিকে আজকে সব সময় যদি বাড়ীর কথা, তার পরিবারের কথা, তার ভরণ পোষণের কথা চিন্তা করতে হয় তাহলে নিশ্চিতভাবে জন কল্যাণের স্বার্থে তার কাছ থেকে মৌলিক কোন চিন্তা, চেতন ধারা সৃষ্টি, আমরা আশা করতে পারি না। দেশের স্বার্থে কখনই তার সাবিক শক্তি নিয়োগ করা সম্ভব নয়। অথচ দেশের মানুষ এই জনপ্রিয় সরকারের কাছ থেকে এত অতিরিক্ত আশা-আকাঙ্ক্ষা পুরণের কথা ভাবছে এবং এক একটা এলাকার এক একজন প্রতিনিধিকে যারা সর্ব সমস্যা, দুঃখরোগহর মনে করছে—কাতারে কাতারে তার কাছে যে লোক যায়, তাতে অতিরিক্ত অর্থ সংস্থানের ফুরসৎ তার থাকে না।

তাই সস্তা সেন্টিমেন্টে, মিঃ স্পীকার, স্যার, যদি আমি সুড়সুড়ি দিতে না চাই এবং কেউ যদি তা না চান—তাহলে খোলা মনে এবং খোলা প্রাণে এর সাথে সাথে আমি বলবো—এম.-এল-এ-দের ভাতা এবং বেতন সংক্রান্ত সংশোধনী এই সরকার আনলে আমি খুসী হতাম এবং সেই রকমই আমরা আশা করেছিলাম। অন্যান্য যে কোন দেশে জনকল্যাণের স্বার্থে তার উপযোগী পরিবেশ সৃষ্টি করে দেবার জন্য সরকার জন-প্রতিনিধিদের জন্য সবরকম amenities provide করে থাকেন। সেই রকমের ব্যবস্থা দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলায় বা ভারতবর্ষের কোথাও ছিল না বলেই আমি দেখেছি, আমি জানি এই জন প্রতিনিধিদের সঙ্গে টাটা, বিড়লা, সিংঘানিয়া, মুন্দ্রা, সুরজমল-নাগরমল বাজেরিয়া কালোরিয়া এদের সঙ্গে একটা পরোক্ষ যোগাযোগ সৃষ্টি হয়ে গেছে। সি-আই-এ-ও তার সুযোগ নিয়েছে—Rather brains in different cases have been purchased. তবু আমি দৃঢ়ভাবে এই মত পোষণ করি যে আজকের সভার মাননীয় সদস্যরা এই সব পুঁজিপাতিদের বিরুদ্ধে, তাদের এইসব কার্য্যকলাপের বিরুদ্ধে তাঁরা সব সময় গর্জে উঠেছেন।

আমি এখানে কতকগুলি suggestion রাখছি—অনারেব্‌ল মিনিষ্টার বলেছেন পরে একটা বিল তিনি শীঘ্র আনছেন—সে বিষয়ে আমি কিছু বক্তব্য এখন রাখছি না। তিনি আমাদের অবস্থার কথা বিবেচনা করে বর্তমানে আমরা যে আড়াইশো টাকা emolument পাই তাকে enhance করে তিনশো টাকা করছেন এই বিলে। এই প্রসঙ্গে আমার একটা suggestion হচ্ছে আমরা বর্তমানে যে daily allowance পাই ২০ টাকা এবং travelling allowance পাই ৫ টাকা এটাকে মাননীয় মন্ত্রিমহাশয় সংশোধন করে যেন করেন at a flat rate of Rs. 30 per day. এই রকম যেন তিনি একটু চিন্তা করেন। পরে যখন এই সম্পর্কে একটা বিল আসবে with retrospective effect from 30th March, 1972, যেদিন আমরা শপথ নিয়েছি, সেদিন থেকে এটা যেন কার্যকরী করা হয়। বিহারে দেখেছি, উড়িষ্যায় দেখেছি, আসামে দেখেছি এই ফ্ল্যাটের জন্য একটা provision আছে—তার ভাড়ার রেট হচ্ছে 10% of the salary—এটা আছে। সুতরাং এই রকম একটা ব্যবস্থা যেন আমাদের এখানেও থাকে। আমরা

এম-এল-এ হোষ্টেলে থাকি, সেসন চললে আড়াই টাকা ভাড়া, আর সেসন বন্ধ হয়ে গেলে পাঁচ টাকা ভাড়া, কিন্তু দেখা যাচ্ছে তখন আমাদের C. A-ও নাই, D. A-ও নাই। তখন এই রেট করে দেওয়া হয়েছে। এই রকম ব্যবস্থার কথা চিন্তা করলে আমাদের সেখানে কেবল বক্তৃতা করেই যেতে হবে। রাইটার্স বিল্ডিং-এ কাজের দরকার হলে তখন আর কলকাতায় বাসায় আসার দরকার নাই। সেখানে আজকে আবার সিদ্ধার্থবাবু একটা Statement দিলেন আমার এলাকায় নাকি নকশালদের তাণ্ডব লীলা চলছে। রাত্রি বারোটায় তো বাড়ী ফিরবো। ঐ এলাকায় একবার গুলিও চলেছে। সুতরাং আজকে এখান থেকে বাড়ীতে ফিরতেও পারবো না। কাজেই এম-এল-এ হোষ্টেলে off session-এ ৫ টাকা ভাড়া একথাটা যেন মন্ত্রিমহাশয় একবার চিন্তা করে দেখেন।

আমি আর একটা অনুরোধ তাঁকে করবো। আজকে এই বিলের সঙ্গে আশা করেছিলাম, যদি আইনের দিক থেকে কোন বাধা না থাকে, আইনটাকে একদিনের জন্য defer করে দিয়ে এই বিলের সঙ্গে M. L. A.-দের salaries and allowances সম্পর্কে amendment এনে সেটাকে বসিয়ে দিন। দীর্ঘ দু-মাস ধরে তো হাউস এখন বন্ধ থাকবে। তার আগেই আমাদের এই জিনিসের সমাধান হয়ে যাক—with restrospective effect from 30th March থেকে সেটাকে কার্যকরী করে দেওয়া হোক তাতে করে তিনি পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি মানুষের শ্রদ্ধাভাজন হবেন কিনা জানি না। তবে এইটুকু জানি যে পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি মানুষ তাঁরা যাঁদের প্রতিনিধি করে এখানে পাঠিয়েছেন, তাদের যে তিনি বিরাট অংশের শ্রদ্ধাভাজন হবেন সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই কথা তাঁকে জানিয়ে সকলের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী (২)ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবঙ্গ বিধান সভায় West Bengal Salaries Allowances (Amendment) Bill এসেছে। পশ্চিমবঙ্গ মন্ত্রিসভা মাত্র দু-মাস কাজ করার পরে এই বিল এসেছে। এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমার একটা আবেদন আছে, একটা আর্জি আছে। সেই আবেদন ও আর্জিটা হচ্ছে আমি মনে করি আমরা এখন পর্যন্ত পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের জন্য কোন নতুন কিছু ব্যবস্থা করতে পারিনি যাতে করে সাধারণ মানুষের মধ্যে কোন আশা উৎসাহের সঞ্চার হতে পারে। ঠিক সেই মুহূর্তে এই বিলটা আসা নিশ্চয়ই সাধারণ মানুষের কাছে আশাব্যঞ্জক বলে আমি মনে করি না। সেইজন্য আমার আবেদন এই বিলটা পুনরায় একবার বিবেচনা করে দেখা হোক, পুনরায় এর সমস্ত দিক খুঁটিনাটি পর্য্যালোচনা করে দেখা হোক এবং সাধারণ জনমত এই সম্পর্কে কোন দিকে, সেদিকটা উপলব্ধি করে এই বিলটার আলোচনা এখন স্থগিত রাখার প্রয়োজন আছে বলে আমি মনে করি। এই বিলে আমরা দেখছি যে আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রী কিছু সুযোগ-সুবিধা পাবেন। আমি আরো দেখছি আমাদের নিজেদের জীবন-যাপনের কিছু কিছু ফ্যাসিলিটিগুলি দেবার কথাও এই বিলের মধ্যে রয়েছে। এই ফ্যাসিলিটিগুলি দিতে গিয়ে House allowance দেবার কথা বলা হয়েছে—রাষ্ট্রমন্ত্রী ৩০০ টাকা এবং উপমন্ত্রীদের আড়াই শো টাকা। এই জন্য সরকারকে আগামী চলতি বছরে ১ লক্ষ ২০ হাজার টাকার দায়-দায়িত্ব গ্রহণ করতে হবে।

[ 4-25—4-35 p.m.]

এই সঙ্গে আগামী চলতি বছরে ১ লক্ষ ২২ হাজার টাকার দায়-দায়িত্ব গ্রহণ করতে হবে। তার সঙ্গে বাড়বে এই যে ইলেকট্রিসিটির কনজামশন তারজন্য আর একটা বিরাট টাকা। শুধু তাই নয়, এই মাননীয় উপমন্ত্রীদের মোটর কার ব্যবহারের জন্য সুযোগ এই বিলে রয়েছে তার দরুন ২২

হাজার টাকা বছরে এই সরকারকে অধিক দিতে হবে। তাই আমি বলছি যে বর্ত্তমান সরকারকে আগামী যে বছর সেই বছরে কয়েক লক্ষ টাকার দায়-দায়িত্ব গ্রহণ করতে হচ্ছে। তাই আমি আশা করছি আপনারা অত্যন্ত সহানুভূতির সঙ্গে এবং সমবেদনার সঙ্গে এই বিলকে পুনর্বিবেবনার জন্য উপলব্ধি করবেন, বিবেচনা করবেন। কারণ আমরা যখন গতকাল বিধানসভায় আলোচনা করেছিলাম খয়রাতি সাহায্যের কথা, খয়রাতি সাহায্যের জন্য হাজারে ২ থেকে ৫টি লোককে আমরা এক মুঠো গম দিতে পারছি না। গ্রামবাংলায় আমরা জানি হাজার হাজার মানুষ চিৎকার করছে দুই মুঠো গমের জন্য তখন সেখানে আমাদের বলতে হয় যে টাকার অভাব তাই এই জি, আর. আমাদের বেশী দেওয়া সম্ভব হচ্ছে না। আজকে যদি এই বিল সহানুভূতির সঙ্গে বিবেচনা না করি তাহলে এই কথা ঠিক যে আমাদের উপর মানুষের বিশ্বাস থাকবে না। তারা বিশ্বাস করবে না, যে টাকার অভাবে আমরা সাধারণ ক্ষেতমজুর, চাষী, মধ্যবিত্ত সম্প্রদায়ের জন্য কিছু করতে পারছি না। এই বিল হবার সঙ্গে সঙ্গে তারা প্রশ্ন করবে যে এই টাকা কোথা থেকে আসছে? সুতরাং আমি আজকে এই বিধানসভায় দাড়িয়ে অত্যন্ত সহানুভূতির সঙ্গে আবেদন করছি এইটা সম্বন্ধে বিবেচনা করতে। কারণ এত তাড়াতাড়ি, বিধানসভার এই প্রথম অধিবেশনের সময় এই ধরনের বিল আনা নিশ্চয়ই আশাব্যঞ্জক নয়। বরঞ্চ সেটা আমাদের সাধারণ মানুষের মনে একটা নৈরাশ্য এবং হতাশা সৃষ্টি করবে। আমি জানি যে মাননীয় রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রী তাদের যে ষ্ট্যাটাস মেন্টেন করতে হয় সেই ষ্ট্যাটাস মেন্টেন করতে গেলে বর্ত্তমানে যে সুযোগ-সুবিধা, যে আর্থিক সাহায্য পায় তাতে করা সম্ভব নয়। কিন্তু সেই মুহূর্তে মনে রাখতে হবে যে আমরা সাধারণ শোষিত মানুষ-এর ভিতরেরই একজন, আমরা বিচ্ছিন্ন কিছু নই। আমরা যদি তাদের দুঃখ-কষ্ট-যন্ত্রণা কিছু উপলব্ধি করতে পারি এবং তাদের যে সাহায্য দরকার তা দিতে পারি আমাদের নিজেদের সুযোগ-সুবিধার কথা চিন্তা না করে তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গ বিধান সভায় একটা নতুন নজীর সৃষ্টি হবে, একটা নতুন ইতিহাস সৃষ্টি হবে। তাই এই নতুন নজীর, নতুন ইতিহাস সৃষ্টির জন্য এই বিলকে সহানুভূতির সঙ্গে তাঁরা বিবেচনা করবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রফুল্ল মাইতি** : মাননীয় স্পীকার, স্যার, এই যে বিলটা আজকে আনা হয়েছে, আমি মাননীয় সুব্রতবাবুর সঙ্গে একমত যে এই বিল এই সময় আনা উচিত হয়নি। কারণ আমরা এই সময়ের মধ্যে জনসাধারণের মনে এমন কোন আশার আলো সঞ্চার করতে পারিনি বা সাধারণ মানুষের জন্য এমন কিছুই করতে পারিনি যাতে সাধারণ মানুষের আস্থা আমাদের প্রতি আসতে পারে। সুতরাং এইরূপ পরিস্থিতিতে এই রকম একটা বিল নিয়ে আসার ফলে সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হবে। আমরা জানি এইগুলির অভাব আছে, এইগুলি করতে হবে কিন্তু এত তাড়াতাড়ি করে এই রকম একটা বিল নিয়ে আসাটা সকলের পক্ষে ভাল মনে হচ্ছে না। তাই সুব্রতবাবুর সঙ্গে আমি একমত প্রকাশ করছি, এবং এইটা এখন স্থগিত রেখে ভালভাবে বিবেচনা করে, চিন্তা করে এই বিষয়ে সরকারের সিদ্ধান্তে আসা উচিত হবে বলে আমি মনে করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভোলানাথ সেন** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে এই বিলে যাঁরা উপকৃত হচ্ছেন তাঁরা হলেন মিনিষ্টার অব ষ্টেট এবং ডেপুটি মিনিষ্টার। একটা জিনিস যে কেউ নিশ্চয়ই আপত্তি করবেন যে আজকের দিনে যে কোন মিনিষ্টার অব ষ্টেট বা ডেপুটি মিনিষ্টার যাঁকে কলকাতায় থাকতে হচ্ছে কাজের জন্য এবং দিনের পর দিন অনেক রাত্রে অর্থাৎ রাত্রি নয়টায় বাড়ী ফিরতে হয় এবং সকাল নয়টায় আসতে হয় তাদের বিরুদ্ধে সিকিউরিটির ঝুঁকি নিয়ে বাড়ী

করে যাওয়া সম্ভব নয়। সেই সমস্ত ভায়োলেনসে সেই সব মিনিষ্টারদের জীবন বিপন্ন হতে পারে। সেইজন্য তাঁদের গাড়ী দেওয়া উচিত এবং সেইজন্যই এই গাড়ীর প্রভিসন করা হয়েছে। বাড়ীর ব্যাপারে কলকাতা সহরে যে সমস্ত মিনিষ্টার অব ষ্টেট বা ডেপুটি মিনিষ্টার বাইরের থেকে আসেন তাদের থাকতে হয়েছিল এবং হোটেল নিশ্চয় নিরাপদ জায়গা নয়। মধ্যবিত্ত যেসব হোটেল—এছাড়া যেখানে থাকা যায় না—অবশ্য অন্য অনেক হোটেলে আছে যেখানে থাকতে ১৫ টাকার কমে হয় না। কিন্তু এইসব হোটেল সিকিউরিটি থাকে না। এখন তাঁরা যদি বাড়ী না যেতে পারেন তাহলে তাঁদের পক্ষে কাজ করা মুসকিল। এই বিলে দেখতে পাবেন যে ডেপুটি মিনিষ্টার এবং মিনিষ্টার অব ষ্টেট তাদের প্রয়োজন ভিত্তিক এটা করা হয়েছে, বিলাসিতার জন্য নয়। চীফ্ হুইপ অনেক কিছু করা যায়। তার কারণ ৫০০ এর জায়গায় দু'শো-তিনশো নেওয়া যায়। কিন্তু খাবে কি করে সিকিউরিটি যদি না থাকে তাদের জীবন বাচবে কি করে। সুতরাং এই সমস্ত চিন্তা করে যদি কাজ করতে হয় তাহলে কিছু কিছু সুবিধা দিতে হবে। এই বিলে চীফ মিনিষ্টার, মিনিষ্টারদের কোন লাভ হচ্ছে না, লাভ হচ্ছে ডেপুটি মিনিষ্টার এবং ষ্টেট মিনিষ্টার। কেউ কেউ আপত্তি তুলেছেন যে এই বিল স্থগিত থাক। কিন্তু স্থগিত থাকার কোন মানে হয় না। কারণ এঁদের রাস্তায় ফেলে দিতে পারি না, এদের জায়গা দিতে হবে—নাহলে কাজ হবে না। লো ইনকাম গ্রুপ-এর যেখানে থাকার ব্যবস্থা আছে সেখানে যে ফ্ল্যাট আছে সেখানে সিকিউরিটি না থাকায় এবং ভাল বাড়ী তো মুসকিল ব্যাপার এবং কিছু কিছু ডিসক্রিপেন্সি গভর্ণমেণ্ট হাউসিং ফ্ল্যাটে আছে সেখানে ফ্রি ফারনিসড ফ্ল্যাটে ঐ ষ্টেট মিনিষ্টার ও ডেপুটি মিনিষ্টারদের রাখা যায়। যদি এটা সবাই মনে করেন যে বিনা পয়সায় কাজ করা হবে তাহলে ভুল হবে। কারণ বিনা পয়সায় লোক বাঁচতে পারে না। আর যদি মনে করেন যে বিনা পয়সায় কাজ হবে তাহলে সব বড় লোক মিনিষ্টার হবে। সাধারণ মানুষ মিনিষ্টার হতে পারবে না।

[ 4-35—4-45 p. m. ]

সাধারণ মধ্যবিত্ত মানুষ তারা কোন কাজ করতে পারবে না এই রেজাল্ট দাঁড়াবে। এই ডিসক্রিপেনসির জন্য আমরা এটাকে চেঞ্জ করতে চাচ্ছি। চেঞ্জ করে নিড বেসড ইকনমির জন্য আমরা এটাকে আনছি, এদের সুবিধা দিচ্ছি যা অন্যত্র মিনিষ্টাররা পেয়ে থাকেন। আর দ্বিতীয়তঃ এই বিলের সঙ্গে অন্য বিলটি আনা হয়নি, ঠিক তার মানে ঐ বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলি মেম্বারস এমলিউমেণ্টস এ্যাক্ট, ১৯৩৭ এক্টের এ্যামেণ্ডমেণ্ট আনা হয়নি, ঠিক কথা এবং এটা ঠিক যে আনতে পারলে খুব ভাল হত। কিন্তু সবচেয়ে বেশী প্রয়োজন হচ্ছে সিকিউরিটির এবং সেইজন্যই গাড়ী, বাড়ীর বন্দোবস্ত করা দরকার ডেপুটি মিনিষ্টারস এণ্ড মিনিষ্টারস অব ষ্টেটদের জন্য। সেসন প্রায় শেষ হয়ে এসেছে, আগামী সেসনে আসবে এবং যদি প্রয়োজন হয় তাহলে রিট্রোসপেকটিভ ইফেক্ট দেওয়া যাবে। কারণ, আমরা বিশ্বাস করি ২৫০ টাকায় কোন লোক থাকতে পারে না। অবশ্য সেসন যখন চলবে তখন ২০ টাকা আর ৫ টাকা ২৫ টাকা প্রত্যেক দিন দেওয়া হয় এক একজন এম এল এ-কে, আর ২৫০ টাকা তাদের মাইনে। অবশ্য ওই ২৫ টাকার এ্যালাওন্সটা সেসন যখন চলবে তখনই কেবল পারেন, এটা এক সংগে যোগ করে দেখুন কত হয়, এটা যদি হয় তাহলে তাদের মাইনে একজন মিনিষ্টারের চেয়ে বেশী হয়ে যাবে, একজন ক্যাবিনেট মিনিষ্টারের স্যালারির চেয়ে বেশী হয়ে যাবে। কিন্তু তা সত্ত্বেও আমরা আনতে চাইছি। তার কারণ, প্রত্যেক দিন তো সেসন হয় না। তাদের অনেক কাজ করতে হয়, তাদের গ্রামে যেতে হয়, গ্রামে থেকে দেখাশোনা করতে হয় ইত্যাদি অনেক অসুবিধা আছে।

সেই জন্য আমরা তাদের কথা চিন্তা করছি। আর রিট্রোসপেকটিভ ইফেক্ট সম্বন্ধে মাননীয় সদস্য যেকথা বললেন সেটা আমি মনে রাখবো এবং সেটা নিয়ে বিবেচনা করা যাবে, যা সম্ভব হবে তা করা যাবে। টাকার দিক থেকে খুব বেশী একটা বাড়ছে না। এমন একটা কিছু বাড়ছে না যেটাকে অন্যায় বৃদ্ধি হচ্ছে বলা যাবে। জিনিসটা এক দিক থেকে দেখা যায় যে একটা টাকা খরচ হচ্ছে, কিন্তু আর একটি দিক থেকে দেখতে হবে এটার প্রয়োজন আছে কিনা এবং যে খরচটা বাড়বে সেটা প্রয়োজনের তুলনায় খুব কম এবং এটা জাষ্টিফায়েড এক্সপেন্স। এই বিলে এ্যামেণ্ডমেণ্টে আপনারা দেখতে পাবেন আমরা গ্যাসকে বাদ দিয়েছি, ইলেকট্রিসিটি সম্বন্ধে এখন ডিসাইড করতে পারিনি। সেইজন্য পাওয়ার ষ্টেট গভর্নমেণ্টকে দেওয়া হল। আশা করি আপনারা এই বিলকে এ্যাপ্রুভ করবেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি এটাকে ভোটে দেবার পূর্বে আমাদের পার্টির তরফ থেকে আমি জানাচ্ছি যে এই বিলকে আমরা সমর্থন করবো না, বিরোধিতাও করবো না, আমরা ভোট এ্যাবসটেন করবো।

The motion of Shri Bholanath Sen that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 5**

The question that clauses 1 to 5 do stand part of the Bill Bas then put and agreed to.

**Clause 6**

**Shri Ramkrishna Saraogi** : Mr. Deputy Speaker, Sir, I beg to move that in clause 6, for the words "payment of expenses on account of electricity and gas", the words "the supply of electricity to those of the members of the Council of Ministers who have not been provided with any furnished residence by the Government" be substituted.

Sir, I don't think it is necessary for me to make an explanatory statement about my amendment, and I hope that the honourable members will kindly accept it.

Thank you.

The motion was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bholanath Sen** : Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreeed to.

**শ্রীসত্য ঘোষাল**: আমি আজকে এই প্রস্তাবটা এখানে উত্থাপন করতে চাই। This Assembly of opinion that for better utilization in the interest of national economy and for reducing concentration of wealth as well as for providing more employment, the jute mills, non-cooking coal mines, foreign oil companies

and tea plantations be nationalised and calls upon the State Government and the Central Government to take prompt necessary steps in this regard.

এই প্রস্তাবটি আমি উপস্থিত করতে চাই দু'টি কারণে। প্রথমতঃ আমরা জানি, আমাদের মত একটা অনগ্রসর পশ্চাদপদ কৃষিপ্রধান দেশে প্রধান সমস্যা হল এই অনগ্রসর পশ্চাদপদ দেশকে অগ্রসর, উন্নয়নশীল দেশে পরিণত করা। এই কাজ করতে গেলে দেশকে কৃষিপ্রধান দেশ থেকে শিল্প প্রধান দেশে পরিণত করা প্রয়োজন। একথা আমি যখন বলছি তখন আমার চোখের সামনে আছেন আমাদের জাতীয় নেতা, আগেকার প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু। তিনি যেকথা বলেছিলেন যে ভারতবর্ষের সামনে এটা হল লক্ষ্য—অবজেকটিভ। এই পিছিয়ে পড়া দেশকে আমরা এরকম করতে চাই। স্যার, সেই দিক থেকে আমি এই প্রস্তাব এখানে উত্থাপন করেছি। আমি একথা জানি এবং সকলেই জানেন যে আমাদের দেশে এককালে শিল্প গড়ে তোলবার কোন চেষ্টা হয়নি। এই দেশকে অনগ্রসর, পিছিয়ে পড়া দেশ করে রাখা হয়েছিল, এই দেশকে কাচামাল উৎপাদনকারী দেশ করে রাখা হয়েছিল যাতে বাইরে থেকে শিল্প এনে এখানে কাটানো যায় বা বিক্রি করা যায়। কিন্তু দেশ স্বাধীন হবার পর অবস্থা পালটে গিয়েছে। আমরা এই দেশকে শিল্পে উন্নত দেশ হিসাবে গড়ে তোলবার চেষ্টা করছি। সেই দিক থেকে আমরা জানি যে আমাদের দেশে যে ধনতান্ত্রিক কাঠামো আছে সেই কাঠামোয় পুঁজিপতি, যারা অর্থনীতিকে উন্নয়ন করে কখনও তাদের লক্ষ্য হবে না এই দেশের অর্থনীতির পরিপূর্ণ বিকাশ, তাদের প্রধান লক্ষ্য হবে এই দেশে নিজেদের পুঁজি বাড়ানো, এই দেশে শোষণ ও মুনাফা বাড়ানো। সেই দৃষ্টিভঙ্গী নিয়েই তাঁরা শিল্পের কাজ পরিচালনা করেন। সুতরাং তাঁরা চাইবেন না যে দেশে রাষ্ট্রায়ত্ব শিল্পের বিকাশ ঘটুক, তাঁরা চাইবেন না দেশী বিদেশী একচেটিয়া পুঁজি খর্ব করা হোক। এই দুটি কাজ তাঁরা চাইবেন না অথচ আমরা জানি যে আজকের এই পরিবর্তনশীল দুনিয়াতে বা দুনিয়া যে ভাবে চলছে তাতে কোন দেশের যদি উন্নতি করতে হয়, শিল্প গড়ে তুলতে হয় তাহলে একচেটিয়া পুঁজিকে খর্ব করতে হবে। রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে শিল্পের প্রসার গড়ে তুলতে হবে এবং প্রাইভেট সেকটারকে খর্ব করতে হবে। স্যার, এবিষয়ে আমি একজন বিশিষ্ট অর্থনীতিবিদের কথার উদ্ধৃতি দিতে চাই। আমি অস্কার ল্যাঙ্গের কথার উদ্ধৃতি দিতে চাই এবং সেই সূত্রে তিনি আরো বলেছেন—"The development of nationalised sector and its more rapid growth than that of the private sector and the national economy is under the present historical circumstances, a necessary condition for the industrialisation of under developed countries."

[ 4-45—4-55 p.m. ]

অর্থাৎ পাবলিক সেকটর হল একটা নেসাসারি কনডিসান যা না হলে অনুন্নত দেশকে শিল্পোন্নত দেশে পরিণত করা যাবে না। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমি এই প্রস্তাব উত্থাপন করেছি। এই সূত্রে আমার মনে পড়ছে ১৯৭১ সালের নির্বাচনের কথা, লোকসভায় নির্বাচনে দেশের মানুষ ম্যাসিভ ম্যানডেট দিয়েছেন, বিপুলভাবে নির্দেশ দিয়েছেন দেশকে অর্থনৈতিক অনগ্রসরতা থেকে মুক্ত করবার জন্য, দেশে শিল্পোন্নতি ঘটাবার জন্য এবং দেশে একচেটিয়া পুঁজিকে খর্ব করবার জন্য। তারই সঙ্গে গত সাধারণ নির্বাচনে দেখেছি দেশের মানুষের রায় এইদিকে গিয়েছে, যে রায়ের প্রতিফলন হচ্ছে আমরা বিধান সভায় ২৫১ জন। দেশের মানুষ ম্যানডেট দিয়েছেন র‍্যাডিক্যালাইজেসান অর্থাৎ অগ্রসরতার দিকে এগিয়ে যাওয়া, দেশকে সাম্রাজ্যবাদী কব্জা থেকে মুক্ত করা, দেশকে একচেটিয়া পুঁজির কব্জা থেকে মুক্ত করা এবং দেশে রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে শিল্পের বিকাশ করা, বেকারীর অবসানের জন্য অনেক কাজের সংস্থান খুলে দেওয়া। সেইদিক থেকে দেশের মানুষ

আমাদের পক্ষে রায় দিয়েছেন এবং আমরা আজকে বিধানসভায় এসেছি। এই প্রসঙ্গে খুব আনন্দের সঙ্গে যখন আমরা লক্ষ্য করছি যে ভারত সরকার বিদেশী মার্কিন সাম্রাজ্যবাদের ভিয়েৎ নামের উপর আগ্রাসনের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়াবার চেষ্টা করছেন, এমন একটা আমদানী নীতি নিয়েছেন যে নীতির ফলে বৈদেশিক বাণিজ্যে আমেরিকার কব্জা কিছুটা কমছে সেই সময় এমন কোন কারণ নেই যখন আমরা এখানে এমন একটা প্রস্তাব নিতে পারব না, যে প্রস্তাবের ফলে আমরা সমস্ত বিদেশী তৈল কোম্পানীগুলিকে, নন-কুকিং কোলকে, আমাদের চট শিল্পকে আমাদের চা-বাগিচা শিল্পকে জাতীয়করণ করতে না পারি। কারণ, যে লক্ষ্য নিয়ে আমরা দাঁড়িয়েছি, গরীবী হঠাও এর যে আওয়াজ আমরা তুলেছিলাম এবং যে আওয়াজের পক্ষে জনসাধারণ রায় দিয়েছেন এই কাজগুলি হবে সেই গরীবী হঠাও এর পক্ষে বলিষ্ঠ পদক্ষেপ। সুতরাং এগুলি না করতে পারলে গরীবী হঠাও বাণীটা কথায় কথায় থেকে যাবে। শুধু গরীবী হঠাও নয়, আমাদের বিধানসভার অধিবেশন আজ বন্ধ হতে চলেছে, এই বিধানসভায় দৈনিক আমরা সমাজতন্ত্রের কথা বলি, আমরা যদি সত্যই সমাজতন্ত্রে বিশ্বাস করি, আমরা যদি মনে করি যে আমরা সমাজতন্ত্র চাই তাহলে সে শুধু পূজো করে তুলে রাখবার মত জিনিস নয়, সমাজতন্ত্র যদি আমাদের জীবনদর্শন হয়, সমাজতন্ত্র যদি হয় জীবন যন্ত্রণা থেকে বেরিয়ে আসা জীবনের বলিষ্ঠ বিশ্বাস তাহলে আমি বিশ্বাস করি এবং এই বিধানসভার সকলেই মনে করবেন যে এ কাজ না করতে পারলে সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাওয়া যায় না। Nationalisation is the first step towards building of a socialist structure. সুতরাং সোসালিজম যদি আমরা গড়তে চাই তাহলে ন্যাশনালাইজেসান করা দরকার। কিন্তু মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি শুধু এই দৃষ্টিভঙ্গী থেকে যে এইগুলি জাতীয়করণের কথা তুলেছি তা নয়, এই দৃষ্টিভঙ্গী তো আছেই এছাড়া আমি অন্য একটা দৃষ্টিভঙ্গী থেকে তুলেছি এবং সেকথা তুলতে যেয়ে আমি প্রথমেই বিদেশী তৈল কোম্পানীগুলির কথা তুলতে চাই। কারণ, তারা বিদেশী এবং তাদের সম্পর্কে অনেক কাহিনী আমরা জানি এবং বিধানসভার সদস্যরাও জানেন। তাদের কথা তুলতে যেয়ে গত যুদ্ধের সময় একটা খবর আমি এখানে জানাচ্ছি, আপনারা অনেকেই সেই খবর জানেন। গত যুদ্ধের সময় ১০ই ডিসেম্বর তারিখে কলকাতা থেকে দিল্লীতে একটা টেলেক্স বার্তা পাঠানো হয়েছে। আমি সেই বার্তা থেকে একটুখানি পড়ে দিচ্ছি। 'খুবই দুঃখের বিষয় আমাদের ডিপোতে যখন তেল নেই তখন এ. ও. সি. এইচ এস.ডি. তেলের ট্যাঙ্ক ও ওয়াগন খালাস করছে না, শুধু তাই নয়, বোঝাই ট্যাঙ্ক ওয়াগন খাড়া করে রেখে ইয়ার্ডে কাজের অসুবিধা সৃষ্টি করেছে এবং সাইডিং এর অপচয় করছে। আমরা বিনীত অনুরোধ করছি হয় এ. ও সিকে শাস্তি দেবার ব্যবস্থা করা হোক না হয় এই সংকটের সময় তাদের ধর্মনগর ডিপোটি কেড়ে নেওয়া হোক।' এই টেলেক্সের প্রেরক হলেন আই. ও. সির পূর্বাঞ্চল সরবরাহ শাখার ডেপুটি ম্যানেজার নিজে এবং এর প্রাপক হলেন কেন্দ্রীয় তৈল দপ্তরের প্রতিরক্ষা সংক্রান্ত দপ্তরের ভারপ্রাপ্ত সচিব এ. পি. ভার্মা এবং এই টেলেক্স বার্তা তিনি পাঠিয়েছেন কখন, না, ন্যাশন্যাল ক্রাইসিসের সময়, যুদ্ধের সময় যখন তেলের প্রয়োজনীয়তা অপরিসীম। একথা মনে রাখা দরকার যে এই এ. ও. সির মূলধনের শতকরা ৫০ ভাগ হল ভারত সরকারের, অবশিষ্ট ৫০ ভাগ হল বি. ও. সির। এই বি. ও. সির উল্লেখযোগ্য অংশ হচ্ছে এর বেশীর ভাগ বিদেশী এবং আরো উল্লেখ করা দরকার যে এতে আমাদের সরকারের মূলধন হল মাত্র ৫০ পার্সেণ্ট। সেখানে আজকে আমাদের সরকারের অংশ হল ৫১ পারসেণ্ট। ঐরূপ অবস্থার মধ্যে যুদ্ধের সময় যখন ধর্মনগর ডিপোর গুরুত্ব আসামে আগরতলায় এ যুদ্ধের সময়ে অপরিসীম, সে সময় এবং যখন আই. ও, সি ডিপোতে তেল ছিল ৩২ কিলোলিটার তেমন সময় এরা তেলের ব্যাপারে এইভাবে স্যাবোটেজ করেছে, এবং আমাদের

যুদ্ধের প্রচেষ্টায় বাধা দিয়েছে। যারজন্য আই, ও সি কর্তৃপক্ষকে টেলেক্স বার্তা পাঠাতে হয়েছিল। এই প্রস্তাব আজকে করতে চাই। তাহলে কি আমরা এই জিনিষ চলতে দেবো? জাতীয় স্বাধীনতার পক্ষে বিপর্যয় সৃষ্টিকারী বিদেশী পুঁজির আধিপত্যকে কি আমরা মেনে নেবো? আমাদের জাতীয় সংকটের সময় এই ধরনের স্যাবোটেজ তাকে কি মেনে নেবো? জাতীয় সংকটের সময় এই ধরনের কাজকে কি ব্ল্যাক মেলিং বলবো না? এটা কি আমাদের সাম্রাজ্য বিরোধী ভূমিকার সঙ্গে খাপ খায়? সাম্রাজ্যবাদী বিরোধিতা তো আমরা করছি, সাম্রাজ্যবাদী বিরোধিতা তাই আমাদের জীবনের দর্শন। অথচ আমাদের দেশে যুদ্ধের সময় একচেটিয়া পুঁজিবাদি বিদেশী কোম্পানী এইভাবে খর্ব করছে। তাই এই প্রসঙ্গে অপ্রাসঙ্গিক হবে না যদি আরও দু একটি কথা এই সূত্রে বলি। এই জাতীয় স্যাবোটেজ যখন এ্যাভয়সান স্পিরিটের গুদামে আগুন লাগলো তখন আমরা জানি তার সমস্ত ইমপোর্টেড স্টক্ পুড়ে শেষ হয়ে গেল। আমাদের মনে পড়েছে ১৯৬৫ সালের কথা। সেও যুদ্ধের সময় পাঠানকোট এয়ারপোর্টের কথা। সেখানে জেটপ্লেন্ ফুয়েল-এ, টি, এস ছিল বিলো স্পেসিফিকেসান এবং তার ফলে সমস্ত প্লেনগুলো গ্রাউণ্ডেড হয়ে গেল। এই জাতীয় জিনিষ কি জাতীয় সংকটের সময় বরদাস্ত করবো? বিদেশী আধিপত্য যদি থাকে তাহলে এই ধরনের জিনিষ ঘটবে। সেইজন্য আমি মনে করি এই সমস্ত বিদেশী কোম্পানী-গুলিকে অবিলম্বে জাতীয়করণ করা উচিৎ এবং এই প্রস্তাব এখান থেকে গ্রহণ করা উচিৎ। এই সূত্রে আমি অন্য দিক দিয়ে এই কথা বলবো বিদেশী কোম্পানীগুলির মধ্যে ধরুন বার্মা শেল, এসো, ও ক্যালটেক্স এদের ভূমিকা কি? ভারতীয় অর্থনীতিতে এদের ভূমিকা হল ভ্যাম্পার রক্ত চোষা বাদুড়ের মত। এরা দেশের অর্থনীতির উপর প্রভাব বিস্তারের সুযোগ নিয়ে এবং আমাদের দেশের লোকের কারিগরি অজ্ঞতার সুযোগ নিয়ে আমাদের এইভাবে কব্জা করছে, এবং সেই কব্জার ভেতর দিয়ে ভারত সরকার যখন আজকে আই, ও, সি, গঠন করেছেন এবং গঠন করে যখন তেলের ব্যবসায়ে আই, ও সি, নেমেছে তখন এরা তার কাজে বাধা সৃষ্টি করছে এবং বস্তুতপক্ষে তবুও দেখা যাচ্ছে আই, ও, সি গঠিত হওয়ার পরও ১৯৬৪ সালের তুলনায় এই সমস্ত বিদেশী কোম্পানীগুলি বার্মা সেল, এসো ও ক্যালটেক্সের ব্যবসা বাণিজ্য আদৌ কমে নি। যা ঘটেছে তা হল এই যে নূতন নূতন যে সমস্ত ব্যবসা তা আই, ও, সি পাচ্ছে। এরা রয়ে গেছে আনএ্যাফেক্টেড এবং বাড়তি যেগুলো হচ্ছে তা এরা নিচ্ছে। এর উদাহরণ হচ্ছে রাস্তার ধারের পাম্পগুলোর দিকে তাকালেই বুঝতে পারা যায়। এই রাস্তার ধারের পাম্পগুলিতে এরা তেল সরবরাহ করে থাকে। এই পাম্পের দিকে তাকালে দেখতে পাব এই পাম্পে আই, ও সি থেকে যা তেল ডিসট্রিবিউটেড হয় তার সংখ্যা অনেক কম, বেশীর ভাগই বার্মা সেল, ক্যালটেক্স এসো থেকে। তা ছাড়া Oil refining and distribution এই দুটো ছিল বিদেশীদের একচেটিয়া। এতদিনে অবশ্য হয়েছে পাবলিক সেকটার এনটারপ্রাইজ, তারফলে এক্সপ্লোরিং এবং রিফাইনিং এর সম্ভাবনা দেখা দিয়েছে। কিন্তু নূতন হওয়ার ফলে এই কাজে এদের আধিপত্য চলেছে। এই সূত্রে মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, এদের মুনাফার কথা আমি তুলতে চাই। এই তিনটা বিদেশী কোম্পানী গত ১৫ বছরে এক হাজার ৪৮ কোটি টাকা বাহিরে পাঠিয়েছে, অর্থাৎ বৎসরে প্রায় ৭৫ কোটি টাকা। এই তিনটা কোম্পানীর মধ্যে মার্কেটিং একাউন্টে ৭৪২ কোটি টাকা, রিফাইনারি একাউন্টে ৩০৮ কোটি টাকা, অর্থাৎ বৎসরে রিফাইনারি একাউন্টে ২২ কোটি টাকা এবং মার্কেটিং একাউন্টে ৫৩ কোটি টাকা। এই পাহাড় প্রমাণ টাকা এরা বাইরে পাঠাচ্ছেন। শুধু তাই নয়, এরা যে ডিভিডেণ্ট দেয় তা ইনক্রেডিবল—তা অবিশ্বাস্য ব্যাপার। ২২ কোটি টাকার কথা যে বলছিলাম সেখানে ডিভিডেণ্ড ডিক্লেয়ার করেছেন ৪০ পার সেণ্ট। অর্থাৎ

আড়াই বছরে মোট টাকা তুলে নেয়। তাছাড়া এদের ক্যাপিটাল ফিক্সড এ্যাসেট নিয়ে, ইনভেন টোরি সমস্ত মিলিয়ে ক্যাপিটাল হল ৬২ কোটি টাকা। Where as public sector enterprise I.O.C.-তে যা আই, ও, সির আছে কোচিনে এদের মোট টাকা ৩০৮ কোটি অর্থাৎ এদের ডিভিডেণ্ড আট পারসেন্ট নয় পারসেণ্ট, ওদের ডিভিডেণ্ড ৪০ পারসেণ্ট, এইভাবে এরা লুণ্ঠন করেন। শুধু তাই নয়। এই তিনটা বিদেশী কোম্পানী শুধু যে এমনি বিদেশী কোম্পানী তাই নয় এরা হল পশ্চিমে যে সমস্ত বড় বড় তেল কোম্পানী আছে তার সাবসিডিয়ারি সংখ্যা। তাদের আছে নিজেদের শোধনাগার এবং সেই সমস্ত শোধনাগারের ক্যাপাসিটি ছিল যেখানে ৪০ লক্ষ টন তা বাড়িয়ে হয়েছে ৮০ লক্ষ টন-অর্থাৎ দু'গুণ বেড়ে গেছে। তার উপর এরা সমস্ত ডোমিনেট করছে—রিফাইনারি, মার্কেটিং পেট্রোলিয়াম প্রডাকটস সমস্ত কিছুই ডোমিনেট করছে। বর্তমানে অবশ্য অয়েল এন্ড নেচারাল গ্যাস কমিসন হয়েছে, পেট্রোলিয়াম ডেভেলাপমেণ্ট সেকসান হয়েছে কিন্তু তিনটা কোম্পানীর অংশ কিছু কমেছে, কিন্তু কমা সত্ত্বেও এরা প্যারেন্ট কোম্পানীর সঙ্গে এখানে সহযোগিতার কাজ করছে, যদিও আই, এম এতে এরা পরস্পরের প্রতিযোগী।

[ 4-55—5-05 p.m. ]

কারণ ভারতবর্ষের ক্ষেত্রে এরা তখন হয়ে যায় সহযোগী। এর সঙ্গে মনে রাখতে হবে দুনিয়ায় তৈল production শতকরা ৬০ থেকে ৭০ ভাগ করে ছ'টা বিদেশী কোম্পানী এবং এর মধ্যে ৫টাই আমেরিকান যদিও একটা হল বৃটেনের। সেই যে British কোম্পানী তার ভেতরে আবার ৪৯% হল তার Capital সটা আমাদের নয়। এইভাবে বামা শেল-এর ৫৩ কোটি ৩৯ লক্ষ টাকা বিদেশী পুঁজি আর ৯ কোটি ১৩ লক্ষ টাকা ভারতীয় পুঁজি—দুই মিলে ৬২ কোটি ৫২ লক্ষ টাকা পুঁজি। তাদের এই লগ্নীর বিনিময়ে তারা মুনাফা করেছে ১৯৬৮ সালে ৩৪ কোটি ২২লক্ষ, ১৯৬৯ সালে ৪২ কোটি ১৬ লক্ষ এবং ১৯৭০ সালে ৩২ কোটি ৫২ লক্ষ টাকা, ESSO-র ২৪ কোটি ৮২ লক্ষ ৪০ হাজার টাকা বিদেশী পুঁজি ১৫ লক্ষ টাকা ভারতীয় পুঁজি। এর বিনিময় তারা মুনাফা করে ১৯৬৮ সালে ২৮ কোটি ৭৬ লক্ষ, ১৯৬৯ সালে ২৫ কোটি ৯ লক্ষ এবং ১৯৭০ সালে ২৭ কোটি ৯৭ লক্ষ টাকা। এইভাবে পুঁজির চেয়ে বেশী টাকা তারা মুনাফা করেছে। Caltex এর বিদেশী পুঁজি ১৬ কোটি ৪২ লক্ষ টাকা, ভারতীয় পুঁজি তার নেই—এর বিনিময়ে তারা লাভ করেছে ১৮ কোটি ৫৩ লক্ষ, ১৩ কোটি ৩২ লক্ষ এবং ১২ কোটি ১৫ লক্ষ টাকা। এইভাবে পাহাড় প্রমাণ মুনাফা তারা করছে। এই হিসাব আমাদের অন্য কোন Source থেকে পাওয়া নয়। ২১শে জুলাই রাজ্যসভায় কেন্দ্রীয় Petrolium মন্ত্রীর কাছ থেকে পাওয়া। এইভাবে মুনাফা যেখানে ওরা করছে সেখানে এর সঙ্গে সঙ্গে নানাবিধ reorganisation এর নাম করে শ্রমিক ছাঁটাই করছে। এই ছাঁটাই-এর মধ্যে যেমন automation আছে, বাধ্যতামূলকভাবে retirement করাবার প্রক্রিয়া আছে। Retirement-এর বয়স ৫৫ থেকে ৪৭ করে দিয়েছে। কোথাও শুনেছেন ৪৭ বছরে retirement-এর বয়স? এইভাবে কর্মচারী ছাঁটাই করছে এবং ছাটাই করে reorganisation-এর নাম করে Control System-এ কাজ করিয়ে Govt.-এর যেসমস্ত Explosive Act আছে তাকে বানচাল করছে। সুতরাং এইভাবে একটা ভ্যাম্পায়ার রক্তচোষা বাদুড় এই সমস্ত বিদেশী কোম্পানীগুলির বিরুদ্ধে আমাদের জাতীয়তাবাদী সংগ্রাম, এর বিরুদ্ধে অনেক লড়াই করেছি, অনেক আত্মদান করেছি। সেই বিদেশী পুঁজির কব্জা আমরা এদেশে আর চলতে দেব কিনা? আমি মনে করি এই বিধানসভা তা চলতে দেবে না। আমার আর সময় নেই। অথচ আমি আমার প্রস্তাবে অন্য অনেক কথা লিখেছিলাম। কিন্তু তেল কোম্পানী বিদেশী বলে আমি এর উপর বেশী জোর দিচ্ছি।

আমি বাধ্য হয়ে সংক্ষেপ করছি এবং বাকীগুলি শুধু উল্লেখ করছি। যেমন তেল কোম্পানীর কথা বললাম। তেমনি চা কোম্পানীর কথা যদি বলি তাহলে আমি মনে করি romantic শোনাবে। মুলুকরাজ আনন্দের কথায় বলি two leaves and a bud. কিন্তু আমরা জানি আজ পাট শিল্পে কি অবস্থা চলছে। সেখানে শ্রমিক, কর্মচারীরা ধর্মঘট করবেন। চা বাগান, চট শিল্পের সঙ্গে আমি non-cock-এর কথাও বলেছি। সেজন্য আমাদের গরীবি হটাও যে প্রস্তাব সমাজতন্ত্রের দিকে আমরা চলতে চাই, একচেটিয়া পুঁজির কব্জা আমরা ভেঙ্গে ফেলতে চাই এবং তা যদি আমরা সার্থকভাবে করতে চাই তাহলে এই বিধানসভা থেকে আমরা একটা এরকম প্রস্তাব না নিয়ে পারি না। সেজন্য আমি এই প্রস্তাব করেছি যে এই মর্মে একটা প্রস্তাব পাশ করে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা হোক যাতে এগুলিকে জাতীয়করণ করা হয়। কারণ that will be in keeping with socialist promises. আমি বিশ্বাস করি এই বিধানসভা থেকে এই প্রস্তাব আমরা গ্রহণ করতে পারব। এই বলে আমার এই প্রস্তাব তুলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়:** Sir, on a piont of order, মাননীয় সদস্য যা বললেন ব্যক্তিগতভাবে আমি তাঁকে সমর্থন করি। কিন্তু বিধানসভায় সদস্য হিসাবে কতকগুলি principle-এর উপরে আমাদের চিন্তা করতে হবে। আজকে যে প্রস্তাব উঠেছে সেটা private member's resolution যেটা সেই private member's resolution-এর মধ্য দিয়ে প্রসঙ্গত general policy নিয়ে বলার আমাদের scope আছে কিনা সেটা চিন্তা করার জন্য বলছি। কারণ আমাদের power of privileges of a member যে ক্ষমতা দেওয়া আছে তাতে private member হিসাবে resolution তুলতে গেলে তার কতকগুলি বিধিনিষেধ আছে। কারণ members-দের power and privileges are controlled by the State Assembly এবং time to time by making laws. কিন্তু যেগুলি define হয় না, যেসমস্ত power and privileges define হয় না সেগুলি will be as power as the same defined by the House of Commons. ৫০ থেকে ৫২ এই সময়ের মধ্যে আমি দেখলাম একটামাত্র জায়গায় দেওয়া আছে। ১৮৯৫-এ Commons-এর Speaker on a general policy বলে একটা move তিনি তুলতে দেননি।

[5-05—5-15 p.m.]

**Shri Biswanath Mukherjee:** Sir, what is the point of order? Let it be pointedly placed.

**Dr. Sailendra Chattopadhyaya:** That the resolution is not in order.

**Mr. Deputy Speaker;** That is order. Every member has the right to move a resolution and this resolution is in order.

Now, there are three amendments to the resolution by Shri Biswanath Mukherjee. All the amendments are in order. Mr. Mukherjee, are you going to move the amendments?

**Shri Biswanath Mukherjee:** Yes, Sir.

Sir, I beg to move that in line 3, after the word "employment", the words "the Central Government should consider nationalisation of" be inserted.

I also beg to move that in line 3, the words "non-cooking coal" be omitted.

I also beg to move that in lines 4-6 the words beginning with "be nationalised and" and ending with "in this ragard" be omitted. শ্রী সত্য ঘোষাল যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন সেই প্রস্তাবের উপর আমি যে এ্যামেণ্ডগুলো দিয়েছি সেগুলো সারকুলেটেড হয়েছে। সেগুলো দেখলে দেখা যাবে শেষে ছিল calls upon the State Government and the Central Government to take proper and necessary steps in this regard সেটা আমি অমিট করেছি, বাদ করেছি এবং তার জায়গায় আমি বলেছি national economy and for ruducing concentration of wealth as well as for providing more employment. তারপর নন-কুকিং মাইন্‌স একথাটা বাদ দিয়েছি, ডিলিট করেছি। প্রথমে কেন আমি এ এ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেটা বলতে চাই। এই প্রস্তাব যখন সত্য ঘোষাল আনেন তখন তিনি জানতেন না যে পুরুলিয় প্রামাণিক নন-কুকিং কোলের উপর একটা প্রস্তাব আনছেন।

**Dr. Zainal Abedin** On a point of order, Sir, I invite your attention to rule 174 (2) according to which this amendment has not been given notice of one day earlier and hence this cannot be moved I object to it.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী** : Sir, on this point এই এমেণ্ডমেন্ট সারকুলেট হয়েছে এবং দ্বিতীয়ত স্পীকার এ্যালাও করেছেন এবং এ্যাডমিট করেছেন।

**Mr. Deputy Speaker :** Already we have admitted this resolution and now at this stage...

**Dr. Zainal Abedin :** Sir, I invite your attention to rule 174 (2).

**Mr. Deputy Speaker :** According to our rules of procedure your assumption is quite right but now we have already accepted it and the House is discussing it.

**Dr. Zainal Abedin :** No, he is moving his amendment.

**Mr. Deputy Speaker :** I have allowed him to move his amendment.

**Dr. Zainal Abedin :** But I invite your attention to 174 (3).

**Mr. Deputy Speaker** : But already the Speaker has accepted his amendment and accordingly he is moving it.

**Dr. Zainal Abedin :** But the House should have been informed of the amendment.

**Shri Biswanath Mukherjee** : That should have been done with regard to the earlier amendment also উনি যেটা বললেন সেটা ঠিক। কিন্তু স্পীকারের অধিকার আছে নেওয়ার এবং সেই অধিকারে নেওয়া হয়েছে। কিন্তু দেখা গেল আমাদের বন্ধু জয়নাল আবেদিন মহাশয় আলিয়ার এ্যামেণ্ডমেন্টের বেলায় অর্ডারটা তুললেন না। এটার বেলায় তুলছেন।

**Dr. Zainal Abedin :** These amendments are being examined and they have not yet been admitted by the Speaker.

**Mr. Deputy Speaker** : Before he starts I already declared that the amendment is in order.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী** : ছাটস্‌ রাইট। সুতরাং আমি বলছিলাম যে আমার বন্ধু জয়নাল আবেদিন সাহেব এর যদি এ্যামেণ্ডমেন্টে আপত্তি থাকে উনি বলবেন যে কেন তার আপত্তি আছে। এই সবশুদ্ধ সত্যবাবুর প্রস্তাব যদি তিনি সমর্থন করেন তাহলে আমি খুব আনন্দিত

হব। কিন্তু তা সত্ত্বেও যদি আমি মনে করি মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব সত্যবাবুর প্রস্তাব সবটাই সমর্থন করবেন, তবুও আমি একটা অ্যামেণ্ডমেন্ট দিচ্ছি এইজন্য যার দুটো অংশ আমি বললাম। একটা হচ্ছে নন কোকিং কোলের উপর একটা অ্যামেণ্ডমেন্ট আছে। সুতরাং এখানে ওটা রাখার দরকার নেই। আর দ্বিতীয় হল যে আমি ঐ Central Government to take prompt necessary steps জায়গায় টু কনসিডার ন্যাশনালাইজেসন রেখেছি যাতে আমাদের কংগ্রেসী বন্ধুদের পক্ষে এটা অ্যাকসেপ্ট করা সম্ভব হয়। আমি স্যার, এই অ্যামেণ্ডমেন্টসহ এই প্রস্তাবকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি একটা জিনিস পড়ে শোনাচ্ছি যাতে সমস্ত সদস্যরাই অবহিত হন যে The following will be the general principles for the work of the P. D. A. Government. একটা যুক্ত ইস্তাহার নির্বাচনের পূর্বে প্রগ্রেসিভ ডেমোক্রাটিক অ্যালায়েন্সের তরফ থেকে জনসাধারণকে দেওয়া হয়েছিল, সমস্ত খবরের কাগজে সেটা পাবলিস হয়েছিল। কংগ্রেসের নেতৃস্থানীয় বন্ধুরা এটা রচনা করেছিলেন আমাদের সংগে কনসাল্ট করে পরামর্শ করে, এবং যখন প্রেসকে ডেকে এই ইস্তাহার দেওয়া হয় তখন কংগ্রেস-এর মন্ত্রী এবং নেতৃস্থানীয় ব্যক্তিরা উপস্থিত ছিলেন এবং আমাদের তরফ থেকে আমি ও শ্রীমতী রেণু চক্রবর্তী ছিলাম। এটার ১০ নম্বর ধারায় আছে The following will be the general principles for the work of the P. D. A. Government এর এ. বি. সি. ডি আছে এবং ডি-তে আছে to ensure economic growth with social justice and to endeavour to seek such other constitutional and legal amendments and remedies as are necessary to overcome impediments in the path of social justice The P. D. A. will strive for radical economic and fiscal policies and actions, including nationalisation of important sectors of national economy still controlled by monopolists and foreign imperialists capital for further strengthening independent and self-reliant growth of nation.

কোটি কোটি মানুষের কাছে এই পি. ডি এ. লিখিতভাবে এবং মৌখিকভাবে বলেছেন যে আমরা চেষ্টা করবো, আমাদের গভর্ণমেন্টের পলিসি হবে যাতে করে Important sectors of national economy still controlled by monopolists and foreign imperialist capital যাতে এটা Nationalise for further strengthening independent and self-reliant growth of the nation আমি মাননীয় সদস্যদের লক্ষ্য করতে বলছি for independent and self-reliant economy তার growth-এর জন্য for further strengthening independent and self-reliant foreign imperialist capital nationalise তারজন্য মনোপলি কনসার্ন যেগুলি সেগুলিকে ন্যাশনালাইজড করা। ফরেন ক্যাপিটালকে ন্যাশনালাইজ করা নিতান্ত আবশ্যক বলে এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা মনে করেছিলেন নির্বাচনের পূর্বে এবং কোটি কোটি মানুষের কাছে সেই কথা দিয়েছিলেন। আজকে নির্বাচনের পরে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার প্রধান অংশীদার কংগ্রেস নির্বাচনের পূর্বে যেটা উচিত মনে করেছিলেন নির্বাচনের পরে সেটা অনুচিত বলে মনে করবেন এটা আমি বিশ্বাসই করতে পারি না।

আমি বিশ্বাস করি যে তাঁরা এস. এস. পি থাকবেন। কিন্তু কার্যক্ষেত্রে অনেক অসুবিধা হয়। কোন্ খনি ন্যাশনালাইজ করা যায় কোনটা করা যায় না, আর একটা হয়তো আরও পরে

করা যায়, আর একটা হয়তো আরও পরে করা যায়। সেইজন্য সত্যবাবুর প্রস্তাবে এখনই ন্যাশনালাইজ করে ফেলার কোন প্রস্তাব ছিল না। তবুও প্রমপ্ট স্টেপ নেবার কথাটা ছিল সেটাকে ব্যাখ্যা করে পাছে কেউ বলেন যে তাহলেও কি বলছেন যে এখনও দুম দুম করে কালকেই সবগুলি ন্যাশনালাইজ করার ব্যবস্থা ভারত সরকার করে ফেলবেন, যাতে এইরকম ধরণের অপব্যাখ্যা না হতে পারে সেইজন্য আমি প্রস্তাব করছি আমার এ্যামেণ্ডমেণ্টে যে সেই অংশটি ডিলিট করে দেওয়া হোক, সেই অংশকে বাদ দিয়ে দেওয়া হোক। শুধু জেনারেল প্রিন্সিপল হিসাবে, সাধারণ নীতি হিসাবে আমরা আইন সভায় এই প্রস্তাব গ্রহণ করছি। কেন, আমি বলছি। আইন সভায় যে সদস্য নির্বাচিত হয়েছে বেশীর ভাগ প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সদস্যরা বিপুল সংখ্যায় নির্বাচিত হয়েছেন, তাঁরা জনগণের কাছে যে প্রিনসিপল ঘোষণা করেছেন তাঁরা সেই প্রিনসিপল আইন সভায়ও ঘোষণা করবেন এবং করে বলবেন যে এই প্রিনসিপলেই আমরা চলছি, প্র্যাকটিক্যাল দিক থেকে, কার্যক্ষেত্রের দিক থেকে কোনটা আগে হবে, পরে হবে সেগুলি গভর্ণমেণ্টের ব্যাপার, গভর্ণমেণ্টই করবেন। কিন্তু আমরা আইন সভায় জনগণের প্রতিনিধি হিসাবে এই প্রতিশ্রুতি দিয়ে এসেছি আইন সভার সদস্য হিসাবে আমরা অটল আছি, সেই প্রিনসিপলকে আমরা ডিকটেট করছি, সেই প্রয়োজনীয়তা আমরা ডিকটেট করছি আইন সভাতে। তোমাদের যে প্রতিশ্রুতি দিয়েছিলাম আমরা আইন সভার সদস্যরা তা লঙ্ঘন করিনি। এটা লক্ষ্য করবার বিষয় যে, এই যে বিল, এই যে রেজিলিউশন এটা গভর্ণমেণ্ট আনেননি এটা নন-অফিসিয়াল মেম্বারস রিজলিউশন, আইন সভার সদস্য হিসাবে তিনি এনেছেন। আইন সভার সমস্ত পি. ডি. এফ. সদস্যদের পক্ষে পি. ডি. এফ আরো অনেক প্রতিশ্রুতি দিয়ে এসেছেন, পি. ডি. এফের অনেকে আমরা আইন সভায় এই প্রস্তাব পাশ করছি তারপর গভর্ণমেণ্টের কাজ গভর্ণমেণ্ট করবেন। সুতরাং আমি আমার একথা আপনাদের বলবো এই প্রতিশ্রুতি থেকে আমরা হটে যেতে পারি না। এই প্রস্তাবের সম্বন্ধে অনেক যুক্তি উঠতে পারে যে আমরা যদি ন্যাশনালাইজ করি, জাতীয়করণ করি, তাহলে পুঁজি সব পালিয়ে যাবে। মনোপলি ক্যাপিট্যালিস্টরা আর তাদের পুঁজি এখানে নিয়োগ করবেন না, সব পালিয়ে যাবে। আমার সেখানে উত্তর হচ্ছে আপনারা কংগ্রেস সদস্যরা এই যুক্তিতে মোটেই বিশ্বাস করেন না। যদি বিশ্বাস করতেন তাহলে নন-কোকিং কোল ন্যাশনালাইজ করবার প্রস্তাব আনতেন না। নন-কোকিং কোল ন্যাশনালাইজ করবার যখন প্রস্তাব এনেছেন নিশ্চয় আপনারা একথা বিশ্বাস করেন না যে ন্যাশনালাইজ করলেই সব পুঁজি পালিয়ে যাবে। পালিয়ে পালিয়ে কোথায় যাবে? কিন্তু নিশ্চয়ই এটা আপনার বিশ্বাস করেন যে এই যে একচেটিয়া পুঁজি যেখানে খাটছে সেখানে তারা বাড়াচ্ছে না, সেখানে তারা ইনভেস্টমেণ্ট বাড়াচ্ছে না, সেখানে তারা মর্ডানাইজ করছে না, সেখানে তারা বেশী লোককে এমপ্লয়মেণ্ট দিচ্ছে না, প্রোডাকশন বাড়াচ্ছে না এবং সেখান থেকে ক্যাপিট্যাল নিয়ে ফাটকাবাজী করছে, নানা রকম জিনিস করছে। এটা যদি নন-কোকিং কোলের বেলায় প্রযোজ্য হয় মনে করেন তাহলে এটা তার চেয়ে ঢের বেশী প্রযোজ্য মনে করবো জুটে। আপনারা কে জানেন না যে পশ্চিম বাংলার সবচেয়ে বড় শিল্প চটকল, যে শিল্প থেকে কত শত কোটি টাকা মুনাফা করছে কিন্তু এই জুট মিলগুলির মর্ডানাইজ করেনি। এবং ওয়ার্কলোড বাড়িয়ে মজুর ছাঁটাই করে প্রফিট বাড়ে কিনা চেষ্টা করেছেন। চাষীদের কোনদিন ন্যায্য দাম দেয় না জুটের। র-জুটের দাম চাষীকে ন্যায্য দামে দেওয়া হয় না। বিদেশের মার্কেটে কত বেশী দাম পাওয়া যায় কত খারাপ কোয়ালিটি দিয়ে এই তারা চেষ্টা করছে। বিদেশের বাজারগুলো পর্যন্ত নষ্ট করার চেষ্টা করছে। যদি তাতে তাদের মুনাফা বেড়ে যায় যাক। আর এই

যে বাংলাদেশের মুক্তিসংগ্রাম হল এই মুক্তিসংগ্রামের সময় জঘন্য সুযোগ তারা গ্রহণ করেছে। সেখানে চাষীদের কাছ থেকে ড্যাম চীপ, একেবারে জলের দরে পাট এখানে কিনে নিয়ে তারপরে তারা বেশী দামে বিদেশের বাজারে বিক্রী করে একেবারে শত শত কোটি কোটি টাকা মুনাফা করে নিয়েছে। অথচ ইনড্রাসটিকে তারা মর্ডানাইজ করেনি। আর আমি জানি যে জুট থেকে যে প্রফিট হয় সেটা তারা নিয়ে চলে যায় ফাটকা এবং নানান ধরণের ব্যবসার জন্য। আজকে কে না জানে এই কথা যে চা বাগানের সাহেবদের মনোপলি ছিল, এখন সাহেবদের জায়গায় কিছু সাহেব আছে কিন্তু আমাদের ভারতের বড় বড় মনোপলিষ্ট গিয়ে ঢুকেছে। আমি নন-কোকিং কোলের কথা বলতে চাই না এই প্রস্তাবকে আমরা সর্বান্তঃকরণে সমর্থন করি, নন-কোকিং কোল অবিলম্বে ন্যাশনালাইজ করা হোক, কিন্তু ফরেন অয়েল কোম্পানী সম্বন্ধে সত্যবাবু যা দিয়েছেন আমি তো এই বিষয় যথেষ্ট পড়াশোনা করেছি আমি অবাক হয়ে গিয়েছি। তিনি যে তথ্য পরিবেশন করেছেন হ্যাগারিং, প্রিভাসটেটিং, তার উত্তর দেবার ক্ষমতা এই হাউসের মধ্যে কার আছে আমি জানতে চাই। তিনি যে ফিগার দিয়েছেন আড়াই বৎসরের মধ্যে ক্যাপিট্যাল তারা তুলে নিয়ে চলে গিয়েছে।

[ 5-15—5-25 p.m. ]

আড়াই বছরের যে ফিগার দিয়েছেন, ক্যাপিটাল তুলে নিয়ে চলে গেছে। তিনি যে ফিগার দিয়েছেন, যে পুঁজি লাগিয়েছে এবং যে প্রফিট নিয়েছে তার মধ্যে কোন সামঞ্জস্য নেই। ফিগার যা দিয়েছে তাতে কি সাংঘাতিক পরিমাণ ডিভিডেন্ট নিয়েছে। তিনি যে ফিগার এ্যাণ্ড ফ্যাক্টস দিয়েছেন তাতে জাতীয় স্বার্থের পরিপন্থী কাজ করেছে। যুদ্ধের সময় সাপ্লাই বন্ধ করে দিয়েছে, খারাপ সাপ্লাই দিয়েছে, এরোপ্লেন গ্রাউণ্ড করে দিতে বাধ্য করেছে। সব দিক থেকে জাতীয় স্বার্থের বিরোধী কাজ করেছে এবং দুহাতে মুনাফা করে নিয়েছে। সুতরাং যে ৪টি বিষয় এনেছিলাম এ্যামেণ্ডমেন্টে, তাতে নন-কোকিং কোল বাদ দিয়েছি। বাকি তিনটি জিনিস তিনি বললেন জুট, ফরেন অয়েল কোম্পানী এবং টি, আমি বিশ্বাস করি আমাদের হাউসে এমন কেউ নাই যে এই মনোপলি রাখতে চায়। আমি আবার মনে করিয়ে দিতে চাই যে আমরা সমস্ত শিল্প জাতীয়করণ করার কথা বলিনি। আমরা যে যুক্ত মোর্চ্চা করেছি তাতেও সেকথা নেই এবং কমিউনিস্ট পার্টির যে পৃথক প্রোগ্রাম তাতেও বলিনি যে সমস্ত শিল্প জাতীয়করণ করে দাও। সেই স্টেজ এসেছে বলে আমরা মনে করিনা। আমরা শুধু বলেছি মনোপলি, একচেটিয়া পুঁজিপতি যারা বাজার কণ্ট্রোল করে, ইকনমি কণ্ট্রোল করে, সুপার প্রফিট করে এবং অন্যান্য পুঁজিকে চেপে রাখে, ছোট মাঝারি ব্যবসায়ী, মাঝারি শিল্প, ছোট শিল্পকে চেপে রাখে, কুটির শিল্পকে চেপে রাখে, সারা দেশকে এক্সপ্লয়েট করে, গভর্নমেন্টকে ট্যাক্স ফাঁকি দেয়, বৈদেশিক মুদ্রা চুরি করে, হাজার হাজার টাকার মালিক হয়ে বসে তারা যদি দেশে ইণ্ডাষ্ট্রি এক্সপ্যানসন করতে পারত তাহলে তাতে কোটি কোটি দেশের মানুষকে কাজ দিতে পারত এবং তার একটা জাসটিফিকেসন থাকত। কিন্তু তারা দুহাতে সুপার প্রফিট করেছে। অথচ ২৫ বছরে ইণ্ডাসট্রিয়ালাইজড হয়নি এবং দেশের অর্থনীতি তাদেরই হাতে আছে। গভর্ণমেন্টে যেই থাকুক না কেন অর্থনীতি তারাই কণ্ট্রোল করে, কিন্তু তারা আমাদের দেশকে ইণ্ডাসট্রিয়ালাইজড করেনি, তারা আমাদের দেশের জিনিসপত্র অগ্নিমূল্য করেছে, তারাই আমাদের দেশের পভার্টির জন্য বিপুল পরিমাণে দায়ী। আজ তারা কনডেমড বাই হিস্ট্রী। ভারতবর্ষের ইতিহাস গত পঁচিশ বছর ধরে তাদের কনডেমড করেছে অর্থাৎ সেই মনোপলিস্টকে, সেই একচেটিয়া পুঁজিপতিকে কনডেমড করেছে তাদের অপদার্থতার

জন্য, হাজার হাজার টাকা মুনাফা করার জন্য। তাদের সাহায্য করে দেশকে ইণ্ডাস্ট্রিয়ালাইজড করার ক্ষমতা নেই। শুধু তাদের কনসেসন চাই, কনসেসন চাই এবং যত চাইছে ততই পাচ্ছে, কিছুতেই যেন তাদের মন ভরেনা। তোমরা যখন দেশকে ইনডাস্ট্রিয়ালাইজড করতে পারনা তখন গেট আউট, দূর হটো এই হচ্ছে সমস্ত প্রোগেসিভ স্লোগান, এতে কংগ্রেস, কমিউনিস্ট-এ কোন পার্থক্য নেই। আমরা আমাদের যে প্রতিশ্রুতি দিয়েছি এই আইনসভায়, পার্টি হিসাবে ফ্রন্টে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সেই প্রতিশ্রুতির প্রতি আমরা লয়্যাল আছি। যে প্রস্তাব আনা হয়েছে তাতে গভর্ণমেণ্টকে ছেড়ে দেওয়া হয়েছে, গভর্ণমেণ্ট সুযোগ মত ন্যাশনালাইজ করবে। কিন্তু আইনসভায় তাঁদের যে প্রিনসিপল ঘোষণা করতে চেয়েছেন আমি আশা করছি প্রস্তাবের উত্থাপক এই এ্যামেন্ডমেণ্ট গ্রহণ করবেন এবং কংগ্রেস সদস্যদের সঙ্গে আলোচনা করে এই প্রস্তাব যাতে আজ এ্যামেনডেড গ্রহণ করা হয় সর্বসম্মতিক্রমে সেই বিশ্বাস রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগিরিজাভূষণ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই যে প্রস্তাব এসেছে তাকে সর্বান্তকরণে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। এই যে গঙ্গার দু'ধারে চটকলগুলো রয়েছে আমাদের অনেকে মনে করেন তাতে যে আড়াই হাজার শ্রমিক নিয়োগ করেছে এর দ্বারা আমাদের রুজি রোজগার এঁরাই বুঝি বাঁচিয়ে রেখেছে। কিন্তু এই চটকলগুলির সমস্ত মালিককে নিয়ে যে একটি ঘুঘুর বাসা তৈরী হয়েছে তার নাম হচ্ছে ইণ্ডিয়ান জুট মিল এ্যাসোসিয়েসন। তাদের ভেতরে যে কি কাজকর্ম হয় সেটা না আমরা জানতে পারি, না সরকার টের পান। এই চটকলের মধ্যে বিদেশী পুঁজি কম আছে এটা ঠিক। বেশীর ভাগ পুঁজিই আমাদের স্বদেশী পুঁজিতে রূপান্তরিত হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে আজকে আমাদের বিচার করতে হবে এই যে স্বদেশী পুঁজি সেটা কি ন্যাশনাল ক্যাপিটাল হয়েছে, না পুরান ঐতিহ্যবাহী সেই ক্যাপিটালই রয়েছে? এই চটকলগুলি কিরকমভাবে এণ্টিন্যাশনাল কাজ করে চলেছে আমি পরপর তার কতগুলি উদাহরণ দিচ্ছি। গত বছর বাংলাদেশে অর্থাৎ পূর্ববংগে যখন সংগ্রাম শুরু হোল তার আগে পর্যন্ত ৪০ ইনচি হেসিয়ানের দাম ছিল ৬২ টাকা। কিন্তু আশ্চর্যের বিষয় ৬ মাসের মধ্যে তার দাম হল ১০৯ টাকা এবং তার ফলে গত ১ বছরে তারা ১৬০ কোটি টাকা লাভ করেছে। এই কাজ কি তারা দেশের কল্যাণে করেছে? চটকলের বেশীরভাগ জিনিস বিদেশের বাজারে বিক্রি হয় এবং এই যে হঠাৎ দাম বাড়াল তাতে তারা দেশের কি ক্ষতি করছে সেটা আপনারা একবার ভেবে দেখুন। বিদেশে তারা যথেচ্ছ দাম নিচ্ছে এবং এই জুট মিল এ্যাসোসিয়েসন আজকে এই চটকলগুলোকে নীলকুঠিতে পরিণত করেছে। আজকে পৃথিবীর প্রত্যেক দেশে আর্টিফিসিয়াল ফাইবার তৈরী হচ্ছে এবং সেটা দিয়ে থলে তৈরী হয়। এই চটকলের মালিকরা একটা দাম কখনও ঠিক করেনা, যখন যেখানে যে দাম পাচ্ছে সেই দামে বিক্রি করছে। আমি এই প্রসঙ্গে একটি ছোট্ট ঘটনা বলি। ফুড করপোরেশন অফ ইণ্ডিয়া থলের অর্ডার দিল, কিন্তু তারা সেই থলে সাপ্লাই করল না। তখন ইণ্ডিয়া গভর্ণমেণ্ট প্রাইস এনকোয়ারী কমিটি বসালেন এবং সেই প্রাইস এনকোয়ারী কমিটি সিদ্ধান্ত করলেন ১০০ থলের দাম হবে ২০৭ টাকা এবং তারপর আরও ১০ টাকা বেশী দিয়ে ২১৭ টাকা। প্রাইস এনকোয়ারী কমিটি এই দাম ফিক্স করে দিলেন, কিন্তু চটকল কোম্পানী তা সাপ্লাই করল না। তারা ইরেগুলার সাপ্লাই করে এবং এই চটকলগুলির উপর থলে সাপ্লাই করবার জন্য ডি. আই. রুল এ্যাপ্লাই করতে হয়েছিল ভারত সরকার এবং ফুড করপোরেশন অব ইণ্ডিয়াকে। এই থলে তারা বিদেশে বিক্রি করছে ২৯৫ টাকায়। তারা থোরাই কেয়ার করে ইণ্ডিয়া গভর্ণমেণ্টকে থলে সাপ্লাই করবার জন্য। মাননীয়

সদস্যগণের অবগতির জন্য জানাচ্ছি তারা যে সাব-স্ট্যাণ্ডার্ড মাল তৈরী করে সেটা শুনলে আপনাদের মাথা খারাপ হয়ে যাবে। তারা একবার সোভিয়েট রাশিয়ায় মাল পাঠাল কিন্তু সেটা সাব-স্ট্যাণ্ডার্ড বলে যেখান থেকে ফেরৎ এল এবং এইভাবে তারা ভারত সরকারের মাথা ঝুকিয়ে দিল বিদেশের কাছে। আমি চটকল ইউনিয়ন করি কাজেই আমি তাদের সবকিছু জানি। পাঁচ টন মাল আণ্ডার-ওয়েট হোল এবং তখন বেলের মধ্যে ইনজেকসনের নিডল দিয়ে জল ভরে দিয়ে তাকে জাহাজে পাঠিয়ে দেওয়া হোল। কাজেই এই বিদেশী ঐতিহ্যবাহীদের ক্ষেত্রে আমরা যদি ব্যবস্থা না করতে পারি তাহলে তারা এই পাট ব্যবসাকে ধ্বংস করবে. তারা টাকার জন্য পারেনা হেন কাজ নেই।

[ 5-25—5-35 p.m. ]

আমি আরও কয়েকটি উদাহারণ দিচ্ছি। এরা কি পরিমাণ লাভ করে আপনারা ভেবে দেখতে পারেন। ৮ লক্ষ টন মাল তারা প্রতি বছরে তৈরি করে। ৮ লক্ষ টন চট এবং থলে মিলিয়ে তারা production করে। প্রত্যেক টনে তাদের খরচ হয় maximum ২৩ শত টাকা, তারা বিক্রি করে ৩৬ শত টাকায়। এইভাবে যদি তারা লাভ করে, তাহলে আসলে যেটা হয় সেটা হচ্ছে বিদেশের বাজার সঙ্কুচিত হয়। তারা বিদেশে সে মাল বেচার জন্য কতকগুলি দেশ বেছে রেখে দিয়েছে। যেমন আর্জেনটিনা, অষ্ট্রেলিয়া, অষ্ট্রিয়া এবং আমেরিকা। তারা পৃথিবীর কোন সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির কাছে যায় না। জুট মিল-এ্যাসোসিয়েশন যখন বাজার সন্ধানে যায়, যখন মিশন বেরোয় তখন কোনদিন সোস্যালিষ্ট কান্ট্রিগুলোতে যায় না। তারা আমেরিকায় যাবে বাজার সন্ধান করতে, যার পরিণাম আমরা কি দেখি? একমাস আগে আমেরিকা অর্ডার দিয়েছিল carpet packing-এর, পরশুদিন telegram এসেছে তারা সেই order cancel করেছে। আজকে সেই carpet packing-এর কাজ বন্ধ হয়ে যাচ্ছে। তাঁতীরা ছাটাই হয়ে বেকার হয়ে যাচ্ছে। এই যে জাতীয়তা বিরোধী কাজ তারা পরের পর করে চলেছে, এর বিরুদ্ধে আজকে যদি সক্রিয়ভাবে হস্তক্ষেপ না করি তাহলে নিশ্চয়ই চটকলের ভবিষ্যৎ অন্ধকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে এটা বলতে পারি এই যে ১৩টি পরিবার যারা আজকে চটকলকে contral করছে—বিড়লা, বাজোরিয়া, কানোড়িয়া, গোয়েঙ্কা, মেহেতা এবং বার্ড এই যে ১৩টি house, এই ১৩টি house-এর প্রতি আমাদের কোন মোহ থাকা প্রয়োজন নেই। আজকে আমরা সমস্ত মানুষের কাছে এই কথা বলছি, শুধু আমরা নই, সমস্ত পক্ষ একসঙ্গে এই কথা বলেছেন যে mon poly-কে আমরা খর্ব করবো, তা যদি খর্ব করতে হয় তাহলে এই যে ১৩টি পরিবার তারা শুধু চট নয়, তারা আরও বিভিন্ন শিল্পের মালিক এবং এরা হচ্ছে বাংলাদেশের একচেটিয়া পুঁজিপতি পরিবার। সুতরাং এই একচেটিয়া পুঁজিপতিদের খর্ব করে যদি চটকলগুলোকে রাষ্ট্রীয়করণ করতে পারি তাহলে একদিকে আমরা চটকলে আরও বেশী শ্রমিক নিয়োগ করতে পারবো, আরও বেশী ভাল মাল তৈরী করতে পারবো এবং দ্বিতীয় পথে আরও অনেক বেশী বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারবো। চটই হচ্ছে একমাত্র শিল্প যাতে maximum foreign exchange earn করা যায়। আনুমানিক ২৯৮ কোটি, কয়েক লক্ষ টাকা তারা গত বছরে বৈদেশিক মুদ্রা অর্জন করেছে। কিন্তু সকলে জানেন যে সেই চটকল কোম্পানী এখনও under invoicing করেন। অর্থাৎ কম দামে invoice করেন এবং বেশী মাল বেচেন এবং সেই টাকা বিদেশের Bank-এ জমা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই under invoicing করার জন্য বার্ড কোম্পানীকে ১ কোটি ৫ লক্ষ টাকা জরিমানা দিতে হয়েছিল এবং প্রত্যেকটি চটকল কোম্পানী এখনও under invoicing করে চলেছে এবং ধরা আমাদের পক্ষে অসাধ্য

কারণ কোন মালের কত দাম, তার কি fabric,তার কি টানা পোড়েন, কি তার ওজন, customs-এ যারা বসে আছেন, যারা বিদেশে মাল পাঠান, তাঁরা কেউ বোঝেন না। সুতরাং একটা মালের যেখানে ২৩শ' টাকা হওয়া উচিত, সেখানে যদি তারা ২১শ টাকা দাম লেখেন, তাহলে ধরার কোন machinery আমাদের সরকারের নেই। তাই এইভাবে আমরা অনেক foreign exchange loss করছি। তাই এই চটকলকে রাষ্ট্রীয়করণ করার মধ্যে দিয়ে আমরা নিশ্চয়ই আরও অনেকগুলি foreign exchange earn করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই। গত বছর যখন বাংলাদেশে স্বাধীনতা আন্দোলন আরম্ভ হলো তখন বাংলাদেশ থেকে ২০।২৫।৩০ টাকা দরে পাট এরা কিনেছে, নন-ফাইবার জুট কিনে এবং যে পাট এখানে অন্ততঃপক্ষে ২৪ কোটি টাকা দাম লাগতো সেই পাট তারা ১৩ কোটি টাকায় কিনেছে, কিন্তু সেই যে সস্তা দরে পাট কিনলো, তার কোন reflection আমরা চটের দামের ওপর দেখিনি, পাটের দাম যা ছিল তার চেয়ে বেড়েছে- কমেনি। সুতরাং এই যে ১২ কোটি টাকার তারা যে সস্তা দরে পাট কিনলো, এই ১২ কোটি টাকা কোথায় গেল ? এই ১২ কোটি টাকা black money এই চটকল মালিকেরা করলো, সস্তায় যদি মাল কেনা যায় তার reflection নিশ্চয়ই যে মাল বিক্রি করে, উৎপাদিত মালের উপর তার একটা reflection পড়বে কিন্তু কোন reflection নেই।

সেইজন্য আমি গোড়ায় বলেছি এই যে ঘুঘুর বাসা তারা করে রেখেছে, সেই ঘুঘুর বাসা তাদের ভাঙতে হবে। এই ঘুঘুর বাসা ভাঙ্গার জন্য আগামী পরশু সোমবার সারা বাংলাদেশে আড়াই লক্ষ চটকল শ্রমিক সংগ্রাম করতে চলেছে, হরতাল করতে চলেছে। আজ সমস্ত কেন্দ্রীয় শ্রমিক প্রতিষ্ঠান I N T U C, A I T U C,...হিন্দ মজদুর সভা, C I T U প্রভৃতি এই হরতাল আহ্বান করেছেন। ওদের অন্যতম দাবী চটকল রাষ্ট্রীয়করণ করা। এদের রাষ্ট্রীয়করণের অন্যতম দাবী নিয়ে সমস্ত দলমত নির্বিশেষে তাঁরা সংগ্রামে নেমেছেন। আমি বিশ্বাস করি এই বিধান সভার সমস্ত মানুষ, সমস্ত সদস্য একমত হয়ে চটকল রাষ্ট্রীয়করণের প্রস্তাবকে গ্রহণ করবেন।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে চা বাগান সম্পর্কে। কিছুদিন আগে সরকার এই সম্পর্কে একটি enquiry কমিটি বসিয়েছিলেন। আট লক্ষ চা বাগান হচ্ছে। বাংলা সরকার 'কাদের নওয়াজ' কমিটি বসিয়েছিল। তাঁরা বলেছিলেন একর পিছু 1.1 worker থাকা চাই। ৮ লক্ষ একর চা বাগান থাকা সত্বেও সেখানে মাত্র ৬ লক্ষ চা শ্রমিক আছে। অর্থাৎ ২লক্ষ চা শ্রমিক তারা কাজে লাগিয়েছে। চা বাগান রাষ্ট্রীয়করণ করে আরো দু'লক্ষ চা শ্রমিক কাজে লাগান যেতে পারে। তাহলে পরে বেকার সমস্যার অনেকখানি সমাধান হয়ে যেতে পারে। এই চা বাগানের মালিকের অৰ্দ্ধেক বিদেশী পুঁজি এবং তার অর্দ্ধেক স্বদেশী পুঁজি, এরা গাঁটছাড়া বেঁধে একই কাজ করে চলেছে। যে কাজ করতে বেণ্টিংকের আমলে বোটানিক্যাল গার্ডেনের কিউরেটর জনসনকে পাঠিয়ে যে enquiry কমিটি বসাল প্রায় ৮০ বছর আগে, সেই জনসন সাহেব তারই অঞ্চলের খোঁজ পেয়ে চা বাগানের চাষ করলো। মুনাফা লুটবার সেই ঐতিহ্য আজও বয়ে চলেছে। চা বাগান থেকে লক্ষ লক্ষ টাকা বিদেশে চলে যাচ্ছে।

তারপর কথা হচ্ছে উৎপাদন খরচের চারগুণ বেশী দামে বাজারে চা বিক্রি করে তারা। খিদিপুর ডকে এসে চায়ের পেটি নীলাম হয়। হাইয়েষ্ট বিডার সেই নীলামে চা কেনে। তারপর তারাই বাজারে বিক্রয় করে, চা বাগান থেকে directly কোন চা বিক্রী হয় না। Consumer, ব্যবসাদার, মিড্‌লম্যান, নীলামদারদের কাছ থেকে চা কিনে ব্যবসা করে। এই ফাটকাবাজী সিষ্টেম ভেঙ্গে দেওয়ার প্রয়োজন আছে। তা না হলে চা বাগানের মালিকদের সায়েস্তা করা যাবে না। মালিকরা চা বাগানে নির্মম শোষণ চালাচ্ছে। তা এখানে আমরা বন্ধ করতে

পারিনি। যে কথা আমরা দু-মাস আগে সাধারণ মানুষের সামনে সোচ্চারে বলে এসেছি আমরা গরিবী হটাবো,এই গরিবী হটাও কথা আমি মনে করি না ঐ combination of a famous trio- two leaves and a bud এর মধ্যে আবদ্ধ থাকবে। এই যে combination of a famous trio ইংরেজীতে বলে two leaves and a bud অনেক বড় বড় কথা বলে দিলাম। আমি বিশ্বাস করি নির্বাচনের আগে যে কথা জনসাধারণকে বলেছি গরিবী হটাও গরিবী আমরা হটাবো। আমরা দায়িত্ব নিচ্ছি গরিবী হটানোর। এই কথা যদি আমাদের কার্যে রূপান্তরিত করতে হয় তাহলে নিশ্চয়ই এই একচেটিয়া ঘুঘুর বাসা যা আছে— তা ভাঙ্গতে হবে। এবং ভেঙ্গে তার মধ্যে অনেক বেশী লোক নিয়োগ করবার সুযোগ পাব, দেশকে বাঁচাবার সুযোগ পাব। গরিবী হটাও, দেশকে বাঁচাও।

[ 5-35—5-45 p.m ]

এই চটকল কেম্পানী, চা বাগানগুলি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন যে কোথায় নিয়ে চলেছে। আমাদের দেশের আজকে সমস্ত কিছু আর্টিফিশিয়াল ফাইবারে হচ্ছে। আজকে নাইলনের ব্যাগ তৈরী হচ্ছে, কাপড়ের ব্যাগ তৈরী হচ্ছে। চাল চিনি কাপড়ের ব্যাগ আসছে এবং যার ফলে কালোবাজারী ফাটকাবাজী করছে পাটের দাম নিয়ে। বেনটিংক সাহেবের সময় থেকে চা শিল্পে ভারতবর্ষের প্রাধান্য, তার আগে ছিল চীনের হাতে ঐ ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানীর সময় থেকে। কিন্তু আমরা যদি এই চা বাগানগুলিকে এই ভাবে চলতে দিই তাহলে সেই চা বাগানগুলি বা চা শিল্প চলে যাবে চায়না বা ঐ চায়না-টিবেট অঞ্চলের দিকে। তাই আমি বলছি এই প্রস্তাবকে সমর্থন করে যে কথা আমরা বাইরে বলেছি সেই কাজের কথা, সেই কাজ শুধু করতে হবে এই কথা আমি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলে শেষ করি।

**শ্রীজয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধু শ্রীসত্য ঘোষাল যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তার জন্য আমি বিনয়ের সাথে তাঁর কাছে নিবেদন করতে চাই যে অস্থির বাংলার পর আজকে আমাদের উপর যে দায়িত্ব পড়েছে সেই দায়িত্বের দিকে যদি দৃষ্টি না দিই, তাহলে আজকে যে সমস্যা, মূলত দারিদ্রের সমস্যা মূলত বেকার সমস্যার আমরা সমাধান করতে পারব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অর্ডার পেপার আপনি যেটা দিয়েছেন সেটার ৩ই নম্বর রিজলুশনে, মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামানিক যেটা দিয়েছেন তাতেই পরিস্কার বলা হয়েছে। আমার মনে হয় যে আমাদের লক্ষ্য যখন সমাজতন্ত্র এবং আমরা যখন মনে করি যে গণতান্ত্রিক পথে সমাজতান্ত্রিক লক্ষ্যে পৌছান সম্ভব, তখন আজকে সমাজে যেসমস্ত উৎপাদন ব্যবস্থা এবং যন্ত্র রয়েছে সেইগুলির সুষ্ঠু ব্যবস্থা করে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করতে হবে। আমি মাননীয় সত্য ঘোষাল এবং মাননীয় বিশ্বনাথ মুখার্জীকে বিনয়ের সঙ্গে অনুরোধ করতে চাই যে মাননীয় সিদ্ধার্থ শঙ্কর রায় ১ মাস ১৫ দিন ১৬ দিন আসনে আছেন কিন্তু কেরালায় মাননীয় অচ্যুত মেনন এর নেতৃত্বে '৭০ সাল থেকে, অকটোবর ১৯৭০ সাল থেকে ওরা আসনে আছেন। যে সমস্ত বিষয়গুলি এখানে প্রস্তাবে রাখা হয়েছে সেগুলি কেন কেরালার অচ্যুত মেনন এর নেতৃত্বে সেখানে গ্রহণ করা সম্ভব হয় নি, এইটা আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আমাদের সি, পি, আই-এর বন্ধুদের কাছে রাখছি। সুতরাং একের পর এক করে যেসমস্ত উৎপাদন যন্ত্রগুলিকে সরকারী নিয়ন্ত্রণে আনার সুপারিশ এখানে করা হয়েছে এবং আমরা যদি খুব বেশী করে তা নিতে চাই তাহলে আমাদের ভেবে দেখতে হবে যে একদিকে সমাজ এবং অন্যদিকে প্রশাসন আজকে এরজন্য সম্পূর্ণ উপযোগী কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কালকের আগের দিন এই হাউসে সরকারী ব্যবস্থাপনায় যে শিল্প

উদ্যোগগুলি আছে তার একটা ফিরিস্তি দিয়েছিলাম আপনার কাছে। এখানে মাননীয় সদস্যরা সবাই দেখেছেন যে ৭৬ কোটি টাকা ইনভেস্ট করে ১৫ কোটি টাকা লোকসান দিয়েছি। কেন এই লোকসান হচ্ছে? পূর্ববর্তী বছরে কংগ্রেস কিন্তু ক্ষমতায় ছিল না তবুও লোকসান হয়েছে। এই অবস্থাতে সরকারী বিরাট উদ্যোগগুলিতে আমরা লোকসান বন্ধ করতে পারি না। তা বন্ধ করবার আমরা চেষ্টা করছি। সমাজতন্ত্র যদি লক্ষ্য হয় তাহলে মূলত উৎপাদনের সমস্ত যন্ত্র সরকার এবং সমাজের নিয়ন্ত্রণে আসা দরকার। এবং সমাজ এবং সরকার এক সঙ্গে উদ্যোগী হয়ে যদি লোকসান বন্ধ করতে না পারে, এইগুলির যদি সুব্যবস্থা সুনিয়ন্ত্রণ করতে না পারে তাহলে আমরা যে সমাজতন্ত্রের লক্ষ্যে পৌছাবার কথা দিয়েছি তাতে মানুষের মনে একটা অবিশ্বাস আসবে এবং সমাজে যে প্রতিক্রিয়াশীল শক্তি আছে তারা একটা অপপ্রচার করবার মস্ত হাতিয়ার পাবে। এই যে এই পরিবহণ ব্যবস্থা যখন আমাদের মালিকানায় ছিল তখন আমাদের লোকসান হয় নি আর সরকার পরিবহণ ব্যবস্থার দায়িত্ব নিল তাতে ৬ কোটি টাকা লোকসান হয়েছে। আজকে যে আস্থা সমাজতন্ত্রের পথে গণতন্ত্রের প্রতি মানুষের আছে সেই আস্থা নষ্ট হয়ে যাবে। রক্তপাত বিপ্লব করে নয়, মারধোর করেও নয়, বোমা গুলি ফাটিয়ে, গৃহযুদ্ধ করে সমাজতন্ত্রে পৌছানো যাচ্ছে না। তাই লক্ষ্য হয় তাহলে দেশের সাধারণ মানুষের অবিশ্বাস আসবে যে ওঁরা যা করেন সেই পথে সমাজতন্ত্রে এগানো যাবে না। আজকে মূল সমস্যা দারিদ্র এই দারিদ্র বণ্টন করে মানুষকে সুখী করা যায় না। সম্পদ সৃষ্টি করে দরিদ্রের অবস্থার উন্নতি করলে মানুষের মনে আশা ভরসা সঞ্চার করা যেতে পারে। সেইজন্য আমি অনুরোধ করবো আমাদের বন্ধুদের যে আমাদের যে ২নং রিজলিউসন সরকার পক্ষ থেকে আছে তাতে মোটামুটিভাবে আমাদের মূল নীতির সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, কারও দ্বিমত বা বিভেদ নেই বা কোন বিরোধ নাই। কথাটি হচ্ছে আমরা কোন সময়ে কি দায়িত্ব গ্রহণ করতে পারবো, কতখানি নিয়ন্ত্রণ করতে পারবো ঠিক ততখানিই দায়িত্ব নেওয়া উচিৎ—অবশ্য সে নিয়ে মতভেদ আছে এবং সেইজন্য অনুরোধ করবো আমাদের ও'পক্ষের বন্ধুদের যে আমরা সবাই যদি মনোযোগ দিই এবং অত্যন্ত তৎপর হই তাহলে এই দুই নম্বর রিজলিউসন-এ কয়লাখনি সম্বন্ধে যা বলা আছে এটা সম্ভবপর এবং আমাদের সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে এ বিষয়ে অনুরোধ করাও সম্ভব। কিন্তু এক সঙ্গে আজকে যদি টি, জুট এভরি থিং, উনি কোক কথাটা বাদ দিয়েছেন, মাইনস্ কথাটা বাদ দেন নি সব গ্রহণ করি তাহলে কিছুই হবে না। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি যে সরকার এক সঙ্গে এতগুলি দায়িত্ব নেবার কথা যদি আজকে ঘোষণা করেন তাহলে দেশের মানুষের মনে ভরসা হবে, তারা বিশ্বাস করতে সুরু করবে যে আজকে সরকার এই বিধানসভায় ঘোষণা করেছেন যে এইগুলি নিয়ন্ত্রণ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা হয়েছে এবং তাহলে মানুষ আশায় থাকবে যে কখন কোনটা নেওয়া হবে। কিন্তু এখনই সরকার হাতে নিতে পারে যাতে উন্নতি হওয়া দরকার, যাতে সুবণ্টন হওয়া দরকার এবং যাতে এডমিনিষ্ট্রেটিভ সুবিধা করার দরকার তা সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই মাসের আট তারিখ থেকে সমস্ত চট কলগুলিতে হুমকি দেওয়া হয়েছে যে শ্রমিকরা তাদের ন্যায্য পাওনা না পেলে, ২৬৫ টাকা করে না পেলে আগে ওটা ৩৬৫ টাকা বলেছিলেন এখন আবার ২৬৫ টাকা করা হয়েছে—তা না পেলে তারা ধর্মঘট করবে। আমাদের শ্রমমন্ত্রী এ নিয়ে নিগোসিয়েট করছে—দিল্লীতে বৈঠক হয়েছে এখন কলকাতায় বৈঠক হচ্ছে। আজকে যদি আমরা একথা বলি যে জুটমিলগুলি আমরা নিয়ে নেবো তা সম্ভব নয়। জুটমিলের মালিকদের কাছ থেকে এখনই আমরা নিয়ে নিতে পারছি না। কিন্তু জুটমিলগুলির উপর যে ব্যবস্থা নেওয়া দরকার তা শ্রমিকদের স্বার্থেই নেওয়া দরকার, কারণ

আমাদের সরকার শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ। শ্রমিকদের যে ন্যায্য পাওনা তা তারা পাক তাতে আমরা তাদের সাহায্য করব। কিন্তু তারা তা করছে না। তারা ইনডাসট্রিতে একটা ডেড লক তৈরী করে সরকারের উপর ফারদার লায়েবিলিটিজ সৃষ্টি করছে। কিন্তু এ অবস্থা কখনই সম্ভব নয়। আমরা দেখেছি কোল মাইনিং যেটা আগে নেওয়া হয়েছে সেই ব্যবস্থাকে সুষ্ঠু পর্যায়ে নিয়ে আসা সম্ভব। সুতরাং আমি এর উদ্দেশ্যের বিরোধিতা করছি না, এর কোন কিছুর বিরোধিতা নয়, বিরোধিতা শুধু প্রোগ্রাম করে নেওয়ার কখন কোনটায় হাত দিয়ে কোন্‌টা সরকারী নিয়ন্ত্রণে আনা দরকার। আজকে ক্ষিপ্রতার সঙ্গে চা ইনডাষ্ট্রিকে যদি নিয়ে নিই তাহলে কি হবে? আপনারা জানেন চা ও পাটে, জুট এবং টি ইনডাষ্ট্রিতে আমাদের যথেষ্ট বৈদেশিক মুদ্রা আসে। এই ইনডাষ্ট্রির কর্তৃপক্ষের সঙ্গে আজকে বসতে হয়। আমরা নিশ্চয়ই লোক দেখানো কোন কথা বলতে এইখানে আসিনি। আমরা বিশ্বাস করি ঠিক যতটুকু আমরা করতে পারব ঠিক ততটুকু প্রতিশ্রুতি জনসাধারণের কাছে দেব, এর বেশী প্রতিশ্রুতি দেওয়া আমাদের উচিৎ হবে না। আমরা মনে করি না মানুষকে মিথ্যা মায়ায় যা করতে পারব না অতিরঞ্জিত কোন প্রতিশ্রুতি দিয়ে মোহমুগ্ধ করে রেখে তাদের বিভ্রান্ত করতে চাই না এবং প্রদেশ কংগ্রেসও তা করতে চায় নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে ভাইটাল ইণ্ডাষ্ট্রীগুলির কথা হয়েছে, এই ভাইটাল ইণ্ডাষ্ট্রীগুলিকে একই সঙ্গে সরকারের পক্ষে গ্রহণ করা সম্ভব নয়। এই দায়িত্ব সরকারের উপর ছেড়ে দেবার কথা। এতে ওদের তৎপরতার কোন প্রয়োজন ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন ৬ নম্বর দফায় সরকারের বিবৃতিতে পরিষ্কার বলা আছে।

[ 5-45—5-55 p. m. ]

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** স্যার, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার, উনি বলছেন আমাদের কিছু আনার প্রয়োজন ছিল না। তাহলে কি গভর্নমেন্ট এম, এল, এর কোন রাইট নেই?

**শ্রীজয়নাল আবেদিন:** রাইট আছে। আমরা তো সে রাইট অস্বীকার করি না। কিন্তু কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তো গণতান্ত্রিক মোর্চার পার্টনার এবং আমরা তো একই সঙ্গে প্রতিশ্রুতি দিয়েছি কিন্তু প্রতিশ্রুতি আমরা যতটুকু কার্যকরী করতে পারব ততটুকুই আমাদের তৎপর হওয়া উচিৎ। আজকে যা আমরা করতে পারব না, যা সম্ভবপর নয় একই সঙ্গে করা, সে আশা আমরা দিতে চাই না। রাইট আছে, কিন্তু এটুকু আমার বলার আছে যে you happen to be a partner of the Progressive Democratic Alliance আপনাদের আজকে এটা বোঝা উচিৎ ছিল যে আমাদের এটুকু এখুনি করা সম্ভবপর হবে না সরকার পক্ষ থেকে। আজকে জুট ইণ্ডাষ্ট্রি ষ্ট্রাইক থ্রেট করেছে। এর পরে যদি মালিকগুলি এই রকম সংকট সৃষ্টি করে যায় তাহলে আপনারা ন্যাশনালাইজ করবেন না? ন্যাশনালাইজ করবেন কেন্দ্রীয় সরকার, কিন্তু তাদের সে সময় দিতে হবে। জুট সংকট আমরা এখন কাটিয়ে উঠতে পারি নি। জুট মিল হয়ত বন্ধ হতে পারে। সম্প্রতি কিছুটা অগ্রগতি হয়েছে, এই তাদের রিজলিউসান। জুট ইণ্ডাষ্ট্রি আজকে এই অবস্থায় আছে, আলটিমেটলি হয়ত একটা কিছু হবে। আমরা জুট ইণ্ডাষ্ট্রি নেব না, এই কথা বলি না। কিন্তু কখন নেব, এখনই এই রকম কিছু বলে আমরা অশান্তির কণ্টক সৃষ্টি করতে চাই না যে এখনই সরকার এগুলির উপর হাত দিচ্ছেন। এই ইণ্ডাষ্ট্রিগুলির বিনিয়োগে যথেষ্ট স্কোপ আছে এবং শ্রমিকদের ন্যায্য পাওনা পাইয়ে দেওয়ায় সরকারের যথেষ্ট করণীয় কর্তব্য আছে। সুতরাং সেদিকে লক্ষ্য রেখে আমি আমাদের বন্ধুদের অনুরোধ করবো পরবর্তী আমাদের যে

রিজলিউসন আছে সেই রিজলিউসন ওঁরা সবাই গ্রহণ করবেন এবং হাউসের সমস্ত মাননীয় সদস্যরা গ্রহণ করবেন। আজকে জুট ইণ্ডাষ্ট্রি নিয়ে যে আলোচনা চলছে, সেই আলোচনার হয়ত প্রয়োজন হবে। অন্যান্য ইণ্ডাষ্ট্রির শ্রমিকদের সেখানে একটু শঙ্কিত করে দিতে পারে বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি কথা বলতে চাই যে এখানে আমাদের মাননীয় শিল্প-বাণিজ্য মন্ত্রি ঘোষণা করেছেন যে সময়ের মধ্যে মহারাষ্ট্রে ৭৫০ কোটি টাকা বিনিয়োগ হয় সেই সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে কোন মূলধন বিনিয়োগ হয়নি, শিল্প সম্প্রসারণের জন্য কোন অর্থ বিনিয়োগ হয়নি। আজকে সরকারের ১০০ কোটি টাকার মূলধন নিয়োগের প্রস্তাব আছে শিল্পোদ্যোগে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্পপতিরা এখানে লাইসেন্স পেলেই যে কারখানা করবেন এই রকম কোন গ্যারান্টি নেই। আজকে আমাদের এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান একমাত্র সরকারী উদ্যোগে নিবারণ করা যাবে না, মোটামুটি বেসরকারী উদ্যোগগুলিকেও আমাদের কাজে লাগাতে হবে। কিন্তু এই আবহাওয়া এখানে সৃষ্টি হওয়া উচিত নয় যে সমস্ত কিছুই সরকার নিয়ে নেবে। সমাজতন্ত্র মানে সমস্ত কিছু এখানে নিয়ে নেওয়া নয়। আমরা মনে করি দেশের মানুষের স্বার্থে যতটুকু দায়িত্ব গ্রহণ করতে পারব সেই ব্যবস্থাগুলিই সরকারী নিয়ন্ত্রণে আসা উচিৎ। এখানে ভয়াবহ দারিদ্র ও বেকারী রয়েছে, তাই এখানে বেসরকারী মূলধন বিনিয়োগের জন্য আমাদের উদ্যোগ দেওয়া উচিৎ।

আজকে সেই বেসরকারী মূলধন যদি বিনিয়োগ না হয় আমরা সরকারী উদ্যোগে ক্ষুদ্র শিল্প বা কুটির শিল্প বলি, বৃহৎ শিল্প বা মাঝারি শিল্পই বলি এই শিল্পের মাধ্যমে সমস্ত বেকার সমস্যার সমাধান করা যাবে না। যারা কলম পেয়ে তাদের নিয়োগ করেই এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান করা যাবে না। শুধু এই রাজ্য নয় অন্যান্য রাজ্য থেকেও তাদের আহ্বান করতে হবে যাদের অর্থ আছে, তারা যেন এখানে কলকারখানা বা শিল্প গড়ে তুলে, এখানে কর্মসংস্থান সৃষ্টি করেন। সেইজন্য আমরা মনে করি মূল লক্ষ্যের সংগে আমাদের কোন বিরোধ নেই। পশ্চিমবংগের বর্তমান অবস্থায় আজকে সত্য ঘোষাল মহাশয়ের যে রিজলিউসান এই রিজলিউসান আনার প্রয়োজন মনে করি না। তার পরিবর্তে ২নং যে রিজলিউসান এর পরে আছে সেই রিজলিউসান বিধান সভায় সর্বসম্মতভাবে গ্রহণ করে একটা সেকটর—সেই সেকটারটা যদি দায়িত্ব গ্রহণ করতে পারে, এর পরবর্তীকালে তার পরিচালনা, তার নিয়ন্ত্রণ, তাতে কর্ম-সংস্থানের উদ্যোগ, শ্রমিকদের কল্যাণ, সমস্ত ব্যবস্থা পর্যবেক্ষণ করে পরবর্তিকালে ইনডাসট্রি বা উৎপাদনের জন্য যন্ত্রগুলিতে সরকারের হস্ত সম্প্রসারণ করা প্রয়োজন। এই প্রসংগে আমি আবার আমার বন্ধুদের স্মরণ করিয়ে দেব যে কেরলে অচ্যুত মেননের সরকারও এ ব্যবস্থা করতে পারেনি। এই ব্যবস্থা কেরল যদি করে নিতে পারতো তাহলে আমাদের সিদ্ধার্থবাবুর উপর অধিকতর দায়িত্ব পড়তো যে ওখানে সম্ভব হয়েছে, এখানে কেন সম্ভব হচ্ছে না। সেইজন্য সামগ্রিকভাবে পশ্চিমবংগের স্বার্থের দিকে লক্ষ্য রেখে আমি আমার বন্ধুদের অনুরোধ করবো যে ২নং রিজলিউসান তাঁরা গ্রহণ করুন, এক নম্বর রিজলিউসানের জন্য আর চাপ সৃষ্টি করবেন না। স্যার, অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্য ঘোষাল:** মাননীয় স্পীকার মহাশয়, আমি ভেবেছিলাম, যে প্রস্তাব আমি মুভ করেছি তার রাইট অব রিপ্লাই-এ কিছু বলার দরকার হবে না, সকলেই এটা গ্রহণ করে নেবেন। কিন্তু মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন এই প্রস্তাবের বিরোধিতা করায় আমি একটু আশ্চর্য্য হয়েছি, বিশেষ করে তাঁর যুক্তিগুলি আমাকে আশ্চর্য্য করেছে। কারণ, ডাঃ আবেদিন

প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার মন্ত্রী এবং আমার শ্রদ্ধাস্পদ। এখানে একজন যিনি আমার শ্রদ্ধাস্পদ নন তাঁর যুক্তিগুলি একটু পড়ে দিচ্ছি। তিনি হলেন ইউজিন ব্ল্যাক বিশ্ব ব্যাঙ্কের সভাপতি। তিনি বলেছেন ...People must accept private-enterprise not as a necessary evil but as an affirmative good. ডাঃ জয়নাল আবেদিনের বক্তব্য শুনতে শুনতে আমার প্রায় তাই মনে হচ্ছিল যে উনিও বোধ হয় বলছেন একসেপ্ট করতে এজ এ নেসেসারী গুড এই প্রাইভেট এণ্টারপ্রাইজকে। কাজেই এই যুক্তি তাঁর কাছে শুনবো আশা করিনি এবং এটাতে খুব বিস্মিত হয়ে আমাকে এই প্রস্তাবটা আবার প্রেস করতে হল, ভেবেছিলাম করতে হবে না। স্যার, এই প্রসংগে একটা কথা বলে নিচ্ছি। আমাদের নেতা বিশ্বনাথ মুখার্জি যে সংশোধনী এনেছেন তা আমি গ্রহণ করে নিচ্ছি এই কারণে যে ওঁর সংগে একটা কথা হয়েছিল হয়ত এই সংশোধনী দিলে এটা সর্ববাদীসম্মতরূপে গৃহীত হতে পারবে। যে কোন কারণেই হোক সেকথা রক্ষিত হয়নি। সুতরাং আমিও পারতাম গ্রহণ না করে মূল প্রস্তাবটা রাখতে। তথাপি যেহেতু আমাদের নেতা সংশোধনী দিয়েছেন এবং ওঁর কথা রেখেছেন সেইহেতু সেই কথার মর্যাদা রক্ষা করার জন্য যদিও অন্য দিক থেকে কথাটা রক্ষিত হয়নি, শুধু এইদিক থেকে কথাটা রক্ষিত হোক, সেইজন্য আমি ওঁর সংশোধনী মেনে নিলাম।

**ডাঃ জয়নাল আবেদিন:** এরকম কোন কথা হয়নি। উনি বলেছিলেন আমরা এই পর্যন্ত আনতে পারি, আমরা একসেপ্ট করবো এরকম কোন কমিটমেণ্ট ছিল না। আশা করি নিজেদের সংশোধন করে নেবেন। It is not fair.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** উনি ছিলেন ওঁর সামনে ওয়ার্ড ফর ওয়ার্ড আমাকে যা চেঞ্জ করতে বলা হয়েছিল আমি ঠিক সেইভাবে করে লিখেছি। এখন হয়ত একসেপ্টবল না হতে পারে, ওঁর মত তখনও ছিল না, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী ওয়ার্ড ফর ওয়ার্ড আমাকে যা বলেছিলেন আমি তাই করেছিলাম। এখন একসেপ্ট করতে পারছেন না ছাটস ডিফারেণ্ট।

**ডাঃ জয়নাল আবেদিন:** তখন আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন একথা যে আপনারা করতে পারেন কিন্তু কোন কমিটমেণ্ট নয় যে এটা আমরা গ্রহণ করবো।

[ 5-55—6-05 p. m. ]

**শ্রীসত্য ঘোষাল:** কিন্তু আমার মনে হয় এইরকম একটা আনডারস্ট্যাণ্ডিং ছিল। যদি না হয়ে থাকে নয়,সেটা আমি বলব না, কিন্তু কথা হচ্ছে আমি আমার নেতার যে এ্যামেণ্ডমেণ্ট সেটা মেনে নিচ্ছি;. তা বাদে যে যুক্তিগুলির কথা বলা হয়েছে সে সম্পর্কে আমি একটা কথা বলে নিই। দ্বিতীয়ত উনি বেকার সমস্যার কথা বললেন। এটা তো পুরানো যুক্তি, সত ২৫ বছর ধরে শুনে আসছি। ক্যাপিটালিজম ডেভেলপ করে বেকার সমস্যা সমাধান কর এটা পরীক্ষিত পথ। ভারতবর্ষে ২৫ বছর ধরে পরীক্ষিত হয়ে গেছে যে ধনতান্ত্রিক পথে সমস্যা সমাধান হয় না, বেকার সমস্যা সমাধান হয় না। কারণ, বেকার হল ধনতান্ত্রিক পদ্ধতিরই সৃষ্টি, ধনতান্ত্রিক পদ্ধতি নিজে নিজে বেকার সৃষ্টি করে। সে যেমন একদিকে উৎপাদন বাড়ায় নতুন নতুন বেকার সৃষ্টি করে, নতুন নতুন সংকট তৈরী করে, এটা তার পরিণাম, নিয়তি, এটা তার ইতিহাস। এজন্য ধনতন্ত্রের গর্ভ থেকে সমাজতন্ত্রের উৎপত্তি হয়। ধনতান্ত্রিক পদ্ধতিতে আরো পুঁজি এবং ক্যাপিটালিজমকে বাড়িয়ে তার বিকাশ করে করে বেকার সমস্যা সমাধান হয় এই যুক্তি ঠিক গ্রহণযোগ্য বলে আমার মনে হয় না বিশেষ করে আমাদের গণতান্ত্রিক মোর্চার অন্যতম নেতা ডঃ জয়নাল আবেদিনের কণ্ঠে এইরকম যুক্তি আশা করিনি। তৃতীয়তঃ, আমার মনে হয়েছে যে যুক্তিগুলি

দিয়ে উনি বললেন যে এইভাবে জাতীয়করণ করা যায় না, তাহলে কয়লা করা যাচ্ছে কেন? চতুর্থতঃ, উনি যেটা বলেছেন সেটা আরো আশ্চর্যজনক, উনি রক্ত, হিংসা এইসব কথা বললেন। রক্ত এবং হিংসা সম্পর্কে আমাদের সকলেরই আপত্তি আছে সেটা উনি জানেন এবং না জানার কোন কারণ নেই। রক্ত হিংসা খানিকটা ঢেলে দিলেই কিছুটা কাজ হবে বলে আমরা মনে করি না। শরৎচন্দ্রের মত রোমান্টিক আদর্শে বিশ্বাসী নই যে মহামানবের মুক্তি সায়রে মাতৃদের রক্তধারা তরঙ্গ তুলে বেয়ে আসবে আমাদের স্বপ্ন—এইরকম ধরণের রোমান্টিসিজমে আমরা বিশ্বাসী নই। কাজেই রক্ত কথাটা এল কোথা থেকে? আমরা তো আইন করার কথা বলেছিলাম। আমরা তো বলিনি যে রক্তপাত করে করতে হবে, সশস্ত্র বিপ্লব করে করতে হবে। সশস্ত্র বিপ্লবের প্রতি এতটুকু মোহ অন্তত আমার নেই এবং সশস্ত্র বিপ্লব না করলে কিছু করা যাবে না যদি মনে করতাম তাহলে এখনই আমরা এইসব কাজ করতাম। তাছাড়া আমরা কি বলেছি, আমরা কি এই বিধানসভাতে বসতে বলেছি? আমরা জানি এতে আমাদের পাওয়ার, স্কোপ নেই, আমরা বলেছি কেন্দ্রীয় সরকারের কথা। তারপর ডাঃ আবেদিন বললেন এখন এইরকম অস্থির অবস্থায় পড়লে অস্থিরতা ভীষণ বেড়ে যাবে। আমরা তো এখন বসতে বলিনি, আমরা বলেছি কেন্দ্রীয় সরকার যখন প্রয়োজন মনে করবেন। এটা নিয়ারলি একটা সুপারিশ এই বিধানসভা থেকে আমরা একটা প্রস্তাব পাশ করছি যে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম জনসাধারণকে ন্যাশনালাইজেসান করব বলে উই স্ট্যাণ্ড বাই দ্যাট এবং কেন্দ্রীয় সরকার সেটা করবেন। তারপর উনি বললেন কেরলে অচ্যুত মেনন করেন নি. এজ ইফ আমরা দাবি করছি কেরলে অচ্যুত মেনন করেননি সিদ্ধার্থবাবুকে ৯০ দিনের মধ্যে করতে হবে, তা বলিনি। সিদ্ধার্থবাবু করবেন না। কিন্তু কেরলে অচ্যুত মেনন উল্টো করেছিলেন, কেরলে অচ্যুত মেনন চা বাগিচাকে ন্যাশনালাইজ করে প্রস্তাব পাশ করে কেন্দ্রের কাছে পাঠিয়ে দিয়েছিলেন কেন্দ্রের সিদ্ধান্তের জন্য, সেটা অপেক্ষা করে রয়েছে। সুতরাং কেরলের যুক্তি এখানে আসে কি করে? তারা তো করেছেন। করে কেন্দ্রের কাছ থেকে মঞ্জুরী পাবার জন্য পাঠিয়েছেন। সুতরাং কেরলের যুক্তি এখানে আসে না। সুতরাং এই জাতীয় যুক্তি দিয়ে ডাঃ আবেদিন এই প্রস্তাবের বিরোধিতা করায় আমি দুঃখিত। আমি তাঁর যুক্তি বেশী খণ্ডন করতে চাই না। উনি যেমন আমাদের অনুরোধ করেছেন আমি আবার ওঁকে অনুরোধ করছি যে এই বিধানসভা থেকে এই প্রস্তাব গ্রহণ করা হোক। একথা বলা হোক যে ভারতবর্ষের অর্থনৈতিক অগ্রগতিতে এই বিদেশী পুঁজি এবং একচেটিয়া পুঁজি আমাদের বেধে রেখেছে যেমনভাবে এককালে প্রোমেথিয়াসকে শৃঙ্খলিত করে রাখা হয়েছিল দেবলোক থেকে আগুন চুরি করে নিয়ে এসে মানব কল্যাণে নিয়োজিত করবে বলে, তারপর তাকে শকুনী গৃধিনী দিয়ে খাইয়ে দেওয়া হয়েছিল তেমনিভাবে একচেটিয়া পুঁজির শকুনী গৃধিনীরা ভারতবর্ষকে গ্রাস করতে চলেছে। কাজেই আর একবার আসুন আমরা বিধান সভায় এই প্রস্তাব পাশ করি, লেট প্রোমেথিয়াস বি আবাউণ্ড, শৃংখল মুক্ত ভারতবর্ষের অগ্রগতিকে যে ব্যাহত করে রেখেছে সেই অক্টোপাশকে ছিন্ন করে ফেলি। লেট আস বি ট্রু টু আওয়ার প্লেজ—জনতার কাছে যে প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম সেই প্রতিশ্রুতি বিধান সভায় পাশ করে আমরা রক্ষা করি এবং সেই প্রতিশ্রুতির মর্যাদা রক্ষা করবার জন্য আসুন আমরা এক হয়ে দাঁড়াই। আমরা একথা বলছি না যে আজকেই এই প্রস্তাব পাশ করতে হবে, আমরা একথা বলছি না যে আজকে পাশ করে কার্যকরী করতে হবে। এই প্রস্তাব এখানে গ্রহণ করা হোক এবং কেন্দ্রের কাছে সুপারিশ আকারে পাঠান হোক এবং তারপর সেটা তাঁরা কার্যকরী করুন। রক্তপাতের কথা নয়, এই প্রস্তাব পাশ করতে না পারার মানে হচ্ছে আমরা যে প্রতিশ্রুতি

দিয়েছিলাম সেই প্রতিশ্রুতি ভঙ্গ করা। সেজন্য বিধান সভার কাছে বিশেষ করে ডাঃ আবেদিনের কাছে আমি আবার অনুরোধ করছি আমরা সম্মিলিতভাবে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম আসুন তার মর্যাদা আমরা রক্ষা করি এবং বিশ্বনাথদা যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই সংশোধনীসহ এ্যাজ এ্যামেণ্ডেড এই প্রস্তাব এখানে গ্রহণ করা হোক। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Biswanath Mukherjee that in line 3, after the word "employment", the words "the Central Government should consider nationalisation of" be inserted, was then put and lost.

The motion of Shri Biswanath Mukherjee that in line 3, the words "non-coking coal" be omitted, was then put and lost.

The moiton of Shri Biswanath Mukherjee that in lines 4-6, the words beginning with "be nationalised and" and ending with "in this regard" be omitted, was then put and lost.

The motion of Shri Satya Ghosal that this Assembly is of opinion that for better utilization in the interest of national economy and for reducing concentration of wealth as well as for providing more employment, the jute mills, non-coking coal mines, foreign oil companies and tea plantations be nationalised and calls upon the State Government and the Central Government to take prompt necessary steps in this regard, was then put and a division taken with the following result :—

The Ayes being 25 and the Noes 97, the motion was lost.

## DIVISON NO. 1

| AYES 25 | NOES 97 |
|---|---|
| A M.O. Ghani, Dr. | Abdul Bari Biswas, Shri |
| Ali Ansar, Shri | Abdur Rauf Ansari, Shri |
| Basu, Shri Ajit Kumar (Hoog.) | Abedin, Dr. Zainal |
| Bhattacharjee, Shri Shibapada | Aich, Shri Triptimay |
| Bhattacharya, Shri Sakti Kumar | Baidya, Shri Paresh |
| Bhowmik, Shri Kanai | Bandopadhayay, Shri Shib Sankar |
| Chakrabarti, Shri Biswanath | Bandyopadhyay Sri Ajit Kumar |
| Das, Shri Bimal | Banerjee, Shri Ramdas |
| Dihidar, Shri Niranjan | Bera, Shri Rabindra Nath |
| Ganguly, Shri Ajit Kumar | Bera, Shri Sudhir Chandra |
| Ghosal, Shri Satya | Bhattacharya, Shri Narayan |
| Halder, Shri Kansari | Bhattacharyya, Shri Pradip |
| Mitra, Shrimati Ila | Biswas, Shri Ananda Mohan |
| Mondal, Shri Anil Krishna | Chakraborty, Shri Gautam |
| Mukherjee, Shri Biswanath | Chakravarty, Shri Bhabataran |
| Mukhopadhyaya, Shrimati Geeta | Chattaraj, Shri Suniti |
| Mukhopadhyaya, Shri Girija Bhusan | Chatterjee, Shri Kanti Ranjan |
| Murmu, Shri Rabindra Nath | Chattopadhay, Shri Sukumar |

F

**AYES**

Omar Ali, Dr. Sk.
Oraon, Shri Prem
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lalchand
Roy, Shri Saroj
Sarkar, Shri Netaipada
Sinha, Shri Nirmal Krishna

**NOES**

Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Rajani
Das, Shri Sudhir Chandra
De, Shri Asamanja
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Ghosh, Shri Lalit Kumar
Gofurur Rahaman, Shri Md
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Habibur Rahaman, Shri
Hajra, Shri Basudeb
Halder, Shri Manoranjan
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Khan, Shri Gurupada
Lohar, Shri Gour Chandra
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Ram Krishna
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chandra
Mahbubul Haque, Shri
Mandal, Shri Arabinda
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Md. Safiulla, Shri
Md. Shamsuzzoha, Shri
Medda, Shri Madan Mohan
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali Shri
Moitra, Shri Arun Kumar
Mojumdar, Shri Jyotirmoy
Molla Tasmatulla, Shri
Mondal, Shri Amarendra
Mukherjee, Shri Bhabani Sankar
Mukherjee, Shri Shankar Lal
Mukherjee, Shri Sibdas
Mukhopadhya, Shri Tarapoda
Mukhopadhyay, Shri Mahadeb
Mukhopadhyaya, Shri Ajoy
Mandal, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Gobinda Chandra
Nurunnesa Sattar, Shrimati
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon

AYES | NOES

Paul, Shri Bhawani
Pramanick Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Ram, Shri Ram Peyare
Roy, Shri Birendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy Shri Jatindra Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramakrishna
Sarker, Shri Jogesh Chandra
Sen, Dr. Anupam
Sen Shri Sisir Kumar
Shaw, Shri Sachi Nandan
Singhababu, Shri Pham Bhusan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha Roy, Shri Bhawani Prosad
Sur, Shri Ganapati
Tewary, Shri Sudhanshu Sekhar
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Wilson de Roze, Shri George Albert

[ 6-05—6-15 p.m. ]

**Shri Puranjay Pramanik :** Mr. Speaker, Sir, I beg to move that whereas the coal mining industry is of vital importance to the national economy ;

And whereas the integrated and co-ordinated development of such industry is essential for the economic regeneration of the country ;

And whereas it is desirable that the operation of the economic system does not result in the concentration of wealth and means of production to the common detriment ;

And whereas it is desirable that the ownership and control of the material resources of the community are so distributed as best to subserve the common good ;

And whereas serious complaints regarding the management of such industry have been received ;

And whereas the causes which are impeding the growth and development of such industry can only be removed if such industry is taken over by the Centre ;

Now, therefore, this Assembly declares that the nationalization of the coal miniug industry is in the national interest and it requests the Central Government to consider taking appropriate measures for effectuating that purpose.

মাননীয় স্পীকার মহাশয়, গত ১৯৭১ সালের Octobar মাসে আমাদের রাষ্ট্রপতি ২০৬টি কয়লা খনির পরিচালনার ভার একটা Ordinance-এর বলে গ্রহণ করেন। তারপর ১৯৭১ সালের ২৩শে December তারিখে The Coking Coal Mines ( Emergency Provisions ) Act, 1971, Act 64 of 1971. এই আইনের বিধানে ২০৬টি কোলিয়ারীর পরিচালন ভার তাঁরা গ্রহণ করেন কিন্তু nationalise করেন নি। আইনের যে উদ্দেশ্য তাতে বলা আছে "And whereas it is expedient in the public interest to take over the management of Coking Coal Mines and Coke Oven Plants pending nationalisation thereof". এই সক্রান্ত বিল উত্থাপন করে এই বিভাগের মন্ত্রী মাননীয় মোহন কুমারমঙ্গলম এই বিলের Statement of Objects and Measures-এ বলেছিলেন, "Reserves of Coking coal which is essential for the production of iron and steel are severely limited and consequently careful conservation of such resources is required in the long term interest of the steel industry. Such conservation can be achieved only by ensuring scientific development and efficient conduct of operations in each coalfield and employing the proper techniques of mining."…… ……

এইভাবে ২০৬টি কোলিয়ারীর পরিচালন ভার গ্রহণ করেন। ঝরিয়া, রানীগঞ্জ ও বোকারো coal bett থেকে ২০৩টি নিলেন এবং আমাদের পশ্চিমবাংলায় মাত্র ৩টি কোলিয়ারী এর আওতায় এসে পড়ল। Victoria, West Victoria, রেগুনিয়া এই তিনটি কোলীয়ারী এই আইনের মধ্যে পড়বার পর তার পরিচালন ভার গ্রহণ করেন। Cooking coal ছাড়া non-cooking coal যেগুলি আছে সেগুলি এই আইনের আওতার মধ্যে আসে না। সেজন্য আমি আপনার কাছে নিবেদন করছি আমার এই প্রস্তাব যেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানোর জন্য বলা হয়েছে তাতে কয়লা শিল্প জাতীয়করণ করার জন্য আমার এই প্রস্তাব রাখছি। আমাদের সারা ভারতবর্ষে প্রায় ৯০০টা কোলিয়ারী আছে তার মধ্যে আমাদের পশ্চিমবাংলায় আছে ২১টি। সারা ভারতে এই শিল্পে শ্রমিক আছে ৯ লক্ষ এবং পশ্চিমবাংলায় আছে ১ লক্ষ ৮০ হাজার। সারা ভারতে কয়লা উৎপাদন হয় ৮ কোটি টন এবং পশ্চিম বাংলায় কয়লা উৎপাদন হয় ২ কোটি টন। এই শিল্পে অধিক শ্রমিক কাজ করে এবং অধিক অর্থ আদান প্রদান হয়। সেজন্য আমাদের দিক থেকে সমাজবাদের দিকে এগুবার জন্য এটাকে জাতীয়করণ করা একান্ত কর্তব্য। কয়লা খনি জাতীয়করণ করার প্রথম উদ্দেশ্য হচ্ছে জাতির সম্পদের যথাযথ ব্যবহার এবং অপচয় রোধ। আমরা দেখেছি বিভিন্ন কোলিয়ারীর মালিকরা মুনাফার জন্য ঠিক মত পরিকল্পনামত কাজ করেন না। যেখানে pillar দেওয়া দরকার সেখানে তা করে না, sand filling করে না যার ফলে প্রায় mines subside করছে কিম্বা আগুন লেগে নষ্ট হয়ে যাচ্ছে। তাতে হচ্ছে কি? জাতীয় সম্পত্তির অপচয় হচ্ছে এবং ভালভাবে সেটা ব্যবহার করতে পারছি না। তাছাড়া, এই শিল্পে উন্নতি অক্ষুণ্ণ রাখার জন্য এইটা জাতীয়করণ করা আবশ্যক। কারণ এই শিল্পের অধিকাংশ মালিক সরকার নির্ধারিত ওয়েজ দেন না, প্রভিডেণ্ট ফাণ্ড আর বোনাস তো দূরের কথা। আমরা এমনও দেখেছি যে ৬।৮ সপ্তাহের ওয়েজ পর্যন্ত দেন নি। যার ফলে শ্রমিক অশান্তি দেখা দেয় এবং শান্তি বিঘ্নিত হয় এবং কোলিয়ারী বন্ধ হয়ে যায়। যার জন্য এই জাতীয়করণ। শিল্পপতিদের কালো টাকা বন্ধ করার জন্য কোলিয়ারী শিল্প জাতীয়করণ করা উচিত। তার কারণ আমরা দেখছি কোয়েরী পিট থেকে পুকুরিয়া খাদ সেখান থেকে কয়লা তুলে লাইসেন্স না নিয়ে আন অথরাইজড্ কয়লা তুলে তারা বিক্রি করে এবং অনেক সময় দেখা যায় বেশির ভাগ কয়লা মালিক সেস ফাকি দেন। তাছাড়া সরকারের প্রাপ্য অর্থ তাঁরা দেন না। অথচ আমরা এই টাকা পেলে উন্নয়নমূলক কাজ করতে পারি। কারণ আমরা দেখেছি কোটি কোটি টাকা সেস পড়ে আছে, মামলা করা

হয়েছে, সারটিফিকেট ইস্যু হয়েছে, কিন্তু আমরা সে অর্থ আদায় করতে পারছি না। তারা সরকারকে টাকা দিচ্ছে না। কিন্তু সেই টাকা পেলে আমাদের রাজ্যের উন্নয়নমূলক কাজ করবার সুযোগ পাই। তাছাড়া এই কয়লা শিল্প রাষ্ট্রীয়করণ করলে বেকারী কিছুটা দূর হবার সম্ভাবনা আছে। কেকনা, আমরা দেখি এই কোলীয়ারীর শ্রমিকরা বহিরাগত এবং তারা আমাদের এখানকার লোক নয় এবং অধিকাংশ মালিকও বহিরাগত এবং তাদের আনুকূল্যে বহিরাগতরা কাজ পায়, স্থানীয় লোকেরা চাকরী পায় না। এটা ন্যাশনালাইজ করলে ষ্টেট গভর্ণমেণ্টের একটা কণ্ট্রোল থাকা আবশ্যক বলে এন, সি, ডি, সি (ন্যাশনাল কোল ডেভলপমেণ্ট করপোরেশন) সেই রকম পশ্চিমবঙ্গ কয়লা উন্নয়ন সংসদ গঠন করা আবশ্যক। আমরা যদি এইভাবে কাজে এগোতে পারি তাহলে স্থানীয় বেকারদের কাজে নিয়োগের সুযোগ দিতে পারি। তাছাড়া কয়লা শিল্প জাতীয়করণ করলে সরকারকে কোন অর্থ ই ক্ষতিপূরণ দিতে হবে না। এই কারণে যে তারা কোটী কোটী টাকা সেস বাকি রেখেছে। তাছাড়া, যে সমস্ত শ্রমিক কাজ করে তাদের বহু মাসের এবং বহু বছরের অর্থ দেন নি। তাছাড়া, মূলধন বাবদ যে টাকা পরিশোধ করার কথা ছিল সে টাকা পরিশোধ করেন নি। আমরা যদি পাওনা টাকা আদায় করে নিতে পারি তাহলে ক্ষতি পূরণের টাকা বিশেষ দিতে হবে না। সেইজন্য আপনার কাছে নিবেদন কয়লাশিল্প জাতীয়করণ সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করেছি সেটা গ্রহণ করা উচিত এবং এই সম্পর্কে আমি বলবো কিছুদিন আগে পার্লামেণ্টে একটা আইন পাস হয়েছিল সেটা হচ্ছে Coal Bearing Areas Acquisition and Devlopment. Mangement and Validity Bill, 1971. আসলে এই আইনটা ১৯৫৭ সালে পাস হয়েছিল রেষ্ট্রিকসান সম্পর্কে রাজ্য সরকারের পাবার অধিকার থাকছে না। সেইজন্য মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় এই আইন বিধানসভায় প্রযোজ্য করতে দেন নি। সাধারণতঃ এই আইন বিহারে, উত্তরপ্রদেশে, মধ্যপ্রদেশে প্রভৃতি জায়গায় পাস হয়েছে। এই আইন সম্বন্ধে বলার কিছুই বিশেষ নেই। আমি এইটুকু নিবেদন করবো আপনার মাধ্যমে সমস্ত সদস্যর কাছে আবেদন করবো যাতে সকলে এটা গ্রহণ করেন।

[6-15—6-25 p.m. ]

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাবটি এই সভায় আলোচিত হচ্ছে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা একটা খামখেয়ালীর বশে এই প্রস্তাবটা সমর্থন করছি না। আমরা সস্তা জনপ্রিয়তা অর্জনের জন্য এই প্রস্তাব সমর্থন করছি না, কিন্তু এই প্রস্তাব আমরা সমর্থন করছি কারণ যেসব বিষয় এখানে উত্থাপন করা হয়েছে এই প্রস্তাবের মাধ্যমে সেগুলি পশ্চিমবঙ্গের জীবন মরণ সমস্যা। কয়লার উৎপাদন পশ্চিমবঙ্গের অর্থনীতির ভিত্তির একটা প্রধান ধাপ এবং এই কয়লা উৎপাদন যদি ব্যাহত হয় কিম্বা কয়লা উৎপাদনে যদি দেখা যায় কোন দুর্নীতি চলছে বা আছে, ব্যবসায়ীদের হাতে কিছু কিছু কয়লা খনি চলে গেছে সেখানে আমাদের নিশ্চয়ই পরিষ্কারভাবে বলতে হবে, আমাদের রাষ্ট্রের তরফ থেকে, আমাদের রাজ্যের তরফ থেকে কয়লা খনি সম্বন্ধে কি করা উচিত, আমরা তাই এই প্রস্তাব দিয়েছি। কিছুক্ষণ আগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ঘরে উপস্থিত ছিলাম না, বিশ্ববিদ্যালয় নিয়ে আমার ঘরে আলোচনা চলছিল। তখন আর একটা প্রস্তাব এখানে এসেছিল যে অন্যান্য শিল্প জাতীয়করণের জন্য। আমরা সেটার বিরোধিতা করেছি। বিরোধিতার কারণ ছিল যে আমরা মানুষকে ধাপ্পা দিতে চাই না, যেটা বাস্তব ভিত্তিতে আমরা মানুষের কাছে রাখতে পারি সেই প্রস্তাবই আমরা আনতে চাই এই হাউসে। বিধানসভায় সেই রকম প্রস্তাবই আসা উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কি দেখছি পশ্চিমবঙ্গে? কোন মানুষ কি আমরা যারা রাজনীতি করি তাদের কি কোন মানুষ বিশ্বাস করে। এত বড় ক্রাইসিস অব কনফিডেন্স বোধ হয় পশ্চিমবাংলায় আর কখন হয়নি। আমরা সব বড় বড় রাজনীতিবীদ সেজে এখানে আসি কিন্তু মানুষ আমাদের বিশ্বাস করে না। কারণ মানুষ ভাবে আমরা যে সব কথা বলি সেই কথা অনুযায়ী কাজ করি না। গাল ভারী প্রস্তাব একটার পর একটা পাশ করে দেওয়া এই বিধানসভায় খুবই সোজা। কিন্তু অধ্যক্ষ মহাশয়, সেই প্রস্তাব অনুযায়ী বাস্তব ভিত্তিতে কাজ করা অত্যন্ত শক্ত তাই আমাদের সরকার ঠিক করেছেন যে প্রস্তাব এখানে আনবেন সেই প্রস্তাব মনে প্রাণে সমর্থন করবেন, সমস্তক্ষণ চেষ্টা করবেন যাতে এই প্রস্তাব অনুযায়ী কাজ হয়। এমনি মানুষকে ভোলাবার জন্য একটা প্রকাণ্ড নীতিগত প্রস্তাব এনে কোন লাভ নেই। প্র্যাকটিক্যাল হতে হবে আমাদের। আমরা যদি ক্রাইসিস অফ কনফিডেন্স যেটা আছে সেটা যদি কাটাতে না পারি, আমরা টিকতে পারিনা, কোন সরকার টিকতে পারেনা, কোন রাজনৈতিক দল টিকতে পারেনা, সে আমাদের দলই হোক বা বিশ্বনাথ বাবুর দলই হোক আর জ্যোতিবাবুর দলই হোক। আমাদের তাই কর্তব্য হবে যা আগে হয়ে গিয়েছে, যে ভুল মানুষের মনে যার জন্য এসেছে এই ভুল দুর করা এবং মানুষের কাছে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে অত্যন্ত সততার সংগে প্রমাণ করা যে যেসব কথা বলা হয় সেগুলি কার্যকরী করার জন্য বলা হয়। এবং এখানে যে প্রশ্ন যে প্রস্তাব রাখা হয়েছে সেই প্রস্তাব অনুযায়ী কাজ করার জন্য প্রাণপণ চেষ্টা করবো বলেই সেই প্রস্তাব আনা হয়েছে। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দল থেকে এর আগে যে প্রস্তাব আনা হয়েছিল সেটা সমর্থন করা সম্ভব হয়নি। কিন্তু বর্তমানে যে প্রস্তাব আনা হয়েছে এটা পশ্চিমবঙ্গের, আগেই বলেছি, মূল কতকগুলি প্রশ্ন আছে সেই প্রশ্নগুলি নিয়ে আলোচনা করার জন্য। আজকে কি দেখছি আমরা? কয়লার উৎপাদন বাড়াতে হবে, কয়লাখনি ঠিকমত চালাতেই হবে, ভারতবর্ষে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক উন্নতি যদি করতেই হয় কয়লার উৎপাদন অনেক বাড়াতে হবে, খনিতে অনেক চাকরী দেওয়াতে হলে আরো ভালভাবে এগুলিকে চালাতে হবে। নতুন মেশিনারী আনতে হবে, নতুন ইউনিট খুলতে হবে। কয়লা পশ্চিমবঙ্গে যা পাওয়া যায় এই রকম কয়লা পৃথিবীর কম স্থানেই পাওয়া যায়, অত্যন্ত উচ্চ শ্রেণীর কয়লা। আমাদের বৈদ্যুতিক শক্তি বাড়াতে হলে কয়লার দরকার। প্রত্যেক জীবনের উন্নতি সাধনের জন্য, আমাদের যে সমস্ত কার্যকলাপ আছে যে সমস্ত পরিকল্পনা আছে প্রত্যেকটা পরিকল্পনা কার্যকরী করার জন্য দরকার হবে কয়লার। তারজন্য আমরা এটা কারো বিরুদ্ধে বলার জন্য নয়, অমুকের বিরুদ্ধে, তমুকের বিরুদ্ধে একথা বলছি না, আমরা কারো বিরুদ্ধে নেই, কিন্তু আমরা কতকগুলি নীতির স্বপক্ষে এবং সেই নীতির ভিতর শ্রেষ্ঠ নীতি যেটা আমরা গ্রহণ করেছি সেটা হচ্ছে ক্রমশ দেশে সমাজতন্ত্র যাতে প্রতিষ্ঠিত হয় তার চেষ্টা করতে হবে এবং এমনভাবে তার চেষ্টা করতে হবে যাতে দেশের অর্থনৈতিক উন্নতি হয়। তাই আমরা আজকে এই প্রস্তাব এনেছি, not because we hate anybody, not because we are against anybody but because we are in favour of a principle we are in favour of West Bengal, we are interested in the development of West Bengal.

[ 6-25—6-35 p.m. ]

ছেলেমানুষী প্রস্তাব আমরা আনিনি; কোন গালভরা প্রস্তাব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আপনার সামনে রাখিনি যা দ্বারা আমরা খুব একটা জনপ্রিয়তা অর্জন করব, কিন্তু আমরা

এটা রেখেছি এই কারণে যে ২৩২ টি কয়লা খনির মধ্যে ৪০ টি কয়লা খনি বন্ধ। ৩১শে মার্চ, ১৯৭১ সাল পর্যন্ত সুপ্রিম কোর্ট জাজমেণ্টে ফর্মুলা করে দিয়েছে, সেই ফর্মুলা অনুযায়ী ২২ কোটি ২৮ লক্ষ টাকা রয়্যালটি কয়লা খনির মালিকেরা সরকারকে দেননি। আজকে জেলায় জেলায় হাহাকার টেস্ট রিলিফ দিতে পারছি না, জি আর দিতে পারছিনা, জল দিতে পারছিনা, এই যেখানে অবস্থা সেখানে কয়লা খনির মালিকেরা ২২ কোটি ২৮ লক্ষ টাকা রয়্যালটি হিসাবে রেখে দিচ্ছে কেন, এই প্রশ্নের উত্তর দিতে হবে। কত দিন এই রকম চলতে পারে? ৬১ টি কয়লা খনিতে মামলা চলছে, মাইনে দিচ্ছে না, শ্রমিকদের, সেখানে মামলা চলছে। প্রভিডেণ্ট ফাণ্ড-এর টাকা দিচ্ছেনা, আরও অনেক বেশী কয়লা খনিতে এই প্রশ্নের কি জবাব দেব শ্রমিকদের কাছে মেহনতি মানুষের কাছে? আজকে কেউ যদি বলে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে তোমরা কি করছ, জনসঙ্ঘের নেতারা বলছে, স্বতন্ত্র দলের নেতারা, মোরাজজী যিনি মন্ত্রি ছিলেন, তাঁরা হয়ত বলবেন—তোমরা কি করছ? ইন্দিরা গান্ধী সর্বনাশ করছে, অর্থনৈতিক ভিত্তি নষ্ট করে দিচ্ছে। আমরা নষ্ট করছি? সরকারকে যারা ২২ কোটি রয়্যালটি দেয় না, শ্রমিকদের যারা মাইনে দেয়না, ৬১ টি কয়লা খনি যারা পি এফ—এর টাকা দেয়না তাদের নিজেদের কয়লা খনি রাখলে কি অর্থনৈতিক ভিত্তি থাকবে? এই প্রশ্ন আমি রাখতে চাই কয়লা খনির মালিকের কাছে। কয়লা খনি মালিকদের বিরুদ্ধে আমরা ব্যক্তিগতভাবে কেউ নই, আমাদের দল থেকে ব্যক্তিগত ভিত্তিতে কোন নীতি গ্রহণ করিনা, এই সরকার তার দলের নীতি গ্রহণ করে সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে যাতে কথা অনুযায়ী কাজ করতে পারে। নীতি অনুযায়ী আমরা যে সমস্ত প্রতিজ্ঞা করেছি মানুষের কাছে, সেই অনুযায়ী কাজ করে সেই প্রতিজ্ঞা যাতে আমরা রাখতে পারি, আজকে তাই এই রকম ব্যবস্থা করা যেতে পারে। আজকে এখানে দেখতে পাচ্ছি যে কথা আমি একটু আগে বললাম ৩১শে মাচ, ১৯৭১ সাল পর্যন্ত ২২ কোটি ২৮ লক্ষ টাকা পাওনা সুপ্রীম কোর্ট জাজমেণ্ট অনুযায়ী তার সঙ্গে যদি ইনটারেষ্ট যোগ করা যায় তাহলে সেই পাওনা প্রায় ২৪ কোটি ৮ লক্ষ টাকা হবে, এই টাকা যদি আমরা পাই তাহলে আমরা অনেক কাজ করতে পারব। মাননীয় সদস্যরা এক একটা দাবী তুলছেন, যথার্থ দাবী, আমরা অত্যন্ত চিন্তিত, আমাদের খুব ভাবতে হচ্ছে। এক একটা জেলা থেকে খবর আসছে, মুর্শিদাবাদ জেলায় বন্যা হয়ে যাবার পরে অবস্থা শোচনীয়, মালদহ জিলায় খরা, সেখানেও বন্যা হয়েছে, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জিলা থেকে খরার খবর আসছে, তারা চাইছে টেষ্ট রিলিফ। মাননীয় সদস্যগণ কেউ কেউ এসে বলছেন আমরা স্কুল চাইনা, কলেজ চাইনা, হাসপাতাল চাই না, টেষ্ট রিলিফ আমাদের দিন। এই রকম অবস্থা হয়েছে জিলায় জিলায়। আর সেখানে কয়লা খনির মালিকরা ২৪ কোটি টাকা দেবে না, সরকার চুপ করে বসে থাকবে তাই না? সেই রকম সরকার গঠন করবার জন্য মন্ত্রিসভায় আসিনি। আমরা এসেছি এখানে দৃঢ় প্রতিজ্ঞ হয়ে, আমরা একটা নীতি অনুযায়ী কাজ করব এবং দেশের উন্নতিসাধন করব। তারজন্য আমরা আজকে এই প্রস্তাব সমর্থন করছি। তাছাড়া আর একটা কথা, অনেক বড় কথা, আজ নয়, কাল নয়, ১৯৫৬ সালে এপ্রিল মাসে ইণ্ডাস্ট্রিয়াল পলিসি রিজোলিউসন হয়েছে ভারত সরকারের, তাতে বলা হয়েছে যে অন্যান্য কিছু কিছু শিল্প আছে, সেই শিল্পের সঙ্গে কয়লা খনির New units in this industry will be set up on by the State.

তার জন্য ১৯৫৬ সালে যে ইণ্ডাস্ট্রিয়াল পলিসি রিজোলিউসন হয়েছে, সে অনুযায়ী যদি আমাদের চলতে হয়, সেই রিজোলিউসন আমাদের মানা উচিত, আমরা মানতে বাধ্য, তাহলে কোন নিউ ইউনিট প্রাইভেট সেক্টরে আমরা খুলতে

পারিনা। এই নিউ ইউনিট, এতে কোল আছে এবং অন্যান্য কিছু কছু জিনিস আছে, তার জন্য আমাদের সেটা নীতিগতভাবে দেখতে হবে এটা জাতীয়করণ ছাড়া আর কোন উপায় আছে কিনা, আমাদের চিন্তা করা উচিত এই জাতীয়করণ এখন করা উচিত নাকি পরে করব। আমাদের পথ পরিষ্কার, সেটা সমাজতন্ত্র, আমাদের ধীরে ধীরে এমনভাবে কাজ করতে হবে যাতে আমরা গন্তব্য স্থলে পেঁছিতে পারি। সেই গন্তব্যস্থলে পৌছাতে গিয়ে যদি দেখি কতগুলি শিল্পের এরকম অবস্থা সেখানে আমরা চুপ করে থাকতে পারি না। তাছাড়া এটা একটা ইম্পর্টেন্ট মিন্স অব প্রোডাকসন। এই কয়লা খনিতে যারা এক্সপ্লয়েট করছে তারা ন্যাচারাল রিসোর্সেস অব দি কানট্রিকেই এক্সপ্লয়েট করছে। এই জিনিস যারা করে তারা সংগে সংগে লেবারকে, জনসাধারণকেও এক্সপ্লয়েট করছে। আমি জিজ্ঞাসা করি তারা কি সব কিছুই এক্সপ্লয়েট করবে? এক্সপলয়েট ম্যাকসিমাম রিসোর্স এক্সপলয়েট লেবার, এক্সপলয়েট দি পিপুল এ্যাণ্ড এক্সপলয়েট এভরিবডি এই জিনিস কতদিন আর চলবে? সেইজন্যই আমরা এটা সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একবার পরিষ্কার করে বলতে চাই যে, আমরা মোটেই এই ধারণা দিতে চাইনা যে আমরা কোন ব্যক্তির বিরুদ্ধে। অনেকে এরকম অপপ্রচার করেছে যে, পশ্চিমবাংলায় এরকম একটি সরকার এসেছে যারা এখান থেকে সব ইণ্ডাস্ট্রী ভাগিয়ে দেবে। আমরা তা চাইনা। আমরা এখানে শিল্প চাই, জেলায় জেলায় নতুন শিল্প চাই এবং আমরা একটা প্র্যাকটিক্যাল অ্যাপ্রোচ নিচ্ছি। তবে আমরা যেখানে যেখানে দেখব এর দ্বারা দেশের উন্নতি হতে পারে না সেখানে আমাদের কতগুলি বক্তব্য রাখতে হচ্ছে। সেইজন্যই আমরা বিনয়ের সঙ্গে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছি তাঁরা যেন যতশীঘ্র পারেন এই কয়লা খনিগুলিকে জাতীয়করণ করেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাব সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। এই প্রস্তাবের সমর্থনে মাননীয় মুখ্যমন্ত্রি মহাশয় কিছু বক্তব্য এখানে রেখেছেন। তিনি একথা বলেছেন যে ২২ কোটি বা ২৪ কোটি টাকা রয়্যালটি ফাঁকি দিচ্ছে মালিকরা এবং এই টাকা অন্য খাতে ব্যয় করলে কি কি সুবিধা আমাদের হোত। আমি জানিনা এই বাকি টাকা আদায় করবার জন্য কি পথ তাঁরা গ্রহণ করবেন। আজকে কয়লা খনিগুলি জাতীয়করণ করার প্রশ্ন এসেছে। আজকে পশ্চিমবাংলায় কয়লাখনিগুলিকে জাতীয়করণ করার যে প্রস্তাব এসেছে তার আগেই এই কয়লা খনিগুলির একটা অংশ অর্থাৎ কোক কোল সেটা জাতীয়করণ হয়েছে সেকথা আমরা জানি। এই কোক কোল জাতীয়করণ করার কালে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী মোহনকুমার মংগলমের কয়েকটি কথা আমি এখানে বলতে চাই। তিনি তখন বলেছিলেন যে, এই কয়লা খনিগুলি জাতীয়করণ করার ব্যাপারে যে সমস্ত কমিটি বসান হয়েছিল তার মধ্যে ১৯৩৭ সনের মহেন্দ্র কমিটি এবং ১৯৪৫ সনে যে কমিটি হয়েছিল তাঁরা প্রত্যেকেই একথা বলেছিলেন যে, যে মালিকরা এই কয়লা খনি পরিচালনা করেন তাঁদের লক্ষ্য হল প্রফিট ইজ দি ফার্স্ট, প্রফিট ইজ দি সেকেণ্ড এ্যাণ্ড প্রফিট ইজ দি থার্ড গাইডিং প্রিন্সিপল। তিনি একথা বলেছিলেন যে মালিকরা শুধুমাত্র লাভের লালসায় কারখানা পরিচালনা করেন, কয়লা খনি পরিচালনা করেন, সেই কয়লা খনি বা কারখানার মাধ্যমে আমাদের দেশের উন্নতি হতে পারেনা, শ্রমিকের উন্নতি হতে পারে না, এবং দেশের স্বার্থও রক্ষিত হয় না। তিনি তাঁর বক্তৃতায় বলেছিলেন কেন এই কয়লা খনিগুলি জাতীয়করণ করলেন। তিনি তখন বলেছিলেন এই মালিকরা কয়লা খনিগুলিকে বৈজ্ঞানিক

পদ্ধতিতে উন্নতি করার চেষ্টা করছেন না, তাঁরা একে সম্প্রসারিত করবার জন্য কোন নূতন পুঁজি বিনিয়োগ করছেন না, কয়লা খনিতে যারা উৎপাদন করে সেই ওয়ার্কারদের সঙ্গে তাঁরা অমানুষিক ব্যবহার করেন এবং কয়লা খনির মালিকরা আজকে গুণ্ডা রেখে একটা সন্ত্রাস সৃষ্টি করেছেন। এটা অবশ্য কোক কোলের ক্ষেত্রেই প্রযোজ্য নয়, এটা নন—কুকিং কোলের ক্ষেত্রেও প্রযোজ্য। সমস্ত কয়লা খনির মালিকরা এই একই নীতি অনুসরণ করছেন এবং কয়লা খনি অঞ্চলে তার পরিণাম আমি ব্যক্তিগতভাবে দেখে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের জুটমিল, জুট ইণ্ডাস্ট্রি এবং চা বাগানের একটা সুযোগ আছে ইচ্ছা করলে তারা তাকে বাড়াতে পারে।

[6-35—6-45 p. m.]

কিন্তু কয়লা খনিগুলোকে বলা হয়ে থাকে ওয়েষ্টিং এ্যাসেট। অর্থাৎ এটা বাড়ানো যায় না। একে সংরক্ষিত করা যেতে পারে, একে উন্নত করা যেতে পারে, এর উত্তোলন বাড়ানো যেতে পারে, কিন্তু এ জিনিস বাড়ানো যায় না যা খনির অভ্যন্তরে রয়েছে। এই জিনিস অন্যান্য ইণ্ডাস্ট্রির সঙ্গে এর একটা তফাত রয়েছে। সরকারী হিসাবে দেখা যায় আমাদের দেশের কয়লা খনিগুলো থেকে মাত্র ৩০ থেকে ৪০ ভাগ এক্সট্রাকসন হয় বা কয়লা সেখান থেকে ওঠানো হয় বাদ বাকী কয়লা নষ্ট হয়ে যায়। পৃথিবীর অন্যান্য দেশে যখন ৭০ ভাগ এক্সট্রাকসন হয় এবং সোভিয়েট ইউনিয়নে ৮০ ভাগের উপর কয়লা তারা এক্সট্রাকট করে থাকে, সেখানে এই বিপুল পরিমাণ কয়লা এই ব্যক্তিগত মালিকানার অধীনে থাকার ফলে কয়লাখনিগুলো আমাদের দেশে নষ্ট হয়ে যাচ্ছে। এটি সরকারী পরিসংখ্যান থেকে আমরা দেখেছি। যেমন রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলের কয়লা অত্যন্ত ভাল কয়লা, মুখোপাধ্যায় মহাশয় বলেছেন রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে গ্রেড ওয়ান এবং গ্রেড টু কয়লা পাওয়া যায় এবং সেখানে কোক কোল জাতীয়করণ করার সময় বলা হয়েছিল যে পরিমাণ কোক কোল আমাদের দেশে রয়েছে, যদি আমাদের ষ্টীল ফ্যাকটরীগুলো চালাতে হয় এবং তাকে যদি সম্প্রসারিত করতে হয় তাহলে দেখা যাবে মাত্র ৪০ বছর তা চলতে পারে এবং সেই ক্ষেত্রে যদি রাণীগঞ্জে কয়লাখনির মধ্যে যে এক নম্বর এবং দু'নম্বর কয়লা আছে, যেখানে ব্লেণ্ডিং কোল আছে, তা যদি কোক কোলের সংগে ব্লেণ্ড করা হয় তাহলে আরও সাহায্য হতে পারে এবং আগামী দিনে যে কয়লা সংকট ষ্টীল ফ্যাক্টরীর সামনে আসছে, সেটা আমরা মোকাবিলা করতে পারবো। কিন্তু আজকে কয়লা সম্পদ যেভাবে নষ্ট হচ্ছে তাতে দেশের অগ্রগতি সম্পূর্ণরূপে অসম্ভব হয়ে দাড়াবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে কয়লা খনি মালিক, তারা শুধু যে কয়লা সম্পদ এই ভাবে নষ্ট করছে তাই নয় তারা কয়লা খনি অঞ্চলে কোন আইনের ধার ধারেন না, মাইনস এ্যাক্ট কোন রকমে তারা পালন করে না, তারা সেখানে যে সমস্ত মাইন্স কনজারভেশন এ্যাণ্ড ডেভলপমেণ্ট এ্যাক্ট আছে, তাও তারা পালন করেন না। তাদের এই সমস্ত না মানার একটা পরিনাম আছে। এর ফলে হয়তো বা কেউ বলতে পারে, তারা এই জিনিস না মানার ফলে কোল বোর্ড আছে তারা তা দেখতে পারেন, তাঁরা সেটা দেখবেন। কিন্তু দুঃখের বিষয় আজকে কোল বোর্ডের পক্ষে এই বিস্তীর্ণ এলাকায় কোথায় কয়লা খনির মালিকরা মাইনস এ্যাক্ট পালন করছেন কি করছেন না, কোথায় এই আইন তাঁরা অমান্য করছেন, এই দেখা অসম্ভব হয়ে দাড়িয়েছে। শুধু তাই নয়, বহু কিছু দুর্নীতি-পরায়ণ আফসারদের সঙ্গে আঁতাত করে সেখানে কয়লাখনির যে সমস্ত রীতি নীতি রয়েছে কয়লাখনিকে রক্ষা করার জন্য, সেই সমস্ত রীতি নীতি তারা প্রতিনিয়ত অমান্য

করে চলেছে। আপনারা যদি কেউ যান তাহলে দেখতে পাবেন রাণীগঞ্জের রেল লাইনের দুধারে দাউ দাউ করে আগুন জ্বলছে। লক্ষ লক্ষ টন কয়লা জ্বলে যাচ্ছে, সেখানে আগুন ধরে গেছে, কোন ব্যবস্থা নেই। ১৯৫০ সালে আমরা দেখেছি এই সমস্ত মাইন্স এ্যাক্ট না মানার ফলে ২০টি কয়লা খনি জলের তলায় ডুবে গিয়েছিল। বড়ধেমু কয়লা খনির কথা প্রত্যেকের জানা আছে, ২০টি কয়লা খনির লক্ষ লক্ষ টন কয়লা এইভাবে নষ্ট হয়ে গিয়েছিল। আপনারা প্রত্যেকে জানেন যে ১৯৫৮ সালে চিনাকুড়ি কয়লা খনিতে এই মাইন্স এ্যাক্ট অমান্য করার ফলে কয়লা খনি সেখানে বন্ধ হয়ে গিয়েছিল এবং সেখানে ১৭৭ জন শ্রমিককে কয়লা খনির মধ্যে তাদের প্রাণ দিতে হয়েছিল। এই কয়লা খনিগুলিতে এই আইনগুলো না মানার ফলে আমাদের দেশে রাণীগঞ্জ ফিল্ড বা পশ্চিমবঙ্গে প্রতি বছর ৪০ জন থেকে ৪২ জন শ্রমিককে প্রাণ দিতে হয় এবং যারা আহত হয় এই সমস্ত কয়লা খনিগুলিতে এ্যাক্সিডেন্টের ফলে, তার সংখ্যা হচ্ছে প্রতি বছর চার শতের মত। এই ভয়াবহ অবস্থা তারা সৃষ্টি করে রেখেছে। অন্যদিকে দেখা যায় কয়লাখনির যে জল, সেই প্রচুর জলের অপচয় চলছে, লক্ষ লক্ষ গ্যালন জল বয়ে যাচ্ছে এক দিকে, অন্য দিকে যে সমস্ত এ্যাবানডণ্ড পিট আছে তাতে প্রচুর জল জমে রয়েছে। তার ফলে গোটা আসানসোল মহকুমা বা গোটা রাণীগঞ্জ এলাকায় জলের জন্য হাহাকার চলছে এই মালিকরা মাইন্স এ্যাক্ট পালন না করার ফলে। স্যাণ্ড ষ্টোই বা বালি না দেবার ফলে হাজার হাজার বিঘা জমি সাবসাইড করে যাচ্ছে। এমন কি শুনলে অবাক হয়ে যাবেন কুলটী কারখানা পর্যন্ত সাবসাইড করে যাচ্ছে, সেখানে ডেনজার জোন বলে বলা হচ্ছে। আসানসোল শহর পর্যন্ত নিরাপদ নয়। এমন কি বরাচকে যে ডাকবাংলো, তার সামনে এবং বরাচকের সর্বত্র এটা লেখা আছে দেখা যাবে যে "গো এ্যাট ইয়োর ওন রিস্ক" তলা থেকে কয়লা কেটে নিয়ে গেছে, বালি বা স্যাণ্ড ষ্টোই দেওয়া হয়নি। সরকারে কিন্তু প্রতি বছর এই কয়লাখনিগুলোতে স্যাণ্ড স্টোই করার জন্য ৫ কোটির মত টাকা সাহায্য দিয়ে থাকে। কার থেকে এটা দেওয়া হয়? জনগণের কাছ থেকে, যারা কয়লা কেনে তাদের কাছ থেকে সেশ হিসাবে টাকা আদায় করে। সেই টাকা মালিকদের দেওয়া হয় কয়লা খনিকে সুরক্ষিত করার জন্য স্যাণ্ড স্টোই করার জন্য। তা না করে এই মালিকরা সেই টাকা অফিসারদের সঙ্গে আঁতাত করে নিজেদের পকেটে পুরে নিয়ে যাচ্ছে এবং ফলে শতশত শ্রমিককে প্রাণ দিতে হয়। আগুন জ্বলেছে তার চারিদিকে। ২৮ মিলিয়ান টন কয়লা ভারতবর্ষের নষ্ট হয়ে যায় প্রতি বছর। এ বিরাট পরিমাণ কয়লা নষ্ট হচ্ছে রাণীগঞ্জ কোল ফিল্ডে। এই রকম একটা সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে কয়লাখনিতে। যদি এই জিনিষ এখনো সমানে চলতে থাকে, তাহলে দেখা যাবে বিরাট সম্পদ আমাদের দেশে থাকা সত্ত্বেও এই সম্পদ আমাদের অচিরে নষ্ট হয়ে যাবে, কোন কাজে লাগাতে পারবো না। তাই বলা যেতে পারে অনেক সময় তো চলে গেছে এই কয়লাখনিকে জাতীয়করণ করবার জন্য। তাই আজকে এই কয়লাখনি জাতীয়করণ প্রস্তাবকে আমি স্বাগত জানাই, সমর্থন জানাই।

এই কয়লার খনির মালিকরা যে কোন সরকারী আইনের ধার ধারে না সে কথা পূর্বেও বলেছি। শ্রমিকদের ক্ষেত্রে Payment of Wages Act-এর কত যে কেস পড়ে রয়েছে। বহু কেস আছে যে হয়ত ৩।৪ বছর ধরে চলার পর মালিকের ৫ টাকা জরিমানা হলো। আর এদিকে শ্রমিকরা যারা কঠোর পরিশ্রম করে কাজ করলো, কয়লা তুললো, তারা অভুক্ত থাকলো, তাদের বেতন মিললো না। মালিকরা মনের আনন্দে চুপ করে থাকলেন। দেখুন কাণ্ডখানা তাদের, ৩।৪ বছর ধরে কেস চলার পরে মালিকের জরিমানা হলো ৫ টাকা। অথচ কয়লা খনি তাঁরাই চালাচ্ছেন। এই জিনিষ বছরের পর বছর চলছে। ইচ্ছেমত মালিকরা কয়লাখনি বন্ধ করে দিচ্ছেন। আইনে

আছে ৯০ দিন আগে নোটিশ দিতে হবে তা না হলে কয়লাখনি মালিকরা বন্ধ করতে পারবেন না। কোথাও কয়লাখনিতে সেই আইন মত নোটিশ কেউ দেয় না। ধোমোমেন কয়লাখনিতে সেই নোটিশ দেয়নি। এরকম বহু কয়লাখনি আছে যেখানে তারা নোটিশ না দিয়ে বন্ধ করে দিয়েছে। অবাক হয়ে গেছি, আজ পর্যন্ত কোন সরকারই তাদের বিরুদ্ধে কোন action নেন নি। লোকে জানে কয়লাখনির মালিকরা কোন আইন মানে না, তাদের জন্য কোন আইন নাই। আইন রয়েছে শ্রমিকদের জন্য, সাধারণ মানুষের জন্য। অথচ কয়লাখনির মালিকরা বিনা নোটিশে খনি বন্ধ করে, শ্রমিকদের বেতন দেয় না, Payment of Wages Act তার মানে না violate করে, Mines Act তা Violate করে; কিন্তু তারজন্য তাদের সাজা হয় না। বিগত দিনের কোন সরকারই আজ পর্যন্ত সাজা দিতে পারেন নি। বিগত দিনের কংগ্রেস সরকারও তাদের সাজা দেয় নি। দুঃখের বিষয় যুক্তফ্রন্ট সরকারও তাদের সাজা দিতে পারেন নি বা দেয়নি। জানি না আজকে আমরা কোন ব্যবস্থা নেব। এই আইন পাস হলে দুঃসহ অবস্থা থেকে কয়লাখনিকে বাঁচানো যাবে, হাজার হাজার, লক্ষ লক্ষ খান শ্রমিককে দুর্ভোগের হাত থেকে বাঁচান যাবে। তাই আমি এই বিলকে স্বাগত জানাই।

এছাড়া বিবিধ কয়লাখনি এক একজন ব্যক্তিগত মালিকানার মধ্যে এখনো রয়েছে। তার ফলে এখন হচ্ছে ফাটকা যেমন জমির ক্ষেত্রে সীমানা বা আল থাকলে পরে কিছু জমি নষ্ট হয়ে যায়, তেমনি করে কয়লাখনিগুলিরও সীমানা রয়েছে। সীমানায় লক্ষ লক্ষ টন কয়লা পড়ে রয়েছে। জাতীয়করণ করলে ঐ লক্ষ লক্ষ টন কয়লাকে উদ্ধার করা যেতে পারে।

তারপর আজকে রয়ালটির কথা বলা হয়েছে। শুধু রয়ালটিই নয় Provident Fund-এর কোটি কোটি টাকাও মালিকরা নিজেদের কাজে ব্যয় করেছে। ভারতবর্ষের কয়লাখনির মালিকরা মোট ৭ কোটি টাকা Provident Fund-এর শ্রমিকদের মজুরদের মেরে দিয়েছে, দেয় নি। তার মধ্যে ৫ কোটি টাকা আছে শুধুমাত্র পশ্চিমবঙ্গের Provident Fund-এর টাকা রয়ালটির টাকা মালিকরা দেয়নি। এই ৫ কোটি টাকা—Sand stream করবার কথা তা তারা করেনি। বিপুল অর্থ তারা ব্যয় করে সরকারী কর্মচারীদের একটা অংশ মালিকরা হাতে রাখে, থানাগুলিকে হাতে রাখে। সেখানে শ্রমিকরা যখন কোন দাবীর জন্য আন্দোলন করে, সংগ্রাম করে তখন যে কোন ইউনিয়নই হোক না কেন INTUC বা AITUC, তাদের বিরুদ্ধে ঐ সমস্ত থানার পুলিস অফিসারদের নিয়ে কালোজন নিয়ে মালিকরা শ্রমিকদের উপর ঝাঁপিয়ে পড়ে। আমি কয়লাখনি শ্রমিক আন্দোলন করতে গিয়ে আসামী হয়েছি। কোলিয়ারী ইউনিয়নের জেনারেল সেক্রেটারী ও রাজ্যসভার সদস্য মাননীয় কল্যাণ রায় এম. পি তিনিও আসামী। এমন কি অনেকে জানেন বিখ্যাত INTUC নেতা কেশব ব্যানার্জী তিনিও আসামী ছিলেন। তিনি মামলা থেকে রেহাই পেয়েছেন একমাত্র মৃত্যুর পর। কেউ সেখানে রেহাই পায় না। যে কেউ দাবী করলো, procession করলো অমনি পরের দিন দেখা গেল তার বিরুদ্ধে ডাকাতির কেস রুজু হয়ে গেছে। একদিকে যেমন ঝরিয়া কয়লাখনিগুলি জাতীয়করণ করা হয়েছে, তারপরই সেখানকার সমাজবিরোধীদের নিয়ে মালিকরা যে শোষণের ঘর তৈরী করেছিল সেই সমাজবিরোধীরা আজ সেখানে বেকার, আজ তারা পশ্চিমবঙ্গের দিকে ছুটে আসছে তাদের সেই পুরানো কাজের সন্ধানে। আজকে তাই এখানে দেখা যাচ্ছে ঐ গুণ্ডামী, ঐ অত্যাচারের দিকে এগিয়ে চলেছে খনি মালিকরা। উদাহরণস্বরূপ বলা যায় নিমচা, নর্থ ইষ্টার্ণ সালামপুর কোলিয়ারীর কথা আপনি জানেন। আপনার কাছে রাখা হয়েছিল নর্থ ইষ্টার্ণ, সালামপুর, ইষ্টার্ণ কোলিয়ারীর কথা। সেখানে অনশন হয়েছিল। সেই অনশন ভাঙ্গবার জন্য

পুলিসকে নিয়ে, গুণ্ডাবাহিনী নিয়ে শ্রমিকদের পেটান হলো। এটা সেখানে অবিরত চলেছে, প্রতিনিয়ত চলেছে। এটা একদিনের কথা নয়। আর এর মালিকরা কী করেছে তা আমরা জানি। তারা টাকা দিতে পারছে না বলে দিচ্ছে না তা নয়। তাদের অভাব আছে, তা নয়। তারা ঠিক করে নিয়েছে যে টাকা দেবে না, তাই তারা টাকা দিচ্ছে না। এক একজন কয়লাখনি মালিক ছোট বড় সবাই টাকা দেবে না বলেই দিচ্ছে না। যেমন বেঙ্গল কোল, তারা লক্ষ লক্ষ টাকা মুনাফা করছে অথচ Provident Fund-এর টাকা, রয়ালটির টাকা এখনো দেয়নি। এই রকম প্রত্যেকটা খনির মালিক, তারা টাকা দিচ্ছে না। যেমন বেঙ্গল কোল, Equitable, Turner Morrison, বার্ড কোম্পানী কারখানা, জাগুরিয়া কারখানা, বা জালানদের কয়লাখনি এরা যেখানে ৭ লক্ষ ৬০ হাজার শ্রমিক নিয়োগ করে বিরাট অবস্থা। সেখানে বলা যেতে পারে ১৮ থেকে ৩০ মিলিয়ন টন যে কয়লা পশ্চিমবঙ্গে উৎপন্ন যে, তার মধ্যে ১২ মিলিয়ন টন কয়লা ওখানেই উৎপন্ন হয়। কিন্তু তারা এই রয়ালটির টাকা দেয় না। সব টাকা তারা মেরে দেয়। তবু তাদের বিরুদ্ধে কোন action নেওয়া হয় না। এই যে সুরজমল নাগরমল তাদের কাছে ৫০ লক্ষ টাকা রয়ালটি বাকী আছে, দিচ্ছে না। তারপর টার্ণার, মরিসন তাদের কাছে প্রায় এক কোটি টাকা বাকী; ইকুইটেবল তার কাছে এক কোটি টাকা রয়েলটি পাওনা। এজন্য বিদেশী পুঁজি মিলে এই কয়লাখনিগুলি গড়ে উঠেছে বা পরিচালিত হচ্ছে। সেই কারণেই তাদের বিরুদ্ধে আইনগত কোন action নেওয়া হয় না কেন?

[6-45—6-55 p.m.]

যখন দেশের অর্থের অভাব, যখন কিনা কেরোসিনের উপর, বিভিন্ন জিনিসের উপর ট্যাক্স বসে, ঠিক তখন সত্যিই এমন কোন পদক্ষেপ নেওয়া কি উচিত হবে যাতে এই টাকা তাদের কাছ থেকে আদায় করা সম্ভব হয়। শ্রমিকদের সমস্যা অনেক, তাদের থাকার বাসস্থানের। তার সঙ্গে তাদের যে বেতন বেড়েছে য়্যাওয়ার্ড অনুসারে সেই টাকাতো তাদের দেয়নি। ডি, এ, বেড়েছে ১ টাকা ২০ পয়সা। কয়লার দাম বাড়ল এই অজুহাতে কিন্তু সেই ডি, এ, তাদের দেওয়া হলো না, শ্রমিকরা তা পেলনা। যেখানে তারজন্য দাবী করা হলো সেখানে তাদের পেটান হলো, পুরানো শ্রমিক তাড়িয়ে দিয়ে নতুন শ্রমিক সেখানে নেওয়া হলো। এই রকম অবস্থা চলেছে কয়লাখনি অঞ্চলে। আমরা উপরে মোহন কুমারমঙ্গলমের কাছে এই অবস্থার কথা জানিয়েছি। আমরা দেখেছি ন্যাশনালাইজেসনের কথায় ভয় পেয়ে মালিকরা এখনই কিছু কিছু জায়গা থেকে মেশিন ও পার্টস ইত্যাদি বিক্রি করা আরম্ভ করে দিয়েছে। কিছু কিছু জায়গায় কয়লাখনিগুলি থেকে আর আহরণের চেষ্টা করছে না। কোন উন্নতির দিকে তারা কিছুমাত্র যাচ্ছেন না এই মর্মে আমরা চিঠিপত্র দিয়েছি যে যদি এই ব্যাপারে দেরি করা হয় তাহলে কয়লাখনিগুলি বিপন্ন হবে এবং সর্বনাশ হবে। সেই দিক দিয়ে আমি তাই এই প্রস্তাবকে সমর্থন করব এই আশা নিয়ে যে কেন্দ্রীয় সরকার অনতিবিলম্বে পশ্চিমবঙ্গে যে কয়লাখনিগুলি রয়েছে তাকে জাতীয়করণ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** স্যার, আমি একটা কথা বলছি সেটা হচ্ছে এই প্রস্তাবের উপর ৩ ঘণ্টা ধার্য আছে এবং এই ৩ ঘণ্টা একটু পরেই শেষ হয়ে যাবে। ১৬ জন বক্তা কংগ্রেস পক্ষ থেকে দেওয়া হয়েছে কিন্তু এর কোন আবশ্যকতা নেই, আমরা সকলেই একমত। যদি ১৬ জনই বক্তৃতা করেন তাহলে this resolution will be talked out, আমাদেরটা ভোট হয়ে গিয়ে টক্‌ড আউট হয়ে যাবে, ক্ষেতমজুরটা আসবে না, সুতরাং প্রাইভেট মেম্বারস্ বিল সেটা একেবারে

হুইজলেস হয়ে যাবে। তাই আমি জয়নাল সাহেবকে অনুরোধ করব আপনাদের বক্তাদের উইথড্র করুন, পুরঞ্জয়বাবু উত্তর দিন এই প্রস্তাব সর্বসম্মতভাবে পাশ করে। ক্ষেতমজুরটায় আসুন, এইটা আলোচনা করে পক্ষে বা বিপক্ষে যা হয় একটা ঠিক করুন। তা না হলে গুরুতর বিপদ। ১৬ জন বক্তার মধ্যে মাত্র ৩/৪ জন হয়েছে বাকি তেরজন তারা পাঁচ মিনিট করে যদি বলেন তাহলে time will be over and it will be talked out

**শ্রীজয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কাল আপনি দেখেছেন ত্রিশ জন সদস্যর পক্ষে বক্তৃতা করা সম্ভব হয়েছে আড়াই ঘণ্টার মোশানের উপর ১৯৪-তে। সুতরাং আপনি ৫০ মিনিট হয়ে গেলে পর You will give signal and we will claim vote Then we will decide the next issue ৫৩ মিনিট আমাদের হাতে আছে, এই সময়ে যে সদস্যরা তাঁদের বক্তৃতা রাখতে চান তাঁরা তাঁদের বক্তৃতা রাখুন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** যাঁরা সব চেয়ে গরীব এবং সব চেয়ে নির্যাতিত লোকগুলির কথা যাতে না ওঠে, যারা বেশীর ভাগ সিডুলকাষ্ট এবং সিডুল ট্রাইবস তাদের কথা মাননীয় আইন সভায় তাদের প্রস্তাবটা কি করে কাটেল্ড হয়ে যায় তার আমরা কি আনএ্যানিমাস চেষ্টা করব? এই সব বক্তৃতার কি দরকার আছে? এই প্রস্তাবটা পাশ করে দিন ভোট দিয়ে তারপর এই প্রস্তাবটা আসুক।

**শ্রীজয়নাল আবেদীন:** যেখানে মাননীয় সদস্যরা বক্তৃতা করতে চায় সেখানে তাদের বক্তৃতা না দিতে দেবার কোন যুক্তি নাই। আমরা দেখেছি অপেক্ষাকৃত অল্প সময়ের মধ্যে অধিক সংখ্যক বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন। সুতরাং আজকে এই কথা আসে না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** বিগতকালে কোন প্রস্তাব ভোটে দেওয়া না দেওয়ার বা পাশ হওয়া না হওয়ার কথা নয়। It was for discussion as many speakers as possible took part in the discussion কিন্তু আজকে তিনটে রিজোলিউশন পাশ করা বা না করা। সুতরাং প্রথমটা আমরা আলোচনা করেছি, আমরা রিজেক্ট করেছি। দ্বিতীয়টা আমরা আনএ্যানিমাস করে লেট আস পাশ ইট। তৃতীয়টা আমরা আলোচনায় আসি। আর এত বক্তার বক্তৃতা করার কি দরকার বলতে পারেন? আমাদের সাইড থেকে মাত্র একজন বলেছেন, আপনাদের তিন জন বলেছেন। উনি উত্তর দিয়ে এটাকে ভোটে পাশ করিয়ে আনএ্যানিমাস করে হাততালি দিয়ে ক্ষেতমজুরটা ধরা হোক। আপনার মুখ থেকে শুনব ২/৪টা কথা ক্ষেতমজুর সম্পর্কে।

**শ্রীজয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে তিনটি রিজোলিউশন আছে তাতে একটা রিজোলিউশন এই বিধান সভায় আলোচনা হতে পারত অত্যন্ত গুরুত্ব সহকারে। বিশ্বনাথবাবু যে কথা বলছেন এবং অতিরিক্ত যা কিছু এনেছেন সেটা আজকের সময় সীমার বাইরে। তাই তার দিকটা তিনি একটু ভেবে দেখবেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রতিবাদ করছি ব্যালটে আইনটা উঠেছে। জয়নাল সাহেব বলছেন যে আমি অতিরিক্ত এনেছি unfortunately we are the members of the Assembely, unfortunately our names appeared in the ballot, unfortunately two of our M. L. A. got the opportunity. না, ব্যালটে উঠেছে তাই প্রস্তাবটা এসেছে, আনফরচুনেটলি আমরা এ ক্ষেতমজুরদের ব্যাপারটা আনা উচিত মনে করেছি। আপনি যদি বিরোধিতা করে হারিয়ে দেন ভাল কিন্তু টকড আউট করবেন কেন?

**শ্রীজয়নাল আবেদিন:** স্যার, সে রকম কোন কারণ নাই। এর আগে রিজোলিউশনে আমরা অনুরোধ করেছিলাম যে ডিভিশন করবেন না সেটা তো করতে পারতেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** স্যার, তাতে তো তিন মিনিট সময় গেছে। তা সেই তিন মিনিট আপনারা বলে দিন। এবং তা বন্ধ করে দিয়ে ভোট নিন। তা না হলে ক্ষেতমজুরদের জন্য যে আমরা কিছু বলবো সেটাতে সময় পাবো না। সেটা টকড আউট হয়ে যাবে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** স্যার, এই যে দু'জনের মধ্যে অনেক কথা কাটাকাটি হোল সেই সময়ে তো অনেকের বলা হোত।

**মিঃ স্পীকার:** এই তো অল্প সময়, মাত্র তিন ঘণ্টা পাওয়া গেছে প্রাইভেট মেম্বারস' বিসনেসের জন্য ইন দি হোল সেসন। সুতরাং আমি আশা করবো সময়টা'র 'বেষ্ট ইউটিলাইজেসন' হাউস করবেন। এবং এটা আমি এক্সপেক্ট করছি। কাজেই যা সাধারণ হয়ে থাকে some sort of understanding between different groups when there is no opposition. কিন্তু সাধারণত এগুলি যখন এখানে আসে, যখন ডিফারেন্ট গ্রুপস' এবং ডিফারেন্ট লিডারস', যখন ভিন্ন অভিমত যদি হাউসে প্রকাশ করেন তাহলে আমার রুলসে যা আছে I will have to proceed accrodingly. এছাড়া ওয়ে আউট নাই। তাছাড়া কোন উপায় নাই। আনফরচুনেটলি আমাকে সেই রুলসের মধ্যেই আসতে হচ্ছে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** স্যার, আপনি যে আণ্ডারষ্ট্যানডিং-এর কথা বলছেন আমি ছিলাম না আমাদের শ্রীমতী ইলা মিত্র শুনেছেন। ওর সঙ্গে জ্ঞান সিং সোহন পালের কথা হয়েছে যে এক ঘণ্টা করে হবে তাতে যদি একটু আধটু বেড়ে যায় গেল। কিন্তু আনফচুনেটলি তাঁরা এখানে নাই। সেইজন্য আন্য আমি অনুরোধ করছি আরও দু' একজন বলবেন, বলুন, বলে শেষ করুন, করে এটায় আসুন।

**শ্রীসুব্রত মুখার্জী:** স্যার, আমরা বিলের উপর বক্তব্য রাখতে চাই, আমাদের বক্তব্য রাখার সুযোগ দেওয়া হোক।

**শ্রীশঙ্কর ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে প্রস্তাব হাউসে এসেছে এই প্রস্তাবকে আমরা খুব বাস্তব দৃষ্টি থেকে দেখছি। আমাদের কোকিং কোল মাইনগুলির জাতীয়করণ হয়েছে। নন-কোকিং মাইন সম্বন্ধে কি হবে সেটা এখানে বিশেষভাবে বিচার্য বিষয়। আমরা যা কিছু প্রস্তাব আনবো সেটা জাতীয় স্বার্থে আনতে হবে। আমাদের ১৯৫৬ সালে যে ইণ্ডাষ্ট্রিয়াল পলেসি রিজোলিউশন ছিল তখনই এটা ঘোষণা করা হয়েছিল যে কয়লাখনি শিল্পে নূতন যে বিনিয়োগ হবে সেটা কেবল রাষ্ট্র করবে। এখন এই যে কয়লাখনি জাতীয়করণ সম্পর্কে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব এসেছে এমন সময়ে যখন আমাদের বেসরকারী শিল্পপতিদের বেশ কিছু বছর সুযোগ দেওয়া হয়েছে এই পশ্চিমবাংলার কয়লাখনিগুলির উন্নতি বিধানের জন্য। আমরা দেখেছি যে রাণীগঞ্জ এলাকাতে যে ২৮১টি কয়লাখান আছে তার ভিতর ২২০টি খুবই ছোট যাতে মাসে ১০ হাজার টনও উৎপাদন হয় না। সেইজন্য এখানে আজকাল ভাল কাজ হতে পারে না, ভাল উৎপাদন হতে পারে না, কর্মসংস্থান হতে পারে না। তাই আমরা বার বার কয়লাখনির মালিকদের আবেদন জানিয়েছি যে কয়লাখনিগুলিকে এ্যামালগামেট করে বড় করুন যাতে কাজ চলতে পারে, যাতে দেশে আরও উৎপাদন বৃদ্ধি হতে পারে তার ব্যবস্থা করুন। সরকার বাইরের থেকে, ওর্য়াল্ড ব্যাঙ্ক থেকে লোন এনেছিলেন ১৬ কোটি টাকা ১৯৬১ সাল থেকে ১৯৬৫ সালের মধ্যে এই কয়লাখনিগুলির উন্নতির জন্য।

[6-55—7-05 p.m.

ঋণ যখন সরকার আনলেন ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে তখন সরকার বললেন যে আমরা এই ১৬ কোটি টাকা দিচ্ছি, কিন্তু এই বেসরকারী শিল্পপতিরা আরো ১৬ কোটি টাকা এই কয়লা খনির জন্য বিনিয়োগ করবে কারণ এই রকম চুক্তিতেই ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন আনা হয়েছিল। কিন্তু বেসরকারী মালিকরা ১৬ কোটি টাকা বিনিয়োগ করলেন না, কেবল ১৪ কোটি টাকা বিনিয়োগ করলেন এবং যে টাকা বিনিয়োগ করলেন সেটা নিজেদের টাকা নয় সরকারী সংস্থা, রি-ফাইন্যান্স করপোরেশন, সেই সংস্থা থেকে টাকা নিয়ে তাঁরা বিনিয়োগ করলেন। সুতরাং তাঁদের যে দায়িত্ব ছিল সেই দায়িত্ব তাঁরা পালন করেন নি। এখানে এত ছোট ছোট কয়লাখনি আছে এবং আমরা দেখেছি এই কয়লাখনিগুলি উপরের কয়লা তুলে নিয়েছেন নীচের কয়লা তোলেন নি যাকে বলে স্লটার মাইনিং। নীচের কয়লা তোলার জন্য যে যন্ত্রপাতি দরকার, মডার্নাইজেসন দরকার, নতুন বিনিয়োগ দরকার সেটা তাঁরা করেন নি। শুধু যতটুকু করলে তাঁদের লাভ হয় সেইটুকুই তাঁরা স্লটার মাইনিং করে করেছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা ভারত সরকার এনে দিয়েছেন, কিন্তু সেটার তাঁরা সদ্ব্যবহার করেন নি। এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশে কয়লার উৎপাদন খালি কমে যাচ্ছে। ভারতবর্ষে যা উৎপাদন হয় তার তুলনায় পশ্চিমবাংলার উৎপাদন ১৯৬৮ সালে সর্বভারতীয় উৎপাদনের শতকরা প্রায় ৩৩ ভাগ ছিল, তারপর ১৯৭০ সালে সেটা ২৯ শতাংশ হয়ে গেছে। কয়লার উৎপাদন ক্রমেই কমে যাচ্ছে। এই অবস্থায় সরকার যখন দেখলেন যে যখন পশ্চিমবাংলার শিল্পপতিরা কিছু করছেন না তখন ইনডিয়ান ইণ্ডাষ্ট্রিয়াল পলিসি রিজোলিউ-শান, ১৯৫৬ ঘোষণা করা হল এবং সরকারী ভিত্তিতে ন্যাশন্যাল কোল ডেভেলপমেণ্ট করপোরেশন স্থাপন করা হল। এই ন্যাশন্যাল কোল ডেভেলপমেণ্ট করপোরেশন পশ্চিমবাংলা, বিহার, মধ্যপ্রদেশ ও উড়িষ্যায় নতুন নতুন কয়লাখনি স্থাপন করলেন। সুতরাং যা কিছু নতুন বিনিয়োগ হয়েছে এই কয়লা শিল্পে সেটা সরকার করেছেন এবং বেসরকারী শিল্পপতিরা কখন নতুন উদ্যোগ আর নেননি, বিনিয়োগ করেন নি, স্লটার মাইনিং খালি করেছেন এবং আমাদের বাংলা সরকারের ২৪ কোটি টাকার রয়্যালটিও তাঁরা দেননি। তাঁরা কর্মীদের মাইনে দেন নি, প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা দেন নি। সুতরাং আজকে যে প্রস্তাব এসেছে এটা খুব বাস্তব দৃষ্টিভঙ্গী থেকে এসেছে এবং জাতীয় স্বার্থে শ্রমিকদের স্বার্থে, বেকার যুবকদের স্বার্থে, সর্ববিধ জাতীয় স্বার্থে এই প্রস্তাবটি এসেছে। যে দিক থেকেই এটা দেখা যাক না কেন শিল্পপতিদের যে দায়িত্ব ছিল সেটা তাঁরা পালন করেন নি এবং করেন নি বলেই আজকে কয়লাশিল্প এই অবস্থায় এসেছে। এই জাতীয়করণ প্রস্তাব নতুন নয়। বিশ্বের বিভিন্ন রাষ্ট্রে এসেছে। ১৯৪৫ সালে বৃটেনে যখন লেবার গভর্ণমেণ্ট এসেছিল তখন বৃটেনে কয়লাখনির জাতীয়করণ হয়েছিল। ১৯৪৬ সালে ফ্রান্সে কয়লাখনির জাতীয়করণ হয়েছিল। ফ্রান্সে তো সোসালিষ্ট গভর্ণমেণ্ট ছিল না, সেখানে কিন্তু জাতীয়করণ হয়েছিল এবং এই জাতীয়করণ হয়েছিল জাতীয় স্বার্থে। সুতরাং আজকে আমাদের এটা বিচার করতে হবে যে জাতীয় স্বার্থে আমাদের এটা জাতীয়করণ করতে হবে কিনা। আমরা দেখতে পাচ্ছি সরকারের স্বার্থে সরকার রয়্যালটি পাচ্ছেন না, ২২ কোটি টাকার রয়্যালটি পান নি। আমরা দেখছি শ্রমিকরা মাইনে পাচ্ছেন না, শ্রমিকদের প্রভিডেণ্ট-ফাণ্ডের টাকা জমা পড়ছে না। আমরা দেখতে পাচ্ছি উৎপাদন বৃদ্ধি পাচ্ছে না, যে উৎপাদন ৩৩ শতাংশ ছিল ভারতবর্ষের তুলনায় পশ্চিমবঙ্গে সেটা ২৯ শতাংশ হয়ে গেছে। আমরা আরো দেখতে পাচ্ছি যে নতুন বিনিয়োগ হচ্ছে না, মর্ডানাইজেসন হচ্ছে না, অথচ কয়লাখনির মালিকরা মাঝে-মাঝে বলেন কয়লার দাম বাড়াবো, আরো ওয়াগন দিতে হবে, এর জন্য তাঁদের অসুবিধা হচ্ছে ইত্যাদি। কিন্তু আসল অসুবিধা হচ্ছে এই, যে কয়লা হচ্ছে নিম্ন মানের কয়লা, যেটা খারাপ

গ্রেডের কয়লা এবং ভাল গ্রেড করতে গেলে যে সমস্ত মেকানাইজেসন দরকার, যেটাকে "বেনিফিসিয়েসন" বলে, সেই ভাল গ্রেড কয়লার জন্য যে বিনিয়োগ দরকার সেটা তাঁরা করছেন না, সেই বেনিফিসিয়েসন তাঁরা করছেন না। সুতরাং আমরা ভাল গ্রেডের কয়লা পাচ্ছি না এবং ভাল গ্রেড কয়লা পাচ্ছি না বলেই যতটা উৎপাদন হওয়া উচিৎ ছিল সেটা হচ্ছে না, কর্মসংস্থান হচ্ছে না। বিশ্বের অন্য সমস্ত কয়লা উৎপাদক দেশে আজকে কি হচ্ছে সেটা দেখেছি। বৃটেনে ১৯১৯ সালে কনজারভেটিভ সরকার যখন ছিল তখন সেখানে একটি কমিশন বসেছিল। লর্ড স্যংকি কমিশন বলেছিলেন যে এত ছোট ছোট কয়লাখনি চলতে পারে না, এই কয়লাখনিগুলিকে এ্যামালগেমেট করতে হবে। আমরা দেখেছি জার্মানী সার কয়লাখনিগুলিকে সেখানকার সরকার নিয়ে নিয়েছেন, ফ্রান্সের কয়লাখনিগুলি সেখানকার সরকার নিয়ে নিয়েছেন। তার কারণ, ছোট কয়লাখনি থাকতে পারে না, সেটা জাতীয় স্বার্থের পরিপন্থী। সুতরাং কয়লাখনি বড় করতে গেলে, কয়লাখনিগুলিকে এ্যামালগামেসান করতে গেলে শিল্পপতিদের অর্থ বিনিয়োগ করতে হবে। অথচ আমরা দেখেছি যে অর্থ তাঁরা বিনিয়োগ করছেন না। তাহলে এ্যামালগামেসান আমরা কিভাবে করতে পারি? আইন এনে করতে পারি। তাঁরা নিজেরা যখন ভলেনটারিলি করছেন না তা তখন আমরা আইন এনে জোর করে করতে পারি। আইন এনে যদি আমরা এ্যামালগামেসন করি এবং এ্যামালগামেসান করলে তাঁরা নতুন অর্থ বিনিয়োগ করছেন না, তাই যদি সরকারকে করতে হয়, এ্যামালগামেসান ছাড়া যখন এই শিল্পের উন্নতি হতে পারে না, উৎপাদন বাড়তে পারে না, ভাল গ্রেডের কয়লা হতে পারে না, বেনিফিসিয়েসান হতে পারে না, ন্যাশনালাইজেসান হতে পারে না, মর্ডানাইজেসন হতে পারে না, তাহলে আমরা বেসরকারী শিল্পপতিদের হাতে এই ক্ষমতাটা কেন রাখবো? কারণ তাঁরা যখন রাষ্ট্রের প্রতি তাঁদের দায়িত্ব পালন করেন নি রয়েলটি না দিয়ে মজুরদের প্রতি দায়িত্ব পালন করেন নি, প্রভিডেণ্ট ফাণ্ড ও মাহিনা না দিয়ে এবং জাতির প্রতি দায়িত্ব পালন করেননি, উৎপাদন বৃদ্ধি না করে তখন সরকারই সেই দায়িত্ব পালন করবে। এই কয়লাখনির ব্যাপারে আমরা দেখেছি একটা ভাগ কোকিং কোল ইতিমধ্যেই জাতীয়করণ হয়ে গিয়েছে। আর অন্য নন-কোকিং কোল সম্বন্ধে ন্যাশনাল কোল ডেভেলপমেণ্ট করপোরেশন বহুদিনের প্রতিষ্ঠান—তাদের অভিজ্ঞতা আছে, দক্ষতা আছে, কর্মী আছে, সুতরাং ন্যাশনালাইজ করলে সরকারের এড্‌মিনিষ্ট্রেটিভ এ্যাপারেটাস রয়েছে। আমরা এই প্রস্তাব বিচার করছি একেবারে বাস্তব দৃষ্টিভঙ্গী প্রাগ্‌মাটিক দিক থেকে। এটা সমাজতন্ত্রের দিকে নিশ্চয় একটা পদক্ষেপ। যাঁরা সমাজতন্ত্রে বিশ্বাস করেন না তাঁরাও এটা সমর্থন করবেন, কারণ জাতীয় স্বার্থে এই জিনিষটা এসেছে। আমরা যখন উৎপাদন বাড়াতে পারছি না, ন্যাশনালাইজেসান করতে পারছি না, মর্ডানাইজেসান করতে পারছি না, এ্যামালগামেসান করতে পারছি না, তখন যদি এই জাতীয়করণ না করি, এ্যামালগামেসান যখন শিল্পপতিরা ভলেনটারেলি করবেন না, এবং এটা আইনের মাধ্যমেই হতে পারে, তাহলে সরকারের জাতীয়করণ ছাড়া আর কোন উপায় নেই। সেইজন্য সারা বিশ্বে যেখানেই সমস্যা এসেছে, যেখানেই কমিটি বসেছে—বিলেতে ১৯১৯ সালে শ্যাংকি কমিটি বসেছিল, সেজন্যই তাঁরা বলেছিলেন এ্যামালগামেসান করতেই হবে। অথচ যখন লেবার সরকার এল. রিড কমিটি বসালো ১৯৪৩ সালে তখন তাঁরা আরো বললেন যে এ্যামালগামেসান ছাড়া এটা সম্ভব নয়, কয়লাখনির উন্নতি হতে পারে না। ১৯৪৫ সালে লেবার সরকার সেটা জাতীয়করণ করলেন। ১৯৪৬ সালে ফ্রান্স জাতীয়করণ করলেন। কারন তাছাড়া উৎপাদন বাড়তে পারে না। কয়লাখনি এমন একটা জিনিষ যে এতে এত বিনিয়োগ দরকার, ক্যাপিটাল দরকার যে সাধারণ শিল্পপতিরা সেটা পারেন না। আজকে আমরা পশ্চিমবাংলায় শিল্প গড়তে চাই। প্রায় একশো কোটি টাকার নুতন লাইসেন্সের

দরখাস্ত এখানে রয়েছে। আমরা শিল্প বাড়াতে চাই তাড়াতে চাই না। কাজেই বলছি, যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব সাধারণ মানুষের স্বার্থে, মজুরের স্বার্থে, রাষ্ট্রের স্বার্থে আমরা এনেছি। আর সারা বিশ্বের যে অভিজ্ঞতা যে কয়লাখনি বড় না করলে, এ্যামালগামেট না করলে এটা চলতে পারে না—আমাদেরও সেই একই অভিজ্ঞতা। সুতরাং একটা বাস্তব দৃষ্টিভঙ্গী—প্রাগমাটিক দৃষ্টিভঙ্গী থেকে সমর্থন করছি। তা ছাড়া নির্বাচনে আমাদের প্রতিশ্রুতি ছিল সমাজতান্ত্রিক ধাচে সমাজ গড়বো প্রতিশ্রুতি ছিল যে বড় বড় মিনস অব প্রোডাকসান রাষ্ট্রের আয়ত্বে আসবে। এটা নীতিগত দিক থেকে ইডিওলজির দিক থেকে, বাস্তব—প্রাকটিক্যাল দিক থেকে, কর্মসংস্থান এবং উৎপাদন বৃদ্ধির দিক থেকে বা যে কোন দিক থেকেই বিচার করা হোক এই কয়লাখনি রাষ্ট্রীয়করণ ছাড়া আর কোন পথ নেই। সেইজন্য যে প্রস্তাব এসেছে সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি।

[ 7-05—7-15 p.m. ]

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কয়লাখনিগুলি ন্যাশনালাইজ করার জন্য কেন্দ্রীয় সরকারকে যে অনুরোধ জানান হয়েছে আমি এটা সর্বান্তকরণে সমর্থন করছি। বর্দ্ধমান জেলায় ২ শোর বেশী কয়লাখনিতে এমনধরণের কাজ চলছে যেটাকে প্রগতিশীল চিন্তাধারার দিক থেকে কখনই সমর্থন করা যায় না। অনেক কয়লাখনিতেই এখন কাজ প্রায় বন্ধ। তারা শ্রমিকদের ন্যায্য পাওনা দিতে বিলম্ব করছে এবং অনেক ক্ষেত্রে দু' তিন মাস পর্যন্ত মাহিনা দেওয়া হচ্ছে না, এমন সংখ্যাও অনেক আছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে রয়্যালটী এবং প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা বাকি আছে। আমার যতদূর মনে আছে এই কয়লাখনি গুলিতে সরকার কর্তৃক যে নির্দিষ্ট আইন যে নিয়মের কথা বলা হয়েছে সেগুলি কিন্তু তাঁরা সেখানে পালন করেন নি। শ্রমিকদের মেডিক্যাল বেনিফিট, তাদের ওয়েলফেয়ার, তাদের হাউসিং এই সমস্ত দিক থেকে কিন্তু বড় রকমের গাফিলতি দেখা যায়। এখনও দেখা যায় শ্রমিকরা অসুস্থ হয়ে পড়লে তাদের চিকিৎসার বন্দোবস্ত হচ্ছে না, এখনও দেখা যায় শ্রমিকদের পায়রা খোপের মত ছোট ছোট ঘরে বাস করতে হয়, এমন অস্বাস্থ্য পরিবেশ সেখানে যেখানে কোন মানুষ থাকা সম্ভব নয়। এই সম্পর্কে ঐ এলাকার অনেক ইউনিয়ন বার বার মালিকদের দৃষ্টি আকর্ষণ করেছেন কিন্তু বাস্তবে দেখা গেছে যে তাঁরা এই সম্পর্কে অনীহা প্রকাশ করেছেন, বাস্তবে তাঁরা কোন কাজ করতে পারেন নি। শুধু তাই নয়, মালিকরা অনেক ক্ষেত্রে কোলিয়ারিতে নিজস্ব সুদখোর রাখে ২ কি ৩ মাস শ্রমিকদের মাইনে না দেওয়ার ফলে তারা অনেকে বাধ্য হয় বিভিন্ন সুদখোরদের কাছ থেকে টাকা নিতে। অনেক ক্ষেত্রে দেখা গেছে এই সব সুদখোররা মালিকদের একটা বিশেষ অংশ, তাঁদের লোক তাঁরা পুষছেন। দু'মাস পরে যখন শ্রমিকদের মাইনে দেওয়া হচ্ছে তখন গেটের কাছে কাউন্টারের পাশে সেই সুদখোর দাঁড়িয়ে থাকে। যদি শ্রমিক চার শো টাকা মাইনে পায় তাহলে ৩৯০ টাকা সুদ সহ আদায় করা হয় যাতে তার কাছ থেকে আবার লোন নিতে পারে এইজন্য। এইভাবে সারা কয়লাখনি এলাকার ন্যূনতম পক্ষে ৮০ টা কয়লাখনি এলাকায় এই ধরনের একটা ভিসাস সার্কেল আছে যারা এইভাবে দিনের পর দিন শ্রমিকদের শোষণ করে আসছে। আজকে এই শ্রমিকদের বাঁচানর জন্য ন্যাশনালাইজ করা ছাড়া আর কোন উপায়ান্তর নেই। যেখানে কুকিং কোল ন্যাশনালাইজ করা হয়েছে তারই পাশাপাশি বর্দ্ধমান জেলায় নন-কুকিং কোল ন্যাশনালাইজ না করার ফলে সেই এলাকায় শ্রমিকরা পাশাপাশি লক্ষ্য করছে যে পাশের কয়লাখনিতে শ্রমিকরা যা বেনিফিট পাচ্ছে অন্যান্য কোলিয়ারী শ্রমিকরা তা পাচ্ছে না।

ফলে বিভিন্ন কয়লাখনিতে বিক্ষোভ সুরু হচ্ছে। প্রতিদিন আমাদের লেবার ডিপাটমেণ্টে ১০।১৫টা করে টেলিগ্রাম আসে হয় সেখানে শ্রমিক অসন্তোষ, না হলে তাদের মাইনে দেওয়া হচ্ছেনা, না হলে তাদের উপর আক্রমণ করা হয়েছে এইসব। কয়লাখনি এলাকাগুলিতে টোটাল একৃসপ্লয়টেশান যে কি চেহারা নেয় ঐ এলাকায় না গেলে মানুষের পক্ষে তা বোঝা সম্ভব নয়। সেখানে আজো কয়লাখনির মালিকরা সপ্তদশ শতাব্দীর যে রাজনৈতিক চিন্তাধারা জমিদারী চিন্তাধারা সেই চিন্তাধারা এখনও বহাল রেখেছেন। আইন করে বার বার তাদের বিরুদ্ধে সতর্কতা মুলক ব্যবস্থা গ্রহণ করা সত্বেও দেখা যাচ্ছে তারা কিন্তু অবিচল। অনেক ক্ষেত্রে দেখা গেছে হয়ত তারা শ্রমিকের মাইনে দেয়নি, কেস ফাইল করা হয়েছে, সেজন্য তাদের পানিসমেণ্ট হল ৪০।৫০ টাকা, হয়ত ওয়েজ বাকি আছে ১০ হাজার ১৫ হাজার টাকা। সুতরাং এই যে পেনালটি এটাকে তারা গ্রহণ করে থাকে। আমি যদি দেখি ১০ হাজার টাকা না দিয়ে ৫০ টাকা জরিমানা দিই তাতে ক্ষতি কি আছে। এই ধরণের একটা মানসিকতা তাদের মধ্যে তৈরী হয়ে গেছে। এই মানসিকতাকে অবিলম্বে ভেঙ্গে দিতে হবে এবং সেটা ভাঙ্গা সম্ভবপর যদি এটাকে জাতীয়করণ করা হয়। পশ্চিমবাংলার সবচেয়ে বড় সম্পদ হোল কয়লা, ভারতবর্ষের সবচেয়ে বড় সম্পদ হোল কয়লা এবং এই কয়লা দিয়ে পশ্চিমবঙ্গে অনেকগুলি ইনডাষ্টি পরিচালিত হচ্ছে। যেহেতু শ্রমিক অশান্তি হচ্ছে, রেজিং বন্ধ হয়ে যাচ্ছে, যেহেতু বহু জায়গায় অন্যান্য সংশ্লিষ্ট শিল্পগুলিতে অশান্তি দেখা দিচ্ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে সেহেতু সমস্ত জিনিসটাকে যদি একটা চেনের মধ্যে আনতে হয়, যদি একটা সুশৃঙ্খলতার মধ্যে আনতে হয় তাহলে জাতীয়করণ করা ছাড়া অন্য পথ নেই। সুতরাং মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীপুরঞ্জয় প্রামাণিক মহাশয় কয়লাখনিশিল্পের জাতীয়করণের জন্য যে প্রস্তাব এনেছেন যদিও তা কেন্দ্রীয় সরকারের অনুমোদনসাপেক্ষ, তবুও আমি সেটাকে স্বাগত জানাচ্ছি এবং সর্বান্তঃকরণে সমর্থন করছি। কেননা এই কয়লা খনি শিল্পের জাতীয় অর্থনীতিতেও একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং খনিশিল্পের সুসংহত উন্নতি না হলে জাতীয় অর্থনীতির পুনরুজ্জীবন ঘটবে না। সেইজন্যই এই শিল্প জাতীয়কয়ণ করা একান্ত আবশ্যক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এশিয়ার মহান সূর্য্য ভারতের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর শ্লোগান হচ্ছে 'গরীবী হটাও" এবং এই গরিবী হটাতে গেলে, এই মেহনতী মানুষের পাশে দাঁড়াতে গেলে, তাদের বাস্তবিক ধাপ্পা না দিয়ে সত্যিকারের এই যে গরিবী হটাও নীতি এটাকে কার্য্যে বাস্তবায়িত করতে গেলে, এই কয়লা খনিশিল্প জাতীয়করণ করা একান্ত আবশ্যক ও অপরিহার্য। আর বর্তমানে এই পশ্চিম বাংলায় যে সমস্ত কয়লাখনিশিল্পের মালিকরা রয়েছেন তাঁরা মান্ধাতার আমলের সব যন্ত্রপাতি ব্যবহার করছেন। সেইসব যন্ত্রপাতিতে ছাতা পড়ে গেছে এবং এর ফলে উৎপাদন ব্যাহত হচ্ছে ও জনস্বার্থ বিঘ্নিত হচ্ছে। এইভাবে মেহনতী মানুষকে নিয়ে খেলা করছে। সরকার কর্তৃক আইন রয়েছে, ফ্যাক্টরী আইনে যে সমস্ত বাধা-নিষেধ আছে তা তাঁরা মানছেন না। শ্রমিকদের ন্যায্য মজুরী তাঁরা দিচ্ছেন না। তাদের প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা ত তাঁরা জমা দিচ্ছেন না। তাদের অবসর বিনোদনের সময় পর্যন্ত দিচ্ছেন না, এমনকি তাদের সঙ্গে সৌজন্যমূলক আচরণ তাও করছেন না। কাজেই এই মালিকরা শ্রমিকদের পেরিসেবিল গুডস-এ পরিণত করেছেন, যেমন দুধ বিক্রী না হলে সেই দুধ নষ্ট হয়ে যায়, তেমনিভাবেই ঠিক মেহনতী মানুষেরা যারা কলকারখানায় কাজ করে তা বন্ধ করে দিয়ে চুক্তি অনুসারে তাদের ন্যায্য পাওনা তাদের

অধিকার দেব না এইভাবে শ্রমিকদের তারা তিলে তিলে শোষণ করছে ও অপর দিকে তারা মেহনতী মানুষদের নরককঙ্কালে পরিণত করছে। কাজেই এইদিক দিয়ে আজ মেহনতী মানুষের স্বার্থ শুধু নয়, আজ জাতীয় অর্থনীতির স্বার্থে ও জনস্বার্থে এটা জাতীয়করণ করা একান্ত অপরিহার্য্য হয়ে পড়েছে। তাই আমি প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমি অতি বিনয়ের সঙ্গে আবেদন করছি কেন্দ্রীয় সরকার এই প্রস্তাব সমর্থন করবেন এই বিশ্বাস আমি রাখি। কেন্দ্রীয় সরকার কাল বিলম্ব না করে এটাকে যাতে জাতীয়করণ করেন এই আবেদন রাখছি এবং এই জাতীয়করণ করে এটা মেহনতী মানুষের ও জাতীয় অর্থনীতির পুনরুজ্জীবন ও জনস্বার্থকে রক্ষা করুন। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[ 7-15—7-25 p.m. ]

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ জনস্বার্থের কল্যাণকর প্রয়োজন যে resolution পুরঞ্জয়বাবু এনেছেন তাকে স্বাগত এবং সমর্থন করছি। আপনি জানেন এই কোল শিল্প অষ্টাদশ শতাব্দী থেকে আরম্ভ করে উনবিংশ শতাব্দী পর্যন্ত এটা মানুষের চাহিদার ঠিক সেরকম প্রয়োজন ভিত্তিক ছিল না। কিন্তু ১৯৫০ সালের পর এর চাহিদা আস্তে আস্তে বাড়তে থাকে এবং এখন দেখতে পাওয়া যাচ্ছে যে coal থেকে সে সমস্ত জিনিষ আমরা তৈরি করি তার একটা বৃহৎ অংশ অন্যান্য কাজে ব্যবহার করা হচ্ছে। যেমন আমাদের দুর্গাপুর বা coke oven plant থেকে যে gas তৈরী হচ্ছে সেটা আমাদের অন্যান্য কাজে লাগছে। তেমনিভাবে আমাদের dehypdro electricity সৃষ্টি হবার জন্য coal-এর প্রয়োজন। সেটা খানিকটা অন্যভাবে পুরণ হচ্ছে। কিন্তু মানুষের জীবনে এই coal-এর যে প্রয়োজন আছে সেটা আজ স্বীকার করতে হবে। আজ এই nationalisation করার যে প্রস্তাব তাকে ২টি ভাগে ভাগ করা যায়। একটা শ্রমিক মেহনতী মানুষের স্বার্থের অনুকূলে একটা উৎকর্ষ সাধন করবে আর কতটা human utility-র প্রয়োজন আছে যেদিক থেকে বিচার করতে গেলে এই coal থেকে যে সমস্ত জিনিষ তৈরী হচ্ছে তা দেখতে হবে। এই coal থেকে তৈরী হচ্ছে পিচ, coal tar, স্যাকারিন, pimgents ইত্যাদি। এগুলির আজ জনসাধারণের কাছে এত চাহিদা যে এগুলিকে বাদ দিয়ে আমরা ঠিকমত চলতে পারি না। কিন্তু অপরপক্ষে কি হচ্ছে? অপর পক্ষে দেখতে পাচ্ছি এই কয়লার উৎপাদনের শক্তি ক্রমশঃ বৃদ্ধি হবে না। অতীতকাল থেকে যে যে শক্তি সে একরকমই আছে। এখান থেকে আহরণ করতে করতেও exhaust হয়ে আসছে। আজ coal preserve-এর প্রয়োজন আছে। আজ যদি সেদিকে লক্ষ্য না করা যায় তাহলে এমন একদিন আসবে যেদিন কয়লা উৎপাদিত জিনিষের মারফৎ জনসাধারণের যে কল্যাণ হোত তা অন্যভাবে পুরণ করা যাবে না। কিন্তু মালিক কি করে? মালিক চায় লাভ, মুনাফা। এরা টাকা রোজগার করার জন্য প্রয়োজন হলে কবরের মধ্য থেকেও কাপড় চুরি করবে। আমি ঐ কয়লা এলাকার মানুষ নই। কিন্তু ট্রেনে চলার পথে দেখেছি এই কয়লা খনিতে যে সমস্ত শ্রমিক কাজ করেন coal mines area-র লোক ছাড়া বাকী area-র লোক এঁদের যেখানে দু' ভাগ হবেন। তাঁদের মনে হবে এ কোন ধরণের পরিশ্রম। শ্রমিকদের দেখবেন কোথায় গহ্বরের মধ্যে নেবে যাচ্ছে সেখান থেকে তারা আবার পৃথিবীর আলোতে ফিরে আসবে কিনা সে সম্ভাবনা কম। সে সমস্ত শ্রমিক তারা জীবন বিপন্ন করে ২০০।২৫০ ফিট নীচে নেবে যাচ্ছে কয়লা আহরণের জন্য। তাদের জীবনযাত্রা, সুখ-স্বাচ্ছন্দ্য, চিকিৎসা ব্যবস্থা সেখানে হতাশ হবে। সেখানে অনেক T. B. রোগগ্রস্ত মানুষ দিনের পর দিন ক্ষয়িষ্ণু হয়ে যাচ্ছে। তাদের মনে হয়

এই পৃথিবীতে তাদের জন্মই বৃথা। তাদের ছেলেমেয়েরাও দারুণভাবে পরিশ্রম করে। তাদের শিক্ষা, স্বাস্থ্যের কোন ব্যবস্থাই নেই। বিংশ শতাব্দীর মানুষ যেখানে আজ sputniok-এ উঠছে সেখানে সেই মানুষগুলিকে যদি দেখা যায় তাহলে দেখবেন সেখানকার মানুষ আজও আদিম যুগে বাস করছে। এমনতর যে ব্যবস্থাপনা সেই ব্যবস্থাপনায় আমূল সংস্কারের প্রয়োজন আছে। এর আমূল সংস্কার করে ওই মানুষগুলো যারা জঙ্গলের জন্তু জানোয়ারের মতো বাস করে তাদের অর্থনৈতিক মান উন্নয়নের প্রয়োজন আছে। অপর পক্ষে যারা শোষক, যারা রক্ত আহরণ করে, যারা শ্রমিকের শ্রমের মাধ্যমে উপস্বত্ব ভোগ করে তারা একচেটিয়াভাবে ভোগ করছে। কোথায় রাণীগঞ্জ কোল মাইনস আর তার মালিক কলকাতায় বিরাট বিরাট বাড়ী তৈরী করেছে, শুধু সে নয় তার ম্যানেজাররাও মোটর চালিয়েও টাকা খরচ করে উঠতে পারছে না। এই যে অবস্থা, এই যে বৈষম্য সমাজের প্রতি এটা বন্ধ করতে হবে। তাই আমি বলছিলাম আজকে যে জাতীয়করণের প্রস্তাব যাচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছে সেটা সংগত। আমরা যদি ইনডাস্ট্রীর দিকে দেখি তাহলে দেখবো আমরণ, ম্যাগানিজের প্রয়োজন আছে। কৃষির উন্নতি বিধানের জন্য আমাদের যন্ত্রপাতির দরকার, কয়লা থেকে ইস্পাত তৈরী হচ্ছে। ইস্পাত যদি না হয় তাহলে খুব অসুবিধা হবে। জাতীয় জীবনে প্রয়োজন আজ ইস্পাতের—কৃষিতে, শিল্পে। আমরা হয়তো সংকুলান করে উন্নতি করতে পারবো না। তাই বলছিলাম এই শিল্পের মাধ্যমে এরা যারা পিশাচের মতো বারবার শ্রমিককে শোষণ করে তার সঙ্গে সঙ্গে কয়লার মতো সম্পদ যার সঙ্গে বৃদ্ধির কোন সম্ভাবনা নেই। এইরকম জিনিস কয়লা মিসইউজ করে যারা এইটা হলে সংরক্ষণের ব্যবস্থা হবে। অপর পক্ষে শ্রমিকের স্বার্থ সংরক্ষিত হবে বলে মনে করি। ধনী হচ্ছে মালিকরা, তাই কয়লা খনির মালিকদের দিকে তাকিয়ে আমাদের জনজীবনে কোন আইন আনলে চলবে না। আজ কৃষিক্ষেত্রে টিউবয়েল দরকার, আজকে সার চাই, জল চাই, আজকে স্টেট রিলিফ চাই। যে অবস্থা চলছে তা যদি দিনের পর দিন চলে তবে মাননীয় সমস্ত সদস্যকে ঠিকভাবে চিন্তা করতে হবে কিভাবে আমরা এই সমাজ জীবনকে এগিয়ে নিয়ে যেতে পারি।

[ 7-25—7-35 p.m. ]

আজকে সারা ভারতবর্ষ তথা বাংলাদেশের মানুষ নিশ্চয়ই দেখছেন এটা কোন ভাঁওতার কথা নয়, ভাঁওতাবাজীর কথা নয়। দিনের পর দিন আজকে আমরা দেখছি অবিভক্ত কংগ্রেস আমলের থেকে এই কংগ্রেস একটা বলিষ্ঠ মনোভাব নিয়ে কাজ করে চলেছে। ইন্দিরা গান্ধীর নেতৃত্বে কি আমরা দেখিনি ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন, প্রিভি পার্স বিল আমরা কি বিল পাশ হতে দেখি নি? নিশ্চয়ই আমরা ব্যাঙ্ক জাতীয়করণ করতে দেখেছি, প্রিভি পার্স বিল পাশ হতে দেখেছি এবং আমরা আশা করবো যে সারা ভারতবর্ষে এই ধরনের একচেটিয়া পুঁজিপতিরা তাদের নিজেদের উদ্দেশ্যকে যে চরিতার্থ করবার জন্য, নিজেদের কাজে ব্যবহার করবার জন্য সমস্ত ব্যবস্থাপনা তারা নিয়েছে একদিকে, আর একদিকে যে শ্রমিকদের শোষণ করে চলেছে সেদিকে লক্ষ্য রেখে আমাদের জনজীবনের স্বার্থেই এই কোল শিল্প যা আছে তা জাতীয়করণ করবার জন্য মাননীয় সদস্য শ্রীপুরঞ্জয় প্রামাণিক যে রিজোলিউশন এনেছেন মানবিকতার দিক থেকে, দেশের প্রয়োজনের দিক থেকে, সমাজের প্রয়োজনের দিক থেকে এই শ্রমিক, মেহনতী খেটে খাওয়া মানুষের কল্যাণের দিকে তাকিয়ে আমি এই কথা মনে করি যে এই রিজোলিউশান অত্যন্ত সময়োচিত হয়েছে এবং এটা বাস্তবে রূপায়িত করবার জন্য কেন্দ্রীয় সরকারকে আমি আমার এই সভার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করবো, আহ্বান জানাবো যে কেন্দ্রীয় সরকার যেন অনতিবিলম্বে এই কয়লা শিল্পকে জাতীয়করণের জন্য আইন এনে, ভারতবর্ষে এই আইনকে প্রয়োগ করে আমাদের

জাতীয় জীবনের মান উন্নত করতে কোনরকম দ্বিধা না করেন। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I call upon Shri Biswanath Mukherjee. I hope Shri Mukherjee will not take more than two minutes time.

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় :** I shall take one minute. স্যার, আমি এক মিনিট মাত্র সময় নিচ্ছিএকটা কথা বলারজন্য। আমাদের মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন ডিহিদার যখন বলছিলেন তখন আমি তাকে সংক্ষেপ করতে বলছিলাম এই আশায় যাতে এই প্রস্তাবটা পাশ করা যায়। কিন্তু এত বক্তা বললে এই প্রস্তাব পাশ হবে না। যখন এতক্ষণ আলোচনা হোল তখন একটা কথা যেটা তার বলা উচিৎ ছিল, তা তিনি বলবার টাইম পান নি সেটা হচ্ছে এই প্রস্তাবটা খুবই সময়োচিত হয়েছে। কারণ এ. আই. টি. ইউ. সি., আই. এন. টি. ইউ. সি., সমস্ত একযোগে ডিসাইড করেছেন যে ১৫ তারিখের পর যে কোন দিন তারা ধর্মঘট করবেন এই নন-কুকিং কোল মাইন ন্যাশনালাই-জেসন করবার দাবীতে। আমি আশা করি আমাদের এই প্রস্তাব হবার ফলে কেন্দ্রীয় সরকার দ্রুত মুভ করবেন এবং তার ফলে হয়ত ষ্ট্রাইক করবার দরকার হবে না। কিন্তু আমাদের শ্রমিকরা, সমস্ত ট্রেড ইউনিয়নরা এবিষয়ে সম্পূর্ণ ইউনাইটেড, সেই কথাটা আমি হাউসকে আপনার মারফত জানাতে চাইছিলাম।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক মিনিট বলব। স্যার, সমস্ত সদস্যই যখন এই প্রস্তাব সমর্থন করেছেন তখন রিপ্লাই-এর আর প্রয়োজন নেই। শুধু এইটুকু বলব দেশের স্বার্থে, শ্রমিকদের স্বার্থে, সর্বোপরি সমাজবাদের পথে, অগ্রগতির পথে এই প্রস্তাবকে যে সকলে সমর্থন করেছেন তারজন্য আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Puranjay Pramanik that—

"Whereas the coal mining industry is of vital importance to the national economy ;

And whereas the integrated and co-ordinated development of such industry is essential for the economic regeneration of the country ;

And whereas it is desirable that the operation of the economic system does not result in the concentration of wealth and means of production to the common detriment ,

And whereas it is desirable that the ownership and control of the material resources of the community are so distributed as best to subserve the common good ;

And whereas serious complaints regarding the management of such industry have been received ;

And whereas the causes which are impending the growth and development of such industry can only be removed if such industry is taken over by the Centre ;

Now, therefore, this Assembly declares that the nationalization of the coal mining industry is in the national interest and it requests the Central Government to consider taking appropriate measures for effectuating that purpose."

was then put and carried.

**শ্রীকংসারি হালদারঃ** Mr. Speaker, Sir, I beg to move.... ...

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক জনসারধারণ শ্রমিক শ্রেণীর প্রয়োজনভিত্তিক মজুরি নির্ধারণের জন্য যখন গভীরভাবে চিন্তা করছেন সেই সময় গ্রামবাংলার ক্ষেত মজুর গ্রামের শোষক শ্রেণী কর্তৃক শোষিত হচ্ছে। পরিবারের কথা দূরে থাক, নিজের গ্রাসাচ্ছাদনের মতও মজুরী তারা পাচ্ছে না। এই বিষয়ে গুরুত্ব সহকারে বিবেচনা করে বিধানসভার এই অধিবেশন প্রস্তাব করছে যে সব পরিশ্রমের কথা মনে রেখে নারী পুরুষ নির্বিশেষে ক্ষেত মজুরদের জন্য কাজে ও প্রয়োজনভিত্তিক মজুরী নির্ধারণ করা হোক এবং পাহাড়ী অঞ্চলের জন্য সমতল ভূমির মজুরী অপেক্ষা শতকরা ২৫ ভাগ বেশী নির্দিষ্ট হোক। অধ্যক্ষ মহাশয়, ক্ষেত মজুর বাংলায় সবচেয়ে শোষিত, সব চেয়ে দরিদ্র, সবচেয়ে নিঃস্ব। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় সেই অবহেলিত জনসাধারণ যারা বাংলাদেশের জনসাধারণের এক তৃতীয়াংশ, তাদের জন্য প্রস্তাব এসেছে অত্যন্ত অবহেলিতভাবে, এই সভার শেষ দিনে এবং শেষ মুহূর্তে। ক্ষেত মজুর বলতে যারা গ্রামে ক্ষেত মজুরী করে তারাই নয়, যারা ভাগ চাষ করে তাদের এক অংশও ক্ষেত মজুর। এবং এই ক্ষেত মজুরের অধিকাংশ হল তপশীল শ্রেণীভুক্ত সমাজের সবচেয়ে অবহেলিত, যারা কোন রকমে জীবন ধারণ করে থাকে। সেই জন্য যখন আমরা দারিদ্র দূর করবার কথা বলি, গরীবি হঠানোর কথা বলি তখন আমাদের সবচেয়ে বেশী মনে রাখতে হবে সেই জনসাধারণ যাতে খেয়ে পরে নিশ্চিন্ত থাকতে পারে সেই মজুরী তাদের দেওয়া প্রয়োজন। কিন্তু এখনও পর্যন্ত মজুর শ্রেণীর জন্য একটা তাদের শ্রমের ঘণ্টা, তাদের মজুরীর ঘণ্টা বেড়ে থাকলেও ক্ষেত মজুরের যেহেতু এখনও কোন বাংলাব্যাপী বা ভারতব্যাপী সংগঠন নাই সেইজন্য তারা ন্যায্য মজুরী পাচ্ছে না। কিছুদিন আগে যদিও ক্ষেতমজুরদের জন্য একটা মজুরী স্থির করা হয়েছিল তিন টাকা থেকে সাড়ে তিন টাকা পর্যন্ত কিন্তু সেটা কাগজ কলমেই থেকে গিয়েছে। কারণ এর মধ্যে বাধ্যবাধ্যকতা নেই। সেখানটায় এখনও মজুর যারা ক্ষেতে কাজ করে দু'টাকা থেকে তিন টাকা পায়, অনেক জায়গায় দু'টাকার কম পায়। সরকার আইন করেছেন কিন্তু আমি একটা জিনিস এখানে সরকারের কাছে তুলে ধরতে চাই যে টেষ্ট রিলিফের যে ব্যবস্থা সরকার থেকে করা হয়েছে সেখানে মাত্র এক টাকা মজুরী এবং বারোশত গ্রাম অর্থাৎ যার মূল্য হচ্ছে দু'টাকা। আমি বুঝতে পারি না যে যখন সরকার আইন করছেন ক্ষেত মজুরদের মজুরী তিন টাকা হবে তখন সেই সরকার কি ভাবে টেষ্ট রিলিফের মারফত মজুরী দু'টাকা করে নির্ধারণ করেন। সরকার কি আইন ভঙ্গ করছেন না? আমরা বলে থাকি Law makers should not be law breakers. আইন প্রনয়ণকারী কখনও আইন ভঙ্গকারী হবে না। কিন্তু সরকারের এই নমুনা আমাদের দেশে যখন চালু করে থাকেন তখন এই যে ক্ষেত মজুর শ্রেণী যারা ক্ষেতে খামারে কাজ করে, যারা তাদের খাটায় জোতদার শ্রেণী বা অন্য ধনিক সম্প্রদায় তাদের উপর কি করে কাজ দিয়ে যেতে পারেন। সরকার এই আইন যারা করেছিল, সে বহুদিন আগে বোধ হয় মুসলিম লীগের আমলে, তারপর আজ মন্ত্রিদের জন্য একটা ভাতা ব্যবস্থা করা হল, মজুরদের বিভিন্ন কলকারখানায় তাদের মজুরী বাড়াবার ব্যবস্থা করা হল, কিন্তু সেই যে মান্ধাতার আমলের আইন টেষ্ট রিলিফের যে ব্যবস্থা সেটা এখনও চালু আছে। এবং টেষ্ট রিলিফ চালাতে হলেই তাদের অসৎ পথ গ্রহণ করতে বাধ্য করা হয় এবং যেটা আমরা অত্যন্ত ঘৃণা করি একটা লোককে দিয়ে দুইবার টিপসহি দেওয়া এটার জন্য আমরা গর্ববোধ করি কারণ সরকারের আইন টেষ্ট রিলিফ ফাঁকি দেবার জন্য। তারপর যে ক্ষেত মজুর শ্রেণী যাদের শিক্ষার না আছে ব্যবস্থা, যারা সাঁওতাল তারা হয়ত গ্রামাঞ্চলে কোন রকমে একটা স্কুল করেছে কিন্তু তার ফাংশান করার জন্য সরকারের কোন ব্যবস্থা নেই। এই যে সামাজিক শোষণ যে শোষণ দ্বারা ধনিক শ্রেণী তাদের

মিথ্যা মামলায় জড়িত করে হয়রান করে তাদের বিরুদ্ধে কোন আইন নেই। সামান্য জল পান করার জন্য, যে টিউবওয়েল করার জন্য গ্রামে যেখানটায় সবচেয়ে অবহেলিত লোক থাকে তাদের জন্য ব্যবস্থা না করে গ্রামের মাতব্বরদের জন্য জলের ব্যবস্থা করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর আমার সময় নেই, আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিতকুমার বসু :** মিঃ স্পীকার, স্যার, ক্ষেত মজুরদের সম্পর্কে বলতে গেলে প্রথমেই যে কথাটা মনে আসবে তা হচ্ছে যে আমাদের গ্রাম দেশে যে সমস্ত কর্মপ্রবাহ তা ওরাই মাথায় করে দাঁড়িয়ে আছে। অথচ এদের অবস্থা হচ্ছে এই যে সভ্যতার পিলসুজ, যেখানে আলো আছে তার তলাতেই অন্ধকার এবং এদের গা বেয়েই প্রদীপের যত খারাপ তেল গড়িয়ে পড়ছে। উন্নয়নমূলক কাজের মধ্যে দিয়েই এদের জন্য কাজ সৃষ্টি করতে হবে একথা দীর্ঘদিন ধরে চলছে। নিতান্ত দুঃখের সঙ্গে বলছি কিছু কিছু ভাল কথা বলা হলেও আজ পর্যন্ত, এখন পর্যন্ত আমাদের দেশে ক্ষেত মজুরদের কাজ সৃষ্টি করার জন্য কোন সংগত পরিকল্পনা নেওয়া হয় নি। আমি অনেক উদাহরণ দিতে পারতাম ঐ ক্রাশ পোগ্রাম বলতে পারতাম এর মধ্যে দিয়ে কিছু হচ্ছে না। এই গুলির জন্য মোটামুটিভাবে পরিকল্পনা আজ পর্যন্ত করা হয় নি। কাজেই আমাদের করা উচিত এ কথাই বলছি। আমি মজুরীর ক্ষেত্রে একটা কথাই শুধু বলতে চাই সেটা হচ্ছে সব দেশেই মজুরীর হার ওয়াকিং পিপ্‌লেদের জন্য একটা ধার্য করা থাকে। আমাদের দেশের সরকারও করেছিলেন আমি একটুখানি পড়ে দিই। ১৯৬৯ সালে আমাদের দেশকে ভাগ করা হল পাঁচটি জোনে, এ, বি, সি, ডি, ই এবং বিভিন্ন জেলাতে, বিভিন্ন মহকুমাতে তাদের জন্য মজুরীর হার ঠিক করা হল।

[ 7-35—7-43p.m. ]

"এ" জোন-এ নেওয়া হল আসানসোল, চন্দননগর, হুগলী, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হাওড়া আলিপুর, জয়নগর এবং ক্যানিং বাদে ব্যারাকপুর, কুচবিহার, মেকলিগঞ্জ, তুফানগঞ্জ, মাথাভাঙ্গা ইত্যাদি। পুরুষদের মজুরির রেট হল ১ টাকা ৮৭ পয়সা, মেয়েদের ১ টাকা ৭৫ পয়সা এবং বালকদের ১ টাকা ১২ পয়সা। জোন "বি"-তে নেওয়া হল দিনহাটা, তমলুক, ঘাঁটাল, কাঁথি, সেখানে পুরুষদের মজুরি ১ টাকা ৭৫ পয়সা, মেয়েদের ১ টাকা ৬২ পয়সা এবং বালকদের ১ টাকা। জোন "সি"-তে আছে ডায়মণ্ডহারবার, বসিরহাট, বারাসাত বনগাঁ, বর্ধমান, কালনা, কাটোয়া, বীরভূম, রামপুরহাট, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, আরামবাগ, পশ্চিম দিনাজপুর, ইসলামপুর প্রভৃতি। এখানে পুরুষদের মজুরি ১ টাকা ৬২ পয়সা, মেয়েদের ১ টাকা ৫০ পয়সা এবং ছেলেদের ৯৪ পয়সা। জোন "ডি"-তে আছে মুর্শিদাবাদ, লালবাগ, কান্দি, জঙ্গীপুর নদীয়া, রাণাঘাট, মালদা, রায়গঞ্জ, জয়নগর, ক্যানিং, বিষ্ণুপুর, ভাঙ্গর থানা ইত্যাদি। এখানে পুরুষদের রেট হল ১ টাকা ৫০ পয়সা, মেয়েদের ১ টাকা ৩৭ পয়সা এবং ছেলেদের ৩৮ পয়সা। এখন ১৯৬৭ সালে ভারত সরকার একটা কমিশন নিযুক্ত করেছিলেন এবং সেই কমিশন মেদিনীপুর এবং বাকুড়ায় সমীক্ষা করে হিসেব করে বলেছিলেন একজন ক্ষেতমজুরের সংসারে যেখানে ৪জন লোক তার মাসিক খরচ অন্ততপক্ষে ২৭৯ টাকা ১৯ পয়সা, বেচে থাকতে গেলে এটা তাদের দরকার। কিন্তু সেখানে এই মজুরির হার কত অল্প। গোটা বাংলাদেশে এই অবস্থা। ডাঃ এ্যাকরয়েডের মতে কমিশন যে ভিত্তিতে মজুরি স্থির করেছেন তাতে কোন ভুল নেই। তারপরে

যে মজুরি দেওয়া হল সেটা বছরের মরসুমের সময়, সেটা তারা ৩।৪ মাস পায়, কখনও কখনও একটু বেশিও পায়। কিন্তু সামাজিক শোষণের নিয়মে বছরের অন্যান্য সময়ে তারা যে কাজকর্ম পায় তা কখনও ১ টাকা, কখনও দেড় টাকা, সেই মজুরি কখনও দু'টাকার বেশী হয় না। কাজেই এই সরকার যে আইন করেছে সেই আইন অনুযায়ী মরসুমের সময় ছাড়া সেটা যাতে পায় সেই রকম কোন ব্যবস্থা প্রশাসনিক ব্যবস্থায় নেই। নিশ্চয়ই এটা খুব ভাল লক্ষণ যে আমাদের দেশের শ্রমিকরা আন্দোলন করেছে এবং অনিচ্ছুক সরকারের হাত থেকে বহু আইন সেফগার্ড হিসাবে নিয়েছে। কিন্তু আইনটা করেই ছেড়ে দিয়েছেন, কোন ব্যবস্থা করতে পারেন নি। আর একটা কথা বলব এবং সেটা হচ্ছে ১৯৬৭ সালে আমাদের সরকার আর একটা কমিশন করেছিলেন সেই কমিশন-এর সাজেসন হচ্ছে এই যে সরকার রেট করেছেন তা বাড়িয়ে দিতে হবে।

**মিঃ স্পীকার** :—মিঃ বাসু, প্লিজ টেক ইওর সিট।

( নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করলেন। )

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়** :—মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত প্রয়োজনোপযোগী এবং যাদের কথা নিয়ে এখানে প্রস্তাব রাখা হয়েছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। এই সমর্থনের ভেতর দিয়ে আমার এটা মনে হয়েছে যাদের কথা বলা হয়েছে এতদিন পর্যন্ত তাদের কথা বলা হয়নি এবং যেভাবে বলা হয়েছে এবং যেভাবে তাদের মজুরির হার নির্ধারণ করা হয়েছে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। আমি অত্যন্ত সংক্ষেপে আপনার মাধ্যমে একথা রাখতে চাই যে, ১৯৬২ সালে ক্ষেতমজুরের যে সংখ্যা ছিল, ১৯৬৬ সালে তা থেকে বাড়ল এবং ১৯৬৬ সালের পর থেকে এই ক্ষেতমজুরের সংখ্যা ক্রমশ বেড়েই চলেছে। আমি বিশেষ করে লক্ষ্য করেছি একদিকে ভাগচাষীদের উচ্ছেদ ঘটান হচ্ছে এবং হাজার হাজার ক্ষেতমজুর গ্রামবাংলার বুকে সৃষ্টি করা হয়েছে। আমি এও লক্ষ্য করেছি......

**মিঃ স্পীকার** :—এবারে আপনি বসুন।

( নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করলেন। )

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য** :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আনা হয়েছে এ সম্পর্কে আমি আপনার কাছে কতকগুলি তথ্য পেশ করতে চাচ্ছি। ১৯৬৮ সালে ১২.১২.৬৮ তারিখে সরকারের ২৩ নম্বর বিজ্ঞপ্তি অনুসারে ক্ষেতমজুরের ন্যূনতম বেতন সর্বশেষে সংশোধন করা হয়েছে।

সেই বিজ্ঞপ্তি অনুযায়ী সাধারণ ক্ষেতমজুরের বেতন নিম্নরূপ ধার্য করা হয়েছে। যেমন, "ক" অঞ্চলে—পুরুষ ৩ টাকা ৫৪ পয়সা, স্ত্রী ৩ টাকা ২৭ পয়সা, শিশু ২ টাকা ২ পয়সা। "খ" অঞ্চলে পুরুষ ৩ টাকা, স্ত্রী ২ টাকা ৭৮ পয়সা, শিশু ১ টাকা ৭৪ পয়সা। "গ" অঞ্চলে— পুরুষ ৩ টাকা ৫ পয়সা, স্ত্রী ২ টাকা ৭৮ পয়সা, শিশু ১ টাকা ৭৭ পয়সা। জলপাইগুড়ি জেলায় পুরুষ ৩ টাকা ৮৮ পয়সা, স্ত্রী ৩ টাকা ৪০ পয়সা, শিশু ২ টাকা ৪২ পয়সা। শিলিগুড়ি মহকুমা— পুরুষ ৩ টাকা ৪০ পয়সা, স্ত্রী ২ টাকা ৯১ পয়সা, শিশু ১ টাকা ৯৪ পয়সা। দার্জিলিং ( শিলিগুড়ি ছাড়া )— পুরুষ ৩ টাকা ৩ পয়সা, স্ত্রী ২ টাকা ৭৭ পয়সা, শিশু ১ টাকা ৭৫ পয়সা। ক্ষেতমজুরদের কয়েকটি বিশেষ কাজের জন্য, যেমন হাল চালনা, ফসল তোলার সময় দার্জিলিং এবং পার্বত্য অঞ্চলে হাল চালনা, কোদাল দিয়ে মাটি কাটার কাজ করবার জন্য উপরোক্ত বেতন অপেক্ষা আরও বেশী বেতন পেয়ে থাকেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** কার্যকরী করার কি ব্যবস্থা আছে।

**Mr. Speaker :** Time is over, no further discussion on the resolution,

Honourable members, before the present session comes to an end, I would like to make an announcement regarding questions. Starred questions replies to which have been received in this Secretariat but have not been answered in the House would be treated as unstarred questions and the answers would be circulated to members

I would convey my heartfelt thanks to the honourable members for their co-operation and assistance in conducting the business of the House My thanks specially go to the different sections of the House who have co-operated with me wholeheartedly in conducting the business of the House I am specially grateful to all the honourable members for their co-operation in the matter of conducting the business of the House peacefully.

The House stands adjourned sine die.

**Adjournment**

The House was accordingly adjourned sine die at 7-13 p.m. on Friday, the 5th May, 1972.

**Note** : The Assembly was subsequently prorogued with effect from the 15th May, 1972, under notification no. 86 P. A., dated the 15th May, 1972, issued by the Home (P. A.) Department, Government of West Bengal and published in the "Calcutta Gazette" (**Extraordinary**) Part I dated the 15th May, 1972.

**Index to the**

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY PROCEEDINGS

**(Official Report)**

**Vol. 52—No. 2—Fifty-Second Session (March-May), 1972**

(The 30th March, 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 11th, 12th, 24th, 25th, 26th, 28th, 29th April, 2nd, 3rd, 4th and 5th May, 1972.)

[(Q) Stands for Question.]


**Abdul Bari Biswas, Shri**

Mention Case: pp. 6—7, 77, 145, 207-208, 272, 423-424, 490 (35), 703, 708, 801, 917.

Motion under Rule 185 : p. 753—759, 777

Private members Resolution . pp 969—71

Resolution for Ratificatoin of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 159—160.

The Taxes on Entry of Goods inter Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 376—378, 378 (36)—378 (42).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 589—595.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972 : pp. 285—88.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 (Q) : pp. 455—57.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972 : pp. 277—78

থাদিখাঁর দেয়াড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) : pp 778 (53)—778 (54).

ফারাক্কার ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট (Q) . pp 960.

বন্যায় ক্ষতিগ্রস্তদের খাজনা মকুব (Q) : p 789.

বাংলাদেশ সীমান্তে চেকপোষ্ট (Q) : p. 869.

মুর্শিদাবাদ জেলায় খাল, বিল, নদী সংস্কার প্রকল্প (Q) : pp. 778(8)—778(9).

মুর্শিদাবাদ জেলায় নূতন সুগার মিল (Q) : p. 778(33).

রাণীনগর হাসপাতাল (Q) : p. 778 (54).

**Abdur Rauf Ansari, Shri**

The Calcutta Municipal (Amendment) Bill, 1972 : pp. 490 (64)—490 (65).

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (66)—378 (68).

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : 546—548

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 737—738

**Abdus Sattar, Shri**

Mention Case : pp. 59 – 60.

The West Bengal Appropriation Bill, 1972 : pp. 33—38

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 660—663.

**Abedin, Dr. Zainal**

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378(74)—378 (75), 378 (82)—378 (83), 378 (92)—378(93).

Laying of Tenth Reports on the Working and affairs of the Durgapur Projects Ltd. for the year 1970-'71 : p. 197.

Mention Case : p. 711.

Motion under rule 185 : 778 (99)—778 (101).

Private members Resolution : pp. 945—47, 949—51.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 172 – 173.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 747 – 749.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill 1972 : pp. 293—295.

**Aich, Shri Triptimay**

Mention Case : pp. 67—68.

**Bandyopadhyay, Shri Ajit Kumar**

Discussion on Governor's Adderss : pp. 114 (65)--114 (66)

Mention Case : pp. 712—713.

**Bandyopadhyay, Shri Sukumar**

Closure of Dhakeswari Cotton Mills (Q) : pp. 378 (17)—378 (18)

Damage of Agricultural Lands in Coal-field area (Q) : pp 378 (23)—378 (24).

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 244—245.

Mention Case : pp. 4—5, 145—46, 490 (37)—490 (38), 920.

Motion under Rule 185 : pp. 766—767

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 726—727.

Resolution under Article 252 of the Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (77)—778 (78).

The Taxes on Entry of Goods inter Calcutta Metropoliton Arear Bill, 1972 : pp. 378 (43)—378 (44)

The West Bengal Appropriation Bill, 1972 : pp. 30—31.

The West Bengal Improvement (Amendment) Bill, 1972 : p. 582.

The West Bengal Relief Undertakings ( Special Provisions) Bill, 1972 : pp. 490 (46)—490(48).

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972 : p. 280—81.

আসানসোল মহকুমায় কয়লাখনি হইতে জলসেচ পরিকল্পনা (Q) : p 908.

আসানসোল রবীন্দ্রভবন (Q) : pp. 394, 673.

কর্মসংস্থান কেন্দ্র মারফত নিয়োগ (Q) : pp. 778(41)—778 (42).

কোলে আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানী, কাঁকিনাড়া (Q) : p. 778 (46).

গৌরাঙ্গডি-লালগঞ্জ রোড (Q) : p. 885.

পান্থড়িয়া-রূপনারায়ণপুর রাস্তা (Q) : p. 892.

পুরুলিয়া জেলার লাক্ষা শিল্প (Q) : pp 378 (14)—378 (16).

রাণীগঞ্জ থানা এলাকায় গ্রাম বৈদ্যুতীকরণ (Q) : p 778 (3).

রাণীগঞ্জ ব্লকে গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজ (Q) : pp. 778 (36)—778 (37).

**Banerjee, Shri Pankaj Kumar**

Mention Case : pp. 91—92, 206—207, 378 (32)—378 (33)

**Bapuly, Shri Satya Ranjan**

Mention Case : pp. 7—8, 57—58, 114 (41).

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 168—170.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : p. 606—607.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972 : pp. 291—93.

**Bar, Shri Ram Krishna**

Discussion on Governor's Address : pp. 114 (92)—114 (93).

Mention Case : pp. 778 (60), 802.

কাওরাপুকুর জুলপিয়া রাস্তার কাজ (Q) : pp. 871—872.

দক্ষিণ ২৪-পরগণায় রাস্তার পরিকল্পনা (Q) : p. 895.

বিষ্ণুপুর থানায় গভীর নলকূপ বসানোর প্রকল্প (Q) : pp. 523—524.

মগরাহাট পশ্চিমের খাল খনন (Q) : p. 122.

**Basu, Shri Ajit (Singur)**

Mention Case : pp. 114 (38), 270.

Private members Resolution : pp. 973—74.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 602—606.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972 : p. 279—80.

**Basu, Shri Lakshmi Kanta**

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (56)—378 (59).

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 233—235.

Mention Case : pp. 146, 803.

Motion under Rule 185 : pp. 778 (97)—778 (99).

কলিকাতায় পুলিশের গুলিতে নিহতের সংখ্যা (Q) : p. 508

চা-রপ্তানি (Q) : p. 118.

নবদ্বীপে কংগ্রেস প্রার্থীর বাড়ীতে হামলা (Q) : pp. 870 871

বেকার সমস্যা (Q) : p. 123.

শরণার্থী শিবিরের কর্মচারীদের পুনর্নিয়োগ (Q) : p 307

সেন্সাসের ছাঁটাই কর্মচারীদের পুনর্নিয়োগ (Q) : p. 517.

**Bauri, Shri Durgadas**

Mention Case : p. 800.

**Bera, Shri Rabindra Nath**

Mention Case : pp. 68—69.

আদিবাসী ও তফসিলী ছাত্রছাত্রীদের হোষ্টেল ভাতা (Q) : p. 114 (29).

ডেবরা ও পিংলা থানায় টেষ্ট রিলিফ (Q) : p. 114 (31).

ডেবরা থানায় খাল সংস্কার (Q) : p. 123.

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি (Q) : p. 265.

বন্যাবিধ্বস্ত এলাকায় ছাত্রছাত্রীদের বেতন মকুব ও বিদ্যালয় গৃহ নির্মাণ বাবদ অর্থ মঞ্জুর (Q) : p. 316.

বিষ্ণুপুর—রাধামোহনপুর, জামনা—বারবেটা এবং গোলগ্রাম—মলিঘাটি রাস্তা (Q) : p. 506.

মেদিনীপুর জেলায় তপশীলী শিশুদের খাদ্য বিতরণ (Q) : p. 265.

**Bera, Shri Sudhir**

Mention Case : pp 57, 114 (40), 490 (37), 798, 914.

ঘাটাল মাষ্টার প্ল্যান (Q) : pp. 378 (13)—378 (14).

মেদিনীপুর জেলায় টেষ্ট রিলিফ (Q) : p. 311.

**Besra, Shri Manik Lal**

Discussion on matter of Urgent Public Importance for Short Duration : pp. 845–46.

The West Bengal Appropriation Bill, 1972 : pp. 28—29.

**Bhattacharjee, Shri Keshab Chandra**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 345—46.

The West Bengal Appropriation Bill, 1972 : pp. 29—30.

রাধা কেমিক্যাল-এ সরকারী সাহায্য (Q) : p. 394.

**Bhattachârjee, Shri Sakti Kumar**

Mention Case : p. 490 (34).

The West Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1972 : p. 717.

তিনবিঘা স্কীম (Q) : pp. 378 (28)—378 (29).

**Bandopadhayay, Shri Shib Sankar**

The Maintenance of Internal Socurity (West Bengal Amendment) Bill, 1972 : pp. 343—44.

**Bhattacharjee, Shri Shibapada**

Mention Case : p. 114 (37).

The West Bengal Partment Ownership Bill, 1972 : pp. 778 (71)—778 (73).

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1972 : pp. 486—88.

নেতাজী কলোনী উন্নয়ন (Q : p. 326.

বরানগর—কামারহাটি জয়েন্ট ওয়াটার ওয়ার্কস (Q) : p. 884.

**Bhattacharjee, Shri Susanta**

Discussion on Governor's Address : pp. 114 (78)—114 (80).

**Bhattacharya, Shri Narayan**

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : p. 731.

Resolution under Article 252 of the Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (83)—778 (85).

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972 : pp. 14–15.

**Bhattacharyya, Shri Hara Sankar**

Mention Case : pp. 114 (39)—114 (40),

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 734—735.

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 368—72.

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 378 (53)—378 (55).

আহমদপুর চিনি কল (Q) : p. 326.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতি অনুদান (Q) : pp. 114 (15)—114 (16).

**Bhattacharyya, Shri Prodip**

Private members Resolution : pp. 967—68, 974.

Statement on a calling attention regarding discriminttion against the Bengallee Engineers in the matter of employment in Durgapur Steel Complex : p. 528.

Statement on a calling attention regarding lockout of Inchek Tyres Limited of Kankinara : p. 912,

The West Bengal Relief Undertakings ( Srecial Provisions ) Bill, 1972 : pp. 490 (54)—490 (55),

**Bhowmik, Shri Kanai**

Mention Case : pp. 114 (42)—114 (43),

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972 : pp. 10—11, 12—14,

The West Bengal Maintenance of Public order Bill, 1972 : pp.459–63.

ওজন ও পরিমাপ বিভাগ (Q) : pp. 779 (39)—779 (40).

ট্যাংরা স্কীম এবং তমলুক মাষ্টার প্ল্যান (Q) : p. 262.

তমলুক মহকুমার জলনিকাশের প্রকল্প (Q) : p. 262.

তমলুক মহকুমায় রাস্তা পাকা করার কাজ (Q) : pp. 378 (24)—378 (25).

পুর্বাপুসা সাবসিডিয়ারী স্বাস্থ্য-কেন্দ্র (Q) : p. 138.

প্রাইমারি সাবসিডিয়ারী স্বাস্থ্য-কেন্দ্র (Q) : p. 42.

ময়না ব্লকে স্বাস্থ্য-কেন্দ্র স্থাপন (Q) : p. 138.

মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় টেষ্ট রিলিফ স্কীম (Q) : p. 378 (25).

**Bijali, Dr. Bhupen**

Discussion on Governor's Address : pp. 114 (72)—114 (73).

আন্দামান টিম্বার ইণ্ডাষ্ট্রিস্ (Q) : p. 695.

মহেশতলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) : p. 778 (55).

মহেশতলায় বন্ধ ই, সি, ই কারখানা (Q) : p. 490 (6).

**Bill (S)**

The Calcutta Metropolitan Development Authority—, 1972 : p. 538.

The Calcutta Municipal (Amendment)—, 1972 : pp. 490 (63)—490 (66).

The Calcutta Municipal (Second Amendment)—, 1972 : pp. 378(55)—378(9

The Maintenance of Internal Security (West Bengal Amendment)—, 1972 pp. 209—336.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment)— 1971 : p. 147.

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area—, 1972 pp. 365, 378 (36)—78 (55).

The West Bengal Apartment Ownership—, 1972 : pp. 778 (62)—778 (76).

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer)—, 1972 : p. 809.

The West Bengal Appropriation—, 1972 : p. 24.

The West Bengal Appropriation (Vote on Account)—, 1972 : p. 10.

The West Bengal Improvement (Amendment)—, 1972 : p. 581.

The West Bengal Land Reforms (Amendment)—, 1972 : p. 587.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment)—, 1972 : p. 283.

The West Bengal Maintenance of Public Order—, 1972 : p. 426.

The West Bengal Public Demands Recovery (Amendment)—, 1972 : p. 715

The West Bengal Relief Undertakings (Special Provisions)—, 1972 : pp. 490(40)—490(62),

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment)—, 1972 : p. 82—83, 277.

The West Bengal Salaries and Allowances (Amendment)—, 1972 :

The West Bengal Slum Areas (Improvement and Clearance)—, 1972 : p. 483.

**Biswas, Shri Kartic Chandra**

Discussion on Governor's Address : pp. 114(70)—114(71).

**Calling Attention (S)**

Notice of a—regarding Completion of the bridge on the Mundeswari : pp. 911—12.

Notice of a—regarding incident which took place at Khandaknala near Santipur on the 3rd May, 1972 : p. 912.

Notice of a—regarding lockout of Inchek Tyres Limited at Kankinara : p. 912

Statement on a—regarding acute Scarcity of drinking water in Howrah Town (Q) : p. 417.

Statement on—regarding attack on Shri Rupsingh Majhi, M.L.A. and Shri Sharat Chandra Das, M. L. A. in Railway Compartment of Howrah-Chakradharpur Passenger on 31st March, 1972 : p, 140.

Statement on—regarding discrimination against the Bengallee Engineers in the matter of employment in Durgapur Steel Complex : p. 528.

Statement on—regarding disturbance in the Tollygunge Bagha Jatin Colony by Anti-Social elements : p. 1.

Statement on—regarding gherao of Commissioner and Chairman of Khardah Municipality on the 4th April, 1972 : p. 268.

Statement on—regarding hunger-strike by two thousand workers of the Dhemo Main Colliery in Asansol Subdivision : p. 273.

Statement on—regarding hunger-strike by workers of two Collieries in Ondal Police Station : pp. 55—56.

Statement on—regarding Police verification before employment in West Bengal Government service : p. 696.

Statement on a—notice regarding the strike notice given by three Central Trade Unions for non-fulfilment of the demand for minimum wages in the Jute Industry : pp. 378 (30)—378 (31).

**Chaki, Shri Naresh Chandra**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 553—554.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 342–43.

Mention Case : pp. 204—205, 271, 918.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 740–741.

The West Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778(68 —771(69).

৩৪ নং জাতীয় সড়ক (Q) : p. 493.

পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন শিল্প সংস্থা (Q) : pp. 778 (29) -778 (31).

মাধ্যমিক বিদ্যালয় ও শিক্ষকদের বেতন (Q) : p. 387.

রানাঘাটে রবীন্দ্র ভবন (Q) : pp. 402, 680.

শরনার্থী শিবির কর্মচারী (Q) : p. 306.

**Chakrabarti, Shri Biswanath**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp 554—557.

Discussion on Governor's Address : pp. 114(66)—114(70).

Mention Case : pp. 114(35), 271.

The West Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778(69)–778(70).

ডায়মণ্ডহারবার রোডের প্রশস্তীকরণ (Q) : p. 514.

তারাতলা রোড থেকে আকড়া ফটক পর্যন্ত রাস্তা (Q) : pp. 895-96.

বঙ্গ ইণ্ডিয়া ইলেক্‌ট্রিক ওয়ার্কস কারখানা (Q) : pp. 378(7)—378(8).

বেহালা হাসপাতালের নির্মানকার্য (Q) : p. 250.

সাহাপুর তারাতলা ঠাকুরপুকুর রোড (Q) : pp. 890—91.

**Chakravartty, Shri Gautam**

Mention Case : pp.77—78.

**Chakravarty, Shri Bhabataran**

জয়পুর প্রাইমারী স্বাস্থ্য-কেন্দ্র : pp. 778(52)—778(53).

**Chatterjee, Shri Tapan**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 240-241.

Mention Case : pp. 114 (36)—114(37).

**Chattopadhyay, Dr Sailendra**

Mention Case : pp. 90, 533-534, 807.

Resolution under Article 252 of the Constitution of India regarding impositin of a ceiling on urban immovable property : p. 737.

Committee on estimates: pp. 276—77.

Committee on Public Accounts: p. 276.

**Das, Shri Barid Baran**

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp 378(68)—378 (70).

Discussion on Governor's Address : pp. 114(58)—114(60).

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 338—39.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 731—732.

**Das, Shri Bijoy**

Advisory Committee for Devolopment of Haldia (Q) : p. 894.

Compensation for acquisition of land, (Q) : pp. 490(20)—490(21).

Digha Development Board (Q) : p. 897.

Sabang-Mohan Pucca Road (Q) : p. 868.

Sea-beach at Digha (Q) : p. 778(17).

Water supply in flood-affected areas of Midnapore District (Q) : pp. 490(8)—490 (9).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 646—647.

**Das, Shri Bimal**

Mention Case : pp. 84—87.

Mention Case : pp. 114 (35)—114 (36).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 639—640.

**Das, Shri Rajani**

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার তপশিলী জাতি ও উপজাতি কর্মচারী (Q) : p. 405.

**Das, Shri Sarat Chandra**

Mention Case : pp. 109—111, 533 702—3, 915.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 600—602.

পুরুলিয়া জেলার ছাত্রদের মেডিক্যাল কলেজে ভর্তি (Q) : p. 523.

বেকারদের জন্য জেলা নিযুক্তি পরিষদ গঠন (Q) : pp. 778(7)—778 (8).

লাক্ষা শিল্প (Q) : 778 (22)—778 (24).

সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্র (Q) : p. 778 (41).

**Das, Shri Sudhir Chandra**

Discussion on matter of Urgent Public Importance for Short Duration pp. 835—836.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 337—38.

Mention Case : p. 778 (58).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 612—613.

কাঁথি বেসিন পরিকল্পনা (Q) : p. 126.

কাঁথি মহকুমায় গ্রাম বৈদ্যুতীকরণ প্রকল্প (Q) : pp. 778 (42)—778 (43).

কাঁথি মহকুমায় টেষ্ট রিলিফের পে-মাষ্টারদের প্রাপ্য টাকা (Q) : p. 384.

কাঁথি মহকুমায় বন্যার প্রকোপরোধে ব্যবস্থা (Q) : p. 117.

কাঁথি মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহ (Q) : pp. 114 (6)—114 (8).

কাঁথি-রসুলপুর রুটে অনিয়মিত বাস চলাচল (Q) : p. 399.

কাঁথি শহরে বিদ্যুৎ বিভ্রাট (Q) : p. 778 (25).

কালীনগরে রসুলপুর নদীর উপর পুল নির্মাণ (Q) . p 323.

কুসুমপুর জল-নিকাশী পরিকল্পনা (Q) : pp. 378 (1)—378 (2).

চিনির মূল্যবৃদ্ধি (Q) : p. 194.

দীঘায় সমুদ্র বেলাভূমির অবক্ষয় (Q) pp. 864—868.

পঞ্চায়েত বোর্ডের নির্বাচন (Q) : p 514.

বক্রেশ্বর উষ্ণ প্রস্রবন (Q) : pp. 778 (3)—778 (4).

বন্যাবিধ্বস্ত এলাকায় টেষ্ট রিলিফ (Q) pp. 114 (11)—114 (12).

বন্যাবিধ্বস্ত মেদিনীপুর জেলায় গৃহনির্মাণ ঋণ (Q) pp 114 (30)—114 (31).

বহরমপুর পৌর এলাকায় বিদ্যুৎ সরবরাহ (Q) pp. 877—879

বেহুলা নদীর জল নিষ্কাশনে খাল খনন (Q) · p. 129.

মঞ্জুরীপ্রাপ্ত নুতন প্রাথমিক বিদ্যালয় (Q) : pp. 404, 685.

মেদিনীপুর জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয মঞ্জুরী (Q) . p. 302.

রাজনৈতিক হত্যার সংখ্যা (Q) · p. 496.

হলদিয়া বন্দর পরিকল্পনায় কর্মসংস্থান (Q) : p 518

**Dasgupta, Dr Santikumar**

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : p 730.

**Daulat Ali, Shri Sheikh**

Mention Case : p. 114 (39).

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972 : pp. 16—17.

চাল ও কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি (Q) : p. 183

ডায়মণ্ডহারবার সদর হাসপাতাল (Q) : p. 51.

বলরামপুর খাল খনন (Q) : p. 121.

মৎস্য বন্দর (Q) : pp. 114 (8)—114 (9).

সরিষা হাট-ফলতা রোড (Q) : p. 505.

**De, Shri Asamanja**

The Maintenance of Internal Security (West Bengal Amendment, Bill, 1972 pp. 229—231.

Mention Case : pp. 64—67 ,332—33, 378 (35), 700, 798—99, 914—15.

Motion Under Rule 185 : pp. 760—762.

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972 : pp. 818- 820.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 622—624

The West Bengal Relief Undertakings ( Speeial Provisions ) Bill, 1972 pp. 490 (49)—490 (51).

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972 : p. 281—82.

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972. pp. 927—929.

**Dihidar, Shri Niranjan**

Discussion on Governor's Address : pp. 114 (52)—114 (56).

Mention Case : pp. 57, 114 (39), 205—6, 271, 532, 800.

Mention Case : p. 800.

Private members Resoluiton : pp. 958—63.

The West Bengal Relief Uudertakings ( Seceial Provisions) Bill, 1972 : pp. 490 (42)—490 (46).

আসানসোল পৌর এলাকার গ্রামগুলিতে পৌর সুযোগ-সুবিধা (Q) : p. 495.

আসানসোল পৌর এলাকায় বস্তি উন্নয়ন (Q) : p. 900.

আসানসোল শিল্পাঞ্চলে পানীয় জল সরবরাহ (Q) : p. 49.

পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট লঙ্ঘনকারীদের বিরুদ্ধে সরকারী ব্যবস্থা (Q) : p. 121.

মহিশীলা কলোণীর মাতৃসদন (Q) : p. 517.

Discussion on Governor's Address : pp. 114 (47)—114 (122).

Division(S) : pp. 378(89)—378(89), 473—76, 479—83, 564—80, 951—53.

**Doloi, Shri Rajani Kanta**

Agreement with the Calcutta Tramways Company (Q) : p.401.

C. M. D. A. Projects (Q) : p. 893.

Calcutta State Transport Corporation (Q) : p. 778 (56).

Educated Unemployed Youths (Q) pp. 490 (3)—490 (4).

Establishment of a Medical College in Midnapore District (Q) : p. 490 (27)

Flight of Capital (Q) : pp. 778 (37)—778 (39)

Industries in the Haldia region (Q) : p 778 (46).

Kara Raksha Samity (Q) : p. 403.

Loss in State Transport Corporations (Q) p. 390.

Mention Case : pp. 87—88, 143.

North Bengal State Transport Corporation (Q) : pp. 901—902.

Overcrowding in the buses of Calcutta (Q) : p. 907

Proposal for Small Scale Industries Corporation (Q) . p 898.

Recruitment of Army from West Bengal (Q) : p. 778 (41)

Re-opening of Howrah-Amta and Howrah-Sheakhala Light Railways (Q) : pp. 778 (54)—778 (55).

Return of Refugee from Bangladesh (Q) . p. 523.

Rural Employment Scheme (Q) : pp. 778 (2)—778 (3).

Scarcity of drinking water in Midnapore Central Jail (Q) : pp. 778 (55)—778 (56).

Scheone for improving the existing Condtions of Jails (Q) : p. 778 (56).

Shifting of the Head-quarters of Defence Industries (Q) : p. 691.

Shortage of store materials in Calcutta State Transport Corporation (Q) : pp. 778 (56)—778 (57).

Stadium (Q) : pp. 857—860.

Steps to re-open Closed and Sick Industries (Q) : p. 490 (22).

**Dolui, Shri Hari Sadhan**

Discussion on Governor's Address : pp. 114 (94) – 114 (95).

**Duley, Shri Krishnaprasad**

Mention Case : pp. 146, 705, 806

Motion under Rule 185 : pp. 767—768.

**Dutt, Dr. Ramendra Nath**

Mention Case : pp 238 – 239, 490(33), 778 (59).

**Dutta, Shri Hemanta**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 557—559

Discussion on Governor's Address : pp 114 (97)—114 (99).

তুবদা বেসিন (Q) p 692.

পাথরমুহা, বৈঁচিবনিয়া ও তাজপুর মৌজায় লবণ শিল্প (Q) : p 692.

রামনগর থানায় ত্রাণবাবদ ব্যয়িত টাকার পরিমাণ (Q) : p. 960.

**Ekramul Haque Biswas, Dr.**

Mention Case : pp. 58, 80 – 81.

ডোমকলে পাকা রাস্তা (Q) : p 887.

পশ্চিমবঙ্গে শরণার্থীর সংখ্যা (Q) : p. 320.

বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদের বেতন মকুব (Q) : pp, 397, 677.

মুর্শিদাবাদ জেলায় গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনা (Q) : p. 778 (8)

শরণার্থী শিবিরের কর্মীদের বিকল্প কর্মসংস্থান : p. 306

**Fulmali, Shri Lalchand**

Discussion on matter of Urgent Public Importance for Short Duration : pp. 849—850.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : p. 353.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 613–615.

**Ganguly, Shri Ajit**

Mention Case : pp. 3, 4, 61, 64, 803.

বনগাঁ মহকুমায় আশ্রিত শরণার্থী (Q) : p. 317.

বনগাঁ মহকুমায় বন্যায় চাষের গবাদি পশুর মৃত্যুর সংখ্যা (Q) : p 407.

বন্যায় ক্ষতিগ্রস্ত বনগ্রাম থানায় গৃহনির্মাণ ঋণদান (Q) : pp. 114 (29)—114 (30).

বন্যায় ক্ষতিগ্রস্ত বনগাঁ মহকুমার কৃষিঋণ (Q) : pp. 114 (16)—114 (18)

সুরেন ধর চৌধুরীর হত্যার তদন্ত (Q) : p. 514.

**Gayen, Shri Lalit**

Krishna Glass Factory (Q) : pp 490 (7)—490 (8).

The maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 349—50.

Mention Case : pp. 58, 100—1, 114 (40), 378 (35)—378 (36), 490 (33), 701—2.

Motion under rule 185 : p. 762.

**Ghiasuddin Ahmad, Shri**

Discussion on Matter of Urgent Public Importance for Short Duration , pp 834—835.

The maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 339—40.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 pp. 645—646.

**Ghosal, Shri Satya**

Mention Case : pp. 72—77.

Private members' resolution : pp.—932—37.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp.160—163.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of ceiling on urban imovable property : pp. 738—740.

**Ghose, Shri Sankar**

Motion under rule 185 : pp. 778 (101)—778 (104).

Private member's resolution : pp. 964—67.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 163 – 167.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 745—747.

The taxes on entry of goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 365—68, 378 (50)—78 (55).

The West Bengal Appropriation Bill, 1972 : p. 24, 38—40.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972 : p. 10 21—24.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 466—68.

**Ghosh, Shri Nitaipada**

Mention Case : pp. 778 (59)—778 (60), 799.

বীরভূম জেলায় স্বাস্থ্য-কেন্দ্রে এ্যাম্বুলেন্স (Q) : p. 899.

**Ghosh, Shri Prafulla Kanti**

The Calcutta Municipal (Amendment) Bill, 1972 : pp. 490 (63)—490 (66).

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (55)—378 (56), 378 (75)—378 (77), 378 (86), 378 (93).

Statement on a calling attention regarding acute scarcity of drinking water in Howrah Town : p. 417.

The West Bengal Improvement Lowr (Amendment) Bill, 1972 : p. 581.

**Ghosh, Shri Rabindra**

Mention Case : pp. 273, 490 (32).

নবগ্রাম অঞ্চলের স্বাস্থ্য-কেন্দ্র (Q) : pp. 882—884.

শ্রীহনুমান কটন মিল (Q) : pp. 778 (15)—778 (17).

হেমন্ত বসুর হত্যার তদন্ত (Q) : p. 511.

**Ghosh, Shri Sisir Kumar**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 550—552.

The Caloutta Munioipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (56), 378 (82).

The maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 346—47.

Mention Case : p. 919.

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972 : p. 817—818.

খড়দহ পৌরসভায় পৌর প্রাথমিক বিদ্যালয় (Q) : pp. 378 (29) – 378 (30).

ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কারখানা (Q) : p. 263.

**Ghosh Maulik, Shri Sunil Mohan**

Discussion on Governor's Address : pp. 114 (102)—114 (103)

**Goswami, Shri Paresh Chandra**

Discussion on Governor's Address : pp. 114 (56)—114 (58).

Mention Case : pp. 378 (33), 490 (34)—490 (35).

Mention Case : pp. 490 (34)—490 (35), 778 (61)—778 (62).

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 744—745.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 608—609.

অপসারিত প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের পুনর্বহাল (Q) : pp. 397, 675.

গভীর নলকূপ ও রিভার পাম্পে শিফ্‌ট-এর প্রচলন (Q) : p. 490 (27).

বিদ্যুৎ চালিত তাঁত চালু করার প্রকল্প (Q) : p. 521.

**Goswami, Shri Sambhu Narayan**

বাঁকুড়া ডিভিসনে রাস্তা নির্মাণের জন্য টাকা (Q) : pp. 887—890.

Governor's Reply to the Address : p. 269.

**Gurung, Shri Nandalal**

Road between Sukiapokhri and Mancy, (Q) : p. 490(25).

**Gyan Singh Sohonpal, Shri**

Resolution for aetification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : p. 147.

**Habibur Rahaman, Shri**

Discussion on Governor's Address : pp 114(103)—114(104).

Mention Case : pp. 114(42), 704.

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কেন্দ্রীয় কারখানা (Q) : p. 395.

জঙ্গীপুর মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয়, (Q) : pp. 402, 683.

হাই মাদ্রাসা ফাইনাল পরীক্ষা (Q) : p. 674.

**Hazra, Shri Basudeb**

Mention Case : pp. 114(37)—114(38), 208.

**Halder, Shri Harendra**

Mention Case : pp. 104—105.

খড়গ্রাম মার্কেটিং সোসাইটি (Q) : p. 910.

দ্বারকা নদীর বাঁধ (Q) : p. 911.

ধান-চাল যাতায়াতের উপর বাধা নিষেধ (Q) : p. 779.

মৎস্যজীবিদের গ্রুপ লোন (Q) : p. 902.

মুর্শিদাবাদে রেশম শিল্প (Q) : p. 416.

শিক্ষিত বেকার (Q) : pp. 778(19)—778(22).

**Haldar, Shri Kansari,**

Private members' resolution : pp. 972—73.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 625—627.

**Halder, Shri Manoranjan**

Mention Case : pp. 108—109, 778(59).

তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের জন্য টুইশন ফী (Q) : p. 405.

ফ্রেজারগঞ্জের বাঁধ (Q) : pp 490(4)—490(6).

মগরাহাট বেসিন স্কীম (Q) : pp. 490(21)—490(22).

**Hatui, Shri Ganesh**

Discussion on Governor's Address : pp. 114(87)—(88).

Mention Case : pp. 4, 114(32)—14(33), 490(33)—90(34), 534—35, 800.

**Hembram, Shri Shital Chandra**

Discussion on Governor's Address : pp. 114(91)—14(92).

Mention Case : p. 8.

**Isore, Shri Sisir Kumar**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : p. 642.

**Jana, Shri Amalesh Chandra**

Discussion on Governor's Address : pp 114(60)—114 61).

**Karan, Shri Rabindra Nath**

Motion under rule 118 : pp 759—760.

**Karan, Shri Saroj Ranjan**

Discussion on Governor's Address : pp. 114 (75)—114 (76).

**Khan, Shri Gurupada**

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable porperty : p.718—719, 751—752.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 587 - 589.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 663—666.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972 : pp. 283, 295—97.

The West Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1972 : pp, 715—716.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1972 : p. 277.

**Khan, Samsul Alam, Shri**

Dalhousie properties (Q) : pp. 778 (32)—778 (33).

Industrial Area Development Scheme for Nimpura Kharagpur (Q) : p. 691.

**Lahiri, Shri Somnath**

American Ford Foundation, C. M. P. O and C. M. D. A. (Q) : p. 519.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (59)—378 (63), 378 (79)—378 (81), 378 (91)—378 (92).

Philips India Ltd. (Q) : pp. 378 (21)—78 (23), 778 (26)—78 (29).

জবরদখল কলোণীতে জমির স্বত্বদান (Q) : pp. 114 (13)—114 (15).

ঢাকুরিয়া উন্নয়ন পরিকল্পনা Q) : p. 501.

সি, এম, পি, ও-তে অ-ভারতীয় ব্যক্তির সংখ্যা (Q) : p. 517.

**Laying Of Ordinances**

The Calcutta Metropolitan Development Authority Ordinance, 1972 : p. 114 (46).

The Calcutta Municipal (Amendment) Ordinance, 1972 : pp. 114 (45)—114 (46).

The Calcutta Municipal ( Second Amendment ) Ordinance, 1972 : p. 114 (46).

The taxes on entry of goods into Calcutta Metropolitan Area Ordinance, 1972 ; p. 114 (47).

Tenth Annual Reports on the working and affairs of the Durgapur Projects Ltd. for the year 1970—71 : p. 147.

The West Bengal Improvement Laws (Amendment) Ordinance, 1972 : p. 114 (46).

The West Bengal Land Reforms (Amendment) Ordinance, 1972 p. 114 (46).

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Ordinance, 1972 : p. 114 (46).

The West Bengal Maintenance of Public Order Ordinance, 1972 p. 114 (46).

The West Bengal Relief Undertakings (Special Provision) Ordinance, 1972 p. 114 (46).

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Ordinance, 1972 : p. 114 (46).

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Ordinance, 1972 : p. 114 (47).

**Lohar, Shri Gour Chandra**

Discussion on Governor's Address : pp. 114 (85)—114 (86).

**Mahabubul Haque, Shri**

Discussion on Matter of Urgent Public Importance for Short Duration : p. 848.

Mention Case : pp. 88—90, 704—5.

**Mahanti, Shri Pradyot Kumar**

Mention Case : pp. 144—145, 536.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 647—649.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 465—66.

গ্রামাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ (Q) : pp. 876—877.

দাঁতন মুন্সেফী আদালত ভবন (Q) : pp. 490 (26)—490 (27).

মেদিনীপুর জেলায় বন্যাবিধ্বস্ত এলাকা (Q) : p. 788.

মেদিনীপুর জেলায় বেকার সংখ্যা (Q) : pp. 778 (12)—778 (13).

মোহনপুর থানায় গ্রাম-বিদ্যুৎ সরবরাহ (Q) : p. 898.

সাউটিয়া সাবসিডিয়ারী হেলথ সেণ্টার (Q) : 890—91.

সাবরেজেষ্ট্রি অফিসে এক্সট্রা মোহারির (Q) : pp. 490 (25)—490 (26).

**Mahapatra, Shri Harish**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 243—244.

হাতিগেড়িয়া-কুলটিকরী-রোহিনী-রগড়া রাস্তা (Q) : p. 886.

**Mahato, Shri Kinkar**

ঝালদা স্বাস্থ্যকেন্দ্র (Q) . p. 778 (53).

**Mahata, Shri Thakurdas**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 226—227.

Mention Case : pp. 114 (43), 778 (62), 805.

আবড়াডিহি মৌজায় সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার (Q) : p. 48.

কংসাবতী ক্যানেল এলাকায় পতিত জমি চাষ (Q) : p. 329.

কংসাবতীর উপর ব্রীজ নির্মাণের প্রকল্প (Q) : p. 412.

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী সাহায্য (Q) : pp. 384, 670.

বন অবক্ষয় প্রতিরোধ (Q) : p. 328.

ভাগরেকর্ডভুক্ত সরকারী ন্যস্ত জমি (Q) : p. 412.

ভীমপুর অঞ্চল মেডিসিন্যাল প্ল্যান্ট রোপনের প্রকল্প (Q) : p. 412.

শালবনী থানার ডেয়ারী ও ফডার ফার্মে টাকা বরাদ্দের পরিমাণ (Q) : pp. 490 (24)—490 (25).

**Mahato, Shri Madan Mohan**

Mention Case : pp. 534, 702.

Resolution under Article 252 of Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (82)—778 (83).

**Mahato, Shri Satadal**

Mention Case : pp. 111—112.

**Mahato, Shri Sitaram**

Resolution under Article 252 of the Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (87)—778 (77), 778 (85)—778 (86).

**Maiti, Shri Broja Kishore**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 617—619.

**Maitra, Shri Kashi Kanta**

Motion under Rule 185 : pp. 771—777.

**Maity, Shri Profulla**

The W. B. Salaries and Allowances (Amendment) Bill, 1972 : p. 930.

কেলেঘাই এবং বাগুই নদীর উপর সেতু নির্মাণ (Q) : p. 885.

পটাশপুর থানায় গ্রামীন বৈদ্যুতিকরণ (Q) : p. 490 (21).

বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা (Q) : pp. 490 (14)—490 (15).

**Maji, Shri Rup Sing**

Mention Case : pp. 490 (32)—490 (33).

**Maji, Shri Saktipada**

Mention Case : pp. 107—108.

The West Bengal Relief Undertakings (Special Provisions) Bill, 1972 : pp. 490(48)—490 (49).

মেজিয়া থানা এলাকায় বন্যানিয়ন্ত্রণ ও সেচ ব্যবস্থা (Q) : p. 778 (11).

**Mazumdar, Shri Indrajit**

Discussion on Governor's Address : pp. 114(86)—114(87).

**Malladeb, Shri Birendra Bijay**

Discussion on Governor's Address : pp. 114 (96)—114 (97).

**Mandal, Shri Arabinda**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 644—645.

**Mandal, Shri Sokhi Lal**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 638—639.

মালদহে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য কৃষিঋণ (Q) : p. 330.

**Mondal, Shri Nrisinha Kumar**

Mention Case p. 917.

**Mention Case (S)**

Mention Case (S) : pp. 3—10, 56—114, 114 (32)—114 (44), 141—77, 204—46, 270, 331, 378 (31)—78 (36), 418, 490 (31)—90 (38), 531—80, 700—15, 778 (58)- 78 (62), 797, 913—75.

**Md. Safiullah, Shri**

Discussion on Governor's Address : pp. 114(73)—114(75).

Mention Case : pp. 207, 913—14.

Resolution under Article 252 of the Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (77)—778 (82).

বাংলার কুটির শিল্প (Q) : pp. 778 (39)—778 (35).

**Medda, Shri Madan Mohan**

Discussion on Governor's Address : p. 114 (102).

**Misra, Shri Ahindra**

Discussin on Governor's Adderess : pp. 114 (80)—114 (81).

**Misra, Shri Kashinath**

Bridge on the rivhr Darakeswar at Rajgram (Q) : p.892.

Discusssion on Matter of Urgent Public Importance for Short Duration. pp. 844—845.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 235—236.

Mention Case : pp. 114 (38), 143, 221, 490 (36)—90 (32), 532, 702 915—16.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 736—737.

The West Bengal Appropriation ( Vote on Account ) Bill, 1972 : pp. 15—16.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972 : pp. 288—89.

ইন্দাস থানা এলাকার পাকা রাস্তা (Q) : pp. 856—857.

খাতড়া থানার প্রাইমারী হেল্‌থ সেণ্টার (Q) : pp. 490 (27)—490 (28).

চিনি সরবরাহ (Q) : p. 785.

জঙ্গল সংলগ্ন জবর দখল (Q) : p. 792.

নবান্দা-জয়কৃষ্ণপুর রাস্তা (Q) : p. 896.

প্রতিরক্ষা দপ্তরে তালা চাবি সরবরাহ (Q) : pp. 778 (35)—778 (36).

বাংলা স্টেনোগ্রাফার (Q) : p. 490 (28).

বাঁকুড়া কর্মবিনিয়োগ কেন্দ্র (Q) : pp. 778 (9)—778 (10).

বাঁকুড়া জেলায় নলকূপের সংখ্যা (Q) : p. 490 (27).

বাঁকুড়া জেলায় মহিলা কলেজ (Q) : p. 31 .

বাঁকুড়ায় রবীন্দ্র ভবন (Q) : p. 672.

বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেণিং (Q) : pp. 402, 683.

**Mitra, Shri Chandipada**

Mention Case : p. 708.

**Mitra, Shrimati Ila**

The Calcutta Municipal (Secon Amendment) Bill, 1972 : pp. 378 (70)—378 (72), 378 (78).

Mention Case : pp. 114 (44), 532—533, 535, 705, 806.

Motion under Rule 185 : pp. 778 (86)—778 (89), 778 (107)—778 (109).

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property. : pp. 727—729.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 452—55.

মাণিকতলা উন্নয়ন পরিকল্পনা (Q) : p. 503.

**Mahammad Dedar Baksh, Shri**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 552—553.

Discussion on Matter of Urgent Public Importance for Short Duration : pp. 843—844.

Mention Case : pp. 7, 105—6, 114 (43), 207, 378 (33)—378 (34), 490 (38), 535—36, 799. 917.

Motion under Rule 185 : pp. 763—764.

Private member's Resolution. : pp. 968—69.

গ্রামাঞ্চলে জি, আর বৃদ্ধি (Q) : p. 385.

চাষী ও শ্রমিকদের ছেলেমেয়েদের বিনা বেতনে পড়ার সুযোগ (Q) : p. 403

ভগবানগোলা থানাধীন গ্রামে বৈদ্যুতিকরণ (Q) : p. 490 (20).

ভগবানগোলায় পাকারাস্তা তৈরী (Q) : p. 864.

ভগবানগোলায় মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা (Q) : p. 490 (26).

মুর্শিদাবাদ জেলায় ক্রাস প্রোগ্রাম (Q) : p. 896.

মুর্শিদাবাদ জেলায় ডেয়ারী (Q) : p. 784

মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তা (Q) : p. 894.

মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী (Q) : p. 208.

মুর্শিদাবাদ জেলায় বেকার সংখ্যা (Q) : pp. 378 (11)—378 (13).

**Md. Idris Ali, Shri**

Ganja Firms (Q) : P. 47.

Lalbagh Subdivisonal Hospital (Q) : p. 51.

Land acquired for B. S. F. at Lalbagh (Q) : p. 188.

Mention case. p. 706.

Metalled Roads n Murshidabad district (Q) : p. 503.

Persons connected with anti social activities dipained in jail (Q) : pp. 114(12)—114 (13).

Resolution under Article 252 of the constitution of India regarding imposition of a ceiling on urban immovable poperty : pp. 735—736.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 451—52

**Mojumdar, Shri Jyotirmoy**

Discussion on Governor's Address : pp. I14. (104)—114 (107).

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill 1972 pp. 336—37

The taxes on entry of goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 378 (45)—378 (46).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 640—641.

The West Bengal Relief Undertakings ( Special Provisions) Bill, 1972 pp. 490 (51)—490 (52).

**Mondal, Shri Aftabuddin**

Discussion on Governor's Address : pp. 114 (76)—114 (78).

The Maintenance of Internal Security (West Bengal Amendment)Bill, 1972 : p. 354

Mention Case : p. 143.

আমতা থানা এলাকায় বৈদ্যুতিকরণ (Q) : p. 778 (39).

'কাঁদুয়া' মাঠের জলনিকাশের পরিকল্পনা (Q) : pp. 490 (12)—490 (14).

গৃহনির্মাণ সাহায্য (Q) : p. 394

নিম্ন দামোদর প্রকল্প (Q) : pp. 490 (22)—490 (23).

**Mondal, Shri Anil Krishna**

The Maintenance of Internal Security ( West Bengal Amendment) Bill, 1972 : pp. 232—233.

Unschooled villages (Q) : pp. 378 (26)—378 (27).

বিশ্ববিদ্যালয়ের সিনেটে ও অন্যান্য সমিতিতে ছাত্র প্রতিনিধিত্ব (Q) : p. 327.

শিক্ষকদের ট্রেজারী থেকে বেতন প্রদান (Q) : 210.

সন্দেশখালি ও হিংগলগঞ্জ থানা অঞ্চলে বিদ্যুৎশক্তি সম্প্রসারণের প্রকল্প (Q) : p 490 (30).

সন্দেশখালিতে টেক্‌নিক্যাল স্কুল (Q) : p. 328.

সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত্যু (Q) : p 328.

হিঙ্গলগঞ্জ ব্লক উন্নয়ন আধিকারিক (Q) : p 411.

হিঙ্গলগঞ্জ-হেমনগর রোড (Q) : p 508.

**Mondal, Shri Santosh Kumar**

Discussion on Governor's Adress : pp 114 (82)—114 (84).

ডায়মণ্ডহারবারে হুগলী নদীতে চড়া (Q) : p. 897.

**Motahar Hossain, Dr.**

Mention Case : pp. 82—84, 378 (32)

বাঁশলই নদীর উপর সেতু (Q) : p. 887.

রামপুরহাট মহকুমায় কলেরা (Q) : p. 778 (52).

Motion under Rule 185 : pp. 753, 778 (86)—78 (110).

**Mukhapadhya, Shri Tarapado**

Discussion on Governor's Address : pp. 114 (95)—114 (96).

দেউলপাড়ায় উদ্বাস্তু পুনর্বাসনের জমি (Q) : p. 310.

নৈহাটিতে সরকারী হাসপাতাল (Q) : p. 253.

**Mukherjee, Shri Ananda Gopal**

কৃষিজমি শিল্প প্রতিষ্ঠার জন্য গ্রহণ (Q) : p. 796.

দুর্গাপুরে পয়ঃপ্রণালীর জল হইতে সেচ পরিকল্পনা (Q) : pp. 490 (6)—490 (7).

সরকার অধিকৃত জমি বিলি বন্দোবস্ত (Q) : p. 781.

সরকারের বস্তি জমি (Q) : p, 793.

**Mukherjee, Shri Bhawani Sankar**

Mention Case : pp. 79—80.

The West Bengal Apartment (Regulation of Constrution and Transfer) Bill, 1972 : pp. 814—815.

**Mukherjee, Shri Biswanath**

Discussion on Matter of Urgent Public Importance for Short Duration: pp. 851—852.

The Maintenance of Internal Security ( West Bengal Amendment) Bill, 1972 : pp. 212—218.

Mention Case : pp. 9—10, 58—59, 114 (32), 141—42, 424—25. 701, 707—8, 713—14.

Motion under Rule 185 : pp. 778 (105)—778 (107).

Private member's Resolution : pp. 937—42, 971.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment Bill. 1971 : pp. 154—159.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovoble property : pp. 719—723.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 649—658.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 433—46.

The West Bengal Relief Undertakings (Special Provisions) Bill, 1972 : pp. 490 (59)—490 (61).

**Mukherjee, Shri Mahadeb**

Discussion on Matter of Urgent Public Importance for Short Duration: pp. 841—842.

Mention Case : p. 9.

**Mukherjee, Shri Mrigendra**

Mention Case : pp. 142—143, 700—901, 919

Protection of Nishan Ghat to Gandhi Ghat from erosion (Q) : pp. 788 (4)—778 (6).

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 463—64.

বন্ধ শিল্প চালু করা (Q) : p. 874.

মার্টিন রেল (Q) : p. 688.

রেমন ইঞ্জিনিয়ারিং কারখানা ও আরতি কটন মিলস্ (Q) : pp. 490 (9)—490 (12).

শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা (Q) : pp. 874—876.

হাওড়া ডালমিয়া পার্কে স্টেডিয়াম (Q) : pp. 862—864.

**Mukherjee, Shri Sibdas**

Discussion on Matter of Urgent Public Importance for Short Duration : pp. 839—840.

কোতোয়ালী থানায় গৃহ নির্মাণ ঋণ (Q) : p. 264.

**Mukherjee, Shri Subrata (Katwa)**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : p. 561—562.

Mention Case : pp. 205, 804, 920

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : p. 538.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 223—225.

Mention Case : p. 114 (34).

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972 : pp. 929—30.

**Mukhopadhyay, Shri Subrata**

Statement on a Calling Attention regarding gherao of Commissionur and Chairman of Khardah Municipality on the 4th April, 1972 : p. 268.

Statement under Rule 346 on displaced hawkers : pp. 298—99.

The taxes on entry of goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 378 (48)—378 (50).

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972 : pp, 20—21.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1972 : pp. 483—84.

**Mukhopadhyay, Shrimati Geeta**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 538—546.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (90)-378 (91).

Mention Case : pp. 5—6, 59, 114 (40), 378 (32), 778 (61).

Motion under Rule 185 : pp. 770—771.

ইউরিয়া সারের মূল্যবৃদ্ধি ও দুষ্প্রাপ্যতা (Q) : pp. 114 (25)—114 (29).

কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন (Q) : pp. 778 (17)- 778 (19).

চতুর্থ পরিকল্পনায় গ্রাম ও টিউবওয়েল বৈদ্যুতীকরণ পরিকল্পনা (Q) : p. 778 (45).

পাঁশকুড়ায় টেস্ট রিলিফ স্কীম (Q) : p. 114 (20).

ফারাক্কা ব্যারেজের প্রয়োজনীয় জল (Q) : p. 130.

বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় টেস্ট রিলিফ (Q) : pp. 114 (9)—114 (11).

রাজ্যে বিদ্যুৎ ঘাটতি (Q) : p. 902.

**Mukhopadhyaya, Shri Girija Bhusan**

Co-operative Sprining Mill of Serampore (Q) : pp. 378 (18)—378 (19).

Electrification of the Village in Serampore Subdivison (Q) : pp. 378 (16)-378 (17), 778 (25).

Mention Case : p. 207.

Private members' Resolution : pp. 942—45.

The West Bengal Relife Undertakings (Special Provisions) Bill, 1972 pp. 490 (52)—490 (54).

ডানকুনির জলার সংস্কার (Q) : pp. 378 (20)—378 (21).

**Murmu, Shri Rabindra Nath**

Discussion on Governor's Address : pp. 114 (89)—114 (90).

মালদহ জেলায় ফান্সুরকা ও মুচিয়া এলাকায় স্বাস্থ্যকেন্দ্র (Q) : p. 53.

মালদহ জেলায় রাস্তা (Q) : p 572.

**Nag, Dr. Gopal Das**

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 : pp. 378 (63)—378 (66).

Mention Case : pp. 114 (33) —114 (34).

Statement on a Calling Attention regarding hunger-strike by two thousand workers of the Dhemo Main Colliery in Asansol Subdivision : pp. 273—76.

Statement on Calling Attention regarding hunger-strike by workers of two collieries in Ondal police station : p. 55.

Statement on a Calling Attention notice regardjng strike notice given by three Central Trade Unions in non-fulfilment by the demand for minimum wages in the Jute Industry : pp. 378 (30)—378 (31).

The West Bengal Relief Undertakings (Special Provisions) Bill, 1972 : pp. 490 (40)—490 (42), 490 (55 —490 (59), 490 (61)—490 (62).

**Naskar, Shri Arabinda**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 340—41.

Mention Case : pp. 78—79, 114 (32), 378 (36)

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp 627 -629.

**Nurunnesa Sattar, Shrimati**

Discussion on Governor's Address : pp. 114 (61)—114 (63).

**Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed**

C. M. D. A. Scheme for Entally area (Q) : p 505.

The Maintenance of Internal Security (West Bengal Amendmet) Bill, 1972 : pp. 355—56.

Mention Case : pp 378 (31)—378 (32), 778 (62).

Motion under Rule 185 : pp 778 (94)—778 (97)

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972 : pp. 820—821.

The West Bengal Slum Areas ( Improvement and Clearance ) Bill, 1972 : pp. 484—86.

**Obituary**

pp. 247,379.

**Omar Ali, Dr.**

Discussion on Governor's Address : pp. 114 (99)—114 (101).

Mention Case : pp. 4, 114 (34)—114 (35), 378 (34), 531.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 630—632.

জেলাওয়ারী বাণী মিলের সংখ্যা (Q) : pp. 490 (23)—490 (24).

সরকারে ন্যস্ত জমি (Q) : p. 408.

**Oraon, Shri Prem**

Motion Under Rule 185 : pp. 765—766.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1972 : pp. 17—19.

**Paik, Shri Bimal**

Discussion on Governor's Address : pp 114 (71)—114 (72).

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 231—232.

**Palit, Shri Pradip Kumar**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 347—49.

**Panda, Shri Bhupal Chandra**

Disbursement of salary, etc. of Late Gopal Krishna Bagchi (Q) : pp. 872—73.

Mention Case : pp. 490 (31)—490 (32), 778 (60)

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp 167—168.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 609—612.

ক্রাস প্রোগ্রামের রাস্তা সংস্কারের ব্যবস্থা : p. 407.

চাউল, চিনি ও কেরোসিনের মূল্যবৃদ্ধি (Q) : p 182.

জঙ্গীগ্রাম বঙ্গোপসাগরের সংলগ্ন এলাকা বিধায় গভীর নলকূপ বসানোর প্রকল্প (Q) p. 413.

নন্দীগ্রাম ব্লকে প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র (Q) : p. 139.

**Panja, Shri Ajit Kumar**

Discussion on Governor's Address : pp. 114 (107)—114 (111).

Mention Case : p. 712.

Statement under Rulse 346 : p. 807.

**Parui, Shri Mohini Mohan**

Mention Case : p. 93.

ফলতা থানার গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণ (Q) : p. 520.

ফলতা থানায় গভীর নলকূপ (Q) : p. 378 (28).

ফলতা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) : p 378 (29).

**Paul, Shri Bhawani**

Mention Case : pp 93—95.

The West Bengal Appropriation Bill, 1972 : pp 31—33.

**Paul, Shri Sankar Das**

Mention Case : pp 58, 272, 920

বহরমপুর নির্বাচনক্ষেত্র এলাকায় রাস্তা (Q) : p 378 (21)

বহরমপুর পৌর সভার ১৩ নং জোনের রাস্তা (Q) p. 323.

মোটর টায়ারের অভাব ও সরবরাহ (Q) : p 331

রবীন্দ্র সদন, বহরমপুর (Q) : p 114 (9).

সরকারী ত্রাণ সাহায্য দানের পদ্ধতি (Q) : 113 (19)

**Poddar, Shri Deoki Nandan**

Disscusion on Governor's Address : pp 114 (63) - 114 (65).

**Pramanick, Shri Gangadhar**

Mention Case : pp. 81—82, 531—32, 798

কর্মচারী নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায় (Q) : pp. 397, 678.

**Pramanick, Shri Monoranjan**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 548—549.

**Pramanik, Shri Puranjoy**

Mention Case : p. 532.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 725—726.

The West Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778 (64)—778 (65).

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 457—58.

The West Bengal Public Demends Recovery (Amendment) Bill, 1972: pp. 716—717.

**Private Members Resolution**

pp. 932—75.

**Question (S)**

Advisory Committee for Development of Haldia : p. 894.

Argeement with the Calcutta Trmways Company : p. 401.

Alleged attack of house of yuba Congress Leader at Jiaganj : p. 519

American Ford Foundation, C. M P. O and C M. D. A : p. 519.

Bridge on the river Darakeswar at Rajgram : p. 892.

Bridge over the river Haldi : pp 860—861.

C. M. D. A. Projects : p 893.

C. M. D.A. Scheme for Entally area : p 505.

Calcutta State Transport Corporation : p 778 (56)

Closure of Dhakeswari Cotton Mills : pp. 378 (17)—378 (18).

Compensation for acquisition of land : pp 490 (20)—490 (21).

Co-operative Sprinning Mill of Serampore : pp 378 (18)—378 (19).

Dalhousie Properties : pp. 778 (32)—778 (33).

Damage of Agricultural Lands in Coal-field area : pp. 378 (23)—378 (24).

Digha Development Board : p. 897.

Disbursement of Salary, etc. of Late Gopal Krishna Bagchi : p. 872—73.

Distributory Canal from A/Mc of D. C. in Mouzas Kaitara and Sural : p. 910.

Educated Unemployed Youths : pp. 490 (3)—490 (4).

Electrification of the Villages in Serampore subdivision : pp. 378 (16)—378 (17), 778 (25).

Establishment of a Medical College in Midnapore District : p. 490 (27).

Fire in Darjeeling : p. 314.

Flight of Capital : pp. 778 (37)—778(39).

Football Ground for blocks : p. 868.

Fourth Battery in the Durgapur Coke ovens : p 908

Ganja Firms : p. 47.

Incidents in different Jails : p. 396

Industrial Area Development Sche e for Nimpura—Khargapur : p. 691.

Industries in the Haldia region : | 778 (46).

Kara Raksha Samity : p. 403.

Krishna Glass Factory : pp. 490 (7)—490 (8).

Lalbagh Subdivisional Hospital : p. 51.

Land acquired for B. S. F. at Lalbagh : p. 118.

Loss in State Transport Corporations : p. 390.

The Medical Termination of Pregnancy Act, 1973 : p. 909—910.

Metalled Roads in Murshidabad district : p. 503

North Bengal State Transport Corporatron : pp. 901—902

Over-crowding in the buses of Calcutta : p. 967.

Persons connected with anti-social activities detained in Jail : pp. 114(12)—114 (13).

Philips India Ltd. : pp. 378 (21)—378 (23), 778 (25)—778 (29).

Political Murders in West Bengal : p. 497.

Production of Cast iron under Durgapur projects : p. 908.

Proposal for Small-scale Industries Corporation : p. 898.

Protection of Nishan Ghat to Gandhi Ghat from erosion : pp. 778 (4)—778 (6).

Recruitment of Army from West Bengal : p 778 (41)

Re-opening of Howrah-Amta and Howrah-Sheakhala light railways : pp. 778 (54)—778 (55).

Return of refugee from Bangladesh : p. 523.

Road between Sukiapokhri and manea Bhainjong : p. 490 (25).

Roads uuder Bharatpur police station : p. 500.

Rural Employment Scheme : pp. 778 (2)—778 (3).

Sabang-Mohar Pucca Road : p. 868.

Sea-beach at Digha : p. 778 (17).

Scarcity of drinking water in Midnapore Central Jail : pp. 778(55)—778(56).

Scheme for improving the existing conditions of jails : p. 778 (56).

Shifting of the Headquaters of Defence Industries : p. 691.

Shortage of stroe materials in Calcutta State Transport Corporation : pp. 778(56)—778 (57.

Stadium : pp. 857—860.

Steps to re-open closed and sick industries : p. 490 (22).

Unschooled Villages : pp. 378 (26)—378 (27).

Water supply in flood-affected areas of Midnapore district : pp. 490 (8)—490 (9).

অপসারিত প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের পুনর্বহাল : pp. 397, 675.

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষাব্যবস্থা : p. 399.

আদিবাসী ও তপশিলী ছাত্রছাত্রীদের হোষ্টেল ভাতা : p. 114 (29).

আন্দামান টিম্বার ইণ্ডাষ্ট্রিস্ : p. 695.

আবড়াডিহি মৌজায় সাবসিডিয়ারী হেলথ সেণ্টার : p. 48.

আমতা থানা এলাকায় বৈদ্যুতীকরণ : p. 778 (39).

আসানসোল পৌর এলাকার গ্রামগুলিতে পৌর সুযোগ-সুবিধা : p. 495.

আসানসোল পৌর এলাকায় বস্তি উন্নয়ণ : p. 900.

আসানসোল মহকুমায় কয়লাখনি হইতে জলসেচ পরিকল্পনা : p 908.

আসানসোল শিল্পাঞ্চলে পাণীয় জল সরবরাহ : p. 49.

আসানসোলে রবীন্দ্রভবন : pp 394, 673.

আহমদ্পুর চিনি কল : p. 326

আড়থিষমা জলসেচ প্রকল্প pp. 879—881.

আড়থিষমায় নদী হইতে জলসেচ : p. 126.

ইউরিয়া সারের মূল্যবৃদ্ধি ও দুষ্প্রাপ্যতা : pp. 114 (25)—114 (29).

ইন্দাস থানা এলাকায় পাকা রাস্তা : pp. 856—857.

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কেন্দ্রীয় কারখানা : p 395.

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার তপশিলী জাতি ও উপজাতি কর্মচারী : p 405.

উদ্বাস্তু শিবিরে নগদ সাহায্য বন্ধ : p. 114 (30).

ওজন ও পরিমাপ বিভাগ : pp. 779 (39)—779 (40).

কর্মচারী নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায় : pp. 397, 678.

কর্মচারীদের স্থায়ীকরণ : p. 791.

কর্মসংস্থান কেন্দ্র মারফত নিয়োগ : pp. 778 (41)—778 (42)

কলকাতায় হোটেল : pp. 905—906.

কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন : pp. 778 (17)—778 (19).

কলিকাতা রাষ্ট্রিয় পরিবহন সংস্থা : p. 382.

কলিকাতার ট্যাক্সি সঙ্কট : p. 891.

কলিকাতায় পুলিশের গুলিতে নিহতের সংখ্যা : p. 508.

কলিকাতায় মাছের দর বৃদ্ধি : p, 778 (57).

কংসাবতী ক্যানেল এলাকায় পতিত জমি চাষ . p. 329.

কংসাবতীর উপর ব্রীজ নির্মাণের প্রকল্প : p. 412.

কাওরাপুকুর-জুলপিয়া রাস্তার কাজ : p. 871—72.

কারখানা শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা : pp. 778 (43)—778 (44)

কারখানার শ্রমিকদের আদায়ীকৃত প্রভিডেন্ট ফাণ্ডের টাকা p. 778 (22)

কালীনগরে রসুলপুর নদীর উপর পুল নির্মাণ : p. 323.

ক্যাম্পে পুনর্বাসনযোগ্য পরিবার : p. 300.

কাঁথি বেসিন পরিকল্পনা : p. 126.

কাঁথি মহকুমায় গ্রাম বৈদ্যুতিকরণ প্রকল্প : pp. 778 (42)—778 (43).

কাঁথি মহকুমায় টেষ্ট রিলিফের পে-মাষ্টারদের প্রাপ্য টাকা : p. 384.

কাঁথি মহকুমায় বন্যার প্রকোপরোধে ব্যবস্থা : p 117.

কাঁথি মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহ : pp. 114 (6)—114 (8).

কাঁথি-রসুলপুর রুটে অনিয়মিত বাস চলাচল : p. 399.

*কাঁথি শহরে বিদ্যুৎ বিভ্রাট : p. 778 (25).*

'কাঁদুয়া' মাঠের জলনিকাশের পরিকল্পনা : pp. 490 (12)—490 (14).

ক্রাস-প্রোগ্রামের রাস্তা সংস্কারের ব্যবস্থা : p. 407.

কুপার্স ক্যাম্পের উন্নয়ন : p. 323.

কুসুমপুর জলনিকাশী পরিকল্পনা : pp. 378 (1)—378 (2).

কৃষিজমি শিল্প প্রতিষ্ঠার জন্য গ্রহণ : p. 796.

কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক : p. 524.

কেলেঘাই এবং বাগুই নদীর উপর সেতু নির্মাণ : p. 885.

কোতোয়ালী থানায় গৃহ নির্মাণ ঋণ : p. 264.

কোলে আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানী, কাঁকিনাড়া : p. 778 (46).

খড়্গ্রাম মার্কেটিং সোসাইটী : p. 910.

খড়দহ পৌরসভায় পৌর প্রাথমিক বিদ্যালয় : pp. 378 (29)—378 (30).

খাতড়া থানার প্রাইমারী হেল্থ সেণ্টার : pp. 490 (27)–490 (28).

খাদিখাঁর দেয়াড় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : pp. 778 (53)—778 (54).

খুন, চুরি, ডাকাতি ও ছিনতাই : p. 507.

গভীর নলকূপ : p. 119.

গভীর নলকূপ ও রিভার পাম্পে শিফ্‌ট-এর প্রচলন : p. 490 (27).

গলসী থানায় গোহগ্রাম অঞ্চলে জল সরবরাহ : p. 267.

গলসী থানায় ডি, ভি, সি হইতে জল সরবরাহ : p. 690.

গড়বেতা থানা এলাকায় চাউলের মূল্যবৃদ্ধি : p. 263.

গড়বেতা থানায় সেচকার্য ও বিদ্যুৎ সরবরাহ : pp. 490 (1)—490 3).

গ্রাম বৈদ্যুতিকরণ : pp. 378 (2)—378 (6).

গ্রামাঞ্চলে জি, আর বৃদ্ধি : p. 385.

গ্রামাঞ্চলে মশার উপদ্রব : p. 52.

গ্রামাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ : pp. 876—877.

গ্রামীণ কর্মসংস্থানের জন্য অর্থ : pp. 881—882.

গৃহনির্মাণ সাহায্য : p. 394.

গৌরাঙ্গডি-লালগঞ্জ রোড : p. 885.

ঘাটাল মাষ্টার প্ল্যান : pp. 378 (13)—378 (14).

চক্রবেড় রেল : p. 491.

চটকল : pp. 778 (46)—778 (51).

চটকল শ্রমিকদের বেতনমান : pp. 903—904.

চতুর্থ পরিকল্পনায় গ্রাম ও টিউবওয়েল বৈদ্যুতিকরণ পরিকল্পনা : p. 778 (45).

চলচ্চিত্র : p. 892.

চা রপ্তানি : p. 118.

চাউল, চিনি ও কেরোসিনের মূল্যবৃদ্ধি : p. 1 .

চাকুরিয়া উন্নয়ন পরিকল্পনা : p. 501.

চাল ও কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি : p. 183.

চাষী ও শ্রমিকদের ছেলেমেয়েদের বিনাবেতনে পড়ার সুযোগ : p. 403.

চিনি ও কেরোসিন তৈল সরবরাহে বৈষম্য : p. 790.

চিনি সরবরাহ : p. 785.

চিনির মূল্যবৃদ্ধি : p. 194.

জঙ্গল সংলগ্ন জবরদখল জমি : p. 792.

জঙ্গীগ্রাম বঙ্গোপসাগরের সংলগ্ন এলাকা বিধায় গভীর নলকূপ বসানোর প্রকল্প : p. 413

জঙ্গীপুর মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয় : pp. 402, 683.

জন-নিরাপত্তা আইনে আটক : p. 515.

জবরদখল কলোণীতে জমির স্বত্বদান : pp. 114 (13)–114(15).

জমি জবরদখল : p. 787.

জমির ক্ষতিপূরণের টাকা : p. 796.

জমির খাজনা মকুব : p. 189.

জলপাইগুড়ি জেলায় কর্মসংস্থান কেন্দ্রে বেকারের সংখ্যা : p. 898.

জয়পুর প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র : pp. 778 (52)—778 (53).

জাতীয় নাট্য শালা : p. 404.

৩৪ নং জাতীয় সড়ক : p. 493.

জেলাওয়ারী বাণী মিলের সংখ্যা : pp. 490 (23)—490 (24).

জেলে সংঘর্ষে নিহত ও আহত বন্দীর সংখ্যা : p. 114 (5)—114 (6).

ঝালদা রোড, নন্দকাপাস রোড ও খড়ার ইড়পালা রোড : pp. 869—870.

ঝালদা স্বাস্থ্যকেন্দ্র : p. 778 (53).

ঝাড়গ্রাম মহকুমায় মাষ্টার প্ল্যান : p. 694.

ট্যাংরা খাল সংস্কার : p. 906.

ট্যাংরা স্কীম এবং তমলুক মাষ্টার প্ল্যান : p. 262.

ডানকুনির জলার সংস্কার : pp. 378 (20)—378 (21).

ডাবুর স্লুইস গেট : pp. 490 (15)—490 (16).

ডায়মণ্ডহারবার রোডের প্রশস্তীকরণ : p. 514.

ডায়মণ্ডহারবার সদর হাসপাতাল : p. 51.

ডায়মণ্ডহারবারে হুগলী নদীতে চড়া : p. 897.

ডি. ভি. সি. প্রকল্প : p. 909.

ডি. ভি. সি-র ডি, সি ক্যানেল : pp. 378 (19)—378 (20).

ডেবরা থানায় খাল সংস্কার : p. 123.

ডেবরা ও পিংলা থানায় টেষ্ট রিলিফ : p. 114 (31).

ডোমকলে পাকা রাস্তা : p. 887.

তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য টুইশন ফী : p. 495

তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি : p. 405.

তপশিলী আদিবাসী ছাত্রছাত্রীগণের ষ্টাইপেণ্ড : p. 329.

তমলুক মহকুমায় জলনিকাশের প্রকল্প : p. 262.

তমলুক মহকুমায় রাস্তা পাকা করার কাজ : p. 378 (24)—378 (25).

তারাতলা রোড থেকে আকড়া ফটক পর্যন্ত রাস্তা : pp. 895—96.

তিনবিল স্কীম : pp. 378 (28)—378 (29).

দক্ষিণ ২৪-পরগণায় রাস্তার পরিকল্পনা : p. 895.

দামোদরের উপর সেতু নির্মাণ : p. 886.

দ্বারকা নদীর বাঁধ : p. 911.

দাঁতন মুন্সেফী আদালত ভবন : pp. 490 (26)—490 (27).

দ্বিতীয় হাওড়া সেতু : pp. 873—874.

দীঘার সমুদ্র-বেলাভূমির অবক্ষয় : pp. 864—868.

দুর্গাপুর দুগ্ধ উৎপাদন কেন্দ্র : p. 193.

দুর্গাপুরে পয়ঃপ্রণালীর জল হইতে সেচ পরিকল্পনা : pp. 490 (6)—490 (7).

দুর্গাপুরে সার তৈরীর কারখানা : pp. 778 (31)—778 (32).

ডুবদা বেসিন : p. 692.

দেউলপাড়ায় উদ্বাস্তু পুনর্বাসনের জমি : p. 310.

ধান-চাল যাতায়াতের উপর বাধা নিষেধ : p. 779.

নদীয়া জেলা বিদ্যালয় পরিদর্শকের বাড়ি সংস্কার : p. 906.

নদীয়া জেলা স্কুলবোর্ডের অফিস বাড়ি : p. 322.

নদীয়া জেলায় বসন্ত রোগ : p. 689.

নন্-ট্রেইণ্ড টিচারদের ইনক্রিমেণ্ট : p. 404.

নন্দীগ্রাম ব্লকে প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র : p. 139.

নবগ্রাম অঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র : pp. 882—83.

নবদ্বীপে কংগ্রেস প্রার্থীর বাড়ীতে হামলা : pp. 870—71.

নবান্দা জয়কৃষ্ণপুর রাস্তা : p. 896.

নয়াগ্রাম ব্লকে প্রাথমিক বিদ্যালয় : p. 778 (52).

নান্নুর বিধানসভা কেন্দ্র এলাকায় গ্রাম বৈদ্যুতিকরণ পরিকল্পনা : p. 778 (13).

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি : p. 265.

নিম্ন দামোদর প্রকল্প : pp. 490 (22).– 490 (23).

নির্বাচনকালে রাজনৈতিক হত্যা : p. 497.

নূতন প্রাথমিক বিদ্যালয় : p. 137.

নেতাজী কলোনী উন্নয়ন : p. 326.

নৈহাটীতে সরকারী হাসপাতাল : p. 253.

পঞ্চায়েত আইন : p. 325.

পঞ্চায়েত বোর্ডের নির্বাচন : p. 514.

পটাশপুর থানায় গ্রামীণ বৈদ্যুতিকরণ : p. 490 (21).

পশ্চিম দিনাজপুর জেলায় জেলা পরিষদ কর্তৃক নির্মিত রাস্তা ও দাতব্য চিকিৎসালয় : p. 693.

পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন শিল্পসংস্থা : pp. 778 (29)—778 (31).

পশ্চিমবঙ্গে ধান্য সংগ্রহ : p. 197.

পশ্চিমবঙ্গে শরণার্থীর সংখ্যা : p. 320.

পাথর প্রতিমা ব্লকে ও সুন্দরবন এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : pp. 378 (27)—378 (28).

পাকুরমুহা, বৈচি, বপিয়া ও তাজপুর মৌজায় লবন শিল্প : p. 692.

পানাগড় শাখা ক্যানেল হইতে রবিশস্যের জন্য জল সরবরাহ : p. 125.

পান্নুড়িয়া-রূপনারায়ণপুর রাস্তা : p. 892.

পাঁশকুড়ায় টেষ্ট রিলিফ স্কীম : p. 114 (20).

পুরুলিয়া জেলার ছাত্রদের মেডিক্যাল কলেজে ভর্ত্তী : p. 523.

পুরুলিয়া জেলায় লাক্ষা শিল্প : pp. 378 (14)—378 (16).

পূর্বান্নথা সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র : p. 138.

'পেমেণ্ট অব ওয়েজেস অ্যাক্ট' লঙ্ঘনকারীদের বিরুদ্ধে সরকারী ব্যবস্থা : p. 121,

পৌরসভা বাতিল : p. 324.

প্রতিরক্ষা দপ্তরে-তালা চাবি সরবরাহ : pp. 778 (35)—778 (36).

প্রাইমারী ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র : p. 42.

প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীগণের টীফিন : p. 696.

ফরাক্কা ব্যারেজের প্রয়োজনীয় জল : p. 130.

ফলতা থানার গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণ : p. 520.

ফলতা থানায় গভীর নলকূপ : p. 378 (28).

ফলতা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : p. 378 (29).

ফারাক্কার ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট : p. 900.

ফ্রেজারগঞ্জের বাঁধ : pp. 490 (4)—490 (6).

বক্রেশ্বর উষ্ণ-প্রস্রবণ : pp. 778 (3)—778 (4).

বর্ধমান জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প : p. 413.

বর্ধমান জেলায় টেষ্ট রিলিফ : p. 114 (30).

বন অবক্ষয় প্রতিরোধ : p. 328.

বনগাঁ মহকুমায় আশ্রিত শরণার্থী : p. 317.

বনগাঁ মহকুমায় বন্যায় চাষের গবাদি পশুর মৃত্যুর সংখ্যা : p. 407.

বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা : pp. 490 (14)—490 (15).

বন্যাবিধ্বস্ত এলাক.য় ছাত্রছাত্রীদের বেতন মকুব ও বিদ্যালয়গৃহ নির্মাণ বাবদ অর্থ মঞ্জুর p. 316.

বন্যাবিধ্বস্ত এলাকায় টেষ্ট রিলিফ : pp. 114 (11)—114 (12).

বন্যাবিধ্বস্ত মেদিনীপুর জেলায় গৃহনির্মাণ ঋণ : pp. 114 (30)—114 (31).

বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় কৃষিঋণ ও গো-ক্রয় ঋণ : p. 330.

বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় টেষ্ট রিলিফ : pp. 114 (9)—114 (11).

বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের বেতন মকুব : p. 397.

বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের বেতন মকুব : p. 677.

বন্যায় ক্ষতিগ্রস্ত নাগরিকদের সাহায্য : p. 261.

বন্যায় ক্ষতিগ্রস্ত বনগাঁ মহকুমার কৃষি ঋণ : pp. 114 (16)—114 (18).

বন্যায় ক্ষতিগ্রস্ত বনগ্রাম থানায় গৃহ নির্মাণ ঋণ দান : pp. 114 (29)—114 (30).

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী সাহায্য : p. 384.

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী সাহায্য : p. 670.

বন্যায় ক্ষতিগ্রস্তদের খাজনা মকুব : p. 789

বন্ধ ইণ্ডিয়া ইলেকট্রিক ওয়ার্কস কারখানা : pp 378 (7)—378 (8).

বন্ধ কলকারখানা : p. 132.

বন্ধ শিল্প চালু করা : p. 874.

বরানগর-কামারহাটি জয়েন্ট ওয়াটার ওয়ার্কস : pp. 884—85.

বলরামপুর খাল খনন : p. 121.

বহরমপুর নির্বাচনক্ষেত্র এলাকায় রাস্তা : p 378 (24).

বহরমপুর পৌর এলাকায় বিদ্যুৎ সরবরাহ : pp 877—879

বহরমপুর পৌর সভার ১৩ নং জোনের রাস্তা : p. 323.

বাজার এলাকায় দোকান কর্মচারী সংস্থা আইন চালুর ব্যবস্থা : pp 778 (6)—778 (7).

বাতনী গ্রামে হত্যাকাণ্ড : pp. 855—856.

বাংলা স্টেনোগ্রাফার : p. 490 (28)

বাংলাদেশ সীমান্তে চেক পোষ্ট : p. 869.

বাংলার কুটির শিল্প : pp. 778 (33)—778 (35).

ব্যাঙ্কে সুদের হার : p. 522.

বাকুড়া কর্ম-বিনিয়োগ কেন্দ্র : pp. 778 (9)—778 (10).

বাঁকুড়া জেলায় নলকূপের সংখ্যা : p. 490 (27).

বাঁকুড়া জেলায় মহিলা কলেজ : p. 319.

বাঁকুড়া ডিভিসনে রাস্তা নির্মাণের জন্য টাকা : p. 887—890.

বাঁকুড়ায় রবীন্দ্র ভবন : p. 672.

বাঙ্গুর হাসপাতালে ডাক্তারদের উপর দুষ্কৃতকারীদের হামলা : p. 513.

# INDEX

বাঁশলই নদীর উপর সেতু : p. 887.

বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ : pp. 900—901.

বিদ্যুৎ চালিত তাঁত চালু করার প্রকল্প : p. 521.

বিশ্ববিদ্যালয়ের সিনেটে ও অন্যান্য সমিতিতে ছাত্র প্রতিনিধিত্ব : p. 327.

বিষ্ণুপুর আইসমালী রাস্তা : p. 896.

বিষ্ণুপুর থানায় গভীর নলকূপ বসানোর প্রকল্প : p. 523.

বিষ্ণুপুর থানায় গভীর নলকূপ বসানোর প্রকল্প : p. 524.

বিষ্ণুপুর-রাধামোহনপুর, জামনা-বারবেট্যা এবং গোলগ্রাম-মলিঘাটি রাস্তা : p. 506,

ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কারখানা : p. 263.

বীরকিটী ইরিগেশন স্কীম : p. 778 (11).

বীরভূম জেলায় পাকা রাস্তা : p. 884.

বীরভূম জেলায় স্বাস্থ্যকেন্দ্রে এ্যাম্বুলেন্স : p. 899-

বুনিয়াদপুরে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন : pp. 778 (14)—778 (15).

বেকার সমস্যা : p. 123.

বেকারদের জন্য জেলা নিযুক্তি পরিষদ গঠন : pp. 778 (7)—778 (8).

বেসরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের বেতন : pp. 114 (20)—114 (24).

বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেনিং : p. 402.

বেসিক ট্রেনিং ও প্রাইমারী ট্রেনিং : p. 683.

বেহালা হাসপাতালের নির্মাণকার্য : p. 250.

বেহালা নদীর জল নিষ্কাশনে খাল খনন : p. 129.

ভগবানগোলা থানাধীন গ্রামে বৈদ্যুতিকরণ ব্যবস্থা : p. 490 (20).

ভগবানগোলায় পাকা রাস্তা তৈরী : p. 864.

ভগবানগোলায় মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা : p. 490 (26).

ভাগরেকর্ডভুক্ত সরকারী ন্যস্ত জমি : p. 412.

ভীমপুর অঞ্চল মেডিসিন্যাল প্ল্যাণ্ট রোপনের প্রকল্প : p. 412.

মগরাহাট পশ্চিমের খাল খনন : p. 122

মগরা বেসিন স্কীম : pp. 490 (21)—490(22).

মঞ্জুরীপ্রাপ্ত নূতন প্রাথমিক বিদ্যালয় : p. 404.

মঞ্জুরীপ্রাপ্ত নূতন প্রাথমিক বিদ্যালয় : p. 685.

ময়না ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন : p. 138.

মহিনীলা কলোনীর মাতৃসদন : p. 517.

মহেশতলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : p, 778 (55).

মহেশতলায় বন্ধ ই, সি, ই, কারখানা : p. 490 (6).

মৎস্য বন্দর : pp. 114 (8)—114 (9).

মৎস্যজীবিদের গ্রুপ লোন : p. 902.

মার্টিন রেল : p. 688.

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিকে অনুদান : p. 114 (18 .

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতি অনুদান : pp. 114 (15) –114 (16).

মাধ্যমিক বিদ্যালয় ও শিক্ষকদের বেতন : p 387

মাণকর গ্রামের বৈদ্যুতিকীকরণ : p, 128.

মালদহ জেলার রাস্তা : p. 512.

মালদহ জেলায় কান্তরকা ও মুচিয়া এলাকায় স্বাস্থ্যকেন্দ্র : p. 53.

মালদহে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য কৃষিঋণ : p 330.

মাণিকতলা উন্নয়ণ পরিকল্পনা : p. 503.

মুর্শিদাবাদ জেলায় ক্রাস প্রোগ্রাম : p. 896.

মুর্শিদাবাদ জেলায় খাল, বিল, নদী সংস্কার প্রকল্প : pp. 778 (8)—778 (9,.

মুর্শিদাবাদ জেলায় গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনা : p, 778 (8).

মুর্শিদাবাদ জেলায় ডেয়ারী : p. 784.

মুর্শিদাবাদ জেলায় নূতন সুগার মিল : p. 778 (33)

মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তা : p. 894.

মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী : p. 208.

মুর্শিদাবাদ জেলায় বেকার সংখ্যা : pp. 378 (11)—378 (13)

মুর্শিদাবাদে রেশম শিল্প : p. 416.

মেখলীগঞ্জ মহকুমা হাসপাতাল : p. 778 (55).

মেজিয়া থানা এলাকায় বন্যানিয়ন্ত্রণ ও সেচ ব্যবস্থা : p. 778 (11).

মেদিনীপুর জেলায় স্টেট রিলিফ : p, 311.

মেদিনীপুর জেলায় তপশীলী শিশুদের খাদ্য বিতরণ : p. 265.

মেদিনীপুর জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী : p. 302.

মেদিনীপুর জেলায় বন্যাবিধ্বস্ত এলাকা : p. 788.

মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় টেষ্ট রিলিফ স্কীম : p. 378 (25).

মেদিনীপুর জেলায় বেকার সংখ্যা : pp. 778(12)—778(13).

মোটর টায়ারের অভাব ও সরবরাহ : p. 331.

মোটর সরঞ্জামের দুষ্প্রপ্রতা : p. 385.

মোহনপুর থানায় গ্রাম-বিদ্যুৎ সরবরাহ : p. 898.

যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধ স্কীম : pp. 778 (44)—778 (45).

রবি ফসলের জন্য ক্যানেল হইতে জল সরবরাহ : p. 378 (11).

রবীন্দ্র সদন, বহরমপুর : p. 114 (9).

রাজনগর থানা এলাকায় সেচ পরিকল্পনা : p. 778(14).

রাজনৈতিক হত্যার সংখ্যা : p. 496.

রাজ্যে চটশিল্প : p. 906.

রাজ্যে বিদ্যুৎ ঘাটতি : p. 902.

রাধা কেমিক্যাল-এ সরকারী সাহায্য : p. 394.

রাণাঘাট-বগুলা রাস্তার উন্নয়ন : p. 328.

রাণাঘাটে রবীন্দ্র ভবন : p. 402.

রাণাঘাটে রবীন্দ্র ভবন : p. 680.

রাণীগঞ্জ থানা এলাকায় গ্রাম বৈদ্যুতীকরণ : p. 778 (3).

রাণীগঞ্জ ব্লকে গ্রামীন বৈদ্যুতীকরণের কাজ : pp. 778 (36)—778 (37).

রাণী নগর হাসপাতাল : p. 778 (54).

রামগোপালপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় : pp. 113 (19)—114 (20).

রামনগর থানায় ত্রাণ বাবদ ব্যয়িত টাকার পরিমাণ : p. 900.

রামপুরহাট মহকুমায় কলেরা : p. 778 (52).

রাষ্ট্রীয় পরিচালনাধীন প্রতিষ্ঠান : pp. 378 (8)—378 (10).

রেমন ইঞ্জিনীয়ারিং কারখানা ও আরতি কটন মিলস্ : pp. 490 (9)—490 (12).

লাক্ষা শিল্প : pp. 778 (22)—778 (24).

লাভপুর থানায় লিফ্‌ট ইরিগেশন : p. 378 (25).

শরণার্থী শিবির কর্মচারী : p. 306.

শরণার্থী শিবিরের কর্মচারীদের পুর্ণনিয়োগ : p. 307.

শরণার্থী শিবিরের কর্মীদের বিকল্প কর্মসংস্থান : p. 306.

শালবনী থানার ডেয়ারী ও ফডার ফার্মে টাকা বরাদ্দের পরিমাণ : pp. 490 (24)—490 (25).

শ্যামপুর থানার রাস্তা : p. 409.

শ্যামপুর থানায় উচ্চ ফলনশীল চাষের জন্য গভীর নলকূপ : p. 327.

শ্যামপুর থানায় খালের মুখে স্লুইস গেট নির্মাণ : p. 378 (26).

শ্যামপুর থানায় বিদ্যুৎ সরবরাহ প্রকল্প : p. 409.

শিক্ষকদের ট্রেজারী থেকে বেতন প্রদান : p. 210.

শিক্ষা ব্যবস্থার পরিবর্তন : pp. 114 (4)—114 (5).

শিক্ষিত বেকার : pp. 778 (19)—778 (22).

শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা : pp. 874—876.

সন্দেশখালিতে টেক্‌নিক্যাল স্কুল : p. 328.

সন্দেশখালি ও হিংগলগঞ্জ থানা অঞ্চলে বিদ্যুৎশক্তি সম্প্রসারণের প্রকল্প : p. 490 (30).

সমগ্র স্বাস্থ্যদপ্তরের যানবাহনের সংখ্যা : pp. 499 (28)—490 (29).

সরকার অধিকৃত জমি বিলিবন্দোবস্ত : p. 781.

সরকার পরিচালনাধীন জঙ্গল : p. 521.

সরকারী চাকুরী ও তপশীলী সম্প্রদায় : p. 259.

সরকারী ত্রাণ সাহায্যদানের পদ্ধতি : p. 113 (19).

সরকারী হাসপাতালে চিকিৎসক : p. 250.

সরকারী হাসপাতালে রোগীর জন্য ব্যয় : p. 255.

সরকারে ন্যস্ত জমি : p. 408.

সরকারে ন্যস্ত জমি : p. 793.

সরকারে ন্যস্ত জমি বিতরণের নীতি : p. 178.

সরিষাহাট-ফলতা রোড : p. 505.

সড়ক যানবাহনে যাত্রী-চাপ বৃদ্ধি : p. 520.

সংশোধিত জোতের সীমা ও উদ্বৃত্ত জমি : p. 326.

সাউটিয়া সাবসিডিয়ারী হেলথ সেণ্টার (Q) : p. 890.

সাবরেজেষ্ট্রি অফিসে এক্সট্রা মোহারির : pp. 490 (25)-490 (26).

সাসিডিয়ারী হাসপাতাল : p. 249.

সাহাপুর-তারাতলা-ঠাকুরপুকুর রোড : pp 890—91,

সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্র : p. 778 (41)

সি, এম, পি, ও-তে অ-ভারতীয় ব্যক্তির সংখ্যা : p. 517.

সুন্দরবন উন্নয়ন পরিকল্পনা : pp. 861—862.

সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত্যু : p, 328.

স্কুল বোর্ড কর্মচারীদের বেতন ও ভাতা : p. 694.

সুরেশ ধর চৌধুরীর হত্যার তদন্ত : p. 514.

সেচ বিভাগে নিযুক্ত অবসরপ্রাপ্ত অফিসার ও চিফ ইঞ্জিনীয়ার : pp. 490 (17)—490 (19).

সেনর‍্যালে কারখানা : p 115.

সেন্সাসের ছাঁটাই কর্মচারীদের পুনর্নিয়োগ : p 517.

শ্রীহনুমান কটন মিল : pp. 778 (15)—778 (17).

হলদিয়া বন্দর পরিকল্পনায় কর্মসংস্থান : p. 518.

হাই মাদ্রাসা ফাইন্যাল পরীক্ষা : pp. 395, 674.

হাইস্কুল ও জুনিয়ার হাইস্কুলের অনুমোদন : p. 320.

হাওড়া-ডালমিয়া পার্কে ষ্টেডিয়াম : pp. 862—864.

হাতিগোরিয়া-কুলটিকরী-রোহিনী রগড়া রাস্তা (Q) : p. 886.

হিঙ্গলগঞ্জ ব্লক উন্নয়ণ আধিকারিক : p. 411.

হিঙ্গলগঞ্জ-হেমনগর রোড : p. 508.

হিমঘর শ্রমিকদের প্রভিডেণ্ড ফাণ্ড : p. 904.

হিংলো ব্যারেজ : p. 695.

হুগলী নদীর উপর দ্বিতীয় সেতু নির্মাণ প্রকল্প : p. 325.

হেমন্ত বসুর হত্যার তদন্ত : p. 511.

**Rai, Shri Deo Prakash**

Fire in Darjeeling (Q) : p. 314.

Motion for Extension of time for Presentation of Reports of Public Accounts Committee : p. 537.

**Roy, Shri Debendra Nath**

Mention case : p. 114 (42).

**Ray, Shri Siddharta Sankar**

Discussion on Governor's Address : pp. 114. (112)—114 (119).

Extension of Service of Refugee camp Attendents : pp. 40—41.

The Maintenance of Internal Security (West Bengal Amendment ) Bill, 1972 : pp. 209—12, 356—359, 363 - 65.

Mention Case : p. 533.

Private member's resolution : pp. 955—58.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 147—154.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 723—725.

Statement on Calling Attention regarding attack on Shri Rupsing Majhi, M. L. A., and Shri Sarat Chandra Das, M. L. A., in Railway Compartment of Howrah-Chakradharpur Passenger on 31st March, 1972 : p. 140

Statement on Calling Attention regarding disturbance in the Tollygunge Bagha Jotin Colony by anti-social elements : p. 1

Statement on a Calling Attention Notice regarding incident which took place at Khandakhalu near Santipur on the 3rd May, 1972 : p. 912.

Statement on Calling Attention regarding Police verification before employment in West Bengal Government Service : p. 696.

Statement under rule 346 : pp. 536, 718, 921—24

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 pp. 426—32, 471—73.

**Reports (S)**

Motion for Extension of time for presentation of———of Public Accounts Committee : p. 537.

**Resolution**

——— under Articale 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : p. 718.

——under Article 252 of the Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (76) – 778 (86).

**Roy, Shri Ananda Gopal**

Discussion on Governor's Address : pp. 114 (101)—114 (102).

বীরভূম জেলায় পাকা রাস্তা (Q) : p. 884.

**Roy, Shri Aswini**

Distributory canal from A/Mc of D. C. in Mozaas Kaitara and Sural (Q) : p. 910.

Fourth Battery in the Durgapur Coke Ovens (Q) : p. 908,

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 361—63.

The Medical Termination of Pregnancy Act, 1971 (Q) : pp. 909 – 910.

Mention Case : pp. 206, 270, 419, 711—12, 916—17,

Production of Cast Iron uuder Durgapur Projects (Q) : p. 908.

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 170—172.

The West Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778 (65) – 778 (68).

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972 : pp. 812 – 814.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 642—644.

The West Bengal Land (Requisition & Acquisition) (Amendment) Bill, 1972 : pp. 289—91.

কলকাতায় হোষ্টেল (Q) : pp, 905—906.

কলিকাতার ট্যাক্সি সঙ্কট (Q) : p. 891

কলিকাতায় মাছের দর বৃদ্ধি (Q) : p. 778 (57).

কারখানা শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা (Q) : pp. 778 (43)—778 (44).

কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক (Q) : p. 524.

গলসী থানায় গোহগ্রাম অঞ্চলে জল সরবরাহ (Q) : p. 267.

গলসী থানায় ডি, ভি, সি, হইতে জল সরবরাহ (Q) : p. 690.

চক্রবেড় রেল (Q) : p. 491.

চটকল (Q) : pp. 778 (46)—778 (51).

চটকল শ্রমিকদের বেতন মান (Q) : pp. 903—904.

জন নিরাপত্তা আইনে আটক (Q) : p. 515.

ডি, ভি, সি, প্রকল্প (Q) : p. 909.

ডি, ভি, সির ডিসি ক্যানেল (Q) : pp. 378 (19)—378 (20).

দামোদরের উপর সেতু নির্মাণ (Q) : p. 886.

দুর্গাপুর দুগ্ধ উৎপাদন কেন্দ্র (Q) : p. 193.

দুর্গাপুরে সার তৈরীর কারখানা (Q) : pp. 778 (31)—778 (32).

নির্বাচন কালে রাজনৈতিক হত্যা (Q) : p. 497.

পঞ্চায়েত আইন (Q) : p. 325.

পশ্চিমবঙ্গে ধান্য সংগ্রহ : p. 197.

পানাগড় শাখা ক্যানেল হইতে রবিশস্যের জন্য জল সরবরাহ (Q) : p. 125.

পৌরসভা বাতিল (Q) : p. 324.

বর্ধমান জেলায় গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রকল্প (Q) : p. 413.

বর্ধমান জেলায় টেষ্ট রিলিফ (Q) : p. 114 (30).

বাজার এলাকায় দোকান কর্মচারী সংস্থা আইন চালুর ব্যবস্থা (Q) : pp. 778 (6)—778(7).

মানকর গ্রামের বৈদ্যুতীকরণ (Q) : p. 128.

মোটর সরঞ্জামের জলপ্রপাত (Q) : p. 385.

রবি ফসলের জন্য ক্যানেল হইতে জল সরবরাহ (Q) : p. 378 (11).

রাজ্যে চটশিল্প (Q) p. 906.

রামগোপালপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (Q) : 113 (19)—114 (20).

শিক্ষাব্যবস্থার পরিবর্তন (Q) : pp. 114 (4)—114 (5).

সমগ্র স্বাস্থ্য দপ্তরের যানবাহনের সংখ্যা (Q) : pp. 490 (28)—490 (29).

সরকারে ন্যস্ত জমি বিতরণের নীতি (Q) : p. 178.

সড়ক যান বাহনে যাত্রী চাপ বৃদ্ধি (Q) : p. 520.

সংশোধিত জোতের সীমা ও উদ্বৃত্ত জমি (Q) : p. 326.

সেনর‍্যালে কারখানা (Q) : p. 115.

হিমঘর শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ড (Q) : p. 904.

হুগলী নদীর উপর দ্বিতীয় সেতু নির্মাণ প্রকল্প (Q) : p. 325.

**Roy, Shri Bireswar**

Mention Case : p. 704.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 743—744.

Resulution under Article 252 of the Constitution of India regarding protection of wild animals and birds : pp. 778 (78)—778 (79).

**Roy, Shri Jagadananda**

জলপাইগুড়ি জেলায় কর্মসংস্থান কেন্দ্রে বেকারের সংখ্যা (Q) : p. 898—99.

ভীরকিটি ইরিগেশন স্কীম (Q) : p. 778 (11).

যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধ স্কীম (Q) : pp. 778 (44)--778 (45).

**Roy, Shri Jatindra Mohan**

পশ্চিম দিনাজপুর জেলায় জেলা পরিষদ কর্তৃক নির্মিত রাস্তা ও দাতব্য চিকিৎসালয় (Q) : p. 693:

ব্যাঙ্কে সুদের হার (Q) : p. 522.

সরকার পরিচালনাধীন জঙ্গল (Q) : p 521.

**Roy, Shri Madhusudan**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 629—630.

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কেন্দ্রীয় কারখানা (Q) : p. 395.

তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি (Q) : p. 405.

মেখলীগঞ্জ মহকুমা হাসপাতাল (Q) : p. 778 (55).

**Roy, Shri Santosh Kumar**

Mention Case : p. 708,

Statement regarding Relief Measure : pp. 378 (37) –378 (38).

**Roy, Shri Saroj**

Mention Case : pp. 60, 69–70, 331—34, 360--61, 706 7, 916—20.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972. pp. 619—622.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1972 : pp. 283 (85).

গড়বেতা থানা এলাকায় চাউলের মূল্য বৃদ্ধি (Q) : p. 263.

গড়বেতা থানায় সেচকার্য ও বিদ্যুৎ সরবরাহ (Q) : pp. 490 (1)—490 (3).

গ্রামাঞ্চলে মশার উপদ্রব (Q) : p. 52.

**Saha, Shri Dulal**

নান্নুর বিধানসভা কেন্দ্র এলাকায় গ্রাম বৈদ্যুতীকরণ পরিকল্পনা (Q) : p. 778 (13).

**Saha, Shri Dwija Pada**

Mention Case : p. 702.

রাজনগর থানা এলাকায় সেচ পরিকল্পনা (Q) : p. 778 (14).

**Sajjad Hussain, Shri Haji**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 595—600.

**Samanta, Shri Saradindu**

Bridge over the river Haldi (Q) : pp. 860—861.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 239—240.

Mention Case : pp. 106—107.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of ceiling on urban immovable property : p. 735.

**Samanta, Shri Tuhinkumar**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 225—226.

Mention Case : p. 807.

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 378 (42)—378 (43).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 636—638.

সেচ বিভাগে নিযুক্ত অবসরপ্রাপ্ত অফিসার ও চীফ ইঞ্জিনীয়ার (Q) : pp. 490(17)—490(19),

**Saruogi, Shri Ramkrishna**

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972 : pp, 931—32.

**Soren, Shri Dasarathi**

ঝাড়গ্রাম মহকুমায় মাস্টার প্ল্যান (Q) : p. 694.

নয়াগ্রাম ব্লকে প্রাথমিক বিদ্যালয় (Q) : 778 (52).

**Sarkar, Dr. Kanailal**

The Calcutta Metropolitan Development Authority Bill, 1972 : pp. 559—561.

The Calcutta Municipal (Amendment) Bill, 1972 : p. 490 (64),

Mention Case : pp. 144, 921,

**Sarkar, Shri Nil Kamal**

Mention Case : pp. 90—91.

**Sarkar, Shri Nitaipada**

Mention Case : pp. 60—61, 95—100, 114 (35), 490 (36), 914.

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972 : pp. 815—816.

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা (Q) : p. 399.

আড়খিষমা জলসেচ প্রকল্প (Q) : pp. 879—881.

আড়খিষমায় নদী হইতে জলসেচ (Q) : p. 126.

উদ্বাস্তু শিবিরে নগদ সাহায্য বন্ধ (Q) : p. 114 (30).

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (Q) : p. 382.

কারখানার শ্রমিকদের আদায়ীকৃত প্রভিডেন্ট ফাণ্ডের টাকা (Q) : p. 778 (22).

ক্যাম্পে পুনর্বাসনযোগ্য পরিবার (Q) : p. 300.

কুপার্স ক্যাম্পের উন্নয়ন (Q) : p. 323.

খুন, চুরি, ডাকাতি ও ছিনতাই (Q) : p. 507.

গভীর নলকূপ (Q) : p. 119.

গ্রাম বৈদ্যুতিকরণ (Q) : pp. 378 (2)—378 (6).

গ্রামীণ কর্মসংস্থানের জন্য অর্থ (Q): pp. 881—882.

চলচ্চিত্র (Q) : p. 892.

জমির খাজনা মকুব (Q) : p. 189.

জাতীয় নাট্যশালা (Q) : p. 404

জেলে সংঘর্ষে নিহত ও আহত বন্দীর সংখ্যা (Q) : pp. 114 (5)—114 (6).

ট্যাংরা খাল সংস্কার (Q) : p. 906.

তপশীলী আদিবাসী ছাত্র-ছাত্রীগণের ষ্টাইপেণ্ড (Q) : p. 329.

দ্বিতীয় হাওড়া সেতু (Q) : pp. : 873—74.

নদীয়া জেলা বিদ্যালয় পরিদর্শকের বাড়ি সংস্কার (Q) : p. 906.

নদীয়া জেলা স্কুলবোর্ডের অফিস বাড়ি (Q) : p. 322.

নদীয়া জেলায় বসন্ত রোগ (Q) : p. 689.

নন্-ট্রেণ্ড্ টিচারদের ইন্‌ক্রিমেন্ট (Q) : p. 404

নূতন প্রাথমিক বিদ্যালয় (Q) : p. 137.

প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীগণের টিফিন (Q) : p. 696.

বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় কৃষিঋণ ও গো-ক্রয় ঋণ (Q) : p. 330.

বন্যায় ক্ষতিগ্রস্ত নাগরিকদের সাহায্য (Q) : p. 261.

বন্ধ কলকারখানা (Q) : p. 132.

বাঙ্গুর হাসপাতালে ডাক্তারদের উপর দুষ্কৃতকারীদের হামলা (Q) : p. 513.

বাতনা গ্রামে হত্যাকাণ্ড (Q) : pp. 855—856.

বেসরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের বেতন : pp. 114 (20)—114 (24).

বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ (Q) : pp. 900—901.

বিষ্ণুপুর আইসমালী রাস্তা (Q) : p. 896.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে অনুদান (Q) : p. 114 (18).

রাণাঘাট বগুলা রাস্তার উন্নয়ন (Q) : p. 329.

রাষ্ট্রীয় পরিচালনাধীন প্রতিষ্ঠান (Q) : pp. 378 (8)—378 (10).

সরকারী চাকুরী ও তপশীলী সম্প্রদায় (Q) : p. 259.

সরকারী হাসপাতালে চিকিৎসক (Q) : p. 250.

সরকারী হাসপাতালে রোগীর জন্য ব্যয় (Q) : p. 255.

হাইস্কুল ও জুনিয়ার হাইস্কুলের অনুমোদন (Q) : p. 320.

**Sau, Shri Sachinandan**

Mention Case : pp. 378 (36), 531, 709, 8?6, 921.

Motion under rule 185 : pp. 768—770.

The est Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778 70)–778 (71).

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 624—625

হিংলো ব্যারেজ (Q) : p. 695.

**Santya, Shri Basudeb**

Discussion on Governor's Address : pp. 114 (88)– 114 (89).

পাথরপ্রতিমা ব্লকে ও সুন্দরবন এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q) : pp. 378 (27)–378 (28).

**Sen, Shri Bholanath**

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1972 . pp. 378(72)—378 (74), 378 (83)—378 (86), 378 (92)—378 (93).

Discussion on Governor's Address : pp. 114 (111) 114 (112).

Resolution for Ratification of the Constitution (Twenty-fifth Amendment) Bill, 1971 : pp. 174—177.

Resolution under Article 252 of the Constitution of India regarding impori-tion of a ceiling on urban immovable property : pp. 749—751.

Statement on a Calling Atention Notice regarding completion of the bridge on the Mundeswari : pp. 911—12.

The West Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778 (62)—778 (64) 778 (74)—778 (76).

The West Bengal Apartment (Regulation of Construction and Transfer) Bill, 1972 : pp. 809 -811, 822—825.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 658 –660.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 469—71.

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1972 : pp. 926—27, 930—31,932.

**Sen, Shri Prafulla Chandra**

Discussion on Governor's Address : pp. 114 (47)—114 (52).

**Sen, Shri Sisir Kumar**

Mention Case : p. 8.

শ্যামপুর থানায় রাস্তা (Q) : p. 409.

শ্যামপুর থানায় উচ্চ ফলনশীল চাষের জন্য গভীর নলকূপ (Q) : p. 327

শ্যামপুর থানায় খালের মুখে স্লুইস গেট নির্মাণ (Q) : p. 378 (26).

শ্যামপুর থানায় বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (Q) : p. 409.

সাবসিডিয়ারী হাসপাতাল (Q) : p. 249.

**Sengupta, Shri Kumardipti**

Alleged attack of house of Yuba Congress Leader at Jiaganj (Q) : p 519

Football ground for blocks (Q) : p 868

Incidents in different jails (Q) : p. 396.

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 218—220.

Mention Case : pp. 378 (34)—378 (35).

Motion under rule 185 : pp 778 (90)—778 (94)

Political murders in West Bengal (Q) : p 497

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp 733—734.

Roads under Bharatpur Police-station (Q) : p. 500.

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972. pp. 372—75.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 615—617.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 447—49.

কর্মচারীদের স্থায়ীকরণ (Q) : p 791

**Shamsuddin Ahmad, Shri**

Discussion on Governor's Address : p. 114 (90).

**Sharafat Hussain, Shri Sheikh**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1972 : pp. 633—636.

**Shukla, Shri Krishna Kumar**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 : pp. 220—223.

**Singh, Shri Satya Narayan**

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972: pp. 350—52.

Mention Case : pp. 101—104.

**Singhababu, Shri Phani Bhushan**

Discussion on Governor's Address : pp. 114 (93)—114 (94).

The Maintenance of Internal Security (West Bengal Amendment)Bill, 1972: pp. 245—246.

**Singha Roy, Shri Probodh Kumar**

চিনি ও কেরোসিন তৈল সরবরাহে বৈষম্য (Q) : p. 790.

বুনিয়াদপুরে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন (Q) : pp. 778 (14)—778 (15).

**Sinha, Shri Nirmal Krishna**

The West Bengal Appropriation Bill, 1972 : pp. 25—28.

লাভপুর থানায় লিফ্‌ট ইরিগেশন (Q) : p. 378 (25).

**Sinha, Shri Panchanan**

The Maintenace of Internal Security (West Bengal Amendment) Bill, 1972: pp. 227—229.

Mention Case : pp. 112—114, 114 (43)—114 (44), 490 (36).

জমি জবরদখল (Q) : p. 787.

ডাবুর স্লুইস গেট (Q) : pp. 490 (15)—490 (16).

সুন্দরবন উন্নয়ন পরিকল্পনা (Q) : pp. 861—862.

**Sinha Roy, Shri Bhabani Prosad**

Discussin on Governor's Adderess : pp. 114 (81)—114 (82).

The Maintenance of Internal Security (West Bengal Amendment) Bill, 1972 pp. 236—237.

Mention Case : pp. 56—57, 114 (38)—114 (39).

Private member's resolution : p. 974.

Resolution under Article 252 of the Constitution of India regarding imposition of a ceiling on urban immovable property : pp. 742—743.

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Bill, 1972 : pp. 375—76.

The West Bengal Maintenance of Public Order Bill, 1972 : pp. 450—51.

**Speake, Mr.**

First Report of the Bussiness Advisory Committee : p. 114 (45).

Instructions regarding casting of votes : pp. 378 (86)—378 (88),

Obituary : pp. 247—48, 379.

Observation on a point of order : p, 925

Second Report of the Business Advisory Committee : p. 378 (94)

Statement under rule 346 on displaced hawkers : pp. 298—99, 426, 490 (38) – 490(39), 490 (62)—490(63), 536, 718, 807, 921—925.

**Tewary, Shri Sudhangsu Sekhar**

Discussion on Governor's Address . pp. 114 (84)—114 (85)

**Tudlu, Shri Budhan Chandra**

স্কুলবোর্ড কর্মচারীদের বেতন ও ভাতা (Q) : p. 694

**Wilson-De Rozes, Shri George Albert**

Philips India Ltd. : pp. 778 (25)—778 (29).

The West Bengal Apartment Ownership Bill, 1972 : pp. 778 (73)— 778 (74).

The West Bengal Apartment (Regultion of Construction and Transfer) Bill, 1972 : pp. 816—17.